মাননীয় সদস্যগণ, গ্রামোন্নয়ণের ক্ষেত্রে রাজ্য সরকার দৃঢ়তার সঙ্গে যে সক্রিয়তা দেখিয়েছেন তার ফলে এই গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রাজ্যের প্রভূত উন্নতি হয়েছে। ২০১২-১৩ তে MGNREGA রূপায়ণের ক্ষেত্রে এই রাজ্য এখন দেশের প্রথম শ্রেণীর রাজ্যগুলির মধ্যে অন্যতম। ইতিমধ্যেই জেলাগুলি ৩,০০০ কোটি টাকা এই খাতে খরচ করেছে। আশা করছি চলতি বছরে আমরা ৪,০০০ কোটি টাকারও বেশী খরচ করতে পারবো। কেন্দ্রীয় সরকারের নির্দিষ্ট ১০০ দিনের শ্রমদিবসের অতিরিক্ত শ্রমদিবস সৃষ্টি করার লক্ষ্যে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

গ্রামীণ দরিদ্র মানুষদের বাড়ী নির্মাণের ক্ষেত্রে IAY প্রকল্প ছাড়া রাজ্য সরকারের কিছু নিজস্ব প্রকল্প আছে যেমন 'গীতাঞ্জলি' এবং 'আমার ঠিকানা'। ২০১২-১৩ সালে মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে একটি বিশেষ অগ্রণী প্রকল্প—'অধিকার' চালু হয়েছে।

PMGSY হল আর একটি গুরুত্বপূর্ণ প্রকল্প যা আমাদের সরকার সক্রিয়ভাবে কার্যকর করেছে। চলতি আর্থিক বছরে সরকার ৬,১৪৩.৯৮ কিলোমিটার যোগাযোগের জন্য নতুন গ্রামীণ সড়ক এবং তার সংস্কার বাবদ ৩,৪৮৩.১৭ কোটি টাকার অনুমোদন লাভ করেছে। এছাড়া ৬,১৭০.৫ কিলোমিটার সড়কের জন্য ৩,১৬৮.৪৮ কোটি টাকার একটি প্রস্তাব উত্থাপন করা হয়েছে। আমি

গর্বের সঙ্গে বলতে পারি যে ২০১৩-১৪র মধ্যে আমরা ৩,০০০ কিলোমিটার-এরও বেশী সড়ক যোগাযোগের ব্যবস্থা করতে পারবো।

সোশিও ইকোনমিক কাস্ট সেন্সারের (SECC) কাজ শেষ করার ক্ষেত্রেও এ রাজ্য সারা দেশের মধ্যে অগ্রণী। আমার বিশ্বাস যে ত্রুটিপূর্ণ বি.পি.এল. তালিকার সমস্ত অভিযোগের ভবিষ্যতে নিষ্পত্তি হয়ে যাবে।

রাজ্য সরকারের এই গুরুত্বপূর্ণ উদ্দেশ্যগুলিকে সামনে রেখে আমি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ দপ্তরের পরিকল্পনা খাতে ২,৯৯০.৩৭ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখছি।

৪.৮। সেচ ও জলবন্টন

২০১২-১৩ অর্থবর্ষে তিস্তা ব্যারেজ প্রকল্পের কাজে গতি এসেছে।

আয়লা বিধ্বস্ত সুন্দরবন অঞ্চলের বহু জায়গায় বাঁধের পুনর্গঠনের কাজ শুরু হয়েছে এবং আশা করা যায় যে প্রায় ২০ কিলোমিটার দীর্ঘ বাঁধ নির্মাণের কাজও শেষ হবে।

পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় কেলেঘাই কপালেশ্বরী বাঘাই নদীর জল নিকাশের প্রকল্প নির্দিষ্ট সময়সীমার মধ্যে শেষ করার কাজ হাতে নেওয়া হয়েছে। চলতি আর্থিক বছরে এই অঞ্চলের প্রধান নদী কেলেঘাই-এর নাব্যতা ফিরিয়ে এনে ১০২.১ কিলোমিটার দীর্ঘ অংশের সংস্কারের কাজ শেষ করা যাবে। মুর্শিদাবাদ জেলার কান্দিতেও প্রায় ৩৩ কোটি টাকা প্রজেক্টের কাজ শুরু হয়েছে।

কলকাতার মেট্রোপলিট্যান এল্যাকার অন্তর্গত বেলেঘাটা খাল, আপার ও লোয়ার বাগজোলা খাল ও টালিনালা খালের পুনরুজ্জীবনের কাজেও হাত দেওয়া হয়েছে — যার আনুমানিক খরচ ধরা হয়েছে যথাক্রমে ১১.৩২ কোটি, ৬৮ কোটি, ১০৮.৪৬ কোটি ও ১৩.০৬ কোটি টাকা।

উত্তর ২৪ পরগণা জেলার মধ্য দিয়ে প্রবাহিত ইছামতি নদীর সংস্কারের কাজও শুরু হয়েছে যার আনুমানিক খরচ ধরা হয়েছে ৩১.১৫ কোটি টাকা।

সেচ দপ্তরের খাতে আমি বাজেটে ১,৭২৭.৫০ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখছি।

৫। সামাজিক পরিকাঠামো

৫.১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

সম্মানীয় সদস্যগণের অবগতির জন্য জানাই যে ২০১২-১৩ সালে বসিরহাট, ডায়মন্ডহারবার, বিষ্ণুপুর, রামপুরহাট, নন্দীগ্রাম, ঝাড়গ্রাম ও আসানসোলে মোট ৭টি 'স্বাস্থ্যজেলা' গঠিত হয়েছে এবং এগুলি ইতিমধ্যেই কাজ শুরু করেছে।

রাজ্যে শিশু মৃত্যুর হার কমাবার লক্ষ্যে বিভিন্ন মেডিক্যাল কলেজ ও হাসপাতালে বৃহৎসংখ্যায় সিক নিউ বর্ণ কেয়ার ইউনিট (SNCU), সিক নিউ বর্ণ স্টেবিলাইজেশন্ ইউনিট (SNSU), নিউ বর্ণ কেয়ার কর্ণার (NBCC) ও শিশু চিকিৎসা বিভাগ স্থাপন করা হয়েছে।

ওষুধ সংগ্রহ ও বন্টনের ক্ষেত্রে আমূল পরিবর্তন আনা হয়েছে। এই উদ্দেশ্যে "স্টোর

ম্যানেজমেন্ট ইনফরমেশ্ন সিস্টেম" নামে একটি ওয়েব নির্ভর সফট্‌ওয়ার চালু করা হয়েছে যা ওষুধ সংগ্রহ ও বিলিবন্টনের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে সাহায্য করবে। এই উদ্যোগকে ভারতের প্ল্যানিং কমিশন "বেস্ট প্র্যাকটিস" নামে অভিহিত করেছে।

রাজ্যসরকারও সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগে (পি.পি.পি.) প্রধান প্রধান সরকারি হাসপাতালে ও জেলা হাসপাতালে "ফেয়ারপ্রাইস মেডিসিন শপ্" (FPMS) চালু করার বিশেষ উদ্যোগ নিয়েছে। অনেকগুলি "ফেয়ার প্রাইস মেডিক্যাল শপ্" ইতিমধ্যেই চালু হয়ে গেছে এবং প্রতি সপ্তাহে নতুন নতুন দোকান চালু হচ্ছে। এই সকল দোকান থেকে রুগীর ওষুধ কেনার সময় MRP মূল্যের চাইতে ৪৮ থেকে ৬৭ শতাংশ পর্যন্ত কম দামে ওষুধ পাওয়া যাচ্ছে।

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে, অ্যাক্রেডিটেড সোশাল হেল্‌থ অ্যাকিটিভিষ্ট। (ASHA)-দের নিঃস্বার্থ সেবার কথা মাথায় রেখে মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে 'আশার' প্রতিনিধিদের কাজ ভিত্তিক রোজগারের উপর অতিরিক্ত ১,৩০০ টাকা মাসে স্থায়ী অনুদান হিসেবে দেওয়া হবে।

মাননীয় অধ্যক্ষ, দেখা যাচ্ছে যে দীর্ঘ কয়েকটি দশকের অবহেলার পর স্বাস্থ্যক্ষেত্রে উন্নতির এক বিপুল ও স্থায়ী উদ্যোগ শুরু হয়েছে।

আমি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর খাতে ১,২৬০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৫.২। বিদ্যালয় শিক্ষা

২০১২-১৩ অর্থবর্ষে রাজ্য সরকার ৩৫৬টি নতুন উচ্চ-প্রাথমিক বিদ্যালয় ও ৪০টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন। সরকার ৪৯৪টি মাধ্যমিক-বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে ও ৬২টি জুনিয়র হাই স্কুলকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছে। জঙ্গলমহল ব্লকে রাজ্য সরকার ৩৪টি বালিকাদের হস্টেল তৈরির কাজে হাত দিয়েছে।

আমার আরো বলতে ভাল লাগছে যে, ৩৯,৫৫৯ প্রাথমিক শিক্ষক, ৩৯,৫১০টি উচ্চ-প্রাথমিক শিক্ষক, ১৪,৭৪৫টি মাধ্যমিক শিক্ষক এবং ২,০০০টি উচ্চ-মাধ্যমিক শিক্ষক পদে নিয়োগের কাজ চলছে। এছাড়া জঙ্গলমহলের ব্লকগুলির জন্য সাঁওতালী ভাষার মাধ্যমে শিক্ষা দানের জন্য ১,০২৩ জন প্যারা টিচার নিয়োগ করা হয়েছে।

২০১২-১৩ সালে রাজ্য সরকার ১,১৩৩টি নতুন বিদ্যালয় ভবন, ১০,০৯২টি অতিরিক্ত শ্রেণীকক্ষ, ২৮৪টি পরিশুদ্ধ পানীয়জলের ব্যবস্থা, ৬৬০টি শৌচাগার এবং ৪,৬২৪টি মহিলাদের জন্য পৃথক শৌচাগার নির্মাণ করেছেন।

২০১৩-১৪ সালে আরও ৫০০টি নতুন বিদ্যালয় স্থাপিত হবে। প্রায় ৫০০টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীত করা হবে।

পরবর্তী অর্থবর্ষের জন্য বিদ্যালয় শিক্ষার খাতে আমি ৩,২০৩.৫২ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখছি।

৫.৩। উচ্চ শিক্ষা

২০১২-১৩ আর্থিক বছরে সিধু কানহু বিরসা বিশ্ববিদ্যালয়, গৌড় বঙ্গ বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় এবং বারাসাত ও কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শালবনী, ঝাড়গ্রাম, নয়াগ্রাম ও লালগড়ে মহিলাদের কলেজ সহ, চারটি নতুন সাধারণ ডিগ্রী কলেজ তৈরি হয়েছে। এই আর্থিক বছরে কুচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, বর্ধমানে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, ডায়মন্ড হারবারে মহিলাদের বিশ্ববিদ্যালয় স্থাপনের কাজ শুরু হয়েছে।

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে অনেকগুলি শিক্ষক পদ সৃষ্টি করা হয়েছে এবং বিশ্ববিদ্যালয়টির দ্বিতীয় ক্যাম্পাস তৈরির জন্য রাজারহাট নিউ টাউনে জমি দেওয়া হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, উচ্চ মানের বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের লক্ষ্যে রাজ্য সরকার একটি বিজ্ঞপ্তি জারি করেছে যা উচ্চ শিক্ষার ক্ষেত্রে বেসরকারী বিনিয়োগকে স্বাগত জানাবে।

আগামী আর্থিক বছরে আমি উচ্চ শিক্ষা দপ্তরের পরিকল্পনা খাতে ২৭০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৫.৪। কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ

কারিগরি, বৃত্তিশিক্ষা ও দক্ষতা বাড়ানোর শিক্ষা বিষয়ে, এই সরকার বিশেষভাবে নজর দিচ্ছেন। মাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের স্বল্প-মেয়াদী বৃত্তিশিক্ষার জন্য (STVT) ১২০টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। পিছিয়ে পড়া জেলাগুলির জন্য ৫টি ITI ও ৯টি দক্ষতাবৃদ্ধিকারি কেন্দ্র (SDCs) বিভিন্ন জায়গায় স্থাপন করা হয়েছে।

রাজারহাটের কাছে নিউটাউনে 'রাজ্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র' নির্মাণের কাজ শেষের পথে। এই কেন্দ্রই হবে রাজ্যের বৃত্তিশিক্ষার প্রধান কেন্দ্র।

বিগত বাজেটের সময় আমি ঘোষণা করেছিলাম যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের ছেলেমেয়েদের কারিগরি দক্ষতা বৃদ্ধির জন্য "কর্মশিক্ষা প্রকল্প" নামে একটি নতুন স্কীম চালু করা হবে। এখন আমি আনন্দের সঙ্গে ঘোষণা করছি যে রাজ্যের প্রায় ২০০টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এই স্কীম চালু করা গেছে।

আগামী অর্থবর্ষের জন্য কারিগরি শিক্ষা ও প্রশিক্ষণ দপ্তরের খাতে ৪৯০ কোটি টাকা বরাদ্দ করার জন্য প্রস্তাব রাখছি।

৫.৫। মহিলা ও শিশুকল্যাণ

রাজ্যসরকার "ওয়েস্টবেঙ্গল কমিশন ফর প্রোটেকশন ফর চাইল্ড রাইটস্ রুলস, ২০১২" নামক নিয়মাবলি তৈরি করেছে। মহিলা কল্যাণ ও মহিলাদের অধিক ক্ষমতা প্রদানের বিষয়টিকে মাথায় রেখে আমাদের সরকার "স্টেট রিসোর্স সেন্টার ফর ওমেন" (SRCW) নামক একটি সংস্থা তৈরি করেছেন।

কিশোরীদের জন্য SABLA প্রকল্প জলপাইগুড়ি, কুচবিহার, মালদা, নদীয়া, কলকাতা ও পুরুলিয়া এই ৬টি জেলায় পুরোদমে চালু আছে।

রাজ্য সরকার আরো ১৬০-টি নতুন আই.সি.ডি.এস. প্রোজেক্ট শুরু করতে চলেছেন। সর্বমোট ১০৮৭টি সু-সজ্জিত অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপন করা হয়েছে। চলতি অর্থবর্ষেই আরো ১,৯১৯টি সম্পূর্ণ সু-সজ্জিত অঙ্গনওয়াড়ি কেন্দ্র স্থাপনের লক্ষ্য স্থির করা হয়েছে।

শিশু কল্যাণ এবং মহিলা ও সমাজ কল্যাণ দপ্তরের খাতে আগামী অর্থবর্ষে যথাক্রমে ১,০২৩ কোটি ও ১০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৫.৬। শ্রমিক কল্যাণ

মাননীয়া মুখ্যমন্ত্রী ২৬-শে জুলাই একটি অদ্বিতীয় এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক উদ্‌ঘাটন করেন যার বৈশিষ্ট্য হল কর্মপ্রার্থী ও নিয়োগকর্তাদের মধ্যে ইলেক্ট্রনিক মাধ্যমে যোগাযোগের ব্যবস্থা করা। আজ অবধি ৯৪,০০০ কর্মপ্রার্থী উৎসাহের সঙ্গে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথিভুক্ত করেছে।

SASPFUW প্রকল্পের অন্তর্গত নথীভুক্ত উপভোক্তাদের সামাজিক মুক্তিকার্ড প্রদান করা হয়েছে। সকল সুবিধা প্রদানকারী প্রকল্পগুলিকে এখন সামাজিক মুক্তিকার্ডের অওতায় আনা হচ্ছে।

একটি বড় প্রচেষ্টার মাধ্যমে ৪,৬৭,৩০২ জন নতুন উপভোক্তাকে SASPFUW প্রকল্পে নথীভুক্ত করা হয়েছে। এখানেও রাজ্য সরকার তার অনুদান বাড়িয়ে প্রতি মাসে ৩০ টাকা করেছে। যদিও শ্রমিকরা এখনও ২৫ টাকা হারে জমা রাখছেন।

২০১৩-১৪ আর্থিক বছরে আমি শ্রম দপ্তরের খাতে ২০০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৫.৭। ক্রীড়া ও যুব কল্যাণ

প্রতিটি জেলাতে ছাত্র ও যুব উৎসব অনুষ্ঠিত হয়েছে। কলকাতায় অনেক অংশগ্রহণকারীকে নিয়ে রাজ্য স্তরের যুব উৎসব অনুষ্ঠিত হয়েছে। ২০১৩ সালের জানুয়ারী মাসে বিশ্ব যুব উৎসব অনুষ্ঠিত হয়েছে। স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী স্মরণে সারা রাজ্যে "বিবেক মেলা"র আয়োজন করা হয়েছে। স্বামীজী স্মরণে দুটি পুরস্কারও ঘোষণা করা হয়েছে। এছাড়া কাজী নজরুল ইসলাম ও অন্যান্য বরেণ্য মানুষদের জন্ম দিবস রাজ্য জুড়ে উদ্‌যাপন করা হয়েছে।

মাননীয় সদস্যগণ, "গ্রামীণ ক্রীড়া কেন্দ্র" ও "মিনি ইন্ডোর কমপ্লেক্স" নির্মাণ করা হয়েছে। বহু ক্লাবকে খেলাধূলার সামগ্রী এবং মাল্টিজিমের সরঞ্জাম কেনার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

শালবনী, ঝাড়গ্রাম এবং নয়াগ্রামে স্টেডিয়াম নির্মাণ ও সংস্কারের কাজ শুরু করা হয়েছে। বিবেকানন্দ যুবভারতী ক্রীড়াঙ্গনে ৮.৬৫ কোটি টাকা ব্যয়ে 'ফ্লাড লাইট' স্থাপনের কাজ শীঘ্রই সম্পন্ন হবে। পুরুলিয়া জেলায় ক্রীড়াবিদদের জন্য হোস্টেল নির্মাণের কাজ শুরু করা হয়েছে। পূর্ব মেদিনীপুর জেলার তমলুকে একটি বহুমুখী স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের কাজ শুরু হয়েছে।

আগামী আর্থিক বছরের জন্য ক্রীড়া দপ্তরকে ১১৩ কোটি ও যুব কল্যাণ দপ্তরকে ১২০ কোটি টাকা পরিকল্পনাখাতে বরাদ্দের জন্য প্রস্তাব রাখছি।

৫.৮। তথ্য ও সংস্কৃতি

মাননীয়া মুখ্যমন্ত্রী ২ টি চলচ্চিত্র ও প্রমোদ নগরীর পরিকল্পনা নিয়েছেন—একটি উত্তরবঙ্গের ডাবগ্রামে এবং অন্যটি কলকাতার কাছে উত্তরপাড়ায়। জমি চিহ্নিতকরণ হয়ে গেছে এবং ট্রানজ্যাকশন এ্যাডভাইসর (Transaction Advisor) ইতিমধ্যে পিপিপি পদ্ধতির মাধ্যমে কাজ শুরু করে দিয়েছে।

একটি বৃহৎ অনুষ্ঠানের মাধ্যমে কলকাতা চলচ্চিত্র উৎসবের শুভ সূচনা হয় নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে। ৬২টি দেশের ২০০টি চলচ্চিত্র দেখানো হয়।

এই বছর দ্বিতীয় কলকাতা আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব অনুষ্ঠিত হয়। রাজ্যে চলচ্চিত্র নির্মাণকে উৎসাহিত করার উদ্দেশ্যে ১নং টেকনিশিয়ান স্টুডিও সংস্কার করা হয়েছে এবং একটি নতুন শুটিং ফ্লোর নির্মাণের কাজ শুরু হয়েছে।

নাটক, সঙ্গীত, চলচ্চিত্র ইত্যাদি সাংস্কৃতিক উৎকর্ষকে সম্মান জানানোর উদ্দেশ্যে চারটি নতুন পুরষ্কার প্রবর্তন করা হয়েছে। বঙ্গবিভূষণ, বঙ্গভূষণ, মহাসঙ্গীত সম্মান এবং মহানায়ক সম্মান দিয়ে আমাদের রাজ্যের সাংস্কৃতিক জগতের তারকাদের এবং নতুন প্রজন্মের শিল্পীদের সম্মানিত করা হয়েছে।

প্রচলিত লোকসংস্কৃতিকে উৎসাহিত করার উদ্দেশ্যে এই বছর ফণিভূষণ বিদ্যাবিনোদ যাত্রা ভবনকে সংস্কার করা হয়েছে। রাজ্য সঙ্গীত এ্যাকাডেমীর একটি বড় অংশে সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে। বাংলা সঙ্গীত মেলা এবং যাত্রা উৎসবের পরিধিও বাড়ানো হয়েছে।

বসুমতী কর্পোরেশনকে পুনরুজ্জীবিত করা হয়েছে এবং বসুমতী ভবনের সংস্কারের উদ্যোগ নেওয়া হয়েছে।

অতএব, ২০১৩-১৪ আর্থিক বছরে আমি তথ্য ও সংস্কৃতি দপ্তরের খাতে ১৫০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

[3.20–3.30 p.m.]

৬। পরিকাঠামো

৬.১। পানীয় জল

আপনারা জেনে খুশী হবেন যে বহু পানীয় জলপ্রকল্প ইতিমধ্যে রূপায়িত হতে চলেছে। বাঁকুড়া জেলায় একটি ১,০১১.১২ কোটি টাকার প্রকল্প বাস্তবে রূপায়িত হতে চলেছে যা ৩০ লক্ষেরও (৩০.১৫ লক্ষ) বেশি মানুষকে উপকৃত করবে।

পুরুলিয়া জেলাতে ১,১৭৩.০২ কোটি টাকার একটি প্রকল্প প্রযুক্তিগতভাবে ছাড়পত্র পেয়েছে যা ১৫ লক্ষেরও (১৫.১৪ লক্ষ) বেশি পুরুলিয়া নিবাসীকে উপকৃত করবে। আমাদের কর্মকুশলতার জন্য জাপানের JICA পুরুলিয়া জল সরবরাহ প্রকল্পের জন্য ৯৫৪.৬৩ কোটি টাকার 'সফ্‌ট লোন' (soft loan) প্রদানে সম্মত হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণা জেলায় ১,৩৩২.৪১ কোটি টাকা ব্যয়ে ভূ-পৃষ্ঠে জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়ে গেছে যা প্রায় ৩৩ লক্ষ (৩২.৮৯ লক্ষ) মানুষকে সুবিধা দান করবে।

হরিণঘাটার আর্সেনিক কবলিত এলাকায় ১১৮.৯ কোটি টাকার ভূ-পৃষ্ঠে জল সরবরাহ প্রকল্পের কাজে প্রভূত অগ্রগতি হয়েছে যা ৩ লক্ষেরও বেশি (৩.১৬ লক্ষ) লোককে উপকৃত করবে। একই রকমভাবে মুর্শিদাবাদে ২৯০.৭২ কোটি এবং রঘুনাথগঞ্জে ৫১.০৮ কোটি টাকার প্রকল্পের মাধ্যমে যথাক্রমে ৮ লক্ষ (৮.৬৪ লক্ষ) এবং ২ লক্ষ (১.৮২ লক্ষ) লোক উপকৃত হবে। এই হচ্ছে মা-মাটি-মানুষের অঙ্গীকার।

চাকদহে আর্সেনিক কবলিত এলাকায় ১০১.৯৮ কোটি টাকার জল সরবরাহ প্রকল্পটি খুব তাড়াতাড়ি পরীক্ষামূলকভাবে চালানো হবে। এই প্রকল্পটি ৩.৩৮ লক্ষ মানুষকে জল সরবরাহ করতে সক্ষম হবে।

আমরা গ্রামীণ স্কুলগুলিতে পানীয় জলের সরবরাহে বিশেষ নজর দিচ্ছি। ডিসেম্বর, ২০১২-র মধ্যে ৯২৩টি স্কুলকে এই অত্যাবশ্যক সুবিধা পৌঁছে দেওয়া গেছে।

অতএব ২০১৩-১৪ আর্থিক বছরে আমি জনস্বাস্থ্য ও কারিগরী দপ্তরের খাতে ৯১০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৬.২। পরিবহন

এই অর্থবর্ষেই 'নাগেরবাজার ফ্লাইওভার' (Phase-I) এবং বেকবাগান ফ্লাইওভার জনগণের ব্যবহারের জন্য চালু করা হয়েছে।

কসবায় পাবলিক ভেহিক্‌ল্‌ দপ্তরের অধীনে একটি নতুন ইউনিট খোলা হয়েছে এবং ৬টি নতুন ও অতিরিক্ত আঞ্চলিক পরিবহন দপ্তর (ARTO) তাদের কাজ শুরু করেছে।

বিগত বাজেটের সময় আমি রাজ্যের পরিবহন সংস্থাগুলির দুরবস্থার কথা উল্লেখ করেছিলাম। আপনারা জেনে খুশি হবেন, ক্যালকাটা ট্রামওয়েজ কোম্পানী (CTC) ও ওয়েস্টবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের (WBSTC) ও ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন (CSTC)-র সংযুক্তিকরণের কাজ চলছে। সাধারণ জনগণ ও কর্মচারীবৃন্দের স্বার্থের কথা মাথায় রেখে সরকার এই দুরূহ কাজের যথাযথ নির্দেশিকা ঠিক করবেন।

এটা সবাই জানেন যে রাজ্য পরিবহন দপ্তরের ডিপোগুলি বহুদিন অযত্নের শিকার হয়ে রয়েছে যদিও তাদের হাতে যথেষ্ট পরিমাণে অব্যবহৃত জমি রয়েছে। এই কথা মাথায় রেখে সরকার চিন্তা করছেন যে কিভাবে ঐ অব্যবহৃত জমিকে পরিকল্পিত পথে বাণিজ্যিকভাবে ব্যবহার করা যায়।

আমি আগামী ২০১৩-১৪ অর্থবর্ষে পরিবহন খাতে ৩৮০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৬.৩। সড়ক পরিকাঠামো

এই বছর ৫২০ কোটি টাকা ব্যয় করে ১১ টি পিছিয়ে পড়া জেলার ১,০৪৬ কিলোমিটার জেলা-সড়ক প্রসারিত করা হয়েছে।

এই বছর রাজ্যের বিভিন্ন জেলায় ১৩টি প্রধান সেতু নির্মাণ হয়েছে। এছাড়া ১০টি রোড ওভারব্রিজ (ROB) নির্মাণের কাজ চলছে।

সুবর্ণরেখা নদীর ওপর সেতু নির্মাণ এবং কাজী নজরুল ইসলাম এভিন্যুতে (ভি.আই.পি. রোড) ২ কিলোমিটার এলিভেটেড করিডোর (elevated corridor) নির্মাণের কাজ দ্রুত গতিতে চলছে।

নবগঠিত পশ্চিমবঙ্গ রাজ্য সড়ক উন্নয়ণ নিগম, RITES-কে নিযুক্ত করেছে রাজ্য সড়কের উন্নয়নের সম্ভাবনাকে খতিয়ে দেখার জন্য। কিছু দিনের মধ্যেই এই নিগম ডানকুনি থেকে চন্দননগর অংশটির (দিল্লী রোড) 'ফোর লেনিং' (4 Laning)-এর কাজ EPC-র মাধ্যমে শুরু করতে চলেছে।

আগামী আর্থিক বছরে পূর্ত দপ্তরের পরিকল্পনা খাতে আমি ৮৯৫.৪৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৬.৪। ভূমি ও ভূমি সংস্কার

একটি নতুন রাজ্য প্রকল্প পরিকল্পনা-'নিজগৃহ নিজভূমি' চালু হয়েছিল ভূমিহীন ও গৃহহীন পরিবারগুলিকে বাসস্থানের ব্যবস্থা করে দেওয়ার জন্য। ২০১২ সালের ডিসেম্বরের মধ্যে আমরা ১ লক্ষ ১৪ হাজার ৩৯৪টি পরিবারকে সাহায্য করতে সক্ষম হয়েছি।

ন্যাশনাল ল্যান্ড রেকর্ডস মর্ডানাইজেশন প্রোগ্রাম (NLRMP) এর অন্তর্গত একটি পাইলট প্রকল্প হিসাবে রেজিস্ট্রেশন দপ্তরের সঙ্গে ভূমি দপ্তরের যোগাযোগ ব্যবস্থা সাফল্যের সঙ্গেই সম্পূর্ণ হয়েছে হাওড়াতে। এর ফলে যেমন একদিকে স্বচ্ছতা এসেছে, অন্যদিকে তেমনি জনসাধারণের স্বার্থও সুরক্ষিত হচ্ছে।

আমি আগামী অর্থবর্ষে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের জন্য ৮০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

৬.৫। বিদ্যুৎ

গ্রামীণ বৈদ্যুতিকরণের আওতায় রাজ্যের গ্রামীণ পরিবারগুলিকে আনার জন্য সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে। রাজ্যের ১৪টি জেলার ২৪,৭৮১টি গ্রামে RGVVY প্রকল্পের অধীন বৈদ্যুতিকরণ সম্ভবপর হবে। এর মধ্যে ২৩.২৩ লক্ষ বি. পি. এল. তালিকাভুক্ত পরিবার থাকবে।

WBREP-র অন্তর্গত ১১,৮৬৭টি গ্রামে বৈদ্যুতিকরণের কাজ মার্চ ২০১৩-র মধ্যে সম্পন্ন হবে, যার মধ্যে ৮.৪৩ লক্ষ বি. পি. এল. তালিকাভুক্ত পরিবার থাকবে।

ডিসেম্বর ২০১২ পর্যন্ত রাজ্যের ৩২,০৮১টি গ্রামের মধ্যে মোট ২৬,৯২০টি গ্রামের বৈদ্যুতিকরণ হয়েছে।

১১টি পিছিয়ে পড়া জেলাগুলিতে পারিবারিক বৈদ্যুতিকরণের ১১টি প্রকল্পের কাজ জোরকদমে চলছে। ২৮,২১৪ টি গ্রামে বিদ্যুৎ সংযোগের মাধ্যমে পরিষেবা দেওয়া সম্ভবপর হয়েছে।

বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে, দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড (DPL)-কে ২৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৮নং ইউনিটটি নির্মাণের কাজে নিযুক্ত করা হয়েছে। প্রকল্পটি ২০১৩-১৪ র মধ্যে চালু হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের ২১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ৫ নং ইউনিটের সংস্কার এবং আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে। সাগরদিঘীর ৩ এবং ৪ নং ইউনিট দুটি নির্মাণের কাজ (প্রত্যেকটি ৫০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন) ২০১৪-১৫ সালে চালু হয়ে যাওয়ার আশা রাখি।

আগামী আর্থিক বছরে আমি বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি দপ্তরের পরিকল্পনা খাতে ১, ১১৬.৫৫ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৬.৬। নগর উন্নয়ন

২০১২-১৩ অর্থবর্ষে টালা-পলতার প্রধান জল ও বিদ্যুতের লাইন, বিধাননগর মিউনিসিপ্যাল এলাকার বৃষ্টির জল নিষ্কাশনের ব্যবস্থা এবং পি.ডব্লিউ.ডি. রোড ও বি. টি. রোডের সংযোগস্থলে ডানলপের সংযোগকারী রাস্তার সংস্কার ইত্যাদি সম্পন্ন করা হয়েছে।

২০১২-১৩ অর্থবর্ষেই ন্যাশনাল গঙ্গা রিভার বেসিন অথরিটির (NGRBA) কাজ শুরু হয়েছে। সর্বমোট ৬৫৯.৪৭ কোটি টাকা ব্যয়ে ২৭টি প্রোজেক্টের কাজ হাতে নেওয়া হয়েছে।

রাজ্য সরকার একটি নতুন "গঙ্গাসাগর উন্নয়ন কর্তৃপক্ষ" গঠন করেছেন।

IHSDD, UIDSSMT, JNNURM ইত্যাদি ছাড়াও ২০১৩-১৪ অর্থবর্ষে সরকারের লক্ষ্য সমাজের পিছিয়ে পড়া অংশের মানুষের জন্য পানীয় জল, নিকাশি ব্যবস্থা ও বাসস্থানের সমস্যার সমাধান করা।

নগর উন্নয়ন এবং পৌরবিষয়ক দপ্তরের খাতে বাজেটে আমি যথাক্রমে ১,৩৯০.১০ কোটি ও ২,০৪৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৬.৭। আবাসন

দরিদ্রসীমার নীচে বসবাসকারী (BPL), অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণী (EWS), অনগ্রসর শ্রেণী এবং সংখ্যালঘু জনসাধারণের জন্য সুলভে বাসস্থানের ব্যবস্থা করার ক্ষেত্রে রাজ্য প্রতিশ্রুতিবদ্ধ।

এই অর্থবর্ষে 'গীতাঞ্জলি' এবং 'আমার ঠিকানা' প্রকল্পে ডিসেম্বর ২০১২ পর্যন্ত গ্রামীণ এলাকাতে প্রায় ৩৪,০০০ গৃহনির্মাণ বাবদ অর্থ প্রদান করা হয়েছে। মফস্বল এলাকাতে 'গীতাঞ্জলি' প্রকল্পের অন্তর্গত ১,৩২৮টি ফ্ল্যাট নির্মাণের কাজ শুরু হয়েছে। এই দুটি প্রকল্পের খাতে এই আর্থিক বছরে প্রায় ৫৭০ কোটি টাকা ব্যয় হওয়ার সম্ভাবনা।

আগামী আর্থিক বছরে আবাসন দপ্তরের পরিকল্পনা খাতে আমি ৬৭৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৭। পিছিয়ে পড়া শ্রেণীকে ক্ষমতাপ্রদান

৭.১। সংখ্যালঘু উন্নয়ন

আমাদের সরকার মানব সম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সংখ্যালঘু জনসাধারণের সক্ষমতা বৃদ্ধি করার উপর বিশ্বাস রাখে।

গত বাজেটে আমি স্কুল এবং মাদ্রাসার ১০ লাখ ছাত্র-ছাত্রীদের প্রি-ম্যাট্রিক ও পোষ্টম্যাট্রিক বৃত্তি বৃদ্ধি করার জন্য প্রস্তাব রেখেছিলাম। আপনারা জেনে খুশি হবেন যে এই অর্থবর্ষে ১৪ লাখ বৃত্তি সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের প্রদান করা হয়েছে, যা এক সর্বকালীন রেকর্ড।

এর সাথে যোগ করা যেতে পারে যে সংখ্যালঘু সম্প্রদায়ের গরীব এবং দুঃস্থ ছাত্রীদের ১০০ টাকা প্রতি মাসে উৎসাহ ভাতা দেওয়া হয়েছে এবং ১.০৫,৭২৬ জন ছাত্রী এই উৎসাহ ভাতার সুযোগ পেয়েছে। ১,৬০,০০২টি বাই-সাইকেল সংখ্যালঘু ছাত্রীদের বিতরণ করা হয়েছে।

এই বছর ইমাম এবং মোয়াজ্জেনদের কিছু আর্থিক অনুদান দেওয়া হয়েছে, তাদের সম্প্রদায়ের মধ্যে সামাজিক ও কল্যাণমূলক কাজে, পালস্ পোলিও কর্মসূচী ইত্যাদিতে উদ্যোগ গ্রহণ করার জন্য।

আলিয়া বিশ্ববিদ্যালয় তাদের ক্যাম্পাস সম্প্রসারণের জন্য রাজারহাট নিউ টাউনে হিডকো-র থেকে ২০ একর জমি পেয়েছে। এই ক্যাম্পাস তৈরির জন্য ২৩৫.১৯ কোটি টাকা ধার্য হয়েছে।

২০১১-১২ সালে, আমরা ১৬১টি সমাধিক্ষেত্রের প্রাচীর নির্মাণ করতে পেরেছি এবং এই বছর (২০১২-১৩) আমরা ৪২৯টি সমাধিক্ষেত্রে প্রাচীর নির্মাণের জন্য সবমিলিয়ে ৩৩.২০ কোটি টাকা ব্যয় করেছি।

২০১৩-১৪ আর্থিক বছরে আমি সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের খাতে ৮৫৯ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৭.২। অনগ্রসর শ্রেণীকল্যাণ

ডিসেম্বর, ২০১২ অবধি এই সরকার ৭,৬০,০০০ তপশিলী জাতি ও তপশিলী উপজাতি ছাত্র-ছাত্রীদের পোষ্টমেট্রিক বৃত্তিপ্রদান করেছে। একই ভাবে এই সরকার ১,১৬,০০০ অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করেছে।

৩১শে ডিসেম্বর ২০১২ পর্যন্ত 'মা-মাটি-মানুষ'-এর সরকার দ্বারা ৬,৯৮,৩৩২ টি Caste Certificate প্রদান করা হয়েছে। রাজ্যের ৩৫টি মহকুমায় Online-এর মাধ্যমে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

এই সরকার রাজ্যের অনগ্রসর শ্রেণীর জন্য প্রশিক্ষণ বৃদ্ধির কর্মসূচী-Computer Course, JEE, IAS ও WBCS পরীক্ষার জন্য কোচিং-এর মাধ্যমে চালু করেছে। এছাড়া, শ্রমজীবিদের জন্য 'New Age Security Guard Training' এবং প্লাস্টিক টেকনোলজির (Plastic Technology) জন্য প্রশিক্ষণ চালু হয়েছে। হসপিটালিটি এবং রিটেল এর মত নতুন ক্ষেত্রগুলির জন্য কর্মমুখী প্রশিক্ষণ ব্যবস্থা করা হয়েছে।

অতএব, ২০১৩-১৪ আর্থিক বছরে আমি অনগ্রসর শ্রেণীকল্যাণ দপ্তরের খাতে ৫২৩.২৪ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৭.৩। স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি

স্বনির্ভর গোষ্ঠীগুলির দক্ষতা বৃদ্ধি ও তাদের উৎপাদিত দ্রব্যের বিপণনের সুবিধার্থে ১৩টি ট্রেনিং-কাম-মার্কেটিং কমপ্লেক্স তৈরীর পরিকল্পনা গ্রহণ করা হয়েছ।

এই ধরানের পরিকল্পনা, স্বনির্ভর গোষ্ঠীগুলি এবং এর সঙ্গে যুক্ত গ্রামাঞ্চলের মহিলা উদ্যোক্তাদের উৎসাহ প্রদান করবে।

স্বামী বিবেকানন্দের জন্মের সার্ধশতবর্ষে তাঁর স্মৃতির উদ্দেশ্যে পূর্বতন বি.এস.কে.পি. প্রকল্পটির নতুনভাবে নামকরণ করা হয়েছে, কারণ স্বামীজি সব সময় স্বনির্ভরতার কথা বলতেন। এই সরকার দায়িত্বভার গ্রহণ করার পর থেকে এ পর্যন্ত ৬২,২৪৭ টি প্রতিষ্ঠান এই সুযোগ পেয়েছে এবং এর জন্য মোট ২৩৩ কোটি টাকা খরচ হয়েছে।

অতএব, ২০১৩-১৪ আর্থিক বছরে আমি স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দপ্তরের খাতে ২৮৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

৮। উত্তরবঙ্গ ও সুন্দরবন উন্নয়ন

৮.১। উত্তরবঙ্গ উন্নয়ন

উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ৩৬১টি প্রকল্পের মধ্যে প্রায় ৩০০টি প্রকল্প এর মধ্যে সম্পূর্ণ করা হয়েছে। জলপাইগুড়ি জেলার ডাবগ্রামে মুখ্যমন্ত্রীর শাখা সচিবালয় (Chief Minister's Branch Secretariat) তৈরির কাজ শুরু হয়েছে এবং আশা করা যাচ্ছে সেটি জানুয়ারী ২০১৪-র মধ্যে শেষ হবে

ধূপগুড়িতে একটি মহিলা কলেজ, বানারহাটে হিন্দি কলেজ এবং ঘোকসাডাঙ্গা, নিশিগঞ্জ, চোপড়া, মানিকচক এবং কুমারগঞ্জে কলেজ তৈরির কাজ শুরু হয়েছে।

৬টি জায়গায় সেতু নির্মাণের কাজ শুরু হয়েছে। জলপাইগুড়ি জেলায় স্টেডিয়াম তৈরির কাজ জুন ২০১৪-এর মধ্যে সম্পন্ন হবে। শিলিগুড়ি থেকে জলপাইগুড়ি যাওয়ার জন্য একটি বিকল্প রাস্তা নির্মাণের কাজ চলছে।

আগামী অর্থবর্ষে আমি উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের জন্য ২৪০ কোটি টাকা পরিকল্পনা খাতে বরাদ্দের জন্য প্রস্তাব রাখছি।

৮.২। সুন্দরবন উন্নয়ন

২০১২-১৩ অর্থবর্ষে সুন্দরবনের বিভিন্ন ব্লকে ৮৯.৯৪ কিলোমিটার ইঁটের রাস্তা, ২৮টি জেটি, ৬টি R.C.C ব্রীজ, ২০টি কালভার্ট ও স্লুইস গেট এবং দুটি স্পোর্টস কমপ্লেক্স নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। গীতাঞ্জলি স্কীমের অন্তর্গত ৩,০৯০টি বাসগৃহ নির্মাণের কাজ চলতি অর্থবর্ষেই শুরু হয়েছে।

সুন্দরবন অঞ্চলের মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক ও হাই-মাদ্রাসা বিদ্যালয়ের ছাত্রীদের মোট ১১, ৯১২টি বাই-সাইকেল দেওয়া হয়েছে।

সুন্দরবন অঞ্চলের বিদ্যুৎহীন মৌজাগুলিতে দ্রুত বিদ্যুতের আলো পৌঁছে দেওয়ার কাজও এবছর হাতে নেওয়া হয়েছে। সাগর ব্লকে গ্রীড পাওয়ার সম্প্রসারণের কাজও প্রায় শেষের পথে।

সুন্দরবন উন্নয়ন দপ্তর খাতে বাজেটে আমি ১৭৫ কোটি টাকা বরাদ্দ করার প্রস্তাব রাখছি।

৯। শিল্প : ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ

৯.১। অতি ক্ষুদ্র ও ক্ষুদ্র শিল্প

পশ্চিমবঙ্গ সরকার ২০১২-১৩ অর্থবর্ষে হস্তচালিত তাঁতের পুনর্গঠনের জন্য চলতি অর্থবর্ষে ৪২ কোটি টাকা খরচ করেছে।

ক্লাস্টার ডেভেলপমেন্ট প্রোগ্রামের অধীনে ৩২টি ক্লাস্টার (শিল্পগুচ্ছ) বিভিন্ন পর্যায়ে আছে। ইন্টিগ্রেটেড হ্যান্ডলুম ডেভেলপমেন্ট স্কিমের অধীনে ৩৯টি হ্যান্ডলুম ক্লাস্টার ডেভেলপমেন্ট প্রোজেক্ট এবং ৮৩টি গ্রুপ এ্যাপ্রোচ প্রজেক্ট বর্তমানে কাজ করে চলেছে। ৮টি নতুন গ্রুপ এ্যাপ্রোচ প্রজেক্ট বর্তমান অর্থবর্ষে কাজ শুরু করেছে।

ন্যাচারাল ফাইবার মিশন ও কমপ্রিহেনসিভ হ্যান্ডলুম ডেভেলপমেন্ট প্রোগ্রামের রূপায়ণ এবং গ্রামীণ জীবনের উন্নয়ন ও কর্মসংস্থানের জন্য গ্রামীণ হাট তৈরি করা শুরু হয়েছে, ২০১২-১৩ সালে, পশ্চিমবঙ্গের ১১টি পিছিয়ে পড়া জেলায়।

হস্তশিল্পী ও গ্রামীণ কারিগরদের জন্য আর্টিজান ক্রেডিট কার্ড' এবং তাঁতিদের জন্য 'উইভার্স ক্রেডিট কার্ড' দেওয়া হচ্ছে। কারিগর ও তাঁতিদের উৎপাদিত বস্তু বিক্রয়ের সহায়তা দেওয়ার জন্য জেলা হাট নির্মাণ করা হচ্ছে।

ক্ষুদ্র ও অতিক্ষুদ্র উদ্যোগ ও টেক্সটাইল দপ্তরের জন্য পরবর্তী আর্থিক বছরে ৩২৬.২০ কোটি টাকা পরিকল্পনা খাতে ব্যয় বরাদ্দের আমি প্রস্তাব করছি।

৯.২। বৃহৎ ও মাঝারি শিল্প

মাননীয় সদস্যবৃন্দ, বর্তমান রাজ্য সরকার ২০১১-এর মে-তে কাজ শুরু করার পরই শিল্প সহায়ক পরিবেশ গড়ে তুলতে সম্মিলিত প্রচেষ্টা চালিয়েছেন। পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন, ১৯৫৫ সংশোধন করে বাণিজ্যের উদ্দেশ্যে উর্ধ্বসীমার বাইরে থাকা জমি বন্টনের জন্য একটি 'এক জানলা' প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৭টি নতুন প্রকল্প এই সংশোধিত আইনে ইতিমধ্যেই ছাড়পত্র পেয়েছে। শিল্পের উন্নয়ন ও লগ্নির জন্য একটি নতুন নীতি হাতে নেওয়া হয়েছে।

রাজ্য সরকার ২০১১-র মে মাস থেকে এ পর্যন্ত ২৫৭টি ইউনিটের জন্য ১,১২,৭৬৯.৩৬ কোটি টাকার লগ্নির প্রস্তাব পেয়েছে।

হলদিয়াতে দ্বিতীয় PET Resin Plant গত অক্টোবরের ২০১২-তে উদ্বোধন করা হয় যেখানে লগ্নির পরিমাণ ৪৩০ কোটি টাকা। হলদিয়ায় ১৬৫ কোটির এডিবল অয়েল কেন্দ্রের কাজ শুরু হয়েছে। গ্রেট ব্রিটেন এবং বাংলার একটি কোম্পানির যৌথ উদ্যোগে ১০০ কোটি টাকার লগ্নিতে একটি মালপত্র পরিবহণ সংক্রান্ত Infra-Logistic ইউনিটের উদ্বোধন হয়েছে ২০১২-তে।

হাওড়া ও হুগলিতে দুটি সিমেন্ট উৎপাদন কারখানায় ৫৫০ কোটি টাকার লগ্নি করার পরিকল্পনা হয়েছে।

বাংলার একটি বৃহৎ উৎপাদন কোম্পানী ৬০০ কোটি টাকার লগ্নি শুরু করেছে খড়গপুরে বিদ্যাসাগর-ইন্ডাস্ট্রিয়াল পার্কে, যেখানে প্রায় ৫,০০০ মানুষের কর্মসংস্থানের সম্ভাবনা আছে। সমগ্র পূর্ব ভারতে প্রথম সেরামিক টাইল নির্মাণের কারখানা পানাগড় ইন্ডাস্ট্রিয়াল পার্কে, এক বিখ্যাত বিদেশী লগ্নিকারক শুরু করতে চলেছেন, যেখানে লগ্নির পরিমাণ প্রায় ৪৫০ কোটি টাকা। হাওড়ার পাঁচলায় একটি প্যাকেজড ফুড উৎপাদন কেন্দ্র বাংলার এক আন্তর্জাতিক কোম্পানী দ্বারা চালু হতে চলেছে।

ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন ডিসেম্বর, ২০১২ পর্যন্ত বিভিন্ন ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার ও পার্কে ৪৩০টি শিল্প সংস্থাকে প্রায় ১,৬২৬ একর জমি বন্টন করেছে। বোলপুর শিল্প নিকেতনে বিশ্ব হাট ও বিশ্ব ক্ষুদ্র বাজার নির্মিত হচ্ছে।

কুচবিহার গ্রোথ সেন্টারে ৩৫ একর জমিতে একটি জুট পার্ক তৈরি হতে চলেছে।

আমি আগামী অর্থবর্ষে শিল্প ও বাণিজ্য দপ্তরের খাতে ৫৪০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

১০। পরিষেবা ক্ষেত্র

১০.১। পর্যটন

পর্যটন পরিকাঠামোর ক্ষেত্রে ৩,৭০০ কোটি টাকার প্রস্তাব নিয়ে PPP মডেলে পশ্চিমবঙ্গ সরকার নিশ্চিতভাবে এগিয়ে গেছে। নির্দিষ্টভাবে বলা যায়, ডুয়ার্সের গাজলডোবা প্রকল্প প্রথম দফায় এককভাবেই ১,৫০০ কোটি টাকার বিনিয়োগ নিয়ে আসবে। এই প্রকল্প হবে আমাদের রাজ্যের অন্যতম প্রতীক।

সুন্দরবনের ঝড়খালিতে ৯০ একর জমি, সাইলি চা পর্যটন প্রকল্প ইত্যাদি পি.পি.পি. মডেলের জন্য তৈরী হয়েই আছে। দীঘা-তাজপুর-মন্দারমনি ও উদয়পুরে সৈকত পর্যটন অঞ্চলের প্রকল্প এবং আরও অনেকগুলি সৈকত পর্যটন প্রকল্পের কাজে হাত দেওয়া হয়েছে।

কলকাতা জায়ান্ট হুইলের জন্য জমি চিহ্নিত করা হয়েছে এবং অনেক দরখাস্ত এসেছে। গঙ্গার পাড় সাজানোর প্রথম পদক্ষেপ প্রচুর প্রশংসা লাভ করেছে।

পুরুলিয়া, বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরের প্রতি দৃষ্টি রেখেই গ্রামীণ পর্যটন বর্তমানে সঠিক জায়গায় স্থান পেয়েছে।

নদীবক্ষে ভ্রমণের জন্য দশটি স্থান জেটি তৈরির জন্য চিহ্নিত করা হয়েছে। কপিল মুনির আশ্রমের উপর দৃষ্টি দিয়ে গঙ্গাসাগরকে পর্যটনস্থল হিসাবে গড়ে তোলা হবে। বাঁশবেড়িয়ার হংসেশ্বরী মন্দির ও খানগাজী মসজিদ দরগার উন্নয়ণে আড়াই কোটিরও বেশি টাকার কাজ চলছে।

লন্ডনে অনুষ্ঠিত বিশ্ব পর্যটন মেলায় গর্বের সঙ্গে অংশগ্রহণ করেছে পশ্চিমবঙ্গ থিম রাজ্য

হিসেবে। ইতিহাসে এই প্রথম, এক সপ্তাহ আগে, আই টিবি বার্লিনে পৃথিবীর বৃহত্তম পর্যটন মেলায়, রাজ্য তার নিজের মঞ্চ তৈরি করেছে।

২০১৩-১৪ অর্থবর্ষে আমি পর্যটন দপ্তরের জন্য ১২০ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করছি।

[3.30–3.41 p.m.]

১০.২। তথ্যপ্রযুক্তি

দুর্গাপুর এবং শিলিগুড়িতে Phase-II এ I.T. হাব গড়ার উদ্দেশ্যে ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। রাজারহাট এবং বরজোড়ায় I.T. Hub গড়ার উদ্দেশ্যে শীঘ্রই ওয়ার্ক অর্ডার দেওয়া হবে।

আমাদের লক্ষ্য কলকাতার উপর অতিরিক্ত নজর না দিয়ে মাঝারি ও ছোট শহরগুলিতে যাওয়া। আমরা আশা করি যে ২০১৩ সালের জুন মাসের মধ্যে বানতলা, পুরুলিয়া, আসানসোল এবং খড়গপুর I.T. হাবগুলির জন্য ওয়ার্ক অর্ডার প্রদান করা যাবে। ২০১৩ সালের আগস্ট মাসের মধ্যে বোলপুর, কল্যাণী, হলদিয়া এবং বর্ধমানে I.T. হাব গড়ার ওয়ার্ক অর্ডারগুলি দেওয়া যাবে।

২টি ইলেকট্রনিক্স উৎপাদনের গুচ্ছ প্রকল্প নৈহাটিতে ৭০ একর এবং ফলতাতে ৪২ একর জমির উপর শুরু হয়েছে।

সম্প্রতি ভারতবর্ষের সর্ববৃহৎ I.T. কোম্পানি রাজারহাটে তাদের নতুন প্রকল্পের কথা ঘোষণা করেছেন যেখানে ১৬,৫০০ পেশাদার I.T. কর্মীর কর্মসংস্থানের সুযোগ ঘটবে।

আগামী আর্থিক বছরে আমি তথ্য ও প্রযুক্তি দপ্তরের খাতে ১১৩.১৩ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখছি।

১১। কর নীতির গভীরতর সংস্কার

১১.১। মাননীয় সদস্যগণ, গত বছরের বাজেটে প্রস্তাবিত সংস্কারগুলির ফলাফল অতিশয় স্পষ্ট এবং এর পেছনে এই সরকারের সততা পরিষ্কার ভাবে প্রতিফলিত। এর ফলে রাজ্যের রাজস্বের উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটেছে। আমাদের আগেকার বক্তব্য অনুযায়ী রেকর্ড রাজস্ব সংগ্রহ হয়েছে।

১১.২। আমি কর নীতির গভীরতারও সংস্কারের কথা বলছি। আমি এখন আগামী আর্থিক বছরের জন্য প্রধান কয়েকটি কর প্রস্তাব পেশ করতে চাই।

১১.৩। মাননীয় সদস্যগণ, রপ্তানীকে উৎসাহ দিতে কর-ফেরতের সুযোগ সরল করা হয়েছে। ECS ব্যবস্থার মাধ্যমে অনলাইনে কর-ফেরতের ব্যবস্থা করদাতাদের হয়রানি এবং অফিসে দুর্নীতি অনেকটাই কমিয়েছে। এখন আমি ব্যবসায়ীদের অতীতের কর ফেরতের রেকর্ডের উপর ভিত্তি করে, একটি 'সততা স্টার স্টেটাস' এর মাধ্যমে, দ্রুত refund প্রদান করার প্রস্তাব করছি।

১১.৪। মাননীয় সদস্যগণ, আমি ভ্যাট ও কেন্দ্রীয় বিক্রয় করে রুটিনমাফিক কর-নির্দ্ধারণের কাজ পুরোপুরি বন্ধ করার প্রস্তাব রাখছি। এটা revolutionary। খাতাপত্র দেখে কর-নির্দ্ধারণ করার সংস্থান থাকবে কেবল মাত্র নির্দিষ্ট ক্ষেত্রে যেখানে ব্যবসায়ী রিটার্ন দাখিল করবেন না বা কর ফাঁকি দেবেন। এই সংশোধনীর যথেষ্ট প্রভাব থাকবে এবং এর মাধ্যমে কর-নির্দ্ধারণে স্বচ্ছতা

আসবে। সম্ভবতঃ, পশ্চিমবঙ্গই দেশের একমাত্র রাজ্য, যেখানে কর-নির্দ্ধারণের চালু পদ্ধতি তুলে দেওয়া হলো।

১১.৫। মাননীয় সদস্যগণ, যেখানে একজন ব্যবসায়ীর কেন্দ্রীয় বিক্রয়কর আইনে বাধ্যতামূলক ভাবে কর-নির্দ্ধারণ হয়, সেখানে আবার ২০০৩ সালের ভ্যাট আইনেও বাধ্যতামূলক ভাবে কর-নির্দ্ধারণের প্রক্রিয়া শুরু হয়। এটাতে আমাদের ব্যবসাদাররা অত্যন্ত চিন্তিত। আমি প্রস্তাব রাখছি যে এই সব ক্ষেত্রে ভ্যাট আইনে কর-নির্দ্ধারণ করা যাবে না। এতে বহু ব্যবসায়ীর হয়রানি দূর হবে।

১১.৬। মাননীয় সদস্যগণ, সারা দেশে আমরাই প্রথম রেজিষ্ট্রেশন পাওয়ার পদ্ধতিতে সরলীকরণ করেছিলাম ই-রেজিষ্ট্রেশন এবং অন-লাইন ডিমেটেরিয়ালাইজড্ রেজিষ্ট্রেশন সার্টিফিকেট তৈরীর মাধ্যমে। আমি এখন ডিলারদের জন্য একটি 'তাৎক্ষনিক' রেজিষ্ট্রেশনের প্রস্তাব করছি। খুব ছোট হবে, খুব স্বচ্ছ হবে, তাতে তাদের খুব সুবিধা হবে।

১১.৭। মাননীয় সদস্যগণ, বর্তমানে ওয়ার্কস - কন্ট্রাক্টর বা ব্যবসায়ী যারা করপ্রদানের কম্পোজিসন (Composition) প্রকল্পের অধীনে আছেন, তাদের ক্রয়কর (Purchase Tax) দিতে হয়। আমি প্রস্তাব রাখছি যে এই ধরনের ছোট ব্যবসায়ী বা ওয়ার্কস কন্ট্রাকটার, যাদের বাৎসরিক বিক্রীর পরিমাণ ৫০ লক্ষ টাকার নীচে, কেনা পণ্যের উপর তাদের আর ক্রয়কর দিতে হবে না। আমি নিশ্চিত যে এই ব্যবস্থায় বহু ক্ষুদ্র ব্যবসায়ী উপকৃত হবেন।

১১.৮। মাননীয় সদস্যগণ, অসংগঠিত ক্ষেত্রে ছোট ব্যবসায়ীদের একটি বিশাল সমাজ আছে। এদের অনেকেই ব্যবসার স্থানের উপর অধিকারের যথাযথ নথিপত্র ছাড়াই ব্যবসা করতে বাধ্য হন। বাংলার অসংগঠিত ক্ষেত্রের এই ধরনের ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য আমি সামান্য নথিপত্রের মাধ্যমে রেজিষ্ট্রেশন পাওয়ার একটি সহজ পদ্ধতির প্রস্তাব রাখছি। এর থেকেই 'মা-মাটি-মানুষের' সরকারের দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া যাবে।

অসংগঠিত ব্যবসায়ীর অনেকে এতে ভয়ঙ্কর উপকার পাবে। তারা আজকে বলেন যেহেতু আমাদের নিজের জায়গা নেই, ওনারশিপ সার্টিফিকেট দিতে পারিনা, মাননীয় অধ্যক্ষ মহোদয় তাই আমরা একদম মেন স্ট্রিমের বাইরে।

১১.৯। মাননীয় সদস্যগণ, ইনপুট ট্যাক্স ক্রেডিট (Input Tax Credit) পদ্ধতি ভ্যাট আইনের অন্যতম প্রধান স্তম্ভ। যেটা আপনি যখন ট্যাক্স দিচ্ছেন আপনি যে ইনপুট কিনেছেন তার এগেনেষ্টে আপনি ক্রেডিট পান। কিন্তু অনেক ব্যবসায়ীর ইনপুট ট্যাক্স ক্রেডিটের দাবীকে অগ্রাহ্য করা হয় স্টক রেজিস্টার যথাযথভাবে না রাখার কারণে। সরকার বলে তোমরা স্টক রেজিস্টার রাখোনি তাই তোমাকে ইনপুট ট্যাক্স আমি দিতে পারব না। আমি প্রস্তাব রাখছি যে ইনপুট ট্যাক্স ক্রেডিটের সুবিধা নেওয়ার জন্য স্টক রেজিষ্টার রাখার কোন প্রয়োজন হবে না। ব্যবসাদাররা বলবেন এটা বৈপ্লবিক একটা প্রোপোজাল। আমরা এই বড় ধরনের ঝুঁকিটা নিচ্ছি, আমরা ঝুঁকি নিচ্ছি কেন স্টক রেজিস্টার উঠিয়ে দিচ্ছি। ঝুঁকিটা নিচ্ছি। কিন্তু এই সরকার বাংলার ভাইবোনেদের উপরই বিশ্বাস রাখে। আমি বিশ্বাস করি যে তাঁরাও এই বিশ্বাসকে মর্যাদা দেবেন।

১১.১০। মাননীয় সদস্যগণ, ৫ কোটি টাকা পর্যন্ত যাদের বাৎসরিক বিক্রীর পরিমাণ, এমন ক্ষুদ্র ব্যবসায়ীগণের জন্য আমরা একটি স্ব-নিরীক্ষার (Self Audit) ব্যবস্থা করেছিলাম। আমি এখন এই স্ব-নিরীক্ষা (Self Audit) ব্যবস্থার উর্দ্ধসীমাকে ৫ কোটি টাকা থেকে বাড়িয়ে ৫ কোটি টাকা করার প্রস্তাব রাখছি। যাতে ছোট ব্যবসাদাররা আরও বড় সংখ্যায় এর সুবিধা নিতে পারে। আমি নিশ্চিত যে এই ব্যবস্থা আরও অনেক ব্যবসায়ীর আইন মেনে চলার খরচ কমাবে। যেটাকে বলা হয় ট্রানজ্যাক্সান কস্ট।

১১.১১। মাননীয় সদস্যগণ, বৃত্তিকর (Profession Tax) একটি গুরুত্বপূর্ণ রাজস্বের উৎস হিসাবে পরিগণিত হয়েছে। আমি বৃত্তিকরের আইন ও প্রয়োগ প্রণালীর মধ্যে বড় ধরনের পরিবর্তনের প্রস্তাব রাখছি। প্রথমত, আমি বাধ্যতামূলক কর নির্দ্ধারণ (assessment) পদ্ধতি রদ করার প্রস্তাব করছি। প্রফেশানাল ট্যাক্সে এই এ্যাসেসমেন্ট আর থাকবে না। দ্বিতীয়ত, যে সমস্ত রেজিস্টার্ড এমপ্লয়ার্স সময় মত বৃত্তিকর জমা দেননি, তাদের ক্ষেত্রে একটি আকর্ষণীয় amnesty প্রকল্পেরও প্রস্তাব রাখছি।

১১.১২। মাননীয় সদস্যগণ, পশ্চিমবঙ্গের চা বাগানগুলিকে ১৯৭৬ সালের পশ্চিমবঙ্গ গ্রামীণ কর্মসংস্থান ও উৎপাদন আইনের (W.B. Rural Employment and Production Act 1976) অধীনে, গ্রামীণ কর্মসংস্থান সেস্ এবং ১৯৭৩ সালের পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইনের (W. B. Primary Education Act 1973) অধীনে শিক্ষা সেস্ (Education Cess) দেওয়া থেকে, ১.৪.২০১২ থেকে ৩১.৩.২০১৩ সময়ের জন্য অব্যহতি দেওয়া হয়েছিল। আগের বছরে আমি এই সেস প্রদানের সময় বৃদ্ধি করে ৩১.৩.২০১৪ পর্যন্ত করার প্রস্তাব রাখছি। অব্যহতি দেওয়ায় আমি আশাবাদী যে এই সুবিধা রাজ্যের চা-শিল্পকে উঠে দাঁড়াতে অনেকখানি সাহায্য করবে এবং মালিকেরাও এই সুযোগের কিছু অংশ শ্রমিক ভাইবোনদের সঙ্গে ভাগ করে নেবেন। আমরা এ ব্যাপারে দৃষ্টি রাখবো এবং এই কর-ছাড়ের সুবিধা থেকে শ্রমিকগণ কিভাবে উপকৃত হয়েছেন, বছরের শেষে তার মূল্যায়ন করবো।

১১.১৩। মাননীয় সদস্যগণ, শিল্প-উন্নয়ন সহায়তা প্রকল্পে ক্ষুদ্র ও অতিক্ষুদ্র শিল্পকে আর্থিক সহায়তা দেওয়া হয়। এই আর্থিক সহায়তাপ্রকল্প ৩১.৩.২০১৩-তে শেষ হবে। এই কদিনে শেষ হয়ে যাবে। রাজ্য সরকারের ক্ষুদ্র ও অতি ক্ষুদ্র শিল্পের প্রতি সহায়ক দৃষ্টিভঙ্গী মনে রেখে, আমি আনন্দের সঙ্গে এই সহায়তা প্রকল্পের সুযোগ আরও একবছর বৃদ্ধি করে ৩১.৩.২০১৪ পর্যন্ত করার প্রস্তাব রাখছি। এতে ছোট ব্যবসাদারদের ভয়ঙ্কর সুবিধা হবে।

১২। কর প্রস্তাব

এই 'পরিবর্তনে'র সরকারের সামনে বিগত বামফ্রন্ট সরকারের চাপিয়ে দেওয়া আর্থিক দায়ভার এখন এই সরকারের কাছে একটি বড় চ্যালেঞ্জ। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, এই সরকারকে একটি বিপুল ঋণের বোঝা বহন করতে হচ্ছে যার ফলে এবছর ২৫,০০০ কোটি টাকার উপর সুদ সমেত ফেরত দিতে হয়েছে। যেটা রিজার্ভ ব্যাঙ্ক ট্রেজারি থেকে কেটে নেয়। তবুও, সার্বিক পরিকাঠামোকে, যার নিদারুণ অবক্ষয় হয়েছে, সঠিক দিশায় আমাদের নিয়ে আসতে হবে। এছাড়াও আমাদের সামনে একটি বড় চ্যালেঞ্জ SC/ST/OBC সংখ্যালঘু ও অন্যান্য অনগ্রসর

শ্রেণীর যারা দারিদ্রসীমার নীচে বাস করেন বা যারা সত্য দরিদ্র তাদেরকে মূলস্রোতে ফিরিয়ে আনার জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করা।

এবছর আমরা সরকারী কর্মচারীদের বেতন, পেনশন, ইত্যাদি, যার পরিমাণ প্রায় ৪২,০০০ কোটি টাকা, তাও যথাসময়ে দেওয়ার ব্যবস্থা করেছি।

এই ধরনের বিভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলায় আমাদের সরকার অনেকগুলি রাজস্ব-সংক্রান্ত সংশোধন করেছে। এই সমস্ত সংশোধন আমাদের রাজ্যের ব্যাবসা-বাণিজ্যের ক্ষেত্রে অনেকটাই স্বস্তিদায়ক হয়েছে। আজকেও সেই সংশোধনের এক সেট আপনাদের সামনে রেখেছি। আমি এখানে উল্লেখ করতে চাই যে, বাংলার GDP যথেষ্ট বেড়েছে, তার তথ্য শুরুতে আপনাদের দিয়েছিলাম। তবে Greater good, তাই রাজ্যের বাণিজ্যক্ষেত্র যথেষ্ট লাভবান হয়েছে। বাংলায় নবজাগরণ আনতে হলে আমাদের এই লাভের কিছুটা অংশ শেষমেষ সকলের উন্নতির জন্য ভাগ করে নিতে হবে।

অনেক রাজ্যই তামাকজাত বিভিন্ন দ্রব্য ও সিগারেট স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক বলে এগুলির উপর করের হার অস্বাভাবিক রকম বৃদ্ধি করেছে। On the basis of health, আমাদের কাছে এটি চিন্তার কারণ, It is health factor, তাই আমি এ-সমস্ত দ্রব্যের উপর ২০ শতাংশ থেকে বাড়িয়ে ২৫ শতাংশ করার প্রস্তাব দিচ্ছি।

ভারতের মধ্যে ২১টি রাজ্য তাদের ৪ থেকে ৫ শতাংশের যে নিম্নহারের VAT, বেশ কয়েক বছর আগেই যেটি ৫ শতাংশ করেছেন। আমি এখন প্রস্তাব করছি আমাদের ৪ শতাংশ নিম্ন হারের 'VAT' (ভ্যাট) ৫ শতাংশ করার। এর থেকে যে উদ্বৃত্ত রাজস্ব আদায় হবে তার সাহায্যে আমরা এই রাজ্যের লক্ষ লক্ষ প্রিয় ভাই বোনেদের নিজের পায়ে গর্বের সঙ্গে দাঁড়াতে সাহায্য করতে পারবো এবং একইসঙ্গে বাণিজ্যমহলও বিশেষভাবে উপকৃত হবে—যেহেতু এর প্রভাব পড়বে সামগ্রিক অর্থনীতিতে। GDP-র উপর।

একটি যথোপযুক্ত সমীক্ষা দেখা যাচ্ছে যে, যেসব রাজ্য যেমন অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, কর্ণাটক এবং গুজরাট, যারা শিল্প-বাণিজ্যে বিশেষভাবে এগিয়ে আছে তাদের উচ্চতম ভ্যাটের হার ১৪.৫ অথবা ১৫ শতাংশ। কিছু কিছু ক্ষেত্রে, অর্থাৎ একথা বলা যায় যে, যদি কোন রাজ্যে নিশ্চিন্তে ব্যবসা করা যায়, সেই পরিবেশই পুঁজি ও নতুন-নতুন ব্যবসাকে আনতে সহায়ক হয়। 'কর' কাঠামোর যুগান্তকারী সংশোধনের মাধ্যমে e-Governance চালু হওয়ার ফলে ব্যবসায়ীদের 'Transaction Cost' যথেষ্ট কম হয়েছে, যার ফলে ব্যবসায়ীরা ব্যবসার লাভ যথেষ্ট বাড়াতে পেরেছেন। আমি প্রস্তাব করছি 'ভ্যাট' এর উচ্চহারের শুধু ১ শতাংশ বৃদ্ধি। এর ফলে যে উদ্বৃত্ত রাজস্ব আদায় হবে তা দিয়ে আমরা সার্বিক পরিকাঠামো তৈরী করতে পারবো। Keynesian Multiplier এর তত্ত্ব অনুযায়ী, এর ফলে অর্থনৈতিক উন্নয়নের মধ্য দিয়ে ব্যবসা-বাণিজ্য যথেষ্ট উপকৃত হবে। সাধারণ মানুষও উন্নত পরিকাঠামো, শিক্ষা ও স্বাস্থ্য সংক্রান্ত পরিষেবার সুযোগ পাবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত আর্থিক বছরে আমরা বেতন ও মজুরির ক্ষেত্রে 'বৃত্তি করের' ছাড়ের সীমা মাসিক ৩,০০০ টাকা থেকে বাড়িয়ে ৫,০০০ টাকা করেছিলাম। এবছর আমি সেই

সীমা আরও বাড়িয়ে ৭,০০০ টাকা করার প্রস্তাব রাখছি। এর ফলে লক্ষ লক্ষ সাধারণ মানুষ উপকৃত হবেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে অতিরিক্ত রাজস্ব এরফলে সংগ্রহ করা হবে তা পরবর্তী আর্থিক বছরে পরিকল্পনা খাতে ও মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘোষণা করা বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পে ব্যয় করা হবে।

এবার আমি সংক্ষেপে সেই সমস্ত প্রকল্পের কয়েকটির কথা বলবো।

১৩। নতুন কিছু উদ্যোগ

৬ই মার্চ, ২০১৩ তে মন্ত্রীসভার বৈঠকে (Cabinet) সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ৩টি প্রস্তাব অনুমোদিত হয়। এর মধ্যে ২টি, বিল আকারে এই মহান সভায় উপস্থাপন করা হবে।

১৩.১। কন্যাশ্রী

আর্থিকভাবে দুর্বল পরিবারের ১৮ বছরের নীচে অবিবাহিতা মেয়েদের জন্য উৎসাহভাতা প্রদানের প্রকল্পটির নামকরণ করা হয়েছে 'কন্যাশ্রী'। এর লক্ষ্য বাল্যবিবাহ, নারী পাচার এবং স্কুলছুট রোধ করা। এর আরও লক্ষ্য হচ্ছে অল্পবয়সে গর্ভধারণ রোধ করে মা ও শিশুর স্বাস্থ্যের উন্নতিকরণ।

এই প্রকল্পটি ১৩-১৮ বছর বয়স্ক অবিবাহিত মেয়েদের উদ্দেশ্যে, যাদের পারিবারিক বার্ষিক আয় ৫০,০০০ টাকার কম, তারা প্রথাগত অথবা মুক্ত বিদ্যালয়ে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পঠনের জন্য বছরে ৫০০ টাকা করে বৃত্তি পাবে। এছাড়া ১৮ বছর বয়স অতিক্রান্ত হলে তারা এককালীন ২৫,০০০ টাকা উৎসাহভাতা পাবে যদি তারা প্রথাগত অথবা মুক্ত বিদ্যালয় অথবা স্বীকৃত বৃত্তিমূলক শিক্ষার কোর্সে পড়াশোনা করছে। এই প্রকল্পের খাতে বার্ষিক ৭৫০ কোটি টাকা খরচ হবে বলে অনুমান করা যায়।

১৩.২। লোক পরিষেবা অধিকার বিল

সম্প্রতি মন্ত্রীসভা (Cabinet), 'পশ্চিমবঙ্গ লোক পরিষেবা অধিকার বিল, ২০১৩' বিধানসভায় পেশ করার জন্য অনুমোদন দিয়েছে। এই বিলের মাধ্যমে উন্নত লোক পরিষেবা পাওয়ার ক্ষেত্রে নাগরিকদের চাহিদা পূরণ হবে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে, লোক পরিষেবা প্রদানকারী পরিষেবা না দিতে পারলে, জরিমানা দেওয়ার এই ব্যবস্থা, দুর্নীতি কমাতে সাহায্য করবে। কিন্তু কোন ভিকটিমাইজ হবে না, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন খুব ভাল করে, স্বচ্ছভাবে, এটা হবে। এর জন্য সময় সীমার মধ্যে লোক পরিষেবা প্রদান করা, এটাই তার উদ্দেশ্য।

১৩.৩। উচ্চশিক্ষাপ্রতিষ্ঠানগুলিতে অন্যান্য অনগ্রসর শ্রেণীর জন্য সংরক্ষণ

সম্প্রতি মন্ত্রীসভা (Cabinet), 'ওয়েস্ট বেঙ্গল হায়ার এডুকেশন ইন্সটিটিউশনস (রিজার্ভেশন ইন অ্যাডমিশন) বিল, ২০১৩', [West Bengal Higher Education Institutions (Reservation in Admission) Bill, 2013] অনুমোদন করেছে। এই বিলের মাধ্যমে সামাজিক এবং আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণীর অর্থাৎ অন্যান্য অনগ্রসর শ্রেণীর (OBC) ছাত্র-ছাত্রীরা রাজ্যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে বর্দ্ধিত সুযোগ পাবে। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলিতে

সাধারণ, তপশিলী জাতি এবং তপশিলী উপজাতি ছাত্র-ছাত্রীদের আসনগুলি কোনভাবে পরিবর্তিত না করেই, এই বিলের মাধ্যমে অন্যান্য অনগ্রসরদের জন্য সংরক্ষণের ব্যবস্থা চালু হবে।

১৪। যুব উৎসাহপ্রকল্প

বহু বছরের আর্থিক অধঃপতনের ফলে বাংলার ভাই-বোনেরা গভীর সঙ্কটের মধ্যে দিন কাটাচ্ছে এবং হন্যে হয়ে চাকুরী খুঁজে বেড়াচ্ছে। কেন্দ্রীয় সরকার দ্বারা পেট্রল, ডিজেল এবং এল.পি.জি.-র (LPG) মূল্যের বৃদ্ধির ফলে যে ক্রমবর্দ্ধমান মুদ্রাস্ফীতি হয়েছে, তার জন্য তারা আরও আর্থিক দূরাবস্থায় পড়েছে।

এই সব বেকার যুবক-যুবতীদের জীবন-সংগ্রাম এবং নৈরাশ্যের কথা মাথায় রেখে, গতবছর মাননীয়া মুখ্যমন্ত্রী একটি এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের (Employment Bank) স্থাপনা করেছিলেন তাদের চাকরী খোঁজার প্রচেষ্টাকে সাহায্য করতে। তিনি ইচ্ছাপ্রকাশ করেছেন এই সকল চাকুরীবিহীন যুবক-যুবতীদের আরও সাহায্য প্রদান করতে।

মাননীয়া মুখ্যমন্ত্রীর এই গভীর উদ্বেগের কথা মাথায় রেখে, আমি আনন্দের সাথে 'যুব উৎসাহপ্রকল্প' নামক একটি নতুন প্রকল্প ঘোষণা করছি যা চাকুরীবিহীন যুবক-যুবতীদের একটি ছোট আর্থিক সহায়তা প্রদান করবে। অষ্টম শ্রেণী উত্তীর্ণ, ১৮-৪৫ বছরের যুবক-যুবতী, যারা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে (Employment Bank) নথীভুক্ত হয়েছেন তারা এই প্রকল্পের আওতায় মাসে ১,৫০০ টাকা ভাতা পাবেন। এই প্রকল্পের আওতায় এক লক্ষ যুবক-যুবতীকে সহায়তা প্রদান করা হবে।

যখন এই সকল ভাই-বোনেরা চাকুরী পাবেন, তখন এই প্রকল্পের আওতায় তাদের জন্য নির্দ্ধারিত আর্থিক সহায়তা, অন্য নথীভুক্ত ভাই-বোনেদের প্রদান করার জন্য বিবেচিত হবে।

১৫। উপসংহার

মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং এই মহান বিধানসভা কক্ষের মাননীয় সভ্যগণ, আমি এই রাজ্যের পরিকল্পনা খাতে ২০১৩-১৪ আর্থিক বছরে ব্যয় বরাদ্দের জন্য ২৬,৬৭৪ কোটি টাকার প্রস্তাব রাখছি। গত বছরের তুলনায় এই বৃদ্ধির হার ১৪.১৩% যা সত্যিই বেশ বড় অংকের।

পুনরায়, আরও সম্পদ সৃষ্টির জন্য আমরা চ্যালেঞ্জ নিয়েছি। আমরা 'নিজস্ব কর' আদায় বৃদ্ধির লক্ষ্য মাত্রা ২২.৭৭% ধার্য্য করেছি।

পরবর্তী বছরে রাজস্ব ঘাটতি নির্ধারণ করা হয়েছে ৮ কোটি টাকা।

গত বছর আমি এই রাজ্যে অতিরিক্ত ১০ লক্ষ কর্ম সৃষ্টির লক্ষ্য মাত্রার কথা ঘোষণা করেছিলাম। আপনারা জেনে খুশি হবেন যে ২০১২ সালের এপ্রিল এবং জানুয়ারী, ২০১৩-র মধ্যে সময়ে নতুন কর্ম সৃষ্টি হয়েছে ১০,২৪,৫২১ যা আমাদের লক্ষ্যমাত্রা অতিক্রম করতে পেরেছে। মার্চ মাসের শেষে এই সংখ্যা আরও বেড়ে যাবে।

মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পরিচালিত এই সরকারের একটি মুখ্য উদ্দেশ্য হল কর্মসংস্থান সৃষ্টি করা। আমি তাই ২০১৩-১৪ বছরের জন্য নতুন কর্মসংস্থানের লক্ষ্য মাত্রা ১৩,১৪,০০০ ধার্য করছি।

বাংলার এই অভূতপূর্ব উত্তরণ আজ সম্ভবপর হয়েছে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্দীপ্ত ও বলিষ্ঠ নেতৃত্বের জন্য। তাঁকে আমি ধন্যবাদ জানাই।

আমি এখন শেষ করতে চাই স্বামী বিবেকানন্দের এবং কবিগুরু রবীন্দ্রনাথের প্রেরণাদায়ক কিছু সুন্দর উপদেশমূলক বক্তব্য দিয়ে-

"আমার মনে হয়, দেশের জনসাধারণকে অবহেলা
করাই আমাদের প্রবল জাতীয় পাপ এবং তাই হল
আমাদের অবনতির অন্যতম কারণ।"

.... স্বামী বিবেকানন্দ

আশা করি এই বাজেট থেকে তিনি যা বলেছেন তা স্পষ্ট হয়ে যাচ্ছে - যেটা আমরা শ্রদ্ধার সঙ্গে তাঁর এই বাণী শুনেছি।

"আমরা চলি সমুখপানে,
কে আমাদের বাঁধবে।
রইল যারা পিছুর টানে
কাঁদবে তারা কাঁদবে।"

.... কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর

আর্থিক বিবরণী, ২০১৩-২০১৪

পশ্চিমবঙ্গের বার্ষিক আর্থিক বিবরণী, ২০১৩-২০১৪

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত, ২০১১-২০১২	বাজেট, ২০১২-২০১৩	সংশোধিত, ২০১২-২০১৩	বাজেট, ২০১৩-২০১৪
আদায়				
১। প্রারম্ভিক তহবিল	১৬৯.২৪	(-)৩.০০	(-)৭৯১.৪৯	(-)২.০০
২। রাজস্ব আদায়	৫৮৭৫৫.০৪	৭৬৭৪৩.৩৮	৭২০৫৪.২২	৮৮৪০৩.২৮
৩। ঋণখাতে আদায়				
(১) সরকারী ঋণ	৪৫১৬০.১৫	৪১৫৪২.৭৩	৪৪৯১৪.৯৪	৪৮৮৪৫.৫৪
(২) ঋণ	৭৮.১৭	৫৩.৬০	১৪৮.৩০	১৬১.২৭
৪। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায়	২৩২৫০৬.৪০	২১০১৩১.৫৩	১৯৮২২৯.২৭	২০৬৩২২.৬৬
মোট	৩৩৬৬৬৯.০০	৩২৮৪৬৮.২৪	৩১৪৫৫৫.২৪	৩৪৩৭৩০.৭৫
ব্যয়				
৫। রাজস্বখাতে ব্যয়	৭৩৩২৬.৩৭	৮৩৭১৯.৩৯	৮৫৩৬২.৩২	৯১৮৯১.৭৭
৬। মূলধনখাতে ব্যয়	২৭৬৩.৭৫	৮২৮০.৮৭	৬৪৩৫.৪৩	৯৩১৮.৫৯
৭। ঋণখাতে ব্যয়				
(১) সরকারী ঋণ	২৭৯০৪.২৯	২২৪৫২.২৫	২৭৩৮৫.৬৪	২৮৮২৬.৮২
(২) ঋণ	৪৪৭.৯৭	৭১৬.০১	১৩১৬.১৩	৭৬৮.৪৬
৮। আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে ব্যয়	২৩৩০১৪.১১	২১৩৩০৪.৭২	১৯৪০৫৭.৭২	২১২৯৩৩.১১
৯। সমাপ্তি তহবিল	(-)৭৯১.৪৯	(-)৫.০০	(-)২.০০	(-)৮.০০
মোট	৩৩৬৬৬৯.০০	৩২৮৪৬৮.২৪	৩১৪৫৫৫.২৪	৩৪৩৭৩০.৭৫

পশ্চিমবঙ্গের বার্ষিক আর্থিক বিবরণী, ২০১৩-২০১৪

(কোটি টাকার হিসাবে)

	প্রকৃত, ২০১১-২০১২	বাজেট, ২০১২-২০১৩	সংশোধিত, ২০১২-২০১৩	বাজেট, ২০১৩-২০১৪
নীট ফল				
উদ্বৃত্ত (+)				
ঘাটতি (–)				
(ক) রাজস্বখাতে	(-)১৪৫৭১.৩৩	(-)৬৯৭৬.০১	(-)১৩৩০৮.১০	(-)৩৪৮৮.৪৯
(খ) রাজস্বখাতের বাইরে	১৩৬১০.৬০	৬৯৭৪.০১	১৪০৯৭.৫৯	৩৪৮২.৪৯
(গ) প্রারম্ভিক তহবিল বাদে নীট	(-)৯৬০.৭৩	(-)২.০০	৭৮৯.৪৯	(-)৬.০০
(ঘ) প্রারম্ভিক তহবিল সহ নীট	(-)৭৯১.৪৯	(-)৫.০০	(-)২.০০	(-)৮.০০
(ঙ) নতুন প্রকল্প বাবদ ব্যয়/অতিরিক্ত বরাদ্দ/অতিরিক্ত মহার্ঘভাতা				
(১) রাজস্বখাতে	..	..	..	..
(২) রাজস্বখাতের বাইরে	..	..	..	..
(চ) নতুন প্রকল্প বাবদ ব্যয়/অতিরিক্ত বরাদ্দ				
(১) রাজস্বখাতে	..	(-)৮২.০০	..	..
(২) রাজস্বখাতের বাইরে	..	(-)১২২.০০	..	..
(ছ) রাজস্ব কর খাতে অতিরিক্ত সম্পদ সংগ্রহ	..	২০০.০০	..	..
(জ) রাজস্বখাতে নীট ঘাটতি	(-)১৪৫৭১.৩৩	(-)৬৮৫৮.০১	(-)১৩৩০৮.১০	(-)৩৪৮৮.৪৯
(ঝ) নীট উদ্বৃত্ত/ঘাটতি	(-)৭৯১.৪৯	(-)৯.০০	(-)২.০০	(-)৮.০০

LAYING OF FISCAL POLICY STATEMENT

Dr. Amit Mitra : Sir, I beg to lay Medium-Term Fiscal Policy Statement and Fiscal Policy Strategy Statement of the Government of West Bengal.

MEDIUM TERM FISCAL POLICY STATEMENT
&
FISCAL POLICY STRATEGY STATEMENT
FOR
2013–2014

Finance Department
Government of West Bengal

Foreword

As per the statute of West Bengal Fiscal Responsibility and Budget Management (FRBM) Act, 2010 as amended and the rules thereto, I present before this August house the Medium Term Fiscal Policy and Strategy Statement for the year 2013–14.

11th March, 2013

DR. AMIT MITRA
Minister of Finance
Government of West Bengal

ASSEMBLY PROCEEDINGS
CONTENTS

Sl. No.	Subject	Page No.
1.	Foreword	
2.	Introduction	65
3.	Overview of National Economy	66-70
4.	Overview of State Economy	70-77
5.	Overview of State Finance	77-81
6.	Medium term fiscal policy statement	82-86
7.	Fiscal policy strategy statement	86-91
8.	Disclosure forms	92-98

LAYING OF FISCAL POLICY STATEMENT

Introduction

In order to help impose measures of fiscal prudence and consestent monitoring and control over crucial fiscal indicators, especially with view to progressive elimination of revenue deficit, reduction in fiscal deficit, prudent debt management consistent with fiscal sustainability, greater transparency in fiscal operations of the State Government and conduct of fiscal policy in a medium-term framework and for matters connected there with or incidental thereto, the West Bengal Fiscal Responsibility and Budget Management (FRBM) Act, 2010 was enacted in July, 2010 and an amendment was also made in April 2011.

Targets have been set for years to verify the amount of progress made towards them in each financial year. Indications towards exercises in fiscal prudence by the State can be had from the Statement such publicized. The Medium Term Fiscal Policy and Strategy Statement is therefore customarily presented along with the Annual Budget in the Assembly to reflect upon the intent of the government and initiatives adopted on part of it to fulfill the objectives mentioned in the stated Act in a time-bound manner.

Overview of National Economy

Projected and highlighted in Union Budget Speech, overall growth of GDP at factor cost at constant prices will reach 6.1 to 6.7 per cent during the financial year 2013-14 in context of India, whereas the growth of GDP at factor cost at constant prices, as per Advance Estimates, is estimated at 5.0 per cent in 2012-13 as compared to the growth of 6.2 per cent during 2011-12 (First Revised Estimates) and growth of GDP at factor cost at current prices, as per Advanced Estimates, is estimated at 13.27 per cent in 2012-13 representing as compared to the growth of 14.95 per cent during 2011-12.

In Advanced Estimates, the growth in Gross Domestic Product (GDP) at factor cost at constant (2004-05prices) is estimated by Central Statistics Office (CSO) at 5.0 per cent in 2012-13 with agriculture, industry and services registering growth rates of 1.8 per cent, 3.1per cent and 6.6 per cent respectively. As per the First Revised Estimates, the growth in GDP at factor cost at constant (2004-05) prices is estimated at 6.2 per cent in 2011-12. At disaggregated level, this (First Revised 2011-12) comprises growth of 3.6 per cent in agriculture and allied activities, 3.5 per cent in industry and 8.2 per cent in services. The growth in GDP is placed at 5.3 per cent in the second quarter of 2012-13.

Services sector has very much dominated national GDP in the consecutive years, 2011-12 and 2012-13. Where it had a share of 58.4% in national GDP (1st Revised Estimates) in 2011-12, the performance in 2012-13 (Advanced Estimates) improved marginally as per share in the national GDP by being pegged at 59.3%. Industry fared second in both the years with 27.5% and 27% being the share of it in national GDP as per 2011-12 (1stRevised Estimates) and 2012-13 (Advanced Estimates), respectively Agriculture and allied sectors

fared moderately with 14.1% and 13.7% being the respective shares of it in 2011-12 (1st Revised Estimates) and 2012-13 (Advanced Estimates), respectively.

Annual Growth of GDP of India at factor cost by Economic activity at Current Prices (Percent)

	Industry	At Current Prices							
		2005-06	2006-07	2007-08	2008-09	2009-10	2010-11(P)	2011-12(Q)	2012-13(A)
1	Agriculture, Forestry & Fishery	12.79	13.36	15.70	12.75	14.88	20.62	12.15	12.10
2	Industry	14.95	19.53	16.67	12.78	13.03	18,13	11.47	10.62
a	Mining & Quarrying	11.10	13.05	16.88	12.03	13.93	23.09	2.54	11.71
b	Manufacturing	15.10	21.69	15.42	11.68	12.69	17.20	11.23	7.67
c	Electricity, Gas & Water Supply	10.26	10.20	10.08	8.64	25.05	15.04	10.54	18.27
d	Construction	17.38	20.03	20.62	15.97	10.96	18.98	15.07	13.87
3	Services	14.12	16.19	15.56	18.42	16.41	18.83	17.64	14.91
a	Trade, Hotels, Transport & Communication	16.34	17.93	15.19	13.98	13.03	19.78	18.47	12.77
b	Financing, Insurance, Estate & Business RealServices	12.79	18.96	17.88	22.26	14.14	20.83	18.75	17.26
c	Community, Social & Personal Services	11.62	10.01	13.59	22.67	25.45	15.07	14.90	15.97
4	GDP at factor cost	14.10	16.60	15.91	15.75	15.18	18.96	14.95	13.27

P= Provisional Q = Quick A = Advance

Source : CSO, Ministry of Statistics & Programme Implementation, Government of India

Annual Growth of GDP of India at factor cost by Economic activity at Constant (2004-05) Prices

(Percent)

Industry	At Constant (2004-05) Prices							
	2005-06	2006-07	2007-08	2008-09	2009-10	2010-11(P)	2011-12(Q)	2012-13(A)
1 Agriculture, Forestry & Fishery	5.14	4.16	5.80	0.09	0.81	7.94	3.65	1.79
2 Industry	9.72	12.17	9.67	4.44	9.16	9.16	3.49	3.12
a Mining & Quarrying	1.31	7.47	3.69	2.14	5.89	4.92	-0.63	0.43
b Manufacturing	10.10	14.32	10.28	4.33	11.30	9.73	2.69	1.89
c Electricity, Gas & Water Supply	7.10	9.29	8.27	4.56	6.22	5.16	6.51	4.89
d Construction	12.79	10.33	10.78	5.34	6.65	10.23	5.56	5.87
3 Services	10.91	10.06	10.27	9.98	10.50	9.75	8.20	6.59
a Trade, Hotels, Transport & Communication	12.05	11.61	10.93	7.49	10.34	12.34	7.03	5.16
b Financing, Insurance, Real Estate & Business Services	12.62	13.96	11.95	12.02	9.70	10.07	11.67	8.62
c Community, Social & Personal Services	7.07	2.81	6.87	12.52	11.73	4.27	6.01	6.77
4 GDP at factor cost	9.48	9.57	9.32	6.72	8.59	9.32	6.21	4.96

P= Provisional Q = Quick A = Advance

Source : CSO, Ministry of Statistics & Programme Implementation, Government of India

Percentage Share of GDP of India at factor cost by Economic activity at Current Prices

(Percent)

Industry	At Curren Prices								
	2004-05	2005-06	2006-07	2007-08	2008-09	2009-10	2010-11(P)	2011-12(Q)	2012-13(A)
1 Agriculture, Forestry & Fishery	19.03	18.81	18.29	18.26	17.78	17.74	17.98	17.55	17.37
2 Industry	27.92	28.13	28.84	29.03	28.29	27.76	27.57	26.73	26.11
a Mining & Quarrying	2.86	2.79	2.70	2.72	2.64	2.61	2.70	2.41	2.37
b Manufacturing	15.25	15.39	16.06	15.99	15.43	15.10	14.87	14.39	13.68
c Electricity, Gas & Water Supply	2.11	2.04	1.93	1.83	1.72	1.86	1.80	1.73	1.81
d Construction	7.70	7.92	8.16	8.49	8.50	8.19	8.19	8.20	8.25
3 Services	53.05	53.06	52.87	52.71	53.93	54.50	54.45	55.72	56.52
a Trade, Hotels, Transport & Communication	24.49	24.97	25.25	25.10	24.72	24.25	24.42	25.17	25.06
b Financing, Insurance, Real Estate & Business Services	14.71	14.54	14.84	15.09	15.94	15.80	16.04	16.57	17.16
c Community, Social & Personal Services	13.84	13.54	12.78	12.52	13.27	14.45	13.98	13.98	14.31
4 GDP at factor cost	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00	100.00

P= Provisional Q = Quick A = Advance

Source : CSO, Ministry of Statistics & Programme Implementation, Government of India

Percentage Share of GDP of India at factor cost by Economic activity at Current Prices (2004-45)

(Percent)

Industry	At Curren Prices								
	2004-05	2005-06	2006-07	2007-08	2008-09	2009-10	2010-11(P)	2011-12(Q)	2012-13(A)
1 Agriculture, Forestry & Fishery	19.03	18.27	17.37	16.81	15.77	14.64	14.45	14.10	13.68
Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Ministers, 6 Ministers of State and 188 Members.

[11.00—11.10 a.m.]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of the former Governor of West Bengal, Shri Viren J. Shah who breathed his last on the 9th March, 2013 at Jordan following a cardiac arrest. He was 87.

Born on the 12th May, 1926 in Kolkata, Shri Shah was educated at the Bombay University and at Harvard Business School, Boston. He held positions of pre-eminence in various Chambers of Commerce and other organizations. Besides, he was associated with educational and rural development activities

Shri Shah was elected to Lok Sabha from Junagadh in Gujarat in 1967. He had been a member of Rajya Sabha twice from 14th August, 1975 to 13th August, 1981 and from 3rd April, 1990 to 2nd April, 1996.

Shri Shah held the high office of the Governor of West Bengal from 1999 to 2004.

With the demise of Shri Shah, the country has lost an able administrator and a distinguished parliamentarian.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood for two minutes)

(After two minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the Members of the bereaved family.

Starred Questions
(To which oral answers were given)

চালু ও পরিত্যক্ত বীজ খামার

*১। (অনুমোদিত প্রশ্ন নং *১) শ্রী অসিত মিত্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ স্যাপেক্ষে রাজ্যে কতগুলি বীজ খামার চালু আছে?

(খ) চলতি আর্থিক বছরে কোনও বীজ খামার পরিত্যক্ত হয়েছে কিনা ; এবং

(গ) হয়ে থাকলে, তার সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয় আপনার মাধ্যমে আমাদের অগস্ট হাউসে বর্ষীয়ান বিধায়ক অসিত মিত্রের প্রশ্নে উত্তরে আমি জানাতে চাই,

উত্তর। ক, খ, গ

বীজ খামার সংক্রান্ত বিষয় কৃষিজ বিপণনের এক্তিয়ার ভুক্ত নয়,

এ ব্যাপারে প্রয়োজনে রাজ্য সরকারের কৃষি বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

শ্রী অসিত মিত্র : স্যার, কৃষিজ বিপণনের বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী জানিয়েছে যে এটা তার দপ্তরের অন্তরভুক্ত নয়। এ বিষয়ে আমার কিছু বলার নেই স্যার। আমি আপনাকে একটা অনুরোধ করব, যখন কোন দপ্তরের যদি কোন হেরফের হয়, কোন ডিপার্টমেন্ট এদিক থেকে ওদিক যায় তাহলে সেই ডিপার্টমেন্ট যদি নিজেরা ঠিক করে নেন বা তারা যখন প্রশ্ন এক্সজামিন করেন, ঠিক করে নেন, তাহলে বোধহয় সেটা সব থেকে ভাল হয়। আমি স্যার, এই নিয়ে কোন বিতর্কিত প্রশ্ন করতে চাই না। আপনাকে একটা অনুরোধ করছি, যদিও আপনি এখানে মাননীয় কৃষি মন্ত্রী আছেন, সেশানটা চলবে এই প্রশ্ন যদি ওর দপ্তরে টান্সফার করে দেওয়া হয় তাহলে উনি উত্তর দেওয়ার সুযোগ পাবেন।

শ্রী মলয় ঘটক : স্যার, এটা আমার দপ্তরের প্রশ্ন, আমার যেদিন প্রশ্ন থাকবে সেদিন দিয়ে দেব।

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি ঠিক শুনতে পাইনি উনি কি বলেছেন। এ নিয়েও এটা আপনার দপ্তরের প্রশ্ন। ঠিক আছে যে দিন ওনার প্রশ্ন থাকবে সেদিন এই প্রশ্নটা আমরা প্রায়রিটি দিয়ে দেব।

সেচের ক্ষেত্রে ভূ-গর্ভস্থ জলের উপর নির্ভরতা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪) শ্রী সমীর কুমার পোদ্দার : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কৃষিক্ষেত্রে সেচ প্রধানত ভূ-গর্ভস্থ জলের উপর নির্ভরশীল ; এবং

(খ) সত্যি হলে, ঐ নির্ভরশীলতা কমাতে রাজ্য সরকারের গৃহীত পদক্ষেপগুলি কী কী?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ওন্যাবেল স্পীকার স্যার, সম্মানীয় বিধায়ক সমীর কুমার পোদ্দার যে প্রশ্ন করেছেন তার

উত্তর। (ক) হ্যাঁ এটা সত্যি যে, কৃষিক্ষেত্রে ক্ষুদ্রসেচ প্রধানতঃ ভূ-গর্ভস্থ জলের উপর নির্ভরশীল।

(খ) ঐ নির্ভরশীলতা কমিয়ে ক্ষুদ্রসেচে ভূ-পৃষ্ঠস্থ জলের ব্যবহার বাড়ানোর জন্য জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের গৃহীত পদক্ষেপগুলি এইরূপ।

(১) ব্যাপকভাবে বৃষ্টির জল সঞ্চয়ের জন্য জল ধরো—জল ভরো কর্মসূচীতে রুফটপ রেন ওয়াটার হারভেস্টিং, বৃষ্টির জল সঞ্চয়কারী সুবৃহৎ জলাশয়, জলাধার ও পুষ্করিণীগুলির সংস্কার ও পুর্ণখনন ইত্যাদির কাজ হাতে নেওয়া হয়েছে। এর দ্বারা একদিকে যেমন বৃষ্টির জল সংরক্ষণ ও রিচার্জের কাজও হবে এবং অন্যদিকে সেচের কাজেও দক্ষভাবে ব্যবহার করা যাবে। MGHREGA প্রকল্পের সঙ্গে সঙ্গতি রেখে এই প্রকল্পের কাজ চলছে। বিভিন্ন জেলায় এই সম্পর্কে হোর্ডিং প্রদর্শন, তথ্যচিত্র, মেলা ইত্যাদির মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির কাজও চলছে।

(২) বিশ্বব্যাঙ্ক -এর আর্থিক সহায়তার মাধ্যমে "পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ প্রকল্পের ত্বরান্বিত বিকাশ" প্রকল্পের অনেকগুলি ক্ষুদ্রসেচ স্কীমই ভূ-পৃষ্ঠস্থ জলের উপর গ্রহণ করা হয়েছে।

(৩) ভূ-গর্ভস্থ জলসম্পদের যথেচ্ছ জল উত্তোলন নিয়ন্ত্রণের জন্য "পশ্চিমবঙ্গ ভূ-গর্ভস্থ জলসম্পদ (পরিচালন, নিয়ন্ত্রণ ও নিয়মন) আইন, ২০০৫-এর যথাযথ প্রয়োগ।

(৪) Core Sector RIDF, RKVY ইত্যাদি বিভিন্ন পরিকল্পনায় ভূ-পৃষ্ঠস্থ জলপ্রবাহ ক্ষুদ্র সেচ প্রকল্প। নদী জল উত্তোলন সেচ প্রকল্প, প্রশমন বাঁধ, বৃষ্টির জল সঞ্চয়কারী—জলাধারগুলির সংস্কার ও পুর্ণখনন, অনুস্রাবী জলাধার নির্মাণ ইত্যাদি ভূ-পৃষ্ঠস্থ ক্ষুদ্র সেচ প্রকল্পের স্থাপন।

(৫) সেচ সেবিত এলাকা উন্নয়ন ও জল ব্যবস্থাপন কর্মসূচীর অধীন মাঠনালা নির্মাণ।

(৬) শুধুমাত্র ভূ-পৃষ্ঠস্থ জলের উপর কেন্দ্রীয় সরকারের AIBP কর্মসূচীকে অগ্রাধিকার।

(৭) স্প্রিং কলার ও ড্রিপ ইরিগেশন এর মতো অতিক্ষুদ্র সেচ ব্যবস্থা প্রয়োগ করে জলের সঠিক মাত্রায় ব্যবহারের দক্ষতা বৃদ্ধি।

(৮) ক্ষুদ্র সেচে ভূ-পৃষ্ঠস্থ ও ভূ-গর্ভস্থ জলের যুগপৎ ব্যবহারে উৎসাহ প্রদান।

শ্রী সমীর কুমার পোদ্দার : স্যার, 'জল ধরো, জল ভরো' প্রকল্প, তা আমরা শুনিনি, এ এই সরকারের একটি মহৎ উদ্দেশ্য। আমি নদীয়া জেলা সহ, জেলাওয়াড়ী যদি মাননীয় মন্ত্রী তথ্য দেন এই অবধি কত 'জল ধরো, জল ভরো' প্রকল্প করা হয়েছে?

[11·10—11·20 a.m.]

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : অনারেবেল স্পীকার স্যার, ইতিমধ্যে গতকালের পরিসংখ্যান আনুযায়ী আমরা পুকুর খনন করেছি ৪৭৪৫৯ টি। ইতিমধ্যে আমাদের সম্মানীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি বলেছিলেন ৫ বছরের মধ্যে ৫০ হাজার পুকুর সারা পশ্চিমবাংলায় খনন করার জন্য। আমরা ইতিমধ্যে, আরো প্রায় ১৫ দিন বাকি, ২ বছরের মধ্যে ৪৭৪৫৯ টি পুকুর খনন করেছি। এর মধ্যে নর্থ ২৪-পরগনায় ১০৬৯০, সাউথ ২৪- পরগনায় ১৫৫৬, বাঁকুড়ায় ৩৮৮৯, বীরভূম ৮৭৬০, বর্ধমান ২৮১৮, কুচবিহার ১৮১, দার্জিলিং গোর্খা হি ল কাউন সিল ৬ ৩, দক্ষিণ দিনাজপুর ৩০৫ , উত্তরদিনাজপুর ৪৭৪, হুগলী ১২৫১, হাওড়া ১০৯, জলপাইগুড়ি ১৭২৯, মালদা ৪৪৮, মুর্শিদাবাদ ৪৪৮, নদীয়া ১৭৮২, পশ্চিম মেদিনীপুর ৩৯৩৯, পূর্ব মেদিনীপুর ৩৬০৫, পুরুলিয়া ৬৪৯২ এবং শিলিগুড়ি যেটা আমাদের মহকুমা পরিষদ আছে, তাতে ৩৫টি। মোট ৪৬৪৫৯ টি পুকুর খনন করা হয়েছে সারা পশ্চিমবাংলায়।

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয় মন্ত্রী বললেন মাঠনালার মাধ্যমে জলের ব্যবস্থা করা হচ্ছে। এই মাঠনালার মাধ্যমে জলের কি ব্যবস্থা করা হচ্ছে এটা যদি একটু খুলে বলেন ভাল হয়।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : ইতিমধ্যে আমরা মাঠনালার মাধ্যমে বাঁকুড়া পুরুলিয়া এই সমস্ত জায়গায় ব্যারেজ থেকে নালা কেটে ব্যবস্থা করেছি। তিস্তা থেকে যেটা আমাদের নর্থ বেঙ্গলের জন্য সেখানে আমরা ব্যবস্থা গ্রহণ করেছি। সম্প্রতি মুকুটমনিপুরে এই এলাকায় একটা খাল খনন করে মাঠনালা করার কথা ছিল। কিন্তু সেটা এতো ব্যয় সাপেক্ষ, তাই ওখানে আমরা বিকল্প পদ্ধতিতে আগামী ১৫ তারিখ একটা মাঠনালার করে প্রায় ১ হাজার হেক্টর জমি যাতে চাষ হয় তার আমরা ব্যবস্থা করছি।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমি অতিরিক্ত প্রশ্ন করছি। সেটা হচ্ছে উনি বললেন যে জল ধর জল ভরো প্রকল্পে উনি ৪৭ হাজার পুকুর সংস্কারের কাজ করেছেন। তাতে বাঁকুড়া জেলায় ৩ হাজারের মতো বললেন। আমি জানতে চাই এই যে আপনি ৩ হাজার প্রকল্প সম্পন্ন করেছেন এতে কত টাকা আপনার খরচ হয়েছে এটা যদি আপনি দয়া করে বলেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় বিধায়কের অবগতির জন্য বলি জল ধর জল ভরো প্রকল্পে কোর সেক্টারে কোন টাকা ছিল না। আমরা এম. জি. নারেগার যে কাজ, তার সংগে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী, তাঁর দুরদর্শিতার জন্য আমাদের সংযুক্তিকরণ করেছিলেন এবং সম্মানীয় পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায় .... (গোলমাল) । এম.জি.নারেগার মাধ্যমে দিয়ে আমরা পুকুর সংস্কারের কাজ গুলো করেছি, আপনি নেট খুলে দেখে নেবেন ব্লকওয়ারী পরিসংখ্যান সেখানে দেওয়া আছে।

(গোলমাল) এই যে টাকার পরিমাণ ব্লকওয়ারী আপনি আমাকে জানাবেন আমি বলে দেব। এতো গুলো টাকার পরিমাণ তো মনে নেই। সঙ্গে সঙ্গে কত শ্রম দিবস আমরা সৃষ্টি করেছি সেখানে উল্লেখ করা আছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে। আপনি উত্তর দিচ্ছেন দিন, কালকে তো অমিতবাবু আপনাকে খুন করেছে, একটা টাকাও আপনার বাজেটে আসেনি। আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করছি। আপনি কিছুক্ষণ আগে বললেন যে আমরা রাজ্যের যা টাকা কেন্দ্রের যা টাকা তারপরেও ওয়ার্ল্ড ব্যাংক থেকে টাকা চেয়েছেন। আমাকে দয়া করে জানাবেন কী, ওয়ার্ল্ড ব্যাংক থেকে কত টাকা পেয়েছিলেন এবং এই বছরের ফাইনানসিয়াল ইয়ার শেষ হতে চলেছে, আপনি কত টাকা খরচ করতে পেরেছেন? ওয়ার্ল্ড ব্যাংকের টাকা এবং কেন্দ্রের থেকে কত টাকা পেয়েছিলেন?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে যে টাকাটা পেয়েছি সেটা ১৩'শ ২০ কোটি টাকা রাজ্যের শেয়ার নিয়ে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাজ যেহেতু ছ'বছর এর লাইফ টাইম, প্রথম বছরেতে কাজের প্রস্তুতি নেওয়ার জন্য একশো কোটি টাকা আমরা খরচ করতে পেরেছি। তার মধ্যে ৩১৫ টি প্রকল্প রূপায়ণ হয়েছে। বেশীর ভাগ কোচবিহারের উপর আমরা গুরুত্ব দিয়েছি। সর্বমোট আমরা এতে ১৩শ ২০ কোটি টাকা খরচ করব। এই বছরে যেটা পরিকল্পনা নিয়েছেন আমাদের সম্মানীয় মাননীয় অর্থমন্ত্রী, তিনি আমাদের অনুমোদন দিয়েছেন। ..... (ভয়েস) .... অনেকগুলো দপ্তর, সমস্ত দপ্তরের পরিসংখ্যান দিতে গেলে আমার মনে হয় ওনাকে তিন ঘন্টা পড়তে হত। আপনার অবগতির জন্য বলি ৩০০ কোটি টাকা অনুমোদিত আছে। আশা করছি অসিতদা, আপনার জেলা হাওড়াতে আমরা অনেকগুলো পরিকল্পনা রূপায়ণ করতে পারব।

শ্রী গোকুল রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে ভূ-গর্ভস্থ জলের যথেষ্ট অপচয় বন্ধ করার জন্য আপনি কী কী পদক্ষেপ গ্রহণ করেছেন?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : অনারেবল স্পিকার স্যার, এর আগে আমি এই আগস্ট হাউসে উত্তর দিয়েছি। তবু আপনার অবগতির জন্য বলি বিগত দিনে যে আইনটা ছিল, সত্যি সত্যি সেই আইনটা শিথিল হওয়ারই মতন আইন। অপচয় করলে মাত্র পাঁচশো টাকা থেকে পাঁচ হাজার টাকা পর্যন্ত জরিমানার ব্যবস্থা ছিল। এবার আমরা সেন্ট্রাল ওয়াটার এ্যাক্টের সঙ্গে সমতা রেখে আইন সংশোধন করছি। যাতে করে মানুষকে বোঝানো যায়। প্রথম কথা একটা অ্যাওয়ার্নেস ক্রিয়েট করতে হবে। আমরা বহুলভাবে সেটা প্রচার করব। তদ্‌সত্ত্বেও যদি দেখা যায় যথেচ্ছভাবে ব্যবহার করছেন তাহলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এমনকি জেল যাতে হয় সে ব্যবস্থা আমরা করব।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে "জল ধরো, জল ভরো" প্রকল্প করেছেন, এটা ঠিকই। আমার মূল প্রশ্নটা হচ্ছে যে—মালদা জেলায় আপনি বলেছেন চারশো কতটি করেছেন। কিন্তু আমার মালদা জেলার হরিশচন্দ্রপুর বিধানসভার অর্ন্তগত বিশেষ করে সাদলিচক অঞ্চলে এই যে ভূ-গর্ভস্থ জল, নীচে হয়ে যাওয়ার দরুণ সেখানে পাম্প বসানোর জন্য কোন পারমিশন দেওয়া হচ্ছে না। ফলে কৃষকরা বেকায়দায় পড়ে গেছে। কোন কৃষি কাজ করতে পারছে না। এখানে আবার নতুন করে সার্ভে করে পাম্প

বসানোর জন্য যদি অনুমোদন দেওয়া যায়, বিশেষ করে হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত সাদলিচক অঞ্চলে কোন কৃষক এখনও পর্যন্ত চাষ করতে নামে নি। এই বিষয়ে আপনার কি চিন্তা-ভাবনা আছে, আপনি দয়া করে যদি এই হাউসে জানান তাহলে আমরা উপকৃত হব।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : অনারেবল স্পিকার স্যার, মাননীয় সদস্য ভীষণ গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। আসলে বিগত দিনে মালদা জেলার এটিকে সেমি ক্রিটিক্যাল ডিক্লেয়ার করে দেওয়া ছিল। যার ফলে ভূগর্ভস্থ জল যথেচ্ছভাবে ব্যবহার করা যাবে না। কিন্তু এখানেই সরকার বাহাদুর থেমে গিয়েছিলেন। আমি যেটা বলেছি, ভূ-গর্ভস্থ জল যদি একটা বিধানসভার কোন একটা অঞ্চলে দেখা যায় সেমি ক্রিটিক্যাল, পরেরটা হতে পারে না। তাই আমরা মাইক্রো লেভেলে সার্ভে শুরু করেছি। আমি আশা করছি, মালদার পরে সব চেয়ে বেশী গুরুত্ব দেওয়া হবে আমাদের যে ৩৬টি ব্লক আছে এই অবস্থায়, এই ৩৬টি ব্লককে গুরুত্ব দিয়েছি। আগামী বছরের মধ্যে এটা সুরাহা হয়ে যাবে। মাইক্রোলেভেল টেস্ট করে পেলেই আপনার এলাকায় আমরা ভূ-গর্ভস্থ জল ব্যবহারের কথা নিশ্চয়ই ভাবব।

শ্রী যোশেফ মুন্ডা : মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন- আজ থেকে ঠিক তিন মাস আগে আগেই নাগরাকাটার "কেরন" চা বাগানে পুকুরের কাজের শুভ সূচনা উনি করেছিলেন। আমিও সঙ্গে ছিলাম। সেই কাজটা কি পর্যায় রয়েছে? সেই পুকুর যদি খনন হয় তাহলে কত মানুষ উপকৃত হবে।

কারণ এখানে 'অসুর' জাতির মানুষ বসবাস করেন। এখানে খুবই জলের কষ্ট। তাই আপনার কাছে আমার জিজ্ঞাস্য, সেই কাজটা সম্পূর্ণ করতে কত সময় লাগবে?

[11·20–11·30 a.m.]

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : অনারেবল স্পীকার স্যার, আপনি জানেন যে, আমি দু'টি গুরুত্বপূর্ণ পুকুর চা-বাগানে নিয়েছি। সেই জায়গায় পুকুর-খনন করা next to impossible হ'লেও আমরা ছ'মাসের মধ্যে ওটা কমপ্লিট্ করবো এবং প্রায় অবলুপ্তির পথে অসুর সম্প্রদায় যারা সংখ্যায় ৪০০ থাকলেও চা বাগানে কাজ করে এমন ৫ হাজার মানুষ তারা উপকৃত হবেন। আপনি যে দু'টি নালা দেখিয়েছিলেন সেগুলি সত্যি খুব ভালো নালা। ওইখানটাতে আমরা ঐ প্রসোমন বাঁধ দিয়ে সেটা করাবার জন্য পরিকল্পনা নিয়ে নিয়েছি। ওয়ার্ল্ড ব্যাঙ্কের মাধ্যমে কাজটা করে দেওয়া হবে।

শ্রী আবু তাহের খান : স্যার, আমার মাননীয় মন্ত্রীর কাছে স্পেসিফিক প্রশ্ন যে, আমার জেলা মুর্শীদাবাদে একদিকে ভাঙ্গন, একদিকে বন্যা - সাংঘাতিক ভাবে আমরা বিপর্যস্ত, আপনাদের যে 'জল ধরো, জল ভর' পরিকল্পনা হাতে নিয়েছেন সেই পরিকল্পনার আওতায় আমার জেলায় কোন্ কোন্ এলাকাকে চিহ্নিতকরণ করা হয়েছে এবং কাজটা কবে শুরু হবে?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : অনারেবল স্পীকার স্যার, সম্মানীয় বিধায়কের জ্ঞাতার্থে জানাই, আপনার পুরো জেলাটায় 'জল ধর, জল ভর' প্রকল্পের পুকুর খননের কাজ শুরু করেছি।

আমি হাউসেও বলেছিলাম যে, সম্মানীয় বিধায়কগণ, সমস্ত পুকুর চিহ্নিতকরণ করা খুবই অসম্ভব। এই পুকুর খনন করতে হবে বা পুনঃখনন করতে হবে - এটা আমার দফতরে আপনারা যদি ব্যক্তিগত ভাবে বলে দেন তাহলে ভালো লাগবে। 'জল ধর, জল ভর' প্রকল্পে যতগুলো কাজ আছে যেমন, সার্ফেস-ওয়াটারের ব্যবহার সেটার কাজও মুরশিদাবাদে নিয়েছি। দয়া করে আপনি যদি ১৬ তারিখে মুরশিদাবাদ জেলায় উপস্থিত থাকেন তাহলে ভালো হয়। আপনাকে আমি নিমন্ত্রণ করলাম। আমরা প্রায় দু'শোটি প্রকল্পের উদ্বোধন করবো। যার কাজ শুরু হয়ে গেছে।

পশ্চিমাঞ্চল উন্নয়ন প্রকল্প

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬) শ্রীঅজয় দে : পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ অর্থবর্ষে ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে পশ্চিমাঞ্চল উন্নয়নে গৃহীত প্রকল্পে রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে কতগুলো প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে?

ডাঃ সুকুমার হাঁসদা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী অজয় দে মহাশয়ের অনুমোদিত প্রশ্নের উত্তরে জানাই—

(ক) রাজ্য সরকারের বরাদ্দ ১৭০.৬৩ কোটির মধ্যে প্রায় ১২৮ কোটি টাকা যাহা বরাদ্দের ৭৫ শতাংশ বিভিন্ন প্রকল্পের জন্য ছাড়া হয়েছে। কেন্দ্রীয় বরাদ্দ কিছু নেই।

(খ) উক্ত সময় সাপেক্ষে কতগুলো প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে?

(খ) মোট প্রকল্প ১৮৩৭ টি এর মধ্যে সম্পন্ন ২১২টি

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, গতকাল মাননীয় অর্থমন্ত্রী যে ৪৩ পাতার বক্তব্য রেখেছেন -ভাষণ, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ, সুন্দরবন উন্নয়ন পর্ষদ হলেও আপনার পর্ষদ নিয়ে একটাও শব্দ খরচ করেননি। বিশেষ বিষয় হচ্ছে—আমি একটু জানাই স্যার, উনি বলেছেন যে, ১৭০.৬৩ কোটির মধ্যে প্রায় ১২৮ কোটি টাকা প্রকল্পের জন্য ৭৫ শতাংশ ছাড়া হয়েছে। আর পারফর্মেন্সটা হচ্ছে, ১৮৩৭ টি প্রকল্প সমস্ত যা আর কি ঘোষণা হয়ে গেছে, হাতে নেওয়া হয়েছে কিনা জানি না, ঘোষণা হয়ে গেছে, তার মধ্যে ২১২ টি মাত্র বলছেন, সম্পূর্ণ করেছি ৩১ শে জানুয়ারি এ বছরে। দু'টো মাস বাকি। আমি শুধু আপনার কাছে এইটুকু জানাতে চাই যে, এই যে ১৮৩৭ টি প্রকল্প হাতে নিলেন, ৭৫ শতাংশ বলছেন যে, ছাড়া হয়ে গেছে। পারফর্মেন্স রিপোর্ট বলছে যে ২১২ টি কমপ্লিট্ হয়ে গেছে। এই যে এতগুলি প্রকল্প বাকি আছে সেগুলো কী দু'মাসের মধ্যে শেষ হবে নাকি ঘোষণাই সার থাকবে?

ডাঃ সুকুমার হাঁসদা : উপরোক্ত ১৮৩৭টি প্রকল্পের মধ্যে ২১২টির কাজ শেষ হয়েছে। ১৬০০টির কাজ পুরোদমে চলছে। বাকি ২৫টির কয়েকটির টেন্ডার হয়েছে এবং আরোও কিছুর

খুব শীঘ্রই টেন্ডার হবে। অনেকগুলো প্রকল্পের কাজের ফিজিক্যাল প্রোগ্রেস 100%. কিন্তু বিল জমা না দেওয়ার কারণে কাগজগুলোর ফিন্যান্সিয়াল প্রোগ্রেস দেখানো যাচ্ছে না। এছাড়া বেশ কিছু টেন্ডার ও স্কুল কর্তৃপক্ষ যাঁরা নিজেরা স্কুলের কাজ করেছেন তাঁরা বিল জমা দেওয়ার ক্ষেত্রে সঠিকভাবে কাগজপত্র পেশ না করায় বিল মেটানো সম্ভব হচ্ছে না।

শ্রী অজয় দে : আপনি যা বললেন তাতে এই দু'মাসের মধ্যে কতটা কাজ সম্পন্ন হবে তা নিয়ে সংশয় রয়েছে।

আমার দ্বিতীয় প্রশ্ন, কেন্দ্রীয় সরকার ১১টা জেলাকে ঘিরে 'ব্যাকওয়ার্ড রিজিয়ন গ্রান্ট ফান্ড' দেয়, বিভিন্ন প্রোজেক্টের এগেইনস্টে দেয়। এর মধ্যে আপনাদের এই তিনটে জেলাও আছে। বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম-মেদিনীপুর রয়েছে, বীরভূমের একটা পার্ট, ৭২টি ব্লক রয়েছে। এতে আপনার দপ্তরকে কী রাজ্য সরকার ইনভলভ করেনি বা আপনারা কোন প্রোজেক্ট পাঠাননি বা আপনি প্রোজেক্ট পাঠিয়েছেন কিন্তু কেন্দ্রীয় সরকার টাকা দেয়নি? এগুলো সম্বন্ধে একটু পরিষ্কার করে বলবেন? প্রোজেক্টের মধ্যে যেমন রাস্তা-ঘাট, বিদ্যুৎ, পানীয় জল প্রকল্প, এই জন্য তো টাকা দেন সেন্ট্রাল গর্ভনমেন্ট, প্রোজেক্টওয়াইজ দেন। প্রোজেক্ট ওয়াইজ টাকা বরাদ্দ হয়। আপনার দপ্তর থেকে, পিছিয়ে পড়া যে এলাকা সেই এলাকা থেকে কী কোন প্রোজেক্ট কেন্দ্রীয় সরকারের কাছে যায়নি বা রাজ্য সরকার আপনাকে ইনভলভ করেনি? এটা একটু পরিষ্কার করে বলুন।

ডাঃ সুকুমার হাঁসদা : পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের ব্যাপারে যেটা বললাম, কেন্দ্রীয় বরাদ্দ কিছু নেই। বরাদ্দ যা আছে তা রাজ্য সরকারের।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ওনার উত্তরের ভিত্তিতে আমার অতিরিক্ত প্রশ্ন। প্রায়ই শুনি সি.এম. -সহ মাননীয় মন্ত্রীরা বলেন 'জঙ্গলমহল হাসছে'। কেন জঙ্গলমহল হাসছে বলেন? ব্যঙ্গ করে? না আপনাদের অপদার্থতা, অকর্মণ্যতার জন্য জঙ্গলমহল হাসছে? ঐ এলাকার মানুষ কাজ না পেয়ে দলে দলে ভিন রাজ্যে যাচ্ছে, ক্ষেতমজুর, কৃষি শ্রমিকরা। ৩.৮৯ শতাংশ আপনার কাজের প্রোগ্রেস। আপনি বলেছেন ১৮৩৭টি প্রকল্পের মধ্যে ২১২টির কাজ সম্পন্ন হয়েছে। এই অবস্থায় আর কয়েকদিন পরে বছর শেষ হবে। আপনি কী করে পারবেন, দুরন্ত রেল ছুটিয়ে কী বাকি প্রকল্পগুলি শেষ করবেন? অনুগ্রহ করে এ ব্যাপারে যদি একটু ডিটেলে বলেন ভালো হয়।

ডাঃ সুকুমার হাঁসদা : আপনি নিজেই ঘুরিয়ে-ফিরিয়ে স্বীকার করলেন যে পশ্চিমাঞ্চল, 'জঙ্গলমহল হাসছে'। বিগতদিনগুলোতে আপনারা দেখেছেন 'পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ' বলে কোন দপ্তর ছিল তা পশ্চিমাঞ্চলের আওতার লোকেরা জানত কিনা সন্দেহ। এখন যেখানেই যাবেন দেখবেন পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ কাজ করে চলেছে। এই যে কাজ, বিভিন্ন কনস্ট্রাক্টিভ কাজ যেগুলো হয়, কোন একটা বিল্ডিং করতে গেলে সময় লাগে, সেটা একদিনে সম্ভবপর হয় না। একটা বিল্ডিং কনস্ট্রাকশন কমপ্লিট করতে গেলে বা রাস্তাঘাট কমপ্লিট করতে গেলে সময় লাগে, সময়সাপেক্ষ। আপনি ধৈর্য ধরে অপেক্ষা করুন, বহু কাজ সম্পন্ন হয়েছে এবং আরো অনেক কাজ সম্পন্ন হবে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা কথা জিজ্ঞাসা করছি। জঙ্গলমহলের ব্যাপারে যে প্রশ্নটি আমাদের মাননীয় সদস্য অজয়বাবু করেছিলেন

তাতে যে কোন কারণেই হোক, আপনার হোমওয়ার্ক ভালো না থাকার জন্য সঠিকভাবে উত্তরটা দিতে পারলেন না।

আমি আপনাকে উন্নয়ন সংক্রান্ত ব্যাপারে একটা প্রশ্ন করছি। জঙ্গলমহল মানে ফরেষ্ট, অরণ্য। আপনি কী জানেন মহাত্মা গান্ধী নারেগা, যেখানে ১০০ দিনের কাজ হচ্ছে, এটা বি.ডি.ও অফিসের মাধ্যমে নয়, ফরেস্ট ডিপার্টমেন্ট ওখানে কাজ করাচ্ছে। আর, ফরেস্ট ডিপার্টমেন্ট যখন কাজ করাচ্ছে তখন তার অডিট হচ্ছে না, কেউ তার হিসাব নিচ্ছে না, চাইলেও পাওয়া যাচ্ছে না।

বি.ডি.ও. অফিস যখন এখানে অপারেশান করতে পারে, জঙ্গলমহলে ফরেস্টের টাকার হিসাব নেওয়ার জন্য অপারেশন করা যাচ্ছে না। এ ব্যাপারে আপনার কি কিছু জানা আছে? জানা থাকলে আপনি বলবেন?

[11-30–11-40 a.m.]

ডাঃ সুকুমার হাঁসদা : এটা বন দপ্তরের কাজ। আমার যে সমস্ত কাজ বন দপ্তরের মাধ্যমে হচ্ছে সেই কাজ সম্বন্ধে আমি বলতে পারবো। বনদপ্তরের কাজ বন দপ্তরের মাধ্যমেই আপনি জানবেন।

এগ্রিকালচার মার্কেট গঠন

***৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৯) শ্রী নির্মল ঘোষ** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ও চলতি আর্থিক বছরে প্রস্তাবিত এগ্রিকালচার মার্কেট গঠনের অগ্রগতি বর্তমানে কোন্ পর্যায়ে আছে ; এবং

(খ) ঐরূপ মার্কেট গঠনের মাধ্যমে উপকৃত কৃষকের সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : (ক) বিগত আর্থিক বছরে প্রস্তাবিত কৃষক বাজার (এগ্রিকালরচার মার্কেট) গঠনের পরিকল্পনা রচনার কাজ হয়েছিল। চলতি আর্থিক বছরে প্রস্তাবিত কৃষক বাজার গঠনের অগ্রগতির বিষয়টি নিম্নে বর্ণিত হল : প্রস্তাবিত ৯৫টি কৃষক বাজারের মধ্যে অদ্যাবধি (৪ঠা মার্চ, ২০১৩ পর্যন্ত) ৩০টি কৃষক বাজারের (এগ্রিকালচার মার্কেট) পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে, ৫৯ টি কৃষক বাজারের পরিকাঠামো নির্মাণের জন্য দর পত্র চূড়ান্ত করার কাজ চলছে এবং ৬টি কৃষক বাজারের পরিকাঠামো নির্মাণের জন্য দরপত্র অল্প কালের মধ্যে আহ্বান করা হবে।

(খ) ঐ রূপ বাজার গঠনের মাধ্যমে উপকৃত কৃষকের সংখ্যা বাজার প্রতি আনুমানিক ১৪,০০০ জন।

শ্রী নির্মল ঘোষ : স্যার, অতিরিক্ত প্রশ্ন—বাংলার কৃষকদের পাশে দাঁড়িয়ে সরকার অঙ্গীকার করেছে কৃষক মান্ডি বা কৃষি বাজার তৈরি করার -এটা প্রশংসার যোগ্য। আপনি প্রথম বছরে

পরিকল্পনা তৈরি করে সেগুলিকে যেভাবে এগিয়ে নিয়ে এসেছেন পরের বছরে ৯৫টি কৃষি বাজার প্রতিস্থাপনের ক্ষেত্রে আপনার যে অগ্রগতি এটা প্রশংসার। আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই জেলাওয়ারি যে ৯৫টি বাজার আপনি করবেন, চলতি বছরের মধ্যে শেষ করবেন, সেগুলির সম্বন্ধে জেলাওয়ারি তালিকা দেওয়া কি মাননীয় সদস্যদের সম্ভব হবে?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পিকার সাহেবের মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাতে চাই যে ইতিমধ্যে প্রস্তাবিত ৯৫টি কৃষক বাজারের মধ্যে অদ্যাবধি ৩০টি বাজারের পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়ে গেছে। বাকি ৫৯টি কৃষক বাজারের পরিকাঠামো নির্মাণের জন্য দরপত্র চূড়ান্ত করার কাজ চলছে। তার তালিকা আমি আপনাকে দিচ্ছি। এক— কোচবিহার - শীতলকুচি এবং মাথাভাঙ্গা। তারপরে ৩,৪- জলপাইগুড়ির ফালাকাটা এবং বেলাকোবা। ৫,৬, ৭- দক্ষিণ দিনাজপুরের বালুরঘাট, হিলি, কুমারগঞ্জ। ৮,৯,১০,১১- মুর্শিদাবাদের -বহরমপুর, কান্দি, হরিহরপাড়া সাগরদীঘি। ১২,১৩,১৪- নদীয়ার তেহট্ট এক, কালিগঞ্জ, রাণাঘাট। ১৫- উত্তর ২৪ পরগনার মীনাখাঁ। ১৬,১৭,১৮- দক্ষিণ ২৪ পরগনার ডায়মণ্ডহারবার, গোসাবা, মথুরাপুর-১। ১৯, ২০,২১- হাওড়ার উদয়নারায়ণপুর, শ্যামপুর-২, উলুবেড়িয়া। ২২,২৩- হুগলীর বলাগড় এবং চুঁচুড়া মগরা। ২৪ থেকে ২৯ - এই ৬টি বর্ধমানের গলসী এক, কেতুগ্রাম এক, কালনা, কেতুগ্রাম দুই, বর্ধমান এবং জামালপুর। ৩০ থেকে ৩৭ বীরভূমের দুবরাজপুর, ময়ূরেশ্বর এক, রামপুর হাট এক, রামপুরহাট দুই, নানুর মহম্মদবাজার, মুরারই এবং লাভপুর। ৩৮ থেকে ৪৩- বাঁকুড়া -বিষ্ণুপুর, বাঁকুড়া -১, পাত্রসায়র, শালতোড়া, ছাতনা, ইন্দাস। ৪৪ থেকে ৪৬—পুরুলিয়া—পুরুলিয়া বড়বাজার, মানবাজার-১, পুরুলিয়া-২। ৪৭ থেকে ৫৫—পশ্চিম মেদিনীপুর - ঝাড়গ্রাম, মেদিনীপুর, গোয়ালতোড় - ১, বিনপুর - ২ নারায়ণগড়, কেশপুর, চন্দ্রকোনা, কেশিয়াড়ি, পিংলা। ৫৬ থেকে ৫৯ - পূর্ব মেদিনীপুর -কন্টাই - ২, নন্দীগ্রাম, ভগবানপুর - ২, পাঁশকুড়া - ১।

শ্রী নির্মল ঘোষ : স্যার, অতিরিক্ত শেষ প্রশ্ন। ধন্যবাদ মন্ত্রীকে যারা সমালোচনা করেন তারা তো করবেনই। আমার শেষ প্রশ্ন, এই কৃষি বাজারগুলিকে পরিচালন বা সঞ্চালন করার জন্য আপনার পক্ষ থেকে কারণ আমাদের সরকারের যে মহৎ উদ্দেশ্য যারা মিডলম্যান, ফড়িয়া, দালাল তারা বাজারে কন্ট্রোল করে এবং তাকে রদ করার জন্য এই কৃষি বাজারগুলো সরকারের পক্ষ থেকে তৈরি হচ্ছে। বাজারগুলোর নিয়ন্ত্রণে আপনি কী ব্যবস্থা গ্রহণ করেছেন।

শ্রী অরূপ রায় : আমরা বিগত ৩৪ বছরের শাসনে আমরা দেখে এসেছি কৃষকরা ফসলের ন্যায্য মূল্য পান না এবং আমরা দেখেছি অনাহারে কৃষকের মৃত্যু হয়েছে। কিছু নেতা ছিলেন তৎকালীন তারা বাজারটাকে ধরে নিতেন। ধরুন আলুর ক্ষেত্রে যখন মাটির নিচে আলু আছে তখনই তারা এগুলো কিনে নিতেন। মাঝখানে মধ্যসত্ত্বভোগীদের দাপাদাপিতে কৃষকরা দাম পেত না। অথচ বাজারে অগ্নিমূল্যে এই সমস্ত জিনিসপত্র বিক্রি হত। মুখ্যমন্ত্রী তার এই ভাবনা নিয়ে তিনি কৃষি বাজার তৈরির পরিকল্পনা করেছেন যাতে এই ফড়েদের দাপাদাপিটা মার্কেট থেকে কমে যায় এবং সেটার কাজ শুরু হয়েছে। তার দেখভালের জন্য কৃষি বিপনন দপ্তরের পরিকাঠামো যথেষ্ট। আমাদের বিভিন্ন জেলায় ৪৪টি আর. এম. রেগুলেটেড মার্কেট কমিটি আছে, আমরা তাদের উপর দেখাশুনার

ভার দেবো এই কাজগুলি সম্পন্ন হবার পর। বাজার যখন চালু হবে তখন তার পরিচালনার জন্য উপযুক্ত লোকের ব্যবস্থা আমরা করেছি সেই সিদ্ধান্ত আমাদের হয়েছে।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। উনি ৯৫টি বাজারের কথা বলেছেন তার মধ্যে আমার জেলা কোচবিহারে ২টি। একটি মন্ত্রীর এলাকায় আর একটি মন্ত্রীর পাশের এক বিধায়কের এলাকায়। কারণ মন্ত্রীর এলাকায় করতে গেলে সেই বিধায়কের এলাকায় করতে হবে, না হলে করা যাবে না। যাইহোক, আমার প্রশ্ন সেটা নয় কিন্তু যে প্রশ্নটা করতে চাইছি সেটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল মার্কেটিং রেগুলেশান অ্যাক্ট এটা চালু হয়েছে ১৯৭২ সালে। যে কোন কারনেই হোক সেই সময় এটা ইমপ্লিমেন্ট করা যায় নি। বামফ্রন্ট সরকার আসার পরে এটার ইমপ্লিমেন্টেশানের কাজ শুরু হয়। বিভিন্ন প্রাইভেট যাদের মালিকানা ছিল তাদের হাত থেকে বাজারগুলোকে অধিগ্রহণ করে সরকারের নিয়ন্ত্রণে আনা হয়, আর. এম. সি. তৈরি হয়। ক্ষুদ্র ব্যবসায়ী এবং ক্ষুদ্র কৃষকের স্বার্থে এই রেগুলেশান অ্যাক্টটা চালু হয়েছিল। আপনি জানেন কি না জানি না। উনি যে কথাটা বললেন, এই মধ্যসত্ত্বভোগীদের উঠিয়ে দেওয়ার চেষ্টা করছেন —গত ১০ দিন আগে কোচবিহার সদর আর.এম.সি -র সেক্রেটারি একটা টেন্ডার নোটিশ জারি করেছেন কোচবিহার সদর আর. এম. সি. -র আন্ডারে ১১টি হাট বেসরকারী হাতে লীজ দেওয়ার জন্য সেই টেন্ডার আহ্বান করা হয়েছে। এটা আপনারা জানেন কি না, এরফলে আপনি সরকারী হাটগুলোকে আবার বেসরকারী হাতে তুলে দেওয়ার চেষ্টা করছেন কিনা এটা জানাবেন।

শ্রী অরূপ রায় : গতকালই এটার খবর আমাদের কাছে এসেছে। আমরা সঙ্গে সঙ্গে সেটা সি.ই.ও.-কে জানিয়েছি ইমিডিয়েট এনকোয়ারি করে অ্যাকশান নেওয়ার জন্য।

[11·40–11·50 a.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে আমাদের মুখ্যমন্ত্রী ভাল ভাল নাম দেন, খুব ভাল। এই যে অনেকগুলো নাম শুনি কিন্তু কামটা মনে হয় একই। কখনও শুনি মান্ডি, কখনও শুনি বাজার, কখনও শুনি সব্জি বাজার। মানেটা আমি একটাই বুঝেছি যে বাজার হবে কৃষিজাত পণ্যের। বলা আছে প্রত্যেকটা ব্লকে একটা করে হবে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই যে এই যে ৩৪১টির মধ্যে কটা হয়েছে, কটা কি অবস্থায় আছে সেটা জানালে ভাল হয়। একটার ইউনিট কস্ট কত, কত লক্ষ টাকা একটার জন্য খরচ হবে? সেটা পরিচালনা করবে কে, এবং এটা করানোর জন্য দরখাস্ত করবে কারা? এটা কি উপর থেকে ঠিক হবে না তলার থেকে ঠিক হবে? এই কথাগুলি যদি দয়া করে জানান তাহলে সুবিধা হয়।

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বর্ষীয়ান বিধায়ক প্রাক্তন মন্ত্রী আনিসুর সাহেবের প্রশ্নের উত্তরে আমি জানাতে চাই যে আগের ডিপার্টমেন্টের সম্বন্ধে পশ্চিমবাংলা কেন, পশ্চিমবাংলার কোন মানুষ জানতেন বলে আমরা শুনিনি। তা যে কোন কারণেই এই ডিপার্টমেন্ট - মা মাটি মানুষের সরকার এখানে আসার পর, প্রতিষ্ঠিত হবার পর এই মার্কেটটা, এই ডিপার্টমেন্ট সম্বন্ধে অ্যাকটিভিটিজ শুরু হয়। আমরা নানা ধরনের পরিকল্পনার মধ্য দিয়ে যাতে কৃষকরা ফসলের

ন্যায্য মূল্য প্রায়, সাধারণত মানুষ যাতে সুলভ মূল্যে সব্জি কিনতে পারে তার ব্যবস্থা নেওয়া আমরা শুরু করেছিলাম এবং মাননীয়া মুখ্যমন্ত্রী -তাঁর এই ড্রিম প্রজেক্ট, প্রত্যেকটা ব্লকে ব্লকে কৃষি বাজার, সেটা আপনি কৃষিমান্ডি বলতে পারেন। কৃষি মান্ডি যেটা —মান্ডি কালচারটা আমাদের রাজ্যে নেই। মান্ডি কালচারটা অন্যান্য স্টেটে আছে, হরিয়ানা, পাঞ্জাব, মহারাষ্ট্র এই সমস্ত এলাকায় মান্ডি কালচার আছে। আমাদের রাজ্যে মান্ডি কালচার নেই। আমরা এখানে কৃষক বাজার বলে এটাকে রেখেছি। প্রতিটি কৃষক বাজারের গড় নির্মাণ ব্যয় আনুমানিক সাড়ে পাঁচ থেকে ছয় কোটি টাকা। প্রতিটি কৃষক বাজারের জন্য গড়ে সাড়ে তিন থেকে পাঁচ একর জমি ব্যবহৃত হবে। এই কৃষক বাজার তৈরি হওয়ার পর, সম্পন্ন হওয়ার পর আমাদের ডিপার্টমেন্ট আছে। আপনারা জানেন আপনাদের আমলে ৪৩টি আর.এম.সি ছিল। বর্তমানে ৪৪টি আর.এম.সি হয়েছে। এই ৪৪টি আর.এম.সি যে সমস্ত এলাকায় কৃষক বাজারগুলো তৈরি হচ্ছে, সেই সমস্ত আর.এম.সির যারা আছে তাদেরকে আলোচনার মাধ্যমে সম্পন্ন হওয়ার পর দায়িত্ব দেওয়া হবে সঠিকভাবে পরিচালনার জন্য। আমাদের এগ্রিকালচার মার্কেটিং ডিপার্টমেন্ট থেকে টোটাল মনিটরিংটা করা হবে। ধন্যবাদ।

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন আপনি যে রেগুলেটিং মার্কেটিংয়ের কথা বললেন, এগুলো বেশির ভাগটাই বামফ্রন্টের আমলের। আমার নির্দিষ্ট প্রশ্ন কালনায় রেগুলেটিং মার্কেটিং কোথায় হচ্ছে? কালনা রেগুলেটিং মার্কেটিং বামফ্রন্টের আমলেই হয়েছে, বর্ধমানে বামফ্রন্টের আমলেই হয়েছে। কালনাতে নতুন কোথায় হচ্ছে সেটা আমি জানতে চাইছি। সেইটাই তো রেগুলেটিং মার্কেট।

শ্রী অরূপ রায় : সবই আপনাদের আমলে হয়েছে। আপনাদের আমলে রেগুলেটেড মার্কেট হয়েছে আর ব্যাপক পাহাড় প্রমাণ দুর্নীতিও হয়েছে। কালনার রেগুলেটেড মার্কেট যে রকম ছিল সেই রকমই আছে, সেই মার্কেট চলছে। আপনি যে প্রশ্নটা বলেছেন, আপনার প্রশ্নটা আমি কালনা সম্বন্ধে বলিনি। রাজ্যে ৪৩টি মার্কেট ছিল। সেটার জায়গায় ৪৪টি হয়েছে, একটি বেড়ে হয়েছে। এই উত্তর আমি আপনাকে দিয়েছি। আর আপনাদের আমলেই সমস্ত রেগুলেটেড মার্কেট হয়েছে। আর সেই রেগুলেটেড মার্কেটে কী ঘটনা ঘটেছে তারজন্য এনকোয়ারি চলছে, পরে জানতে পারবেন।

ড: সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ঠিক বুঝতে পারছি না উনি কি বলতে চাইছেন। বলছেন পাহাড় প্রমাণ দুর্নীতি করেছে রেগুলেটেড মার্কেটগুলো এটা সবাই জানি আমরা। আবার সেই মার্কেটগুলোতেই আবার দায়িত্ব দেওয়া হবে। এটা কি হবে তাহলে? প্রথমতঃ উনি উত্তর দিলেন না যে প্রত্যেকটার জন্য কত সময় লাগবে। কত টাকা বরাদ্দ ইত্যাদি, কোথায় কত টাকা খরচ হয়েছে। গত ১১-১২ সাল থেকে শুরু হয়েছে, এ পর্যন্ত কতটুকু কাজ হয়েছে, স্পেসিফিক উত্তর নেই। ৩৪ বছরের দুর্নীতি নিয়েই সবকিছু চলছে। আর যারা দুর্নীতি করেছে তাদেরকে দিয়েই আবার চালানো হবে।

মিঃ স্পীকার : এই প্রশ্নের উত্তর দিতে হবে না. It is not a question, you need not reply to this. It is not a question.

ব্লকস্তরে কিষাণমান্ডি ও সব্জিমান্ডি গঠন

*৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৭২) শ্রীসুনীল কুমার মন্ডল : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কি সত্যি যে, ব্লকস্তরে 'কিষাণমান্ডি' ও 'সব্জিমান্ডি' তৈরী করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : এবং

(খ) সত্যি হলে, ঐরূপ মান্ডির সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : (ক) হ্যাঁ, পশ্চিমবঙ্গ সরকার প্রতিটি ব্লকে 'কৃষক বাজার' ('কিষান মান্ডি') তৈরি করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আলাদা করে 'সব্জি মান্ডি' তৈরী করার কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি, তবে এটি ('সব্জি মান্ডি') কৃষক বাজারের পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(খ) বর্তমান আর্থিক বছরের পরিকল্পনা অনুযায়ী ঐরূপ কৃষক বাজারের সংখ্যা ৯৫টি।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে ২০১১-১২ অর্থবর্ষে এই প্রশ্নটাই করেছিলাম। ২০১২-১৩ অর্থবর্ষে কিন্তু আবার এই প্রশ্নটা করছি যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিন্তু বর্তমানেও পরিকল্পনায় আছে। আমার প্রশ্ন এই পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে?

শ্রী অরূপ রায় : আমি আগের উত্তরেই বলেছি ৩০টা এই কৃষক বাজার নির্মাণের কাজ শুরু হয়েছে, বাকি ৫৯টা নির্মাণের জন্য দরপত্র ঘোষণা করা হয়েছে। দরপত্রের কাজ চলছে এবং বাকি ৬টার জন্য কয়েক দিনের মধ্যেই দরপত্র ঘোষণা করা হবে। গতবারে পরিকল্পনা ছিল সেই পরিকল্পনা শুরু করতে সময় লাগে এবং তার কাজ প্রোগ্রেস হয়েছে। ৩০টা কাজ শুরু হয়ে গেছে আর কাজ একদিনে হয় না। একটা কিষান মান্ডি, একটা কৃষক বাজার তৈরি করতে সময় লাগে। সুতরাং অপেক্ষা করুন যখন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন তখন কাজ সম্পন্ন হবে।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ স্যার আমি মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি, আপনি যেটা বলেছেন সেটা ঠিক কিন্তু আমরা যেটা জানি যে অর্থবর্ষে অর্থটা অনুমোদন হয় সেই অর্থবর্ষে কাজটা শেষ না হোক শুরু হয়। এটা জানা আছে যে অর্থবর্ষে অনুমোদন হয় সেই অর্থবর্ষে কাজটা কমপ্লিট না হোক কিন্তু কাজটা শুরু হয়। কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রী বর্ধমান জেলায় চারটি কিষাণ মান্ডি ঘোষণা করেছিলেন। সেই চারটির মধ্যে এটা একটা। এখনো পর্যন্ত আমরা জমি জায়গা সমস্ত দেখিয়ে দিয়েছি কিন্তু এখনো পর্যন্ত জানি না টেন্ডারটা কোন পর্যায়ে আছে? এখনো পর্যন্ত সেখানে মাটি খোড়া হয়নি। আমার প্রশ্নটা হল এটা তৈরি করার ক্ষেত্রে আপনার বাধা কোথায়, এখনো তৈরি করা গেল না কেন?

শ্রী অরূপ রায় : আপনার জ্ঞাত বিষয় যেটা আপনি জানতে চাইছেন সেটা আপনি লিখিত ভাবে জানাবেন আমি নিশ্চয়ই আপনাকে উত্তর দেব। তবে ৩০টার কাজ ইতিমধ্যে শুরু হয়ে গেছে এবং এই ৩০টার কাজ চলছে। বাকি গুলির দরপত্র ইতিমধ্যেই প্রোগ্রেস চলছে এটা আপনাদের

আগেই জানিয়েছি। ৬টা কয়েক দিনের মধ্যেই ঘোষণা করা হবে। একদিনে সমস্ত কাজ হয়ে যায় না। আপনারা ৩৪ বছর ধরে যেটা করেননি আর ২ বছরে এখনো কমপ্লিট হয়নি বলছেন, অপেক্ষা করুন, হবে ...(গোলমাল) ... যখন আমাদের পরিকল্পনা রয়েছে, আমরা কাজ শুরু করেছি, হবে।

মিঃ স্পীকার : আমি কোয়েশ্চন নম্বর *৯ সেই একই দপ্তরের একই রকমের প্রশ্ন। সুতরাং আমি একটা Club করে নিচ্ছি। আমি সেইজন্য রামেশ্বর দোলইকে তার কোয়েশ্চন নম্বর *৯ উল্লেখ করার জন্য বলছি। একই সঙ্গে হবে দুটো, একই ধরনের প্রশ্ন।

কিষাণমান্ডি নির্মাণ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬০১) **শ্রীরামেশ্বর দলুই :** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চলতি আর্থিক বছরের ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে কতগুলি কিষাণ মান্ডি তৈরী হয়েছে /হচ্ছে (জেলাওয়ারী তথ্যসহ) : এবং

(খ) এই ক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ কত?:

শ্রী অরূপ রায় : (ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে ১টি কৃষক বাজারের পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে এবং বর্তমান আর্থিক বছরে ৯৫টি কৃষক বাজার (কিষান মান্ডি) তৈরীর পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) এই ক্ষেত্রে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত কোন অর্থ ব্যয় হয়নি, তবে এই কাজের জন্য আনুমানিক পাঁচ শত পঞ্চাশ কোটি টাকা ব্যয় বরাদ্দ ধার্য করা হয়েছে।

[11.50 a.m.—12.00 noon]

শ্রী রামেশ্বর দলুই : স্যার ধন্যবাদ আপনাকে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করছি। আমার যা প্রশ্ন তার উত্তরও আমি পেয়েছি। কারণ আগে মানীয়ন নির্মল ঘোষ-এর প্রশ্নের উত্তর আমার হাতে আছে। আর একটা লিখিত উত্তরও আমার হাতে এসেছে। দেখবেন যে, বাসুদেব খাঁ প্রশ্ন করেছিলেন, তার লিখিত উত্তর মাননীয় মন্ত্রী দিয়েছেন। এই সবগুলো নিয়ে একটা জটিলতা তৈরি হয়েছে, একটা বিভ্রান্তি আছে। মাননীয় মন্ত্রী মহোদয় দেখেছেন আমার কাছে যা তথ্য আছে মানে আপনাকে যা উত্তর দিয়েছেন - '৩১ শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত কোন অর্থ বরাদ্দ করা হয়নি এই অর্থ বর্ষে। আর আপনি বলেছেন, ৯৫টা, কখনও বলেছেন ৫৫ টা। তাহলে টাকা ছাড়া ওয়ার্ক অর্ডার দেওয়া, কাজ শেষ হওয়া - নির্মল ঘোষের প্রশ্নের উত্তর একই। সেই নিয়ে বিভ্রান্তি তৈরী হয়েছে। সুনীল মন্ডল মাননীয় বিধায়ক, তিনি যা বলেছেন তাতে বিভ্রান্তি তৈরী হয়েছে। আমাকে যে লিখিত উত্তর দিয়েছেন, তাতে আরও জটিলতা তৈরি হয়েছে যে, এই বছরে একটা টাকাও আপনি খরচ করেননি - ৩১ শে জানুয়ারী পর্যন্ত - সেই উত্তর আমার হাতে আছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে আমি কাগজ জমা দিয়েছি, দেখিয়েছি। সেইজন্য আমি বলব যে, মাননীয় মন্ত্রী মহোদয় অনেক [***] কথা বলেছেন। গোটা সভাকে বিভ্রান্ত করেছেন।

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল হল।

শ্রী রামেশ্বর দলুই : বাদ গেল। বড় বড় কথাটা আমি প্রত্যাহার করে নিচ্ছি. এটা বাদ দিন। আমি সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাসা করতে চাইছি. কোনটা ঠিক? আপনি যা বলেছেন প্রশ্নের উত্তরে, তাতে কোনটা ঠিক আছে? ২০১১-'১২ তে কি হল. ২০১২-'১৩ তে কি হল? কালকে মাননীয় অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতা - তাতে কিছু পেয়েছি। ওনার গতবারের বাজেট বক্তৃতা দেখেছি। গোটাটাই বিভ্রান্তিমূলক।

মিঃ স্পিকার : ঠিক আছে, আপনি কাগজটা আমাকে দিয়ে দিন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের সাথে কথা বলে নেব।

শ্রী রামেশ্বর দলুই : আমি জানতে চাইছি কোন্ উত্তরটা সঠিক? সেই সঠিক তথ্য যদি আপনি সভায় উপস্থিত করেন তাহলে ভাল হয়। আমি মাননীয় স্পিকার সাহেবের কাছে সমস্ত কাগজ জমা দিয়ে দিচ্ছি।

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য এই যে কৃষিবাজারগুলো হচ্ছে. এগুলো সম্পূর্ণভাবে সরকারী টাকায়, না পি পি পি মডেলে?

শ্রী অরূপ রায় : এই যে কৃষিবাজারগুলো হচ্ছে. এগুলো আমাদের সম্পূর্ণ সরকারী টাকায়. কোন পি পি পি মডেলের পরিকল্পনা নেই। তবে পরবর্তীকালে কৃষিবাজার সংলগ্ন যে হিমঘরগুলির পরিকল্পনা আছে. সেগুলো পি পি পি মডেলে করার পরিকল্পনা আছে। কিন্তু কৃষিবাজারগুলো সম্পূর্ণ সরকারী টাকায় হচ্ছে।

*৬। (নট রেসপন্ডেড)।

প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস স্থানান্তর

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৫) ড. তরুণ কান্তি নস্কর : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের (বর্তমানে বেলগাছিয়ায় অবস্থিত) ক্যাম্পাসটিকে স্থানান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে : এবং

(খ) সত্যি হলে, তার কারণ কী?

শ্রী নূরে আলম চৌধুরী : (ক) বিশ্ববিদ্যালয়ের কেবলমাত্র বি.ভি.এসসি. পাঠক্রমটি স্থানান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(খ) স্থানাভাব এবং পশ্চিমবঙ্গ ক্যাটল্ লাইসেন্সিং অ্যাক্ট, ১৯৫৯ দ্বারা আরোপিত নানা বাধা - নিষেধের কারণে পশ্চিমবঙ্গ প্রাণী এবং মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের বেলগাছিয়া ক্যাম্পাসটি ভেটিরিনারি কাউন্সিল অফ ইন্ডিয়া প্রস্তাবিত বি.ভি.এসসি. পাঠক্রম সংক্রান্ত সকল প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পরিপূরণের অবস্থায় নেই। অথচ উক্ত ইউনিভার্সিটির মোহনপুর ক্যাম্পাসে ভেটেরিনারি কাউন্সিল অফ ইন্ডিয়া কৃত সুপারিশগুলি পূরণ করার মতো ও উপরোক্ত পাঠক্রম চালানোর জন্য উপযুক্ত জমিসহ পরিকাঠামো এবং যথেষ্ট সংখ্যক প্রাণীসম্পদ বিশেষত বড় প্রাণী সহজলভ্য।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় স্পিকার স্যার, আমি মাননীয় মন্ত্রীকে যে প্রতিরিক্ত প্রশ্ন করছি সেটা হল - বেলগাছিয়া ওয়েস্টবেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিসারী সায়েন্সের যে ক্যাম্পাস আছে, সেখানে ইতিমধ্যে যথেষ্ট পরিকাঠামো রয়েছে এবং সেখান থেকে স্নাতক স্তরকে সরকারের পরিকল্পনা অনুযায়ী সেটা মোহনপুরে স্থানান্তরিত করা হচ্ছে, যেখানে এখনও পর্যন্ত কোনরকম পরিকাঠামো নেই, লাইব্রেরী - ল্যাবরেটরী এসব কিছুই নেই, কেবলমাত্র কয়েকটি বিল্ডিং আছে এবং বড় বড় প্রাণী সহজলভ্য বলেই একটা স্নাতক স্তরের কোর্সকে স্থানান্তরিত করবেন - এটা কেমন ধরনের যুক্তি এই বিষয়টি যদি বুঝিয়ে বলেন।

এটা কেমন ধরণের যুক্তি, এই বিষয়টা যদি বুঝিয়ে বলেন। কারণ পরিকাঠামো ছাড়া সেখানে স্নাতক স্তরের কলেজ হবে কি করে?

শ্রী নুরে আলম চৌধুরী : এখানে সামনে একটা মেডিক্যাল কলেজ রয়েছে। সেখানে কিন্তু মেডিক্যাল কলেজ অ্যান্ড হাসপাতাল। কলেজে কি হয় তা আমরা সকলে জানি এবং হাসপাতালে কি হয় সেটাও জানি। কিন্তু বেলগাছিয়াতে ঝামেলা হচ্ছে শুধু কলেজ রয়েছে কিন্তু ওইরকম ধরনের কোন বড় প্রাণীর হাসপাতাল নেই। রহমান সাহেব আমার সামনেই বসে রয়েছেন, আমার বিশ্বাস ২০০৪ সালে উনি বোধহয় এ. আর.ডি-র মিনিস্টার ছিলেন। ২০০৪ সালে কিন্তু একটা ক্যাম্পাস কমিটি তৈরি হয়, রিভিউ কমিটি তৈরি হয়। আমার মনেহয় রহমান সাহেবের সময় When he was in chair ওটা হয়। সেখানে কিন্তু ক্যাম্পাস কমিটি, নামটা রিভিউ কমিটি বা রেকমেন্ড কমিটি এইরকম কিছু হতে পারে। তারা কিন্তু প্রথম এই জিনিসটাকে তুলে ধরেন, যে ইনফ্রাস্টাকচার বেলগাছিয়াতে নেই। Accordingly সেই ভাবে কিন্তু জিনিসটা কমিউনিকেট করে দেওয়া হয়। কিন্তু আমি এখনও পর্যন্ত কোন জায়গায় খুঁজে পেলামনা যে ১৯৯৬ এ মোহনপুর থেকে, যেখানে ২০ বছর একটা ইউনিভার্সিটি ছিল, কোন অর্ডারে এটা ট্রান্সফার হয় বেলগাছিয়াতে। কোন গভর্নমেন্ট অর্ডার কিন্তু এখনও খুঁজে পাইনি। ইউনিভার্সিটির অর্ডারও খুঁজে পাইনি। কি করে যে ওখানে এল সেটা বুঝতে পারছি না। তারপরে যে রেকর্ডটা পাই ২০০৪ সালে, যেটা বোধহয় রহমান সাহেবের চেয়ারে রেজিস্টার হয় ক্যাম্পাস রিভিউ কমিটি বা রেকমেন্ড কমিটি, তারা কিন্তু সমস্ত কিছু তুলে ধরেন এবং বলে দেওয়া হয় যে মোহনপুরে কিন্তু রয়েছে, বেলগাছিয়ায় কিছু নেই। এরপরে পাই একটা কমিউনিকেশন ২০০৭ -এ, যেটা ভি.সি. আই ক্যাটাগরিক্যালি বলে যাচ্ছে, যে বেলগাছিয়াতে কিন্তু কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। কি ইনফ্রাস্ট্রাকচার নেই? যেখানে ক্লাস রুম বড় আকারে নেই, পোস্টমর্টেমের ব্যবস্থা নেই। যদিও মিঃ রহমান বহরমপুরে পোস্টমর্টেমের ইনফ্রাস্টাকচার বানিয়েছেন আমি দেখে এসেছি, কিন্তু বেলগাছিয়াতে খুঁজে পাইনি। তাছাড়া টি.ভি.সি.সি, আই.এল.এফ.সি, একটা হচ্ছে বলতে পারেন ক্লিনিক্যাল ট্রিটমেন্ট। ক্লিনিক্যাল মানে হাসপাতাল। আপনাদের একটু কিন্তু জানা দরকার যে ১৯৫৯ ক্যালকাটা ট্রেসপ্যাসিং অ্যাক্ট আছে, এখানে গরু, মোষ বা বড় জাতীয় প্রাণী ঢুকতে পারে না। যার ফলে কোন মতেই কিন্তু বেলগাছিয়াতে এই জিনিসটা হতেই পারে না, যেটা মোহনপুরে সম্পূর্ণভাবে রয়েছে। এর পরে ফার্ম যেটার কথা বলছিলাম, হাসপাতালে মিনিমাম একটা ইনফ্রাস্ট্রাকচার দরকার আছে যেখানে অন্ততপক্ষে ২০০ গরু-মোষ বা ওই জাতীয় অ্যানিম্যাল দরকার হয় এবং ২০০ একর জমি দরকার হয়। উনি তো বলেছেন বেলগাছিয়াতে না কি সব আছে। বেলগাছিয়া ক্যাম্পাস ৩০ একর কি না সন্দেহ, তাতে ঠাসা বিলডিং রয়েছে।

পোস্টমর্টেমের যেটার কথা বললাম সেটাও নেই। আই.এল.এফ.সি.টি.ভি.সি.সি. নেই। ক্লাস রুমও নেই। ২০০৯ সালে আবার কিন্তু ভি.সি রেকমেন্ড করে যে এইসব গুলো নেই, আমরা কিন্তু রিকগনেশান উইথড্র করে নেব। তাতেও ওনারা কিন্তু কোন কিছু করেন না, বিভিন্ন রকম উল্টোপাল্টা অনেক কিছু করে যান। লাস্টলি একটা চিঠি পাই ২০১১ তে, চিঠিটা আমার কাছে রয়েছে, যেটা মাননীয় গভর্নরের চিঠি, টু দা চিফ মিনিস্টার। আমরা যখন সরকারে আসি, তার কিছুদিন পরেই আসে চিঠিটা, ভি.সি. ডেসপারেটলি গভর্নরকে যিনি চ্যান্সেলর তাকে চিঠিটা লিখেছে যে, এখানে এসব জিনিসপত্র কিছু নেই, আমরা রেকগনিশন উইথড্র করতে যাচ্ছি। তারপরেই আমরা মিটিং শুরু করি। তারপর দেখি কোন ভাবেই সম্ভব নয়। তারপর কোন একটা দিন দেখি যে 44th. মিটিং তারা ডাকে। আমার কাছে একটা এজেন্ডা কোন ওয়েল উইশার পাঠিয়ে দিয়েছে, তাতে দেখি আমাদের পশু ইউনিভার্সিটির রেকগনিশন উইথড্র হতে যাচ্ছে। তাতে ক্যাটেগরিক্যালি লেখা আছে, তারা বিভিন্ন সুযোগ-সুবিধা দিয়েছিল, কিন্তু তার কোনটাই দি দেন সরকার বা ইউনিভার্সিটি ফুলফিল করেনি। আমি নিজে পার্সোনালি সঙ্গে সঙ্গে দিল্লী চলে যাই, VC and the President, ডঃ মহান্তিকে হাতজোড় করে অনুরোধ করি যে, আমাদের নতুন সরকার...

মিঃ স্পীকার : অত ডিটেইলসে না বলে আল্টিমেটলি কি হ'ল বলুন।

শ্রী নুরে আলম্ চৌধুরী : এবং সেই ডেটে রেজলিউশন লেখা আছে যে, আমাদের এক বছর সময় দিন। আমরা তারপর ডিসিসন নিই এটা বেলগাছিয়া থেকে মোহনপুরে নিয়ে যাওয়া হবে।

Starred Questions
(to which answers were laid on the 'Table')

উপকূলবর্তী সমতলভূমি এলাকায় ভূ-তাত্ত্বিক মূল্যায়ণ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪) শ্রী অখিল গিরি ঃ বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্য সরকার উপকূলবর্তী সমতলভূমিতে ভূ-তাত্ত্বিক/পরিবেশগত মূল্যায়ণের পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে,

(১) এই ক্ষেত্রে প্রাথমিক তথ্য ভাণ্ডার তৈরী করা সম্ভব হয়েছে কিনা; ও

(২) এর ফলে উপকূলবর্তী মানুষেরা কি কি সুবিধা পাবেন বলে আশা করা যায়?

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এই বিভাগ ২০০৯ সালে দীঘা-জুনপুট-এর উপকূলবর্তী এলাকায় একটি প্রকল্প গ্রহণ করেছিল যার নাম "দীঘা-জুনপুট-এর উপকূলীয় সমভূমি ভূ-পরিবেশগত সমীক্ষা" এবং ২০১২ সালে এর পরিসমাপ্তি ঘটে।

(খ)(১) হ্যাঁ, এই প্রকল্পের দ্বারা প্রাথমিক তথ্য ভাণ্ডার তৈরী করা সম্ভব হয়েছে। এই প্রকল্পে

- নদী বিন্যাস ও ভূ-পৃষ্ঠীয় জলাধার (Drainage & Surface Waterbody)

- ভূমিরূপ ও প্রকৃতি (Geomorphology)
- ভূমি আবরণ ও ভূমি ব্যবহার (Land use & Land Cover)
- ভূমিক্ষয় (Land loss)
- তটরেখা পরিবর্তন (Shifting of Shore line)

প্রভৃতি মানচিত্র তৈরী করা হয়েছে উপগ্রহ চিত্র, ভূমি সমীক্ষা এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যের উপর ভিত্তি করে।

(২) এর ফলে উপকূলবর্তী মানুষেরা কি কি সুবিধা পাবেন বলে আশা করা যায়?

এই প্রকল্প নিয়ে দীঘা- শংকরপুর উন্নয়ন পর্ষদ, সেচ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, রিভার রিসার্চ ইনস্টিটিউট-এর সঙ্গে বিভিন্ন পর্যায়ে আলাপ-আলোচনা করা হয়েছিল এবং এই প্রকল্পে প্রস্তুত বিভিন্ন তথ্য ও মানচিত্র উল্লিখিত এলাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প প্রস্তুত ও রূপায়ণে প্রভূত সাহায্য করবে।

ভোকেশনাল শিক্ষাদানরত অস্থায়ী শিক্ষকদের স্থায়ীকরণ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১) **শ্রী নেপাল মাহাত :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, বিভিন্ন স্কুলে ভোকেশনাল শিক্ষাদানরত অস্থায়ী শিক্ষকদের স্থায়ীকরণের জন্য কোন নীতি প্রণয়ন করা হয়েছে/হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, তা কিরূপ?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

(ক) না !

(খ) প্রশ্ন ওঠে না।

ভেজাল প্রতিরোধে ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তরের ভূমিকা

*১০। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৫) **শ্রী শাহাজাহান চৌধুরী :** ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ক্রেতা সুরক্ষা বিষয়ক দপ্তর অন্যান্য দপ্তরের সাথে সম্মিলিতভাবে নিত্য প্রয়োজনীয় জিনিসে ভেজালের প্রতিকার বা প্রতিরোধে কোন পরিকল্পনা গ্রহণ করেছে কি?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

এই ব্যাপারটি স্বাস্থ্য দপ্তরের দেখার বিষয়। আমার দপ্তরের মধ্যে এটা পড়ে না। তবুও আমাদের দপ্তর স্বাস্থ্য দপ্তরকে প্রস্তাব দিয়েছে এই ব্যাপারে আমাদের ইন্সপেক্টরদের 'ফুড সেফটি অফিসার' হিসাবে অতিরিক্ত দায়িত্ব দিতে।

ক্রেতা সুরক্ষা আইনে জমা অভিযোগ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৬) শ্রী বাসুদেব খাঁ ঃ ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-২০১৩ অর্থবর্ষে ৩১শে জানুয়ারী. ২০১৩ সাপেক্ষে ক্রেতা সুরক্ষা সংক্রান্ত কতগুলি অভিযোগ জমা পড়েছে?

ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় ঃ

২০১২-২০১৩ অর্থবর্ষে ৩১শে জানুয়ারী ২০১৩ সাপেক্ষে ক্রেতা সুরক্ষা সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের সংখ্যা নিম্নরূপ :-

(ক) সালিশির জন্য অভিযোগের সংখ্যা = ৩৬৩৪

(খ) বিভিন্ন ফোরামে বিচারের জন্য অভিযোগের সংখ্যা = ৫৪৪৬

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগমে বাস ও কর্মীর সংখ্যা

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪) শ্রী তজমুল হোসেন : রাষ্ট্রীয় পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম-এর পরিচালনাধীন চালু বাসের সংখ্যা কত : এবং

(খ) উক্ত সংস্থায় স্থায়ী ও অস্থায়ী কর্মী সংখ্যা কত?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম পরিচালিত চালু বাসের সংখ্যা ৪৩৪টি।

(খ) উক্ত সংস্থায় কর্মী সংখ্যা—৩৪০৫ জন ও অস্থায়ী কর্মী সংখ্যা—৩২৯ জন।

ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ের সংখ্যা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ১২) শ্রী তজমুল হোসেন : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে সরকারি ও বেসরকারি ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ের সংখ্যা কত (নামের তালিকা-সহ)?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে ২০১২-১৩ শিক্ষাবর্ষ পর্যন্ত অনুমোদিত সরকারি ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ের সংখ্যা ৬ (এই সংক্রান্ত তালিকাটি সংযোজনী—'ক'-তে দেওয়া হল)।

রাজ্যে ২০১২-১৩ শিক্ষাবর্ষ পর্যন্ত অনুমোদিত বেসরকারী ইঞ্জিনিয়ারিং মহাবিদ্যালয়ের সংখ্যা ৮০ (এই সংক্রান্ত তালিকাটি সংযোজনী—'খ'-তে দেওয়া হল)।

এছাড়া রাজ্যে ২০১২-১৩ শিক্ষাবর্ষ পর্যন্ত ৯টি রাজ্য বিশ্ববিদ্যালয় বিভাগে একটি ইনস্টিটিউশনে ইঞ্জিনিয়ারিং বিষয়ে পঠন-পাঠন হয়। (এই সংক্রান্ত তালিকা সংযোজনী—'গ'-তে দেওয়া হল)।

(সংযোজনী 'ক', 'খ' ও 'গ' গ্রন্থাগারের টেবিলে রাখা হল)

শিক্ষাক্ষেত্রে সম্প্রসারকদের ভাতা বৃদ্ধি

১১। (অনুমোদিত প্রশ্ন নং ২৯) **শ্রী ঈদ মহম্মদ** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মাধ্যমিক শিক্ষা কেন্দ্র ও শিশু কেন্দ্রগুলিতে সম্প্রসারকদের ভাতা বৃদ্ধির কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

এই মুহূর্তে নেই। তবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ ব্যাপারে আলোচনা চলছে। যদি অতিরিক্ত তহবিল এ ব্যাপারে অনুমোদিত হয় তবে সেই অনুসারে ভাতা বৃদ্ধির পরিকল্পনা করা হবে।

ধান সংগ্রহ

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৩১) **শ্রী ঈদ মহম্মদ** : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আগামী ১০১৩-১৪ আর্থিক বছরে রাজ্য সরকারের ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

সাধারণত খারিফ মরশুম অনুযায়ী ধান কেনার লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়। এই খারিফ মরশুমে (২০১২-১৩) যা ০১-১০-২০১২ তারিখ থেকে শুরু হয়েছে এবং ৩০-০৯-২০১৩-এ শেষ হবে। এই সময়ের মধ্যে ধান কেনার লক্ষ্যমাত্রা ৩২.৩৫ লক্ষ মেট্রিক টন।

হাওড়ায় পি.এম.জি.ওয়াই.-এ রাস্তা নির্মাণ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫০) **শ্রী অসিত মিত্র** : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে হাওড়া জেলায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় মোট কত কিলোমিটার রাস্তা নির্মিত হয়েছে?

পঞ্চায়েত ও গ্রমোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত হাওড়া জেলায় প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় মোট

৩৪৩.৫৪০ কিলোমিটার (তিনশো তেতাল্লিশ কিলোমিটার পাঁচশো চল্লিশ মিটার) রাস্তা নির্মিত হয়েছে।

সমবায়ে দুর্নীতি

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৬) শ্রী অসিত মিত্র : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১২ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত রাজ্যে কতগুলি সমবায়ের বিরুদ্ধে দুর্নীতি ধরা পড়েছে : এবং

(খ) শাস্তিপ্রাপ্ত সমবায়ের সংখ্যা কত?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) মোট ১৬টি সমবায় সমিতিতে দুর্নীতি ধরা পড়েছে।

(খ) ৬টি সমবায় সমিতির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অবশিষ্ট সমিতিগুলিতে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

পরিবহন নিগমে প্রশাসনিক সংস্কার

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৭) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, সরকার রাজ্য পরিবহন নিগমের ক্ষেত্রে প্রশাসনিক সংস্কারের জন্য বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে : এবং

(খ) সত্যি হলে, উক্ত সংস্কারের রূপরেখা কী?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) গৃহীত পদক্ষেপগুলি হল—

(১) ৫০ থেকে ৫৯ বছর কর্মচারীদের ক্ষেত্রে স্বেচ্ছাবসর প্রকল্প চালু।

(২) CSTC, CTC ও WBSTC কলকাতার এই তিনটি পরিবহন সংস্থাকে একত্র করার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ ও একত্রীকরণের পদ্ধতি সুপারিশ করার জন্য Transaction Advisor নিয়োগ।

(৩) বিভিন্ন পরিবহন সংস্থার Depot ও Terminus-এর জমির যথাযথ সদ্ব্যবহার করার জন্য Transaction Advisor নিয়োগ।

পরিবহন নিগমে কর্মসংস্থান

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৮) শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : পরিবহন বিভাগের ভারতপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবর্ষের নভেম্বর পর্যন্ত রাজ্য পরিবহন নিগম কর্তৃক কত সংখ্যক নতুন বাস চালু করা হয়েছে :

(খ) উক্ত নতুন বাস চালানোর ক্ষেত্রে কোনো নতুন কর্মসংস্থান হয়েছে কি না ; এবং

(গ) হয়ে থাকলে, কতজনকে স্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১-১২ এবং ২০১২-১৩ অর্থবর্ষের নভেম্বর পর্যন্ত রাজ্যে উত্তরবঙ্গ পরিবহন নিগমে ৩৫টি নতুন বাস চালু করা হয়েছে। এছাড়াও ২০০টি প্রাইভেট ও ১৮৫ ৬টি সারিয়ে তোলা বাস চালু করা হয়েছে।

(খ) হ্যাঁ। প্রায় ৬০০ বাস ড্রাইভারের কর্মসংস্থান হয়েছে।

(গ) কাউকেই স্থায়ীভাবে নিয়োগ করা হয়নি। কারণ এমনিতেই প্রচুর কর্মী (বাস ড্রাইভার ছাড়া) উদ্বৃত্ত রয়েছেন। সবাইকে Contractual-এর ভিত্তিতে নিয়োগ করা হয়েছে, কারণ স্থায়ী কর্মী নিতে গেলে Cabinet-এর অনুমোদন লাগে।

আর্থিক সাহায্যপ্রাপ্ত ক্লাব

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪) **শ্রী অসিত মিত্র :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের ১লা জানুয়ারি থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত রাজ্যের মোট কত সংখ্যক ক্লাবকে আর্থিক সহযোগিতা করা হয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

২০১১ সালের ১লা জানুয়ারি থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত ক্রীড়া দপ্তর থেকে রাজ্যের মোট ১৬২৫টি ক্লাবকে আর্থিক সহযোগিতা করা হয়েছে।

জাতিগত শংসাপত্র

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫) **শ্রী অসিত মিত্র :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১ সালের ১লা জুন থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত কত সংখ্যক অনগ্রসর সম্প্রদায় শংসাপত্র প্রদান করা হয়েছে?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

২০১১ সালের ১লা জুন থেকে ২০১২ সালের ৩১শে অক্টোবর পর্যন্ত ৪,৫৫,৬৩৪ জন তফসিলী জাতি, ৮৩,৭৪৫ জন তফসিলী উপজাতি এবং ৪,৪৯,৩৯৭ জন অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত সর্বমোট ৯,৮৮,৭৭৬ জনকে শংসাপত্র প্রদান করা হয়েছে।

মান অনুযায়ী তালিকা

Month 2011-12	Certificates Issued				
	SC	ST	OBC		
			Cat-A	Cat-B	Total
June	34430	5881	18831	13442	322733
July	33008	5041	17897	10926	28823
August	29626	5033	16636	11792	28428
September	29541	5478	18263	11334	29597
October	21456	4737	10482	9434	19916
November	21551	3866	12336	8713	21049
December	21947	3993	15257	8999	24256
January	23781	3520	14506	10485	24991
February	24840	4679	13683	10030	23713
March	32214	5423	18015	16041	34056
April	24170	6021	13031	12600	25631
May	25208	4648	15457	12543	28000
June	32648	6076	16365	12247	28612
July	28571	4266	13012	11756	24768
August	28764	5502	13022	14829	27851
September	24345	5779	12919	11618	24537
October	19534	3802	12091	10805	22896
Total	**455634**	**83745**	**251803**	**197594**	**449397**
Grand total			**988776**		

অবৈধ করাত কল

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০) শ্রী অসিত মিত্র : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর ২০১২ সাপেক্ষে, রাজ্যে মোট কতগুলি অবৈধ করাত কল আছে ; এবং

(খ) উক্ত করাত কলগুলির বিধিবদ্ধকরণের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এ রকম কোনো তালিকা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

ক্লাবগুলিকে পুনরায় আর্থিক সাহায্য

২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬) **শ্রী সুনীলকুমার মণ্ডল** : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের ক্লাবগুলিকে পুনরায় আর্থিক অনুদান দেওয়ার কোনো পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, রাজ্যের ক্লাবগুলিকে পুনরায় আর্থিক অনুদান দেওয়ার বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

পানীয় জল সরবরাহ

২১। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭) **শ্রী সুনীলকুমার মণ্ডল** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় অনুমোদনপ্রাপ্ত পানীয় জল সরবরাহ প্রকল্পগুলি বর্তমানে কোন্ পর্যায়ে আছে (ব্লকওয়ারি তথ্য)?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

নলবাহিত জল সরবরাহ প্রকল্পগুলির সংক্ষিপ্ত তালিকা ও বর্তমান পর্যায় সংযোজিত করা হল:

PWSS Status	Nos.	Total Population (2001) benefited
Commissioned PWSS	101	28,29,533
Partially Commissioned PWSS	1	15,050
*On going PWSS	18	1,47,205
Total	120	29,91,788

নির্মীয়মাণ প্রকল্পগুলির বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হল।

(তথ্য সম্বলিত তালিকা গ্রন্থাগারের টেবিলে রাখা হল)

আই.সি.ডি.এস. কর্মী নিয়োগে জটিলতা

২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩) **শ্রী সুনীলকুমার মণ্ডল** : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, বর্ধমান জেলার গলসি বিধানসভা কেন্দ্র এলাকায় আই.সি.ডি.এস. কর্মী নিয়োগের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত এলাকায় নিয়োগ প্রক্রিয়াকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) গলসি বিধানসভা কেন্দ্র এলাকায় দুটো আই.সি.ডি.এস প্রকল্প (গলসি-১ ও গলসি-২) চলছে।

গলসি-১ আই.সি.ডি.এস. প্রকল্পে অঙ্গনওয়ারি সহায়িকা নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত মামলা কলকাতা হাইকোর্টে চলছিল। মামলাটি খারিজ হয়েছে। মহামান্য আদালতের আদেশনামার শংসায়িত অনুলিপি এখনও পাওয়া যায়নি। গলসি-২ আই.সি.ডি.এস. প্রকল্পে অঙ্গনওয়ারি সহায়িকা নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত মামলাটি খারিজ হওয়ার পর এবং দপ্তরের পক্ষ থেকে জারি করা স্থগিত আদেশনামা প্রত্যাহার হওয়ার পর কর্মী নিয়োগ প্রক্রিয়া চালু হতে চলেছে।

(খ) উক্ত এলাকায় নিয়োগ প্রক্রিয়াকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে সরকারের পক্ষ থেকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে।

বর্ধমান জেলার হিমঘর নির্মাণ

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬) **শ্রী সুনীলকুমার মণ্ডল** : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলায় কতগুলি হিমঘর নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন (ব্লকওয়ারি তথ্য-সহ)?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কৃষিজ বিপণন দপ্তরের অধীন পশ্চিমবঙ্গ রাজ্য বিপণন পর্ষদ বর্ধমান জেলার কালনা, কাটোয়া ও আসানসোলে তিনটি বহুমুখী হিমঘর স্থাপনের কাজ শুরু করেছে। কালনার কাজটি সম্প্রতি শেষ হয়েছে।

এছাড়া, বর্ধমান জেলায় প্রথম পর্যায়ে ৯টি ব্লকে যে যে স্থানে কৃষকবাজার স্থাপিত হতে চলেছে সেইসব স্থানে প্রয়োজনভিত্তিক পর্যায়ক্রমে হিমঘর নির্মাণের পরিকল্পনা সরকারের আছে। ব্লকগুলি হল—গলসি, ভাতার, কেতুগ্রাম-১, কেতুগ্রাম-২, কালনা, বর্ধমান, মেমারী-১, জামালপুর, পূর্বস্থলী।

বর্ধমানে পানীয় জল সরবরাহ প্রকল্পের সংখ্যা

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮২) **শ্রী সুনীলকুমর মণ্ডল** : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১১-১২ অর্থবর্ষে বর্ধমান জেলায় নলবাহিত বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য কত সংখ্যক প্রকল্প সরকার মঞ্জুর করেছে (ব্লকওয়ারি অনুমিত ব্যয়-সহ তথ্য)?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১১-১২ অর্থবর্ষে বর্ধমান জেলায় মোট ৬টি নতুন নলবাহিত জলসরবরাহ প্রকল্প এবং ৭৭টি

উন্নয়ন/পুনর্নবীকরণ/প্রসার প্রকল্পগুলি মঞ্জুর করা হয়েছে। নিম্নে ব্লকভিত্তিক বিস্তারিত তথ্য সংযোজিত করা হল :

New Piped Water Supply Schemes :

SL No.	Name of Scheme	District	Block	Estd. Cost (in lakh)	No. of Villages Covered	Total Population (Census 2001) to be benefited
1.	Madantor	Bardhaman	Jamuria	726.11	4	7502
2.	Bagdiha	Bardhaman	Jamuria	312.74	4	6852
3.	Gourbazar & Ichhapur	Bardhaman	Faridpur Durgapur	1699.19	19	21156
4.	Jamgara Jagannathpur	Bardhaman	Faridpur Durgapur	971.72	9	12123
5.	Isufabad	Bardhaman	Bardhaman-I	404.70	3	6052
6.	Rayan	Bardhaman	Bardhaman-I	832.53	3	30915
	Total			4946.99	42	84600

Improvement/Rejuvenation/Augmentation Schemes :

Sl. No.	Name of Scheme	District	Block	Estd. Cost (in lakh)
1.	Kashiara (Imp)	Bardhaman	Mangalkote	78.58
2.	Chhhotobainan (Rej)	Bardhaman	Raina-II	293.29
3.	RCFA Part-II (Imp)	Bardhaman	Diff. Block	299.94
4.	Kanksa Phase-II (Aug)	Bardhaman	Kanksa	278.53
5.	Dhatrigram (Rej)	Bardhaman	Kalna-I	129.64
6.	Jageswardihi (Rej)	Bardhaman	Mangalkote	224.05
7.	Mangalkote (Rej)	Bardhaman	Mangalkote	222.86
	Total			1526.89

দুর্গাপুর বাস টার্মিনাস আধুনিকিকরণ

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫) শ্রী সুনীল কুমার মণ্ডল : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর বাস টার্মিনাস আধুনিকীকরণ করার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর বাস টার্মিনাস আধুনিকীকরণ করার কোনো পরিকল্পনা এই মুহূর্তে সরকারের নেই।

(খ) তবে এ ব্যাপারে প্রস্তাব এলে বিবেচনা করা যেতে পারে।

পরিবহন কর্মীর আত্মহত্যা

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২১৩) **শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ্** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্যের সরকারি পরিবহন নিগমের কিছু কর্মী আত্মহত্যা করেছেন: এবং

(খ) সত্যি হলে, ১লা মে, ২০১১ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কত সংখ্যক উক্ত সংস্থার কর্মী আত্মহত্যা করেছেন :

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১ জন (C.T.C.)

প্রশিক্ষণবিহীন শিক্ষক

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২২২) **শ্রী শাহাজাহান চৌধুরী** : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে প্রশিক্ষণবিহীন শিক্ষকের সংখ্যা কত ;

(খ) প্রশিক্ষণবিহীন শিক্ষকদের প্রশিক্ষণের জন্য সরকারের কোনো পরিকল্পনা আছে কি ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ ওই কাজ শুরু হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) প্রাথমিকস্তরে ৭৫,২৫৯ জন ও মাধ্যমিকস্তরে ২৯,২১৫ জন প্রশিক্ষণবিহীন শিক্ষক আছেন।

(খ) আছে।

(গ) প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে চলতি ডিসেম্বর ২০১২ এবং মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রে অতি শীঘ্রই দূরশিক্ষণ পদ্ধতিতে প্রশিক্ষণ শুরু করার পরিকল্পনা নেওয়া হয়েছে।

হোমগার্ড নিয়োগ

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২২৫) **শ্রী শাহাজাহান চৌধুরী** : অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা এপ্রিল, ২০১২ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত রাজ্যে হোমগার্ড নিয়োগের সংখ্যা কত ;

(ক) উক্ত সময়ে বর্ধমান জেলায় কতজন হোমগার্ড নিয়োগ করা হয়েছে ; এবং

(গ) ওই সময় মঙ্গলকোট ব্লকে হোমগার্ড নিয়োগের সংখ্যা কত?

অসামরিক প্রতিরক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এপ্রিল, ২০১২ থেকে অক্টোবর, ২০১২ পর্যন্ত কলকাতা হোমগার্ড সংস্থায় এক হাজার (১০০০) জন হোমগার্ড নিয়োগ করা হয়েছে।

(খ) উক্ত সময়ে কলকাতা ব্যতীত কোনো জেলাতেই কোনো হোমগার্ড নিয়োগ হয়নি। সুতরাং বর্ধমান জেলাতেও কোনো নিয়োগ হয়নি।

(গ) মঙ্গলকোট ব্লক (বর্ধমান জেলা)-এ উক্ত সময়ে কোনো হোমগার্ড নিয়োগ হয়নি।

কোল্ড স্টোরেজ নির্মাণ

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২২৮) শ্রী শাহাজাহান চৌধুরী : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে অক্টোবর, ২০১২ সাপেক্ষে রাজ্যে কয়টি কোল্ড স্টোরেজ নির্মাণ করা হয়েছে (ব্লকওয়ারি তথ্য-সহ) ; এবং

(খ) এই খাতে কী পরিমাণ অর্থ ব্যয় হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ১লা জানুয়ারি, ২০১২ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত রাজ্যে মোট ২৪ (চব্বিশ)টি হিমঘর নির্মিত হয়েছে। ব্লকভিত্তিক তালিকা নিম্নরূপ—

বাঁকুড়া—পাত্রসায়র (১টি), কোতুলপুর (১টি)
বর্ধমান—পূর্বস্থলী (১টি), জামালপুর (১টি), কালনা-১ (২টি), মেমারি-১ (২টি)
হুগলি-তারকেশ্বর (১টি, গোঘাট-২ (২টি), পুরশুড়া (১টি), পোলবা-দাদপুর (১টি)
পশ্চিম মেদিনীপুর—চন্দ্রকোণা-২ (৩টি), চন্দ্রকোণা-১ (১টি), কেশপুর (২টি), গড়বেতা-২ (২টি), গড়বেতা-১ (২টি)
নদিয়া—চাকদহ (১টি)।

(খ) এই খাতে আনুমানিক ১৬৯,৪৮,৯৪,০০০/- টাকা ব্যয় হয়েছে।

কিষাণ মান্ডি

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২৪০) শ্রী বাসুদেব খাঁ : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্যে ৩৪১টি ব্লকে কিষাণ মান্ডি খোলার পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত কতগুলি ব্লকে কিষাণ মান্ডি খোলা হয়েছে?

কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকারের সিদ্ধান্ত অনুসারে ৩৪১টি ব্লকে প্রয়োজনভিত্তিক, পর্যায়ক্রমে কৃষকবাজার নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) রাজ্যে এ পর্যন্ত মোট ৯৫টি কৃষক বাজার নির্মাণের প্রস্তাব আছে। ০২.১২.২০১২ তারিখ পর্যন্ত ২৮টি দরপত্র আহ্বান করা হয়েছে। শ্রীঘ্রই এগুলি নির্মাণের কাজ শুরু হবে।

মাধ্যমিক স্তরে শিক্ষকদের বদলি

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৫) শ্রী রণজিৎ কুমার মণ্ডল : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে মাধ্যমিক শিক্ষাস্তরে শিক্ষকদের বদলির বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

(খ) সত্যি হলে, বদলির পদ্ধতি কীরূপ ; এবং

(গ) কবে থেকে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সত্যি।

(খ) স্কুলশিক্ষা দপ্তর মাধ্যমিক শিক্ষকদের সাধারণ বদলির ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ জন্য পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন আইন, ১৯৯৭-এর প্রয়োজনীয় সংশোধনী বিল তৈরি করা হয়েছে এবং আইন বিভাগের অনুমোদন নেওয়া হয়ে গিয়েছে। প্রস্তাবিত বিলটি এখন রাজ্য মন্ত্রিসভার বৈঠকে অনুমোদনের জন্য পেশ করা হচ্ছে। মন্ত্রিসভার অনুমোদন পাওয়া গেলে প্রস্তাবিত সংশোধনীটি বিধানসভায় পেশ করা হবে। সেটি বিধানসভায় পাশ হওয়ার পর বদলির পদ্ধতি নির্ধারণ করা হবে।

(গ) কার্যকর হবার তারিখ এখনই বলা সম্ভব নয়।

পুরুলিয়া জেলায় ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২৪৮) শ্রী নেপাল মাহাত : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানবেন কি—

(ক) চলতি আর্থিক বছরে পুরুলিয়া জেলার ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ; এবং

(খ) তা সংগ্রহের জন্য কত সংখ্যক কেন্দ্র নির্দিষ্ট করা হয়েছে?

খাদ্য ও সরবরাহর বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) চলতি খারিফ মরশুমে (২০১২-১৩) পুরুলিয়া জেলায় ১,১৯,১১০ মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা ঠিক করা হয়েছে।

(খ) উক্ত পরিমাণ ধান কেনার জন্য ওই জেলায় আপাতত ১০৩টি কেন্দ্র নির্দিষ্ট করা হয়েছে।

শিক্ষাক্ষেত্রে কম্প্যাশনেট গ্রাউন্ডে চাকরি

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫২) শ্রী নেপাল মাহাত : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কর্মরত অবস্থায় মাধ্যমিক শিক্ষক-শিক্ষিকার মৃত্যু হলে তাঁর পরিবারের উপযুক্ত পোষ্যকে কম্প্যাশনেট গ্রাউন্ডে চাকরি দেওয়া হয় কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, পদ্ধতি কীরূপ?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হয়, তবে শিক্ষক-শিক্ষিকার মৃত্যুর ফলে ক্ষতিগ্রস্ত পরিবারটির আর্থিক দিকটি খতিয়ে দেখা হয়।

(খ) এ বিষয় দপ্তরের আদেশনামার অনুলিপি সংযোজিত করা হল।

(সংযোজনী গ্রন্থাগারের টেবিলে রাখা হল)

এস.এস.কে. ও এম.এস.কে.-র দপ্তর পরিবর্তন

৩৪। অনুমোদিত প্রশ্ন নং ২৫৩) শ্রী নেপাল মাহাত : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এস.এস.কে. ও এম.এস.কে.-গুলোকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের আওতাধীন করার বিষয়ে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) সত্যি হলে, তার পদ্ধতি কীরূপ : এবং

(গ) কবে থেকে তা কার্যকর হবে বলে আশা করা যায়?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি।

(ক) এ ব্যাপারে এখনও কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

সমবায় সমিতির পরিচালন ব্যবস্থা

৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭) শ্রী নর্মদাচন্দ্র রায় : সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বর্তমানে বহু সংখ্যক সমবায় সমিতির পরিচালন ব্যবস্থা সঠিকভাবে কার্যকরী অবস্থায় নেই ; এবং

(খ) সত্যি হলে, এ সম্পর্কে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

বর্তমানে রাজ্যে বহু সংখ্যক সমবায় সমিতির পরিচালন ব্যবস্থা সঠিকভাবে কার্যকরী অবস্থায় নেই এবং কোনো তথ্য সমবায় দপ্তরে নেই।

উচ্চশিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ কমিটি

৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৮) শ্রী নর্মদাচন্দ্র রায় : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উচ্চশিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ কমিটি পুনরায় গঠিত হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, সংশ্লিষ্ট কমিটির কর্মপদ্ধতি কীরূপ হবে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। বিশেষজ্ঞ কমিটি গঠিত হচ্ছে।

(খ) বিশেষজ্ঞ কমিটি সাধারণ শিক্ষা অর্থাৎ জেনারেল এডুকেশন, কারিগরি শিক্ষা অর্থাৎ টেকনিক্যাল এডুকেশন এবং প্রশিক্ষণ শিক্ষা অর্থাৎ বি.এড.-এর ব্যাপারে—

(১) সার্বিক শিক্ষার মান উন্নত করা ;

(২) পঠন-পাঠন, সিলেবাস এবং মূল্যায়ন পদ্ধতি আরও উন্নত করা ;

(৩) পরিকাঠামোর উন্নতি করা এবং

(৪) দূরশিক্ষার বিস্তারের জন্য পথ নির্দেশ করা বা রোড ম্যাপ তৈরি করা। এগুলি সম্বন্ধে সুনির্দিষ্ট অভিমত দেবে।

রাস্তা নির্মাণ ও সংস্কার

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৯) **শ্রী বাসুদেব খাঁ** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ আর্থিক বছরে কত কিলোমিটার নতুন রাস্তা তৈরির পরিকল্পনা সরকার গ্রহণ করেছে :

(খ) তন্মধ্যে, ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত সময়ে কত কিলোমিটার রাস্তা তৈরি হয়েছে: এবং

(গ) উল্লিখিত সময় পর্যন্ত কত কিলোমিটার পুরাতন রাস্তা সংস্কার হয়েছে?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্নই ওঠে না।

(গ) এই সময়ে প্রায় ৭৯০ কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে।

কান্দীতে রাস্তার সংস্কার

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৬২) **শ্রী অপূর্ব সরকার** : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কান্দী পৌরসভার অন্তর্গত কান্দী বাসস্ট্যান্ড থেকে কান্দী কোর্ট পর্যন্ত রাস্তাটির সংস্কারের কোনো পরিকল্পনা সরকারের আছে কী ; এবং

(খ) থাকলে, উক্ত কাজটি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) সংশ্লিষ্ট রাস্তাটির সংস্কারের পরিকল্পনা নেওয়া হয়েছে।

(খ) আগামী অর্থবর্ষে।

পুরুলিয়া জেলায় বিমানবন্দর

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৪) **শ্রী নেপাল মাহাত** : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার ছড়রাতে বিমানবন্দর স্থাপনের কোনো প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না, এ রকম কোনো প্রস্তাব এই মুহূর্তে কাছে নেই।

(খ) প্রযোজ্য নয়।

খাগড়াবাড়িতে নবনির্মিত জলাধার

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৭) শ্রী নগেন্দ্রনাথ রায় : জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কোচবিহার-২ নং ব্লকের অধীন খাগড়াবাড়িতে নবনির্মিত জলাধারটি কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কোচবিহার-২ নং ব্লকের অধীন খাগড়াবাড়িতে জলসরবরাহ প্রকল্পটি অনেক আগেই কোচবিহার জেলা পরিষদকে হস্তান্তর করা হয়েছে।

যাই হোক, কোচবিহার-২ নং ব্লকের অধীন খাগড়াবাড়িতে নবনির্মিত জলাধারটি ডিসেম্বর, ২০১২-এর শেষের দিকে কার্যকর হবে বলে আশা করা যায়।

[12.00–12.10 pm]

RULING FROM THE CHAIR REGARDING QUESTION OF PRIVILEGE

Mr. Speaker :

Hon'ble Members, I have received a notice of Breach of Privilege and Contempt of the House from Shri Partha Chatterjee, Minister on 27.12.2012 against Shri Anisur Rahaman, MLA under rule 226 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. On scrutiny I am satisfied that a prima facie case of Breach of Privilege and the Contempt of the House is involved in the matter.

Thereby I allow Shri Partha Chatterjee, the Member giving notice to raise the matter.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ বিধানসভার কার্যপ্রণালীর ২২৬ ধারা অনুযায়ী স্বাধিকার ভঙ্গের যে নোটিশ আমি বিধায়ক আনিসুর রহমান (৭৫ ডোমকল বিধানসভা কেন্দ্র) এর বিরুদ্ধে এনেছি, তা এরকম-

গতকাল (২৬-১২-২০১২) উত্তর দিনাজপুরের ইটাহার স্কুলের ময়দানে কৃষকসভার সম্মেলন উপলক্ষে এক জনসভায় বিধানসভার সদস্য শ্রী আনিসুর রহমান (৭৫ ডোমকল বিধানসভা কেন্দ্র) রাজ্যের মুখ্যমন্ত্রী তথা বিধানসভার সদস্যা মমতা ব্যানার্জী সম্পর্কে কুৎসিত ভাষায় আক্রমণ করেন।

আনিসুর রহমান (বিধায়ক, ৭৫ ডোমকল বিধানসভা কেন্দ্র) বলেন - "বিধানসভায় আমরা

মুখ্যমন্ত্রীকে বলেছি ধর্ষণের জন্য আপনি ২০ হাজার টাকা ক্ষতিপূরণ দেওয়ার কথা বলছেন। তা হলে আপনার রেট কত?"

এই মন্তব্য নারিজাতি শুধু নয়, বা বিধানসভার মহিলা বিধায়করাই শুধু নয় - এই উক্তিতে আনিসুর রহমান (বিধায়ক, ৭৫ ডোমকল বিধানসভা কেন্দ্র) সমগ্র বিধানসভার-ই অপমান করেছেন। এই উক্তি অমর্যাদাকর, অপমানকর - যা বিধায়ক হিসাবে সমাজের কাছে আমাদের মর্যাদা ভুলুণ্ঠিত করেছে, স্বাধিকারভঙ্গ হয়েছে।

আমি আমার বক্তব্যের সমর্থনে আজকের (২৭-১২-২০১২) "সংবাদ প্রতিদিন" দৈনিক পত্রিকা -স্বাধিকার ভঙ্গের নোটিশের সঙ্গে যুক্ত করলাম। আমি "চ্যানেল - টেন" টিভিতে এ বিষয়ে সম্প্রচারিত অংশের সি.ডি.টিও সংযুক্ত করলাম।

বিধানসভার কার্যপ্রণালীর ধারা অনুযায়ী পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য আনিসুর রহমান (বিধায়ক, ৭৫ ডোমকল বিধানসভা কেন্দ্র) -এর বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশ দিলাম ও এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের আর্জি জানালাম।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি এই সি.ডি. ট্রান্সলেট করেন দেখবেন এই ভাষা পড়া যায় না। যে ভাষা তিনি বলেছেন, একজন সদস্য যে এরকম কথা বলতে পারেন, সমস্ত নারীদের, নারীজাতির প্রতি, ফরগেট অ্যাবাউট মমতা ব্যানার্জী, মুখ্যমন্ত্রী - কত বড় অপরাধ এবং তিনি এমন ভাবে বললেন - বলেছিলাম দিদিমণি, এসব হেলাফেলা মেয়েদের দিয়ে হবে না।

পারেন তো ভালো মেয়ে খোঁজেন। কারণ আপনার থেকে ভালো মেয়ে তো কেউ নেই। আপনি যদি একবার বলেন, আমাদের কর্তব্য হচ্ছে-তাহলে আমরা বলতে পারব। ওই রকম হতেই পারে, কি যায় আসে। যদি ওইরকম হয় আমি কিছু মজুরী দিয়ে দেব। কত দেব। কুড়ি হাজার তো। দিদিমনিকে জিজ্ঞাসা করলাম এনাদের ফি কুড়ি হাজার? দিদিমণিকে জিজ্ঞাসা করলাম অন্যদের ফি কুড়ি হাজার, আর আপনার ফি কত। যদি আপনাকে ধর্ষণ করে তবে এটুকু গতিয়ে দিলেই কি হবে? এ কি ভাষা? না, না, আমাদের মাথা হেঁট হয়ে আসে। আপনি কি ভাষা বলেন? আমি অধ্যক্ষ মহশয়াকে বলছি এর কঠোরতম শাস্তি হওয়া দরকার। যাতে বিধানসভার কোন সদস্য এভাবে কথা না বলতে পারেন। (গোলমাল)

মিঃ স্পিকার: (গোলমাল) আপনারা ওঁনাকে বলতে দিন। আপনি বলুন (গোলমাল) আপনারা কেউ ওঁনাকে ডিসটার্ব করবেন না। ওঁনাকে বলতে দিন।

শ্রী আনিসুর রহমান: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনীতভাবে দু একটি কথা বলতে চাই। সেদিন ছিল বোধ হয় ২৬ শে ডিসেম্বর কি জানুয়ারী হবে। খুবই ঠান্ডার দিন। আমি সেখানে একটি জনসভা করতে গিয়েছিলাম। জনসভায় আমি যা বক্তৃতা করেছিলাম, আমার বক্তৃতা রেকর্ড করা আছে। আমি এই কথা নির্দ্বিধায় স্বীকার করি যে আমার বক্তব্যের মধ্যে মোড অফ ডেলিভারি হয়ত একটু খারাপ হতে পারে। খারাপ হয়েছে। (গোলমাল) আমি বলার পরে আপনারা বলুন না। (গোলমাল) আমি যা বলেছিলাম সব রেকর্ড করা আছে। যে মুহূর্তে আমি বুঝেছি যে আমার ভুল

হয়েছে, যে মুহূর্তে আমি শুনেছি, সেই মুহূর্তে আমি নির্দ্বিধায় সমস্ত মানুষের কাছে সংবাদপত্র ডেকে সাংবাদিক ডেকে ক্ষমা চেয়ে নিয়েছি। প্রকাশ্য জনসভায় হাওড়ায় ক্ষমা চেয়ে নিয়েছি। স্পিকারের ঘরে গিয়ে আমি ক্ষমা চেয়ে নিয়েছি। দ্বিতীয় কথা আমি বলতে চাই আমার এই ৫৫ মিনিটের বক্তৃতা আছে, যদি সবটা আপনি শোনেন, তাহলে আপনি নিজে দেখবেন যে বক্তব্য আলাদা। একটা অংশ কেটে একটা শব্দ ব্যবহার করলে একটু আলাদা মনে হয়। (গোলমাল) আমি তো স্বীকারই করেছি আমি এটা বলতে চেয়েছিলাম যে এই পুরো আলোচনার মধ্যে দিল্লিতে সেদিন যে ঘটনা ঘটেছিল সেই ব্যাপারে। সেই তারিখটা হচ্ছে, সেদিনই ওঁনার মরে যাওয়ার কথা। ম্যানে খবর বেরিয়ে গেছে। প্রাকটিক্যাল মেয়েটি মরে গেছে। কোনরকমে বেঁচে আছে আর্টিফিসিয়ালি। (গোলমাল) আপনারা তো বলতেই দিচ্ছেন না। (গোলমাল)

মিঃ স্পিকার : মিঃ রহমান, আপনি রেলিভেন্ট জায়গাটা বলুন।

শ্রী আনসুর রহমান : আমি বলেছিলাম যে দিল্লিতে একটা মেয়ের এই রকম একটা ঘটনা নিয়ে দিল্লি কাঁপছে। হাজার হাজার লোক ছুটছে। আমাদের পশ্চিমবাংলায় এই ঘটনা ঘটেছিল। আমরা মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্নও করেছিলাম, বিধানসভাতেও প্রশ্নও করা হয়েছিল। আমরা জানতে চেয়েছিলাম যে এই ঘটনার ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিচ্ছেন। আমরা আশা করেছিলাম, উনি কড়া ব্যবস্থা নেবেন। তা না করে উনি বললেন যে ক্ষতিপূরণ দেব। এটা শুনে আমাদের খারাপ লেগেছিল। এটা কি হয় যে ক্ষতিপূরণ দিয়ে কখনো...

মিঃ স্পিকার : আপনি শুনুন, আপনি এটাকে জাস্টিফাই করছেন কি? আপনার এই স্পিচটাকে আপনি জাস্টিফাই করেছেন, নাকি আপনি অন্য কিছু বলতে চান?

শ্রী আনসুর রহমান : না, না আমি তো আমার অপরাধের ক্ষমা চেয়ে নিয়েছি।

মিঃ স্পিকার : আপনি তো জাস্টিফাই করছেন। আপনার যদি কিছু বলার থাকে বলুন। আপনি একদিকে বলছেন যে সবার কাছে আমি ক্ষমা চেয়ে নিয়েছি। আবার এদিকে জাস্টিফাই করছেন। দু রকম হতে পারে না। আপনি পরিষ্কার করে বলুন।

শ্রীআনিসুর রহমান : আমি তো তার জন্য ক্ষমা চেয়ে নিচ্ছি এখনও। কিন্তু সবটা ঘাড়ে চাপিয়ে দিলে তো হবে না?

মিঃ স্পিকার : ঠিক আছে, আপনি ওই কনটেক্সটেই বলুন।

শ্রী আনিসুর রহমান : এই হিম্মত আমার কাছে, আমি অন্যায় করেছি আমি ক্ষমা চেয়ে নিয়েছি। কিন্তু আপনি সব আমার ঘাড়ে চাপিয়ে দেবেন কেন? আমি তো আপনাকে বলে দিচ্ছি যে আমার বলাটা এটা ভুল হয়ে গেছে।

মিঃ স্পিকার : শ্রী রহমান, শুনুন একটা ক্ষমা চাওয়ার অভিব্যক্তি অন্য রকম হয়। আপনি যেমন একটা চ্যালেঞ্জ থ্রো করে ক্ষমা চেয়েছেন। তা তো নয়। ক্ষমা চাওয়ার অভিব্যক্তি অন্য রকম হয়।

শ্রী আনিসুর রহমান : আমি চ্যালেঞ্জ করিনি। আমি আপনার ঘরে গিয়ে ক্ষমা চেয়ে নিয়েছি।

মিঃ স্পিকার : সে আপনি নিয়েছেন। আমার ঘরটা তো সদন নয়। (গোলমাল)

শ্রী আনিসুর রহমান : আজকে হাউসে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি। (গোলমাল)

মিঃ স্পিকার : ঠিক আছে, উনি এই সদনের কাছে (গোলমাল) ক্ষমা প্রার্থনা করেছেন। (গোলমাল) প্লিজ, আপনারা বসুন দয়া করে। আমাকে বলতে দিন। উনি এই সদনের কাছে ক্ষমা প্রার্থনা করেছেন। এখানে এই ক্ষমা প্রার্থনা করার পরিপ্রেক্ষিতে আমি মনেকরি না (গোলমাল) উনি এই সদনের কাছে ক্ষমা প্রার্থনা করেছেন ওঁনার এই বিবৃতির জন্য। (গোলমাল)

[12.10–12.20 p.m.]

.... (প্রচন্ড গোলমাল) ......

মিঃ স্পিকার : উনি এই সদনের কাছে ক্ষমা প্রার্থনা করেছেন ওঁনার এই বিবৃতির জন্য। .... (গোলমাল) .... প্লিজ, শুনুন আমি আমার সদন সংক্রান্ত ব্যাপার নিয়ে বলব, সদনের বাইরের সংক্রান্ত ব্যাপার নিয়ে .... (গোলমাল) .... প্লিজ্ প্লিজ্ সুব্রতদা। .... (গোলমাল) .... মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখোপাধ্যায় বলুন .... (গোলমাল) .... ওঁনার মাইকটা দিন .... (গোলমাল) ....

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি ক্ষমা চাইছেন একটা বক্তৃতার মধ্যে একটা লাইন ঢুকিয়ে। উনি যদি একটা নিঃশর্ত উইদাউট এনি ইফ্ অ্যান্ড বাট ক্ষমা চান পার্থ চ্যাটার্জীর এই স্বাধীকার ভঙ্গের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে - সেটা আরেকটা মিনিং। আপনি নিজেও উল্লেখ করলেন যে, আপনি একটা চ্যালেঞ্জিং মুডে বলেছেন। চ্যালেঞ্জিং মুডে যদি ক্ষমা চান, তাহলে সেই ক্ষমা কি হাউস কনসিডার করবে ! বিবেচনা করতে পারে ! .... (গোলমাল) .... উইদাউট এনি ইফ্ অ্যানড বাট উনি ক্ষমা চাইতে পারেন। .... (গোলমাল) ....

শ্রী আনিসুর রহমান : .... (গোলমাল) .... আমি এই ঘটনা শোনার পরে কোনো দিন কোনো চ্যালেঞ্জিং মুডে কিচ্ছু বলিনি, আমি সাংবাদিক সম্মেলন ডেকে লিখিত ভাবে, নিঃশর্তে মাননীয় মুখ্যমন্ত্রী সহ সারা পশ্চিমবাংলার মানুষের কাছে ক্ষমা চেয়ে নিয়েছি এবং পরের দিন আমি হাওড়ায় গিয়েছিলাম - প্রকাশ্য জনসভায় এবং আপনার ঘরে গিয়ে আমি ক্ষমা চেয়ে নিয়েছি।

মিঃ স্পিকার : আপনি সকলের সামনে বলুন .... (গোলমাল) .... মাননীয় আনিসুর রহমান সাহেব আমি আপনাকে একটা কথা বলি, আপনি বাইরে কি বিবৃতি দিয়েছেন, সেই ব্যাপারে তো হাউস কনসার্নড না, আপনি হাউসের সামনে .... (গেলামাল) .... প্লিজ্ আমাকে বলতে দিন। .... (গেলমাল) ....

শ্রী আনিসুর রহমান : স্যার, একটা কথা ভাবুন, আমার যদি চালাকির উদ্দেশ্যই থাকবে, আপনি তো আমাকে ডাকেননি .... (গোলমাল) ....

মিঃ স্পিকার : যখন একটা প্রিভিলেজ্ জমা পড়েছে, প্রিভিলেজটা যখন হাউসে জমা পড়েছে .... (গোলমাল) ....

শ্রী আনিসুর রহমান : আমি এখনো বলছি, আমি মাননীয় অধ্যক্ষের ঘরে নিজে স্বতঃস্ফূর্ত ভাবে গিয়েছি, ... (গোলমাল) .... ক্ষমা চেয়েছি, ... (গোলমাল) .... এখানেও আমি ক্ষমা চেয়ে— নিচ্ছি .... (গোলমাল) ....

মিঃ স্পিকার : আমার ঘরে গিয়ে বলা এবং যখন একটা প্রিভিলেজ এই হাউসে হয়েছে - আপনি এর তাৎপর্যটা বুঝতে পারছেন ? আমার ঘরে গিয়ে আলাদা করে বলা আর হাউসে সদনের সামনে - যেহেতু প্রিভিলেজটা সদনে এসেছে - সেই সদনের সামনে বলার তাৎপর্যটা আলাদা। আপনি সদনের সামনে - আপনি আমার কাছে ব্যক্তিগত ভাবে কি ক্ষমা চাইলেন, বা কোথায় আপনি ক্ষমা চেয়েছেন, সেটার এখানে .... প্লিজ্ মাইকটা দিন .... (গোলমাল) ....

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি তো বলেছি যে, আমার বলার যে ত্রুটি হয়েছে তারজন্য প্রথম ক্ষমা চেয়েছি বাইরে, আপনার কাছে ক্ষমা চেয়েছি, আজকে .... (গোলমাল) .... আজকে আমি হাউসের কাছে নিঃশর্তে ক্ষমা চেয়ে নিচ্ছি, আমার ত্রুটি হয়েছে।

মিঃ স্পিকার : ঠিক আছে, এই পরিপ্রেক্ষিতে যে প্রিভিলেজ কেসটা পার্থবাবু নিয়ে এসেছিলেন, মাননীয় সদস্য শ্রী আনিসুর রহমান - আজকে সদনের সামনে নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেছেন এবং আমি মনে করি যে, সদনের সদস্যরা নিশ্চয়ই তাঁকে ক্ষমা করে দেবেন এবং ভবিষ্যতে তিনি সতর্ক থাকবেন যেন এইভাবে বিবৃতি উনি না করেন। The Privilege case is disposed of accordingly.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Now, Hon-ble members, I have received an application of Leave of absence under Rule 242 from Shri Paresh Paul desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"মাননীয় স্পীকার মহাশয়, বিধানসভা, পশ্চিমবঙ্গ

আগামী ৯ই মার্চ থেকে ১৬ই মার্চ পর্যন্ত চিকিৎসার জন্য বাইরে থাকবো। ঐ দিনগুলি আমি বিধানসভায় আসতে পারবো না। সে জন্য আমি অনুমতি চাই এবং ক্ষমা চেয়ে নিলাম।

প্রণামান্তে,

পরেশ পাল,

৬.৩.১৩"

I now ask whether Shri Paresh Paul has the permission of the Assembly asked for by him.

.... (Pause) ....

There is no dissentient voice. I declare that Shri Paresh Paul has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 9th March to the 16th March, 2013.

Hon'ble Members, I have also received an application from Shri Rabindra Nath Ghose desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"To the Hon'ble Speaker, W.B.L.A., Assembly House, Kolkata-1.

(Through Chief Govt. Whip)

Respected sir,

This is to inform you that I, the undersinged, along with my wife have to attend the 'ASHIRBAD ceremony of my son's marriage for which I would be out of country on and from 9th March'13 to 17th March '13.

Hence, necessary permission may be accorded in my favour for the same.

With regards,

Yours truly,

(Rabindra Nath Ghosh) 22/2/2013"

I Now ask whether Shri Rabindra Nath Ghosh has the permission of the Assembly asked for by him.

.... (Pause) ....

There is no dissentient voice. I declare that Shri Rabindra Nath Ghosh has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 9th March to the 17th March, 2013.

Hon'ble Members, I have further received an application from Shri Emani Biswas desiring permission of the House to remain absent

from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"To the Hon'ble Speaker, West Bengal Legislative Assembly, Assembly House, Kolkata-700001.

Respected Hon'ble Speaker Sir,

This is to inform you that I would like to go to Republic of Bangladesh on 16.03.2013 along with my family and would like to stay there on and from 16.03.2013 to 30.03.2013 and due to that I would remain absent in the Assembly on the aforesaid dates (total 15 days).

In view of this above, I request you kindly to grant me leave of absence for the aforesaid period and allow me to perform the Bangladesh Tour.

With deep regards,

Yours truly

(Emani Biswas)"

I now ask whether Shri Emani Biswas has the permission of the Assembly asked for by him.

........(Pause).....

There is no dissentient voice. I declare that Shri Emani Biswas has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 16^{th} March, 2013 till the end of the current Session of the West Bengal Legislative Assembly or the 30^{th} March, 2013 whichever is earlier.

Hon'ble Members, I have further received an application from Shri Gouranga Chatterjee desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read out it.

"To the Hon'ble Speaker, West Bengal Legislative Assembly, Kolkata-700 001.

Dear Sir,

With due respect, I beg to state that I submitted a letter dated 19-02-2013 seeking prior permission for medical treatment at AIIMS or Apollo Hospital. It was duly recieved by your Secretary.

On 1st March, 2013 I have received a fax message from your end according prior permission as desired. I express my gratitude and thanks for the same.

In this connection, I would like to inform you that on 26th and 27th February, I had been to AIIMS, Delhi for medical check up. There I got myself registered. The Cardiology Department of the same has advised for heart operation.

This is to inform you that I shall leave for Delhi on 7th March, 2013 and on 8th March or thereafter I may be at AIIMS for check up at the Neurology Department for head injury. I am supposed to take admission on 10th March, 2013 for heart operation.

As a result, during both the operation and post operation period I shall not able to attend the ensuing session of the house starting on the form 8th March till my full recovery.

This is for your information and prior permission.

Thanking you, Yours faithfully

(Gouranga Chatterjee)"

I now ask whether Shri Gouranga Chatterjee has the permission of the Assembly asked for by him.

.... (Pause)........

There is no dissentient voice. I declare that Shri Gouranga Chatterjee has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 8th March, 2013 till the end of the current Session of the West Bengal Legislative Assembly.

Apart from the applications mentioned earlier. I have also received one application praying for Leave of Absence from Bhushan Chandra Dolai, M.L.A

In terms of rule 242(1) of Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly, a Member desiring Leave of Absence is required to make an application in writing. But in the instant case Shri Bhushan Chandra Dolai is seriously ill and cannot walk and speak clearly and as such his son has prayed for leave of Absence on behalf of his father. I take into consideration the application and ask whether Shri Bhushan Chandra Dolai has the permission of the Assembly to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India.

......(Pause).......

There is not dissentient voice. I declare that Shri Bhusan Chandra Dolai has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 8th March, 2013 to the end of the Current Session of the Assembly.

[12.20–12.30 p.m]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have recieved three notices of Adjournment Motion. The first one is from Shri Anisur Rahaman, Shri Chowdhury Md. Hedyatulla, Shri Nazmul Haque, Shri Dhiren Bagdi, Shri S.M. Said, Shri Tajmul Hossain, Shri Sahajahan Chowdhury and Shri Basudev Khan on the subject of the problems faced by farmers due to fall in price of potato. The second one is from Shri Nazmul Haque on the subject of power crisis in rural areas of Paschim Medinipur District and situation arisen thereon. And the

third one is from Shri Ajoy Dey on the subject of reported conflict between State Government and State Election Commission on the issue of Panchayat Election.

The subject matter of all the motions are not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address scheduled to commence on and from 18^{th} March, 2013. Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to all the Motions.

Prior to that Hon'ble Members, I would like to mention that in the bulletin it has been categorically mentioned that the members giving Notices of Adjournment Motion will not be entitled to submit notices of Calling Attention, Mention case on a day. Today I find that the members who have given me notices of Adjournment Motion they have also submitted Calling Attention applications on several subjects which is not permissible according to this bulletin. Hence I request all the Hon'ble Members that who will be giving notice for Adjournment Motion they should not give any notice for Calling Attention.

One Member of each party, may, however, read the text of the Motion as amended.

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে আমরা যে এ্যাডজোর্নমেন্ট মোশানটা এনেছিলাম সেটা পড়ে দিচ্ছি। আমাদের রাজ্যে সর্বত্র আলু চাষীরা ভয়াবহ সমস্যার সম্মুখীন হয়েছে। একদিকে আলু চাষের খরচ বেড়েছে অপর দিকে উৎপাদিত আলুর দাম কমেছে অস্বাভাবিক ভাবে। আর চাষীরা ভীষণ ভাবে বিপদাপন্ন। অবিলম্বে সরকারের হস্তক্ষেপ প্রয়োজন।

শ্রী অজয় দে : স্যার, প্রথমেই বলি একটা লাইন কাটতে-কাটতে কাটতে-কাটতে একদম দু'লাইনে এনে দিয়েছেন। অধিকার কেন এত হস্তক্ষেপ জানি না। আমি জনসভার পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছি। আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে রাজ্য সরকার ও রাজ্য নির্বাচন কমিশনের সাথে সংঘাত তৈরী হয়েছে। রাজ্য সরকার কমিশনের তিন দফায় ভোট গ্রহণ ও কেন্দ্রীয় বাহিনীর

উপস্থিতিতে নির্বাচন করার প্রস্তাব খারিজ করেছেন। স্যার, তারপরে তো আরও তিন সব কেটে দিয়েছেন? আর কিছুই নেই। .... মহিক অফ।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received seven notices of Calling Attention on the following subjects, namely:

Subject	Name
1. Steps taken by the State Government to prevent Atrocities on women	Dr. Tarun Kanti Naskar
2. Urge for payment of compensation to betel Cultivators in Harischandrapur Assembly Constituency area	Shri Tajmul Hossain
3. Steps taken by State Government for smooth Conduct of ensuing Higher Secondary Emamination	Shri S. M. Sadi
4. Urgent need for repaining of road from Natunhat Block to Nigon Station (Mandanga)	Sri Sahajahan Chowdhury
5. Alleged physical torture on a Panchayat Worker at Jalanghi in Murshidabad district on 21st February, 2013	Shri Anisur Rahman
6. Incident of fire in Surjya Sen Market, Sealdah	Shri Ajoy Dey
7. Acute crisis of drinking water in Galsi Assembly Constituency area	Shri Sunil Kumar Mondal

I have selected the notice of Shri Sahajahan Chowdhury on the subject of urgent need for repairing of road from Natunhat Bloc to Nigon Station (Mandanga).

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মন্ত্রী এখানে উপস্থিত আছেন. আমি মন্ত্রীকে অনুরোধ করছি, তিনি যদি বলেন।

ডাঃ সুদর্শন ঘোষ দস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক যিনি এই প্রস্তাবটি এনেছেন, এটি আমি বিধানসভার এই সেশনের মধ্যেই উত্তর তৈরি করে দেওয়ার চেষ্টা করবো। আর এছাড়াও আমি ওনাকে সরাসরি ব্যাপারটি দেখে সম্পূর্ণভাবে ওনাকে উত্তর লিখে আমি জানিয়ে দেব।

Mr. Speaker : Hon'ble Members may recall that during the last Session, Hon'ble Minister-in-Charge of Parliamentary Affairs Department referred to two incidents in the House on 12th December, 2012 and requested me to cause an enquiry into the matters and to take appropriate steps in this regard.

The first one is failure of power when Hon'ble Minister-in-Charge of Power Department gave his reply to Assembly Question during Question Hour on 12th December, 2012 and the second one is the role of Security Personnel in the Chamber on the 11th December, 2012 when a pandemonium occured in the house.

I had instructed the Secretary-in-Charge of the Assembly to cause an enquiry into both the matters and place a report thereon before me.

The Secretary has submitted both the reports before me and necessary steps are being taken in this regard.

RE-LAYING OF RULES

Amendments made in the West Bengal Panchayat (Constitution) Rules, 1975

Shri Subrata Mukherjee : Sir, I beg to re-lay the amendments made in the West Bengal Panchayat (Constitution) Rules, 1975 published in the Kolkata Gazette Extraordinary dated the 1st October, 2012 under Panchayats & Rural Department's Notification No. 5086/PN/O/1/3R-2/2012 dated the 1st October, 2012

Amendments made in the West Bengal Panchayat Elections Rules, 2006

Shri Subrata Mukherjee : Sir, I beg to re-lay the amendments made in the West Bengal Panchayat Elections, Rules, 2006 published in the Kolkata Gazette Extraordinary dated the 24th September, 2012 under Panchayats & Rural Development Department's Notification No. 5013/PN/O/3R-1/2012 dated the 24th September, 2012

LAYING OF RULES

Amendments made in the West Bengal Panchayat (Constitution) Rules, 1975

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the amendments made in the West Bengal Panchayat (Constitution) Rules, 1975 published in the Kolkata Gazette Extraordinary dated the 21st December, 2012 under Panchayats & Rural Development Department's Notification No. 7106/PN/O/3R-4/10(Pt-1) dated the 6th December, 2012

The West Bengal Administrators-General Rules, 2012 and the amendments made thereto

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the West Bengal Administrators-General Rules, 2012 and the amendments made thereto published in the Kolkata Gazette Extraordinary dated the 28th June, 2012 and the 19th December, 2012 under Judicial Department's Notifications No. 308J dated the 18th June, 2012 and No. 711-JL dated the 11th December, 2012 respectively.

Amendments made in the Official Trustee's (Bengal) Rules

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the amendments made in the Official Trustee's (Bengal) Rules published in the Kolkata Gazette Extraordinary dated the 28th June, 2012 and the 19th December, 2012 under Judicial Department's Notification No(s). 307-J dated the 18th June, 2012 and 708-JL dated the 7th December, 2012 respectively.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Audit Report, Audit Certificate and Certified Accounts in respect of the West Bengal Housing Board for the year 2010-2011

Shri Aroop Biswas : Sir, I beg to lay the Audit Report, Audit Certificate and Certified Accounts in respect of the West Bengal Housing Board for the year 2010-2011

The Annual Report in respect of the Mahatma Gandhi National Rural Employment Guarantee Scheme, West Bengal for year 2011-2012

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the Annual Report of the Mahatma Gandhi National Rural Employment Guarantee Scheme, West Bengal for the year 2011-2012

[12.30–12.40 p.m.]

The Annual Accounts along with audit report thereon of the South Bengal State Transport Corporation for the year 2010-2011

Shri Partha Chatterjee : Sir, with your permission I beg to lay the Annual Accounts along with Audit Report thereon of the South Bengal State Transport Corporation for the year 2010-2011.

The 36th Annual Report and Accounts together with Audit Report thereon of the West Bengal State Minor Irrigation Corporation Limited for the year 2009-2010

Dr. Sauman Kumar Mahapatra : Sir, I beg to lay the 36th Annual Report and Accounts together with audit Report thereon of the West Bengal State Minor Irrigation Corporation Limited for the year 2009-2010

MENTION CASES

ড. তরুণকান্তি নস্কর : স্যার, আমি আপনার মধ্যে দিয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৩ মাসের মধ্যে ৭ বার বিদ্যুতের মাশুল বেড়েছে; এবং বিগত সরকারকে টেক্কা দিয়েছে। বিগত সরকার ৭৫ ইউনিট পর্যন্ত দাঁড়িয়েছিল ৪ টাকা ২৭ পয়সায়; সেটা এখন দাঁড়িয়েছে সি ই

এস সি এলাকাতে ৬ টাকা ১৮ পয়সা, আর বন্টন কোম্পানীতে, কোম্পানী এলাকাতে দাঁড়িয়েছে ৬ টাকা ১৭ পয়সা। বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় বিদ্যুৎ আইন ২০০৩ রাজ্যে আগে প্রয়োগ করে ১৪ পারসেন্ট ইক্যুইটি রিটার্নকে ১৬.৫ পারসেন্ট করে এবং এম বি সি রেগুলেশান চালু করার মধ্যে দিয়ে বিদ্যুৎ মাশুলকে নিয়ন্ত্রণহীন করে বিদ্যুৎ ব্যবসায়ীদের স্বার্থে বারবার বিদ্যুৎ মাশুল বাড়াবার ব্যবস্থা করেছিল। কিন্তু বিগত সরকার যেখানে শেষ করেছে, বর্তমান সরকার ঠিক সেইখান থেকেই বিদ্যুৎ এর মাশুলের ক্ষেত্রে তার নীতি নির্ধারণ করে চলেছে। এই মাশুল বৃদ্ধির ক্ষেত্রে পূর্বতন সরকারের কয়লার মূল্যবৃদ্ধির মতন যে ঘোষণাগুলো তখন ছিল সেই যুক্তিকেই এখন তুলে ধরা হচ্ছে। অথচ নিজস্ব কোন ব্লক ব্যবহার করা হচ্ছে না। এটা হলে তাতে কম দামে উৎকৃষ্টমানের কয়লা পাওয়া যেত। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে বিদ্যুৎ এর দাম যাতে কমান যায়, গ্রাহকদের সুবিধা হয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

শ্রী এস এম সাদী : ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সকলেই জানি, আগামী ১৭ তারিখ আমাদের রাজ্য সহ সারা দেশে হোলি উৎসব হবে। কিন্তু আমাদের রাজ্যে প্রতিদিনই আমরা আক্রান্ত এবং সারা রাজ্য জুড়ে রক্তের হোলি উৎসব চলছে। বিভিন্ন জায়গাতে তৃণমূল আশ্রিত সমাজবিরোধিরা বামফ্রন্টের কর্মীদের আক্রান্ত করছে, সি পি আই এম এর কর্মীদের আক্রান্ত করছে। ম্যাডাম আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, গত ৮ তারিখে রাণাঘাটে রামনগরে সেখানে সি পি এম এর কর্মী অজিত মন্ডলের উপরে নৃশংস আক্রমণ হয়েছে, তাকে হাসপাতালে ভর্তি করা হয়, থানাতে এফ আই আর করা হয়। কিন্তু আজকে খুবই দুঃখের, পরিতাপের বিষয় যে কোন আসামী গ্রেপ্তার হয়নি। কারণ তারা তৃণমূল কংগ্রেস আশ্রিত নন্দী-ভিরিঙ্গী। এবং এমন কি সেই রাণাঘাট থানার যিনি আই সি এখন পর্যন্ত এফ আই আর এর কপি কোর্টে পাঠায়নি। আইনের যে সুযোগ সেই সুযোগ দেওয়া হচ্ছে না। সেইজন্য আমি সুস্পষ্টভাবে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই রাজ্যে যে হত্যালীলা চলছে, বিরোধী কর্মীদের উপরে, বামফ্রন্টের কর্মীদের উপরে যে আক্রমণ হচ্ছে, তা বন্ধ করা হোক এবং আইনের শাসন জারী করা হোক। রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচন, সেই জায়গায় আমরা লক্ষ্য করছি যে সেখানে......

(এই সময় বক্তার মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী তজমূল হোসেন : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, এর আগেও আমি আপনার মাধ্যমে এই বিষয়ের উপরে মেনশান দিয়েছি। বিশেষ করে আমার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত আমার যে বিধানসভা তার যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত নিম্নমানের। এই নিম্নমানের যোগাযোগ ব্যবস্থার ফলে সেখানে ব্যবসা-বাণিজ্য, স্বাস্থ্য, শিক্ষা কোন কিছুরই উন্নয়ন হতে পারছে না। তাই এর আগেও আমি বলেছি যে আমার বিধানসভার কয়েকটি রাস্তা এমন নিম্নমানের অবস্থা হয়ে আছে যেগুলির নাম আমি এর আগের সেশানে বলেছি। যেমন হরিশচন্দ্রপুর হাই স্কুল থেকে ভায়া টালবাঙ্গরুয়া হয়ে ফতেপুর পর্যন্ত বেহাল রাস্তা, রশিদপুর থেকে ডাকুরিয়া, বাজিনাথপুর থেকে তুলসিহাটা, তুলসিহাটা থেকে সায়রা হয়ে কুশল, টালবাঙ্গরুয়া থেকে মহাজন্যা, তার্জুনা থেকে রাঘবপুর, ইসলামপুর থেকে খোপাকাটি,

ইলাম রোড থেকে ইলাম গ্রাম পর্যন্ত, এবং পরিশেষে আমি আপনাকে আরো বলছি যে, লারিয়াল গ্রাম থেকে বাঘমারা পর্যন্ত, নাজিরপুর থেকে লক্ষণপুর পর্যন্ত এই রাস্তাগুলি একদম অত্যন্ত নিম্ন মানের, যোগাযোগ করতে পারছে না ....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। পঞ্চম শ্রেণীর একটি পাঠ্য পুস্তক হিসাবে 'আমাদের পরিবেশ' নামে একটি বই বার করা হয়েছে। এই বইটি একটাই বই, কিন্তু এর মধ্যে তিনটি বিষয় আছে। যেগুলো হল ভূগোল, বিজ্ঞান এবং ইতিহাস। ভূগোল, বিজ্ঞান এবং ইতিহাস এগুলো খুঁজে পাওয়া খুব মুশকিল, ইতিহাস মাত্র দেড় পাতা এর মধ্যে আছে। দেখা যাচ্ছে যারা স্মরণীয় ব্যক্তি আছেন সেই স্মরণীয় ব্যক্তিদের মৃত্যু দিবস সম্পর্কে কিছু কিছু জায়গায় সালগুলির পরিবর্তন হয়েছে। আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি যে মৃত্যু দিবসগুলি বিগত দিনে যা ছিল সেগুলি কি বর্তমানে পাল্টে গেছে না আজকে যারা ছাত্র আছে তারা এই মৃত্যু দিবসগুলির উত্তর প্রশ্নপত্রে লিখবে। ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে জানাই যে ঝালদা থেকে বেগুনকুদোর ভায়া টামনামোড় পর্যন্ত যে রাস্তাটি আছে সেই রাস্তাটি যাতায়াতের অনুপযোগী হয়েছে, খানাখন্দ হয়েছে। এই রাস্তাটি মেরামত করার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সাথে সাথে ওই রাস্তার উপরে বেগুনকুদোরের সামনে শাহাজোড় নদীর ওপরে একটি সেতু নির্মাণের জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরি : মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২রা জানুয়ারি বই দিবস উদযাপিত হয়েছে। প্রচার করা হচ্ছে যে সমস্ত স্কুলে বই দেওয়ার কাজ শেষ হয়েছে। কিন্তু আমাদের বর্ধমান জেলাতে আমরা দেখতে পাচ্ছি ক্লাস ফাইভের ইতিহাস, আমাদের পরিবেশ, ভূগোল আংশিকভাবে ঘাটতি রয়েছে। ক্লাস সেভেন, এইটের বাংলা বই বিলি হয়নি। হিন্দি এবং উর্দুভাষী বিশেষ করে সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা যেখানে বেশি পড়ে সেখানে আরো কঠিন অবস্থা। ক্লাস ফাইভ, সিক্স, এইটের কোনো বই বিলি হয়নি বা পৌঁছায়নি। বই না পাওয়া গেলে ছাত্রছাত্রীরা কিভাবে পড়াশুনা করবে বা শিক্ষার মানোন্নয়ন কিভাবে সম্ভব হবে? সেই কারণে খুব তাড়াতাড়ি বই বিলি করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন হল পশ্চিমবাংলার সর্বত্র যে আবহাওয়া চলছিল সেই আবহাওয়ার পরিবর্তন হচ্ছে, আইন শৃঙ্খলার পরিবর্তন হচ্ছে। অনেক জায়গাতেই খুন, ধর্ষণ, অত্যাচার হচ্ছে। কিন্তু তার সঠিক বিচার হচ্ছে না। পুলিশ একপক্ষকে নিয়ে কাজ করছে। শাসক গোষ্ঠীকে নিয়ে কাজ করাই যদি এর নিয়ম হয় তাহলে আমার বলার কিছু নেই। ..... [***]

***উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল হ'ল।

ম্যাডাম ডেপুটি স্পিকার : এটা বিচারাধীন আছে। এই ব্যাপারে আপনি কিছু উল্লেখ করবেন না।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম সব ব্যাপারই তো বিচারাধীন। আমি আপনাকে বলছি যে সব ব্যাপারই তো বিচারাধীন। ..... [***]

(গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পিকার : এটা বিচারধীন আছে। (গোলমাল) এটা রেকর্ড হবে না।

(গোলমাল)

শ্রী অসিত মিত্র : না, উনি বলেননি। তার প্রতি আমার বিশ্বাস আছে। [***]

ম্যাডাম ডেপুটি স্পীকার : যে অংশগুলো বিচারধীন আছে, সেগুলো রেকর্ডেড হবে না।

[12.40–12.50 p.m]

শ্রী সুনীল কুমার মন্ডল : ম্যাডাম, ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার গলসি বিধানসভার অধীনে ইরিগেশান ক্যানেল আছে, সেই ইরিগেশান ক্যানেলে ডি ভি সি থেকে জল আসে। আবার তার পাশাপাশি বারাধ পঞ্চায়েতের অধীনে একটি বিশাল জঙ্গল আছে, সেই জঙ্গলের জল বর্ষার সময় গোটা সমতল এলাকাকে ডুবিয়ে দেয়। আমরা জল আটকানোর জন্য সেখানে যদি একটা বাঁধ তৈরী করতে পারি তাহলে ভালো হয়। আমরা পঞ্চায়েত থেকে মাটি বা বালির বাঁধ দিয়ে সেখানে জল আটকানোর ব্যবস্থা করি। কিন্তু সেখানে যদি পাকাপাকি ভাবে বাঁধের ব্যবস্থা করা যায় তাহলে ভালো হয় এবং এটা করতে পঞ্চাশ, ষাট লক্ষ টাকার মত খরচ হবে। এটা যদি আমরা করতে পারি তাহলে উঁচু জায়গায় যেমন জল সেচের ব্যবস্থা হবে, তেমনি নীচু জায়গায় জমিগুলোও বর্ষার সময় জলের হাত থেকে বাঁচবে। এইজন্যে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ওখানে একটা পাকাপাকি বাঁধ নির্মাণ যদি করা হয় তাহলে উঁচু জায়গাগুলোতে সেই বাঁধের জল দিয়ে সেচের ব্যবস্থা করা যাবে।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি যে বিষয়টাতে বলতে চাই সেই বিভাগের দুজন মন্ত্রীর মধ্যে একজনও হাউসে এখন উপস্থিত নেই। আমাদের রাজ্যে প্রায় চৌদ্দ হাজারের মত এস.এস.কে এবং দু'হাজারের মত এম.এস.কে আছে। যাতে প্রায় কুড়ি লক্ষের ছেলে-মেয়েরা পড়াশোনা করে। এখানে সিদ্ধান্ত হয়েছিল এবং মন্ত্রীমহাশয়ও বলেছিল এদেরকে ফর্মাল এডুকেশানের মধ্যে যুক্ত করে নেব। কিন্তু এই ব্যাপারে এখনো কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। ছেলেগুলো বিপদের মধ্যে পড়ে আছে এবং মাষ্টারমশাইরাও বিপদের মধ্যে পড়ে আছে। আমি তাই আপনার মাধ্যমে এই বিভাগের দু'জন মন্ত্রীর কাছে আবেদন জানাবো, আমরা অল পার্টি মিলে যে

***উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল হ'ল।

সিদ্ধান্ত করেছিলাম সেই সিদ্ধান্ত অনুযায়ী যেটা কার্যকরী করা সম্ভব সেটা অবিলম্বে কার্যকরী করলে এই কুড়ি লক্ষ ছেলেমেয়ে যারা এখনো পড়াশোনা করে তারাও বাঁচবে এবং শিক্ষকরাও বাঁচবে। আমাদের রাজ্যের স্বার্থে এটা করা খুবই জরুরি. আমি সেটা আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া. আমি আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাই. মহিলাদের নিরাপত্তা নিয়ে আমাদের দেশে একটা প্রতিবাদ শুরু হয়েছিল সাধারণ মানুষের মধ্যে। আমাদের রাজ্যেও মহিলাদের নিরাপত্তা নিয়ে মানুষ রাস্তায় নেমেছে। কয়েকদিন আগে এই ব্যাপারে ভারতবর্ষের প্রধান বিচারপতি উদ্বেগ প্রকাশ করেছে। তাই দু'দিনের মাথায় আমরা দেখলাম যাদবপুরে একজন মহিলা কিভাবে ধর্ষিতা হয়েছে। শিবরাত্রিরের দিন ঐ মহিলা রবিবার ভোরের সময় স্নান করতে যাচ্ছিল. তার মানত ছিল যে পুজো দেবে. সে ব্রত অবলম্বন করেছিল। তখন কয়েকজন দুষ্কৃতিকারী তাকে টেনে হিঁচড়ে পাশে নির্মীয়মান বাড়িতে নিয়ে গিয়ে গণধর্ষণ করে। একজন মেয়ে ছিটকে এসে খবর দেয় এবং এই ব্যাপারে পুলিশকে অভিযোগ জানাতে গেলেও পুলিশ কোন অভিযোগ নেয়না। শেষ পর্যন্ত ওখানকার মানুষের চাপে পুলিশ বাধ্য হয়ে অভিযোগ নেয়। ওখানকার মানুষ দুজন দুষ্কৃতিকারীকে ধরে পুলিশের হাতে তুলে দিয়েছে। এখনও দুজনকে ধরা যায়নি। রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী একজন মহিলা. তিনি যেন এই দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করেন। এটা সাজানো ঘটনা এইসব কথা বললে চলবে না। তাহলে দুষ্কৃতিকারীরা প্রশ্রয় পাবে। অবিলম্বে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার দাবি আমি জানাচ্ছি।

শ্রী নাজমুল হক : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে ম্যাডাম তপশিল জাতি উপজাতি এবং সংখ্যালঘু কল্যাণ দফতরের মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। এমনিতেই পূর্ব থেকে এস. সি., এস. টি.-র সার্টিফিকেট, জাতি সার্টিফিকেট জোগাড় করা এবং করতে পারা সর্ব ক্ষেত্রে এক কঠিন ব্যাপার ছিল। পরবর্তীতে এই সংখ্যা লঘু অংশের মানুষদের. সংখ্যা গরিষ্ঠ এরা ও. বি. সি. ডিক্লেয়ার হওয়ার পর এই দফতরগুলিতে যে পরিকাঠামো তৈরী হওয়া দরকার ছিল জেলাস্তরে ব্লকস্তরে মহকুমায় তা হয়নি। কিন্তু কাজের চাপ প্রচন্ড বেড়ে যাওয়ায় দূর গ্রামাঞ্চল থেকে. শহর থেকে পয়সা মানুষ খরচ করে ভাড়া দিয়ে দিনের পর দিন অফিসে যাচ্ছে, ফিরে ফিরে আসছে। এতে সময়ের যেমন অপচয় হচ্ছে তেমনি আর্থিক অপচয় হচ্ছে গরীব লোকের। তাই নতুন কোন ভাবনা দফতরগুলি যাতে ভাবে সেজন্য আপনার মাধ্যমে ওঁদের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মোহিত সেনগুপ্ত : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। রায়গঞ্জ বিধানসভা কেন্দ্রের গৌরী অঞ্চল গ্রামে গত ২০১১-২০১২ সালে প্রচন্ড বন্যার দরুন চার পাঁচটা বাড়ি ভেঙে যায়, নাগর নদীর পাড় ভাঙে এবং কয়েকটা বাড়ি এখনো দুলছে। এর আগে আমাদের মাননীয় সেচ মন্ত্রী ছিলেন মাননীয় মানস রঞ্জন ভুঁঞ্যা মহাশয়, তাঁকে বলে আমরা অর্থ মঞ্জুর করেছিলাম বাঁধ মেরামতির জন্য। বর্তমানে আমাদের কাজগুলো বন্ধ হয়ে আছে। বলা সত্ত্বেও কাগজুলো হচ্ছে না। ম্যাডাম. তাই আপনার মাধ্যমে বর্তমান সেচ মন্ত্রীকে অনুরোধ করছি অতি সত্ত্বর এই কাজগুলো করার জন্যে। নাহলে এ বছর বন্যার দরুন গ্রামকে গ্রাম ভেঙে পড়ে গিয়ে অনেক বাড়ি ঘরের ক্ষতি হয়ে যাবে। ফলে একটা ভয়ংকর পরিস্থিতি হয়ে যাবে। তাই আপনার মাধ্যমে যাতে কাজটা দ্রুত করা যায় সে অনুরোধটি আমি রাখছি।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এস.সি., এস.টি. যে সম্প্রদায় রয়েছে সেই সব ছেলেমেয়েরা সার্টিফিকেট পেতে অনেক অসুবিধা ভোগ করছে। সাংঘাতিক, এই মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর বিগত সরকারের সার্টিফিকেট পাওয়ার যে ফর্ম সেইটিকে সরলীকরণ করেছেন। আমি তাকে সাধুবাদ জানাই। কিন্তু সরলীকরণটা এমনভাবে করা হয়েছে যে এদেশীয় যারা আমরা স্থায়ী এস. সি., এস. টি. এস. সি-র মধ্যে আছি বাউরি, মেটে, বাগদী, হাঁড়ি, চন্ডাল, ডোম এই যে আমরা পিছিয়ে পড়া সম্প্রদায়ের জাতি, আমরা ইস্কুলে পঞ্চম শ্রেণী থেকে মাধ্যমিক স্তর পর্যন্ত সরকারী গ্রান্ট পাচ্ছি। সমস্ত স্তরে আমরা এস. সি. বলে চিহ্নিত রয়েছি। কিন্তু যখন সার্টিফিকেট পেতে যাচ্ছি তখন আমাকে আবার কোর্টে এফিডেভিট করাতে হচ্ছে। সেই জায়গাতে গিয়ে দেড়শো দু'শো টাকা পর্যন্ত খরচা করাতে হচ্ছে সে খরচাটা আবার একদিনে করলেও হচ্ছে না। বর্ধমানে আসতে হবে ডি. এম. যদি পারমিশান দেন তাহলে সেই দিনে সে তার প্রমাণ পত্র পাবে ঐ এফিডেভিটটা, যদি না সেদিনে যোগাযোগ করতে পারা যায় তাহলে পরে আবার একদিন আসতে হবে। এই যে যাতায়াত বা অন্যান্য যে খরচা তাতে করে আমাদের এস. সি., এস.টি. ছেলেমেয়েরা অনেক অসুবিধা ভোগ করছে। তাই কোন জাতিকে নির্দিষ্টভাবে আটকানোর জন্য আজকে এই, ... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।).....

শ্রী রামেশ্বর দলুই : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে জানাই, আগামীকাল থেকে রাজ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে, প্রায় ৭ লক্ষ ৬০ হাজার ছেলে মেয়ে পরীক্ষা দেবে। আমি তাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি। কিন্তু আমি যে কথাটা বলতে চাই যে গত মাধ্যমিক পরীক্ষা এবং মাদ্রাসা পরীক্ষার পূর্বে মাননীয় শিক্ষা মন্ত্রী, আমি তাঁরও দৃষ্টি আকর্ষণ করছি ও হস্তক্ষেপ দাবী করছি। তিনি প্রশ্ন পত্র ফাঁস হতে পারে, পরীক্ষা ভন্ডুল হতে পারে আশংকা করে সাংবাদিক সম্মেলন করেছিলেন। কিন্তু মাধ্যমিক পরীক্ষা চলাকালীন অভিনব ঘটনা ঘটেছে, প্রশ্নপত্র আউট হয়েছে, মাইকিং করে উত্তর বলে দেওয়া হয়েছে, আর সিলেবাস বর্হির্ভূত প্রশ্ন এসেছে—পরীক্ষা নানান জায়গায় ভন্ডুল হয়েছে। খুবই উদ্বিগ্ন লক্ষ লক্ষ ছেলে-মেয়ে। এখানে দলের কোন বিষয় নয়, দলমত নির্বিশেষে সকলেই উদ্বিগ্ন, অভিভাবক তাদের ছেলে-মেয়েরা শিক্ষানুরাগি মানুষ, আমরাও খুবই উদ্বিগ্ন। আমি ম্যাডাম আপনাকে হস্তক্ষেপ করতে বলব, আগামীকাল উচ্চ মাধ্যমিক পরীক্ষা হবে যাতে কোথাও এই ধরনের কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে। কোথাও ভন্ডুল যাতে না হয়। দুষ্কৃতকারীরা যাতে পরীক্ষাকেন্দ্রে ঢুকতে না পারে। পুলিশ যাতে নীরব দর্শকের ভূমিকা পালন না করে, সাধারণ প্রশাসন এবং শিক্ষা দপ্তর যাতে কড়াভাবে ব্যবস্থা গ্রহণ করেন এবং মাননীয় মন্ত্রী অনেক বড় বড় কথা বলেন, সেই জন্য যাতে কার্যকর করার, যাতে তিনি এগুলো নিজে উদ্যোগ গ্রহণ করেন এই ব্যাপারে আপনাকে দৃষ্টি আকর্ষণ করছি। এখনও কিছু ছেলে-মেয়ে অ্যাডমিট কার্ড পায়নি। আমি গতকালও জেনেছি যে অ্যাডমিড কার্ড নিয়ে হয়রানি হচ্ছে। সেইজন্য তাদের দুশ্চিন্তা।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[12.50–1.00 pm]

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধক্ষ্যা মহোদয়া, আমার সৌভাগ্য যে আমাদের নগরোন্নয়ন

দপ্তরের মন্ত্রীকে পেয়েছি এই সভায়। একটি গুরুতর অভিযোগ আছে, সেটা হচ্ছে এই হাওড়া পৌরসভায় যে লালবাড়িটি, কলকাতার রাইটার্স বিল্ডিং অভিশাপ মুক্ত হয়েছে কিন্তু হাওড়ার পৌরসভার ওই লালবাড়িটি অভিশাপ মুক্ত হয়নি। বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা আমরা যা দিচ্ছি একটাও মেয়র স্যাংশান দিচ্ছেন না। তারপর আর একটি গুরুত্বপূর্ণ বিষয় ম্যাডাম, হাওড়া শহরে ভৈরব দত্ত লেনে কয়েক কোটি টাকা খরচ করে তৎকালীন মন্ত্রী অশোক ভট্টাচার্য, 'আলো' বলে দৃষ্টিহীনদের জন্য বাড়ি তৈরি করলেন। সেই টাকাটা খরচ হল, দৃষ্টিহীনরা দৃষ্টি পেল না, কেউ গেল না। দৃষ্টি পেল সেখানকার সমাজ বিরোধী সিপিএম-এর কিছু গুন্ডা যারা ওইখানে ওই বাড়িটাতে বসে আস্তানা করেছে, যারা দিনের পর দিন মদ খাচ্ছে, গাঁজা খাচ্ছে নানারকম অসামাজিক কাজকর্ম করছে। এই বাড়িটি যেভাবে আছে আমরা জনশিক্ষা ও কারিগরী শিক্ষামন্ত্রীকে বলেছিলাম, মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব আছেন। তারপর আমি বলেছি এই বিল্ডিংটা নিয়ে যদি অবিলম্বে আমাদের দিয়ে দেওয়া হয় ম্যাডাম। উত্তর হাওড়ার একটাও কলেজ নেই খুবই আশ্চর্য বিষয়, শহর এলাকায় থাকি একটাও কলেজ নেই। কারিগরি উচ্চ শিক্ষা মন্ত্রী রাজি হয়েছেন, যদি কর্পোরেশান সেই জায়গাটা দিয়ে দেন, আবার লিখিত ভাবে দিয়েছি, মেয়রকে দিয়েছি, ডি.এম.কে দিয়েছি মাননীয় মন্ত্রীকে দিয়েছি। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি অবিলম্বে হস্তক্ষেপ করুন, ব্যবস্থা গ্রহণ করুন, যাতে সেখানকার মানুষ উপকৃত হয়। যদি কলেজ নাও হয় জায়গাটা জঞ্জালমুক্ত করুন, গুন্ডাদের হাত থেকে জায়গাটা নিয়ে এলাকার মানুষের হাতে দিয়ে দিন।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষা মহোদয়া সম্প্রতি বেশ কতকগুলো ঘটনায় দেখা যাচ্ছে যে, এই সরকারের দোষীদের আড়াল করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। .... [***]

ZERO HOUR

শ্রী এস. এম. সাদি : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, বিষয়টি খুবই গুরুতর, যেটি উত্থাপন হয়েছে এই আগস্ট হাউসে। সেটা হল সর্বক্ষেত্রে অবক্ষয়, এই অল্প সময় প্রায় দু'বছরের মধ্যে, অজয়বাবু বলেছেন যে আমরা সমাজকে কি শিক্ষা দেব। আগামীকাল উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হবে। আমরা বিবৃতি চাইছি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর। তিনি মাধ্যমিক পরীক্ষার আগেই বলেছিলেন প্রশ্নপত্র ফাঁস, ভন্ডুল নিয়ে। আমরা সবাই জানি কি ঘটনা ঘটেছে সারা রাজ্য জুড়ে সেখানে। পরীক্ষা কেন্দ্রের বাইরে টুকলি সাপ্লাইকারী, অবাধে মাইক ব্যবহার হয়েছে সেখানে। প্রশ্নপত্রে ভুল আছে এবং সেখানে তিনি কেন উদ্বিগ্ন হলেন? আমরা বিধায়করা জানতে চাইছি যে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মাধ্যমিক পরীক্ষার আগে তাঁর যে উদ্বিগ্নতা তিনি যে বললেন, ভন্ডুল হতে পারে, প্রশ্নপত্র ফাঁস হতে পারে, তাহলে গভীরতাটা কোন্ জায়গায়? এটা আমি ব্যক্তিগতভাবে বিবৃতি চাইছি। জনপ্রতিনিধিদের জানা উচিত, এই হাউসের জানা উচিত, কেননা এক সঙ্গে তো আপামর জনসাধারণ যুক্ত। আমাদের আগাম ভবিষ্যৎ এর সঙ্গে যুক্ত রয়েছে। তাহলে কি তথ্য ছিল মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে?...... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ভোর রাতে পূর্ব যাদবপুরে মথুরাপুরে ১৭ বছরের এক

***উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল হ'ল।

কিশোরীকে গণধর্ষণ করা হয়েছে এবং ৫ জন দুষ্কৃতি সেই গণধর্ষণের সঙ্গে যুক্ত। আমি এই ৫ জন দুষ্কৃতির অবিলম্বে গ্রেপ্তার এবং দৃষ্টান্তমূলক শাস্তির জন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, কিছুক্ষণ আগে অন্যান্য বক্তারা ও বলেছেন। আগামীকাল উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে এবং আমাদের রাজ্যে কয়েক লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষায় বসছেন। আমরা তাদের আগাম অভিনন্দন জানাচ্ছি। ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কিছু দিন আগে, সম্প্রতি অনুষ্ঠিত হয়ে গেল মাধ্যমিক পরীক্ষা। তাতে অনেক সময় তিনি স্পষ্ট কথা বলেছেন। আমি দেখেছি তাঁর সঙ্গে যারা বিভাগীয় কর্তৃত্ব, যারা বিভাগীয় আধিকারিক, তাদের কথার মিল ছিল না। অর্থাৎ যেখানে মন্ত্রী বলছেন—আচ্ছা, ঠিক আছে, আমরা তদন্ত করে দেখব কি হয়েছে, আমরা খোঁজ নিচ্ছি, সেক্ষেত্রে মাধ্যমিক শিক্ষা দপ্তরের যারা কর্তৃপক্ষ, তারা বলছেন যে-না, এই ধরণের কোন ঘটনা ঘটে নি।

ম্যাডাম ডেপুটি স্পিকার : আপনি উচ্চমাধ্যমিক বলতে গিয়ে মাধ্যমিকে চলে যাচ্ছেন। অসিত বাবু, প্লিজ। এটা জিরো আওয়ার। পয়েন্টটা আপনি বলুন।

শ্রী অসিত মিত্র : জিরো আওয়ারেই বলছি গতবারে যে ঘটনাটা ঘটেছে সেটা যেন এবারে না ঘটে। পরীক্ষার ক্ষেত্রে গণ টোকাটুকির ব্যাপারে যে ধরণের দৃশ্য আমরা দেখেছি, সেটা আমাদের পক্ষে অত্যন্ত লজ্জাকর। আমি আপনার মাধ্যমে আবার উচ্চ শিক্ষা মন্ত্রীর .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে বলতে চাই আমাদের রাজ্যে যে এম. এস. কে গুলো আছে, সেই এম. এস. কে গুলোতে প্রচুর শূন্য পদ আছে। দুর্ভাগ্যের বিষয়, সেই শূন্য পদগুলোতে পেনশন হোল্ডাররা, যেসব স্কুল শিক্ষকরা সরকারী চাকরী থেকে অবসর নেয়, তাদেরকে সেখানে নিয়োগ করা হচ্ছে। কিন্তু আমাদের দেশে তো প্রচুর বেকার যুবক-যুবতী আছে। যাদের বয়স ৪০-৪৫ বছরের বেশী, তাদেরকে কেন সেখানে নিয়োগ করার প্রক্রিয়া চালু করা যাচ্ছে না। আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এম. এস. কে গুলোতে ৪৫-৫০ যদি চাকরীর ক্ষেত্রে তারা দাবী জানায়, তাহলে ৪০ বছরের উর্ধ্বে, ৪৫ বছরের উর্ধ্বে যারা আছে তাদেরকে আমরা নিয়োগ করতে পারি। তাহলে আমাদের বেকার সমস্যা অনেকটা সমাধান হয়। সেটা না করে যারা চাকরী করছিল, এখন পেনশন পায়, তাদেরকে সেখানে নিয়োগ করা হচ্ছে। এই জন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই ব্যবস্থার পরিবর্তন হোক। .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী বাসুদেব মেটে : মাননীয় অধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে আমি অনগ্রসর শ্রেণী উন্নয়ন কল্যান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় একটি পন্ডিত রঘুনাথ মুর্মু আবাসিক স্কুল এবং হোস্টেল আছে। আমাদের পশ্চিমবঙ্গে এই রকম আটটি স্কুল রয়েছে। কম-বেশী ৪২০-৪২৫জন করে ছাত্র-ছাত্রী ওখানে থাকে। সবটাই আবাসিক। কিন্তু, এখন যা পরিকাঠামো তৈরী হয়েছে সেই জায়গাতে দাঁড়িয়ে ঐ সব স্কুলগুলিতে পানীয় জলের অভাব রয়েছে। সেই পানীয় জলের অভাবটা দূর করার জন্য ওখানে মিনি-সাবমার্শাল স্থাপন করে ছাত্র-ছাত্রীরা যাতে পানীয় জলের সুযোগ পায় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি স্পিকার : এখন রিসেস, আমরা আবার ১.৪৫ মিনিটে মিলিত হব।

[1.45–2.00 p.m]

PRESENTATION OF THE SUPPLEMEN TARYESTIMATES FOR THE YEAR 2012-2013

Dr. Amit Mitra : Sir, In terms of Article 205 of the Constitution, I lay before the House a Statement Showing the Supplementary Expenditure for the year 2012-2013 amounting to Rs. 13105 crore 69 lakh and 6 thousand only of which the charged items account for Rs.4954 crore 16 lakh 27 thousand only and the Voted items account for Rs.8151 crore 52 lakh 79 thousand only.

In the booklet "Demands for Supplementary Grants, 2012-2013"circulated to the Hon'ble Members, details of the Supplementary Estimates and the reasons thereof have been given.

TIME FOR TABLING THE NOTICES OF CUT MOTIONS

Mr. Speaker : Under rule 212 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, 12.00 noon on Wednesday, fhe 13th March, 2013 has been appointed as the latest time and date for receipt of notices of Motions for reduction of Supplementary Grants of the Government of West Bengal for the year 2012-2013 by this Secretariat.

While giving notices of Motions for reduction of Demands, Members should mention specific grievances as briefly as possible and avoid lengthy statements.

Printed forms of notices of Cut Motions will be available from this Secretariat during office hours.

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সবাই জানি যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই নতুন সরকার হওয়ার পরে আড়াই খানা বাজেট তিনি আমাদের সামনে উৎথাপন করেছেন। প্রথম থেকে আমাদের ধারণা ছিল যে এই অল্প সময়ের জন্য আধখানা বাজেট হাজির

করাছেন, তাতে খুব বেশী ভাবনার সুযোগ নেই, এটাই স্বাভাবিক। দ্বিতীয় বার আমি তো ভেবেছিলাম অনেক সুপরিকল্পিত আরো একটা ভাল বাজেট সারা পশ্চিমবাংলার মানুষ দেখতে চায়, কেন না তার নতুন সরকার পেয়েছে, আমরাও দেখতে চাই শুনতে চাই। কিন্তু সেটা আমরা যা চেয়েছিলাম সেই ভাবে আমরা পাইনি। এবারে অন্তত আশা করেছিলাম যে আমরা একটা আরো ভাল বাজেট, যে ভাবে বাংলার মানুষ আশা করে, যে সরকার বারে বারে মা-মাটি-মানুষের কথা বলে, সেই মা মাটি মানুষের প্রধান গ্রামের কৃষক সেই কৃষক ভাল একটা বাজেট উপহার পাবে, তাদের আশা প্রত্যাশা কিছুই মিটাবে এই আশা আমরা করেছিলাম। কিন্তু ব্যক্তিগত ভাবে হতাশ হয়েছিলাম এই কারণে, খবরের কাগজে একটা ছবি বেরিয়েছিল তাতে দেখলাম আমাদের মাননীয় বিধায়করা অনেকে ঘুমিয়ে আছেন। আমি ঠিক না ঘুমলেও আমার প্রায় অনেকটা ঘুম চলে আসছিল। সত্যি কথা বলতে কি, যে ধরনের বাজেট আশা করেছিলাম, হয়ত আমার আশা একটু বেশী হতে পারে, যে ধরণের আশা ভাবনা করেছিলাম, তারপর সামনে আবার পঞ্চায়েত ভোট আছে, স্বাভাবিক কারণেই একটা খুব ভাল বাজেট হবে এই রকম আশা আমরা করেছিলাম। আমি অন্তত ব্যক্তিগত ভাবে। কিন্তু আমার সে আশা পূরণ হয়নি।

দ্বিতীয় বিষয় হচ্ছে, তিনি একটা কথা উল্লেখ করেছেন যে, 'আমি এত সমস্যার মধ্যেও অনেক টাকা বাড়িয়েছি'। একথা ঠিক সমস্যা আছে, লোন আছে। আমরাও বলেছি। লোন কেন আছে তা নিয়ে বহু আলোচনাও হয়েছে। এখনও যদি বারে বারে 'লোন আছে, লোন আছে' বলেন তাহলে অন্যায় হবে। আর, বারে বারে '৩৪ বছর' বলা-টাও অন্যায় হবে। কিন্তু লোন কেন আছে তার বাস্তব অবস্থা আপনারাও জানেন। এটা শুধু আমাদের রাজ্যের ব্যাপার নয়, সারা ভারতবর্ষেই আছে, অন্যদেরও আছে। আপনি অন্তত ভালো করে জানেন। কিন্তু আমার প্রশ্ন, এর পরও আপনি টাকা বাড়িয়েছেন বলেছেন। কিন্তু কোথা থেকে বাড়ালেন, কী ভাবে বাড়ালেন সেটা যদি স্পষ্ট করে বলেন ভালো হয়।

একটা সময়ে আমাদের এখানে বাইরের যে এন্ট্রি ট্যাক্স সেটা আপনি চাপিয়েছিলেন। এই নিয়ে অনেক আলোচনাও হয়েছিল। আলোচনার পর চাপিয়েছিলেন। আমরা জিজ্ঞাসা করেছিলাম, এই যে এন্ট্রিট্যাক্স চাপানো হল, আগে একবার বন্ধ হয়েছিল, তা থেকে আমাদের আয় কত হচ্ছে? আপনি একবার কাগজে-কলমে লিখে দিয়েছিলেন ৬ লক্ষ টাকা। পরে আমরা শুনেছিলাম ১ লক্ষ টাকা। আবার পরে আমরা শুনলাম ১০০ কোটি টাকা। এখন শুনছি ১২০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে। কোনটা সত্যি আমি জানিনা। নিশ্চয় এটা একটু বলবেন যখন বলার সুযোগ পেয়েছেন। দ্বিতীয়ত, তেলের দাম ভীষণ ভাবে বেড়ে গেছে আপনারা ভালো ভাবেই জানেন। তার যে সারচার্জ, যেটা আমরা পেয়ে থাকি, সেটা যোগ করলে প্রায় সাড়ে ৭০০ কোটি টাকার ওপর টাকা আমরা পেয়েছি। এটা আমাদের কাজে লেগেছে। আমি খারাপ বলছি না। এটা আমাদের পাওয়ার সুযোগ হয়েছে, ভালো। তৃতীয়ত, আমাদের প্লানে যা ছিল, প্লানে যা খরচের কথা, প্লান এবং নন-প্লানে, সব মিলিয়ে এখনও অনেক টাকা খরচ হয়নি।

আপনার বাজেট বক্তৃতায় ৩০/৪০ হাজার শিক্ষক নিয়োগের কথা বলা আছে। এইসব অনেক কথা বলা আছে। কিন্তু বাস্তব অবস্থা হচ্ছে গত দু'বছরে কোন শিক্ষক নিয়োগ হয়নি। একটা প্রাইমারী শিক্ষক নিয়োগ হয়নি, একটা সেকেন্ডারী শিক্ষক নিয়োগ হয়নি, একটা কলেজ শিক্ষক

নিয়োগ হয়নি, একটা ইউনিভার্সিটিতে শিক্ষক নিয়োগ হয়নি। এমন কী সরকারী কর্মচারীদের অনেক পোষ্ট ফাঁকা পড়ে আছে, তার একটা বিরাট অংশে নিয়োগ হয়নি। অতএব, এখানে খরচের প্রভিশন থাকা সত্ত্বেও খরচ হয়নি যা আপনাকে টাকা বাড়াতে সাহায্য করেছে। যেটা ভালো খবর তাতে আমার আপত্তি নেই। কিন্তু একটা বিষয়ে অবাক হয়ে যাচ্ছি, যে বিষয়গুলো আপনি গুরুত্ব দিয়ে বলছেন এবং যে বিষয়গুলোতে আপনি আগেরবার টাকা অ্যালট করেছেন, যাদের যা প্লান তাতে টাকা পাওয়ার কথা, সেই মত টাকা তারা পায়নি বা সেই মত খরচও হয়নি। এটা খুবই দূর্ভাগ্যের। যে গুরুত্বের কথা বলা হচ্ছে তা তারা ঠিক মত পাচ্ছে না। সেটা আমরা কী ভাবে দেখব? কয়েকটা উদাহরণ দিলে সেটা বোঝা যাবে। আমাদের সবচেয়ে গরুত্বপূর্ণ কতগুলো বিষয় আছে। আমি ঐ মেলা-খেলা, অমুক-তমুক - সেগুলো নিশ্চয় করতে পারেন। করতে পারে না আমি বলছি না। কিন্তু প্রধান কাজ করার পর। উপলক্ষ্য প্রধান হয়ে গেলে লক্ষ্য দুর্বল হয়ে যাবে। তাই লক্ষ্যকে প্রধান রাখতে হবে। লক্ষ্য প্রধান রেখে উপলক্ষে যা কিছু করতে পারি। আমরাও মেলা করেছি, করিনি তার নয়। পঞ্চায়েত উৎসব করেছি, প্রাণী সম্পদ উৎসব করেছি। আমি তো অসংখ্য করেছি। কিন্তু আমরা মূল লক্ষ্যকে সামনে রেখে কাজ করেছি। কিন্তু যে বিষয়গুলো গুরুত্বপূর্ণ সেই বিষয়গুলো আর্থিক ব্যাপারে কতটা গুরুত্ব পেল সেটা আমাদের কাছে সবচেয়ে বড় কথা।

আপনি গতবার যে বাজেট বক্তৃতা পড়েছিলেন তার পরিপ্রেক্ষিতে আমি বলেছিলাম, "যেখানে বেশী টাকা দিয়েছেন সেখানে বলেছেন 'এতগুণ বাড়িয়ে দিলাম', '100% বাড়িয়ে দিলাম, 150% বাড়িয়ে দিলাম - এই ভাবে বলেছিলেন কিন্তু যেখানে কম বাড়িয়েছিলেন সেখানে সেই ভাবে কিছু বলেননি।" এটা আপনি করেছিলেন। কিন্তু এবারে আপনি বললেন এত দিচ্ছি। কিন্তু কত দিয়েছিলেন আগে তা একবারও বলেননি। একটা বিষয়েও বললেন না যে, কৃষিতে এত ছিল আমরা বাড়িয়ে এত করলাম, প্রাণীসম্পদে এত ছিল আমরা বাড়িয়ে এত করলাম। এই ভাবে একবারও বললেন না। বাস্তব অবস্থা কিন্তু একেবারে আলাদা। যদি আমি এক-একটা ক্ষেত্র ধরি, আমাদের সামনে এখন সবচেয়ে বড় ক্ষেত্র কোনটা? এক নম্বর ধরুন আমাদের কৃষক ও কৃষি। যেটা আমরা আগেও গুরুত্বপূর্ণ মনে করেছি, এখনও গুরুত্বপূর্ণ আছে। সেই গুরুত্বপূর্ণ দপ্তরের অবস্থা কী? কৃষির সঙ্গে যুক্ত যে অ্যালায়েড সেক্টরগুলো আছে তাতে খেয়াল করলে দেখা যাবে ২০১১-১২ সালে কৃষিতে allotment ছিল ১৫০ কোটি টাকা। এবার বাড়লো কত? বেড়ে হল ১৮১ কোটি। সামান্য বেড়েছে। এবং যেটা বেড়েছে যেটা আমাদের নর্মাল যে ইনফ্লেশন হয় তার প্রায় কাছাকাছি। Actual যদি দেখা হয় তাহলে দেখা যাবে বাড়েনি। Agricultural marketing-এও সেই একই অবস্থা। Animal resource-এও অবস্থা ঠিক তাই, একই অবস্থা। আগে ছিল ১৮৯ কোটি টাকা এবারে হয়েছে ২০৯ কোটি টাকা। সুতরাং যে পরিমাণ বৃদ্ধির কথা, যেটা বলা হচ্ছে সেটা কিন্তু এখনও হয়নি।

আরেকটা গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন। যদিও আমার একটা বলার বিষয় আছে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে। আমরা বলেছিলাম, এর আগে একটা বইয়ে ভুল ছাপা হয়েছিল, আবারও ইচ্ছে করে ভুল ছাপানো হয়েছে। আমি ৪ বছরের হিসেব দিয়ে দিয়েছিলাম এবং সেটা আমার হিসেব নয়। গভর্নমেন্ট অব ইন্ডিয়ার যে ওয়েব সাইট আছে সেই ওয়েব সাইটে দেওয়া আছে। ২০০৮-০৯ সালে আমাদের এখানে শ্রমদিবস হয়েছিল সাড়ে আট কোটির মতো।

পার হেড মানে ম্যান্ডেজ হয়েছিল ২৬ দিন। গড়ে ২৬ দিন করে কাজ পেয়েছিল ২০০৮-০৯ সালে। ২০০৯-১০ সালে এটা বেড়ে হয়ে গিয়েছিল প্রায় ৪৫ দিন এবং শ্রমদিবস হয়েছিল ১৫ কোটি, প্রায় সাড়ে ১৫ কোটি। তারপরে ২০১০-১১ সালে যেটা আমাদের শেষ বর্ষ ছিল - সে বছরে শ্রমদিবস হয়েছিল ১৫ কোটি ৫৩ লক্ষ। তাতে আমাদের মাথাপিছু কাজ পেয়েছিল প্রায় ৩২ দিনের কাছাকাছি। সমস্ত হিসেব কিন্তু আমাদের গভর্নমেন্ট অব ইন্ডিয়ার বইতে দেওয়া আছে। এতে কারো হাত দেওয়া ক্ষমতা নেই, কারোর পরিবর্তন করার ক্ষমতা নেই। কিন্তু আমি দেখলাম আগে একটা বই ছাপানো হয়েছিল, আবারও একটা বই ছাপানো হয়েছে। সে বইতে পরিষ্কারভাবে বলা আছে - ভাষা দেখুন অদ্ভুত - With the state figure in terms of the percentage generated reached 15 crocres at the end of March 2012 reported 15th February and percentage 15 point something percentage although this is highly lower than the previous couple of years. এখানে বলেছে আগের বছরের থেকে কম হয়েছে কিন্তু ১৫ পার করেছে। কিন্তু ১৫ পার হয়নি। ২০১১-১২ তে এটা হয়েছিল ১৪ কোটি শ্রমদিবস, কাজ হয়েছিল ২৬ দিন। এখানে লেখা আছে ১৫ কোটির বেশি আর কাজ লেখা আছে ২৬ দিনের বেশি - ৩৩ দিন। এটা একেবারে অসত্য এর আগে সভায় আমি তুলেছিলাম। এমন কি আমাদের যে ন্যাশনাল লেভেল প্ল্যানিং কমিশনের মিটিং হয় সেখানেও যে রিপোর্ট ছাপা হয়েছিল সেটাও ভুল। আপনারা মিলিয়ে দেখে নেবেন, যদি আমার কথা ভুল হয় ত্রুটি স্বীকার করে নেব। না হলে এখানে ভুল ছাপা হয়েছে, এটা করা ঠিক হয়নি। এই যে আমাদের গ্রামোন্নয়নের ব্যাপার - পঞ্চায়েত এবং গ্রামোন্নয়নের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্র - তাতে গত বছর ধরা হয়েছিল কত? যদি একটু অমিতবাবু দেখেন 3945.83 কোটি টাকা। এটা ছিল গতবারের রিভাইজড বাজেট। এবারে সেটা হয়েছে 2990.37 কোটি টাকা। যেখানে আমরা বলছি পঞ্চায়েত দারুন কাজ করেছে, পঞ্চায়েতের বিশাল সাফল্য আছে। যেখানে আপনি বলেছেন ১০০ দিন কাজ করলে আরো বেশি লোককে একশো দিনের বেশি কাজ দেব। এতগুলো গুরুত্বপূর্ণ জায়গায় আপনি টাকা কমিয়ে দিলেন অথচ মুখে বলছেন গুরুত্বের কথা। দ্বিতীয় হচ্ছে শিল্পের ব্যাপারে। শিল্পের ব্যাপারে একইভাবে আপনি বলেছেন নানা কথা। কিন্তু বাস্তবটা কি? এই যে আমরা রোজই শুনছি শিল্পের ক্ষেত্রে একটা বিরাট পরিবর্তন হচ্ছে, প্রচুর লোক আসছে। মিটিং হচ্ছে এবং সর্বশেষ মিটিং বোধহয় হয়ে গেল ওয়েস্ট বেঙ্গল লিডস। যদিও আমার খুব খারাপ লাগছিল সমাপ্তির দিনে করুণ সুর শুনে। 'যদি তোর ডাক শুনে কেউ না আসে একলা চলো রে'। মনে হবে যেন সবাই পালিয়ে গেছে। বিশাল সাগরের মতো জমায়েত, বড় বড় সব লোক এসেছিল, বক্তৃতা হল। আমরা ভাবলাম বোধহয় কিছু হবে। কিন্তু শেষে আবার মুখ্যমন্ত্রীকে গাইতে হল 'যদি তোর ডাক শুনে কেউ না আসে একলা চলো রে'। যাই হোক এই যে শিল্পের এত ভাবনা কিন্তু বাস্তব কি? এই ক'বছরের হিসাব আমার কাছে আছে। প্রত্যেক বছরে কত প্রতিশ্রুতি পেয়েছেন মানে অপশান পেয়েছেন সেটা আমাদের কাছে আছে। সবগুলো এক হতে দাঁড়াবে ১ লক্ষ ২০ হাজার কোটি টাকা। কিন্তু একবারও বললেন না যে একটা শিল্প অনুমোদন হয়ে গেছে, একটা শিল্পের কাজ শুরু হয়ে গেছে, একটা শিল্প খানিকটা এগিয়েছে, একটা শিল্প কমিশন হয়ে গেছে। কোথাও বলা হয়নি। খালি কতগুলো চিঠি হয়তো পেয়েছেন, কতগুলো মুখে হয়তো সম্মতি পেয়েছেন। তারা এসেছে,তারা চলে গেছে, তারা হয়তো করবে না, এটাই হচ্ছে বাস্তব অবস্থা। কিন্তু আপনি তাই বললেন। টাকা পয়সার ব্যাপারে যদি দেখি

তাহলে আমরা দেখতে পাব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিতে যে পরিমাণ টাকা আপনারা ধরেছেন যা ধরা উচিত ছিল আজকের যুগে তার থেকে অনেক কম। এই ৯ নম্বরে আছে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি - গতবারে ছিল ৫০০ কোটি টাকা, এবারে ধরা হয়েছে ৫৪০ কোটি টাকা। ৫০০ আর ৫৪০ কোটি - ইন্টারেস্টটা যোগ করলে ৫৪০ পার হয়ে যায়। কাজেই গতবারে যা ধরেছিলেন তার এক পারসেন্টেরও বেশি ধরেননি। খুব সহজেই এটা বুঝতে পারা যায়। এইরকম আজকে ধরুন সংখ্যালঘু, ও.বি.সি. নিয়ে যে কথা আলোচনা হচ্ছে - যদিও আমরা একটা কথা আছে, মাননীয় স্পিকার বলে রাখতে চাই, ভুলে গেছিলাম বলতে - এটা আমার খুব খারাপ লেগেছে এটা কাম্য নয়। যে বিষয়গুলো আমাদের বাজেট বক্তৃতায় আসবে আমি তো জানি সেটা গোপনীয় থাকে। আগে সেই নিয়ে কেউ কথা বলতে পারে না। অথচ আমরা দেখলাম মুখ্যমন্ত্রী দু দিন আগেই কথাগুলো বলে ফেললেন। আরো মজার কথা তখন বিধানসভা চলছে। ৮ তারিখে বিধানসভা চলছে, ৮ তারিখে তিনি সব ঘোষণা করে দিলেন - কন্যাশ্রী কি হবে, রিজারভেশান কি হবে সব তিনি বলে দিলেন। আমি মনে করি এগুলো কাম্য নয়, উচিত নয়, কিছুটা বেআইনিও বটে। অথচ এগুলো হয়েছে সেটা আপনি বিচার করবেন আমি বলে রাখলাম। কিন্তু বলা হল কি?

[2.00–2.10 p.m]

যে ও.বি.সি.-দের রির্জারভেশান করা হবে। ও.বি.সি.-দের রির্জারভেশান কিভাবে করা হল। কিসে, না হায়ার এডুকেশান এবং তার সাথে বলা হল, এস.সি., এস.টি. - দুই থাকবে। তা আমি তো অবাক হয়ে গেলাম যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যেদিন এখানে আসলেন সেই তারিখটা ৩০শে জুন। তিনি একটা ভাল কথা বলেছিলেন, আমি তাকে অভিনন্দন দিয়েছিলাম। উনি বলেছিলেন, আমি পার্লামেন্টটা একটু বুঝি কিন্তু অ্যাসেম্বলী কম বুঝি। উনি নিজেই স্বীকার করেছিলেন। তারপর আমরা দেখলাম উনি সেদিন একটা কথা বলেছিলেন, আমি পেনশান দেব ব্যাংকের মাধ্যমে। উনি জানতেন না যে ব্যাংকের মাধ্যমে আগে থেকে পেনশান চালু হয়ে গেছে। এখানে দেখলাম তিনি বক্তৃতায় বলছেন যে এস.সি. এবং এস.টি. এদের হায়ার এডুকেশানে আমি রির্জারভেশানের ব্যবস্থা করবো কিন্তু উনি হয়তো জানেন না রির্জারভেশান আগেই চালু হয়ে গেছে। যেটা হয় নি, সেটা হল ও.বি.সি.। ও.বি.সি.-র ব্যাপারে যে বিলটা আমরা আজকে পেলাম তাতেও দেখলাম কিছুটা রির্জারভেশান রাখা হয়েছে। মেডিকেল, ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে যেটাকে হায়ার এডুকেশান বলে, পোস্ট গ্রাজুয়েট সেখানে রির্জারভেশানের আওয়তায় আসবে না। আর একটা মারাত্মক অপরাধ হয়েছে সেটা হচ্ছে উনি মুসলিমদের কথা বলেন মাননীয় মুখ্যমন্ত্রী। মুসলিমদের কাজের কথা বলেন, তাদের উন্নয়নের কথা বলেন শুনতে আমাদের ভালই লাগে। মোনাজাত দেন আমাদের ভালই লাগে। আমাদের সেই ব্যাপারে আপত্তি নেই কিন্তু বাস্তবে যা বলেন আর কাজের সঙ্গে বিরাট অমিল। এক নম্বর হচ্ছে, যে আইনটা করা হচ্ছে রিজারভেশানের দেখবেন আইনে একটা বিরাট গোলমাল। যে মূল আইনটা করা হয়েছিল আমাদের সময়। তখন হায়ার এডুকেশান ছিল না কিন্তু অন্য বিষয়গুলো ছিল। কি কি বলা ছিল - সাচার কমিটির রিপোর্টের পরে যে আমাদের কমিশন হল, সেই কমিশন বলেছিল মুসলিমদের যাতে আলাদা করে ব্যবস্থা করা যায় তা করতে হবে কিন্তু সংবিধানে বাধা আছে। সংবিধানের বাধা এড়িয়ে ঠিক হল যে মুসলিমদের এই অংশকে

যদি ও.বি.সি.-র জায়গায় ঘোষণা করতে পারি নিয়ম মেনে তবে এই ব্যাপারে কিছু করতে পারি। সেইমত করে করা হল এবং তাতে আমাদের এ-ক্যাটাগরি এবং বি-ক্যাটাগরি করা হল। যারা মুসলিম ও.বি.সি. তারা এ - ক্যাটাগরি আর যারা নন-মুসলিম তার হবে ও.বি.সি. বি-ক্যাটাগরি। এ-ক্যাটাগরি ১০ ভাগ এবং বি - ক্যাটাগরি - ৭ ভাগ এটা করে দেওয়া হল। যাতে ১০ ভাগ হলে ম্যাক্সিমাম পেত। এবারে আমরা ১০৮ গোষ্ঠীকে চিহ্নিত করলাম। সেই মত আইন করলাম, রোষ্টার করলাম, সব করে দিলাম। আমরা চলে যাওয়ার পরে মিঃ উপেন বিশ্বাস এখানে আছেন, আমরা তার কাছে গিয়েছি বহু বার, বার বার বলেছি। তিনি আবার যেটা করলেন তাতে ৩৬টি নতুন গোষ্ঠী যুক্ত হল। এই ৩৬টির মধ্যে ২৬টি হচ্ছে মুসলিম, এদেরকে দিয়ে দেওয়া হল বি - গ্রুপে। আর যারা নন-মুসলিম তাদেরকে দিয়ে দেওয়া হল এ - গ্রুপে। এবার দাঁড়ালো কি? যাতে এ - ক্যাটাগরিতে মুসলিমও থাকলো, নন-মুসলিমও থাকলো। বি - ক্যাটাগরিতে মুসলিমও থাকলো, নন-মুসলিমও থাকলো। এখন কোন নাম আসলে মুসলিমও আসবে, আবার অমুসলিমও আসবে। আবার এমন ঘটনা ঘটতে পারে একটাও মুসলমান পেল না অথচ ও.বি.সি. রির্জারভেশান কার্যকারী হয়ে গেল। আবারএটা দেখা গেল সকলে মুসলিম পেয়ে গেল অন্য কেউ পেল না অথচ আইনসিদ্ধ হয়ে গেল। এই ঘটনা ঘটতে পারে, সেই ঘটনা ব্যবস্থা করা কাম্য হয় নি। এই জন্য রির্জারভেশানের ব্যাপারে যে কথা গুলো বলা হয়েছে ঠিক নয়। এই রকম অনেকগুলো বিষয় দেখা যাবে সেই রকম বঞ্চিত হয়ে আছে। এই যে বলা হয়েছিল ১০ হাজার মাদ্রাসা হবে - এটা যে কতখানি ফাঁকিবাজি ব্যাপার। ১০ হাজার মাদ্রাসা হবে অথচ কোন পয়সা দেওয়া হবে না। "অশ্বথামা হত, ইতি গজ।" অদ্ভুত, অমিতবাবু কি মনে করেন আজকে এমন কোন মাদ্রাসা সম্ভব গ্রামাঞ্চলে যেখানে সরকার পয়সা দেবে না অথচ চলবে, হতে পারে? রাইট টু এডুকেশান অ্যাক্ট হয়েছে। সকলকে বিনা পয়সায় পড়াতে হবে আর ১০ হাজার মাদ্রাসা টাকা দিয়ে পড়বে এটা কখনও হয়, উদ্ভট কথা বললাম। দ্বিতীয়, আমরা যেটা পেলাম রাইট টু এডুকেশান অ্যাক্টে জানেন, যে অ্যাডিশানাল টিচার দেওয়া হল টিচার - পিপল রেশিও করতে গিয়ে প্রাইমারি, সেকেন্ডারি মিলিয়ে প্রায় ৪৫ হাজার। তার ম্যাচিং হয়েছিল ৫ হাজার ৫০০ হয়েছিল মাদ্রাসার জন্য। সেকেন্ডারির পরীক্ষা হয়ে গেল এস.এস.সি.তে, আরা মাদ্রাসার ক্ষেত্রে হয়তো আপনার হাতে সই হয়ে পড়ে আছে মুখ্যমন্ত্রীর টেবিলে সেটা আজও অনুমোদন পায় নি। আগে অনুমোদন পেলে গত পরীক্ষায় তারা বসতে পারতো। স্যাড়ে ৫ হাজার মুসলিম ঘরের ছেলেমেয়েরা কাজ পেত, সেটা আজকে হয় নি। সেটা দূর্ভাগ্য এই কারণে এদের পরীক্ষা হয়েছিল একসঙ্গে। এস.এস.সি. সঙ্গে মাদ্রাসা কমিশন জুলাই মাসে। জুলাই, আগস্ট, সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ - নয় মাস হয়ে গেল এই পরীক্ষার কি হয়েছে কে জানে। কেউ বলছেন খাতা নাকি মন্ত্রীর বাড়ি চলে গেছে। আমরা তো শুনে অবাক, কেউ বলতেই পারছেন না খাতা কোথায় গেল। কেউ বলতেই পারছেন না পরীক্ষার কি হল। এখনও এই ঘটনা ঘটে আছে। এর থেকে মর্মান্তিক কি হতে পারে। এই ঘটনা মুসলিমদের দরদ দেখানোর একটা পথ হয়ে আছে। এই রকম আরো অনেক ঘটনা ঘটে আছে যে কথাগুলো বলা হয়েছিল তা হয় নি। এই মুসলিমদের জন্য স্কুল কলেজ, ইউনির্ভাসিটি, অমুক-তমুক হতে হতে সেটা যুক্ত হয়ে গেল কোথায়? না, এদের ভাতার ব্যাপারে। ভাতাতে আপত্তি আমরা করি নি। আমরা বলেছিলাম যে ইমামদের ভাতার চেয়ে দশগুণ গুরুত্বপূর্ণ একজন ছেলেকে শিক্ষিত করা, একটা ছেলেকে এগিয়ে দেওয়া কিন্তু সেটা গুরুত্ব পেল না - এটাই হচ্ছে মাইনোরিটিদের অবস্থা।

আর আপনি মন্ত্রী হিসাবে কি করলেন? মাইনরিটির দিকে তাকিয়ে দেখুন, আপনি যে বাজেট করেছেন সেই বাজেটে এখানে লেখা আছে যে মাইনরিটির ব্যাপারে যে পরিমাণ টাকা দেওয়ার কথা, আগে যা ছিল সেই পরিমাণের সঙ্গে টাকার কোন মিল নাই। যেমন ও.বি.সি.-র করা আছে, তেমনি মাইনরিটির করা আছে। যেমন ও.বি.সি.-র করা আছে যে আমাদের আগে ধরা ছিল ৬৪১ কোটি টাকা। এইবারে করে দিলেন মাত্র ৫২৩ কোটি টাকা। আর মাইনরিটির ব্যাপারে করা হল, মাইনরিটি অ্যাফেয়ার্সে আপনার আগে ধরা ছিল ৫৫৯ কোটি ৬১ লক্ষ টাকা। এবারে হল মাত্র ৮৫৯ কোটি টাকা, বাড়ল একটু। কিন্তু যতগুলো বিষয় এখানে বলা হয়েছে তার সঙ্গে টাকার কোন সঙ্গতি নাই। এই রকম ব্যবস্থা করা হয়েছে। তারপরে আমরা চলে আসছি এবার অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে একটা গুরুত্বপূর্ণ বিষয় রেখেছেন, যেটা নিয়ে আপনাকে কোশ্চেন করেছিলাম, তাও হচ্ছে বেকার ছেলেদের ব্যাপারে। আমার মনে আছে যে আপনি যখন গতবার বাজেট পেশ করেন সেই বইয়ে কিন্তু লেখা ছিল না কত বেকার ছেলের কাজ হবে। আমার বেশ মনে আছে, আমি ঠাট্টা করে বলেছিলাম যে পিছনে মুখ্যমন্ত্রী আছেন, ভয়ে পড়ে আপনি বলে ফেলেন ১১ লাখ কত হবে। এই ভাষাটা মনে আছে। তারপরে জিজ্ঞাসা করেছিলাম এই যে ১১ লক্ষ চাকরি হবে, কোথা থেকে হবে? আপনি বলেছিলেন ৭৫% হবে কৃষি থেকে। আমি হাসতে হাসতে বলেছিলাম যে আজকে কৃষিক্ষেত্রে আমেরিকায় মাত্র শতকরা একভাগ লোক কাজ করে। আর আপনি বলছেন কৃষিতে কাজ হবে। যাইহোক, এবার আপনি কি বললেন? দশলাখ কত আপনি কাজ দিয়ে দিয়েছেন। দশলাখের উপর চাকরি হয়ে গেছে। আর আপনার তের লাখের মতো টার্গেট হয়ে আছে। এটা বলা আছে বইয়ে, আপনার বক্তৃতাতে আছে। আমার প্রশ্ন হচ্ছে যে সত্যিই দশ লক্ষ চাকরি হয়েছে? চাকরি যদি মনে করেন যে আমি এন.আর.ই.জি.এ-তে কদিন কাজ দিয়েছি, এটা যদি চাকরি হয় তাহলে নিশ্চয় হতে পারে। পার্লামেন্টে একবার এই রকম হয়েছিল, মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন এককোটি চাকরি দেব। তারপরে এম.পি.-রা যখন ধরলেন, তখন বললেন যে ভারতবর্ষে এতগুলো পাকা ঘর হয়েছে, একটা করে রাজমিস্ত্রি লাগে, দুটো করে সঙ্গী লাগে, যোগ করলে এক কোটি হয়ে যায়। এই রকম যদি হিসেব দেন তাহলে হতে পারে। কিন্তু সত্যি কি মনে করেন যে আমাদের পশ্চিমবাংলায় এই সময়ে দশ লক্ষ ছেলের চাকরি হয়েছে? যদি নাম দিতে পারনে, বলতে পারেন কোথায় কিভাবে হয়েছে আমি খুব খুশি হব। কিন্তু আর একটা জিনিস যেটা করলেন, আমি উদ্দেশ্য নিয়ে বলছি না, খারাপ তা বলছি না। এবার বললেন যে বেকার ছেলেদের একটা অংশকে, একলক্ষ বেকার ছেলেকে মাসে মাসে দেড় হাজার টাকা দেওয়া হবে, ভাল কথা। আমি বলছি না খারাপ কাজ। কিন্তু পদ্ধতির সততা নিয়ে আমার প্রশ্ন আছে। আমাদের এই পশ্চিমবাংলায় স্বীকৃত একটা জায়গা আছে, নাম হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ। সবারই নাম লেখা আছে। একটা সময়ে আমরা বলেছিলাম ওখান থেকে নাম পাঠালে তবেই কাজ হবে, চাকরি হবে। পরবর্তীতে মামলা মোকদ্দমা হওয়ার পরে ঠিক হয় যে না, এক্সচেঞ্জেও আসবে এবং কাগজেও যাবে, ভাল কথা। মধিখ্যানে আপনারা আর একটা নাম দিলেন এমপ্লয়মেন্ট ব্যাংক। এমপ্লয়মেন্ট ব্যাংক বলে দিলেন। তার অবস্থান কোথায় - না, কোলকাতার একটা কেন্দ্র। বাকি নাকি ইন্টারনেট, ওয়েবসাইটে, অনলাইনে করতে পারে, সে আলাদা কথা। কিন্তু ভারতবর্ষে কোথাও তেমনি ইউনিট নাই। এখনও অবধি নাম লিখেছেন ৯৪ হাজার। এক লাখও নায়। ৯৪ হাজার নাম লিখিয়েছে। তাতে এইট পাশও আছে, ইঞ্জিনিয়ারও আছে। কয়েকদিন আগে কজন ইঞ্জিনিয়ারকে বেছে চাকরি দেওয়ার ব্যবস্থা হল শুনলাম, ঠিক আছে।

যদি দেওয়ার সততা থাকে, ইচ্ছা থাকে তাহলে এই কথাটা লিখবেন কেন? যে যাদের নাম এমপ্লয়মেন্ট ব্যাংকে রেজিস্ট্রী করা আছে তাদের এক লক্ষকে মাসে পনেরোশো করে টাকা দেওয়া হবে। সততা থাকলে এই রকম পদ্ধতি হতে পারে না। যদি এই পদ্ধতিতে করেন তাহলে বুঝতে হবে যে এক্সচেঞ্জকে যারা মানেনি, কারা মানেনি? যারা মমতা ব্যানার্জীর ঘোষণার পরে নাম লিখিয়েছেন এমপ্লয়মেন্ট ব্যাংকে, তারা তো সব তৃণমূলের লোক। তাহলে তো পার্টির লোককে দেওয়া হবে। আমি বলতে চাই যদি সততা থাকে, না না, আমার কথা ভুল হতে পারে, যদি সততা থাকে তাহলে স্পষ্ট একটা নীতি বলা দরকার যে এই নীতিতে হবে, এই পদ্ধতিতে হবে। সেই নীতি না বলে যার নাম এমপ্লয়মেন্ট ব্যাংকে আছে, এক্সচেঞ্জে নাই, এক্সচেঞ্জে নাম লেখাটা অপরাধ, আর ব্যাংকে লেখাটা ভাল কাজ, অতএব সেখানে গেলে পাবে। এটা কোন নীতি হতে পারে না। কাজেই সেই নীতির ব্যাপারে ভাল করে দেখা উচিত বলে আমি মনে করি। আরও অনেকগুলো দপ্তরের বিষয় আছে। এর আগে যখন হয়েছিল, আমি একদিন বলেছিলাম, দপ্তরের ভাগ করলে দেখা যাবে যে সব দপ্তরে, বেশির ভাগ দপ্তরে টাকা যা আছে তাই। টাকার কোন বড় পরিবর্তন নেই। কিন্তু কাজ আছে। কিন্তু এই দপ্তরে আমি যেটা বলেছিলাম, যুবকল্যাণ দপ্তরে, আমি তো কিছুতেই মেলাতে পারলাম না। উনি বললেন কেন, আর হিসাবটা কোথায়? যুব কল্যাণ দপ্তরের দিকে তাকিয়ে দেখুন এতে বলা আছে ৬৫ নম্বরে, টাকা হচ্ছে, আগে ছিল একশো কোটি টাকা, এখন হয়েছে একশো কুড়ি কোটি টাকা। আমি হিসেব করে দেখলাম যে প্রায় একশো আশি কোটি টাকা লাগবে এই একলক্ষ ছেলেকে ১৫০০ করে টাকা দিতে। এক বছরে লাগবে ১৮০ কোটি টাকা। যুব কল্যাণ দপ্তরে আগে দেওয়া ছিল একশো কোটি টাকা। ওটা নর্মাল কাজ। খেলাধূলা থেকে আরম্ভ করে বিবেকমেলা এইসব করতে গেলে খরচ তো হবেই। তারপরে স্ট্যাটিউটরি কতকগুলো খেলা আছে।

[2.10–2.20 p.m]

এই ১৮০ কোটি টাকা নিশ্চয়ই বাড়তি যেটা বেকারদের জন্য দেওয়া হবে, যেটা যুব কল্যাণ দপ্তরকে দেওয়া হয়। সেখানে আমি একটাও দেখলাম না তাহলে এটা যুক্ত হত ১২০+১৮০। কিন্তু সেটা না দিয়ে, গত বছর ছিল ১০০ কোটি টাকা এইবার দেওয়া আছে ১২০ কোটি টাকা। এই যে ১৮০ কোটি টাকা কোথা থেকে আসবে এখানে কোথাও বলা নেই। যদি কোথাও বলা থাকে ধরিয়ে দেবেন। ভুল হতে পারে হয়ত। কিন্তু আমি যুব কল্যাণ দপ্তরে দেখলাম না। এরকম আরো কতগুলি ইমপর্টেন্ট দপ্তর আছে সেখানে কিন্তু একই অবস্থা হয়ে আছে, টাকা বাড়েনি। এখন মজা হচ্ছে একটাই এই যে আর্থিক যে শৃংখলা আছে, বাজেট বলুন সরকার বলুন সবেতেই একটা শৃংখলা থাকে, নিয়ম থাকে। যখনই কোন দপ্তর টাকা পায় সেই দপ্তর যখন কাজ করে সে একটা নির্দিষ্ট নীতি ঘোষণা করে কাজ করে। আমাদের শুনতে খুব লজ্জা লাগছে, খারাপ লাগছে। এমন অনেক ঘটনা ঘটে যাচ্ছে তার কোন নিয়ম শৃংখলাই নেই। আজকে একটা টাকা দেওয়া হবে সেটা ভাল কথা। কিন্তু আনিসুর রহমানের যেখানে কেন্দ্র সেখানে টাকা পাবে না, সেটাও বলছি ভাল কথা। কিন্তু সে জানতে পারবে না সেটা কি ভাল কথা? পশ্চিমবাংলায় কবে কবে টাকা পাবে ২ লক্ষ টাকা করে, আনিসুর রহমান যে কেন্দ্র থেকে এসেছে সেখানকার ছেলেরা এত পাপী হয়ে গেছে,

তাকে সি.পি.আই.এমের বেশী লোক ভোট দিতে পারে। যেখানে তৃণমূল আছে, কংগ্রেস আছে তারা কেন জানবে না যে টাকা দেওয়া হচ্ছে। তারা কেন দরখাস্ত করতে পারবে না? টাকা দিয়ে দেওয়া হচ্ছে। এই রকম সমস্ত ক্ষেত্রে যতগুলি দপ্তর দেখবেন যত প্রোগ্রাম হচ্ছে সেখানে কোন নিয়ম কানুন মানা হচ্ছে না। আমরা তাই বলতে চাইছি এই নিয়মগুলি না মানলে এটা ক্ষতিকারক। আজকে হয়তো ভাল লাগতে পারে, আমাদেরও হয়তো একদিন কিছু ত্রুটি-বিচ্যুতি হতে পারে, ভুল হতে পারে। কিন্তু নীতি তো নীতি, নিয়ম তো নিয়মই। আমাদের সবার উচিত পক্ষে থাকি বা বিপক্ষে থাকি কিন্তু নিয়মটা তো মানতে হবে। কিন্তু আপনি জানাবেন না এটা তো হতে পারে না। আজকে সকালে একজন বললেন যে আমাদের যে অনুষ্ঠান হবে তাতে চলে যাবেন। কিন্তু কার্সিতো একটাই। যে এলাকায় প্রোগ্রাম হবে চিঠি দিতে হয়। আমার তো মনে আছে আমি আজকে ক্ষমা চাইলাম আর আজ থেকে ২০ বছর আগে একটা ক্ষমা চেয়েছিলাম। তখন সুদীপবাবু মাদ্রাসা বোর্ডের কাছে, ওখানকার এম. এল. এ ছিলেন। আমি জানতাম না ওখানকার এম. এল. এ-দের ডাকতে হয়। জ্যোতিবাবু ভিত্তি প্রস্তর স্থাপন করেছিলেন মাদ্রাসা বোর্ডের, উনি অভিযোগ করেছিলেন, আমি ক্ষমা চেয়ে ডেকে নিয়ে গিয়েছিলাম, সে কথা আলাদা। কতগুলি যে নর্মস আছে সেই নর্মস গুলি মানা উচিত। এগুলি বেশিরভাগ ক্ষেত্রে ঘটে যাচ্ছে। এ যদি হয় তাহলে সেটা পশ্চিমবাংলার পক্ষে ক্ষতিকারক বলে মনে করছি। আমি তাই বলতে চাই যে বাজেট এর আগে রাখা হয়েছে আজকে আবার রাখা হয়েছে। যে কয়েকটা বিষয় এখানে হাজির করা হয়েছে এর বাইরে একটা হচ্ছে কন্যাশ্রী যোজনা আরো কয়েকটি আছে। সমস্ত ক্ষেত্রেই যদি নির্বাচন প্রধান হয়ে দাঁড়ায়, ভোট কি ভাবে পাব সেটা যদি প্রধান হয়ে দাঁড়ায় তবে সামান্য ভোট কিছু বাড়তে পারে ঠিকই কিন্তু আমাদের পশ্চিমবাংলার যেটা চাইছি এবং আপনারাও বলছেন মা-মাটি-মানুষের সরকার বাংলার উন্নয়ন চায় তাই কখনো হবে না, হতে পারে না। তাই আমি আশা করব যে এই সমস্ত বিচার বিবেচনা করে এর পরিবর্তন করে নিয়ে সেই ব্যবস্থা করবেন। এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় রাজ্যের ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ডঃঅমিত মিত্র ২০১৩-১৪ সালের আর্থিক বছরে যে ২৬,৬৭৪ কোটি টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করেছেন আমি তাকে সমর্থন করছি। আমি অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি গত আর্থিক বছরের তুলনায় ১৪.১৩% অধিক ব্যয় বরাদ্দ উপস্থাপিত করার জন্য। এই বছরের বাজেট পর্যালোচনার আগে ২০১২-১৩ বছরের আর্থিক পর্যালোচনা করলে দেখা যাবে যে রাজ্যের মুখ্যমন্ত্রী সম্মানীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে রাজ্যের অগ্রগতিরজন্য বিত্তমন্ত্রীকে রোখা যাবে না, তার অগ্রগতি অপ্রতিরোধ্য। ২০১২-১৩ অর্থবর্ষে ভারতের গড় বৃদ্ধির হার ছিল ৪.৯৬% । আর রাজ্যের বৃদ্ধি হয়েছে ৭.৬% । কৃষি ও সহায়ক ক্ষেত্রে যেখানে ভারতের বৃদ্ধির হার ১.৭৯% সেখানে রাজ্যের বৃদ্ধির হার ২.৫৬%। বিরোধী নেতা আনিসুর রহমান দুঃখ করছিলেন রাজ্যে শিল্প কোথায়, শিল্প কোথায়। রাজ্যে শিল্পের বৃদ্ধির হার প্রমাণ করবে শিল্প হয়েছে কিনা (গোলমাল) অংক থেকে বোঝা যাবে মাননীয় স্পীকার স্যার ভারতে যেখানে শিল্প বৃদ্ধির হার ৩.১২% সেখানে বাংলায় শিল্প বৃদ্ধির হার ৬.২৪%। এই তথ্য ভারতবর্ষের ইন্ডিয়ান স্ট্যাটিশটিক্যাল ইনস্টিটিউটের। সেন্ট্রাল গভর্ণমেণ্টের ইন্ডিয়ান স্ট্যাটিশটিক্যাল ইনস্টিটিউটের পাবলিশড তথ্য, তৃণমূল অফিসের নয় স্যার। স্ট্যাটিসটিকাল ডিপার্টমেন্টের তথ্য

প্রমাণ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিষেবা ক্ষেত্রে বৃদ্ধির হার যেখানে ভারতবর্ষে ৫.৯ শতাংশ সেখানে বাংলায় বৃদ্ধির হার ৯.৪৮ শতাংশ। এই বৃদ্ধিই প্রমাণ করে বাংলার অগ্রগতিকে মাননীয় বিত্তমন্ত্রী ত্বরান্বিত করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অগ্রগতির মধ্যে আবার ৭০ শতাংশ মানুষ যেখানে বাস করে অর্থাৎ গ্রামবাংলা—সেই গ্রামবাংলায় অগ্রগতি সবচেয়ে বেশি সংশোধিত হয়েছে ২০১২-১৩ আর্থিক বছরে। যখন মহাকরণ থেকে দীর্ঘ ৩৪ বছর রাজ্য পরিচালনা করে এরা বিদায় নিলেন তখন কৃষি এবং সহায়ক ক্ষেত্রে বৃদ্ধি ছিল মাইনাস ০.৭৪ শতাংশ, সেখানে ২০১১-১২ অর্থ বর্ষে বৃদ্ধির হার ১.৮৪ শতাংশ। সেটা বেড়ে ২০১২-১৩ তে বৃদ্ধির হার ২.৫৬ শতাংশ। বামফ্রন্টের নেতিবাচক অর্থনীতিকে সচল, সজীব করে ইতিবাচক অর্থনীতিতে রূপান্তরিত করাটাই বর্তমান বিত্তমন্ত্রীর প্রধান কাজ এবং মুখ্যমন্ত্রীর প্রধান প্রেরণা। কি করে বাড়ল স্যার একটু তথ্য আমি দিই। গত দেড় বছরে শতকরা ৬ ভাগ চাষযোগ্য জমির আয়তন বেড়েছে। একটি তথ্য আপনাকে আশ্বস্ত করবে স্যার যে, শস্য চাষের নিবিড়তা যেখানে ২০১০-১১ সালে ছিল ১৭৭ শতাংশ, ২০১১-১২ তে সেটা হয় ১৮০ শতাংশ, ২০১২-১৩ তে ৩ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৮৩ শতাংশ দাঁড়িয়েছে। সুতরাং গ্রামবাংলার অর্থনীতি কৃষিতে যে বাড়ছে এই ব্যাপারে কোন সন্দেহ নেই। এই তথ্যগুলো যখন দেওয়া শুরু করেছি তখন বিরোধীরা একে উপেক্ষা করেছেন। আসলে বামরা সত্যিই স্যার বামাচারী, এরা সুগন্ধের মধ্যে দুর্গন্ধ দেখে এবং দুর্গন্ধের আস্বাদন পায়। এরা গুণের মধ্যে দোষ আবিষ্কার করতে এক একজন সিদ্ধপুরুষ। আমরা শুনেছি স্যার লোকের চোখ ট্যারা হয়, এদের মগজটা ট্যারা। নীতিগত ক্ষেত্রে এদের জন্ডিস ব্রেন। আমি অনুরোধ করব স্যার এরা সাদাকে সাদা দেখুন, সত্যকে সত্য দেখুন। দফাওয়াড়ী বাজেট অর্থ বরাদ্দের আগে বর্তমান সরকারের রেগুলেশন এবং বাজেট ম্যানেজমেন্ট নিয়ে আমি আলোচনা করতে চাই। গতবারে বিত্তমন্ত্রী যখন এই সদনে বাজেটের উপরে আলোকপাত করেছিলেন, তখন তিনি স্পষ্টতঃ বলেছিলেন আমার কর নীতি সরলীকরণের উপরে প্রতিষ্ঠিত—সিমপ্লিফিকেশান, মেকানাইজেশান অ্যান্ড মর্ডানাইজেশান, ডি-ম্যাট এবং ই-গভর্নেন্স, ইন্সপেক্টর রাজ খতম করা, স্বচ্ছতা আনয়ন করা অর্থাৎ করদাতাকে নিগ্রহ করা হবে না, তাকে আগ্রহী করা হবে। আমি মাননীয় অর্থমন্ত্রীর মধ্যে সেই বাপুজীর কণ্ঠস্বর—সত্যাগ্রহের কণ্ঠস্বর শুনতে পাচ্ছি। কর প্রদানের মধ্যে মানবিক আবেগ তৈরী করতে হবে, যাতে করদাতা মনে করেন যে এটা তার নৈতিক দায়িত্ব এবং কর প্রদানের তারজন্য আয়তন বাড়তে থাকে। এই কারনীতে সংস্কার করেছেন, সেই সংস্কারের ফলে রাজস্ব বৃদ্ধি পেয়েছে। এতৎসত্ত্বেও বাজেটে মাননীয় অর্থমন্ত্রী আরো অধিকতর সংস্কারের পথে গিয়েছেন। যেমন স্ব-নিরীক্ষা ৩ কোটি টাকা থেকে বাড়িয়ে ৫ কোটি টাকাতে নিয়ে এসেছেন। ৫০ লক্ষ টাকার নীচে যারা, তাদের কর দিতে হবে না। ইনপুট ট্যাক্স ক্রেডিটের সুবিধা নেওয়ার জন্য যে রেসিস্টারের উপরে নির্ভর করতে হত তা আর নির্ভর করতে হবে না। কর নির্ধারণের ক্ষেত্রে চালু পদ্ধতি রোধ করেছেন। পঞ্চমতঃ শিক্ষা সেসে কতকগুলোক্ষেত্রে কর প্রদান সময় বৃদ্ধি করেছেন। ষষ্ঠতঃ বৃত্তিকর পদ্ধতির সংস্কার সাধন করেছেন। লাভ কি হয়েছে স্যার? লাভ হয়েছে যে সংস্কারের ফলে অনুমান ছিল ২৫ শতাংশ তিনি কর বৃদ্ধি করতে পারবেন যা সারা ভারতবর্ষের কোন রাজ্যে হয়নি ৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে এদের ৩৪ বছরের আমলে যেটা কেউ কল্পনাও করতে পারতেন না।

[2.20–2.30 p.m]

৩০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সরকারের ঘরে এসেছে ৩২ হাজার কোটি টাকা। সারা ভারতে এটা একটা রেকর্ড। এটা একটা ঐতিহাসিক মডেল স্যার। এরা সহ্য করতে পারছে না। বিরোধী নেতা শ্রদ্ধেয় আনিসুর রহমান বললেন যে তেলের দাম বেড়েছে, কয়লার দাম বেড়েছে, এন্ট্রি কর চাপিয়েছেন। উনি তিনটিকে কারণ বলে বললেন। যেন ভাবটা এই ৩৪ বছরে তেলের দাম বাড়েনি, ৩৪ বছরে কেরোসিন তেলের দাম বাড়েনি, ৩৪ বছরে পেট্রোলের দাম বাড়েনি, ৩৪ বছরে কয়লার দাম বাড়েনি, অমিত বাবুর সময় বাড়ল, আর তার থেকে আয় হল। সত্য কে সত্য বলুন স্যার। সবিনয়ে বলি রাজস্ব বৃদ্ধি যেটা হয়েছে, হ্যাঁ, এই বৃদ্ধির ফলে কিছু টাকা অতিরিক্ত এসেছে ঠিক কিন্তু তার মানে এই নয় যে সবটাই এই বৃদ্ধির উপর নির্ভরশীল। কিন্তু অমিতবাবু আরো এগোতে পারতেন, ৩৪ বছরের পাপের প্রায়শ্চিত্য করতে হচ্ছে পাহাড় প্রমাণ ঋণের সুদের টাকা দিতে গিয়ে তিনি দুঃখ করেছেন যে আমরা বার বার ভারত সরকারের কাছে গিয়ে চেষ্টা করেছি এই ঋণের ফাঁদ থেকে মুক্ত হবার জন্য। ভারত সরকার যে ১০ লক্ষ বিলিয়ন ডলার ইউরো জোনের জন্য দেওয়া হচ্ছে সে জন্য দুঃখিত নন অমিত বাবু। দুঃখিত এই কারণে যে কেন্দ্র সরকার দান করেছে প্রতারণা করে, কেন্দ্র দান করছে নিজের অঙ্গ রাজ্যকে অবহেলা করে। দুঃখটা অবহেলার জন্য, দুঃখটা দানের জন্য নয়, বুঝতে ভুল করছেন। সুতরাং এর মধ্যে আন্তর্জাতিকতা কোথায়, এর মধ্যে সংবিধান কোথায়? স্পেডকে স্পেড বলেছেন আমাদের বিত্ত মন্ত্রী। তাই দুঃখটা হচ্ছে আমাদের যন্ত্রনা বুঝতে পারছেন না বলে। এটার জন্যই দুঃখ। এটার জন্য আমি তাঁর সঙ্গে একমত। মাননীয় স্পিকার স্যার, বিরোধীরা বলছেন এই বাজেটে দিশা কোথায়। দিশা নেই? এই বাজেটে ন্যায় বিচারের মাধ্যমে ন্যায় বিচারের জায়গাগুলোকে সুপ্রতিষ্ঠিত করা হয়েছে। ন্যায় বিচার কোন ক্ষেত্রে? জিয়োগ্রাফিক্যাল ডিসপ্যারিটি, ভৌগোলিক সুষম বিকাশের অভাবের জায়গা পূরণ করা হয়েছে। উত্তরবঙ্গ উন্নয়নে ২৪০ কোটি টাকা, সুন্দরবন উন্নয়নে ২৭৫ কোটি টাকা, পশ্চিমাঞ্চল উন্নয়নে ২২৬.৩৯ কোটি টাকা এই বাজেটেই বরাদ্দ করা হয়েছে। পূর্ব পশ্চিমে এই ডিসপ্যারিটি ছিল বলেই আজকে জঙ্গল মহলে উত্তেজনা, এই ডিসপ্যারিটি ছিল বলেই আজকে দার্জিলিং-এ উত্তাপ, এই ডিসপ্যারিটি ছিল বলেই আজকে কোচবিহারে বিদ্রোহ। এই ডিসপ্যারিটিটাকে বিত্ত মন্ত্রী অর্থনৈতিক সুষম বিকাশের মাধ্যমে দূর করবার চেষ্টা করেছেন। এটা বাজেটের উল্লেখযোগ্য দিক। স্যার, শুধু ভৌগোলিক ডিসপ্যারিটি না, শ্রেণিগত বৈষম্যকেও দুর করার চেষ্টা করা হয়েছে। সংখ্যালঘু উন্নয়নে ৮৫৯ কোটি টাকা, অনগ্রসর শ্রেণিকল্যাণে ৫২৩ কোটি ২৪ লক্ষ টাকা, মহিলা ও শিশু কল্যাণে ১১২৩ কোটি টাকা, শ্রমিক কল্যাণে ২০০ কোটি টাকা দেওয়া হয়েছে। কিসের জন্য? আমার দুঃখ হয় স্যার আনিসুর বাবু এতদিনের অভিজ্ঞ প্রাক্তন মন্ত্রী বললেন মৌলবীদের টাকা দেওয়া হল কেন। একবার বলছেন ভালো হয়েছে, আর একবার বলছেন প্রায়োরিটি চেঞ্জ করুন। নঃ যযৌ, নঃ তস্থৌ। অর্থ বাবদ কিসের জন্য অর্থমন্ত্রী তার বাজেট ভাষণে ক্লিয়ার করেছেন। আজকে শিশু মৃত্যুর হার, আজকে কু-সংস্কার, অশিক্ষার হার, পালস্ পোলিও, পরিবার কল্যাণ এগুলোতে যত অর্থ ব্যয় করা হয়েছে ইতিপূর্বে তত সাফল্য লাভ করা যায়নি। কিন্তু আজকে সমাজপতিদের দিয়ে, যারা সমাজ পরিচালনা করেন—সামাজিক ক্ষেত্রে, আধ্যাত্মিক ক্ষেত্রে, ধর্মীয় ক্ষেত্রে, তাদের মাধ্যমে একটা

সামাজিক বিপ্লব, সামাজিক কল্যাণকে বিত্ত মন্ত্রী সংসাধনের চেষ্টা করেছেন। তার জন্য আমরা দেখতে পাচ্ছি প্রতি হাজারে শিশু মৃত্যুর হার ভারতবর্ষে যখন ৪৬, আমাদের রাজ্যে তখন ৩৫। আমি বলছি না এটা কমানো যাবে না। সেটারও চেষ্টা চলছে। সারা দেশে যখন জাতীয় গড় আয়ু ৬৬ বছর ১ মাস, রাজ্যের ক্ষেত্রে গড় আয়ু বেড়ে হচ্ছে ৬৯ বছর। এই সামাজিক কল্যাণের দ্বারা প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে সামাজিক অবক্ষয় থেকে পরিত্রাণের চেষ্টা করা হচ্ছে।

স্যার, উন্নয়নের তিনটে ধারা। একটা হচ্ছে কেন্দ্রীয় প্রকল্প, একটা কেন্দ্র-রাজ্য যৌথ প্রকল্প, আর একটা রাজ্য প্রকল্প। ইতিপূর্বে যিনি বিত্তমন্ত্রী ছিলেন, তাঁকে আমরা জিজ্ঞেস করতাম, রাজ্যের প্রকল্পের দুটো নাম বলুন তো। সব তো পরকিয়া, নিজেদের প্রকল্পের নাম বলুন। আমাদের বিত্তমন্ত্রী, মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ যে একগুচ্ছ রাজ্য প্রকল্প উদ্ভাবন করেছেন। আগামী দিন বলবে, আমরা ভুলে গিয়েছিলাম যে, What Bengal thinks today, India thinks tomorrow. বাংলা আবার ভাবতে শুরু করেছে, সৃষ্টি করতে শুরু করেছে, নব জাগরণের দ্বিতীয় যাত্রা শুরু হয়েছে। আগামী দু এক বছরের মধ্যে লোকে বলবে, What Bengal thinks today, India thinks tomorrow. বাংলা তার হৃত গৌরব ফিরিয়ে আনবে। শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজ্যের নিজস্ব উদ্ভাবনী প্রকল্প - নাম গীতাঞ্জলী, দুই - আমার ঠিকানা, তিন - অধিকার, চার - ঔষধ সরবরাহ ও বন্টনের ক্ষেত্রে স্টোর ম্যানেজমেন্ট, পাঁচ - ইনফরমেশন সিস্টেম, ছয় - ফেয়ার প্রাইস মেডিসিন শপ, সাত - উচচ শিক্ষার ক্ষেত্রে বেসরকারী বিনিয়োগ, আট - গ্রামীণ ক্রীড়া কেন্দ্র, মিনি ইনডোর স্টেডিয়াম, নয় - নিজ গৃহ নিজ ভুমি, দশ - উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রীর সচিবালয়, এগারো - পশ্চিমবঙ্গ লোকশিক্ষা ও সংস্কৃতির অধিকার, বারো - যুব উৎসব প্রকল্প, তেরো - কন্যাশ্রী। চৌদ্দ - জল ধরো জল ভরো। আরও শুনবেন? যথার্থই মুখ্যমন্ত্রী বলেছেন - এই বাজেট বাংলার মরূভূমিতে সবুজের অভিযান। জানেন স্যার, গতবার যখন বিত্তমন্ত্রী বাজেট পড়েন তখন আমার মনে হয়েছিল বামেদের দেখে, ওদের সূর্যগ্রহণ শুরু হ'ল। আমি ভাবলাম বোধহয় অর্ধগ্রহণেই শেষ হয়ে যাবে। এবারে যখন আমি বাজেট পড়লাম, তখন দেখলাম সূর্যের পূর্ণগ্রহণ হয়ে গেছে, আর উদিত হবে না সূর্য। স্যার শুনুন। কি করে আনিসুর রহমান বললেন যে বাজেটে অর্থ সংস্থান বাড়েনি। আমি এক একটা করে বলে যাচ্ছি। এগ্রিকালচার মার্কেটিং যেটা একটা গুরুত্বপূর্ণ দপ্তর, সেখানে ১৮১ কোটি টাকা দেওয়া হয়েছে। এখানে গত বছরের তুলনায় ২০% বাজেট বৃদ্ধি পেয়েছে। অ্যানিম্যাল হাজবেন্ডারি ডেভলপমেন্ট, এখানে গত বারের তুলনায় ৯০% বাজেট বৃদ্ধি ঘটেছে। ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার, এখানে গত বারের তুলনায় ৩০% বাজেট বৃদ্ধি হয়েছে। কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, এখানে গতবারের তুলনায় ২৩% বাজেট বৃদ্ধি ঘটেছে। ফুড অ্যান্ড সাপ্লাইতে ৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। হায়ার এডুকেশনে ৫৭% বৃদ্ধি হয়েছে। আমরা হায়ার এডুকেশনে মেধার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। হায়ার এডুকেশনে প্রফেসনের উপর গুরুত্ব দিয়েছেন, হায়ার এডুকেশনে যাতে ইন্টারন্যাশানালি চ্যালেঞ্জ এর মোকাবিলা করা যায় তার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। ইনফরমেশন অ্যান্ড কালচারাল অ্যাফেয়ার্স, এখানে ৪৯% বৃদ্ধি পেয়েছে। ইনফরমেশন অ্যান্ড টেকনোলজি, যেটা অত্যন্ত সর্বাধুনিক গুরুত্বপূর্ণ জায়গা, সেখানে ৬৪% বৃদ্ধি হয়েছে। ইরিগেসন অ্যান্ড ওয়াটারওয়েজ, এখানে ৯১% বাজেট বৃদ্ধি ঘটেছে। তবুও বলবেন, গ্রামের জন্য কিছু হচ্ছে না? তবুও বলবেন

বিত্তমন্ত্রী গ্রামের জন্য কিছু করেননি? মাস এডুকেশনে ১৪%, মাইনরিটি অ্যাফেয়ার্সে ৫৩%, পাওয়ার অ্যান্ড নন কনভেনশনাল এনার্জিতে ৪৩%, পাবলিক হেলথ্ ইঞ্জিনীয়ারিং, পানীয় জল, জীবন, সেখানে ১৫৩% বাজেট বৃদ্ধি ঘটেছে। সেল্ফ হেল্প গ্রুপ ৫২% বাজেট বৃদ্ধি পেয়েছে। স্পোর্টস ২২% বাজেট বৃদ্ধি। এইগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ জায়গা আর মাননীয় বিত্তমন্ত্রী এসব জায়গায় সঠিক ভাবেই বাজেট বৃদ্ধি করেছেন।

[2.30–2.40 p.m]

এই বাজেটের মধ্যে টেকনিক্যাল এডুকেশন সিস্টেমে আমরা একটি পদ্ধতি আনতে চাইছি - এডুকেশন সিস্টেমের মধ্যে শুধু ট্রাডিশনাল ট্রেনিং দিলে হবে না। জিওগ্র্যাফিক্যাল রিসোর্স অনুযায়ী, এবিলিটি অনুযায়ী, অ্যাভেলেবিলিটি অনুযায়ী আজকে মগজ ও মেধাশক্তিকে কাজে লাগাতে হবে। স্যার, আজকে শিক্ষাক্ষেত্রে দেখুন মাননীয় বিত্তমন্ত্রী - ভারত সরকার এর রাইট টু এডুকেশন নীতিকে একটা কার্যকর করার চেষ্টা হচ্ছে - সেই চেষ্টাটা করছেন। দেখুন আমাদের রাজ্যে কোন সিলেবাস দিল্লির সিলেবাস অনুযায়ী। কোন কোন সিলেবাস মাধ্যমিক শিক্ষা অনুযায়ী, আমাদের কোন কোন সিলেবাস অনুযায়ী আবার দক্ষিণ ভারতে পরীক্ষা দিতে হয়, কোন কোন স্কুল প্রাইভেট স্কুল, আমাদের কোন কোন স্কুল পাবলিক স্কুল। আমাদের কোন কোন স্কুল ন্যাশানাল স্কুল ফলে এই প্রথম শিক্ষা ব্যবস্থাকে আমাদের রাজ্যে একটি অভিন্ন সিলেবাসের মধ্যে অর্থাৎ ইউনিফর্মিটি আনার চেষ্টা হচ্ছে। এই প্রথম আমাদের শিক্ষাবর্ষের মধ্যে চেষ্টা করা হচ্ছে সিলেবাসের মধ্যে যেন সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্র থাকে। (গোলমাল)

মিঃ স্পীকার : আপনারা একটা সুষ্ঠ পরিবেশের মধ্যে আলোচনা হতে দিন। আপনারা কেউ থামতে চান না। আপনারা নিশ্চয় আপনাদের সময়ে বলবেন।

শ্রী জ্যোতির্ময় কর : একটা ইউনিফর্ম সিলেবাস, একটা ইউনিফর্ম সিস্টেম ফ্রম কে জি টু পি জি একটা থাকবে। আজকে প্রশ্ন উঠেছে রাতারাতি সমস্ত যে সব আনঅর্গানাইজড স্কুল আছে যে সমস্ত হাজার হাজার কিন্ডারগার্টেন স্কুল এই রাজ্যে চলছে। গ্রামবাংলাতে এই রকম স্কুল হাজার হাজার চলছে। সেগুলো তো কোন সরকার রাতারাতি যাদু স্পর্শে সব অধিগ্রহণ করতে পারবে না। কিন্তু ক্রমান্বয়ে একটা ইউনিফর্ম সিস্টেমের মধ্যে সমস্ত শিক্ষ প্রতিষ্ঠানকে আনতে হবে। আজকে ট্যুরিজমকে আমাদের অর্থনৈতিক বিকাশে একটা মডেল ধরা হয়েছে। মুখ্যমন্ত্রী বারবার ছুটে যাচ্ছেন দীঘাতে। বারবার যাচ্ছেন উত্তরবঙ্গে। কিসের জন্য? এদের জ্বালা স্যার। মুখ্যমন্ত্রী যত ছুটবেন এরা তত জ্বলবে, লুচির মত ফুলবে। এদের কিছু নেই স্যার। তাই আপনাদের কাছে আমার একটাই কথা বিত্তমন্ত্রীকে দেখে আমার একটা কথা মনে পড়ছে। ঋষিরা বনে থাকতেন। ঝরণার জল খেতেন। গাছের ফল খেতেন। কথাগুলি ভালো ভালো বলতেন। সর্বে সন্তু নঃসন্তু, অমিতবাবুর রাজত্বে রাজ্য সুখে আছে। আমরা সুখে আছি। আপনারাও সুখে থাকুন। সর্বে সন্তু নিরাময়াঃ, অর্থাৎ অমিতবাবুর রাজত্বে বিত্তমন্ত্রীর রাজত্বে রাজ্য স্বাস্থ্যের দিকে এগোচ্ছে। আমরা স্বাস্থ্যে ভাল আছি। আপনাদের কল্যাণময় স্বাস্থ্য কামনা করি। সর্বে সন্তু নিরাময়াঃ, সর্বে ভদ্রানি পস্যন্তু। সবাই শুভ চিন্তা করুন,

অমিতবাবু সব শুভ চিন্তা করছেন আপনারা কুট চিন্তাটা ছেড়ে দিন, সব ঠিক হয়ে যাবে। মা কশ্চিৎ দুঃখ ভাব ভবেৎ, দুঃখ পাবেন না দয়া করে, রাজ্যটা চালাতে দিন। অতএব গণতন্ত্রের নিয়মে একটা সরকার যাবে, একটা সরকার আসবে। এত দুঃখের কি আছে।

মূল যে বিষয়-আজকে অর্থনীতির ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে, সংস্কৃতির ক্ষেত্রে মানোন্নয়ন চাই। বিরোধিরা কাজগুলোকে ঢাকা দেবার জন্য সমালোচনা করেছেন। বলেছেন এই সরকার খেলা ও মেলার সরকার। স্যার, এই যুবকদের যদি খেলার মাঠে না পাঠান, তাহলে তো ওরা গাঁজার আড্ডায় যাবে, যা পাঠিয়ে ছিলেন। স্যার, এই যুবকদের যদি আজকে মেলার মাঠে না পাঠান তাহলে এরা অপসংস্কৃতির, উদভ্রান্তের পথে যাবে। যার পথ এরা তৈরি করে দিয়ে গেছিলেন। স্যার, এরা বুঝতে পারছেন না কোন দিক দিয়ে উন্নয়ন, কোন পরিকল্পনার মাধ্যমে কিভাবে যুব মানসিকতাকে, তথা যুব চেতনাকে সমৃদ্ধ করা যায়? জিম্ এরা ভাবতে পেরেছিলেন? মাঠে মাঠে স্পোর্টস, খেলার মাঠ - এরা কল্পনা করতে পেরেছিলেন? স্যার, আমাদের গ্রামাঞ্চলে এখন হয়ে গেছে। সিনেমা অটিষ্ট চাইনা, স্পোর্টস্ মিনিষ্টার মদন মিত্রকে চাই। কেন? না, গেলে দুটো স্পোর্টস্ হবে। যুব দপ্তর চাই। কেন? না, গেলে দুটো জিম্ হবে। তাই আজকে শেষ করার আগে বলি স্যার, মাননীয় স্পিকার স্যার, আজকে মাননীয় বিত্তমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী - আগে আমার বিধানসভায় অভিজ্ঞতা কি ছিল? অভিজ্ঞতা ছিল - রেজ্জাক সাহেব নেই, রেজ্জাক সাহেব মুখ শুকিয়ে বসে থাকবেন, রেজ্জাক সাহেবের হয়ে বক্তব্য রাখতেন অন্য মন্ত্রী, পিছনে থাকতেন শ্রদ্ধেয় - প্রাক্তন মুখ্যমন্ত্রী। আজকে আমাদের বিত্তমন্ত্রী কিন্তু বলছেন, "আমি এক পা এগিয়েছি, মুখ্যমন্ত্রী আমাকে আরো এগিয়ে দিয়েছেন - আরো এগোও, আরো এগোও এগিয়ে যাও।" সুতরাং এই বাজেটকে সমর্থন করে শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

ডা: মানস রঞ্জন ভুঁঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয় , দীর্ঘ ৩৪ বছর বাদে পরিবর্তনের সরকারের দ্বিতীয় বছরে আপনার উপস্থিতিতে রাজ্যের অর্থমন্ত্রী ড: অমিত মিত্রের প্রস্তাবিত বাজেট প্রস্তাবের কিছু দিক নিয়ে আলোচনা করবো। ১৩-১৪ সালের প্রস্তাবনায় উনি কতকগুলো Compartment reflect করেছেন বাজেটে as per constitutional provision। আমাদের দেশ যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে তৈরি। আমাদের দেশের সংবিধান পৃথিবীর শ্রেষ্ঠ সংবিধান- আমেরিকা যতই দাবী করুক, আর ব্রিটেন যতই দাবী করুক। আমাদের দেশের সংবিধান বহুদলীয় ব্যবস্থায় প্রত্যেকটি অঙ্গরাজ্যের অধিকারকে, কেন্দ্রের উপস্থিতিকে এবং ভারতবর্ষের মত এত বড় একটি গণতান্ত্রিক দেশ - তার plurality, তার ethhnicity, তার economic situation, geo-political reflection. geographical barrier, natural barrier, human development index, below poverty line, গ্রাম-শহর সব কিছু দেখার জন্য একটা প্রতিষ্ঠান আছে, তার নাম প্ল্যানিং কমিশন এবং সেখানে আলোচনার পর একটা জাতীয় প্রতিষ্ঠান আছে, তার নাম National Development Council। দেশের প্রধানমন্ত্রী, দেশের অর্থমন্ত্রী, অঙ্গরাজ্যগুলির মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন এবং আমার বিশিষ্ট বন্ধুবান্ধব ডঃ অমিত মিত্র-তিনি শুধু অর্থনীতির লোক নন। He represented for years together the industrial community in India as one of the disciple of Dr.Manmohan Singh.

[2.40–2.50 p.m]

......তো অর্থনীতির সেই মানুষটি যিনি জাতীয়তাবাদে বিশ্বাস করেন, আমি এটা কখনই বলি না যে অমিতবাবু দেশকে ভালোবাসেন না, তিনি বেশ অন্তর দিয়েই শ্রদ্ধা করেন, ভালোবাসেন, কমিউনিস্টদের মতো নয়, চীনপন্থী। তো ৩৪টা বছর ধরে এঁরা ধ্বংস্ করেছে পশ্চিমবঙ্গকে। আমি অনেকবার, ১৯৮২ সাল থেকে আমি হাউসে আছি, একবার জোর করে হারিয়ে দিয়েছিলো, আপনি জানেন, কোর্টে জিতেছিলাম, আবার কেস করলো। তো ঠিকই আছে, আবার এসেছি মানুষের আশীর্বাদে। এটাই গণতন্ত্রের নিয়ম। স্যার, আমি জ্যাতিবাবুকে দেখেছি, ড. অশোক মিত্রকে অর্থমন্ত্রী হিসাবে দেখেছি, He was the first man who raised the slogan against centre. কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না, কেন্দ্র দিচ্ছে না। ড: অশোক মিত্র, তিনি বলেছিলেন "আমি ভদ্রলোক নই, আমি কমিউনিষ্ট", that is in record। তিনি গর্ব করে বলতেন "আমি ভদ্রলোক নই, আমি কমিউনিষ্ট।" সেই কেন্দ্র বিরোধী জিগির শুরু হলো বাংলার উন্নয়নকে পাশে রেখে। এই একটা political slogan, কেন্দ্র, কেন্দ্র, কেন্দ্র দিচ্ছে না, দিচ্ছে না, দিচ্ছে না। তার পরে অশোক মিত্র চলে গেলেন, জ্যোতিবাবু কিছু দিনের জন্য অর্থদপ্তরের দায়িত্ব নিলেন, সেটাও দেখলাম। এবং আমার সৌভাগ্য হয়েছিল এই মহঃ সোহরাব সাহেবকে পাশে বসিয়ে, আর আব্দুস সাত্তার আমার নেতা, খুব কম বয়সেই প্রত্যেকটি বাজেটে আমি অংশ নিতাম, রেকর্ড আছে হাউসে। তার পর ৮৭ সালের ১৫ই মে প্রখ্যাত অর্থনীতিবিদ্ তিনি নিজে ক্লেম্ করেন বিকল্প অর্থনীতির জনক, পশ্চিমবঙ্গের ড. অসীম দাশগুপ্ত দায়িত্ব নিলেন with zero deficit budget, it is a peculiar phenomenon। আপনি তো অর্থনীতিবিদ্, আপনি জানেন, আমি তো ডাক্তার, আমি জানি না। Zero deficit budget in a developing country, in a State করা যায় কি না? আমার মাথায় ঢোকে না, আপনার মাথায় ঢোকে কি না আমি জানি না। তো সেই যে যাত্রা শুরু হলো zero deficit budget ৮৭ সালের ১৫ ই মে। ২০১১ সালে তিনি প্রস্থান করলেন। He was the singled out finance minister under বুদ্ধদেববাবু। যিনি ভারতবর্ষের সমস্ত অঙ্গরাজ্যের মধ্যে একমাত্র পশ্চিমবঙ্গকে চিহ্নিত করে FRBM Act করতে দেরী করলেন। Fiscal Responsibility Budget Management Act 'It is the only State in India। যে রাজ্য কমিউনিষ্টদের নেতৃত্বে দীর্ঘ ৩৪ বছর রাজত্ব করেও আর্থিক বিশৃংখলার জন্ম দিয়েছে ভারতবর্ষের মধ্যে, এবং তাঁরা চলে যাবার পথে FRBM bill নিয়ে এলো, Act-এ রূপান্তরিত হলো। ফলে কি হলো? এই FRBM Act একেবারে শেষ পর্বে চালু করার ফলে Fiscal discipline এই রাজ্যে লাগু হলো না। লাগু না হওয়ার ফলে একের পর এক লোন নিয়ে গেছে recklessly। Small savings থেকে টাকা নিয়েছে শোধ করে নি। Cheat Fund-এর জন্ম দিয়েছে, মানুষ ঠকেছে, শিল্প হয় নি, বেকার বেড়েছে, খুন-জখম, social unrest, political unrest, কংকাল কাণ্ডের জনকরা বসে আছে এখানে। এই অবস্থায় বাংলার মানুষ পরিবর্তন চাই, পরিবর্তন চাই। পরিবর্তন হলো। কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের সঙ্গে যৌথ ভাবে বাংলার মানুষের নির্দেশকে মাথা পেতে নিয়ে পরিবর্তন নিয়ে এলেন নিয়ে এলেন মানুষের আশীর্বাদে।

হ্যাঁ, আমি agree করছি। আমি মানছি যে, ড. অমিত মিত্র যখন অর্থমন্ত্রীর দায়িত্ব নিলেন,

তখন এক ভয়ঙ্কর অর্থনৈতিক সংকটের মধ্যে পা রাখলেন। ভয়ঙ্কর অর্থনৈতিক সংকট। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ডেট বার্ডেন, প্রায় ১৪ হাজার কোটি টাকার রেভিনিউ ডেফিসিট, প্রায় ২১ হাজার কোটি টাকার ফিসক্যাল ডেফিসিট এবং চারিদিকে শূন্যতা। পশ্চিমবঙ্গ পিছিয়ে যাওয়ার দৌড়ে একেবারে back bench-এ। প্রথম হয়েছে। প্রথম। আমরা বিহারকে নিয়ে কথা বলতাম, ঝাড়খণ্ড কে নিয়ে কথা বলতাম, ছত্তিশগড়, উড়িষ্যাকে নিয়ে কথা বলতাম। আর এখন? যখন আমরা যৌথভাবে তখন সবাই পশ্চিমবঙ্গের দৈন্যদশাকে নিয়ে কথা বলছে। সেই মুহূর্তে এলো নতুন সরকার। হ্যাঁ, মানছি, অর্থনৈতিক পরিস্থিতি খারাপ ছিল। উনি উল্লেখ করেছেন তাঁর বাজেট বক্তব্যে। কিন্তু মানুষতো আমাদের কাছে যৌথভাবে পরিবর্তন চেয়েছিল। কিন্তু রাজ্যের শাসকদল ছিন্ন করে পরিস্থিতিটাকে একেবারে নেগেটিভ ফেজে নিয়ে গেলেন। ছাড়াছাড়ি হয়ে গেল। ওরা আগে বেরিয়ে এলেন, আমরা ২৩ শে সেপ্টেম্বর বেরিয়ে এলাম। আমরা আজ বিরোধী দলে। অমিতবাবুর বিরুদ্ধে আমি বাজেট বক্তৃতায় অংশগ্রহণ করছি। This is the reality. And this the political phenonmenon, এই জায়গায়, এই জায়গায় আমি বাজেট বক্তৃতাটা খুব মন দিয়ে পড়েছি। একটা জায়গায় আপনি বলেছেন, কেন্দ্রীয় সরকারের সম্বন্ধে, আপনি কিছু ক্ষোভ প্রকাশ করেছেন। দশবার মুখ্যমন্ত্রীকে নিয়ে আপনি বৈঠক করেছেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী, প্রধানমন্ত্রী, কিছুই হয়নি। ড. মিত্র, আপনি অবগত আছেন যে, Constitution-এর ২৮০ ধারা আছে, 280 clause of Constitution, What is reflecting it? কি বলছে? যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে কেন্দ্রীয় স্তরে ফিনান্স কমিশন তৈরি হয়। And that is a laid down principle to all directive principles adhere of the state and the centre. And it is the directive principle which is embedding the economic fiscal discipline of centre and state. আপনি নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন। আপনি অর্থনীতির মানুষ। ত্রয়োদশ অর্থনীতির , ত্রয়োদশ Finance Commission শেষের পথে, Fourteenth Finance Commission -এর Chairman Y. V. Reddy নিযুক্ত হয়ে গেছেন কয়েকদিন আগে। আপনি জানেন নিশ্চয়ই, আপনার খুব পরিচিত মানুষ, He is very good friend of you. খুব বিখ্যাত অর্থনীতিবিদ Y. V. Reddy Fourteenth Commission-এর Chairman হয়েছেন। সেখানে পরিষ্কার করে বলা আছে। One, two, three, four, five, যে স্টেট এটা করবে, সেন্টার এটা করবে। এবং রাজ্যের বক্তব্যগুলি Finance Commission-এর কাছে রাখতে হবে। আমাদের দুর্ভাগ্য Thirteenth Finance Commission-এর সময় মার্কসবাদী সরকার ছিল। আপনিও ছিলেন না, আমরাও ছিলাম না। এবং বিশৃঙ্খলার চূড়ান্ত পর্যায়ে নিয়ে গিয়েছিলেন আগের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী এই রাজ্যের আর্থিক পরিস্থিতিকে। ফলে পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান Prime Minister , Deputy Chairman ডঃ মন্টেক সিং আলুওয়ালিয়া। তার একটা প্যাটার্ন আছে, আপনি দীর্ঘদিন দিল্লিতে ফিকির সেক্রেটারি জেনারেল ছিলেন। You represented the industry. You represented the economy and finance. You took part in the international and the national perspective. আপনি জানেন সমস্ত ঘটনা। সেই জায়গায় দাঁড়িয়ে কি পদ্ধতিতে, কোন রাজ্য, কি পাবে, 370 clause, 371 clause, general clause, general state, special

category state, you know everything. এবং ভারতবর্ষের পরিকল্পনা কমিশনের categorization এবং directive principle-টাও আপনি জানেন। জনসংখ্যা, Literacy rate, Human development index,

[2.50–3.00 p.m]

Geopraphically contributing , natural barrier, natural resource, internal security problem, border zone এই যে সমস্ত ফর্মুলা, এই ফর্মুলার বিশেষ নাম ছিল আগে গ্যাডগিল ফর্মুলা। শ্রী প্রণব মুখোপাধ্যায়- বলতে যিনি ডিস্টার্ব করবেন না আমি তাহলে কিন্তু একদম কথা বলতে দেব না। শুনুন বোঝার চেষ্টা করুন। এ হল মডিফায়েড মুখার্জী গ্যাডগিল ফর্মুলা। ডঃ মিত্র আপনি নিশ্চয়ই এটাও অবগত আছেন যে কি ফর্মুলার ভিত্তিতে কেন্দ্র রাজ্য সম্পর্ক নিধারিত হয় এবং রাজ্য সাহায্য পায়। তদানিন্তন অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী দু'জনেই আপনাকে বলেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছেন যে, these are the constraints, these are the constraints in the Constitution. এর মধ্যে থেকে বন্ধুত্ব রেখে আপনার আলোচনা এবং কেন্দ্রের আলোচনাকে যুক্ত করে এগোতে হবে। কোন দ্বিমত নেই। আমরা ১০০ বার বলছি এই রাজ্য ভীষণ কষ্টে পড়েছে। ভয়ঙ্কর, তার থেকে বেড়বো কি করে? ইনকাম বাড়াতে হবে। আপনার সঙ্গে অনেক সময় আমরা আলোচনা করেছি, যে ড. মিত্র How the State own revenue can be increased ? আপনি বাড়িয়েছেন। ২৫ হাজার কোটি করেছেন। চলতি বছরে প্রোজেক্টেড করেছেন ৩২ হাজার কোটি। নেক্সট বারে আপনি ৩৯ হাজার কোটি প্রোজেক্টেড করছেন। ড. মিত্র আপনাকে আমি একটা কমপ্যারটিভ স্টাডি দিয়েছিলাম। আমাদের পাশের রাজ্য অন্ধ্রপ্রদেশ। আমি দু'মাস আগে গিয়েছিলাম। আমাদের খুব বন্ধু ড. কিরণ রেড্ডি, চিফ মিনিস্টার। তিনি আমাকে দেখালেন, ২০১১ তে অন্ধ্রপ্রদেশ স্টেট ওন রেভিনিউ ইনকাম করেছে ৫২ হাজার কোটি টাকা। 52 thousand crore. Why you will be satisfied with 25 thousand, 32 thousand ? Why it will not cross 40 thousand crore? কোথায় গ্যাপ আছে? ভ্যাটের কালেকশানে গ্যাপ আছে না সেল ট্যাক্সে গ্যাপ আছে না এক্সসাইজ আপনি আরও বাড়াতে পারেন? কোন জায়গাটাতে গ্যাপ আছে দেখুন। অফ কোর্স স্পেশাল ক্যাটাগরি এই যে ঋণ এবং তার ইনটারেস্ট পেমেন্ট করতে আপনার প্রায় ২৫ হাজার কোটি টাকা চলে যাচ্ছে। আগে ছিল ২ লক্ষ ৩ হাজার কোটি এবং এখন প্রায় ২ লক্ষ ২৬ হাজার কোটি। কারণ আপনাকে ঐ ঋণের জালে জড়িয়ে পরপর-পরপর এ বছর তো বোধ হয় গত সপ্তাহ অবধি আপনি ২১ হাজার কোটি টাকা ঋণ নিয়ে ফেলেছেন। 21 thousand crore ঋণ নিয়ে ফেলেছেন। শেষ লিমিট FRBM আপনার উপর imposed হয়ে গেছে। আপনি ঢুকলেন আর FRBM ইমপোসড হয়ে গেছে। ওরা চলে গেল ঘাড়ে চাপিয়ে গেল। These are the crises. এবার কেন্দ্র বলল আপনি স্পেসাল প্রোজেক্ট দিন। প্রোজেক্ট ওয়াইজ টাকা নিন ডেভলপমেন্ট করুন। আপনারা গোঁ ধরে বসে থাকলেন না এটা আগে ক্লিয়ার কর তারপর ঐ টাকা নেব। হয় নাকি এভাবে? হয় না। এতে কেন্দ্র বিরোধী জিগির তোলা যায়, কংগ্রেসকে গালমন্দ করা যায়, প্রাইম

মিনিষ্টারকে সমালোচনা করা যায়, অর্থমন্ত্রীকে সমালোচনা করা যায় কিন্তু রাজ্য এগোবে না। এগোবে না। এতে ক্রাইসিস হতে পারে, ক্রাইসিস প্রেসিপিটেট করতে পারেন। আমি খুব দুঃখ পেয়েছি, ড. অমিত মিত্রের হাত দিয়ে একটা চ্যাপ্টার লেখা হয়েছে। উনি চেষ্টা করেছিলেন আমাদের সিনিয়ার দাদা বলি জ্যোতির্ময়দাকে। দীর্ঘদিন একসঙ্গে রাজনীতি করতাম, অধ্যাপক মানুষ, পণ্ডিত মানুষ। ইউরো জোন ক্রাইসিসে ৫০ হাজার কোটি টাকা এবং ১০ বিলিয়ন ডলার দেওয়া নিয়ে আপনি একটা দুঃখের তীর্যক মন্তব্য করেছেন। ডঃ মিত্র, ভারতবর্ষের আন্তর্জাতিক স্তরের অবস্থানটা আপনি তো ইমপোর্ট- এক্সপোর্টের অবস্থানটা জানেন, যে ট্রেড ডেফিসিটটা কি ভাবে বেড়ে গেছে due to world financial melting, due to Euro Zone crisis সারা পৃথিবী আমরা তো ভারতবর্ষ আলাদা হতে পারি না। আমরা তো ন্যামের নেতৃত্ব দিয়েছি। আমাদের ভারতবর্ষ তো বর্তমানে আর্ন্তজাতিক ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সেই জায়গায় দাঁড়িয়ে Euro Zone crisis যদি tide over না হয় ইণ্ডিয়ার এক্সপোর্ট ক্রাইসিস কি আরও বেশি precipitate করবে না? সেখানে ভারতবর্ষের প্রধানমন্ত্রী, বিদেশমন্ত্রী, অর্থমন্ত্রী to be an integal part of the world fratenity and community. তার সঙ্গে যুক্ত হয়ে যদি একটি ইউরো জোন ক্রাইসিসের অঙ্গ হিসাবে গিয়ে তাকে সাহায্য করতে এগিয়ে যান, ইজ ইট কনডেমেবেল অর ইজ ইট টু বি প্রেজুড? ড. মিত্র আপনার বিবেকের কাছে আমি প্রশ্ন রাখলাম, আপনি আমাদের সান্ত্বনা দেবেন এবং আপনি ফ্রম ইয়োর হার্ট ইউ শুড টাচ আওয়ার হার্ট। ফ্রম ইয়োর হার্ট ইউ শুড টাচ আওয়ার হার্ট যে সত্যিকারের সিচুয়েশানটা কি। না, শুধু আণ্ডার ডিউরেশান, পলিটিক্যাল প্রেসার। আপনার মত একজন পন্ডিতকে পলিটিক্যাল রিফ্রেকশান-বাজেটে এই কথাটা লিখতে হয়েছে। এটা আপনি একটু বলবেন। এটা আমাদের যন্ত্রণা থেকে গিয়েছে। খুব যন্ত্রণা থেকে গিয়েছে। ইট ইজ নট এক্সপেক্টেড ফ্রম ড. অমিত মিত্র। উই আর নট এ্যান এ্যালিনিয়েটেড কান্ট্রি, উই আর নট কিউবা, উই আর ইন্ডিয়া। উই আর প্লেয়িং এ মেজর রোল ইন দি ওয়ার্ল্ডপিস্ এ্যাণ্ড ইকনমিক ডেভলপমেণ্ট। আওয়ার প্রাইম মিনিস্টার হ্যাজ বিন প্লেইং এ্যান ইমপর্টেণ্ট রোল ইন দি ইণ্টারন্যাশানাল লেভেল। ক্যান ইউ ডিনাই, ক্যান উই ডিনাই, ক্যান এনি ওয়ান ডিনাই ডিনাই-পারিনি। এই জায়গাটা আপনি একটু দেখবেন। আমার কতকগুলো সাজেশান আছে, কেন্দ্র কিচ্ছু দিচ্ছে না আপনাদের ? একটাবার বললেন না। আমি কতকগুলো কথা বলব, হাউসের সদস্যাদের সবাইকে সম্মান জানিয়ে, যেটা ঘটনা সাদাকে সাদা বলি, আসুন কালোকে কালো বলি। আসুন, ২০১০-১১ তে ওদের সময়ে সেয়ার ইন দি সেন্ট্রাল ট্যাক্সের ফর দি স্টেট, কত ছিল, ১৫৯৫৪ কোটি টাকা। ১২-১৩-তে সেটা বেড়ে হয়ে গিয়েছে ২১২২৬ কোটি টাকা। ১৩-১৪ র প্রজেকশানে এসে গেছে ২৫২৬৯ কোটি টাকা। State share in the central taxes, it is increasing plan budget। আপনিও যেমন প্ল্যান বাজেট বাড়াচ্ছেন, এ বছর ২৬ হাজার কোটি টাকা বলেছেন, সেই প্ল্যান বাজেটেও কিন্তু সেন্ট্রাল গভর্নমেণ্ট এর শেয়ার আছে, গ্রাণ্ট লোন পার্ট-এটুকু তো বলতে হয়। একেবারে বঞ্চনা, হয় নাকি। গ্রাণ্ট-ইন-এইড ফ্রম দি সেন্ট্রাল গভর্নমেণ্ট। ২০১০-১১ ওদের সময়ে, লাস্ট বার , ৭ হাজার ৮০০ কোটি টাকা ১১-১২ তে ১৩৮৮৮ কোটি টাকা, ১২-১৩ তে ১৬৮২৪ কোটি টাকা, ১৩-১৪ প্রজেক্টেড ২১৫৯৩ কোটি টাকা। প্ল্যান বাজেটে আপনি বাড়িয়েছেন ২৩ হাজার কোটি থেকে ২৬ হাজার কোটি টাকায়। আপনি দেখেছেন ওখানে,

সেন্ট্রাল গভর্নমেন্ট এর একটা গ্রান্ট পার্ট আছে। আর একটা লোন পার্ট আছে। সেটাও কিন্তু বেড়েছে ড. মিত্র। আপনি গিয়ে তো পরিকল্পনা কমিশনে বৈঠক-টৈঠক করে খুব হাসিমুখে বেরিয়ে এসেছিলেন. That we are satisfied. We got our demand আপনার স্টেটমেন্ট ছিল, উই গট আওয়ার ডিমাণ্ড। সো, এই জায়গাটা দেখা দরকার। সেন্ট্রাল স্পনসর্ড আর একটা স্কিম আছে. দেখলেন সেন্ট্রাল গভর্নমেন্ট ২০১১ -১২ তে দিয়েছে ২৯৫১ কোটি টাকা, ১২-১৩ তে দিয়েছে ৩৯৯০ কোটি টাকা।১৩-১৪ প্রজেক্টে ৪৯০০ কোটি টাকা। এইবার আপনি যে জিনিসটার প্রতি খুব বেশি করে নজর দিয়েছেন, আপনাকে ধন্যবাদ জানাই একটা ব্যাপারে। যে বেসিক লেভেল অফ ডেভলপমেন্টে আপনি প্রজেক্ট করেছেন, এবং ট্যাক্সেসান স্ট্রাকচারকে সিমপ্লিফিকেশান করেছেন। আমরা আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। খুব ভাল কাজ করেছেন। কিন্তু একটা ব্যাপারে আমি বুঝতে পারলাম না, আপনি এক্সসাইজ ডিপার্টমেন্ট সম্বন্ধে চোখ বন্ধ করে রেখেছেন - কেন, হোয়াই? এই যে এত মগরা-টগরা হচ্ছে, বিষ মদে লোক যেখানে সেখানে মদ খাচ্ছে, মরে যাচ্ছে। মদ খাচ্ছে, মরে যাচ্ছে। তারপর সরকার বলছে আমি অমুককে, এত টাকা দেব, এত টাকা দেব। হোয়াই নট, হোয়াই নট ইউ আর প্রোভাইডিং দি লাইসেন্স। আপনি বলবেন, অন্ধ্রের মত মদ খাওয়াতে পারব না। ইজ ইট এ্যান আর্গুমেন্ট যে আমি লাইসেন্স দেব না, ইললিগাল ইললিসিট লিকার খাবে। সিরিজ করে মৃত্যুর মিছিল হবে। আপনি এক্সসাইজ ডিউটি ডিপ্রাইভড হবেন। ইজ ইট দি জাস্টিফায়েড ওয়ে?

[3.00–3.10 p.m]

বলুন, কেন আপনি এক্সাইজের ইনকাম বাড়াচ্ছেন না? কেন এক্সাইজের ইনকাম বাড়াচ্ছেন না? বলুন। আপনি তো রেভিনিউ জাম্প করবেন। নীতিগত। ওইসব কমিউনিষ্টদের কথা, ওরা অন্যপথে লুকিয়ে টাকা নিতো। আমি অসীমবাবুকে বারবার বলেছি লাইসেন্স দিন, লাইসেন্স দিন, লাইসেন্স দিন। গ্রামেগঞ্জে। আপনি গ্রামে যাবেন, এখন বিভিন্ন পুজোতে দেখবেন এইটুকু টুকু বাচ্চা ছেলেগুলো টলটল করছে। কি মারাত্মক ব্যাপার! রাস্তায় চলা যাবে না, টলটল করছে। এটা সাংঘাতিক। নো নো নো, এটা পরিবর্তন নয়। আপনারা এই পাপের কাজ করে গেছেন। পঙ্কিল আবর্তে ডুবিয়ে গেছেন। আমি ড. মিত্রকে বলবো আপনি লাইসেন্স দিয়ে এটাকে কন্ট্রোলিং অথরিটির মধ্যে নিয়ে আসুন। কন্ট্রোলিং অথরিটির মধ্যে নিয়ে আসুন, আপনার ইনকাম বাড়ান। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ড. মিত্র শ্লেষের সঙ্গে কেন্দ্রীয় সরকারকে আবার বিঁধেছেন। এই পেট্রোল, ডিজেলের বৃদ্ধিতে , যন্ত্রণায় কাতর যুবক যুবতীদের উনি দেড় হাজার টাকা করে যুবা ভাতা দিতে চাইছেন। ড. মিত্র, পশ্চিমবঙ্গে ৭৩টা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, সেভেনটি থ্রি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ। ওদের সময় ৮০ লক্ষ উঠেগিয়েছিল রেজিষ্টার্ড। এখন সেটা আপনার ইকোনমিক রিভিউ বলছে ৭০ লাখ। Registered unemployed youth in different categories, সেখানে ক্লাস এইটও আছে, এম এ পাশ, এম কম পাশও আছে, ডাক্তার আছে, ইঞ্জিনিয়ারও আছে। আপনি, মাননীয়া মুখ্যমন্ত্রী এবং শ্রমমন্ত্রী পূর্ণেন্দুবাবু আছেন, তাঁরা একটা এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তৈরি করেছেন। This is a new concept। এটা অন্ধ্রপ্রদেশ সবচাইতে আগে তৈরি করেছিল ভারতবর্ষে। অনেকদিন ধরে কাজ করছে। আমি গিয়েছিলাম ওদের একটা সেমিনারে ৩-৪ বছর আগে। এখানে এমপ্লয়মেন্ট

ব্যাঙ্ক হচ্ছে It is a nodal agency to have a relation with the industry house, Government and the applicants। বন্ধুর মত কাজ করবে। কিন্তু এই যে আপনি ঘোষণাটা করলেন যে ৭৩ টা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে ৭০ লাখ যুবক যুবতী, তারমধ্যে ১৮ থেকে ৪৫ বছরের, ক্লাস এইটের ওপরের ছেলেমেয়েও আছে, How can you deprive them? How can you identify that the boys and girls will only come from Employment Bank not from the Employment Exchange ? Can you do this? Is it not the deprivation of the constitutional rights of the unemployed youth ? আপনি এটা বলবেন। আমি বলবো, আপনার এই স্টেটমেন্টকে চেঞ্জ করে বলুন, শুধু এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক নয়, Boys and girls above 18 years upto 45 years passed Class-VII from the employment Bank and from the Employment Exchange will be considered. এইটুকু বললে কিন্তু একটা সমতা থাকে। তা না হলে লোক বা দুর্মুখরা বলবে ড. মিত্রের বোধহয় অন্য কোনো উদ্দেশ্য আছে। এবং সেটা নিয়ে আমাদেরও শুনতে খারাপ লাগবে। কারণ ডা. মিত্রকে আমরা চিনি, সজ্জন লোক। আপনার নামে খারাপ কথা বললে আমাদের শুনতে খারাপ লাগবে। অতএব আপনি এটা একটু চেঞ্জ করবেন, এটা পরিবর্তন করবেন। এটা আমরা আশা করি। আপনি বলেছেন পেট্রোল, ডিজেল- এটা একটা কি যন্ত্রণা- ড. মিত্র আপনি সেক্রেটারি জেনারেল অফ ফিকি ছিলেন, You know that our country is deficient of production of the petroleum products। আমরা মাত্র ২০ ভাগ তৈরি করি। ৮০ ভাগ ওপেক কান্ট্রি থেকে আনতে হয়। আমাদের দুর্ভাগ্য ইন্দোনেশিয়াতে এসে তেলের লেয়ারটা থমকে গেছে, দুবাইতে এসে তেলের লেয়ারটা থমকে গেছে আরব সাগরের ওই দিকটা। আর একটু যদি লেভেলটা চলে আসতো বম্বের দিকে, গুজরাটের দিকে আমাদের দিকে, তাহলে ভারতবর্ষে তো কোনো চিন্তাই থাকতো না। ভারতবর্ষকে আরো সোনা দিয়ে মুড়ে দেওয়া যেত। এই তেল কিনতে আর তেল আনতে ভারতবর্ষের অর্থনীতিতে ঝাঁকুনি খাচ্ছে। এটা তো আপনি জানেন। ড. মিত্র এটা তো আপনি জানেন। ড. অসীম দাশগুপ্ত জেনেও না জানার ভান করতেন আর গাল দিতেন। আপনি কেন গাল দেবেন। আপনি কেন সমালোচনা করবেন। আপনি তো জানেন What is the real status position of the oil industry in India, oil production in India, what is the status position of petrol, diesel in india ? আপনি জানেন তো এটা। তাহলে কি ব্যাপারটা হচ্ছে? এখানেও দুটি ট্যাঙ্ক আছে। স্টেট গভর্নমেন্ট কিছু নেয়, কেন্দ্রীয় সরকারও কিছু নেয়। যখন তেলটা তৈরী হয়ে গেল, তা বিক্রীর সময় ট্যাকস নেয়। আপনি আর ফিনান্স মিনিষ্টার-পার লিটার ডিজেল, পার লিটার পেট্রোলে-ট্যাক্স, সারচার্জ, সেস বাবদ টাকা তুলছেন। ইন্টারন্যাশনাল মার্কেট ভ্যারি করার ফলে পেট্রোল, ডিজেলের দামটা বাড়াতে বাধ্য হল ভারত সরকার। তেল কোম্পানিগুলো পার ডে ৫৭৫ কোটি টাকা করে লস করছিল। ইণ্ডিয়ান অয়েল, ভারত পেট্রোলিয়াম, হিন্দুস্থান পেট্রোলিয়াম, তারা দাম বাড়াতে বাধ্য হয়েছিল, না হলে কোম্পানিগুলো উঠে যেত। আপনি জানেন , তার রেশ আমাদের উপরে পড়েছে। আমরা তার জন্য দুঃখিত। আমরা খুবই দুঃখিত যে মানুষের উপরে এর বোঝা এসে পড়েছে বলে, পরিবহণের উপরেও এর বোঝা এসে পড়েছে বলে। আপনি তো

এটাও জানেন যে প্রতি মাসে ৫ কোটি ১৩ লক্ষ ৮৮ হাজার লিটার পেট্রোল বিক্রি হয় পশ্চিমবঙ্গে। আপনার কাছে হিসাব আছে, আমি যেখান থেকে হিসাব নিয়েছি, আপনিও নিশ্চয় সেখান থেকেই হিসাব নেন। এখানে ট্যাক্স পার কিলো লিটার, মানে এক হাজার লিটার পেট্রোলে ট্যাক্স হচ্ছে ১৫ হাজার ১০৯ টাকা ; সার চার্জ পার কিলো লিটার ৩,০০৬ টাকা ; সেস পার কিলো লিটার ১ হাজার টাকা। এই তিনটে ক্যাটাগরিতে রাজ্য সরকার ট্যাকসেশান নিচ্ছে পেট্রোলিয়াম প্রডাকটে। ২৭ কোটি ৯২ লক্ষ ৮৯ হাজার লিটার প্রতি মাসে ডিজেল বিক্রয় হয় পশ্চিমবঙ্গে। তাতে পার কিলো লিটারে ৭, ২৯৯ টাকা আপনি ট্যাক্স নেন ; সার চার্জ নেন পার কিলো লিটারে ১, ২৫৩ টাকা ; সেস নেন পার কিলো লিটারে এক হাজার টাকা। তার মানে দাম বৃদ্ধিতে আমাদের হৃদয়ে যন্ত্রণা হয়েছে, মানুষের হৃদয়ে যন্ত্রণা হয়েছে, ড. মিত্র আপনি কিন্তু আপনার দপ্তরে বসে মুচকি হেঁসে একটু আনন্দ উপভোগ করেছেন। কারণ এতে আপনার ইনকাম একটু বাড়ল। এই ইনকামটা আপনি ইনফিউজ করেছেন ইন ইওর প্ল্যান বাজেট এবং সেই আনন্দে আপনি কিছু টাকা সঞ্চয় করেছেন। যে বেকার যুবক-যুবতীদের আপনি চাকরি দিতে পারছেন না তাদের দেড় হাজার টাকা করে ভাতা দেবেন। আমি খুব বেদনার সঙ্গে বলছি, শিল্প দপ্তরের গ্রোথ আপনি যতই সিকস্ পয়েন্ট কত বলুন না কেন, Contribution of Industrial Growth on GSDP & NSDP has come down to 18.69, এটা আপনার ইকনমিক রিভিউতে আপনি দিয়েছেন। ১২ টা প্রোজেকটে ৩১২ কোটি টাকার প্রোপোজাল এসেছে। কোথা থেকেও কি ১ লক্ষ ১২ হাজার কোটি টাকার প্রোপোজাল এসেছে বলুন তো? ১২ টা প্রোজেকটে মাত্র ৩১২ কোটি টাকার প্রোপোজাল এসেছে। স্বাভাবিকভাবেই শিল্প না হলে চাকরি হবে না। বামফ্রন্ট আমলে বেকার ভাতা চালু হয়েছিল। ১৯৯৭ সালে এসে তারা সেটা বন্ধ করে দিলেন। কারণ কোথায় যাচ্ছে, কি হচ্ছে, কোন কানাগলিতে ঢুকে যাচ্ছে সেই জন্য তারা বন্ধ করে দিলেন। আমরা তখন এর তীব্র সমালোচনা করেছিলাম। আমরা চাই বেকার ভাতা যেমন দিচ্ছেন দিন, কিন্তু চাকরি দিন। প্রফেসর কর বলেছেন চাকরি কোথা থেকে হবে? আপনি ক্লারিফাই করবেন, ১০ লক্ষ ২৪ হাজার যে কর্মসংস্থানের কথা আপনার বাজেটে আপনি উল্লেখ করেছেন সেটা চাকরি না, শ্রম দিবস? কারণ অধ্যাপক কর, এটা নিয়েও আলোকপাত করেছেন, আমরা এটা নিয়েও একটা confused হয়ে আছি। Is it an employment number or employment generation ? Is it an identified employment or employment generation ? কেন্দ্রীয় সরকার- ২৮ টি রাজ্য এবং ৬ টি কেন্দ্রীয় শাসিত অঞ্চল, সাড়ে ছয় লক্ষ গ্রাম, সাড়ে চার হাজার বিধানসভা, ৫৪৬টি লোকসভা-এই যে দেশটা, শুধু পশ্চিমবঙ্গ নয়, মহাত্মা গান্ধীর নারেগা সারা দেশেই চলছে, প্রতিটি রাজ্যে চলছে। সেখানে এমপ্লয়মেন্ট জেনারেশান হয়েছে, পশ্চিমবঙ্গেও এমপ্লয়মেন্ট জেনারেশান হয়েছে সুব্রত বাবুর নেতৃত্বে।

[3.10–3.20 p.m]

জয়রাম রমেশ তার মন্ত্রী এবং সুব্রতবাবু জয়রাম রমেশ বার বার আলোচনা করছেন। মাঝে মাঝে চিঠি চালাচালি হচ্ছে কিন্তু আবার ভাব করে সুব্রত বাবু টাকা নিয়ে আসছেন এবং It is the only deptartment যারা খুব বেশী টাকা নিয়ে এসে দিল্লির থেকে গ্রামের কাজ করছেন।

আমরা সুব্রতবাবুকে সাধুবাদ জানাই। কিন্তু আপনি ঝগড়া করছেন কেন? মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলুন আমরা অনুরোধ করছি একটু ঠাণ্ডা মাথায় প্রধান মন্ত্রীর সঙ্গে বসে বাংলাটাকে এগিয়ে নিয়ে চলুন। ঝগড়া টগড়া করলে হবে? টাকা আনতে হবে তো। সুব্রতবাবু দেখুন যাচ্ছে, আসছে। টাকা নিয়ে আসছে। মহাত্মা গান্ধী নারেগা, সাড়ে চার হাজার কোটি টাকা নিয়ে চলে এসেছে। প্রধান মন্ত্রী গ্রাম সড়ক যোজনা সাড়ে তিন হাজার কোটি টাকা নিয়ে এসেছে। কোথায় জয়রাম রমেশ তো বাধা দিচ্ছেন না। প্রধানমন্ত্রী তো বাধা দিচ্ছেন না, যে না, পশ্চিমবঙ্গে একটা গণ্ডগোল চলছে টাকা দেবো না। কই? দরাজ হাতে টাকা দিচ্ছেন। দরাজ হাতে টাকা দিচ্ছেন। দরাজ হাতে। তো আপনি, আপনাকে আমার অনুরোধ, এই যে স্কীমগুলো মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম- কেন্দ্র হেল্প করছে। পি. এম. জি. এস. ওয়াই. , প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা। গ্রামীণ পিচ রাস্তা, কেন্দ্র সাহায্য করছে। রাজীব গান্ধী রুরাল ড্রিংকিং ওয়াটার মিশন, পাইপ লাইন ওয়াটার, পানীয় জল, কেন্দ্র হেল্প করছে। ফিরহাদ ভাই, ববি হাকিম বসে আছে। নগরোন্নয়নের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনায় রাজ্য কেন্দ্র আলোচনা করে টাকা আনছে। হচ্ছে। তারপর, আমাদের যত পেনশান স্কীম, সোসাল সিকিউরিটি স্কীমগুলো। ওল্ডএজ পেনশান, বিধবা পেনশান, আদিবাসী পেনশান, প্রতিবন্ধী পেনশান, ইন্দিরা গান্ধী আবাস যোজনা, তো টাকা আসছে। এটা তো শুধু বাংলায় আসছে তা নয়। সারা ভারতবর্ষের প্রতিটা রাজ্যে আসছে। ইট ইজ এ ন্যাশন্যাল প্রোগ্রাম। তো কেন্দ্র দিচ্ছে না, এই অভিমান, সেখান থেকে রাগ, সেখান থেকে সমালোচনা, সেখান থেকে ঝগড়া, সেখান থেকে মুখ দেখাদেখি বন্ধ। সেখান থেকে চলে আসা। এই যে অবস্থানটা চলছে বাংলার, এতো মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কেন্দ্র বিরোধী জিগিরের রাজনীতি। এটা আপনারা ফলো করবেন কেন? Why you are following this line ? It's a political concept of the left, যে কিছু করবো না যুদ্ধ করবো। কিচ্ছু করবো না ঝগড়া করবো। কিছছু করবো না পার্টি অফিস তৈরী করব। ওরা যখন ৭৭ সালে এসেছিলেন কয়েকশো পাটি অফিস ছিল। ওরা যখন গেলেন কয়েক হাজার পার্টি অফিস প্যালেসের মতো। ফাইভ স্টার হোটেলের মতো। ফাইভ স্টার হোটেলের মতো। ওরা লুঠ করেছে, লুঠ করেছে বেঙ্গলকে, বেঙ্গলকে এই লেফটিস্টরা, এই কমিউনিস্টরা লুঠ করেছে। লুঠ করে বাংলাকে রক্তশূন্য করে দিয়েছে। অর্থনীতিকে নীচে নামিয়েছে। বেকারের সংখ্যা বেড়েছে। শিল্প বন্ধ হয়ে গেছে। আইন শৃংখলার চূড়ান্ত অবনতি হয়েছে। এই জায়গায়, আপনি এলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে কাছে দুটি জিনিস জানতে চাইবো, আপনার এত বড় বাজেট বক্তৃতায় পাহাড় নিয়ে কোন কথা নেই কেন? Why ? Why it is not reflected in your budget speech- No. 1. No. 2 police and law and order নিয়ে আপনি একটা কথাও বললেন না। What is the present status position of the modernization of police force ? How much fund the Central Government has given to you ? How much of it has been utilized ? কেন আজকে আইন শৃংখলার অবনতি হচ্ছে বাংলায়। কেন মা কাঁদবে? কেন বাংলার মাটিতে দাঁড়িয়ে আমাকে শুনতে হবে নারী নির্যাতনে বাংলা এক নম্বরে। কেন বাংলার মাটিতে দাঁড়িয়ে আমাকে শুনতে হবে ধর্ষণে মধ্যপ্রদেশের পর দ্বিতীয়। কেন বাংলার মাটিতে দাঁড়িয়ে আমাকে শুনতে হবে যে নারী পাচার, শিশু পাচারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের সঙ্গে এই সরকারও কম্পিটিশান

করছে। কেন? Why this? আর আপনার বাজেট বক্তব্যে তার মিনিমাম রিফ্লেকশান নেই। তাই পরিশেষে আমি একটিই অনুরোধ করবো আপনাকে ডঃ অমিত মিত্র পণ্ডিত সজ্জন, বিবেকবান, জাতীয়তাবাদী অর্থনীতিবিদ। Please don't be a replica of Dr Asim Dasgupta and Dr. Ashok Mitra. Don't destroy Bengal from the political ego. See clearly, do clearly, have clearly , reflect clearly, নমস্কার।

মিঃ স্পিকার ঃ ধন্যবাদ ডাঃ মানসরঞ্জন ভুঞ্যাকে। খুব মনোগ্রাহী বক্তব্য হয়েছে আপনার।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়কে সম্মান জানাচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয়, ২০১৩ এবং ২০১৪ বৎসরের জন্য ২৬ হাজার ৬৭৪ কোটি টাকা বিভিন্ন খাতে ব্যয় বরাদ্দ -এর জন্য ধার্য করেছেন। গত বারে যা ছিল খাতে তার থেকে ১৪.১৩ শতাংশ বৃদ্ধি করে যে টাকা ব্যয় বরাদ্দর কথা ঘোষণা করেছেন তাকে স্বাগত জানিয়ে আমি আমার ক্ষুদ্র বক্তব্য উপস্থাপন করছি। আমরা জানি যে পশ্চিমবঙ্গে অর্থনৈতিক অবস্থা- যখন মা- মাটি- মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন আসীন হন, সেই সময় যে অর্থনৈতিক দুরাবস্থা যে চরম অবস্থার মধ্যে আসীন ছিল, বাংলাকে সেই রাহুমুক্ত অবস্থার থেকে বাঁচানোর জন্য অর্থনৈতিক যে চরম দুরাবস্থা তার থেকে উত্তোরণের জন্য,নিজের কৃচ্ছ সাধনের মধ্যে দিয়ে নিজের জীবনকে বাজি রেখে যে ভাবে উন্নয়ন করবার জন্য ব্রতী হয়ে একের পর এক কাজ করে চলেছেন এবং সেই কাজকে, তার সেই উদ্যোগকে বিশেষ ভাবে সম্মান দিয়ে মাননীয় অর্থমন্ত্রী এবারে যে বাজেট পেশ করেছেন আমি মনে করি গ্রামবাংলার উন্নয়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের যে হতাশা চারিদিকে ছড়িয়ে পড়ছিল এই দুই বছরের মধ্যে যে ভাবে করে তিনি এই অর্থনৈতিক বুনিয়াদকে আরোও সুদৃঢ় করবার জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন একে আমরা স্বাগত জানাই। বামপন্থী দলের যারা দায়িত্বে রয়েছেন, তারা বলবার চেষ্টা করেছেন, এই বাজেটের কোন দিশা নেই। আমি তাদের উদ্দেশ্যে বলতে চাই, সেন্ট্রাল স্ট্যাসিটিসক্যাল এজেন্সি- এটা নিশ্চয় তৃণমূল কংগ্রেস দ্বারা পরিচালিত সংস্থা নয়। তারা পশ্চিমবঙ্গের যে উন্নয়নের সর্ম্পকৃত বিষয়গুলিকে নিয়ে কৃষি সহায়ক ক্ষেত্রে থেকে আরম্ভ করে শিল্প এবং পরিবেশ যে ভাবে উল্লেখ করা হয়েছে তাতে দেখা যায় কৃষি এবং সহায়ক ক্ষেত্রে ১.৭৯ এবং পরবর্তীকালে পশ্চিমবঙ্গে বর্তমানে সেই জায়গা পরিবর্তত হয়ে ২.৫৬ শতাংশে উন্নিত হয়েছে। শিল্পের ক্ষেত্রে ৩.১২ থেকে ৬.২৪ এবং পরিবেশের ক্ষেত্রে ৬.৫৯ থেকে ৯.৪৮। এটার মধ্যে দিয়ে প্রমাণ হয়ে গেছে যে বাংলার অর্থনৈতিক দিশা কোন দিকে যাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী যেই দশাকে নিয়ে সামনে তুলে ধরবার চেষ্টা করেছেন, হতাশাগ্রস্ত বাঙালির মনে নতুন যে প্রেরণা সৃষ্টি করেছেন, এটার দ্বারা তা প্রমাণিত হয়ে যায়। আমরা যারা আজকে মনে করছি কেন এই জায়গায় উন্নিত হতে পেরেছি, আমরা আজকে মনে করেছি, বাংলার বুকে যেখানে সিপিএম দ্বারা পরিচালিত হয়, যে সরকারগুলো চলে আসছিল, এখানে কর্মসংস্কৃতি বিঘ্নিত হয়ে গিয়েছিল, বন্ধের নাম করে যে ভাবে বাংলার কর্মসংস্কৃতি নষ্ট করে দেওয়া হচ্ছিল, সেই বন্ধ রাজনীতিটাকে দুর করে দিয়ে তিনি আজকে প্রমাণ করে দিয়েছেন ওদের সময় সাত থেকে দশ সাল পর্যন্ত শ্রম দিবস নষ্ট হয়েছিল বাৎসরিক যা ৭৬.৪ লক্ষ দিন, বর্তমানে সেই গড় দাঁড়িয়েছে ১২০২ দিন। অতএব এর দ্বারা প্রমাণিত হয় যে বাংলার উন্নত সংস্কৃতি রেখে, কর্মসংস্কৃতি রেখে যাকে খুশি তাকে তুলে নেওয়া যায় তাহলে

বাংলার উন্নয়ন সম্ভব হবে না। যদিও ইদানিং এই অল্প পরিসর সময়-এর মধ্যে দিয়ে আগেকার দিনে যারা দায়িত্বে ছিলেন, তারা কাজ থেকে দূরে থাকবার জন্য চেষ্টা করতেন, নানা ভাবে বাঁধা-বিঘ্ন সৃষ্টি করেন। কিন্তু মমতা ব্যানার্জী তাঁর কাজের মধ্যে দিয়ে, নিজে বিভিন্ন ভাবে পরিশ্রম করে, বিভিন্ন ক্ষেত্রে কাজের যে জোয়ার তিনি বইয়ে দেওয়ার চেষ্টা করেছেন যার জন্য শ্রম দিবস থেকে আজকে শেষ হতে চলেছে। শ্রম দিবস বন্ধ করার যে প্রবণতা, সেটা বন্ধ করতে তিনি পেরেছেন। এর থেকে আমরা মনে করি পশ্চিমবঙ্গের অর্থনীতি বুনিয়াদকে তৈরি করার ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য অবদান বলে আমরা মনে করতে পারি।

[3.20–3.30 p.m]

আজকে আমরা দেখেছি যখন এখানে নতুন সরকার দায়িত্ব পালন করতে আসে, তখন আমরা দেখেছি ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা চাপিয়ে দিয়ে গিয়েছিল এই নতুন সরকারের উপর। সেই অবস্থাতে এই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা নিয়ে প্রতি বছর ২৬ হাজার কোটি টাকা এই ঋণের বোঝাকে শোধ করবার জন্য বর্তমান সরকারকে দায়িত্ব নিয়ে কাজকর্ম করতে হচ্ছে। সেই জায়গায় বামফ্রণ্ট সরকার যখন চলে যাচ্ছিল, সেই সময় ট্যাক্সেশানে রাজস্ব আদায় ছিল ২১ হাজার কোটি টাকা। সেই জায়গায় নতুন গভর্ণমেণ্ট অমিত মিত্র নিজে উদ্যোগে গ্রহণ করে ট্যাক্সের সরলীকরণের নীতির মধ্য দিয়ে আজকে সেই জায়গায় সেখানে ৩২ হাজার কোটি টাকাতে নিয়ে আসতে পেরেছেন। এত বড় একটা উল্লেখযোগ্য অবদান, এটা নিঃসন্দেহে সি.পি.এম-এর বন্ধুরা স্বীকার করে নিতে বাধ্য থাকবেন। তাদের আমলে কেন তারা এইভাবে উন্নয়ন করতে পারেন নি। অন্যান্য রাজ্য যেখানে ৫৫,৬০,৭০ হাজার কোটি টাকা এই ট্যাক্সের মধ্যে দিয়ে তুলে আনতে পারে, তাদের আমলে তারা করতে পারে নি কেন? সেই জায়গায় মাননীয় অর্থমন্ত্রী তাঁর দায়িত্ব সচেতনতার মধ্যে দিয়ে ট্যাক্স সরলীকরণের মধ্যে দিয়ে আজকে যে টাকটা উন্নয়নের খাতে নিয়ে আসতে পেরেছেন, তার জন্য তাঁকে বাহবা দেওয়া ছাড়া অন্য কোন পথ আছে বলে মনে করতে পারি না। আজকে আমরা দেখছি খাদ্য সরবরাহের ক্ষেত্রে আজকে এখানে আয়লা বিধ্বস্ত সুন্দরবনে সব শ্রমিকরা , সিঙ্গুরের বঞ্চিত মানুষ থেকে আরম্ভ করে জঙ্গলমহলের বিপন্ন উপজাতিদের জন্য দু'টাকা করে ষোল কিলো করে চাল দেওয়ার মধ্যে দিয়ে ৩৪.৪৮ লক্ষ মানুষ আজকে উপকৃত হচ্ছে। কোথায় ছিল মহানুভবতা? এতদিন পর্যন্ত এই বিবেক বর্জিত কাজ কেন করে এসেছেন? মানুষের সেবার জন্য একটাও কাজ করতে পারেন নি। আজকে আমরা দেখেছি, আজকে ভুয়ো রেশন কার্ড, ৭৭.২৫ লক্ষ ভুয়ো রেশন কার্ড বাতিল করতে বাধ্যহতে হয়েছে। আপনাদের আমলে এই ভুয়ো রেশন কার্ডের মাধ্যমে অর্জিত যে সমস্ত মালপত্র,তাকে আপনারা খবরদারি করে নিজেদের স্বার্থে ব্যয় করতেন। আজকে সেই জায়গায় এটাকে আমরা পরিবর্তন করতে বাধ্য হয়েছি। আজকে আমাদের উল্লেখযোগ্য অবদানের মধ্যে আমরা দেখেছি, এন. আর. ই. জি. এস-এর ক্ষেত্রে একশো দিনের কাজের ব্যাপারে এর আগে আপনারা কেন করতে পারেন নি। আপনাদের সময় ১৪-১৭ দিন ছিল। আজকে মা-মাটি- মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে কি কারণের জন্য, কিসের কারণের জন্য আজকে সেই জায়গা থেকে আজকে তেত্রিশ দিন কাজ এবং কোন কোন জায়গার আজকে বেশী পরিমাণে কাজ করা সম্ভব হয়েছে। এই কাজ

কেন করতে পারেন নি? আজকে বাংলার বুকে, গ্রামাঞ্চলের প্রত্যেকটি ক্ষেত্রে যে ভাবে উন্নয়ন সংগঠিত হচ্ছে, রাস্তাঘাট থেকে আরম্ভ করে, 'জল ধর, জল ভর' আরম্ভ করে, আজকে সেচ ব্যবস্থা থেকে আরম্ভ করে, নদী বাউনডারী তৈরী করা থেকে আরম্ভ করে একটার পর একটা কাজকর্ম করা সম্ভব হয়েছে। সেই কাজ আপনারা করতে পারেন নি। আজকে মাননীয় সুব্রতদার নেতৃত্বে আজকের এই সিদ্ধান্ত একশো দিনের কাজে আজকে একটা যুগান্তকারী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়েছে। আজকে সেচের ক্ষেত্রে আমরা বলতে চাই, আমরা সুন্দরবন এলাকার বাসিন্দা হিসাবে আমরা দেখেছি সি. পি. এম-এর দলের পক্ষ থেকে যে কাজ কোন দিন করতে পারে নি, সুন্দরবনে আয়লা বিধ্বস্ত নদীবাঁধগুলো ভেঙ্গে চুরমার হয়ে গিয়েছিল, তাদের আমলে তারা কোন কাজ করতে পারেনি। আজকে আমরা দেখতে পাচ্ছি, এই বাজেটের মধ্যে উল্লেখ করা হয়েছে প্রায় ২০ কিলোমিটার রাস্তা নুতন আয়লা বাঁধের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং আগামী দিনে এই বাজেটের মধ্যে সেই কাজ করা সম্ভব হয়ে যাবে। আমি বিশেষ করে উল্লেখ করতে চাই, Distress Alert Transmitter- এটার মধ্যে দিয়ে সুন্দরবনের প্রত্যন্ত এলাকার মানুষ যারা বঙ্গোপসাগরে নিজের জীবনের ঝুঁকি নিয়ে মৎস্যজীবিরা, যারা মাছ ধরতে যায়, তারা যখন বিপদে পড়ে, সেই বিপদের হাত থেকে বাঁচার জন্য তাদের কাছে এই Distress Alert Transmitter এক হাজারটি দেওয়া সম্ভব হয়েছে। এর মধ্যে দিয়ে আজকে দেখা গেছে মা-মাটি মানুষের সরকারের বিভিন্নভাবে উন্নয়নশীল কাজকর্মের মধ্যে দিয়ে দরদী মানুষ হিসাবে পরিচয় দিতে পেরেছে। স্বাস্থ্যের ক্ষেত্রে আমরা দেখেছি, 'শিশু স্বাস্থ্য'-এর ক্ষেত্রে বিশেষ ভাবে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমরা দেখেছি সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ বিষয় আজকে গরীব দুঃস্থ মানুষরা চিকিৎসার ক্ষেত্রে জিনসিপত্রের সঙ্গে দামের সঙ্গে ওষুধের যা দাম ব্যাপক ভাবে নেওয়া হত, বর্তমানে মা-মাটি মানুষের সরকার বিশেষ ভাবে উদ্যোগ গ্রহণ করে fair price medicine shop বিভিন্ন হসপিটালের কাছাকাছি এই ভাবে দোকান করা সম্ভব হয়েছে। যার বিনিময়ে আমরা এটা জোর দিয়ে বলতে পারি সেখানে প্রায় ৪৮% থেকে৬৭% এইভাবে কাজ করে কম দামে আজকে এই সমস্ত ওষুধপত্র ক্রয় করা সম্ভব হয়েছে। এটা আমরা মনে করি একটা যুগান্তকারী পদক্ষেপ। 'আশা' দিদিমণিরা যারা, তারা সামান্য বেতন পেত, সামান্য কাজকর্মের মধ্যে দিয়ে তাদের রুজি-রোজগারের চিন্তা-ভাবনা করত। মা-মাটি মানুষের সরকার, দরদী সরকার, তাদের জন্য প্রতি মাসে তের'শ টাকা করে স্থায়ী অনুদান দেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আজকে বিদ্যালয়ের ক্ষেত্রে বিভিন্ন ভাবে উচ্চ প্রাথমিক বিদ্যালয় ৩৫৬ টি, ৪০ টি প্রাথমিক বিদ্যালয় যেমন তৈরী করা হয়েছে, তেমনি ২০১৩-১৪ সালে ৫০০টি নতুন বিদ্যালয়ের প্রস্তাব রাখা হয়েছে। এটা আমরা মনে করি এই বাজেট একটা গুরুত্বপূর্ণ অধ্যায়। ইতিমধ্যে আমরা দেখতে পেয়েছি যে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, বর্ধমানে কাজী নজরুল বিশ্ববিদ্যালয় এবং ডায়মণ্ডহারবারের মহিলা বিশ্ববিদ্যালয়-এই মা-মাটি-মানুষের সরকারের কাছে একটি উল্লেখযোগ্য। যেটা বামফ্রণ্ট সরকার কিছুই করে যেতে পারে নি। আজকে তিন তিনটি বিশ্ববিদ্যালয় তৈরি করে বাংলার মানুষের কাছে মাননীয়া মমতা ব্যানার্জী উজ্জ্বল জ্যোতিষ্কের মত যে কাজকর্ম করেছেন, এই বিষয়ে নতুন করে ভাববার কিছু আছে বলে আমরা মনে করি না। এমপ্লয়মেণ্ট ব্যাঙ্কের ২৬ শে জুলাই যেটা উদ্ঘাটন হয়েছিল, যেখানে আমরা দেখতে পেয়েছি, সেখানে আজকে যারা নাম নথিভুক্ত করতে পারবে, তাদের দেড় হাজার টাকা করে মাসিক ভাতা দেওয়া হবে। এটা আমরা

মনে করি মা-মাটি-মানুষের সরকারের একটা উল্লেখযোগ্য অবদান। বিশেষ করে বাংলার যেখানে তথ্য সংস্কৃতি বিষয়ে একবারে পিছিয়ে যাচ্ছিল, আমরা যেখানে গুরুজন যারা, আমাদের পশ্চিমবঙ্গের মধ্যে যারা বরেণ্য ব্যক্তিত্ব, তাদেরকে আমরা সম্মান জানাতাম না, কিন্তু মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী বিশেষ উদ্যোগ গ্রহণ করার পরে বিশেষ বরেণ্য ব্যক্তিদের জন্মদিন এবং তাঁদের মৃত্যুদিন যেমন সাড়ম্বরে প্রতিপালিত হয়ে আসছে, তেমনিভাবে মানুষকে বিশেষভাবে উৎসাহিত করবার জন্য বঙ্গবিভুষণ, বঙ্গভূষণ থেকে আরম্ভ করে, যাত্রা উৎসব যেখানে একবারে ম্রিয়মান হতে চলেছিল, আজকে যাত্রার ফণিভূষণ বিদ্যাবিনোদকে উজ্জীবিত করবার জন্য আজকে তিনি চেষ্টা চালিয়ে যাচ্ছেন। আজকে নতুন সংস্কৃতি সেখানে বিশেষ ভাবে হয়েছে। আমরা আজকে দেখতে পাচ্ছি যে 'নিজ ভূমি, নিজ গৃহ' যেটা আমরা মনে করছি যে যেসব জায়গার ল্যাণ্ডগুলো পড়েছিল. অনেক মানুষ ছিল যাদের আয় উপায় আছে, কিন্তু নিজস্ব কোন জায়গা না থাকার জন্য সেখানে ইন্দিরা আবাসের ঘর করা সম্ভব নয়। মমতা ব্যানার্জী দরদী মানসিকতা নিয়ে 'নিজ ভূমি নিজ গৃহ' এই কাজের মধ্যে দিয়ে তাদের পাট্টা দেওয়ার ব্যবস্থা করতে পেরেছেন। এই ২০১২ সালের ১২ ই ডিসেম্বর পর্যন্ত ১ লক্ষ ১৪ হাজার ৩৯৪ জনকে এই 'নিজ ভূমি , নিজ গৃহ' -এর জন্য পাট্টার বন্দোবস্ত করা হয়েছে। আজকে সংখ্যালঘুদের জন্য অনেক কিছু ব্যবস্থা করা হয়েছে। সেখানে ইমাম এবং মোয়াজ্জিনদের জন্য ভাতার ব্যবস্থা করা হয়েছে। সমাধির ক্ষেত্রে গত বছরে বাজেটে ছিল ১৬১টি, পরবর্তী কালে সেটাকে বাড়িয়ে আপাতত: ৪২৯টি করার চিন্তা-ভাবনা করা রয়েছে। সুনদরবনের মত প্রত্যন্ত এলাকায় আমরা দেখেছি এই যে পশ্চিমাঞ্চল উন্নয়ন, সুন্দরবন উন্নয়ন, এই সুন্দরবন উন্নয়নের জন্য ২৭৫ কোটি বরাদ্দ করা হয়েছে। আমাদের দাবী এই প্রত্যন্ত এলাকায়, আয়লা বিধ্বস্ত এলাকায় যে কঠিন আবর্তের মধ্যে দিয়ে আমাদের বসবাস করতে হয়, এই জায়গায় আমাদের জমি দরকার, এই জায়গায় আমাদের রাস্তা দরকার, এই জায়গায় আমাদের কংক্রিটের রাস্তা দরকার, স্লুইজের দরকার। তাই আজকে ২৭৫ কোটি টাকা আপাততঃ দক্ষিণ পরগণার ১৯টি ব্লকে যে ভাবে উন্নয়ন চলছে এবং আগামী দিনের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে, আমরা মনে করি পশ্চিমবাংলার এই যে অনুন্নত এলাকা বলে চিহ্নিত, তাকে যথার্থ উন্নয়নের জায়গায় পৌঁছে দেওয়া যাবে। এই বিষয়ে কোন সন্দেহ থাকতে পারে বলে আমি মনে করি না। আজকে যুবদের মধ্যে নতুন প্রেরণা তৈরী হয়েছে। যুবকদের মধ্যে উৎসাহ উদ্দীপনা তৈরী হয়েছে। কোথায় ছিল? কেন করতে পারে নি? এর আগে বামফ্রন্টের যে রাজত্ব ছিল, আজকে যে যুব উন্মাদনা, সমস্ত পশ্চিমবাংলায় নতুন দিগন্তের সূচনা করেছে। আজকে আমাদের জঙ্গলমহলে যারা দায়িত্ব পালন করছে, ওখানকার ছেলেমেয়েদের জন্য জঙ্গলমহলে ফুটবল এবং সুন্দরবনে চাষের যে সুযোগ করে দেওয়া হয়েছে, তাতে অসংখ্যভাবে যারা যোগদান করবার জন্য যাচ্ছে, সেই ছেলেদের মধ্যে আজকে ফুটবল খেলা থেকে আরম্ভ করে অন্যান্য খেলার জন্য সুযোগ করে দেওয়া হয়েছে একে আমরা স্বাগত জানাই। আমরা মনে করি পর্যটনের ক্ষেত্রে ইতিমধ্যে পশ্চিমবঙ্গ থিম রাজ্য হিসাবে লণ্ডনে অনুষ্ঠিত বিশ্ব পর্যটন মেলায় জায়গা করে নিতে পেরেছে। এটা আমাদের কাছে পশ্চিমবঙ্গবাসী হিসাবে যথেষ্ট গৌরবের বলে আমরা মনে করি। এছাড়া মাননীয়া মুখ্যমন্ত্রী' কন্যাশ্রী' নামে একটি প্রকল্প চালু করেছেন, ৫০ হাজার কম যাদের বাৎসরিক ইনকাম, তারা ১৮ বছর পর্যন্ত ৫০০ টাকা করে বাৎসরিক ভাতা পাবেন। পরবর্তীকালে তারা যদি পড়াশোনা করতে চায় তাহলে তাদেরকে

২৫ হাজার টাকা করে দেওয়া হবে। এই ভাবে একের পর এক যে ভাবে উন্নয়নের চিন্তা-ভাবনা করা হয়েছে তা প্রশংসনীয়। বৃত্তিকরের ক্ষেত্রে সাত হাজার টাকা পর্যন্ত ছাড় দেওয়া হয়। বছরে ৫০ লক্ষ টাকা করে যারা রাজ্যের কর অন্যত্র দিত তাদের ক্ষেত্রে আজকে এটা মকুব করা হয়েছে। ব্যবসায়ীদের ৫ কোটি টাকা যেটা বছরে তারা রোজগার করে থাকেন তাদের জন্য সেল্ফ-অডিটের ব্যবস্থা করা হয়েছে। সামগ্রিক ভাবে আমরা মনে করি যে, আজকে মাননীয় ড. অমিত মিত্র পশ্চিমবঙ্গের বর্তমান অবস্থা থেকে উত্তোরণ ঘটানোর জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যে ভাবে উদ্যোগ নিয়ে এগিয়ে চলেছেন তাকে স্বাগত জানানোর জন্য, বাংলার কৃষি-শ্রমিক সমস্ত মানুষের কাছে এই বার্তাকে পৌছে দেওয়ার জন্য, বর্তমান ২০১৩-১৪ সালের যে বাজেট পেশ করেছেন সেই কাজের মধ্য দিয়ে নিশ্চয় বাংলার উন্নয়ন সংঘটিত হবে। সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[3.30–3.40 p.m]

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিধানসভায় গতকাল ১১ তারিখে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী তিনি বাজেট বিবৃতি পেশ করেছেন। যখন নতুন সরকার আসে ২০১১ সালে আমরা বামফ্রন্ট vote-on-account পাশ করেছিলাম। তারপরে পূর্ণাঙ্গ বাজেট হওয়ার কথা। সেই পূর্ণাঙ্গ বাজেট না করে আবার নতুন করে তিন মাসের জন্য vote-on-account পেশ করেন। পরবর্তীকালে সেই বাজেটকে পূর্ণাঙ্গ বাজেট বলে চালানো হয়। তারপর ২০১২-১৩ সালের বাজেট, এটা নিয়ে তার তৃতীয় বাজেট। হিসাব মত ২০১৩-১৪ সালের বাজেট। বাজেটে মানুষের আশা-আকাঙ্খা থাকে। সব দেশের মানুষ তাকিয়ে থাকেন বছরের শেষে নতুন বাজেট পেশ হবে তার দিকে। সেই বাজেটে মানুষের অনেক আশা-আকাঙ্খা থাকে। কিন্তু, আমরা দেখলাম, এই বাজেট হচ্ছে, দিশাহীন বাজেট। এই বাজেট হচ্ছে, অর্থহীন বাজেট। এই বাজেট হচ্ছে বঞ্চনার বাজেট। এই বাজেট সাধারণ মানুষের কোনো উপকারে আসবে না। এই বাজেট সর্বস্তরের মানুষের কাছে-সকলের কাছে খুব আশাহত বাজেট। সমস্ত মানুষই অসন্তুষ্ট। আমাদের বিরোধী দলের সদস্য বলব না সরকার পক্ষের বলল, আমাদের মাননীয় সদস্য অভিজ্ঞতাপূর্ণ ড. মানস রঞ্জন ভুঁইয়া তিনি বাজেট বক্তৃতা করতে গিয়ে তিনি বামফ্রন্ট সরকারের যে পুরানো বাজেট সেই বাজেটের বিরুদ্ধে বক্তৃতা করলেন, না কেন্দ্রীয় সরকারের গুণোগান করে বক্তৃতা করলেন, না এই সরকার যে বাজেট সেই বাজেটকে সমর্থন করে, না বিরোধিতা করে বক্তৃতা করলেন সেটা বোঝা গেল না। আজকে শুধু রাজ্য সরকার বামফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে লোন নিয়েছে। লোনের জন্য দেশটা বিক্রি হয়ে গিয়েছে। এই ধরনের কথা আমাদের মাননীয় অর্থমন্ত্রীও সেই বাজেটের মধ্যে বলেছেন। আগের রাজ্য সরকার ২ লক্ষ কোটি টাকা নাকি দেনা করে গেছে। উনিও সেই কথা বললেন। না, আমরা ভুলে যাব না যে, একটা সংযুক্ত রাষ্ট্র কাঠোমোর মধ্যে একটা অঙ্গ রাজ্য আমরা শুধু লোন নিইনি, সারা ভারতবর্ষের সমস্ত রাজ্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওনা হিসাবে লোন নেয়। আমরা যে লোন নিয়েছি হিসাব করে দেখা যাচ্ছে, লোক সংখ্যার অনুসারে বলুন, দেশ বড়, ছোটোর ক্ষেত্রে বলুন, আমরা ১২ নম্বর স্থানে আছি। কেন্দ্র সরকার বিশ্বব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে দেশটি বিক্রি করে গেছে। একটা সময় ছিল যখন বিশ্বব্যাঙ্ক ভারতবর্ষকে লোন দেবে

না। আমরা জানি, ওই সময় গোল্ড বন্ধক দিতে হয়েছিল। গোল্ড বন্ধক দিয়ে টাকা নিয়ে আসতে হয়েছিল দেশ চালাবার জন্য। কথা ভুলে গেলে চলবে না। একটা দেশ চালাতে গেলে অনেক সময় লোন করতে হয়। আমাদের অর্থমন্ত্রী গত বাজেটে তিনি ২০ হাজার ৭১ কোটি টাকার লোনের কথা বলেছিলেন।

এবারে হিসাবে দেখা যাচ্ছে প্রায় ২০,৫০০ কোটি টাকার লোন বাজার থেকে নেওয়া হয়েছে। আবার নতুন করে বাজার থেকে ২৫,৩৬৯ কোটি টাকার লোন নেওয়ার কথা আগামী বলে রাখছেন। আমাদের দেশে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পের একটা টাকা আসে। সেই ক্ষুদ্র সঞ্চয় প্রকল্প প্রায় বন্ধ হতে চলেছে চিট ফাণ্ডের দৌলতে। চিট ফাণ্ডগুলো মানুষকে চিট করছে। সেই চিট ফাণ্ডের বিরুদ্ধে গত বিধানসভাতে আমরা সবাই মিলে একটা প্রস্তাব নিয়ে এসেছিলাম কিন্তু তা গৃহীত হয়নি। আমরা তার বিরুদ্ধে বলতে চেয়েছিলাম। রাজ্য সরকারকে সাবধান করতে চেয়েছিলাম চিট ফাণ্ড থেকে কিন্তু সে কথা তারা শোনেনি। এই বাজেটে আমরা দেখছি কৃষির কথা বলা হচ্ছে, কৃষি-মাণ্ডির কথা বলা হচ্ছে, শস্য নাকি উপচে পড়বে। কিন্তু দেখা যাচ্ছে কৃষকরা আত্মহত্যা করছে। তারা ফসলের দাম পাচ্ছে না। আলুর দাম পাচ্ছে না। আলুর দাম পড়ে যাচ্ছে। চাষীরা আজকে দিশাহারা। এই অবস্থায় দাঁড়িয়ে নতুন করে বিকল্প কথা ভাবতে হবে। আমাদের দেশ কৃষি-প্রধান দেশ। কৃষি-অর্থনীতি যদি চাঙ্গা না হয় তাহলে দেশ এগিয়ে যাবে না। কিন্তু সেই কৃষি-অর্থনীতি চাঙ্গা করার কোন পরিকল্পনা এই বাজেটে নেই।

সেচ ব্যবস্থার সম্প্রসারণ। আমরা যখন '৭২-' ৭৭ সালে ক্ষমতায় এসেছিলাম তখন মাত্র ৩২ শতাংশ সেচ ব্যবস্থা ছিল। আমরা সেটা বাড়িয়ে ৭২ শতাংশ নিয়ে গিয়েছি। কিন্তু এই বাজেটে সেচ সম্প্রসারণের কোন কথা বলা নেই। কত পারসেন্ট জমিকে সেচের আওতা-ভুক্ত করা হবে সে সম্পর্কে কোন কিছু এতে বলা নেই। আপনি পেট্রোল-ডিজেলের দাম বৃদ্ধির কথা বলেছেন। পেট্রোল-ডিজেলের দাম বৃদ্ধির ফলে যে রাজস্ব আদায় হয়, ''সেস' আসে, সারচার্জ, , ৩০০০ কোটি টাকা, সেই টাকায় ছাড় দেওয়া হলে পেট্রোল- ডিজেলের দাম কমতে পারে। কিন্তু সেদিকে আপনার লক্ষ্য নেই।

আমরা দেখছি স্বরাষ্ট্র দপ্তরের টাকা, মানসবাবু বলছিলেন, আমাদের দেশে যে ভাবে আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে, সেই স্বরাষ্ট্র দপ্তরের টাকা, গত বছরের বরাদ্দকৃত টাকা, সেই টাকা সব খরচ হয়নি। এখনও ১০ কোটি টাকা পড়ে আছে। কেন খরচ হচ্ছে না ? কী কারণে খরচ হচ্ছে না তা দেখা দরকার। আমাদের স্বাস্থ্য দপ্তরের প্রায় ৩৪ পারসেন্ট টাকাই খরচ হয়নি, পরিকল্পনাই করতে পারেনি।

ঐ পাহাড়ে যে উন্নয়নের কথা বলা হচ্ছে তার কথা এতে বলা নেই। গতবার পাহাড়ে জন্য যে আলটমেন্ট ধরা হয়েছিল তার সবটা খরচ করতে পারেনি। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর দপ্তর ঐ 'পাহাড় উন্নয়ন পর্যদ'। পশ্চিমাঞ্চলের বাজেট দেখলাম, সুন্দরবন উন্নয়নের বিষয়ও দেখতে পাচ্ছি কিন্তু 'উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদ'-র জন্য কোন টাকাই ধরা হয়নি। একটা বিস্তির্ণ অঞ্চলের উন্নয়ন পর্যদ 'উত্তরবঙ্গ উন্নয়ন পর্যদ'। তাকে অবহেলা করা হচ্ছে।

জ্যোতির্ময় কর মহাশয় বলছিলেন যে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের জন্য নাকি অনেক টাকা বরাদ্দ করা হয়েছে। গতবারে ৫৭০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছিল। এখনও প্রায় সাড়ে ১০ কোটি টাকা পড়ে আছে. টাকা খরচ করতে পারেনি। মাদ্রাসা শিক্ষা এবং সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের খাতে টাকা পড়ে আছে. এই দপ্তর খরচ করতে পারছে না। সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষকে তুলে আনার যে প্রচেষ্টা তা সঠিক ভাবে রূপায়িত হচ্ছে না। আমরা দেখছি বিপণন দপ্তর, বিভিন্ন দপ্তরে টাকা পড়ে আছে। পঞ্চায়েত দপ্তর টাকা খরচ করেছে। তারা প্রায় ৩৯ হাজার কোটি টাকা খরচ করেছে। কিন্তু সেখানে বরাদ্দ কমিয়ে দেওয়া হল। এই দপ্তরে গতবারে যা বরাদ্দ করা হয়েছিল তার থেকে বেশী টাকা তারা খরচ করেছে। তাদের টাকার প্রয়োজন আরো বেশি। গ্রাম-বাংলার উন্নয়নের জন্য তাদের আরো টাকা বরাদ্দ করা প্রয়োজন ছিল। কিন্তু সেখানে ২,৯৫০ কোটি টাকা মত বরাদ্দ করা হচ্ছে। সেখানে ঠিক ঠিক ভাবে বরাদ্দ করা হয়নি।

গ্রামে পানীয় জলের ক্ষেত্রে অর্ধেকের বেশী টাকা পড়ে আছে, খরচ করতে পারেনি। গ্রাম-বাংলায় স্বয়ম্ভর গোষ্ঠীর যে টাকা-গ্রামের মানুষরা, মহিলারা বিভিন্ন পেশায় নিযুক্ত, ব্যবসা-বাণিজ্য করে, বিভিন্ন ভাবে পেশায় নিযুক্ত থেকে নিজেদের সংসার প্রতিপালন করে-সেই দপ্তরের টাকাও কমিয়ে দেওয়া হয়েছে।

এই সরকার আবার বলছে বেকার ভাতা দেবে।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

[3.40–3.50 p.m]

Shri Muzaffar Khan : माननीय अध्यक्ष महोदय, आपको धन्यवाद देना चाहता हूँ कि आपने मुझे बजट पर बोलने का मौका दिया इसके लिए बहुत–बहुत धन्यवाद। मै इस वर्तमान बजट के उपर कुछ अपना वक्तव्य रखना चाहता हूँ साथ–ही–साथ मै धन्यवाद देना चाहता हूँ, शुकरिया अदा करना चाहता हूँ। मा–माटि–मानुस की नेत्री– हमारे मुख्य मंत्री ममता वन्दोपाध्याय को, मै साथ –ही साथ शुकरिया अदा करना चाहता हूँ धन्यवाद देना चाहता हूँ Finance Minister अमित मित्रा साहब को कि आज पिछले 34 साल से पिछडा हुआ suppressed, suppressed and depressed Minority को आज Main Stream मे पश्चिम बंगाल मे लाने का अगर सबसे बडा अगर श्रेय किसी को जाता है तो एक मात्र हमारी मसीहा, मुसलमानो की मसीहा, माइनोरीटी की मसीहा ममता वन्दोपाध्याय को जाता है और मा–माटि–मानुस की सरकार को जाता है। मुझे इस बात का फिक्र है मै एक ऐसे कम्युनिटी से आता हूँ जो मुस्लिम के नाम से जाना जाता है। शब्द मुस्लिम से मुस्लिम नही हमको माइनोरीटी के नाम से भी जाना जाता है। लेकिन माइनोरीटी मे सिर्फ मुसलमान ही नही आता, माइनोरीटी मे क्रिश्चिन है, जैनी है, वौद्ध है, सिक्ख है इन तमाम लोगो को मिलाकर माइनोरीटी कम्युनिटी कहा जाता है। लेकिन मै फिक्र से कहता हूँ इस माइनोरीटी कम्युनीटी मे मुसलमान एक मेजोरीटी है।

माइनोरीटी कम्युनिटी के अन्दर और इसका आवादी बंगाल मे 33 प्रतिशत है। और इस 33 परसेन्ट को पिछले 34 साल से सफरेस्ट करके इसकी आवाज को बन्द करके इस बामफ्रन्ट की सरकार ने इनकी आवाज को बन्द कर दिया। शायद इनको मालुम नही suppression or depression is making a backward state in the history of civilization. आज ये पिछडे हुये ओपरेस्ट क्लास को आज ममता वनर्जी के सरकार ने मा-माटि-मानुस की सरकार ने आज इसको जो सुविधा सुलभ किया है, इसको 34 साल के इतिहास में बल्कि किसी भी इतिहास मे इस पिछडे वर्ग को किसी भी इस तरीके से नही देखा जिस तरीके से सुविधा आज हमारी सरकार दे रही है। हमलोगो ने देखा पिछले 34 साल के अन्दर और आज देखिये अनीसुर रहमान साहब कुछ देर पहले बोल रहे थे मोडिजम देर के टाका ना दिये, इमाम के टाका ना दिये वोर्ड शिक्षा क्षेत्रे काजे लागानो जायती खुब भालो होती। बडा तकलीफ हो गया आपलोगो को इमाम को रूपया देने से, फाइनेन्स सपोर्ट करने से आपको तकलीफ होती है। मुसलमानों को, कुछ इमामों को, कुछ भोइजिम को कुछ पैसा देने से आपको तकलीफ होता है। आपको तकलीफ होगा इस बात का की आपलोगो ने कभी भी इस कम्युनिटी के किसी भी मसले मे किसी भी मामले मे आज तक आपलोगो ने गौर नही किया। आज डा: राजेन्दर सिंह सच्चर के संग मे हमारी नेत्री की मुलाकात मुख्यमंत्री की बात-चीत मुसलमानों की समस्याओ व प्रोब्लम क्या है इसबारे मे बात करना। आपको मालुम होगा जब राकेश शर्मा जब चाँद पर गया था राकेट के जरिये तो उस वक्त इन्दिरा गाँधी प्रधान मंत्री थी और इन्दिरा जी ने जब राकेश से पूछा था जब वो चाँद पर था कि राकेश तुमको हिन्दुस्तान कैसा नजर आता है ती राकेश ने कहा की सारे जहाँ से अच्छा हिन्दुस्तां हमारा। आज से दो साल पहले जो हालत थी मुसलमानों का और आज किसी भी मुसलमान से पुछिये बंगाल के कोइ भी फर्क मुसलमानो से पुछिये कि आज तुमको बंगाल कैसा लगता है तो आज कलेजा ठोक के मुसलमान हँसके कहता है कि सारे हिन्दुस्ताँ से अच्छा पश्चिम बंगाल हमारा। ये है आज पश्चिम बंगाल की हालत। मै आपको थोडा डिटेल मे ले जाना चाहता हूँ कि पिछले बजट मे जो मेट्रीक और प्री मेट्रीक के अन्दर जो Scholarship मे जो रूपया दिया गया था 10 लाख लोगो को लेकिन हमारी सरकार ने ये 10 लाख से बढकर आज 24 लाख scholarship को रूपया दिया गया है। 100 रूपया करके प्रत्येक student को जहाँ पर कि लाख-लाख Student महिला आज इसका फायदा उठा रहा है। एक लाख 60 हजार साइकिल लडकियाँ को दिया गया है स्कुल मे पढने के लिये, यातायात की सुबिधा के लिये। आज हमलोगो ने पश्चिम बंगाल मे हज टावर, हज के लिये building, हिडकों से जमीन, education के लिये पैसा और काफी लोगो को हमने फाइनेनसीयल सपोर्ट किया है पश्चिम बंगाल के अन्दर। आलिया मदरसा के लिये 20 एकड जमीन आज दिया गया है राजारहाट मे जिसके पिछे खर्चा होगा 235.19 करोड। आज इस साल हमलोगो ने देखा है कि एलोकेशन जो हुआ है बजट के अन्दर मे पिछले साल के बजट से आज हमलो ने कइ गुना बढा दिया है। जिसमे 859 करोड रुपया Financial Budget 2013-14 के लिए दिया गया है। आज देखिये मुसलमानो के कब्रिस्तान की जो हालत थी पूरे पश्चिम बंगाल मै, जहा किसी कब्रिस्तान मे कोइ दिबार नही, जहाँ पर बरसात मे पानी ढुककर कब्रिस्तान के अन्दर गन्दगी फैलाया

जाता था। कुन्ता-बिल्ली, चुलाइ मद का अडडा कब्रिस्तानो के अन्दर मे था। आज ऐसी गन्दी परिस्थिति थी पिछले 34 सालों से जिसने कभी भी माइनोरीटी के कब्रिस्तानो के बारे मे सोचा नही संस्कार होना चाहिये। हमलोगों ने कब्रिस्तान के अन्दर 161 दिवाल का जो जिम्मा लिया उसमे आज उससे ज्यादा से ज्यादा 100 की जगह 600 वाल हमलोग बना रहे है कब्रिस्तानो के अन्दर। और आपलोग देखिये कि सबसे बडी 14 हाजार करोड का घपला करके पिछले सरकार ने मुसलमानो के वेवा गरीब मासुम लोगो की सम्पति को वक्फ के नाम पर बर्डे-बडे कलकत्ता के प्रमोटर को बिल्डार को देकर करोडों-करोडों रुपया का हेर-फेर किया लेकिन ये 34 साल के अन्दर मे वामफ्रन्ट का कोइ भी एक मेम्बर आवाज नही उठाया कि मुसलमानो की देवोत्तर सम्पति का घोटला हो रहा है। मै किसी पालीटिकल पार्टी का नाम लेना नही चाहता हूँ लेकिन आज हमलोगो ने कहा था कि C.B.I enquiry होना चाहिये। Judicial Secretary Sengupta के रिपोर्ट मे लिखा हुआ था कि वक्फ मे धान्धली हो रहा है। आपके मंत्री रह चुके है मेहबूब जाहेदी साहब, आपका ये वक्फ डिपार्टमेन्ट वुद्धदेव बाबू के पास भी था आपका ये वक्फ डिपार्टमेंट मन्सुर हबीबुल्लाह के भी पास था। लेकिन किसी ने आवाज नही उठाया क्योकि सबलोगो के पास मे Underground drilling हो रहा था करोडों रुपया का हेरफेर हो रहा था। लेकिन आज हम मा-माटी-मानुष की सरकार ममता बनर्जी ने ये कहा था कि हम power मे आयेगे तो इसको C.B.I. को देकर CID को देकर enquiry करायेगें। और आज जो वादा किया था हमारी सरकार ने उसको पूरा किया है। C.B.I का enquiry बैठाया है वकफ की सम्पति के उपर में। लेकिन ये सिर्फ उपर से दिखाने के लिये मुसलमानो को हमदर्दी दिखाया गया। और आपलोगो ने सिर्फ हमदर्दी नही बल्फि इस 34 साल के अन्दर मे minority को मुस्लिम को Vote bank के लिये exploit किया और in fact उनकी economically एवं society आपने कोइ upliftment का कोइ इन्तजाम आपलोगो ने नही किया। इसी लिये आज मै ये कहता हूँ कि ये कहते है कि फानूस बनके हिफाजत आज कोइ हमारा मसीहा नही savior नही था इतने दिनो के अन्दर मे। आज हमारा होकर कोइ आवाज उठाने वाला नही था मगरबी बंगाल मे। कोइ political party जो मुसलमानों के उपर जो oppression हो रहा था उसके बारे मे कोइ आवाज उठाने वाला नही था लेकिन आज इस मुसलमानों को एक मसीहा मिला है। आज मुसलमानाके को एक savior मिला है। आज मुसलमानो को एक एसा नेत्री मिला है जो आज मुसलमानो की आवाज को उसके तकलीफ को देखती है। और देखने के बाद उसका इन्तजाम करती है वह है ममता बनार्जी। कहते है कि उर्दू मे एक सेर है मै ये कहता हुँ कि फानुस बनके हिफाजत जिसकी मा-माटि-मानुष की सरकार करे अरे उस कौम को क्या मिटा सके रोशन जिसे खुदा करे। कहने के लिये बहुत कुछ है लेकिन करने का कुछ है नही आपलोगो के पास मे। हमलोगो ने देखा है कि शिक्षा के क्षेत्र मे, वक्फ के क्षेत्र मे. कब्रिस्तान के मामले मे और मुसलमानों का जितना भी समस्या है आपलोगो ने कुछ नही किया इसलिये हमलोग कहते है आपलोगो के सामने कि आज पश्चिम बंगाल के अन्दर मे 10 हजार मदरसा जो unaffiliated था आज उस 10 हाजार मदरसे को affiliation करने के लिये हमलोगो ने कदम उठाया। आज जितने भी important संस्था है मुसलमानों का जो ignorant था

इस कदर नजरअंदाज था कि जानता नही था कि कलकाता के उपर मे एक Urdu Academy बोलके कोइ संस्था है मुसलमानों का। आज नजर आता है West Bengal Minority Development and Finance Corporation, आज नजर आता है Minority Commission, आज नजर आता है स्टेट हज committee, आज नजर आता है West Bengal Madrasa Service Commission, Governing body, Urdu Academy का नजर आता है। आज नजर आता है आपकों उन तमाम टीचरों का जिनको तनख्वाह नही मिलता था। उन मदरसा के teacher का जिनको तनख्वाह नही मिलता था और आज हमारी सरकार ने महीनें का पहला दिन मे by cheque उनलोगों को पेमेन्ट किया जा रहा है salary के अन्दर मे 609 मदरसा के teacher को फण्ड दिया गया है 365 लाख अबतक boundary wall करने के लिये, 650 teaching posts को कायम किया गया है इन high madrasa and higher secondary मे, 12 हजार 639 beneficiaries have been provided self employment अब तक दिया गया है। 1673 student को अब तक education का 537 करोड रूपया का education loan दिया गया है education loan, scholarship मे हमलोगो ने *दिया* है ताकि मुसलमान के बच्चो को लड़के लड़को को। आज 6.83 लाख student को प्राइमरी से लेकर PhD लेवल तक scholarship दिया गया है 63.39 करोड 4 हजार 421 minority youth को undergoing skill development training programme के तहत आज high employment potential डभलप करने के लियं 5 हजार युवा को skill development training दिया गया 4 हजार 671 unemployed youth undergoing job oriented training दी गइ! स्कुल और मदरसा के अन्दर कलकाता के अन्दर मे 4 कारपोरेशन के एरिया के अन्दर में corporation ward मे एक health unit और 3 Urdu medium primary school का स्थापना किया गया और फण्ड दिया गया हमारी तरफ से। आज इण्दिरा आवास योजना के तहत 3 हजार 279 घरी आंगनवाडी मे 1458 सेन्टर 896 additional class room in difference school, 155 health centre आज construction किया जा रहा है। 30 एकड और 5 एकड जमीन के उपर मे राजारहाट मे न्यू टाउन के अन्दर मे आज inaugurate किया गया है आलिया मदरसा न्यू हज टावर के लियें। Awareness programme leadership मे scholarship के लिए 111.23 करोड किया गया है, 6.54 लाख स्टुडेन्ट को आज डिपार्टमेन्ट के अन्दर मे। इसी के साथ अगर चेयरमैन साहब इजाजत दे तो सेकुलरवाद के अन्दर टी टम सी के जैसा।

[3.50–4.00 p.m]

শ্রী অর্ঘ্য রায় প্রধান : অনারেব্যাল চেয়ারম্যান স্যার, সর্বপ্রথমে আমি গতকাল যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র যে প্রতিবেদন পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি একটি উদ্ধৃতির মাধ্যমে—"Commitment shows the integrity, experience is wisdom, humanism shall be the quality, integrity is loyalty, action shows the ability & vision must project sincerity." এই উদ্ধৃতিটা

আমাদের পশ্চিমবঙ্গ সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের। যে কথা তিনি সব সময় বলেন "West Bengal thinks today India thinks tomorrow." এই কথা এই বাজেট প্রতিবেদনের মধ্যে দিয়ে আমরা যতটুকু বুঝেছি এটা প্রমাণ হচ্ছে যে বাংলা আজকে সেই পথেই হাঁটছে এবং সেটা আগামী দিনে বাস্তবায়িত হবে। অনারেব্যাল ডেপুটি স্পীকার ম্যাডাম গতকাল মাননীয় অর্থমন্ত্রী যেখান থেকে আরম্ভ করেছিলেন অর্থাৎ ভারতবর্ষের জি.ডি.পি বৃদ্ধি হারের থেকেও বাংলার জি.ডি.পি বৃদ্ধির হার বেড়ে গিয়েছে এবং কোন কোন সেক্টরে বেড়েছে? ইন্ডাস্ট্রিয়াল সেক্টর, এগ্রিকালচারাল সেক্টর এবং সঙ্গে সঙ্গে সার্ভিস সেক্টর। অর্থাৎ এই তিনটি সেক্টরের উপরে আজ বিশ্ব অর্থনীতি নির্ভর করছে। আজকে এই কথা বলতে হয় যে ভারতবর্ষের যে জি.ডি.পি বৃদ্ধির হার ৪.৯৬% সেখান থেকে আজকে ৭.০৬% আমরা উন্নতি করতে পেরেছি। এই কথা আমি জানি আমাদের বিরোধীপক্ষ কখনই বলবেন না এবং মানতেও চাইছেন না। বারংবার এই কথাটা উঠে আসছে। কিন্তু এটা আমাদের কোন দলীয় বা সরকারী কোন এজেন্সি নয় যাদের মাধ্যম দিয়ে এই একটা সেনসাস করে আমরা এখানে প্রকাশ করছি। আজকে আমাদের সরকার যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন যে পরিকল্পনার ভিতর দিয়ে আজকে সব কিছু বাস্তবায়িত হচ্ছে সেটা আজকে সবচেয়ে ধন্যবাদ যোগ্য। শিল্প শিল্প করে আমি লক্ষ্য রেখেছি কিছুদিন ধরে মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার বাঁ দিকে যারা বসেন সন্ধ্যে বেলায় কোন একটা টি. ভি কোম্পানীর চায়ের আসরে বসে গেল গেল রব তোলেন। কিন্তু আজকে কোন্ জায়গায় দাঁড়িয়ে-আজকে শিল্পক্ষেত্র থেকে কৃষিক্ষেত্র। আজ সর্বত্রই আমাদের অগ্রগতি হয়েছে। ওনারা দেখতে পারছেন না। ওনারা দেখতে পারছেন না এইজন্যই এমন এমন কিছু উক্তি করছেন। আজকে সর্বপ্রথম মাননীয় সদস্য আনিসুর রহমান বলছিলেন। তিনি বলছিলেন যে মাননীয়া মুখ্যমন্ত্রী কেন "কন্যাশ্রীর" কথাটা আগে বলে ফেললেন, বাজেটে এটা কি হল?

[4.00–4.10 p.m]

মন্ত্রীসভার কথা উনি বলেছেন। আজকে বাজেট ব্যয় বরাদ্দের ক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী যেটাকে রেখেছেন, দয়া করে আমি অনুরোধ করব আনিসুর বাবুকে যে ভালো করে পড়ে নেবেন সে ক্ষেত্রে কি চিন্তা-ভাবনা সরকারের রয়েছে। সম্পূর্ণ বাজেটটা যদি আপনি পড়তেন তাহলে বুঝতে পারতেন। কাজেই আজকে যে পরিকল্পনা, এই পরিকল্পনার মধ্যে একটা যুগান্তকারী সৃষ্টি তিনি করেছেন। আজকে মাননীয় খাদ্যমন্ত্রী এই সভায় নেই, আজকে এটা সত্যি কথা যে কিছুক্ষণ আগে একজন বক্তা এখানে বলছিলেন শস্যভাণ্ডার, শস্য - হ্যাঁ আজকে আমরা খাদ্যে স্বয়ংম্ভর হয়েছি। আমাদের যে খাদ্য সংগ্রহ হয়েছে, অর্থাৎ চাল সংগ্রহ হয়েছে, সেটা যে জায়গায় গিয়ে পৌঁছেছে যা শুধু ভারতবর্ষ নয়, সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রে একটা ইতিহাস হয়ে গিয়েছে। কাজেই আজকে যে ইতিহাস, এটাকে ওনারা মানতে চাইছেন না। আজকে যে বিশ লক্ষ মেট্রিকটন - এবং এটা ছাড়িয়ে যাবে, মাননীয় অর্থমন্ত্রী কালকে বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন এবং এটাকে সবচাইতে বেশি করে দেখিয়েছেন। আচ্ছা বলুন তো এখানে ডানদিকে যারা বসে আছেন - আজকে এই ২০ মাসের সরকারে একটি মানুষও কিন্তু অর্ধাহারে বা অনাহারে নেই। এটা কেউ মানতে পারেন? কোথায় আছে বলুন? বলতে হবে আপনাদেরকে কোথাও নেই। দ্বিতীয় কোন আমলাশোলের ঘটনা আজকে আর ঘটেনি। এটা আপনাদের ক্ষেত্রে লজ্জা। কারণ আপনারা বারবার করে মিথ্যা কথা

বলছেন। এই মিথ্যে কথাগুলোকে এখানে প্রোডিউস করছেন। তাতে করে কোন যায় আসে না। কিন্তু আজকে এটা সত্যি ঘটনা আজকে অর্ধাহারে, অনাহারে কোথাও মানুষ মারা যাচ্ছে না। উদয়ন বাবু বসে আছেন। আমি বলতে চাই ওনাকে। চা বাগানের মৃত্যু সম্পর্কে এই মহতী সভায় সদস্য ছিলেন ওনার বাবা, একসময় মন্ত্রী ছিলেন, উনি একসময় যখন চা বাগানে মৃত্যু হচ্ছিল বামফ্রন্ট সরকারের আমলে - কী বলেছিলেন গর্ভবতী হস্তিনী সেই সরকারকে - যে সরকারে উনি ছিলেন. কিন্তু সেখান থেকে উনি বেরোতে পারেননি। আজকে সেই জায়গা থেকে দাঁড়িয়ে ২০ মাসের সরকার আজকে হাঁটতে শিখে গিয়েছে। আগামীদিনে আপনাদের বলতে হবে যে, আপনারা এই যে সমালোচনাগুলো করছেন, এই সমালোচনাগুলোকে আপনাদের ঘরের ভিতরে করে আসতে হবে, এখানটাতে বসে আর করতে পারবেন না। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রীর কথায় কিছুক্ষণ আগে মানসবাবু বলছিলেন এখানটাতে বসে যে এখানে পাহাড় সম্পর্কে কোন বক্তব্য নেই কেন? মাননীয়া ম্যাডাম আমি উত্তরবঙ্গের ছেলে, পাহাড় কোন্ জায়গায় দাঁড়িয়ে ছিল আপনারা সকলেই জানেন, বারবার করে একথা বলতে হবে না। পাহাড় কোন্ অবস্থায় ছিল, আর আজকে কোন্ অবস্থায় দাঁড়িয়েছে - মাননীয়া মুখ্যমন্ত্রী বারংবার পাহাড়ে গিয়ে যেভাবে পাহাড়ের মধ্যে উন্নয়ন তৈরী করেছেন এই বিশ মাসের সরকারের ভিতর দিয়ে, যে উন্নয়ন আজকে সেখানটাতে খেলছে, আজকে আমার ডানদিকে যারা আছে তারা ঈর্ষান্বিত বোধ করছেন। কাজেই এই ঈর্ষার যেহেতু কোন রোগ হয় না, তাই তাদের কথা বলবারও কিছু বিষয় নয়। এই কথা বলতে গিয়ে আজকে একটা কথা আমার বার বার মনে পড়ছে - ডানদিকে যারা বসে আছে- এই ২০ মাসের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী বারংবার দিল্লির দরবারে গিয়েছেন। দিল্লির দরবারে গিয়েছিলেন কেন? এক টাকা নয়, এক লক্ষ টাকা নয়, এক কোটি টাকাও নয়, আপনাদের রেখে যাওয়া ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার যে দেনা, তার যে সুদ সেই সুদ দেওয়ার সময়টাকে একটু বাড়িয়ে দেওয়ার জন্য। কিন্তু এটা খুব দুঃখের বিষয় আমাদের ডানদিকে যারা বসে আছেন, আর. বি. আই-য়ের কাছে - আমি জানিনা সংবিধান কি বলে। যদি কেন্দ্রীয় সরকার মনে করতেন তাহলে একটা অর্ডিন্যান্স জারি করে আর.বি. আই - কে বলতে পারতেন যে, পশ্চিমবঙ্গ সরকারের এই যে ২৫ হাজার কোটি টাকা সুদ দিতে হচ্ছে সেটাকে কিছুদিনের জন্য পিছিয়ে দেওয়া হোক। সেই কাজটুকুও করলেন না। অর্থাৎ বাংলাকে গড়তে যিনি চাইছেন তাঁকে বারংবার টেনে ধরা হচ্ছে। কি যুক্তি তাদের রয়েছে আমার জানা নেই। মানসবাবু আর একটা কথা বলছিলেন যে এই ব্যয় বরাদ্দের কথা। সেই ব্যয় বরাদ্দতে এবারে কেন্দ্রীয় সরকার নাকি আমাদের অর্থ বেশি দিয়েছে। আমি মানসবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই, এই যে অর্থনীতির কথা আপনি বলছেন, সাংবিধানিক কথা বলছেন, সেইখানটাতে দাঁড়িয়ে আমরা বলতে পারি - আমাদের শেয়ার মানির যে টাকা পশ্চিমবঙ্গ থেকে যায়, সেই টাকার যে অংশটা আমরা পাই সেই অংশটাকেই আমাদের ফেরৎ দেওয়া হয়েছে, এর চাইতে কোন বেশি টাকা আমাদেরকে দেওয়া হয়নি। অর্থাৎ এর ভিতর দিয়ে আমরা চলছি। মাননীয়া ম্যাডাম আমি বলতে চাই, আমি উত্তরবঙ্গের একজন মানুষ, আমি অর্থনীতিকে সেইভাবে বুঝি না। আজকের উত্তরবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় যে সুদূরপ্রসারী উন্নয়ন ঘটছে, আজকে সেই কথা বলতেই হবে।

একজন বলেছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ একটা দপ্তর রয়েছে, সেখানে ব্যয় বরাদ্দ বেড়েছে। আমি জানিনা উনি বাজেটটা ঠিক মত পড়েছেন না পড়েন নি। গতবার যে ২২০ কোটি টাকা ছিল, সেটা ২৪০ কোটি টাকায় গিয়ে দাঁড়িয়েছে। কাজেই সেখানটাতে দাঁড়িয়ে আজকে

উন্নয়নকে যে জায়গায় নিয়ে গিয়ে দাঁড় করাচ্ছেন মাননীয়া মুখ্যমন্ত্রী, সেই জায়গাটাতে বার বার করে একটা বাধা দেওয়ার চেষ্টা এদের পক্ষ থেকে তৈরি হচ্ছে। আমি আপনার মাধ্যম দিয়ে অর্থ মন্ত্রীকে বলব—একবার ভাবুন তো যারা উত্তরবঙ্গের বিধায়ক আমার ডান দিকে বসে আছেন, একবার বলুন তো গাজলডোবার মত জায়গায় ১৫০০ কোটি টাকা বিনিয়োগ হচ্ছে। আজকে পাহাড় হাসছে, জঙ্গলমহল হাসছে, ডুয়ার্সের রাণীও সেজে উঠছে। আগামী দিনে পর্যটন শিল্পকে মাননীয়া মুখ্যমন্ত্রী কোন জায়গায় নিয়ে যেতে চান একবার আপনারা ভেবে দেখুন। সেই ভাববার যদি আপনাদের ক্ষমতা থাকে, ১৫০০ কোটি টাকা বিনিয়োগ! বেহিসাবি যে ঋণ গুলো এতদিন ধরে গ্রহণ করা হয়েছে, আমি অনুরোধ করব মাননীয় অর্থ মন্ত্রীকে, মাননীয় অর্থ মন্ত্রী যেভাবে বাজেটকে আমাদের সামনে উত্থাপিত করেছেন, ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের বাজেট গুলোতে আমরা লক্ষ্য করে দেখেছি, অসীমবাবুর কথা মানসবাবু বলছিলেন, আমরা দেখেছি বছরের পর বছর ধরে ঘাটতিহীন বাজেট, ঘাটতিহীন বাজেট। কিন্তু উন্নয়ন তো কোথাও ঘটল না। আজকে শিল্পের কথা বলছেন। পরিকাঠামোর উন্নয়ন ঘটালেন না। আজকে সর্বত্র আমরা লক্ষ্য করে দেখছি উন্নয়নটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজকে আপনারা দেখুন ওনার বাজেট বক্তৃতার ভেতর দিয়ে যে কথাগুলি বলেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সততার প্রতীক, তার প্রতি লক্ষ্য রেখে, তার প্রতি মানুষের সচেতনতা যে বৃদ্ধি হয়েছে, মানুষ যে এগিয়ে আসছে তার একটা প্রমাণ মাননীয় অর্থ মন্ত্রী রেখেছেন। অর্থনীতির ক্ষেত্রে ই-গভর্নেন্স তিনি চালু করেছেন। সেখান থেকে ২৫ শতাংশ হারে যে রাজস্ব আদায়ের লক্ষ্য ছিল, সেটাকে ছাপিয়ে ৩০ শতাংশে পৌঁছেছে। এটাকে আপনারা ধন্যবাদ দেবেন না? এটাকে ধন্যবাদ না দিয়ে শুধু গড়পরতা কিছু কথা বলে যাচ্ছেন এটা হয়নি, ওটা হয়নি, ওটা থাকলে ভালো হত। দয়াকরে একটু ভাবনা চিন্তা করে বলবার চেষ্টা করবেন। আমি প্রথমেই বলে দিয়েছি আমি অর্থনীতির ছাত্র নই। কিন্তু তারপরেও যতটুকু অনুধাবন করেছি, যতটুকু ভাবতে পেরেছি, যতটুকু চিন্তা ভাবনার ভেতর দিয়ে আজকে এই মহতি সভায় বলতে পারছি এর জন্য আমি মাননীয়া অধ্যক্ষা মহোদয়াকে ধন্যবাদ জানাচ্ছি। সঙ্গে আজকে কৃষি ক্ষেত্রে শিল্প ক্ষেত্রে যে উন্নয়ন এবং উত্তরবঙ্গের উন্নয়ন, উত্তরবঙ্গ যে জল-জংলার দেশ ছিল, সেখান থেকে আজকে আমরা বেরিয়ে আসতে পেরেছি। আজকে সমস্ত রাস্তাঘাট, সড়ক যোগাযোগ একটা জায়গায় নিয়ে আসতে পেরেছে এই ২০ মাসের সরকার। পর্যটন কেন্দ্র যেগুলো রয়েছে, সেখানটাতে মানুষ হাসতে শুরু করেছে। সেখানে মানুষ আয় করছে। মানুষের আয় বৃদ্ধি হয়েছে। আজকে সেই জন্য কোন বিচ্ছিন্নতাবাদী আন্দোলন, কোন প্রাদেশিক আন্দোলন উত্তরবঙ্গের বুকে আর মাথাচাড়া দিয়ে উঠতে পারছে না। অর্থাৎ এই ২০ মাসের প্রচেষ্টায় কিভাবে পরিকল্পনা গ্রহণ করে সেই জায়গায় নিয়ে যেতে পেরেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাঁর সহযোগী মন্ত্রীসভা, তাঁকে ধন্যবাদ না দিয়ে পারা যায় না। আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী বসে আছেন। আজকে ১০০ দিনের কাজ, একটা সময় ছিল মানুষ কাজ পেত না। মানুষকে ভিনরাজ্যে পাড়ি দিতে হচ্ছিল শুধু দু-মুঠো অন্যের জন্য। আজকে তাদের আর চলে যেতে হচ্ছে না। ঘরে বসে সেই ছেলে গুলো, সেই যুবকরা আজকে কাজ পাচ্ছে। তারপরে এবারে যে যুগান্তকারী চিন্তা করা হয়েছে, সেটা হচ্ছে 'কন্যাশ্রী' কি বলবেন এখানে যারা মহিলা সদস্যা রয়েছেন আমার ডান দিকে, একবার দয়াকরে বলবেন 'কন্যাশ্রী' সম্পর্কে। এর মধ্যে কোথাও ভুল-ভ্রান্তি আছে না কি? মানুষের যে কন্যাসন্তানরা জন্মগ্রহণ করছে, বারংবার আমাদের এই সরকার মেয়েদেরকে সম্মান দিয়ে আসছে, নারীদেরকে সম্মান দিয়ে আসছে। সেই সম্মানের

সূত্রেই আজকে এই 'কন্যাশ্রী' প্রকল্প। এই কন্যাশ্রী প্রকল্পের মধ্যে দিয়ে আজকে সাধারণ পরিবারের মেয়েরা উপকৃত হবে। বেকার যুবকদের কথা বলতে গেলে বলতে হয় বেকার যুবকরা কোথায় দাঁড়িয়েছিল! মানুষ আত্মহত্যার পথ বেছে নিয়েছিল! আজকে আস্তে আস্তে সেই পথ থেকে মানুষ বিরত থাকছে। আপনারা বেকারত্বের কথা বলছেন। হ্যাঁ, বেকারত্ব ঘুচেছে। বিভিন্ন জায়গায় আজকে কর্মসংস্থান ঘটছে, বিভিন্নভাবে গোটা রাজ্য জুড়ে কর্মসংস্থান হয়েছে। আপনারা দয়া করে একটু তাকিয়ে দেখবেন আপনার পাশের বাড়ির ছেলেটা এখন আর বেকার নেই

[4.10–4.20 p.m]

আপনার পাড়ার ছেলেগুলো আজ বেকার নেই। আপনারা বলতে পারেন, সবার হয়ত হয়নি, আপনার হয়ত হয়নি আপনারা সমালোচনা করতে পারেন, কিন্তু তার কোন মূল্য নেই। আমি আর দু-একটা কথাই এখানে বলব। আজকে যে ভাবে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে, এর দিশা আর কিছুদিনের মধ্যেই আপনারা পেয়ে যাবেন। আর কিছুদিন পরেই আমার ডানদিকের বামপন্থী বন্ধু যারা রয়েছেন তারা বলবেন— জার্মানীতে হচ্ছে, কেন বাংলায় হচ্ছে না? আমেরিকায় হচ্ছে, কেন আমাদের পশ্চিমবাংলায় হবে না, জাপানে এই জিনিসটা হচ্ছে, কেন পশ্চিমবাংলায় হবে না? আমরা সেই পথেই হাঁটছি, সেই পথই মাননীয়া মুখ্যমন্ত্রীর পথ, সেই পথ ধরে দেখবেন আগামী দিনে বাংলা কোথায় পৌঁছাতে পারে এই কথা বলে, এই বাজেটকে আবারও সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, গতকাল মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র যে বাজেট বক্তৃতা দিয়েছেন, আমি তার বিরোধিতা করে সংক্ষিপ্ত ভাবে কয়েকটি কথা বলব। এই বাজেটে কোন দিশা নেই, অর্থহীন এই অর্থ বাজেট, এখানে আছে অসত্য, বিকৃত তথ্য, এইজন্য আমি এর বিরোধিতা করছি।

এখানে মানুষ ভালো নেই। বাংলার ৯ কোটি বা ১০ কোটি মানুষ যারা আছেন তাদের ৮০ থেকে ৮৫ ভাগ মানুষই ভালো নেই। কৃষক ভালো নেই, শ্রমিক ভালো নেই, কর্মচারী, ছাত্র, যুবা কেউ ভালো নেই। একটা তথ্য দিলেই এটা বুঝাতে পারবেন। এই সময়কালে ফসলের দাম না পেয়ে ৮১ জন কৃষক আত্মহত্যা করেছে। উত্তরবঙ্গে চা বাগানের শ্রমিকরা চায়ের ফুল সেদ্ধ করে খেয়ে আছে, এই সময়কালে তাদের প্রায় ২১ জন মারা গেছে। পরিবহন শ্রমিক বেতন না পেয়ে আত্মহত্যা করেছেন। আজকে এরকম অবস্থা। আপনারা কন্যাশ্রী বলছেন, আর বলেন মহিলাদের সম্মান রক্ষা করা উচিত। এই সময়কালে কতজন মহিলা আক্রান্ত হয়েছেন, নিপীড়িত হয়েছেন জানেন? এই সংখ্যাটা ভয়ঙ্কর ভাবে বেড়ে গেছে এই সময়কালে। ২৩৬৬ টা এই ধরণের ঘটনা ঘটেছে ২০১২ সালে। শ্লীলতাহানি, বলাৎকার, ধর্ষণের ঘটনা ঘটেছে ৯০০টি, ২০১২ সালে।

ম্যাডাম ডেপুটি স্পিকার : এটা আপনি ডিপার্টমেন্টালি বাজেটে বলবেন, পুলিশ বাজেটে বলবেন, এখন তো জেনারেল ডিসকাসান অন বাজেট হচ্ছে।

শ্রী রামেশ্বর দলুই : কৃষক জমি থেকে উচ্ছেদ হয়েছে ৪২,৭২৪ জন। তারা জব লেস হয়ে পড়েছে। এই কি উন্নয়ন? মানুষ কর্মহীন হয়ে পড়ছে, তাদের জন্য কর্মের কোন ব্যবস্থা নেই।

যারা অট্টালিকা বানাচ্ছে, যারা ফুটপাথে থাকছে, তাদের উন্নয়নের জন্য কি দিশা দেখিয়েছেন বলবেন। উন্নয়নটা কাদের দিকে তাকিয়ে? এই এক বছরে খারিফ শস্যের উৎপাদন ১৪.৫ শতাংশ কমে গেছে। ৪০ ভাগেরও বেশী মানুষ আজকে কৃষি থেকে অন্যান্য পেশায় যাচ্ছে, তাদের কাজ নেই। পঞ্চায়েতের যে কাজ, ধরুন একশো দিনের কাজ তার কি হয়েছে? মাননীয়া মুখ্যমন্ত্রী বলবেন যে, দু মাসে ১০০ শতাংশ কাজ হয়ে গেছে, ২ মাসে ৯০ শতাংশ কাজ হয়ে গেছে। 'প্রত্যাশা এবং প্রাপ্তি' বইটা আমি ভালোভাবে পড়েছি। কি প্রত্যাশা এবং কি প্রাপ্তি? আমার বাঁ দিকে আছেন কংগ্রেস বিধায়করা, তাদের প্রত্যাশা পূরণ হয়নি। তারা মুহ্যমান হয়ে পড়েছেন। খানিকটা বিরহে আছেন। বক্তাদের কাছ থেকে শুনলেন আপনারা। তারা বিরহ যন্ত্রণার মধ্যে আছেন। কি প্রত্যাশা! পশ্চিমবাংলার মানুষ কি প্রত্যাশা করেছিলেন? আপনাদের যারা সমর্থন করেছিলেন তাদের প্রত্যাশা পূরণ হয়েছে কি? ছাত্র, যুব, কৃষক, মহিলা, সাধারণ মানুষের কর্মসংস্থানের জন্য আপনারা কি দিশা দিয়েছেন? আমরা একসময় যখন রাস্তায় দাঁড়িয়ে মিটিং করতাম, মিছিল করতাম, আমরা তখন বলতাম যে বেকার ভাতা দিতে হবে যতদিন কাজ না পায়। আপনারা ব্যঙ্গ করেছিলেন। কাজের অধিকারকে সংবিধানে স্বীকৃতি দিতে হবে। এখনও আমরা বলছি কোন বিরোধ নেই আপনারা করুন। কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের প্রশ্নে আমরা আছি। কেউ কি আপনারা অস্বীকার করতে পারবেন আপনারা তো একসঙ্গে ছিলেন। হলদিয়াকে আপনারা ১৩ বছর পিছিয়ে দিলেন। বক্রেশ্বরে কি হল। তখন আপনারা ব্যঙ্গ করতেন। বলতেন রক্ত দিয়ে বক্রেশ্বর গড়া যায়? উন্নয়নের কোন দিশা এই বাজেটে নেই। আপনি কাটোয়া নিয়ে বলবেন? মাননীয় মন্ত্রীর কাছে এই ব্যাপারে দাবি করছি। বাজেটে তো কাটোয়ার ব্যাপারে কিছু নেই। জমি নীতি। জমি শিল্প নীতি। শিল্পপতিরা পালিয়ে যাচ্ছেন পাততাড়ি গুটিয়ে। হলদিয়া নাকি দিশা দেখাচ্ছে। এই দিশা? সেখানে মাননীয় এম পি র দৌরাত্ম্যে পালিয়ে যাচ্ছেন। বিভিন্ন জায়গাতে টোল প্লাজা করা হয়েছে। রাস্তাতে তো ন্যাশনাল হাইওয়ের প্লাজা আছে। শাসকদলের বিভিন্ন ব্যাপার এ, বি, সি, ডি তাদের টোলের জ্বালাতে পালিয়ে যাচ্ছে। সুব্রতবাবুর কাছে চিঠি আছে। জয়রাম রমেশ চিঠি দিয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছেন। চল্লিশ পারসেন্ট, বিয়াল্লিশ পারসেন্ট ঠিকাদার পাওয়া যাচ্ছে। আমাদের পশ্চিম মেদিনীপুর জেলার জেলা পরিষদের টেন্ডারে তারা আসছেন না, বলছেন কত টাকা দেব? কত লাভ করব এদের খুশি করার জন্য। এই যে কেলেঘাই- কপালেশ্বরী ডাঃ মানস ভুঁঞ্যার এলাকা, আমারও এলাকা। আমি সেই জেলার। বড় বড় সংবাদপত্রে বেরোল। বিপুল চাহিদা। এত টাকা দেবেন কি করে? এগুলো বন্ধ করুন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি এগুলিকে মেনে নেন। মেনে নেন মানে তিনি এঘটনা ঘটছে তিনি বলেছেন। কয়েকদিন আগে কোলকাতায় একটি খোলা মঞ্চে তিনি বলেছেন। কোলকাতা কর্পোরেশনে কি হচ্ছে। কি টাকা, কি রকম হচ্ছে, দুর্নীতির প্রশ্নে কি হচ্ছে তিনি তো বলেছেন। আমি তাই বলব এইসব বিষয়গুলিকে দেখুন। আমি কয়েকটি ব্যাপারে বলতে চাই যেটা এখানে আলোচনার মাধ্যমে উঠে এসেছে। পশ্চিমবাংলায় নাকি ৩৪ বছরে কিছুই হয় নি। আপনারা যেখান থেকে নিয়েছেন আমাদের কাছ থেকে। এই গ্রামাঞ্চলে আমাদের একটা কথা চালু আছে। উত্তরাধিকার সূত্রে ছেলেমেয়েদের বাবার যদি সম্পত্তি পেতে হয়, তাহলে বাবার দায়িত্ব সব নিতে হয়। আপনারা অস্বীকার করবেন কিভাবে। সব সম্পদ নেবেন, অথচ দায় দায়িত্ব নেবেন না এটা হতে পারে না। আপনারা দু বছরে কত ঋণ করেছেন। আর ৩৪ বছরে কত হল। আপনারা যদি কুড়ি হাজার পাঁচশো বলেন, আবার সামনের বছরে বলছেন পঁচিশ হাজার কত কোটি টাকা। দেখুন

তাহলে এখানে একটু হিসাব করুন। তাহলে ৩৪ বছরে কত এই রকম কুড়ি হাজার কোটি টাকা, পঁচিশ হাজার কোটি টাকা করে হিসাব করলে কত লক্ষ কোটি টাকা হয় দেখুন। আমরা তো স্বাধীনতার ৬৬ বছরে এসেছি। একটু হিসাব করুন। আমরা তো ৩৪ ছাড়া আর বাকী কারা ছিলেন এটা জানেন। আপনারা অন্য নামে সব ছিলেন। আর এখানে যারা মাননীয় সব বসে আছেন কংগ্রেসের তারাও তো ছিলেন। তাহলে স্বাভাবিকভাবে এটা ভালো করে দেখুন। কেন্দ্র রাজ্য সম্পর্কের ব্যাপার আছে। উত্তর পূর্বাঞ্চলকে বঞ্চনা করা হয়েছে। কেন ঋণ নিতে হয় সেখানে। স্বল্প সঞ্চয়ের অবস্থা কি। ব্যাংকিং ব্যবস্থা কেমন। কতগুলি বিষয় আছে। এগুলি খেয়াল রাখতে হবে। আর বাকী তো বড় অর্থনীতিবিদ হওয়ার দরকার নেই। গ্রামের মানুষরা বুঝেছেন। জিনিসের দাম বাড়ছে। গতবারে এন্ট্রি ট্যাকস প্রবেশ কর আপনারা পনেরো পারসেন্ট চালু করে দিলেন। ৬৫ টাকা কিলো সরিষা তেল ১১৫ টাকা ১২০ টাকা হয়ে গেল। কি উত্তর দেবেন। যা আসছে, আমাদের রাজ্যে যেগুলি ঘাটতি আছে, ডাল তৈলবীজ থেকে অন্যান্য জিনিস আসছে তার উপরে বেড়ে গেল। তারপরে এবারে ভ্যাট বাড়িয়ে দিচ্ছেন। জিনিসের দাম বাড়বে। কি করে আটকাবেন। মূল্যবৃদ্ধি ঘটছে। সেখানে উপরের দিকে বলবেন? উপরে উনি দায়ী। বলছেন বৃষ্টিপাত না হওয়ার জন্য জিনিসের দাম বেড়ে যায়। তাহলে বর্ষাকালে কি কম দামে আমরা জিনিস পাই? শীতকালে কম দামে জিনিস পাই? এই রকম কিছু কিছু অর্থনীতিবিদরা তারা এই রকম কথা বলছেন। তারা পন্ডিত মানুষ, আমি সম্মান করি। তারা এই রকম বলছেন। জিনিসের দাম বাড়ছে এটা হচ্ছে নীতি। যে নীতির জন্য জিনিসের দাম বাড়ছে। আমরা এল পি জি নিয়ে বরাবর বলেছি। লিবারাইজেশন, প্রাইভেটাইজেশন, গ্লোবালাইজেশন এর কারণে আজকে বিষময় পরিণতি হচ্ছে। জিনিসের দাম বাড়ছে। কর্মহীন হয়ে পড়ছে মানুষ। সাম্রাজ্যবাদী বিশ্বায়নের প্রভাব পড়ছে। আমি তাই বলব এখানে মাইনরিটি, তফশিলী জাতি উপজাতিদের নিয়ে নানা ধরনের কথা হল। আমি বলব বামফ্রন্টের আমলে সাম্প্রদায়িক সম্প্রীতি ছিল। এটাই তো বড় কথা। কত প্রকল্প করা হয়েছিল, কল্পনা করা যায় না। গুজরাটে যে সাম্প্রদায়িক দাঙ্গা ঘটল, সেই জায়গাতে যে ফুলের তোড়া পাঠিয়েছিলেন, আমরা লজ্জিত। পশ্চিমবাংলার মানুষ জানে যে সাম্প্রদায়িক সম্প্রীতির পরিবেশ পশ্চিমবাংলায় ৩৪ বছরে ছিল। সেখানে বামপন্থীরা থাকার ফলে সেটা সম্ভবপর হয়েছে। তাই আমি বলব এই যে কেন্দ্রীয় বঞ্চনার ব্যাপার আছে। এই ব্যাপারে আমাদের যা বক্তব্য অতীতে ছিল আমরা বলেছি গঠনমূলক বিরোধীদলের দায়িত্ব বামপন্থীরা বরাবর পালন করেছেন।

[4.20–4.30 p.m]

বামপন্থীরা তো ৭৭ সালে সরকারে এসেছেন। দুটো যুক্তফ্রন্ট আগে হয়েছে অল্পদিনের। কিন্তু আমরা এখন বিরোধী দলের দায়িত্ব, গঠনমূলক বিরোধী দলের দায়িত্ব - মানুষের জন্য আমরা করি। আমাদের কাজ হবে সেই কাজকে আমরা সমর্থন করবো। রাজ্যের স্বার্থে, বাংলার স্বার্থে কেন্দ্রীয় সরকারের কাছে যদি সর্বদলীয় প্রতিনিধি দল যায়, আমরা বরাবর বলেছি, সেই জায়গায় আমরা যাবো, রাজ্যের উন্নয়নের প্রশ্নে আমরা গিয়ে দাঁড়াবো। ভিন্ন কথা থাকতে পারে, ভিন্ন মত থাকতে পারে - রাজ্যের উন্নয়নের প্রশ্নে আমরা এক হবো। আজকে যে বিষয়গুলো আছে এক কথা, সেখানে সেই বিষয়গুলো উত্থাপিত হয়েছে বাজেটে - বিশেষ করে আমি বলবো মাননীয় অর্থমন্ত্রীকে, সুব্রতবাবু সিনিয়র মন্ত্রী এখানে উপস্থিত আছেন, এগুলো উপেক্ষা করা হয়েছে -

এস.এস.কে., এম.এস.কে., আই.সি.ডি.এস., সি.এইচ.জি. ইত্যাদি - এই যে বিষয়গুলি, তাদের কি হবে? ঘাটাল মাষ্টার প্ল্যান দীর্ঘদিন, এবারের বাজেটের মধ্যে সেগুলোকে অন্তর্ভূক্ত করা হয়নি। এগুলো যাতে অন্তর্ভূক্ত করা যায়, আর এস.সি., এস.টি., মাইনরিটি - তাদের সার্টিফিকেটের ব্যাপারটা এখানে উত্থাপিত হয়েছে। সামনে পঞ্চায়েত নির্বাচন, নানা রকম কথা সেখানে শুনছি। নানা বেপ অর্ডার যাচ্ছে, সেখানে সেগুলো যাতে সরলীকরণ করা যায়। কংগ্রেসও রাইটার্সে ডেপুটেশন দিয়েছেন, বামপন্থীরাও বলেছেন - আমি সেখানে বলব সবটা মিলিয়ে খেয়াল করার জন্য। আর গণতন্ত্র সুরক্ষা রাখা, উন্নয়ন তো মানুষেরই জন্য। রক্তপাত বন্ধ করুন। উন্নয়নের কর্মকান্ডে মানুষকে যুক্ত করার জন্য গণতান্ত্রিক যে বাতাবরণ, সুব্রতবাবু আছেন, তাঁরই তো একটা পরীক্ষা। সামনে যে কঠিন রাজনৈতিক সংগ্রাম, তাতে যাতে মানুষ অংশগ্রহণ করতে পারেন, মত প্রকাশ করতে পারেন, দাঁড়াতে পারেন, ভোট দিতে পারেন - এটা তাঁকে নিশ্চিত করতে হবে। আমি আরেকবার এই বাজেটের নীতিগতভাবে বিরোধীতা করে আমার কথা এখানেই শেষ করছি, ধন্যবাদ।

শ্রীমতী অসীমা পাত্র : অনারেব্‌ল্‌ ডেপুটি স্পিকার ম্যাডাম, গতকাল অর্থাৎ ১১ই মার্চ ২০১৩ এই মহান সভায় মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী ড. অমিত মিত্র যে ২০১৩ এবং ১৪র বাজেট বিবৃতি দিয়েছেন, তাঁকে আমি ধন্যবাদ জানিয়ে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। ম্যাডাম, আমরা ৩৪ বছরে এই মহান সভায় দেখেছি যে পূর্বতন অর্থমন্ত্রীরা বারবার ভাঁওতা দিয়ে বাজেট প্লেস করেছেন। আমাদের মা-মাটি-মানুষের সরকার ২০১১ সালে যখন ক্ষমতায় আসে, আমরা দেখলাম মা-মাটি-মানুষের সরকারের ওপর ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের বোঝা। কিন্তু তা সত্ত্বেও মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রীর উদ্যোগে আজকে পশ্চিমবাংলায় যে কর্মযজ্ঞ চলছে, এই বাজেট সমর্থন না করে বিরোধীরা বিরোধীতা করে যাচ্ছে এটা তাদের স্বভাব। আজকে ম্যাডাম এই বাজেট, মা-মাটি-মানুষের সরকারের যে বাজেট, এই বাজেটে কৃষি গ্রামোন্নয়ন এবং দরিদ্র-অনগ্রসর মানুষের স্বার্থে জোর দেওয়া হয়েছে। যেখানে ৭০ শতাংশ ভাই-বোন গ্রামে বাস করে, কৃষি হ'ল গ্রামবাংলার মানুষের হৃদয়ের স্পন্দন, কৃষকদের কথা চিন্তা করে, মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় কিষাণ ক্রেডিট কার্ড দিয়েছেন, কৃষকদের কথা চিন্তা করে আজকে কিষাণ মান্ডি তৈরি করছেন, কৃষকদের কথা চিন্তা করে আজকে ইলেকট্রিক পাম্পসেট্‌ দিচ্ছেন, যে পাম্পসেটগুলোকে ইলেকট্রিক সংযোগ করতে হ'লে ৮ হাজার টাকা লাগে,আজকে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী এককালীন ৮ হাজার টাকা পর্যন্ত দিচ্ছেন। আজকে কৃষকদের জন্য যে কৃষি বাজার, কৃষক ভাই-বোনেদের যাতে বেশি দূর যেতে না হয়, সেই বাজারে তাদের পণ্য বিক্রি করতে পারে, তারজন্য তাদের কাছেই বাজার তৈরি করা হচ্ছে। আমরা দেখেছি, বিগত বামফ্রন্ট সরকারের আমলে খাদ্য সংরক্ষণের কোনো ব্যবস্থা ছিল না। তাই গুদাম ঘর খুব সীমিত ছিল, মা-মাটি-মানুষের সরকার আসার পর ৩৪৪ কোটি টাকা ব্যায়ে শস্য সংরক্ষণের জন্য একটা গুদাম ঘর তৈরি করছেন এবং পি.এইচ.জি.র মাধ্যমে আরো খাদ্য সংরক্ষণ করার পরিকল্পনা নিয়েছেন। গণ বন্টনের মাধ্যমে আয়লায় বিধ্বস্ত গ্রামবাসীদের এবং সিঙ্গুরের অনিচ্ছুক চাষীদের এবং পাহাড়ের মানুষদের, জঙ্গলমহলের মানুষদের দু'টাকা কিলো চাল এবং ৫ টাকায় সাতশো পঞ্চাশ গ্রাম আটা দেওয়ার প্রস্তুতি নিয়েছেন এই সরকার এবং দিতে শুরু করেছেন। এবং ১২টি horticulture শস্যকে শস্যবিমায় নিযুক্ত করেছেন। প্রাণী সম্পদ, গ্রামীন এলাকার বিপুল সংখ্যক মানুষের জীবন ধারণ ও কাজকর্মের সৃষ্টিতে প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আজকে এই ২০১২-১৩ অর্থবর্ষে

গো-সম্পদ বিকাশ অভিযান ৫৭টি ব্লক থেকে বৃদ্ধি পেয়ে ১০০টি ব্লক হয়েছে, যেখানে দুধ, মাংস, ডিম উৎপাদন আমাদের পশ্চিমবাংলায় অপর্যাপ্ত হচ্ছে। মাছ চাষীদের সুরক্ষা এবং কল্যাণের জন্য আমাদের মা-মাটি-মানুষের সরকার ২.৫৬ লক্ষ মাছ চাষীদের biometric পরিচয়পত্র তৈরীর কাজ এই সরকার হাতে নিয়েছে। ইতিমধ্যেই ১.৪৭ লক্ষ মাছ চাষীকে biometric card দেওয়া হয়েছে। গ্রামোন্নয়নের ক্ষেত্রে মা-মাটি-মানুষের সরকার খুব সক্রিয়, তার ফলে গ্রামোন্নয়নে প্রভৃত উন্নতি হয়েছে। গ্রামের দরিদ্র মানুষদের বাড়ী নির্মানের ক্ষেত্রে I.A.Y. প্রকল্প ছাড়াও রাজ্য সরকারের নিজস্ব প্রকল্প 'গীতাঞ্জলি' এবং 'আমার ঠিকানা' এতেও বাড়ী তৈরী হচ্ছে। আজকে ধন্যবাদ না জানিয়ে পারা যাচ্ছে না আমাদের পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে যে B.P.L. তালিকা আছে, আমরা দেখেছি অনেক বড়লোকের নাম সেই তালিকায় আছে। তার ফলে যারা অরিজিনাল গরীব মানুষ তার কিন্তু সেই সুযোগ থেকে বঞ্চিত হয়। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে আজকে 'অধিকার প্রকল্প' চালু হয়েছে। এই 'অধিকার প্রকল্প'-এ আজকে সমস্ত স্তরের গরীব মানুষ সেই সুযোগ-সুবিধা পাবে। মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, ২০১২-১৩ সালে আমাদের মা-মাটি-মানুষের সরকার যখন ক্ষমতায় এলো তখন আমাদের স্বাস্থ্যের ভগ্নদশা, জরাজীর্ণ অবস্থা। স্বাস্থ্যের এই অবস্থা আমরা এই বামফ্রন্ট্রে ভাইরা করে গেছেন। সেখানে দেখা যাচ্ছে ঘর আছে ডাক্তার নেই, ওষুধ নেই, নার্স নেই। কিন্তু আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পরে ঘোষণা করেছেন এবং আমাদের সাতটা স্বাস্থ্য জেলা গঠন করেছেন এবং এই কাজ অলরেডি শুরু হয়ে গেছে। সাধারণ মানুষ যাতে কম দামে ওষুধ পায় তার জন্য আজকে মেডিকেল কলেজ এবং জেলা হাসপাতাল, সদর হাসপাতাল থেকে শুরু করে আজকে অনেক জায়গায় কম দামে ওষুধ বিক্রি হচ্ছে যেখানে মানুষ অনেক কম দামে ওষুধ পেতে পারে। আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার গ্রামের মানুষের পাশে আছে। আজকে আরও ধন্যবাদ জানাতে হয় আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রীকে, আমাদের আশা কর্মীদের, যে আশা কর্মীরা তাঁদের রোজগারে সংসার চালাতে পারতো না, আশা কর্মীরা অসহায় অবস্থায় ছিল। কিন্তু আমাদের মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় তাদের কথা চিন্তা করে আজকে আশা কর্মীদের স্থায়ী অনুদান হিসাবে ১৩০০ টাকা তাদের দিচ্ছেন। রাজ্যে শিশু মৃত্যুর হার কমাবার জন্য মেডিকেল কলেজ ও হাসপাতালে বৃহৎ সংখ্যায় Sick New Born Care Unit, Sick New Born Stabilization Unit, New Born Care Corner ও শিশু চিকিৎসা বিভাগ চালু করেছেন। আমরা বিগত দিনে দেখেছি এবং এখনও দেখছি সংখ্যালঘু ভাইদের চোখে জল বেরিয়ে আসছে। ম্যাডাম, সংখ্যালঘুদের জন্য তাঁরা কিছুই করেন নি। আজকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্কুল ও মাদ্রাসার ছাত্রছাত্রীদের জন্য এই অর্থবর্ষে ২৪ লক্ষ সংখ্যা লঘু ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করেছেন এবং সংখ্যালঘু সম্প্রদায়ের গরীব এবং দুস্থ ছাত্রীদের ১০০ টাকা প্রতি মাসে উৎসাহ ভাতা দিচ্ছেন। সংখ্যালঘু ছাত্রীদের bicycle -এর ব্যবস্থা করে দিয়েছেন এবং অলরেডি অনেক জায়গায় দেওয়া হয়ে গেছে। ওয়াকফের মাধ্যমে আমাদের সংখ্যালঘু ভাইদের ইমামদের মাসে আড়াই হাজার টাকা এবং মোয়াজ্জিনদের মাসে হাজার টাকা করে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

[4.30–4.40 p.m]

সংখ্যালঘু এলাকায় ২৪টি আই.টি.আই ও ৮টি পলিটেকনিক কলেজের ব্যবস্থা করা হয়েছে।

অনগ্রসর শ্রেণীর জন্য পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার ৭ লক্ষ ৬০ হাজার তপশীলী উপজাতি এবং তপশীলী জাতির ছাত্রছাত্রীদের 'পোস্টমেট্রিক বৃত্তি' প্রদান করেছে। একই ভাবে এই সরকার ১ লক্ষ ১৬ হাজার অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান করেছে। দ্রুততার সাথে যাতে কাস্ট সার্টিফিকেট পাওয়া যায় তার ব্যবস্থা করেছে এবং ৩৫টি সাবডিভিশান থেকে অন লাইনের মাধ্যমে দরখাস্ত নেওয়া হচ্ছে অনগ্রসর শ্রেণীদের জন্যে। আমাদের অনগ্রসর শ্রেণীদের জন্য নানারকম ট্রেনিংয়ের ব্যবস্থা করেছে। কম্পিউটার কোর্স. জে.ই.ই. আই.এ.এস এবং ডব্লু.বি.সি.এস পরীক্ষার জন্য কোচিংয়ের ব্যবস্থা করেছে। স্বনির্ভর গোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি এবং তাদের উৎপাদিত দ্রব্যের বিক্রির সুবিধার্থে ১৩টি ট্রেনিং কাম মার্কেটিং কমপ্লেক্সের ব্যবস্থা করেছেন। এই ধরনের পরিকল্পনা স্বনির্ভর গোষ্ঠীগুলি এবং এর সঙ্গে যুক্ত গ্রামাঞ্চলে মহিলাদের উৎসাহ প্রদান করবে। ক্ষুদ্র শিল্পে পশ্চিমবঙ্গ সরকার ২০১২-১৩ অর্থবর্ষে হস্তচালিত তাঁতে পুনর্গঠনের জন্য চলতি অর্থ বর্ষে ৪২ কোটি টাকা খরচ করেছে। গ্রামীন জীবনের উন্নয়ন ও কর্মসংস্থানের জন্য গ্রামীণ হাট তৈরী করা হয়েছে। ২০১২ এবং ২০১৩ সালে ১১টি পিছিয়ে পড়া জেলায় হস্তশিল্প এবং গ্রামীন কারিগরদের আর্টিজেন ক্রেডিট কার্ড এবং তাঁতীদের জন্য 'উইভার্স ক্রেডিট কার্ড দেওয়া হচ্ছে। এবং তাঁতিদের জন্য নানারকম সুযোগ সুবিধা এই সরকার আমাদের মা-মাটি মানুষের সরকার দিচ্ছে। আজকে কর নীতি যেভাবে আমাদের মা-মাটি-মানুষের সরকার করেছেন তার জন্য ধন্যবাদ জানাই। যারা ছোট ব্যবসায়ী তারা আজকে নানারকম সুযোগসুবিধা পাবে। আজকে মা-মাটি-মানুষের সরকার ঘোষণা করেছেন যাদের আয় ৫০ হাজার টাকার নীচে, যারা জিনিসপত্র বিক্রি করেন তাদের কেনা পণ্যের উপর কর দিতে হবে না। এর ফলে বহু ক্ষুদ্র ব্যবসায়ী উপকৃত হবে। এরা অনেকেই নথিপত্র ছাড়া ব্যবসা করেন। মা-মাটি-মানুষের সরকার বলেছেন অল্প নথি দিলেই তাদের সার্টিফিকেট রেজিস্ট্রেশান করা হবে। এর ফলে বহু ক্ষুদ্র ব্যবসায়ী উপকৃত হবেন। 'কন্যাশ্রী'- দুর্বল পরিবারের ১৮ বছরের নীচে অবিবাহিত মহিলারা যারা পড়াশুনা করছেন তাদের জন্যে আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার 'কন্যাশ্রী' প্রকল্প চালু করেছেন। তার কারণ বাল্য বিবাহ, নারী পাচার, স্কুলছুট রোধ করার লক্ষে এবং ১৩ থেকে ১৮ বছর বয়সীদের পড়াশুনার পর যখন ১৮ বছর কভার হবে তাদের ২৫ হাজার টাকা এককালীন বাবদ দেবে। তাই এখানে এর আগে অনেকে বলছিলেন রাজ্যের পরিস্থিতি, অনেকে চিৎকার করে বলছিলেন রাজ্যে যে হাল, আমি শুধু বামফ্রন্টের যে অনেক প্রবীন সদস্য আছেন তাদের উদ্দেশ্যে একটা কথাই বলি, দু' বছর মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আছে। আপনারা হাহাকার তুলে দিলেন। আজকে বলুন তো আপনারা ভুলে গেলেন ৩৪ বছরের বানতলা, আপনারা ভুলে গেলেন ৩৪ বছরের ধানতলা. আপনারা ভুলে গেলেন মরিঝাঁপির ঘটনা, আপনারা ভুলে গেলেন বিজন সেতুর ঘটনা? কথাগুলো বলে অনেকে বলছেন বাড়িতে থাকতে পারছি না। আমরা অবাক হয়ে যাচ্ছি। দু'বছর মাত্র। এখনও দু' বছর হয়নি ১৯ মাস ক্ষমতায় এসেছে আমাদের মা-মাটি-মানুষের সরকার। এখানে আমার আগেই একজন বলছিলেন বাজেটের বাইরে. যে আমরা ভোট দিতে পারছি না আমরা যেন ভোট দিতে পারি। সেই সদস্য নিশ্চয়ই পুরাতন। আমি ধনেখালির সদস্যা। আজকে বলুন তো কতদিন ধনেখালিতে ভোট দিয়েছিলেন আর আমি যে জায়গায় এসেছি আমার বাবা ছিলেন কাশীনাথ পাত্র তাকেও আপনারা খুন করেছিলেন। তার বিচার এখনও আমরা পাইনি। কোথায় ছিলেন সেদিন? আজকে দেখাচ্ছেন দু'বছরে নারী নির্যাতন। বানতলায় যখন নির্যাতন হয়েছিল, ধর্ষণ হয়েছিল, খুন হয়েছিল. তাপসী মালিক যখন খুন হয়েছিল

ধর্ষণ হয়েছিল কোথায় ছিল আপনাদের এই ডায়লগ? আপনারা তাই চুপ করে থাকুন। আজকে মা-মাটি-মানুষ সমর্থন করেছে এই সরকারকে। মা-মাটি-মানুষ আজকে কাজ করে যাবে আপনাদের দিশা আমাদের প্রয়োজন নেই। আমাদের দিশা মমতা ব্যানার্জ্জীর রবীন্দ্রনাথের সোনার বাংলা ফিরিয়ে আনবে।

আপনারা শ্মশানের যে বাংলা তৈরি করেছিলেন। যে বাংলাকে আপনারা ধর্ষণ করেছিলেন, নজরুলের বাংলাকে, সেই বাংলা আজকে ফিরে আসবে। তাই আপনারা চুপ করে থাকুন। আপনাদের ৩৪ বছরের পাপের প্রায়শ্চিত্য আপনারা বসে বসে করে যান। আমরা করাবো, তারজন্য আমরা চিন্তিত নই। আপনারা চিৎকার করে যান। এইটুকু বলে আমি আবার ডেপুটি স্পীকার ম্যাডামকে ধন্যবাদ, এবং সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আবু তাহের খান : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি পশ্চিমবঙ্গ সরকারের অর্থ দপ্তরের মাননীয় মন্ত্রী ড. অমিত মিত্র ২০১৩-২০১৪-এর যে বাজেট বিবৃতি এই সভায়, এই পবিত্র সদনে পেশ করেছেন, আমার দলের পক্ষ থেকে তার বিরোধিতা করে বক্তব্য রাখছি। মাননীয়া সদস্যা, এক্ষুনি বলছিলেন বানতলা, ধানতলা। দুর্ভাগ্য আমাদের তাঁর এলাকায় ধনেখালিতে, কিভাবে খুন হল, এবং আমরা সংবাদপত্রেও দেখেছি, তাঁর জড়িয়ে যাওয়ার কথা। এটা আমাদের দুর্ভাগ্যের বিষয়, যে পুলিশ লক আপে তারই একজন কর্মীকে কিভাবে পিটিয়ে মারছে, আর তিনি দাঁড়িয়ে দাঁড়িয়ে সেই দৃশ্য দেখছেন। আর এখানে বক্তব্য রাখছেন, এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। অবশ্যই বাজেট আসবে, আলোচনা আসবে। আজকে দেখছিলাম ১৩টি নতুন প্রকল্প, ড. অমিত মিত্র ঘোষণা করেছেন তাঁর বাজেট বিবৃতিতে। আমরা ওনাকে অসংখ্য ধন্যবাদ জানাই, যদি এই প্রকল্পগুলো বাস্তবে বাস্তবায়িত হয়। নিশ্চই বাংলার মানুষ উপকৃত হবেন। বাংলার মানুষ উপকৃত হলেই আমরা সকলেই নির্বাচিত প্রতিনিধি, আমরা উপকৃত হব নিঃসন্দেহে। কিন্তু আমরা দেখেছিলাম, দীর্ঘ ৩৪ বছরে অনেক প্রকল্প ঘোষণা করেছিলেন, তদানিন্তন বামফ্রন্ট সরকার, কিন্তু অচিরেই সেগুলোর ভিত্তিস্থাপন করেই শেষ হয়েছে। একসময় দেখেছিলাম, সেন্ট্রাল গভর্নমেন্টের রেলের অনেক প্রকল্প ঘোষণা হয়েছে, হাততালি কুড়িয়েছে। সেগুলো অচিরেই শেষ হয়ে গেছে। অমিত মিত্র আজকেও এই পবিত্র সদনে যে গতকাল বাজেট পেশ করেছেন, নতুন প্রকল্পগুলোর কথা ঘোষণা করেছেন, জানি না অর্থনৈতিক সংকটে সেগুলো আটকে যাবে কি না আমাদের সন্দেহ হয়। আমরা তবুও আশায় বুক বেঁধে থাকবো, নিশ্চয়ই এই নতুন প্রকল্পগুলি, আশার আলো মানুষকে অবশ্যই দেখাবে।

আমরা বার বার এই সদনে বলেছি বি পি এল তালিকা। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, দীর্ঘ দশ বছর বি পি এল তালিকা নিয়ে আমরা যখন এখানে আন্দোলন করেছি, আলোচনা করেছি, আজকেও দেখছি সেই বি পি এল তালিকা সংশোধনের বাস্তবে বাস্তবায়িত হওয়ার কোনো পরিকল্পনার কথা এখানে বলা হয় নি। যদিও economic survey চলছে। কিন্তু সেটা কতদূর সাফল্য মন্ডিত হবে আমাদের জানা নেই। আজকে রেশন কার্ড, অনেক ভুয়ো রেশন কার্ড ধরা হয়েছে। কিন্তু সেটা দুর্ভাগ্যের বিষয়, house to house survey করে যে রেশন কার্ড দেওয়ার কথা, প্রায় দু'বছর হতে চলল, সেই প্রক্রিয়াটা আজও সমাপন হল না। আজকে রেশন কার্ড যদি house to house survey করে দেওয়া হত, তাহলে যেমন ফেক রেশন কার্ড অনেক ধরেছে, আরো ধরা সম্ভব হত। এবং যারা দশ বছর আগে জন্মগ্রহণ করেছে রেশন কার্ডের অভাবে অনেক কাজ থেকে বঞ্চিত

হচ্ছে বাংলার মানুষ। সেই সমস্ত যারা রেশন কার্ড পায়নি, তারা অনেক উপকৃত হতেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় সে বিষয়টাও আমরা লক্ষ্য করলাম না। গত ২০১১-১২তে আমরা দেখেছি কিষাণ মান্ডি। ৩৪১ ব্লকে হবে হবে বলে ঘোষণা করা হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ৬১টি প্রকল্প ১৯৯ কোটি টাকা ব্যয়ে ঘোষণাও করা হয়েছিল, কিন্তু আজকে মানীয় মন্ত্রী বলছিলেন, মাত্র ৩১টির কাজ চলছে। আর বাকিগুলো কোথায় আছে, কি অবস্থায় আছে আজও জানতে পারলাম না। তাহলে ৩৪১ ব্লকে ঘোষণা করেও ৩১টির কাজ চলছে। বাকিগুলো এখন কি অবস্থায় আছে এবং সেটা কবে নাগাদ হবে, যদি মাননীয় মন্ত্রি বলেন, তাহলে নিশ্চয়ই জবাবী ভাষণে আমরা উপকৃত হব। কৃষকদের যে কৃষক পেনশান, আজকে সে সম্পর্কেও একটি টাকা বাড়ানোর কোনো কথা বলা হয়নি। নতুন করে তাদের জন্য কোনো কৃষক পেনশানের ব্যবস্থা হয় নি।

[4.40–4.50 p.m]

প্রত্যেকে ব্লকে হিমগর তৈরী করার জন্য পরিকল্পনার কথা বলা হয়েছিল। এই সদনে দাঁড়িয়ে সেদিন অনেক হাততালি কুড়িয়ে ছিলেন। আজকে বিভিন্ন ব্লকগুলি ঘুরলে দেখা যাবে সেই হিমঘর বাস্তবে বাস্তবায়িত হয়নি। তাহলে কোথায় দাঁড়িয়ে আছে? এই জমি অধিগ্রহণ কি তার জট? আজকে যে কথা বলা হচ্ছে বাস্তবে, এক বছর আগে, এক বছর পরেও দেখছি বাস্তবে, বাস্তবায়িত হচ্ছে না। তাহলে এটা কি প্রহসন? না আলোচনা, না সিদ্ধান্তগ্রহণ, কোনটা সঠিক? যদি মাননীয় মন্ত্রী বলেন, তাহলে নিশ্চয় পরবর্তী ক্ষেত্রে আমরা উপকৃত হবো। আমাদের বাংলায় পিঁয়াজের কোল্ডস্টোরেজ নাই, বারবার মাননীয় মন্ত্রীকে বলেছি, যে বাংলায় পিঁয়াজের কোল্ড স্টোরেজ নাই। পিঁয়াজ উৎপাদকরা-যেমন আলু পচে নষ্ট হচ্ছে-পিঁয়াজ তৈরী করছে, অথচ বাংলায় সেই টেকনলজি নাই যা মহারাষ্ট্রে আছে, নাসিকে আছে, বিভিন্ন জায়গায় আছে। আমি মাননীয় মন্ত্রী ও অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, উনি বারবার বলেছেন, উনি গতবছর বলেছিলেন, যে এবছর নতুন করে পরিকল্পনা করে আমরা অন্ততঃ কিছু ব্লকে এগুলো তৈরী করবো। কিন্তু আজ পর্য্যন্ত বাস্তবে বাস্তবায়িত হয়নি। এই সম্পর্কে বাজেটে কোন তথ্য দেওয়া হয়নি। এম এস কে, এস এস কে হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা আছেন, যারা জীবন জীবিকা নির্বাহ করে এই বেতনের মধ্যে দিয়ে কিন্তু তাদের সম্পর্কেও একটা শব্দও উচ্চারণ করা হয়নি। প্যারা টিচার যারা আছেন তাদের সম্পর্কেও কোন কথার উল্লেখ নাই। এটা অন্ততঃ দুর্ভাগ্যের বিষয়। কপি রাইটার যারা আছেন-প্রায় ১০ লক্ষ-বিভিন্ন ব্লকে, সেই কপি রাইটাররা অনিশ্চয়তায় ভুগছে। অথচ সেই কপি রাইটাররা আজকে তাদের কাজ থেকে বিচ্যুত হচ্ছে। তাদের সম্পর্কেও একটা শব্দ উচ্চারণ করা হয়নি। আইলা-সুন্দরবন, আইলা বিধ্বস্ত এলাকায়, আমরা যারা সুন্দরবনে গিয়েছি, দেখেছি, সেখানকার কি দুর্বিষহ অবস্থা। প্রায় তিন বছর হতে চলল, অথচ সেই বিধ্বস্ত এলাকায় আজকে নদীবাঁধগুলো ভেঙে শেষ হয়ে গেছে। অনেক টাকা এসেছে ভারত সরকারের পক্ষ থেকে। শুধু জমি অধিগ্রহণ করার জন্যই আজকে সেই বাঁধগুলোর সমাধান করা হচ্ছে না। তাই সেই আইলা বিধ্বস্ত এলাকা, সেই এলাকায় যাতে অন্ততঃ পক্ষে জমি অধিগ্রহণ করে সেই কাজটা অতি সত্বর করা যায় সেই সম্পর্কে মাননীয় অর্থমন্ত্রী কোন কথা উচ্চারণ করেননি। এটা আমাদের কাছে অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। অনেকেই বলেছেন, ১০ লক্ষ ২৪হাজার ৫২১জন বেকার অন্ততঃ পক্ষে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। সেটা এড়িয়ে যাচ্ছে সু-কৌশলে। সেখানে চাকরি কি দেওয়া হচ্ছে, আমাদের জানা নেই। যদি ১০ লক্ষ ২৪হাজার

হয়, তাহলে প্রত্যেকটি ব্লকে আমরা যারা বিধায়ক হিসাবে নির্বাচিত আছি- ৩৪১টি ব্লক- তাহলে প্রায় ৩ হাজার কর্মসংসংস্থানের সুযোগ হয়েছে। অনেক বিধায়ক এখানে উপস্থিত আছে, কোন এলাকায় ৩ হাজার মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে কিনা বুকে হাত দিয়ে বলবেন। আমাদেরকে মাথা হেঁট করে শুনতে হয় যে প্রায় ১০ লক্ষ বেকার সমস্যার সমাধান হয়েছে। কিন্তু দুর্ভাগ্য আমাদের, সেই ব্লকে যারা বিধায়ক আছেন, তাদের অনেকেই এখানে নেই, মাননীয় অর্থমন্ত্রী যেখান থেকে এসেছেন, তার কাছে আমাদের সুনির্দিষ্ট প্রশ্ন, ওনারও তো একটা নির্বাচিত এলাকা আছে, সেখানে কি তিন হাজার লোক কর্মসংস্থানের সুযোগ পেয়েছে।

আমাদের তো একটিও পাইনি। যদি ওনার এলাকায় কেউ পেয়ে থাকে তাহলে নিশ্চয় আমরা খুশী হবো, এই খবরে। কিন্তু উনি যে বিভ্রান্তিমূলক প্রচার করছেন, সেই বিভ্রান্তির শিকার হচ্ছি আমরা যারা বিধায়ক হয়ে নির্বাচিত হয়ে এখানে এসেছি তাদেরকে আমাদের এই যন্ত্রণা সহ্য করতে হচ্ছে। পরিশেষে একটা কথা অবশ্যই আমাদের বলতে হয়, যে কথাটা - সাইকেল দেখছিলাম তিন হাজার টাকা, আর সেখানে ২৬০০ টাকায় টেন্ডার নেওয়া হয়েছে, আর দেওয়ার কথা প্রত্যেকের জন্য মাথাপিছু ৩ হাজার টাকা এ্যালটমেন্ট। জানিনা, সেই টাকা কি ভাবে কি হল। যদি মাননীয় অর্থমন্ত্রীর জানা থাকে নিশ্চয় বলবেন। আর সবকিছুর দুর্ভাগ্যের বিষয় একটা যে মানুষের প্রত্যাখ্যাত যেটা, কোনদিন হয়নি, সেই রকম ঘটনা এই পবিত্র বিধানসভায় ঘটছে, যাকে মানুষ রিজেক্ট করেছে সেই রকম একজন মানুষকে এখানে নিয়ে এসে আবার নতুন করে এই বাজেট থেকে টাকা দেওয়া হবে, তার বেতনের টাকা দেওয়া হবে, এটা অত্যন্ত দুর্ভাগ্যের বিষয়। আমি অনুরোধ করবো, এই দৃষ্টান্ত এই উদাহরণ যেন বাংলায় না হয়। কারণ বাংলার একটা সম্মান আছে, ইজ্জত আছে, এই পবিত্র সদনে। তাই আপনার কাছে, আপনাদের সকলের কাছে, আমরা করবো এই মা মাটি মানুষের সরকারের কাছে, যাকে মানুষ রিজেক্ট করেছে, কদিন আগেই, সেই রকম মানুষকে আবার নতুন করে, আমাদের এই বাজেট থেকে টাকা দেওয়া হবে, সেই ধরণের এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারছি না, ধন্যবাদ, নমস্কার।

শ্রী এ টি এম আবদুল্লা : মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়া, গতকাল রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সম্পূর্ণরূপে স্বাগত জানিয়ে, তাকে সমর্থন করে, বক্তব্য রাখার পূর্বে একটু অন্য প্রসঙ্গে যাব। একটু আগে আমাদের মাননীয় একজন বিধায়ক অর্ঘ্য রায় প্রধান বক্তব্য রাখছিলেন। তাতে বিরোধীপক্ষের আসন থেকে যে হাসিটা দেখছিলাম তার পরিপ্রেক্ষিতে হাসির যে ব্যাখ্যা আছে, আমরা দেখেছি মানুষ আনন্দে হাসে, মানুষ অনেক সময় কাষ্ঠ হাসি দেয়। কিন্তু বামফ্রন্টের বন্ধুদের আসন থেকে যে হাসিটা দেখছিলাম সেটাকে নির্লজ্জের হাসি বলেই মনে হচ্ছিল। একটু আগে মাননীয় আরো একজন বিধায়ক বক্তব্য রাখলেন, আমাদের মাননীয় বিধায়িকা অসীমা পাত্রের বক্তব্যের পরবর্তীকালে। তিনি যে ভালো ভালো কথাগুলো বললেন, তারসঙ্গে যদি তিনি দিল্লির গণধর্ষণের কথাটা একটু যুক্ত করতেন, তারসঙ্গে তাদেরই দলের জনৈক এম পি এখন মাননীয় মন্ত্রী হয়েছেন কেন্দ্রীয় সরকারের, হোটেল মালিক এবং তার ছেলের খুনের সঙ্গে কেন তার নাম জড়িয়ে গিয়েছিল সে কথা যদি বলতেন তাহলে সেটা শুনে আমাদের ভালো লাগতো।

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পিকার : এটা ওনার মেডেন স্পিচ। প্লিজ ডোন্ট ডিসটার্ব।

....(গোলমাল)....

শ্রী এ টি এম আবদুল্লা : রাগ হলে হবে না। বিগত কয়েকদিন আগে মুর্শিদাবাদের ডি এম অফিসে ডেপুটেশান দেওয়ার সময় একজন সাংসদ এবং কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে প্রকাশ্যে সংবাদ মাধ্যমে তার যে আচরণ আমরা দেখেছি সেটার যদি একটু নিন্দা করতেন তাহলে মনে হয় হাউসের সকলেই সেটাকে হাততালি দিয়ে সমর্থন করতেন। যাইহোক, ঘটনা হল, এখন বক্তব্য শুনলে রাগ হবে।

....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পিকার : মিঃ এ টি এম আবদুল্লা, আপনি বাজেটের ওপর বলুন। আমি আপনাদের বলছি, এটা ওনার মেডেন স্পিচ।

....(গোলমাল)....

শ্রী এ টি এম আবদুল্লা : দীর্ঘ ৩৪ বছর ধরে আমরা যেটা দেখেছি যে এই ৩৪ বছরে আমরা আমাদের কংগ্রেসী বন্ধুদের সঙ্গে বামফ্রন্টের বন্ধুদের নকল মহড়া দেখেছি। সেই নকল মহড়ার জন্য বাংলার ৩৪টা বছর অতিক্রম হয়েছে। বাংলার ৩৪টা বছর পিছিয়ে গিয়েছে।

....(গোলমাল)....

যাত্রার রিহার্সালে মঞ্চে যখন যাত্রা হয় একজন রাম সাজেন, একজন রাবণ সাজেন, খুব গদা যুদ্ধ হয়। তারপরে গ্রিন রুমে গিয়ে যেমন এক ভাঁড়ে চা খাওয়া হয়। সেই যুদ্ধে আপনাদের সঙ্গে বাংলার মানুষ প্রত্যক্ষ করেছেন ৩৪ বছর ধরে, আপনারা অনেক বলেছেন, অনেক যুদ্ধ করেছেন। এখন একটু বাংলার কাজ হচ্ছে, দয়া করে কাজের সমন্বয়ে আমাদের সঙ্গে সহযোগিতা করুন। যাইহোক, যে কথাটা বলছিলাম, আজকে বাজেট বিষয়ে যে বক্তব্য, সেই বাজেট বক্তব্যের পরিপ্রেক্ষিতে যদি বলতে হয় তাহলে আমরা সর্বপ্রথমে বলবো বাংলায় যে উন্নয়ন হচ্ছে, বাংলায় যে ডেভেলপমেন্ট হচ্ছে তার সবচেয়ে বড় প্রমাণ হচ্ছে সারা ভারতবর্ষে যে গড় বৃদ্ধির হার সেই বৃদ্ধির হার থেকে বাংলার বৃদ্ধির হার অনেক বেশি, অনেক বেশি। আমরা গর্ব করে বলতে পারি ভারতবর্ষে যেমন বৃদ্ধির হার ৪.৯৬%, সেখানে আমাদের বাংলার বৃদ্ধির হার ৭.৬%। যখন কৃষি এবং তার সহায়ক ক্ষেত্রে ভারতের বৃদ্ধির হার ১.৭৯%, তখন বাংলার বৃদ্ধির হার ২.৫৬%। যদি শিল্পের কথা ধরা হয় তবে একই ছবি আমরা দেখতে পাই। যেখানে ভারতের শিল্পের অগ্রগতির হার ৩.১২%, সেখানে বাংলার বৃদ্ধির হার ৬.২৪%। নিশ্চয়ই বিরোধীপক্ষদের এরপরে আর কিছু বলার থাকে না। বামফ্রন্টের বন্ধুদের বলি যে আপনাদের লজ্জা হওয়া উচিত যে আপনাদের সরকারের শেষ বছরে আপনারা কৃষি ক্ষেত্রে এত বৃদ্ধি করেছিলেন যে আমাদের কৃষি ক্ষেত্রে বৃদ্ধির হার মাইনাসে (–) নেমে গিয়েছিল, –০.৭৪%এ কৃষির বৃদ্ধির হার আপনারা নিয়ে গিয়েছিলেন। লজ্জা হওয়া উচিত আপনাদের।

[4.50–5.00 p.m]

চৌত্রিশ বছর বাংলাকে আপনারা অপশাসন দিয়েছেন। আজকে এখানে যারা আছেন তারা বাংলার মানুষের দ্বারা নির্বাচিত হয়ে এসেছেন, সকলেই গুণীজন, সকলেই বিদগ্ধজন। আজকে আপনাদেরকে বলতে চাই, অমাবস্যার পরের দিন কিন্তু পূর্ণিমা হয় না। চৌত্রিশ বছরের অমবস্যার পরবর্তীকালে বাংলায় যে উন্নয়নের চাঁদ উঠেছে, সেই চাঁদকে পূর্ণিমা রূপে দেখতে গেলে, আরও কিছুদিন আপনাদের অপেক্ষা করতে হবে, ব্যস্ত হলে হবে না বন্ধু। বাংলাকে কোথায় নিয়ে গিয়েছিলেন আপনারা? কোন্ ক্ষেত্রে নিয়ে গিয়েছিলেন? বাংলার শিক্ষা, বাংলার স্বাস্থ্যকে আপনারা ধ্বংস করে দিয়েছিলেন। আজকে বুকে হাত দিয়ে আপনারা কেউ বলতে পারবেন যে বাংলার প্রাথমিক শিক্ষার উপরে মানুষের কোন আস্থা ছিল? অনাস্থা এমন পর্যায়ে পৌছে গিয়েছিল যে কোন মানুষ, তার যদি কোন নূন্যতম আর্থিক সঙ্গতি থাকে, সেই মানুষ তার ছেলেমেয়েকে প্রাথমিক বিদ্যালয়ে পাঠাতে দ্বিধাগ্রস্ত হত। চৌত্রিশ বছরে বাংলার প্রাথমিক স্তরে শিক্ষার ক্ষেত্রটিকে আপনারা ধ্বংস করে দিয়েছেন। দেননি আপনারা? বাংলার স্বাস্থ্য ব্যবস্থাটাকে আপনারা যে পর্যায়ে নিয়ে গিয়েছিলেন, তা আমরা নিজেরা উপলব্ধি করেছি, আমরা নিজেরা সেই উপলব্ধির শরিক। তখন বাংলার মানুষ সরকারী হাসপাতালে যেতে ভয় পেত। যার ন্যূনতম আর্থিক সঙ্গতি ছিল, সে তার পরিবার বা প্রিয়জনকে কোন নার্সিং হোমে নিয়ে যেতেন। শিক্ষা এবং স্বাস্থ্যই হচ্ছে মানুষের দুটো মূল প্রয়োজনীয় বিষয়। সরকারের কাজ হল মানুষের কাছে এই দুটো বিষয় পৌছে দেওয়া। এই দুটো বিষয়কেই আপনারা চূড়ান্তভাবে অবহেলা করেছেন। আমরা কি দেখতে পেতাম মেডিকেল কলেজ হাসপাতালগুলোতে? রোগী নিয়ে যাওয়া হত, রোগীকে ডাক্তার দেখাতে, প্রেসক্রিপশান লিখত। আরে ভাই ডাক্তার দেখাতে পয়সা লাগবে না, কিন্তু ওষুধ কিনতে যে পয়সাটা লাগবে সেটা অনেক গরীব মানুষের কাছে ছিল না। সেই জিনিসটা আপনারা তখন উপলব্ধি করতে পারেন নি। চিকিৎসার সঙ্গে যে আনুষঙ্গিক পরীক্ষা-নিরীক্ষাগুলো, যে পরীক্ষা-নিরীক্ষাগুলো অত্যন্ত প্রয়োজন সেগুলো এত দামী বা বহন করা হতদরিদ্র মানুষের পক্ষে অসম্ভব হয়ে উঠেছিল। লজ্জা হয় না আপনাদের চৌত্রিশ বছরের অমাবস্যার পরেই আপনারা আজকে পূর্ণিমার চাঁদ খুঁজছেন! বাংলার জনমানসে জননেত্রী হচ্ছেন বাংলার মুখ্যমন্ত্রী। বাংলার জন্য তিনি যে প্রচেষ্টা চালাচ্ছেন তার জন্য তাকে আপনাদের সেলাম দেওয়া উচিত। আজকে আমরা গর্ব করে বলতে পারি, বাংলার মুখ্যমন্ত্রী বাংলায় উন্নত চিকিৎসা পরিষেবা দেওয়ার জন্য ৩৫টি মাল্টি স্পেশালিটি হাসপাতাল করার প্রক্রিয়া শুরু করেছেন। হাসপাতালগুলি করা হচ্ছে বিভিন্ন মহকুমা কেন্দ্রিক স্তরে। আমরা মনে করি যে, যে এলাকার রোগী তাকে যদি সেই এলাকায় আটকে রাখা যায় তবে কলকাতার মেডিকেল কলেজ হাসপাতালগুলোর উপরে চাপটা কমবে। একই সঙ্গে চিকিৎসার জন্য যে আনুসঙ্গিক পরীক্ষা-নিরীক্ষাগুলো করা দরকার তার দিকেও এই সরকার নজর দিয়েছে। পুরো পেটের যদি একটা আল্ট্রাসোনোগ্রাফি করতে হয় তাহলে ৮০০-৯৫০০ টাকা খরচ হয়। কোনো একটা অংশের আল্ট্রাসোনোগ্রাফি করতে হলে ৪০০-৫০০ টাকা খরচ হয়। তাহলে কোথায় যাবে বাংলার মানুষ? বাংলার হতদরিদ্র মানুষ, যারা নিস্পেষিত, নিঃশেষিত হয়েছে আপনাদের চৌত্রিশ বছরের রাজত্বে, তারা কোথায় পাবে সেই অর্থ। তা আপনাদের কাছে আমি জানতে চাই। একটা X-ray করাতে গেলে ২০০ থেকে ৩০০ টাকা খরচ হবে। আজকে আমাদের সরকার সুলভে পি পি পি মডেলে পরীক্ষা-নিরীক্ষা করার ডায়াগোনেস্টিক সেন্টারগুলো তৈরী করছে। যেখানে আল্ট্রাসোনোগ্রাফি ২০০

টাকায় করা হবে, X-ray ৩০ টাকায় হবে, রক্তের পরীক্ষা ১০ থেকে ৫০ টাকায় করা হবে। আমাদের মা-মাটি মানুষের সরকার এই ব্যবস্থা করছে। ডাক্তার দেখলো, পরীক্ষা-নিরীক্ষা হল, কিন্তু ওষুধতো লাগবে। কোন জায়গাতে নিয়ে গিয়েছিলেন আপনারা ওষুধের পরিষেবাটাকে। ওষুধের দাম বাড়তে বাড়তে কোন্ জায়গায় গিয়েছিল? আমি নিজে মেডিকেল রিপ্রেজেন্টটেটিভের কাজ করতাম এক সময়ে। আমরা নিজেরা জানি, একটা ওষুধের কোম্পানিতে একটা ওষুধে কত টাকা কাট মানি থাকে মাঝখানে। সেই টাকাটা যায় বাংলার গরীব মানুষের পকেট থেকে। আজকে মা-মাটি-মানুষের সরকারের নেত্রী সেটাকে উপলব্ধি করেছেন, আমরা অলরেডি ২৬টার মত সুলভ মূল্যের ওষুধের দোকান প্রতিষ্ঠা করতে পেরেছি। আমাদের লক্ষ্য হচ্ছে প্রত্যেকটি মহকুমায়, পরবর্তীকালে প্রত্যেকটি ব্লকে আমরা ন্যায্যমূল্যে ওষুদের দোকান করব।

যেখানে ৪০ থেকে ৯০ শতাংশের কাছাকাছি দামে, কম দামে মানুষ ওষুধ পাবে। আপনারা কেন করেন নি? কে মাথার দিব্বি দিয়েছিল আপনাদের? বামপন্থী বন্ধুদের কাছে জানতে চাই। কংগ্রেসী বন্ধুদের কথা কি বলবো। তাদের কথা বলতে গেলে একটা কথাই বলতে হয় ছেলেবেলায় চাঁদ মামায় পড়েছিলাম। এক রাজার হাতি পোষার শখ আছে। হাতি পোষার। তার এত হাতি পোষার শখ যে তিনি যেখান থেকে হাতি পান নিজের রাজ্যে নিয়ে চলে আসেন। আর হাতি খাওয়াতে খাওয়াতে রাজার কোষাগার শেষ। কোথা থেকে আসবে হাতির খরচ? মন্ত্রীরা বলছে রাজামশাই টাকা তো আর রাজ ভান্ডারে নেই। বলছে জনগণের কাছ থেকে আদায় কর। সেনাপতি গিয়ে বলছে মহারাজ জনগণ দিতে চাইছে না। বলে লেঠিয়ে টাকা নিয়ে এসো। আজকে ভারতবর্ষে, ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হয়েছে। আজকে ২০১৩সালের ভারতবর্ষ। আজকে এই টাইমটার মধ্যে যদি দেখা যায়, দেখা যাবে ভারতবর্ষের অধিকাংশ সময় আপনারা কংগ্রেসী বন্ধুরা ভারতবর্ষকে শাসন করেছেন। আজকে হাতি পোষার শখের কথা বলছি এই জন্য আপনারা কংগ্রেসী বন্ধুরা ভারতবর্ষে দুর্নীতির হাতিটাকে খুব ভাল করে পুষে রেখেছেন। তাই আমরা কয়লা কেলেংকারী দেখি, বলতে লজ্জা হয় না আপনাদের? টু জি স্পেকট্রাম কেলেংকারী ১ লক্ষ ৮৬ হাজার কোটি টাকার কেলেংকারী। ভারতবর্ষের এক বছরের বাজেটের সমান। আর দেশ চালানোর জন্য নাকি টাকা লাগবে। দেশের যে কালো টাকাগুলো বিদেশের ব্যাংকে পড়ে আছে। আন্না হাজারে লড়াই করেছে। মমতা ব্যানার্জী বলছেন, তৃণমূল বলছে। আজকে সেই কালো টাকাগুলো কাদের স্বার্থে ভারতবর্ষে ফিরিয়ে আনা হচ্ছে না? উত্তর দেবেন? উত্তর দেবেন যে কংগ্রেসী বন্ধুরা এখানে বাজেটের বিরোধিতা করছেন আর বড় বড় জ্ঞানের কথা বলছেন? লজ্জা হওয়া উচিত আপনাদের। রাগ করলে হবে না বন্ধু, রাগ করলে হবে না। যে উন্নয়নের জোয়ার চলছে বাংলায় সেই উন্নয়নের জোয়ারে সামিল হোন। সেই উন্নয়নের সঙ্গে থেকে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করুন। আজকে আপনারা বলুন তো। একটু আগে আপনাদের দলের একজন মাননীয় সদস্য কিছুদিন আগেও তিনি মন্ত্রী ছিলেন। তিনি এখানে বাংলার আইন-শৃংখলার অবনতির কথা বলে গেলেন এবং বলে গেলেন মধ্যপ্রদেশের পরে পশ্চিমবাংলা নাকি নারী ধর্ষণের ক্ষেত্রে নাকি অগ্রগণ্য। আপনারা বলুন তো, তথ্য বলছে এখন সবচেয়ে বেশী নারী নির্যাতন ভারতবর্ষের রাজধানীতে ঘটছে। ভারতবর্ষের রাজধানীতে ঘটছে। তার জবাবটা নিয়ে আসুন তো আপনাদের হাইকমান্ডের কাছে। কথায় কথায় তো হাইকমান্ড বলেন আপনারা। নিয়ে আসুন তো হাইকমান্ডের কাছ থেকে। উত্তর নেই আপনাদের কাছে। উত্তর বামপন্থী বন্ধুদের কাছে নেই। বাংলার বুকে আজকে শিল্পক্ষেত্রে, কৃষিক্ষেত্রে, বাংলার বুকে আজকে অসংগঠিত

শ্রমিকদের জন্য যে কর্মসূচী আমরা নিচ্ছি সেই কর্মসূচী এক কথায় ঐতিহাসিক। আমরা কৃষকদেরকে নিরাপত্তা বলয়ের মধ্যে নিয়ে এসেছি। আমরা কৃষকদের জন্য কিষাণ ক্রেডিটকার্ড যেমন অ্যাভেলেবল করেছি, সেই কৃষকের ফসল যদি প্রাকৃতিক দুর্যোগে নষ্ট হয় তবে তাকে বিমার আওতায় এনে ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করেছি। শুধু তাই নয়, সেই কৃষকদের উৎপাদিত পণ্য যেন কম দামে বিক্রি না হয়। যখন কাঁচা মাল বেশী হয়ে যায়, আমরা গ্রামের ছেলে, চাষার ছেলে। আমরা জানি যখন পটল বেশী হয়ে যায়, বাজারে বিক্রি হয় না, জলের দরে বিক্রি করতে হয়। যখন বেগুন বেশী হয়ে যায় জলের দরে বিক্রি করতে হয়। হাটে বাজারে পড়ে থাকে বেগুন কাঁচা শাক সব্জী। চাষী চাষ করে তার মুনাফার পয়সাটা, তার চাষ করার পয়সাটা পর্যন্ত সে ঘরে নিতে পারে না। আজকে আমাদের সরকার পশ্চিমবাংলার ৩৪১টা ব্লকে আমরা বহুমুখী হিমঘর করার প্রোজেক্ট নিয়েছি। আমরা বহুমুখী হিমঘরের জন্য অলরেডি বিভিন্ন ব্লকে তার কাজ শুরু করেছি। কোথাও কোথাও সেই কাজ সম্পূর্ণ হয়েছে। আজকে তারজন্য উপকৃত হবে কারা? উপকৃত হবে যেমন চাষীরা, উপকৃত হবে বাংলার জনগণ। কারণ চাষীকে উৎপাদিত পণ্য যেমন জলের দরে বিক্রি করে আসতে হবে না। তেমনি বাজারে কখনো সব্জীর দাম পাঁচ টাকার মাল কখনো একশো টাকায় যাবে না। অর্থাৎ গড়পড়তায় তার দাম থাকবে। আমরা মনে করি, বাংলায় কৃষকদের উন্নয়ন মানে অর্ধেক বাংলার উন্নয়ন। কারণ বাংলাার অধিকাংশ মানুষ গ্রামে বসবাস করে। আর অধিকাংশ মানুষ তারা কৃষক। আজকে অসংগঠিত শ্রমিকদের জন্য আমরা কি এনেছি? সামাজিক মুক্তি কার্ড এনেছি অসংগঠিত শ্রমিকদের জন্য। যে মুক্তি কার্ডের মাধ্যম দিয়ে, আমরা তাদেরকে সুরক্ষা বলয়ের মধ্যে রাখার চেষ্টা করেছি। কি সেই সুরক্ষা বলয়? সেই সুরক্ষা বলয় যেমন, তার ৬০ বছর পূর্ণ হলে।

[5.00-5.10 p.m.]

যেমন পেনশানের আওতায় আসবে। যদি ৬০-এর আগে তার মৃত্যু হয়, তার পরিবার ক্ষতিপূরণ পাবে ৫০ হাজার টাকা, যদি দুর্ঘটনায় মৃত্যু হয় দেড় লক্ষ টাকা ক্ষতিপূরণ পাবে। যদি, (নয়েজ) আবার শুনে রাখুন, যদি তার পরিবারের কোন সদস্য অসুস্থ হয় তবে বছরে ৫০ হাজার টাকা চিকিৎসার খরচ সে গভর্মেন্টের কাছ থেকে পাবে। আমরা এনেছি, আমরা চাই বাংলার মানুষকে সুরক্ষা বলায়ের মধ্যে দিয়ে নিয়ে আসতে। বাংলার কৃষক, বাংলার শ্রমিক, বাংলার চাষা, বাংলার শিল্প শ্রমিক, বাংলার নারীজাতি - তাদের উন্নয়ন চাই আমরা। আজকে আপনারা একে অস্বীকার করতে পারবেন? এখানে বসে আছেন অনেক মাননীয় বিধায়করা, বিধায়িকাগণ। অনেকেই বসে আছেন মায়ের জাত, সম্মান করি, শ্রদ্ধা করি। আজকে বলবেন তো, এখন কি আমরা আমাদের বাড়ির পাশে বাল্যবিবাহ রোধ করতে পেরেছি? বুকে হাত দিয়ে বলবেন তো। এখন কি আমরা বাড়ির পাশে বাল্যবিবাহ, রোধ করতে পেরেছি? আমি নিজে মুসলিম কমিউনিটির ছেলে। আমি নিজেও উপলব্ধি করি যে, অল্প বয়সে মেয়েদের বিয়ে হয়ে যায়, ১৬ বছর ১৫ বছর বয়সে। বিয়ে হয়ে যায়, ২১, ২২, ২৪ বছর বয়সে তার তিন, চারটে বাচ্চা, তার শরীরে না থাকে যৌবন, তার না থাকে শারীরিক পুষ্টি, তার স্বামী তাকে পরিত্যাগ করে আর একটা মেয়েকে সংসারে বিয়ে করে নিয়ে আসে। আমি নিজে জানি, আমি নিজে মুসলিম ঘরের ছেলে। আছে, কে করেছে? কারা ভেবেছে? আজকে এই মানুষদের কথা, বাংলার নারীজাতির কথা? পৃথিবীর অর্ধেক আকাশ তুমি।

এই পৃথিবীতে অর্ধেক পুরুষ, অর্ধেক নারী, ভারতবর্ষে অর্ধেক পুরুষ, অর্ধেক নারী, বাংলার অর্ধেক পুরুষ, অর্ধেক নারী - সেই নারীদের সামাজিক সুরক্ষা দেওয়ার কথা চিন্তা করেছে মমতা ব্যানার্জীর সরকার, চিন্তা করেছে মা-মাটি-মানুষের সরকার। তাই আমরা 'কন্যাশ্রী' প্রকল্প নিয়ে এসেছি। আমরা কৃষকদের উৎসাহ দেওয়ার জন্য ব্লকে শিশু রত্ন পুরস্কার দিচ্ছি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, মাননীয় ভারপ্রাপ্ত অর্থ দপ্তরের অমিত মিত্র মহাশয় গত কাল যে ব্যয়বরাদ্দ যে বাজেট পেশ করেছেন ২০১৩ এবং ২০১৪ সালের এই ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার যে ব্যয় বরাদ্দের প্রস্তাব তিনি রেখেছেন আমি সে সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই বলি, যে এই বাজেট উনি জ্ঞানি ব্যক্তি, উনি অনেক তথ্য দিয়েছেন, অনেক চেষ্টা করেছেন, এই বাজেটে উনি অনেক বিষয় উল্লেখ করবার চেষ্টা করেছেন, কিন্তু আমি সে বিষয়টা উল্লেখ করছি যে এই বাজেট এত খাটাখাটনি করার পরেও উনি যে বিষয়টার উপর বিশদ ভাবে উল্লেখ করেছেন কবিতা, শায়েরির মাধ্যমে একটা চমক দেওয়ার চেষ্টা করেছেন, তেমনি রাজ্যের আসল প্রকৃত তথ্যকে আড়াল করবারও তিনি চেষ্টা করেছেন। বিগত সরকারের আমলে গৃহীত যে প্রকল্পগুলি নতুন মোড়কে সেই প্রকল্পগুলি কেন্দ্রীয় সরকারের, আমাদের রাজ্য সরকারের কতকগুলি প্রকল্প বিগত সরকারের এবং কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলিকে উনি এই রাজ্যের প্রকল্পগুলি বলে প্রচার করবার প্রচেষ্টাও উনি করেছেন। একদিকে বলেছেন, যে উন্নয়নের গতি উর্দ্ধমুখী দেশের সামগ্রিক উন্নয়নের নিরিখে এবং অন্যদিকে আমরা দেখছি, রাজ্য সরকার প্রতিনিয়ত বলে চলেছেন, ঋণগ্রস্ত এই রাজ্যকে বাঁচানোর জন্য কেন্দ্রীয় সরকারের কাছে উনি moratorium চাইছেন। আমরা ২০১১ এবং ১২র সাল থেকে আমাদের বাজার থেকে সংগৃহীত ঋণের যা গ্রহণ করেছেন প্রায় ৩৪ হাজার কোটি টাকা, যা সর্বকালীন রেকর্ড।

আর বি আই কর্তৃক ঋণ গ্রহণের নির্ধারিত সীমা যেটা সেটা আপনি প্রায় ছুঁইয়ে ফেলেছেন। বাজেটে আমি একটা হিসাব দিচ্ছি। এই বাজেটে সরকারের রাজস্ব খাতে যে আয় হয়েছে তা থেকে কেন্দ্রীয় সরকারের প্রকল্পগুলি এই প্রকল্প ভিত্তিক অনুদানের অংশটা যদি বাদ দিয়ে দিই তাহলে আমরা দেখবো মোট আয় দাঁড়ায়, রাজস্ব আয় দাঁড়ায় ৬৭ হাজার কোটি টাকা। আমরা গত বছরের সরকারের দেওয়া তথ্য অনুযায়ী সরকারী, আধা-সরকারী কর্মচারীদের মাহিনা এবং প্রাপ্ত বয়স্কদের পেনশন এবং সুদ এই সব মিলিয়ে যদি আমরা হিসাবটা ধরি তাহলে হিসাব অনুযায়ী দেখা যাচ্ছে ৫৯ হাজার কোটি টাকা এই বছর আরও এখানে ব্যয় হয়েছে। এই বছর সেটা আরও বাড়বে, তাহলে ঋণের পরিমাণ বেড়ে দাঁড়াচ্ছে - মহার্ঘ্যভাতা এ বছর আরও ঘোষণা করা হয়েছে - কাজেই সব মিলিয়ে আমরা যদি হিসাবটা দেখি তাহলে ৫ থেকে ৬ হাজার কোটি টাকা বড়জোর এটাই থাকতে পারে। যেটা হিসাব দিয়েছেন এ বছর রাজ্যের পরিকল্পনা খাতে সেটা হচ্ছে ২৬ হাজার কোটি টাকা। এই টাকা উনি এ বছর পরিকল্পনা খাতে রেখেছেন। তাহলে সমস্ত হিসাবটা যদি আমরা ধরি তাহলে দাঁড়াচ্ছে কি? তাহলে বাজার থেকে আবার ঋণ গ্রহণ করতে হবে। এই বাজার থেকে যে অর্থ সংগ্রহ সেই হিসাবটা যদি আমরা ধরি তাহলে ২০ হাজার কোটি টাকা ওঁনাকে এই মুহূর্তে বাজার থেকে ঋণ গ্রহণ করতে হবে। এর উপরে আবার নতুন প্রকল্প যেগুলো আছে, যেগুলো আপনি এই বাজেটে ঘোষণা করেছেন, যেমন কন্যাশ্রী প্রকল্প, আবার এখানে যুব উৎসব প্রকল্প, যেগুলো

নিয়ে ইতিমধ্যেই অনেকেই আলোচনা করেছেন। এতে ঋণের পরিমাণ আরও বাড়তে থাকবে। তাহলে ঋণের কথাটা যেটা বার বার বলা হচ্ছে. তাহলে রাজ্যসরকারের ঋণের অবস্থাটা কি? কোন জায়গায় গিয়ে পৌঁছাবে? আমরা দেখছি যে ঋণের হাত থেকে মুক্তি পাওয়ার কোন চেষ্টাই এই জায়গায় করা হয় নি। রাজস্ব আয় বেড়েছে, কিন্তু সেই জায়গাতে এই ঋণকে ছাপানোর কোন ব্যবস্থা, অন্য জায়গা থেকে ঋণ গ্রহণ ছাড়া কোন উপায় আমরা দেখছি না। আজ একথা অকপটেই বলতে হয় আমাদের অনেকেই এখানে বক্তব্যে উল্লেখ করলেন, আমাদের সরকার পক্ষের ভাতৃপ্রতিম বিধায়ক অর্ঘ্য রায়প্রধান, তিনি কিছুক্ষণ আগে উল্লেখ করলেন যে উন্নয়ন কি হচ্ছে না? উনি সরকার পক্ষের বিধায়কদের দিকে তাকিয়ে অনেকবারই বললেন উত্তরবঙ্গের আমরা মানুষ, উন্নয়ন বলতে সেখানকার পাহাড় হাসছে, আমাদের ডুয়ার্স-তরাইয়ের কথাও বলেছেন। আমি শুধু তাঁকে একটি কথাই জিজ্ঞাসা করি, আমরা যাঁরা বিধায়ক, আমরা যাঁরা উত্তরবঙ্গে থাকি, আমরা ট্রেনে করে যখনই উত্তরবঙ্গে পৌঁছাই, এনজিপি-তে নামার পরই আমরা বাসে বা ট্যাক্সিতে যাবার কথা চিন্তাই করি না। কেন করি না? রাস্তাঘাটের অবস্থাটা এতই বেহাল। আমরা বসে থাকি কখন কানেকটিং ট্রেন ধরে হলদিবাড়ীর দিকেই যাই, আর কুচবিহারের দিকেই যাই আমরা অপেক্ষা করে থাকি। রাস্তার কাজ চলছে, সেটাও আমি অস্বীকার করি না, সেটাও আমি জানি, আমি শুধু অবস্থাটার কথা বললাম। এখানে আর একটি কথা বলবো যে গাজোলডোবার কথা এখানে উল্লেখ করেছেন। আমি জানি না এর মধ্যে গাজোলডোবায় আমরা ভাতৃপ্রতীম বিধায়ক গেছেন কি না? যদি গিয়ে থাকে তাহলে দেখবেন যে পরিকল্পনা হয়েছে, এটা আমরা কাগজে দেখেছি কিন্তু বাস্তবে সেখানে এখনও পর্যন্ত শুরু হয় নি। তবে আমি কয়েকদিন আগেও সেখান দিয়ে আমি যখন যাই এবং সেখানে নেমে আমি দেখলাম যে সেই কাজটা কোন্ জায়গার। এই প্রকল্পের কাজটার বিষয় আমি উল্লেখ করলাম। এই রাজ্যে এর আগে এই বামফ্রন্ট সরকারের আমলে আমরা একটি বিষয়ের উপর খুব জোর দিতাম, বিশেষ করে স্মল্ সেভিংসের ক্ষেত্রে। কারণ এখান থেকে রাজ্য সরকার ৮০% টাকা গ্রহণ করেন, এবং রাজ্য সরকার সেটা নেন। কিন্তু এই সরকারের আমলে দেখছি ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে আজকে সেই জায়গাটা তলানিতে গিয়ে ঠেকেছে। সেই জায়গায় চিট ফান্ড, তাদের রমরমা ব্যবসা। এই বছর আমরা আশা করেছিলাম আমাদের মাননীয় অর্থমন্ত্রী তিনি এই বিষয়টাকে নিশ্চয়ই একটা কড়া দৃষ্টিভঙ্গি নিয়ে এই বাজেট বক্তৃতায় তিনি রাখবেন।

[5.10–5.20 p.m]

কিন্তু সেটা এই বাজেট বক্তৃতায় পরিলক্ষিত হল না। মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমরা আশা করেছিলাম, এটা খুবই দুঃখজনক। মানসবাবু এখানে অন্য বিষয় আলোচনা করে একটা বিষয় উল্লেখ করেছেন যে বেঙ্গল এক্সসাইজের ব্যাপারে কোন ব্যবস্থা নেয় নি এই সরকার। কিন্তু আমরা জানি, এখানে জলপাইগুড়ির বিধায়ক আছেন, উনি নিশ্চয়ই এই বিষয় জানেন, জলপাইগুড়ির প্রত্যেকটি ওয়ার্ডে রেস্তোরার সামনে একটি করে নতুন ভাবে মদের দোকান খোলার লাইসেন্স কয়েকদিন আগেই দিয়েছে এবং এই বিষয়টা নিয়ে গোটা জলপাইগুড়িতে একটা তোলপাড় হয়ে গেল। আমি জানি না, এই নতুন লাইসেন্সগুলো কি ভাবে আসছে। রাজস্ব সংগ্রহের একটি লক্ষ্য উনি করছেন কিনা, সেই বিষয়ে নিশ্চয়ই উনি ওনার বক্তব্যে বলবেন। আমরা এর আগেও দেখেছি, আমাদের সাথে সরকার পক্ষ যারা বসে আছেন, ডিজেল পেট্রোলের বিষয় আপনারাও আন্দোলন করেছেন।

ডিজেল, পেট্রোলের দাম বৃদ্ধির বিষয় নিয়ে আপনারাও সোচ্চার হয়েছিলেন। সাধারণ মানুষকে রেহাই দেওয়ার জন্য অন্য অনেকগুলি রাজ্যে এর থেকে যে সেস, সেটার থেকে বাদ দেওয়া হয়েছে। কিন্তু আমার এই রাজ্য সেই সেসের বিষয় নিয়ে নীরব থেকেছেন। এই বিষয়ে আমরা জানি যে ইতিমধ্যেই সরকার সাতশো কোটি টাকা এই সেস থেকেই ঘরে তুলেছেন। এই ডিজেল, পেট্রোলের উপর থেকেই। আমরা আরেকটি বিষয় বলি, যে বিষয়টা আমাদের রাজ্যে সবচেয়ে বেশী জরুরী। আমাদের এই রাজ্য কৃষি প্রধান দেশ। কৃষি এবং কৃষি কাজের উপর নির্ভর প্রায় ৮০% মানুষ। আমি ৭০% বলি না, আমি ৮০% বলি। কারণ আমাদের কৃষি এবং কৃষি কাজের উপরেই এই মানুষগুলো নির্ভরশীল। কিন্তু এই বাজেটে আমরা লক্ষ্য করছি মাত্র ১১-১২ লাইন এই কৃষির উপর উনি ব্যয় করেছেন। মাত্র ১১-১২ লাইনের মধ্যেই উনি শেষ করেছেন। গোটা রাজ্যে বিশেষ করে যেখানে বীজ এবং সারের দাম এবং কীটনাশক ওষুধের দাম টা লাফিয়ে লাফিয়ে বাড়ছে, কৃষক তার ন্যায্য ফসলের দাম পাচ্ছে না, এই অবস্থায় যখন আত্মহত্যার পথ বেছে নিচ্ছে, ঠিক সেই সময় আমরা আশা করেছি যে মাননীয় অর্থমন্ত্রী এই বিষয়ে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করবেন। আমরা আশা করেছিলাম, এর আগের বিগত সরকারের আমলে যে মিনিকীট এবং অন্যান্য সরঞ্জাম দেওয়ার যে ব্যবস্থা ছিল, সেটা ব্যাপক আকারে উনি রাখবেন, এই বিষয়ে নিশ্চয়ই উনি রাখবেন, এই বিষয়ে নিশ্চয়ই উনি বাজেট বক্তৃতার মধ্যে প্রতিফলন ঘটাবেন। কিন্তু সেই উদ্যোগ আমরা এই বাজেট বক্তৃতায় দেখি নি। কিষাণ কার্ডের বিষয় আমরা দেখেছি যে এর আগে একটা সর্বকালীন রেকর্ডের কথা বলা হয়েছিল। এর আগের বাজেটেও আমরা দেখেছি। কিন্তু আমরা বাস্তব অবস্থাটা কি দেখছি? বাস্তব অবস্থা দেখছি মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিল থেকে এই অর্থপ্রদান করতে হচ্ছে, এই অর্থ প্রদান করতে বাধ্য হচ্ছে। আজকে এই অবস্থায় দাঁড়িয়েছে। আজও প্রশ্নোত্তর পর্বে কৃষি ও বিপণন দপ্তরের মন্ত্রী উত্তর দিচ্ছিলেন। আমাদের এই রাজ্যে প্রত্যেকটি ব্লকে, ৩৪১ টি ব্লকে প্রথম পর্যায় ৬২ টি, কৃষাণ মান্ডির কাজ শেষ হবে। কিন্তু আজই প্রশ্নোত্তর পর্বে দেখা গেল যে আসলে বাস্তব অবস্থাটা কতটা করুণ। করুণ শুধু এই নয়, আমরা দেখছি পি. পি.পি. মডেলে এই কৃষি খামারগুলোতে, কৃষি খামারের জমিগুলোতে গোডাউন বানানোর জন্য তুলে দেওয়া হচ্ছে। এই বিষয়টা আগামী দিনে একটা সাংঘাতিক আকার ধারণ করবে বলে আমার মনে হচ্ছে। ভূমি ও ভূমি সংস্কারে ল্যান্ড ব্যাঙ্কের কথা আমরা জেনেছি। ল্যান্ড ইউজ ম্যাপের কথা আমরা বারংবার শুনেছি। কিন্তু ভূমিহীন চাষীদের জমি, ভূমি সংস্কার আসনের মাধ্যমে ভূমি বন্টনে এই সরকার সম্পূর্ণভাবেই ব্যর্থ। শিল্পের বিষয় নিয়ে বারংবার অনেকেই কথা বলেছেন। তবু শুধু একটি কথাই বলি যে শিল্পের অবস্থাটা কোন্ জায়গায়। শিল্পের অবস্থাটা এত করুণ, আজ আমরা যদি রাজ্যের আর্থিক সমীক্ষা দেখি, তাতেই আমরা দেখতে পাব যে রাজ্যের আর্থিক সমীক্ষা যদি দেখি তাতে দেখতে পাবো যে, গত দশ বছর ধরে হিসাব পরিসংখ্যানে রূপায়িত প্রকল্প কত? লগ্নি কত? ২০০৮ থেকে ২০১২ সাল পর্যন্ত আমরা যদি দেখি তাহলে দেখা যাবে রাজ্যের প্রকৃত বিনিয়োগে আসার পরিমাণ মাত্র ৩১২ কোটি টাকা। যা গত দশ বছরের তুলনায় পিছিয়ে যাওয়ার ক্ষেত্রে রেকর্ড তৈরী করেছে আমাদের এই রাজ্যে। আজ আমরা শিল্পের বেলায় দেখলাম, বিগত বামফ্রন্ট সরকারের আমলে কুচবিহারের চকচকায় সেখানে ৩৫ একর জমি নিয়ে একটা জুট-পার্ক তৈরী করার পরিকল্পনা করা হয়েছিল। সেখানে এই জুট-পার্কের জন্য মোটামুটি জমি অধিগ্রহণের সব কাজ করার পর আজ আমরা দেখছি সেই জুট-পার্কের কথা এই বাজেট বই-এ নতুন ভাবে উল্লেখ করা হয়েছে। যেটা নতুন ভাবে আবার

তৈরী করবার বিষয়ে এখানে বলা হয়েছে। আজ আমি জানি না, খাদ্যমন্ত্রী কিছুক্ষণ আগে উনি ছিলেন, এখন অবশ্যাই উনি নেই, গত বাজেটে খাদ্যমন্ত্রী উনি খাদ্যদফতরের কথা বলছিলেন এবং আমাদের সরকারি দলের অনেকেই টেবিল চাপরাচ্ছিলেন। আমরা সত্যি খুশি হ'তাম, আজ বাস্তব অবস্থাটা কোন জায়গায় সেটা আমাদের এই হাউসে যদি সবাইকে জানাতেন যেটা জানানো অত্যন্ত জরুরি বলে মনে করি। এখানে যে তথ্য তুলে ধরা হয়েছে সেই তথ্যের মধ্যে একটি কথাই আমি বলি, যে গোডাউনগুলি বামফ্রন্ট আমলে শুরু করা হয়েছিল, পরবর্তীকালে কিন্তু বীরভূম বাদ দিয়ে কোনো জায়গায় নতুন গোডাউনের জন্য একটি ইটও পড়েনি। আর একটা কথা বলি যে, আমাদের রাজ্যের আয়লা থেকে আরম্ভ করে যে নতুন কতকগুলি প্রকল্পের কথা বলা হয়েছে, কেন্দ্রীয় সরকার তার যোগান অনুযায়ী অ্যাডিশেনাল অ্যালোটমেন্ট দিয়ে থাকে খাদ্যদফতরে। আমি জানি না, এই এ্যালোটমেন্ট এখন যা অবস্থা চলছে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই জানিয়ে দেওয়া হয়েছে। এটা যদি সত্যি হয় তবে এই আয়লা থেকে আরম্ভ করে এই দু'টাকা কেজি দরে চাল এবং পাঁচ টাকায় সাড়েসাতশো গ্রাম আটা দেওয়া হয় সেটা আগামী দিনে তার কি অবস্থা দাঁড়াবে। আমি জানি না। তাই এই বাজেটের সম্পূর্ণ বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী বিপ্লব রায়চোধুরী : মাননীয় সভাপতি মশায়, মাননীয় অর্থমন্ত্রী গতকাল যে ৪৩ পাতার বাজেট পেশ করেছেন সেই বাজেট শুনছিলাম আর একজন প্রবীণ সদস্য হিসাবে বিগত অর্থমন্ত্রীদের সঙ্গে বর্তমানের অর্থমন্ত্রীর তুলনামূলক চিন্তা মনে মধ্যে ভেসে আসছিল। আমি কালকে খুব আনন্দের সঙ্গে লক্ষ্য করছিলাম যে, আমাদের অর্থমন্ত্রী অত্যন্ত ধৈর্য ধরে প্রত্যেকটি লাইন উপযুক্ত দৃঢ়তার সঙ্গে উচ্চারণ করতে করতে বাজেট পেশ করছিলেন। বোঝা যাচ্ছিল যে, শক্ত মাটির উপর দাঁড়িয়ে তিনি কথা বলছেন, কোনো আবেগের মধ্যে পরিচালিত হচ্ছেন না। যার জন্য তাকে গভীর ধন্যবাদ দেওয়ার কথা । আর, আমি আমার বিরোধী বক্তাদের বক্তব্য শুনছিলাম। আমার মাঝে মাঝে মনে হচ্ছিল যে, কিছু অভিজ্ঞ লোক তো এই বিরোধীপক্ষের মধ্যে আছেন, তাদের মধ্যে অনেকেই বেশ কিছু দিন মন্ত্রিত্ব করেছেন, সরকারি দফতর নাড়াচাড়া করার সৌভাগ্য তাদের হয়েছে। কেমন করে সরকারি দফতর পরিচালিত করতে হয়, কি কি পরিবর্তন করলে সমাজের উন্নয়ন হয়, এই সম্পর্কে তাদের বিস্তারিত অভিজ্ঞতা আছে। সম্পূর্ণ বিরোধিতা করছি এ কথাটা বলবার আগে ৪৩ পাতার মধ্যে কোনো একটা জায়গায় দু'টো কথাও ভালো খুঁজে পাওয়া গেল না, কখনো মনে হ'ল না যে, অর্থমন্ত্রী এই রকম একটা নতুন কথা বলেছেন আমাদের ভাবা যায়, নাকি শুধু বিরোধিতা করার জন্য বিরোধী দলে বসা এবং সে কথা বলা।

[5.20–5.30 p.m]

মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর 'কর-নীতির গভীরতর সংস্কার'। কর-নীতির গভীরতর সংস্কার - এই শব্দগুলো যখন পড়ছিলাম তখন আমার মনে হচ্ছিল যে দিল্লিতে অনেকদিন কাটিয়ে এবং এই সম্পর্কিত বিষয়ে যুক্ত থেকে ওঁর একটা স্পষ্ট ধারণা হয়েছে কী কী করলে প্রকৃতপক্ষে এই রুটিন-মাফিক যে কার্যকলাপ তার থেকে সরে এসে মানুষের উপকার করা যেতে পারে। 'ECS ব্যবস্থার মাধ্যমে online-এ কর ফেরতের ব্যবস্থা কর-দাতাদের হয়রাণি এবং অফিসের দুর্নীতি অনেকটাই কমিয়েছে'। এটা শুধু ওঁর অভিজ্ঞতা নয় যাঁরা এই সমস্ত লাইনে যুক্ত

আছেন তাঁরা সবাই বলছেন এটা অত্যন্ত বাস্তবানুগ এবং এই পদ্ধতিই আমাদের ফলো করা উচিৎ।

উনি বলছেন 'ভ্যাট এবং কেন্দ্রীয় বিক্রয় করের রুটিন মাফিক কর নির্ধারণের কাজ পুরোপুরি বন্ধ করার প্রস্তাব রাখছি। খাতা-পত্র দেখে কর নির্ধারণ করার সংস্থান থাকবে। কেবল মাত্র নির্দিষ্ট ক্ষেত্রে যেখানে ব্যবসায়ী রিটার্ন দাখিল করবেন না বা কর-ফাঁকি দেবেন না'। অর্থাৎ একটা মুক্তাঙ্গণ তৈরী করে দিচ্ছেন মানুষকে বলার যে 'তুমি সৎ হও, তুমি আমাকে সাহায্য কর, আমার সরকার তোমাকে সাহায্য করতে তৈরী আছে। তুমি এগিয়ে এস, আমি তোমাকে সাহায্য করব'। এই যে একটা উদার আহ্বান, এই উদার আহ্বানের মাধ্যমে উনি বলতে চাইছেন, যে 'আমি কর নির্ধারণের ক্ষেত্রে স্বচ্ছতা আনতে চাই এবং এই স্বচ্ছতাই প্রকৃতপক্ষে আমাকে এগিয়ে দেবে, আমার দেশকে এগিয়ে দেবে'।

এই যে উনি বলছেন 'রাজস্বের উল্লেখযোগ্য বৃদ্ধি ঘটেছে', প্রকৃতপক্ষে এটাই ওঁর মূল কথা। উনি বলছেন রেজিস্ট্রেশন পাওয়ার পদ্ধতিতে আমি সরলীকরণ করেছিলাম ই-রেজিস্ট্রেশন এবং on line dematerialization of registration certificate তৈরীর মাধ্যমে। এখন আবার উনি একটি তৎকাল registration certificate-র প্রস্তাব করেছেন তৎকাল টিকিটের মত করে। একটা উদ্ভাবনী বুদ্ধি। নিত্য-নতুন উদ্ভাবনী বুদ্ধির মাধ্যমে মানুষ যেমন করে এগিয়ে চলে সেই রকম এটাও ওঁর উদ্ভাবনী বুদ্ধির পরিচয়। উনি ভাবছেন আমরা এগবো, আমরা বসে থাকবো না।

উনি কন্ট্রাক্টরদের ক্ষেত্রে purchase tax-র কথা বলেছেন। উনি বলেছেন যারা ৫০ লক্ষ টাকার নিচে কেন-বেচা করেন তাদের আর এই purchase tax দিতে হবে না। এই রকম অসংখ্য মানুষ আছেন যাঁরা এই ধরণের purchase tax-র আওতায় পড়ে থাকেন। উনি বলেছেন ৫০ লক্ষ টাকার কমে যাদের purchase tax তাঁদের ট্যাক্স দিতে হবে না। কিন্তু তার ওপর যাঁরা আছেন তাদের দিতে হবে। অর্থাৎ, একটু মাঝারি ধরণের ব্যবসায়ীরা বলেছেন 'আমরা অনেকগুলো হয়রাণির হাত থেকে বেঁচে গেলাম'। তার পরে যাঁরা আছেন তাঁরা সেইকাজগুলো করুন। সেটাও বিরাট কিছু নয়। একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। যাঁরা পড়েছেন, লক্ষ্য করেছেন তাঁরা বুঝবেন।

আমরা রাস্তা দিয়ে যাচ্ছি। রাস্তার দু'পাশে অসংখ্য ছোটোছোটো গুমটি বসে আছে, রাস্তার ডানদিকে এবং বা-দিকে। সারা পশ্চিমবঙ্গে দেখলে হয়তো দেখা যাবে ৫০ লক্ষ, ১ কোটি গুমটি বসে আছে। সেখানে লোকেরা ব্যবসা করছে বসে বসে। তাদের যদি জিজ্ঞাসা করা হয় তোমরা যে জায়গায় বসে আছ তার ওপর তোমার অধিকার আছে কিনা, তার কাগজ-পত্র আছে কিনা তাহলে তারা বলবে না সমস্ত কাগজ-পত্র আমাদের নেই। উনি বলছেন 'ব্যবসা স্থানের ওপর অধিকারের যথাযথ নথিপত্র ছাড়াই বহু মানুষ ব্যবসা করতে বাধ্য হয়। বাংলার অ-সংগঠিত ক্ষেত্রের এই ধরণের ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য আমি সামান্য নথিপত্রের মাধ্যমে রেজিস্ট্রেশন পাওয়ার একটা সহজ পদ্ধতির প্রস্তাব করছি'। এত সুন্দর কথা আমি এর আগে কোন অর্থমন্ত্রীর কাছ থেকে শুনিনি। আমি এই হাউসে ১২ বছর আছি, আপনাদের অনেকের থেকে প্রবীণও হতে পারি কিন্তু যে একটা সুন্দর চমৎকার সিদ্ধান্ত তার মাধ্যমে উনি নিশ্চয় লক্ষ লক্ষ মানুষের মনে আনন্দের ছোঁয়া দেবেন, হাঁসি ফোটাবেন।

মাননীয় সভাপতি মহাশয়, উনি বলেছেন 'আমি professional tax-র ক্ষেত্রে একটা বড় ধরণের পরিবর্তন আনছি'। বাধ্যতামূলক কর নির্ধারণ পদ্ধতি রদ করার প্রস্তাব করছি এবং যে সমস্ত রেজিষ্টার্ড EMPLOYEES সময় মত বৃত্তিকর দেননা তাদের ক্ষেত্রে একটা আকর্ষণীয় amnesty-র প্রস্তাবও রাখছি'।

মাননীয় সভাপতি মহাশয়, আপনি লক্ষ্য করেছেন এই যে ট্যাক্সের ক্ষেত্রে একটা মৌলিক পরিবর্তন এই মৌলিক পরিবর্তনের ক্ষেত্রেই উনি প্রকৃতপক্ষে আমাদের এগিয়ে যাওয়ার রাস্তাটা দেখিয়ে দিয়েছেন। উনি বলেছেন, বৃত্তিকরের ছাড়ের সীমা গতবারের বাজেটে ৩ হাজার থেকে ৫ হাজার টাকা করে দিয়েছিলাম। উনি এবার বলছেন আমি ৫ হাজারে সন্তুষ্ট নই, আমি বলছি যারা সাত হাজার টাকা পর্যন্ত আয় করেন তাদের বৃত্তিকর দিতে হবে না। অর্থাৎ একটা নতুন উদ্যোগ, নতুন দিশা উনি দেখাতে চাইছেন আমাদের সকলের কাছে। এবং এই দিশাটা আমাদের সকলের অত্যন্ত প্রয়োজন ছিল। বাজেটে একটা অত্যন্ত ইন্টারেস্টিং দিক উনি আমাদের দেখিয়েছেন। 'কন্যাশ্রী প্রকল্প'। আমি ওনাকে ধন্যবাদ দিচ্ছি এই প্রকল্পের নামকরণ করেছেন 'কন্যাশ্রী'। এর লক্ষ্য বাল্যবিবাহ রোধ করা, নারী পাচার রোধ করা, স্কুলছুট রোধ করা। এর লক্ষ্য অল্প বয়সে গর্ভধারণ করে মা এবং শিশুর স্বাস্থ্যের উন্নতিকরণ। যারা এ সমস্ত করেন তাদের বন্ধ করা। এই প্রকল্পটির জন্য উনি ১৩ থেকে ১৮ বয়স বয়স্ক অবিবাহিত মেয়েদের উদ্দেশে, যাদের বাড়ির আয় ৫০ হাজার টাকা অর্থাৎ মাসিক আয় ৪ হাজার টাকার কম যাদের পরিবারের, তাদের প্রথাগত অথবা মুক্ত বিদ্যালয়ে অষ্টম থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত পঠন পাঠনের জন্য বছরে ৫০০ টাকা করে বৃত্তি দেবেন। আপনাদের এলাকায় যারা রিক্সা শ্রমিক আছেন, আপনাদের এলাকায় যারা ছোট ছোট দোকানদার আছেন, যারা বাজারে আনাজ বিক্রি করে, যারা রাস্তায় ফুল বিক্রি করে, পাতা বিক্রি করে, নানাভাবে নিজেরা রোজগার করে, তাদের জিজ্ঞেস করে দেখবেন, তারা তাদের নিজেদের ছেলেদের পড়াবার জন্য সে টাকা যোগাড় করতে পারে না। আমাদের কাছ থেকে সার্টিফিকেট নিয়ে যায় যাতে স্কুলে কনসেশান করে দিতে পারে। এই সমস্ত লোকেদের জন্য উনি বলেছেন, আমি তাদের প্রত্যেকে ৫০০ টাকা করে বৃত্তি দেব এইট থেকে টুয়েল্ভ পর্যন্ত পড়ার জন্য। একটা দরজা খুলে দিচ্ছেন। বলছেন, এইট থেকে টুয়েল্ভ পর্যন্ত পড়ার জন্য। তোমাকে আলাদা করে খরচা ঘর থেকে নিতে হবে না। তোমরা মা-বাবাকে বলবে তারা যেন মোটামুটি খাওয়াতে পারেন। বাকি যে পয়সার খরচ সে পয়সাটা আমি তোমাদের দেব। এর পর বলেছেন, ১৮ বছর বয়স অতিক্রান্ত হলে এককালীন ২৫ হাজার টাকা উৎসাহ ভাতা পাবে যদি তারা প্রথাগত অথবা মুক্ত বিদ্যালয়ে অথবা স্বীকৃত বৃত্তিমূলক শিক্ষার কোর্সে পড়াশোনা করতে পারে। এই যে ক্রমাগত নিত্য নতুন ভাবনা এই নিত্য নতুন ভাবনার একটা শরিক উনি আমাদের করেছেন এর জন্যই ওকে ধন্যবাদ দেব। আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক উনি আমাদের সামনে এনেছেন, নজরে এসেছেন। মাননীয় সভাপতি মশাই আমরা মাঝে মাঝেই সংবাদপত্রের পাতায় দেখি, প্রত্যন্ত গ্রামাঞ্চলের একজন মানুষ তিনি সারা জীবন নির্দিষ্ট কাজ করেছেন শিক্ষকতা, অথবা চাকরি অথবা কিছু। কিন্তু পরে তার বেতন পাওয়া অথবা তার প্রাপ্য পাওয়া সে টাকা তিনি অফিস থেকে আদায় করতে পারেননি। ৩বার, ৪ বার, ৫ বার, ১০ বার ঘুরে ঘুরে ক্লান্ত হয়ে শেষকালে তিনি কোর্টে গিয়েছেন। কোর্টে গিয়ে ২ বছর, ৩ বছর, ৪ বছর, ৫ বছর মামলা করেছেন, মামলা করার পরে কোর্টে রায় দিয়েছেন কেন এটা দেওয়া হবে না তাকে, যদি না দেওয়া হয় তাহলে এক্ষুনি দেওয়ার ব্যবস্থা করা হোক। এই যে ৫ বছর ধরে মামলা করেছেন, কত টাকা

তার খরচ হয়েছে কে তার হিসাব রাখে। সেই লোকটা কাঁদতে কাঁদতে চোখের জল ফেলতে ফেলতে আজকে হঠাৎ আবিষ্কার করেছেন যে হ্যাঁ, আমি বিচার পাচ্ছি। আজকে আমি দেখছি আমার অর্থমন্ত্রী বলেছেন, 'লোক পরিষেবা অধিকার বিল' - এই 'লোক পরিষেবা অধিকার বিলে' আমার অধিকার আছে, যে লোকটা ওখানে বসে সে অধিকারকে নাকচ করবে সেই লোকটিকে শাস্তিবিধান করতে হবে সরকারকে। এই 'লোক পরিষেবা অধিকার বিল' আনার জন্য নতুন করে উদ্যোগ নেওয়া হয়েছে। নির্দিষ্ট সময়সীমার মধ্যে লোক পরিষেবা প্রদানকারী পরিষেবা না দিতে পারলে জরিমানা দেবার দুর্নীতি কমাতে সাহায্য করবে। এই যে একটা যুগান্তকারী বিল উনি আনবার প্রস্তাব করেছেন এরজন্য ওঁকে অকুন্ঠ ধন্যবাদ দিলেও কিছু শেষ কথা বলা হবে না। বলতে হবে আপনি পশ্চিমবঙ্গের প্রশাসনে একটা মৌলিক পরিবর্তনের দিকে দৃষ্টি আকর্ষণ করেছেন এবং সেই পরিবর্তন আপনি করতে যাচ্ছেন। আমরা সবাই জানি এই হাউসে এমন কেউ নেই যিনি জানেন না - কখনও সংবাদপত্র পড়ে, কখনও ব্যক্তিগত অভিজ্ঞতায়, এমন অনেক সরকারী কর্মচারী অনেক জায়গাতে আছেন যারা নানাভাবে এখানে খুঁত খুঁজে বেড়িয়েছেন, ওখানে খুঁত খুঁজে বেড়িয়েছেন এবং বেড়িয়ে বেড়িয়ে ক্রমাগতভাবে এই ধরনের পরিষেবা যাতে লোক না পায় তারজন্য চেষ্টা করেছেন। পরবর্তী পর্যায়ে জজ রায় দিয়েছেন, ওর বেতন থেকে কেটে নেওয়া হোক। কিন্তু জজের কাছ পর্যন্ত পৌঁছানো ৫ বছর, সাত বছর, দশ বছর ঘুরে সেটাকে আদায় করা এটা একটা অত্যন্ত কঠিন কাজ।

[5.30–5.40 p.m]

এই কান্না ওর মনে দাগ কেটেছে। উনি সেই কান্নাটাকে বাস্তবে রূপায়িত করার জন্য বিল হিসাবে এনেছেন ওঁকে ধন্যবাদ দিচ্ছি। আমি পেছন দিকে আসতে চাই না, সামনের দিকে আসতে চাই। পঞ্চায়েত - আমরা যে এলাকায় থাকি সেটা পঞ্চায়েত এবং পরিষেবা। মাননীয় সভাপতি মহাশয়, আপনিও গ্রামাঞ্চলের মানুষ। গত ৫ বছর ধরে পঞ্চায়েত কাজ করছে। এই পঞ্চায়েত আসবার পরে আমরা সবাই বলেছিলাম রাস্তায় মোরাম দিও না আর। যতটুকু হয় ততটুকু ঢালাই রাস্তা কর ১০০, ২০০, ৩০০, ৫০০ মিটার। আস্তে আস্তে উদ্যোগ শুরু হয়েছে। উদ্যোগ কিভাবে হল? এই এন. আর. ই. জি. এ. প্রকল্পে পুকুর খনন করা হচ্ছে। পুকুরের পাড়টা বাঁধা হচ্ছে এবং তারপর ১০০ মিটার, ২০০ মিটার ঢালাই করা হচ্ছে। ৬০:৪০ যে রেশিও তার ৪০% - এ বিরাট টাকা পাওয়া যাচ্ছে না কিন্তু করা হচ্ছে। আমি আমার অভিজ্ঞতায় বলতে পারি। আমার যে ১৩টি গ্রাম পঞ্চায়েত এই রকম গোটা পশ্চিমবঙ্গের সমস্ত জায়গাতে মানুষ ঢালাই রাস্তা আস্তে আস্তে নিজেদের অবস্থান উন্নতি করেছে এবং অদ্ভুতভাবে গ্রামাঞ্চলের মধ্যে একটা আশার আলো জেগেছে যে হ্যাঁ, এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্য দিয়ে আমরা নতুন উদ্ভাবনী শক্তির পরিচয় দিয়ে আমরা ঢালাই রাস্তা পেতে পারি। পঞ্চায়েত এলাকায় প্রবল বৃষ্টি হলে সমস্ত মোরাম চলে যাবে, রাস্তার ধারে চলে যাবে- আবার কাদা বেরিয়ে পড়বে। এই অবস্থানের মধ্যে দিয়ে যে উন্নতি হচ্ছে সেই অবস্থা থেকে আরো ডেভালপ করবার জন্য আমরা ৩ হাজার কোটি টাকা খরচ করেছি এবং উনি বলেছেন আমরা আরো ৪ হাজার কোটি টাকার বেশি খরচ করতে পারবো। পি.এম.জি.এস.ওয়াই. এই প্রকল্পটি অনেকদিন ধরে চলছে কিন্তু এটা আমরা খুব বড় ভাবে কাজে লাগাতে পারছিলাম না। এখন একটা উদ্যোগ শুরু হয়েছে। এই উদ্যোগ শুরুতে পি.এম.জি.এস.ওয়াই. - এর মধ্যে দিয়ে আমরা আমাদের রাস্তাগুলোকে মোটামুটি একটা বাসযোগ্য রাস্তায় পরিণত করবার জন্য একটা সুযোগ পাচ্ছি। ওকে

আমি আবার ধন্যবাদ দেবো যে উনি অনেক টাকা এটাতে বরাদ্দ করেছেন যাতে পি.এম.জি.এস.ওয়াই. - এর মধ্যে দিয়ে আমরা এগোতে পারি। এই দুটো কাজেই আমি আপনাকে নির্দিষ্ট করে বলতে পারি সভাপতি মহাশয় আপনি অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেবেন এই দুটো কাজের মধ্য দিয়ে সারা গ্রাম বাংলায় একটা মৌলিক পরিবর্তন ঘটে গেছে। আমি বলতে পারি আপনাকে এরপরে ইদানিংকালে একটা কাজ শুরু হয়েছে, এই উদ্যোগটা আমরা দেখেছি যা আমাদের যুব দপ্তর, ক্রীড়া দপ্তর তারা উদ্যোগ নিয়েছেন ক্লাবগুলোকে সাহায্য করার জন্য। এই হাউসে যারা আছেন সবাই জানি আমরা জানি শুধুমাত্র বি.ডি.ও.-র মাধ্যমে গ্রামাঞ্চলের উন্নয়ন হয় না। শুধুমাত্র পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলের উন্নয়ন হয় না। প্রচুর এস. এইচ. জি. গোষ্ঠী আছে, প্রচুর এন.জি.ও. আছে, প্রচুর ক্লাব আছে।

তারা নিজেরা স্বার্থহীনতার সাথে ক্রমাগত কাজ করে চলেছে গ্রামাঞ্চলের উন্নয়নের জন্য। সেই ক্লাবগুলোকে সাহায্য করার প্রয়োজন ছিল। তাদেরকে আমরা আত্মীয় বলে মনে করার প্রয়োজন ছিল। তাদেরকে বন্ধু বলে ভাবার দরকার ছিল। এই সরকার সেই ভাবনাটা আরম্ভ করেছেন। ক্লাবগুলোকে ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে, অনেকে পিঠ চুলকাচ্ছেন। বলছেন ক্লাবগুলোকে ২ লক্ষ টাকা দিলে তারা তো ফিস্ট করে বেড়াবে। দু-একটা অপরাধী কোথায়ও পাওয়া যাবে না এই কথা আমি বলবো না কিন্তু সেই সঙ্গে মূল কথা যেটা তা হচ্ছে সমস্ত ক্লাবগুলোর মধ্যে একটা উদ্যোগ তৈরি হচ্ছে। আমরা গ্রামাঞ্চলের পরিবর্তন আনবো। আমাদের ভাবতে লজ্জা করে আমরা যখন দেখি সংবাদপত্রের পাতায় সারা পৃথিবীর বিভিন্ন দেশ খেলাধুলো করছে ভারতবর্ষের খেলাধুলোর মান উন্নত নয়। উন্নত কেমন করে হবে? আমরা গ্রামাঞ্চলের খেলাধুলোর সেই অবস্থানটাকে তৈরি করার জন্য প্রবল উদ্যোগ তৈরি করি নি। প্রবল উদ্যোগ তৈরি করতে গেলে সেই ছেলেবেলা থেকে আর্থিক সাহায্য পৌঁছে দেওয়ার প্রয়োজন আছে। আজকে এই উদ্যোগটা নিয়েছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী আমরা তাঁকে গভীর ধন্যবাদ দিচ্ছি। অর্থমন্ত্রী তাঁর পাশে দাঁড়িয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। সমস্ত ক্লাবগুলো উদ্যোগ নিলে গ্রামাঞ্চলের যুব শক্তি সেইভাবে যদি এগিয়ে আসে তাহলে অসম্ভব ভাল ফল ফলবে এটা আমরা আশা করতেই পারি। অন্যান্য যে বিস্তীর্ণ কথা আছে সেই কথাগুলো আমি আর নতুন করে বলবো না। আমি শুধু জিনিস দেখছিলাম উনি মৎস্যচাষের জন্য কিছু টাকা বরাদ্দ করেছেন। আমি এই হাউসে বহুদিন ধরে আছি, এই হাউসে আমি একজনকে দেখেছিলাম তিনি সারা ভারতবর্ষের শ্রেষ্ঠ মৎসমন্ত্রী বলে নিজেকে জাহির করতেন। আর প্রতিদিন দেখতাম বাইরে থেকে মাছ না আনলে পশ্চিমবঙ্গের মানুষ মাছ খেতে পায় না। কিভাবে সারা ভারতবর্ষের মধ্যে শ্রেষ্ঠ মৎসমন্ত্রী হলেন তা আমরা জানি না।

এখনও আমাদের সেই চেষ্টা চালিয়ে যেতে হবে যাতে আমরা নিজেরা অন্তত মৎস্য চাষে সাবলম্বী হতে পারি। বাইরে থেকে মাছ নিয়ে এসে, অন্ধ্রপ্রদেশ থেকে মাছ নিয়ে এসে, খাইয়ে বিয়ে বাড়িগুলোকে রক্ষা করা, আমাদের আনন্দ উৎসব করা, এটা যাতে আমাদের না করতে হয়। মাননীয় সভাপতি মহাশয়, এখানে দীর্ঘ আলোচনা হয়েছে নানা বিষয়ের উপরে। আর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত, আমি জানি আমাদের এখানে প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী বসে আছেন। আমি বুঝতে পারি না, উনি একজন বিচক্ষণ মানুষ বলেই আমরা জানতাম। কিন্তু হঠাৎ করে আমরা দেখলাম এক

ভদ্রমহিলা তিনি ফেয়ার প্রাইস মেডিসিন শপ খুলতে আরম্ভ করলেন। ফেয়ার প্রাইস মেডিসিন শপ খুলতে আরম্ভ করলেন ন্যায্য মূল্যে যাতে ওষুধ পাওয়া যায়। আমাদের ঘাড় মটকে যাতে আমাদের ওষুধ কিনতে না হয়। সেই ভদ্রমহিলা উদ্যোগ নেওয়ার পর থেকে দেখলাম চতুর্দিকে যারা মেডিসিন বিক্রি করেন বড় বড় কোম্পানী, তারা এখান-ওখান থেকে লোক জড়ো করতে আরম্ভ করলেন। আর পেছন পেছন উসকানি দিতে আরম্ভ করলেন ফেয়ার প্রাইস মেডিসিন শপ যাতে না হয়। আমরা আশ্চর্য হয়ে দেখলাম ম্যাকসিমাম রিটেল প্রাইসের চাইতে ৪৮ থেকে ৬৭ শতাংশ কম দামে ওষুধ পাওয়া যাচ্ছে সেই দোকানগুলোতে। আমরা কিভাবে শোষিত হচ্ছিলাম। কিভাবে শোষিত হচ্ছিলাম! আমি আমার প্রগতিশীল বন্ধুদের অনুরোধ করবো এই কথা ভাবতে যে এই যে শোষিত হওয়ার উদ্যোগটা, এই শোষিত হওয়ার উদ্যোগটার কোন জায়গাটাতে একটা লাগাম টেনে ধরার একটা উদ্যোগ ছিল না, থাকতে পারত না? কোন জায়গাতে এটা বলা যেতে পারতো না তোমরা এই বাঁদরামি করবে না, তোমরা আমাদের গলা টিপে মারবে না? কোন জায়গাতে উদ্যোগ নেওয়া যেতে পারতো না? কে আপনাদের বিরোধিতা করেছিল? এই উদ্যোগ নেওয়া যায়নি। এতদিন পরে একজন ভদ্রমহিলা প্রবল চেষ্টা করে তিনি এই উদ্যোগ শুরু করেছেন এবং ইতিমধ্যেই এই উদ্যোগ চতুর্দিকে ছড়াতে শুরু করেছে এবং আমি বলবো যে মানুষ দু'হাত ভরে আশীর্বাদ করছে। নতুন করে একটা উদ্যোগ শুরু হয়েছে অ্যাক্রিডাইটেড সোশাল হেলথ অ্যাকটিভিস্ট যাকে সোজা কথায় বলা হয় আশা। আশার মেয়েরা তারা সবাই আমাদের কাছে বলছে আমাদের ট্রেনিং দিন, আমরা ভাল করে কাজ করবো। কাজের ব্যাপার কি? এই এই কাজ করলে তারা এই এই পাবে, এই এই কাজ করলে তারা এই এই পাবে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন এটা এটা করলে তুমি নিশ্চয় কিছু পাবে। কিন্তু প্রবল বর্ষার সময় তুমি সে কাজ করতে পারবে না। প্রবল গ্রীষ্মের সময় তুমি সে কাজ করতে পারবে না। নানা ধরনের শারীরিক প্রতিবন্ধকতা, সাংসারিক প্রতিবন্ধকতা তোমাদের থাকতে পারে। সেজন্য সে কাজ তুমি সব সময় সফল হবে না। তাই তিনিই উদ্যোগ নিয়ে বলছেন আমি এদের প্রত্যেককে মাসে ১৩০০ টাকা করে দেব ওর সঙ্গে এক্সট্রা। যাতে ১৩০০ টাকা একটা ফিক্সড থাকলো। কোন সময় কাজ করতে পারেনি বলে এটা তার একটা নির্দিষ্ট রোজগার থাকলো সংসার চালাবার জন্য। আর অতিরিক্ত পরিশ্রম করে সে যে টাকা রোজগার করবে সেই টাকার জন্য সে পরিশ্রম করে যাবে। এই যে একটা অদ্ভুত উদ্যোগের পাশে দাঁড়ানো, অদ্ভুত উদ্যোগগুলোকে সমর্থন করা, এই সমর্থন করাই হচ্ছে এই সরকারের বৈশিষ্ট্য। আমি মাননীয়া অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেব এই সমস্ত কাজে তিনি মাননীয় মুখ্যমন্ত্রীর সাহায্যকারী হয়ে অত্যন্ত সঠিক পদক্ষেপ নিয়েছেন এবং আমাদের সবাইকে সঠিক দিশা দেখাতে উদ্যোগী হয়েছেন। তাই আপনার বাজেটকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয় ২০১৩-১৪ সালের যে বাজেট বরাদ্দ এই সভায় উপস্থিত করেছেন, পেশ করেছেন, আমি সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাইছি। আমরা সকলে জানি মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত বিদগ্ধ ব্যক্তি, ওয়াকিবহাল মানুষ, ঠান্ডা মাথার মানুষ এবং তাঁর আন্তরিকতারও অভাব নেই। তিনি চান কিছু ভাল করতে। সেই চিন্তা-ভাবনা তাঁর বাজেটের মধ্যে কতখানি প্রতিফলিত হয়েছে সেটাই হচ্ছে বিশ্লেষণের

মূল বিষয়। এখন একটা বাজেট, খুব গালভরা কথা, সবাই আমরা সবটা বুঝতে পারি না, অনুভব করতে পারিনা, মানে বুঝে উঠতে পারি না।

[5.40–5.50 p.m]

একটা বাজেট তৈরি করতে গেলে কি দরকার হয়? তিনটে জিনিস। তিনটে জিনিসের দরকার। হাতে কত টাকা আছে, প্রথম এটা। এই টাকাটা হচ্ছে পুরোপুরি অর্থনীতির বিষয়, ইকনমিক্স যেটাকে বলা যায়। দ্বিতীয় বিষয় হচ্ছে এই টাকাটা কোথা থেকে আসবে? এটা অর্থনীতির সাথে অল্প রাজনীতি জড়িত থাকে। আর তৃতীয় বিষয়টা হচ্ছে এই টাকাটা কোথায় খরচ হবে এবং সেই খরচটা হচ্ছে more political than economy. এখানে রাজনীতিটা বেশি, অর্থনৈতিক নীতিটাকে প্রয়োগ করা হয় কম। সুতরাং এটা সব অর্থমন্ত্রী, সব সরকার করে থাকে। এটা অমিতবাবু ব্যতিক্রম হবেন এটা কিন্তু ঘটনা নয় অর্থাৎ আমি এটাই বলতে চাইছি সামনে যে পঞ্চায়েত নির্বাচন আছে সেই নির্বাচনের দিকে লক্ষ্য করে বাজেটের যে বরাদ্দ that has become more political than economy অর্থাৎ রাজ্যের স্থায়ী suitable অর্থনীতিক বৃদ্ধি যতটা গুরুত্ব দেওয়ার ব্যাপার ছিল বা উন্নতির দিকে যতটা গুরুত্ব দেওয়ার ব্যাপার ছিল সেইখান থেকে হয়তো খানিকটা dilute করে, deviate করে তিনি করেছেন। আমি তাঁকে অপরাধী করছি না বা দোষ দিচ্ছি না। এটা যে কোন অর্থমন্ত্রী যে কোন রাজনৈতিক দল তার নিজস্ব ভোট ব্যাংক protect করার জন্য কিংবা নির্বাচনের সময় যে বিষয় গুলি আসে তাতে উত্তীর্ণ হওয়ার জন্য এই কাজটা করে থাকেন। দ্বিতীয়তঃ যে বিষয়টা আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে তুলে ধরতে চাইছি সেটা হল - আপনার বাজেটের লক্ষ্য তো হবে growth, রাজ্যের শ্রীবৃদ্ধি, রাজ্যের অগ্রগতি। এই growth -এর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, আপনি যে তথ্য দিয়েছেন All India average-এর সঙ্গে আপনি বেড়ে আছেন, বেশি আছেন। কিন্তু আপনার নিজের দেওয়া midterm fiscal policy statement সেই বইয়ের পাতা খুলে যদি দেখা যায়, তাহলে দেখা যাবে যে রাজ্যের আগের বছরের গ্রোথ বা দুই বছর আগেকার গ্রোথের সাথে যদি বর্তমান গ্রোথের চেহারাটাকে পর্যালোচনা করা যায় তাহলে দেখবেন যে গত দুই বছরে কিন্তু আমরা পিছিয়ে যাচ্ছি, আপনার দেওয়া তথ্য থেকে। যেমন ধরুন total GDP growth-টা, percentage share of different sectors in total NSDP at constant price 2004-05. আপনার আছে Economic review ৬ পাতায়, সেখানে তিনটে সেক্টর। একটা হচ্ছে primary sector, secondary sector and tertiary sector. Primary sector থাকে agriculture, fishery, forestry, industry. Secondary sector থাকে industry আরো কিছু অংশ যেমন manufacturing industry, construction, electricity, gas, water supply. আর tertiary sector আছে ট্রান্সপোর্ট, storage, communication, rail, hotel, restaurant, banking, insurance, রিয়েল এস্টেট, public administration, service ইত্যাদি. এই তিনটে সেক্টরে যদি চার বছরে আপনার গ্রোথ রেটটা ধরা যায় তাহলে আপনি দেখবেন প্রাইমারী সেক্টরে ২০০৯-১০ যেখানে ২১.৩১ গ্রোথ হয়েছে, ২০১০-১১ তে ১৯.৩০.

২০১১-১২তে নামল ১৮.৩৫, ২০১২-১৩তে নামল ১৭.৪২। অর্থাৎ gradually একটা decreasing trend এবং এটা খুব ভয়ের কথা। কারণ এখানে এগ্রিকালচার, ইন্ডাস্ট্রি মানে বেসিক যেটা অর্থনীতির মূল ভীতটা আছে। আপনার এগ্রিকালচারে গ্রোথ -

মিঃ চেয়ারম্যান : ১০ মিনিট হাউজের টাইম বাড়িয়ে দেওয়া হল।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : এখানে যে জিনিসটা দেখা যাচ্ছে সেখানে আপনি ২.৫৬ এগ্রিকালচারে একটা গ্রোথ দেখিয়েছেন।

কিন্তু আমি মনে করি যে, আপনার এগ্রিকালচারে গ্রোথটা আর একটু বেশি হওয়াটা দরকার ছিল। কারণ গত বছর আপনি এগ্রিকালচার ডেভেলপমেন্টের জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনেক টাকা পেয়েছেন গ্রীন রিভলিউশান খাতে। ইস্টার্ন ইন্ডিয়াতে যে গ্রীন রিভলিউশান হয়েছে - আপনার ইকনমিক রিভিউ পাতাতে আছে। তাতে দেখাচ্ছে ২০১১-'১২ তে আপনার অ্যালোকেশান ৪৮৬ কোটি ৬৫ লক্ষ, ইনক্লুডিং গ্রীন রিভলিউশান আপনি পেয়েছেন ৭২ কোটি ২০ লক্ষ। আর ২০১২-'১৩ তে ৪৬৪ কোটি ৮১ লক্ষ। গ্রীন রিভলিউশানে সেখানে ওয়েস্ট বেঙ্গল পাচ্ছে ২৬৯ কোটি ফর গ্রীন রিভলিউশান। তাহলে এই টাকাগুলো এগ্রিকালচার ইম্প্রুভমেন্টের জন্য, এগ্রিকালচার প্রোডাকশান বৃদ্ধির জন্য আপনি পাচ্ছেন, সেখানে আমরা কেন করতে পারব না? আর একটা ক্ষেত্রে এগ্রিকালচারে আপনার ড্রব্যাক আমি দেখছি, সেটা হচ্ছে ডিসবার্সমেন্ট অফ ক্রেডিট টু এগ্রিকালচারাল সেক্টর। এগ্রিকালচার সেক্টরে কৃষকদের যে ঋণটা দেওয়া হয়, সেই ঋণের ক্ষেত্রে দেখা যাচ্ছে ২০০৭-'০৮ এবং ২০০৯-'১০ এ যা অ্যালটমেন্ট হত, টার্গেট হত, সেই টার্গেটের ৯৩% থেকে ৯১% ক্রেডিট ডিসবার্স করা হত। অর্থাৎ দেড় হাজার কোটি টাকা ক্রেডিট দেওয়া হবে, সেখানে ১৮০০, ১৯০০ কোটি টাকা কৃষকদের ক্রেডিট দিয়ে দেওয়া হল। কিন্তু এখানে দেখা যাচ্ছে আপনার ২০১১-'১২ এবং ২০১৩-'১৫ তে আপনার ক্রেডিট ডিসবার্সমেন্ট হচ্ছে ৭১ শতাংশ। অর্থাৎ ৩০% আপনার লেস ক্রেডিট ডিসবার্স হচ্ছে এবং ৩০% লেস ক্রেডিট ডিসবার্স মানে কৃষকরা এই কম টাকাটা পাওয়া মানে কৃষকদের অন্য সূত্র থেকে যদি টাকাটা ধার করতে হয় - সংগ্রহ করতে হয়, সে মহাজনের খপ্পরে পড়বে এবং নানা ধরনের জটিলতা দেখা দেবে। সুতরাং এই জিনিসগুলোকে মেটিকিউলাসলি দেখা দরকার। আমি আপনাকে এটাই বলছি। অন্য কিছু না। আমি সমালোচনা অন্যভাবে করছি না। আপনি কিন্তু চাইছেন এগ্রিকালচারে বৃদ্ধি হোক। টাকাও বরাদ্দ হল কিন্তু খরচটা যদি ঠিকমত করে, ইউটিলাইজেশান যদি ঠিক মত করে না হয় তাহলে আপনি টাকার অংক বাড়িয়ে দিলেও ফলটা পাওয়া যাবে না। যেটা আপনার অর্থনৈতিক সমীক্ষা কিংবা মিডটার্ম ফিসকাল ম্যানেজমেন্ট থেকে যে চিত্রটা আমার কাছে মনে হয়েছে। তারপরে যেমন এগ্রিকালচারের কথাটা বললাম, তেমনি আর একটা পিলার হচ্ছে ইকনমির - অর্থনীতির সেটা হল ইন্ডাস্ট্রী। ইন্ডাস্ট্রীর ক্ষেত্রেও আপনি দেখুন, ২০১২-'১৩তে ৬.২৪ গ্রোথ প্রোজেক্ট করেছেন। যে ২০১২-'১৩তে ৬.২৪ গ্রোথ আপনি পাবেন। কিন্তু ঠিক আগের বছরটা কম ছিল ২.৯৯। কিন্তু তার আগের দু বছর ইন্ডাস্ট্রীতে ৭.৬৪, ৯.৬১ ছিল। তাহলে যেখানে ইন্ডস্ট্রীতে ৯.৬১, ৭.৬৪ ছিল, কোন একটা স্লিপেজ হয়েছে ২.৯১। তারপরে আপনি উঠেছেন ঠিকই ৬.২৪ , যাচ্ছেন।

২.৯১ থেকে ৬.২৪ - সিওরলি ইট ইজ এ জাম্প। কিন্তু সেটা আমাদের তরফ থেকে সংশয় এবং প্রশ্ন জাগে যে, আপনি ২০১২-'১৩ তে এই ৬৪টা অ্যাচিভ করবেন কি করে, যেখানে আপনার মাত্র ১২টা শিল্প এখানে এসেছে এবং তাতে টাকা বিনিয়োগ হয়েছে মাত্র ৩১২ কোটি ২৪ লক্ষ। এই তো অবস্থা। তাহলে আগের বছর ২০১০-'১১ তে যদি ২৮টা শিল্প, আর ২ হাজার ৪৬৫ কোটি টাকা বিনিয়োগ হয়ে গ্রোথ হয় ২.৯১, তাহলে ২০১২তে ১২ খান শিল্প আর ৩১২ কোটি টাকা বিনিয়োগ করে আপনি ৬.২৪ এই গ্রোথ রেটে পৌঁছবেন কি করে? এইটা একটা সংশয় থাকে। সুতরাং আমাদের তাহলে জোরটা কোথায় দিতে হবে? আমরা সার্ভিস সেক্টর, অন্যান্য সেক্টরে যেমন জোরটা দিচ্ছি, সেখান থেকে আমার গ্রোথ আসছে। সার্ভিস সেক্টর থেকে যেটা আমরা বলতে বলতে বলছিলাম যে ইন্ডস্ট্রী বললাম প্রাইমারী সেক্টর, ঠিক তেমনি সেকেন্ডারী সেক্টরেও আপনার গ্রোথরেট একটু কম, অল্প - ১৬.৪৪, ১৬.৩৩, ১৫.৮৭, ১৫.৭৫ এইভাবে কমেছে।

আর সার্ভিস সেক্টরে আপনি বাড়াতে পেরেছেন। আগে ছিল সার্ভিস সেক্টরে ৬২.২৫, তারপরে হয়েছিল ৬৪.৩৭, তারপরে হয়েছিল ৬৫.৭১, তারপরে হয়েছে ৬৬.৮৩। এখানটাতে অনেকখানি সার্ভিস সেক্টরে বাড়াতে সক্ষম হয়েছেন। সুতরাং এই দুটো জায়গায় আমি আপনাকে বলব যে এগ্রিকালচারকে এবং অ্যালায়েড সেক্টর যেটা আছে, যেটা primary basis of economic stability and growth of industry, এখানে অনেক বেশি আমাদের গুরুত্ব দেওয়া দরকার আছে বলে আমরা মনে করছি। আর ইন্ডাস্ট্রির ক্ষেত্রে অনেক বিতর্ক হচ্ছে। কিন্তু রাজ্যটা আমাদের সকলের। গ্রোথ হলে আমরা সবাই সুফলটা লাভ করব। অতএব industrial policy টা আপনাদের গভর্নমেন্টের একটা সুনির্দিষ্টভাবে ঠিক করা উচিত। আমরা তো প্রায়ই সংবাদপত্রে, কাগজে, এখানে ওখানে দেখি যে বণিক মহল, শিল্প মহল তারা সরকারের উপরে আস্থা রাখতে পারছে না। কারণ ইন্ডাস্ট্রি করতে এলে, একে তো হচ্ছে কি ইন্ডাস্ট্রিয়াল পলিশি, এই বাজেটেও আছে - আগের আগের বাজেটে দেখতাম ভুল হতে পারে, ঠিক হতে পারে কিন্তু ইন্ডাস্ট্রিকে allure করার জন্য কিছু ইনসেনটিভ থাকত। এবারের বাজেটে বা আগের বাজেটে বৃহৎ শিল্পকে আকর্ষণ করার জন্য সেই ধরণের কোন ইনসেনটিভ ঘোষণা করা হয়নি। তাহলে এক হচ্ছে ইনসেনটিভ থাকল না, দুই আর একটা বড় সমস্যা হচ্ছে ভূমি নীতি। অতএব জমির ব্যাপারটা কি হবে, কখন কি পরিস্থিতিতে তারা পড়বে সেখানে তারা বুঝে উঠতে পারছে না। ফলে তাদের অনেকের ইচ্ছে থাকলেও কনফিডেন্সটা আসছে না। ফলে তারা আসছে না, ইন্ডাস্ট্রি হচ্ছে না। আমাদের ল্যান্ড প্রব্লেম আছে। কারণ যে পপুলেশন ডেনসিটি এবং জমির যে অভাব তারফলে এ জিনিস ঘটে যাবে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আমাকে একটু সময় দেবেন, আমি আর একটা পয়েন্ট বলব।

মিঃ স্পিকার : হাউসের অনুমতি নিয়ে সভার সময় আরো পাঁচ মিনিট বাড়ানো হল।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : আমি শুধু আর একটা কথা বলব, অন্যান্য অনেক কথা আছে, তাতে যাচ্ছি না। Market borrowings ওমুক তমুক ইত্যাদি ইত্যাদি - fiscal deficit, revenue surplus বলেছেন।

[5.50–5.58 p.m.]

আপনি রেভিনিউ ডেফিসিট দেখিয়েছেন ৩৪৮৮ কোটি টাকা, এটা FRBM এর দিকে লক্ষ্য করে কতটা নিচে নামানো যায় সেই দিকে আপনি লক্ষ্য করেছেন। কিন্তু এটা আপনার রিয়াল ডেফিসিট হত না, ডেফিসিটটা আরো অনেক বেড়ে যেত যদি রেভিনিউ থেকে কর্মচারীদের ডি.এ ইত্যাদি যা যা প্রাপ্য আছে উইথ ইন দি ফিনানসিয়াল ইয়ার তাদের দিতেন তাহলে আপনার এই ডেফিসিটের মাত্রাটা আরো বেড়ে যেত। এবারের বাজেটে উন্নয়মূলক খাতে আপনি ২৬ হাজার ৬৭৪ কোটি টাকা বরাদ্দ করেছেন। আমি কিন্তু বলছি এই যে ২৬৬৭৪ কোটি টাকা বরাদ্দ করেছেন, এটা আমাদের শুনতে ভালো কিন্তু কাজে ঠিক আসবে না। আপনার বাজেটেটায় আমি বলছি অ্যাকচুয়াল ফিগার্স ২০১১-১২ তে আপনি বরাদ্দ করেছিলেন কত উন্নয়মূলক খাতে? ২০৯৮৯ কোটি ৬৭ লক্ষ টাকা অর্থাৎ ২১ হাজার কোটি টাকা একরকম। অর্থাৎ ২০৯৪৯ কোটি ৬৭ লক্ষ এটাকে বলা যেতে পারে ২১ হাজার কোটি টাকা। আর আপনি এখানে একচুয়ালস ফিগার দিয়েছেন ২০১১-১২ তে খরচ করেছেন কত, ইমপ্লিমেন্ট করেছেন কত, ১৪০৭৪ কোটি ৫২ লক্ষ টাকা। ২১ হাজার বরাদ্দ করলাম, খরচা করলাম ১৪ হাজার। ওয়ান থার্ড খরচ হল না। ৭ হাজার কোটি টাকা খরচ হল না। তারফলে হল কি? যে যে দপ্তরে যেটা করার কথা ছিল, যে অ্যাচিভমেন্ট করার কথা ছিল, টার্গেটে পৌছোনোর কথা ছিল, সেটা হয়নি। আর এবারেও দেখা যাচ্ছে ২০১২-১৩ তে আপনি যে বাজেট বরাদ্দ করেছিলেন, বাজেট অ্যালকেশন যে করেছিলেন ডেভভলাপমেন্টে ২৩৩৭১ কোটি ৫৪ লক্ষ, রিভাইজ বাজেটে কিন্তু আপনি ৩৬০ কোটি কমিয়ে দিয়েছেন। আর আমাদের দীর্ঘদিনের অভিজ্ঞতা হচ্ছে যে ডেভলাপমেন্ট খাতে যা বরাদ্দ হয় সবটা আমরা ডিপার্টমেন্টকে দিই না, দিতে পারেনা শেষকালে ফিনান্স দপ্তর।

দিতে পারে না শেষকালে ফিনান্স দপ্তর। কোন দপ্তর ৬০%, কোন দপ্তর ৭০%, কোন দপ্তর ৪০% পায়। অ্যাভারেজে দেখতে গেলে দেখা যাবে ওয়ান থার্ড থেকে ২৫ শতাংশ টাকা যাচ্ছে না। অর্থাৎ ২৬ হাজার কোটি টাকা যে আপনি ধরেছেন, এটা আল্টিমেটলি ১৮ থেকে ২০ হাজার কোটি টাকার মধ্যে প্ল্যান বাজেট থেকে যাবে। যদি ১৮ থেকে ২০ হাজার কোটি টাকার প্ল্যান বাজেট থেকে যায় তাহলে গ্রোথের ক্ষেত্রে কিছুটা ঘাটতি হয়ে যাবে। কন্যাশ্রী স্কিম বা যুব উৎসাহ প্রকল্প ইত্যাদি নতুন যেসব প্রকল্প এনেছেন সেইগুলো ভালো, কিন্তু এই প্রকল্পগুলোকে বাস্তবায়িত করার ক্ষেত্রে আপনাদের আমি অনুরোধ করব যে, সেখানে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী যেন প্রকট হয়ে না ওঠে। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক। যেমন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করার ক্ষেত্রে রিজিড প্রসিডিওর ছিল, কিছু ফর্মালিটিস ছিল, সেখান থেকে নাম আসত, সেখানে কিন্তু কোন বায়াসনেস, কোন পলিটিসাইজেশন ইত্যাদি ছিল না। কিন্তু এখানে পলিটিসাইজেশন হয়ে যাবে। বেকার ছেলেরা ভাতা পাক আমরা চাই। তাদের কর্মসংস্থান করতে পারছি না, চাকরি দিতে পারছি না, আবার ভাতা পেতে বাধা সৃষ্টি করব? তা নয়। কিন্তু এখানে নিরপেক্ষ ভাবে কাজ করা উচিত। একটা মজার কথা আলোচিত হয়েছে। আমি দেখলাম রাজ্যপালের ভাষণেও আপনারা আইন-শৃঙ্খলার ব্যাপারটাকে উল্লেখ করেননি, আর আপনার বাজেট বক্তব্যের মধ্যে আপনি হোম পুলিশ ডিপার্টমেন্টের মর্ডানাইজেশন অফ ফোর্সেস এর কোন কথা উল্লেখ করেননি, অথচ এটা

একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। কেননা আজকে দেশের আইন শৃঙ্খলার বিষয়টা একটা বড় বিষয়। নাগরিকদের নিরাপত্তা রক্ষা করাটা বড় বিষয়। সেখানে তাদের মর্ডানাইজেশন, তাদের গ্রোথ, সেটা করতে পারলেন না, সযত্নে এড়িয়ে গেছেন। যা হোক এই বাজেটে আপনারা পেশ করেছেন, সব বাজেটেরই সাধু উদ্দেশ্য থাকে রাজ্যের গ্রোথ। কিন্তু গ্রোথ আনতে গেলে সকলের সহযোগিতা নিয়েই এগিয়ে যেতে হবে এবং ট্রান্সপারেন্সির মাধ্যমে কাজটা করতে হবে। সেখানে রাজনৈতিক মতাদর্শগত দৃষ্টিকে প্রয়োগ করা, বিভাজন করা সঠিক হবে না। আপনাদের চিন্তা, ধারণার উপর ভিত্তি করে আপনারা প্রয়োগ করবেন। আমরা বিরোধী দলের পক্ষ থেকে আপনাদের বলেছি, আমরা কন্সট্রাকটিভ অপোজিশন এর রোল প্লে করব, সেখানে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। এই কয়েকটি কথা বলে, আপনার বাজেট সম্পর্কে আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার : ধন্যবাদ মিঃ সিনহা, আপনি খুব মূল্যবান বক্তব্য রেখেছেন।

Adjournment

(At this stage the theuse was adjourned at 5:58 p.m. on Tuesday, 12th March, till 11.00 a.m. on wednesday, the 13th March, 2013 at the Assembly House, Kolkata)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednes day. the 13th March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Minister. 6. Ministers of State and 178 Members.

[11.00—11.10 am]

OBITUARY

Mr. Speaker : Hon'ble Members before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Smt. Maya Ray, former Member of Parliament and Shri Ganesh Pyne, an eminent artist who breathed their last recently.

Smt. Maya Ray, former Member of Parliament breathed her last on the 11th March, 2013 at her residence in South Kolkata. She was 86.

Born on the 9th February, 1927 at Dibrugarh, Assam, Smt. Ray was educated in London and was called to Bar from the Lincoln's Inn, London. Thereafter, she started practising law in Calcutta High Court and other courts in India and earned high reputation. She had been a member of All India Congress Committee. Besides, she held many prestigious positions in different organisations.

Smt. Ray was elected to the Lok Sabha in a bye election in 1972 from Raiganj Parliamentary Constituency as a candidate of Congress Party. She was a member of the Parliamentary Delegation that visited Australia in 1974.

With the demise of Smt. Ray the State has lost a veteran politician and a legal practitioner of high repute.

Shri Ganesh Pyne, an eminent artist breathed his last on the 12th March, 2013 at a private hospital in Kolkata following a cardiac arrest. He was 76.

Born in Kolkata, in 1937, Shri Pyne began sketching and doodling right from his childhood. After finishing school, he joined the Government College of Art & Crafts in Kolkata. In 1959, he received his diploma in Drawings and Painting. Greatly influenced by Abanindranath and Gaganendranath Tagore, he did water colours. In 1963, he became a member of the newly formed Society of Contemporary Artists. Since the mid 60s he turned to Gouache and then to tempera from water colour. Since then he regularly participated in different exhibitions and shows both in India and abroad.

With the demise of Shri Pyne, the nation has lost one of its great lumanaries in the field of art.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble members rose in their seats for two minutes as a mark of respect to the deceased.)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the Members of the bereaved family.

(এই সময় শ্রী আনিসুর রহমান কিছু বলার জন্য উঠে দাঁড়ান)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি খালি আপনাকে এটুকু অনুরোধ করছি যে, এই পরীক্ষা নিয়ে আপনি যদি মন্ত্রীকে একবার বলতে বলেন হাউসকে আশ্বস্ত করার জন্য, তাহলে ভাল হয়। সেটা বিকেলবেলা হোক বা ফার্স্ট আওয়ারেই হোক।

মিঃ স্পীকার : ঠিক আছে, বিষয়টা আমি পরে দেখছি।

Starred Questions
(to which oral answers were given)

বন্ধ শিল্প সংস্থা

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৪) ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ২১শে ডিসেম্বর, ২০১১ তারিখে মৌখিক উত্তরের জন্যে প্রশ্নাবলীর সপ্তম তালিকায় উত্থাপিত *৭৯ (অনুমোদিত প্রশ্ন নং *২১০) নং প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা নভেম্বর, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১২ পর্যন্ত রাজ্যে শ্রমিক অসন্তোষের জন্য কয়টি শিল্প সংস্থা বন্ধ হয়েছে ও লক্ আউট হয়েছে ; এবং

(খ) এগুলি খোলার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে/ হচ্ছে?

শ্রী পূর্ণেন্দু বসু :

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে বিরোধী দলনেতা তথা বিধায়ক মাননীয় ডাঃ সূর্য্যকান্ত মিশ্র-তিনি যে প্রশ্ন করেছেন, তার উত্তরে জানাই-

(ক) ১লা নভেম্বর, ২০১১ থেকে ৩১শে ডিসেম্বর ২০১২ পর্যন্ত রাজ্যে স্ট্রাইকের জন্য বন্ধ ছিল ২টি শিল্প সংস্থা এবং লক্ আউটের জন্য বন্ধ ছিল ৩৯টি শিল্প সংস্থা।

কিন্তু এগুলি যে শ্রমিক অসন্তোষের জন্য হয়েছিল তা কোন ক্ষেত্রে প্রমাণিত হয়নি।

(খ) উপরে উল্লিখিত দুইটি স্ট্রাইকের ঘটনাগুলি মিটে গেছে এবং সংস্থাগুলি চালু অবস্থায় আছে।

উক্ত সময়ের মধ্যে ৩৯টি লক্ আউট হওয়া শিল্প সংস্থাগুলির মধ্যে ২৫টি বর্তমানে খুলে গেছে, বাকী ১৪টি শিল্প সংস্থা চালু করার জন্য আধিকারিক স্তরে আলাপ আলোচনা জারী আছে।

এই প্রসঙ্গে আরেকটু জানাই, যে ১৪টি শিল্প সংস্থা নিয়ে আলোচনা চলছে, তার মধ্যে আরো ৩টি ইতিমধ্যেই খুলে গেছে, অর্থাৎ তাহলে লক্ আউট আক্রান্ত যে কারখানা, তার মধ্যে ১১টি এখনো আলাপ-আলোচনার পর্যায়ে আছে।

আরেকটি বিষয় জানাই, এই কারখানাগুলি শ্রমিক অসন্তোষের জন্য হয়েছিল কিনা, তা কোনো ক্ষেত্রেই প্রমাণিত হয়নি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রথমতঃ প্রশ্ন করছি না, কিন্তু আপনাকে আমি অনুরোধ করবো, যেগুলো লক্ আউট হয়েছিল, খুলে গেছে ইত্যাদি বা স্ট্রাইক হয়েছিল মিটে গেছে তার তালিকা নিশ্চয়াই আপনার কাছে আছে, আমি পরে নিয়ে নেবো আপনার কাছ থেকে, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু আপনাকে খালি এইটুকু বলতে চাই আমার প্রশ্ন করার উদ্দেশ্যটা হ'ল এটাই যে, কারখানা বন্ধ হলে অনেক সময় শ্রমিকদের দোষ দেওয়া হয়, স্ট্রাইকের দোষ দেওয়া হয়। সেইজন্য আমি আপনার কাছে সুনির্দিষ্টভাবে জানতে চাই যে, আপনি বলেছেন, ঠিক বোঝা যাচ্ছে না। কিন্তু আপনি নিজে তো জানবেন, মোটামুটি সবই আপনার নলেজে থাকার কথা যে আপনি কি বিশ্বাস করেন এগুলোর কোনোটা সত্যিকারের শ্রমিক অসন্তোষের জন্য হয়েছিল? আর যদি না হয়ে থাকে, তাহলে কার জন্য, কিসের জন্য? কারণ

গতবারে আমি যখন প্রশ্ন করেছিলাম, আপনি তখন বলেছিলেন ১৪টি কারখানায় লক্ আউট্ হয়েছে. তার মধ্যে ৫টি চা-বাগান চালু হয়েছিল। সংখ্যাটা আরেকটু বেড়েছে। আমি আপনার কাছে খালি বুঝতে চাইছি যে, ট্রেন্ডটা দেখে কি মনে করছেন? যে কি করা দরকার? সেটা নির্ভর করে কি কারণ তার উপরে। সেটা আমি আপনার কাছে বিশদভাবে জানতে চাইছি।

[11·10–11·20 am]

শ্রী পূর্ণেন্দু বসু : এটা সম্পর্কে আমার কাছে যা নির্দিষ্ট সংবাদ আছে সেই সংবাদ অনুযায়ী দুটি কারখানা যেখানে strike হয়েছিল, শ্রমিকরা স্ট্রাইক করেছিলেন, তার একটা হচ্ছে অনঙ্গ এন্টারপ্রাইজ, ডোমজুর আর একটি কারখানা Ramco Industries Limited, খড়গপুর। উল্লেখযোগ্য যে এই খড়গপুরে যে কারখানাটি এটি দুবার স্ট্রাইক হয়েছিল নয়দিন নয়দিন করে। বাকি যে কারখানাগুলো, আপনারা জানেন যে সাধারণ ভাবে মালিকপক্ষ যখন সাসপেনশন অফ্ ওয়ার্কের নোটিশ লাগায় তখন শ্রমিকদের একটা দায় দিয়ে দেয়। কিন্তু আমার কাছে এ রকম কোন খবর নেই, বা আমাকে এ রকম কোন ইন্টারভেনশন করতে হয় নি যে শ্রমিক অসন্তোষের জন্য কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, এই লিস্টের মধ্যে সেটা নেই। এটা প্রধানত মালিকরা বন্ধ করেছেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : তাহলে যেটা দাঁড়ায় সেটা হচ্ছে যে, যেগুলো বন্ধ হয়েছে তার কারণ অনুসন্ধান করে সুনির্দিষ্ট ভাবে সেগুলো খোলার ব্যবস্থা করা। আমি জানি না যে ওই যে বন্ধ চা বাগান একটা এখনও বন্ধ রয়েছে, আবার একটা বন্ধ হয়েছে, আমার কাছে যা খবর ছিল। শেষমেষ কি হয়েছে আপনি বলতে পারবেন? বাকি যেগুলো এখনও খোলে নি, সেগুলোর ঠিক কি ব্যবস্থা নিচ্ছেন আপনি?

শ্রী পূর্ণেন্দু বসু : আমি ইতিমধ্যেই বলেছি যে ১১টি কারখানা যেগুলো এখনও খোলা যায় নি, আপনি যে সময়কাল ধরেছেন সেই সময়কালের মধ্যে ইতিমধ্যেই একবার, দুবার, তিনবার মিটিং হয়েছে এবং আমরা চেষ্টা করছি মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষকে বুঝিয়ে যাতে এই কারখানাগুলি দ্রুত খোলা যায়। চা বাগান সম্পর্কে আপনি যে প্রশ্ন করেছেন, চা বাগানে ভেতুয়াপাড়া চা বাগানটি অনেকদিন ধরে বন্ধ, এবং এটি প্রধানত বন্ধ আছে মামলা চলছে সেই কারণে। দলমোর চা বাগান বন্ধ হয়েছে। দলমোর চা বাগান যাতে খোলা যায় তার জন্য এর মধ্যে প্রায় চারবার মিটিং হয়েছে এবং আবারও মিটিং-এর জন্য বলা হয়েছে। জয়েন্ট লেবার কমিশনার অফ্ বেঙ্গল এবং সেখানে না হলেও আমি আমার ঘরে মিটিং ডাকবো।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কি কারণে বন্ধ হয়েছে?

শ্রী পূর্ণেন্দু বসু : আমার যে কারণটা মনে হয় যেটা যে কারখানা বন্ধ করার সম্পর্কে আইনগত জায়গায় যা আছে তার ফাঁক ধরে suspension of work এই একটা শব্দবন্ধ দিয়ে বহু মালিক বহু সময় তাদের উদ্দেশ্য সাধন করে এবং কখনও কখনও কারখানা বন্ধ রাখাটাই লাভ। এই রকম ঘটনা পশ্চিমবঙ্গে আগেও ঘটেছে, এখনও এক -আধটা ঘটছে। আমি শুধু এটা বলবো যে lockout তুলনামূলক ভাবে আগের থেকে কমেছে, আমরা intervene করছি, আমি যার জন্য যে লিস্ট ধরে আপনাদের বললাম যে যতগুলো লক্আউট হয়েছে ৩৯টা, তার মধ্যে ১১টা

মাত্র বাকি আছে খুলতে. বাকিগুলো খোলা হয়ে গেছে। সেখানে আমরা কারণ যেগুলো দেখেছি, সেই কারণের মধ্যে প্রধানত হয়েছে যেটা যে মজুরী ঠিক সময়ে না দেওয়া, পি.এফের টাকা ঠিক সময়ে না দেওয়া, ই.এস.আই -এর টাকা জমা না দেওয়া, গ্র্যাচুইটি না দেওয়া ইত্যাদি। শ্রমিকদের বঞ্চিত করার কতগুলি ঝোঁক আছে। এই ঝোঁকটা বহু পুরনো ঝোঁক। আমরা চেষ্টা করছি যাতে এই ঝোঁকগুলো কমানো যায়। এটা আমি আপনাদের কাছে, মাননীয় সদস্যদের কাছে পেশ করতে চাই যে. পশ্চিমবঙ্গে স্ট্রাইকের যে ঘটনা কমে গেছে বহু ক্ষেত্রে এর অন্যতম কারণ সরকারের pro-active role, অর্থাৎ যেখানেই কোন খবর পাওয়া যাচ্ছে শ্রমিক অসন্তোষ অথবা মালিকরা বন্ধ করে দিচ্ছে সেখানেই সঙ্গে সঙ্গে শ্রমদপ্তর তাতে intervene করছে এবং উভয়পক্ষকে ডেকে কথা বলে সেই কারখানাগুলি খুলিয়ে দেওয়ার চেষ্টা করছেন। এই লিস্টে যা আছে তাতে দেখবেন বেশীর ভাগই ৮দিন, ১০ দিন, ২ দিন, ৫ দিন এইভাবে বন্ধ ছিল। অর্থাৎ আমাদের সরকারী যে ভূমিকা এ ক্ষেত্রে-আমি একথা আবারও বলবো সরকারের ভূমিকা এই ক্ষেত্রে - দীর্ঘদিন লক্‌আউট হয়ে পড়ে থাকছে এরকম কারখানার সংখ্যা খুবই কম এখন।

ড. তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি, এই প্রশ্নের উত্তর এবং পরবর্তী মাননীয় বিধায়ক নির্মল ঘোষের প্রশ্নের উত্তর থেকেও যেটা পরিষ্কার যে স্ট্রাইকের জন্য যে শ্রম দিবস নষ্ট হয় তার তুলনায় লক আউটের জন্য শ্রমদিবস নষ্ট হওয়ার সংখ্যাটা অনেক গুণ বেশী ।

এবং আপনি এটাও বললেন, যে ফাঁক ফোঁকর নিয়ে অর্থাৎ যে নিয়মগুলিকে মেনে এ্যাপ্রুভাল নিয়ে লক আউট করার কথা সেগুলি করছে কিনা সেটা কিন্তু পরিষ্কার নয়। সেগুলি যদি না করে থাকে তাহলে সেই মালিকদের বিরুদ্ধে কি ব্যবস্থা রাজ্য সরকার নিচ্ছেন সেই বিষয়টা আপনার কাছে আমি জানতে চাইছি।

শ্রী পূর্ণেন্দু বসু : আমি আপনাকে যেটা আশ্বস্ত করতে চাই সেটা হচ্ছে যে এটা একটা পেরেনিয়াল নেচারের সমস্যা। সাসপেনশান অফ ওয়ার্ক করে মালিকরা পালিয়ে যাওয়া, চলে যাওয়া এবং কারখানা না খোলার এটা একটা দীর্ঘ ইতিহাস আছে। আমরা চেষ্টা করছি যাতে সঙ্গে সঙ্গে আমরা ইন্টারভেন করতে পারি এবং কারখানাটাকে খুলিয়ে দিতে পারি। আমি বলব, সরকারের এই প্রচেষ্টাকে প্রথমে বোঝা উচিত। দ্বিতীয় বিষয় হচ্ছে যেখানে শ্রম আইন লঙ্ঘন বা শিল্প বিরোধ আইন লঙ্ঘন হচ্ছে সেক্ষেত্রে আমার সঙ্গে সঙ্গে মালিক পক্ষকে হুঁশিয়ারি দিচ্ছি, ডাকছি, কথা বলছি, চিঠি দিচ্ছি এবং আপনি যদি তথ্য দেখেন তাহলে ইতিমধ্যেই বেশ কিছু কারখানার মালিকের বিরুদ্ধে প্রসিকিউশানের ব্যবস্থা অর্থাৎ যা আমাদের আইন সম্মত জায়গায় যা আছে সেই ব্যবস্থা আমরা নিচ্ছি। একটি কারখানার ক্ষেত্রে আমি বলতে পারি, যে আমি দায়িত্ব নেওয়ার পর একটি কারখানার সাসপেনশান অফ ওয়ার্ক হয়েছিল। সেই কারখানার মালিকদের আমি ডেকেছিলাম এবং জিজ্ঞাসা করেছিলাম কেন সাসপেনশান অফ ওয়ার্ক করছেন? তারা বললেন, যে আমাদের লোকশান চলছে আমরা আর চালাতে পারব না। আমি বললাম আপনাদের সমস্ত হিসাবপত্র দিন। সেই হিসাবপত্র এবং তাদের অডিটের রিপোর্ট দেখে ওয়ার্কাসদের সঙ্গে কথা বলে আমি, কনভিনসড হই এবং তাকে আইন সম্মত ভাবে বলি আপনি ক্লোজার নোটিস দিন। এবং ওয়ার্কাসদের যা পাওনা ন্যায় সম্মত পাওনা ক্লোজার অনুযায়ী সেই পাওনা দিয়ে দিন। এটা উইমপ্রো কারখানার ক্ষেত্রে ঘটেছিল। অর্থাৎ

এখানে চেষ্টাটা আছে সেটা হচ্ছে পার্সুয়েশান। পার্সুয়েশান ফেল করলে তারপরে প্রসিকিউশানের রাস্তায় যাওয়া এবং এটাই হওয়া উচিত বলে আমি মনে করি।

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, দুটি কারখানা যেটা পশ্চিমবাংলার মানুষকে ভীষণভাবে উজ্জীবিত করত আজকে বিশেষ করে আমি নামই বলি - একটি ডানলপ ইন্ডিয়া রাবার অন্যটি জেসপ। এই দুটি কারখানার গ্রুপ অফ এমপ্লয়ার একজনই। এই রুইয়া গ্রুপ তারা যখন ডানলপ কারখানা গ্রহণ করেন তখন এদের....

মিঃ স্পীকার : ডানলপ আদালতের বিচারাধীন রয়েছে। ডানলপ নিয়ে প্রশ্ন এখানে আমার মনে হয় না করাই ভাল। ডানলপের ব্যাপারটি পুরোই আদালতের বিচারাধীন।

শ্রী নির্মল ঘোষ : আমি শ্রমিকদের প্রশ্নে যাব স্যার, আমি সেই প্রশ্নে যাচ্ছি না। আমি খালি বলব শ্রমিকদের যে অবস্থাটি এখন ডানলপে এসে দাঁড়িয়েছে একই অবস্থা আমাদের জেসপে এসে দাঁড়িয়েছে। দুটি ক্ষেত্রেই পি.এফ. ই. এস আই, গ্রাচুয়িটি নিয়ে আপনি বলেছেন মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি উদ্বেগ প্রকাশ করেছেন। এখানেও ঠিক তাই এই দুটি জায়গাতেই বিশেষ কোন ব্যবস্থা নেওয়ার পরিকল্পনা আপনার আছে কিনা?

মিঃ স্পীকার : আপনি আদালত সংক্রান্ত ব্যাপারে কোন উত্তর দেবেন না। আদালতে যেটা বিচারাধীন রয়েছে সেই সংক্রান্ত উত্তর দেবেন না।

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি জানাই, যে জেসপ কারখানা সংক্রান্ত যে সমস্যা সেই সমস্যার যে উৎস—সেই উৎস হচ্ছে, সরকারি একটি কারখানা অত্যন্ত কম পয়সায় একজন মালিককে যিনি প্রোমোটার যারা খুব বেশি শিল্পপতি হিসাবে ভারতবর্ষে তার জায়গা ছিল না। তাকে দিয়ে দেওয়া এবং আমি সমস্ত তথ্য ঘেঁটে যেটা দেখেছি সেটা হচ্ছে, এই কারখানা যখন তাকে দেওয়া হয় ১৮কোটি টাকায় দেওয়া হয়। তার মধ্যে মেট্রো রেল জেসপের কিছু জমি নেয়। সেই বাবদ তিনি সাথে সাথেই প্রায় ৮ কোটি টাকা পেয়ে যান। তাহলে তার আর কত টাকা দিতে হল? এবং জেসপের যে সমস্ত যন্ত্রাংশ থেকে শুরু করে যে সমস্ত স্ক্র্যাপ ছিল, স্ক্র্যাপের মধ্যে ভালো জিনিসও ছিল সেগুলি বছরের পর বছর ধরে এই কটা বছরের মধ্যে সেগুলি কারখানা থেকে নিয়ে যাওয়া হয়। বেশ কিছু শ্রমিক অসন্তোষ হয়েছে। আমি ইতিমধ্যে জেসপ নিয়ে ইউনিয়ানগুলির সাথে আলাদা করে দুবার বসেছি। মালিকপক্ষ ও ইউনিয়নের প্রতিনিধিদের নিয়ে আমি দুবার মিটিংও করেছি। সেই মিটিংয়ের মধ্যে দিয়ে একটা আশ্চর্য্যজনক ঘটনা আমার চোখে আসে। সেটা হচ্ছে যে এই কারখানাটি দেখানো হচ্ছে লাভজনক।

অথচ শ্রমিক সংখ্যা ক্রমাগত কমে যাচ্ছে এবং শ্রমিকরা ঠিকমত তাদের সুযোগ সুবিধাগুলো পাচ্ছেন না। শ্রমিকরা আমাদের কাছে তা জানান। সেই মিটিঙে জেশপ কর্তৃপক্ষ যারা এসেছিলেন তাদের কাছে আমি বলি যে আপনারা যে হিসাব দেখাচ্ছেন সেই হিসেব ঠিক নয়। এক্ষুনি আপনাদের কারখানাকে রুগ্ন ঘোষণা করা উচিত এবং বি আই এফ আরে যাওয়া উচিত। পুনরুজ্জীবনের জন্য আপনাদের প্রস্তাব দেওয়া উচিত। এই পর্যন্ত আলোচনা হয়েছে। আবারও সমস্যা দেখা দিচ্ছে। আমি আবারও মিটিং ডাকবো।

[11·20–11·30 am]

শ্রী আবু তাহের খান : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, বিভিন্ন জায়গায় দেখছি কারখানাগুলো লক আউট ঘোষণা করা হচ্ছে এবং শ্রমিকরা রাস্তায় রাস্তায় ঘুরছে। প্রতিদিন সংবাদপত্রে বেরোচ্ছে এবং সেখানে প্রমোটাররাজ কাজ করছে। বিভিন্ন জায়গায় প্রমোটাররাজ নতুন নতুন বহুতল বাড়ি তৈরি করে ফেলছে সেই সমস্ত কারখানায়। সে সম্পর্কে আপনি কী ব্যবস্থা নিয়েছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : এই সম্পর্কে আমাদের সরকারী নীতিগত ঘোষণা কারখানার জমিতে কারখানা হবে। বিগত আমলে বেশ কিছু জায়গার নাম করা যায় যেখানে সমস্ত কারখানার জমিতে প্রমোটিং হয়েছে। মাননীয় বিধায়ক নির্মল ঘোষ জানেন তার কন্সটিটিউয়েন্সির মধ্যে এইরকম বহু কারখানা বন্ধ হয়ে গেছে এবং সেখানে এই রকম হয়েছে। অনেকেই আছেন এখানে, যারা তার সাক্ষী। বর্তমান আমলে আপনার কাছে যদি কোনো খবর থাকে আপনি আমাকে নির্দিষ্টভাবে জানাবেন যে এই কারখানাটি এই সময় বন্ধ হয়েছে এবং এই দিন থেকে সেখানে প্রমোটিংয়ের কাজ শুরু হয়েছে। নির্দিষ্টভাবে জানালে আমি শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, উনি শিল্প পুনরুজ্জীবন দপ্তরেরও মন্ত্রী, ওনার সাথে কথা বলে এই বিষয়ে আমি অবশ্যই যথাযথ পদক্ষেপ গ্রহণ করবো।

*১৩। (নট রেসপন্ডেড)

তথ্যপ্রযুক্তি কেন্দ্রের সংখ্যা

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *২) শ্রীঅসিত মিত্র : তথ্যপ্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট চালু তথ্যপ্রযুক্তি কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কার্যরত কর্মচারীর সংখ্যা কত?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় সদস্য শ্রী অসিত মিত্রের উত্থাপিত প্রশ্নের উত্তর,

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট চালু তথ্য প্রযুক্তি কেন্দ্রের সংখ্যা পাঁচশতটিরও বেশি। এটার আরো হয়তো কিছু অংশ বাকি আছে। বাড়তেও পারে।

(খ) উক্ত কেন্দ্রগুলিতে কার্যরত কর্মচারীর সংখ্যা এক লক্ষ কুড়ি হাজারেরও বেশি।

শ্রী অসিত মিত্র : স্যার আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী জানিয়েছেন যে তথ্য প্রযুক্তি কেন্দ্রের সংখ্যা হল পাঁচশোর বেশি। সেখানে এক লক্ষ কুড়ি হাজারেরও বেশি শ্রমিক কর্মচারী আছেন। তার সঙ্গে এ্যাড করেছেন আরো একটু বাড়তে পারে। মাননীয় মন্ত্রী মহোদয়, আমি আপনার কাছে জানতে চাইছি যে এই তথ্য প্রযুক্তি কেন্দ্র নিয়ে অনেক সমস্যা তৈরি হচ্ছে নতুন করে। সেটা সেসকে কেন্দ্র করে, ইনফোসিস চলে যাবে বলছে, কি হয়েছে বর্তমান অবস্থা জানি না। নিশ্চয়ই আপনার কাছ থেকে উত্তর পাব। আমি আপনার কাছ থেকে একইসঙ্গে জানতে চাই যে আপনি

এই দপ্তর নেওয়ার পর কতগুলো নতুন কেন্দ্রের প্রোপোজাল এসেছিল, কতগুলো বাস্তবে রূপায়িত হয়েছে, তার কর্মচারীদের সংখ্যা কত?

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রশ্নটা আপনি করেছিলেন ৩১শে জানুয়ারি পর্যন্ত। এখন আপনি অতিরিক্ত প্রশ্ন করছেন। আপনাকে এই কথাটা বলি যে আমাদের এই সরকার আসার পর এই দপ্তরের গুরুত্ব অনেক বেশি বেড়ে যায়। এই কারণেই বেড়ে যায়, কারণ আমরা তথ্য প্রযুক্তির ব্যবহারটা সরকারের সর্বস্তরে নিয়ে এসেছি। ই-গর্ভনেন্স চালু হয়েছে, ই-ফাইলিঙ চালু হয়েছে, ই- ডিস্ট্রিকট হয়েছে এবং ই-টেন্ডারিঙও হচ্ছে। ড: অমিত মিত্র বলেছেন সমস্ত ট্যাক্স প্রসেসটাই, এমন কি মিউটেশান ও সার্টিফিকেট দেওয়াটাও তথ্য প্রযুক্তির মধ্যে আনা হয়েছে এবং তা বাঁকুড়া জেলাতে চালুও হয়েছে। আপনি জানতে চেয়েছেন আর কি কি হয়েছে। রাজ্য সরকার নিজে উদ্যোগী হয়ে প্রতিটি জেলায় আই.টি হাব তৈরী করছে। আমরা শুধুমাত্র রাজারহাট আর বাণতলা কেন্দ্রীক নই। আই.টিকে যদি ছড়িয়ে দিতে হয় তারজন্য ব্যবস্থা নিতে হবে। ইতিমধ্যেই দুর্গাপুর-আসানসোলে হয়েছে, ইতিমধ্যেই বাঁকুড়া-পুরুলিয়াতে নিয়ে যাওয়া হয়েছে, হলদিয়াতে নিয়ে যাওয়া হয়েছে, শিলিগুড়িতে নিয়ে যাওয়া হয়েছে। এই গুলো হচ্ছে প্রাথমিক পর্যায়ের কাজ, তারপরে ট্রানজাকশান এডভাইজার কাজ করবে। আগে কি হত - বলো তোমার নাম কি? তোমার কপালে লিখে দিলাম জমি, তারপরে জমিতে আর কিছু হত না। এখন বলা হচ্ছে, আপনি আসবেন এবং একটা নির্দিষ্ট ফর্মাটে আবেদন করবেন। আবেদন করবার পর আমাদের যে ট্রানজাকশান এডভাইজার থাকবে, এজেন্ট থাকবে তিনি সমস্তটা পরীক্ষা-নিরীক্ষা করার পর তারপরে সেটা দেওয়া হবে। আমরা ওয়েবেলের মাধ্যমে এই রকম বেশ কিছু আই.টি.হাব তৈরী করছি। এতে কি হবে? এতে প্রায় পাঁচ হাজার, ছয় হাজার লোকের যেমন স্থানীয়ভাবে কর্মসংস্থানের সুযোগ হবে, সঙ্গে সঙ্গে ক্ষুদ্র ব্যবসায়ী যারা আছে তারা ইনকিউবেশান সেন্টারের সুযোগটা নিয়ে শিল্পেরও বিকাশ ঘটাতে পারবে। এইগুলো কিন্তু আমাদের সরকার আসার পর হয়েছে। এরপরে আপনি জানতে চেয়েছেন আর নতুন কি হয়েছে এবং মাঝখানে আবার ইনফোসিসের কথা বলেছেন। ইনফোসিসকে জমিটা কিন্তু দেওয়ার কথা আগের সরকার বলে গিয়েছিলেন। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পরে তাদের বুঝিয়ে কিন্তু জমিটা দিয়েছে। আমরা ইনফোসিসের কাছে অন্ততঃ দশবার গিয়েছি। ইনফোসিসেসর একটা নীতি আছে, সেটা হচ্ছে export oriented। তারা যে ব্যবসাটা করে তা মূলতঃ exported এবং এখানেও তারা আসতে চেয়েছিলেন এই কারণে এখানে তারা সেজের সুযোগ-সুবিধা পাবেন বলে। কেন্দ্রীয় সরকার ইতিমধ্যে সেজ নীতি কিছুটা পরিবর্তন করেছে। আমরা কিন্তু সেজের বিরুদ্ধে। আমরা নির্বাচনের আগেও বলেছি এই সেজের ব্যাপারে আমাদের সরকারের নীতি কি। কিন্তু আমরা সব রকম সাহায্য করতে তাদের প্রস্তুত আছি, যা রাজ্য সরকারের পক্ষ থেকে দেওয়া হবে। তা যদি কর ব্যবস্থার সরলীকরণ করতে হয় তাও করতে পারি, জমির যে মূল্য আমরা ধার্য্য করেছি, ইনফোসিসকে যে মূল্যে আমরা জমি দিয়েছি, তার বর্তমান বাজারদর যদি আপনারা দেখেন তাহলে দেখবেন অনেকটাই কম করা হয়েছে। আমরা চাই ইনফোসিস এখানে আসুক, বাংলার তরুণ প্রজন্ম ইনফোসিসে কাজ করবার সুযোগ পাক। শুধু হায়দ্রাবাদ, গুড়গাও বা ভুবনেশ্বরে তারা কাজ করবার সুযোগ না পেয়ে তারা এখানে আসুক। পশ্চিমবঙ্গের প্রায় ১০% লোক কাজ করে এইসব জায়গায়। এই জিনিসগুলো আমরা চেষ্টা করছি। আপনি শুনলে খুশী হবেন, আপনি বললেন না, ITC Infotech তারা নতুনভাবে এই রাজ্যে আসছে। সেখানে ১৬ হাজার

৫০০ লোকের কর্মসংস্থান সৃষ্টি হবে। তাদের জমিও চিহ্নিত হয়ে গেছে। Cognizant এখানে দ্বিতীয়টা তৈরী করে এবং তৃতীয়টাও তারা করবে। এছাড়া Wipro আসছে। Cap Gemini আসছে। কত নাম বলব আপনাকে। আপনি একদিন আমার দপ্তরে আসলে আপনাকে সব আমি দেখিয়ে দেব। প্রচুর উৎসাহ এখানে আছে এবং সেইখানে অনেকে যেটা মনে করেন 3% আমাদের যেটা রয়েছে, আমাদের নিজেদের ইচ্ছে এবং আমরা দপ্তরের সঙ্গে যে রকম কথা বলছি, তাতে আমরা চেষ্টা করছি এই সংখ্যাটা পঁচিশে নিয়ে যেতে. তিন শতাংশ যথেষ্ট নয়। এছাড়াও আমাদের এখানে আছে বলে অনেক মন্তব্য করার চেষ্টা করছে, আসলে তারা প্রযুক্তি সম্পর্কে কিছু বোঝেন বলে মনে হয়না।

[11·30–11·40 pm]

কল্যাণীতেই সর্ব প্রথম কেন্দ্রীয় সরকার অনুমোদন দিয়েছেন ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ্ ইনফরমেশান টেকনোলজি হচ্ছে। এছাড়াও হার্ডওয়্যার পার্ক আগে যেটা আমরা সফটওয়্যার করতাম, হার্ডওয়্যার পার্ক, হার্ডওয়্যার পার্ক আমরা দুটো করছি নৈহাটিতে ৭০ একর জমিতে আমাদের হার্ডওয়্যার পার্ক হচ্ছে। এছাড়াও আমরা ওয়েব ডিজাইন, অ্যানিমেশান গেমিং, অন্তর্দেশীয় মোবাইল অপারেটারদের গ্রাহক পরিষেবা কেন্দ্র। এই কাজগুলো আমরা করছি। যাতে কর্মী সংখ্যার আনুমানিক, যারা এখন কাজ করছেন বা আগে সাইবার কাফেতে আছেন এই সংখ্যা প্রায় ৫০ হাজারের ওপরে ছাড়িয়ে যাবে। আমরা তো ছোটগুলোর কোন খবর রাখি না। আমরা এখন, আজকে বসে আমি ভাবছিলাম এবং দফতরের সচিবদের সাথেও কথা বলছিলাম যে আমরা একটা পেশাদারি সংস্থাকে নিয়োগ করবো যিনি সমস্ত তথ্য প্রযুক্তির সঙ্গে যুক্ত যারা সংস্থায় আছেন যাদের রেজিস্ট্রি আছে তাদের কাছে গিয়ে কত লোক চাকরী করছে, এখানেও তো, এটা ক্যাপিটাল ইনসেনটিভ, লেবার ইনসেনটিভ নয়। তা সত্ত্বেও কিন্তু লোকের যথেষ্ট চাকরীর সম্ভাবনা আছে। আমি বলছি তথ্য প্রযুক্তির ভবিষ্যত এখানে উজ্জ্বল। আমাদের মেধা আছে, আমাদের অল্প পয়সায় আমাদের ইংলিশ নলেজ বেশী। আমাদের রিসার্চ অ্যান্ড অ্যানালেটিকাল উইং আমরা একটা খোলবার চেষ্টা করছি একটা বিখ্যাত তথ্য প্রযুক্তি সংস্থার সাথে। আমাদের চেষ্টা অব্যাহত আছে।

শ্রী অসিত মিত্র : আমার লাস্ট সাপ্লিমেন্টারী, মাননীয় মন্ত্রী মহোদয় যেভাবে বললেন, সেটা একটা উজ্জ্বল রেখা যে আগামী দিনে কি হতে পারে এবং একটা কথা যদি আমার শুনতে ভুল না হয়ে থাকে তাহলে পার্থবাবু বলেছেন যে আমরা তাদের জমি দেওয়ার ব্যবস্থা করেছি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানিয়ে একটা কথা বলবো যে বুঝতেই পারছেন যে আমাদের ইন্ড্রাস্ট্রিয়ালাইজেশানের জন্য জমি দিতে হবে। এছাড়া আমাদের কোন রাস্তা নেই। নাহলে ইন্ড্রাস্ট্রিয়ালাইজেশান হবে না। আই.টি. যদিও অন্য সেক্টর। কিন্তু আপনি যেহেতু দুটি দফতরের মন্ত্রী, আমি কথাটা উল্লেখ করলাম। আমি আপনাকে আমার লাস্ট প্রশ্ন করছি যেটা সেটা হল যে মাননীয় মুখ্যমন্ত্রী, এবারে মাননীয় মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পরেই তিনি একটা ঘোষণা করেছিলেন, তিনি একটা অ্যাডভাইসারি প্যানেল তৈরী করেছিলেন আন্ডার দ্য চেয়ারম্যান শিপ অফ্ শ্যাম পিত্রোদা to shape it as a new policy to provide a boost to the ailing state's economy। এটা করেছিলেন এবং তার সঙ্গে আরও আর অনেকে ছিলেন ইনফোসিস কর্তা কেউ

ছিলেন। এরকম সব ছিলেন। আমি যেটা আপনার কাছে জিজ্ঞাসা করছি যে এই কমিটি কি কোন সুপারিশ করেছে? বা এই কমিটি কার্যরত অবস্থায় আছে? নাকি এটার আর কোন অস্তিত্ব নেই?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় বিধায়ক শুনলে খুশি হবেন যে তাদেরই সুপারিশক্রমে আমরা পরবর্তীকালে ইনসেনটিভ পলিশি, আই. টি. পলিশি ঘোষণা করেছি। তাদের অনুমোদন নিয়ে তাদের পরামর্শ নিয়ে আমাদের দফতর সকলের সাথে কথা বলে আই.টি পলিশি, আই.টি. ইনসেনটিভ স্কীম ঘোষণা করেছে।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি যেটা বললেন ৩১ জানুয়ারী ২০১৩ সাপেক্ষে রাজ্যে মেট চালু তথ্য প্রযুক্তি কেন্দ্রের সংখ্যা ৫০০-র বেশী। এগুলো কতগুলো জেলায় অবস্থিত এবং আগামীদিনে আরো বাড়াবার পরিকল্পনা আছে কিনা। আমার এইটাই প্রশ্ন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনাকে বলি, আপনি ঠিক প্রশ্নই করেছেন। জেলাগুলোতে যে এই তথ্য প্রযুক্তি পৌঁছতে পারেনি বিগত ৩৫ বছর ধরে থাকা সরকারের সময় সেটা বোঝাই যায়। ২০০১ সালে, ২০০১ সালে প্রথম তথ্য প্রযুক্তি বা ২০০২ সালে প্রথম তথ্য প্রযুক্তির দিশা খুঁজে পেলেন ১৯৮৮ - এ রাজভবনে বসে আলোচনা করবার পর। আমি সে বিতর্কে আজকে আর যাচ্ছি না। আমি আপনাকে আশ্বস্ত করতে পারি প্রতিটি জেলাতে একটি করে আই. টি হাব হবে এবং সেখানকার মেধা শক্তিকে কাজে লাগানোর জন্য, সেখানকার ক্ষুদ্র এবং মাঝারি শিল্প যারা এর সঙ্গে যুক্ত তাদেরকে দেওয়া এবং হার্ডওয়্যারকেও আমরা, একটা সফটওয়্যার অ্যাপ্লিকেশান ছিল। আমরা হার্ডওয়্যারেও জোর দিচ্ছি এবং সেক্ষেত্রেও যথেষ্ট কর্মসংস্থান এবং আই.টি. র ব্যবহার হবে। সরকার নিজেও তথ্য প্রযুক্তির ব্যবহারের ওপরে যথেষ্ট গুরুত্ব দিচ্ছে। ১৯টি জেলায় ই-ডিস্ট্রিক্ট হবে। দুটো চালু হয়েছে আরও ই- ডিস্ট্রিক্ট আমরা করছি প্রত্যেকটি জেলাতে সুতরাং সমস্ত কিছুই, তথ্য প্রযুক্তি এবং পরিষেবাটা অনেক বেশী মানুষের কাছে তাড়াতাড়ি পৌঁছবে এবং কর্ম সংস্থান সৃষ্টি হবে।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন যে বিশ্বে যখন চরম আর্থিক মন্দা, ঠিক সেই সময় দাঁড়িয়ে গোটা বিশ্বের এই IT sector উল্লেখযোগ্য ভাবে তার অগ্রগতি ধরে রেখেছিল। আমাদের ভারতবর্ষের পশ্চিমবঙ্গের মেধা শক্তি আমরা দেখছি, যে রাজ্যের থেকে চলে যাচ্ছে, অন্য রাজ্যে গিয়ে তারা কাজ করছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহোদয় কাজ করে গেছেন। Animation, এই মুহূর্তে পৃথিবীতে সবচেয়ে বড় কর্মসংস্থানের জায়গা। আমাদের পশ্চিমবঙ্গের মেধা শক্তি সেই animation শিল্পের সাথে জড়িয়ে আছে। খুব স্বাভাবিক ভাবেই তারা বাইরের রাজ্যে কাজ করছে, এখানে কাজের সুবিধা খুব কম। এই animation -এর উপরে এখানকার মেধা শক্তিকে কাজে লাগিয়ে এই রাজ্যের কাজের ব্যবস্থা করার জন্যে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কি না বা আগামীদিনে গ্রহণ করা হবে কিনা যদি দয়া করে বলেন?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং প্রশ্নের আগেই সরকারের দৃষ্টিতে এসেছে। আমরা আপনাকে বলেছি, যে Web design animation and gaming এবং অন্তরদেশীয় mobile operator-দের

যে গ্রাহক পরিষেবা এর অনেক বড় market আছে যেটা আমরা নিতে পারি। তবে আপনাকে জানাই যে, আপনি বলছেন যে বহু সংখ্যক animation-এর কোম্পানি আছে বহু সংখ্যক বোধ হয় নেই, অল্প সংখ্যক আছে এবং তার মধ্যে বাংলা থেকে যাওয়া ছেলেরাই সেখানে আছে, বহু লোক ফিরে আসার জন্য চেষ্টা করেছেন, অনেক লোক ফিরে এসেছেন। যেমন বড় বড় কোম্পানি Infosys, Cognizant বা এই জাতীয় যারা রয়েছেন, তাদেরও ছেলেরা আমাদের সঙ্গে যোগাযোগ করছেন, বাইরের দেশে যারা রয়েছেন তারাও যোগাযোগ করছেন দেশে ফেরার জন্য। মূলত ব্যাপারটা আপনাকে বুঝতে হবে দেশে যদি সেই সুযোগটা না থাকে তাহলে তারা ফিরবেন কি করে? আজকে আমরা সেই সুযোগের চেষ্টা করছি, তাদেরকে ডেকে আনছি এবং এই সুযোগের নতুন নতুন দিগন্ত যেগুলো আপনি বললেন, animation অ্যান্ড gaming এবং তার ব্যবহার। E-governance, e-district অর্থাৎ তথ্য প্রযুক্তির ব্যবহার যদি বাড়ে তাহলে, পরিষেবা যদি বাড়াই, তাহলে কর্মসংস্থানও বাড়ে এবং তাড়াতাড়ি মানুষের কাছে পরিষেবা পৌঁছায়। আমরা অ্যানিমেশানের ব্যাপারে, gaming-এর ব্যাপারে একেবারে নিঃসন্দেহ। আমাদের অল্প একটা Webel-এর জায়গা আছে, আমরা এর জন্য আলাদা জায়গা তৈরি করে এবং আরোও কয়েকটি সংস্থার সঙ্গে আমরা কথা বলছি, ইতিমধ্যে তারা সম্মতি দিয়েছেন। ছবি তোলার থেকে আগে এটা implement করা দরকার। আগে তো ছবি তোলা হত implement হত না। এখন implement হওয়ার পর ছবি তোলা হয়। তাই আমরা দেখছি। আগে আমার একটা প্রশ্ন বলার ছিল অসিতবাবুকে মাননীয় অধ্যক্ষ তার উত্তরটা দিই যে, TCS রাজারহাটে ১২৫০ কোটি টাকা খরচা করছে এই আমলে। Cognizant বানতালায় ৩০০ কোটি টাকা আরও খরচা করছে। ITC আমি বলেছি, এছাড়াও Accenture, Ericsson, Mentor Graphics, Uno Digital, Algonics Systems এরা সবাই মিলে ২২০০ কোটি টাকার মত বিনিয়োগ এই রাজ্যে করবে এবং তার ফলে প্রচুর কর্মসংস্থান হবে। যারা কাজ শিখবেন তাদের প্রশিক্ষণের ব্যবস্থাও আমরা করছি। স্কীল ডেভেলপমেন্টের ওপর আমরা জোর দিয়েছি, যাতে তৈরি ছেলে থাকে, তৈরি কাজের জন্য।

শ্রী আনিসুর রহমান : মাননীয় মন্ত্রী একটা কথা বললেন যে ৩৫ বছরে এই ইনফরমেশান টেকনোলজি ভাবা দিয়ে হয়নি। এটা ঠিকই, কারণ তখন ভাবার বিষয় ছিল না। আমার একটা প্রশ্ন আপনার কাছে যে ইনফরমেশান টেকনোলজির অবস্থার পরিবর্তন হয়েছে, সুযোগ বেড়েছে। যত বেশি মানুষ এর সঙ্গে ব্যবহারে যুক্ত করতে পারব, ততবেশি এর বিকাশ সম্ভব। এর জন্য আমি একেবারে নিচের তলা থেকে ছাত্র স্তর থেকে আরম্ভ করে উপরে এই ইনফরমেশান টেকনোলজি কিভাবে ব্যবহার করতে পারে, তা বাড়াবার জন্য আপনার কোন পরিকল্পনা আপনার আছে কিনা, সেটা আমি জানতে চাইছি?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি শিক্ষার সঙ্গে যুক্ত, ঠিকই বলেছেন পরিকল্পনা কেন, এখন আমরা যারা বিধায়ক আছি, তাদের কাছে কত রকম অনুরোধ আসছে যে এই স্কুলটায় আমাদের কমপিউটারটা দিন, এখানে আপনারা কমপিউটারটা দিন। আমি তো বলব আপনাদের বিধায়কদেরও, যে সমস্ত স্কুল প্রতিষ্ঠান নিয়ম মেনে চাইছে তাদেরকে কমপিউটারের ব্যবস্থা করতে যাতে তারা প্রশিক্ষিত হতে পারে। আপনারাও দিন। যে সমস্ত এম. এল. এ আছেন

প্রত্যেকেই দিচ্ছেন, আপনারাও দিন। সরকারও দেবে, সরকার তো এই ব্যাপারে গুরুত্ব দেবেই। নিচে তলা থেকে যদি উঠে না আসে তাহলে উঠবে কি করে? তাই আপনাদেরকে বলছি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বেশ কিছু এন.জি.ও. সরকারের সংগে কথা বলেছে, কেন্দ্রীয় সরকারেরও কিছু প্রকল্প আছে। তাদের সাথে কথাবার্তা বলে জেলায় জেলায় কমপিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করছে। কোন কোন ইউনিভারসিটি , কোন কোন কলেজ, কোন কোন স্কুল করছে। আবার কোন কোন স্কুল নিজেরাই নিজেদের ছাত্রদের জন্য চাচ্ছেন যাতে তাদের ছাত্র-ছাত্রিরা প্রশিক্ষিত হতে পারে।

[11·40–11·50 am]

মিঃ স্পীকার : মাননীয় বিরোধী দলের নেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র এবং আনিসুর রহমান আমার কাছে একটা প্রসঙ্গ নিয়ে বলেছিলেন যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষা চলছে, অনেক ছাত্র-ছাত্রি এডমিট কার্ড পায় নি, পরিস্কার ক্ষেত্রে তারা পরীক্ষা দিতে পারছে না, তার জন্য উদ্বেগ প্রকাশ করেছিলেন। মাননীয় শিক্ষামন্ত্রীর সংগে আমি যোগাযোগ করেছি, উনি অনেক ব্যস্ততার মধ্যে রয়েছেন, তবু উনি বিধানসভায় এসে উত্তর দিয়ে যাবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : থ্যাক ইউ স্যার।

নষ্ট শ্রম দিবসের সংখ্যা

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭২) **শ্রী নির্মল ঘোষ :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে লক আউট ধর্মঘটের ফলে নষ্ট শ্রম দিবসের সংখ্যা কত ; এবং

(খ) এর ফলে মোট আর্থিক ক্ষতির পরিমাণ কত?

শ্রী পূর্ণেন্দু বসু : (ক) ১লা জুন ২০১১ থেকে ২৮শে ফেব্রুয়ারী ২০১৩ পর্যন্ত সময়কালে রাজ্যে লক আউট এবং ধর্মঘটের ফলে নষ্ট শ্রমদিবসের সংখ্যা ৫৫,৮৬,১৭০, এর মধ্যে লক আউটের জন্য নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৫৫,৭৬,৫৭৪ এবং ধর্মঘটের ফলে নষ্ট শ্রমদিবসের সংখ্যা মাত্র ৯৫৯২।

(খ) এই বিষয়ে কোন তথ্য আমাদের দপ্তরে নেই।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন। এটা ঠিক যে মা-মাটি-মানুষের সরকার আসার পর যেখানে কোটির উপরে শ্রমদিবস নষ্ট হত এবং তার ৯২-৯৪% এই শ্রমদিবস নষ্ট হত শুধু মাত্র মালিকদের লক আউট এবং সাসপেনশান অফ ওয়ার্ক, তার জন্য। এখানে আপনি গত ১৮ মাসের হিসাবে দিয়েছেন যে ৫৫,৭৬,৫৭৪ টি হয়েছে লক আউটের জন্য ধর্মঘটের জন্য নষ্ট হয়েছে ৯৫৯২টি। পরবর্তীকালে আমার কাছে তথ্য আছে ৫ হাজারের নিচে কমে এসেছে। শ্রমিক কর্মচারীদের হরতাদের দিকে কাজ বন্ধ করার প্রবণতা কমে গিয়েছে। আমি আপনাকে বলি, এই প্রশ্নের সঙ্গে যুক্ত যে, আমাদের এই রাজ্যে ইঞ্জিনিয়ারিং এবং

জুট শিল্পে ৫ লক্ষের কাছাকাছি মানুষ কাজ করে থাকেন। ১৩ বছর পার হয়েছে যেখানে ইঞ্জিনিয়ারিং শিল্পে কোন ত্রিপাক্ষিক চুক্তি হয়নি। আমাদের এই মা-মাটি-মানুষের সরকার ঘোষণা করেছে সমস্ত শিল্পেই আমরা ত্রিপাক্ষিক চুক্তি সরকারের মাধ্যমে করব। আমার প্রশ্ন, ১৩ বছর ইঞ্জিনিয়ারিং শিল্পে হয় নি এবং জুট শিল্পে প্রায় বহু বছর হয়ে গিয়েছে, এই দুটি শিল্প পশ্চিমবাংলার হার্ট লাইন, এখানে আপনি ত্রিপাক্ষিক চুক্তির সত্তর কোন ব্যবস্থা করবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় সদস্যকে জানাই যে জুটে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল তার সময় সীমা সবে অতিক্রম করছে। জুটে ত্রিপাক্ষিক আলাপ আলোচনার জন্য আমি প্রস্তুতি নিচ্ছি। অবশ্যই আমরা শুরু করবো। ইঞ্জিনিয়ারিং শিল্পে ত্রিপাক্ষিক চুক্তির যে রেওয়াজ ছিল সেটা বহু বছর বন্ধ হয়ে আছে। নানাকারণে বন্ধ হয়ে আছে। আমি সেই কারণ অনুসন্ধান করছি মালিক পক্ষ শ্রমিক পক্ষ সকলের সাথে কথা বলে। সেখানে প্রধান যে সমস্যাটি আমি বুঝতে পারছি সেই প্রধান সমস্যা হচ্ছে দ্বিপাক্ষিক চুক্তির প্রবণতা।

এবং দ্বিপাক্ষিক চুক্তিকে এড়িয়ে যাওয়া। এটা এই রাজ্যে একটা বড় সমস্যা তৈরী করেছে। পশ্চিমবঙ্গে ইঞ্জিনিয়ারিং শিল্প একটা সময় খুব উন্নত অবস্থায় ছিল। বহু ইঞ্জিনিয়ারিং কারখানা বন্ধ হয়ে গেছে এবং যেগুলো চালু আছে সেখানে শ্রম আইন, শিল্প আইন ইত্যাদি লঙ্ঘনের ঘটনা আছে। যেহেতু ত্রিপাক্ষিক বৈঠক হয়নি বছরের পর বছর, দ্বিপাক্ষিকভাবে ট্রেড ইউনিয়নগুলির সাথে মালিক পক্ষ বোঝাপড়া করে কারখানা চালায়। তাতে শ্রমিকদের বঞ্চনা আছে। এটা আমার নজরে এসেছে। আমি অবশ্যই চেষ্টা করব এই ধরনের দ্বিপাক্ষিক জায়গা যেখানে যেখানে নষ্ট হয়ে গেছে, শুধু ইঞ্জিনিয়ারিং নয়, হোসিয়ারীর ক্ষেত্রে দ্বিপাক্ষিক চুক্তি মালিক পক্ষ মানেন না, এটা দীর্ঘ সময়ের একটা সমস্যা হয়ে আছে। এই রকম আরও বহু সমস্যা আছে, যেগুলো আমরা আস্তে আস্তে ধরার চেষ্টা করছি।

শ্রী নির্মল ঘোষ : আমার অতিরিক্ত প্রশ্ন, এই যে মালিকদের প্রবণতা, শুধুমাত্র ওয়ার্ক সাসপেনসন, এই যে একটা ওয়ার্ড ওয়ার্ক সাসপেনশন, প্রকৃতপক্ষে এটা লক আউট এবং কারখানা বন্ধ করে দেওয়ার এই যে প্রবণতা এই আইন দুটি-একটি ওয়ার্ক সাসপেনশন এবং অপরটি লক আউট, গুণগত দিক দুটোরই এক। এখানে বিশেষ কোন ব্যবস্থা নেওয়ার জন্য আপনি এই সরকারের পক্ষ থেকে চিন্তা-ভাবনা করেছেন যে মালিকদের এর থেকে বিরত করা, কথায় কথায় তারা লক আউট করে দেবেন, লক আউটের নামে এখন ওয়ার্ক সাসপেনশন করে দিচ্ছে, এর থেকে বিরত করার কোন বিশেষ পদক্ষেপ আপনার সরকার শ্রম দপ্তর নেওয়ার চেষ্টা করছেন কিনা?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে মাননীয় সদস্যকে জানাই আমি ইতিমধ্যেই আইনজীবিদের সঙ্গে কথাবার্তা শুরু করেছি, যারা লেবার লস নিয়ে প্র্যাক্টিস করেন। সেখানে এই পর্যন্ত যা অর্থ ছিল, সেই অর্থটা 'সাসপেনশন অফ্ ওয়ার্ক', এটাকে একটা টেম্পোরারি ফেনোমেনন হিসাবে দেখানো হত। কিন্তু বলা যেতে পারে, এটা একটা বিধিবদ্ধ ব্যবস্থা হয়ে গেছে। স্বাভাবিকভাবেই আমি আইনজীবিদের সাথে কথা বলে এই বিষয়ে কি করা যায় এবং আইনের যে ব্যাখ্যা এবং সেই অনুযায়ী এই সংক্রান্ত কোন সংশোধনী আনা যায় কিনা ইত্যাদি বিষয়ে কথা শুরু করেছি।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। ধর্মঘট করা শ্রমিকের অধিকারের মধ্যে পড়ে। ধর্মঘট সমর্থনের ফলে কোন শ্রমিকের বেতন কাটা হয়েছে কি? যদি হয়ে থাকে তাহলে কত শ্রমিকের কাটা হয়েছে সেটা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে আমি আপনাকে জানাতে পারি যে ধর্মঘটের অধিকার শ্রমিকের সাংবিধানিক অধিকার। বর্তমান সরকার মনে করে এই রাজ্যে বারংবার ধর্মঘটের ফলে ধর্মঘটের যে অস্ত্র, যে অস্ত্রে শ্রমিকরা তাদের দাবি দাওয়া আদায় করে, সেই অস্ত্র ভোঁতা হয়ে গেছে-পশ্চিমবঙ্গের যা আর্থিক অবস্থা, সেই অবস্থায় পশ্চিমবঙ্গে অর্থনীতি পুনরুজ্জীবনের যে প্রক্রিয়া চলছে, সেই প্রক্রিয়ার কাজ বন্ধ হলে রাজ্যের আর্থিক ক্ষতি। সেই দিক থেকে আমাদের অনুরোধ, আমরা সকলের কাছেই সমস্ত পক্ষের কাছেই অনুরোধ করি যে তারা যদি ধর্মঘট থেকে বিরত থাকেন ভাল হয়। আর আপনি যে প্রশ্নটা করেছেন- ধর্মঘটের জন্য কোন বেতন কাটা গেছে কিনা, এই সংক্রান্ত কোন তথ্য আমার কাছে এক্ষুনি নেই।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করছি আমার বিধানসভা এলাকায় লুমটেক্স কারখানা আজকে প্রায় দু'মাস ধরে বন্ধ হয়ে রয়েছে এবং এই কারখানার মালিকদের বিরুদ্ধে শ্রমিকদেরও অনেক কথা আছে। মালিক ও শ্রমিকদের বিরুদ্ধে অনেক কথা বলছেন। কিন্তু মাঝখান থেকে কিছু দুর্দশাগ্রস্ত শ্রমিক চাকরী না করার জন্য অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়ে আছে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী কি কোন দ্রুত পদক্ষেপ নিচ্ছেন যাতে কারখানাটা সহজে খোলা যায়?

শ্রী পূর্ণেন্দু বসু : এই বিষয়ে মাননীয় বিধায়ককে জানাই যে, লুমটেক্স কারখানা আমি দায়িত্ব পাওয়ার পর বন্ধ হয়েছিল দু'বার এবং দু'বারই খুব দ্রুত খুলে দেওয়ার ব্যবস্থা করা হয়েছিল ত্রিপাক্ষিক বৈঠকের মাধ্যমে।

আবার বন্ধ হয়েছে। আমরা আলাপ-আলোচনার উদ্যোগ নিচ্ছি। এক-একটি পক্ষের সঙ্গে কথা কিছু কিছু হয়েছে। আমি গতকাল নির্দেশ দিয়েছি। ডেপুটি লেবার ক মিশনার, ব্যারাকপুর তিনি সম্ভবতঃ আজ অথবা কাল ত্রিপাক্ষিক বৈঠকের জন্য চিঠি ইস্যু করবেন এবং এ বিষয়ে আবার আলোচনা শুরু হবে।

[11·50–12·00 noon]

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি। সপ্তম বামফ্রন্ট সরকার শুরু করেছিলেন যে, বন্ধ কলকারখানা বা চা বাগানের শ্রমিকদেরকে কারখানা বন্ধ থাকাকালীন মাসে দেড় হাজার টাকা করে আর্থিক সাহায্য দেবেন। অনুগ্রহ করে কি বলবেন মন্ত্রী মহোদয়, এই মুহূর্তে আমাদের রাজ্যে চা বাগান বা কলকারখানা বন্ধ হওয়ার কারণে এই রকম শ্রমিকের সংখ্যা কত আর যাদের আর্থিক সহায়তা দেওয়া হয়েছে সেই আর্থিক সাহায্যের পরিমাণ কত?

শ্রী পূর্ণেন্দু বসু : এই সম্পর্কে মাননীয় সদস্যকে জানাই যে, এটা খুব আশার কথা, খুব আনন্দের কথা যে, বন্ধ থাকার জন্য শ্রমিকদের যে ভাতা দেওয়া হয় -FAWLOI তার পরিমাণ কমেছে। এর কারণ, এক বছর ধরে টানা বন্ধ কারখানা থাকছে সেই সংখ্যা অত্যন্ত কম। তথ্য হিসাবে আপনাকে জানাই যে ২০১০-১১ ২৩৫টি কারখানার ৩৫ হাজার ৪৯৬ জন শ্রমিক ৬০ কোটি ৩৯ লক্ষ টাকা পেয়েছিলেন। ২০১১- ১২ লক্ষ্য রাখবেন, ২৩৫টি কারখানার জায়গায় ২২২টি কারখানা FAWLOI -এর অন্তর্গত আছে অর্থাৎ অন্য কারখানাগুলো খুলে গেছে। তাদের আর FAWLOI দিতে হচ্ছে না। এই ২৩৫টি কারখানার ৩৫ হাজার ৪৯৬ জন শ্রমিককে ৬০ কোটি ৩৯ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এর পরের বছরের হিসাবে অর্থাৎ, এ পর্যন্ত ২০১২-১৩ এই সংখ্যাটা আরও নেমেছে- হয়েছে ২০৬। এতে শ্রমিক ছিলেন ১৯লক্ষ ৮৬৯ জন আর টাকা খরচ হয়েছে ৩৩ কোটি এবং আমরা আগামী বছরের জন্য বাজেট বরাদ্দে যেটা রেখেছি সেই পরিমাণ ৪৫ কোটি আছে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, আর্থিক ক্ষতির পরিমাণ কত? দ্বিতীয় কশ্চেন, এ বিষয়ে আপনার সরকার তদন্ত করে আর্থিক-সহায়তা প্রদানের জন্য আজ পর্যন্ত কত সংখ্যক শ্রমিকদের স্বার্থে কাজ করেছে? এই ব্যাপারে তিনি হাউসকে আগামী দিনে সার্বিক দৃষ্টিকোণ থেকে কত ক্ষতি বিগত সরকারের আমলে হয়েছে এবং কত ক্ষতি বর্তমান সরকারের সময়ে হচ্ছে, এটা জানাবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : দেখুন, এই বিষয়টিই শুধু আমার এক্তিয়ারের মধ্যে পড়ে না। এই বিষয়ে সরকারকে একটা নির্দিষ্ট অবস্থান গ্রহণ করতে হবে। এই সম্পর্কে বিভিন্ন আর্থিক সংস্থা তারা নানারকম তথ্য দেয় যে তথ্যগুলোর মধ্যে যৌক্তিকতা আছে। আমরা এই সব দেখে আগামী দিনে এই বিষয় সম্পর্কে বলার চেষ্টা করবো।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে জানতে চাইছি। সেটা হচ্ছে যে, এখানে একটা মর্মান্তিক ছবি আছে। এতদিন পর্যন্ত প্রচার হ'ত যে, আমাদের সময়ে কলকারখানায় শ্রমদিবস নষ্ট হয়েছে । কেন? না শ্রমিকরা ধর্মঘট করে নষ্ট হয়েছে। আজকে অদ্ভুত ছবি পাওয়া গেলে যে ৫৫ লক্ষ ৮৬ হাজার ১৭০ রাজ্যে শ্রমদিবস নষ্ট হয়েছে। এর মধ্যে শ্রমিক ধর্মঘট মাত্র ৯৫৯৯। আমি জানতে চাইছি যে, এই যে শ্রমদিবস নষ্ট হ'ল তার মধ্যে লকআউট এর জন্য সবটা ৯৯ পার্শেন্টি, এই লকআউটা বন্ধ করার জন্য মাননীয় মন্ত্রী কি ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী পূর্ণেন্দু বসু : আমি মাননীয় সদস্যকে বলব, আমাদের industrial dispute act বলে একটা আইন আছে। সেই আইনে lockout করার অধিকার দেওয়া আছে, closer করার অধিকার দেওয়া আছে। সরকারের প্রচেষ্টা মধ্যস্থতা করে, শ্রমিক এবং মালিক পক্ষের মধ্যে মধ্যস্থতা করা যাতে কারখানাগুলি খোলা যায়। আমরা যে চিত্র দেখিয়েছি এ পর্যন্ত তাতে আমাদের এই প্রক্রিয়া জারি আছে এবং আমরা by persuasion অর্থাৎ বুঝিয়ে আলাপ-আলোচনা করে বেশ কিছু কারখানা খুলেছি এবং তার তথ্যও দিয়েছি । এটাই আমাদের অবস্থান যে আমরা শ্রমিক পক্ষ এবং মালিক পক্ষের মধ্যস্থতাকারী হিসাবে, উভয়পক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করে, একটা সুসম্পর্ক

বজায় রেখে যাতে কারখানাগুলো খুলতে পারি। সেই জন্যই 'শ্রমিক বাঁচাও, শিল্প বাঁচাও' - এই কথা আমরা বলি।

শ্রী পরেশ দত্ত : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, বাম আমলে আমার জগদ্দল বিধানসভা কেন্দ্রের 'রামস্বরূপ উৎপাদক' কারখানাটি বন্ধ করে দিয়েছিল মালিক এবং আজ অবধি সেটা খোলেনি। আমি শুনতে পাচ্ছি সরকার থেকে কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে একটু বলবেন কি?

শ্রী পূর্ণেন্দু বসু : এ বিষয়ে মাননীয় সদস্যকে বলব, এটা আমার দপ্তরের মধ্যে যতটুকু পড়ে, আলাপ-আলোচনা মধ্যে দিয়ে কারখানাটি খোলা। 'রামস্বরূপ ইন্ডাস্ট্রি' - তাদের চারটি কারখানা আছে। চারটি কারখানাই বন্ধ। বন্ধের কারণ হিসাবে তারা যেটা দেখিয়েছেন, তাদের লোকসান চলছে এবং তারা তাদের র-মেটিরিয়াল পাচ্ছেন না। এক্ষেত্রে আপনি যে প্রশ্নটি করেছেন তার প্রাসঙ্গিক উত্তর, এটা আমি আপনাকে বিনীত ভাবে জানাই, এটা মাননীয় শিল্প-বাণিজ্য মন্ত্রীর দপ্তর, সেখান থেকে আপনি এই প্রশ্নের উত্তর পেতে পারেন।

অঙ্গনওয়াড়ী কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৮) **শ্রী তজমূল হোসেন :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের বিভিন্ন জেলায় অঙ্গনওয়াড়ী কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ;

(খ) সত্যি হলে, কোন্ কোন্ জেলার ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি জারি হয়েছে, এবং

(গ) বিজ্ঞপ্তি জারি হওয়া জেলাগুলিতে নিয়োগ প্রক্রিয়ার অগ্রগতি কীরূপ?

(ভয়েজ : এটা হাইকোর্টে আছে স্যার)

মিঃ স্পীকার : হাইকোর্টে যে পোর্সান আছে তার উত্তর দিতে মানা করেছি। একটা পার্ট হাইকোর্টে আছে, একটা পার্ট হাইকোর্টে নেই। ... (গোলমাল) ... আমি প্রশ্নটা দেখেছি। প্রশ্নের প্রথম অংশটা হাইকোর্টে পেন্ডিং। তার উত্তর উনি দেবেন না। সেকেন্ড পার্ট, যেটা হাইকোর্টে নেই সেটার উনি উত্তর দেবেন।

শ্রী শ্যামা প্রসাদ মুখার্জী : যেটা হাইকোর্টে পেন্ডিং আছে তার উত্তর দেওয়া হবে না। মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, উনি জানতে চেয়েছেন, এটা কী সত্যি যে রাজ্যের বিভিন্ন জেলায় অঙ্গনওয়াড়ি নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে? উত্তর, জেলাতে এই বিজ্ঞপ্তি জারি হয় না, প্রোজেক্টে হয়, প্রকল্পে হয়। অতএব, এই প্রশ্নটাই উঠছে না। ওনার দ্বিতীয় প্রশ্ন, সত্যি হলে কোন্ কোন্ জেলায়? একই প্রশ্ন। দ্বিতীয়বার রিপিট হচ্ছে। এটাও উঠছে না। এ প্রশ্নও উঠছে না। আর, লাস্ট হচ্ছে, বিজ্ঞপ্তি জারি হওয়া জেলাগুলিতে নিয়োগ প্রক্রিয়া কী রূপ? উত্তর, এ ব্যাপারে মহামান্য কলকাতা হাইকোর্টের একটা নিষেধাজ্ঞা জারি হয়েছে।

শ্রী তজম্মুল হোসেন : আপনি তো একটা উত্তর দিয়েছেন। তাতে বলেছেন 'রাজ্যের বিভিন্ন জেলায় অঙ্গনওয়াড়ি (কর্মী এবং সহায়িকা) নিয়োগের বিজ্ঞপ্তি প্রকল্পস্তরে সিলেকশন কমিটি/ সি.ডি.পি.ও. দ্বারা জারি করা হয়ে থাকে।' এই উত্তর তো দিয়েছেন। এটা তো লিখিত উত্তর।

মিঃ স্পীকার : 'জারি করা হয়ে থাকে' -উনি প্রসিডিওর-টা বলেছেন।

শ্রী শ্যামাপ্রসাদ মুখার্জী : আপনাকে কী বললাম? আপনাকে বললাম জেলাওয়াড়ি কোন রকম কোন সিদ্ধান্ত হয়না, প্রকল্প অনুযায়ী হয়। প্রত্যেকটি প্রকল্পে, নির্দিষ্ট প্রকল্পে, সেই জায়গায় 2 রিক্রুমেন্টের ব্যাপারে সিদ্ধান্ত হয়।

... (গোলমাল) ...

মিঃ স্পীকার : উনি প্রসিডিওর-টা বলেছেন। এই প্রসিডিওরে জারি করা হয়। কিন্তু বিষয়টি যেহেতু হাইকোর্টে পেন্ডিং তাই এই নিয়ে আর ফার্দার কোন প্রশ্ন করা যাবে না।

শ্রী শ্যামাপ্রসাদ মুখার্জী : হাইকোর্টে যেহেতু বিষয়টা পেন্ডিং তাই ঐ নিষেধাজ্ঞা মেনেই আর নতুন করে কিছু করা হয়নি। সেই জায়গাতেই বন্ধ করা আছে।

মিঃ স্পীকার : ঠিক আছে আর দরকার নেই। That's all. এই নিয়ে আর কোন সাপ্লিমেন্টারি হবেনা। আর কোন সাপ্লিমেন্টারিও আমি অ্যালাউ করব না। ..... (গোলমাল) .... আপনারা সংবাদপত্রে দেখেছেন যে এটা হাইকোর্টে .... (গোলমাল) .... উনি সুনির্দিষ্ট ভাবে উত্তর দিয়েছেন। আপনারা দেখবেন কোলকাতা উচ্চ আদালতে মামলা বিচারাধীন থাকার জন্য সব নিয়োগ প্রক্রিয়া স্থগিত আছে। উনি নির্দিষ্ট ভাবে উত্তর দিয়েছেন। এই নিয়ে আর কোন প্রশ্ন করা যাবে না।

Question hour is over.

[12.00 noon–12.10 pm]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ স্যার, আমি কালকে মহামান্য হাইকোর্টে একটি নির্দেশ দেখেছি। আমি জানি না মন্ত্রী অবগত আছেন কিনা। সেটা কোচবিহার জেলার জন্য সুনির্দিষ্টভাবে - যেহেতু কোচবিহারে রিক্রুইটমেন্ট পদ্ধতি নিয়ে একটা কেস হয়েছিল, আরো কেস হয়েছে। তারজন্য আপনি ঠিকই বলেছেন যে ওই নিয়োগ প্রক্রিয়া ইত্যাদি বন্ধ ছিল। কিন্তু আমি কালকে যে অর্ডার দেখেছি তাতে খুব স্পষ্টভাবে বলা হয়েছে গভর্নমেন্টকে affidavit দিতে এবং আপাতত যে অর্ডার আপনারা রিক্রুইটমেন্ট জারি করেছিলেন সেটাকেস্টে দেওয়া হয়েছে। কাজে বন্ধ আর থাকছে না। আপনি কি এ বিষয়ে অবগত আছেন?

মিঃ স্পীকার ঃ ছেড়ে দিন, কোশ্চেন আওয়ার শেষ হয়ে গেছে, এ বিষয়ে আর আলোচনা হবে না। এটার ব্যাপারে সবাই কনসার্ন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ We cannot wrongly interpret what the Hon'ble High Court has not said.

Starred Questions
(to which answers were laid to the Table)

চালু চটকলের সংখ্যা

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৬) শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে চালু চটকলের সংখ্যা কত; এবং

(খ) এই চটকলগুলিতে বর্তমানে কর্মরত শ্রমিকের সংখ্যা কত?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৮শে ফেব্রুয়ারী ২০১৩ সাপেক্ষে রাজ্যে চালু চটকলের সংখ্যা ৫১।

(খ) এই চটকল গুলিতে বর্তমানে প্রায় ১,৮৫,১০৮ জন শ্রমিক কর্মরত আছেন।

অসংগঠিত শ্রমিকদের আর্থ-সামাজিক সহায়তা প্রকল্প

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫২) শ্রীজ্যোতির্ময় কর ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অসংগঠিত শ্রমিকদের জন্য সরকার বিশেষ আর্থ-সামাজিক সহায়তা প্রকল্প চালু করেছেন;

(খ) সত্যি হলে, চলতি আর্থিক বর্ষের (২০১২-২০১৩) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে কতজন শ্রমিককে এই প্রকল্পের আওতাভুক্ত করা সম্ভব হয়েছে; এবং

(গ) উক্ত ক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

শ্রমবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্য সরকার অসংগঠিত শ্রমিকদের জন্য নিম্নলিখিত চারটি প্রকল্প চালু করেছেন

১। রাজ্য সরকারের সাহায্য প্রাপ্ত ভবিষ্যনিধি প্রকল্প (সাসপফাউ) এবং স্বাস্থ্য সুরক্ষা প্রকল্প

২। ভবন ও অন্যান্য নির্মান শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্প

৩। পশ্চিমবঙ্গ বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্প

৪। পরিবহন কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্প

(খ) ২০১১-১২ আর্থিক বছরের ৩১ জানুয়ারী সাপেক্ষে

১। ভবিষ্যনিধি (সাসপফাউ) প্রকল্পে মোট ৩৪,৭৫,৯৮৬ জন শ্রমিককে নথিভুক্ত করা হয়েছে।

২। ভবন ও অন্যান্য নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্পে মোট ৮,০৮,৪৫১ জন শ্রমিককে নথিভুক্ত করা হয়েছে।

৩। বিড়ি শ্রমিক কল্যাণ প্রকল্পের মাধ্যমে গৃহনির্মান প্রকল্পে মোট ২৫,৭৬৯ জন এবং গৃহে বিদ্যুৎ সংযোগের জন্য ৫০,৯৬২ জন শ্রমিককে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।

৪। পরিবহন কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পে মোট ১,০০.৬৯৬ জন শ্রমিককে নথিভুক্ত করা হয়েছে।

(গ) ১। ভবিষ্যনিধি (সাসপফাউ) প্রকল্পে সরকারী অনুদান (ম্যাচিংগ্রান্ট) বাবদ ৩১শে জানুয়ারী পর্যন্ত মোট ২০১.৫৫,৫৪,১০০ টাকা খরচ করা হয়েছে এবং সুদ বাবদ ৩৯,০০,৩৫.৫০২ টাকা খরচ করা হয়েছে এবং স্বাস্থ্য সুরক্ষা প্রকল্পে মোট ৮৫.৬২. ০৬০ টাকা খরচ করা হয়েছে।

২। ভবন ও নির্মাণ শ্রমিকদের জন্য কল্যাণমূলক প্রকল্পে মোট ৩৮,২৬,১৪.৪২৮ টাকা বিভিন্ন প্রকার আর্থিক সহায়তা বাবদ খরচ করা হয়েছে।

৩। বিড়ি শ্রমিকদের গৃহনির্মাণ সহায়তা প্রকল্পে ২১,০৯.০৫,০০০ টাকা এবং শ্রমিকদের গৃহে বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য ১২,৭২,৪৪,৯১৬ টাকা খরচ করা হয়েছে।

৪। পরিবহন কর্মীদের জন্য সামাজিক সুরক্ষা প্রকল্পে মোট ২,৬১,৩৫,৯৭৫ টাকা বিভিন্ন প্রকার আর্থিক সহায়তা প্রদান বাবদ খরচ করা হয়েছে।

Registered Unemployed Youth

*18. (Admitted Question No. *141) **Shri Gyan Sing Sohanpal :** Will the Minister-in-Charge of the Labour Department be pleased to state—

(a) The total number of registered unemployed in the State as on 31-12-2012;

(b) placement made during the year under review;

(c) how many of those mentioned in 'b' are from the minority community;

(d) community-wise break up of 'c'; and

(e) the position with regared to 'a', 'b', 'c' and 'd' in 2011?

Will the Minister-in-Charge of the Labour Department :

(a) The total number of registered unemployed in the state as on 31.12.2012 is 70,48,624

(b) Placement made during the year under Review is 1899.

(c) 103 from those mentioned in "b" are from minority community.

(d) Community wise break up "c" placement

Muslim	Christian	Sikh	Buddist
102	1	-	-

(e) The position with regards to "a", "b" and "c"

Year	Live Register (no of Registered unemployed)	Total Placement	Placement from minority community
2011	68,24,230	1795	189

Year	Muslim	Christian	Sikh	Buddhist
2011	189	6	3	-

আই.সি.ডি.এস. কেন্দ্রগুলিতে ব্যবহৃত খাদ্যসামগ্রী

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৭) শ্রী সমীর কুমার জানা : শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আই.সি.ডি.এস. কেন্দ্রগুলিতে ব্যবহৃত খাদ্যসামগ্রীর ধার্যমূল্য কত; এবং

(খ) খাদ্যসামগ্রীর ধার্যমূল্য বৃদ্ধির বিষয়ে কেন্দ্রীয় সরকারের নিকট কোন সুপারিশ করা হয়েছে কি?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) আই.সি.ডি.এস. কেন্দ্রগুলিতে ব্যবহৃত খাদ্যসামগ্রীর ধার্য মূল্য হল :

(১) পুরুলিয়া, বীরভূম ও দক্ষিণ দিনাজপুরের জন্য মাথাপিছু ৬ টাকা শিশুদের জন্য মাথাপিছু ৭টাকা মায়েদের জন্য মাথাপিছু ৯ টাকা অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য।

(২) বাকি জেলাগুলিতে মাথাপিছু ৪টাকা শিশুদের জন্য মাথাপিছু ৫ টাকা মায়েদের জন্য মাথাপিছু ৬ টাকা অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য।

(খ) হ্যাঁ, এই মর্মে কেন্দ্রীয় সরকার আগামী তিন বছরে ধার্য মূল্য বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছেন, যার অর্ধেক রাজ্যসরকারকে বহন করতে হবে।

বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান প্রকল্প

*২০। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) শ্রী নর্মদা চন্দ্র রায় : স্ব-নির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা আগস্ট, ২০১২ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে স্ব-নির্ভর গোষ্ঠী ও স্ব-নিযুক্তি কর্মসংস্থান প্রকল্পে মোট কত সংখ্যক আবেদন জমা পড়েছিল;

(খ) তন্মধ্যে কতগুলি আবেদন অনুমোদন লাভ করে; এবং

(গ) ভরতুকি বাবদ সেইসব ক্ষেত্রে কি পরিমাণ অর্থ প্রদান করা হয়েছে।

স্ব-নির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ব্যক্তিগত উপভোক্তা ভিত্তিক যতগুলি স্বনিযুক্তি প্রকল্প এই রাজ্যে চলছে তার মধ্যে শুধুমাত্র 'স্বামী বিবেকানন্দ স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্প (এস.ভি.এস.কে.পি.)'-এর রূপায়ণ এই বিভাগ করে থাকে। এই প্রকল্পের অন্তর্গত উক্ত সময়ের ৩৭,৮৭৪টি আবেদন জমা পড়েছিল।

(খ) ১৩,০৯৪টি আবেদন অনুমোদন লাভ করে।

(গ) ৪২.০৭,৬৭.৩৯৩/- টাকা ভরতুকি বাবদ প্রদান করা হয়েছে যা মোট মূল্যের ৩০ শতাংশ।

বর্ধমান জেলায় স্ব-নির্ভর গোষ্ঠী ও সহায়ক প্রকল্পের উন্নয়ন

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৫) **শ্রী সুনীল কুমার মন্ডল :** স্ব-নির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ বর্ষের ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় স্ব-নির্ভর গোষ্ঠীর সংখ্যা কত: এবং

(খ) জেলার স্ব-নির্ভর গোষ্ঠীগুলির ও সহায়ক প্রকল্পগুলির সামগ্রিক উন্নয়নে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ বর্ষের ২৮শে ব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা নিম্নরূপ :

স্বনির্ভর গোষ্ঠীর প্রকার		স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা
১। স্বর্ণজয়ন্তী গ্রাম স্বরোজগার যোজনা (SGSY)	—	২২,৪০৪
২। স্বর্ণজয়ন্তী শহরী রোজগার যোজনা (SJSRY)	—	১,৬২১
৩। রাষ্ট্রীয় কৃষি ও গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক (NABARD)	—	৭,৬৭৪
৪। সমবায় (Co-Operatives)	—	১৩,৪০১
মোট স্বনির্ভর গোষ্ঠীর সংখ্যা	—	৪৫,১০০

(খ) জেলার স্বনির্ভর গোষ্ঠীগুলির ও সহায়ক প্রকল্পগুলির সামগ্রিক উন্নয়নে নিম্নলিখিত পরিকল্পনাগুলি গ্রহণ করা হয়েছে/হচ্ছে :

নগদ ঋণের সুবিধা দান, দক্ষতা বৃদ্ধিকারী প্রশিক্ষণ, প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ, পরিকাঠামোগত সহায়তা, প্রকল্প ঋণ, উৎপাদিত পণ্যের বিপণনের সুবিধা, অন্যান্য প্রশাসনিক বিভাগের সঙ্গে সমন্বয় সাধন ইত্যাদি।

বর্ধমান জেলায় 'পশ্চিমবঙ্গ স্বনির্ভর সহায়ক প্রকল্প (WBSSP)-এর আওতায় ২,৩০৭ সংখ্যক স্বনির্ভর গোষ্ঠীকে মোট ১,১৩,৩৯,৪২৩/- টাকা সুদ-ভর্তুকি দেওয়া হয়েছে।

অসংগঠিত শ্রমিকদের দৈনিক মজুরির হার

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৫) ডঃ তরুণ কান্তি নস্কর ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্য অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের পেশাভিত্তিক ন্যূনতম দৈনিক মজুরির হার কত; এবং

(খ) এই মজুরি নির্ধারণের ক্ষেত্রে মূল্যসূচক, কনজিউমার প্রাইস ইনডেক্স ও প্রয়োজনীয় ক্যালরি ইত্যাদি বিবেচনা করা হয় কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) রাজ্যে এখন পর্যন্ত মোট ৬১টি পেশা বা কর্মক্ষেত্র ১৯৪৮ সালের ন্যূনতম মজুরি আইনের অন্তর্ভুক্ত হয়েছে। এর মধ্যে বর্তমানে ৫২টি পেশা বা কর্মক্ষেত্রে মজুরির হার প্রকাশ করা হচ্ছে।

(খ) এই মজুরি নির্ধারনের ক্ষেত্রে মূল্য সূচক ও প্রয়োজনীয় ক্যালোরি ইত্যাদি বিবেচনা করা হয়েছে।

পুরুলিয়া জেলায় শিল্প স্থাপন

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২) শ্রী নেপাল মাহাত ঃ বিগত ২রা এপ্রিল, ২০১২ তারিখে মৌখিক উত্তরের জন্য প্রশ্নাবলীর অষ্টম তালিকায় প্রকাশিত *১৪৯ (অনুমোদিত প্রশ্ন নং *১৯৯)-এর উত্তরের পরিপেক্ষিতে শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে পুরুলিয়া জেলায় কোন্ কোন্ শিল্প স্থাপনের কাজের অগ্রগতি হয়েছে/হচ্ছে; এবং

(খ) প্রস্তাবিত শিল্পগুলিতে কতজনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পুরুলিয়া জেলার রঘুনাথপুর-এ আধুনিক কর্পোরেশন লি:, জয় বালাজি ইণ্ডাস্ট্রিজ লি: এবং দিশেরগড় পাওয়ার সাপ্লাই কর্পোরেশন লিমিটেড এর প্রকল্প রূপায়ণের কাজ চলছে।

(খ) প্রত্যক্ষভাবে ১২,৩২৩ এবং অপ্রত্যক্ষভাবে ২৩,০০০ জনের কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

চা বাগান শ্রমিকদের অনাহারে মৃত্যু

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৯) শ্রী রামেশ্বর দোলই ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জলপাইগুড়িতে চা বাগান শ্রমিককদের অনাহারে মৃত্যুর ঘটনা সত্যি কি না;

(খ) সত্যি হলে, কতজন শ্রমিকের মৃত্যুর ঘটনা ঘটেছে; এবং

(গ) মৃত শ্রমিকদের পরিবারবর্গকে কোনরূপ আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) জলপাইগুড়ি জেলায় চা বাগানের শ্রমিকদের অনাহারে মৃত্যুর খবর আমাদের দপ্তরে আসেনি।

(খ) ক প্রশ্নের উত্তরের সাপেক্ষে খ প্রশ্ন আর প্রযোজ্য নয়।

(গ) ক প্রশ্নের উত্তরের সাপেক্ষে গ প্রশ্ন আর প্রযোজ্য নয়।

অসংগঠিত শ্রমিকের সংখ্যা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৩) শ্রী শাহাজাহান চৌধুরী : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট অসংগঠিত শ্রমিকের সংখ্যা কত; এবং

(খ) অসংগঠিত শ্রমিকদের নথিভুক্তকরণের জন্যে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) পশ্চিমবঙ্গে অসংগঠিত শ্রমিকদের সংখ্যা নিয়ে এখনো পর্যন্ত কোনরূপ সমীক্ষা করা হয় নি, ফলে পশ্চিমবঙ্গের অসংগঠিত শ্রমিকদের প্রকৃত সংখ্যা সংক্রান্ত কোন তথ্য শ্রমদপ্তরে নেই।

(খ) অসংগঠিত শ্রমিকদের নাম নথিভুক্তিকরানের জন্য শ্রমদপ্তর থেকে বিনামূল্যে আবেদন পত্র প্রদান করা হয়ে থাকে। ভিন্ন ভিন্ন প্রকল্পের জন্য ভিন্ন ভিন্ন প্রকার নির্দেশ আছে। প্রকল্পে নাম নথিভুক্ত করতে আগ্রহী শ্রমিকরা

ক। পঞ্চায়েত এলাকায় ব্লকে অবস্থিত শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্রে

খ। পৌরসভা এলাকায় সংশ্লিষ্ট শ্রমিক কল্যাণ সহায়তা কেন্দ্রে অথবা উপ/সহ শ্রম কমিশনারের অফিসে

গ। কলকাতা পুরসভা এলাকার ক্ষেত্রে ৬ নং চার্চ লেনে অবস্থিত শ্রম কমিশনারের অফিসে যোগাযোগ করবেন।

সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৫) শ্রী বাসুদেব খাঁ : সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ অর্থবর্ষের ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা কত; এবং

(খ) এই সময়ে বিচারাধীন বন্দীর সংখ্যা কত?

সংশোধন প্রশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ অর্থবর্ষের ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট সাজাপ্রাপ্ত বন্দীর সংখ্যা ৬২৫৫ জন।

(খ) এই সময়ে বিচারাধীন বন্দীর সংখ্যা ১৪,৪৮৯ জন।

অসংগঠিত শ্রমিকদের বীমার আওতাভুক্তকরণ

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৪) **শ্রী মনোজ চক্রবর্তী :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী ২০১৩ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় মোট কতজন অসংগঠিত শ্রমিক/মজদুরকে অসংগঠিত শ্রমিক বীমার আওতাভুক্ত করা সম্ভবপর হয়েছে (ব্লকওয়ারী হিসেবে); এবং

(খ) এ বাবদ ব্যয়িত অর্থের পরিমাণ কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) "অসংগঠিত শ্রমিক বীমা" এই নামে কোনো প্রকল্প শ্রম দপ্তর রূপায়ন করে না।

(খ) প্রযোজ্য নয়।

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri Shankar Dolai desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

"The Hon'ble Speaker,
West Bengal Legislative Assembly.

Respected Sir,

With due reverence I have to inform you that I am now not in a position to attend the ensuing Budget, conference on account of my post operative physical condition.

I do expect that you will kindly consider my case and forgive me for my unavoidable leave of absence.

With regards,

Yours faithfully,
Shankar Dolai"

I now ask whether Shri Shankar Dolai has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri Shankar Dolai has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 11th March, 2013 till the end of the current Session of the Assembly.

ADJOURNMENT MOTION

Mr. Speaker : To-day, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Tajmul Hossain on the subject of loss suffered by the farmers for damage of betel cultivation at Bhaluka in Harishchandrapur Assembly Constituency area. And the second one is from Shri Asit Mitra on the subject of problems faced by the H.S. examinees for non-getting of admit cards.

The subject matter of both the motions are not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to both the Motions.

Each Member of the party may, however, read the text of the Motion as amended.

শ্রী তজমূল হোসেন : স্যার, আমি অনেকখানি লিখে দিয়েছিলাম। দু লাইনেই শেষ করেছেন। যাইহোক এটা একটা বিশাল ব্যাপার। হরিশচন্দ্রপুর বিধানসভা এলাকায় বিশেষত ভালুকা অঞ্চলে পান চাষ হয়ে থাকে। ভালুকা অঞ্চলে কথাটা স্যার একটা জায়গায় ফতেপুর হবে। এই মরশুমে অর্থাৎ অত্যধিক শীতের ফলে পান চাষের ব্যাপক ক্ষয় ক্ষতি হয়েছে। ঋণগ্রস্ত পান চাষিরা চরম কষ্টের মধ্যে রয়েছে।

শ্রী অসিত মিত্র ঃ স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল আজ থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষা। এখনও পর্যন্ত হাজার হাজার ছাত্রছাত্রী/অ্যাডমিট কার্ড পায়নি। বিদ্যালয় শিক্ষা দপ্তরকে বার বার বলা সত্ত্বেও এরা কোন ব্যবস্থা নিচ্ছেন না। এবং আপনি ঘোষণা ... (এই সময় মাইক অফ্ হয়ে যায়)

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received four notices of Calling Attention on the following subjects, namely :-

(i) Steps taken by the State Govern-ent for prevention of fire in the markets in Kolkata	:	Dr. Tarun Kanti Naskar
(ii) Alleged Delay in publication of result of the Madrasah Teacher recruitment Examination	:	Shri Anisur Rahaman
(iii) Urge for Re-Introduction of S.B.S.T.C. Bus service from Dharmatala, Kolkata to Salar via Burdwan Katwa	:	Shri Sahjahan Chowdhury
(iv) Non-utillisation of Central Grant for repairing of road from Debra to Sabang in Paschim Medinipur	:	Dr. Manas Ranjan Bhunia

I have selected the notice of Dr. Tarun Kanti Naskar on the subject of steps taken by the State Government for prevention of fire in the markets in Kolkata.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manish Gupta : Sir, the statement will be made on 18th of March, 2013.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Statement of Accounts along with Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2011-2012

Shri Manish Gupts : Sir, I beg to lay the Annual Statement of Accounts alongwith Audit Report thereon, of the West Bengal Electricity Regulatory Commission for the year 2011-2012.

The Annual Report and Accounts together with Audit Report thereon, of the West Bengal Green Energy Development Corporation Limited for the year 2010-11

Shri Manish Gupta : Sir, I beg to lay the Annual report and

Accounts together with Audit Report thereon, of the West Bengal Green Energy Development Corporation Limited for the year 2010-2011.

The 51st Annual Report and Accounts together with Audit Report thereon, of the Durgapur Projects Limited for the year 2011-2012.

Shri Manish Gupta : Sir, I beg to lay the 51st Annual Report and Accounts together with Audit Report thereon, of the Durgapur Projects limited for the year 2011-2012.

The Annual Accounts along with Audit Report thereon, of the West Bengal labour Welfare Board for the year 2010-2011.

Shri Purnendu basu : Sir, I beg to lay the Annual Accounts along with Audit Report thereon, of the West Bengal Labour Welfare Board for the year 2010-2011.

MENTION CASES

ড: তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, আপনার মধ্যে দিয়ে আমি মাননীয় স্কুল শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গ সর্বশিক্ষা মিশনের অধীনে ''শিক্ষালয়'' প্রকল্প বলে একটি প্রকল্পে প্রায় ৭০০ জন শিক্ষা কর্মী এবং ৪০০ জন মিড ডে মিল কর্মী ২০০১ সাল থেকে কলকাতা জেলায় কাজ করছিলেন। তাদের দাবী তারা কলকাতার ১৪১টি ওয়ার্ডে গত ১১ বছরে ৩০ হাজার শিশুকে শিক্ষার মূল স্রোতে ফিরিয়ে এনে স্কুলের পঞ্চম শ্রেণীতে ভর্তি করিয়েছিলেন। সর্বশিক্ষা কর্তৃপক্ষ এদের প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শিক্ষনের প্রশিক্ষণও দিয়েছিল। অথচ গত ৩১/৩/১২ থেকে তারা কাজ হারিয়ে বেকার। বেকারিত্বের জ্বালা সহ্য করতে না পেরে এদের মধ্যে আত্মহত্যার ঘটনাও ঘটেছে। এদের অধিকাংশ মহিলা ও সংখ্যালঘু সম্প্রদায়ের। আমি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, আর্থিকভাবে পিছিয়ে থাকা এই অংশের এবং এই সামান্য কয়েকজনের আবার কাজ ফিরিয়ে যাতে দেওয়া হয় তার ব্যবস্থা করুন, ধন্যবাদ।

[12.10–12.20 pm]

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় পুর ও নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রীর কাছে বিনীতভাবে আবেদন জানাতে চাইছি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় জুট মিলগুলো যেখানে যেখানে আছে, সেই সব অঞ্চলে এই জুটমিলগুলোর কুলি লাইন বলে কিছু জায়গায় মানুষকে থাকার, তাদের শ্রমিকদের থাকার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু বর্তমানে সেই সব কারখানার মালিকরা সেই সমস্ত কুলি লাইনের দিকে কোন নজর না রাখায় সেখানকার কোয়ার্টারগুলো মানুষের বসবাসের উপযোগী আর নেই। তাই আমি আপনার মাধ্যমে বিনীতভাবে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি সরকার থেকে এমন কোন ব্যবস্থা নেওয়া যায় কিনা যে

ওই কারখানার মালিকরা যদি ওই জমির ওপরে কোন উন্নয়নমূলক কাজ না করেন, শ্রমিকদের স্বার্থে যদি সেখানকার জমি ব্যবহৃত না হয়, সেই জমি অধিগ্রহণ করে নতুনভাবে শ্রমিকদের জন্য সেখানে বাসস্থান করা যায় কিনা।

শ্রী অজয় দে : ম্যাডাম, আপনার সম্মতি নিয়েই বলছি, একটি বিষয়ে আপার অবগতির জন্য বলছি। এই যে মেনশান গুলো আপনারা দেন, মেনশানে অনেকগুলো জমা পড়ল। একটা নির্দিষ্ট লিমিট করে দিয়েছিলেন এর আগে, যে অপজিশান কতগুলো পাবে, রুলিংপার্টি কতগুলো পাবে। অত্যন্ত বিস্ময়ের সঙ্গে বলছি অবাক হচ্ছি যে, আপনাদের জ্ঞানত হচ্ছে কি অজ্ঞানত হচ্ছে আমি জানি না, আজকে যে চার্ট তৈরি করেছেন, আপনি দেখবেন একদিকে অপজিশান আছে, একদিকে রুলিং আছে। কিন্তু আমরা তো এখন রুলিং নই, আমরা তো অপজিশান। আপনার ওখানে দেখুন বারোটা নাম আছে। তার মধ্যে ৬ জন আমরা আছি, আমি আছি, মানস ভুঁঞ্যা আছেন, যাঁরা সব জমা দিয়েছেন। তা আমাদের রুলিং হিসাবে ট্রিট করছেন কেন? এটাই আমাদের বক্তব্য।

ম্যাডাম ডেপুটি স্পীকার : দেখুন, এগুলোতো আমরা করিনা, সেক্রেটারিয়েট থেকে করে। আপনারা যদি অপজিশানে থাকতে ভালোবাসেন, আমি আগামীকাল থেকে স্পীকার সাহেবের সঙ্গে কথা বলে আপনাদের অপজিশানেই পাঠিয়ে দেব। আমাদের সেকশান থেকে এখনও অব্দি আপনারা অপজিশানে আছেন এই রকম কোন চিঠি আমাদের কাছে পৌঁছায়নি। সেই চিঠিটা না পৌঁছানো পর্যন্ত আমরা এটা লিখতে পারিনা।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর থেকেই আমার বিধানসভা এলাকা রায়নায় তৃণমূলের ভৈরববাহিনী এবং পুলিশের দ্বারা প্রতিনিয়ত আমাদের কর্মী এবং সমর্থকরা প্রতিদিন অত্যাচারিত হচ্ছে। আইনশৃঙ্খলা এমন জায়গায় গেছে যে আমাদের মাধবডিহি থানায় ২২ মাসের সরকার, সাতবার ওসিকে বদল করতে হয়েছে। সম্প্রতি গার্ডেনরিচের কান্ডে সরকার ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটা বিচারাধীন আছে, এটা যাবে না।

শ্রী বাসুদেব খাঁ : দময়ন্তী সেন এবং পচনন্দার মতো মানুষকে সরে যেতে হয়েছে। আমরা আমাদের তরফ থেকে বারে বারে পুলিশ-প্রশাসনের কাছে আমাদের মিছিল-মিটিং করার অনুমোদন চাইলেও কোনভাবে সেই মিটিং-মিছিলের অনুমোদন পাচ্ছি না। স্বাভাবিকভাবেই এলাকার মানুষ শান্তি-শৃঙ্খলার মধ্যে থাকতে পারছেন না। আমি সেইজন্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই এলাকার মানুষ শান্তি-শৃঙ্খলার মধ্যে থাকতে পারে। ধন্যবাদ।

শ্রী নির্মল ঘোষ : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমাদের যে বিষয়টি রয়েছে বন্ধ কারখানা বিশেষ করে টিটাগড় জুটমিল, যেটা লুমটেক্স নামে পরিচিত। এই কারখানাটি দু'মাস ধরে বন্ধ আছে এবং বিশেষ কারণ হচ্ছে যারা এখানে রিটায়ার করেছে তাদের গ্র্যাচুইটি, তাদের পেনশান, তাদের পি.এফ, ই.এস.আই না দিয়ে অন্যায়ভাবে কারখানাটিকে বন্ধ করেছে। যেহেতু প্রশ্নোত্তর পর্বে এই নিয়ে আলোচনা হয়েছে, আমি চাই অবিলম্বে শ্রম দপ্তর ব্যবস্থা গ্রহণ করে কারখানাটিকে খোলার ব্যবস্থা করুক এবং তিন হাজার শ্রমিক তাতে রক্ষা পাবে।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হরিশচন্দ্রপুর, সেখানে একটি গ্রামীণ হাসপাতাল আছে। সেই গ্রামীণ হাসপাতালটির পরিষেবা এমনই নিম্নমানের হয়ে আসছে যে ওখানকার লোক পরিষেবা পাচ্ছে না। এই আমার বিধানসভা কেন্দ্রের ৮০% লোক ওই হাসপাতালটির উপর নির্ভরশীল। সেখানে পর্যাপ্ত পরিমাণে সাপে কাটা কিংবা কুকুরে কাটার এই ভ্যাক্সিন গুলি না থাকার দরুন আরো সমস্যা যে, স্যালাইন এবং অন্যান্য ওষুধপত্র না থাকার দরুন দুঃস্থ ব্যাক্তিদের বাইরে থেকে কিনে আনতে হয় এবং সবচেয়ে বড় সমস্যা হচ্ছে চতুর্থ শ্রেণীর কর্মীর অভাবে হাসপাতালটির পরিষেবা এমনই জঘন্য হয়ে পড়েছে যা ভাষায় প্রকাশ করা যায় না। সেটা আপনাকে এর আগেও বলেছি। এই সুষ্ঠ পরিষেবা আনতে এবং পর্যাপ্ত পরিমাণে ভ্যাক্সিন ওখানে পাই, মানুষ যেন সুষ্ঠ পরিষেবা পায় হরিশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতালটিতে তারজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টিআকর্ষণ করছি যেন অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অক্টোবর মাসে জেলা স্তরে মাননীয় খাদ্যমন্ত্রী ধান কেনার জন্য ধান ক্রয় কেন্দ্রের তালিকা চেয়েছিলেন এবং আমরা বিধায়করা ৩০-৪০টা করে ধান ক্রয় কেন্দ্রের তালিকা জমা দি। কিন্তু আজ পর্যন্ত আমার জেলার সব বিধায়কদেরই আমি জিজ্ঞাসা করেছি যে, সেই ধান ক্রয় কেন্দ্রের স্থানে কোন জায়গায় ধান কেনা হয়নি। শুধু তাই নয় গত বছর ধান কিনেছিল মন্তেশ্বরে একটা জামনা সমবায় সমিতিতে, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রীর দেশের বাড়ি মন্তেশ্বর ব্লকে। সেখানে ১ বছরে ৪০০ জন চাষি চাষ করে টাকা পায়নি। এক বছর পরে তারা অনশনে বসল মন্তেশ্বর ব্লকে, তারা যখন বলল আমরা আত্মহত্যা করব কারণ ৬০ লক্ষ টাকা পায় ৪০০ জন চাষি। তখন মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে ডেকে তাদের রিলিফ ফাণ্ডের টাকা দেন। সেইজন্য বলছি আমাদের যে ধান ক্রয় কেন্দ্রের তালিকা আমরা দিয়েছি সেখানে ধান ক্রয় কেন্দ্রের ব্যবস্থা করা হোক, ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম আমার বিধানসভা কেন্দ্র জগদ্দল, এক সময় সমাজ বিরোধী কার্যকলাপের আখরা ছিল। গত দুই বছরের প্রচেষ্টায় অনেকটা বন্ধ করা গেছে। তবে ইদানিং আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভাটপাড়া পৌরসভার ২২ নম্বর ওয়ার্ডে সমাজ বিরোধী কার্যকলাপ বাড়ছে। একজন সমাজবিরোধীকে অ্যারেস্ট করার পর সেখানে পুলিশের গাড়ির ভাঙচুর করার মত দুঃসাহস দেখিয়েছে, অবশ্য তাদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু সেখানে সবচেয়ে বড় সমস্যা হচ্ছে একটা রাজনৈতিক দলের স্থানীয় কাউন্সিলর এবং তার পরিবার-পরিজন এই সমাজ বিরোধীদের আশ্রয় দিচ্ছেন, প্রশ্রয় দিচ্ছেন এবং লুকিয়ে রেখেছেন। আমি সেখানে নিজে রাত্রিবেলা গিয়ে পাহারা দিয়েছি তিন-চার দিন কিন্তু পালিয়ে চলে যায়। দুঃখের বিষয় সেখানে এই কাজটা করছেন সেখানকার একজন কংগ্রেস কাউন্সিলর। আমি এই সভায় নাম করে দিতে পারি। এই সভাকে আমি অবহিত করতে চাই সমাজ বিরোধী কার্যকলাপ কোনও রাজনৈতিক অ্যাজেন্ডা হতে পারে না। কেউ যদি রাজনৈতিক অ্যাজেন্ডা হিসাবে এটাকে ধরেন তাহলে উচ্ছন্নে যাবে এই রাজ্য। তাই সবার কাছে অনুরোধ করব, আবেদন করব নিজেদের লোকদের restraint করুন যাতে এই সমাজ বিরোধী কার্যকলাপে কোনও মদত না দেওয়া হয়, ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া ধান কেনার ব্যাপারে পুরুলিয়ার

চাষিরা উদ্বিগ্ন। পুরুলিয়া জেলার চাষিরা পঞ্চায়েত ভিত্তিক কেন্দ্রে গিয়ে ধান ক্রয় করতে পারছে না ফলে চাষিরা ক্ষুব্ধ। আমাদের পুরুলিয়া জেলায় প্রতিটি পঞ্চায়েত এলাকায় ধান কেনার আমি প্রস্তাব রাখছি।

এখনও আমার জয়পুর বিধানসভা এলাকায় যে ধান ক্রয় হচ্ছে, সেটা ভ্রাম্যমাণ গাড়ীর মাধ্যমেই হচ্ছে। আমি মাননীয় খাদ্য মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে প্রতিটি পঞ্চায়েত এলাকায় ধান ক্রয় হয়। সেই বিষয়ে আমি মাননীয় খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.20–12.30 pm]

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আমার বক্তব্যে যাওয়ার আগে এক সেকেন্ড কথা বলতে চাই। মাননীয় সদস্য অজয় দে যে কথা বললেন - গতকাল মেনশানে দেখবেন শতকরা ৯০ ভাগ সুযোগ ওদের দেওয়া হয়েছে। সুতরাং এটা ঠিক না যে আপনাদের দল থেকে পক্ষপাতিত্ব করা হচ্ছে। আমি মেনশানের প্রসঙ্গে আসছি। আমাদের উত্তর হাওড়ায় সবচেয়ে বড় গর্বের ব্যাপার হচ্ছে একজন গীতিকার ছিলেন, তাঁর নাম পুলক বন্দ্যোপাধ্যায়, উনি মারা গিয়েছেন। তাঁর বাড়িটা শালিকিয়া হাউস নামে খ্যাত। এটা মহানায়ক উত্তমকুমারের মামার বাড়ি, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের পদধূলি পড়েছে এই বাড়িতে এবং বহু বিশিষ্টজন এই বাড়িতে যেতেন, তাঁদের নাম করলে মহাভারত হয়ে যাবে। আমি আপনার মাধ্যমে এই বাড়িটি রক্ষণা-বেক্ষণের জন্য হেরিটেজ বিল্ডিং হিসাবে ঘোষণা করার জন্য পর্যটন মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। কারণ বর্তমানে সি.পি.এম- এর কিছু প্রোমোটারের এই বাড়িটির দিকে নজর পড়েছে। তাঁরা এটা কিনে নিতে চাইছে। এতে এই ঐতিহ্যমন্ডিত বাড়িটি শেষ হয়ে যাবে। তাই আপনার মাধ্যমে পর্যটন মন্ত্রীকে বলুন যাতে ওটা হেরিটেজ বিল্ডিং হিসাবে ঘোষণা করা হয়।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : রেসপেক্টেড ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি যে প্রসঙ্গটা দিয়েছিলাম সেটা আপনি অ্যালাও করবেন না, তাই অন্য সাবজেক্টে যাচ্ছি। মাননীয় শ্রমমন্ত্রী সবচাইতে বয়স্ক এবং প্রবীণ বিধায়ক। জ্ঞানসিং সোহন পাল জি-র একটা প্রশ্নের উত্তর এখানে চলে হয়ে গিয়েছে কিন্তু বিতর্ক হয়নি। তাতে উনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলো আছে, তাতে ৩১.১২.২০১২ অবধি ৭০ লক্ষ ৪৮- হাজার ৬২৪ জন যুবক-যুবতীর নাম রেজিস্ট্রীকৃত আছে। তারমধ্যে গতবছরে মানে এই ২০১২ সালে কত প্লেসমেন্ট হয়েছে? সেখানে উনি বলেছেন ১৮৯৯। তারমধ্যে মুসলিম মাইনরিটি, খ্রীষ্টান মাইনরিটি, শিখ মাইনরিটি এবং বুদ্ধিষ্ট মাইনরিটির কতজন চাকরী পেয়েছেন? মুসলিম -১০২, খ্রীষ্টান -১ , শিখ -নিল বুদ্ধিষ্ট নিল। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, পূর্ণেন্দুবাবু সিনিয়ার মিনিস্টার আছেন, মণীশ গুপ্ত সাহেব এবং আরোও অনেকে এখানে আছেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি বারে বারে বলেছেন যে, এই রাজ্যে মুসলিম মাইনরিটির সংখ্যা প্রায় ৩০% এবং তাদের অগ্রাধিকার দেওয়া দরকার। ৭০ লক্ষ রেজিস্টার্ড ইউথের মধ্যে যেখানে এক বছরে চাকরী হয় ১৮৯৯ জন, তার মধ্যে যেখানে মুসলিম মাইনরিটি যদি ১০২, খ্রীষ্টান একজন, শিখ নিল এবং বুদ্ধিষ্ট নিল হয়, তাহলে কত বছর লাগবে এই ৩০% মুসলিম মাইনরিটির চাকরী এ্যাট পার বাই ডিজায়ার অফ দি গভর্নমেন্ট সেখানে পৌঁছতে? এই একটা প্রশ্ন। দ্বিতীয় প্রশ্ন, যদি ৭০ লক্ষ

রেজিস্টার্ড আন এমপ্লয়েড ইউথ হয় এবং তার মধ্যে বছরে প্লেসমেন্ট চাকরী যদি ১৮৯৯ হয়, তাহলে এই বিরাট সংখ্যক বেকার যুবক- যুবতীরা চাকরী কোথায় পাবে? তাহলে এটা কি ইনডিকেট করছে না যে, এখানে শিল্প এবং অন্যান্য ক্ষেত্রে শ্রম এবং চাকরী সৃষ্টির ক্ষেত্রে আমরা বোধ হয় কোথাও পিছিয়ে পড়ছি? হয়তো আলোচনা অনেক হচ্ছে, পর্যালোচনা অনেক হচ্ছে, পরিকল্পনা অনেক হচ্ছে, বাস্তবে তার প্রতিফলন হচ্ছে না। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহারের দুই নং ব্লকে হাতিডুবু গ্রামে বানেশ্বর সারথীবালা মহাবিদ্যালয় গত ২০০৯ সালে সরকারি অনুমোদন লাভ করেছে। এই মহাবিদ্যালয়টিতে কোন স্থায়ী অধ্যাপক নেই। পাঁচ জন গেস্ট লেকচারার সেখানে কাজ করছে। সেখানে ১২ জন অশিক্ষক কর্মচারীর মধ্যে ৫ জন বেতন পাচ্ছেন। আমি মনে করি সেখানে স্থায়ী অধ্যাপক অবিলম্বে নিয়োগ করা অত্যন্ত জরুরি। আমি উপাধ্যক্ষা মহোদয়ার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে এই আবেদন রাখছি।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল একটা অ্যাডজর্নমেন্টমোশানে আমাদের দলের মাননীয় সদস্য অজয় দে দাবি করেছিলেন যে স্টেট ইলেকশন কমিশন পঞ্চায়েত নির্বাচনের জন্য যে বন্দোবস্ত করছেন....।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অসিতবাবু, আমি একটা কথা বলছি। ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা এই ব্যাপারেই একটা মেনশান দিয়েছিলেন। স্পিকার সাহেব বলে গেছেন এটা রাজ্যের নির্বাচন কমিশনের ব্যাপার, এই ব্যাপারে কিছু উল্লেখ করা যাবে না। সেই জন্য মানসবাবু তার সাবজেক্টটা চেঞ্জ করেছেন।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনি জানেন যে গত ২১ ফেব্রুয়ারী আমাদের রাজ্যে ধর্মঘট চলা অবস্থায় আমাদের মুর্শিদাবাদ জেলার একজন পঞ্চায়েত কর্মী তার নাম হজরত আলি, সে পঞ্চায়েত কর্মী হিসেবে অফিসে কাজে যোগ দিতে যায়। ধর্মঘটের পরের দিন সেখানকার কিছু সমাজ বিরোধী তাকে আক্রমণ করে এবং তার কান কেটে নেয়। আমরা বহু আক্রমণের কথা জানি। অনেক খুনের কথা আমরা জানি। কিন্তু এক অদ্ভুত কালচার যে একজন কর্মীর কান কেটে নেওয়া হয়েছে। তার থেকে আরো মারাত্মক হচ্ছে যারা এই কান্ড করেছেন তাদের শাস্তির ব্যবস্থা দূরে থাক, এখনও সবাইকে গ্রেফতার করা হয়নি। যারা করেছেন তারা বহাল তবিয়তে ঘুরে বেড়াচ্ছেন এবং বলে বেড়াচ্ছেন যা করেছি ঠিক করেছি। এটা এই রাজ্যে চলবে কি না আমি জানতে চাইছি। এই ব্যাপারে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে কি না সেটা আপনার মাধ্যমে আমি জানতে চাইছি।

শ্রী আবু তাহের খান : ম্যাডাম, একটা বিশেষ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার মুর্শিদাবাদ জেলায় ভাঙন একটা সাংঘাতিক সমস্যা। সেই ভাঙনের ব্যাপারে এই সরকারের বেশ কিছু ওয়ার্ক অর্ডার হয়েছিল। হঠাৎ করে দেখছি এই যে উপ নির্বাচন হল, দুর্ভাগ্যজনক হারের পরে সেই ওয়ার্ক অর্ডার গুলো ক্যানসেল করার চেষ্টা হচ্ছে এবং ডিপার্টমেন্টকে বলছে যেগুলোর কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে, সেগুলো এখনি যেন করা না হয়। এইভাবে বিভিন্ন বিষয়ে মুর্শিদাবাদ

জেলাকে বঞ্চিত করা হচ্ছে। সামনেই বর্ষা আসছে। এখন হচ্ছে কাজের সময়। এখন যদি সেই ওয়ার্ক অর্ডার গুলো, ভাঙন যেগুলো বাঁধার ব্যবস্থা হচ্ছে, সেগুলো যদি ক্যানসেল করা হয় তাহলে জেলার সাংঘাতিক সমস্যা হবে। বিশেষকরে বহরমপুর শহরে একটা ক্যানেল পরিষ্কার করার স্কিম তৈরি হয়েছিল, কাজও শুরু হয়েছিল তিন দিন। সেই স্কিমটাও বন্ধ করে দেওয়া হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অতিসত্বর মুর্শিদাবাদ জেলায় ভাঙন প্রতিরোধের যে স্কিমগুলো তৈরি হয়েছিল, যেগুলোর ওয়ার্ক অর্ডার তৈরি হয়ে গিয়েছে টেন্ডারের পরে, সেগুলোর কাজ যেন দ্রুত শুরু হয়।

[12·30–12·40 pm]

শ্রী বাসুদেব মেটে : মাননীয়া ডেপুটি স্পিকার মহাশয়া, আমার বিধানসভা এলাকার আউশগ্রামের কৃষকদের কিছু কথা এখানে আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। এখানে এই জায়গাতে দাঁড়িয়ে একটা কথা ঘোষণা করা হয়েছে যে, এলাকার কৃষকদের আট হাজার টাকা সাবসিডি দিয়ে বিদ্যুতের সংযোগ দেওয়া হবে। আমি এখন মাটিতে পরিণত হয়ে গেছি যেহেতু আমি বিষয়টি জানি না। কৃষকরা আমার কাছে রেকমেন্ডেশনের ব্যাপারে আসছে। তারা বলছে যে, "আপনি সই করে দিলেই নাকি আমাদের মাঠে যত স্যালো, সাবমার্শিবল পাম্প আছে, সেগুলি আমরা সরকারী সহায়তায় সংযোগ পেয়ে যাব।" তাই তাদেরকে যেন সংযোগ দেওয়া হয় এই বিষয়টি হাউসে তুলে ধরলাম। এতে আমার পক্ষে কোন অসুবিধা নেই। এলাকার চাষীরা এর ফলে উপকৃত হোক। ধন্যবাদ।

শ্রী অশোক রায় : মাননীয়া ডেপুটি স্পিকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যদপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার মধ্যে মধুশ্বর গ্রাম রয়েছে। এই গ্রামটি ঘন জনবসতিপূর্ণ। সেখানে কোন পি এইচ সি নেই। সেখানে যাতে পি এইচ সি করা হয় তারজন্য দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে বলে রাখি হেলথ সেন্টার স্থাপন করতে যে জায়গার প্রয়োজন হবে সেই জায়গা আমরা জোগাড় করে দিতে পারব। এখানে যাতে মানুষ সরকারী ব্যবস্থাপনায় চিকিৎসার সুযোগ পায় তারজন্য অবিলম্বে পি এইচ সি করার দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী নবীন চন্দ্র বাগ : ম্যাডাম ডেপুটি স্পিকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকাতে ১৭টি গ্রামপঞ্চায়েত আছে। সব পঞ্চায়েতেই উন্নয়নমূলক কাজগুলি শুরু হয়েছে। পঞ্চায়েতের উন্নয়নমূলক বেশীরভাগ কাজগুলি এখন বন্ধ হবার পথে। কারণ যে সমস্ত উন্নয়নমূলক কাজগুলি চলছে প্রতিটি কাজের ব্যাপারে শাসকদলের কর্মীরা ঠিকাদারের কাছে গিয়ে জোর করে তোলা আদায় করছে। যার ফলে ঠিকাদাররা সমস্ত কাজ বন্ধ করে দিয়ে পালিয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ এই শাসকশ্রেণীর কর্মীরা রয়েছেন তাদের সঙ্গে ঠিকাদারদের যে আঁতাত সেই আঁতাত বন্ধ করে অতি সত্ত্বর উন্নয়নমূলক কাজগুলি চালু করা হোক।

শ্রী অপর্ণা সাহা : ম্যাডাম ডেপুটি স্পিকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৫০ নাম্বার ওয়াটার সোর্স শাখা ক্যানেলটির জল নিয়ে মেমারী-বর্ধমান সদরের বিভিন্ন জায়গার কয়েকটি গ্রামের কৃষকরা বোরো চাষ করতেন। কিন্তু এবারে বীজতলা

করা সত্ত্বেও এই বীজ তৈরী করে সেই বীজ ট্রাক্টর দিয়ে শেষ করে দিতে হল। অত্যন্ত পরিতাপের সঙ্গে বলছি যে এই ক্যানালটি যদি সংস্কার করা না যায় তাহলে এই মেমারী এবং বর্ধমান উত্তর দক্ষিণ এলাকার কৃষকরা অনাহারে মারা যাবে। তাই মা মাটি মানুষের সরকারের কাছে আবেদন প্রতি বছরের মত কৃষকরা যাতে চাষ করতে পারে সেইজন্য এই ক্যানালটি অত্যাবশকীয় গুরুত্ব দিয়ে যেন সংস্কার করা হয়।

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয়া উপাধ্যক্ষ মহাশয়া, বহু প্রতীক্ষার পরে স্বাধীনতার পরে কাঁদি মাস্টার প্ল্যান স্যাংশেন হয়েছে। এবং এই বিষয়ে রাজ্য সরকারের তরফ থেকে তৎকালীন সেচমন্ত্রী ডাঃ মানস ভুঞ্যা উদ্যোগ গ্রহণ করে কাজের টেন্ডারের ব্যবস্থা করেছিলেন। ই-টেন্ডারিং পদ্ধতি কমপ্লিট হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি যে, আড়াই মাস অতিক্রান্ত হওয়ার পরেও সরকার যখন বলছেন যে আমরা মানুষের জন্য কাজ করছি, সেক্ষেত্রে আমি তার উদাহরণস্বরূপ বলতে পারি কাজ মানুষের কাছে কতটা পৌঁছাচ্ছে জানি না, ই-টেন্ডারিং হয়ে যাওয়ার পরে আড়াই মাস অতিক্রান্ত হল, ই-টেন্ডার খোলার মত ব্যবস্থা গ্রহণ করা হল না রাজ্য সরকারের সেচ দপ্তরের তরফ থেকে। আমার অনুরোধ আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে কাঁদি মহকুমা সহ বীরভূম বর্ধমানের নয়টি ব্লকের প্রায় ২০ লক্ষ মানুষের আর্থ সামাজিক ব্যবস্থার উন্নতির জন্য যে মাস্টার প্ল্যান গ্রহণ করা হয়েছে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে, সেই ই-টেন্ডারিং কমপ্লিট হয়ে গেল, এই ই-টেন্ডার খুলে সঠিক দানপত্র দাতাদেরকে টেন্ডারের ব্যবস্থা করে দেওয়া যাতে এই কাজের মরসুমে কাজটা শুরু করা যায়। অহেতুক মুর্শিদাবাদের কাঁদি মহকুমার মানুষ যেন রাজনৈতিকভাবে বঞ্চনার শিকার না হয় সেই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : মাননীয়া ডেপুটি স্পিকার মহোদয়া, অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন - পরিবহন নিগমগুলোকে সংযুক্তিকরণের কথা তিনি তুলে ধরেছেন। আসলে এই সংযুক্তিকরণের মধ্যে দিয়ে কর্ম সংস্কোচনের নীতি এই সরকার গ্রহণ করছে। যখন আমাদের রাজ্যে বেকারের সংখ্যা দিনের পর দিন বাড়ছে। অন্যদিকে সংস্থার বিভিন্ন ডিপোগুলোকে তুলে দিয়ে জমি সহ যা কিছু বহু মূল্যের স্থাবর-অস্থাবর সম্পত্তি আছে, সেগুলো অন্যের হাতে তুলে দেওয়ার একটা চেষ্টা চালাচ্ছে। এই সময় দেখা যাচ্ছে কর্মীরা যারা স্বেচ্ছায় অবসর নেওয়ার জন্য চেষ্টা করছে, তাদের ওপর চাপ সৃষ্টি করা হচ্ছে। অন্যদিকে পেনশন বন্ধ হয়ে গেছে, ৯ হাজার অবসরপ্রাপ্ত কর্মীরা পেনশন পাচ্ছে না। এর ফলে ১ লক্ষ ৩০ হাজার মানুষ অন্ধকারের মধ্যে আছে। পাশাপাশি বাসগুলোর মেরামতির ব্যবস্থাও করা হচ্ছে না। কয়েক লক্ষ টাকা দিলে বাসগুলোর মেরামতির ব্যবস্থা হতে পারে। এর মধ্যে দিয়ে পরিবহন সংখ্যাকে উঠিয়ে দেওয়ার একটা চেষ্টা চালানো হচ্ছে। পরিবহন ব্যবস্থাকে বেসরকারিকরণের চেষ্টা চালাচ্ছে। আমরা এর তীব্র বিরোধীতা করছি, আমরা বলছি এই নিগমকে একমুখী করার এই চেষ্টাকে বন্ধ করা হোক এবং পরিবহন দপ্তরের যারা কর্মচারী আছেন, তাদের যে সুযোগ-সুবিধা, সেই সুযোগ-সুবিধা দেওয়া হোক, ধন্যবাদ।

শ্রী শেখ সাফিউজ্জামান : অনারেবল্ ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী তথা আমাদের প্রতিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বেলডাঙা বিধানসভার মধ্যে একটা গ্রামীন হাসপাতাল আছে। সেটার খুব বেহাল অবস্থা। ৩টি বিধানসভার মধ্যে একটি গ্রামীন হাসপাতাল। সেই হাসপাতালে মায়েদের ওয়ার্ডে প্রচন্ড চাপ এবং আমাদের ঐ গ্রামীন হাসপাতালে

সবরকম সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও আমরা পরিষেবা দিতে পারিনা। সেখানে অপারেশনের ব্যবস্থা আছে। কিন্তু ম্যানপাওয়ার নেই। সেই ম্যানপাওয়ারের অভাবে পরিষেবা থেকে মানুষ বঞ্চিত হচ্ছে এবং আমাদের মহকুমা হাসপাতাল নেই, সরাসরি জেলা হাসপাতালে যেতে হয়। অতএব যাতে আমাদের এই গ্রামীন হাসপাতালটিকে স্টেট হসপিটালে পরিণত করা যায়, তার সুপারিশ আপনার মাধ্যমে আমি রাখছি, ধন্যবাদ।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রী এবং স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি উদ্বেগের সঙ্গে বলতে চাই, আমাদের উত্তর চব্বিশ পরগনা জেলার বারাসাতে মধ্যমগ্রামের পৌরসভাতে ১৪টি আদিবাসী পরিবারকে উচ্ছেদ করার জন্য একটা প্রচেষ্টা চলছে। এই পরিবারগুলো এখানে দীর্ঘ ৩০ বছর ধরে এখানে বসবাস করে আসছে। এরা খুবই গরীব, দিন আনি-দিন খাই। এদের উচ্ছেদ করা হ'লে রাস্তায় বাস করা ছাড়া এদের আর কোনো উপায় থাকবে না। এরা যাযাবর হয়ে যাবে। এই অবস্থাতে তৃণমূলের আশ্রিত গুন্ডারা প্রতিদিন তাদের উপরে হুমকি দিচ্ছে, তাদের বিদ্যুতের তার কেটে দেওয়ার জন্য হুমকি দিচ্ছে, ঘর ছেড়ে চলে যাওয়ার জন্য হুমকি দিচ্ছে। এমতাবস্থায় ঐ আদিবাসীরা খুবই আতঙ্কের মধ্যে আছে। তাদের ঘরের ছেলে-মেয়েরা এখন আর স্কুলে যেতে চাইছে না। এই অবস্থাতে আমি আপনার মাধ্যমে দপ্তরের মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে এই পরিবারগুলো ওখানে স্থায়ীভাবে বসবাস করতে পারে এবং তাদের নিরাপত্তার যাতে গ্যারান্টি দেওয়া যায় - এই দাবী রাখছি।

শ্রী মইনুল হক্ : মাননীয়া ডেপুটী স্পীকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে সেচ এবং জলসম্পদ দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি যে বিশেষ করে মুর্শিদাবাদ, মালদা জেলার একদিকে গঙ্গা, আর একদিকে পদ্মা এই যে নদীর ভাঙন, এই ভাঙন গত ২০১২ সালে কোন কাজ সেভাবে কমপ্লিট করা যায় নি। আজকে বর্ষা নামার পর নভেম্বর মাসে কাজ শুরু করার কথা ছিল, সেই কাজ এখনও শুরু করা যায় নি। এবং খুব দুভার্গ্যের বিষয় যে গঙ্গা, পদ্মার উপর যে নদীর ভাঙন প্রতিরোধের যে সমস্ত কাজ তিন মাস আগে টেন্ডার হয়েছে, তার ওয়ার্ক অর্ডার হচ্ছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে আবেদন রাখবো যে ইমিডিয়েট যাতে ওয়ার্ক অর্ডার দেওয়া হয়, কারণ এই মরসুমে যদি ওয়ার্ক অর্ডার না হয় তাহলে কিন্তু পঞ্চায়েত ইলেকশান ঘোষণা হবে, কাজ বন্ধ হবে, সেই জুন মাস। জুন মাসে কিন্তু বোল্ডারের কাজ করা যাবে না, তাই এই ইলেকশান ঘোষণা করার আগেই আমি অনুরোধ করছি বারবার আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে যে ইমিডিয়েট যাতে ওয়ার্ক অর্ডার দিয়ে ওই এলাকায় ভাঙন প্রতিরোধের কাজ যাতে শুরু করা যায়। ধন্যবাদ।

শ্রী কে.পি. সিং দেও : মাননীয়া ডেপুটী স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব, ব্যাকওয়ার্ড ক্লাস মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের এই পশ্চিমবাংলায় বিভিন্ন সময় দেখা যাচ্ছে যে পূর্বাঞ্চল আদিবাসী কূর্মী সমাজ বা মাহাতো তার একটা বড় অংশে বিভিন্ন সময় দাবী করে আসছে যে তাদেরকে ট্রাইব ঘোষণা করার জন্য। তারা মুখ্যমন্ত্রী, গভর্নর থেকে শুরু করে সবাইকে দিয়েছে। এবং তার পক্ষে তারা যে দস্তাবেজ দিয়েছেন তাতে গভর্নমেন্ট অফ্ ইন্ডিয়ার গেজেট নোটিফিকেশান ১৯১৩ সাল থেকে নিয়ে ২০০৫ সাল হাইকোর্ট এবং বি.এল.এল.আর. ও কলকাতা হাইকোর্ট, ছোটনাগপুর ল্যান্ড টেনেন্সী এ্যাক্ট, গেজেট

নোটিফিকেশান অফ্ বিহার এ্যন্ড উড়িষ্যা, পাটনা হাইকোর্টের বিচার— তাতে সব জায়গায় এদেরকে বলা হয়েছে যে Mahatos Kurmis are part of the tribes এই দাবী নিয়ে তারা করেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি আমাদের সরকার কি এই নিয়ে কোন বিচার ব্যবস্থা করেছেন যে, এত দাবী দস্তাবেজ নিয়েও এদেরকে কেন এখনও তাদের rescheduling as scheduled tribes করা হচ্ছে না। এই ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানতে চাইছি।

শ্রী রঞ্জিত মন্ডল : রেসপেক্টেড ডেপুটী স্পীকার ম্যাডাম, একটি বিশেষ বিষয়ে আমি মাননীয় পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচন যখন অপেক্ষা মাত্র দিন ঘোষণার, সে অবস্থায় আমার জেলা নদীয়া জেলার ৬২০০ সিভিল পুলিশ নিয়োগের নামে আমার বিধানসভা কেন্দ্র তেহট্টে আজ এবং আগামী কাল পুলিশ মাইকে প্রচার করে, এ্যড দিয়ে ৫০০ যুবককে নিয়োগ করার জন্য ব্যবস্থা নিয়েছে। আপনারা জানেন আজ যখন আমাদের উচ্চ-মাধ্যমিক পরীক্ষা শুরু হতে যাচ্ছে, তার অব্যবস্থা নিয়ে সবাই জেনেছেন, পুলিশকে যখন এই ব্যাপারে ব্যস্ত থাকার কথা, তখন এদের শারিরীক কোন পরীক্ষা, কোন মেডিকেল টেস্ট, একাডেমীক কেরিয়ার কিছু না দেখে তৃণমূল পার্টি অফিস থেকে নামের তালিকা তৈরী করে তাদেরকে এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার চেষ্টা হচ্ছে। ১৪১ টাকা ৮২ পয়সা রোজে এই সিভিল পুলিশ এ্যাপয়েন্টমেন্ট .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী অজয় দে : সকাল বেলাতেই মাননীয় স্পীকার মহোদয় বলেছিলেন, যে গতকাল উচ্চমাধ্যমিক পরীক্ষা নিয়ে যে সমস্ত দেখছি আমরা সংবাদ-টংবাদ সে নিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী বিবৃতি দেবেন। আমি শুধু উচ্চমাধ্যমিক পরীক্ষায় অ্যাডমিট কার্ড নিয়ে যে ধরনের অব্যবস্থা হয়েছে সেই সব বিষয়ে যাচ্ছিনা অপেক্ষায় থাকব কারণটা কি। শুধু ম্যাডাম লক্ষ্য করবেন, যে আমাদের এই ওয়েস্ট বেঙ্গলে বেশ কয়েকটা পরীক্ষা নিয়ে চরম অব্যবস্থা বিশৃঙ্খলা এবং তাই নিয়ে একটা উৎকণ্ঠা ছাত্রছাত্রীদের মধ্যে, অভিভাবকদের মধ্যে চলছে। গত বছর থেকে চলছে স্যার। স্কুল সার্ভিস পরীক্ষায় চরম অব্যবস্থা হয়েছে। মাধ্যমিক পরীক্ষা হয়ে গেছে। যে সমস্ত প্রশ্নপত্র ম্যাডাম— মাননীয় শিক্ষামন্ত্রী একটু শুনবেন, মাননীয় শিক্ষামন্ত্রী একটু শুনবেন আপনি তো বলবেন নিশ্চয়ই। স্কুল সার্ভিস কমিশনের অব্যবস্থা চলেছে। মাধ্যমিক পরীক্ষায় বেশ কতকগুলো সাবজেক্টে অঙ্কে, ভূগোলে প্রশ্নপত্র ভুল বিভিন্ন বিভ্রাট হয়েছে। মাদ্রাসা পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হয়েছে পিছিয়ে দিতে হয়েছে। এবং উচ্চমাধ্যমিকে যে অবস্থা হয়েছে আজকেও আমরা খবর পাচ্ছি, যে হঠাৎ করে রাত ১টায় যে সিদ্ধান্ত হল এবং সিদ্ধান্তের ফলে একদম দিশেহারা অবস্থা। আমি জানি আমার জেলাতেও বেশ কয়েকটি স্কুল রানাঘাট নার্সারি স্কুল আমি একটার নাম করলাম। এরকম অনেক জায়গায় হয়েছে। এবং সেই জায়গায় রেজিস্ট্রেশান নিয়ে অনেকে গিয়ে দাঁড়াচ্ছে। আমি জানি না কি অবস্থার মধ্য দিয়ে তার ভবিষ্যত নিয়ে এত বড় যে অব্যবস্থা এর দায়িত্ব কিন্তু নিশ্চিতভাবেই....... (মাইক অফ)।

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবেল হায়ার সেকেণ্ডারি মিনিস্টার, মাননীয় লিডার অফ দ্যা অপোজিশান, মাননীয় অধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করেছিলেন উচ্চমাধ্যমিক প্রাসঙ্গিক একটা ব্যাপারে এবং আনিসুর রহমন সাহেব অ্যাডমিট কার্ড না পাওয়ার ব্যাপারে উল্লেখ করেছিলেন। আমি আপনাকে অনুরোধ করছি আপনি রিপ্লাইটা যদি একটু দেন।

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ ম্যাডাম। আপনারা জানেন যে আমাদের রাজ্যে এ বছর ৭ লক্ষ ৬৫ হাজার স্টুডেন্ট পরীক্ষা দিচ্ছে। তার মধ্যে ১ হাজার ছাত্র (হাজার খানেক) তারা উচ্চমাধ্যমিকের যে ডেট দেওয়া হয়েছিল সংসদ যেটা স্থির করেছিল সেই ডেটের মধ্যে তারা ফর্ম ফিলাপ করতে পারেনি। অধিকাংশই তাদের জন্যে এবং কিছুটা স্কুলের গাফিলতিতেও। উচ্চমাধ্যমিক সংসদ একটি স্বশাসিত সংস্থা। তারা সিদ্ধান্ত নেয় যে ফর্ম ফিলাপের যে ডেট পেরিয়ে গেছে সেই ডেটের পরে তারা কোন ছাত্র বা ছাত্রীকে ফর্ম ফিলাপ করতে দেবেনা। এই মর্মে তারা আমাকে জানায়। এক অর্থে দেখতে গেলে এরা কেউই এ বছরের বৈধ উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী বা পরীক্ষার্থীনী নয়। এইকারণে নয় যে তারা নির্ধারিত ডেটের মধ্যে ফর্ম ফিলাপ করতে পারেনি তা যে-কোন কারণেই হোক। আবার এক অর্থে দেখতে গেলে এরা প্রত্যেকেই বৈধ পরীক্ষার্থী। কেননা প্রত্যেকেই টেস্ট পরীক্ষায় কৃতকার্য হয়েছে। এমতাবস্থায় গত ক'দিন ধরে আমার কাছে বিভিন্ন জায়গা থেকে খবর আসছিল এই হাজার খানেক স্টুডেন্ট তারা নানারকম কান্নাকাটি, অনুরোধ-উপরোধ করছে যে এটা ঠিকই আমরা ফর্ম ফিলাপ করতে পারিনি কিন্তু কোন কোন ক্ষেত্রে স্কুলেরও গন্ডোগোল আছে। আমাদের ফর্মফিলাপ করতে দেওয়া হোক। পরশু দিন রাত্রি বেলা মাননীয় বিধায়ক একটু ভুল বলেছেন ওটা পরশু দিন রাতে ৯ টার সময় হবে। আমি সংসদকে বলি যে চারদিক থেকে যখন খবর আসছে এই হাজার খানেক স্টুডেন্ট সংখ্যায় বেশি নয় সাড়ে সাত লাখের তুলনায় তাদের ফর্মটা ফিলাপ করতে দেওয়া হোক এবং কাল সকাল থেকে বিদ্যাসাগর ভবন অর্থাৎ সংসদের অফিস এবং তিনটি রিজিওনাল অফিস - একটি উত্তরবঙ্গ, একটি মেদিনীপুর এবং একটি বর্ধমানে - এই রিজিওনাল অফিস খুলে দেওয়া হোক। যাতে ওরা এখানে এসে ওদের বৈধ কাগজপত্র দেখাবে এবং এখানে এসে তারা অ্যাডমিট কার্ড পেতে পারে। অর্থাৎ নিয়মটা এরকম ছিল যে তারা আসবে সংসদে, যারা সরাসরি যাচ্ছে মানে বিদ্যাসাগর ভবনে, তারা হাতে হাতে অ্যাডমিট কার্ড পাবে। আর যারা আসতে পারছে না তারা ঐ রিজিওনাল অফিসে আসবে, এসে তারা কাগজপত্র দেখাবে, ওখান থেকে রিজিওনাল অফিস সংসদে মেল করবে, সংসদ আবার অ্যাডমিট কার্ড মেল করবে, সেখান থেকে তারা প্রিন্ট আউট বার করে হাতে হাতে অ্যাডমিট কার্ড পেয়ে যাবে। এই প্রসেসটা করতে গিয়ে দেখা যায় যে সময় লাগে। এবং এই সময় লাগার ফলে কাল রাত ৩টের সময় আমি ইনস্ট্রাকশান দিই যেটা আপনি বললেন সেটা কার্যত পার্শ্বত ঠিক। অনেকাংশে ঠিক, আবার অনেকাংশে ঠিকও নয়। সেটা হচ্ছে যে রাত তিনটের সময় প্রায় ......

[12·50–1·00 pm]

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় সদস্য আপনি ফোনে কথা বলবেন না। প্লিজ। মাননীয় সদস্য আপনি ফোনে কথা বলবেন না। আমি যাকে বলছি উনি ফোনে কথা বলছেন। প্লিজ ফোনে কথা বলবেন না। আপনার ফোনটা আমার এখানে জমা দিয়ে যান। আপনার ফোনটা আমার এখানে জমা দিয়ে যান প্লিজ। এখানে ফোনটা জমা দিয়ে যান। দিস ইজ দ্য রুল।

শ্রী ব্রাত্য বসু : অর্থাৎ হাজার খানেক স্টুডেন্টের মধ্যে কাল রাত তিনটের মধ্যেই প্রায় সাড়ে নয়শো স্টুডেন্ট এ্যাডমিট কার্ড পেয়ে গেছে। আর যে সামান্য অংশ যারা, আপনি যেটা বললেন রেজিস্ট্রেশান নম্বর - আমি তখন ইনস্ট্রাকশান দিই রাত তিনটের সময়, যারা এ্যাডমিট কার্ড পাননি

তাদের ক্ষেত্রে আজকের পরীক্ষাটা - তিনটে বিষয় থাকে, একটা হচ্ছে নাম, একটা রেজিস্ট্রেশান নম্বর, আর একটা রোল নম্বর। রোল নম্বরটা এ্যাডমিট কার্ডের মধ্যে থাকে। আমি রাত তিনটের সময় ইনস্ট্রাকশান দিই, সংখ্যাটা আমি বলে দিচ্ছি আপনাকে, ৪০ থেকে ৫০ এর মধ্যে, এই ৪০-৫০ জন স্টুডেন্ট তারা কেবলমাত্র আজকের পরীক্ষাটা রেজিস্ট্রেশান নম্বর নিয়েই বসবে এবং তাদের খাতা নির্দিষ্টভাবে দেখা হবে। অর্থাৎ তাদের ভবিষ্যৎ নিয়ে আপনি যে অনিশ্চয়তার কথা বললেন বিন্দুমাত্র কোনো অনিশ্চয়তা নেই। আজকে পরীক্ষার পর এই ৩০-৪০ জন আবার এ্যাডমিট কার্ড পেয়ে যাবে। আমরা এটা সাময়িকভাবে ব্যবস্থা করেছি যে ওই ৩০-৪০ জনের ক্ষেত্রে আজকের পরীক্ষাটা তারা রেজিস্ট্রেশান নম্বর দেখিয়ে পরীক্ষাটা দিতে পারবে। অর্থাৎ যে হাজার খানেক স্টুডেন্ট, এক হাজারের একটু কম কি বেশি, আমি সংখ্যাটা জেনে আপনাকে বলতে পারবো, এক হাজারের আশেপাশে, যারা বৈধ পরীক্ষার্থী ছিল না, আবার বলতে গেলে বৈধ পরীক্ষার্থীও, কেননা উচ্চ মাধ্যমিক টেষ্টে তারা কৃতকার্য হয়েছে, কারো কারো মনে হতে পারে যে নেভার, এদের পরীক্ষাই দিতে দেওয়াই উচিত নয়, আবার কারো কারো মনে হতে পারে বেটার লেট দ্যান নেভার। আমরা দ্বিতীয় পন্থাটা নিয়েছি বেটার লেট দ্যান নেভার। কেননা তাদের ভবিষ্যৎ অনিশ্চয়তার মুখোমুখি করার কোনো অভিপ্রায় আমাদের ছিল না। আমরা চেয়েছিলাম যেহেতু তারা টেষ্ট পরীক্ষায় কৃতকার্য হয়েছে ফলে তাদের পরীক্ষায় বসতে দেওয়া হোক। আমার জবাবদিহী হিসাবে আপনি মাননীয়া মহোদয়া এটাকে ধার্য করতে পারেন। ধন্যবাদ।

.... (গোলমাল) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন জিরো আওয়ার। আমাদের রিসেসে যেতে হবে। প্লিজ। আপনি বলেছিলেন, তার উত্তরে উনি রিপ্লাই দিয়েছেন। প্লিজ নো মোর।

.....(গোলমাল)......

ZERO HOUR

Shri Asit Mitra : Not responded

শ্রীমতী মমতাজ বেগম : অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি স্কুল এডুকেশান মিনিষ্টারের দৃষ্টি আকর্ষণ করছি। স্কুল বিল্ডিং নির্মাণের জন্য টাকা বরাদ্দ করা হয়। কিন্তু ছাত্রছাত্রীরা বসার জন্য বেঞ্চ এবং আসবাবপত্র কেনার জন্য কোনোরকম টাকা বরাদ্দ করা হয়না কেন? আমি আবেদন রাখছি শিক্ষামন্ত্রীর কাছে আপনি দয়া করে ছাত্রছাত্রীরা যাতে ভালোভাবে বসে পড়াশুনা করতে পারে সেই বিষয়ে ব্যবস্থা করলে আমি উপকৃত হব।

.... (গোলমাল)......

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতুল্লাহ্ : মাননীয়া ডেপুটি স্পিকার মহোদয়া, গার্ডেন রিচ কান্ডের সরকারী আইনজীবীকে কেন বদলি করা হল? কারণ এটা হাইকোর্টের ব্যাপার নয়, এটা করেছেন সরকার। এটা আমাদের কাছে প্রশ্ন থেকে যাচ্ছে। দ্বিতীয় বিষয় হল, গোটা পশ্চিমবাংলার গণতন্ত্র আজকে আক্রান্ত, রক্তাক্ত। ১৩ই মের পর থেকে ৮২ জন বামপন্থী কর্মী খুন হয়েছে। গড়ে সপ্তাহে

প্রত্যেকদিন একজন করে কর্মী খুন হচ্ছেন। তৃণমূলের অত্যাচারে জরিমানা দিতে না পারার জন্য তৃণমূল কর্মীরা বারো জনকে আত্মহত্যা করতে বাধ্য করেছে। অভিযোগ জানাতে গেলে থানায় অভিযোগ নিচ্ছে না। গণতন্ত্রের পীঠস্থান পশ্চিমবাংলার বিধানসভাতে শাসকদলের বিধায়কদের হাতে বামফ্রন্টের বিধায়কদের ওপর শারীরিক নির্যাতন, আক্রমণের ঘটনা ঘটেই চলেছে। ১১ই ডিসেম্বর রাজ্য বিধানসভায় যে ঘটনা ঘটলো তা নজিরবিহীন। অপরাধ -বামফ্রন্টের পক্ষ থেকে চিটফান্ড নিয়ে একটি মুলতুবি প্রস্তাব উত্থাপন করতে চেয়েছিল। এই প্রস্তাব গ্রহণ না করায় বাম পরিষদীয় দলের পক্ষ থেকে প্রতিবাদ করা হয়েছিল। মাননীয়া প্রাক্তন মন্ত্রী দেবলীনা হেমব্রমকে টেনে হেঁচড়ে নিয়ে গিয়ে তার উপরে অত্যাচার করা হল এবং গৌরাঙ্গ চ্যাটার্জীর উপরেও আক্রমণ করা হল। তার মাথায় আঘাত লাগল এবং রক্তাক্ত অবস্থায় তাকে হাসপাতালে নিয়ে যেতে হল। ......(এই সময়ে মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী জ্যোতির্ময় কর : ম্যাডাম ডেপুটি স্পীকার, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে জিরো আওয়ারে বলতে চাই। প্রাচীন স্কুল যেগুলো আছে, জমিদারী ল্যান্ডের উপরে যেগুলো স্থাপিত হয়েছিল। দেখা যাচ্ছে অধিকাংশ ক্ষেত্রে বাউন্ডারির মধ্যে বা বাউন্ডারির বাইরে যে স্কুলের জায়গা আছে, সেই রকম জায়গায় 'এ' খতিয়ান ভুক্ত হয়ে জমিগুলো খাস হয়ে আছে। এই খাস হয়ে থাকার জন্য শিক্ষা দপ্তর এডিশানাল ক্লাসরুমের টাকা দিচ্ছে, হোস্টেলের টাকা দিচ্ছে, বিল্ডিঙের টাকা দিচ্ছে, কিন্তু এই কাজগুলো করা যাচ্ছে না। কারণ এসবের জন্য ল্যান্ড রেকর্ড দরকার। হাজার হাজার প্রাচীন স্কুলগুলোতে দেখা যাচ্ছে, ঐ ল্যান্ড রেকর্ডে কিছু অংশ খাসে আছে। সুতরাং ঐ জায়গাগুলো যাতে স্কুলের নামে হয় তারজন্য ল্যান্ড দপ্তরকে ইউনিফর্মলি গোটা স্টেট ধরে কাজ করতে হবে এবং এমন বন্দোবস্ত করতে হবে যাতে ঐ জায়গাটা স্কুলের নামে লীজ দেওয়া হয়। স্কুল যাতে ওখানে কাজ করতে পারে তার ব্যবস্থা করতে হবে। এটা আমি উল্লেখ করছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলছি, আপনি যা বলেছেন এবং যা উত্তর হচ্ছে, এর একটা রিটিন স্টেটমেন্ট হাউসে লেইড ডাউন হওয়া উচিত রেকর্ডের জন্য। সাধারণতঃ মুখে স্টেটমেন্ট দেওয়া হয় সেটা রেকর্ডেড হওয়া উচিত। আমার আশঙ্কা থাকছে, যে ছেলে-মেয়েদের ব্যাপারে কালকে রাত্রি তিনটের সময় আপনারা সিদ্ধান্ত দিয়েছেন তারা কি করে মানসিকভাবে পরীক্ষা দেওয়ার অবস্থায় থাকবে। এই সিদ্ধান্তটা কি উপর থেকে আমি সংবাদমাধ্যমে দেখছি, তার উপরে কোন মন্তব্য করতে চাইছি না - চাপিয়ে দেওয়া হয়েছিল সর্বোচ্চস্তর থেকে, এদের ফর্ম ফিল আপ করতে দেওয়া হোক। এটা একটা নজীরবিহীন ব্যাপার, এর ফলশ্রুতি হিসাবে যারা ফর্ম ফিল আপ করেছিল তারা Admit Card পাবে না কেন। তাদের Admit Card পাওয়ায় তো কোন অসুবিধা ছিল না। যাদের নাম বেরিয়েছে তাদেরও Admit Card পেতে সমস্যা হয়েছে। আমি এইজন্য বলছি, আপনি যেটা বলতে পারবেন বলুন, আর যেটা বলতে পারবেন না সেটা খোঁজ নিয়ে পরে বলবেন। একটা স্টেটমেন্ট সার্কুলেট আপনাকে করতে বলছি, যেটা নর্মালি হয়, সেটাই আপনাকে করতে বলছি।

.....(noise and interruption).....

ম্যাডাম ডেপুটি স্পীকার : Hon'ble Minister, you please reply. অনারেবেল মিনিস্টার অফ হায়ার সেকেন্ডারি এডুকেশান, আপনি রিপ্লাই দিন, আমি রিসেস দিয়ে দেব। কারণ বি.এ কমিটির মিটিং আছে। বলুন, বলুন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিরোধী দল নেতা যেটা বললেন, তার উত্তরে বলি, উপর থেকে যে সিদ্ধান্তের কথা আপনি বলছেন - উপর মানে এখানে উচ্চ মাধ্যমিক পর্ষদ, উপরে মানে এখানে শিক্ষা দপ্তর বা শিক্ষামন্ত্রীও হয়। তার উপরের স্তর যদি আপনি খোঁজেন, তাহলে এই রকম করতে করতে আপনি অনেক উপরে চলে যাবেন। সেটা মনে হয় খোঁজার দরকার নেই। এখানে শিক্ষা দপ্তর এবং শিক্ষামন্ত্রীই দায়বদ্ধ এবং শিক্ষামন্ত্রীই এখানে উত্তর দিতে পারেন। আমি তাই এখানে উত্তর দিচ্ছি। এটা হচ্ছে এক নম্বর পয়েন্ট।

দ্বিতীয় পয়েন্ট হচ্ছে, রেজিস্ট্রেশান নম্বর নিয়ে তারা কিন্তু পরীক্ষা দিতে পারবে এই কথা কিন্তু আমি আগেও জানিয়েছি এবং তার সংখ্যা খুবই কম। আজকে তারা পরীক্ষা দিতে পেরেছে। আর তৃতীয় পয়েন্ট হচ্ছে, আপনি যে নামধামের কথা বলছেন, ফর্ম ফিলআপ করা সত্ত্বেও তারা Admit Card পায়নি, এই রকম ঘটনা কয়েকটা থাকতে পারে। এটা আমিও গণমাধ্যমে দেখেছি। সেই রকম কেস যদি থাকে সেই ব্যাপারেও আমি খোঁজ নিতে বলেছি। যদি এই রকম কেস থাকে, তাহলে তাদের ক্ষেত্রেও আমি ইনস্ট্রাকশান দিয়েছি, তারা যেন রেজিস্ট্রেশান নাম্বার নিয়ে পরীক্ষায় বসতে পারে এবং আজকে পরীক্ষা দেওয়ার পরে তারা তাদের বৈধ অ্যাডমিট কার্ড যেন সংগ্রহ করে নিতে পারে।

আমি আগেও বলেছি যে এক দিক থেকে দেখলে এরা কিন্তু কেউই এই এক হাজার জন হাজার খানেক যে স্টুডেন্ট -বৈধ পরীক্ষার্থী বা পরীক্ষার্থীনি নন যেহেতু তারা নির্ধারিত তারিখের মধ্যে ফর্ম ফিলাপ করেন নি। আবার এক দিক থেকে দেখতে গেলে হ্যাঁ, তারা বৈধ পরীক্ষার্থীও বটে কেননা তারা উচ্চমাধ্যমিকের টেস্ট পরীক্ষায় কৃতকার্য হয়েছে। অর্থাৎ এর মধ্যে একটা twilight জোন আছে, আলো আঁধারি একটা জোন আছে। সেখানে আমরা ছাত্রদের পক্ষে দাঁড়াতে চেয়েছি। আমার মনে হয় আমরা ছাত্র ছাত্রীদের পরীক্ষা দেওয়াতে পেরেছি, আমরা মনে করেছি যে তাদের পরীক্ষায় বসার সুযোগ করে দেওয়া হোক। এবার কিছু ক্ষেত্রে আপনি যেটা বলছেন সেটা ঠিক। রেজিস্ট্রেশান নাম্বার নিয়ে যেটা মাননীয় মহম্মদ সোহরাব আমায় বলেছিলেন যে তারা কি পরীক্ষায় বসতে পেরেছে? মাননীয় বিধায়ক অজয় বাবুও আমাকে বলেছেন - আমি প্রত্যেককে আশ্বস্ত করছি যে প্রত্যেকেই পরীক্ষায় বসতে পেরেছে। তাদের যে মানসিক অবস্থা, আপনি মানসিক অবস্থার কথা তুলেছেন, এবার ভেবে দেখুন তাদের যে মানসিক অবস্থাটা পরশু দিন অবধি ছিল যে তারা পরীক্ষা দিতেই পারবে না। তারা পরশু দিন অবধি জানতো যে তারা পরীক্ষাই দিতে পারবে না। সেই মানসিক অবস্থার থেকে, ... (গোলমাল) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লিজ, ডোন্ট ডিসটার্ব।

শ্রী ব্রাত্য বসু : বসতে পেরেছে। ..... (গোলমাল) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লিজ, ডোন্ট ডিসটার্ব। ..... (গোলমাল) ......

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মিনিস্টার, প্লিজ ক্যারিঅন, ক্যারিঅন

শ্রী ব্রাত্য বসু : তো সেই মানসিক অবস্থা থেকে, এটা ঠিকই যে ওখানে রাত তিনটে অবধি, ... (গোলমাল) .... সেখানে হয়তো, আমার মনে হয় সেই মানসিক অবস্থা থেকে, ঐ যে বললাম, বেটার লেট দ্যান নেভার, ঐ লেটের মানসিকতাটাকে নেভারের থেকে বেটার বলে, অন্তত আমি তাই মনে করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : থ্যাঙ্ক ইউ অনারেবল মিনিস্টার। এখন রিসেস আমরা আবার ঠিক পৌনে দুটোর সময় মিলিত হবো।

[1·45—2·00 pm] After Adjournment

GENERAL DISCUSSION ON BUDGET

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০১৩-১৪ সালের যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী এই সভায় পেশ করেছেন সেই বাজেট বরাদ্দ-এর সমর্থনে আমি কিছু কথা রাখব। মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বাজেটে এক আশার বাজেট, এক সূর্যদয়ের বাজেট। আমরা সূর্যদয় বলতে পূর্ব মেদিনীপুর জেলায় আমরা যে সূর্যদয় দেখেছিলাম, সেই সূর্যদয় মাথায় রাখলে এ রাজ্যের পক্ষে কোনই মঙ্গল হবে না। তাই নতুন দিশা এই বাজেটে দেখিয়েছেন, মা-মাটি-মানুষের সরকার। প্রথমেই বাজেট নিয়ে বলতে গিয়ে বলতে হয় যে গত বছরে যে আর্থিক performance, সেই আর্থিক performance থেকে নতুন আশার সঞ্চার হচ্ছে। এ বাজেটে ছত্রে-ছত্রে রয়েছে সেই আশা। গ্রোথ কোথায় ছিল পশ্চিমবাংলার? সেখান থেকে কোথায় চলে গেছে দুই বছরের ভেতরে। ভারতবর্ষের অ্যাভারেজ গ্রোথ যেখানে ৪·৯৬ সেখানে পশ্চিমবাংলার state gross domestic প্রোডাক্ট-এর গ্রোথ হয়েছে ৭·৬ শতাংশ। এগ্রিকালচারাল allied সেক্টরে ১২-১৩ তে 1·79% ইন্ডিয়া অ্যাভারেজ গ্রোথ। সেখানে পশ্চিমবাংলার গ্রোথ 2·56। ইন্ডাসট্রিতে ওই বছরে, ইন্ডিয়া অ্যাভারেজ 3·12% পশ্চিমবাংলায় গ্রোথ 6·24% সার্ভিস সেক্টর, যে সেক্টরটা একটা অর্থনৈতিক উন্নয়নের দিক নির্দেশ করে, সেই সার্ভিস সেক্টরে ইন্ডিয়া অ্যাভারেজ গ্রোথ ছিল 6·59। হ্যাঁ, দেশটা উন্নতি করছে, ধীরে ধীরে করছে। পশ্চিমবাংলা গত দুই বছরে আরোও অনেক বেশি করে উন্নয়নের পথে চলেছেন। তাই সার্ভিস সেক্টরের গ্রোথ 9·48%। এই তথ্যগুলো তো তৃণমূল ভবনেও তৈরি হয়নি, রাইটার্স বিল্ডিং-এও তৈরি হয়নি। এই তথ্যগুলো তৈরি হয়েছিল Central Statistical Organigation and Bureau of Applied Economies and Statistics-এ। আমি জানি এর আগেও অনেকের বাজেট বক্তৃতা শুনছিলাম কালকে। কেউ বলছেন দিশাহীন। এতেও যদি দিশা দেখতে না পারেন, তাহলে তার চোখের ডাক্তারের কাছে যাওয়া উচিত, তার দিশা কেউ দেখতে পাবেন না। স্যার, ২০১০-১১র যেখানে অ্যাগ্রিকালচারাল allied সেক্টরে এই পশ্চিমবাংলা যাদের ক্ষমতায় ছিল, যারা গ্রাম গরিব কৃষাণ ইত্যাদির কথা বলতেন।

তাদের আমলে এগ্রিকালচারাল সেক্টরে গ্রোথ ছিল মাইনাস ০-৭৪%। অর্থাৎ গ্রোথ হয়

নি, সংকোচন হয়েছে। মা-মাটি-মানুষের সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে আসার পর এই ভাঙা বছরে ২০১১-১২ সালে মাইনাস ০·৭৪% থেকে তুলে প্লাস ১·৮৪% এগ্রিকালচারকে নিয়ে গেছে। আর ২০১২।১৩ সালে ফুল ইয়ারে ২·৫৬%-এ নিয়ে গেছে। এই পরিসংখ্যান গুলো প্রামাণ করে একটাই জিনিস, রাজ্যের অর্থনীতিটা উপযুক্ত হাতে সঠিক পথে এফিসিয়েন্ট ম্যানেজমেন্টের দ্বারা পরিচালিত হচ্ছে। এতো দিন অর্থনীতি ক্ষেত্রে ছেলেখেলা হতো। আর্থিক ব্যবস্থা নিয়ে চরম দুর্নীতি, চরম দলবাজী এবং দীর্ঘ সুত্রতা ছিল। সেই গুলো কাটিয়ে উঠতে পেরেছে আমাদের এই সরকার। ই-গভরনেন্সের স্বচ্ছতার মাধ্যমে-আমাদের সমস্যাটা কি ছিল, সমস্যা ছিল যা খরচ সেই খরচ ওঠাবার মতো টাকা নেই। আমার মনে আছে ২০০১ সাল থেকে ২০০৬ পর্যন্ত বহুবার বলেছি যে টাকা তোলার যে মেন উৎস তখনকার দিনে, সেলস ট্যাক্স। ওই সেলস ট্যাক্স ভবনটা না কর্মকুশল না দুর্নীতি মুক্ত। ই-গভরনেন্সের মাধ্যমে আজকে কি হয়েছে? আজকে অনেক গুলো-আজকে এই বাজেট বক্তৃতার ভেতরে মাননীয় অর্থমন্ত্রী যা যা বলেছেন তাতে অনেক গুলি ক্ষেত্রে দেখা যাচ্ছে যে ট্যাক্স তোলা ট্যাক্স পেয়ারের সততার উপর ছেড়ে দিলে এবং ট্যাক্সটা যদি নেটটা বাড়ানো যায় কোয়ানটামটা কমানো যায় তাহলে টোটাল কালেকশানটা অনেক বেশী হয়। এটা উনি বলেছিলেন আগেও, এবারে করে দেখিয়ে দিয়েছেন যে কত বেশী ট্যাক্স তুলছেন। এর ভেতরে স্বচ্ছতা আছে। আগে ছিল যে ট্যাক্স এ্যাসেসমেন্ট অফিসাররা করে দিতেন, অনেকেই এক বিশেষ স্ট্রীট-এ গিয়ে তাদের নির্দেশ মতো সেই এ্যাসেসমেন্টটা কমে যেত। এখন সেই জিনিস কল্পনা করা যায় না। এখন যা ট্যাক্স, সত্যিকারের যা দেয় ট্যাক্স সেটাই দিতে হচ্ছে। তার ফল কি হয়েছে? তার ফল হয়েছে যে বামফ্রন্ট সরকারের শেষ বছরে ২১ হাজার কোটি টাকা উঠেছিল। গত বছর মাননীয় অর্থমন্ত্রী এসটিমেটস করেছিলেন যে এটা ৩১ হাজার কোটি টাকা উঠবে। এখনই যা উঠেছে তাতে স্বচ্ছন্দে বলা যায় যে ৩২ হাজার কোটি টাকার বেশী মার্চের শেষ অবধি ট্যাক্স উঠবে।

(এ ভয়েস : ডিজেল পেট্রলের সেস নিয়ে?)

বামফ্রন্টের আমলে ডিজেল পেট্রলের দাম বাড়েনি কোন দিন তাই না? কোন দিন বাড়েনি এবং তার এক পয়সা নেন নি। অন্য রাজ্য গুলো যেখানে সেস নেয় নি সেখানে সেস বসিয়ে টাকা তুলেছেন। সেই টাকা গুলোকে নয়ছয় করেছেন দলবাজী করেছেন নিজেদের আর্থিক অপদার্থতা ঢাকার জন্য। দুঃখের কথা হচ্ছে, যেটা মাননীয় অর্থমন্ত্রী বলেছেন এই ৩২ হাজার কোটি টাকার ভেতরে ২৫ হাজার কোটি টাকা রিজার্ভ ব্যাংক কেটে নিচ্ছে। কেন? যে পুঁথিগন্ধময় আর্থিক দুর্নীতি এবং অপদার্থতার বোঝা ঘাড়ে করে আমাদের সরকারে আসতে হয়েছে। সেই ২ লক্ষ কোটি টাকার বেশী ঋণের বোঝা নিয়ে পশ্চিমবাংলার মানুষকে তার দায়ভার সামলাতে হচ্ছে।

অ্যাডিশন্যাল রিসোর্স মোবিলাইজেশন-অ্যাডিশন্যাল রিসোর্স মোবিলাইজেশনের মাধ্যম দিয়ে যে ভাবে টাকা আদায় হচ্ছে, সরকারের কোষাগারে টাকা আসছে, অনেকে বলছেন এই তো ওমুক জায়গায় ভ্যাট বাড়িয়ে দেওয়া হয়েছে, দাম বেড়ে যাবে, তাদের বলে রাখি অর্থনীতির বেসিক নিয়মে অ্যাডিশন্যাল রিসোর্স মোবিলাইজেশনে যে সামান্য কর বাড়ছে, তার একটা কাসকেডিং এফেক্ট আসবে। কাসকেডিং এফেক্ট বলে যাকে বলেছেন, এর ফলে জি.এস.ডি.পি. বাড়তে বাধ্য। আর এর দ্বারা যে অ্যাসেট তৈরী হবে, যে ইনফ্রাস্ট্রাকচার তৈরী হবে, সেই ইনফ্রাস্টাকচারে মা-মাটি-মানুষের সরকার ইতিমধ্যেই দেখিয়ে দিয়েছেন যে বাড়তি টাকা দিয়ে পরিকাঠামো বৃদ্ধি

করাটাই সরকারের নীতি। জি.এস.ডি.পি. বাড়লে অ্যাসেট ক্রিয়েশান বাড়বে, অ্যাসেট ক্রিয়েশান বাড়লে বাজারে পণ্যের যোগান বাড়বে। সাধারণ অর্থনীতির নিয়মে পণ্যের যোগান বাড়লে মূল্যমান কমতে বাধ্য, মূল্যমান বাড়ে না। স্যার, এই সরকারের বাজেট ভাষণের ছত্রে ছত্রে রয়েছে জীবনযাত্রার মান উন্নয়নের দিশা। পশ্চিমবাংলার মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করার শপথ নিয়ে মমতা ব্যানার্জী এই সরকার গঠন করেছেন। যে কোন কল্যাণকারী রাষ্ট্র জীবনযাত্রার মান উন্নয়ন করবার সময় প্রথম চিন্তা করেন যে মানুষকে নিজের পায়ে দাঁড়াতে দাও, নিজের পায়ে যাতে দাঁড়াতে পারে তার জন্য সাহায্য কর। গাছের গোড়াটায় জল দাও, সার দাও, গাছটা ফুলে-ফুলে ভরে উঠবে। আর সেই জন্যই দেখবেন এই বাজেট প্রস্তাবের ছত্রে ছত্রে রয়েছে কত লোককে সাহায্য করার কথা ; কৃষকদের কিষাণ ক্রেডিট কার্ড -আমাদের সরকার ১০ লক্ষ কিষাণ কার্ড দেবেন বলে ঠিক করেছিলেন, সেটা বেড়ে ১৪ লক্ষ ছাড়িয়ে গেছে। মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় গিয়ে এবং অন্যান্য মন্ত্রীরা কিষাণ ক্রেডিট কার্ড বিলিয়ে কূল পাচ্ছেন না। গত সপ্তাহে আমি আর বিধায়ক পার্থ ভৌমিক আমাদের ব্লকে গিয়ে কিষাণ ক্রেডিট কার্ড বিলি করে এসেছি। আপনারা কোন দিন করেছিলেন ? কেন করেননি এই কারণে, শুধু অপদার্থতা নয়, ওই যে বাজারি মহাজন, যে বাজারি মহাজনরা কৃষকদের জীবন অতিষ্ট করে দেয় সেই মহাজনদের সঙ্গে গোপন সাথ ছিল, ওই মহাজনদের প্রফিটের ভাগ পেয়ে যেতেন সেই জন্য করেন নি। কৃষি বিপণন-এই ডিপার্টমেন্টটাই জানতো না লোকে। আরেকটা আছে খাদ্য প্রক্রিয়াকরণ। আপনাকে বলব ? খাদ্য প্রক্রিয়াকরণ জলপাইগুড়ি জেলায় আমি নিজের চোখে দেখে এসেছি গিয়ে, এখানে যদিও জলপাইগুড়ির এম.এল.এ আছেন, আপনি রাজি হবেন আমার সঙ্গে একমত হবেন, জলপাইগুড়ি শহরের উপরে একটা দোতলা বাড়িতে কিছু আচার তৈরী করত মেয়েদের দিয়ে। সেটাই হয়ে গেছে ফুড প্রসেসিং। আর এই আমাদের সরকার কৃষি বিপণন এবং ফুড প্রসেসিংয়ের জন্য কিষাণ মান্ডি থেকে শুরু করে যে ভাবে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে, এর ফলে কৃষক তো এক দিকে তার ইনপুটের সুবিধা পাচ্ছে। যার জন্য ফলন বৃদ্ধি, ফলন বৃদ্ধি হলে লেভি আদায় বৃদ্ধি, আদায় বৃদ্ধি হলে ২০ লক্ষ মেট্রিক টন গত বছরে ছিল, করেছিলেন কোন দিন ? কেন করেন নি ? করতে পারেন নি ? আপনাদের তো গ্রামে গ্রামে সারা পশ্চিমবাংলার ব্লকে ব্লকে, অঞ্চলে অঞ্চলে সংগঠন ছড়িয়ে ছিল। কেন করতে পারেন নি ? প্রান্তিক মানুষ গরীব আদিবাসী, আয়লা বিধ্বস্ত এলাকার মানুষ..... (নয়েস) .... চিৎকার করা ছাড়া আপনাদের তো আর উপায় নেই। কারণ বলবার তো কিছু নেই, যা বলবেন মন গড়া কথা। আমরা তো হার্ড ফ্যাক্ট নিয়ে বলছি, আপনাদের কাছে হার্ড ফ্যাক্ট নেই। আপনারা হার্ডফ্যাক্ট নিয়ে কি করেছিলেন ? আপনাদের সময় লোন নিতেন। সেটাকে পর্যন্ত রিসিটে ঢুকিয়ে আপনারা অঙ্কের হিসাবের গরমিল দেখাতেন।

[2·00—2·10 pm]

'শূন্য' ডেফিসিট বাজেট। কি করে 'শূন্য' হ'ল ? লোনটা রিসিভে চলে গেল। এই জালিয়াতি - অর্থনৈতিক জালিয়াতি করে গেছেন এত বছর ধরে। আদিবাসী, প্রান্তিক মানুষ, পাহাড়, আয়লা-বিধ্বস্ত এলাকার মানুষ সিঙ্গুরের অনিচ্ছুক চাষীদের জন্য দু'টাকা কেজি দরে চাল, পাঁচ টাকায় সাড়ে সাতশো গ্রাম আটার প্যাকেট দেওয়া হচ্ছে। কোনো দিন দিয়েছেন ? কোনো দিন দিয়েছেন ? আপনাদের আমলে বামফ্রন্ট সরকারের বদান্যতায় গ্রামে-গঞ্জে, জেলায় জেলায় বেশকিছু

রেশন-ডিলার তারা পি.ডি.এস-এর চাল, গম ইত্যাদি মেরে দিতেন ভুয়ো রেশন কার্ডের মাধ্যমে আর তার ভাগ যোগ্যস্থানে পৌঁছাত। আমরা সরকারে আসার পর-আমরা সরকারে আসার পর গত দেড় বছরে ৭৭ লক্ষ ২৫ হাজার ভুয়ো রেশন-কার্ড আয়ডেন্টিফাই করে বাতিল করে দিয়েছি। যে সমস্ত ডিলাররা এই ভুয়ো রেশন-কার্ড নিয়ে কারবার করতেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। কেন্দ্রীয় সরকারের টাকায় এম.জি নারেগা-র একশো দিনের কাজ কত দিন করেছিলেন-বলতে লজ্জা করবে, আমারই বলতে লজ্জা করছে-১৭, ১৮ খুব বেশী হ'লে কোনো জেলায় ২০। দু'বছর হয়নি, দু'বছর হয়নি পঞ্চাশ ছুঁই-ছুঁই-দু'বছর হয়নি পঞ্চাশ ছুঁই-ছুঁই এবং আমরা সেটাকে একশোতে নিয়ে যাব। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করে দিয়েছেন, একশো দিনের কাজে যে জেলা, যে ব্লক করতে পারবে তাদেরকে দু'শো দিনের টাকা-রাজ্য সরকার এক্সট্রা একশো দিনের টাকা দেবে। এই হিম্মত ছিল আপনাদের? আপনাদের হিম্মত ছিল? আমি তো দেখেছি, আপনাদের সময়ে অর্থমন্ত্রী বাজেট ভাষণ যখন করতেন তখন প্রায় কান্না-কাটি করার জোগাড়। কেন্দ্রীয় সরকারের প্রকল্প ছাড়া গ্রাম-উন্নয়নে কোন্ প্রকল্পটা আপনারা দিয়েছিলেন? কেন্দ্রীয় সরকার টাকা দিত, আপনারা গিয়ে গ্রামে বলতেন ইন্দিরা-আবাস যোজনায় আমরা দিচ্ছি। টাকা কেন্দ্রীয় সরকারের। আমাদের সরকার কেন্দ্রীয় সরকারের যোজনার বাইরে গিয়ে নিজেদের যোজনা ঘোষণা করেছে এবং তার কাজ চলছে। একটা-দু'টো নয়, অনেকগুলো ঘোষণা করেছে। স্যার, বর্তমানে অধিকার বলে আর একটি পাইলোট প্রজেক্ট চালু করা হয়েছে। এর আগে শুধু বাসস্থান নিয়ে গীতাঞ্জলি আর আমার ঠিকানা-দু'টি প্রজেক্ট স্টেট গভর্নমেন্টের প্রজেক্ট। আর কন্যা-শ্রী নিয়ে বেশী বলবেন না, মহিলা সংক্রান্ত যে সমস্ত ভাষণ শুনছি, যে সমস্ত বিবৃতি শুনছি ঐ দিক থেকে তাতে মানবতার প্রতীক কার্লমার্ক্স যদি আপনাদের মতো কমিউনিস্টদের দেখতেন তাহলে বিধানসভা ভবনের বাইরে গিয়ে প্রথম নিমগাছটায় গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করতেন। এই হচ্ছে আমার শিষ্যরা। ঐ সব কথা না বলায় ভালো। 'নিজ গৃহ নিজ ভূমি' কি করেছে? সেই মাথা যে গেছে, সে কালকেই বলেছি। আমি জানি স্যার, আপনার একটু খরচা হবে বিধানসভার। তার কারণ, এই ভাবে যদি চলতে থাকে তাহলে অপোজিশন বেঞ্চের অনেকের মনোরোগ হবে এবং সাইকাটিস্ দেখাতে হবে এবং তার হিসাব আপনার কাছে আসবে বিল। আপনাকে বিধানসভা থেকে দিতে হবে।

নতুন নতুন হাসপাতাল তৈরী হচ্ছে। নতুন স্কুল, নতুন টিচার। জঙ্গল মহলে গার্লস হোস্টেল। নতুন বিশ্ব-বিদ্যালয়। এগুলো সমস্তই হিউম্যান রিসোর্সে ডেভেলপমেন্ট করার বন্দোবস্ত। আপনারা করেননি।

ক্ষুদ্র ও মাঝারি শিল্পের ওপর খুব জোর দেওয়া হয়েছে। তার কারণ পশ্চিমবাংলায় পুঁজির অভাব। পশ্চিমবাংলায় গ্রাসরুট স্তরে যে ভাবে হেল্প করার ব্যবস্থা হয়েছে তাতে গরীব, প্রান্তিক, মধ্যবিত্ত মানুষের হাতে ক্রয়-ক্ষমতা বাড়বে। আর, ক্রয়-ক্ষমতা বাড়লে সঞ্চয় বাড়বে। সেই সঞ্চয় হবে রাজ্যের পুঁজি। যে পুঁজির অভাবে আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে বিদেশ ঘুরে বেড়াতে হত। আমাদের ঘুরে বেড়াতে হবে না, এখান থেকে তৈরী করব।

এই বাজেটের ছত্রে ছত্রে স্যার নতুন দিশা আছে। আগামীদিনে পশ্চিমবাংলাকে সোনার বাংলা হিসাবে গড়ে তোলার যে স্বপ্ন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দেখেছিলেন সেই স্বপ্নকে বাস্তবায়িত

করবার যে হ্যান্ডবুক সেটা হচ্ছে এই বাজেট। তাই এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১১ই মার্চ বিধানসভায় ভারপ্রাপ্ত অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয়ের প্রদত্ত বাজেট বিবৃতির ওপরে আজকের যে আলোচনা চলছে তাতে সুস্পষ্ট ভাবে কয়েকটা কথা বলতে চাই।

সবটা পড়ে মনে হল, পুরো বক্তব্যের মধ্যে যেন 'ধান ভানতে শিবের গীত' গাওয়া হয়েছে। প্রথমেই দেখুন কত অস্পষ্ট, অস্বচ্ছ, অ-প্রয়োজনীয় কথা ব্যবহার করা হয়েছে। আমি জানিনা যেন কিসের ভয়ে আমাদের সমস্ত মন্ত্রী মন্ডলী, সব সময় তাঁদের বুকটা টুকবুক, টুকবুক করে। কিসের ভয়ে! কোন একটা অস্পষ্ট ভয়, ভীতি এবং যে কারণে একটা শব্দ কতবার বলেছেন। আবার তার সঙ্গে কত উপমা দিয়েছেন। 'আমাদের রাজ্যের বলিষ্ঠ মুখ্যমন্ত্রী', 'বলিষ্ঠ মুখ্যমন্ত্রী'। এই 'মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা ব্যানার্জি' এক ডজন-বার ব্যবহার করেছেন। প্রয়োজন ছিল? এক ডজনবার? মানে আপনারা কেউ কিছু করেননি। এই মন্ত্রী মন্ডলী কেউ কিছু করেনি। যা করেছেন তিনি, তিনি, তিনি। এই যে ভয় তাতে জীবনে আর কিছু করতে পারবেন না ঐ ওখান থেকে যদি নির্দেশ না আসে। তাই তারই স্তুতি এই শুরুতেই। বাজেট বক্তৃতার শুরুতেই যখন বিবৃত হচ্ছে তখন সমস্ত মন্ত্রী মহোদয়ের স্ব স্ব বাজেটের মধ্যেও সেই প্রতিধ্বনি প্রতিফলিত হবে। আর, এর মধ্যে কী বলেছেন? অস্পষ্ট, অস্বচ্ছ একটা শব্দ আপনারা বার বার বলছেন। এমনিতে আপনি কবিতা, শায়েরী, এই সমস্ত অনেক উল্লেখ করেছেন বোধ হয় তিনি বেশী ভালোবাসেন। তিনি বেশী ভালোবাসেন তাই দিয়ে শুরু করতে হয়েছে আর সেটা দিয়েই শেষ করতে হয়েছে। আর যত বছর আপনি-বেশী বছর তো নেই-যত বছর পেশ করবেন আপনার এই শুরুটা সেই শেষ পর্যন্ত রাখতেই হবে না হলে কোপে পড়ে যাবেন। কী অপ্রয়োজনীয় কথা আপনি বলেছেন দেখুন না! বাজেটের মধ্যে একটা শব্দ টেনে আনলেন 'সততা', 'স্বচ্ছতা'। এবং এই শব্দটা এতবার বাজেট বক্তৃতায় ব্যবহার করলেন যে ট্যাক্স আদায়ের ক্ষেত্রে 'সততার প্রতীক'। আবার on line-এ কর ফেরৎ দেওয়ার ক্ষেত্রে একটা নতুন শব্দ অভিধান থেকে সংগ্রহ করে বললেন 'সততা'র স্টার ষ্ট্যাটাস। কেন বলুন তো এতবার বলতে হচ্ছে আপনার মুখ দিয়ে? এতবার বলতে হচ্ছে কেন? সততা নিয়ে কী আপনাদের সরকারের কোন প্রশ্ন উঠেছে যে বার বার বলতে হচ্ছে, নিজের ঢাক নিজে পেটাতে হচ্ছে? হ্যাঁ, না করলে আবার উপায় নেই।

[2·10—2·20 pm]

বাকি যে কথাগুলি আমি বলতে চাই, একেবারে পরিকল্পনাবিহীন, অস্থির মস্তিষ্কের পরিচয়। এই ধরনের একটা বাজেট আপনি এই হাউসে প্লেস করলেন, রাজ্যবাসীকে বিভ্রান্ত করে দিলেন। প্রথমে আপনি নিজেই এখানে একটি উল্টো কথা বলেছেন-বামফ্রন্ট সরকার নাকি বেহিসাবী আর্থিক অনাচার-শব্দ সঞ্চয় ভালো, প্রথমে আপনি ভালো বাংলা বলতে পারছিলেন না এখন ধন্যবাদ দিচ্ছি আপনি ভালো শব্দ সঞ্চয়ন করে শ্রুতিমধুর করছেন। সুতরাং সেজন্য অভিনন্দন। বেহিসাবী খরচ আর আর্থিক অনাচার এটা বামফ্রন্ট সরকারের সময়ের আপনি ব্যক্ত করেছেন। আর নিজের সরকার কি করছেন? শুধু বলে যাচ্ছেন, বার বার প্রতিধ্বনিত হচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রীর মুখ থেকে,

আপনারও মুখ থেকে-কর সংগ্রহ ৩২ হাজার কোটি টাকা আর ঋণ বাবদ ২৫ হাজার কোটি টাকা। থাকল কি হাতে? চালাব কি করে সরকার? এটাই বারে বারে বলে যাচ্ছেন। আর বেহিসাবী আর্থিক অনাচার কি ভাবে এই রাজ্যে শুরু করেছেন? এই সরকার তার প্রকৃষ্ট উদাহরণ। প্রথমেই শুরু করে দিলেন আমাদের রাজ্য থেকে যারা দিল্লিতে গিয়ে মন্ত্রী হলেন সেই পদত্যাগী কেন্দ্রীয় মন্ত্রীদের রাজ্যের মন্ত্রীদের পিছনে উপদেষ্টা করে বসিয়ে দিলেন। মাসে কত টাকা লাগে? বছরে কত খরচ হয়? বাজেটে তার প্রতিফলন ঘটে না কি? কত টাকা খরচ করেছেন সেই পদত্যাগী মন্ত্রীদের আবার চেয়ারে রাখার জন্য? নাহলে যদি তারা উল্টো দিকে মুখ ঘোরায়। তাহলে আপনি বেহিসাবী, আপনি আর্থিক অনাচার এখানেই শুরু করে দিয়েছেন। আপনার মুখ্যমন্ত্রীর নির্দেশে যেটা মুখ ফুটে আপনি বলতে পারলেন না। দ্বিতীয়ত, এই এম.এল.এ. সাহেবরা আমাদের শ্রদ্ধাভাজন অনেকেই আবার তাদের বসালেন মন্ত্রীদের কাছে, কেন? ওটা হল উপদেষ্টা এবার আবর সচিব। কেন এম.পি.রা কি বেতন কম পায়? এম.এল.এ.রা-আমরা কি বেতন কম পাচ্ছি? তাহলে এম.এল.এদের বেতন ত্যাগ করে কি সচিবের যে সুবিধা সেটাও নিচ্ছেন।

মিঃ স্পীকার : মিঃ নস্কর, আপনি বাজেটের উপর বলুন। এটা ঠিক আপনি আপনার মতো বলছেন। বাজেটের উপর বলুন, ভালো লাগবে শুনতে।

শ্রী সুভাষ নস্কর : কি দরকার ছিল এত টাকার? কেন এত টাকা খরচ করছেন? কেন অনাচার করছেন? প্রতিদিন কেন মন্ত্রীদের এক হাজার করে টাকা বাড়িয়ে দিয়েছেন? অনাচার হচ্ছে না? বাজেটে তার প্রতিফলন ঘটছে না? তার প্রতিফলন হচ্ছে না? আপনি দেখেন না আমাদের রাজ্য সরকার নাকি ঋণে ডুবে যাচ্ছে? আপনি দেখাচ্ছেন কোথা থেকে করটা আনছেন, শুধু দুটি জায়গা একটু বলে দিয়েছেন ছুঁয়ে ছুঁয়ে। বলেছেন তামাকজাত দ্রব্য থেকে আপনি ট্যাক্স বাড়াবেন-এইটুকু বলেছেন। আর বলেছেন কি? আর বলেছেন আপনি দুই প্রকারের ভ্যাট থেকে ওয়ান পারসেন্ট বাড়াবেন। তা আপনি দ্বিচারিতা করছেন না? ওদিকে বলছেন কেন্দ্রে যখন অর্থমন্ত্রীদের সভা হয়, মিটিং হয় তখন সেখানে বিরোধিতা করছেন। যে ভ্যাটের আমরা বিরোধিতা করছি, এতে জিনিসপত্রের দাম বাড়বে, কিছুতেই মেনে নেওয়া যাবে না। আর এখানেই তার উপর বাড়িয়ে দিচ্ছেন ওয়ান পারসেন্ট, ওয়ান পারসেন্ট। আসছে কোথা থেকে টাকা? কোন সোর্স আপনার নেই, কোন সোর্স আপনার নেই। আমাদের পণ্য করটা তো গতবারে চাপালেন-প্রবেশ কর। -আমি তো বলছি সেটাতেও তো জিনিসপত্রের দাম বাড়ছে-আপনি একবারও বললেন না দ্বিচারিতার কেমন। রাজ্যসভায় তো পুরো দল, পুরো মন্ত্রিসভা সকলে মিলে বিরোধিতা করলেন। ভালো, আমরাও সমর্থন করি। ডিজেল পেট্রোলের দাম বাড়ছে, আর দ্বিচারিতা করছেন কি? ওদিকে দাম বাড়ছে তার বিরোধিতা আর এদিকে যখন তার থেকে ট্যাক্স আদায় করছেন, অগ্রিম ট্যাক্স নিয়ে আসছেন। অগ্রিম নিয়ে আসছেন নিজের তহবিলে, রাজ্যের তহবিলে। সেখানে তো একবারও বলছেন না-আপনার রাজ্য নাকি ফুলে ফেঁপে অনেক ভালো আছে-তাহলে সেখানে কিছুটা কমানো। সেখানে কিছুটা পাবলিককে সুবিধা দেওয়া। জিনিসপত্রের দাম কমতে পারত। একবারও তার প্রতিফলন আপনি এই বাজেটে বললেন না। কি আর বলবো গল্পই তো বলেছেন শুধু কয়েক পাতা জুড়ে। শুরু করেছিলেন অল্প পাতায়, এখন পাতায় পাতা বাড়ছে। আপনি পুরো এই বাজেট বক্তৃতার ৭৫

শতাংশ(বক্তব্য রাখলেন। দপ্তরওয়ারি কাকে কত দেবেন, কাকে কত দিলেন, কোন দপ্তর কত পেলেন। আপনি একবারও বাজেটে দেখলেন না হিসাব করে কার কতটা বাড়ালেন কোন দপ্তরে। কোন দপ্তরগুলো রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে সবচেয়ে দৃষ্টান্ত হতে পারতো। পূর্ত, সেচ, পরিবহন, নগর উন্নয়ন, পঞ্চায়েত, স্বাস্থ্য-এগুলোর ক্ষেত্রে একবারও ভাবলেন না, বললেন না বাড়ানো উচিত কত। না, ভুতের ভয়, ভুতের ভয়। বাড়ালেন কোথায়-তথ্য ও সংস্কৃতি দপ্তরে ৫০% বাড়িয়ে দিলেন। ভুতের ভয়, তথ্য সংস্কৃতি দপ্তর-মাথার উপরে কে আছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। চাকরিটা থাকবে কি যাবে, এখানেই ৫০% আর বাকিটা যায় যাক। একবারও ভাবলেন না। শুধু প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছেন, একটা কথা এখানে গুছিয়ে লিখে দিলেন শেষের দিকে বিভিন্ন সরকারী ডায়াসে রাজনৈতিক মঞ্চের প্রচার যা করছেন করছেন মুখ্যমন্ত্রী মহোদয়া, আপনারা তো কেউ কোন কথা বলতে পারেন না, ঠুটো জগন্নাথ। যা বলেন মুখ্যমন্ত্রী কল্পতরু হয়ে বিভিন্ন কথা বলে দেন আর সেই ফল পোষণ করার জন্য আপনি লাস্ট লাইনে বলে দিলেন এরপরেও মুখ্যমন্ত্রী যখন, যেখানে, যেমন প্রতিশ্রুতি দেবেন সেটা পূরণের জন্য আপনি আরো তহবিল রাখছেন। বলতে পারলেন না প্ল্যান বাজেটে কত টাকা খরচ হয়েছে, পরিষ্কার বলতে পারলেন না। নন-প্ল্যানে গাদা গাদা টাকা খরচ হচ্ছে এটাই কি প্রকৃষ্ট উদাহরণ, স্বাস্থ্যপ্রদ বাজেট? আপনি প্ল্যান বাজেটে খরচটা কত কমালেন, আর নন-প্ল্যানে আরো আসবে, আরো প্রতিশ্রুতি আসবে। সরকারকে বলা যেতে পারে শুধু প্রতিশ্রুতির সরকার। সরকারকে বলা যেতে পারে শুধু ভাতা প্রদানের সরকার। ১০ লক্ষের বেশি না কি চাকরি দিয়েছেন? কেন এখন বাজেটে আপনি বলছেন যে এই বেকারদের ভাতা দেবেন। সবাইকে ভাতা দিচ্ছেন, সারা রাজ্যের সব মানুষকে ভাতা দিয়ে বন্দি করছেন নন-প্ল্যানের টাকা দিয়ে। কনস্ট্রাকটিভ কিছু করলেন না। স্থায়ী কিছু করলেন না, বাজেটে তার প্রতিফলন নেই। একটুও প্রতিফলন নেই এই বাজেটে। সুতরাং দিশাহীন বাজেট, অস্পষ্ট বাজেট, পরিকল্পনাহীন বাজেট। আপনার এই বাজেটকে কিছুতেই মেনে নেওয়া যায় না। আপনি এই রিলিফ দেওয়ার বাজেট বন্ধ করুন, ভাতা দেওয়ার বাজেট বন্ধ করুন। স্থায়ী বাজেট তৈরি করুন। আপনারা স্থায়ী থাকবেন না তো তাই অস্থায়ীভাবে চালিয়ে যাচ্ছেন। যতদিন যায়, যতদিন চালানো যায়। আপনার এই বাজেট সমর্থন করা গেল না।

শ্রী যোগরঞ্জন হালদার : স্যার, পশ্চিমবঙ্গ সরকারের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. অমিত মিত্র ২০১৩-১৪ সালে ১১ই মার্চ যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি বক্তব্য রাখছি। মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয় ২০১৩-১৪ সালের আর্থিক বছরে ব্যয় বরাদ্দের জন্য ২৬ হাজার ৬৭৪ কোটি টাকা প্রস্তাব করেছেন যা গত বছরের থেকে বৃদ্ধির হার ১৪.১৩ শতাংশ। আমি একটু বলতে চাই এই কথা, কিছুক্ষণ আগে বিরোধী দলের বক্তা মাননীয় সুভাষবাবু আপনার বাজেট বক্তৃতার মধ্যে সততা এবং বলিষ্ঠতা নিয়ে যে বক্তৃতা ছিল তার বিরোধিতা করছেন। আমরা বুঝতে পারছি পশ্চিমবাংলায় ৩৪ বছরে এমন সততা, এমন বলিষ্ঠ মুখ্যমন্ত্রী তারা কখন, কোনদিন দেখেনি তাই তাদের হিংসা হচ্ছে। সারা ভারতবর্ষের মানুষ তার সততা নিয়ে প্রশংসা করছেন, তার বলিষ্ঠতা নিয়ে যখন প্রশংসা করছেন উনি তখন হিংসায় জ্বলে যাচ্ছেন। উনি তার প্রতিবাদ করছেন এই বিধানসভার সদনে। তাই তাকে বিষয়টাকে আলোচনা করার জন্য এবং সঠিকভাবে বোঝার জন্য আমি অনুরোধ করছি। এই বাজেটের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার উদ্ভাবনী শক্তি দিয়ে একটা নব দিগন্তের সূচনা করেছেন। তিনি বাংলার মানুষকে আশার আলো

দেখিয়েছেন এবং অত্যন্ত আন্তরিকতার সঙ্গে সুনিপুণভাবে বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য প্রয়াস চালিয়েছেন এই বাজেটের মধ্যে দিয়ে। আমি তাই আন্তরিকভাবে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাই।

[2-20 – 2-30 pm]

আমি এই বাজেটের মধ্যে স্বামী বিবেকানন্দের ছায়া দেখতে পাই। স্বামী বিবেকানন্দ বলেছিলেন "নীচ জাতি, মূর্খ, দরিদ্র মুচি, মেথর আমার ভাই ও আমার রক্ত"। ঠিক তেমনি আওয়াজ হল আমাদের মাননীয় অর্থমন্ত্রীর। তিনি এখানে বলছেন যে বঙ্গবাসী, কৃষক বঙ্গবাসী, অবহেলিত বঙ্গবাসী, শ্রমিক বঙ্গবাসী, সংখ্যালঘু বঙ্গবাসী, অনুন্নত বঙ্গবাসী আমার ভাই, বেকার যুবক আমার ভাই, মহিলা আমার বোন, এদের সকলের উন্নয়ন করব এই আমাদের শপথ। এই বাজেটে তিনি তার প্রতিফলন করেছেন। সেইজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীকে আমার তরফ থেকে আন্তরিক ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা বিভিন্ন সময় সমালোচনা করেছেন। কেউ বলেছেন এটা হচ্ছে নাকি পঞ্চায়েত নির্বাচনমুখী বাজেট। কেউ বলছেন বাজেটে টাকার সঠিক আয়-ব্যয় নেই। কেউ বলছেন এই বাজেটের মধ্যে কেন আইনশৃঙ্খলা নেই? কেউ বলছেন এই বাজেটে কৃষিকে অবহেলা করা হয়েছে। কেউ বলছেন এতে খাদ্য সুরক্ষা নেই। আমি মাননীয় বিরোধী দলের সদস্যদেরকে বলতে চাই যদি আইনশৃঙ্খলার প্রশ্ন এখানে রাখা হত তাহলে আপনারা কি খুব স্বস্তিতে থাকতে পারতেন? আইন শৃঙ্খলার প্রশ্ন যদি আসতো তাহলে কেশপুর আসত, গড়বেতা আসত, তাহলে নানুর আসত, তাহলে সিঙ্গুর আসত, তাহলে ভাঙ্গর আসত, নন্দীগ্রাম আসত, আনন্দমার্গী আসত, বিজন সেতু আসত, আরও যা আসার আসতো। তাপসী মালিক আসত, লজ্জায় আপনাদের মাথা নিচু হয়ে যেত। তাই আজকে, আজকের বাংলায় যে আইনশৃঙ্খলা আছে, ৩৪ বছরের থেকে অনেক ভাল আইনশৃঙ্খলা আছে বলে আমরা মনে করছি এবং সদনের সমস্ত সদস্যরা নিশ্চয় আমার সঙ্গে একমত হবেন। কিন্তু একটা দুঃখের বিষয়-দুঃখের বিষয়টা এই, বাংলাকে অশান্ত করার চক্রান্ত করা হচ্ছে। দুঃখের বিষয় এই, মিথ্যা অপপ্রচার করা হচ্ছে। দুঃখের বিষয় এই, মানুষকে ভুল বোঝানোর একটা চেষ্টা, প্রয়াস বিরোধীপক্ষ প্রতিনিয়ত চালিয়ে যাচ্ছেন গোয়েবেলস পদ্ধতির মাধ্যমে। সেইজন্য আমি সবাইকে, সদনের সবাইকে আমি সজাগ করাতে চাই। আমরা যে এই বাজেটে এসেছি, যখন এলাম ৩৪ বছর পরে একটা রুগ্ন অর্থনৈতিক অবস্থা। ২০১১ সালে ৩৪ বছর পর একটা সরকার আমাদের নতুন সরকারের জন্য অনেক কিছু রেখে যাবেন। আমরা একটা রুগ্ন, ভেঙ্গেপড়া, ধ্বংসপ্রায় একটা অর্থনৈতিক অবস্থায় এলাম এই সরকারে। শূন্য, মাইনাস, মাইনাস, দুহাজার তিনশো কোটি টাকা দেনার বোঝা আমাদের ঘাড়ে দিয়ে। আবার তার সঙ্গে সুদ আরও ২৫ হাজার কোটি টাকা। তার সঙ্গে এককোটি শিক্ষিত বেকার। তার সঙ্গে ৫৬ হাজার কলকারখানা বন্ধ। তার সঙ্গে ধ্বংসপ্রায় শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ব্যবস্থা। এমনই একটা অবস্থার মধ্যে একটা নতুন সরকারকে আসতে হয়েছে। চেষ্টা করা হয়েছিল কেন্দ্রীয় সরকারের কাছে। বলার চেষ্টা করা হয়েছিল যে এই ২৫ হাজার কোটি টাকার যে সুদ, তিন বছরের জন্য অন্ততঃ আমাদের বন্ধ রাখা হোক। কিন্তু নাকচ করা হয়েছে। এই নাকচ করার ফলে আমরা যে অবস্থায় এসে পৌছেছি, আমাদের এই সরকার চালানো অত্যন্ত কঠিন অবস্থা। যদিও এফ.আর.বি.এমের মাধ্যমে পূর্বতন বামফ্রন্ট সরকারকে

এই ধরনের সুযোগ কেন্দ্রীয় সরকার দিয়েছিল। সেই নজির আছে। কিন্তু আমরা, পশ্চিমবাংলার তৃণমুল সরকার সেই সুযোগটা কিন্তু পেলামনা। এই সুযোগ যদি আমরা পেতাম তাহলে বাংলাকে আজকের থেকে যে অবস্থায় আছে, অনেক বেশি মানুষের কাছে আমরা পৌছে যেতে পারতাম, অনেক বেশি মানুষের উপকার করতে পারতাম। তা সত্ত্বেও আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী চেষ্টা করলেন রেভিনিউ কি করে বাড়ানো যায়। রেভিনিউ আমাদের বাড়াতে হবেই। রেভিনিউ-আয় যদি আমরা না করতে পারি তাহলে আমরা কি করে সরকার চালাবো, কি করে মানুষকে সাহায্য করবো। সেই রেভিনিউ বাড়াতে উদ্যোগী হয়েছেন এবং বাংলাকে নতুন করে গড়ে তোলার জন্য আপ্রাণ চেষ্টা করেছেন। আপনারা যে শেষ করেছেন ২০১০-১১তে, আপনারা ২১ হাজার কোটি টাকা রেভিনিউ আদায় করতে পেরেছিলেন। আর ১১-১২তে ২৫ হাজার কোটি টাকার রিভিনিউ আদায় হয়েছে, এই সরকার করেছেন। ২০১২-১৩তে যেখানে ৩০ হাজার কোটি টাকা আমাদের লক্ষ্যমাত্রা ছিল সেখানে আরও বেশি-৩২ হাজার কোটি টাকা রেভিনিউ আদায় করেছে এই সরকার। তাহলে এই সরকারকে বাহবা দেবেন না? এর মধ্যে থেকেও ২০১৩-১৪ সালে প্রায় ৩৪ হাজার কোটি টাকার কর সংগ্রহের পরিমাণ ধার্য করেছেন মাননীয় অর্থমন্ত্রী। কিন্তু ট্যাক্স একটুও বাড়ানো হয়নি, এটা সবচেয়ে বড় ব্যাপার। আমরা কারো উপর ট্যাক্স বাড়াইনি, ভর্তুকি তুলে দিইনি। আমরা যে সময়ের মধ্যে আছি, আমরা উন্নয়নশীল দেশের একটি রাজ্য। উন্নয়নশীল দেশে ভর্তুকি চলবে, ভর্তুকি দিতে হবে, গরীব মানুষকে উন্নত করতে ভর্তুকি তুলে দেওয়া যায় না। কেন্দ্রীয় সরকার ভুল অর্থনীতিতে আজ সারা বাংলা ধুকছে, সারা ভারতবর্ষ ধুকছে। কিন্তু আমাদের অর্থমন্ত্রী ট্যাক্স বাড়াননি, ভর্তুকি তুলে দেয়নি। তাহলে কোথা থেকে ভূমিরাজস্ব থেকে আদায় করছে, স্ট্যাম্প ডিউটি থেকে আদায় করছে, রেজিস্ট্রেশান ফিজ থেকে আদায় করছে, বিদ্যুৎ খাতে আয় করছে এছাড়া ভ্যাট ১% বাড়িয়েছেন এবং সার্ভিস ট্যাক্স যে সুযোগ তিনি দিয়েছেন বিশেষ স্কিম তৈরি করে যারা সার্ভিস ট্যাক্স দেননি দীর্ঘ দিন তারা মনের আনন্দে, মনের খুশিতে সেই ট্যাক্স প্রদান করছেন। ট্যাক্স প্রদান একটা ভয়ের ব্যাপার নয়। মনের আনন্দে তারা ট্যাক্সের প্রদান করবেন সেই ব্যবস্থাটা মাননীয় অর্থমন্ত্রী নতুন ভাবে উদ্ভাবনী শক্তির মাধ্যমে করেছেন, যেটা আপনারা ভাবতে পারবেন না। বাম নীতি এবং ডান নীতির মধ্যে যথেষ্ট পার্থক্য আছে। দুটো ভাবনা সম্পূর্ণ আলাদা। আমার এই বাজেট দেখলে মনে হয় কারা বাম, ডানদিকে বাম না বামদিকে বাম? আমি মনে করি প্রকৃত গরীবের বন্ধু করা। আমাদের বামদিকে যারা আছে। যারা ডানপন্থী মানুষ তারা প্রকৃত বামের ভূমিকা পালন করছে। আপনাদের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত যখন ছিলেন আমরা ছিলাম। তখন কি ভূমিকা, কি বাজেট সেই বই পড়লে মনে হবে পুঁজিপতিদের বাজেট। আর আজকে এই বই পড়লে আমাদের মনে হবে গরিব মানুষদের বাজেট। কমিউনিস্টদের বাজেট-আজ কমিউনিস্ট কারা? তা আজ নতুন করে ভাবতে হবে বিশ্লেষণ করতে হবে। বাংলার মানুষকে নতুন করে চিন্তা ভাবনা করতে হবে। বর্তমান সরকার নজির তৈরি করেছে। ভারতবর্ষের মধ্যে এটা মডেল। এই যে বিক্রয় কর, আবগারী, পরিবহন এর মাধ্যমে কিভাবে কর আদায় করা যায় এবং সেটা এমন ভাবে তৈরি করেছেন পশ্চিমবাংলা একটা মডেল হচ্ছে? এবং এই যে অর্থনৈতিক সংস্কার কাকে বলে? শুধু বিদেশি পুঁজি আনলেই সংস্কার হয়? শুধু ভর্তুকি কমালেই সংস্কার হয়? কিন্তু তিনি দেখিয়েছেন নতুন পদ্ধতিগত পরিবর্তনের মাধ্যমে-শুধু পদ্ধতি পরিবর্তন করা হয়েছে আর কিছু করা হয়নি। পদ্ধতি পরিবর্তনের মাধ্যমে তিনি আয় বাড়িয়েছেন। এই নজির আছে এই বাংলায়? আর এই বাংলায় স্বাধীনতার পর

গত ৩৪ বছরে? শুধু পদ্ধতি পরিবর্তন করে তিনি আয় বাড়াচ্ছেন এমন নজির পশ্চিমবাংলার ইতিহাসে নেই। সেই নজির তৈরি করেছেন মাননীয় অর্থমন্ত্রী। তাকে আমরা সেলাম জানাই আর আপনারা সমালোচনা করছেন, আপনারা তাকে অপমান করছেন, আপনারা তাকে অসত্য বলছেন। সংস্কার পদ্ধতির পরিবর্তন করে তিনি যে আয় বাড়িয়েছেন এবং ঋণের বেড়াজালে থাকা সত্ত্বেও-ঋণের বেড়াজাল আছে এই বাংলায় সেটা আমরা সকলেই জানি। ঋণের বেড়াজালে থাকা সত্ত্বেও ঢালাও বরাদ্দ বাড়িয়েছেন শিক্ষা, স্বাস্থ্য, সংখ্যালঘু উন্নয়ন, যুবকল্যাণ, তথ্য সংস্কৃতি। তথ্য সংস্কৃতি নিয়ে আপনাদের বিরোধ আছে। তথ্য সংস্কৃতি প্রয়োগ করতেই বাংলায় চলে গেল ২০ বছর। সারা ভারতবর্ষ সেখানে এগিয়ে যাচ্ছে আপনারা সেখানে বললেন কম্পিউটার চালালে কর্মসংস্থান শেষ হয়ে যাবে। আপনারা বললেন কম্পিউটার চালালে সব বেকার হয়ে যাবে। এটা বুঝতেই বামপন্থীদের ১৫ বছর লেগে গেল। আর সেই ১৫ বছরে আমাদের বাংলা পিছিয়ে গেল। আজকে কম্পিউটার, কম্পিউটার করে লাফালে কি করে হবে? কি করে আমরা এগিয়ে যাব? তাই ঋণের বেড়াজালে থাকা সত্ত্বেও তারা কি ভাবে সংখ্যালঘু উন্নয়ন কি করেছেন? প্রি-ম্যাট্রিক এবং পোস্ট-ম্যাট্রিক ২৪ লক্ষ ছাত্রছাত্রীকে স্কলারশিপ দিয়েছেন। এবং ১ লক্ষ ৫ হাজার ৭২৬ জন ছাত্রীকে ১০০ টাকা করে উৎসাহ ভাতা দিয়েছেন। এবং ১ হাজার ৭০২টি সংখ্যালঘু ছাত্রীকে বাইসাইকেল দিয়েছেন এই সরকার অল্প সময়ের মধ্যে। ২০১৩-১৪ বর্ষে যে ব্যয় ধরা হয়েছে এই দপ্তরে ৮৫৯ কোটি টাকা এবং সংখ্যালঘু উন্নয়নে ওন-লাইনের মাধ্যমে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। এটা আপনারা কখনো ভাবতে পারতেন না, আপনারা কখনো ভাবেননি। বাম জামানায় এই জিনিস কল্পনা করা যেত না। বামেদের রাজত্বে কাস্ট সার্টিফিকেট পেতে দুই-তিন বছর সময় লেগে যেত।

[2·30—2·40 pm]

একটা কাস্ট সার্টিফিকেট পেতে ৫ বছর লেগে যেত। আজকে অন লাইনের মাধ্যমে এক মাস, দু মাসের মধ্যে কাস্ট সার্টিফিকেট পেয়ে যাচ্ছে বাংলার মানুষ। তাই এটার জন্য পরিকল্পনা চাই, এটার জন্য মেধা চাই, এটার জন্য চিন্তা শক্তি চাই-সেগুলো আপনাদের কোথায়? আপনারা রাজনীতিকেই প্রাধান্য দেন। আপনারা অর্থনীতিকে প্রাধান্য দেন না। বাংলাকে উন্নত করবেন সেই চিন্তা তো আপনাদের ছিল না। আপনাদের চিন্তা ছিল কি করে আমরা সরকারে থাকব, অর্থনীতি চুলোয় যাক, দেশ ধ্বংস হয়ে যাক, অর্থনীতিতে পিছিয়ে পড়ুক-এই বাংলায় আমরা সরকারে থাকব। এই চিন্তায় তো আপনারা ছিলেন। আর আমাদের সরকার কি চেষ্টা করছে? আমরা থাকব, কি থাকব না মানুষ ঠিক করবে। কিন্তু মানুষের অর্থনৈতিক কাঠামো আমরা আরো শক্তিশালী করব। সেইদিকে এগিয়ে যাচ্ছে এই সরকার। আপনারা বুঝতে পারছেন না। আপনাদের বোঝাতে অসুবিধে। আপনারা তো অন্য ভাবনার মধ্যে আছেন। আপনারা বুঝবেন কি করে? ২০১৩-'১৪ বর্ষে এর ব্যয় ধরা হয়েছে ৮৫৯ কোটি টাকা এবং অন লাইনে কাস্ট সার্টিফিকেট এক মাস, দু মাসের মধ্যে পেয়ে যাচ্ছে। এই সরকার যে সার্টিফিকেট দিয়েছে অন লাইনের মাধ্যমে তা মোট ৬ লক্ষ ৫৮ হাজার ৩৯২ টি কাস্ট সার্টিফিকেট বিতরণ করেছেন খুব অল্প সময়ের মধ্যে। যেখানে বাম জমানায় এস.সি, এস.টি-দের এটা করা সম্ভব ছিল না। আর একটা বড় বিষয় যে, বাম আমলে এস.সি, এস.টি দের মেধাগত উৎকর্ষতা বাড়ানোর জন্য কখনও চেষ্টা করা হয়নি। কিন্তু এই সরকার মা-মাটি-মানুষের সরকার, মমতা ব্যানার্জীর সরকার, গরীবের সরকার, খেটে খাওয়া মানুষের সরকার, মেহনতী

মানুষের সরকার যেটা, সেই সরকার কী করছেন? উৎকর্ষ বাড়ানোর জন্য ডবলিউ.বি.সি.এস. আই.এ.এস সহ সর্বভারতীয় পরীক্ষার উপযোগী করে তোলার জন্য এস.সি, এস.টি-দের কোচিংয়ের ব্যবস্থা করেছেন। আপনারা ভাবতে পারেন? আপনারা কেউ ভাবতে পেরেছেন কোচিংয়ের ব্যবস্থা করবে? কোচিংয়ের ব্যবস্থা করেছে এই সরকার। আজকে অল্পশিক্ষিতদের মধ্যে বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমে তাদের যাতে কর্মসংস্থান হয় সেদিকেও তফশিলী জাতি এবং অন্যান্য জাতিকে যাতে তাদের কর্মসংস্থান হয়, সেইসমস্ত চিন্তা ভাবনা করেছেন এই সরকার এবং এই সরকারের মাননীয় মন্ত্রী। বর্তমান বছরে ৩২৩-২৪ কোটি টাকা এখানে ব্যয় বরাদ্দ রাখা হয়েছে। আমার সময় বোধহয় শেষ হয়ে আসছে তাই এই বাজেটকে সমর্থন জানিয়ে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ড.অমিত মিত্র ২০১৩-'১৪সালের আমাদের রাজ্যের যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। একটা ব্যাপারে আমি ভীষণ মিল খুঁজে পাই-এর আগে বামফ্রন্ট সরকারের যিনি অর্থমন্ত্রী ছিলেন, তিনি যতবারই বাজেট প্লেস করতেন তার দুটো কথা একদম কমন থাকত যে, কেন্দ্রীয় বঞ্চনা আর তারসঙ্গে রাজ্যের যে অর্থনৈতিক উন্নতি সেটা সবটাই চলে যাচ্ছে ঋণের খাতে। আমাদের বর্তমান অর্থমন্ত্রীও ঠিক সেই একই কথা বলছেন। তিনিও কেন্দ্রীয় বঞ্চনার কথা বলেছেন, আর তারসঙ্গে ঋণ নেওয়ার কথা বলেছেন। ঋণ দেওয়ার জন্য নাকি আগেকার সরকার যে ঋণ করেছে, সেই ঋণ দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার কোনরকম বিধিনিষেধ আরোপ করেননি। আমরা দেখলাম আমাদের রাজ্যের বর্তমান অর্থমন্ত্রী তিনিও কেন্দ্রীও বঞ্চনার কথা বললেন। কিন্তু তার বাজেটে গতবছরে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুদান এবং অন্যান্য ট্যাক্স বাবদ যে ১৭ হাজার ৭৫৩ কোটি টাকা পেয়েছেন, তার কথা তিনি উল্লেখ করলেন না। ১৭ হাজার ৭৫৩ কোটি টাকার মধ্যে ১২ হাজার কোটি টাকার উপর অনুদান। দেখা গিয়েছে তার আগের বছরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে অনুদান হিসেবে ৭ হাজার ৩০০ কোটি টাকা দিয়েছিল। অর্থাৎ অনুদান দেওয়ার ক্ষেত্রটা প্রায় ৫ হাজার কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। অতএব কেন্দ্রীয় বঞ্চনার কথা যেটা পূর্বেকার অর্থ মন্ত্রী বলতেন, এখনকার অর্থ মন্ত্রীও বলছেন, সেটা যে সঠিক নয় তা প্রমাণ হয়ে গিয়েছে। ঠিক তেমনি ঋণ করার ব্যাপারে এই সরকার আসার আগে বামফ্রন্ট সরকার ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা ঋণ করেছিলেন। আপনারা বলছেন যে কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কোন ব্যবস্থা গ্রহণ না করার ফলে যথেচ্ছ ঋণ গ্রহণ করে তারা এই রাজ্যকে দেনার দায়ে বিকিয়ে দিয়ে গেছেন। এই ব্যাপারে আমি আপনার সঙ্গে একমত যে হ্যাঁ, এর ফলে রাজ্যের অর্থনীতি বিপর্যস্ত হচ্ছে। কিন্তু এ কথাও তো ঠিক এর পরেও দেখা যাচ্ছে যে আপনারাও সেই পথে হাঁটছেন এবং গত ১০ মাসে আপনারা নতুন করে প্রায় ৩৪ হাজার কোটি টাকা ঋণ নিয়েছেন। ২০১৩-১৪ বছরের শেষে এই ঋণ নেওয়ার পরিমাণ ৫৫ হাজার কোটি টাকায় দাঁড়াবে। সভাবতই এই যে ঋণ নেওয়ার প্রবণতা যদি কেন্দ্রীয় সরকার আটকে দিত তাহলে দেখা যেত ঋণ না নেওয়ার ফলে আপনাদের সরকার অর্থনৈতিক দিক দিয়ে অচল হয়ে যেত। অতএব ঋণ যে সরকার করছে সেটা অস্বীকার করার উপায় নেই। কিন্তু আপনি সে কথা অস্বীকার করছেন এবং আপনি বলছেন কেন্দ্রীয়

সরকার না কি আগেকার সরকারকে এই সুযোগ দিয়েছে, বর্তমান সরকারের ক্ষেত্রে সেই সুযোগ দিচ্ছে না। এটা সঠিক কথা নয়। আপনি বাজেট ঘাটতির পরিমাণ দেখিয়েছেন ৮ কোটি টাকা। আগেকার অর্থ মন্ত্রীও প্রায় সময় চেষ্টা করতেন যাতে জিরো বাজেট দেখা যায়, অথবা দুকোটি এক কোটি টাকা ঘাটতি দেখানো যায় কিন্তু বাস্তবে আর্থিক ঘাটতির পরিমাণ আপনি নিজেই দেখিয়েছেন ১৩ হাজার ৪১৮ কোটি টাকা। অতএব এই যে ফারাক, এই যে পার্থক্য, এই পার্থক্য থেকে বর্তমান বাজেট বছরের শেষে কোথায় দাঁড়াবে সেই নিয়ে যথেষ্ট সন্দেহ আছে। গত বছরই আপনি বিভিন্ন যে দফা ওয়ারি বাজেট পেশ করেছিলেন, তার বহু দপ্তরের টাকাই এখনও খরচ হয়নি। বেশিরভাগ দপ্তরে টাকা বরাদ্দ কম হয়েছে, আবার যাও বরাদ্দ হয়েছে তার অনেকটা পরিকল্পনার অভাবে খরচ করাই যায়নি। স্বভাবত যে বাজেট পেশ হচ্ছে তা বাস্তবের সঙ্গে দারুন ভাবে অমিল থাকছে। একটা রাজ্যের সার্বিক উন্নয়ন নির্ভর করে কৃষি, শিল্প এবং পরিকাঠামো উন্নয়নের উপরে। কৃষি ক্ষেত্রে এর আগেও আমরা বলতাম, এখনও আমরা বলছি আমাদের রাজ্য থেকে কৃষি বীজ আমদানি করে ১ হাজার কোটি টাকর মত। ডাঃ বিধান চন্দ্র রায় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন, তিনি প্রত্যেকটা ব্লকে বি.ডি.ও অফিসের সঙ্গে একটা করে কৃষি খামার তৈরি করে দিয়েছিলেন। যাতে আমাদের রাজ্যেই বীজ উৎপাদন হয়, আমাদের রাজ্যের কৃষকসেই বীজ থেকে ফসল ফলাতে পারে। ৩৪ বছরে বামফ্রন্টের রাজত্বে সেই বীজ খামার গুলো প্রায় ধ্বংস হয়ে গিয়েছে। এখনও আপনার বাজেটে এই বীজ উৎপাদন করার ব্যাপারে কোন কথা উল্লেখ নেই। অথচ যদি বীজ আমদানি করতে হয়, অনেক সময় দেখাগেছে-আগেকার সরকারও বলতেন এ কথাটা ঠিক নয়, আপনারাও বলছেন ঠিক নয় কৃষকের আত্মহত্যার কথা। কিন্তু দেখা গেছে বীজ আমদানি করার ফলে, অনেক সময় বীজ এনে দেখা গেলে আলু উৎপাদন হয়নি, অনেক সময় দেখা গেছে বাইরের বীজ এনে গম উৎপাদন হয়নি। এই উৎপাদন হয়নি বলে কৃষকদের আত্মহত্যা করতে হয়েছে। আগেও হয়েছে, এখনও হচ্ছে। কিন্তু সেটা সংশোধন করার কোন কথা এখানে নেই। তার সঙ্গে যে দুর্বিষহ অবস্থা সৃষ্টি হয়েছে, আজকে পশ্চিমবাংলার কৃষক এবং পশ্চিমবাংলার মফসল, শহর ও গ্রাম মূলত কৃষকদের উৎপাদিত ফসলের দামের উপর নির্ভর করে চলে। আপনি বলেছেন ২০ লক্ষ ৫০ হাজার মেট্রিকটন খাদ্য শস্য আপনারা সংগ্রহ করতে পেরেছেন। কিন্তু কি ভাবে? আমরা গ্রামের মানুষ আমরা ভালো করেই জানি যে কৃষক ন্যায্য মূল্যে ফসল বিক্রি করতে পারেনি।

[2.40–2.50 pm]

কারণ সরকারের তরফ থেকে ন্যায্য মূল্যে ফসল কেনার সঠিকভাবে কোন ব্যবস্থ্যা করা হয় নি। তারফলে বেশীরভাগ সময়ে মিল মালিকদের কাছে ফসল বিক্রি করতে গিয়ে কৃষকরা ঠকে গেছে এবং তার প্রমাণ তো কয়েকদিন আগেই পাওয়া গেছে। আমাদের বর্ধমান জেলার মন্তেশ্বরের কৃষকরা মিল মালিকদের কাছে ধান বিক্রি করেছিল। সেই ধান বিক্রি করার পরে তারা এক বছর ধরে টাকা পায় নি। এরপরে তারা রাস্তা অবরোধ করেছে। সেই অবরোধ করার পরে শেষ পর্যন্ত আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী টাউন হলে ডেকে এনে তাদের সেই ধানের টাকা শোধ করলেন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে। অর্থাৎ মিল মালিকরা যে কৃষকদের টাকা দেয় নি, এই কথা প্রমাণ হয়ে গেছে। কৃষকরা তার ফসলের দাম পাচ্ছে না। কৃষকরা তার ফসলের দাম যাতে পায় তার কোন প্রচেষ্টা দেখা যায় নি। আলুর অনেক প্রোডাকশান হয়েছে। এখন কৃষকরা আলু বিক্রি করতে পারছে না।

তারা আলু বিক্রি করতে না পারলে আগামী দিনে আত্মহত্যা করবে। বাস্তবে অন্য কথা বলা হবে, সে শারীরিকভাবে হয়ত রুগ্ন ছিল মারা গেছে, অথবা পারিবারিক গন্ডগোল ছিল মারা গেছে। এটাই বাস্তব ঘটনা। আজকে ফসলের দাম কৃষকরা পাচ্ছে না। সেই ব্যাপারে আপনারা কৃষি বাজেটে আপনি কিন্তু ফসলের ন্যায্য দাম পাওয়ার জন্য সঠিকভাবে কোন দিশা দেখাতে পারেন নি। এরফলে কৃষকেরা আলু বা ধানের সঠিক দাম পাচ্ছে না এবং তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই ব্যাপারে আপনি দেখবেন। আপনি শিল্প বিকাশের কথা বলেছেন। ২০১০ সালে দেখা গেছে যে আমাদের রাজ্যে শিল্পে ১৫ হাজার ৫২ কোটি টাকার মত বিনিয়োগ হয়েছিল। গত বছরে বিনিয়োগ হয়েছে ৩১২ টাকা। অর্থাৎ বামফ্রন্টের রাজত্বে শিল্পে যে বিনিয়োগ হয়েছিল, সেই বিনিয়োগ ভীষণভাবে ধাক্কা খেয়েছিল। তারসঙ্গে এখন যে অবস্থা গিয়ে দাঁড়িয়েছে তাতে আমাদের শিল্পের দিক দিয়ে অনেক পিছিয়ে পড়ছে। শিল্পের ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ব্যাপার হল জমি। শিল্প তো আর আকাশে হবে না। জমিতেই হবে। জমির ব্যাপারে এই সরকার যে সিদ্ধান্ত গ্রহণ করেছে তার সঙ্গে আমি অনেকটা একমত যে কৃষকের কাছ থেকে কোন অবস্থাতেই জোর করে জমি নিয়ে নেওয়া উচিত নয়। কিন্তু এটাও তো ঘটনা আমি একটা উদাহরণ হিসাবে আপনাকে বলছি যে কাটোয়া শহরের কাছে পূর্বতন সরকার পি ডি সি এলকে দিয়ে একটা বিদ্যুৎ কেন্দ্র তৈরী করাবেন বলে কৃষকের উর্বর জমি তারা খুব কম দামে নিয়ে নিচ্ছিলেন। দু লক্ষ উননব্বই হাজার টাকা-এ কর দিয়ে তারা দু-ফসলা তিন ফসলা উর্বর জমি নিয়ে নিচ্ছিলেন। কৃষকরা আন্দোলন করল। আন্দোলন করার ফলে সরকার বাধ্য হল সেই আন্দোলনের কাছে মাথা নত করতে। জমির দাম অ্যাভারেজে ১২-১৪ লক্ষ টাকা একর রাখতে বাধ্য হল। কৃষকরা স্বতঃপ্রণোদিত হয়ে সেই অবস্থাতে জমি দিতে রাজি হলেন। গত সরকারের আমলেই ৫৫১ একর জমি অ্যাকোয়ার হয়ে গেল। পি ডি সি এলের কারখানা করার কথার মধ্যেও বামফ্রন্ট সরকারের একটা ভাঁওতা ছিল। তার কারণ কারখান করা হবে বলা হয়েছিল। বিদ্যুৎ কেন্দ্র তৈরী করা হবে বলা হয়েছিল। কিন্তু তারজন্য যে ইনভেস্টমেন্ট তার সেই টাকার সংস্থান রাখা ছিল না। স্বভাবতঃই কারখানা হচ্ছিল না। কিন্তু প্রশ্নটা হল জমি নিয়ে। এখন দেখা গেল পি ডি সি এল কারখানা করতে পারল না। বর্তমান রাজ্য সরকার এসে সেটা এন টি পি সি র হাতে হ্যান্ডওভার করে দিয়েছে। হ্যান্ডওভার করার পরে এখনও পর্যন্ত সেই যে জমিটা অ্যাকোয়ার হয়ে আছে, সেই জমি হ্যান্ডওভার করেন নি। আর তার সঙ্গে যে আরও প্রায় ৫০০ একর জায়গার প্রয়োজন আছে যে জায়গায় অ্যাকোয়ার করার প্রসেস কমপ্লিট হয়ে গিয়েছিল, কৃষকরা টাকা নিতে রাজী ছিল। কিন্তু সরকার বললেন যে আমরা অ্যাকোয়ার করার বিরোধী। আমার বিরোধিতা এই জায়গাটাতেই। এখানে যদি দেখা যায় যে কৃষক দিতে ইচ্ছুক, অর্থাৎ ইচ্ছুক অনিচ্ছুকের যে কথাটা সিঙ্গুরে উঠে এসেছে, সেই কথাটাই অর্থাৎ আমরা যদি দেখি যে কৃষককে যে দামে দেওয়া হচ্ছে সেই দাম নিয়ে কৃষক জমি দিতে ইচ্ছুক তাহলে সরকার কেন শিল্পের স্বার্থে সেই জমি অ্যাকোয়ার করবে না।

তাহলে সরকার কেন শিল্পের স্বার্থে সেই জমি অ্যাকোয়্যার করবে না? আজকে যে অচল অবস্থা তৈরি হয়েছে, এন.টি.পি.সি. কারখানা করতে চায়, সেখানে তাদের অফিস হয়ে গেছে। কিন্তু যে জায়গাটা অ্যাকোয়্যার করা হয়েছে, সেই জায়গাটা এখনো তাদের হ্যান্ডওভার করা হ'লনা। দ্বিতীয়ত, রাজ্য সরকার পুনরায় সার্ভে কোরলো, যে জায়গাটা অ্যাকোয়্যারের জন্য নির্দিষ্ট ছিল কিন্তু যেটা অ্যাকোয়্যার হয়নি, সেই জায়গাটা সেই এলাকার কৃষক দিতে রাজি আছে কিনা। তাতে রাজ্য

সরকারও দেখেছে যে, সেই কৃষকরা এখনো জমি দিতে ইচ্ছুক। তাহলে সেই জমি অ্যাকোয়ার করে কেন এন.টি.পি.সি.কে দেওয়া হবেনা, এটা আমরা বুঝতে পারছিনা। যদি এইভাবে চলা হয়, তাহলে একদিন যেমন কম্পিউটারের বিরোধিতা করতে গিয়ে বামফ্রন্ট পশ্চিমবাংলাকে পিছিয়ে দিয়েছে, আজকেও এই জমির ব্যাপারে সঠিক নীতি না নেওয়ার ফলে এই সরকারও পশ্চিমবাংলাকে আগামি দিনে একেবারে অন্ধকারে ঠেলে দেবে বলেই আমি মনে করি এবং এক্ষেত্রে একটা সঠিক পদ্ধতি গ্রহণ করা উচিৎ বলে আমি মনে করি, যাতে শিল্প স্থাপিত হয়। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, সেই রাস্তায় এই সরকার হাঁটছেনা। তার সঙ্গে শিল্প স্থাপনের ক্ষেত্রে সরকারের যে অনীহা, সেটাও বাজেটে ফুটে উঠেছে। গতবারের ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ আপনি রেখেছিলেন ২৯২ কোটি টাকা, এবার তার থেকে সামান্য বাড়িয়েছেন। আর বড় শিল্পের ক্ষেত্রেও গতবার আপনি রেখেছিলেন ৫০০ কোটি টাকা, এবার করেছেন ৫৪০ কোটি টাকা। শিল্পের এই যে বাজেট, এটা মূলতঃ শিল্পপতিদের ইনসেন্টিভ্ দেওয়ার ক্ষেত্রেই ব্যবহৃত হয়। তাহলে কি আপনি ধরেই নিয়েছেন, পশ্চিমবঙ্গে আর শিল্প স্থাপিত হবে না। যদি তা না হয়, তাহলে শিল্পের জন্য বাজেটে এত কম অর্থ আপনি ধরেছেন কেন? সেটা যদি আপনি আপনার জবাবী উত্তরে পরিষ্কার করে বলেন, তাহলে ব্যাপারটা খুব পরিষ্কার হয়। এটা ঘটনা যে, একদিকে যদি কৃষি ক্ষেত্রে আমরা কৃষকের ফসলের মুল্যের গ্যারান্টি দিতে না পারি, কৃষি ক্ষেত্রে যে বীজ ব্যবহৃত হবে, সেই সঠিক বীজ যদি কৃষককে আমরা সাপ্লাই করতে না পারি, তাহলে বাস্তব কৃষি উন্নয়ন আমাদের রাজ্যে হবে না। ঠিক তেমনই শিল্প স্থাপনের ক্ষেত্রেও আমরা যদি সঠিক শিল্পনীতি গ্রহণ না করি, এখানে শিল্পপতিদের আসার রাস্তা যদি পরিষ্কার করে না দিই, এটা ঘটনা যে গ্লোবাল অর্থনীতির ফলে আজকে সারা পৃথিবীতেই কম্পিটিশন চলছে, ভারতবর্ষেও কম্পিটিশন চলছে। ভ্যাট্ বৃদ্ধি করার ক্ষেত্রে এক জায়গায় আপনি যে সমস্ত রাজ্য উন্নত - অন্ধ্রপ্রদেশ, গুজরাট ইত্যাদি রাজ্যের উদাহরণ টেনে এনেছেন। কিন্তু শিল্প স্থাপনের ক্ষেত্রে এই সমস্ত রাজ্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছে, আপনি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে সেই ধরাণের কোনো ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা সেটা কিন্তু এই বাজেটের কোথাও সেইভাবে উল্লেখ করেননি। অর্থাৎ আগামী দিনে আমাদের রাজ্যে শিল্প স্থাপনের ব্যাপারটা অন্ধকারেই থেকে গেছে। এ সম্পর্কেও যদি আপনি একটা পরিষ্কার ধারণা তৈরি করে দেন, তাহলে আমরা উপকৃত হবো। এর সঙ্গে একটা দপ্তর - কৃষি বিপনন দপ্তর। আগেকার সরকারের আমলে এটা একটা খুড়োর কলের মতো ছিল। দেখা যেতো প্রত্যেক জায়গায় একটা করে বাঁশ দিয়ে রাস্তা আটকানো থাকতো। কৃষকের ফসল যেতো, সেই ফসলের বস্তা পিছু এক টাকা - দু'টাকা আদায় করা হ'ত। কি হবে? না, এ দিয়ে কৃষকের উন্নয়ন হবে। তাতে যে কৃষকের কি উন্নয়ন হ'ত, তা আমরা বুঝতে পারতাম না। কোথাও কোথাও দেখা যেতো ২-১টি রাস্তা করার চেষ্টা হ'ত, কিন্তু বাস্তবে যে টাকা আদায় করা হ'ত, তার থেকে অনেক বেশি টাকা চুরি হয়ে যেতো। ফলে এই বিপনন দপ্তরের কোনো কাজেই লাগতো না। আগেরবারের বাজেটে আপনি কৃষি বিপনন দপ্তরের ব্যাপারে একটা খুব গুরুত্বপূর্ণ কথা বলেছিলেন, যেটা হ'লে খুব ভালো হ'ত - প্রত্যেকটা ব্লকে একটা করে কোল্ড স্টোরেজ স্থাপনের কথা আপনি বলেছিলেন। কিন্তু এবারকার বাজেটে আমি কিন্তু সেটা দেখলাম না। আমি বর্ধমান জেলায় বাস করি, আমার পাশেই মুর্শিদাবাদ জেলা। আমাদের রাজ্যের যা পেঁয়াজের চাহিদা সেই পেঁয়াজের চাহিদার প্রায় ২০% আমাদের রাজ্যে উৎপাদিত পেঁয়াজ থেকে মেটে। বাকি ৮০ ভাগ পেঁয়াজ অন্য রাজ্য থেকে আমদানি করতে হয়। কিন্তু এটা ঘটনা, মুর্শিদাবাদ জেলাতেই যা

পেঁয়াজ উৎপাদন হয়, সেই পেঁয়াজ যদি সংরক্ষিত করা যায়, তাহলে অন্ততপক্ষে আমাদের রাজ্যের ৫০ ভাগ পেঁয়াজের চাহিদা মিটিয়ে দেওয়া যায়।

[2.50–3.00 pm]

কিন্তু আমাদের রাজ্যে একটাও পিঁয়াজ সংরক্ষনের কোন কোল্ড স্টোরেজ নেই। এটা অত্যন্ত লজ্জার ব্যাপার, ৩৪ বছর বামফ্রন্ট সরকার ছিল, আবার ২০ মাস এই সরকার হয়েগেল, কিন্তু এখনও পর্যন্ত পিঁয়াজ সংরক্ষনের কোন ব্যবস্থা গঠিত হয় নি। ঠিক তেমনি আপনারা আমাদের রাজ্যে বা সারা ভারতবর্ষে FDI-এর বিরোধিতা করেছেন। ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্ট করা যাবে না। আমরা যেখানে বাস করি আমাদের কাছাকাছি নদী এলাকায় প্রচুর টমেটো উৎপাদন হয়। টমেটো সারা পৃথিবীর কাছেই গ্রহণযোগ্য। টমেটো থেকে টমেটো সস্ হয়, বা সুপ্ হয়, যা সারা পৃথিবীতেই চলে। তাছাড়া আমরা দেখছি যে এখন হরিয়ানা আমাদের এলাকায় কৃষকদের কাছ থেকে সেই টমেটো ২ টাকা, কি ১ টাকা কেজি দরে কিনে নিচ্ছেন। সেই টমেটো সংরক্ষণের জন্য কোন রকম কোল্ডস্টোরেজ তৈরী করা হয় নি। আজকে যদি ফরেন ডায়রেক্ট ইনভেস্টমেন্টে থাকতো তাহলে হয়তো এই কৃষকদের দুর্দশায় পড়তে হতো না। একদিকে আপনারা সঠিক অর্থনীতির বিরোধিতা করবেন, আর একদিকে কৃষককে বাঁচাবার জন্য যে রাস্তা গ্রহণ করলে কৃষকরা উপকৃত হয় সেই রাস্তায় হাঁটবেন না। এ দিকে বলছেন আমরা কৃষি বিপণন দপ্তর করে অনেক উন্নয়ন করেছি। হ্যাঁ, একটা কথা আপনার এই কৃষি বিপণনের মধ্যে আছে, যেটা খুবই উল্লেখযোগ্য, যেটা হলে খুবই উপকার হবে সেটা হলো আপনি গোডাউন তৈরী করার কথা বলেছেন। এটা বাস্তব সম্মত, কারণ অনেক সময় দেখা যাচ্ছে ফসল উৎপাদিত হওয়ার পর তাকে গুদামজাত করাতে না পারার জন্য প্রচুর ফসল আমাদের রাজ্যে নষ্ট হয়ে যায়। যদি সত্যি গুদাম তৈরী হয় তাহলে এটা একটা সঠিক কাজ হবে, কিন্তু বাস্তবে কি হবে সেটা আমরা এখনও জানি না। তার সঙ্গে যে শিল্প স্থাপন করতে গেলে যে পরিকাঠামো দরকার, অর্থাৎ সড়ক উন্নয়ন, বিদ্যুৎ। সড়কের ক্ষেত্রে আমরা দেখছি যে গত বারের বাজেটে আপনি যে টাকা ধার্য করে ছিলেন ১১৭৫ কোটি ৪২ লক্ষ টাকা, এবার সেটা কমিয়ে ৮৯৫ কোটি টাকা করে দিয়েছেন। পশ্চিমবাংলায় প্রায় ২ হাজার কিঃ মিঃ পাকা রাস্তা আছে, পি.ডব্লু.ডির সিডিউল অনুযায়ী এই পাকা রাস্তাগুলো মেরামত করতে গেলেই বছরে দরকার হবে ২ হাজার কোটি টাকা, আর আপনার বাজেটে ধরা আছে ৮৯৫ কোটি টাকা। আমি আপনাকে একটা অনুরোধ করবো STKK বলে একটা রাস্তা আছে, আপনারা গ্রামের খবর জানেন না। সেই রাস্তার কাটোয়া থেকে হাতনী পর্যন্ত - আপনাকে অনুরোধ করছি আপনি যদি দয়াকরে একবার যান তাহলে দেখবেন যে সড়কের কি পরিস্থিতি পশ্চিমবাংলায় আছে। এটা এখন ঘটেছে তা নয়, সেই বামফ্রন্ট আমল থেকেই এই পরিস্থিতি, এটা আরও খারাপ জায়গায় যাচ্ছে। এটা এমন জায়গায় পৌছেছে, যে এখন সেখানে যদি মাছ ছেড়ে দেওয়া হয় পুকুরের মতো, তাহলে সেখানে মাছ চাষ করা যাবে। আপনি সড়ক উন্নয়নের কোন ব্যবস্থা না করে আগের বারের যে বরাদ্দ সেই বরাদ্দও কমিয়ে দিয়েছেন, তাহলে এ রাজ্যে শিল্প আসবে কোথা থেকে? ঠিক তেমনি বিদ্যুৎ উৎপাদন সেটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার শিল্পের ক্ষেত্রে, আমরা দেখছি আপনি যে এই বাজেটে বিদ্যুৎ উৎপাদনের কথা বলেছেন সেখানে শুধুমাত্র ডি.পি.এলের একটা ২৫০ মেগাওয়াট বিদ্যুৎ আর তার সঙ্গে সাগরদীঘিতে দুটো বিদ্যুৎ ইউনিটের বিদ্যুৎ উৎপাদনের কথা বলেছেন। যদি ধরেই নেন যে শিল্প হবে না, তাহলে

আপনি সঠিক জায়গায় আছেন। আর যদি শিল্প হয়, আগামী দিনে শিল্প আসবে এটা ভাবেন তাহলে বিদ্যুৎ উৎপাদনের ব্যাপারে আপনি সঠিক সিদ্ধান্ত নিলেন না কেন? কাটোয়াতে এন.টি.পি.সি-কে আপনারা যে বিদ্যুৎকেন্দ্র হ্যান্ডওভার করে দিলেন, তার ভবিষ্যত কি, সে-কথাও আপনি বাজেটে কোথাও উল্লেখ করেন নি। তাই বিদ্যুৎ উৎপাদন যদি বাড়ানো না হয়, সড়ক পরিবহন যদি সঠিক রাস্তায় না চলে তাহলে কি ভাবে আমাদের রাজ্যে শিল্প স্থাপিত হবে, সেটা যদি আপনি দয়া করে বুঝিয়ে দেন তাহলে খুব ভালো হয়। আপনি অন্যান্য খাতে যেমন শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর কথা বলেছেন, উচ্চশিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর কথা বলেছেন। কিন্তু উচ্চশিক্ষার হালটা কি বর্তমানে আমাদের এই রাজ্যে?

আমি কাটোয়া কলেজের কথাই একটা আপনাকে বলি। ফিজিওলজির মত একটা গুরুত্বপূর্ণ সাবজেক্ট যার অনার্স আছে কিন্তু সেখানে একটাও পার্মানেন্ট টিচার নেই। অনার্স পড়ানো হচ্ছে। তাহলে এই উচ্চশিক্ষা দিয়ে আমরা কতদূর এগোতে পারবো। কলেজগুলোর বেশির ভাগ জায়গাতেই অশিক্ষক কর্মচারীর সংখ্যা আগেকার সরকারের আমল থেকেই কমতে কমতে এখন প্রায় ৩০% এসে দাঁড়িয়েছে। সেখানে সায়েন্স পড়ানো হচ্ছে কিন্তু দেখা যাচ্ছে ডেমনস্ট্রেটর, ল্যাবরেটরি এ্যাটেনডেন্ট প্রায় নেই। তাহলে কিভাবে শিক্ষা ব্যবস্থা চলছে সেটা আপনি বুঝতে পারছেন। তার সঙ্গে আমাদের এই স্কুল শিক্ষা সেটাও একটা কঠিন জায়গায় গিয়ে পড়েছে। সুন্দরবন এলাকায় আমরা কিছু দিন আগে গিয়ে দেখলাম মিডডে মিল ব্যবস্থা সেখানে সবে শুরু হয়েছে। কিন্তু সেই মিডডে মিল চালু করার ক্ষেত্রে একটা ভীষণ ভয় সেই এলাকায় যারা শিক্ষক, যারা অভিভাবক তাদের মধ্যে থেকে গেছে কারণ তারা সেই এলাকায় যে জল সেই পানীয় জলের কোন ব্যবস্থা এখনও পর্যন্ত গড়ে ওঠেনি। তাই সেখানে যে মিডডে মিলের রান্না হচ্ছে তা পুকুরের জল থেকে, সেই মিডডে মিলের বাসন ধোওয়া হচ্ছে পুকুরের জল থেকে, এমনকি ড্রিংকিং ওয়াটার হিসাবে ব্যবহার করা হচ্ছে পুকুরের জল। আগামী দিনে যদি কোন কারণে সেখানে স্বাস্থ্য জনিত কারণে কোন দুর্ঘটনা ঘটে, এক সঙ্গে যদি প্রচুর ছাত্রছাত্রী যদি অসুস্থ হয়ে পড়ে পরিবহন ব্যবস্থা এমন পর্যায়ে আছে যে সেই অসুস্থ ছাত্রছাত্রীকে কাছাকাছি কোথাও চিকিৎসা করানোর ব্যবস্থাটাও থাকবে না। সেই জায়গায় দাঁড়িয়ে তার সঙ্গে শিক্ষা ব্যবস্থার যে ত্রুটি - আপনি আজকেই শুনেছেন নিশ্চয়ই যে হায়ার সেকেন্ডারি পরীক্ষা নিয়ে কি বিশৃঙ্খলা। বই সরকার থেকে দেওয়ার ব্যবস্থা করার কথা বলা সত্ত্বেও সেই বই এখনও পর্যন্ত আজকে মার্চ মাসের ১৩ তারিখ হয়ে গেল অনেক স্কুলে, অনেক সাবেজেক্টের বই এখনও পৌঁছায়নি। ঠিক সেই ভাবেই আমরা দেখেছি আপনারা উৎসবের কথা বলেছেন। সেই উৎসব করতে গিয়ে আগেকার সরকার যেভাবে দলবাজি করেছে তার থেকে আরও ন্যাক্কারজনক ভাবে আপনারা দলবাজি করছেন। পশ্চিমবাংলায় যুব উৎসব বলে একটা উৎসব প্রত্যেকটা ব্লকে ব্লকে পরিচালিত হয়। সাধারণত এর চেয়ারম্যান হন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অথবা পৌরসভার পৌর প্রধান। আর চিফ প্যাট্রন হতেন বিধায়করা। এখন চিফ প্যাট্রনের জায়গায় হয়েছে এম.আই.সির প্রতিনিধি। যেখানে তৃণমূলের বিধায়ক আছেন তারাই এম.আই.সির প্রতিনিধি। আর যেখানে অন্য দলের বিধায়করা আছে সেখানে তৃণমূলের কোন একজন মানুষ সেখানকার তিনি যিনিই হন তিনি তার এম.আই.সির প্রতিনিধি। আবার ঠিক তেমনি সভাপতির আসনটা দেখা গেছে যদি পঞ্চায়েত সমিতি অথবা পৌরসভার ক্ষেত্রে যদি বিরোধী দলের থাকেন তাহলে সেখানে একজন এম.আই.সির প্রতিনিধি থাকছেন। এই অবস্থায় আপনার যে বাজেট সেই

বাজেট আগামী দিনে পশ্চিমবঙ্গকে অন্ধকারে নিয়ে যাবে বলেই মনে করি। সেই কারণে এই বাজেটের আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

শ্রী বাচ্চু হাঁসদা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র ২০১৩-১৪সালে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের পূর্ণ সমর্থন জানিয়ে আমি আজকে এই মহান হাউসে আমার বক্তব্য উপস্থাপন করছি। কিছুক্ষণ আগে বিরোধী দলের প্রাক্তন মন্ত্রী তিনি সততা ও স্বচ্ছতার কথা বারবার বলছিলেন। সততা ও স্বচ্ছতা আছে বলেই আমরা আপনাদের কৃষিক্ষেত্রে যে '–' চলে গিয়েছিলেন সেটা আমরা '+' করতে পেরেছি। এই সততা, স্বচ্ছতা এই কথা বারবার স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে এই জন্যই, যে আপনারা দীর্ঘদিন যে অসততার মধ্যে ছিলেন অন্ততপক্ষে সততা স্মরণ করিয়ে দিয়ে আপনারা যাতে আপনাদের পরবর্তী জীবন একটু উন্নয়নের পথে এগিয়ে যেতে পারেন। আমরা এই বাজেটের মধ্য দিয়ে দেখলাম যে এই বাজেট একটা জনমুখী বাজেট। এই বাজেট মানুষকে দিশা দেখাবে।

[3.00–3.10 pm]

যে বাজেট গ্রাম থেকে গ্রামান্তর, শহর থেকে শহরতলি প্রত্যেকটা স্তরের মানুষের উন্নয়নের বাজেট। এই বাজেট একটা নতুন দিশা দেখানোর বাজেট। এইজন্য আজকে আপনারা দিশাহীন হয়ে পড়েছেন এবং দিশাহীন হয়ে বিভিন্নরকম বিভ্রান্তিমূলক কথা ছড়াচ্ছেন। এই বাজেটের মধ্য দিয়ে আমরা আপনাদের দীর্ঘদিনের যে ঋণের বোঝা সেই ঋণের বোঝা মাথায় নিয়ে মাননীয় অর্থমন্ত্রী এই বাংলাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা চালাচ্ছেন। আপনারা জানেন যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বারবার বৈঠক করার পরেও এই যে ঋণের বোঝা সেই ঋণের বোঝার কোনো সুরাহা হয়নি। কেন্দ্রে যারা আছেন তারা ওপরে ওপরে ভালবাসার কথা বলেছেন, কিন্তু ভেতরে ভেতরে কি করে এই সরকারকে অপদস্থ করা যায়, কি করে সরকারকে বাঁশ দেওয়া যায় সেটার ব্যবস্থা করেছেন। ওপরে ওপরে ভালোবাসা, ভেতরে ভেতরে ভন্ডামি। এটা আমরা পরিলক্ষিত করেছি। আমরা দেখতে পাই যেখানে নিজের দেশের মানুষ ভাত পাচ্ছে না, বাংলার মানুষ খাওয়ার পাচ্ছে না, সেখানে বিদেশীদের অর্থ সাহায্য দিতে হবে, বিদেশের মানুষদের অর্থ সাহায্য দিতে হবে। আমরা বিভিন্নভাবে সেটা লক্ষ্য করছি। ২০১৩-১৪ সালের যে বাজেট এই বাজেটে সমস্ত শ্রেণী, সমস্ত স্তরের মানুষের উন্নয়নের কথা বলা হয়েছে। কৃষি ক্ষেত্রে উন্নয়ন, আপনারা জানেন যে কৃষকদের কি দুর্দশা ছিল, যে দুর্দশার জন্য বিগত সরকার বিভিন্ন ভাবে দায়ী। কৃষকদের যে-আত্মহত্যা, আপনাদের জন্য এই আত্মহত্যা ঘটছে। আপনাদের সঠিক পরিকল্পনা ছিল না বলেই কৃষি বিপ্লব ঘটানো যায়নি। আমরা সেই সঠিক পরিকল্পনার জন্য তৈরি হচ্ছি। সঠিক পরিকল্পনা - কৃষকেরা চাষবাসের জন্য ঋণ পেত না। আমরা কিষাণ ক্রেডিট কার্ডের ব্যবস্থা করেছি। যাতে কিষাণ ক্রেডিট কার্ড খুব তাড়াতাড়ি করা যায় সেইজন্য আমাদের মুখ্যমন্ত্রী উদ্যোগ নিয়েছেন। আমরা প্রত্যেকটা ব্লকে ব্লকে, প্রত্যেকটা জেলায় জেলায় কিষাণ ক্রেডিট কার্ড, আপনারাও জানেন যে বিধায়করা সেটা বিলি করছেন এবং খুব দ্রুত সেটা সম্পন্ন করা হবে। কিষাণ ক্রেডিট কার্ডের মধ্য দিয়ে আমরা শস্য বীমা করেছি, যে শস্য কৃষকদের নষ্ট হয়ে যায় সেটা কিষাণ ক্রেডিট কার্ডের মধ্য দিয়ে আমরা দিতে পারছি।

.... (গোলমাল) ....

ম্যাডাম ডেপুটি স্পিকার : এটা ওনার মেডেন স্পিচ। প্লিজ ওনাকে বলতে দিন।

শ্রী বাচ্চু হাঁসদা : সঠিক পরিকল্পনা ছিল না বলে, গুদাম ঘর ছিল না বলে আমরা ডিস্ট্রিক্টে দেখতে পাচ্ছি চাল সংরক্ষণের জায়গা নেই। রাজ্য সরকার বিভিন্ন জেলায় একটাও গোডাউন তৈরি করে দিয়ে যেতে পারেনি। এটা আপনাদের ব্যর্থতা নয়? আমরা বারবার প্রশাসনিক বৈঠক করছি। আপনাদের ব্যর্থতার জন্য আমরা এখনো সঠিকভাবে বাস্তবায়িত করতে পারছি না। আমরা পরিকল্পনা করছি আর আপনারা বিরোধিতা করছেন! অপেক্ষা করুন, অন্তত পক্ষে ২৫-৩০ বছর অপেক্ষা করুন। তারপরে সমালোচনা করবেন। আমরা কৃষিক্ষেত্রে যেমন উন্নয়ন করার চেষ্টা করছি, আমরা স্বাস্থ্যক্ষেত্রেও উন্নয়ন করার চেষ্টা করছি। স্বাস্থ্য ক্ষেত্রে পরিকাঠামো ছিল না বলে শিশু মৃত্যুর হার বেড়ে গিয়েছিল। আমরা খুব দ্রুত, এই ২০ মাসের সরকার, জেলা হাসপাতাল, মেডিকেল কলেজগুলোতে এস এন সি ইউ-র মত ব্যবস্থা যেটা আমরা সফল করতে পেরেছি। আমরা দেখতে পেয়েছি যে স্বাস্থ্য ক্ষেত্রে এতদিন আমরা জানতাম না যে ওষুধ বিক্রির মধ্যে একটা বিশাল ফাঁক থাকে। কাষ্টমারের দামের সঙ্গে ডিস্ট্রিবিউটারের দামের একটা বিশাল ফাঁক, ওষুধের অর্ধেক দাম, মাঝখানের ওই টাকা পয়সা কে নিত। বিভিন্নভাবে ডিস্ট্রিবিউটার, রিটেলার। সেইজন্য সরকার গরীব মানুষের স্বার্থে উদ্যোগ গ্রহণ করেছে যে প্রত্যেকটা মহকুমায়, প্রত্যেকটা জেলা হাসপাতালের সংলগ্নে ন্যায্য মূল্যের একটা ওষুধের দোকান সেখানে আমরা প্রতিষ্ঠিত করতে পেরেছি।

প্রতিটি ব্লকে ব্লকে যদি ন্যায্যমূল্যের ওষুধের দোকান প্রতিষ্ঠিত হয়ে যায় তাহলে সাধারণ মানুষ এর থেকে অনেক উপকার পাবে। আমরা বিভিন্নভাবে লক্ষ্য করছি শিক্ষা ক্ষেত্রে উন্নয়ন হয়েছে। উচ্চশিক্ষা ক্ষেত্রে এবং মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে আজকে উন্নয়ন হয়েছে। আমরা আজকে লক্ষ্য করছি অনগ্রসর কল্যাণ বিভাগের উন্নয়ন। আপনারা আদিবাসী সম্প্রদায়ের মানুষদেরকে শুধু ঝান্ডা ধরিয়েছেন, আর কি করে তারা তলায় পড়ে থাকে তার ব্যবস্থা করেছেন। তলায় যদি তারা না পড়ে থাকে, তাহলে আপনাদের ডাকে কেউ সাড়া দেবে না। আদিবাসী সম্প্রদায়ের মানুষরা যাতে শিক্ষার আঙ্গিনায় আসতে না পারে, অর্থনৈতিক দিক থেকে যাতে তারা পিছিয়ে থাকে সেটাই ছিল আপনাদের নীতি। আমাদের সরকার সেই সম্প্রদায়ের মানুষদের হৃদয় দিয়ে কি করে এগিয়ে নিয়ে যাওয়া যায়, তার চেষ্টা চালাচ্ছে। আমরা লক্ষ্য করছি অফিস আদালতে আপনাদের যে লোকেরা আছে তারা আমাদের নীতিগুলো কার্যকরী হতে দিচ্ছেনা, বাধা দিচ্ছে। যাতে এস.সি, এস.টি-রা সঠিক সময়ে কাস্ট সার্টিফিকেট না পেতে পারে তার জন্য একটা চক্রান্ত হচ্ছে। তাই আমরা অন লাইনের মধ্যে দিয়ে কাস্ট সার্টিফিকেটের জন্য ফর্ম ফিলাপের ব্যবস্থা করছি। এর থেকে এস.সি, এস.টি এবং ও.বি.সি সম্প্রদায়ের মানুষরা খুব সহজেই এই কাস্ট সার্টিফিকেটটা পেয়ে যাবেন। গত বাজেটে স্থির করা হয়েছিল সংখ্যালঘু সম্প্রদায়ের দশ লক্ষ ছাত্র-ছাত্রীকে প্রি-ম্যাট্রিক এবং পোস্ট ম্যাট্রিক বৃত্তি দেওয়া হবে। সেখানে আমরা চব্বিশ লক্ষ ছাত্র-ছাত্রীকে এই বৃত্তি প্রদান করেছি। সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলে-মেয়েদের উন্নয়নের জন্য আমাদের সরকার এই কাজ করছে। সংখ্যালঘু সম্প্রদায়ের মেয়েরা শিক্ষাদীক্ষায় পিছিয়ে ছিল। তাই তাদের একশো টাকা করে ভাতা দেওয়ার বিষয়টিও গত আর্থিক বছর থেকে চালু হয়েছে। গ্রামাঞ্চলে ছাত্রীদেরকে উৎসাহিত করার জন্য তাদের মধ্যে সাইকেল বিতরণ করাও হয়েছে। আমরা বিধায়করা সেই অনুষ্ঠানে উপস্থিত থেকে সাইকেল বিতরণ করেছি। বিডিও, ডি.এম সাহেবরা গল্প করছেন আর বলছেন, সত্যিই এই পিছিয়ে পড়া

গ্রামের মেয়েরা এতদিন অবহেলিত ছিল। তাদের প্রতিবন্ধকতা ছিল, তাদের সাইকেল কেনার টাকা ছিলনা। আমাদের সরকার তাদের সাইকেল দিতে পেরেছে। আমাদের সরকার আজকে মানুষকে নতুন দিশা দেখাচ্ছে, আর আপনারা দিশাহীন হয়ে যাচ্ছেন। এতদিন মহিলাদের অবজ্ঞা করা হত, মহিলারা সত্যিই অবহেলিত ছিল, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেই মহিলাদের জন্য 'কন্যাশ্রী' প্রকল্প চালু করেছেন। যাদের পরিবার বি.পি.এল তালিকাভুক্ত তারা সেই 'কন্যাশ্রী' প্রকল্পের আওতায় আসবে। ১৩ থেকে ১৮ বছর বয়সের মধ্যে যদি তারা থাকে তাদেরকে মাসে মাসে ভাতা দেওয়া হবে এবং আঠারো বছর বয়স হলে তাকে উচ্চশিক্ষার জন্য ২৫ হাজার টাকা দেওয়া হবে। আমাদের মা-মাটি মানুষের সরকার সেটা বাস্তবায়িত করতে পেরেছে। এই প্রকল্প চালু হলে গ্রামের অনেক কন্যার পিতার মুখে হাঁসি ফুটবে। পরিষেবা অধিকার বিল বলে একটা বিল হাউসে আসছে। আমরা বিভিন্ন অফিসে গিয়ে দেখতে পাই, বিভিন্ন কমিটির চক্রান্তে কর্মচারীরা ব্যাগ রেখে চলে যাচ্ছে, আবার কোথাও দেখা যাচ্ছে ব্যাগ আছে, সীটে মানুষ নেই। একটা কাজের জন্য গ্রামের মানুষ কলকাতায় কত আসবে। দক্ষিণ দিনাজপুর থেকে কলকাতায় আসতে এক রাত্রির সময় লাগে। এই পরিষেবা অধিকার বিল যদি আসে তাহলে অনেক মানুষ সঠিক সময়ে পরিষেবা পাবে। আমি পরিশেষে বলব, ২০১৩-১৪ সালের বাজেট সম্পূর্ণ জনমুখী বাজেট, এই বাজেট মানুষকে নতুন পথ দেখাবে এবং গ্রাম বাংলাকে সোনার বাংলায় পরিণত করবে। আগামী দিনে পশ্চিমবাংলা এগিয়ে যাবে। এই কথা বলে, এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি।

[3.10–3.20 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেবল মেম্বারস, যদি কোন মেম্বার তাঁর প্রথম ভাষণ দেন আপনারা সকলেই জানবেন তাকে maiden speech বলা হয়। তখন ট্রেজারি বেঞ্চ হোক আর অপজিশান বেঞ্চই হোক আপনারা দয়া করে কেউ কাউকে কোনরকম ডিসটার্ব করবেন না। এটা আপনাদের কাছে আমার একটা হাম্বেল রিকোয়েস্ট, প্লিজ।

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, মাননীয় অর্থ মন্ত্রী, ড. অমিত মিত্র ২০১৩-২০১৪ সালের যে বাজেট বিবৃতি এখানে পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি। বিরোধিতা করছি এই কারণের জন্য যে এই বাজেটটা তৈরী হয়েছে সামনের পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে। একটা প্রতারণামূলক বাজেট। সেই জন্য আমি এর বিরোধিতা করছি। ম্যাডাম, আমি যেটা বলতে চেয়েছি সেটা হচ্ছে এই যে, মাননীয় অর্থ মন্ত্রী বলেছেন যে রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে তিনি নাকি একটা ইতিহাস তৈরী করেছেন। এটা ওনার মনে হতে পারে যে উনি হয়তো একটা ইতিহাস তৈরী করেছেন। বাস্তব ঘটনাটা হচ্ছে এই, যে কেন্দ্রীয় সরকার পেট্রো পণ্য ডিজেলের দাম বৃদ্ধির ফলে রাজ্য সরকারের কোষাগারে যে টাকাটা এসেছে - তেলের বিক্রয় কর বাবদ এসেছে ৭০০ কোটি টাকা, কয়লার দাম বৃদ্ধি বাবদ এসেছে ২৮১৬ কোটি টাকা। প্রবেশ কর, যেটা ছিল না। গতবারে উনি এপ্লিকর যেটা করেছিলেন সেখানে এসেছে ১২৫০ কোটি টাকা। আর বিদ্যুতের মাসুল বৃদ্ধির ফলে কিছু টাকা এসেছে। তারপরেও উনি ২০ মাসে প্রায় ২০ হাজার ৫০০ কোটি টাকা ঋণ করেছেন। এবারের বাজেটে উনি আবার ভ্যাটের কতগুলো ক্ষেত্রে একটা হার বৃদ্ধি করবেন, ওয়ান পার্সেন্ট, আমার জিনিসের দাম বাড়বে। সেই কারণে আপনারা এই জনবিরোধী যে বাজেট, এখানে আমি মাননীয় অর্থ মন্ত্রীর কাছে এটা বলতে চাই, এই যে বাজেট উনি পেশ

করেছেন. এই বাজেটের তো একটা অভিমুখ থাকতে হবে। আমরা সবাই এটা জানি একটা বাজেটের তিনটে দিক - একটা হচ্ছে প্রাইমারী সেকশান. সেকেন্ডারী সেকশান টার্শিয়ারী কিম্বা আমরা যেটাকে বলি সার্ভিস সেক্টার। আপনি বাজেটের প্রথমের দিকে যেটা উল্লেখ করেছেন যে বিরাট নাকি উৎপাদন পশ্চিমবাংলায়। হ্যাঁ. আমরা মানছি যে উৎপাদন অনেক বেড়েছে ইত্যাদি ইত্যাদি। তো পশ্চিমবাংলায় এই যে ধানের কিম্বা সব্জীর উৎপাদন বাড়ছে ভিত্তিটা কি? সরকারী বেঞ্চের অনেক সদস্যারা হয়তো বলবেন ৩৪ বছরে কিছু হয়নি. ৩৪ বছরে কিছু হয়নি।। এর ভিত্তিটা আপনদের জেনে রাখা ভাল. এটা আমাদের কথা নয়। পশ্চিমবাংলার বিগত বামফ্রন্ট সরকারের যে কতগুলো বিষয়ে কাজকর্ম American Noam Chomsky, Holland -এর অধ্যক্ষ G.K. Litan আর অমর্ত্য সেনের মত যারা অর্থনীতিবিদ তারা প্রশংসা করে গেছেন। গোটা ভারতবর্ষে আপনারা জেনে রাখুন. গোটা ভারতবর্ষে যেখানে জমি বিলি হয়েছে তার ৫৫ শতাংশ উপকৃতের সংখ্যা হচ্ছে পশ্চিমবাংলার এবং জমি যা বিলি হয়েছে তার শতাংশ. সেটা ২২ শতাংশ হয়েছে পশ্চিমবাংলায়। আপনাদের জেনে রাখা ভাল এটা, যে পশ্চিমবাংলাতে বিগত বামফ্রন্ট সরকারের আমলে ১১ লক্ষ একর জমি ৩০ লক্ষ পরিবারকে পাট্টা দিয়ে চাষ করবার অধিকার দেওয়া হয়েছে। ১৫ লক্ষ বর্গাদারকে তাদের বর্গার অধিকার দিয়ে চাষ করবার অধিকার দেওয়া হয়েছে। এইটা হচ্ছে ভিত্তি। আর তার সঙ্গে সেচ ব্যবস্থার উন্নতির ফলে, আপনি যেটা বলেছেন যে আজকের এই যে উৎপাদন বৃদ্ধি হয়েছে এর মূল ভিত্তিটা হচ্ছে বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার তার কৃষি নীতির জন্যে। এটাকে কেউ আপনারা অস্বীকার করতে পারবেন না। শুধু পরশ বাবু এটা উনি বলছিলেন যে কৃষি বৃদ্ধির হারে আমরা নাকি মাইনাসে চলে গেছিলাম। হ্যাঁ. একটা বছর গেছিলাম। কোন বছর? ২০১০ সাল, খরা হয়েছিল পশ্চিমবাংলায়। আপনি জাতীয় নমুনা সমীক্ষা এবং আমাদের রাজ্য সরকার যে আর্থিক সমীক্ষা বের করেছে, সেখানে দেখুন আপনি একবারে ৭৭সাল থেকে শুরু করে ২০১০-২০১১ এই সময়ের মাঝখানে একটা বছর ছাড়া প্রত্যেকটা বছরের বৃদ্ধির হার ছিল আড়াই থেকে ৪ পার্সেন্ট। আমি বলছি যে এটা, এই যে ভিত্তির ওপরে আমরা দাঁড়িয়ে আছি. এখানে সরকারের অভিমুখটা কি আছে? এই যে সরকার গতবারে ঘোষণা করেছিল, বাজেটেও ছিল, উনি এবারেও বলেছেন ২২ লক্ষ মেট্রিক টন ধান উনি সংগ্রহ করবেন।

গতবারেও নাকি কুড়ি লক্ষ মেট্রিকটন ধান সংগ্রহ হয়েছে। আমি খুব বিনীত ভাবে জিজ্ঞাসা করতে চাই, আমার আগে রবীন্দ্রনাথবাবু বললেন, এটা সত্যি কারের কত পারসেন্ট গতবারে কৃষকদের কাছ থেকে কেনা হয়েছে, আর এবারে কত পারসেন্ট ধান কেনা হয়েছে? আমি সরকারী দলের এম.এল.এ.রা যারা আছেন তাদের জিজ্ঞাসা করেছি যে, আপনি বুকে হাত দিয়ে বলুন দেখি কোন্ জায়গায় সরকারী ব্যবস্থাপনায় ধান কেনা হচ্ছে? একটা-দুটো জায়গাতে কৃষকরা ব্লকে ব্লকে ডেপুটেশন দেওয়ার পর জোর করে, একদিন নামমাত্র কোন জায়গাটা টোকেনে ধান কেনা হয়েছে, নাকি কোথাও ধান কেনা হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী আমি আপনার কাছে বিনীত ভাবে এটাই জানতে চাই, এই সরকার আপনি বলেন, পাঁচবার লেখা আছে, এই সরকার মা-মাটি-মানুষের সরকার, কৃষকের সরকার।। তা আজকে পশ্চিমবাংলার ৭৯ জন কৃষক আত্মহত্যা করলেন। এই কৃষকদের পাশে দাঁড়াবার জন্য আপনাদের কোন আন্তরিক সদিচ্ছা আছে, কোন রাজনৈতিক সদিচ্ছা আছে। আপনি এটা পারতেন। এই যে কতগুলো রাজ্য দেখবেন বিদ্যুতের সেস, ডিজেল, পেট্রোলের দাম বাড়ার পর তার যে সেল্স ট্যাক্স ইত্যাদি অনেক জায়গাতে নেয় তা তুলে দিয়েছে। বামফ্রন্টের আমলেই

এটা করা হয়েছিল। এই সেল ট্যাক্সটা আমরা নিতাম না, তুলে দেওয়া হয়েছে। কৃষকদের ঘাড়ে বাড়তি বোঝা কমাবার জন্য এই উদ্যোগটা নেওয়া হয়েছিল। তা আমি স্যার আপনার কাছে বলতে চাই যে, যেখানে কৃষকরা আত্মহত্যা করছে, সেই কৃষকদের ধান কেনার ব্যাপারে আপনি কোন উদ্যোগ নিতে পারতেন না। দ্বিতীয়ত কথা হচ্ছে যে আলু চাষী। আজকে বলেছেন অনেকেই, সরকারী দলের লোকেরা অনেকেই বলেছেন। আলুর দাম নেই। যেটা শুরু হয়েছে ২৫০ টাকা সেটা আজকে ১৫০-৬০ টাকা কমে গেছে। বামফ্রন্টের আমলে জেনে রাখা লাভ আপনাদের, ৪০০ কোটি টাকা খরচ করে, সাড়ে তিনশো টাকা তখন দাম পড়েছিল ১০০ টাকায়। সরকার কৃষকদের পাশে দাঁড়িয়েছে। সরকার সব আলু কিনতে পারবে এটা আমরা মনে করি না। কিন্তু দামটাকে স্থিতিশীল করার জন্য, দামটাকে ধরে রাখবার জন্য সরকার একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। আপনি কি আপনার বাজেটে - আপনি যখন ভোট অন্ অ্যাকাউন্ট পেশ করবেন সেখানে নতুন করে। অর্থের এই কৃষকদের পাশে দাঁড়াবার জন্য আপনি তখন অর্থের সংস্থান করবেন? আমি আপনার কাছে জানতে চাইছি। তৃতীয় বিষয়টা হচ্ছে এই যে, তিনবার বিদ্যুতের মাসুল বৃদ্ধি করা হল, দাম বাড়ল। তা আপনার কি দৃষ্টিভঙ্গি? কৃষকদের স্বার্থে না কৃষকদের বিরুদ্ধে। আপনি বলবার সময় এই সমস্ত বিষয়গুলো একটা বলবেন। আর একটা বিষয়টা হচ্ছে এই যে, বলছেন অনেকে কৃষাণ ক্রেডিট কার্ড ইত্যাদি বামফ্রন্টের আমলে বহু হয়েছে, ইত্যাদি আছে। কিন্তু আমাদের রাজ্যে কমার্শিয়াল ব্যাংক যা আছে, বাণিজ্যিক ব্যাংকগুলো বাদ দিলে মূল যে কৃষকরা মূলধন বা ঋণের সুযোগটা পেতেন সমবায় - আজকে কি হচ্ছে আপনার। সমবায়গুলো কোন জায়গায় নিয়ে যাচ্ছেন? না, একটার পর একটা অর্ডিনেন্স জারি করে সব সমবায়গুলো আজকে ধ্বংসের মুখে আজকে ফেলে দিয়েছেন। শুধু সমবায়গুলো ধ্বংস হচ্ছে তাই নয়। প্রত্যেকটা জায়গাতে গণতান্ত্রিক যে ব্যবস্থা, গণতান্ত্রিক যে রীতিনীতি সৃষ্টাচার মানুষের নাগরিক অধিকার, গণতান্ত্রিক অধিকার সব কেড়ে নেওয়া হচ্ছে। এ শ্মশানে আপনার উন্নয়ন হবে? শ্মশানে শান্তি হবে? সেই জন্য বলছি, কৃষি ক্ষেত্রে নৈরাজ্য বিশৃঙ্খলা তৈরি হয়েছে, কৃষকরা আত্মহত্যা করছে। একই সঙ্গে আপনি বলেছেন, কৃষাণ মান্ডি তৈরি করা হচ্ছে। কৃষাণ মান্ডি ব্লকে ব্লকে কোলস্টোর তৈরি করা হচ্ছে। আমাদের জেলাতেই -দুই-তিনটে নাম আছে আমি দেখছিলাম। উনি যা উত্তর দিয়েছেন গতকাল তিনজন মেম্বারের একই কোশ্চেন ছিল, একই কোশ্চেন ছিল। ৯৫টা নাকি এই রকম কৃষাণ মান্ডি তৈরি হওয়ার কথা ছিল। একটা কমপ্লিট হয়েছে? ওনার উত্তরে কি আছে? একটাও ওখানে কমপ্লিট হয়নি। বাকি কি বলুন এই ঘুরিয়ে ঘুরিয়ে কথাগুলো বলেন, টেন্ডার প্রসেস, অমুক প্রসেস এইসব গুলো করা হচ্ছে। আসলে কাজের কাজ কিছুই করা হচ্ছে না। আমি এই জন্য সঠিক বলেছি এটা প্রতারণা করার জন্য হয়েছে। একই কথা গতবারে বাজেটে যা ছিল, গতবারে যেমন বলেছিলেন একই কথা ঘুরিয়ে ফিরিয়ে সেগুলো সব উল্লেখ করা হচ্ছে এখানে।

[3·20—3·30 pm]

আপনার কি টারগেট আছে, আপনি কত জমিতে সেচের ব্যবস্থা করতে চান? কোন টারগেট আছে? কালকে শুনছিলাম আজকেও শুনছিলাম জল ধর জল ভর, ঠিক আছে এই রাজ্যে অমুক হচ্ছে তমুক হচ্ছে, হোক, আগেও হয়েছে এখনও এটা হওয়া দরকার আছে। আপনার এটা জেনে রাখা ভাল, আমাদের এই রাজ্যে বামফ্রন্টের আমল থেকে আমাদের রাজ্যে, যেমন ধরুণ বাঁকুড়া

জেলায় দ্বারকেশ্বর গন্ধেশ্বরী নদী আছে, তার জলাধার আছে। এটা নিয়ে অনেক আন্দোলন হয়েছে সেখানে। কেন্দ্রীয় সরকার এই প্রোজেক্টের অনুমোদন দিয়েছেন, পরিবেশ দপ্তর তার ক্লিয়ারেন্স দিয়েছে। কিন্তু আপনার বাজেট বইতে তার এক লাইনও উল্লেখ নেই। সুবর্ণরেখা প্রোজেক্ট, আপনারা জংগল মহলের কথা বলেন, আদিবাসীদের কথা বলেন, এখানে একজন আদিবাসী ভাই এই কথা বলছিলেন, আপনার বাজেটে উল্লেখ আছে? সুবর্ণরেখা নদী সংস্কার হলে লক্ষ লক্ষ জমিতে সেচের সুযোগ হতো। তার কোন উল্লেখ আপনার বাজেট বইতে নেই। কংসাবতী প্রোজেক্ট রয়েছে। আপনাকে বলছি এই সমস্ত বিষয়গুলো নিয়ে একটা জায়গাতে একটা লাইন এই গুলো কি অবস্থার মধ্যে আছে, আপনি বলেন নি। আমি যতটুকু জেনেছিলাম মানস ভুঁঞ্যা নেই, উনি চলে গেলেন, উনি যখন সেচ মন্ত্রী ছিলেন আপনাদের যখন যৌথ সংসার ছিল, তখন দু-একবার মিটিংও হয়েছিল, কি ফরেষ্টের সংগে জমিজমা নিয়ে কিছুটা গোলমাল-টোলমাল ইত্যাদি আছে, তা ট্রান্সফার হয়ে গেলে পরে একটা বিশাল প্রোজেক্ট হবে। কেন্দ্রীয় সরকাট টাকা দেবে বলেছিল, এখনও ওরা অনেক প্রোজেক্টে টাকা দিচ্ছেন, সেই প্রকল্প আপনার বাজেটে, মানে আপনার অভিমুখটা কি আপনার টারগেট কি, আপনি করবেন কি করবেন না তার কোন উল্লেখ নেই। এটা ঠিক যে তিস্তার কাজ হচ্ছে, কেলেঘাই ইত্যাদি এই সব প্রকল্প যা আছে এটা নিয়ে আমাদের কোন বক্তব্য নেই। মূল যে বিষয়টা রয়েছে সেটার উপর একটু গুরুত্ব দেওয়া দরকার। একই সংগে রয়েছে জল সম্পদ উন্নয়ন দপ্তর এর উপর গুরুত্ব দেওয়া দরকার। সত্যিকারের যারা নির্বাচিত সদস্য এমন কি বিধায়ক পর্যন্ত সমস্ত কাজে, এখন এই সমস্ত খেলা হচ্ছে, মেলা হচ্ছে, কোথাও ডাক-খাক নেই, বিরোধী দলের এম.এল.এ রা ডাক পায় না কোথায় কি হচ্ছে ইত্যাদি। সেখানে যে প্রোজেক্ট গুলো হচ্ছে, এই যে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে এই যে গীতাঞ্জলীর ঘর হচ্ছে, এই সমস্ত নানা (গোলমাল) শোনেন না, কথাটা হচ্ছে যে নির্বাচনের মাধ্যমে হার জিত থাকবে, আপনি ওদিকে আছেন এই দিকে আসতে পারেন আবার আমরাও ওই দিকে যেতে পারি এটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে কি নীতি নিয়ে চলবে, এটা। গণতান্ত্রিক রীতি নীতি থাকবে কিনা এটাই হচ্ছে বড় প্রশ্ন। সেখানে প্রোজেক্ট হচ্ছে, দুর্নীতি হচ্ছে, গ্রাম উন্নয়ন, পঞ্চায়েত এটা তো হরিলুটের জায়গা। ভৈরব বাহিনীর লোকেরা নির্বাচিত গ্রাম পঞ্চায়েতের চেয়ার গুলো দখল করে নিয়েছে। একেবারে এস.ডি.ও, বি.ডি.ও থেকে শুরু করে তাদের মুখ বন্ধ করে দেওয়া হচ্ছে। এর লক্ষণটা বুঝবেন। এই যে হরিলুট চলছে, এই ভৈরব বাহিনী ৩০।৪০ টা মটর সাইকেল নিয়ে গ্রামের লোককে হুমকি দিচ্ছে, কোন কিছু বলা যাবে না। এই বিপদটা আপনারা তৈরী করছেন, আগুন নিয়ে যে খেলাটা আপনারা শুরু করেছেন এই আগুনে পুড়তে হবে সবাইকে, এটা কিন্তু মনে রাখবেন। এই জিনিস পশ্চিমবাংলার গ্রামে আপনারা তৈরী করেছেন, এই ২২টা মাসে আপনারা তৈরী করেছেন। আমি যেকথা বলে শেষ করতে চাই সেটা হচ্ছে এই, এই সরকারের নাকি বিশাল দক্ষতা ইত্যাদি। আমি একটা দুটো কথা বলতে চাই। এই যে স্বাস্থ্যের কথা যেটা আলোচনা হচ্ছিল, আমাদের রাজ্যে শিশু মৃত্যুর হারটা আপনার ৩১ শে নেমে এসেছিল, এটা আপনাদের এই ২২ মাসে আপনার ৩২ হয়ে গেছে। এটা একটু সংশোধন করে নেবেন। আর দ্বিতীয় বিষয়টা হচ্ছে এই যে, এই যে মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় বলছেন সুপার ফেসিলিটি হাসপাতাল, মালটি সুপার ফেসালিটি হাসপাতাল ইত্যাদি। আমাদের বাঁকুড়া জেলাতে-এখানে বসেছিলেন, সচিব হয়েছেন মাননীয় অরূপবাবু, আমাদের বন্ধু-কি হয়েছে ওখানে? ভিত্তি প্রস্তর স্থাপন, শিলান্যাস ইত্যাদি হয়ে গেছে। বাজেটে দু-বার উল্লেখ করা ছিল, কাজের কাজ

কিছু হয়েছে? ৭ টা নাকি স্বাস্থ্য জেলা হবে, অনেক গুলো জায়গায়। আমি একটা নাম এখানে উল্লেখ করছি এবং দায়িত্ব নিয়ে কথা গুলো বলছি।

বিষ্ণুপুরে এস.ডি.হসপিটাল জেলা হসপিটালে উন্নীত হবে, তিনশোটি বেড হবে। আমার জেলার মাননীয় মন্ত্রী বসে আছেন। এটা ওনার বিধানসভার মধ্যেই। একটা সাইনবোর্ড টাঙানো হয়েছে, একজন সি.এম.ও.এইচ নিয়োগ হয় নি। ওখানে একটা ইঁট গাঁথুনি হয়নি, কোন ধরণের লোক নিয়োগ হয় নি। সেই জন্য আমি বলছি এই বাজেট ধাপ্পা দেওয়ার বাজেট, প্রতারণার বাজেট। তাই আমি এর বিরোধিতা করে আমার আলোচনা এখানেই শেষ করছি।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, ২০১৩-১৪-মা-মাটি-মানুষের সরকারের প্রতিনিধি মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয়ের প্রস্তাবিত বাজেটের উপর আমাকে বলতে দেওয়ার জন্য আমি কৃতজ্ঞ এবং এই বাজেটকে আমি সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। ভারতবর্ষের বর্তমান শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতির পরিপ্রেক্ষিতে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে ২৬ হাজার ৬৭৪ কোটি টাকা বাজেট বরাদ্দ পেশ করে ড. অমিত মিত্র মহাশয় যে সাহসিকতা, যে নির্ভীক মানসিকতার, দৃঢ় চিত্তের পরিচয় দিয়েছেন, আমি তাঁকে স্যালুট জানাই, তাঁকে কৃতজ্ঞতা জানাই। সঙ্গে সঙ্গে বলি বাংলার কৃষি, শিল্প, স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি যখন ৩৪ বছরের রক্ত পিপাসু বামফ্রন্ট নামক অক্টোপাস দ্বারা বাংলায় মা আক্রান্ত, যখন যন্ত্রণায়, ব্যথায়, বেদানাদীর্ণ, কয়েক লক্ষ বেকারের সমস্যা নিয়ে মা যখন যন্ত্রণায় কাতর, তখন কৃষক থেকে শ্রমিক, শ্রমিক থেকে ছাত্র, আইনের ধারক থেকে বাহক প্রত্যেকে অন্ন, বস্ত্র, বাসস্থানের জন্য প্রতীক্ষারত, তখনই বাংলার মাটিতে মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠার মধ্যে দিয়ে আমরা তাদের চোখের জল মুছিয়ে দেওয়ার প্রতিজ্ঞা নিয়েছি। আমি শরৎচন্দ্রের উদ্ধৃতি থেকে বলতে পারি-

"সংসারে যারা শুধু দিলই, পেল না কিছুই,
যারা দুর্বল, উৎপীড়িত,
মানুষ যাদের চোখের জলের কোন হিসাব নিল না,
দুঃসময় নিরুপায় জীবনে যারা ভেবেই পেল না
এত থেকেও কেন কোন কিছুতেই তাদের অধিকার নেই।"

এদের বেদনাই দিল আমাদের মুখ খুলে। তাই আমরা প্রতিজ্ঞাবদ্ধ, এগিয়ে যাব। সে ৩৪ বছরের বঞ্চনা, অসহায়, নিপীড়িতা মানুষের চোখের জল মুছিয়ে দিয়ে আমরা নিশ্চিত ভাবে এগিয়ে যাব। আমি আমার বিরোধি বন্ধুদের বলব ওই তৃণভোজীদের মত বসে না থেকে ভালোকে ভালো বলতে শিখুন। আর আমি সুভাষ নস্কর মহাশয়কে বলছিলাম, উনি হলদিয়া, হলদিয়া নিয়ে বলছিলেন। আমি নিশ্চয়ই এর পরের ধাপে আসব শিল্প নিয়ে বলতে গিয়ে। আপনি নিশ্চিতভাবে জানেন যে শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা, যে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে, যার জন্য এই বাজেটে আমরা হয়ত সেই অর্থ বরাদ্দ করতে পারি নি, সেটা মাথায় রাখবেন। শুধু রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য আমরা কংগ্রেস বিধায়ক বন্ধুদের বলব এগিয়ে আসুন। আমরা কোর্টে কেস করেছিলাম। আমরা এখানে বিধানসভায় বলেছিলাম, বিতর্কে অংশগ্রহণ করেছিলাম।

তারপরেও কেন্দ্রীয় সরকারের কর্ণপাত হয় নি, ঘুম ভাঙ্গে নি। শুধু রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য। সঙ্গে সঙ্গে বলি, আমি তাদের উদ্দেশ্যেই বলি—

"যথাসাধ্য ভাল বলে, ওগো আরও ভালো।
কোন্ স্বর্গ পরী তুমি করে থাকো আলো।
আরও ভালো কেঁদে বলে আমি থাকি হায়,
কপটমন্য দাম্ভিকের অক্ষম ঈর্ষা।।"

গত বার্ষিক বছরের তুলনায় এই বছরে বরাদ্দ বৃদ্ধি হয়েছে ১৪.১৩%। ২০১২-১৩ পর্যালোচনা করে দেখতে পাই আমাদের আর্থিক অগ্রগতি দুর্বার গতিতে এগিয়ে চলেছে। ভারতে গড় বৃদ্ধির হার যখন ৪.৯৬%, কংগ্রেস বন্ধুরা এবং আবার সূর্যকান্ত মিশ্র মহাশয় এবং আনিসুরবাবুরা শুনে রাখুন, তখন ২০১২-১৩ আমাদের বৃদ্ধির হার এই রাজ্যে ৭.৬%।

[3.30—3.40 pm]

সমগ্র ভারতে যখন কৃষি এবং সব ক্ষেত্রে বৃদ্ধির হার ১.৭৯ শতাংশ তখন কৃষক দরদী বামফ্রন্ট বন্ধুরা যারা চৌত্রিশ বছর ধরে ক্ষমতায় থেকে কৃষক মেরে কৃষক-প্রেম দেখিয়েছেন, যাদের জন্য কিচ্ছু করেননি-তারা জেনে রাখুন, আমাদের এই রাজ্যে ২০১২-১৩ তে বৃদ্ধির হার ২.৫৫ শতাংশ। আর শিল্পের কথা তো আমি বললাম। শিল্পে ভারতবর্ষে বৃদ্ধির হার যখন ৩.১২ শতাংশ তখন এই রাজ্যে এত প্রতিবন্ধকতা সত্ত্বেও শিল্প-স্থাপন করতে যে প্রতিবন্ধকতা তৈরী করা হয়েছে তাতে হলদিয়ায় কয়েক হাজার কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব এসেও শুধু নিষেধাজ্ঞার জন্য গড়ে উঠতে পারেনি। তারপরও আমাদের এই বাংলায় ৬.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। পরিশেষে বলি, ভারতবর্ষের পরিষেবার ক্ষেত্রে ভারতবর্ষের নিরিখে যখন ৬.৫৯ শতাংশ তখন আমার বাংলায় বৃদ্ধির হার ৯.৪১ শতাংশ। আমি জানি, আমার বিরোধী বন্ধুরা তদের রাজনৈতিক স্বার্থের জন্য বা বাধ্য-বাধকতার জন্য সামনে ভালো বলবেন না, বাড়িতে গিয়ে তার সন্তানদের কাছে তার পরিবারের কাছে নিশ্চিত ভাবে বলবেন, আমার দৃঢ় বিশ্বাস। এই মা-মাটি-মানুষের সরকার, মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন সরকার তাদের আগামী দিনের ভবিষ্যত গড়ে দেবে অর্থাৎ আগামী প্রজন্মের দিশারি হবে এই মা-মাটি-মানুষের সরকার। আমরা দেখছি, সংস্কারের মধ্য দিয়ে আমি এগিয়ে চলেছি। রাজস্ব আদায়ের ক্ষেত্রে না দেওয়ার প্রবণতা সত্য ফাঁকি দেওয়ার প্রবণতা, দুর্নীতি, অনিহাকে বিসর্জন দিয়ে মানুষ সত্য-নিষ্ঠ পথে তারা এগিয়ে এসছে। মা-মাটি-মানুষের সরকারের কাজে তারা এগিয়ে তারা সাহায্য করছে। এবার অর্থমন্ত্রীর বাজেটে যে ধাপ-বাই-ধাপ যে অর্থ বরাদ্দ করেছেন সেটা সম্পর্কে নিশ্চয়ই বলব। আমি কৃষি ক্ষেত্রে দেখেছি, ৬৬২ টি কেন্দ্র তৈরী হচ্ছে যেখানে ৩ লক্ষ ২৪ হাজার ২৬১ একর জমিতে এটা তৈরী হবে। আমরা কৃষাণ ক্রেডিট কার্ড-এক্ষুনি মনোরঞ্জনবাবু বলছিলেন, আমরা অনেক দিয়েছি, তবুও তো কৃষক কাদছে আপনাদের সময়ে। আপনারা স্বীকার করে নিচ্ছেন যে, হ্যাঁ, কৃষকের অবস্থা দুর্ব্যবস্থা। মাত্র দু'বছরে কোনো সরকার পারে না এর উন্নয়ন এক ধাপে, এক রাতে এগিয়ে নিয়ে যেতে। একটা ঘর তৈরী হ'তে, তার ছাদে জল ধরে রাখতে সময় লাগে। ঘরের ভিত তৈরী করতে সময় লাগে। আমরা সেই কাজটা করছি। নিশ্চিত ভাবে

ধরে রাখুন, জেনে রাখুন, পাঁচ বছরে আমরা সেটা পারবো। আমরা দেখেছি, কৃষি ক্ষেত্রে পাম্প-সেট বৈদ্যুতিককরণের মাধ্যমে আমরা ৩১১২৫ জন কৃষককে আমরা প্রদান করেছি। আমাদের ব্যয়-বরাদ্দ, এখানে বাজেটে বলা হয়েছে ২৪.৯ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এবার আমি আসি গ্রাম-পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিষয়ে। বাংলার গ্রামের অসহায় নীরিহ মানুষদের ভোট নিয়ে দীর্ঘদিন ক্ষমতায় থেকে জোনাল কমিটি আর ওখানে সিপিএমের লিডাররা অসহায় মানুষদের দাসানুদাসে পরিণত করে রেখেছিল। কিন্তু, ক্ষমতাকে কুক্ষিগত করে রেখেছিলেন। আমার মনে হয়, বাস্তব অভিজ্ঞতাকে দেখে বলি, রবীন্দ্রনাথের 'ডাকঘরে' ঐ অমল আর দৈ-ওয়ালাদের মত এমন কোনো গ্রাম ছিল না যেখানে আমাদের মা-বোন কাঁধে এবং কাঁখে করে কলসি নিয়ে অন্য গ্রামে জল আনতে যেতে হয় না। আর, বামফ্রন্ট সরকারের সৌজন্যে এমন কোনো গ্রাম ছিল না যেখানে এক গ্লাস চোলাই-মদ পাওয়া যেত না। আমরা এম.জি নারেগার মধ্য দিয়ে ২০১২ এবং ২০১৩ তে কেন্দ্রের প্রথম শ্রেণীর ব্যবসাগুলির মধ্যে অগ্রাধিকার পেয়েছি। আমরা প্রথমে এগিয়ে যেতে পেরেছি। আমরা একশো দিনের যে শ্রম-দিবস সেই শ্রম-দিবস তার অতিরিক্ত শ্রম-দিবস তৈরী করতে পেরেছি। আমরা আয়লা ছাড়াও গীতাঞ্জলি, আমার ঠিকানা, অধিকার প্রকল্প-এগুলোতে আমরা কাজ করছি। আমরা '১৩-'১৪ তে ৩ হাজার গ্রামীণ সড়ক তৈরী করার লক্ষ্য রেখেছি।

সেচ ও বন্টনের ব্যাপারে আসি। ২০১২-১৩ অর্থ বর্ষে আমরা তিস্তা ব্যারেজের কাজ হাতে নিয়েছি। আমি নন্দীগ্রামের মেয়ে কাজে কাজেই পূর্ব-মেদিনীপুরের কথা বলতেই হয়। দৃষ্টান্তমূলক। কেলেঘাই-কপালেশ্বরী। ১০২.১ কিলোমিটার সংস্কারের কাজ হাতে নিয়ে তা সম্পূর্ণ করা হবে। আমরা বেলেঘাটা খাল, বাঘজোলা খাল, টালিখাল সংস্কারের কাজ হাতে নিয়েছি।

স্বাস্থ্য এবং পরিবার কল্যাণের কথা বলি। স্বাস্থ্যই সম্পদ। সেদিকে লক্ষ্য রেখে ২০১২-১৩ সালে আমরা কয়েকটি স্বাস্থ্য জেলা তেরী করেছি। বসিরহাট, ডাইমন্ডহারবার, বিষ্ণুপুর, নন্দীগ্রাম, ঝাড়গ্রাম, আসানসোল। 'ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে'। আমরা শিশুমৃত্যু কমানোর জন্য SNCU, NBCC, SNSU তৈরী করেছি। গ্রামের দরিদ্র অসহায় মানুষরা যাতে সঠিক মূল্যে ওষুধ পায় তার জন্য আমরা হসপিটাল ক্যাম্পাসের মধ্যে "ফেয়ার প্রাইস" ওষুধের দোকান সৃষ্টি করেছি। সেখানে আমরা কী দেখব? 48% থেকে 67% MRP-র থেকেও কম দামে তারা ওষুধ পাবে।

আমরা "আশা"র কথা বলি। ঐ বেগুনি রঙের শাড়ী পড়া 'আশা'র মা ও বোনেদের মিছিলে লালঝান্ডা ধরিয়ে দিয়ে অনেক খাটিয়েছেন, অনেক আশা দেখিয়েছেন, আশায় আশায় রেখে তাঁদেরকে আশাহত করেছেন। কিন্তু বাংলার মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জি তাদের ১৩০০ টাকা স্থায়ী অনুদান দেওয়ার কথা ঘোষণা করেছেন। আর, তার জন্য ১২৬০ কোটি টাকা বরাদ্দ করেছেন।

শিক্ষা ব্যবস্থার কথা বলি। ২০১২-১৩ অর্থ বর্ষে আমরা ৩৫৬ টি স্কুলকে উচ্চ-প্রাথমিক, ৪০ টিকে প্রাথমিক বিদ্যালয়ে রূপান্তরিত করেছি। আমরা ৩৪ টি মহিলা হোস্টেল তৈরী করেছি। আমরা ২৬ টি জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক স্কুলে উন্নীত করেছি। আমরা ৪৯৪ টি স্কুলকে উচ্চ-মাধ্যমিক স্কুলে উন্নীত করেছি। আমরা ১ লক্ষ কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছি। অনেকে

বলেছিলেন 'কোথায় কর্মসংস্থানের সুযোগ?' আপনারা জানেননা? আপনাদের পরিবারের ছেলে মেয়েরা SSC পরীক্ষা দেয়নি? ৩১ শে মার্চের মধ্যে হাইকোর্ট বলেছে তারা রেজাল্ট পাবেন। সেখানে কর্মসংস্থানের সুযোগ নেই? প্রাইমারী পরীক্ষা ৩১ শে মার্চ হবে আপনাদের ছেলে-মেয়েরা দেবেনা? আপনারা ভুলে গেছেন? আমি পূর্ব-মেদিনীপুরের মেয়ে। বলি, আমরা ৪ হাজার প্রাইমারী শিক্ষককে ডিসেম্বরে নিয়োগ করেছি।

আমরা সংখ্যালঘুদের কথা বলি। এই সংখ্যালঘুদের যারা ভোট ব্যাঙ্ক হিসাবে দীর্ঘদিন ধরে ব্যবহার করে এসেছেন তারা তাদের জন্য কিছুই করেননি। তারা শুধু এখানে কয়েকজন প্রতিনিধি রেখেছেন। তাই বক্তারা বলেছেন 'পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে'। স্যার, আমরা সংখ্যালঘুদের জন্য, ১০ লক্ষ ছাত্র-ছাত্রীকে, প্রি-ম্যাট্রিক, ম্যাট্রিক, ২৪ হাজার বৃত্তি প্রদান করেছি। ১০০ টাকা উৎসাহ ভাতা দিয়েছি। আমরা মোয়াজ্জম এবং ইমামদের ভাতা দিয়েছি। আমরা সাইকেল দিয়েছি,বাই-সাইকেল, ১ লক্ষ ৬০২টি ছাত্র-ছাত্রীদের, মুসলিম ভাই-বোনদের দেওয়া হয়েছে।

মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট নিশ্চিত ভাবেই আমি দাবি করি আগামীদিনের শুভ সূচনা করবে। আসুন বিতর্ক না করে, বিরোধিতা না করে একসুরে গেয়ে উঠি 'গান গেয়ে আনন্দ মনে ঝেঁটিয়ে দে সব ধুলো যত্ন করে দূর করে দে আবর্জনাগুলো, জল ছিটিয়ে ফুলগুলো রাখ সাঁজিখানি তোর ভরে, আসনটি তার সাঁজিয়ে দে ভাই মনের মত করে'।

[3.40–3.50 pm]

পরিশেষে বলি যারা আজকে মমতা ব্যানার্জীর বিরুদ্ধে-সুভাষ নস্কর মহাশয় বক্তব্যের প্রথম থেকে শেষ পর্যন্ত শুধু দিদির কেন সততা বলা হচ্ছে, শুনতে পাচ্ছেন না তার উদ্দেশ্যে আর একটা বলি, "যে তোরে পাগল বলে তারে তুই বলিস নে কিছুই, আজ যে তোরে পাগল বলে, অঙ্গে যে তোর ধুলো দেবে কাল সে তোরে মালা হাতে আসবে রে তোর পিছু পিছু।" নমস্কার।

শ্রী আনন্দময় মন্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী মহাশয় গত ১১.৩.১৩ তারিখে যে বাজেট বিবৃতি পেশ করেছেন আমি মনে করি সেটা বিভ্রান্তিকর এবং দিশাহীন। আমি এই বাজেটের শেষের দিক থেকে শুরু করতে চাইছি, শেষের শুরু। এখানে কন্যাশ্রী, লোক পরিষেবা অধিকার বিল, যুব উৎসাহ প্রকল্প আরো আছে কিছু। এগুলো আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় যাচ্ছেন, বক্তৃতা করছেন আর আমাদের অর্থমন্ত্রী মহাশয় সেগুলোকে বাজেটের অন্তর্ভুক্তি করেছেন নতুন উদ্যোগ হিসাবে। কিন্তু এরজন্য কোন অর্থ বরাদ্দের ব্যবস্থা-এসব রূপায়ণ করতে গেলে যে অর্থ বরাদ্দ দরকার-তার এখানে পরিষ্কার করা নেই, মানে তিনি বলেন নি। আর বলেছেন এর মধ্যে এই যুব উৎসাহ প্রকল্প যে ১ লক্ষ বেকারকে দেড় হাজার করে মাসে মাসে দেওয়া হবে। কারণ পেট্রোল, ডিজেল, এল.পি.জি.র মূল্যবৃদ্ধির ফলে তাদের জীবনে নৈরাশ্য, হতাশা গভীরভাবে বেড়েছে ইত্যাদি। আমি মনে করি এটা দেওয়া উচিত। পেট্রোল ডিজেলের মূল্যবৃদ্ধির আমরাও বিরুদ্ধে। কিন্তু এরজন্য কোন আর্থিক বরাদ্দ নেই। আর তারা নামটা লেখাবেন কোথায়? এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে। তো নাম লেখানোর হিড়িক উঠবে, যেহেতু বেকারভাতা পাওয়া যাবে। লক্ষ লক্ষ যুবক যুবতী নাম লেখাবেন। এটা বাছাই হবে কিভাবে? কোন নিরিখে? এমপ্লয়মেন্ট

এক্সচেঞ্জ যেখানে বহু আগে থেকে যুবক যুবতীরা নাম লিখিয়েছেন। সেটাকে উপেক্ষা করা হবে কেন? এটা কিন্তু অর্থমন্ত্রী মহাশয় বলেননি। আমি যে বিষয়টা বলতে চাইছি সেটা হচ্ছে এই যে, আমাদের এই বিধানসভায় কেন্দ্রের ইউপিএ সরকার থেকে সরে আসার পর একটা প্রস্তাব সরকারি পক্ষ থেকে এখানে এসেছিল। তাতে এফ.ডি.আই.এর বিরোধিতা করে এবং ডিজেলের মূল্যবৃদ্ধি, এল.পি.জি. গ্যাসের মূল্যবৃদ্ধি এবং তার কোটা কমানোর ব্যাপার নিয়ে। তার বিরুদ্ধে এসেছে, আশা উচিত। তো আমি বলি, ডিজেল, পেট্রোলের মূল্যবৃদ্ধি হলে, এল.পি.জি. গ্যাসের দাম বেড়ে গেলে এটা একটা চাপ, কিন্তু আমাদের রাজ্য সরকার যে কারণে ওখান থেকে সরে এলেন আর এখানে প্রস্তাব ফেস করলেন তারাই কিন্তু সেস কর, সার চার্জ, তার থেকে যেটা ৩ হাজার কোটি টাকার উপর সেটাও কিন্তু নিচ্ছেন। আবার ভ্যাট ওয়ান পারসেন্ট বাড়িয়েছেন। ফলে সমস্ত জিনিসপত্রের দাম বাড়বে। কিন্তু ভ্যাটের উপর থেকে কত টাকা? ভ্যাট এক পারসেন্ট বাড়িয়ে আসবে-উনি অনেক তথ্য টথ্য এখানে দিয়েছেন কিন্তু সে কথাটা উল্লেখ করেননি। এর পর একটা বিষয় বলি - ইমামদের আর মোয়াজ্জেমদের কিছু ভাতার ব্যবস্থা করা হয়েছে। কত করে দেওয়া হয়েছে, ক' মাস দেওয়া হয়েছে, মোট টাকা কত–এটার উল্লেখ নেই। আমি বলি, গ্রামেগঞ্জে প্রশ্ন উঠছে। আমার প্রশ্নটা সনাতন নয়, মুসলিম সম্প্রদায়ের ছেলেমেয়েদের শিক্ষার অগ্রগতি হোক, চাকরি বাকরি বেশি হোক এটা আমি অবশ্যই চাই। কিন্তু প্রশ্ন উঠে গেছে অন্য সম্প্রদায়ের মধ্যে যারা এই ধরনের কাজ করেন তাদের সম্পর্কে সরকার ভাবনাচিন্তা করছেন কিনা?

মাননীয় অর্থমন্ত্রী আশা করি এই ব্যাপারে জবাব দেবেন কারণ আমাদের দেশটা কিন্তু ধর্মনিরপেক্ষ। এরপরে একটা কথা বলি, সুন্দরবন আয়লা বিধ্বস্ত এই বাজেট বিবৃতির মধ্যে আছে যে এবারে ২০ কিমি কাজ শেষ হবে। ভাঙ্গনপ্রবন নদীবাঁধ কত? ৭৭৮ কিলো মিটার। মোট নদীবাঁধ কত সুন্দরবনের? সাড়ে ৩ হাজার কিলোমিটার। তারমধ্যে ২০ কিলোমিটার হবে। আমি জিজ্ঞাসা করি, গত বছর এই বিধানসভার শুরুতে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, জমিদাতা পরিবার, নদীবাঁধের জন্য যারা জমি দেবেন সেই পরিবারের ছেলেমেয়েদের চাকরি দেওয়া হবে। সেই সম্পর্কে দু-দুটো বাজেট চলে গেল, এবারের বাজেটেও কিন্তু মাননীয় অর্থমন্ত্রী মহাশয় কোন আলোকপাত করেন নি। আমি আশা করবো এই ব্যাপারে সরকারের চিন্তাভাবনা কি তিনি বলবেন। এখানে পরিসংখ্যান দিয়েছেন ১০ লক্ষ কর্মসৃষ্টির লক্ষ্য। সেটা বেড়ে গিয়ে ১০ লক্ষ ২৪ হাজার ৫২১ একেবারে হিসাবে এবং আগামীদিনের জন্য কত ধরলেন ১৩ লক্ষ ১৪ হাজার। আমার জিজ্ঞাসা এই কর্মসংস্থানটি কি ধরনের? সরকারী কাজ নিশ্চয় নয়, কারণ চাকরীতে লোক নিতে গেলে তার বিজ্ঞাপন হয় তার ইন্টারভিউ হয়—সেটা নিশ্চয় নয় এর থেকে এটা বোঝা যায়। এটা কি ধরনের কর্মসংস্থান, সেটা বলবেন। এই কর্মসংস্থান কি ধরনের কর্ম সংস্থান? কোথায়, কত লোক, কিভাবে তাদের কর্ম সংস্থান হয়েছে আশা করি সংখ্যাটা যখন উনি দিয়েছেন এটা জানানোর দায়িত্বটা তার আশা করি সেটা জানাবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, ১০ হাজার মাদ্রাসা অনুমোদন করা হবে কিন্তু আমার জানার ইচ্ছা কটা নতুন মাদ্রাসা অনুমোদিত হয়েছে এই সরকারের আমলে এবং মাদ্রাসায় কতজন চাকরি পেয়েছেন, চাকরি কতজনকে দেওয়া হয়েছে। এই নিয়ে অনেক ব্যাপার আছে। উনি তো বলছেন ৯০ ভাগ কাজ করে ফেলেছি আশাকরি সেই ৯০ ভাগের মধ্যে যদি ইমাম এবং মোয়াজ্জিনদের ভাতা দিয়ে ৯০ ভাগ হয়, নাকি আরো কিছু করেছেন সেটা আশা করি তিনি বলবেন। প্রাইমারিতে, উচ্চ প্রাইমারিতে, মাধ্যমিকে, উচ্চমাধ্যমিকে নিয়োগ চলছে বলেছেন, এটা কি সত্যি?

আমার মনে হয় না। এই বিষয়ে তিনি আশাকরি আলোকপাত করবেন। আর উনি বলেছিলেন, পাহাড় হাসছে কিন্তু এখন পাহাড় কাঁদছে। পাহাড়ের উন্নয়নের বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই বাজেট বিবৃতিতে কিছুই বলেননি। আর একটা বিষয় আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, বড় শিল্প হবার সম্ভাবনা নেই। কারণ শিল্পের জন্য জমি লাগবে। জোর করে জমি নেওয়ার পক্ষপাতী আমরা যেমন নই, তার জন্য ল্যান্ড ম্যাপ হোক, ল্যান্ড ব্যাংক হোক যাই বলুন করতে হবে। শিল্পের জন্য জমি দেওয়ার ব্যাপারে সরকারের কিছু ভূমিকা থাকবে তা না হলে ল্যান্ড মাফিয়া সর্বনাশ করে দেবে। আর এই জমি দিতে না পারলে শিল্প কিন্তু হবে না, রাজস্ব হবে না, চাকরি-বাকরিও হবে না। সেই সম্পর্কে এখানে বিশদভাবে কিছু বলা নেই। কৃষি - আমাদের রাজ্যে বহু কৃষক আত্মহত্যা করেছে এই পর্যন্ত। আর আপনারা শুনলেন মিল মালিকদের দিয়ে ধান কেনানো হচ্ছে, চেক বাউন্স হচ্ছে। তারা যখন বিক্ষোভ প্রদর্শন করছেন তখন মাননীয়া মুখ্যমন্ত্রী অন্য খাত থেকে টাকা নিয়ে তাদের ডেকে টাকা দিচ্ছেন। ধান বিক্রি করে এক বছর টাকা পাবে না, তার সংসারের অন্যান্য খরচ সংকুলান করতে পারবে না। এতো হয় না। সুতরাং এই রকম একটা পরিস্থিতি যেখানে, যেখানে উৎপাদনের খরচ বেড়েছে, সারের দাম, ডিজেলের দাম, বীজের দাম, কৃষি যন্ত্রপাতির দাম বেড়েছে, উৎপাদন খরচ বেড়েছে। কৃষক যদি ফসলের ন্যায্য দাম না পায় তাহলে আত্মহত্যা করবে এবং সেটাই ঘটেছে। ঋণগ্রস্থ কৃষক আত্মহত্যা করছে।

[3.50–4.00 p.m.]

এই আত্মহত্যার মুখে দাঁড়িয়ে আপনার খাদ্যভাণ্ডার যেটুকু সংগ্রহ করেছেন তা গিয়ে উপচে পড়তে পারে কিন্তু কৃষির অগ্রগতি ঘটেনা, যদি এই আত্মহত্যার মুখে দাঁড়িয়ে নতুন নীতি গ্রহণ না করা যায়। আর সেটা হচ্ছে উৎপাদনে ভর্তুকি, কৃষকের ফসলের লাভজনক দাম পাইয়ে দেওয়ার ব্যবস্থা করা, সেচ সেবিত এলাকা বৃদ্ধি করা এবং বাজারে ফোঁড়ে, কালোবাজারী, মজুতদার, তাদের যে চষে বেড়ানোর সুযোগ হয়েছে, সেটাকে বন্ধ করে দেওয়া। যদি এটা করতে না পারেন তাহলে কৃষককে বাঁচাতে পারবেন না। আর আপনি যা কিনেছেন তাই দিয়ে আপনার শস্যভান্ডার পূর্ণ হবে, মূলতঃ কৃষি উৎপাদন বাড়বে না, সমস্যা কিন্তু থেকে যাবে। পরিশেষে আমি যে কথাটা বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী, আমরা জানি ঋণ নিতে হয়, ঋণ আপনাকে নিতে হবে, উপায় নেই। আগের সরকার নিয়েছে আপনারাও নেবেন। রাজ্যের জনগণের আশা-আকাঙ্খা পূরণ করতে গেলে ঋণ নিতে হবে। কিন্তু ক্ষুদ্র সঞ্চয় যেটা ছিল স্বল্প সঞ্চয়, দুবছর আগে প্রথম স্থানে আমরা ছিলাম। এখন আমরা অনেক নিচে নেমে গেছি। সে বিষয়ে গুরুত্ব দিন। সুতরাং আমি এই বাজেটের বিরোধিতা করে অন্য কথা বলার থাকলেও আমি বিস্তারিত না গিয়ে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল চন্দ্র মন্ডল : মাননীয় চেয়ারম্যান সাহেব আপনার মাধ্যমে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয় ১১ই মার্চ ২০১৩, যে বাজেট পেশ করেছেন, আমাদের মোট বাজেটের অংকের চেয়ে ২৬,৬৭৪ কোটি টাকা, প্রস্তাব যেটা রেখেছেন, আমি এই প্রস্তাবের সমর্থনে তাঁকে ধন্যবাদ জানিয়ে আমার সংক্ষিপ্ত বক্তব্য পরিবেশন করব। আমি মনে করি এই বাজেট এক দিশার বাজেট, যেটা বাংলার মানুষকে নতুন করে একটি দিশা দেখাবে। এই বাজেট সমাজের সর্বস্তরের মানুষের উন্নয়নের এবং বিকাশের বাজেট। আমাদের যে বাজেট এখানে পেশ হয়েছে,

সমাজের সর্বস্তরের মানুষ, বিশেষ করে পিছিয়ে পড়া তফশিলী সম্প্রদায়, তফশিলী উপজাতি, ও.বি.সি এবং সংখ্যালঘু মানুষদের এক উন্নয়নের বাজেট। আমি আবার ওনার বাজেটকে সমর্থন করে এবং তারিফ করে আমার সংক্ষিপ্ত বক্তব্য শুরু করছি। একটা বিষয় আজকে বিরোধী যারা আছেন তারা এই বাজেটকে বিভিন্নভাবে সমালোচনা করে এবং আগের বছরের উন্নয়নের যে দিশা, যে সমস্ত বক্তব্য তিনি রেখেছেন, তাদের বিরোধিতা করে যে সমস্ত বক্তব্য রাখছেন, আমি মনে করি এটা বিরোধিতা করার জন্যই তাঁরা বক্তব্য রাখছেন। তার কারণ উনি আগামী দিনের উন্নয়নের যে দিশা বাজেটে রেখেছেন প্রত্যেকটি দপ্তরের ক্ষেত্রে, একটা উদাহরণ দিয়ে তিনি বলেছেন যে আমরা আমাদের সর্বভারতীয় ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বা কেন্দ্রীয় সরকারের এই বাজেটে তাদের উন্নয়নের যে গড় এবং কি অবস্থায় আছে, সেখানে তুলনা করে উনি রাজ্যের গড় উন্নয়ন দেখিয়েছেন। এখানে বলেছেন যে উৎপাদন বৃদ্ধি কৃষির সহযোগী ক্ষেত্রে আমাদের কেন্দ্রের যে গড় আছে ২০১২-১৩, তাকে ছাপিয়ে গিয়ে উনি বলেছেন যেখানে কেন্দ্রের গড় ৪.৯৬%, সেখানে বাংলার বৃদ্ধির গড় ৭.৬%। এটা ওনার কথা নয় এটা Central Statistical Organization বা statistics থেকে এটা প্রাপ্ত খবর। তবে আমরা দেখতে পারছি যে গত দিনের কাজকর্ম, যে বাজেট বা উন্নয়ন হয়েছে তাতে প্রমাণ হয়েছে যে কাজের গতি অনেক বেড়েছে, উন্নয়নের গতি অনেক বেড়েছে। আবার আর একটা বিষয় কৃষি ও সহায়ক ক্ষেত্রে ভারতের বৃদ্ধির হার ১.৭৯% এবং আমাদের প্রিয় বাংলার বৃদ্ধির হার ২.৫৬%। তাহলে কৃষির ক্ষেত্রে সেটাও দেখতে পারছি যে সর্ব ভারতীয় ক্ষেত্রের থেকে বাংলার উন্নয়ন। তাহলে এই শতাংশ এসেছে - আমাদের যারা বিরোধী আছেন তাদের বোঝা উচিত বাংলার ধীরে ধীরে উন্নয়ন গতি বেড়েছে এবং উন্নয়ন হচ্ছে এবং পরিষেবা ক্ষেত্রে ভারতের বৃদ্ধি ৬.৬৯% এবং আমাদের প্রিয় বাংলার বৃদ্ধির হার ৯.৪৮%। এটা নিয়ে আমরা এখান থেকে কি মনে করতে পারি? বাংলার উন্নয়ন হচ্ছে। একটু আগে আমি কিছু কিছু বিষয় যেটা আমাদের মাননীয় বিরোধী দলের সদস্যারা বলছিলেন যে, আমাদের সরকার যে সমস্ত ক্রিয়াকাজ গুলি করছে সেখানে বিরোধীদের ডেকে বা তাদের মতামত বা তাদের কোন চেয়ারে রাখা হচ্ছে না। এ ব্যাপারে আমি বলব এই পথটাতো আপনারাই দেখিয়েছেন। দীর্ঘ ৩৪-৩৫ বছর ধরে এই ব্যাপারটা আপনারাই আরোপ করেছেন। আমি একটা উদাহরণ দিচ্ছি, সোনারপুরে একটা ওভার ব্রিজ তৈরি করার জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ১০ লক্ষ টাকা দিয়েছিলেন। তিনি সেই সময় রেলের দপ্তর থেকে অনুমোদন করিয়ে দিয়েছিলেন। সেই ব্রিজ যখন উদ্বোধন হল তখন সেখানে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু এবং আরো তাদের সমর্থকরা গেলেন কিন্তু সেখানে মমতা ব্যানার্জীকে সেই এলাকার সাংসদ, তার টাকা সেখানে আছে তবু ডাকা হল না। আমি একটা উদাহরণ দিলাম। ৩৫ বছর ধরে বিরোধী দলের লোকদের আপনারা সব সময় সরিয়ে রেখেছিলেন। পাপের ফলাতো ফলে। দীর্ঘ ৩৫ বছর ধরে আপনারা সরিয়ে রেখেছিলেন এখন আপনাদের সরে থাকতে হবে। এখন দুঃখ করলে হবে না। যাইহোক আমরা এবারে বাজেটের কথা তুলে ধরতে চাই। এখানে বেশি বলার অবকাশ নেই, আমারতো ১০-১২ মিনিট সময় আছে। আমি এই কথা বলতে চাই যে, ৩ হাজার ২০৩.৭২ কোটি টাকা শিক্ষাখাতে, ২ হাজার ৯৯০.৩৭ কোটি টাকা পঞ্চায়েত এবং গ্রামীণ উন্নয়ন খাতে, ১ হাজার ৭২৭.৫০ কোটি টাকা সেচ ও উন্নয়ন এবং জলবন্টন খাতে এই কয়েকটা বিষয়ে আমি আপাতত বলছি যে, শিক্ষাখাতে আমাদের সরকার মাধ্যমিক স্কুল এবং উচ্চ-মাধ্যমিক স্কুল নতুন নতুন ভাবে যেভাবে অনুমোদন বাড়িয়েছে যা দীর্ঘ ৩৫ বছর ধরে সারা বাংলায় কত স্কুল অনুমোদনের অপেক্ষা করেছিল।

[4·00–4·10 p.m.]

আজকে সেই ক্ষেত্রে ছাত্র সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে আমি একটু সংখ্যা তত্ত্ব দেখে বলছি যে, রাজ্য সরকার ৩৫৬টা নতুন উচ্চ প্রাথমিক বিদ্যালয় এবং ৪০টি নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন। সরকার ৪৯৪টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে এবং ৬২ টি জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করেছে। জঙ্গলমহলের মধ্যে রাজ্যসরকার ৩৪টি বালিকাদের হোস্টেল তৈরীর কাজে হাত দিয়েছে। আবার এই বিদ্যালয়গুলো কিভাবে ভালো করে চলবে - আপনারা দেখতে পাচ্ছেন অনেকে বলছেন যে, এইটাই আমাদের হাউসের সবার কাছে এটা প্রশ্ন যে, সরকার যখন কোন প্রকল্প ঘোষণা করে, আমরা কি সঙ্গে সঙ্গে তার ফল পাই? প্রকল্পের জন্য টাকার জোগাড় হবে, পরিকল্পনা হবে, ঘোষণা হবে, সেগুলো বাস্তবায়ন হবে-সেগুলো একদিনে হবে না। কাজে কাজেই এই যে সমস্ত আজকে শিক্ষকদের তাদের অ্যাপয়েনমেন্ট করতে গেলে তাদের বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে যে শিক্ষক নিয়োগ হবে সেগুলো আপনারা দেখতে পাচ্ছেন ৩৯ হাজার ৫৫৯ জন প্রাথমিক শিক্ষক, ১৪ হাজার ৭৫০টি মাধ্যমিক শিক্ষক এবং ২০০০টি উচ্চমাধ্যমিক শিক্ষক পদে নিয়োগের কাজ চলছে। বিশেষ করে আমাদের মুখ্যমন্ত্রী, যিনি সামাজিক সুরক্ষার কথা ভেবে আমরা দেখতে পাচ্ছি যে ভ্যাট এর ১% বৃদ্ধি করে কন্যাশ্রী এবং বেকার যুবকদের জন্য ব্যবস্থা করেছেন এবং সামগ্রিকভাবে আমাদের অর্থমন্ত্রী আজকে বাজেটের উপরে বিভিন্ন খাতে যে টাকা বরাদ্দ করেছেন আমি তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আখরুজ্জামান - মাননীয় চেয়ারম্যান সাহেব গত ১১ তারিখে মাননীয় অর্থমন্ত্রী এই মহতী সভায় যে বাজেট পেশ করেছেন, আমি মনে করি এটা সম্পূর্ণ পরিকল্পনা বিহীন বাজেট। পরিকল্পনাবিহীন বাজেট বলতে গিয়ে একটি কথা আমার মনে পড়ে গেল। তখন সবে আমরা হাতে হাত মিলিয়ে ৩৪ বছরের বাম শাসনের অপশাসনকে রুখে দিয়ে বাংলায় নতুন সরকারের অঙ্গীকার নিয়ে আমরা এগিয়ে চলেছিলাম। এইরকম একটি সময়ে মধ্যরাত্রে ভারত সরকারের প্রাক্তন অর্থমন্ত্রী প্রণব মুখার্জীর বাড়িতে আমাদের এই অর্থ মন্ত্রীর সঙ্গে আমার দেখা হয়। উনি যখন অর্থমন্ত্রির কাছ থেকে বাইরে বেরিয়ে আসেন, তখন আমি ওনাকে জিজ্ঞাসা করলাম স্যার, আলাপ আলোচনা কেমন হল, আমাদের বাংলার অর্থনীতি কি পর্যায়ে দাঁড়াল? উনি আমাকে বললেন যে, প্রণব মুখার্জীকে যখন আমি বোঝাই, সবই বুঝে যায়। আর আমি বেরিয়ে আসলে অফিসাররা ওনাকে কি যে বোঝায় বুঝতে পারি না। পরবর্তীকালে যখনই আমি আমাদের সেই ভারত সরকারের অর্থমন্ত্রীর কাছে জানতে চাইলাম অমিত মিত্র এখনই বেরিয়ে গেলেন - ওনার এই ধরনের উক্তি। তখন উনি বললেন যে, আমি বাংলার সু-সন্তান হয়ে আজকে ভারতবর্ষের অর্থমন্ত্রী। আমাকে শুধু বাংলার কথা ভাবলে হবে না। বাংলার প্রতি আমার টান থাকলেও আজকে সরকারের যে রেসিও তাতে পশ্চিমবঙ্গ সরকারের পরিকল্পনাবিহীন, ওদের কোনরকম পরিকল্পনা না থাকার কারণে ..... আমরা একাধিকবার তাদের পরিকল্পনা যোজনা কমিশনের মাধ্যমে এবং বিভিন্ন পরিকল্পনা খাতে কেন্দ্র-রাজ্য যে সমন্বয়ে টাকা নেওয়া যায় বলা সত্ত্বেও তারা পরিকল্পনা বিহীন ভাবে এগোচ্ছে বলে আমার ইচ্ছা থাকা সত্ত্বেও আমি পশ্চিমবঙ্গকে সেইরকম যতটা আশা করছে, সেই সহযোগিতা করতে পারছি না। এই বাজেট দেখে আজকে আমার মনে হচ্ছে সেই সময় ভারতের অর্থমন্ত্রী সঠিক কথা বলেছিলেন। এই বাজেট পরিকল্পনাহীন বাজেট বলে আমি মনে করি। আমি এই বাজেটের

মধ্যে যাব তার কারণ প্রথম দিকে এই মহতিসদনে সংখ্যালঘু উন্নয়ন নিয়ে অনেক কথা বলা হয়েছে। বাংলার মুখ্যমন্ত্রীকে বিভিন্ন অনুষ্ঠানে সংখ্যালঘু ভাইদের মন জয় করবার জন্য তালে তাল মিলিয়ে যেতে দেখেছি। আমরা দেখেছি বিগত ৩৪ বছর বাম সরকারের আমলে সংখ্যালঘু ভাইদের বিভ্রান্ত করে তাদের ভুল বুঝিয়ে তারা ৩৪ বছর ভোটার হিসেবে রাজনৈতিক ভাবে ব্যবহার করেছেন। আমরা পশ্চিমবঙ্গের নতুন সরকারের এই বাজেটে লক্ষ্য করছি, যারা আমাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে নতুন বাংলা গড়ার শপথ নিয়েছিলেন, সেই সরকারকেও লক্ষ্য করছি এরা মুসলিম থেকে শুরু করে সংখ্যালঘু ভাইদের একটা বোকা বানানোর এবং ভাঁওতা দেওয়ার চেষ্টা করছে। এই বাজেটে সংখ্যালঘু উন্নয়নের কোন দিশা দেখতে পাচ্ছি না। গত বাজেট স্কুল ও মাদ্রাসার ১০ লক্ষ ছাত্র-ছাত্রী প্রি-ম্যাট্রিক এবং পোষ্ট ম্যাট্রিক বৃত্তি প্রদান -এর প্রস্তাব রেখেছিলেন। আপনারা বলছেন ১০ লক্ষ ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদান করা হয়েছে, যা এক সর্বকালীন রেকর্ড। আমি এখানে অর্থ মন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাই আপনি যে ১০ লক্ষ টার্গেট নিয়ে গিয়েছিলেন, ১০ লক্ষ ছাত্র-ছাত্রীদের আপনি বৃত্তি দিয়েছেন, কত টাকা করে বৃত্তি দিয়েছেন এবং এই টাকাটা কোথা থেকে এসেছে - আমরা এখানে কথায় কথায় শুনতে পাচ্ছি কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না, বিগত সরকার যে কথা বলতেন, এই সরকারের মুখে সেই প্রতিধ্বনী শুনতে পাচ্ছি - এই টাকাটা কোথা থেকে এসেছে সেটা যদি মাননীয় অর্থ মন্ত্রী তার জবাবী ভাষণের সময় ক্লিয়ার করেন তাহলে আমরা খুশি হব। এখানে আবার বলেছেন সংখ্যালঘু সম্প্রদায়ের গরিব এবং দুস্থ ছাত্র-ছাত্রীদের ১০০ টাকা প্রতিমাসে উৎসাহ ভাতা দেওয়া ও ১ লক্ষ ৫৭২৬ জন ছাত্র-ছাত্রী এই উৎসাহ ভাতার সুযোগ পেয়েছে। আমরা মনে করি এইভাবে মুসলিম সম্প্রদায়ের বা সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন করা যায় না। সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন করতে গেলে একটা সঠিক পরিকল্পনা নিয়ে এগোতে হবে। আমি এই হাউসে দাঁড়িয়ে বলছি আমি যে জেলা থেকে প্রতিনিধিত্ব করছি মুর্শিদাবাদ জেলা, এই জেলাতে ভারতবর্ষের মধ্যে সবথেকে বেশি সংখ্যালঘু সম্প্রদায়ের বসবাস। আপনারা শুনে আশ্চর্য হবেন মুর্শিদাবাদে সব থেকে বেশি সংখ্যালঘু সম্প্রদায়ের বসবাস হওয়া সত্ত্বেও, আজকে জনসংখ্যার ভিত্তিতে আমরা যদি পুরুলিয়ায় যাই সেখানে দেখতে পাব ৮৫৮ জন মাথাপিছু একটা প্রাইমারি স্কুল রয়েছে, অথচ মুর্শিদাবাদ জেলায় ১ হাজার ৮৫৭ জন মানুষ প্রতি একটি প্রাইমারি স্কুল আছে। তখনই একটি সম্প্রদায় এগিয়ে যায়, যখন একটা সম্প্রদায়কে আধুনিক শিক্ষায় শিক্ষিত করা যায়। এখানে মুসলিম সম্প্রদায়কে ভাতা দিয়ে, বৃত্তিমূলক ভাতা দিয়ে উন্নয়ন করা যাবে না। আমি মনে করি এই সরকার মুসলিম সম্প্রদায়ের বা সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের জন্য উচ্চ শিক্ষা থেকে শুরু করে আধুনিক শিক্ষার কি কি পরিকল্পনা করেছেন তা যদি বলেন তাহলে ভালো হয়। আমি একটা তথ্য দিলাম মুর্শিদাবাদ জেলা হচ্ছে ভারতবর্ষের মধ্যে সব থেকে বেশি সংখ্যালঘু সম্প্রদায়ের বসবাসকারি জেলা। সেখানে ১ হাজার ৮৫৭ জন পিছু একটি প্রাইমারি স্কুল আছে। আর পুরুলিয়ায় ৮৫৮ জন প্রতি একটা প্রাইমারি স্কুল আছে। বামফ্রন্টের আমলে যা ছিল, এই সরকারের আমলেও তাই দেখেছি। সংখ্যালঘু এলাকার মানুষের জন্য যদি আধুনিক শিক্ষার কোন ব্যবস্থা নিয়ে থাকেন তাহলে আমি মনে করব সঠিক ভাবে সংখ্যালঘু সম্প্রদায়ের কথা ভাবছেন। আমরা দেখছি বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন সভায় বক্তব্য রাখছেন। কি বলছেন? ১০ হাজার মাদ্রাসাকে অ্যাপ্রুভাল দেওয়া হল। ১০ হাজার কোন্ মাদ্রাসাকে অ্যাপ্রুভাল দিয়েছেন? কে দিয়েছে? মাদ্রাসা বোর্ড দিয়েছে, না ওয়াকফ বোর্ড দিয়েছে, না মাইনরিটি ফাইনান্স কমিশন দিয়েছে, না রাজ্যসরকার দিয়েছে -এর

কোন সদুত্তর পাইনি। আমরা এখানে জানতে চাই বাংলার বুকে ১০ হাজার যে মাদ্রাসাকে অ্যাপ্রুভাল দেওয়া হয়েছে কোন মাদ্রাসা গুলোকে? আমরা বিভিন্ন জায়গায় খোঁজখবর নিয়ে দেখেছি ১০ হাজার মাদ্রাসা অ্যাপ্রুভালের জন্য অ্যাপলিকেশন করেনি।

[4.10–4.20 p.m.]

আজকে সংখ্যালঘু ভাইদের বিভ্রান্ত করার জন্য বিগত বামফ্রন্ট সরকার রাজনীতির স্বার্থে যেমন তাদেরকে ব্যবহার করেছিলেন, আজকে আমরা দেখছি এই সরকারও সেইভাবে সংখ্যালঘু সম্প্রদায়কে বিভ্রান্ত করে অন্যায়ের পথে বিপথে চালিত করছে। আমরা পরবর্তীকালে দেখলাম যে এখানে মোয়াজ্জেন এবং ইমাম ভাতা সম্পর্কে পরিষ্কারভাবে কিছু বলা নেই। কতজন ইমামকে আপনারা কত ভাতা দিয়েছেন এবং ভাতা বৃদ্ধির আর কি রকম পরিকল্পনা নিয়েছেন। আমি মনে করি মোয়াজ্জেন ও ইমাম ভাতার মধ্য দিয়ে গ্রামীণ বাংলায় মুসলিম সম্প্রদায়ের মধ্যে একটা বিভ্রান্তিমূলক এবং ভ্রাতৃত্বের যে ভাব ছিল সেই ভাবটা নষ্ট করার একটা পরিকল্পনা নিয়েছেন। এই মোয়াজ্জেন এবং ইমাম ভাতার মধ্যে সঠিক দিশা নেই। পরিকল্পনা নেই। কতজনকে আপনারা ইমামভাতা দিতে চান, কতজনকে দিয়েছেন এবং কত বছরের পরিকল্পনা নিয়েছেন এবং বাংলার বুকে যে সমস্ত মসজিদগুলি রয়েছে সেই মসজিদের কতগুলিকে আপনারা দিতে চান বলবেন। আমার এক দাদা হাউসের মাননীয় সদস্য বলছিলেন যে শুধু মুসলমানদের ভাতা দেবেন আর এই বাংলায় মন্দির রয়েছে গীর্জা রয়েছে, সেখানকার ধর্মপ্রাণ মানুষ রয়েছেন, যাজক রয়েছেন, তাদের ব্যাপারে আপনার এই বাজেটে কোন উল্লেখ নেই। এখানে আমার মনে হয় যে বাংলার বুকে যে সাম্প্রদায়িক সম্প্রীতি ছিল সেটা মুসলিম তোষণ করে অন্য সম্প্রদায়কে আপনারা বঞ্চিত করার চেষ্টা করছেন। এই বাজেটে আমরা তাই কোন দিশা দেখতে পাচ্ছি না। আপনি এখানে বলেছেন আপনারা ধুপগুড়িতে একটি মহিলা কলেজ, বালুরঘাটে হিন্দি কলেজ, ঘোবাডাঙ্গা, মাণিকচক, কুমারগঞ্জ প্রভৃতি জায়গাতে কলেজ করবেন। কিন্তু সংখ্যালঘু মানুষের যেখানে বাস সেই মুর্শিদাবাদ জেলা সম্পর্কে কোন রকম পরিকল্পনা নেই। এই ব্যাপারে আপনার কাছ থেকে নিশ্চয় সদুত্তর পাব। আপনার জবাবী ভাষণে জানতে চাই যে, সংখ্যালঘু মানুষের জন্য আপনার সরকার কি পরিকল্পনা নিয়েছেন। এখানে আমরা দেখতে পাচ্ছি আপনি বলেছেন" গত বছর আমি এই রাজ্যে অতিরিক্ত ১০ লক্ষ কর্ম সৃষ্টির লক্ষ্যমাত্রার কথা ঘোষণা করেছিলাম। আপনারা জেনে খুশি হবেন যে ২০১২ সালের এপ্রিল এবং জানুয়ারী, ২০১৩-র মধ্যে সময়ে নতুন কর্ম সৃষ্টি হয়েছে ১০,২৪,৫২১ যা আমাদের লক্ষ্যমাত্রা অতিক্রম করতে পেরেছে। মার্চ মাসের শেষে এই সংখ্যা আরও বেড়ে যাবে। "আমরা এখানে অর্থমন্ত্রীর কাছে সঠিকভাবে জানতে চাইছি যে কোন কোন সেক্টরের কোথায় কোথায় আপনারা দশ লক্ষ চব্বিশ হাজার পাঁচশো একুশজন মানুষের কর্মসংস্থান করেছেন। এখানে সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানে কিভাবে তাদের চাকরী হয়েছে যদি আপনি জবাবী ভাষণে সেটা পরিষ্কার করে দেন তাহলে ভালো হবে। আমি সংখ্যালঘু বক্তৃতা করতে গিয়ে বলছিলাম যে এই বছর আমরা দেখলাম যে বাংলার বুকে যে সমস্ত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলি রয়েছে সেখানকার সত্তর লক্ষ বেকার মানুষের মধ্য থেকে বর্তমানে এই সরকার এক হাজার আটশো বেকার যুবক ভাইদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন। সেখানে আমরা লক্ষ্য করেছি মুসলিম সম্প্রদায়ের মানুষের জন্য মাত্র একশো জন মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করেছেন যেখানে আপনারা সংখ্যালঘুর কথা বলেন, আপনার সরকার

বিগত এক্সচেঞ্জ থেকে সত্তর হাজার বেকারের মধ্য থেকে প্রায় এক হাজার আটশো লোকের চাকরী ব্যবস্থা করেছেন তার মধ্যে সংখ্যালঘু মাত্র একশো জন কেন এই ব্যাপারে আপনি সঠিকভাবে বলবেন। এখানে আপনারা বলছেন যে গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্পে রাজ্যে গ্রামীণ পরিবারগুলিকে আনার জন্য সরকার বিশেষ গুরুত্ব আরোপ করেছে। রাজ্যের চোদ্দটি জেলার কথা আপনারা এখানে বলেছেন। এখানে মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রের বঞ্চনার কথা বলতে বলতে সঠিক তথ্যটা দিলেন না। আর জি ভি ভি ওয়াই বলে এটাকে উল্লেখ করেছেন। আমার মনে হয় এই ওয়ার্ডটা সঠিক নয়। এটা আর জি জি ভি ওয়াই প্রকল্প হবে। শুধু কেন্দ্রের বঞ্চনা করতে করতে আবার সঠিক কথাটা আপনারা লিখতে পারেন নি। চোদ্দটি জেলার কথা আপনারা বলেছেন, বাকী ছটি জেলার কথা এখানে উল্লেখ নেই। বাকী ছটি জেলা কি কেন্দ্রীয় সরকারের যে সমস্ত গ্রামীণ বিদ্যুতায়ন প্রকল্প আছে তা থেকে তারা কি বঞ্চিত হবে? কিভাবে কোন ছটি জেলাকে আপনারা বঞ্চনার মধ্যে রেখেছেন সঠিক তথ্য কিন্তু আপনারা তুলে ধরতে পারেন নি। এখানে কোন ছটি জেলাকে আপনারা বাদ দিয়েছেন। এখানে ভূমি ও ভূমি সংস্কারের কথা বলেছেন। বলছেন নিজ গৃহ নিজ ভূমি এবং এখানে বক্তব্য রাখতে এসে আমরা দেখছি মা-মাটি-মানুষের সরকার যা দাবি করছেন তারা বলছেন যে আমরা কৃষকের সরকার। আমরা মুর্শিদাবাদ জেলাতে লক্ষ্য করেছিলাম। আমরা বাংলার মুখ্যমন্ত্রীর কাছে আমি চিঠি লিখে জানতে চেয়েছিলাম যে আমার মুর্শিদাবাদ জেলাতে পদ্মার ভাঙনে হাজার হাজার মানুষ তারা ভূমিহীন হয়েছে। তারা একসময় জোতদার জমিদার ছিল। তাদের একশো বিঘে জমি ছিল। বিগত দিনের বামফ্রন্টের ভ্রান্ত ভূমিনীতির জন্য সেই জমিগুলি সরকারের খাতায় চলে গেছে। আমরা এই সরকারের কাছে আবেদন করেছিলাম যাদের এই জমি চলে গেছে সেই জমিগুলিকে ভূমি আইন পরিবর্তন করে জমির মালিকদের জমির মালিকানা দেওয়ার ব্যবস্থা করা হোক। আমরা লক্ষ্য করছি সেই জমিগুলি সরকার নিয়ে গিয়ে আজকে নিজ গৃহ নিজ ভূমি নামে তারা পরিকল্পনা করছেন। আজকে তাই এই বাজেট দিশাহীন বাজেট। তাই এই বাজেটকে সমর্থন করতে না পেরে সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করছি। ধন্যবাদ।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় চেয়ারম্যান সাহেব, গত ১১ই মার্চ তারিখে আমাদের মাননীয় অর্থমন্ত্রী ২০১৩ এবং১৪ সালের যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের আমি বিরোধীতা করছি। কারণ, এই বাজেটটা হচ্ছে বিভ্রান্তিকর, দিশাহীন এবং মনগড়া তথ্য দিয়ে সাজানো। এম্পটি ভ্যাসেল সাউন্ড মাচ, ইংরেজিতে একটা কথা আছে - ফাঁকা হাড়ির আওয়াজ বেশি হয় এবং আমরা দেখেছি যে, একটি নাটক মঞ্চস্থ হওয়ার আগে তার ডায়লগ যদি বাইরে প্রচারিত হয়, তাহলে সেই নাটকটা ভিত্তিহীন আর মুল্যহীন হয়ে যায়। স্বাভাবিকভাবেই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এই বাজেট পেশ হওয়ার আগেই অনেকগুলো জিনিস ঘোষণা করেছেন। যেটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী লিগ্যালাইজড করাতে বাধ্য হয়েছেন। ২০১৩-১৪ আর্থিক বছরের জন্য এই বাজেটে মোট আয় ধরা হয়েছে ১ লক্ষ ১০ হাজার ৭৯৯ কোটি ৬৪ লক্ষ টাকা। মোট ব্যয় ৮ কোটি টাকা ঘাটতি ধরে ১ লক্ষ ১০ হাজার ৭৯১ কোটি ৬৪ লক্ষ টাকা। কিন্তু এখানে শুধু ঘাটতি ৮ কোটি নয়, রাজস্ব ঘাটতির পরিমাণ দাঁড়াবে ২০ হাজার কোটি টাকা। আর রাজকোষ ঘাটতি ১৩ হাজার ৩০০ কোটি টাকা। স্বাভাবিকভাবেই যেটা দেখানো হয়েছে, এটা তার অরিজিনাল ফিগার নয়, ফিগারটা আরো নিচে গিয়ে দাঁড়াবে। কারণ ২০১১-১২ সালের আর্থিক বছরে যেখানে বরাদ্দ ছিল ২০ হাজার ৯৫০ কোটি টাকা, কিন্তু বাস্তবে দাঁড়িয়েছিল ১৪ হাজার ৪৪ কোটি টাকা। স্বাভাবিকভাবেই এটাকে খনিকটা

ইলাষ্টিক ওয়েতে দেখানোর চেষ্টা হয়েছে। ২০১৩-১৪ সালে ২৬ হাজার কোটি টাকা যেটা বাস্তবে বরাদ্দ, সেটা বাস্তবে ১৮-২০ হাজার কোটি টাকায় দাঁড়াবে। বলা হচ্ছে, আমাদের সরকার পক্ষের বন্ধুরা বলছিলেন যে, বিগত সরকারের সময় তারা প্রচুর ঋণ করে গেছে, তার সুদ দিতেই নাকি সব শেষ হয়ে যাচ্ছে। এই মর্মে আগের সরকারকে দোষারোপ করা হচ্ছে। বিগত সরকার তথা বামফ্রন্টের সময়কালে ঋণ ছিল ১ লক্ষ ৯২ হাজার কোটি টাকা। এখন ২ লক্ষ ২৬ হাজার কোটি টাকা। এটাকে ২ লক্ষ ৪৭ হাজার কোটি টাকায় নিয়ে যাওয়া হবে। শুধু এখানেই নয়, ২০১২-১৩ সালে বাজার থেকে ঋণ নেওয়া হয়েছে ২০ হাজার ৭১ কোটি টাকা। আর এই যে বিভিন্ন মেলা-টেলা হচ্ছে, উৎসব হচ্ছে, মাটি উৎসব, কোনদিন ছাই উৎসব হবে, এই করতে দাঁড়িয়ে যাবে ২০ হাজার ৫০০ কোটি টাকা। আর এবারের বাজেটে বলে রেখেছেন এটা ২২ মাসে ২৫ হাজার ৮৩৮ কোটি টাকা। স্বাভাবিকভাবেই যারা ঋণে রাজ্যটাকে ডুবিয়ে দিয়ে গেছেন" বলছেন, এটাকে যদি ৩৪ বছরের ক্যালকুলেশন করা যায়, তাহলে দেখা যাবে ৫ লক্ষ ১০ হাজার কোটি টাকা ঋণ দাঁড়াবে। স্বাভাবিকভাবেই ঋণ করে আর যাই হোক ঘি-ভাত খাওয়া যায় না। আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে বলেছেন আগামী বছর রাজস্ব বৃদ্ধির হার হবে ৩০%। কিন্তু ২০১০-১১ সালে রাজস্ব বৃদ্ধির হার ছিল ২৫%। কিন্তু বর্তমানে এই কর বৃদ্ধির পরিমাণ দাঁড়াবে ১৮.৫%। অর্থাৎ কমে গেছে। গতবারের বাজেট পেশ করার পরে অর্থমন্ত্রী আমাদের বলেছেন এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীও সগর্বে বলেছিলেন যে, আমরা সাধারণ মানুষের ওপরে কর চাপানোর বিরোধী। কিন্তু দেখা গেলো, গত বছরে প্রবেশ কর, এই প্রবেশ কর পঞ্চায়েত বা পৌরসভাতে চাপানো যেতে পারে, ইম্পোজ করা যেতে পারে। কিন্তু তার আইনগত প্রভিশন আছে। কিন্তু সংবিধানের ৩০৪ ধারায় রাষ্ট্রপতির অনুমোদন ছাড়া প্রবেশ কর ইম্পোজ করা যায় না।

[4-20–4-30 p.m.]

কিন্তু আমরা দেখলাম যে সেটাকে ইমপোজ করা হয়েছে, রাষ্ট্রপতির অনুমোদন নেওয়া হয়নি। চলতি বছরে আমরা দেখছি যে ভ্যাট, মূল্যযুক্ত করের কথা বলা হয়েছে, যেটা হচ্ছে ১%, ৪%, ১২.৫% আর ২০%। অর্থমন্ত্রী বাজেটে প্রতিটি ধাপে ধাপে ১% করে বৃদ্ধি করা হবে বলেছেন। যার ফলে ১%, ৫%, ১৪.৫% আর ২৫%। এরফলে সোনা ছাড়া বাকি সমস্ত জিনিসের দাম বাড়বে। স্বাভাবিক ভাবেই গত বছরে যেটা বলেছিলেন যে -জনসাধারণের উপরে মা মাটি মানুষের সরকার, অতএব জনসাধারণের উপরে কর চাপানো হবে না। কিন্তু এখানে সাংঘাতিক ভাবে কর চাপানো হয়েছে এবং এতে জিনিসপত্রের দাম আকাশ ছোঁয়া হবে। পাশাপাশি গ্রামোন্নয়ন খাতে ২০১২-১৩ সালে ৩৯৪৫ কোটি ৮৩ লক্ষ টাকা খরচ হয়েছে। কিন্তু ২০১৩-১৪ সালে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বাজেটে ধরেছেন ২৯৯০ কোটি টাকা, অর্থাৎ ৩১% কম ধরা হয়েছে। স্বাভাবিক ভাবেই এই যে সোনার বাংলা গড়বেন বলছেন, তাই বলছি সোনার গ্রামবাংলাটা কি রকম হবে বুঝতেই পারছেন? গ্রামোন্নয়ন খাতে হচ্ছে ৩১% টাকা এবারের বাজেটে কম ধরা হয়েছে। ১০০ দিনের কাজের ক্ষেত্রে দেখা যাচ্ছে ২০০৯-১০ সালে ১৫কোটি ৫১ লক্ষ শ্রমদিবস, ৪৫ দিন কাজ হয়েছে। এটা আমাদের নয়, কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা থেকে বলছি। বামফ্রন্টের সময়ে ২০১০-১১ সালে ১৫কোটি ৫৩ লক্ষ শ্রমদিবস, ৩৬ দিন। এই সরকারের সময়ে, জোট সরকারের সময়ে ২০১১-১২তে ১৪ কোটি ৩৩ লক্ষ শ্রমদিবস, ২৬দিন, আর ২০১২-১৩ তে ১২কোটি ১৮

লক্ষ শ্রমদিবস, অর্থাৎ ২৫ দিন। স্বাভাবিক ভাবেই ১০০ দিনের কাজ কমেছে, অর্থাৎ দিন কমেছে। শুধু তাই নয় এর সাথে সাথে আমাদের কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী জয়রাম রমেশ মুহুর মুহুর চিঠি পাঠিয়েছেন টাকা খরচের জন্য। কৃষি খাতে ২৪ কোটি ৯ লক্ষ টাকা করা হয়েছে। বিপনন খাতে ১৮১ কোটি, লাস্ট বাজেটে ১৯৯ কোটি ছিল, ৬২ টা কিষাণ মান্ডি গত বাজেটে বলা হয়েছিল, কিন্তু কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধির হার ২.৫৬%, যেটা ২০১০-১১তে ছিল ৯.২২। এবারেতো বোরো চাষ ২০% জমি হচ্ছে অনাবাদী আছে, স্বাভাবিক ভাবেই উৎপাদন বৃদ্ধি কিভাবে হবে? দেখা যাচ্ছে প্রায় ৮১ জন কৃষক আত্মহত্যা করেছে, ফসলের দাম পাচ্ছেন না। আলুর কথা একটু আগে শুনলেন, তাহলে কি অবস্থা সেটা বুঝতেই পারছেন। এর সঙ্গে সঙ্গে শিল্পের ক্ষেত্রে ২.৯ থেকে বেড়ে ৬.২ হবে। অথচ সংগঠিত এবং অসংগঠিত শিল্পে কোন লক্ষণীয় উন্নতি দেখা যাচ্ছে না। বলা হচ্ছে ১৩ লক্ষ কর্মসংস্থান হবে, গত বছর ১০ লক্ষ হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে ২০১২ সালে কেন্দ্রীয় সরকারী কর্মী ১ হাজার কমেছে, রাজ্য সরকারী কর্মী ১৫০০ কমে গেছে, বেসরকারী ক্ষেত্রে কর্মসংস্থান ৮ হাজার, বিভিন্ন পরিষেবা সংস্থা, দোকান ইত্যাদিতে ৫ হাজার, স্বনিযুক্তি ক্ষেত্রে বিভিন্ন প্রকল্পে সব মিলিয়ে ১ লক্ষ কর্মসংস্থান হতে পারে। কিন্তু ১০ লক্ষ কর্মসংস্থানের হিসাব কোথা থেকে দিলেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী। ১২ লক্ষ হবে কোথা থেকে? স্বাভাবিক ভাবেই ১৯৯৯-২০০০ এবং ২০০৯-১০ কর্মসংস্থান সৃষ্টির গড় বার্ষিক বৃদ্ধির পরিমাণ ছিল ৭.২। যাইহোক যা বাজেট পেশ হয়েছে, রেলটাকে যেমন আই.সি.ইউনিটে নিয়ে যাওয়া হয়েছে, আমাদের পশ্চিমবাংলার রাজ্যটাকেও এই আই.সি. ইউনিটে নিয়ে যাওয়া হবে, তৃণমূলের এম.পি. দীনেশ ত্রিবেদীর ভাষায় বলছি সেই জায়গায় যাবে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করছি।

শ্রী অরূপকুমার খাঁ : মাননীয় চেয়ারম্যান সাহেব, আমি গতকাল থেকে আজ পর্যন্ত দু'দিন ধরে ড. অমিত মিত্র ২০১৩-১৪ তে যে বাজেট বিবৃতি গত ১১ তারিখে পেশ করেছেন তার উপর দাঁড়িয়ে গতকাল থেকে আজ পর্যন্ত আমাদের মাননীয় বিধানসভার সদস্যদের বক্তব্য শুনছিলাম। আমি ডঃ অমিত মিত্রের বাজেটকে মনে করি অত্যন্ত গতিশীল, উন্নয়নমুখী এবং সময়োপযোগী বাজেট। বাজেটের আলোচনা করতে যাওয়ার আগে সংসদীয় গণতন্ত্রের পীঠস্থানে দাঁড়িয়ে যারা বাংলার গণতন্ত্রকে ধ্বংস করেছিল, আমার একটা সুযোগ হয়েছিল যখন মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হল বাংলার বুকে মমতা ব্যানার্জীর নেতৃত্বে। ঐ দিকে দাড়িয়ে বিধানসভার সদস্য মনোরঞ্জন পাত্র তিনি বাজেটের উপর বক্তব্য রাখছিলেন এবং বাঁকুড়ার উপরে কথা বলেছিলেন। সন্ত্রাসের পীঠস্থান বাঁকুড়া জেলায় তালডাংরায় একটা সভা করতে গিয়েছিলাম। সেই সভায় দাঁড়িয়ে প্রায় ১০ হাজার মানুষের সমাবেশ যখন বর্ক্তৃতা করে নিচে নেমে আসছি, যখন বর্ক্তৃতা করে নিচে নেমে আসছি সেই সময় প্রায় একজন বৃদ্ধ মানুষ মঞ্চের নিচে নামার সাথে সাথে কাঁপতে কাঁপতে আমাকে জড়িয়ে ধরে বললেন, যে আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর কাছে এই বার্তাটা পৌঁছে দিতে চাই। হাউ হাউ করে কাঁদতে কাঁদতে বললেন, যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জ্জী আমাকে কিছু দিতে পারুন আর না পারুন যেটা দিতে পেরেছেন, যে বাংলার বুকে যে গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে, বাংলার গ্রামে গঞ্জে দাঁড়িয়ে আমরা গলা উঁচিয়ে আমার নিজেদের কথাটা বলতে পারছি। যার নাম মমতা ব্যানার্জ্জী তাঁকে এই বার্তাটা দেবেন যে আমি বাংলার একজন গরিব বৃদ্ধ মানুষ আমি এই কথাটা উপলব্ধি করেছি। আজকে সেই সংসদীয় গণতন্ত্রের পীঠস্থানে দাঁড়িয়ে বাজেটের উপর আলোচনা করতে গিয়ে, আমরা ছোটবেলা থেকে বইয়ে পড়েছি - যা আমাদের মানুষের জীবনে

বাঁচার পথে তিনটি জিনিসের মূল প্রয়োজন। অন্ন, বস্ত্র, এবং বাসস্থান। আমরা কৃষির উপর আলোচনা করছি। কিন্তু একটা কৃষিকে স্বনির্ভর করার জন্য যারা ৩৪ বছর ক্ষমতায় ছিলেন দিনের হিসাবে ১২ হাজার ৪০০ দিনের বেশি - তারা বলছে আমরা কৃষি, শিল্পে বিপ্লব এনেছি, আমরা ভূমি আন্দোলন করেছি, আমরা কৃষির অনেক উন্নয়ন করেছি। স্লোগান দিয়েছেন, কৃষকের স্বার্থে লড়তে হবে একসাথে। কৃষির জন্য আপনারা কি করেছেন? বাংলার বুকে ৬০ এর দশকে কতকগুলো ইরিগেশান সিসটেম তৈরী হয়েছিল তেমনি আমার বাঁকুড়া জেলাতে একটা কংসাবতী ড্যাম্প হয়েছিল। যেটা এশিয়ার মধ্যে দ্বিতীয় বৃহত্তম মাটির ড্যাম্প। এই ড্যাম্প থেকে পরে কিছু কৃষি চ্যানেল বেড়িয়েছিল। যেগুলো আমাদের বিভিন্ন ব্লকে চাষের উপযোগীর জন্য যে জলটা প্রয়োজন আছে সেচ ব্যবস্থায়। সেই সেচ ব্যবস্থায় দীর্ঘ ৪০ বছর ধরে কৃষি চ্যানেলগুলো খনন হত না। মানুষ জলপেতেন না, কৃষকরা টেল এন্ড পর্যন্ত জলটা পেত না।

[4.30–4.40 p.m.]

এই সরকার আসার পর সেচ ব্যবস্থার উন্নয়নের জন্য আজকে আমি শুধু নিজের জেলার কথা বলতে পারি প্রায় ১০-১২ কোটি টাকা দেওয়া হয়েছে। আপনি যে জায়গার বিধায়ক হয়েছেন সেখানে দেখবেন তালডাংরা থেকে আরম্ভ করে ওন্দা বিধানসভা সমস্ত জায়গায় নতুন করে ক্যানেলগুলোর সংস্কার হওয়ার ফলে সারা বাংলার সাথে সাথে বাঁকুড়া জেলাও কৃষি নির্ভর জেলায় পরিণত হয়েছে। আজ খরা কবলিত জেলায় আজকে সেই কৃষি ক্যানেলগুলোর খনন হচ্ছে, লক গেটগুলো সংস্কার হচ্ছে। নতুন করে কৃষক আবার আশায় বুক বেঁধেছে, আশার আলো দেখেছে যে আমাদের খরিফ চাষের সময় যে জল ছাড়া হয়, রবি শস্যের সময় যে জলটা ছাড়া হয় আজকে, সেখানে মানুষ দীর্ঘদিন ক্যানেল থাকা সত্ত্বেও জল পেত না, আজকে সেই জলটা তারা পাচ্ছে। আজকে বাসস্থানের ক্ষেত্রে দেখছি আমাদের মা-মাটি-মানুষের সরকার মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে 'গীতাঞ্জলি প্রকল্প', 'আমার ঠিকানা' প্রকল্প, নিজ ভূমি নিজ গৃহ' প্রকল্প হয়েছে। নিজ ভূমি নিজ গৃহ মানে কি-একটা মানুষকে যার কোনো বাসস্থানের জায়গা নেই তাকে মোটামুটি পাঁচ শতক একটা জায়গা দিয়ে সেখানে বাড়ি তৈরি করে দেওয়া হবে এবং বাড়ি তৈরি করার সাথে সাথে তার রুজি রোজগারের জন্য তাকে সহায়তা করা হবে সরকারের পক্ষ থেকে। যিনি সেই জমিতে থাকবেন সেই জমির ওপরে তিনি সবজি চাষ করতে পারেন, কেউ পশু পালন করতে পারেন, তাকে স্বনির্ভর করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হবে এবং একটা মডেল তৈরি করা হবে। এই মডেলের মধ্যে সরকারের খাস জমিতে যেমন একটা জায়গায় দুশোটা বাড়িকে একসঙ্গে এনে সেখানে আলো, জল, প্রাইমারি স্কুল থেকে আরম্ভ করে বিভিন্ন পরিষেবা দেওয়া হবে। এইরকম প্রজেক্ট নেওয়া হয়েছে। সেখানে গৃহহীন মানুষকে নিয়ে যাওয়া হবে। একটা মানুষের জীবনে বাঁচার জন্য অন্ন, বস্ত্র, বাসস্থান, এটার পরেও কিন্তু আর একটা জিনিসের প্রয়োজন হয়। যেটা ড. অমিত মিত্রের এই বাজেটে রিফ্লেক্ট করা আছে। একটা মানুষ সাতদিন না খেয়ে থাকতে পারে, কিন্তু একটা মানুষের জীবনের মূল অক্সিজেন কি-পানীয় জল, বিশুদ্ধ পানীয় জল। ৩৪ বছর আপনারা ক্ষমতায় ছিলেন। আমি বাঁকুড়ার মানুষ। আমি বাঁকুড়া জেলা থেকে বিধায়ক হয়েছি। আমি খরা প্রবণ এলাকার মানুষ। আমি রুক্ষ শুষ্ক শাল পিয়ালের জঙ্গলের মানুষ। আজকে নির্দ্বিধায় দাঁড়িয়ে বলতে পারি যে বাঁকুড়া জেলায় মাননীয়া মুখমন্ত্রী গিয়েছিলেন। তিনি সেখানে একটি প্রকল্প ঘোষণা করেছিলেন-যে

প্রকল্পটা হচ্ছে এগারোশো কোটি টাকার বিনিময়ে পানীয় জল। এই বিজ্ঞান প্রযুক্তির যুগে, তথ্য প্রযুক্তির যুগে, চাঁদে যখন মানুষ যাচ্ছে, মঙ্গল গ্রহে যখন মানুষ যাচ্ছে, মোবাইলের যুগে বাঁকুড়া, পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুরের মানুষ জল পাচ্ছিলেন না। সেখানে দেখুন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, পি এইচ ই দপ্তরের মাধ্যমে মাননীয় সুব্রত মুখার্জী এগারোশো কোটি টাকার জল প্রকল্প তৈরির কাজ ঘোষণা করেছেন, সেই কাজ সেখানে চলছে। টেন্ডার হয়ে গেছে। কোথাও দামোদরের থেকে জল তুলে, কোথাও বা গন্ধেশ্বরীর থেকে জল তুলে, কোথাও কংসাবতীর থেকে জল তুলে, কোথাও দ্বারকেশ্বর থেকে জল তুলে রিজার্ভারের সাহায্যে প্রত্যন্ত অঞ্চলে, প্রত্যন্ত গ্রামে পানীয় জল পৌঁছে যাচ্ছে। এই বাজেটে সেটা রিফ্লেক্ট করা আছে। আজকে বাজেটে রিফ্লেক্ট করা আছে যে পুরুলিয়া জেলাতেও প্রায় এগারোশো কোটি টাকার পাইপ লাইন জল প্রকল্প যাচ্ছে। আজকে ওদিক থেকে দাঁড়িয়ে এফ আর বি এম নিয়ে ডাঃ মানস ভুঞ্যা বলছিলেন, কটাক্ষ করছিলেন। এদিকে কটাক্ষ করে আবার এদিকে বলছিলেন। আপনারাও সেইদিকে ছিলেন, সঙ্গী ছিলেন। তাহলে আপনারা সেদিন কেন বলেননি যে বাংলার ক্ষতি হয়ে যাচ্ছে। অন্য রাজ্য যখন এফ আর বি এম এ্যাক্ট চালু করেছে.....

ইউ.পি.এ ওয়ানে ছিল বামফ্রন্ট সরকার, তারা তখন বলেননি কেন। তখন বললে ভালো হত, তাহলে বাংলা অন্ততঃ একটু ঋণের হাত থেকে বাঁচতে পারত। পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুরটা বাংলার বাইরে নয়। আমি উদাহরণ দিচ্ছি যেটা এখানে রিফ্লেক্ট আছে, দু'হাজার কোটি টাকার দ্বারকেশ্বর-মন্তেশ্বরী মেগা প্রোজেক্ট নেওয়া হয়েছে। আজকে আরেকজন বললেন যে বাংলায় শুধু শিলান্যাসই হচ্ছে। মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী আমাদের ওখানে ওন্দা এবং ছাতনাতে যে কাজের উদ্বোধন করে এসেছিলেন তার টেন্ডার প্রক্রিয়ার কাজ চলছে। তাই এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 31st Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business from the 15th to 20th March as follows :

15.03.2013, Friday	: (i)	The West Bengal Appropriation (Vote on Account) Bill, 2013 (Introduction, Consideration & Passing)	... 1/2 hour
	(ii)	The West Bengal Finance Bill, 2013	... 2 hours
	(iii)	The West Bengal Appropriation Bill, 2013 (Introduction, Consideration & Passing)	... 1 1/2 hours

18.03.2013, Monday	:	Discussion on Governor's Address ... 4 hours
19.03.2013, Tuesday	:	Discussion on Governor's Address ... 4 hours
20.03.2013, Wednesday	:	Discussion on Governor's Address ... 4 hours

MOTION

Mr. Speaker : Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the 31st Report of the Business Advisory committee as presented in the House be adopted.

Mr. Speaker : Now, I put to vote the Motion. As many as are of that opinion, will please say Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it, Ayes have it.

The Motion is adopted.

শ্রী খগেন্দ্র নাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র গত ১১.৩.২০১৩ তারিখে যে বাজেট বরাদ্দ এই হাউসে পেশ করেছেন তার উপরে আমি কয়েকটি কথা বলব। উনি দাবি করেছেন, যে ২৬,৬৭৪ কোটি টাকা বরাদ্দ করা হোক। আমি কয়েকটি জায়গায় দেখলাম যে গত বছরে অনেকগুলো খাতে যে বাজেট বরাদ্দ করা হয়েছিল সেই টাকাগুলো খরচ করা সম্ভব হয়নি। তাহলে কি আমরা ভাবব এই দপ্তরগুলোর ব্যর্থতা, এই দপ্তরগুলো যারা পরিচালনা করেন তাদের ব্যর্থতা। তাহলে এই রকম একটি ব্যর্থ সরকারের জন্য এই বছরে আবার ব্যয়-বরাদ্দ আমরা কি করে সমর্থন করব। তাই স্বাভাবিকভাবেই আমি এই ব্যয়-বরাদ্দকে সমর্থন করতে পারছি না। গত বছরে স্বাস্থ্য দপ্তরের জন্য যা বরাদ্দ করা হয়েছিল তা পুরো খরচ করা যায় নি ; ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের জন্য গত বছরে যা বরাদ্দ করা হয়েছিল তা পুরো খরচ করা যায়নি ; সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা দপ্তরের জন্য যা বরাদ্দ করা হয়েছিল তা সম্পূর্ণ খরচ করা যায়নি ; তথ্য দপ্তরের জন্য যা বরাদ্দ করা হয়েছিল তাও সম্পূর্ণ খরচ করা যায়নি।

[4·40—4·50pm]

এদিকে আমরা খুব বড় বড় কথা বলছি, স্বাস্থ্যের কথা বলছি। তো স্বাস্থ্যটা যদি আমাদের কাছে খুব গুরুত্বই পেতো আমরা কেন খরচ করতে পারলাম না? পঞ্চায়েত নির্বাচন সামনে, তাকে সামনে রেখে আমরা সংখ্যা লঘুদের উন্নয়নের কথা বারে বারে খুব জোরের সঙ্গে বলছি। তাদের জন্য যা বরাদ্দ ছিল তাও খরচ করা যায় নি। স্বাভাবিকভাবেই আমি মনে করি না যে এই বাজেটে এবার যা বরাদ্দ আপনি চেয়েছেন তা আপনি খরচ করতে পারবেন। আমার পূর্বের বক্তা বলছিলেন সেচের কথা। আমি দেখছিলাম, যে জঙ্গল মহল হাসছে বারে বারে বলা হচ্ছে। জঙ্গল মহলের জন্য একটা প্যাকেজ ২০১০ সালে যা বামফ্রন্ট সরকার গ্রহণ করেছিল এবং আপনারা আসবার পর সেই প্যাকেজ রেখে দিয়েছেন। তার জন্য একটা বরাদ্দ করেছিলেন এবং যখন তাদের কাছে রিপোর্ট চাওয়া হল যে এগুলো কিভাবে খরচ হল বা খরচ হয়নি। বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া কাঁকুরে মাটি, সেচের সুবিধা খুব কম। সেই কারণে বিগত সরকার ওখানে ৭৯ টা ডিপ টিউবওয়েল করবার জন্য ৪০ কোটি টাকার ওপর বরাদ্দ রেখেছিলেন। গত বছরও বরাদ্দটা ছিল।

এ বছর রিপোর্ট কি এসেছে, যে টাকা যেহেতু দেওয়া হয়নি একটা ডিপ টিউবওয়েলও করা যায় নি, বা শুরুও করা যায় নি। অথচ আমরা বলছি কৃষকের উন্নয়ন। বাজেট বিবৃতির শুরুতেই কৃষকের উন্নয়নের কথা বলেই বাজেটটা শুরু করা হয়েছে। কি করে কৃষকের উন্নয়ন হবে? ঐ কিছু গোডাউন আর কিছু মিল মালিকদের সাহায্যে চাল কিনলেই আমার পশ্চিমবাংলার কৃষকের উন্নয়ন হবে না এবং সে কারণেই কৃষক আত্মহত্যা করছে। ফসলের দাম পাচ্ছে না। আমি আশা করেছিলাম কৃষক যেহেতু ফসলের দাম পাচ্ছে না, সরকার হয়তো কৃষকদের ফসলের ওপর কিছু ভর্তুকি দেবেন। আমরা দেখেছি বিগত বামফ্রন্ট সরকার ধান কেনার সময় কিছু ভর্তুকি দিয়েছিলেন। ডিজেলের দাম যখন হঠাৎ করে কেন্দ্রীয় সরকার বাড়িয়ে দিলেন, প্রতি লিটারে এক টাকা করে ভর্তুকি দেওয়ার ব্যবস্থা করেছিলেন। এখানে আপনারা এ বছর যখন আবার পেট্রোল ডিজেলের দাম বাড়ানো হল বিরোধিতা করলেন। এফ.ডি.আই. এর বিরোধিতা করলেন। কিন্তু সেস থেকে ছাড় দিতে পারলেন না? সেস থেকে ছাড় দেওয়া যেতো তো। অনেকগুলো রাজ্য ছাড় দিয়েছে। কেন আমরা পশ্চিমবাংলা পারলাম না? ... (নয়েজ)..., টাকা নেই তো অনেকবারই বলছেন। যে ৩৪ বছরে নাকি অনেক ঋণ করে গেছে বিগত সরকার। আপনারা কয়েক মাসে কত ঋণ করেছেন? ৩৪ হাজার কোটি টাকা। হিসাব করুন তো বিশ মাসে যদি ৩৪ হাজার কোটি টাকা ঋণ করেন, তাহলে ৩৪ বছর থাকলে কত লক্ষ কোটি টাকা ঋণ করবেন? ... (নয়েজ)... এটা পদ্ধতি। এটা পদ্ধতি। ভারতবর্ষে এমন কোন রাজ্য আছে কি যে রাজ্যের ঋণ নেই। কেন্দ্রীয় সরকারের ঋণ নেই? এটাই সিস্টেম আমাদের এখানকার। ঋণ আপনাকে করতেই হবে। ...(নয়েজ)... আমাদেরটা শোধ করতে হবে না। আমি আপনাকে দেখিয়ে দিতে পারি। আপনারা যেটা বলছিলেন যে আমাদের ঋণের জন্য আপনারা উন্নয়ন মূলক কাজ করতে পারছি না। আমরা হিসাব করে দেখিয়ে দিয়েছি।

আপনি অর্থনৈতিক সমীক্ষাটা দেখে নেবেন যে এই ঋণ শোধ করার পরেও কত টাকা শ্রমিক, কর্মচারীদের, শিক্ষকদের বেতন দেওয়ার পরেও কত টাকা আপনার থাকে, যা আপনি প্ল্যান বাজেটে রাখতে পারেন। রাখেন নি, রাখবেন কি করে? উৎসব করে বেড়াবেন। প্ল্যানের জন্য টাকা রাখতে পারবেন না তো। আর বলবেন পাহাড় ভস্মে, জঙ্গল ভস্মে। এই যে দেখলাম। যে আপনাদের একজন সদস্য এখানে বলছিলেন, তিস্তার কাজ শুরু হয়েছে। আমার বাড়ির পাশ দিয়ে তিস্তার প্রকল্প যাবে। কোথায় তিস্তার কাজ নতুন করে হল, আমার জানা নেই। কতটা আমরা উত্তরবঙ্গের মানুষ, উত্তর বাংলার কৃষকরা ১৯৭৬ সালে যখন তিস্তা প্রকল্প যখন রাজ্য সরকার ঘোষণা করেছিল। (নয়েজ) বামফ্রন্ট নয়, ৭৬ সালে বামফ্রন্ট ছিল না। তখন কি ছিল? তখন কেন্দ্র ও রাজ্য মিলে এই প্রকল্পটা রূপায়িত করবে। বারে বারে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন, নিবেদন করেছিলাম যে, কেন্দ্রীয় সাহায্য ছাড়া এতবড় প্রকল্প সম্ভব নয়। যেহেতু প্রকল্পটা রূপায়িত হল উত্তরবাংলার ছয়টা জেলা, ১৮ লক্ষ হেক্টর জমিতে জলসেবিত হবে। ইদানীং কেন্দ্রীয় সরকার মেনে নিয়েছেন আমাদের এই দাবিটাকে। আপনারা এই জন্য কোন বরাদ্দ রাখেন নি। এক লাইনে বাজেট বিবৃতি তিস্তা প্রকল্প এক লাইনে শেষ করেছেন। কি হবে উত্তরবাংলায় সেচের ব্যবস্থা? যেখানে ভূগর্ভস্থ জল ব্যবহারের ক্ষেত্রে নিয়ন্ত্রণ করা হয়েছে। করতেই হবে প্রাকৃতিক ভারসাম্য রক্ষা করার জন্য। তাহলে কেনই বা তিস্তার মতো প্রকল্প রূপায়িত করবার জন্য গর্ভমেন্টে চেষ্টা থাকবে না, উদ্যোগ থাকবে না, কেন আন্তরিকতা থাকবে না। অভাব আছে। করবেন না আপনারা, আপনারা শুধু উৎসব করে বেড়াবেন। আমার এক বিধায়ক বন্ধু বলছিলেন, মোয়াজ্জম আর ইমামদের আমি ওনার সঙ্গে সুর মিলিয়ে বলব, এর মধ্যে আপনি ইমাম এবং মোয়াজ্জমদের বিভেদ তৈরি করছেন। সব ইমামদের দিচ্ছেন না, সব মোয়জ্জমদের দিচ্ছেন না। আপনারা বলেছেন ত্রিশ হাজার দেবেন।

আমাদের পশ্চিমবাংলায় কি শুধু ত্রিশ হাজার ইমাম আছে? কাজেই আপনাদের এই বাজেটকে সমর্থন করতে পারলাম না এই জন্য আমি দুঃখিত, ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : অনারেবল স্পীকার স্যার, আই স্ট্যান্ড হেয়ার টু অপোস (oppose) দ্য বাজেট। যেহেতু আমার সময় খুব কম, আমি পয়েন্টের উপরে কিছু কথা বলব। মাননীয় অর্থমন্ত্রী অনেকটা প্রত্যক্ষ কর যেটা সরাসরি ক্রেতাদের উপরে চাপবে, ভ্যাট বাড়িয়েছেন। যাদের ভ্যাটের বিরোধীতা করেছেন তাদের জন্য বলি, আপনাদের অর্থমন্ত্রী কিন্তু প্রথমে ভ্যাট চাপিয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকার তখন যে কমিটি করেছিল তার চেয়ারম্যান ছিলেন ড. অসীম দাশগুপ্ত এবং তিনি বলেছিলেন, ২০০৫-এ ভ্যাট যদি চাপানো হয়, তাহলে জিনিস পত্রের দাম বাড়বে না। ২০০৫ থেকে ২০১৩ পর্যন্ত জিনিসপত্রের দাম কমেছে, এই রকম কিন্তু কোন ঘটনা নেই। মাননীয় ড. অমিত মিত্র, তার পুর্বসুরির রাস্তায় হাঁটছেন তিনিও বলেছেন, যে এতে রাজ্যের মানুষ গর্বের সঙ্গে দাঁড়াবেন। কর নির্ধারণ পদ্ধতি যে সংস্কার ও স্টক রেজিস্টার পদ্ধতি অবিলুপ্তির মধ্যে দিয়ে তিনি যে ব্যবস্থা করেছেন তাতে আমার যেটা সন্দেহ হয়, যারা কর ফাঁকি দিতে চাইবে, তাদের একটু সুবিধা হবে কিনা। ২০১১-র মে মাস থেকে এ পর্যন্ত এক লক্ষ বারো হাজার সাতশো উনসত্তর কোটি টাকার লগ্নির প্রস্তাব এলেও সরকারী তথ্য অনুযায়ী মাত্র তিনশো বারো কোটি টাকার অ্যাকচুয়াল ইনভেস্টমেন্ট হয়েছে। তথ্য প্রযুক্তির ক্ষেত্রেও অবস্থাটা কিন্তু তথৈবচ। আমরা বিগত সরকারের সময় ছাপান্ন হাজার কলকারখানা বন্ধ এবং এতে সব থেকে বেশি বেকারের যে বন্দিদশা সেটা আমরা সমালোচনা করেছিলাম।

[4·50–5·00 pm]

কিন্তু বাজেটে একটা প্রত্যাশা ছিল এই ৫৬ হাজার কল-কারখানো কি করে খুলবে তার অন্তত একটা প্রস্তাব সেটা কিন্তু আমরা পাইনি। এমপ্লয়মেন্ট ব্যাংক হয়েছে। ৯৪ হাজার নাম ইতিমধ্যেই নথিভুক্ত হয়েছে সেটা বাজেটে আছে। কিন্তু সত্যি চাকুরী কোথায়? এমপ্লয়মেন্ট ব্যাংক হলেই কিন্তু চাকুরী হবে না। নতুন শিল্প প্রতিষ্ঠান ছাড়া চাকুরীর কোন সম্ভবনা নেই। গত বছর ১০ লক্ষ কর্মসংস্থান হয়েছে, এ বছর ১৩ লক্ষের বেশী প্রস্তাব আছে। আমি যে কথাটা বলতে চাইছি, যে কর্মসংস্থান মানেই কিছু কনট্রাক্ট ওয়ার্ক বা ডেলি লেবার, এটা কিন্তু কর্মসংস্থান নয়। কর্মসংস্থান মানে হচ্ছে উপযুক্ত মজুরীতে সারা বছর পারমানেন্ট কাজের একটা ব্যবস্থা এবং এটা একমাত্র সরকারই করতে পারে। আপনারা জানেন পি.এস.ইউ-র যে অভিজ্ঞতা, পাবলিক সেক্টার ইউনিট গুলির যে অভিজ্ঞতা, সরকারী অর্থে সেখানে এমপ্লয়মেন্ট জেনারেশান হয়েছে ইনডাশট্রিয়ালাইজেশানের মধ্যে দিয়ে এবং সেটাই কি কর্মসংস্থানের একটা সঠিক সংজ্ঞা বলে আমরা মনে করতে পারি। কিন্তু আজকাল সরকার যেটা করছে এবং এই সরকারও সেটা করেছেন সেটা হচ্ছে প্রাইভেট মালিকদের উপরেই তাঁরা আস্থা রেখেছেন তারা এসে চাকুরীর সুযোগ তৈরী করে দেবে। এতে সত্যি কতটা চাকুরীর সুযোগ হবে, সরকারের ভূমিকা সেখানে কি থাকবে, সরকার কেন সেই ভূমিকাটা পালন করবে না, এটা কিন্তু আমার দলের তরফ থেকে আমি অন্তত বুঝতে পারছি না। ফলে সরকারের উচিত নিজস্ব কলকারাখানা খুলে চাকুরীর সুযোগ তৈরী করে দেওয়া। এবং এখানে এই এমপ্লয়মেন্ট ব্যাংকে যারা যার নাম নথিভুক্ত করছেন তাদের ১৫০০ টাকা করে ভাতা প্রস্তাব দেওয়া হয়েছে, খুব ভালোকথা। কিন্তু তাদের মধ্যে থেকে এক লক্ষ লোককে কি

ভাবে বেছে নেবেন সেই বিষয়টা কিন্তু পরিষ্কার করে কোথাও বলা নেই। এবং এখানে আরও একটা জিনিস যেটা ভাবা দরকার আমি মাননীয় অর্থমন্ত্রীকে ভাবার জন্য বলছি যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, সারাভারতবর্ষে এবং রাজ্যেও আছে, সেই এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যারা নাম নথিভুক্ত করেছেন বা করবেন তারা কেন বিবেচনার মধ্যে আসবে না, সেটা কিন্তু আমার মাথায় ঢুকছে না। এখানে আমি আর একটা কথা যেটা বলতে চাইছি যে ৩৫টা কলেজ এবং কয়েকটা বিশ্ববিদ্যালয়ের প্রস্তাব আছে এবং তার জন্য কিছু আইনও পাশ হয়েছে গত বিধানসভায়, আমরা সেটাপাশ করেছি। কিন্তু যে কথাটা মনে হচ্ছে, হায়ার এডুকেশনের যা বাজেট, মাননীয় অর্থমন্ত্রী যেটা দিয়েছেন গত বছর ছিল ২৪০ কোটি টাকা, তার থেকে বাড়িয়েছেন মাত্র ৩০ কোটি টাকা, মোট ২৭০ কোটি টাকা, যেটা ক্যাপিটাল বাজেট করেছেন। এর মধ্যে দিয়ে নতুন করে এই যে প্রায় ৩০,৩৫টা কলেজ এবং এতগুলো বিশ্ববিদ্যালয় তৈরী হবে সেটা কিন্তু আমার মাথায় ঢুকছে না। এটা অনলি নিয়ম করে যেমন ১০% বাড়ানোর কথা সেই ভাবেই বাড়িয়েছেন। তার মধ্যে দিয়ে এতগুলো নতুন কলেজ এবং বিশ্ববিদ্যালয় কি করে হবে সেটা আমাদের কাছে একেবারেই পরিষ্কার নয়। আপনি বাজেটে ৮ কোটি টাকার রাজস্ব ঘাটতির কথা বলেছেন, আপনার আর্থিক সংকট আছে সেটা মেনে নিয়েই বলছি এবং সেই আর্থিক সংকটের কারণ জেনেই বলছি যে বারবার কিন্তু ঋণ হচ্ছে, বাজার থেকে ঋণ তুলছেন এবং এবারেও ২৫৮৩৮ কোটি টাকা বাজার থেকে ঋণ তোলার প্রস্তাব আছে। তাহলে একদিকে ৮ কোটি টাকার রাজস্ব ঘাটতি এবং বাজার থেকে এত ঋণ তাহলে আসল ঘাটতিটা কোথায় গিয়ে দাঁড়াবে এই ব্যাপারটা কাইন্ডলী বুঝিয়ে দেবেন যখন আপনার উত্তর দেওয়ার সময় আসবে। তাহলে বাজার থেকে ঋণ করে ঘাটতি কমাতে হচ্ছে। এই বিষয়টা কিন্তু দাঁড়িয়ে যাচ্ছে। কন্যাশ্রী প্রকল্প যেটা বলেছেন সেটা খুবই ভালো প্রস্তাব, কিন্তু মহিলাদের উপর অত্যাচার যে ভাবে বাড়ছে এবং ন্যাশানাল ক্রাইম ব্যুরোর রিপোর্ট যে ভাবে আসছে, তাতে এই রাজ্যের পজিশানটা যেখানে দাঁড়িয়ে আছে কেবলমাত্র কন্যাশ্রী প্রকল্প দিয়ে আজকের মহিলাদের আশ্বস্ত করা যাবে কি না, সেই বিষয়টা কিন্তু ভাবার কথা আজকে। আমার আর একটা প্রস্তাব, আরও একটা কথা যে, যুবক্রীড়া দপ্তরের মধ্যে দিয়ে যে ক্লাবগুলোকে সাহায্য করার কথা বলা হয়েছে তাতে ক্লাবগুলো উপকৃত হচ্ছে এ ব্যাপারে কোথাও কোন সন্দেহ নেই। কিন্তু যে বিষয়টা এখানে ভাবার জন্য বলছি যুবকল্যাণ দপ্তরের মন্ত্রী নেই, বা ক্রীড়া দপ্তরের মন্ত্রী নেই, আমি মাননীয় স্পীকারের মাধ্যমে তাঁদের কাছে জানাতে চাইছি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে, বহু ভুয়ো ক্লাব তৈরী হচ্ছে ভুঁইফোড় ক্লাব তৈরী হচ্ছে, এন.জি.ও. তৈরী হচ্ছে এবং তাদের কাছে পাবলিক মানি এই ভাবে চলে যাচ্ছে। ফলে এই বিষয়গুলিকে গার্ড করার সত্যি কোথাও কোন ব্যবস্থা আছে কি না সেই বিষয়টা ভাবার দরকার আছে। যে কথা বলতে চাইছি যে বাজেটে অনেক সময় যদি জনসাধারনের কোথাও একটু রিলিফের ব্যবস্থা করা হয় সেটাকে অনেক সময় জনমোহিনী বাজেট বলা হয়।

এবং যদি কোথাও ট্যাক্স বাড়ে, সেটাকে প্র্যাক্টিক্যাল বাজেট বলা হয়। এই যে তত্ত্বগুলো, এই তত্ত্বগুলো কিন্তু আমার কাছে একবারে পরিষ্কার নয়। যেভাবে টাকা নয়-ছয় হয়, যে ভাবে দুর্নীতিতে টাকা চলে যায়, সেগুলোকে যদি গার্ড করা যেত এবং তার ব্যবস্থা যদি করা যেত তাহলে আমার মনে হয় আজকে যে আর্থিক সংকট, সেখান থেকে মাননীয় অর্থমন্ত্রী একটা দিশা দেখাতে পারতেন। আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কেশব চন্দ্র রায় : মাননীয় বিধানসভার অধ্যক্ষ মহাশয়, ২০১৩-১৪ সালের আর্থিক বছরের জন্য যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন মাননীয় অর্থমন্ত্রী শ্রী অমিত মিত্র মহাশয়, তা চাটুকারিতায় ভরা বলে আমি সমর্থন করতে পারছি না, সেই জন্য দুঃখিত। কারণ হিসাবে বলছি, আমরা মানুষকে যেসব প্রতিশ্রুতি নির্বাচনের আগে দিয়েছিলাম সেই সব প্রতিশ্রুতি পালন করা হচ্ছে না। এখানে 'আমরা' শব্দটা ব্যবহার করছি তার একটা তাৎপর্য আছে। সেটা কি? আমরা কংগ্রেস দল এবং ওই পাশে তৃণমূল কংগ্রেস দল। বামপন্থীদের নানা ধরনের অন্যায়, অত্যাচার, নিপীড়নকে দূরে সরিয়ে দিয়ে, তাদের হাত থেকে সাধারণ মানুষকে রক্ষা করার জন্য আমরা জোট করেছিলাম। সেই জোট করার পরে আমরা ক্ষমতায় এলাম। তারপর কি হল? সেসব ভুলে গেলাম। সেইজন্য 'আমরা' শব্দটা ব্যবহার করলাম যে আমরা ছিলাম ওখানে। কিন্তু দুভার্গ্যবশতঃ আমরা ছাড়াছাড়ি হয়ে গেছি। এর ইতিহাস আপনারা জানেন, আর ওটা ভুলব না। কি সব প্রতিশ্রুতি আমরা দিয়েছিলাম? সেটার একটা কথা বলি। আমি একজন শিক্ষক, শিক্ষকদের কথাই আগে বলি। আমরা যখন শিক্ষকতার কাজে যুক্ত হই তখন বলা হয়েছিল ৬৫ বছর পর্যন্ত চাকরী করতে পারবেন। তারপরে কি দেখা গেল? বামফ্রন্ট সরকার আসার পর বলল, ৬৫ নয়, ৬০ বছর করতে হবে। মানে ৫ বছর কাটা। কেন বললেন? সুজন চক্রবর্তী একজন ছিলেন। তিনি বলেছিলেন যে ৬০ বছরের পর মাস্টার মশাইরা ঝিমোয়। তারপরে এর আগে মন্ত্রী ছিলেন, শিল্প মন্ত্রী [***] তিনি কি বলেছিলেন? যে বলদ, মানে হাল জিম্মে দিয়ে দোয়ানো হয়, সেই বলদকে পেন্টি দিয়ে মার দিলে তাড়াতাড়ি চলে। এই ধরনের অপমানজনক কথা বলা হয়েছিল। ৬৫ বছরের জায়গায় ৬০ বছর করা হল, ৫ বছর কেটে দেওয়া হল। কেন? বেকার সমস্যা দূর করা হবে। তারপরে যখন দেখা গেল আমরা রিটায়ার করলাম, ৬০ বছর পার হয়ে গেল, আমাদেরকেই আবার গেস্ট টিচার হিসাবে সেখানে নিয়োগ করা হল। কেন ওই জায়গাতে বেকারদের ঢোকানো যায় তো? তাহলে তারা উপকৃত হত। না করেছে বামেরা, না করেছে আজকের সরকার। তাই আমরা ভুলে গেছি সব। তাই বলতে হয়-

"পুরানো সেই দিনের কথা ভুলবি কিরে হায় ও সেই
চোখের দেখা, প্রাণের কথা সে কি ভোলা যায়।"

আমরা কি বলেছিলাম? এবারে আসছি সরকারের কাছে। শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করতে গিয়ে নোটিফিকেশান হল। নোটিফিকেশানের ফলে কি হল? ৪৫ হাজার শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করা হবে। আমাদের ছেলেরা-মেয়েরা সবাই দরখাস্ত করল। সেই ফি বাবদ অনেকগুলি টাকাও উঠে এল। আমি বলব এটা ইচ্ছাকৃত ভাবেই নোটিফিকেশানটা এমনভাবে করা হল, যাতে কেউ না কেউ কেস করে। কেস করে আটকে দেওয়া হয়। যাতে করে নিয়োগ না হয়। যাতে করে টাকাগুলো দিতে না হয়। এই ব্যবস্থা করা হয়েছে। একজন যুবক প্রেমিক একটা যুবতীর সাথে প্রেম করেছে। নানা ধরণের কথা বলেছে। আমি এটা করব, আমি ওটা করব। তোমাকে এটা দেব ওটা দেব। সেই শিক্ষক আর নিয়োগ হল না, শিক্ষিকা আর নিয়োগ হলনা। সেই যুবতী এবার গান করছে -

*** অধ্যক্ষের নির্দেশানুক্রমে বাতিল হ'ল।

"নাক ড্যাংরার বেটাটা,
চোখ ড্যাংরার নাতিটা,
মুখ ভুলালু ছতের খাড়ু দিয়া,
ওরে তখনো কসিস তুই রে
ওরে মোটা চাল খাই না,
সরু চালের ন্যাকায় জোকায় নাই,
ওরে বাড়ি আসিয়া দ্যাখুন মুই,
তোর বাড়ি খুঁদির গুঁড়াও নাই।।

নাক ড্যাংরার বেটাটা,
চোখ ড্যাংরার নাতিটা,
মুখ ভুলালু ছতের খাড়ু দিয়া,
ওরে তখনো কসিস তুই রে।।"

[5·00–5·10 pm]

প্রায় ৭০ লক্ষ বেকার। ৭০ লক্ষ বেকার। চাকরি দেওয়া হ'ল কতগুলো? ১ হাজার ৮৯৯ জনকে। বেকাররা এই অবস্থায় পড়ে গেছে। ভাঁওতা দেওয়া হয়েছে -ছতের খাড়ু দেখিয়ে ভাঁওতা দেওয়া হ'ল। এটা আছে, ওটা আছে আসলে কিছুই নাই। এবারে কি বললো, এবারে বলছে যে প্রত্যেকটা ব্লকে ব্লকে কি দেওয়া হবে, একটা করে কলেজ করা হবে। কি বলা হয়েছে? এটা বলা হয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে দুটি ব্লক আছে - সিতাই বিধানসভা কেন্দ্র, দিনহাটা এক নম্বর ব্লক, সিতাই ব্লক -একটা কলেজও নাই। একটা কলেজও নাই। আমি এই নিয়ে কতবার মন্ত্রীমশায়কে বলেছি। কতবার বিধানসভায় বলেছি। আজ পর্যন্ত হয়নি। অধ্যক্ষ মহাশয়, আজ পর্যন্ত হয়নি। কলেজ হ'ল না, কিন্তু যখন বলেছিল কি বলেছিল, হ্যাঁ হ্যাঁ হবে- এটা কলেজ হবে, ওটা কলেজ হবে, সেটা কলেজ হবে। তাই প্রেমিকা এবার গান ধরেছে -

"নাক ড্যাংরার বেটাটা,
চোখ ড্যাংরার নাতিটা,
মুক ভুলালু ছতের খাড়ু দিয়া,
ওরে তখনো কতিস তুই রে।

দোমহোল্লার তেমহোল্লার টিনের ঘরে,
ন্যাকা জোকা নাই।
ওরে বাড়ি আসিয়া দ্যাখুন মুই,
চাতুরালি করলু তুই
ঘর দিয়ে তোর সানে যাওয়ার নাই।

তো এই যে অবস্থা - একটার পর একটা ভাঁওতা একটার পর একটা ভাঁওতা। এবার কোন্ ভাঁওতা আসলো? না, প্রত্যেক ব্লকে ব্লকে কিষাণ মান্ডি করা হবে। দেখুন আমি প্রথম আসছি, কিষাণ মান্ডি কি বুঝি নাই। পরে বুঝলাম। কিষাণ মান্ডিটা কি। প্রত্যেক ব্লকে ব্লকে দেওয়া হবে। তো আমাদের পশ্চিমবাংলার কতগুলি ব্লক? এখানে জানতে পারলাম যে, ৬৮টি ব্লকে কিষাণ মান্ডি করার ব্যবস্থা হয়েছে। আমার কুচবিহার জেলায় ক'টা - দু'টা। কোথায় কোথায়? একটা আমাদের ওখানে মন্ত্রী আছেন হিতেন বর্মন। শীতলকুচির বিধায়ক হয়েছিলেনে উনি। সেই শীতলকুচিতে একটা। আর একটা কোথায়? ওনার বাড়িতে, মানে মাথাভাঙ্গায়। এই দু'টা। ঐ যে উদয়নবাবুরা বসে আছেন, এমন একটা লোককে এই লাইনের মধ্যে ঢুকিয়ে দিয়েছেন, টিকিট কাটার জন্য মানুষ যেমন লাইন দেয়, ভিড় হয়, পিছন থেকে ঠ্যালা দেয়- ঐ রকম উদায়নবাবুরা একজনকে দাঁড় করিয়েছেন হিতেন বর্মনকে, ফরওয়ার্ড ব্লকের মানুষটিকে দাঁড় করিয়ে দিয়ে হিতেন বর্মনকে এমন ঠ্যালা দিয়েছে যে সেই মানুষটা পিছন দিক থেকে যে পিছলে গিয়ে পড়ে আছে।

মন্ত্রী হওয়ার কথা ছিল, এখন সতীন হয়ে পিছনে পড়ে আছে। মানে দুধের সাধ ঘোলে মেটাচ্ছেন। আমার বন্ধু, আমরা একসঙ্গে দল করেছি। আমি যেটা বলছি কিষাণ মান্ডি নিয়ে এখন কি হয়েছে? ঐ আবার প্রেমিকা গান ধরেছে -

"নাক ড্যাংরার বেটাটা,
চোখ ড্যাংরার নাতিটা,
মুখ ভুলালু ছতের খাজু দিয়া,
ওরে তখনেনা কতিস তুই রে।
হাল চারখান গরু পাঁচখান সেউটি গরুর ন্যাকায় জোকায় নাই।
ওরে বাড়িয়া আসিয়া দ্যাখুন মুই,
চাতুরালি করলু তুই
ঘর দিয়ে তোর সনে যাওয়ার নাই।

মানে গোবর দিয়ে চান দেয় যে মায়েরা সেই গোবরটা পর্যন্ত নেই। হালের গরু তো দূরের কথা। এই রকম চাতুরালি করেছে। এই রকম চাতুরালি করে করে শেষ করে দিয়েছে। আজকে পশ্চিমবাংলার যাতে উন্নতি হবে সেই উন্নয়নের দিকে আর যাচ্ছে না, দিশা নেই। এই বাজেটে কোনো দিশা নেই। আমি আর গান গাইবো না। আর দু'টো কথা বলে শেষ করবো। নির্মল চন্দ্র মন্ডল মহাশয় বসে আছেন। উনি বলছিলেন, বামেরা যেমন তখনকার দিনে কংগ্রেস আর টি.এম.সি এর এম.এল.এ-দের এ্যাভয়েড করতো কোনো মিটিং এ ডাকতো না, এটা ওটা করতো, না আমরাও এখন এ্যাভয়েড করছি।

নির্মলবাবু পড়েছেন কিনা জানিনা, 'তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন? আরে বামেরা তো করবেই। ওঁরা তো গণতন্ত্র মানেনা, আইন-শৃঙ্খলা মানেনা, কিচ্ছু মানে না। কিন্তু আপনারা করবেন কেন? আপনারা কেন অমন করছেন? আপনারা কেন অ্যাভয়েড করছেন? এই বাজেটের কোন দিশা নেই তাই এই বাজেট আমরা সমর্থন করছি না।

যে কথাগুলো বারে বারে বলা হচ্ছে, 'কেন্দ্রীয় সরকারের দোষ, কেন্দ্রীয় সরকারের দোষ'—আরেবাবা কেন্দ্রীয় সরকারের দোষ, বামফ্রন্টও এত লোন করেছে ; যদি তাই হয় তাহলে ২০শে মে, ২০১১ তারিখে শপথ নিতে গেলেন কেন? বলতেন 'আমরা মন্ত্রীত্ব নেব না, আমরা শাসন ক্ষমতা নেব না'। নিলেন কেন? আর, নিলেনই যদি তাহলে এখন আবার কেন্দ্রীয় সরকারের দোষ দেন কেন? কেন্দ্রীয় সরকার এটা দেয় না, ওটা দেয়না বলছেন কেন? আমি বলছি, যদি নাই দেয় তাহলে বন্ধ করে দিন না ১০০ দিনের কাজ, বন্ধ করে দিন না বিজলী বাতী দেওয়া, বন্ধ করে দিন না বিধবা-ভাতা দেওয়া, বন্ধ করে দিন না প্রতিবন্ধী ভাতা দেওয়া। সবই তো কেন্দ্রীয় সরকারের, আপনাদের কী আছে। আপনাদের তো কিচ্ছু নেই শুধু একটা কাগজ নিয়ে এই রকম করছেন। মানিনা, বাজেট সমর্থন করি না।

ড: রমেন্দ্র নাথ বিশ্বাস : স্যার, মা-মাটি-মানুষের সরকারের মাননীয় অর্থমন্ত্রী কর্তৃক ১১ তারিখে যে বাজেট পেশ করা হয়েছে আমি সেই ক্রিয়েটিভ, কনস্ট্রাক্টিভ এবং এফেক্টিভ বাজেটকে পরিপূর্ণ ভাবে সমর্থন করছি।

আমাদের অন্যদিকের বন্ধুরা একে হয়তো বলবেন ডিফেক্টিভ বাজেট। কিন্তু তারাই তো একদিন দেখেছিলেন ঘাটতি শূন্য বাজেট। অথচ, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা তারা ঋণ করে সংসার চালাতেন, সরকার চালাতেন আর, মুখে বলতেন ঘাটতি শূন্য বাজেট। সেই বাজেটের যিনি রচয়িতা ছিলেন আর বর্তমান বাজেটে যিনি রচয়িতা এবং বর্তমান বাজেট যাঁর উদ্যোগে সম্পন্ন হয়েছে, সেই মমতা বন্দ্যোপাধ্যায়, বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সেই মমতা বন্দ্যোপাধ্যায়ের যে বাজেট, সেই বাজেট জনহিতকরী বাজেট, সেই বাজেট সাধারণ মানুষের বাজেট, সেই বাজেট কৃষকের বাজেট, সেই বাজেট শিক্ষকের বাজেট, সেই বাজেট সংখ্যালঘু মানুষের বাজেট, সেই বাজেট অনগ্রসর মানুষের বাজেট, সেই বাজেট পশ্চিমবঙ্গের উন্নয়ন প্রকল্পের সার্থক রূপায়ণের বাজেট। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা যেখানে ঋণ, সেই ঋণ-গ্রস্থ অবস্থার মধ্যে দিয়ে একমাত্র মমতা বন্দ্যোপাধ্যায়ই হচ্ছেন এমন একটা ব্যক্তিত্ব, এমন এক নেত্রী যিনি পশ্চিমবঙ্গকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যেতে পারেন বলে আমি দাবি করি। তাই আমি এই বাজেটকে পরিপূর্ণভাবে সমর্থন করি। আর, শুধু সমর্থন করি না, পশ্চিমবাংলার বুকে যাঁরা একদিন বলতেন 'কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ', সেই কৃষির জন্য দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায়, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কী না করেছেন! তিনি ২৬ দিনের অনশন করেছেন। যেখানে ছিল ২৩০ এবং আমরা ছিলাম মাত্র ৩০ সেই জায়গায় একটা বৈপ্লবিক পরিবর্তন এনে তিনি অসম্ভবকে সম্ভব করেছেন। সেই মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে আজকে সমালোচনা বিরোধী পক্ষের বেঞ্চ থেকে করা হয়েছে। তাঁরা চোখ মেলে শুধু তাকিয়ে থাকুন, পাঁচ বছর শুধু তাঁকে কাজ করতে দিন।

[5·10–5·20 pm]

দেখবেন, যে বাজেট তিনি করেছেন সেই বাজেট সম্পূর্ণভাবে রূপায়িত করে আগামী দিনে পশ্চিমবঙ্গকে এক নতুন দিশা, নতুন পথে, নতুন অভিমুখে নিয়ে যাবেন। অনেকে বলেন এর কোন মুখ নেই। আমি বলি, বলুন অভিমুখ নেই। কিন্তু আপনারা দেখেছেন এই ক'দিনের মধ্যে, এই ২০ মাসের মধ্যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার বোঝা ঘাড়ে নিয়েও মমতা বন্দ্যোপাধ্যায় বুক

উঁচু করে, মাথা উঁচু করে গরীবের পাশে গিয়ে দাঁড়াচ্ছেন, শ্রমিকের পাশে গিয়ে দাঁড়াচ্ছেন। শিল্প কলকারখানা তৈরি করবার জন্য মাঠে মাঠে ঘুরছেন। পশ্চিমবঙ্গের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে গিয়ে শিক্ষার আলো, উন্নয়নের আলো জ্বালাচ্ছেন। জঙ্গলমহলে তিনি আলো জ্বালাচ্ছেন। উত্তরবঙ্গের বুকে, পাহাড়ের বুকে তিনি আলো জ্বালাচ্ছেন। কি না করেছেন বলুন তো। কেবলমাত্র বাজেটের সমালোচনা করতে হবে বলে আপনারা সমালোচনা করে এমন একটা সুন্দর গতি, এমন একটা উন্নয়নের ধারাকে বাধাপ্রাপ্ত করতে চাইছেন। ৩৪ বছর যে শাসন সে শাসন ব্যর্থতার শাসন, সে শাসন ধ্বংসের শাসন, সে শাসন ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণ করে নেবার শাসন। যুবকেরা উন্নত হয় নাই, কৃষকেরা উন্নত হয় নাই, বেকাররা কোন চাকরি পায় নাই। কি পেয়েছে এই পশ্চিমবঙ্গের বুকে তাই বলুন। অথচ মমতা বন্দ্যোপাধ্যায়, এই মমতা বন্দ্যোপাধ্যায়ের যা ক্ষমতা সেই ক্ষমতা কিছুদিন আগেও তারা মনে করতো আমরা পশ্চিমবঙ্গকে এমন একটা অবস্থার মধ্যে রাখব - কারণ আমরা কৃষকের পাশে দাঁড়াইনি, আমরা শিল্পির পাশে দাঁড়াইনি, আমরা কোন তথ্য সংস্কৃতির পেছনে দাঁড়াইনি। আমরা কিসের পাশে দাঁড়িয়েছি? আমরা নিশ্চিতভাবে ঠকবো কিন্তু তার আগে আমরা আমাদের পকেট ভারি করে ঐ আগামী সরকারে যদি পরিবর্তন আসে, মমতা বন্দ্যোপাধ্যায় আসে, তাহলে একদিন মুখ থুবড়ে পড়বে।

মিঃ স্পীকার ঃ আপনি বাজেটের উপর বলুন।

ডাঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : বলছি। অনেকে বলবেন, বলতে পারছেন না ভুলে গেছেন। ভোলাটাই স্বাভাবিক, এত উন্নয়নের জোয়ার যে কোনটা ছেড়ে কোনটা বলবো। এইজন্য ভুলে যাচ্ছি। আর হয়তো এটা ভোলার নয়। আপনারা যা যা বলছেন, আপনারা অনেক দিন ধরে যখন সরকারে ছিলেন অনেক বলেছিলেন। কিন্তু আজকে যা করছেন তা সমালোচনা ছাড়া কিছু নয়। প্রকৃত যাকে কাজ করতে হচ্ছে, তাকে কাজ করতে হচ্ছে আপনাদের মতো যে সমস্ত ব্যক্তিত্ব তাদের কথার জবাব দিতে হচ্ছে। আমাদের যারা বক্তব্য রেখেছেন তারা আপনাদের অনেক কথার জবাব দিয়েছেন। আপনার শুধু বর্তমানের যিনি ফিনান্স মিনিস্টার তার লেখাটা পড়বেন। দেখবেন তার প্রতি ছত্রে ছত্রে উন্নয়নের কথা ছাড়া কি আছে? এবং সেখানে সংখ্যা, পরিসংখ্যান দিয়ে আপনাদেরকে বুঝিয়ে দেওয়া হয়েছে। এইভাবে যদি পশ্চিমবঙ্গ চলতে পারে তাহলে আগামীতে আপনারা দেখবেন সংখ্যাও আপনাদের মুখস্ত থাকবে। কাজও আপনাদের মুখস্ত হয়ে যাবে এবং আগামী দিনে সাধারণ মানুষ মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ দেবে। ধন্য ধন্য করবে এবং তাই আমি এই যুগান্তকারী বাজেটের স্বপক্ষে সমর্থন জানিয়ে আমার ক্ষুদ্র বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১১ই মার্চ আমাদের অর্থমন্ত্রী এই পবিত্র বিধানসভায় ২০১৩-১৪ এর ব্যয় বরাদ্দ পেশ করেছেন। এই ব্যয় বরাদ্দ পেশের যে দাবি আপনি রেখেছেন সেটাকে আমি সমর্থন করতে পারছি না। তার কারণ এটা একটা দিশাহীন, কিছু গল্প, কিছু পরিকল্পনা, কিছু বিভ্রান্তিকর, কিছু উদ্দেশ্য প্রণোদিত এই বাজেট। আমি আপনাকে বলতে চাই, বাজেটে সব প্রকল্পে ব্যয় বৃদ্ধি করেছেন কিন্তু পাশাপাশি যত ব্যয় বরাদ্দ করেছেন তার আর্থিক সংস্থানটা কোথা থেকে সংগ্রহ হবে আপনার বাজেট বিবৃতিতে সেটা কোন উল্লেখ নেই, আমি কোন দিশাও খুঁজে পাই নি। এছাড়াও যোজনা খাতে খরচ কত শতাংশ হয়েছে তার কোন দিশা

আমরা বাজেট বিবৃতিতে আমরা অন্তত খুঁজে পাইনি। গতকাল থেকে এই পর্যন্ত সরকার পক্ষের বন্ধুরা বারে বারে শুনছি, বলছেন যে বিগত বামফ্রন্ট সরকারের ৩৪ বছরে কিছুই করতে পারে নি। যা করতে পারেনি এই কয়েক মাসের সরকার তার নাকি দ্বিগুণ-চর্তুগুণ কাজ করেছেন। ভাবখানা এই রকম যে পৌরাণিক যুগে বিশ্বকর্মার মনে হয় ছোটভাই নেমে এসেছে এই মর্তে এত বেশি কাজ করেছেন। তাই যদি হয়, মর্তে যদি বিশ্বকর্মার ছোট ভাই হয়ে থাকেন তাহলে আপনার বাজেট পুস্তিকা এক নজরে আমরা পড়েছি। সেটা পড়ে কতগুলি বিষয় আমাদের জানতে পারলাম অনেকগুলো গুরুত্বপূর্ণ দপ্তরে বরাদ্দকৃত অর্থ গত ২০১২-১৩ সালের জন্য যা বরাদ্দ করেছিলেন মর্তের বিশ্বকর্মার ভাইয়েরা সেই কাজটাও করতে পারে নি। হাউসে বলছেন, এখানে বলছেন, বাইরে বলছেন, মাঠে বলছেন যে ৩৪ বছরে বামফ্রন্ট যা করতে পারে নি এবং এমনই কিছু কথা শুনি যে ভারতবর্ষ কেন পৃথিবীতে এমন কোন রাজ্য নেই যে এত বেশি কাজ করে ফেলেছেন। ৯০%, ৯৫% কেউ বলছেন ১০০% - এত বেশি কাজ করেছেন। তাই যদি হয়, তাহলে এখানে কয়েকটি দপ্তরের কথা উল্লেখ করতে চাইছি। বিশেষ করে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর খোদ দপ্তর যে কয়েকটি গুরুত্বপূর্ণ দপ্তরের তিনি দায়িত্বে আছেন যার কথায় আপনারা সরকার চালাচ্ছেন। আমি কয়েকটি দপ্তরের কথা শুধু উল্লেখ করবো। তাহলে বোঝা যাবে পশ্চিমবাংলায় কত ভাল এবং কত রকমের কাজ করছেন। একটু আগে আমাদের বিরোধী পক্ষের মাননীয় সদস্য খগেনবাবু বলছিলেন। স্বাস্থ্য, পরিকল্পনা দপ্তর ২০১২-১৩ সালে যে বরাদ্দ ছিল ১ হাজার ৪৯ কোটি টাকা। কত খরচ করেছে এই দপ্তর? স্বাস্থ্যে নাকি বিশাল পরিবর্তন করেছেন। গোটা পশ্চিমবাংলায় স্বাস্থ্যে নাকি হাল ফিরিয়ে দিচ্ছেন। কত খরচা করতে পারলেন—১০৪ কোটি টাকা। খরচা হল না কত? করতে পারেননি কত? ২৪৫ কোটি টাকা খরচা করতে পারলেন না। হাসপাতালে ডাক্তার নেই, কোথায়ও বেড নেই। পরিকাঠামোর কথা বারে বারে বলছেন, ঢেলে সাজাচ্ছেন। তাহলে কেন করা গেল না? কি উত্তর দেবেন আপনারা। অনেক কথা তো শুনলাম। স্বরাষ্ট্র দপ্তর- (এই সময় ট্রেজারি বেঞ্চ থেকে কিছু বলা হয়।) আমরা তো পড়িনি, আপনারা তো বিশ্বকর্মার ছোট ভাই, আপনারা কেন পারবেন না? আপনারা তো সব করে দিচ্ছেন। ৯৫% কাজ করে ফেলেছেন, কেন পারবেন না? স্বরাষ্ট্র দপ্তর -টাকা বরাদ্দ হয়েছিল ১৪৩ কোটি ২৫ লক্ষ টাকা। এখানে প্রায় ১ কোটি ৯৮ লক্ষ টাকা খরচা হয়নি।

[5.20–5.30 p.m.]

অথচ বর্তমান যে পুলিশ প্রশাসন, তাকে আধুনিকীকরণ করার যে ব্যবস্থা, সেটাও করতে পারতেন, করলেন না। সংখ্যালঘুদের জন্য খুব আপনারা দরদ দেখাচ্ছেন। একেবারে সেই মনে হয় যেন আপনাদের মত এত ভাল মুসলিম প্রেমী, সংখ্যালঘুপ্রেমী আর বোধহয় কেউ ছিল না। ১২-১৩ সালে বরাদ্দ কত ছিল এই দপ্তরের জন্য? ৫৭০ কোটি টাকা। খরচা কত হল? ৫৫৯ কোটি ৬১ লক্ষ। খরচা হলনা কত? ১১কোটি ৩৯ লক্ষ খরচা করতে পারলেন না। নগরোন্নয়ন দপ্তর, মন্ত্রী সাহেব আছেন। ১২-১৩ সালে শহরের উন্নয়নের জন্য, নগরোন্নয়ন করার জন্য কলকাতাকে লন্ডন বানাবেন, উত্তরবঙ্গকে সুইজারল্যান্ড বানাবেন, দীঘাকে গোয়া বানাবেন। এত কিছু কথা বলছেন। নগরগুলোকে আরও পরিকাঠামো দিয়ে আরও উন্নত করবেন। বরাদ্দ কত ছিল? ১২-১৩ সালে বরাদ্দ ছিল ১৯৩৩ কোটি ৯৮ লক্ষ টাকা। আপনাদের বাজেট বই, গতবারের বাজেট

বই। খরচা হল কত? ১৩৫৬ কোটি ৭৫ লক্ষ টাকা। পড়ে আছে তো? ৫৭৭ কোটি ২৩ লক্ষ টাকা। আপনাদের বাজেট পুস্তিকার হিসাব এটা, আমার হিসাব নয়। আপনাদের বইয়ের হিসাব। উন্নয়ন করছেন। জনস্বাস্থ্য কারিগরী দপ্তর, আমি এতক্ষণ শুনছিলাম সরকার পক্ষের বন্ধুদের কথা। পানীয় জলের এমন ব্যবস্থা নাকি হয়েছে, আগে আমরা নাকি কিছুই করিনি। গোটা পশ্চিমবাংলায় দারুণ জলের সমস্যা ছিল। সেটাকে আপনারা পূরণ করেছেন। জনস্বাস্থ্য কারিগরী দপ্তর—তার বরাদ্দ গতবার কত ছিল? বরাদ্দ ছিল ৫০৯ কোটি টাকা। এত জল খাইয়েছেন আপনারা, এত পানীয় জলের ব্যবস্থা করেছেন, খরচ আর করতেই পারলেন না। ৩৫৬ কোটি ২ লক্ষ টাকা খরচই হল না। গোটা পশ্চিমবাংলায় পানীয় জলের একটা অঢেল ব্যবস্থা করে দিয়েছেন, শুনতে হচ্ছে। শুনতে খুব ভাল। প্রতিশ্রুতি দেওয়া ভাল, কথা বলা ভাল। কিন্তু করলেন নাতো। শিল্প বাণিজ্য- যেগুলো একটু গুরুত্বপূর্ণ দপ্তর, আমরা চাইছি শিল্প আরও বেশি করে হোক, করুন। শিল্প হলে তবেই তো কর্মসংস্থানের সুযোগ আসবে। সেখানে ১২-১৩ সালে বরাদ্দ ছিল ৫০০ কোটি। খরচ কত হল? ৪৩৮ কোটি ৫১ লক্ষ টাকা। পড়ে আছে কত? ৬১ কোটি ৪১ লক্ষ টাকা এই হচ্ছে আপনাদের একশো ভাগ কাজ করবার নমুনা। স্যার, আমি অন্য বিষয় আর বলতে চাইছি না। আমি উত্তরবঙ্গের মানুষ। আমি উত্তরবঙ্গের কয়েকটি কথা বলতে চাইছি। এই আর্থিক বছরে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমরা খুব দুঃখ পেয়েছি উত্তরবঙ্গের মানুষ হিসাবে যে , আপনার বাজেট বিবৃতিতে উত্তর বঙ্গকে সম্পূর্ণভাবে উপেক্ষা করা হয়েছে, সম্পূর্ণভাবে উপেক্ষা করেছেন। আপনি যদি সেচ বলেন, জমির সেচ ব্যবস্থাকে, আপনারা বলছেন সেচের জন্য অনেক কিছু করবেন। আমি শুধু সেচ দিয়ে বলি। সেচ ও জলবন্টন দপ্তরে এবারে আপনি বরাদ্দ করেছেন ১৭২৭ কোটি ৫০ লক্ষ টাকা। আপনি বলুন তো উত্তরবঙ্গের ৬টি জেলা, নদীবহুল জেলা এইগুলো। এই ৬ টি জেলার জন্য আপনারা কতগুলো প্রকল্প গ্রহণ করেছেন? উত্তরবঙ্গে ছয়টি জেলায় কোন কোন প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করেছেন? আপনার বাজেট বইয়ে তার কোন উল্লেখ নেই। এমনকি আমার কোচবিহার জেলায় সালকিয়া খাল বলে একটা খাল আছে। যে সালকিয়া খাল কোচবিহারের এক নম্বর ব্লকের একটা দুঃখের খাল। এখানে এই খালের সংস্কারের জন্য সেই এলাকার প্রায় ২ লক্ষ মানুষ এর দ্বারা ক্ষতিগ্রস্থ হচ্ছে। তারা বারে বারে দাবি তুলেছেন। আমরা যখন সরকারে ছিলাম এবং এই হাউজে এই সালকিয়া খালের সংস্কারের দাবিতে আমি বারে বারে উথাপন করেছি। তৎকালীন সরকার সালকিয়া সম্পূর্ণ সংস্কার করতে না পারলেও কিছু ভাঙ্গন রোধ করবার ব্যবস্থা করেছিল। পরবর্তীকালে আমার বলতে কোন দ্বিধা নেই কিছুদিন আগেও যিনি এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন মাননীয় ডা: মানস রঞ্জন ভুঞ্যা সাহেব, তিনি যখন মন্ত্রী ছিলেন তার কাছেও আমি আবেদন করেছিলাম। তিনি এই সালকিয়ার খালকে ব্রহ্মপুত্র বেসিনের সঙ্গে যুক্ত করে সালকিয়া খাল সংস্কার করবার জন্য একটি ব্যবস্থা গ্রহণ করলেন যাতে সেখানকার মানুষ উপকৃত হন। কিন্তু অতিব দুঃখের আপনার এই বাজেট বইয়ে সালকিয়ার খাল উপেক্ষিত থেকে গেল। জানি না এর ভবিষ্যতটা কোথায়। এবারে স্বাস্থ্যের ব্যাপারে আসি, স্বাস্থ্য ক্ষেত্রে উপেক্ষা করেছেন। উত্তরবঙ্গে স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে উপেক্ষিত করা হয়েছে। বিশেষ করে আমি কোচবিহারের একটা কথা উল্লেখ করতে চাইছি। গতবছর ২০১২ সালের ১১ই জুলাই আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী কোচবিহারে গিয়েছিলেন, একটি প্রকাশ্য সভায় তিনি ঘোষণা করে এসেছিলেন যে কোচবিহারে জে.ডি. হসপিটালে প্রচুর জমি আছে। অধিগ্রহণ করবার দরকার নেই, সরকারের জমি। সেই জমিতে তিনি

ঘোষণা করলেন যে, একটি মেডিক্যাল কলেজ হসপিটাল সেখানে হবে। আমরা ভেবেছিলাম এইবারের বাজেট বিবৃতিতে সেটা হয়তো জায়গা পাবে। দুঃখের কথা, তিনি ঘোষণা করলেন, মানুষ শুনলেন, কোচবিহারের মানুষ জানলেন অথচ আপনার বাজেটে উপেক্ষিত থেকে গেল। পাহাড়ের কথা একটু বলি, পাহাড় নিয়ে অনেক কথাই বলছেন - পাহাড় হাসছে, পাহাড় হাসছে। তা পাহাড় কেমন হাসছে এই হাউসের এইদিকে তাকালেই বোঝা যাবে পাহাড়ে নির্বাচিত সদস্য বন্ধুরা এই পবিত্র বিধানসভায় নেই, বয়কট করেছেন এই বাজেট অধিবেশন। তারা হুঁশিয়ারি দিয়েছেন, তারা এই কথা বলছেন যে দিদিকে মাতৃসমা মনে করতেন তা এখন বলছেন তিনি আমাদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করছেন। পশ্চিমবঙ্গ সরকারকে হুশিয়ারি দিচ্ছেন আর আপনারা বলছেন পাহাড় হাসছে? গতকাল মংপুতে মুখ্যমন্ত্রী ছিলেন। তার সঙ্গে সাক্ষাত করতে যাননি! এই জায়গায় দাঁড়িয়ে পাহাড় টিকি টিকি জ্বলছে। এ ব্যাপারে ভাবা দরকার যে পাহাড় সম্বন্ধে একটি কথাও বললেন না, একটি কথা নেই। কেন্দ্রীয় সরকার ২০০কোটি টাকা দিয়েছে উন্নয়ন করবার জন্য। এইবারের বাজেটে আপনি কত টাকা দিয়েছেন? একটি টাকাও বরাদ্দ করলেন না আর এদিকে বলছেন পাহাড় হাসছে, পাহাড় হাসছে। পাহাড় এখন যেমন হাসছে দুদিন পরে শুনতে হবে জঙ্গলমহল হাসছে। শুনতে হবে অপেক্ষা করুন, যে জায়গায় যাচ্ছে। শুধু প্রতিশ্রুতি দেওয়া এক আর বাস্তবে সেটা করা আর এক। এটা ভেবে তাই আমি আপনার এই বাজেটকে সমর্থন করতে পারছি না।

[5.30–5.46 p.m.]

শ্রী শুভাশীষ বটব্যাল : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহাশয় গত ১১ই মার্চ রাজ্যের পরিকল্পনা খাতে ২০১৩-১৪ আর্থিক বছরের ব্যয় বরাদ্দের জন্য ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার যে প্রস্তাব রেখেছেন তার সমর্থনে আমি এই প্রতিবেদন পেশ করছি। বিভিন্ন বক্তার বিভিন্ন ধরনের বক্তব্য শুনলাম। ইতিপূর্বে আমাদের অর্থমন্ত্রী তার প্রস্তাবে যে সমস্ত বিষয়গুলি উল্লিখিত করেছেন তার পরিপ্রেক্ষিতে এবং তার সমর্থনে আমার এই বক্তব্য। আপনারা জানেন যে সেন্ট্রাল স্ট্যাটিসটিকাল অরগানাইজেশান এবং ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স সর্ব ভারতীয় দুটো সংস্থা। তারা সারা ভারতবর্ষে সেন্ট্রাল গভর্ণমেন্ট এবং রাজ্য সরকারগুলোর সমস্ত অর্থনৈতিক কার্যকলাপের বিচার বিশ্লেষণ করে তার তথ্যগুলো পরিবেশন করেন। আমরা যে তথ্য সেখান থেকে পেয়েছি তাতে আমরা দেখেছি, সারা ভারতবর্ষে যে গ্রসডোমেস্টিক প্রোডাকশান, যেটাকে আমরা জি.ডি. পি বলি, সেই জি.ডি.পি-র থেকে আমাদের রাজ্যের জি.ডি.পি অনেকটা উপরে আছে এবং বিভিন্ন সেক্টরে যে সমস্ত প্রোডাকশান এবং যা গ্রোথরেট, সেই রেটটা সারা ভারতবর্ষের থেকে মোর দ্যান অ্যাভারেজ, অনেকটা হাইয়ে রয়েছি। এটা আমাদের রাজ্যের কৃতিত্ব বলতে পারি। এই সঙ্গে বলতে পারি যে, আপনারা অনেক এম.এল.এ বলেছেন যে, যে আমাদের অর্থনীতিতে তিনটে সেক্টর আছে। এগ্রিকালচার -দ্যাট ইজ প্রাইমারী সেক্টর, সেকেন্ডারী সেক্টর দ্যাট ইজ ইন্ড্রাস্ট্রিয়াল সেক্টর অ্যান্ড টার্সিয়ারী সেক্টর দ্যাট ইজ কমার্স, ইন্ড্রাস্ট্রী ট্রেড অ্যান্ড ট্রান্সপোর্টেশান অ্যান্ড সার্ভিস। এগুলো টার্সিয়ারী সেক্টরের মধ্যে পড়ে। এখন আমাদের অভাবের সংসার। একথা বলে তো অস্বীকার করে লাভ নেই যে, আমরা যখন ক্ষমতায় এসেছি, এটা সত্য কথা যে, সে বছর লাস্ট লেফ্ট ফ্রন্ট গভর্ণমেন্টের রেভিনিউ কালেকশান ২০ হাজার কোটি টাকার মধ্যে ছিল। সুতরাং একদিকে রেভিনিউ কালেকশানের পরিমাণটা কম,

অন্যদিকে একটা লোনের বোঝা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। এই লোনে সুদেমূলে প্রতিবছর এই সরকারকে ২৫ হাজার কোটি টাকা শোধ করতে হয়। সুতরাং এখানে বড় বার্ডেন। আমাদের সরকার এসে বললেন, আমাদের নতুন সরকার এসছে. অর্থনৈতিক সেক্টরগুলো খুব দুর্বল জায়গায় রয়েছে। বিভিন্ন জায়গাতে সিলেকশান করে করে সেই জায়গাতে ইনভেস্টমেন্ট দরকার আছে। অর্থমন্ত্রী বারবার কেনস এর কথাটা বলেছেন। আপনারা জানেন ১৯২৯ সালে যখন সারা পৃথিবীব্যাপী গ্রেট ডিপ্রেশান হয়েছিল. সেই ডিপ্রেশানের হাত থেকে কিভাবে ইউরোপকে- গোটা পৃথিবীকে কি করে বাঁচানো যায়, যেভাবে ফট ফট করে ব্যাংক বন্ধ হয়ে যাচ্ছে, কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, আন এমপ্লয়মেন্ট প্রবলেম প্রচণ্ড ভাবে দেখা দিয়েছে সেই অবস্থা থেকে কিভাবে এগোনো যায়, তখন সেই লর্ড কেন্সকে বললেন যে, আপনাকে দায়িত্ব দেওয়া হল কিভাবে এখানকার অর্থনীতিকে আমরা চাঙ্গা করব। সেইরকম একটা পথ বার করা। যে পথে আগামিদিনে সমৃদ্ধি আসবে। তিনি তখন বললেন যে, সরকারী ব্যয় ও সমস্তরকম স্বয়ংম্ভর যেগুলো অটোনমাস ইনভেস্টমেন্ট, গভর্ণমেন্ট এক্সপেনডিচার সহ বিভিন্ন এক্সপেনডিচার যদি বাড়ানো হয়, তাহলে পরে যতই ইনভেস্টমেন্ট বাড়ানো হবে এমপ্লয়মেন্ট অপারচুনিটি বাড়বে ততই গ্রোথ এবং ডেভেলপমেন্ট হবে। আমরা জানি যদি ঠিকমত জায়গায় প্রোডাকশান সেক্টরে যদি ইনভেস্টমেন্ট বাড়ানো হয় তাহলে রিটার্ণ এবং গ্রোথ আসতে বাধ্য। ইফ দেয়ার ইজ নো নিউ ইনভেস্টমেন্ট, দেয়ার ইজ নো এমপ্লয়মেন্ট, দেয়ার ইজ নো গ্রোথ, দেয়ার ইজ নো ডেভেলপমেন্ট। সুতরাং ইনভেস্টমেন্টগুলোকে আবার পজিটিভ হতে হবে। ইনভেস্টমেন্ট করলে হবে না। তিনটে যে সেক্টর আছে, সেই সেক্টরে কোন্ জায়গাতে ইনভেস্টমেন্ট করলে তার রিটার্নটা বেশি আসবে, তার গ্রোথটা হবে, সার্ভিস সেক্টরে তার ডেভেলপমেন্টটা হবে, তার স্ট্যান্ডার্ডটা বাড়বে সেগুলোকে দেখে দেখে ইনভেস্টমেন্ট করার দরকার আছে। আমাদের অর্থমন্ত্রী কেন্স এর তত্ত্বকে এখানে অ্যাপ্লাই করেছেন। তিনি বলেছেন আমরা সেই সেই সেক্টরগুলোকে চয়েজ করে নিয়ে আমরা সেখানে ইনভেস্টমেন্ট বাড়াব, যার ফলে গ্রোথ আসবে, ডেভেলপমেন্ট আসবে এবং এমপ্লয়মেন্ট অপারচুনিটি বাড়বে।

সুতরাং সেই জায়গা গুলোকে বেছে নেওয়া হচ্ছে। আপনারা জানেন যে আমাদের ৩০ পার্সেন্ট বেশি রাজস্ব আদায় হয়েছে। অনেকে বলছেন কি করে আদায় হল। আমি নিজে ফাইনান্স স্ট্যান্ডিং কমিটির মেম্বার আছি। আমরা দেখেছি যে সমস্ত জায়গা থেকে ট্যাক্সগুলো কালেকশন হয়, তাতে একটা বড় লিকেজ ছিল। সেই লিকেজ দিয়ে সব বেরিয়ে যেত। ক্ষমতায় এসে তিনি প্রথম বাজেটে বললেন আমাদের এই লিকেজ গুলো বন্ধ করতে হবে। যদি আমরা লিকেজ গুলো বন্ধ করতে পারি তাহলে সেই রেভিনিউটা, যেটা অন্য পথে চলে যাচ্ছিল, সেটা আমরা আমাদের ভাণ্ডারের মধ্যে আনতে পারব এবং আমাদের ট্যাক্স কালেকশানটা বাড়বে। সেই জন্য প্রফেশনাল ট্যাক্স বলুন, সেল ট্যাক্স বলুন, মোটর ভেহিকেল ট্যাক্স বলুন, এন্ট্রি ট্যাক্স বলুন, সেই সমস্ত জায়গাগুলোতে ই-গভর্নেন্স চালু করার ফলে অনেক কোরাপসান দূর হয়েছে। যারা ট্যাক্স প্রদান করেন তাদের ট্যাক্স পেমেন্ট করাটা ইজি হওয়ার জন্য তারা ট্যাক্স দিতেও আগ্রহী হচ্ছেন। এই ব্যবস্থা চালু করার জন্য অনেকটা লিকেজ বন্ধ করা গিয়েছে। সেই লিকেজ বন্ধ হওয়ার ফলে ট্যাক্স কালেকশন অনেকটা বেড়েছে। মানসবাবু মদের একসাইজের ব্যাপারে বলেছেন। মানসবাবু, সামাজিক দায়বদ্ধতার ব্যাপার আছে। এখানে সাপ্লাই ডিমান্ড অনুযায়ী হবে না। এখানে সামাজিক দায়বদ্ধতা পালন করতে হয়। যেহেতু আমার এলাকায় প্রচুর পরিমাণ মদের ডিমাণ্ড আছে সুতরাং

আমি ঢালাও দোকান করে দিলাম, ঢালাও প্রোডাকশান সেন্টার করে দিলাম, সেই জিনিসটা চলে না। সেই জন্য আমাদের স্টান্ডিং কমিটির মিটিং এ অর্থ মন্ত্রী বলেছিলেন যে আপনাদের স্ট্যান্ডিং কমিটিতে সর্ব দলের সদস্য আছেন। আপনারা সবাই মিলে ডিসাইড করুন কি করবেন, তারপরে আমাকে জানান। সেই ডিভিসান নিয়ে আমি ব্যবস্থা নেব। কারণ এটা একটা সামাজিক দায়বদ্ধতার জায়গায় রয়েছে। আমরা জানি যেসমস্ত ঠেক গুলো ভেঙ্গে দেওয়া হচ্ছে, ঠেক গুলো ভেঙ্গে দেওয়ার ফলে যারা ঠেকে মদ খেতেন তারা একদিনও তাদের নেশা বন্ধ করবেন না। আমরা এটা জানি। কিন্তু তার জন্য যে অতিরিক্ত সরকারি মদের চাহিদা বাড়বে, সেই চাহিদাটাকে এর মধ্যে চ্যানেলাইজড করার দরকার আছে ক্রমভাবে, আস্তে আস্তে করে, একেবারে নয়। তার জন্য কি করা হচ্ছে? তার জন্যে পুলিশ প্রশাসনের সঙ্গে এক্সচেইজকে ট্যাগ করে দেওয়া হয়েছে। যাতে করে এক দিকে ঠেক ভাঙা হয়, অপরদিকে অন্যান্য স্টেট থেকে যাতে মদ চুঁইয়ে না আসতে পারে এবং এখানে ঢুকতে না পারে তার জন্য বর্ডারে ব্যবস্থা নেওয়া হয়েছে।

এইজন্য এক্সাইজে ট্যাক্সের পরিমাণ বেশ কিছু বেড়েছে। কিন্তু যেটা মানসবাবু বলছিলেন সামাজিক দায়বদ্ধতার জন্য এই জায়গাটাকে ঠিক করা যায়নি। চাহিদা অনুযায়ী প্রচুর দোকান, প্রচুর প্রোডাকশান করা যায়নি। সেল ট্যাক্সের পরিমাণ বেড়েছে। আর একজন কৃষির ব্যাপার নিয়ে কথা বলছিলেন যে কৃষিতে না কি সেইরকম ভাবে বিনিয়োগ হয়নি। একটা কথা পরিষ্কার বলছি আপনারা জানেন যে গ্লোবাল ওয়ারমিং চলছে। গ্লোবাল ওয়ারমিং চলার ফলে ক্লাইমেটিক কন্ডিসান পরিবর্তন হচ্ছে। সুতরাং আমরা আর ফ্লাড ইরিগেশনের মধ্যে যেতে পারব না। আমাদের ক্রপ ডাইভারসিফিকেশন চিন্তা করতে হচ্ছে। যাতে আমরা সেই জলকে ঠিকমত ভাবে, তার অপচয় না করে তার ব্যবহার করতে পারি। তার জন্য ক্রপ ডাইভারসিফিকেশন করা হচ্ছে। একজন বন্ধু এম. এল. এ বললেন সেচে কিছু করা হয়নি। আমি পরিষ্কার ভাষায় বলছি কিছু মনে করবেন না ৩৪ বছরে কংগ্রেস পিরিয়ডে যে ক্যানেল হয়েছিল, সেই ক্যানেলের এক ঝুড়ি মাটি পর্যন্ত কাটা হয়নি, একটা ক্যানেলকেও পরিষ্কার করা হয়নি। যেসমস্ত ওয়াটার রিজারভার গুলো ছিল, ডি.ভি.সি-র কথা বলছি, কংসাবতীর কথা বলছি, সিলটেশন না তোলার ফলে জল ধারণ ক্ষমতা কমে গিয়েছে। আমি দায়িত্ব নিয়ে বলছি যে পরিমাণ জমি বাঁকুড়া জেলায় ইরিগেটেড করা হয়েছিল, তার থেকে অনেক পরিমাণ জমি আর ইরিগেটেড করা যায়নি। এই সরকার আসার পর প্রায় ১৮-২০ কোটি টাকা খরচ করে সেই সমস্ত ক্যানেল গুলোকে পরিষ্কার করছে। যাতে করে জলকে আরো বেশি দূরে নিয়ে যাওয়া যায়, যেসমস্ত জমিগুলো জল পাচ্ছিল না তার সেচের ব্যবস্থা করা হয়েছে। আরো কতগুলো পরিকল্পনা নেওয়া হয়েছে। কদমদেউড়ি ড্যাম্পের মডানাইজেশনের জন্য মাপ চলছে। দারকেশ্বর, গন্ধেশ্বরী প্রোজেক্ট যদি হয়ে যায় তার জন্য যে সমস্ত ব্যবস্থা গুলো, মানসবাবু জানেন তিনি অনেকটা কাজ করে এসেছিলেন, তার পরবর্তী কাজ আরো অনেকটা এগিয়ে গিয়েছে। সেখানে ৫০০ একর জায়গা, জঙ্গলের জায়গা, সমপরিমাণ জায়গা যদি জঙ্গলকে দেওয়া না যায় তাহলে সেখানে ক্যানেল করা যাবে না। সেখানে রিজারভার করা যাবে না। সম পরিমাণ জায়গা যদি জঙ্গলকে না দেওয়া যায়, তাহলে সেখানে ক্যানাল করা যাবে না। সেখানে রিজারভার করা যাবে না। সেই পরিমাণ জমির জন্য বর্তমান যিনি আমাদের ইরিগেশান মিনিস্টার হয়েছেন রাজীব বন্দ্যোপাধ্যায় তিনি মিটিং ডেকে পুরুলিয়া এবং বাঁকুড়ার ফরেস্ট অফিসার এবং ভূমি সংস্কার অফিসার

এবং ইরিগেশানের সমস্ত অফিসারদের নিয়ে সেখানে বসে সেই জমির প্রবলেমটা সলভ করে দিয়েছেন। এবং তার কাজ শুরু হয়ে গেছে। মেজারমেন্ট চলছে। এবং এটা যদি হয়ে যায় এটা বাঁকুড়া জেলার টোটাল ইকনমিককে চেঞ্জ করে দেবে। টোটাল সোসিও ইকনমিক কন্ডিশন পরিবর্তন হয়ে যাবে। সুতরাং এই কাজটা করছেন। তারজন্য আমাদের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী বারবার দিল্লিতে গিয়ে বলছেন যে আমাদেরকে যে পঁচিশ হাজার কোটি টাকা সুদ সহ আমাদের সুদ দিতে হচ্ছে, প্রিন্সিপল সহ সুদ আমাদের যে পঁচিশ হাজার কোটি টাকা দিতে হচ্ছে সেটাকে তোমরা অন্তত তিন বছরে একজেম্পট করো। তিন বছর যদি একজেম্পট করা হয়, তিন পঁচিশে পঁচাত্তর হাজার কোটি টাকা থাকবে। এই পঁচাত্তর হাজার কোটি টাকাকে যদি ইনভেস্ট করা যায় প্রোডাকটিভ সেক্টরে, যদি এখানে ইনভেস্ট করা যায় তার থেকে রিটার্ণ আসবে, তার থেকে গ্রোথ আসবে। দ্যাট ইজ কল্ড দ্য ডায়ানামিক মাল্টিপ্লায়ার সিস্টেম ইন দ্য কেনস মডেল। সেই মডেলটা উনি এখানে ইনট্রোডিউস করবার চেষ্টা করছেন। তাহলে গ্রোথ আরও আসবে। ডেভলপমেন্ট আরও আসবে এবং যে জায়গাগুলি থেকে রেভিনিউ আসে, সেই রেভিনিউয়ের জায়গাগুলি আরও প্রশস্ত হবে। আমাদের অর্থনৈতিক ভাণ্ডারটা পূর্ণ হবে। পশ্চিমবাংলা একটা সেল্ফ সাপোর্টেড জায়গাতে দাঁড়িয়ে থাকতে পারবে। এটা উনি বারবার ধরে বলেছেন যে আমাদেরকে মুকুব করতে হবে না। আমাদেরকে বাদ দিতে হবে না। আমরা সেল্ফ সাপোর্টেড হয়ে যাব। যদি আমাদেরকে এই একটা দুরবস্থার মধ্যে আমরা যদি পঁচাত্তর কোটি টাকা আমরা যদি ঠিকমত প্রোডাকটিভ সেক্টরে ব্যবহার করতে পারি তাহলে আমরা টোটালি ডেভলপড হব। আমরা আরও রেভিনিউ কালেকশন করতে পারব। আমরা আমাদের অর্থনৈতিক ভাণ্ডারকে পরিপূর্ণ করে নিতে পারব। আর তোমাদের দেওয়া যে ঋণ আছে সেই ঋণটা আমরা মিটিয়ে দিতে পারব। এই ইকনমিকসটা নিয়ে আজকে আমাদের অর্থমন্ত্রী চলছেন। এটা খারাপ? এটা অন্যায়? এটা অন্যায় মোটেই নয়। একবার আপনার মাল্টিপায়ার সিস্টেমটা পড়ে দেখবেন। যেটাকে বাংলায় বলে গুণতত্ত্ব। সেই গুণতত্ত্ব অনুযায়ী আমাদের পশ্চিমবাংলার অর্থমন্ত্রী এখানকার অর্থনৈতিক ব্যবস্থার বিভিন্ন সেক্টরকে ডেভলপমেন্ট করে গোটা এরিয়ায় টোটাল আমাদের গ্রোথ রেটকে হাই করতে যাচ্ছেন, তিনি টোটাল ইকনমিকে একটা বাম্পার জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আর একটা অত্যন্ত দুঃখের কথা বলতে হয় আমাদের অর্থমন্ত্রী তাঁর বাজেট পড়তে গিয়ে মাঝে মাঝে দুঃখপ্রকাশ করেছেন। সেই দুঃখ আমাদের পশ্চিমবাংলার প্রতিটি এম এল এ-র হওয়ার দরকার। প্রতিটি মানুষের হওয়ার দরকার। কারণ আমরা দিল্লিকে বলেছিলাম যে তোমরা আমাকে এগুলি দাও। সেটা তো দিলেন না। দশবার দৌড়ে গেছেন। যদি আইনগত ব্যাপারে বা সংবিধানগত ব্যাপারে বাধা থাকত তাহলে প্রথমবারেই বলতে পারতেন পশ্চিমবাংলার অর্থমন্ত্রী আপনি আর আসবেন না। এই আইনে বাধা আছে, এখানে আপনি আসবেন না। এখানে আসতে পারবেন না। এখানে কোন প্যাকেজ দেওয়া যাবে না। তাহলে সেকেণ্ড টাইম যান কেন? থার্ড টাইম যান কেন? টেন টাইমস কেন গেলেন? তখন কেন বন্ধ করে দেওয়া হয়নি? কিসের জন্য? তাহলে কি আমার অর্থমন্ত্রী কিছু বোঝেন না? আমার অর্থমন্ত্রী কী কিছু জানেন না? তাহলে সেই কেন্দ্রীয় অর্থমন্ত্রী তিনি কেন ভালো করে বুঝিয়ে দিলেন না? আমাদের মনমোহন সিং অর্থনীতির মানুষ। তিনি কেন বুঝিয়ে দিলেন না? তিনি তো সংবিধানের কথা বলে আর এই অর্থনীতির প্যাকেজের কথা বলে বলতে পারতেন। আর সেখানে ৫০ হাজার কোটি টাকা দেওয়া হচ্ছে। ইউরোপের অর্থনীতিকে উন্নত করবার জন্য। আমার মা ভাইবোনেরা যদি না খেতে পান, তারা

যদি জামাকাপড় ছেঁড়া পরে থাকেন, আমরা আমাদের বিলাসিতা করব পাড়ার লোককে দিয়ে এ হতে পারে না। এটা কোনদিন হতে পারে না। আগে আমাদের অর্থনীতিকে চাঙ্গা করা দরকার। আগে আমাদের মা বোনেদের ছায়া দেওয়া দরকার। পরে পরের জন্য দেখার দরকার। সেইজন্য আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে আমাদের পশ্চিমবাংলোকে দুর্বল করে দিয়ে তোমরা অন্য জায়গাকে বাঁচাবার চেষ্টা করছ, ইউরোপের অর্থনীতিকে দেখবার চেষ্টা করছি।

আগে ঘরকে দেখ, আগে ঘরকে সামলাও. আগের ঘরের অর্থনীতিকে দেখ তারপরে অন্য কিছু হবে। এই বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

MOTION FOR VOTE ON ACCOUNT

Shri Amit Mitra : Sir, I beg to move that a sum not exceeding Rs. 2741738,18,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the services and purposes as set out in the Budget Publication No. 2 during the year ending on the 31st day of March, 2014.

Mr. Speaker : Now I put to vote the motion, As many as are of that opinion will please say, Aye. As many as are of the contrary opinion will please say, No.

Ayes have it, Ayes have it.

The motion is adopted.

Adjournment

The House was then adjourned at 5.46 p.m. till 11.00 a.m. on Thursday, March 14, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thurs day. the 14th March 2013 at 11·00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Minister. 05 Ministers of State and 191 Members.

[11.00 – 11.10 am]

Starred Questions
(to which oral answers were given)

কলকাতা হাইকোর্টে বিচারপতির শূন্যপদ

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *২১) **শ্রীঅসিত মিত্র** : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে কলকাতা হাইকোর্টে বিচারপতির কত সংখ্যক পদ শূন্য আছে ;

(খ) উক্ত শূন্যপদ পূরণ করার ক্ষেত্রে রাজ্য সরকার কোনও পদক্ষেপ গ্রহণ করেছে/করছে কিনা ; এবং

(গ) করে থাকলে, কী কী?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, (ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩১ শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে কলকাতা হাইকোর্টে মাননীয় বিচারপতিগণের শূন্য পদের সংখ্যা ১৭।

(খ) হাইকোর্টের মাননীয় বিচারপতিগণের শূন্যপদগুলি পূরণ করার উদ্যোগ মহামান্য হাইকোর্ট গ্রহণ করে থাকেন। এবং এই কারণে গ-প্রশ্নের কোন উত্তর দেওয়ার প্রয়োজন হবে না।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয়া মন্ত্রী যে কথা বললেন তাতে করে দেখা গেল যে, শূন্যপদ পূরণ করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোন ভূমিকা নেই, এক্ষেত্রে প্রধান বিচারপতিই তাঁর ভূমিকা অবলম্বন করেন, পদগুলো পূরণ করার বিষয়টা তিনিই দেখেন। স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার সাপ্লিমেন্টারী কোশ্চেন হচ্ছে যে, তাহলে কি আপনার কাছে জানতে পারি এই যে হাইকোর্টে এতগুলো শূন্যপদ খালি পড়ে আছে। এই শূন্যপদগুলি কি তাঁরা আপনার কাছে জানাচ্ছেন না? প্রধানবিচারপতি আপনার কাছে জানাচ্ছেন না? অথবা তাঁরা তাঁদের মতো পদ্ধতিতে যদি গ্রহণ করতে

দেরী করেন তাহলে রাজ্যের জনসাধারণ ক্ষতিগ্রস্থ হবে। যারা আদালতে বিচারপ্রার্থী তারা ক্ষতিগ্রস্থ হবে। আমি আপনার মাধ্যমে জানতে চাইছি যে, এ ব্যাপারে আপনি বা মাননীয় মন্ত্রীসভা কি ব্যবস্থা গ্রহণ করতে পারেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই আপনি দীর্ঘ দিনের এই সদনের সদস্য এবং আইন যাঁরা প্রণয়ন করেন তাঁদের মধ্যে একজন দীর্ঘদিন ধরেই। আপনি নিশ্চয়ই জানেন যে হাইকোর্টে বিচারপতি নিয়োগের ক্ষেত্রে প্রথম একটি collegium হয় হাইকোর্টের collegium। সেইখানে যে বিচারপতিদের নাম তাঁরা প্রস্তাব করেন সেটা concurrence-এর জন্য আসে রাজ্যে, রাজ্যের concurrence-এর পরে সেটি যায় সুপ্রীম কোর্টে, সুপ্রীম কোর্টের collegium থাকে একটি, প্রধান বিচারপতি, তাঁর পরের যিনি, তাঁর পরের যিনি senior judge এবং এই প্রদেশ থেকে অথবা অন্য প্রদেশ থেকে যাঁরা গেছেন সুপ্রীমকোর্টে তাঁদের নিয়ে একটি collegium হয়, এই collegium-এর concurrence-এর পরে এটি যায় প্রাইম মিনিষ্টারের দপ্তরে। প্রাইম মিনিষ্টারের দপ্তরের পর সেটি যায় প্রেসিডেন্টের (রাষ্ট্রপতির) কাছে, তিনি warrant-এ সই করেন। warrant অর্থাৎ appointment। এখানে রাজ্য সরকারের নিজের থেকে উদ্যোগ গ্রহণ করার কোনে জায়গা নেই। মহামান্য হাইকোর্ট তাঁরা গোটা বিচার ব্যবস্থাটার superintending power under Article 227 of the Constitution of India।

এবং তারাও সেখানে নিশ্চিতভাবে আমরা বিশ্বাস রাখতে পারি যে, যারা বিচারপ্রার্থী তাদের কি সুবিধা অসুবিধা তারা সে সম্পর্কে ওয়াকিবহাল এবং তারা উদ্যোগটা গ্রহণ করার এটাই হচ্ছে সাংবিধানিক নিয়ম।

শ্রী অসিত মিত্র : স্যার, আপনার মাধ্যমে আমি, মাননীয় মন্ত্রীর কাছে আমার লাস্ট সাপ্লিমেন্টারি করছি। সেটা হল যে, এই রাজ্যে মানে কলকাতা হাইকোর্টে এখনও পর্যন্ত জমে থাকা মামলার সংখ্যা কত এবং সেইগুলিকে নিষ্পত্তির ক্ষেত্রেও আপনাদের কোন ভুমিকা আছে কিনা বা আপনারা বলতে পারেন কিনা আমি এটা জানতে চাইছি আপনার কাছে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : এটি আপনার মূল প্রশ্নের সঙ্গে কোন সংযুক্তি নেই। এই মামলা জমে থাকাটাও সম্পূর্ণ যে স্ট্যাটাস মেনটেন করে সেটা হাইকোর্টের। তা সত্ত্বেও আপনি যদি জানতে চান আমাকে লিখিত দেবেন, তথ্য আমার কাছে আছে আমি জানিয়ে দেব।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-যে আপনি বললেন, হাইকোর্টে মাননীয় বিচারপতিগণের শূন্য পদগুলি পূরণ করার উদ্যোগ মহামান্য হাইকোর্ট গ্রহণ করে থাকে। এটা ঠিকই আছে। কিন্তু আপনি একজন আইন এবং বিচার বিভাগীয় মন্ত্রী হিসাবে এই যে ১৭ টি পদ শূন্য আছে, সেখানে আপনি সেই শূন্য পদ পূরণের জন্য সংশ্লিষ্ট স্থানে দৃষ্টি আকর্ষণ করেছেন কিনা এটাই আমার জ্ঞাতব্য বিষয়। ধন্যবাদ।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই, আমরা নিশ্চিতভাবে বিশ্বাস রাখতে পারি যে মহামান্য হাইকোর্ট এ সম্পর্কে ওয়াকিবহাল। আমাদের গিয়ে তাদের সচেতন করাবার কোন প্রয়োজন হয় না। ফলে মহামান্য হাইকোর্ট তাঁহাকে

সমস্ত সম্মান জানিয়ে, তার ম্যাগনানিমিটি মনে রেখে আমরা জানি তারা সে সম্পর্কে ওয়াকিবহাল এবং তারা যথা সময় সেটা পূরণ করবেন।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, খবরে বেড়িয়েছে এবং রাজ্য সরকারের উদ্যোগ থেকেও দেখতে পাচ্ছি, যে জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ শুরু হবে এবং মনে হচ্ছে এই বছরই নাকি শুরু হবে। তাহলে আমি মাননীয়া মন্ত্রী মহোদয়াকে অনুরোধ করব, যে এই বিষয়টিও মাননীয় হাইকোর্টের নজরে নিয়ে আসা। যে ১৭ জনের সঙ্গে সঙ্গে এই ব্যাপারটাও যে আছে সেটা তিনি কেরেছেন কিনা বা করবেন কিনা?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যকে জানাই, যে রাজ্য সরকার তার প্রতিশ্রুতি মতন সমস্ত উদ্যোগ গ্রহণ করেছে নর্থ বেঙ্গলে-উত্তরবঙ্গে, জলপাইগুড়িতে সার্কিট বেঞ্চ প্রতিষ্ঠা করার। আমরা, টেমপোরারি যে জায়গা থেকে চলবে সেই জায়গাও চিহ্নিত করে তার সমস্ত ব্যাপারটাকেই সম্পূর্ণ করেছি আপনি জেনে থাকবেন। কয়েকদিন আগে নতুন যিনি প্রধান বিচারপতি এসেছেন আমাদের কলকাতা হাইকোর্টে, তিনি এবং আরও তাঁর সহযোগী বিচারপতিরা গিয়ে দেখে এসেছেন। এবং আমরাও সরকারের পক্ষ থেকে আমাদের জুডিসিয়াল সেক্রেটারি সেখানে উপস্থিত ছিলেন, পি.ডব্লু.ডির ইঞ্জিনিয়াররা উপস্থিত ছিলেন। তারা দেখে এসেছেন। এই ব্যাপারটি, এই প্রক্রিয়াটি চলছে। রাজ্য সরকারের পক্ষ থেকে সম্পূর্ণ উদ্যোগ রয়েছে। পার্মানেন্ট যে জায়গায় হবে সেই পার্মানেন্ট জায়গা চিহ্নিত করে সেখানকারও কাজ শুরু হয়েছে। আমরা একটা কোম্পানি-সিমপ্রেক্স, তাকে কাজটি দেওয়াও হয়েছে। আপনি উত্তরবঙ্গের মানুষ হিসাবে সেখানকার বিধায়ক হিসাবে আপনি জানেন, যে এই উদ্যোগ গ্রহণ করতে রাজ্য সরকারের পক্ষ থেকে এমন কোন পদক্ষেপ নেওয়া হয়নি যাতে বোঝা যায়, যে রাজ্য সরকারের উদ্যোগ গ্রহণ করার ক্ষেত্রে কোথাও বিচ্যুতি আছে। ফলে আমরা ওয়াকিবহাল। এই উত্তরটি আপনাকে দিলাম যদিও সংশ্লিষ্ট প্রশ্নের সাথে কিন্তু এর কোন যোগাযোগ নেই।

ট্রেনের ধাক্কায় হাতির মৃত্যু

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** : বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১২ থেকে ২৮ শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে ট্রেনের ধাক্কায় মোট কত সংখ্যক হাতির মৃত্যু হয়েছে?

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১লা জানুয়ারী, ২০১২ থেকে ২৮ শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে ট্রেনের ধাক্কায় মোট ৮টি হাতির মৃত্যু হয়েছে।

[11.10—11.20am]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যে রাজ্য সরকার রেল দপ্তরকে এই ব্যাপারে কোন অভিযোগ করেছেন কিনা, যদি করে থাকেন তাহলে রেল দপ্তর কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন, যদি দয়া করে একটু জানান।

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ট্রেনের ধাক্কায় যে ৮ টি হাতির মৃত্যু হয়েছে, সব কয়টি হচ্ছে উত্তরবঙ্গে। এবং এ্যাকসিডেন্ট এর পরেই রেল দপ্তরকে, রেল মন্ত্রীকে, দপ্তরের পক্ষ থেকে চিঠি করা হয়েছিল এবং আলিপুরদুয়ারে রেল দপ্তরের যে ডি আর এম অফিস আছে, সেখানেও বৈঠক করা হয়েছিল এবং এই বৈঠকের পরে ঠিক হয়েছে যে দিল্লি থেকে একটা এক্সপার্ট টিম রেল দপ্তর এবং ওখানকার পরিবেশ দপ্তর এবং পশ্চিমবঙ্গের বন দপ্তর মিলিতভাবে ১৭ এবং ১৮ ই মার্চ একটা এক্সপার্ট টিম সেখানে ভিজিট করবে। তারপরে তারা ঠিক করবেন, কি ভাবে এর প্রতিরোধ করা যায়।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, এই হাতির আক্রমণে যে সমস্ত ব্যক্তিরা মারা যান, সেই মৃত ব্যক্তিদের পরিবারকে রাজ্য সরকার বা রেল দপ্তর থেকে কোন অর্থ প্রদান করা হয়ে থাকে কিনা, যদি হয়ে থাকে সেই পরিমাণ কত, দয়া করে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে, অবগত করানোর জন্য, অনুরোধ করছি।

মিঃ স্পীকার : আর একবার প্রশ্নটা করুন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, হাতির আক্রমণে যে সমস্ত ব্যক্তিরা মারা যান তাদের পরিবারকে কত পরিমাণ অর্থ সাহায্য করা হয়ে থাকে?

মিঃ স্পীকার : এটার উত্তরটা তো দিয়েছিলেন বোধ হয়। তবু আর একবার বলুন, আপনি।

শ্রী হিতেন বর্মন : এই বিষয়টা যদিও প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট নয়, হাতির আক্রমণে মৃত্যু হলে পরে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়।

শ্রী উদয়ন গুহ : ধন্যবাদ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন, এই হাতি চলাচলের নির্দিষ্ট করিডর আছে এবং এই যে আলিপুরদুয়ার জংশন থেকে শিলিগুড়ি পর্য্যন্ত রেল লাইন, সেই রেল লাইনের উপর দিয়ে যাওয়ার পথে হাতিগুলির দুর্ঘটনা ঘটে। এই হাতি মৃত্যু রোধ করবার জন্য, রেল লাইনের নীচ দিয়ে আন্ডারপস তৈরী করবার কোন পরিকল্পনা আপনার দপ্তরের আছে কিনা, সেটা জানতে চাইছি।

শ্রী হিতেন বর্মন : মাননীয় সদস্যকে জানাই, রেল লাইনে হাতির মৃত্যু-প্রতিরোধ করার জন্য কেন্দ্রীয় সরকারের দপ্তর থেকে কিছু টাকা দিয়েছিল। সেই টাকা আমরা ডি আর এম আলিপুরদুয়ারকে দিয়েছি। ইতিমধ্যে আন্ডারপাস এর কাজ শুরু হয়েছে, ১ কোটি ৮০ লক্ষ টাকার মতন বরাদ্দ করেছেন; সেই টাকা ইতিমধ্যেই-আন্ডারপাসের কাজ-প্রায় শেষের দিকে। ওয়াচ টাওয়ার তৈরী হচ্ছে। এছাড়া আমরা ব্যবস্থা গ্রহণ করেছি যে, আলিপুরদুয়ার থেকে শিলিগুড়ি পর্য্যন্ত এই রেল লাইন নিয়ে রেল দপ্তরকে অনেকবার চিঠি করা হয়েছে যে অন্ততঃ পক্ষে বেশীরভাগ মালগাড়ি যাতে ফালাকাটা রুটে পাঠান হয়, কম সংখ্যক ট্রেন যাতে ঐ লাইন দিয়ে যায়, সেইজন্য রেল দপ্তরকে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে। সেই বিষয়টা আমরা চেষ্টা করছি যে আন্ডারপাস বা বিভিন্ন ধরণের রেল দপ্তরের পক্ষ থেকে যা তৈরী হচ্ছে তাতে কিছুটা সমস্যার সমাধান হতে পারে। একটি নতুন প্রযুক্তি, একটা প্রপোজাল এসেছে, একটা ইলেকট্রনিকস্ যন্ত্র, সেই যন্ত্র যদি সিগন্যালের ওখানে থাকে, তাহলে সেখানে হাতি আসলে, রেল লাইনে উঠলে পরে, সেটা বন্ধ

হয়ে যাবে, এই ধরণের একটি পদ্ধতি গ্রহণ করার জন্য, ইতিমধ্যেই আমাদের রেল দপ্তর এবং বন দপ্তরের মধ্যে যৌথ একটা মিটিং হয়েছে। ১৮ তারিখে তারা সেটা দেখাবেন যন্ত্রটা দিয়ে কিভাবে সেটাকে প্রতিরোধ করা যায়, নানান ধরণের উদ্যোগ নেওয়া হয়েছে।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় স্পিকার সাহেব, আমি আপনার মাধ্যমে বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার অতিরিক্ত প্রশ্ন হল, ইতিমধ্যে অনেকে চারপায়ী প্রাণী সম্পর্কে আলোচনা করেছেন। আমি দু পায়ী প্রাণী সম্পর্কে একটি কথা বলতে চাই। আমার বিধানসভা এলাকায় চার খানা অঞ্চল বনের জায়গায় অবস্থিত। বিগত বামফ্রন্ট সরকারের আমলে বনের জায়গায় যারা বসবাস করে রয়েছে তাদের পাট্টা দেওয়ার একটা প্রক্রিয়া শুরু হয়েছিল, এস টি মানুষদের ক্ষেত্রে। এস সি এবং এস টি মানুষরা যারা জঙ্গলে বসবাস করছে, তারমধ্যে এস সি-দের জন্য কোনো পাট্টা দেওয়ার পরিকল্পনা এই সরকারের আছে কিনা।

মিঃ স্পিকার : এটা ওনার দপ্তরের সঙ্গে সংশ্লিষ্ট নয়।

শ্রী কেশব চন্দ্র রায় : ধন্যবাদ স্পিকার মহোদয়। আমার প্রশ্ন, আমি হাটে বাজারে গেলে দেখি অনেক ফড়ে আছে যারা আলুর বস্তার মধ্যে ওপরে ভালো ভালো আলু রাখে। ভেতরে ছোট ছোট আলু। আমাদের লাইনের ধারে জঙ্গল আছে। কিন্তু ভেতরে তো জঙ্গল ফাঁক হয়ে গেছে। যার ফলে হাতিরা যারা জঙ্গলের ভেতরে থাকবে, তারা আর ভেতরে না থেকে জঙ্গলের দিকে লাইনের ধারে আসে। ভেতরের জঙ্গল সাফ হয়ে যাচ্ছে এটার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন এবং সেই সঙ্গে কেমন করে এ্যাক্সিডেন্ট হল বা এতগুলো লোকের সামনে যখন হাতিটা পড়ে আছে তারমধ্যে কি করে তার দাঁতটা কেটে নিয়ে গেল, তার কি ব্যবস্থা হল? ধন্যাবাদ।

শ্রী হিতেন বর্মন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য যে কথাটা বললেন যে রেল লাইনের ভিতরের আগে বনাঞ্চল। সেই বনাঞ্চল কাটার জন্য আমাদের এই সরকারের সময় অনেক উদ্যোগ গ্রহণ করা হয়েছে যাতে বেআইনিভাবে গাছপালা কাটা কম হয়। কিন্তু বিগত সরকারের সময়ই জঙ্গলটা ফাঁক হয়ে গিয়েছিল। ফলে এই জঙ্গলের আবার ঘনত্ব বাড়াতে সময় লাগবে। দ্বিতীয়ত, যখন এরমধ্যে হাতির এ্যাক্সিডেন্ট হল, হাতি যখন রেল লাইনে পড়েছিল, এ্যাক্সিডেন্টের সময় দাঁতটা খুলে যায়, ট্রেনে যে সব যাত্রী ছিল সেই যাত্রীরা তারা ওখানে নেমে আসে এবং তখন যে সেটা সংগ্রহ করে তাকে সঙ্গে সঙ্গে ধরা হয়েছে। আসামের একজন ব্যক্তি, যে ওই ট্রেনের প্যাসেঞ্জার ছিল, তাকে এ্যারেষ্টও করা হয়েছে। এই এক্সিডেন্ট ঘটার সঙ্গে সঙ্গেই লোকজন সবাই যখন লাইনের মধ্যে এসেছিল সেইসময় একজন প্যাসেঞ্জার সেই ঘটনা ঘটিয়েছিল।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে জিজ্ঞাসা যে মরা হাতি লাখ টাকা। হাতিগুলো মরে যাওয়ার পরে হাতির যে দাঁত, আইভরি, সেগুলো সরকার সংগ্রহ করে নাকি চোরেরা নিয়ে যায়? যদি চোরেরা নেয় তাহলে এর পেছনে একটা চক্রান্ত আছে। এই ব্যাপারে কি আপনি অবহিত আছেন?

শ্রী হিতেন বর্মন : হাতি মারা যাওয়ার পরে হাতির দাঁত আমাদের দপ্তরে সংরক্ষিত থাকে। একটা যে ঘটনা ঘটেছিল যে চুরি করার চেষ্টা করেছিল, তাকে সঙ্গে সঙ্গে ধরা হয়েছে। উদ্ধারও করা হয়েছে এবং তাকে এ্যারেষ্ট করা হয়েছিল।

শ্রী কে.পি.সিং দেও : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি। আজকে খবরের কাগজে দেখলাম যে কিছু হাতির দাঁত বিক্রি করার জন্য একজন লোক ধরা পড়েছে। যে হাতির দাঁতের কথা বলা হয়েছে সেগুলো খুব ছোট ছোট দাঁত। তার মানে হল. খুব বাচ্চা বাচ্চা হাতিকে মারা হচ্ছে। চোরা শিকারীরা এই যে হাতি মারছে এইরকম কতগুলো হাতি মারা গেছে সেই ব্যাপারে কোনো তথ্য আছে কি? চোরা শিকারীরা যাতে এই হাতি না মারে তারজন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী হিতেন বর্মন : একটি ঘটনা ইতিমধ্যে হয়েছে আলিপুর দুয়ারের কাছাকাছি। আসাম থেকে হাতির একটি দল আমাদের রায়ডাকের দিকে আসে। সেখানে আলু ক্ষেতে একটি হাতি মারা যায়। সেখানে ছোট হাতির দাঁত শেষ পর্যন্ত পাওয়া যায় আসাম বর্ডারে। আসামের কিছু চোরা শিকারী আছে যারা মাঝে মধ্যে ঢোকার চেষ্টা করছে। কিন্তু এখনো পর্যন্ত এই ধরনের কোনো খবর আমাদের কাছে নেই। পশ্চিমবাংলার যে হাতিগুলি আছে তার দাঁত চুরি হচ্ছে এই ধরনের কোনো ঘটনা এখনো পর্যন্ত আমাদের জানা নেই।

[11.20 – 11.30am]

পর্যটন কেন্দ্র স্থাপন

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬) **শ্রী তজমুল হোসেন :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ২০১২-১৩ আর্থিক বছরে মোট কতগুলি পর্যটন কেন্দ্র স্থাপন করা সম্ভব হয়েছে ; এবং

(খ) সম্ভব হলে, সেগুলি কোথায় কোথায় অবস্থিত?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : (ক) বিভিন্ন জেলার জেলাশাসকদের প্রদত্ত তালিকা থেকে রাজ্যে ২০১২-১৩ আর্থিক বছরে প্রায় ২৫টি নতুন পর্যটন কেন্দ্র স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(খ) উক্ত পর্যটন কেন্দ্রগুলি নিম্নলিখিত জেলার নিম্নলিখিত স্থানে অবস্থিত।

জেলা	পর্যটন কেন্দ্রের নাম
হুগলী	ফুরফুরা শরীফ, হংসেশ্বরী মন্দির, কাজী জাফরখান দরগা।
পূর্ব মেদিনীপুর	উদয়পুর সৈকত, দীঘা।
দক্ষিণ ২৪ পরগণা	পাথর প্রতিমার রামগঙ্গা, গোবর্ধনপুর।
দক্ষিণ দিনাজপুর	গঙ্গারামপুর, মহীপাল দীঘি।
উত্তর দিনাজপুর	বিন্দোলের ভৈরবী মন্দির, বদর কালীবাড়ী, উত্তর-দিনাজপুর সংগ্রহশালা
বর্ধমান	খন্ডকোষে স্বাধীনতা সংগ্রামী বটুকেশ্বর দত্তর জন্মস্থান।

জেলা	পর্যটন কেন্দ্রের নাম
পুরুলিয়া	জয়চন্ডপাহাড়, পাকবিদরা, তেলকুপীঘাট।
বাঁকুড়া	ছাতনা।
জলপাইগুড়ি	বাতাবাড়ী, গাজলডোবা, মূর্তি, ডুয়ার্স মেগা ট্যুরিজিম।
দার্জিলিং	কার্শিয়াং-এর ঈগলস ক্রেইগ, গয়াবনী, গিদ্দারারি পাহাড়, দার্জিলিং-এ লামহাটা, কালিম্পঙে অর্কিড স্যাংচুয়ারী ও কয়েকটি পর্যটক স্থল।

এছাড়া মালদহ এবং মুর্শিদাবাদেও বেশ কিছু সেন্ট্রাল ফান্ড অ্যালোট করা হয়েছে।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি মালদহ থেকে নির্বাচিত হয়ে এসেছেন। মালদহতে আপনি নির্দিষ্ট কোন জায়গার কথা বলেননি। মালদহে গৌরবঙ্গ, আদিনা এবং আরও অনেক জায়গা আছে। তেমনি আমাদের হরিশচন্দ্রপুরে বারোদুয়ারী এই সমস্ত জায়গায় আপনি নতুন কি কি উদ্যোগ নিয়েছেন বলবেন। আর কি কি জিনিস চিহ্নিত করলে পরে সেই জায়গাকে নতুন নতুন পর্যটক কেন্দ্র হিসাবে চিহ্নিত করা হবে এটাও বলবেন। যেহেতু আপনি মালদহ থেকে নির্বাচিত হয়ে এসেছেন সেইজন্য মালদহের জন্য আপনি কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন দয়া করে সেটা জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় সদস্য ঠিকই বলেছেন, আমি যেমন মালদহের ইংলিশবাজার কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি, ঠিক আপনিও তেমন মালদহের হরিশচন্দ্রপুর থেকে নির্বাচিত হয়ে এসেছেন। দায়িত্বটা আমাদের সকলের। বিগত বছরগুলোতে যখন আপনারা ক্ষমতায় ছিলেন আমাদের এখানে গৌর আছে, তার একটা বিরাট ancient history আছে। এছাড়া আদিনা, জগজীবনপুর এবং অন্যান্য ঐতিহাসিক স্থান আছে। এছাড়া পীরানা পীর মাজার এবং জোহরাতলা কালীমন্দির আছে। আপনার হরিশচন্দ্রপুরে জমিদারের বাড়ী আছে। যদিও আমরা আদিনা, গৌড় এবং জগজীবনপুরে সেন্ট্রাল ফান্ডের অনেক টাকা দিয়েছি। সেই টাকা দিয়ে সেখানে লাইট লাগানো হবে, ইনফ্রাস্টাকচার তৈরী করা হবে। ট্যুরিস্ট ডেভালপমেন্ট করতে গেলে সেখানকার ইনফ্রাস্ট্রাকচার ডেভালপমেন্ট করতে হবে। তবে আপনারা যে গন্ডগোলগুলো করছেন তাতে ট্যুরিস্টরাতো পালিয়ে যাবে, ভয়ে সেখানে আসবে না। ট্যুরিস্টরাতো শান্তির জায়গা চাই। যদি মারপিটগুলো বন্ধ হয় তাহলে ট্যুরিস্টরা আসবে। আমি অনুরোধ করব আপনাদের কাছে যাতে শান্তি বিরাজ থাকে। এছাড়া শান্তি বিরাজ করার জন্য আমরা অনেকগুলো পদক্ষেপ নিয়েছি। আমরা ঐ জায়গার রোড, ওয়াচরুম, টয়লেট, প্যাক ফুডের স্টল এই সমস্ত জিনিসগুলো আমরা তৈরী করছি। তবুও আপনি যদি লিখিত প্রস্তাব দেন তাহলে আমি সেগুলো দেখব।

শ্রী তজমূল হোসেন : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি লিখিত প্রস্তাব চেয়েছেন সেটা আপনাকে আমি দেব। তিনবিঘা করিডরকে পর্যটক কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য আপনি কোন চিন্তা-ভাবনা করেছেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : এই রকম প্রস্তাব যদি আপনার তরফ থেকে আসে তাহলে আমি নিশ্চয় সেটা বিবেচনা করব।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, মাননীয় মন্ত্রী বাস্তব দৃষ্টিভঙ্গীতে বিগত দিনের সরকারের কথা বলেছেন। আমি জানতে চাই যে নদীয়া জেলার নবদ্বীপ একটা আন্তর্জাতিক তীর্থস্থান, সেটা মাস্টার প্ল্যানে একটা পর্যটন কেন্দ্র করবার সিদ্ধান্ত বর্তমান সরকার নিয়েছিল। সেই পরিকল্পনাটা কি পরিস্থিতিতে আছে জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : হ্যাঁ, এটা ঠিকই যে নদীয়া জেলা বা কৃষ্ণনগরের পর্যটনে একটা বিরাট জায়গা আছে। ইংরেজ আমলে বলুন ইংরেজ আমলের পরেই বলুন তার একটা বৈশিষ্ট্য আছে। আমরা সেই দিকে লক্ষ্য করে একটা মাস্টার প্ল্যান বানাচ্ছি। ইসকনের যারা হেড আছেন তাঁদের সঙ্গে আমার একটা আলোচনা হয়েছে। তাছাড়া মালদা থেকে আমরা একটা cruise চালু করছি মালদার গঙ্গা থেকে। সেটা মুর্শিদাবাদ, নদীয়া, কাটোয়া, কালনা এইসব ঘুরে আবার ব্যাক করে আসবে। এটা আমরা করছি। আর ঐখানে যে দর্শনীয় স্থানগুলো আছে সেগুলোকেও আমরা আলোকিত এবং তার ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের চেষ্টা করছি। এর মধ্যে নবদ্বীপও আছে।

শ্রী এস. এম. সাদি : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বোঝাই গেল খুব অল্প সময়ে পর্যটনের বিষয়টায় তিনি খুব গভীরে গেছেন। এখন আমার যেটা বলার সেটা হচ্ছে পলাশীর যে ব্যাটেল ফিল্ড, বিগত বামফ্রন্ট সরকারের সময় লাইট অ্যান্ড সাউন্ড দিয়ে ওখানে একটা পর্যটন কেন্দ্র গড়ে তোলাবার জন্য একটা মাস্টার প্ল্যান দিল্লিতেও পাঠানো হয়েছিল এবং জেলা শাসক স্তরেও আলোচনা হয়েছিল। আমি জানতে চাইছি যে এটার কতদুর অগ্রগতি ঘটেছে? আর আপনি যে cruise-এর কথাটা বলেছেন, ঠিকই, মালদা, মুর্শিদাবাদ, পলাশী এবং নবদ্বীপ। এটা আগে আলোচনা হয়েছিল। এর অগ্রগতি কতখানি, আর এই হাউসেই আলোচনা হয়েছিল ফুলিয়া, নবদ্বীপ এবং পলাশীর যেটা সার্কিট ট্যুরিজম সে বিষয়ে কতখানি অগ্রগতি ঘটেছে। মাননীয় বিগত মন্ত্রী বলেছিলেন অগ্রগতি ঘটেছে। কতদূর অগ্রগতি হয়েছে?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় সদস্য সাদি সাহেবের প্রশ্নের উত্তরে এইটুকু বলতে পারি, যে আপনি ঠিকই বলেছেন পর্যটন দফতরের দায়িত্ব নেওয়ার পরে কিছু পড়াশুনো করতে হয়েছে। কারণ আমি যেখান থেকে এসেছি গৌড় তার মধ্যে পড়ে আমার কেন্দ্রের মধ্যে। ন্যাচারেলি গৌড় দেখতে দেখতে আপনাদের ঐ গোটা এলাকাটাকেও আমাকে দেখতে হচ্ছে। আপনাকে এইটুকু বলতে পারি যে মুর্শিদাবাদ পর্যটন কেন্দ্রের একটা সেন্ট্রাল ফান্ড এসেছে। সেন্ট্রাল ফান্ড আমরা একটা ডি.এম. কে দিয়েছি। ডি.এম. এটা দেখছেন। আমরা ক দিন আগেও আমাদের কান্দির যিনি বিধায়ক আছেন, মাননীয় অপূর্ব বাবু, তিনিও বলেছিলেন। আমি সঙ্গে সঙ্গে ডি.এম.-এর সাথে কথা বলেছি এবং আমি আপনাকে অনুরোধ করবো আপনি যদি একটু ডি.এম.-এর সঙ্গে কথা বলে নেন। তার টেন্ডার প্রসেসগুলো হয়েছে। এইটুকু বলতে পারি যে প্রত্যেকের সহযোগিতা নিয়েই, পর্যটন কেন্দ্রগুলোতে একটা সুন্দর পরিবেশ করতে হবে। নাহলে বাইরের টুরিস্টদেরকে আকর্ষণ করা যাবে না।

শ্রী মনোজ চক্রবর্তী : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মুর্শিদাবাদ

জেলা ভীষণভাবে ঐতিহাসিক প্রসিদ্ধ। সুব্রত দা আছেন ওখানে জানেন। উনি আর্কিওলজির ছাত্র ছিলেন। কর্ণ সুবর্ণ থেকে আরম্ভ করে বাংলা বিহার উড়িষ্যার রাজধানী একদিন ছিল। বিস্তারিত না বলে বলছি, মুর্শিদাবাদ ঐতিহাসিক প্রসিদ্ধ জায়গা এবং সেখানকার কে.এন.কলেজ অক্সফোর্ড ইউনিভার্সিটির আদলে তৈরী। সেই জায়গায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রীর সার্কিট ট্যুরিজিম করার কোন ব্যবস্থা আছে কিনা, সমস্তটা একটা সরকারী পরিকল্পনার মাধ্যমে, ট্যুরিজিম ডিপার্টমেন্টের মাধ্যমে গোটা জায়গাটাকে একটা সার্কিট ট্যুরিজিমের আওতায় আনার কোন পরিকল্পনা মাননীয় মন্ত্রীর আছে কিনা সুনির্দিষ্ট ভাবে বলবেন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় মনোজ বাবুর প্রশ্নের উত্তরে আমি এটুকু আপনাকে জানাচ্ছি যে মালদা জেলায় একটা অফিস করা হচ্ছে, সার্কিট অফিস। যেটা চারটে জেলা-দুই দিনাজপুর, মালদা এবং মুর্শিদাবাদ কে কন্ট্রোল করবে। তার পরিকল্পনা, ইতিমধ্যে মালদার যে ইউনিভার্সিটি আছে গৌড়বঙ্গ ইউনিভার্সিটি, তার হিস্ট্রি ডিপার্টমেন্টকে দায়িত্ব দেওয়া হয়েছে। আর আপনাদের আরও অফিসার পাঠিয়ে সেখানে একটা পুরো মাস্টার প্ল্যান আমরা বানাচ্ছি। আপনি নিশ্চিত থাকুন আপনার যে চেয়ারম্যান আছেন তার সঙ্গে আমার রীতিমত কথা হয়। ঐ জায়গাগুলোতে যে টুরিস্ট যাবে, সে বহরমপুরে আগে যাবে।

তারপর বহরমপুর থেকে বিভিন্ন জায়গায় তারা যাবে। সেই জায়গাগুলোকে যাতে ঠিক করা যায়, টুরিস্টরা যাতে গিয়ে থাকতে পারে, ভাল টুরিস্ট লজগুলোকে ঠিক করা, প্লাস গাড়িগুলোকে দেখা। গাইডগুলোকে দেখে আমরা ট্রেনিং ইনস্টিটিউট করছি, এতে গাইড বলুন, ড্রাইভার বলুন, হোটেলের বয়, রিসেপশানিস্ট সকলের ট্রেনিং হবে। যেমন বেকার ছেলে-মেয়েদেরও কর্মসংস্থান হবে, সাথে সাথে তারা অনেক কিছু বুঝতে পারবে। এটা আমরা উল্লেখ করাচ্ছি। তাছাড়া যদি আপনার কোন স্পেসিফিক যে দায়িত্ব থাকে এটা করলে বেটার হবে, আপনি দেবেন। আমরা গঙ্গাবক্ষে যেটা ক্রুজ চালু করছি, সেটা কিন্তু খুব আকর্ষণীয় হবে।

[11.30–11.40 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, পর্যটন কেন্দ্রের সঙ্গে পর্যটক অঙ্গাঙ্গীভাবে যুক্ত। পর্যটন এমন একটা বিভাগ উইথ ভাইব্রেটস অল দ্য ফিনিয়াসিয়াল ব্রাঞ্চেচেস। আপনি দয়া করে সভাকে জানাবেন কি পর্যটক কেমন বাড়ছে? তাহলে বোঝা যাবে রাজ্যটা উন্নয়ন কেমন হচ্ছে। টুরিস্ট স্পট যেমন দীঘা, যেমন দার্জিলিং। এই টুরিস্ট স্পটগুলোকে পর্যটক কেমন বাড়ছে? আমি কি বলতে পেরেছি, ধন্যবাদ।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আপনার প্রশ্নের উত্তরে এইটুকু জানাই যে, আগের থেকে আমার অ্যাকুরেট নাম্বারটা আমার কাছে নেই। কারণ এই মহান হাউসে যদি আপনাকে অ্যাকুরেট নাম্বারটা না দিই, তাহলে বিরক্ত হবে। এইটুকু বলতে পারি বিগত বছর থেকে অনেক বেড়েছে। কারণ আপনাকে মনে রাখতে হবে ইনফ্রাকস্টাকচার ডেভেলপমেন্ট করতে হবে। আমি কয়েকদিন আগে রাইটার্স বিল্ডিংএ নেদারল্যান্ডের কিছু মহিলা এলেন, তারা একটা এন.জি.ও.-স নিয়ে টুর করছিলেন। এসে তারা আমার সঙ্গে মিট করলেন, দুটো অভিযোগ জানাল, বলল-যে হোটেলগুলো আছে, সেই হোটেলগুলো কুশানগুলো সফ্‌ট নয় হার্ড। সেকেন্ড বলেছেন, টয়েলেটে, টয়লেট পেপার

নেই। আর প্রপার ভাষার প্রবলেম হচ্ছে। আমরা কি করছি যে ধরনের স্টান্ডারড পর্যটকরা আসছেন, সেই ধরনের আমরা ট্রেনিং করাচ্ছি, যদি ট্রেনিংটা হয়ে যায়, তাহলে পর্যটককে আকর্ষণ করা যাবে। আর ইনফ্রাকস্ট্রাকচার ডেভেলপ করার চেষ্টা করছি। এতে মনে হয় আরোও বাড়বে। কারণ বাংলাতে যে পর্যটন কেন্দ্র আছে তা অন্য কোন রাজ্যে এত পর্যটন কেন্দ্র নেই।

শ্রী জাহানারা খান : ধন্যবাদ স্পীকার সাহেব, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই, উনি বর্ধমান জেলার যে পর্যটন কেন্দ্রের নাম বললেন, তার মধ্যে বর্ধমান জেলায় চুরুলিয়া যেখানে কাজী নজরুল ইসলামের জন্মস্থান, সেখানে বিগত দিনের সরকার পর্যটন কেন্দ্র গড়ার জন্য যেখানে রাস্তাঘাটের উন্নয়ন হয়েছিল এবং অনেক কিছু পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল কিন্তু আজকে দেখলাম মন্ত্রী মহাশয় বললেন, ওর মধ্যে চুরুলিয়া নেই। আমার প্রশ্ন যে চুরুলিয়াকে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ার কোন পরিকল্পনা এই রাজ্য সরকারের আছে কিনা, থাকে তাহলে জানাবেন? ধন্যবাদ।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : ম্যাডাম, আপনারা ১২-১৩ যে প্রশ্ন তার উত্তরটা দিয়েছি। নিশ্চয় চুরুলিয়া আমাদের পর্যটন কেন্দ্র হিসাবে স্বীকৃত আছে। শুধু কবি নজরুল ইসলাম স্মৃতি বিজোরিত নয়, আরো যারা আমাদের বাংলার জন্য বিভিন্ন ভাবে প্রতিষ্ঠিত হয়েছে তাদের প্রত্যেকের স্মৃতি বিজোরিত এলাকাগুলোকে আমরা নতুন করে ভাবনা-চিন্তা করছি এবং আমরা চেষ্টা করছি হিরো অফ বেঙ্গল, যারা থাকবেন তাদের নিয়ে আমরা ভাবনা-চিন্তা করছি।

মধু উৎপাদন বৃদ্ধি

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫১) **শ্রী জ্যোতির্ময় কর :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বন বিভাগ বনজ সম্পদের উন্নয়নে সবিশেষ আগ্রহী ; এবং

(খ) সত্যি হলে, (১) বন থেকে বর্তমানে কী পরিমাণ মধু সংগৃহীত হয় ; ও

(২) মধুর উৎপাদন বৃদ্ধিকল্পে বন বিভাগ কী কী উদ্যোগ গ্রহণ করেছে/করছে?

শ্রী হিতেন বর্মন : (ক) হ্যাঁ, এটা সত্যি যে, বন বিভাগ বনজ সম্পদের উন্নয়নে সবিশেষ আগ্রহী।

(খ) (১) বর্তমান আর্থিক বছরে (২০১২-১৩) সুন্দরবনাঞ্চলে মধু সংগ্রহের পরিমাণ ৩৩, ৩৭০ কিলোগ্রাম।

(২) যেহেতু সুন্দরবনাঞ্চলে প্রাকৃতিক উপায়ে মধু সৃষ্টি হয় এবং এই কী বনাঞ্চল সংরক্ষিত হওয়ার কারণে বাহ্যিক উপায়ে মধু উৎপাদন বৃদ্ধির উপায় কার্যকরী করা সম্ভব হয়নি। তাসত্ত্বেও কৃত্রিম উপায়ে বাদাবন সৃষ্টির কাজ চলছে যাহাতে ভবিষ্যতে মধু উৎপাদনের অনুকূল পরিবেশ সৃষ্টি হয়।

সুন্দরবনাঞ্চলে মধু সংগ্রহের জন্য সাধারণতঃ বনাঞ্চলের চারদিকে বসবাসকারী জনসাধারণকে যুক্ত করা হয় এবং তাঁদেরকে বনাঞ্চলে মধু সংগ্রহের জন্য ছাড়া এলাকায় (Buffer Zone) বৈধ প্রবেশ পত্র প্রদান করা হয় এবং মধু সংগ্রহের সঙ্গে সংগ্রহকারীদের রুজিরোজগারের প্রশ্ন জড়িয়ে

থাকায় তাঁদেরকে মধুসংগ্রহের পরিমাণ বৃদ্ধির জন্য উৎসাহিত করা হয় এবং তাঁরা জনতা বিমার আওতাধিন।

আর্থিক বছর অনুযায়ী মধু সংগ্রহের পরিমাণ ঃ

২০১০-১১ অর্ধবর্ষে ২০০৭৫ কিলোগ্রাম

২০১১-১২ অর্ধবর্ষে ২৭৭৬০ কিলোগ্রাম

২০১২-১৩ অর্ধবর্ষে ৩৩,৩৭০ কিলোগ্রাম

শ্রী জ্যোর্তিময় কর : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে ২০১০।১১-তে ২০ হাজার থেকে ২৭ হাজার, ২৭ হাজার থেকে ৩৩ হাজারে আপনি নিয়ে গেছেন ; নিশ্চয়ই ক্রমবর্দ্ধমান। ধন্যবাদ আপনার প্রাপ্য। আমার প্রশ্ন মূল যে বনজ সম্পদ, মধু ছাড়া আর কি কি বনজ সম্পদ এই বনাঞ্চলে হয় এবং তাদের উৎপাদন কি রকম হয় তার কোন তথ্য আপনার কাছে আছে কি?

শ্রী হিতেন বর্মন : মাননীয় সদস্য, আমাদের বনজ সম্পদ মূলত উত্তরবঙ্গে এবং দক্ষিনবঙ্গে দু-ভাগে এই বনজ সম্পদ সংগ্রহ করা হয়। উত্তরবঙ্গে যে সমস্ত বনজ সম্পদ অঞ্চল আছে সংরক্ষিত অঞ্চল, রাজাভাতখাওয়া, সুরসুটি এবং উত্তরসেবক এই জায়গাগুলিতে বনজ সম্পদকে আমাদের সংরক্ষিত অঞ্চল হিসাবে দেখা হচ্ছে এবং সেটা পরিচর্যা করা হচ্ছে। দক্ষিণবঙ্গের মেদিনীপুরে এবং বিভিন্ন এলাকায় আমাদের এই বনজ সম্পদ সেখানে মালটি ক্রপিং সিস্টেমে বনাঞ্চলের ভেতরেই আলাদা করে চাষ করে সেই বনজ সম্পদ আরো বেশী করে উৎপাদনের ব্যবস্থা করা হচ্ছে এবং সংরক্ষিত করার চেষ্টা করা হচ্ছে।

শ্রী জোর্তিময় কর : কাঠ ছাড়া বনজ সম্পদের বনাঞ্চলে ভেষজ কিছু উদ্ভিদ হয় যার জাতীয় এবং আন্তর্জাতিক মারকেট আছে।

শ্রী হিতেন বর্মন : ভেষজ উদ্ভিদ, আমাদের আলাদা একটা ফরেষ্ট ডেভলপমেন্ট করপোরেশান আছে ফরেষ্ট ডিপার্টমেন্টের, তারা ভেষজ উদ্ভিদ থেকে নানা ধরণের বিষয় তৈরী করে। এই ভেষজ উদ্ভিদ পশ্চিম মেদিনীপুরের রূপনারায়ণ ডিভিশানে দক্ষিণবঙ্গের ক্ষেত্রে সেখানে বিভিন্ন ধরণের ভেষজ উদ্ভিদের চাষ করা হচ্ছে এবং উত্তরবঙ্গে সেই ধরণের ভেষজ উদ্ভিদ চাষ করা হচ্ছে। এই ভেষজ উদ্ভিদের মাধ্যমে বিভিন্ন রকমের আমাদের ফরেষ্ট ডেভলমেন্ট করপোরেশান থেকে, ধরুন পেটের অসুখের ঔষধ তারপর আমলকি, ত্রিফলা চূর্ণ এই ধরণের ব্যবহার করা হচ্ছে। ভেষজ উদ্ভিদের সাহায্যে আজকাল বিভিন্ন প্রোডাক্ট বিশেষ করে কসমেটিক্সের ক্ষেত্রে ফরেষ্ট ডেফলপমেনট করপোরেশান অনেক কিছু তৈরী করছে, হ্যান্ড ওয়াস, ফেস ওয়াস ইত্যাদি এই ধরণের এই ভেসজ উদ্ভিদ থেকে তৈরী করা হচ্ছে এবং যে সেলস্ সেন্টার আছে ফরেষ্ট ডেভলপমেন্ট করপোরেশানের সেখানে প্রভুত এই জিনিস বিক্রি হচ্ছে। ভেষজ উদ্ভিদের উপরেও আমরা ফরেষ্ট ডেভলপমেন্ট করপোরেশানের মাধ্যমে দপ্তরের পক্ষ থেকে সংরক্ষিত করা হচ্ছে। পাশাপাশি বনাঞ্চলের পাশে যে সমস্ত ফরেষ্ট প্রোটেকশান কমিটির মেম্বার আছেন বা এলাকা আছে তাদের উৎসাহিত করা হচ্ছে এটা চাষ করার জন্য।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। উনি বনজ সম্পদ ভেষজ উদ্ভিদের কথা বললেন। আমরা জানি যে উত্তরবঙ্গ থেকে ভেষজ বনসম্পদ থেকে যে জিনিস উৎপাদিত হয় তার মধ্যে অন্যতম সিট্রেনেলাঃ অয়েল, যেটা আমাদের সকলের কাজে লাগে। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি এই সমস্ত বনজ সম্পদগুলো মারকেটিং-এর কোন ব্যবস্থা-সেলস কাউনটারের কথা উনি বললেন এখুনি-কিন্তু পশ্চিমবাংলা বা রাজ্যের বাইরে চাহিদা থাকা সত্ত্বেও তার মারকেটিং-এর ব্যবস্থা অতি দূর্বল। খুব স্বাভাবিক ভাবে আমরাও যদি খোঁজ করি বা কোথাও আনতে যাই, আমরা পাই না। সাধারণ মানুষ সেইগুলো পাচ্ছে না। এই মারকেট ব্যবস্থা ডেভলপ করে সাধারণ মানুষের কাছে এই গুলো পৌছে দেবার জন্য কোন উদ্যোগ আপনি গ্রহণ করেছেন কিনা, আগামী দিনে কোন উদ্যোগ গ্রহণ করবেন কিনা যদি আমাদের জানান।

[11.40—11.50 am]

শ্রী হিতেন বর্মন : আমাদের উত্তরবাংলার শিলিগুড়িতে একটি কেন্দ্র আছে, সেখানে সিট্রোনিলা ঘাসের থেকে বিভিন্ন জিনিস তৈরী করা হচ্ছে। যদিও একটা সময় দক্ষিণ বাংলাতে একটা সেন্টার ছিল, সেই সেন্টারটা বন্ধ হয়ে গেছে। তখনকার দিনে সেই সেন্টারটি বন্ধ হওয়ার কারণ হচ্ছে, যে সমস্ত ঘাস বা যে সমস্ত সম্পদ লাগে, সেই সময় সেটা অভাব হয়ে গিয়েছিল। উত্তরবঙ্গের শিলিগুড়িতে আমাদের একটা সেন্টার আছে। দক্ষিণবঙ্গে যে সমস্ত সিট্রোনিলা ঘাসের চাষ হচ্ছে, সেগুলো এখান থেকে নিয়ে যেতে হচ্ছে শিলিগুড়িতে। সেখানে মেশিনের সাহায্যে তৈরী করা হচ্ছে। দক্ষিণবাংলায় এই চাষটাকে আরও বাড়ানো হচ্ছে। আমাদের পরিকল্পনা আছে দক্ষিণবাংলায় যে সেন্টারটা ছিল, আবার সেখানে মেশিনপত্র দিয়ে যদি তৈরী করা হয় তাহলে প্রোডাকশানটাকে আমরা বাড়াতে পারব। প্রোডাকশানটা বাড়লে পরে যেটা আপনি বলছিলেন যে সেল সেন্টারে অনেক সময় পাওয়া যাচ্ছে না। এটা ঠিকই। আরও উৎপাদন আমাদের বাড়ানো দরকার। এই উৎপাদন বাড়ানোর জন্য আমরা বনাঞ্চল এরিয়া ছাড়াও বিভিন্ন এলাকার কৃষকদেরকে উৎসাহিত করা হচ্ছে যাতে তারা এই ধরণের চাষ করেন। বিশেষ করে উত্তরবাংলায় আমরা বেশী করে জোর দিয়েছি। হাতি যেখানে বাইরে আসে, এই সমস্ত চাষ করলে হাতি আসাটাও কমে যাবে। সিট্রোনিলা ঘাস হাতিদের খুব একটা লোভনীয় খাদ্য নয়। আমরা চেষ্টা করছি এটাকে আরও ডেভেলপ করার জন্য।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন-বন থেকে মধু সংগ্রহ করতে গিয়ে বাঘের পেটে মারা গেছে কত জন এবং যদি মারা যায় তাদের ক্ষতিপূরণ কি দেওয়া হয়েছে, দিলে কত?

শ্রী হিতেন বর্মন : মাননীয় সদস্য, গত এক বছরে বাঘের পেটে মৃতের কোন তথ্য নেই বা হয় নি। আর এমনি মারা গেলে পরে একটি জনতা বিমা আছে, ৩০,০০০ টাকা দেওয়া হয় এবং সরকারের পক্ষ থেকে এক লক্ষ টাকা দেওয়া হয়।

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মধ্য দিয়ে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-সুন্দরবনের কথা যেহেতু হয়েছে, সুন্দরবনের ম্যানগ্রোভ অত্যন্ত বিখ্যাত। সেটাকে ধ্বংসের

অপচেষ্টা একটা আছে। এর সংরক্ষণের উপর নির্ভর করে পরিবেশের ভারসাম্য। ফলে এই সংরক্ষণ করার জন্য বন দপ্তর থেকে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে, এটা যদি মন্ত্রী মহাশয় জানান।

শ্রী হিতেন বর্মন : ম্যানগ্রোভ প্ল্যান্টেশান প্রতি বছরেই আমাদের নিয়ম অনুযায়ী করা হয় এবং আর কোর এরিয়ায় বিভিন্ন এলাকায় ম্যানগ্রোভ প্ল্যান্টেশানের উপর জোর দেওয়া হয়েছে। এছাড়া আমাদের সুন্দরবন এলাকার পাশাপাশি যারা বসবাস করেন, তারা ম্যানগ্রোভ প্ল্যান্টেশন বেশী করে করছেন। কাজেই যদি আমরা সুন্দরবনে ম্যানগ্রোভের ঠিক মত রক্ষণাবেক্ষণ করতে না পারি বা বেশী করে বাড়ানো না যায় তাহলে চারদিক থেকেই অসুবিধা হবে। একদিকে বাঘের সমস্যা আসবে, বায়ো ডাইভার্সিটির সমস্যা আসবে। তাছাড়া মধু যে সংগ্রহ করা হচ্ছে, সেই মধু সংগ্রহ করার ক্ষেত্রে নির্ভর করবে বনাঞ্চলের ম্যানগ্রোভের পরিমাণের উপরে। কারণ ম্যানগ্রোভের উপর নির্ভর করে হিমালয় থেকে বিভিন্ন মৌমাছিরা সুন্দরবনে আসে। ফলে সর্বোভাবে ম্যানগ্রোভের চাষ বৃদ্ধি করা বা গাছটাকে রক্ষণাবেক্ষণ করার জন্য চেষ্টা করা হচ্ছে।

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য—সুন্দরবন এলাকায় গোসাবায় আমার বিধানসভা কেন্দ্র। তার চারদিকে জঙ্গল সুন্দরবন। মন্ত্রী মহাশয়ের মাধ্যমে জানতে পারলাম যে জঙ্গলে মধু সংগ্রহ করার জন্য ওখানে লাইসেন্স দেওয়া হয়। কিন্তু আমরা জানি জঙ্গলে গেলে বাঘে ধরবে। সেখানে বাঘ আছে, কুমিরও আছে। অথচ আমরা পার্মিশান দিচ্ছি যাওয়ার জন্য এবং তারা মধু সংগ্রহ করতে গিয়ে প্রতি বৎসর বেশ কিছু মানুষ সেখানে বাঘের দ্বারা আক্রান্ত হয়ে মারা যায়। কেউ লাইসেন্স নিয়ে যায়, কেউ লাইসেন্স ছাড়া যায়। কিন্তু তারা মারা যায়। আমার কথা হ'ল, সেখানে বাঘ আছে, মানুষকে মারবে। তাদের যে লাইসেন্স দেওয়া হচ্ছে তার জন্য তাদের কোনো প্রটেকশানের ব্যবস্থা করা হচ্ছে কিনা জানাবেন। চার জন হ'ক, পাঁচ জন হ'ক একটা দল করে তারা জঙ্গলে মধু সংগ্রহ করে। এটা হচ্ছে এক। দ্বিতীয়তঃ যারা লাইসেন্স নিয়ে যায় তাদের মধু সংগ্রহের পর ফরেস্ট ডিপার্টমেন্টকে লেভি হিসাবে দিতে হয়। তার মূল্য কত এবং সেই মধুটা যখন বাজারে বিক্রি হচ্ছে তার মূল্যটা কত? তাদের মূল্যটা খুবই কম, তাদের খুবই কম মূল্য দেওয়া হয়।

মিঃ স্পীকার : আপনার প্রশ্ন বুঝতে পেরেছি। মাল্টিপল কশ্চেন করবেন না। আপনি বলেছেন যে, যারা লাইসেন্স নিয়ে বনে যাচ্ছে মধু সংগ্রহ করতে তাদের প্রটেকশানের জন্য কি এ্যারেঞ্জমেন্ট সরকার করছে।

শ্রী জয়ন্ত নস্কর : হ্যাঁ ঠিকই আর যে মানুষগুলো মারা যায় তাদের জন্য কি ক্ষতিপূরণের ব্যবস্থা আছে? যারা বিনা লাইসেন্সে যাচ্ছে তাদেরই বা কি ক্ষতিপূরণ দেওয়া হয়?

শ্রী হিতেন বর্মন : মাননীয় সদস্য ঐ এলাকারই। উনি ঠিক ভালো মতোই জানেন যে, মধু সংগ্রহের ক্ষেত্রে যে লাইসেন্স দেওয়া হয় সেই লাইসেন্সটা মূলতঃ যেটা বাফার এরিয়া সেই এলাকায় মধু সংগ্রহ করতে যাওয়ার জন্য পার্মিশানটা দেওয়া হয়। কিন্তু যেহেতু কোর-এরিয়াতে বেশী করে মধু পাওয়া যায়, সেই কারণে তারা পার্মিশান নেওয়ার পরে কোর -এরিয়ার ভেতরেও ঢুকে যায় যেখানে বেশী করে বাঘের পেটে মানুষের এই মৃত্যুর ঘটনাটা ঘটে। যাদেরকে লাইসেন্স দেওয়া হয় তাদের জন্য বনোদফতরের পক্ষ থেকে নৌকার সাহায্যে মনিটারিং করার জন্য ব্যবস্থা

থাকে এবং ওয়াচ্ থাকে যে, তারা কোন এলাকায় যাচ্ছে এবং কোনো বিপদে পড়লে যাতে সঙ্গে সঙ্গে তাদের উদ্ধার করার ব্যবস্থা করা যায়। এই ব্যবস্থায় যাদেরকে মধু সংগ্রহ করার জন্য লাইসেন্স দেওয়া হচ্ছে তাদের প্রতি বনোদফতরের সবসময় সজাগ থাকে। এবার বিনা লাইসেন্সে যারা যাচ্ছেন তার ফলে যে দুর্ঘটনা ঘটছে স্বাভাবিক কারণে তার ক্ষতিয়ান বা তার হিসাব সঠিক ভাবে রাখা সম্ভব নয়। কেননা, মূলতঃ আমাদের ঐ এলাকা সফর করে যেটুকু বুঝেছি যে, আয়লায় বিধ্বস্ত হওয়ার পরে সেই এলাকার মানুষের অর্থনৈতিক জীবন -যাপন খুবই কষ্টের মধ্যেই। ফলে বেশী করে মানুষ হয়তো পেটের তাগিদে বিনা পার্মিশানে কোর-এরিয়া বা বিভিন্ন জায়গায় মধু সংগ্রহ করতে যাচ্ছে। বিনা পার্মিশানে যাতে কেউ না যায় তার জন্য সবাইকে উদ্যোগ নিতে হবে।

আর, এমনিতে তারা মারা গেলে পরে যে ক্ষতিপূরণ সেই ক্ষতিপূরণ দেওয়া হয়। মধুটা সংগ্রহ করার পর আপিনি যেটা বলছেন সেটা মধু সংগ্রহ করার পরে আমাদের বনোদফতরের দায়িত্ব হচ্ছে ফরেস্ট ডেভলপমেন্ট কর্পোরেশনকে সেটা দিয়ে দেওয়া। ফরেস্ট ডিভলপমেন্ট কর্পোরেশন প্রসেসিং করে তারা মধুটাকে তৈরী করে। সেই ক্ষেত্রে লেভি হিসাব করে যে কম-বেশীর বিষয়টি আছে সেটা হয়তো আমরা আলোচনায় মাধ্যমে ঠিক করতে পারি।

[11.50–12.00 Noon]

শান্তিপুরে গঙ্গানদীর ভাঙ্গন

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬) **শ্রী অজয় দে :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শান্তিপুর থানার চরসাড়াগড় থেকে স্টীমার ঘাট হয়ে শ্মশানঘাট পর্যন্ত গঙ্গানদীর ভাঙ্গন রোধে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, এক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(গ) উক্ত পরিকল্পনা রূপায়ণের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী রাজীব ব্যনার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথমে আমি আপনার কাছে থেকে অনুমতি চেয়ে নিচ্ছি। আমার শরীরিক অসুস্থতার জন্য উঠে দাঁড়িয়ে বক্তব্য রাখতে পারছি না।

মিঃ স্পীকার : আপনি আবেদন করেছেন, আপনি বসেই বলুন।

শ্রী রাজীব ব্যানার্জী : ধন্যবাদ স্যার। মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই-

(ক) হ্যাঁ।

(খ) মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩৫২.২১ লক্ষ টাকা।

(গ) উক্ত পরিকল্পনার রূপায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়ে গেছে। খুব শীঘ্র ওয়ার্ক-অর্ডার দেওয়া হয়েছে। আগামী সপ্তাহ থেকে কাজ শুরু হয়ে যাবে।

শ্রী অজয় দে : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন যে, উনি বলেছেন যে, ওয়ারর্ক -অর্ডার দেওয়া হয়েছে, আগামী সপ্তাহ থেকে কাজ শুরু হবে, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে এই কাজটা করতে

গিয়ে কোনো সময়সীমা নির্ধারণ করা হয়েছে কিনা। কারণ, আর দু'মাস বাদে বর্ষা হবে। আর, এই দফতরের, বদনাম বলুন, সুনাম বলুন, ঐ বর্ষার সময় অনেক কাজ হয় যার ফলে শুনবেন, বর্ষার সময় অনেক কাজ হয় যার ফলে অর্থটাই একদম নষ্ট হয়ে যায়। সমস্ত জলে ভেসে যায়। সেই ক্ষেত্রে কোনো সময়সীমা নির্ধারণ করেছে কিনা বা কবে শুরু করছেন? যেমন বলছেন যে, আগামী সপ্তাহে শুরু হবে। সেই কাজটা বর্ষার আগে শেষ হবে তো?

শ্রী রাজীব ব্যানার্জী : আমি খুব দায়িত্ব নিয়ে বলছি, আমরা চেষ্টা করছি বর্ষার আগে এই কাজ শেষ করতে। এবং এটা লো -ওয়াটার লেভেলের কাজ সুতরাং কোন সমস্যা হওয়ার কথা নয়।

শ্রী অজয় দে : দ্বিতীয় প্রশ্ন, এই যে ৩ কোটি ৫২ লক্ষ ২১ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে এর বেশিও কী? কারা কত টাকা দিচ্ছে? কেন্দ্র, রাজ্য না অন্য সংস্থান? নাকি 'নাবার্ড'? কারা দিচ্ছে?

শ্রী রাজীব ব্যানার্জী : এটা নাবার্ডের স্যাংশন করা স্কীম এবং পুরোটাই নাবার্ডের।

শ্রী অসীমকুমার মাঝি : স্যার আপনার মাধ্যমে বলছি, আমার বলাগড় ব্লক, শান্তিপুরের উল্টোদিকে আমার এই বলাগড় ব্লক। বলাগড় ব্লকের গুপ্তিপাড়া থেকে কুন্তিঘাট পর্যন্ত প্রায় ২০ কিলোমিটার গঙ্গানদীর পাড় আছে এবং এখানে প্রচুর ভাঙ্গন আছে। এখানে কাজের জন্য কী কোন বরাদ্দ হয়েছে?

শ্রী রাজীব ব্যানার্জী : এই অর্থ-বর্ষে, ইমিডিয়েট এই কাজ-টা ধরা হয়নি। আপনি যদি এটা আমাকে প্রস্তাবাকারে পাঠান তাহলে নিশ্চয় আমরা এটা বিবেচনা করব।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, একটু আগে অজয়বাবু শান্তিপুরের কথা বললেন। আপনার স্ট্রীমে দুটো নদী আছে। একটা, গঙ্গানদী এবং অন্যটা ভৈরব নদী। এই দুটো নদী কৃষ্ণনগরে মিলিত হয়েছে। এই আপার স্ট্রীমে যে জায়গাগুলো আছে তার দু'দিকেই ভাঙন হয়। ভৈরবে হয় আবার ভাগীরথীতেও হয়। এই বিস্তির্ণ অঞ্চলে ভাঙন রোধের জন্য বহু আলোচনা হয়েছে। এব্যাপারে এ বছর কোন পরিকল্পনা আছে কী?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, already আমরা অনেকগুলো ভাঙন রোধের পরিকল্পনা take-up করেছি। আমাদের নদীয়ার ৮টি ব্লক মিলে আমার মনে হয় রেকর্ড পরিমাণ কাজ আমাদের পশ্চিমবঙ্গের সেচ দপ্তর এই অর্থ-বর্ষে করছে। প্রায় সাড়ে ২১ কোটি টাকার ভাঙন রোধের কাজ করছে। আর, ভাগীরথীর যে পোর্সানের কথা বললেন তা alreaye আমরা এই অর্থ-বর্ষে এটা take-up করেছি।

শ্রী আবু তাহের খান : মুর্শিদাবাদ জেলায় অনেকগুলো ভাঙন প্রতিরোধের কাজ শুরু হয়েছে। ওয়ার্ক অর্ডার হয়েছে, টেণ্ডার হয়েছে। বহরমপুর শহরে একটা কাজ ওয়ার্ক অর্ডার হওয়ার পর, কাজ শুরু হওয়ার পর, তিনদিন কাজ চলেছে এবং তার পর হঠাৎ দেখলাম, কোন কারণে জানিনা, সেই সমস্ত কাজ বন্ধ হয়ে গেছে। ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ার-রা বলছে 'এখন আপাতত বন্ধ থাকছে' এই উপ-নির্বাচনের পরে।

মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা, মুর্শিদাবাদ জেলায় কাজগুলো চলছিল কিন্তু হঠাৎ করে বন্ধ হয়ে গেল, সামনে বর্ষা, সেই কাজগুলো শুরু হওয়ার কোন অসুবিধা আছে কিনা আপনার দপ্তর থেকে এবং কী কারণে এগুলো বন্ধ হল?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, কোন কাজ চলতে চলতে বন্ধ হয়ে গেছে বলে আমাদের কাছে কোন খবর নেই। এমন কী আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, যদিও কেন্দ্রীয় সরকারের অনেক অসহযোগিতা আছে, প্রচুর টাকা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ডিমান্ড করেছি, বিশেষ করে আপনাদের মুর্শিদাবাদের প্রকল্পের জন্য এবং আপনারা জানেন কান্দি মাষ্টার প্লান আপনাদের কাছে খুব important, মুর্শিদাবাদ জেলার জন্য important. আমি বহুবার দরবার করেছি, দুটো মিটিং করেছি এবং এই 'কান্দি মাষ্টার প্লান'র ব্যাপারে আপনারাও নিশ্চয় অবহিত আছেন। প্রাক্তন অর্থমন্ত্রী তিনি নিজে বাজেটে পর্যন্ত ঘোষণা করেছেন কিন্তু তার পরেও দুটো অর্থ-বর্ষ চলে গেছে আমরা এখনও একটা টাকা 'কান্দি মাষ্টার প্লান'র জন্য পাইনি। তা সত্ত্বেও আমাদের মা-মাটি-মানুষের সরকার মানুষের স্বার্থে, মুর্শিদাবাদের বুকে অনেকগুলো কাজ করেছে। বিগতদিনের উপ-নির্বাচনের জন্য কয়েকটা কাজ বন্ধ ছিল। আবার নতুন করে সেই সমস্ত কাজ শুরু হবে। অনেকগুলি টেন্ডার প্রক্রিয়া কমপ্লিট হয়ে গেছে। ওয়ার্ক অর্ডার দেওয়া শুরু হবে। তবে কোন কাজ বন্ধ হয়ে যাওয়ার খবর নেই। যদি স্পেসিফিক প্রোজেক্ট বলেন আমি নিশ্চিত ভাবে সেটা দেখব। আমি বলছি, আগামীদিনে আরো ..... (গোলমাল) ...... অলরেডি সমস্ত বহরমপুর শহর জুড়ে আরো প্রায় ২০ কোটি টাকার পরিকল্পনা নিয়েছিল পুরোপুরি আমাদের স্টেট বাজেট থেকে। আগামীদিনে সেই কাজগুলো হবে।

শ্রী কল্লোল খাঁ : আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাস্য, বিগত বামফ্রন্ট সরকারের আমলে বর্ধমান জেলার অগ্রদ্বীপে নতুন প্রযুক্তিতে গঙ্গা-ভাঙন রোধের একটা পরিকল্পনা বিদেশী অর্থে, বিদেশী পুঁজির মাধ্যমে নেওয়া হয়েছিল, একটা কাজ হয়েছিল কিন্তু বেশ কিছু দিনের মধ্যে সেটা একেবারে গঙ্গায় তলিয়ে যায়।

আবার ব্যাপক ভাঙন অগ্রদ্বীপে শুরু হয়েছে। বিগত সরকারের আমলে বিদেশী যে তথ্য প্রযুক্তিতে কাজ হয়েছিল সেই ব্যাপারে বর্তমান সরকার কোন তদন্ত কমিটি বসিয়েছেন কিনা এবং ওই এলাকায় গঙ্গা ভাঙন রোধের কোন পরিকল্পনা করেছেন কিনা এটা জানাবেন কী?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, আপনি যে কাজটার কথা বললেন এটা আগে জেলা পরিষদ করেছিল। এটা ঠিক বিগত সরকারের আমলে এই কাজটা এমনভাবে হয়েছিল পরে ধুয়ে চলে গেছে। যদিও আমাদের সেচ দপ্তর থেকে এটা টেকআপ করেছি। আগামী দিনে এর কাজ হবে। এছাড়াও আপনি যে ভাঙন রোধের কাজ বলছেন- একটু আগে আর এক মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলেছি—প্রায় নদীয়া জেলা জুড়ে আমরা অনেক ভাঙন রোধের কাজ করছি। প্রায় সাড়ে ২১ কোটি টাকার কাজ সরকারের সেচ দপ্তর থেকে করা হচ্ছে।

শ্রী রঞ্জিত মন্ডল : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন—আমাদের নদীয়ার জলঙ্গী নদী বিশেষ করে তেহট্ট ওয়ান এবং টু এলাকায় ব্যাপক ভাঙনের সৃষ্টি করছে। ওয়ান

এবং টু ব্লক এলাকায় কোথায় কোথায় কাজ চলছে এটা যদি জানান আমরা উপকৃত হবো। সাথে সাথে ওই এলাকার বিধায়করা আমরা এসব কাজের কথা কিছু জানতে পারি না। যদি আমাদেরকে যুক্ত করা হয়, সে ধরনের যদি পরিকল্পনা নেওয়া হয় তাহলে ভালো হয়। এই ধরনের কোন পরিকল্পনা আছে কিনা অনুগ্রহ করে জানাবেন?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই জলঙ্গীতে অলরেডি আমাদের তিনটে কাজ চলছে। তেহট্ট টু ব্লকে চলছে, একটা কৃষ্ণনগর টু ব্লকে চলছে আর একটা চাপড়া ব্লকে চলছে। তিনটি কাজ অলরেডি আমরা স্টেট কোর প্ল্যান থেকে নিয়েছি। প্রথম কাজ প্রায় ৯৫ শতাংশ হয়ে গেছে, একটা কাজ শেষের মুখে। আর একটা কাজ ২৫ শতাংশ মত এগিয়েছে। আমরা আশাবাদী এই কাজটা বর্ষার আগেই কমপ্লিট করে দেব।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার জিজ্ঞাস্য আমার মোথাবাড়ি বিধানসভা এলাকায় পঞ্চানন্দপুর ওয়ান গ্রাম পঞ্চায়েতের আন্ডারে সকুল্লাপুর বলে একটি জায়গা আছে। সেখানে প্রতি বছর ভাঙনের সময় টেমপোরারি বেসিসে কাজ হয়। আপনার কাছে আমার জিজ্ঞাস্য, পার্মানেন্ট বেসিসে সেই জায়গায় ভাঙন রোধ করার জন্য আগামী দিনে কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রী রাজীব ব্যানার্জী : মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে জানাই আপনি যে জায়গাটার কথা বলেছেন সেটা দেখার দায়িত্ব হচ্ছে কেন্দ্রীয় সরকারের ফারাক্কা ব্যারেজ কমিশনের। আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি ফারাক্কা ব্যারেজ কমিশনের সঙ্গে একটা লিখিত চুক্তি হয়েছিল ১২০ কিলোমিটারের দায়িত্ব তারা নেবে। গঙ্গা-পদ্মা ভাঙন আপনারা এটা জানেন, ফারাক্কা ব্যারেজ কমিশনের করার কথা। আমি দায়িত্ব নেওয়ার পর থেকে দীর্ঘদিন যেভাবে কান্দি মাস্টার প্ল্যানের জন্য ফলোআপ করেছি, এই কাজটার জন্যও বহুবার ফলোআপ করা হয়েছে। মন্ত্রীর সাথে, আমি নিজে দুবার সচিবদের সংঙ্গেও যোগাযোগ করেছি। দুঃখের সংগে জানাচ্ছি এখনও একটা টাকাও কেন্দ্রীয় সরকারের ফারাক্কা ব্যারেজ কমিশনের থেকে দেওয়া হয়নি। যেদিন আমি মালদহে গিয়েছিলাম, সেদিন ফারাক্কা ব্যারেজ কমিশনের অথোরিটির সঙ্গে কথা বলেছি। তাদের জেনারেল ম্যানেজারও ছিলেন সবথেকে দুঃখের কথা আমাদের চিফ ইঞ্জিনিয়ার লেভেলের একজন চিঠি দেন, আর সেখান থেকে নীচের এক অফিসার লেভেল থেকে তার উত্তর আসে। অর্থাৎ পুরোপুরি পশ্চিমবঙ্গের এই জায়গাটাকে একদম কেন্দ্রীয় সরকার নেগলেট করছে এটা বলা যায়। আমি আপনাদেরও অনুরোধ করছি কেননা কেন্দ্রে আপনাদের সরকার রয়েছেন, মন্ত্রীরাও রয়েছেন। তারা যদি একটু ফলোআপ করেন করে যদি এই ফারাক্কা ব্যারেজ কমিশন থেকে কিছু টাকা যোগাড় করতে পারেন তাহলে আমার মনে হয় আপনি যে জায়গার কথা বলছেন সেই ভাঙন রোধে যথোপযুক্ত ব্যবস্থা নিতে পারবো।

*৩৩। (Not Called)।

মিঃ স্পীকার : কোশ্চেন আওয়ার ইজ ওভার।

Starred Questions
(to which answers were laid on the Table)

মৎস্যজীবী সম্প্রদায়ভুক্ত মানুষের জীবনের মানোন্নয়ন

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৯) শ্রীঅখিল গিরি : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার মৎস্যজীবী সম্প্রদায়ভুক্ত মানুষের জীবনের মানোন্নয়নে সচেষ্ট এবং

(খ) সত্যি হলে, উক্ত সম্প্রদায়ভুক্ত মানুষের জীবনের মানোন্নয়নের সরকার কীকী পদক্ষেপ নিয়েছে/নিচ্ছে?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ। এবং

(খ) উক্ত সম্প্রদায়ের মানুষের জীবনের মানোন্নয়নের জন্য মৎস্য দপ্তর কর্তৃক গৃহীত পদক্ষেপগুলি হল :

(১) রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় বিভিন্ন প্রকার স্কীমে মৎস্যজীবিদের সহায়তা প্রদান।

(২) মৎস্যজীবিদের মিনিকিট (মাছের চারা) বিতরণ এবং সামাজিক মৎস্যচাষ প্রকল্প।

(৩) অন্তর্দেশীয় এবং সামুদ্রিক মৎস্যক্ষেত্রে মৎস্যজীবিদের জাল হাঁড়ি ইত্যাদি উপকরণ বিতরণ প্রকল্প।

(৪) ময়লা জলে মাছ চাষ এবং জিয়ল মাছের চাষ প্রকল্প।

(৫) ব্লক স্তর, জেলা স্তর ও রাজ্য স্তরে মৎস্যজীবি, মৎস্যজীবি মহিলা, মৎস্য চাষীদের প্রশিক্ষণ।

(৬) মাছ চাষের মাধ্যমে ট্রাইব্যাল সম্প্রদায়ের লোকেদের আর্থিক উন্নতিকরণ।

(৭) মৎস্য চাষী উন্নয়ন সংস্থার মাধ্যমে মৎস্য চাষীদের মাছ চাষের জন্য সরকারি অনুদান ও ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা।

(৮) ক্ষুদ্র মৎস্যজীবিদের স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে অনুদান।

(৯) প্রাথমিক ও কেন্দ্রীয় মৎস্যজীবি সমবায় সমিতি গুলির উন্নতির জন্য অনুদান।

(১০) মৎস্যজীবি অধ্যুষিত অর্ন্তদেশীয় ও সামুদ্রিক গ্রামের পরিকাঠামো উন্নয়ন ও আদর্শ মৎস্যজীবি গ্রাম গঠন।

(১১) অচিরাচরিত শক্তির সাহায্যে অন্তর্দেশীয় ও সামুদ্রিক মৎস্য গ্রামগুলিতে গ্রামীণ বিদ্যুতায়ন।

(১২) সামুদ্রিক মৎস্যজীবিদের জন্য সেভিংস কাম রিলিফের ব্যবস্থা।

(১৩) সামুদ্রিক মৎস্য উপজাত বস্তু সমুহের উৎপাদনের বিভিন্নতার সামুদ্রিক মৎস্যজীবিদের জন্য স্কীম।

(১৪) সামুদ্রিক সম্পদ সার্ভে, যন্ত্রচালিত নৌকা ও বিভিন্ন ধরনের জালের মান নির্ধারণ এবং প্রশিক্ষণ।

(১৫) সামুদ্রিক মৎস্যজীবিদের নিরাপত্তার জন্য স্কীম ও ফিসিং বোটগুলির রেজিস্ট্রেশান।

(১৬) মৎস্যজীবিদের পরিচয় পত্র প্রদান।

(১৭) ন্যাশনাল ফিশারিজ ডেভলপমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকার মাছ চাষের স্কীম ও প্রশিক্ষণ।

সংযোজিত তথ্য

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় বিভিন্ন প্রকার স্কীমে মৎস্যজীবিদের সহায়তা প্রদান : একাদশ পঞ্চম বার্ষিক পরিকল্পনায় (২০০৭ - ২০১২) রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা নামে একটি প্রোগ্রাম ভারত সরকার নিয়েছে, যাতে এগ্রিকালচার ও তার সহযোগী দপ্তরের মাধ্যমে এগ্রিকালচার গ্রোথ ৪ শতাংশ করা। এই পরিকল্পনায় ১০০ শতাংশ অর্থ ভারত সরকার অতিরিক্ত অনুদান হিসাবে দিচ্ছে।

এই প্রকল্পের আওতায় ৫টি স্কীম নেওয়া হয়েছে। এর জন্য বরাদ্দকৃত অর্থ : ৪৮২.০০ লাখ।

স্কীমগুলি হল :

১. ১৭ টি জেলায় বাড়ী সংলগ্ন ছোট পুকুরে দেশী মাছের চাষ : ১১১.০০ লাখ টাকা

২. ১৮টি জেলায় মহোৎসব (লুপ্তপ্রায় মাছ এর চারা বিতরণ) : ১০০.০০ লাখ টাকা

৩. ১৮টি জেলায় প্রকল্পের আওতায় খননকৃত পুকুরে মাছের চারা ছাড়া : ৫৭.১০ লাখ টাকা।

৪. ১৯টি জেলায় হাইজেনিক ইনসুলেটেড মাছ সংরক্ষণ বাক্স বিতরণ : ২০১.৩০ লাখ টাকা

৫. দার্জিলিং জালায় ঝোরা ফিশারি উন্নয়ন : ১২.৫০ লাখ টাকা

মৎসজীবিদের মিনিকিট বিতরণ এবং সামাজিক মৎস্যচাষ প্রকল্প : এই প্রকল্পে প্রান্তিক চাষীদের ছোট ছোট জলাশয়গুলিতে মাছ এবং চুনের মিনিকিট দিয়ে মাছ চাষ সুনিশ্চিত করা। যে সমস্ত জলাশয়গুলি কো-অপারেটিভ, ফিস প্রোডাকশন গ্রুপ, সেলফ হেল্প গ্রুপ কিংবা কোন প্রতিষ্ঠানের অধীনে আছে, সেগুলিতে সামাজিক মৎস্যচাষ প্রকল্পে মাছের চারা এবং মাছ চাষের উপকরণ সাহায্য দিয়ে জলাশয়গুলির ব্যবহার এবং একই সঙ্গে মাছের উৎপাদন বৃদ্ধি করা এবং লুপ্তপ্রায় মাছগুলিকে রক্ষা করা।

অন্তর্দেশীয় এবং সামুদ্রিক মৎসক্ষেত্রে মৎস্য জীবিদের জাল, হাঁড়ি ইত্যাদি উপকরণ বিতরণ : মাছ ধরা এবং মাছ চাষের সঙ্গে যে সমস্ত মাছ চাষী, মৎস্যজীবি, কো অপারেটিভ, সেলফ হেল্প গ্রুপ যুক্ত আছে, তাদেরকে বিভিন্ন প্রকারের জাল, হাঁড়ি ইত্যাদি দিয়ে সাহায্য করা হয়।

ময়লা জলে মাছ চাষ এবং জিয়ল মাছের চাষ : বিল/বাওর ময়লা জলে মাছের উৎপাদন বাড়ানো, গ্রামাঞ্চলে জিওল মাছের চাষে উৎসাহ দেওয়ার জন্য, নিবিড় মৎস্য চাষের মাধ্যমে

জলাশয়ের উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে প্রদর্শনীক্ষেত্র স্থাপন ও এই প্রযুক্তিকে মৎস্য চাষীদের হাতে পৌঁছে দেওয়ার জন্য সচেতনতামূলক শিবির করা এই প্রকল্প রয়েছে। ব্যক্তিগত মালিকানার পুকুরেও প্রদর্শণ ক্ষেত্র করা হয়।

ব্লক স্তর, জেলা স্তর ও রাজ্য স্তরে মৎস্যজীবি, মৎস্যজীবি মহিলা, মৎস্য চাষীদের প্রশিক্ষণ : মৎস্য জীবিদের জন্য প্রশিক্ষণ ও সম্প্রসারণ অঙ্গাঙ্গীভাবে জড়িত। ব্লক স্তর, জেলা স্তর ও রাজ্য স্তরে মৎস্যজীবি, মৎস্যজীবি মহিলা, মৎস্য চাষীদের প্রশিক্ষণ দেওয়া হয় যাতে তারা নিজেদের জলাশয়ে মাছের উৎপাদন বাড়িয়ে আর্থিক উন্নতি করতে পারে।

মৎসজীবি অধ্যুষিত অর্ন্তদেশীয় ও সামুদ্রিক গ্রামের পরিকাঠামোও উন্নয়ন : মৎস্যজীবিদের সামাজিক উন্নতির লক্ষ্যে সরকার বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নের জন্য বিভিন্ন প্রোগ্রাম নিয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হল গ্রামের রাস্তা তৈরী, কালভার্ট তৈরী, মিলন গৃহ, নলকূপ স্থাপন প্রভৃতি।

মাছ চাষের মাধ্যমে ট্রাইব্যাল সম্প্রদায়ের লোকেদের আর্থিক উন্নতিকরণ : উপজাতি সম্প্রদায়ের মানুষদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য এই সম্প্রদায়ের লোকেদের জলাশয়ে বিভিন্ন প্রকার মাছ চাষের স্কীম ও মাছ চাষের জন্য আনুষঙ্গিক সরঞ্জামাদি সরবরাহ করা হচ্ছে। এছাড়া পরিকাঠামোগত উন্নয়ন, জলাশয় সংস্কার ও মৎস্য চাষের প্রশিক্ষণও চলছে।

মৎস্যজীবিদের জন্য গৃহ নির্মাণ : পশ্চিমবঙ্গ সরকারের হাউজিং দপ্তরের আর্থিক সহায়তায় মৎস্য দপ্তর আর্থিকভাবে পিছিয়ে পড়া জেলেদের জন্য বাড়ী তৈরীর 'গীতাঞ্জলি' প্রকল্প নেওয়া হয়েছে। **সামুদ্রিক মৎস্য উপজাত বস্তু সমূহের উৎপাদনের বিভিন্নতার সামুদ্রিক মৎস্যজীবিদের জন্য স্কীম ঃ** সামুদ্রিক খুঁটির উন্নতির লক্ষ্যে সামুদ্রিক মৎস্যজীবিদের বেনিফিট দেওয়ার জন্য মাছের বাইপ্রোডাক্ট উৎপাদনের এই প্রকল্পটি চালু আছে। এই প্রকল্পের মধ্যে সামুদ্রিক মাছ শুকনো করা, সংরক্ষণ করা এবং সামুদ্রিক মাছ পরিবহন করা, মাছের ল্যান্ডিং সেন্টার গুলির স্বাস্থকর পরিবেশ বজায় রাখা এবং অন্যান্য পরিষেবামূলক কার্যক্রম রয়েছে। এই স্কীমে খুঁটিগুলিতে ঔষধপত্র, চিকিৎসার ব্যবস্থা করা, ব্লিচিং, চুন ইত্যাদি দেওয়া হয়। খুঁটিগুলির সংস্কারের কাজ করা হয়।

সামুদ্রিক সম্পদ সার্ভে, যন্ত্রচালিত নৌকা ও বিভিন্ন ধরনের জালের মান নির্ধারণ এবং প্রশিক্ষণ ঃ এই প্রকল্পে সামুদ্রিক মৎসজীবিদের যন্ত্রচালিত নৌকা ও মাছ ধরার বিভিন্ন প্রকার জালের প্রয়োগ পদ্ধতির উপর প্রশিক্ষণ দেওয়া হয়।

প্রাথমিক ও কেন্দ্রীয় মৎস্যজীবি সমবায় সমিতি গুলির উন্নতির জন্য অনুদান : এই রাজ্যে মৎস্যচাষের উন্নয়নের জন্য কো-অপারেটিভগুলি বিশেষ ভূমিকা পালন করে থাকে। মৎস্যজীবিদের স্বার্থে এই রাজ্যে ব্লক থেকে রাজ্য পর্যন্ত কো-অপারেটিভের ত্রি-স্তরীয় গঠন ব্যবস্থা সুসংগঠিত করা হয়েছে। মোট ১১৯৫ টি (অন্তর্দেশীয় ৯৫৩ টি এবং সামুদ্রিক ২৪২ টি) প্রাইমারী ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি (PFCS), জেলাস্তরে ২০টি সেন্ট্রাল ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটি (CFCS) গঠিত হয়েছে এবং রাজ্যস্তরে এই সব ফিসারমেনস কো-অপারেটিভ সোসাইটিগুলির শীর্ষ সংস্থা হিসাবে রয়েছে ওয়েস্ট বেঙ্গল স্টেট ফিসারমেনস কো-অপারেটিভ

ফেডারেশন লিমিটেড, যেটি বেনফিস (BENFISH) নামে পরিচিত। যোগ্যতার ভিত্তিতে PFCS এবং CFCS গুলি ম্যানেজারিয়াল সাবসিডি হিসাবে আর্থিক অনুদান পেয়ে থাকে।

অচিরাচরিত শক্তির সাহায্যে অন্তর্দেশীয় ও সামুদ্রিক মৎস্য গ্রামগুলিতে গ্রামীণ বিদ্যুতায়ন : সৌর শক্তির মাধ্যমে মৎস্যজীবি অধ্যুষিত গ্রামগুলিতে আলোর ব্যবস্থা করা।

ক্ষুদ্র মৎস্যজীবিদের স্বল্প মেয়াদী ঋণের ক্ষেত্রে অনুদান : এই স্কীমের উদ্দেশ্য হল মাছ চাষী, মাছ বিক্রেতাদের জন্য ব্যাংক ঋণের ব্যবস্থা করা এবং তাদের মাছ চাষ ও অন্যান্য মৎস্য বিষয়ক প্রক্রিয়ায় সাহায্য করা। কিছু নির্দিষ্ট স্কীমে আর্থিক মৎস্য দপ্তরের তরফ থেকে অনুদানে ব্যবস্থা করা।

প্রাথমিক ও কেন্দ্রীয় মৎস্যজীবী সমবায় সমিতিগুলির উন্নতিকরণের জন্য স্কীম : মৎস্যজীবী সমবায় সমিতিগুলির উন্নতির লক্ষ্যে তাদের জলাশয়ে মাছের চারা বিশেষ করে স্থানীয় দেশীয় মাছের প্রজাতি ছাড়া এবং অন্যান্য মাছ চাষ সংক্রান্ত ইনপুট সরবরাহ করা হয়।

ন্যাশনাল ফিশারিজ ডেভলপমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকার মাছ চাষের স্কীম ও প্রশিক্ষণ : ভারত সরকারের কৃষি মন্ত্রকের পশুপালন, ডেয়ারি ও ফিশারিজ দপ্তরের প্রশাসনিক তত্ত্বাবধানের অন্তর্গত এই ন্যাশনাল ফিশারিজ ডেভলপমেন্ট বোর্ডের আর্থিক সহায়তায় বিভিন্ন স্কীমের মাধ্যমে জেলেদের আর্থ সামাজিক উন্নয়ন করার পরিকল্পনা চলছে।

দক্ষিণ দিনাজপুর জেলার তাঁত শিল্পের সংকট

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২০৯) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ দিনাজপুরের তাঁত শিল্প চোরাচালানের কারণে এক চরম সংকটের মুখে পড়েছে এবং

(খ) সত্যি হলে, জেলার এই প্রাচীন শিল্পকে বাঁচাতে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

ক্ষুদ্র ও ছোট উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) আমাদের সরকার ক্ষুদ্র শিল্পে নিযুক্ত সকল হস্তশিল্পী, তাঁতশিল্পী প্রভৃতিকে এবং স্থানীয় শিল্পকে বিশেষ গুরুত্ব দেয় এবং সাহায্য করতে সচেষ্ট।

কিছু অভিযোগ এসেছিল। কিন্তু যেহেতু সেইগুলি পার্শ্ববর্তী রাষ্ট্রের সাথে যুক্ত, বিষয়গুলি কেন্দ্রীয় সরকারের আওতায় পড়ে।

(খ) মহাধ্যক্ষ কাষ্টমসের কলিকাতা অফিসে উক্ত বিষয়টি লিখিত আকারে জানানো হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। যার অনুলিপি হস্তচাঁত উন্নয়ন মহাধ্যক্ষ, বস্ত্রমন্ত্রক, নিউ দিল্লী এবং জেলাশাসক ও এস.পি. দক্ষিণ দিনাজপুরের নিকট পাঠানো হয়েছে।

বর্ধমান জেলার সেচ ব্যবস্থার উন্নয়ন

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৪২) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার সেচ ব্যবস্থার উন্নয়নে সরকার বর্তমানে কী কী পরিকল্পনা গ্রহণ করেছে/করছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

বর্ধমান জেলার সেচ ব্যবস্থার উন্নয়নে বর্ধমান জেলার অর্ন্তগত সেচ খালগুলি দ্বারা প্রান্তিক এলাকায় প্রয়োজনীয় জল সরবরাহের লক্ষ্যে প্রায় ১৫ কোটি টাকার কাজ শেষ হয়েছে। এর ফলে সেচ সেবিত এলাকার আয়তন বৃদ্ধি করা গেছে।

বর্তমানে ঐ লক্ষ্যে আরও প্রায় ১৫ কোটি টাকার কাজ চলছে। আশা করা যায়, এই আর্থিক বৎসরে (২০১২-১৩) কাজটি সম্পন্ন হবে।

সেচ ব্যবস্থার উন্নয়নে খাল সংস্কার

*৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮) **ডঃ তরুণ কান্তি নস্কর :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগণা জেলার সেচ ব্যবস্থার উন্নয়নে খালগুলির সংস্কার করার কোন পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) এই অঞ্চলের সমস্ত খালগুলি প্রধানত নিকাশি খাল। বর্তমানে এই খালগুলিতে স্লুইস গেট নির্মাণ করে, মিষ্টিজল ধরে রেখে বা নিয়ন্ত্রণের মাধ্যমে সেচ ব্যবস্থার উন্নয়নের ব্যবস্থা করা হচ্ছে। যে সমস্ত স্লুইস গেট নির্মাণের কাজ চলছে সেগুলি হল :

১. Sonarpur Arapanch Matla Drainage Scheme (S.A.M.D.S) পর্ব—২-এর অর্ন্তগত ডাবু স্লুইস মোট ব্যয় : ৪৫৯ লক্ষ টাকা

২. বাসন্তি ব্লকের অর্ন্তগত গরানবোস স্লুইস মোট ব্যয়—৫৭৮ লক্ষ টাকা

৩. বাসন্তি ব্লকের অর্ন্তগত চুনাখালি স্লুইস এবং মোট ব্যয়—৪৩৭ লক্ষ টাকা

৪. সাগর ব্লকের অর্ন্তগত চেমাগুরি স্লুইস মোট ব্যয়—১০০০ লক্ষ টাকা

যে খালগুলি সংস্কারের লক্ষ্য মিষ্টিজল ধরে রেখে বা নিয়ন্ত্রণের মাধ্যমে সেচ ব্যবস্থার উন্নয়নের ব্যবস্থার উন্নয়নের জন্য হাতে নেওয়া হয়েছে সেগুলি হল :

১. গরানবোস খাল

২. চুনাখালি খাল

৩. মথুরাপুর - ২ এর অর্ন্তগত আমিরা খাল এবং

৪. গোসাবা ব্লকের অর্ন্তগত পায়রাটুনি খাল

উপরোক্ত কাজগুলি চলছে এবং ২০১৩ জুন মাস নাগাদ সম্পন্ন করা যাবে বলে আশা করা যায়।

ছাত্রাবাস ভাতা

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৭) **শ্রী নেপাল মাহাত :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এস.সি ও এস.টি. সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের ছাত্রাবাসভাতা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা ; এবং

(খ) থাকলে, বৃদ্ধির পরিমাণ কত হবে বলে আশা করা যায়?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) এই মুহূর্তে উক্ত সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের ছাত্রাবাস ভাতা বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

(খ) এই মুহূর্তে ভাতা বৃদ্ধি বিবেচনাধীন না থাকায়, বৃদ্ধির পরিমাণ বলা সম্ভব নয়।

ডি.ভি.সি. ড্যাম সংস্কার

*৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৯) **শ্রী শাহাজাহান চৌধুরী :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার ডি.ভি.সি ড্যাম সংস্কারের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব দিয়েছে, এবং

(খ) সত্যি হলে, (১) উক্ত ড্যামের সংখ্যা কত ; ও

(২) প্রস্তাবটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) ১. উক্ত ড্যামের সংখ্যা ৪ (চার) দামোদর উপত্যকা বহুমুখী প্রকল্পের মাইথন, পাঞ্চেত, তিলাইয়া ও কোনার জলাধার।

২. প্রস্তাবটি বর্তমানে কেন্দ্রীয় সরকারের পর্যবেক্ষণে আছে।

মহিলা গ্রন্থাগার

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭০৭) **শ্রী বাসুদেব খাঁ :** জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার সংখ্যালঘু ও অন্যান্য অনগ্রসর সম্প্রদায় অধ্যুষিত এলাকায় কেবল মহিলাদের জন্য গ্রন্থাগার স্থাপন করেছে ; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ স্থানে উক্ত গ্রন্থাগার স্থাপিত হয়েছে?

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

[12.00–12.10 pm]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Anisur Rahaman, Shri Sahajahan Chowdhury, Shri Dhiren Bagdi and Shri Baudev Khan on the subject of non prodcurement of paddy by the State Government at supported price and situation arisen therefrom, And the second one is from Shri Ajoy Dey on the subject of alleged non-supply of kit to Government Blood Banks for testing of Malaria parasite.

The subject matter of both the motions are not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matters during discussion on Governor's Address scheduled to commence on and from 18th March, 2013 Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to both the Motions.

Each Member of party may, however, read the text of the Motion as amended.

শ্রী আনিসুর রহমান : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল—

রাজ্যের ধানচাষীরা বর্তমানে চরম বিপদের মুখে। ধানের ঘোষিত ক্রয়মূল্যের অনেক কম দামে চাষীরা ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে। সরকারীভাবে সরকারী দামে ধান ক্রয় করা এখনো শুরু হয়নি।

শ্রী অজয় দে : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতবী রাখছে। বিষয়টি হল—

রাজ্যে বিভিন্ন সরকারি ব্লাড ব্যাংক থেকে যে রক্ত আসছে সেখানে কিটের অভাবে কোন রকম ম্যালেরিয়া পরীক্ষা করা হচ্ছে না। ন্যাশানাল এডস নিয়ন্ত্রণ সংস্থা কিট সরবরাহ করছে না

বলে বলা হচ্ছে। কিন্তু এরা শুধুমাত্র এডস পরীক্ষার জন্য কিট অর্থাৎ এইচ. আই. ভি. পরীক্ষার কিট সরবরাহ করে।

Mr. Speaker : Today, I have received five(5) notices of Calling Attention on the following subjects, namely :

Subject	Name
(i) Reported physical assault of a person at Berhampore Railway Station by GRP resulting in death.	: Dr. Tarun Kanti Naskar
(ii) Non-functioning of Fire Brigade at Tulasihata Sub-market in Harishchandrapur Assembly Constitutency area	: Shri Tajmul Hossain
(iii) Non-implementation of Drinking Water supply scheme at Mankar-Budbud area under Galsi Assembly Constituency	: Shri Sunil Kumar Mondal
(iv) Urge for conversion of Scheme of C.P.F. to G.P.F. for teachers	: Shri Asit Mitra
(v) Reported student unrest in the campus of Alia University	: Dr. M. Nuruzzaman

I have selected the notice of Shri Sunil Kumar Mondal on the subject of Non-implementation of Drinting Water SupplyScheme at Mankur at Budbud area Under galsi assembly constituency.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী মনীশ গুপ্ত : স্যার, উনি আজকে আসেননি, ২০ তারিখে উনি উত্তর দেবেন।

PRESENTATION OF COMMITTEE REPORTS

Presentation of the 139th, 140th and 141st Reports of The Committee on Public Undertakings (2012-2013)

Shri Nirmal Ghosh : Sir, I beg to present the 139th Report of the Committee on Public Undertakings (2012-2013) on Audit Para No. 3.13 of the Report of the comptroller and Auditor General of India

(Commercial) for the year 2009-2010 relating to West Bengal State Police Housing Corporation Limited under Home under Home Department, Government of West Bengal.

Sir, I beg to present the 140th Report of the Committee on Public Undertakings (2012-2013) on Audit Para No. 3.1 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2009-2010 relating to West Bengal State Electricity Distribution Company Limited under Power Department, Government of West Bengal ; and

Sir, I beg to present the 141st Report of the Committee on Public undertakings (2012-2013) on Audit Para No. 3.4 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2009-2010 relating to West Bengal State Electricity Distribution Company Limited under Power Department, Government of West Bengal.

Presentation of the Seventh Report of the Standing Committee on Agriculture, Agriculture Marketing And Fisheries (2012-2013)

শ্রী বনমালী হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার আমি পশ্চিমবঙ্গ বিধানসভার কৃষি, কৃষি বিপণন এবং মৎস্য সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি (২০১২-১৩) এর মৎস্য দপ্তর ও মৎস্যবীজ খামার সম্পর্কিত সপ্তম প্রতিবেদন পেশ করছি।

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts along with Audit Report thereon, of the East Kolkata Wetland Management Authority for the years 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011

Dr. Sudarsan Ghosh Dastidar : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Accounts along with Audit Report thereon, of the East Kolkata Wetlands Management Authority for the years 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011

The Annual Reports and Annual Statement of Accounts of the

West Bengal National University of Juridical Sciences, for the years 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011

Shrimati Chandrima Bhattacharya : Mr. Speaker, Sir, I beg to lay the Annual Reports and Annual Statement of Accounts of the West Bengal National University of Juridical Sciences, for the years 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011

The Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Gluconate Health Limited for the years 2009-2010 and 2010 2011

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Gluconate Health Limited for the years 2009-2010 and 2010-2011.

The 88th and the 89th Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Westinghouse Saxby Farmer Limited for the years 2009-2010 and 2010-2011 respectively

Shri Manish Gupta : Mr. Speaker, Sir with your kind permission, I beg to lay the 88th and the 89th Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Westingshouse Saxby Farmer Limited for the years 2009-2010 and 2010-2011 respectively.

The 47th and the 48th Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Durgapur Chemicals Limited for the years 2009-2010 and 2010-2011 respectively.

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 47th and the 48th Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Durgapur Chemicals Limited for the years 2009-2010 and 2010-2011 respectively.

The Annual Reports and Accounts alongwith Audit Report thereon, of the Shalimar works (1980) Limited for the years 2009-2010 and 2010-2011

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the Annual Reports and Accounts alongwith

Audit Report thereon, of the Shalimar Works (1980) Limited for the years 2009-2010 and 2010-2011.

The 53rd Annual Report and Accounts alongwith Audit Report thereon, of the West Bengal State Warehousing Corporation for the 2010-2011

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 53rd Annual Report and Accounts alongwith Audit Report thereon, of the West Bengal State Warehousing Corporation for the 2010-2011.

The 50th Annual Report and Accounts alongwith Audit Report thereon, of the Electromedical & Allied Industries Limited for the year 2010-2011.

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your kind permission, I beg to lay the 50th Annual Report and Accounts alongwith Audit Report thereon, of the Electro-Medical & Allied Industries Limited for the year 2010-2011.

MENTION CASES

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজ সংবাদপত্র থেকে জানতে পারলাম মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল শূন্য হওয়ার ফলে তা সরকারী অর্থ দিয়ে পূরণ করার জন্য নির্দেশনামা জারি করা হয়েছে। বাজেটের পরিকল্পনা বর্হিভূত খাত থেকে এককোটি টাকা ঐ খাতে ট্রান্সফার করার কথা ঐ নির্দেশনামায় বলা হয়েছে। ঐ টাকা জমা দেওয়ার জন্য একটা নতুন অ্যাকাউন্টও খোলা হয়েছে। আমরা জানি ত্রাণ তহবিল থেকে মুখ্যমন্ত্রী খরা, বন্যা প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগে আক্রান্ত মানুষদের জন্য অর্থ সাহায্য করেন। এছাড়া দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত মানুষ, যারা আর্থিকভাবে পিছিয়ে থাকা, তাদের চিকিৎসার জন্য খরচের একটা অংশ ঐ তহবিল থেকে দেওয়া হয়।

ওই তহবিলের অর্থ এতদিন সংগৃহীত হয়েছে বিভিন্ন গণসংগঠন, শিল্পসংস্থা ও জনসাধারণের মুক্তহস্ত দানের মধ্যে দিয়ে, এটাই রীতি। এই রীতি মেনে চললে তার নৈতিকতার দিক দিয়ে অনেক দৃষ্টিনন্দন হয়। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি আপনি সরকারী এই নির্দেশনামা প্রত্যাহার করার ব্যবস্থা করুন। (এই সময় মাইক অফ হয়ে যায়)

[12·10–12·20 pm]

শ্রী বাসুদেব খাঁ : স্যার আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সরকারী মানবিক মুখ শিক্ষাক্ষেত্রে বারে বারে দেখাবার চেষ্টা করছেন নিজেদের অপকর্মকে ঢাকার

জন্য। শিক্ষামন্ত্রী জানেন কি গতকাল গভীর রাতে উত্তর কোলকাতার শ্যামপুকুর থানার রামাকান্ত বসু স্ট্রীট এবং গিরিশ অ্যাভিনিউ সংযোগস্থলে ১৬ বছর ধরে চওড়া রাস্তার ধারে অস্থায়ী একটি পাঠশালা চলছিল ৬০ জন পথশিশুদের নিয়ে। পাঠশালাটি চলছিল তাই এলাকার তৃণমূলের কাউন্সিলরের নেতৃত্বে কোলকাতা কর্পোরেশানের একটি দল পুলিশ নিয়ে এসে ঘরটি ভেঙ্গে দেয়। যে পথশিশুরা শিক্ষার একটু আলো দেখতে চায় তারা পথেই হারিয়ে যাচ্ছে কারণ শিক্ষার থেকে পাঠশালা ভেঙ্গে রাস্তার সৌন্দার্যয়ন করতে এরা বেশি চাইছে।

শ্রী ধীরেন্দ্র নাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি যে, পুরুলিয়া জেলায় অধিকার স্ক্রীমের নামে বাড়ি তৈরি হবে। বাড়ি তৈরি করার তালিকা সরকারী পক্ষের পাঁচজন বিধায়ক সুপারিস্ক করবেন। এটা কেন? এই বিষয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী তজমূল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্তমন্ত্রী এখানে আছেন, উনি একটু শুনবেন যে, ৩৪ নম্বর জাতীয় সড়কের সঙ্গে বিহারের কার্টিহার জেলার সরাসরি সংযোগস্থাপনকারী ৮১ নম্বর জাতীয় সড়কটি মালদা জেলার গাজোল থেকে শুরু হয়ে সামসী, চাঁচোল, তুলসীহাটা হয়ে হরিশচন্দ্রপুর বাজার ঢোকার দুই কিলোমিটার এসে কাজ শেষ হয়ে দীর্ঘদিন বন্ধ হয়ে আছে। অবশিষ্ট অংশটা হরিশচন্দ্রপুর বাজার থেকে দুই কিলোমিটার দূরে যে বিহারের লাভা নামক স্থান পর্যন্ত খুঁটি পুতে রাখা আছে এটা দীর্ঘদিনের সমস্যা। সেখানে সরাসরি বিহার কার্টিহার এবং মালদা সরাসরি যে রাস্তাটা যেন হয়, আপনারা মাধ্যমে আমি অনুরোধ করছি অবিলম্বে যাতে এই কাজ আরম্ভ করা হয়।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে সরকারী কোষাগারে জমা দেওয়ার এক বেনজির নির্দেশ গত ৫ই মার্চ অর্ডার নম্বর ৩১২, হোম ডিপার্টমেন্ট ২/২০১২ এবং স্বরাষ্ট্র দপ্তরের নির্দেশে একটি সরকারি বিধি লঙ্ঘন করছে কিনা। সেটা জানতে চাইছি কারণ মস্তেশ্বরে চাষিদের ৬০ লক্ষ টাকা দেওয়া হয়েছে ৪০ জন চাষিকে ২রা মার্চ এই ত্রাণ তহবিল থেকে। এই ত্রাণ তহবিলের টাকা সাধারণতঃ যখন বন্যা হয়, খড়া হয় সেখানে মানুষদের দান করার জন্য। কিন্তু সরকারী কোষাগার থেকে এই টাকাটা বিধি সম্মত নয়। যাতে এই নির্দেশ যাতে প্রত্যাহার হয় তারজন্য মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় Matis একটা সার কারখানা হয়েছে। যখন সেই সার কারখানাটা হয় তখন জমি আমরা দিয়েছিলাম সেখানে। চাষিরা যারা জমি দিয়েছিল, চাষিদের সঙ্গে একটা ডি.এম থাকায় চুক্তি হয়েছিল যে যারা জমি দেবে এবং সেখানে যারা ভাগচাষি তারা সেখানে কাজ পাবে। কিন্তু বর্তমানে দেখা যাচ্ছে কারখানাটি যখন চালু হতে যাচ্ছে বাইরে থেকে বিহার, উড়িষ্যা, রাজস্থান থেকে ছেলেরা এসে কাজ পাচ্ছে অথচ আমাদের এলাকার ছেলেদের কোনরকম সেখানে কাজ দেওয়া হচ্ছে না এবং কর্তৃপক্ষ আমাদের কোন কথা কানেই নিচ্ছে না। এই বিষয়ে মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যাতে এলাকার ছেলেরা অন্তত কাজ পায় এবং কর্তৃপক্ষ আগে যে

শর্ত করেছিল যে ট্রেনিং দিয়ে তাদের চাকরি দেওয়া হবে সেই ব্যবস্থাটা যাতে করা হয় তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবু তাহের খান : (নট রেসপন্ডেড)

শ্রী রবিউল আলম চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে শিল্প মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, আমার ৭০ নম্বর রেজিনগর বিধানসভা কেন্দ্রে শিল্প তালুকের নামে গত বামফ্রন্ট সরকারের আমলে ১৯২ একর জমি অধিগ্রহণ করে প্রাচীর দিয়ে রাখা হয়েছে। সেই জমিতে এখন কি শিল্প হবে, কি না হবে সেটা আমরা একটু মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি আপনার মাধ্যমে জানতে চাই যে, আড়াই বছর আগে আমাদের এই বিধানসভায় ও.বি.সি.-দের চাকরীতে সংরক্ষণের ব্যাপারে আইন হয়েছে এবং তা রূপায়ণ করার জন্য নোটিফিকেশান হয়েছে। কিন্তু কালকে আমরা রিপোর্টে দেখলাম যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকরী হয়েছে গত এক বছরে ১ হাজার ৮০০ প্রায় ১৯০০ এর মত। কিন্তু সংখ্যালঘু ও.বি.সি-রা পেয়েছে মাত্র ১০০ জন। নিয়ম অনুসারে সংখ্যাটা ২০০ হওয়ার কথা। সেটা হয়ে গিয়েছে ১০০ জন। এটা খুব দুর্ভাগ্যের। তার সঙ্গে যেটা জড়িয়ে আছে যেটা মূল কথা আমি বলতে চাই যে, এখন থেকে ৯ মাস আগে আমাদের মাদ্রাসায় শিক্ষক নিয়োগের জন্য ঐ কমিশনের পরীক্ষা হয়েছিল। ৯মাস হয়ে গেল, এই ৯ মাসের মধ্যে কোন ফল তো বেরোয়নি, এটা কি অবস্থায় আছে সেটা জানতে পারছি না। প্রতিদিন বেকার ছেলেরা জিজ্ঞাসা করে এটা কি অবস্থায় আছে, আমরা সেটা বলতে পারছি না। আমি তাই আপনার মাধ্যমে জানাতে চাই, এই ব্যাপারে মাননীয় মন্ত্রী খোঁজ নিয়ে অবিলম্বে যেন লোককে জানাতে পারে যে কি অবস্থায় এটা আছে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আমি আপনার মাধ্যমে দৃষ্টিগোচর করতে চাই আমার কনস্টিটিউয়েন্সি মোথাবাড়িতে বালিটোলা জি.পি-তে কাকমারী মোড়ে একটা বৈদ্যুতিক সাব স্টেশন হওয়ার কথা। শুধু তাই নয়, কালিয়াচক ১, ২, ৩ -এই ৩টি ব্লকে বিদ্যুতের যে বেহাল অবস্থা এবং যেভাবে আমরা পরিষেবা পাচ্ছি-নতুন সরকারের সময় নয় বিগত বামফ্রন্ট সরকারের সময় থেকে। কালিয়াচক ওয়ান ব্লকের সুজাপুর, কালিয়াচক টু ব্লকের কাকমারীতে বৈদ্যুতিক সাব স্টেশন হওয়ার কথা ছিল। কিন্তু খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি কালিয়াচক টু ব্লকে যে বৈদ্যুতিক সাব স্টেশন হওয়ার কথা ছিল, সেই জমিটি যে জায়গায় হওয়ার কথা, সেই জমিটি যার ছিল, সে সেই জমিটি সরকারের কাছে বিক্রী করে সরকারী রেটে এবং তার পরিপ্রেক্ষিতে ৯ লক্ষ টাকা তাকে দেওয়া হয়। কিন্তু পারিপার্শ্বিক বিভ্রান্তিকর পরিবেশের মধ্য দিয়ে পরবর্তীকালে সে দাবী করে যে, সেই জমির যথোপযুক্ত দাম সে পায়নি। সেই জায়গায় সে সাব স্টেশন তৈরী করতে বাধা দেয়। কিন্তু অলরেডি সেই জায়গাটি এখন সরকারের। কিন্তু আমরা দেখলাম যে, পরবর্তীকালে মাননীয়া মুখ্যমন্ত্রী যখন আমাদের জেলায় গেলেন, তখন সরকারী লেভেল থেকে ডিটেলস্ কিছু হয়ত ওনাকে জানানো হয়নি সে একটা বিভ্রান্তিকর পরিবেশের মধ্যে উনি মন্তব্য করে আসলেন যে, জোর করে আমরা জমি নেব না। কিন্তু আমাদের কাছে প্রশ্ন এখানে জোড় করে জমি নয়, অলরেডি সেই জমি .....

(এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্রীড়ামন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সংবাদপত্রে বেরিয়েছে যে, আমাদের যিনি এই রাজ্যের ব্র্যান্ড অ্যাম্বাস্যাডার এবং কে.কে আর -এর মালিক, তাকে যুব ভারতী ক্রীড়াঙ্গন আগামি ১৫ দিনের জন্য দিয়ে দেওয়া হচ্ছে এবং ২১ তারিখ থেকে তিনি যুবভারতী ক্রীড়ঙ্গণটা ভাড়া নিয়েছেন। তার কারণ একটাই আই.পি.এলের এবারের ওপেনিং প্রোগ্রামের দায়িত্ব তার হাতে আছে অর্থাৎ কে, কে. আর তার দায়িত্ব নিয়েছে। কিন্তু স্যার যেটা অত্যন্ত দুঃখের কথা, যে যুবভারতী ক্রীড়াঙ্গণে - ক্রীড়ামন্ত্রীকে ধন্যবাদ দিই যে, তিনি ওখানে বৈদ্যুতিক আলোর ব্যবস্থাটাকে তিনি নতুন করে তৈরী করছেন। তারজন্য সরকারের অনেক টাকা খরচ হচ্ছে। সব ঠিক আছে, এটা খুব ভাল কাজ। কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি একটা কথা বলব, যে যুবভারতী ক্রীড়াঙ্গণে মাত্র ১ লক্ষ টাকা ভাড়া একদিনের কী করে দেওয়া হয় তার কাছে এটা আমি বুঝতে পারি না। আমার মনে হয় যখন সি.এ.বি এখান থেকে ভাড়া নেয় কে.কে. আর-এর এক দিনের খেলার জন্য, যেখানে ১ লক্ষ লোক বসে দেখতে পায় না, মাত্র ৩০-৪০ হাজার লোক বসে দেখে সেখানে ৩০ লক্ষ টাকা তাদের ভাড়া দিতে হয়, আর যুবভারতী ক্রীড়াঙ্গণ, যেখানে এক লক্ষ কুড়ি হাজার লোক সেখানে জমায়েত হয়ে সমস্ত অনুষ্ঠান দেখতে পারে বা খেলা দেখতে পারে, সেখানে তাকে মাত্র ১ লক্ষ টাকা দিতে হচ্ছে। স্যার এটা অন্যায়, আমি এই ব্যাপারে মাননীয় ক্রীড়া মন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

[12-20–12-30 pm]

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগর থেকে করিমপুর প্রায় পাঁচটা বিধানসভার মধ্যে দিয়ে যাওয়া কয়েকশ গাড়ি চলাচল করে এইরকম একটি রাস্তা গাড়ি চলাচলের একেবারেই অযোগ্য হয়ে পড়েছে। এটা বিধায়কেরা সকলে জানেন। অনেকদিন ধরে এই অবস্থায় পড়ে আছে। এই রাস্তাটা যাতে অনতিবিলম্বে সারানোর ব্যবস্থা করা হয় তার জন্য মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জল ধরো জল ভরো প্রকল্পে যে কাজ হচ্ছে সেই প্রকল্পটি আমাদের কাছে নতুন লাগলেও বিগত সময় দেখেছি পাইলট প্রোজেক্টে যে কাজগুলো হত তাতে ৫০ হাজার, ৩০ হাজার টাকা অ্যালটমেন্ট থাকত পুকুরগুলি খননের জন্য। কিন্তু সেই টাকা এখন বেড়েছে। ৩ লক্ষ, ৪ লক্ষ টাকা দিয়েও কাজ হচ্ছে। নতুনত্ব নেই বললে আমি ভুল করব, নতুনত্ব রয়েছে এই জায়গায় বিগত সময়ে দেখেছি শ্রমদিবস সৃষ্টি হত, আর এখন দেখছি টাকা বেড়েছে কিন্তু শ্রমদিবস বাড়েনি। সেগুলো মেশিন দিয়ে কাজ হচ্ছে। আমি চাই এগুলোতে যেন শ্রমদিবস সৃষ্ট হয়। সেইজন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে নগরোন্নয়ন মন্ত্রী এবং স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, তৃণমূল ক্ষমতায় আসার পর থেকেই বামফ্রন্ট পরিচালিত পৌরসভা গুলোর উপর ধারাবাহিক ভাবে আক্রমণ এবং ভাঙচুর হচ্ছে। গতকাল হলদিয়া পৌরসভাতে তৃণমূলের দুষ্কৃতিকারীরা ঢুকে ব্যাপকপরিমাণে ভাঙচুর এবং হামলা করেছে। পাশাপাশি কামারহাটি পৌরসভাতেও তৃণমূল কাউন্সিলাররা তাদের দুষ্কৃতিদেরকে সঙ্গে নিয়ে আক্রমণ করেছে

এবং ভাঙচুর করেছে। তাতে বামফ্রন্টের ৫ জন কাউন্সিলার আহত হয়েছেন। তারা এখন হসপিটালে ভর্তি আছেন।

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে নারী নির্যাতনে কড়া আইনি ব্যবস্থা চাই। স্যার, আপনি জানেন যে পার্কস্ট্রিট, কাটোয়া, হেমতাবাদ, বারাসাত, যাদবপুর- গতকালও যাদবপুরে একটি মেয়ে শ্রীলতাহানীর হাত থেকে বাঁচার জন্যে সে বাড়ির ছাদ থেকে ঝাঁপ দিয়ে গুরুতর আহত হয়েছে। দুষ্কৃতিকারীদের অত্যাচার প্রচন্ডভাবে বাড়ছে। এই অবস্থায় কেন্দ্রীয় সরকার নারী নির্যাতন প্রতিরোধ বিল আনছে লোকসভায়। আমার প্রস্তাব হচ্ছে এই দুষ্কৃতিকারীদের দমন করবার জন্যে আমাদের রাজ্য সরকার এই চলতি অধিবেশনে নারী নির্যাতন প্রতিরোধ একটি বিল বা তার খসড়া নিয়ে আসুক এই প্রস্তাব আমি আপনার মাধ্যমে রাখছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কল্যাণীতে যে গান্ধী মেমোরিয়াল হসপিটাল আছে, এটা আমাদের রাজ্যের একটি Heart Specialized Hospital। দীর্ঘদিন ধরে ওখানে কোন হার্ট স্পেসালিস্ট নেই। চেস্ট ফিজিশিয়ান দিয়ে ট্রিটমেন্ট করা হচ্ছে। দীর্ঘদিন angioplasty মেশিন, যেটা দিয়ে পেসমেকার চেক করা হয়, আজ দীর্ঘদিন ধরে কি টেম্পুরারি কি পার্মানেন্ট কোন পেসমেকার ওখানে বসানো যাচ্ছে না। আমি নিজে গিয়েছিলাম হসপিটালে। প্রতিদিন গড়ে ২-৩ জন পেসেন্টকে পাঠাতে হচ্ছে কলকাতায়। মাসে প্রায় ১০০ দাঁড়াচ্ছে। সেখানে মানুষ মারা যাচ্ছে। সেখানে টি.এম.টি মেশিন অচল। শুনলাম মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী কিছুদিন আগে ওখানে ভিজিট করেছেন। কিন্তু তার কোনরকম সুরাহা হচ্ছে না। আমার বক্তব্য রাজ্যসরকার মেলা, খেলা, উৎসবে অনেক টাকা খরচ করছে। কিন্তু এই জায়গায় কেন নিরব রয়েছে? ওখানে নদীয়া, মুর্শিদাবাদ, হুগলী, বর্ধমান, বীরভূম বিভিন্ন জায়গা থেকে পেসেন্টরা আসে। এই একমাত্র হার্ট স্পেসালাইজড হসপিটাল আমাদের এই এলাকায় রয়েছে এবং সরকার যেখানে বলছে যে এসমস রায়গঞ্জে হবে না, কেন্দ্রীয় সরকার বলা সত্ত্বেও, কল্যাণীতে করব। নতুন করার আগে যেটা আছে সেটাকে বাঁচান এবং এটাকে প্রয়োরিটি দিন।

শ্রী রামশঙ্কর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সরকার প্রশাসনিকভাবে কাজের সুবিধার জন্যে কিছু জেলা, মহকুমা এবং নতুন কিছু থানা করবার সিদ্ধান্তের কথা ঘোষণা করেছেন।

দক্ষিণ ২৪ পরগণা জেলার, বিশেষ করে সুন্দরবনের বসিরহাট ক্যানিং এবং কাকদ্বীপ, এই তিনটি মহকুমা এবং আমাদের কুলতলি, মথুরাপুর, জয়নগর প্রত্যন্ত এলাকা বারুইপুর মহকুমার সঙ্গে যুক্ত। বারুইপুর মহকুমা উত্তর ২৪ পরগণা থেকে বে অফ বেঙ্গলের মুখ পর্যন্ত। ভৌগোলিক ভাবে খুবই অসুবিধে এই সুন্দরবন এলাকার মানুষের। জয়নগর সুন্দরবনের সবচেয়ে পুরনো দেড়শো বছরের পুরনো শহর এবং সুন্দর বনে যাবার গেটওয়ে। বারুইপুর মহকুমা এবং ডায়মন্ডহারবার মহকুমা থেকে কয়েকটি অঞ্চল কেটে নিয়ে নতুন জয়নগর মহকুমা গঠনের জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা

মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার কৃষ্ণনাথ কলেজ এক ইতিহাস প্রসিদ্ধ কলেজ, যে কলেজের ছাত্র ছিলেন মাস্টারদা সূর্য সেনের মত মহান ব্যক্তিত্ব। সেই কলেজ থেকে বহু জ্ঞানী-গুণী মানুষ বেরিয়ে সারা ভারতবর্ষ তথা বিশ্বের বিভিন্ন জায়গায় বিভিন্ন পেশায় যুক্ত। সেই কলেজের ছেলে-মেয়েদের কল্যাণী বিশ্ব বিদ্যালয়ের আন্ডারে পড়াশোনা করতে হয়। মুর্শিদাবাদ জেলায় ৭২ লক্ষ মানুষের বাস, যার মধ্যে ৫১ লক্ষ মানুষ সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের। দীর্ঘদিন থেকে এই অঞ্চলের মানুষের দাবী, এই ঐতিহাসিক কৃষ্ণনাথ কলেজটিকে বিশ্ব বিদ্যালয়ে রূপান্তরিত করা হোক। আমার আবেদন, এই বিষয়ে সরকার যদি ভাবনা-চিন্তা করেন এবং সুস্পষ্ট কিছু আমাদের জানান তাহলে ভালো হয়।

ড. এম. নুরুজ্জামান : স্যার, আমার বিধানসভা কেন্দ্র দে গঙ্গায় রাস্তাঘাটের অবস্থা খুবই বেহাল। বিশেষ করে জীবনপুর থেকে কলসু হয়ে মগরা যে রাস্তাটা গেছে সেটা চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। জনসাধারণের খুব অসুবিধা হচ্ছে। এছাড়া কলসু গ্রাম পঞ্চায়েত এলাকায় ওলাইচণ্ডীতলা ব্রীজ দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে মানুষের অসুবিধা হচ্ছে। এমনকি ওই ব্রীজটা গলে গিয়ে মানুষ মারাও গেছে। এই রাস্তা এবং ব্রীজটি সংস্কারের জন্য অগ্রাধিকারের ভিত্তিতে আমি মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিরাম মান্ডি : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় গত ৭.০৩.১৩ তারিখে সি.পি. (আই) এম. এর নছিপুর লোকাল কমিটির সম্পাদক গোলাপ ঘোষ আক্রান্ত হয়েছেন। এর আগেও প্রাক্তন জেলা পরিষদ সদস্য ঈশান জানা আক্রান্ত হয়েছিলেন। ইদানীং লক্ষ করা যাচ্ছে ওখানে তৃণমূলের কিছু বাহিনী সব জায়গায় মানুষকে ফোনে ধমক দিচ্ছে যে, সিপিএম পার্টি করা যাবে না। এমনকি প্রকাশ্যে তারা মিছিল করছে, আগামী পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হলে ধোলাই হবে, পেটাই হবে। কিছুদিন আগেই তৃণমূল কংগ্রেসের একজন সমর্থক বাবুলাল দে, রিভলবার ঠেকিয়ে কানাইলাল দত্তকে বলছে, আপনার ছেলেকে যেন সেখানে দেখতে না পাই। তারা সেখানে এই ধরনের অশান্ত, অস্থির পরিস্থিতি সৃষ্টি করেছে। এই অশান্ত অস্থির পরিস্থিতিকে শান্ত করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মলচন্দ্র মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বারুইপুর পূর্ব বিধানসভার (তপঃ) বিধানসভা এলাকাধীন জয়নগর থানার দুটো পঞ্চায়েতের ভিতরে, বিশেষ করে ধোসা চন্দনেশ্বর পঞ্চায়েতের এবং ওর পাশে আর একটা পঞ্চায়েত আছে যেটা রাজাপুর, এই দুটো পঞ্চায়েতের এলাকাধীন বিশেষ করে কতগুলো গ্রামে পিলপি, গোবিন্দপুর, শ্যামনগর থেকে আরম্ভ করে পাশে রাজপুর, কলাবেগ পঞ্চায়েত থেকে বিভিন্ন আগ্নেয়াস্ত্র, বিশেষ করে অবৈধ বন্দুক এত বেশী ঘোরাফেরা করছে, যারা এইগুলো ব্যবহার করছে তারা এক ধরণের সমাজবিরোধী এবং তারা এলাকায় এখন থেকেই জোর করছে। সামনে নির্বাচন। এখন এ বিষয়ে আমি বলব না, যারা দীর্ঘদিন ধরে করেছেন তারা এই বন্দুক, বোমা নিয়ে মানুষকে ভয় দেখিয়ে ভোট করিয়েছে। আবার পঞ্চায়েত ভোট হচ্ছে। আমাদের ওখানে পুলিশ ক্যাম্প আছে। ওখানকার এস পি এবং থানাকে এই ব্যাপারে বহুবার বলেছি। ওখানে ক্যাম্পের সামনে তারা ছটি সাতটি আটটি বন্দুক নিয়ে মিছিলের মত ঘোরাফেরা করছে। কিন্তু পুলিশ কোন ব্যবস্থা নিচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রদপ্তরের কাছে আবেদন

রাখছি এই ব্যাপারে যেন পুলিশবিভাগ বিশেষ করে ওই সমস্ত এলাকায় এই বন্দুকগুলি খুঁজে বের করার চেষ্টা করেন।

[12·30–12·39 pm]

শ্রী নবীন চন্দ্র বাগ : মাননীয় স্পিকার সাহেব আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা এলাকাতে রাজীব গান্ধী বিদ্যুতায়ন প্রকল্পে বি পি এল তালিকাভুক্ত পরিবারগুলিকে বিদ্যুৎ সংযোগ করা হয়েছে। এলাকার কয়েক শো পরিবার বি পি এল পরিবার, যাদের বাড়ীতে এখনো বিদ্যুৎ সংযোগ করা হয়নি। অথচ প্রতি মাসে কয়েক শো টাকা বিল চলে আসছে। এবং দপ্তরের লোক গিয়ে সেই পরিবারগুলিকে থানা পুলিশের ভয় দেখাচ্ছে। পরিবারগুলি দিশেহারা হয়ে পড়েছে। সেইজন্য মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে আমার অনুরোধ যাতে এই ব্যাপারটি সুষ্ঠভাবে মীমাংসা করে মানুষগুলিকে উপকৃত করা হয়।

শ্রী আবু তাহের খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবারের বাজেটে অত্যন্ত দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি যে শিশু শিক্ষা কেন্দ্র এবং মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের সহায়ক ও সহায়িকাদের ক্ষেত্রে কোন রকম অনারারিয়াম বাড়াবার কোন কথা নেই। এবং তারা সাংঘাতিক দুর্বিষহ অবস্থার মধ্যে আছে। কারণ প্রতিদিন জিনিসপত্রের দাম বাড়ছে। সেই সঙ্গে যারা প্যারাটিচার তাদেরও বেতন বাড়ানোর কোন কথা নেই। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এইসমস্ত দুঃস্থ মানুষগুলি যারা এস এস কে, এম এস কে এবং প্যারা টিচার তাদের বেতন অনারারিয়াম কিছু যেন বাড়ানো হয় সেই সম্পর্কে যেন দৃষ্টি দেওয়া হয়।

ZERO HOUR

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আমার বর্ধমান জেলার পারাজ, লোহার, কৃষ্ণরামপুর, কাঁকসা ব্লকের তিলকচাঁদপুর, মানকড় বুদ বুদ অঞ্চলগুলির ক্যানালগুলি সংস্কারের অভাবে বন্ধ হয়ে আছে। এগুলি মজে আছে। সেগুলি যাতে সংস্কার করা হয় তারজন্য মাননীয় মন্ত্রীর সঙ্গে কথা বলেছি। এই ব্যাপারে তিনি আশ্বাস দিয়েছেন। আশা করি এই ক্যানালগুলি সংস্কার করে যাতে কৃষকরা উপকৃত হয় এবং জল যাতে এখান দিয়ে নিয়ে যাওয়া সম্ভব হয় সেই ব্যাপারে উদ্যোগ নেবেন।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্যার, আমি একটা বিষয়ে উল্লেখ করেছিলাম, যেটা অলরেডি উল্লেখ হয়ে গেছে। একটা খুব বাজে ঘটনা। এটাগুহুল কালকে আমরা আলোচনা করেছিলাম শিক্ষার ব্যাপার নিয়ে যা হয়েছে, কিন্তু সবচেয়ে বড় বিপদ হচ্ছে এই সরকারী টাকা মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে চলে যাবে এটা মারাত্মক ঘটনা। এটা আলোচনা হয়েছে তবুও আমি বলছি এই ব্যাপারে ভালো স্টেটমেন্ট আমাদের হাউসে করা উচিত।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকারের বিশেষজ্ঞ কমিটি এবারের তৃতীয় শ্রেণীর পাঠ্যপুস্তক কিশলয় থেকে জাতীয় সঙ্গীত বাদ দিয়েছে। কিশলয় বইয়ের নাম পরিবর্তন করে পাতাবাহার করা হয়েছে।

কারণ বলা হয়েছে রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষা পর্যদ রূপরেখাকে ভিত্তি হিসাবে গ্রহণের কথা বলা হয়েছে। বিশ্বকবির লেখা "জনগণ মন অধিনায়ক জয় হে, ভারত ভাগ্য বিধাতা" কেন বিশেষজ্ঞ কমিটির না পসন্দ, তা বোধগম্য নয়। সেইজন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে এটা সংযোজন করার দাবি জানাচ্ছি। আমাদের জাতীয় সঙ্গীত সংযোজন হোক এই দাবি জানাচ্ছি।

শ্রী এস এম সাদী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলাতে পৌরসভা এবং পঞ্চায়েত এলাকায় সিভিল পুলিশের ইনটারভিউ চলছে। এর কোন বিজ্ঞাপন হয়নি। এই ব্যাপারে কেউ জানে না। সেখানে তৃণমুলের অফিসে বসে তালিকা তৈরী করা হচ্ছে। ১৪ এবং ১৫ তারিখ সেখানে তৃণমূল কংগ্রেস কার্যত এখানে পঞ্চায়েত নির্বাচনের আগে এই ধরনের অবৈধ নিয়োগের ব্যবস্থা করছে এবং চূড়ান্তভাবে দলবাজী করা হচ্ছে স্যার। এইজন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে এই অব্যবস্থা বন্ধ হয়।

শ্রী নিরাপদ সর্দার : স্যার, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন করতে চাইছি। গত পরশুদিন সন্দেশখালি বিধানসভা ক্ষেত্রে দক্ষিণ নলকোরাতে একটা ঘটনা ঘটেছে। কয়েকজন দুষ্কৃতী, তৃণমূল আশ্রিত একজন তৃণমূলের সদস্য, নির্বাচিত প্রতিনিধি - তারা হঠাৎ করে একটি গ্রামের মধ্যে যায় এবং মহিলাদের ওপরে আক্রমণ করে। সেখানে কয়েকজন বাধা দিতে আসলে তাদের ওপরে বেধড়ক লাঠি চার্জ করা হয় এবং তারা অসুস্থ হয়ে পড়ে। পাশের রাজবাড়ি হসপিটালে তাদেরকে পাঠানো হয়। সেখানেও তারা চিকিৎসা পায়নি। তারা থানায় গিয়ে তাদের অভিযোগ দায়ের করার চেষ্টা করে, কিন্তু থানা থেকেও তারা ভালো ব্যবহার পায়নি। বিষয়টি দেখার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা বনপাশ কামারপাড়া থেকে ভাতার বিধানসভা পর্যন্ত একটি পীচ রাস্তা অত্যন্ত খারাপ অবস্থায় রয়েছে। দু-তিন মাসের মধ্যে বেশ কয়েকবার বাস দুর্ঘটনা হয়েছে। নিত্যযাত্রীদের খুবই অসুবিধা হচ্ছে। এই রাস্তাটা সংস্কারের জন্য আমি দাবী জানাচ্ছি, নমস্কার।

শ্রীমতী মমতাজ বেগম : অনারেব্‌ল স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর নিকট আমার প্রশ্ন, সন্দেশপুর রেডিমেড গার্মেন্টস্‌ কমপ্লেক্সের উন্নয়নের ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কী? উক্ত কমপ্লেক্সটি আমার বিধানসভার অন্তর্ভুক্ত। মাদার ডেয়ারি নামে বিখ্যাত। কমপ্লেক্সটির উন্নয়ন করবার জন্য আমি প্রস্তাব করছি এবং উন্নয়ন করলে বেকার যুবক-যুবতীরা উপকৃত হবে, নমস্কার।

শ্রী নির্মল ঘোষ : স্যার একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়-বেলঘরিয়া এক্সপ্রেস ওয়েটা যেটা তৈরি করা হয়েছিল দিল্লী রোড ন্যাশনাল হাইওয়ে ১২ এবং বম্বে রোড ন্যাশনাল হাইওয়ে ৬, এর সঙ্গে ন্যাশনাল হাইওয়ে ৩৪ প্লাস আমাদের কল্যাণী এক্সপ্রেসওয়েকে যুক্ত করার জন্য। এখন কল্যাণী এক্সপ্রেসওয়েটা আর মাত্র ২ কিলোমিটারের কম - ১.৬ কিলোমিটার অবধি এটাকে এক্সটেন্ড্‌ করলেই বেলঘরিয়া এক্সপ্রেস ওয়ের সঙ্গে যুক্ত করা যাবে। তাহলে ৪টি ন্যাশনাল হাইওয়ে একসঙ্গে যুক্ত হবে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করছি এটাকে করা জন্য, ধন্যবাদ।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এবারে নতুন সিলেবাস করেছে পঞ্চম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত। পঞ্চম শ্রেণীর সিলেবাস্ - মারাত্মক! ইতিহাস, ভূগোল, বিজ্ঞান -এই বিষয়গুলো উঠে গেছে। "আমাদের পরিবেশ" বলে একটি বই বের করেছে, এখানে ইতিহাসও নেই, ভূগোলও নেই, বিজ্ঞানও নেই। তাহলে এই সরকার কি ইতিহাস, ভূগোল, বিজ্ঞান তুলে দিচ্ছে? ছাত্র-ছাত্রীদের কিভাবে শেখানো হবে, মাষ্টারমহাশয়রা কিভাবে এদের শেখাবেন - এই বিষয়গুলি দেখার জন্য অনুরোধ করছি। পাশাপাশি স্যার, বই-এর প্রস্তাবনায় দেখছি -আমরা দেখিনি এইরকম .... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়।)

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার। আমরা বাঙলা ভাষায় কথা বলি, এটা আমাদের গর্ব। আমরা জানি ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। সব জায়গায় বহু অনুষ্ঠান হয়। আমরা অনেক কথা বলি, কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করছি যে, সরকারী কাজে বাংলা ভাষা ব্যবহারের প্রচলন কমে যাচ্ছে এবং অন্যান্য ভাষার আগ্রাসন ঘটছে, এটা আমরা দেখছি বিভিন্ন জায়গায় - পাবলিক সেক্টর, প্রাইভেট সেক্টর থেকে শুরু করে সমস্ত জায়গায়। তাই সরকারি কাজ থেকে শুরু করে বিভিন্ন কাজে বাঙলা ভাষার ব্যবহারকে বাড়ানোর আবেদন আপনার মাধ্যমে রাখছি, যাতে আগামী দিনে বাঙলা বলতে না পারাটা আমাদের স্ট্যাটাস্ সিম্বল হিসেবে পরিগণিত না হয়। বাংলার মানুষের কাছে আবেদন রাখছি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছেও এই আবেদন রাখছি।

(এই সময় সভা দুপুর ১.৩০ পর্যন্ত মুলতবি করা হয়।)

[1.30–1.40 p.m.]

After Adjournment

GENERAL DISCUSSION ON BUDGET

ড: আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, অর্থ দপ্তরের মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয় ২০১৩-১৪ সালের জন্য ২৬,৬৭৪ কোটি টাকার যে বাজেট পেশ করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানাচ্ছি। স্যার, এই বাজেট বিবৃতিটি নিসন্দেহে ঐতিহাসিক। শুষ্ক বাংলাকে সোনার বাংলায় রূপান্তরিত করবার যে ব্রত মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গ্রহণ করেছেন, তা রূপায়নের জন্যই এই বাজেট। স্যার, এই বাজেট ২০১২-১৩ অর্থবর্ষে মা মাটি মানুষের সরকারের সাফল্য এবং সেই সাফল্যকে ছাপিয়ে যাওয়ার জন্য এই বাজেট। আর বিগত সরকারের আমলে বাজেটটা ছিল থোড় বড়ি খাঁড়া, আর খাঁড়া বড়ি থোর। ২০০৮-০৯ অর্থবর্ষে বাজেট পেশ করতে এসেছিলেন তদানীন্তন অর্থমন্ত্রী ড. অসীম দাশগুপ্ত, তিনি কি বলেছিলেন? বর্তমান রাষ্ট্র কাঠামোর মধ্যে এই প্রয়োজনগুলি হলো যতদূর সম্ভব কর্মসংস্থান বৃদ্ধি করা এবং তার মাধ্যমে আয় বৃদ্ধি করে দারিদ্র হ্রাস করা । কিন্তু বছরের শেষে দেখা গেল স্যার, সবই ঠিক আছে, একটু উল্টো হয়ে গেছে, কর্মসংস্থান হ্রাস হয়ে গেছে, আর দারিদ্র বৃদ্ধি পেয়ে গেছে, এই আর কি। ৩ বছর পর ২০১১-১২-তে আবার উনি এলেন, বাজেট পেশ করলেন। তখন সেই সরকারের নাভিশ্বাস

উঠেছে, গান গাইতে শুরু করেছেন যে 'আমার যাবার সময় হলো।' কিন্তু 'দাও বিদায়' বলতে খুব কষ্ট হচ্ছে। সেবারে বাজেট পেশ করতে গিয়ে কি বললেন? ভদ্রলোকের এক কথা "There are before them two burning problems relating to steep price rise and widespread unemployment." অর্থাৎ একের পর এক, বছরের পর বছর বাজেট পেশ করে গেছেন, কিন্তু কোন সমাধা তিনি করতে পারেন নি, আসেও নি। স্যার, এবারের বাজেট শুনতে শুনতে - যদিও আনিসুর সাহেব এখানে নেই, তাঁর নাকি ঘুম পাচ্ছিল, শুনে মনে স্বস্তি পাচ্ছিলাম স্যার। মনে উত্তেজনা, আশংকা থাকলে ঘুম আসে না। ওঁর ঘুম আসছিল দীর্ঘ ৩৪ বছরের বামফ্রন্টের অপকর্মের ক্লান্তিতে, নয়তো স্যার, আমাদের বাজেট শুনে মনের শান্তিতে। এটা স্যার, বাজেটের প্রতি পরোক্ষ সমর্থন, তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, ২০১২-১৩ অর্থবর্ষে বাজেট বরাদ্দ কত ছিল?

২৩,৩৭১.৪৪ কোটি টাকা। ২০১১-১২ অর্থবর্ষে চেয়ে ১১.৫৬% বেশী। ২০১৩-১৪ অর্থবর্ষে কত বরাদ্দ হলো? ২৬,৬৭৪ কোটি টাকা, অর্থাৎ গতবারের চেয়ে ১৪.১৩% বেশী। এই বৃদ্ধিটা কোন না কোন খাতে আছে। বুঝতে পারছিলেন না সেদিন কোন খাতে আছে। তো নিজের রেকর্ড নিজে ভাঙা গৌরবের না অগৌরবের? কি বলবেন ওরা ওরাই জানেন। আভ্যন্তরীণ উৎপাদনসহ অন্যান্য ক্ষেত্রে বৃদ্ধির হার ভারতবর্ষের গড় বৃদ্ধির হারকে যে হার মানিয়েছে সে কথা ড. মিত্র খুব স্পষ্ট ভাবে বলেছেন। আমি তার আর পুনরাবৃত্তি করছি না। কারণ সে তথ্য ড. মিত্রের কল্পনা প্রসূত নয়, সেটা সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশান এবং বুরো অফ এ্যাপ্লায়েড ইকনমিক্স এ্যান্ড স্ট্যাটিসটিক্স থেকে নেওয়া। কেউ কেউ বলছেন এসব সঠিক তথ্য নয়। স্যার, আমি বলব ঈশ্বর ওদের ক্ষমা করুন। আর পরামর্শ দেব ঐ সব সংস্থাকে একটু চ্যালেঞ্জ করুন। স্যার, অর্বাচিন ছাড়া এসব কেউ বলে, বলে জানা নেই। স্যার, বাজেটের যে সব গুরুত্বপূর্ণ দিক সেটা হল এগ্রিকালচার সেক্টর এবং রুরাল ইকনমি। এতে একটা বড় পরিবর্তন এনেছেন। এই ক্ষেত্রগুলিতে ব্যয় বরাদ্দ ব্যাপক করেছেন। মুখে ভারতের কোটি কোটি মানুষ গ্রামে বাস করে বলবেন, কৃষির উপর নির্ভরশীল বলবেন আর তার ব্যয় বরাদ্দ বৃদ্ধি হলে বামফ্রন্ট এবং কংগ্রেস দুজনেই তার বিরোধিতা করছেন। কৃষিকে ২০১১-১২ তে ব্যয় কত? ২৯০ কোটি ৫৫ লক্ষ। এবার বরাদ্দ কত? ৫৮৫ কোটি টাকা। আর একটা বিষয় কি? রাজস্ব আদায় বৃদ্ধি। কি করে হল? মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জ্জী কি বলেছেন? বলছেন স্বচ্ছতা চাই, সততা চাই, দ্রুততা চাই। সেই স্বচ্ছতার জন্যই, সেই সততার জন্যই, এক : ছোট ছোট স্কীম করে রাজস্ব বৃদ্ধি করলেন। দুই : ডিম্যাট পদ্ধতিতে ভ্যাট সার্টিফিকেটের ব্যবস্থা করলেন যা আগে কোথাও ছিল না। ভারতবর্ষে প্রথম। তিন : যেটা বামফ্রন্টের আমলে ভাবাই যেত না, কর ফাঁকি দেওয়ার জন্য দুর্নীতির আশ্রয় বন্ধ করলেন। রাজস্ব দেওয়ার অর্থাৎ ট্যাক্স পে করার কমপ্লায়েন্সটা বাড়ল। তাই এই বাজেট বিবৃতিতে ড. মিত্র খুব সংগত ভাবেই দাবী করেছেন, রাজস্ব বৃদ্ধির লক্ষ্যমাত্রা এই অর্থবর্ষে ধরা হয়েছিল কত? ২৫ শতাংশ। কিন্তু দাঁড়াল কত? ২৯.৯৪ শতাংশ অর্থাৎ প্রায় ৩০শতাংশ। ৩১ হাজার কোটি টাকার স্থানে ৩২ হাজার কোটি টাকা পেরিয়ে যাচ্ছে। তাহলে স্বীকার করুন সরকারের সাফল্য। অবশ্য এই সাফল্যে কেউ কেউ প্রমাদ গুনছেন। কেউ কেউ নিজের ব্যর্থতাকে ঢাকতে প্রমাদ গুনছেন। বিধানসভায় একদা উল্টোপাল্টা হিসাব দিতে যিনি দক্ষ ছিলেন, যিনি অসীম শূন্য তথ্য দিতেন এখনও তিনি বাইরে বিভ্রান্তির চেষ্টা চালাচ্ছেন। এতেও ব্যর্থ হচ্ছেন। অর্থনীতিবিদরা তার সঙ্গে একমত হতে পারছেন না। ট্যাক্স জি.ডি.পি রেশিও, সেটাও ৫ শতাংশের মাত্র ছাড়িয়ে গেছে। এত রাজস্ব আদায় আপনাদের

স্তম্ভিত করেছে আমরা জানি। কিন্তু আপনারা ঐ ঋণং কৃত্যং আর ঘৃতং পিবেৎ করেছেন। সে ঘৃতং ক্যাডরস্য উদরপূর্তীতে সহায়তা করেছে জনহিতায় করেনি। তাই জনগণ আপনাদের প্রত্যাখান করেছেন। যুগ যুগ ধরে আমরা বলব যে আপনারা অপেক্ষা করে যান। এই বাজেটের আর একটা বৈশিষ্ট্য আছে স্যার। মিডিয়াম এ্যান্ড স্মল ইন্ডাস্ট্রিতে ইনভেস্টমেন্টটাও ব্যাপক। তেমনি বৃহৎ শিল্পের ক্ষেত্রেও অগ্রগতি ঘটছে। এগ্রিকালচার মার্কেটিং অর্থাৎ রুরাল মার্কেটিংয়ের ক্ষেত্রে বরাদ্দ বাড়িয়েছেন। স্যার, ২০১১-১২ তে বরাদ্দ ছিল ৭১.৬৬ কোটি টাকা। ২০১৩-১৪ তে কত বরাদ্দ পেশ করেছেন? ১৮১ কোটি টাকা। কেন করলেন? আগে তো এই রুরাল মার্কেটিংয়ের বিষয়গুলো স্যার, আপনি নিশ্চয়ই জানবেন একটা তোলা আদায়ের জায়গা ছিল। এটা ফরওয়ার্ড ব্লক একচেটিয়া ভাবে নিতেন তার সঙ্গে সি.পি.এমের ভাগ জুটত। ক্যাডারদের প্রাসাদ হচ্ছিল আর কর্মচারীদের হাড়-কঙ্কাল বেড়িয়ে যাচ্ছিল। এই সরকার প্রকৃত অর্থেই এটাকে কৃষি বিপণন কেন্দ্রে পরিণত করতে চেয়েছেন। ৯৫টি ব্লকে আর.আই.ডি.এফ এইটটিন এবং আর.কে.ভি.ওয়াই তহবিল থেকে ৯৫টি কৃষক বাজার বা কিষাণমান্ডি তৈরী হতে চলেছে।

[1.40–1.50 p.m.]

এটা বাজেটের প্রতিফলন নয়? টেকনিক্যাল এডুকেশানের ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করেছেন। যুগপযোগী ভাবনা, অগ্রগতির ভাবনা থেকেই যে বৃদ্ধিটা হল, সেই বৃদ্ধিটাই ভাবনারই প্রতিফলন, অর্থাৎ এগিয়ে যাওয়ার, অগ্রগতির ভাবনা। ২০১১-১২তে বরাদ্দ ছিল কত, ১৫৩ কোটি ৫৮ লক্ষ। ২ বছরের মাথায়, এই বরাদ্দ কত করেছেন ৪৯০ কোটি টাকা। বিগত বাজেটের ফলশ্রুতিতে ২০০ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে কর্মশিক্ষা প্রকল্প চালু করা হয়েছে। স্যার, গতকাল আমাদের এখানকার সদস্য, যদিও এখানে নেই, সুভাষবাবু, সুভাষ নস্কর প্রশ্ন তুলেছিলেন, যে কোন্ কোন্ খাতে বরাদ্দ বৃদ্ধি পেয়েছে, উনি বুঝতে পারছেন না। আসলে স্যার জানিনা, এটা ঠিক কিনা। সি.পি. আই এম এর হাতে ঐ মার খাওয়ার পর থেকে সুভাষবাবুর একটু তথ্য দৃষ্টিতে গোলমাল হচ্ছে। স্যার, আমি সংক্ষেপে শুধু বলছি। সুভাষবাবু যদি থাকেন বা আপনারা যারা আছেন তারা মিলিয়ে দেখতে পারেন, সেই হিসাব আমি একটু উল্লেখ করছি। আমি কিছু আগে উল্লেখ করেছি, যে প্রাণী সম্পদে ছিল কত. ১৭৪ কোটি ৯০ লক্ষ। এবার কত, ২০৯ কোটি ২০ লক্ষ। অনগ্রসর জাতি কল্যাণে ছিল কত, ৪৬১ কোটি ২ লক্ষ, এবার কত ৫২৩ কোটি ২৪ লক্ষ। জৈব প্রযুক্তিতে ছিল কত ১৫ কোটি, এবার কত—১৬ কোটি। বিপর্য্যয় মোকাবিলায় ছিল কত, ১১ কোটি ১৫ লক্ষ । এবার কত, ২৫ কোটি। খাদ্য সরবরাহে ছিল কত, ১১০ কোটি ৭৪ লক্ষ, এবার কত ১১৮ কোটি। সেচ ও জলপথে ছিল কত ৯০৩ কোটি ১৮ লক্ষ। এবার কত, ১ হাজার ৭২৭ কোটি ৫০ লক্ষ। আর বলব? খুঁজে পাবেন তো? মানে এখনও পাচ্ছেন না! আর স্যার, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদ নিয়ে নাকি এখানে বহু বক্তা বলেছেন - কেউ কেউ- বামফ্রন্টের , তারা নাকি পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের বাজেটে খুঁজে পাচ্ছিলেন না। আসলে এরা বইগুলো স্যার, বগলদাবা করে নিয়ে যান, তারপর সেগুলোর অবস্থান কোথায় হয়, মানে কোথায় হয়, মানে কে জানে! স্যার, পশ্চিমাঞ্চল উন্নয়নে ছিল, ২১৫ কোটি, এবার কত ২২৬ কোটি ১৯ লক্ষ। স্যার, ইতিমধ্যেই বাঁকুড়ার রাইপুর গ্রামীন হাসপাতালে উন্নীতকরণ ঘটেছে ৩ কোটি ৮৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। পুরুলিয়া জেলায় লাক্ষা চাষের জন্য ১ কোটি টাকা খরচ করা হয়েছে। পশ্চিম মেদিনীপুরে পানীয় জল প্রকল্পে ৪ কোটি ৬৭ লক্ষ

টাকা খরচ করা হয়েছে। পুরুলিয়া জেলার ৬৬টি স্কুলে এবং ১৮টি জনবসতিতে ফ্লোরাইড দূরীকরণের জন্য ৩ কোটি ৫৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। আরো প্রচুর কাজ হচ্ছে। বললে আমার সময় ফুরিয়ে যাবে। কয়েক ঘন্টা লেগে যাবে স্যার বলতে। স্যার, যারা সত্যিই ঘুমোয়, একটা প্রবাদ আছে, যারা সত্যিই ঘুমোয় তাদের জাগান যায়। কিন্তু যারা জেগে ঘুমোয় তাদের জাগান যায় না। এরা স্যার, জেগে ঘুমোচ্ছেন। এরা বিড়াল তপস্বি। বামফ্রন্টের এবং কংগ্রেসের বক্তারা বাজেটে নাকি কোন দিশা দেখতে পাচ্ছেন না। স্যার, আমার নিজের মনে হচ্ছে, অভিধানে দিশা, এই দিশা শব্দের অর্থটা পাল্টে দিতে হবে। পাল্টে দিতে হবে কারণ জনকল্যাণমুখী বাজেটের এটাই দিশা। সে দিশা মহিলা ও শিশু কল্যাণে। যেখানে শিশু কল্যাণে ১ হাজার ২৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। মহিলা ও সমাজ কল্যাণে ১০০ কোটি টাকা বরাদ্দ করেছেন। স্যার, সে দিশা শ্রমিক কল্যাণে যেখানে শ্রমিক কল্যাণে ২০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। স্যার, সে দিশা ক্রীড়া ও যুব কল্যাণে, যেখানে ক্রীড়াতে ১১৩ কোটি টাকা আর যুব কল্যাণে ১২০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। সে দিশা বিশুদ্ধ পানীয় জল প্রদানে যেখানে ৯১০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। স্যার, বামফ্রন্ট পশ্চিমবঙ্গ সরকারে থাকাকালীন একটা বাৎসরীক ছুটি উৎসব পালন করত। এপাশে বৃহস্পতি, ওপাশে মঙ্গল রেখে শুক্র অথবা সোমবার এই উৎসব পালন করত। এই উৎসবের নাম ছিল স্যার, হরতাল, বাংলা বন্ধ, শিল্প ধর্মঘট ইত্যাদি। মাননীয়া জননেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বললেন, এসব চলবে না, কর্ম দিবস নষ্ট করা চলবে না, বামফ্রন্টের জিন্দাবাদ শুধু চলে কর্ম দিবসকে শেষ করা, চলবে না। আপনারা কি করেছিলেন। ২০০৭-০৮, ২০০৯-১০ সালে কত শ্রম দিবস নষ্ট করেছিলেন, শুনবেন? তিন কোটি পাঁচ লক্ষ সত্তর হাজার দিন। তিন কোটি পাঁচ লক্ষ সত্তর হাজার শ্রম দিবস নষ্ট করেছিলেন। এখন এই বছর মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর চেষ্টায় সেটা কমে দাঁড়িয়েছে কত - কমে দাঁড়ালো ৫২০২ দিন। তিন কোটি পাঁচ লক্ষ সত্তর হাজার দিন থেকে কমে ৫২০২ দিন। কেউ কেউ বলছেন এই বাজেটে স্বরাষ্ট্র পুলিশ দপ্তরের বিষয়ে কোনো কথা নেই কেন। স্যার, যাদের এক কান কাটা তারা রাস্তার ধার দিয়ে যায়, আর যাদের দুই কান কাটা তারা রাস্তার মাঝখান দিয়ে যায়। এদের দু-কান কাটা। হার্মাদ শব্দের প্রচলন কোন্ সময় ঘটেছিল - বামফ্রন্টের সময়। স্যার এদের ক্যাডারদের দেখে একটা বিষয় আপনারা বিস্মৃত হচ্ছেন। বিস্মৃত হচ্ছেন বললে ভুল হবে, বিস্মরণের পথে ঠেলে দিচ্ছেন। আপনারা চেয়েছিলেন পুলিশ নিয়োগ না করে আপনাদের হার্মাদদের দিয়ে শাসন চালানো। মাননীয়া মুখ্যমন্ত্রী নিয়োগ করেছেন। কারণ তিনি চান আইনের শাসন। এই স্বল্প দিনে আসানসোল, দুর্গাপুর, হাওড়া, বিধাননগর, ব্যারাকপুর এবং শিলিগুড়িতে পাঁচটা কমিশনারেট তৈরি করেছেন। আরো হওয়ার মুখে। বেলুড়, নিশ্চিন্দা, দাশনগর এবং সাঁতরাগাছিতে নতুন থানা হয়েছে। পুলিশে নিয়োগ হয়েছে প্রচুর। পুলিশ খাতে বরাদ্দ হয়েছে ১৪৮ কোটি ২৫ লক্ষ টাকা। ৩৪ বছর তো থাকলেন। সেই সময় ভাবনা তো ছিল না! থাকবেই বা কেন। আপনারা চেয়েছিলেন আইনের শাসন নয়, হার্মাদ নিয়ন্ত্রিত, ক্যাডার নিয়ন্ত্রিত শাসন। এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যারা নাম লিখিয়েছেন বা লেখাবেন সেইসব এক লক্ষ যুবক যুবতীকে মাসে পনেরোশো টাকা ভাতা দেওয়ার সিদ্ধান্তকে স্বাগত না জানিয়ে কত সংশয়, কত সংশয়, কি করে দেবেন, স্বচ্ছতা থাকবে কিনা। আসলে স্যার বুকটা জ্বলে যাচ্ছে। যা পারেননি তা বর্তমান সরকার করছেন। মনে পড়ে, আপনাদের বামফ্রন্টের একজন অর্থমন্ত্রী একদা ৫০ টাকা করে ভিক্ষা দিয়েছিলেন বেকার ভাতার নাম করে। শুনেছিলাম তার কুকুর পোষার জন্য যা খরচ হত তার একশো

ভাগের এক ভাগ খরচ দিয়েছিলেন বেকারদের জন্য। এই সরকার, বস্তুত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উদ্যোগে গরীব মানুষ, সাধারণ মানুষের জন্য অনেক নিজস্ব প্রকল্প গ্রহণ করা হয়েছে। যেটা আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন। অধিকার, নিজ গৃহ নিজ ভূমি, গীতাঞ্জলি আরো কত কি। বাজেট বিবৃতিতে আর একটা নতুন প্রকল্পের প্রস্তাব করেছেন নারী কল্যান নিয়ে। নাম দিলেন কন্যাশ্রী। এখানেও সেই একই জিনিস। এখানেও আপনারা সমালোচনা করছেন। অবশ্য আপনারা একটা অঘোষিত প্রকল্প রচনা করেছিলেন। মমতা ব্যানার্জী করেছেন বাংলার নারীদের উন্নয়নের জন্য 'কন্যাশ্রী'। আর আপনারা করেছিলেন অঘোষিত, মুখে বলেননি। কিন্তু সেটা হচ্ছে ক্যাডারশ্রী। এক্ষেত্রে ভাগও করেছিলেন। তুমি কি করিয়াছো -আমি তৃণমূলের লোকদের ঘরে আগুন দিয়াছি - যাও তুমি ক্যাডারশ্রী নাম্বার থ্রি। লুটিয়া পুটিয়া খাও। তুমি কি করিয়াছো - আমি কয়েকটি খুন করিয়াছি -যাও তুমি ক্যাডারশ্রী দুই। তুমি কি করিয়াছো -আমি খুন করিয়া তাহাকে পুঁতিয়া ফেলিয়াছি, কঙ্কাল হইয়া যাইবে -যাও তুমি ক্যাডারশ্রী নাম্বার ওয়ান। স্যার এই ক্যাডারশ্রী। তাই কন্যাশ্রী প্রকল্পকে এরা সমর্থন করতে পারছেন না। শুধু একটা কথা বলবো, অনেকদিন চিৎকার করতে পারেননি, চিৎকার করবেন না। বহুদিন নানারকম কথা বলেছেন। একটা কথা বলবো যে ওইসব ছেড়ে দিন-

> "তোরা সব জয়ধ্বনি কর
> ওই নূতনের কেতন ওড়ে কালবোশেখীর ঝড়।"

মমতা ব্যানার্জীর নামে তোরা সব জয়ধ্বনি কর। এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ স্যার।

[1·50–2·00 pm]

শ্রীমতী মমতা রায় : মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ১১ই মার্চ, ২০১৩ তারিখে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ২০১৩-১৪ সালের যে আর্থিক ব্যয়-বরাদ্দ এই হাউসে পেশ করেছেন তার উপর সামান্য কিছু কথা আমি বলতে চাই। প্রথমেই বলতে হয় অর্থহীন, বিভ্রান্তিকর, প্রকৃত তথ্যহীন এবং দিশাহীন হচ্ছে এই বাজেট। গোটা বাজেট বক্তৃতায় প্রকৃত তথ্য আড়াল করে সত্যের অপলাপ করা হয়েছে। বাজেট বক্তৃতার মধ্যে কবিতা শোনানো হয়েছে, মনীষীদের নাম ব্যবহার করে ভাষার জাল বুনে একটি অন্তসারশূন্য বাজেট পেশ করা হয়েছে। আমার মনে হয়েছে মাননীয় অর্থমন্ত্রী বাজেট পেশের পূর্বে সাহিত্য চর্চা করেছেন। আমি মনে করি উনি হয়তো ঘুমিয়ে ঘুমিয়ে ভাবতেন যে - 'সকালে উঠিয়া আমি মনে মনে বলি, সারাদিন আমি যেন বামফ্রন্টের কুৎসা করিতে পারি। বাজেট বক্তৃতা করতে গিয়ে তিনি তাদের বাইশ মাসের অপদার্থতাকে ঢাকার জন্য অনেকটা শাক দিয়ে মাছ ঢাকার মতো বামফ্রন্টের সাফল্যগুলিকে আড়াল করে শুধু কুৎসা করেছেন গোটা বাজেট বক্তৃতায়।

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মারফৎ মাননীয় অর্থমন্ত্রীর কাছে কয়েকটি প্রশ্ন রাখতে চাই। কর্মসংস্থান প্রসঙ্গে যে তথ্য বাজেট বক্তৃতার মধ্যে পেশ করা হয়েছে তাতে বলা হয়েছে দশ লক্ষ কর্মসংস্থানের লক্ষ্যমাত্রা অতিক্রম করে ১০,২৪,৫২১ জনের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী দিবা স্বপ্ন দেখেন কিনা জানি না। কিন্তু প্রকৃত কর্মসংস্থান কত হয়েছে, কোন কোন

পদে এই নিয়োগ হয়েছে, কবে তাদের পরীক্ষা হয়েছে, কারা তাদের নিয়োগ করল বলবেন। এস.এস.সি পরীক্ষা বাইশ মাসেও হয়নি, প্রাথমিক শিক্ষক নিয়োগের পরীক্ষা বিশবাঁও জলের তলায়, খাদ্য দপ্তরে নিয়োগের পরীক্ষা বাতিল হয়ে গেছে। তাহলে নিয়োগ কোথায় হল? এটা যদি আপনারা বলতে পারেন তাহলে মনে হয় ভালো হত। ১০,২৪,৫২১ জনের হিসাব আপনারা কিভাবে পেশ করলেন। এক লক্ষ যুবক-যুবতীকে আপনি বেকার-ভাতা দিতে চেয়েছেন। এই এক লক্ষ বেকার যুবক-যুবতীকে আপনি কিভাবে চিহ্নিত করবেন এবং কাদের দেড় হাজার টাকা করে ভাতা দেওয়া হবে সেই বিষয়ে কোন সুস্পষ্ট ব্যাখ্যা কিন্তু এখানে দেওয়া হয়নি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতায় কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ তুলে বাজিমাত করতে চেয়েছেন। এই ক্ষেত্রে প্রশ্ন আসে যে বিভিন্ন খাতে যেমন উন্নয়ন পরিকল্পনা, গ্রাম উন্নয়ন, সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা, শিক্ষা, স্বাস্থ্য পরিকাঠামো, পার্বত্য উন্নয়ন, স্বরাষ্ট্র ইত্যাদি খাতে কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ কত? এইসব খাতে বামফ্রন্ট সরকারের আমলে কত ছিল, বর্তমানে কত বরাদ্দ হয়েছে, কত টাকা খরচ হয়েছে, কত টাকা খরচ করা যায়নি এবং কেন খরচ করা যায়নি সেটা আমরা জানতে চাই। বার্ধক্যভাতা, বিধবাভাতা, প্রতিবন্ধ ভাতার কেন্দ্রীয় সাহায্যের পরিমাণ ২০১২-১৩ আর্থিক বর্ষে কতটা এসেছিল এবং এই অর্থ গত বাইশ মাসে প্রাপকরা ঠিকমতো পাইনি কেন তার সঠিক চিত্র এই সদনে উপস্থিত করতে হবে। আমরা দেখতে পাচ্ছি প্রতিনিয়ত মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা করছেন, সরকারী অনুষ্ঠান মঞ্চ থেকে ভুল তথ্য মানুষকে পরিবেশন করে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আর মাননীয় অর্থমন্ত্রীও ভুল তথ্য পরিবেশন করে এই সদনকে বিভ্রান্ত করতে চাইছেন। আপনারা বলছেন কৃষিতে অনেক উন্নয়ন হয়েছে। তাহলে কৃষকরা কেন আজকে ন্যায্যমুল্যে ধান বিক্রি করতে পারছে না? সরকারী হিসাবে যাও বা ধান কেনাবেচার কথা বলেছিলেন তার দামও কৃষকরা সঠিকভাবে পাইনি। আজকে ছয় মাস হয়ে গেল যে চেক তাদের হাতে দেওয়ার কথা সেই চেক তারা হাতে সঠিকভাবে পাচ্ছে না। অথচ চলতি আর্থিক বর্ষে কুড়ি শতাংশ জমিতে কোন আবাদ হয়নি। কৃষিপণ্যের ন্যায্য দাম না পাওয়ার ফলে আজকে এই অবস্থা হয়েছে। এদিকে মাননীয় অর্থমন্ত্রী বিভ্রান্তকির তথ্য এই হাউসে পেশ করছেন। আজকে পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি বার বার হওয়ার ফলে দ্রব্যমুল্যবৃদ্ধি হয়েছে লাগাম ছাড়া। দিনমজুর, নিম্ন মধ্যবিত্ত মানুষের আজকে নাভিশ্বাস উঠে যাচ্ছে। দ্রব্যমূল্য বৃদ্ধির আগুন দাউ দাউ করে জ্বলছে। কারণ প্রতিনিয়ত আপনারা যারা বাজার করেন, গ্রামবাসীরা যারা বাজার করেন তারা নিশ্চয় বুঝতে পারেন যখন আপনারা বাজারের ব্যাগটা নিয়ে বাজারে যাচ্ছেন সেই ব্যাগ ভরতি বাজার বাড়িতে আসছে কিনা। রাজ্য বাজেটে উত্তর বঙ্গ উন্নয়ন দফতরের জন্য বরাদ্দ বৃদ্ধি হয়েছে। ২০১২-২০১৩ আর্থিক বর্ষে বরাদ্দ ছিল ২০০ কোটি টাকা এই অর্থে কোন কোন পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে, হয়েছে কিনা - বাস্তবে হয়েছে কিছুটা শিলান্যাস, বড় বড় হোর্ডিং ও প্রচার। উৎসবের নামে হয়েছে মহোৎসব। বদলায়নি রাস্তার হাল। জীবন হাতের মুঠোয় নিয়ে মানুষকে চলতে হয়েছে। যানজটে দুর্ঘটনা নিত্য দিনের ঘটনা। তিস্তা সেতু, জলঢাকা সেতু বিপদজনক অবস্থায় রয়েছে। বামফ্রন্টের আমলে যেসকল প্রকল্পগুলি শেষ হওয়ার কথা ছিল সেগুলো আজও বাস্তবায়িত হয়নি। চলতি আর্থিক বছরে উত্তর বঙ্গের জন্য কি কি প্রকল্প রূপায়িত হয়েছে তার জন্য কত অর্থ বরাদ্দ ছিল, কত খরচ হয়েছে এবং ২০১৩-২০১৪ আর্থিক বর্ষের জন্য কি প্রকল্পের ব্যবস্থা রয়েছে ও কি কি প্রকল্পের জন্য ২৪০ কোটি

টাকা বরাদ্দ হয়েছে এ বিষয়ে এই সদনে মাননীয় অর্থমন্ত্রী জানালে তাঁকে ধন্যবাদ জানাবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের মা-মাটি-মানুষ সরকারের মাননীয় অর্থ মন্ত্রী ড. অমিত মিত্র ২০১৩-১৪ আর্থিক বছরের জন্য যে বাজেট পেশ করেছেন আমি তাকে সর্বতোভাবে সমর্থন করি। দীর্ঘ ৩৪ বছরের বাম অপশাসন, আর্থিক ক্ষেত্রে সীমাহীন নৈরাজ্য, দেউলিয়াপনা-এর পরিপ্রেক্ষিতে এই বাজেট অত্যন্ত উৎসাহব্যঞ্জক এবং অত্যন্ত অভিনন্দন যোগ্য। আমরা লক্ষ্য করেছি আমাদের সরকার যখন ক্ষমতাতে এল, আমাদের মাথার ওপর এই সময়ে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা, ৫৬ হাজার কলকারখানা বন্ধ, বেকার যুবক যুবতীর দীর্ঘশ্বাস এতে সারা বাংলার আকাশ বাতাস ভারী হয়ে পড়েছে। এই রকম একটা অবস্থাতে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের সীমাহীন উদ্যম এবং অর্থমন্ত্রীর বিচক্ষণ পদক্ষেপের ফলে আজকে শ্মশানের বুকে প্রাণের সঞ্চার হয়েছে। বাংলার ঊষর ভূমিতে আজকে সবুজের সমারোহ আমরা দেখতে পাচ্ছি। আজকে বাংলার রক্তের হোলি খেলা বন্ধ হয়েছে। বাইক বাহিনী আজকে অপসৃত। .... (গোলমাল) ..... খাকি পোশাক পরা হাওয়াই চপ্পল পরা বন্দুক হাতে মানুষ আজকে নেই। হাড় হিম করা সন্ত্রাস আজকে বাংলার বুক থেকে অপসৃত হয়েছে। বন্ধু, এখন শুধু উন্নয়ন, শুধু উন্নয়ন। হিংসা নয়, সন্ত্রাস নয়। আমরা উন্নয়ন চাইছি। দুর্নীতি নয়, তোলাবাজি নয় আমরা মানুষের কথা বলছি। আমরা মানুষের উন্নয়ন চাইছি। একটা শোচনীয় আর্থিক অবস্থা, ঠিক এই অবস্থাতে আমাদের সরকার ক্ষমতাতে এসেছে এবং আমরা লক্ষ্য করেছি যে গড় উন্নয়নের দিক থেকে বিচার করলে ২০১২ - ২০১৩ অর্থবর্ষে পশ্চিমবঙ্গ ভারতের গড় বৃদ্ধিকে ছাড়িয়ে গেছে। এটা কোন গাঁজাখুরি গপ্পো নয়, এটা তৃণমূলের প্রচার কার্য নয়। কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল স্ট্যাটিসটিকাল অর্গানাইজেশান এবং বুরো অফ্ অ্যাপ্লায়েড ইকনমিকস অ্যান্ড স্ট্যাটিসটিক্স কর্তৃক এই সংবাদ পরিবেশিত হয়েছে। আমরা দেখছি সব দিক থেকে একটা উন্নয়ন। ২০১২-১৩ অর্থ বর্ষে ভারতবর্ষের বৃদ্ধির হার যেখানে ছিল ৪.৯৬ পার্সেন্ট, বাংলার সেখানে হয়েছে ৭.৬ পার্সেন্ট এবং এগুলো নিয়ে বাজেটের ভেতরে অত্যন্ত বিশদভাবে আলোচনা করা হয়েছে। সুতরাং এগুলোর কোন পুনরাবৃত্তির এখানে কোন প্রয়োজন নেই। আমরা লক্ষ্য করেছি যে আমাদের সরকার যখন আসে আমাদের বামপন্থী বন্ধুদের শেষ বছরে অবস্থা কি? কৃষি এবং তার সহায়ক ক্ষেত্রে বৃদ্ধির হার একেবার নেমে গিয়েছিল। কাজে আর কোন উৎসাহ নেই।

[2·00–2·10 pm]

আমাদের কমরেড বন্ধুরা বুঝতে পেরে গেছেন, হয়ে গেছে আমাদের। বাংলার মানুষ আমাদের বর্জন করেছে কাজে আর উৎসাহ নেই, সুতরাং লুঠেপুঠে নাও এবং এই জন্য আমরা দেখতে পাচ্ছি এই সময় এতে কৃষি এবং সহায়ক ক্ষেত্রে বৃদ্ধির হার মাইনাস 0·74-এ, নেমে গেছে। তারা বুঝতে পেরে গিয়েছিলেন, গুন্ডামি করে, রাহাজানি করে, তোলাবাজি করে ইলেকশানে আর জেতা আমাদের সম্ভব নয়। সুতরাং এদের কাজে আর কোন আগ্রহ নেই। আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় এসে মাত্র দশ মাসের ভেতরে সেই নিম্নমুখী গতিকে উর্দ্ধমুখী করলেন এবং বৃদ্ধি হার হল 1·84%। বর্তমানে আমরা দেখছি কৃষি ক্ষেত্রে উন্নয়ন ঘটছে, আমরা দেখছি খাদ্য শস্য

সংরক্ষণ, সংগ্রহ সব দিকে উন্নতি ঘটেছে, কর্মসংস্কৃতি আবার ফিরে এসেছে এবং আগে যে পরিমাণে শ্রম দিবস নষ্ট হয়েছিল এখন আর সেটা হচ্ছে না। আমরা বলছি, ধর্মঘট নয়, শিল্প ধর্মঘট নয়, জিন্দাবাদ নয় আসুন আমরা কর্মযোগ্য আরম্ভ করি এবং আমরা যদি চেষ্টা করি তাহলে বাংলার চেহারার ক্ষেত্রে পরিবর্তন একটা হবে। আজকে আমাদের সরকার সারা বাংলায় একটা আর্থিক উন্নয়ন শুরু করেছে, কর ব্যবস্থার ক্ষেত্রে, কৃষির ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে, খাদ্য সুরক্ষার ক্ষেত্রে, প্রাণী সম্পদ উন্নয়নের ক্ষেত্রে মৎস্যচাষ, পঞ্চায়েত গ্রামোন্নয়ন, সেচ জলবন্টন, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পানীয় জল সব দিক থেকে আমরা দেখতে পাচ্ছি একটা উন্নয়ন কিন্তু আরম্ভ হয়েছে, এই ব্যাপারে কোন সন্দেহ নেই। আমাদের বামপন্থী বন্ধুরা বলছেন যে, আমাদের নতুন যে বাজেট এর নাকি কোন দিশা নেই, এর মধ্যে তারা কোন জিনিস দেখতে পাচ্ছেন না। আসলে আমাদের বন্ধুদের মস্তিষ্ক নষ্ট হয়ে গেছে, চোখের ন্যাবলা হয়েছে, চোখ হলুদ হয়ে গেছে, এরা তাই দেখতে পাচ্ছেন না। আর এই জন্যই তারা বলছেন, এই বাজেট হচ্ছে দিশাহীন এটা উদ্দেশ্যহীন। কিন্তু আমাদের কাছে বাজেট এই শুধু সরকারের মুখ নয়, এটা সরকারের হৃদয়, এটা সরকারের হৃদয়। সরকার কি চাইছে এর মধ্যে স্পষ্ট হয়ে গিয়েছে বিষয়টা এবং আমাদের আমলে সব দিকে থেকে একটা উন্নয়ন হয়েছে কৃষি ক্ষেত্রে নবজাগরণ হয়েছে, ৬৬২টি কৃষি প্রদর্শন কেন্দ্র স্থাপিত হয়েছে, কৃষাণ ক্রেডিট কার্ড দশ লক্ষের বেশির উপরে মানুষ পেয়েছে, কৃষকদের মধ্যে পাম্পসেট বিলি করা হয়েছে, ৯৫টি কৃষক বাজার তৈরি করা হয়েছে, খাদ্যশস্য গুদামজাত করবার জন্য বন্দোবস্ত করা হয়েছে এবং বিপন্ন উপজাতী, বন্ধ চা বাগানের শ্রমিক, আয়লায় বিপন্ন মানুষ, সিঙ্গুরের অনিচ্ছুক কৃষক এদের সবার জন্য সপ্তাহে দুই টাকার কেজি দরে চাল বিতরণ আরম্ভ হয়েছে। সুতরাং বন্ধু চোখ খুলে তাকান, জেগে ঘুমলে হবে না, সমালোচকদের মত সমালোচনা নয়, দেশের কথা চিন্তা করুন, আন্তর্জাতিক বিপ্লবের কথা বাদ দিন আপনারা এবং আমরা মনে করছি এই বাজেট সব দিক থেকে গ্রহণযোগ্য। শিক্ষা ক্ষেত্রে বিপ্লব এসে গেছে একটা। কত স্কুল তৈরী হয়েছে, কলেজ তৈরি হয়েছে, শিক্ষক নিয়োগ করা হচ্ছে। আর আপনারা কী করছেন? শিক্ষক যাতে নিয়োগ না হয়, হাইকোর্টে মামলা করছেন এবং এইভাবে আমাদের উন্নয়নটাকে স্তব্ধ করবার জন্য আপনার উদ্যোগ নিচ্ছেন। আপনারা জানেন নিশ্চয়, আপনারা জানেন, একটু আগে আলোচনা হচ্ছিল যে শিক্ষা ক্ষেত্রে কিছু হয়নি। আমরা বলি, বামপন্থীদের আমালে শিক্ষা কেন্দ্রগুলো বাস্তুঘুঘুর বাসায় পরিণত হয়েছিল, আজকে শুধু পুরষ্কার হচ্ছে, স্কুল-কলেজে শিক্ষক নিয়োগ করা হচ্ছে এবং অতিশীঘ্র উনচল্লিশ হাজার পাঁচশো উনষাট জন প্রাথমিক শিক্ষক নিয়োগ করা হবে, অতি শীঘ্র উনচল্লিশ হাজার পাঁচশো দশ জন আপার প্রাইমারি শিক্ষক নিয়োগ করা হবে, চৌদ্দা হাজার সাতশো পয়তাল্লিশ জন মাধ্যমিক শিক্ষক নিয়োগ করা হবে এবং দুই হাজারের উপর হায়ার সেকেন্ডারী শিক্ষক নিযুক্ত করা হবে। এই ভাবে স্কুল-কলেজগুলোর অবস্থা কি? শিক্ষক নেই কোথাও -মশাই আপনাদের আমলে সব এই পার্ট টাইম টিচার্, প্যারা টিচার্। এইভাবে সমস্ত আপনারা ক্যাডার দেখে পছন্দ করে গেছেন। আজকে আমাদের সরকার ক্ষমতায় এসে শিক্ষক নিয়োগ করছে, পরীক্ষার মাধ্যমে শিক্ষক হিসাবে তারা আসবে। এইভাবে সর্বক্ষেত্রে একটা বিপ্লব আরম্ভ হয়েছে।

কন্যাশ্রীর কথা একটু আগে আলোচনা হচ্ছিল, আমার এক বন্ধু একটু আগে উল্লেখ করছিলেন আগের দিন উল্লেখ করে দিয়েছিলেন তিনি, আজকের দিনে গ্রামবাংলায় উত্তম কুমারের দরকার নেই, সুচিত্রা সেনের দরকার নেই, গ্রামবাংলায় আজকে মদন মিত্র, অরূপ বিশ্বাস যথেষ্ট

সেখানে। আজকে উদ্দিপনা আরম্ভ হয়েছে, গ্রামবাংলার ভেতরে একটা জাগরণ তৈরী হয়েছে। যুব সম্প্রদায়ের মধ্যে একটা উম্মাদনা এসেছে, খেলাধুলা সর্ব ক্ষেত্রে একটা উন্নয়ন ঘটছে। তাই বন্ধু আমি এই বাজেটকে সর্বতভাবে সমর্থন করি। এবং আমি মনে করি এই বাজেট অত্যন্ত উৎসাহ ব্যাঞ্জক বাজেট। এই বাজেট বৈপ্লবিক বাজেট, এর দ্বারা আমাদের যে বাংলা শ্মশানে পরিণত হয়েছিল, যে বাংলা মরুভূমিতে পরিণত হয়েছিল সেই বাংলায় একটা নব জাগরণ আসবে। ধন্যবাদ।

শ্রী অসিত মিত্র : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র গত ১১ই মার্চ ২০১৩ যে বাজেট বরাদ্দ পেশ করেছেন এবং ভাষণ দিয়েছেন আমি তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। অমিতবাবু প্রথম যখন আসেন, তখন খুব অমিত বিক্রমে এসেছিলেন। আমি জানি না কি এমন ঘটনা ঘটলো সেই অমিতবিক্রমের দিশাটা আস্তে আস্তে দিশাহীন হয়ে পড়লো। ওনার পান্ডিত্ব সম্পর্কে আমার মনে কোন প্রশ্ন নেই, আমি কেন বাঙালীর মনে কোন প্রশ্ন নেই। কিন্তু আপনি যখন চলতে থাকেন তখন নিজের ইচ্ছায় চলেন না। এতো বেশী অপরের ইচ্ছায় চলছেন যার জন্য আজকে আপনাকে দিশাহীন অর্থমন্ত্রী ছাড়া আর অন্য কথা বলা যায় না। মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, আমার মনে আছে যে নির্বাচনে আমি আপনি জয়লাভ করেছিলাম সেই নির্বাচনের ফলাফলের বোধ হয় একদিন আগে একটা টি.ভি চ্যানেলে আপনি উপস্থিত হয়েছিলেন আমি ছিলাম এবং পার্থবাবু ছিলেন। সেখানে আমি আপনার মুখ থেকে যে সব কথা শুনেছিলাম, সেখানে পাহাড়ের উন্নয়ন সেখানে জঙ্গলমহলের সমস্যার সমাধান, আমরাও বলেছিলাম সকলে একসাথে। একসাথে বলেছিলাম, এখন রাজনৈতিক দিক থেকে বিচ্ছিন্ন হতে পারি কিন্তু বাঙালী হিসাবে বাংলার মানুষ হিসাবে এক জায়গায় দাঁড়িয়ে আছি, তাই তো এরপর কি হবে! বাংলায় উন্নয়নের গতি কোন দিকে যাবে। আপনি একটা জিনিস ভালভাবে বলেন, আমি তিনটি বই দেখলাম আপনার তিন বছরের বাজেটের। আপনি রবীন্দ্রনাথকে স্মরণ করেন, আপনি নজরুলকে স্মরণ করেন, আপনি বিবেকানন্দকে স্মরণ করেছেন এবারে। ভাল কথা। এবারে আপনি আবার সায়ের বলেছেন। আপনার মতো এতে ভাল আমি বলতে পারবো না। আমি চেষ্টা করলেও আপনার মতো অতো সুন্দর করে বলতে পারবো না। আমি বলছি আপনাকে, এর মধ্যে দিয়ে আপনি সামনের দিকে চলো, সামনের দিকে চলো, ইংগিত দিয়েছেন। আপনি বলেছেন "শেষ কালে রইলো যারা পিছুর টানে থাকবে তারা, কাঁদবে গো" আমরা যদি পিছুর টানে থাকি তাহলে দয়া করে একটা প্রশ্ন আমি আপনাকে করি। আমি আজকে আপনাকে এই কথা বলবো, মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় অর্থমন্ত্রীকে বলছি যে, যখন উনি বললেন সেদিন যে না, গণতান্ত্রিক পথে আমাদের জয়যাত্রা শুরু। অর্থনৈতিক উন্নয়ন এমনভাবে হবে যেটা দলীয় অর্থনৈতিক উন্নয়নের ধারে পাশ দিয়ে যাবে না। আমরা অনেক শপথ দিয়ে আমরা হয়ত সেই দিন পাশাপাশি দাঁড়িয়ে ছিলাম, কিন্তু সেই কথাগুলোর মধ্যে কোথাও কোন পার্থক্য নেই। সেই দিনের সেই কথা যদি আজকে বলে " শেষকালে রইলো যারা পিছুর টানে থাকবে তারা কাঁদবে গো", মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমার কথাটাকে অন্যভাবে নেবেন না আমি রবীন্দ্রনাথের আর একটা গানের কথা বলছি" তুই ফেলে এসেছিস কারে মন মনরে আমার", মাননীয় অর্থমন্ত্রী অমিতবাবু তাঁর একটা জায়গায় আছে "যে পথ দিয়ে চলে এলি সে পথ আবার ভুলে গেলি রে" এর বাইরে আমার কিছু বলার নেই। আমার আপনার কাছে যেটা ছিল বলার, এই অর্থনীতি যে পথ আপনি তৈরী করেছিলেন যে এক পায়ে দাঁড়াতে হবে, নিজেদের পায়ে দাঁড়াতে হবে। আমি আপনাকে দুটি কথা বলে ফেলি, সবার আগে

সেট হলো, মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনি জানেন মাননীয় মুখ্যমন্ত্রী বললে আপনি কোন কাজ করতে বাধ্য। আজকে সংবাদপত্রে বেরিয়েছে যেটা এটা যদি সত্যি হয়, তাহলে উইথ মাই ডিউ রিগার্ড টু দি চিফ মিনিষ্টার, আমি তাকে বলবো যে যদি এটা একবার নিয়ম হয়ে যায় যে আমাদের মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে যে টাকা জমা দেওয়ার কথা সাধারণ মানুষের বা আর যে-কোন প্রতিষ্ঠানের,

[2·10–2·20 pm]

সেটাকে যদি আবার কোন মতে অন্যায় ভাবে সেই টাকাটা নিয়ে, সেখানে যদি টাকা না থাকে এবং নন-প্ল্যান বাজেট থেকে সেটা টাকা নেওয়া হয় এটা একটা ভীষণ কুৎসিত দৃষ্টান্ত হবে। হয়ত চিরকাল আপনারা থাকবেন না এই জায়গায়, কিন্তু যারা আসবেন তারা এর থেকে আরও খারাপ ব্যবহার করতে পারেন। আমি মাননীয় অর্থমন্ত্রী মহোদয়কে বলব আপনি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বোঝান। মাননীয় চেয়ারম্যানের অনুমতি নিয়ে বলছি এই দৃষ্টান্ত যেন স্থাপিত না হয় এবং যে এক কোটি টাকা অন্য কোন প্রজেক্টে খরচ করার সিদ্ধান্ত হয়েছে সেটা যেন স্থগিত করা হয়, একজন মাননীয় সদস্য আপনাদের কাছে আবেদন রেখেছেন, আমি সেই আবেদনই রাখছি। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আমি আমার বক্তব্যে অন্য প্রসঙ্গে যাওয়ার আগে এটুকুই বলি কারণ অনেক কথাই বিভিন্ন ধরনের মানুষ বলেছেন। ইন ডিফেন্স অফ্ ইওর বাজেট, ইন অফেন্স অফ্ ইওর বাজেট, আপনারা অনেকেই বলেছেন এখানে। সুতরাং আমি সেই সব কথাগুলো বেশী করে বলতে চাই না, যেটা রিপিটেশান হবে। আমি আপনাদের শুধু একটা কথা বলব আপনি আমাদের একটা কথা কিন্তু কোন দিন শুনছেন না। আমাদের মানে কংগ্রেসের না, আমাদের মানে টি.এম.সি-র না, আমাদের মানে সি.পি.আই. এম -এর না, আমি বলছি আমাদের জন্য ৬০ লক্ষ টাকার বরাদ্দটাকে আপনি এক কোটি টাকা বরাদ্দে রূপান্তরিত করুন। এটা আমি আপনাকে আগে বলতাম। আপনি বলতেন প্রণববাবুকে বলুন। আমি আপনাকে বললে আপনি বলতেন সেন্ট্রাল গভর্নমেন্টকে বলুন। কিন্তু আমি বলছি অনেক তো হল, এই যে এই দু'বছরের মাথায় আর যাই হোক না কেন আমাদের ঘুষ দিতে বলছি না, আমরাও তো কাজ করি, সেটা ঘাটে-মাঠে-বাটে যেখানেই হোক আমাদের করতে হয়। সুতরাং আপনি এবারে অ্যাপ্রোপ্রিয়েশান বিলের বক্তৃতাতে অথবা এই বাজেট বরাদ্দে যখন হোক না কেন ঘোষণা করবেন যে আমি আমার সতীর্থদের যে ৬০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, সেটা বাড়িয়ে এক কোটি টাকা করলাম। আমি সেদিনের বাণী লাগি, সে কবির বাণী লাগি কান পেতে আছি। আমি আপনাকে এই কথা বললাম। স্যার, আপনার সঙ্গে কি খড়দহের প্রাক্তন বিধায়কের কোন একটা মিল আছে? অমিতবাবু আপনার সঙ্গে খড়দহের প্রাক্তন বিধায়ককে আপনি চেনেন? আমার মনে হয় চেনেন আপনি, না চেনার কোন ব্যাপার নেই। খড়দহের প্রাক্তন বিধায়ক তার সঙ্গে একটা মিল আছে। সেটা কর্মসংস্থানের প্রশ্নে। আপনি কর্মসংস্থানের কথা বলতে গিয়ে বলেছেন -১০ লক্ষ, এবারে বলেছেন ১৩ লক্ষ আর এরা যে বলছে, এরা তো ধ্বংসস্তূপের উপর দাঁড়িয়ে আরেকটা নতুন পৃথিবী গড়ার কথা ভাবছেন। আমি একথা মনে করি না, বিশ্বাস করতে পারব না। ধ্বংসস্তুপ তৈরী করে গেছেন। আমি আপনাদের কাছে বলছি, আজকে বিরোধি দলে আপনারা, আজকে বিরোধি দলে আমরা, আমাদের অনেক কথায় একটা জায়গায় মিল থাকবে। তার মানে এই নয় যে সেদিনের ওই যে কর্মসংস্থানের গল্প অসীমবাবু করতেন, সেই কর্মসংস্থানের গল্পের সঙ্গে আমরা একমত ছিলাম না, আর আজকের অমিতবাবুর দেওয়া ওই কর্মসংস্থানের যদি

কোথাও কোন দিশা না থাকে তাহলে আমরাও সেখানে নেই। আমি আপনাকে বলব এটা হয়েছে। আমি আপনাকে একটা কথা বলছি, এগুলো তো নিশ্চয়ই আছে, এগুলো কেন হচ্ছে কি ভাবে হচ্ছে আপনি বলবেন। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, প্রতি বছরের মত এ বছরেও আপনি বাজেট পেশ করলেন। এটা তো ঘটনা রাজ্যে বাজেট পেশ হয়, দিল্লীতে বাজেট পেশ হয়। আমরা একটা বাজেট কি এই ভাবেই পেশ করব? আমাদের দেশে তিনটে বড় নির্বাচন হয়। এই তিনটি নির্বাচন হল— একটা লোকসভা নির্বাচন, একটা বিধানসভা নির্বাচন, একটা পঞ্চায়েত নির্বাচন। মিউনিসিপ্যালিটি বা পৌরসভা নির্বাচনও আছে। আমি আপনাকে শুধু একটা কথা বলি আমাদের এই নির্বাচনটা কি শুধু পঞ্চায়েত নির্বাচনে জয়ী হওয়ার একটা লক্ষ্যমাত্রা স্থির করার জন্য। অথবা আগামী দিনে যারা have nots people বলে যাদের বলেন, যাদের কাছে টানতে হবে। আমি আপনার সঙ্গে একমত তাদের কাছে টানতে হবে। তাদের মৌলিক দারিদ্র দূর করা হোক, একটা মৌলিক বন্দোবস্ত করা হোক, আর সেখানে তাকে কিছু কিছু একটা অর্থ পাইয়ে দিয়ে আমি তার সম্মতি, তার যে সমর্থনটা আমরা কিছুদিনের জন্য নেব। আমি আপনাকে বলি বাজেট পঞ্চায়েত নির্বাচন নয়, বাজেট লোকসভা নির্বাচন নয়, বাজেট অন্য নির্বাচন নয়। বাজেট হবে বাংলার মুখের দিকে তাকিয়ে, রাজ্যের মুখের দিকে তাকিয়ে, যাতে আমরা সত্যিকারের নিজের পায়ে দাঁড়াতে পারি। আপনি বলুন ইন্ডাস্ট্রির ক্ষেত্রে, আপনি বলুন শিক্ষার ক্ষেত্রে উচ্চ শিক্ষা, বিদ্যালয় শিক্ষা, আপনি বলুন অন্যান্য ক্ষেত্রে, আমরা যখন এগোব তখন দেখব যে কতখানি দাঁড়াতে পারলাম অমিতবাবুর আমলে, কোন্ জায়গাটায় দাঁড়াতে পারলাম? আমি আপনাকে একটা কথা বলছি। আপনি বলেছেন, রেভিনিউ বাড়িয়েছেন। আমি বলছি, ধন্যবাদ আপনাকে যে, আপনি রেভিনিউ বাড়ানোর চেষ্টা করেছেন। কিন্তু, এই রেভিনিউ বাড়ানোটাতে যে আত্মতৃপ্তির হাসি দেখতে পাচ্ছি আপনার মুখে, এটা কিন্তু ভালো লাগছে না। আপনি এখন মুখে না হাসলেও আপনার বই পড়ার মধ্য দিয়ে হাসি দেখতে পেয়েছি। সেই কথা বলছি। আমি আপনাকে বলছি যে, আপনি একটা কথা মনে রাখুন, আমি আপনাকে বলছি যে, ২০১২-১৩ তে রাজ্যে রেভিনিউ ধরা হয়েছিল ৩১২২২ কোটি টাকা। আমি একটার মধ্যে যাব, বেশী পরিসংখ্যানের মধ্যে যাব না, অমিত বাবু। আমি বলছি, অন্য রাজ্যেগুলোর তখন কি অবস্থা, আপনি দেখুন তো। অন্য রাজ্য সেই সময় কোন্ জায়গায় ছিল? তাদের কত ছিল? আমাদের রাজ্যে হয়েছে ৩১২২২ কোটি টাকা। ঠিক সেই সময় অন্য রাজ্যে অন্ধ্রপ্রদেশে অন্ধ্রপ্রদেশের জনসংখ্যা আমাদের চেয়ে ১০ শতাংশ কম, ৬৬ হাজার ২৫ কোটি টাকা রেভিনিউ। মহারাষ্ট্রে ৯০২৯৫ কোটি টাকা। আশিষবাবু বলছিলেন, ভালো কথা বলেছেন, আমরা নিশ্চয় বাড়িয়েছি - ঠিক, এক টাকা বাড়ালেও বাড়ান, কুড়ি টাকা বাড়লেও বাড়ান, দু'শো টাকা বাড়ালেও বাড়ান। অমিতবাবু বলছেন, আমি বাড়িয়েছি। আমি বলছি, ওরা কোন জায়গায়? সেই দিন দেখুন। মহারাষ্ট্রে ৯০২৯৫ কোটি টাকা, তামিলনাড়ু ৭৮৪৬০ কোটি টাকা, কর্ণাটক আমাদের থেকে অনেক ছোটো রাজ্য, ৫১,৮২০ কোটি টাকা। সুতরাং আমি আপনাকে বলব যে, আপনি একটু মিলিয়ে দেখুন যে, আপনি রেভিনিউ বাড়িয়ে মনে করছেন আমি সাফল্য লাভ অর্জন করেছি। ঠিক সেই সময়ে, ঠিক সেই সালে ভারতবর্ষের অন্য রাজ্য তারা কোথায় এগিয়ে, কতখানি রেভিনিউ বাড়িয়েছে এবং বাড়াতে পারা তার আসল কারণ কি? আসল কারণটা খুঁজলে আপনি দেখতে পারতেন যে, আসল কারণ উনি বলছেন, এরা আর আমি আবার আপনাকে বলছি, ঠিকই এরা যেখানে শেষ করেছে, আপনি নিশ্চয় ওদের পথ ধরে ওখানে শুরু করবেন না। আমি আপনাকে

অমিতবাবু অনুরোধ করি যে, বাংলার স্বার্থে, রাজ্যের স্বার্থে, বেকার মানুষের স্বার্থে এদের অপদার্থতা বিচার করেছিল বলেই এরা আজকে ৬২ তে নেমে এসেছে, নতুন দিন আসবে বলে আপনাদের মুখের দিকে তাকিয়েছে, সেখানে নিশ্চয় আপনি অন্য জায়গায় দাঁড়াবেন, এদের পথ অনুসরণ করবেন না। এটা আমার ধারণা। আমি আপনাদের কাছে বলছি যে, সোর্স অফ ট্যাক্স - আমাদের সোর্স অফ ট্যাক্স কি - আমাদের সোর্স অফ ট্যাক্স , সেল ট্যাক্স, আমাদের সোর্স অফ ট্যাক্স স্ট্যাম্প ডিউটি, মটর ভেহিকেলস এক্সসাইস। আপনার মনে নেই, আমি গতবারে আপনার বাজেটে বক্তৃতা করার সময় আমি বলেছিলাম যে, যদি এই চারটি দফতরের ট্যাক্স ভালো করে আদায় করা যায় তাহলে ঠিক হবে। এগ্রিকালচার ট্যাক্স, এগ্রিকালচার ট্যাক্স-এ আপনি যা রোজগার করার ২০ শতাংশ রোজগার করতে পারছেন না এখনও। আমি তো সমালোচনা করছি না, আমার কন্সট্রাকটিভ সাজেশান আপনার কাছে। ২০ শতাংশ, ৩০ শতাংশের বেশী এগ্রিকালচার ট্যাক্স পাচ্ছেন না, ল্যান্ড ট্যাক্স পাচ্ছেন না। একটা করে employee আছে পঞ্চায়েত অফিসে সে অন্য কাজ করে, কে ট্যাক্স দিচ্ছে, কে খাজনা দিচ্ছে, কে খাজনা দিচ্ছে না সেটা দেখছেন না। ইন্সফ্রাসট্রাকচারটি তৈরী করুন। টাকা এমনি আসবে। সেই জায়গাটা আপনি তৈরী করতে পারবেন না, আমি আপনাকে বলছি। আমি আপনাকে বলছি যে, অনেক বেশী রোজগার করার জন্য আমি একটা কথা আপনাকে বলবো যে, এই জায়গাগুলোকে দেখতে হবে। যেখানে দুর্নীতি নেই, যেখানে লিকেজ থাকবে না সেটার জন্য বলছি। ২০১২-১৩ সালে মটর ভেহিকেলস-এ ১৫৯৫ কোটি টাকা আমরা রোজগার করেছি। ২০১২-১৩ সালের আমার স্থিতিকৃত -১৫৯৫ কোটি টাকা। আমি আবার ঐ রাজ্যগুলির কথা বলছি, আমি আবার ঐ রাজ্যগুলির কথা বলছি। তামিলনাড়ু ৪১৪১ কোটি টাকা, অন্ধ্র ৩,৬৪০ কোটি টাকা, মহারাষ্ট্র ৪২০০ কোটি টাকা, কর্ণাটক ৩৩৫০ কোটি টাকা। তাহলে বুঝতে পারছেন? আমি যেটা আপনাকে বলছি যে, আমরা যদি আমাদের ট্যাক্সটাকে ঠিক মত আদায় করতে পারি, এদের মত নয়ছয় না করি, তাহলে আমি আপনাকে বলছি, moratorium এর কথা বলুন ২২ লক্ষ কোটি টাকার লক্ষ্যটাকে বলছেন সেটা বলুন, যা ইচ্ছে করুন। কিন্তু, আমি বলবো, আমরা নিজেদের পায়ে দাঁড়াতে পারব।

[2·20–2·30 pm]

আর তা যদি না হয় তাহলে আপনি দেখবেন আমরা দিনের পর দিন দুর্বল হয়ে যাব।

আরেকটা দপ্তরের কথা আমি বলতে চাই। বেশী কথা বলব না, আমার যতটুকু সময় তার মধ্যে আমি শেষ করব। সেটা হল ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনি একবার এদিকে তাকাবেন? মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় ট্রান্সপোর্ট মিনিস্টার এখানে নেই। থাকলে তাঁদের বলতাম। আমরা যারা বাসে-ট্রামে চড়ি, বাসে-ট্রামে যেতে হয়, জানি পশ্চিমবাংলায় অনেক unlicensed vehicle চলছে। আমার নিজের ধারণা পশ্চিমবাংলায় লাইসেন্স বিহীন যানবাহনের সংখ্যা ভারতবর্ষের যে কোন রাজ্যের থেকে বেশী। statistics started from them, ওঁরা শুরু করে গেছে। আমার বন্ধুরা বলছেন, পুলকবাবুরা বলছেন হ্যাঁ নিশ্চয় তো, ও তো জানে, ভুক্তভুগী, বাগনানে তো আমরা ভুক্তভোগী। প্রতিদিন নতুন নতুন গাড়ী চলছে। বে-আইনী গাড়ী। তাই বলছি, আপনি ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট যদি দেখেন, ট্রান্সপোর্ট মানে শুধু যাত্রীবাহী গাড়ী নয়,

একদিন এখানে ট্রান্সপোর্ট মিনিস্টারকে এখানে বলেছিলাম, "বে-আইনী অটোগুলোকে লাইসেন্স দিন না আপনাদের রোজগার হবে", at the same time রোজগার হবে অন্য জায়গায়। এই গাড়ীগুলোর অত্যাচার থেকে সাধারণ মানুষ বাঁচবে। প্রতিদিন, আমি হাওড়া জেলার কথা বলছি, যে কোন শহরতলীতেও যাবেন, আমরা সর্বত্র নতুন নতুন গাড়ী চলছে, বাসের সঙ্গে কম্পিটিশন করছে, বাস পারছে না। এক-এক ধরণের গাড়ী চলছে। কখনও সে গাড়ীর নাম 'ম্যাজিক', কখনও সে গাড়ীর নাম 'জিও'। জিও-ফিও সব বেরচ্ছে এখন। এগুলোর আপনাদের অনুমতির দরকার হয় না। যে যার কিনছে সে তার চালাচ্ছে। আমি আপনাকে বলছি loss of Government revenue হচ্ছে। যদি এই টাকা ট্রান্সপোর্ট পেত তাহলে বাসগুলো চলতো, আপনি রেভিনিউ পেতেন। আর, না হয় এদের লাইসেন্স দিয়ে দিন না। আমি আবার বলি ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট-টা খুব impartment department. কোলকাতা থেকে দীঘা অথবা দীঘা থেকে দার্জিলিং সর্বত্র আমি আপনাদের দেখার জন্য বলব। আপনারা এটা দেখার চেষ্টা করুন তা না হলে বিপদ হয়ে যাবে।

সেলস ট্যাক্সের কথা বলেছি। সেলস ট্যাক্সের ব্যাপারটা আপনি দেখেছেন। আপনি নিজে সেলস ট্যাক্স বা ভ্যালু অ্যাডেড ট্যাক্স -যাই বলুন না কেন, অসীমবাবু কালকের না আজকের কাগজে বলেছেন তার সময়েও যেটা শুরু হয়েছিল তিনি কমপ্লিট করতে পারেননি। তিনি বলেছেন, 'আমার সময়ে আরো ভালো হয়েছিল'। আমি শুধু আপনাদের একটা কথা বলব, এক্ষেত্রে দলের ওপর নির্ভর করলে চলবে না। আমার নিজের মনে হয়, এটা নিয়ে শুধু কয়েকজন ব্যুরোক্রাটদের ওপর নির্ভর করলে চলবে না, এর জন্য অন্য মানসিকতা চাই - 'আমি আমার রাজ্যকে অর্থনৈতিক দিক থেকে সবল করব তার জন্য আমি এই আইন-টা করছি' এই মানসিকতা চাই। তাহলে দেখবেন আপনি অনেক বেশী সফল হবেন।

আমি আপনার কাছে এমপ্লয়মেন্টের কথা বলি। কালকে আমাদের প্রবীনতম সদস্য জ্ঞানসিং সোহনপাল-জী এমপ্লয়মেন্টের ব্যাপারে এক প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় যে রিপোর্ট পেশ করলেন তা সত্যিই খুব দুর্ভাগ্যের। আমাদের এখানে 31.12.2012 তারিখ পর্যন্ত ৭০ লক্ষ ৪৮ হাজার ৬২৪ জন রেজিষ্টার্ড বেকার ছিল এবং চাকরী পেয়েছে এক হাজারের মত মুসলিম মাইনরিটি। যেটা বার বার আমার বন্ধুরা বলছেন, আবুতাহের বলতে পারেন, ডেভিড বলতে পারেন, মনোজ বলতে পারেন। আমি আপনাকে বলছি এটা তো জানেন, আমি নিজে তো বইটা পড়েছি, সাচার কমিশনের যে রিপোর্ট, সেই রিপোর্টের নাম কী? সেই রিপোর্টের নাম 'Social, Economical and Educational report'। সেই রিপোর্টে পরিষ্কার বলা আছে যে ভারতবর্ষের মধ্যে একটা জেলা, যে জেলায় সবচেয়ে বেশী মাইনরিটি আছে তার নাম পশ্চিমবাংলার মুর্শিদাবাদ এবং সেটা বঞ্চিত। তারপরে যে জেলা দুটো আছে একটার নাম দক্ষিণ ২৪ পরগণা এবং আরেকটার নাম উত্তর ২৪ পরগণা। আমি পড়ে বলছি, না পড়ে বলছি না আপনাদের। সুতরাং এই সব জেলাগুলো মাইনোরিটি ডেভেলপমেন্টের জন্য শুধু এদের না, মাইনোরিটি ডেভেলপমেন্টের জন্য তো আমি মেয়েদের সাইকেল দিচ্ছি, আমাকে বাদ দিন আপনারা দিচ্ছেন ভালো কথা। অথবা উনি দিচ্ছেন, অন্য কেউ দিচ্ছেন না ঠিক আছে। কিন্তু এখানে তো তার নির্ভরতা, লেখাপড়া সুনিশ্চিত হচ্ছে না। ফলে

তার লোপড়া তখনই সুনিশ্চিত হবে যখন তার আগামী দিনে অর্থ রোজগারের পথটা সে চোখের সামনে দেখতে পাবে। তাকে রাজমিস্ত্রির কাজ করতে যেতে হবে না। তার রং মিস্ত্রির কাজ না করলেও চলবে। মুসলমানদের এখন একটা নিয়ম হয়ে গেছে। কিছু মনে করবেন না আপনারা। ছোটবেলা থেকেই যেন তার কপালে লেখা থাকে তুমি রংমিস্ত্রি হবে, তুমি রাজমিস্ত্রি হবে, না হয় তুমি কাঠের কাজ করবে ইত্যাদি ইত্যাদি। কি বলছেন, অন্যায় বলছি। আমি আপনাদের বলি আমি ছোটবেলা থেকে তাদের সঙ্গে মিশেছি। আমার হয়ে এসেছে, একটু সময় আমাকে দেবেন কাইন্ডলি। আমি আপনাদের কাছে বলছি তাদের কপালে যেন লেখা থাকে, সেইটার জন্য জন্মেছে। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আমি খুব ছোটবেলার থেকে -আমার বাড়ি যেখানে তার পাশাপাশি আমরা একসংগে বাস করেছি। এখানে আমার বন্ধুরা যারা হাওড়ার আছেন তারা জানেন। তারাও সকলে এক গাঁয়ে বাস করেনি। আমি বলছি তাদের কপালে যেন এটা লেখা থাকে। আপনি বলবেন বাকি অন্য যারা কমিউনিটি আছে হিন্দু, জৈন, বৌদ্ধ -তাদের কি নেই? না তাদেরও আছে। তাদের অসুবিধা আছে। তাদের যদি টোয়েনটি পারসেন্ট থাকে, এদের হানড্রেট পারসেন্ট আছে। এবং তাকে যদি উদ্ধার করতে হয় তাহলে শুধুমাত্র মাইনোরিটিদের শুধু কিছু token help করা যাবে না। You are to think in other way যা ওদের নতুন করে বাঁচার পথ দেখাবে। আমি আশা করছি আপনি সেই ব্যবস্থাটা করতে পারবেন। আমি আশা করবো, আগামী দিনে ইন্ডাস্ট্রি- আমার দুটি কথা আছে -ইন্ডাস্ট্রি সম্পর্কে আমি একটি কথা বলবো -মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনি নিজেও বুঝতে পারছেন আমরা সর্বনাশের খেলায় মেতে আছি। আপনি বলবেন আমরা তো এই কথা বলে এসেছি, আমরা সেজ মানবো না। আমরা তো এই কথা বলে এসেছি, আমরা জমি দেব না শিল্প করতে। এখানে যে কোন মেম্বারকে গোপনে ডেকে একা জিজ্ঞাসা করুন, এখানে whether he belongs to সিপিআইএম, ফরওয়ার্ড ব্লক, RSP or anybody else either from Left Front, or from Congress or TMC, যে সত্যি আমরা যদি শিল্প করতে চাই তাহলে আমাদের জমি চাই। আর সেই জমিটা যদি আমরা ব্যবস্থা করে না দিই তাহলে কেউ এত ছোট পরিমাণ এখানে যে তারা আসবে না এবং তার ফলে শিল্প হবে। আমি আপনাকে ভাবতে বলব। শিল্প আমি আবার পুরনো কথা বলছি -মনোজ বলছে আকাশে হবে না। সত্যিই তো শিল্প আকাশে হবে না, বাতাসে হবে না। শিল্প মাঠে হবে। স্যার, আমি অনুরোধ করে আপনাকে বলছি, আমি অন্য কোন বেশি কথা বলবো না। স্যার আমি বলছি আপনার অবস্থাটা দেখেছেন? স্যার, ১২টির মতো শিল্প এসেছে এখানে আপনি জানেন পুরুলিয়ায় রঘুনাথপুরে যে তিনটি ইন্ডাস্ট্রি হয়েছিল বালাজী, আধুনিক এবং আরো একটা। আমি আপনাকে বলছি এই যে তিনটে ইন্ডাস্ট্রি, এই তিনটি ইন্ডাস্ট্রি সেখানে একটা পাঁচিল ছাড়া আর কিছু হয়নি। আমি আপনাকে লাস্ট কথা বলছি .... (গোলমাল) .... আমি আপনাকে বলছি এই রিপোর্টটা শুধু শুনন। আমি আপনাকে বলছি এই রিপোর্টটা আমার নয়। এই রিপোর্টটা দিয়েছিলেন President of Computer Association of Eastern India তিনি কি বলেছিলেন? তিনি বলেছিলেন ওয়েস্ট বেঙ্গল has failed ......

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

[22·30–2·40 pm]

শ্রী গুলশান মল্লিক : মাননীয় চেয়ারপার্সন মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয় ২০১৩-১৪ সালের যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে পিছিয়ে পড়া মানুষদের সম্পর্কে দু-চার কথা বলবো। "ভোর হল রে ফর্সা হল দুললো ঊষার ফুল দোলা। আনকো আলোয় দেয় দেখা ঐ পদ্মকলির হাই তোলা।" দীর্ঘ ৩৪ বছর মহা অমাবস্যার অবসান ঘটিয়ে আমাদের সরকার আজকের বাজেটের মধ্যে দিয়ে বাংলার উন্নয়নের নতুন ভোরের সূচনা করলেন। বাংলাকে সোনার বাংলা গড়তে এ যেন এক অভিনব সূর্যের উদয় করলেন মা-মাটি-মানুষের সরকার। আমি মনে করি, ৩৪ বছর বাম জমানায় সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের স্বার্থে, তপশীলি সম্প্রদায়ের মানুষের স্বার্থে, অন্যান্য পিছিয়ে পড়া মানুষের স্বার্থে, কৃষকভাইয়েদের স্বার্থে, অবহেলিত নারী, শিশুদের স্বার্থে এমন বাজেট কোনদিন কেউ শোনে নি, কোনদিন দেখে নি। এ যেন মরুভূমির উপর সবুজায়নের এক স্পষ্ট সুপরিকল্পিত ইঙ্গিত। এত সুন্দর বাজেট আমার রাজনীতির লাইফে কোন দিন দেখি নি, কোন দিন শুনি নি। সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য অত্যন্ত সুসংবাদ। এই যে আজকের বাজেট উন্নয়নের জন্য আমাদের সরকার ৮৫৯ কোটি টাকা বরাদ্দ করেছেন যা দীর্ঘ ৩৪ বছর বাম জামানায় মাইনোরিটিদের কথা কোন দিন উল্লেখ করা হয়নি আমার বন্ধুরা নিশ্চয় স্বীকার করবেন। সংখ্যা লঘু সম্প্রদায়ের মানুষ দীর্ঘ ৩৪ বছর ধরে ভয়ংকর, চরম অবহেলিত অথচ হিটলারের গোয়েবেলিয় কায়দায় বাম সরকার বলবৎ মিথ্যা প্রচারের মাধ্যমে সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের কথা বলে গেছেন। বাস্তবে সেই অর্থে কোনদিন উন্নয়ন হয় নি। উপযুক্ত তথ্য প্রমাণ যদি সাচার কমিটির বেড়াল যদি ঝোলার মধ্যে দিয়ে না বেরোতে কোনদিনই মুসলমানদের চেতনা হত না। মুসলমানদের ভুল বুঝিয়ে রাখা হয়েছিল। এই প্রসঙ্গে আমার মনে পড়ে লিঙ্কন সাহেবের ঐতিহাসিক উক্তি - "সব লোককে কিছু সময়ের জন্য বোকা বানানো যায়। কিছু লোককে সব সময়ের জন্য বোকা বানানো যায় কিন্তু সব লোককে সব সময়ের জন্য বোকা বানানো যায় না।" দীর্ঘ বাম জমানায় সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়নের হাল এতটাই করুন হয়েছে যে আজ তা ভারতবর্ষের মধ্যে এই রাজ্যে পিছিয়ে সার্বিক বিচারে। তারা এই রাজ্যে এতটাই অবহেলিত তারা, তপশিলী এবং অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের থেকে পিছিয়ে পড়েছে। তাই আমাদের এই বাজেট এই প্রতারকমূলক ক্ষতে মলম স্বরূপ তাদের উন্নয়নের স্পষ্ট অঙ্গীকার। এই বাজেটের মধ্যে দিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী সমাজের সেই অন্ধকার দিকটাকে আলো জ্বালার সঠিক পদক্ষেপ গ্রহণ করেছেন। তিনি মনে করেছেন এমপ্লয়মেন্ট অফ মাইনোরিটি কমিউনিটি অত্যন্ত জরুরী। তাদের সামাজিক, পরিকাঠামোগত উন্নয়ন দরকার। তাই এই বাজেটে স্পষ্ট ইঙ্গিত বহন করেছে।

মাননীয় সদস্যগণ নিশ্চয় অবগত আছেন বাম আমলে মোট জনসংখ্যার এক চতুর্থাংশ সংখ্যালঘু সম্প্রদায়ের ভোট নিয়ে বারবার সরকারে নির্বাচিত হয়েছে। বামদলগুলি ৩৪ বছর তারা যা করতে পারেনি আমাদের মা-মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী কুড়ি মাসে চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন প্রমাণ করে দিয়েছেন, মুসলমানদের জন্য কিছু করেছেন। আমি উদাহরণ স্বরূপ বলি -যাদের মাথা গোঁজার ঠাঁই ছিল না, তাদের জন্য গীতাঞ্জলী স্কীমে ১ লক্ষ ৬৭ হাজার টাকা দিয়েছেন সেই মুসলিম সম্প্রদায়ের মানুষদের জন্য। ও সরকার এতদিন তো ভাবেনি, মনে

করেনি, কোন দিন মনে করেনি। আজকে 'নিজ ভূমি নিজ গৃহ', আজকে 'আমার ঠিকানা' এই সব সংখ্যালঘু সম্প্রদায়ের, ওবিসির আওতায় এনেছেন। বিগত দিনের সরকার তো তাদের কথা ভাবেনি, তাদের কথা মনে করেনি। মাইনরিটি ফাইনান্স ডেভেলপমেন্ট কমিশনের মাধ্যমে কম সুদে সংখ্যালঘুদের ছেলে-মেয়েদের পড়ার জন্য লোনের ব্যবস্থা করেছেন। সব থেকে আনন্দের বিষয়- আজকে উচ্চ শিক্ষার জন্য ৩৪ বছর ধরে বাম সরকার কোন দিন তাদের কথা ভাবেননি, পিছিয়ে পড়া মুসলমানদের কথা ভাবেনি। আজকে আমাদের মা মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভেবেছেন যে, আজকে মুসলিম সম্প্রদায়কে ওবিসির মাধ্যমে উঁচুতে তুলতে হবে, তাদেরও উচ্চশিক্ষায় শিক্ষিত করে তুলতে হবে, উচ্চশিক্ষিত করে তুলতে হবে। স্কুল ছাত্রছাত্রীদের কথা ভেবেছেন। যে সমস্ত মাদ্রাসা যেখানে এক একটা মাদ্রাসায় যেতে গেলে গ্রামের দিকে চার-পাঁচ-ছয় কিলোমিটার হেঁটে যেতে হয়, সেই মহিলারা পয়সাকড়ির অভাবে তারা স্কুলে-মাদ্রাসায় যেতে পারছে না। সেই মহিলাদের জন্য আজকে সাইকেলের ব্যবস্থা করেছেন। বিগত দিনের সরকার কোন দিন ভেবেছিল? একটা সম্প্রদায়ের যে মানুষ আছে, যাদের বারবার ভোট নেওয়া হয়েছে, সেই মানুষদের কথা একদিনও কি তারা ভেবেছিল? একদিনও কি তারা মনে করেছিল? কোন দিনই মনে করেনি। ইমামদের সম্মানার্থে ইমাম ভাতা দেওয়া হয়েছে। মহাজনদের সম্মান দেওয়া হয়েছে। আগে তাদের কথা কোনদিন ভেবেছিলেন? আজকে মা মাটি মানুষের সরকার -মমতা ব্যানার্জীর ব্রেন থেকে বেরিয়েছে। সেই মানুষদের জন্য, পিছিয়ে পড়া মানুষদের জন্য কিছু করতে হবে। আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস - কয়েক কোটি টাকা খরচা করে রাজারহাটে তৈরি হয়েছে। কোন দিন ভেবেছিলেন? হজ হাউসের কথা ভেবেছিলেন? দ্বিতীয় হজ হাউসের কথা কোন দিন ভাবেননি। শিক্ষা কর্মসংস্থান, বাজার তৈরি করার জন্য কোটি কোটি টাকা বরাদ্দ করা হয়েছে যার কাজ চারিদিকে চলছে, সারা বাংলায় চলছে, আগামী দিনেও চলবে।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট বিবৃতি পেশ করেছেন, সেটা দেখে আমার মনে হয়েছে তিনি কিছু সাহিত্যিকের ভিতর থেকে সাহিত্যের কিছু শব্দ ধার করে একটা সাহিত্য রচনা করেছেন। তাই এটা একটি দিশাহীন, জনগণ বিভ্রান্তকারী, পঞ্চায়েত নির্বাচনের বৈতরণী পার হওয়ার জন্য, উদ্দেশ্য প্রণোদিত সরকারের স্বার্থবাহী বাজেট। যা কোন মতেই সমর্থনযোগ্য নয়। আরও সমর্থনযোগ্য নয় এই কারণে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে আমি জানতে চাইব তিনি তাঁর বাজেটের মধ্যে বলেছেন বেকারদের উৎসাহ প্রদানের জন্য বেকার উৎসব প্রকল্প তিনি এখানে রেখেছেন।

[2·40–2·50 pm]

কিন্তু আমরা দেখতে পেয়েছি যে, শ্রম দপ্তর থেকে বলা হচ্ছে যে আমাদের পশ্চিমবঙ্গে নথিভুক্ত প্রায় ৭০ লক্ষ বেকার আছেন। আরো বহু বেকার আছেন, নথিভুক্ত বেকার সংখ্যা ৭০ লক্ষ। এমন কি ঘটনা ঘটেছে যে, ৭০ লক্ষ নথিভুক্ত বেকারদের বাদ দিয়ে আজকে অন্যভাবে ১ লক্ষ বেকারদের ভাতা প্রদানের জন্য ভাতা প্রদানের কথা এখানে বলা হয়েছে। যারা ৭০ লক্ষ বেকার আছেন তারা কোথায় গিয়ে দাঁড়াবেন? সেটা আমরা জানতে চাই মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের

কাছে। একটা মানুষের শরীরে দগদগে ঘায়ের গন্ধ নিয়ে মুখে শুধু পাউডার মাখিয়ে দিয়ে সুগন্ধি বের করা যাবে কি? ৭০ লক্ষ বেকার পশ্চিমবঙ্গের বুকে আপনারা বলছেন। আপনি ১ লক্ষ বেকারকে ভাতা দিতে চাইছেন কেন? এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরি করতে চাইছেন কেন? ৭০ লক্ষ বেকার পশ্চিমবঙ্গের বুকে আপনাদের কথা মত। তবে সেই বেকারদের সাইড করে দিচ্ছেন কেন? আমরা কি ধরে নিতে পারি না সামনে পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে মাননীয় অর্থমন্ত্রী মহোদয় সরকারের স্বার্থে এই ধরনের একটা বেকার বিরোধী বেকার উৎসাহ প্রকল্প আজকে এখানে আনার চেষ্টা করেছেন। যা বেকার বিরোধী বলে আমি মনে করছি। দ্বিতীয় আমি যেটা জানতে চাইব মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে তিনি 'কন্যাশ্রী' প্রকল্প নিয়ে এসেছেন। কন্যাদের তিনি যে কথা বলেছেন, আমরা বলছি ভাল। কিন্তু কিভাবে 'কন্যাশ্রী' প্রকল্পের মধ্যে মেয়েদেরকে নিয়ে আসবেন? আপনি বলেছেন ১৩ থেকে ১৮ বছর বয়সী মেয়েদের ৫০০ টাকা করে ভাতা দেওয়া হবে। ১৮ বছর পরে সেই মেয়েদের ২৫ হাজার টাকা কিভাবে দেবেন? এই মেয়েদেরকে কিভাবে ঠিক করবেন? কোন কোন মেয়ে কীভাবে 'কন্যাশ্রী' প্রকল্পের আওতায় আসবে? কবে থেকে কারা কারা এই প্রকল্পের মধ্যে ঢুকবে? তার নির্দিষ্ট দিশা নেই, শুধুমাত্র পঞ্চায়েত ভোট। কোটি কোটি পরিবারে ১৩ থেকে ১৮ বছর বয়সী মেয়েরা বাস করে। গ্রামগঞ্জে বেশি গরিব মানুষরা আছেন। নির্বাচনটাকে সামনে রেখে এই ধরনের 'কন্যাশ্রী' প্রকল্পে যাতে এক কোটি পরিবারের ভোটটাকে সংগ্রহ করে নেওয়া যায়, পাড়ায় পাড়ায় গিয়ে তৃণমূল বুথ প্রেসিডেন্টরা মানুষকে বিভ্রান্ত করে নাম নেওয়ার প্রচেষ্টা করছে বলে আমি মনে করছি। কারণ এখানে পরিষ্কারভাবে 'কন্যাশ্রী' প্রকল্প কিভাবে রূপায়ন করবেন আপনি, টাকা বরাদ্দ করেছেন তা কিভাবে রূপায়ণ করবেন তার বিস্তারিত ব্যাখ্যা এখানে দেওয়া নেই এবং আমি দেখতে পাচ্ছি না। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনার বাজেটে বহু জায়গায় বলেছেন সততা, স্বচ্ছতা বজায় রেখে আপনি এই বাজেট তৈরি করেছেন। সততা, স্বচ্ছতা বজায় রেখে সরকার চলছে। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনার কি কোথাও মনে হয়েছে এই সরকার, মা-মাটি-মানুষের সরকার, পরিচালনা করার ক্ষেত্রে বা সরকার চালানোর ক্ষেত্রে সততা বা স্বচ্ছতার অভাব বোধ করছেন? সেই কারণে কি আপনি আপনার বাজেটে বারে বারে সততার কথা তুলে এনেছেন। আপনার সরকারের এই দিকটা চেপে দেওয়ার জন্যই কি বহুবার আপনি আপনার বাজেট বিবৃতিতে সততা এবং স্বচ্ছতার কথাকে তুলে এনেছেন? সত্যিকারে যদি সরকার সততা এবং স্বচ্ছতার মধ্যে দিয়ে চলত তাহলে আমার মনে হয় বাজেট বিবৃতিতে এতবার ধরে সততা এবং স্বচ্ছতাকে তুলে ধরার কোন দরকার ছিল বলে আমি মনে করি না। মাননীয় অর্থমন্ত্রী মহোদয় আপনি আপনার বাজেটে বলেছেন যে কৃষিক্ষেত্রে এই সরকার অভূতপূর্ব সাফল্য পেয়েছে। ভাল আপনি বলেছেন যে কৃষি প্রদর্শন ক্ষেত্র ৬৬২টা তৈরি করা হয়েছে পশ্চিমবঙ্গের বুকে। ৩৪১টা ব্লক, আমি একটি ব্লকের বাসিন্দা, আমি একটি জেলায় বাস করি। আমার জেলার নাম মালদা। মালদা জেলার আপনি উদাহরণ দিয়ে বলতে পারবেন ৬৬২টা কৃষি প্রদর্শন ক্ষেত্রের কাজ আপনি শুরু করেছেন? একটা ব্লকের একটা কৃষি প্রদর্শনের নাম বলুন। মালদা জেলায় আমি যেখানে বাস করি রতুয়ায়। আমার যেটা বিধানসভা কেন্দ্র ৪০২ নম্বর ব্লক এখনো পর্যন্ত একটাও দেখতে পায়নি। এটা ঠিক কি না বা কিভাবে কাজ চলছে জানতে চাই। আপনি বলেছেন যে প্রতিটা ব্লকে কৃষি বাজার তৈরি

করবেন। তারজন্য টাকা বরাদ্দ করেছেন। পরিকল্পনা করেছেন না? কাজ শুরু হয়েছে? কবে নাগাদ কাজ শেষ হবে? এই সরকারের ৫ বছরের মধ্যে কাজ শুরু হবে কিনা ? কৃষি বাজার তৈরি হবে কি না? যদি না হয়, তাহলে কৃষিবাজার যদি তৈরী না হয় বা কৃষিক্ষেত্রে যে যে কথাগুলো আপনি তুলে ধরার চেষ্টা করেছেন সেটা কি কৃষকস্বার্থে লাগবে? যে টাকা আপনি বাজেটে ধরছেন সেটা দিয়ে কি সত্যিকারের পশ্চিমবঙ্গের কৃষকের কোন কাজে লাগবে? সেটা আপনার কাছে একটু জানতে চাই। মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়, আপনি কি একটু জানাবেন যে, এই সরকার যখন ক্ষমতায় এসেছিল, আসার সাথে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া ঘোষণা করেছিলেন যে, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য সংখ্যালঘুদের ব্যাপারে সবাই কথা বলছেন, সংখ্যালঘুদের জন্য ১০ হাজার এডেড মাদ্রাসা তৈরী করা হবে। আপনি কি একটু দয়া করে জানাবেন যে সেই মাদ্রাসা কি অবস্থায় দাঁড়িয়ে আছে? কত কি মাদ্রাসা তৈরী হয়েছে? আপনি কি একটু জানাবেন? আজকে সেই মাদ্রাসার কথা এখানে বলা নেই। আমরা আজকে লক্ষ্য করে দেখছি যে আমার মনে হয় এই সরকার বিপুল জনসমর্থন পাওয়ার ফলে কি করবেন কি না করবেন বুঝতে পারছেন না। এতে মানুষের পরিণতি কি হবে বলা মুশকিল। আপনি একটি শায়েরী বলেছেন, আমি ভাবছি একটা শায়েরী আমিও বলি। আপনার শায়েরীটা শুনতে খুব ভাল লেগেছিল। তাই একটা শায়েরী আমিও শুনিয়ে রাখতে চাই।

"মাংগাতা এক ফুল তো গুলদস্তা মিল গায়ি
মাংগাতা এক ফুল তো গুলদস্তা মিল গায়ি
দেখকার খো গায়া হোস ও হাওয়াস
গুলদস্তা খাক মে মিল গায়ি।"

আপনি কি একটু জানাবেন মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনি কেন এই বাজেটের মধ্যে কাজী নজরুল ইসলামকে বারে বারে টেনে নিয়ে আসছেন?

[2.50–3.00 pm]

শ্রী চিরঞ্জীৎ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থ মন্ত্রী শ্রী অমিত মিত্র যে ২০১৩-'১৪-র বাজেট পেশ করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে দু-একটি কথা বলব। প্রথমে আমি একটু বলে নিই, আমি টিপিকাল একজন রাজনীতিক নই। আমি এই বিশেষ মহতী সভায় নতুন। আমি এক্সঅ্যাক্টলি জানিনা কিভাবে এই প্রসেসটা চলে। আমি যেটা জানি সেটা ৩৫ বছর ধরে যে ফিল্ডে কাজ করেছি সেটা হচ্ছে এন্টারটেনমেন্ট ফিল্ড-সেটা আমি বুঝি। কিন্তু এখানে এসে যখন আমি এই প্রসেসটার মধ্যে পড়লাম, মানে সত্যি কথা বলতে কি ভোটে এসে আমি যখন ফাইনালি দাঁড়ালাম এবং সেটা জিতে গেলাম, তখন আমার মনে একটা ভীতি জন্মাল যে, এখন এই প্রসেসটাকে আমাকে শিখতে হবে। বেসিকালি আই এ্যাম এ সিরিয়াস পার্সেন। আমি যেটা করে এসেছি জীবনে তাতে আমার যথেষ্ট নাম হয়েছে, বা যা কামিয়েছি তাতে আমার জীবন চলেছে। তার মানে অবিয়াসলি সে এফোর্টটা আমাকে এখানে দিতে হবে। কারণ সেই এফোর্টটা দিতে গিয়ে আমি বুঝেছি যে, এটা একটা গভীর শিক্ষার ব্যাপার আছে, এখানে অনেক কিছু শিখতে হয়, পড়তে হয়, এখানে বিশেষজ্ঞ হতে হয়। সেইজন্য ইনিসিয়ালি আমি বলছি যে,

আমার জন্য যে অ্যালোটেট টাইমটা আছে সেটা ১০ মিনিট এখনও,আমার টার্গেট হবে ইন ফিউচার যদি এখানে থাকি তাহলে এই সময়টাকে ২৫ মিনিট করার। সেই প্রয়াসটার মধ্যে আমি থাকব। কিন্তু যেহেতু আমার শুভানুধ্যায়ীরা, এখানকার আমার এখানে বিরোধীপক্ষের মানুষ এবং আমার বন্ধুরা, যারা আছেন তারা আমাকে কিছুটা সময় নিশ্চয়ই দেবেন স্বভাবতঃই। এটা হচ্ছে চেষ্টা বা প্রচেষ্টা। এই প্রচেষ্টা বা চেষ্টাটার জন্য আমাকে যেমন সময় দেওয়া হচ্ছে, তেমনই যে সরকারটাকে আমরা তৈরী করেছি মা-মাটি-মানুষের, সেটা এখনও ২ বছর হয় নি। কাজেই তারও একটু সময়ের প্রয়োজন আছে। সেক্ষেত্রে আমার যেমন কিছু ভুল ত্রুটি হলে সেটাতে আমি ক্ষমা প্রার্থনীয় বা আমাকে ক্ষমা করা হবে। তেমন এক্ষেত্রেও শিখে নেওয়ার ব্যাপার আছে পুরো সরকারটার। সেখানে আমরা কি করতে পারি? আমরা বিশেষজ্ঞদের আনতে পারি। যেমন একটা স্কুল, সেই স্কুলটাতে যদি একটা কমিটি তৈরী করা হয় এবং সেই স্কুলের যদি একটি পরিচালন সমিতি এবং তারসঙ্গে যে টিচার্সরা থাকবেন, তাদের যদি আনা হয়, তারা সাজান, তাহলে সেই স্কুলটা বেশ কিছু বছর চলার পরে যে বি ২০ বছর, কি ৩৪ বছরও হতে পারে, সেটা চলার পরে হয়ত দেখা গেল সেই স্কুলে সমস্ত ভেঙ্গে পড়েছে,তার বেঞ্চ নেই, ছাত্ররা অসুস্থ, ছাদ দিয়ে জল পড়ছে, দু-চার কোটি টাকা দেনা হয়ে গিয়েছে। সেরকম একটা স্টেজে হয়ত সবাই মিলে ঠিক করলেন যে এই স্কুলের পরিচালন সমিতিটা পাল্টানো দরকার এবং তাকে যদি পাল্টানো হয়, যদি তাদের অক্ষমতার জন্য তাদের যদি সরিয়ে দেওয়া হয়, তাহলে সেক্ষেত্রে কি তারপরে যে ডিসিশানগুলো নতুন কমিটি এবং নতুন টিচার্সরা নেবেন যেভাবে স্কুলটা চালাবেন তারা সেটা কি আগের কমিটির কাউকে ডেকে তাদের কাছ থেকে পরামর্শ নেওয়ার প্রয়োজন আছে? এটা সম্ভব? যে ম্যাকিনটোসকে দিয়ে ব্রিজটা বানানো হয়েছে, সেই ব্রিজটা যখন পড়ে যায়, তখন কি সেই ম্যাকিনটোসকে এনে জিজ্ঞেস করা হয় যে এবার কি করে ব্রিজ তৈরি করব। ডেফিনেটলি নয়, ডেফিনেটলি নয়। তারমানে যারা ফেলিয়োর তাদের - শ্রী অমিত মিত্র একজন বিশেষজ্ঞ মানুষ, আমার মনে হয় না এতে কোন সন্দেহ আছে, যেটা এরা মেনে নিচ্ছেন। শ্রী অমিত মিত্রের মত একজন মানুষ যখন একটা বাজেট তৈরি করেছেন, তখন সেখানে কি প্রশ্ন ওঠে? সেটা এক নম্বর ভাই মানে বড় ভাই কংগ্রেস যদি একসময় রাজত্ব করে থাকেন, তারপর দু নম্বর ভাই যদি মেজভাই করে থাকেন, আর আপাতত আর কোন ভাই দেখছি না বলে আমাদের ছোটো ভাই যদি মেনে নেয় আমরা, তাহলে আমাদের যখন নতুন এই ভারটা দেওয়া হয়েছে, তখন সে ক্ষেত্রে উনি আমার মনে হয় সেই বিশিষ্ট মানুষ, যিনি এই কাজটা সবচেয়ে ভালো ভাবে করতে পারবেন। এটা বোধ হয় সবাই মনে করেন। সে ক্ষেত্রে সেই বিশেষজ্ঞ যে সেই ব্রিজটা কি করে সারানো যায়, এই স্কুলটা কি করে চালানো যায়, সেক্ষেত্রে আমরা বিশেষজ্ঞদের সঙ্গে যদি আলোচনা করি তাহলে তাতে বোধ হয় যারা হারিয়ে গেছে, ফুরিয়ে গেছে, যারা ফেলিয়োর তাদরে কাছে কোন প্রশ্ন করে উত্তর নিয়ে বা পরামর্শ নিয়ে চলার প্রয়োজনীয়তা নেই। এটা আমার মনে হয়। এবার যেটা প্রশ্ন সেটা হচ্ছে আমাদের যা যা করা হয়েছে কয়বছরে, আমি কেন বলছি না বাজেট সম্বন্ধে তত্ত্ব কথা, কারণ এটা এগজাক্টলি আমার সাবজেক্ট নয়। কিন্তু আমি যেটা বুঝতে পাচ্ছি, আমি সম্পূর্ণ আস্থা রাখছি ওনার ওপরে এবং আমাদের সরকার, আমাদের মুখ্যমন্ত্রীর ওপরে। তারা যেটা করছেন সেটা আমার কাছে বিশ্বাসের দিক থেকে, প্রচেষ্টার দিক থেকে, সৎ ভাবনার দিক থেকে ঠিক লাগছে। We need time to complete it. আমার এখানে যেটা মনে হচ্ছে যেটা আমরা করছি শুধু ঘটা আর প্রতিশ্রুতি নয়, বাস্তবে কি হবে নয়, কি কি হয়েছে, কি কি হচ্ছে।

যেমন ধরি আবাসন। এতে দারিদ্রসীমার নীচে বসবাসকারী (BPL), অর্থনৈতিকভাবে দুর্বল শ্রেণী (EWS), অনগ্রসর শ্রেণী এবং সংখ্যালঘু জনসাধারণের জন্য সুলভে বাসস্থানের বব্যস্থা করার ক্ষেত্রে রাজ্য প্রতিশ্রুতিবদ্ধ। এই অর্থবর্ষে 'গীতাঞ্জলি' এবং 'আমার ঠিকানা' প্রকল্পে ডিসেম্বর ২০১২ পর্যন্ত গ্রামীন এলাকাতে প্রায় ৩৪,০০০ গৃহনির্মাণ বাবদ অর্থ প্রদান করা হয়েছে। মফস্বল এলাকাতে 'গীতাঞ্জলি' প্রকল্পের অর্ন্তগত ১,৩২৮টি ফ্লাট নির্মাণের কাজ শুরু হয়েছে। এগুলো কিন্তু হয়েছে। এটি ৫৭০ কোটি টাকার প্রকল্প। ধরুন বিদ্যুৎ। যে সিচুয়েশনটা তৈরি হয়েছে, যেটা বলা হয়েছে বিদ্যুতে না কি আমাদের চাহিদা নেই। দু বছরের কম সময়, শিল্পের যে চেহারা, সেই চেহারা নিশ্চয়ই এই সরকার তৈরি করেনি। তারমানে শিল্পের যে চেহারাটা তৈরি হয়েছে, ৫৬ হাজার কারখানা বন্ধ হয়েছে. সেই চেহারার জন্য বিদ্যুৎ আমাদের কাছে পর্যাপ্ত হয়ে যাচ্ছে। এর জন্য একটা পুরষ্কার যদি দেওয়া হয়, কেন বিদ্যুৎ এখানে বেশি, কেন হায়দ্রাবাদে, দিল্লিতে লোডসেডিং এত বেশি, আমাদের হয় না কেন, আমরা নিশ্চিন্তে কেন থাকি, তাহলে সেই পুরষ্কার কিন্তু গত সরকারকে দিতে হবে। তারা আমাদের পর্যাপ্ত বিদ্যুতের ব্যবস্থা করে দিয়েছেন। এটা তাদের দায়। কিন্তু আমরা তাতে থেমে থাকিনি। আমরা বিদ্যুতের ক্ষেত্রে যে প্রচেষ্টা চালাচ্ছি তাতে এনাফ বিদ্যুৎ আমরা তৈরি করতে পারি, যে অ্যামাউন্টটা দিয়ে আমরা বাইরে বিদ্যুৎ বিক্রি করতে পারব। ১১টি পিছিয়ে পড়া জেলার ২৮,২১৪ টি গ্রামে বিদ্যুৎ পৌছে দিতে পেরেছি। দুর্গাপুর প্রজেক্টস লিমিটেড-এর ২৫০ মেগাওয়াট ৮ নং ইউনিটটি ২০১৪ সালে শেষ হয়ে যাবে। ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের ২১০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ৫ নং ইউনিটের সংস্কার ও আধুনিকীকরণের কাজ শুরু হয়েছে এবং সাগরদিঘীর ৩ ও ৪ নং ইউনিটটি তৈরির কাজ যেটা প্রত্যেকটি ৫০০ মেগাওয়াট করে, সেটা ২০১৪-১৫ সালের মধ্যে শেষ হবে। এই সমস্ত কাজ কিন্তু এগিয়ে চলেছে। কোনটা কিন্তু প্রতিশ্রুতি নয়। সড়ক পরিকাঠামোতে এইবছর ৫২০ কোটি টাকায় ১১ টি পিছিয়ে পড়া জেলায় ১,০৪৬ কিলোমিটার জেলা-সড়ক প্রসারিত করা হয়েছে।

পানীয় জলের ক্ষেত্রে বাঁকুড়া জেলায় ১,০১১.১২ কোটি টাকার প্রকল্প রূপায়িত হতে চলেছে, যাতে ৩০.১৫ লক্ষ মানুষ উপকৃত হবে, পুরুলিয়া জেলাতে ১,১৭৩.০২ কোটি টাকার প্রকল্প হবে যাতে ১৫ লক্ষেরও বেশি মানুষকে জল দেবে। যেখানে জাপানের জে. আই. সি. এ. ৯৫৪.৬৩ কোটি টাকা দিতে সম্মত হয়েছে। তথ্য সংস্কৃতি নিয়ে বলব না, ওটা থাক্, কেননা সংস্কৃতির পুরস্কার বা উৎসবে ওদের একটা অ্যালার্জি আছে। শিল্প নিয়ে একটুখানি বলে নিই। অর্থমন্ত্রী তাঁর বাজেটে বৃহৎ শিল্পের ক্ষেত্রে শুধুমাত্র সেইসব প্রকল্পগুলিরও হিসাব দিয়েছেন, যে প্রকল্পগুলির কাজ শুরু হয়ে গেছে, বা যেগুলোর কাজ চলছে বা যেগুলো হয়ে গেছে। আর একটা ইন্টারেস্টিং সাবজেক্ট বলে শেষ করব। শালবনিতে জিন্দালদের ইস্পাত প্রকল্প, পানাগড়ের ম্যাটিক্স, বা সেইল এর প্রকল্প নিয়ে উনি হিসাব দেননি, কেননা এইগুলো এখনও প্রসেসে আছে। এবারে শুধু একটা কথা বলি, যেহেতু সময় কম তাই সব বলতে পারছি না, একটু সময় পেলে ভালো হোত, কতগুলো অন্যায় প্রস্তাব ছিল, সেইগুলো বলা যেত। মাননীয় বিধায়ক মানস ভুঁএ্যা বিরোধী হয়ে আমাদের সমব্যথি। তাঁর সুললিত বক্তব্যে তিনি বললেন, যে, ইউরো জোনের গ্রীস পর্তুগাল, স্পেন, তাদের সাহায্যার্থে ৫০ হাজার কোটি টাকা, বা ১০ মিলিয়ন ডলার সাহায্য প্রদানের আশ্বাস কেন্দ্রীয় সরকার দিয়েছে, তাতে অর্থমন্ত্রীর অর্থ বাজেটে দুঃস্ব প্রকাশে উনি দুঃখ পেয়েছেন। দেখুন এই দুঃখ পাওয়ার পর্ব চলতেই পারে। আসলে কি জানেন তো, প্যাটের ক্ষুধা যে বাঁধ মানে না। সেইজন্য সুকান্তের ভাষায়

বলতে হয়- 'পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি।' আপনি যেটাকে পূর্ণিমার চাঁদ দেখছেন, হয়ত পাশের বাড়ির কারো জন্মদিনে পুরস্কার দেওয়া উচিত বা উপহার দেওয়া উচিত, সেটাকে আমরা কিন্তু ঝলসানো রুটি দেখছি। সেই কারণেই হয়ত দুঃখ প্রকাশটা করেছিলেন অর্থমন্ত্রী। তবে আপনার বক্তৃতায় আপনি এই সরকারের প্রতি সহানুভূতি দেখিয়েছেন, সেটা একটা রোম্যান্টিসিজমের পর্যায়ে পড়ে, তাই আমার হেমন্ত মুখুজ্জের একটা গান মনে পড়ে যাচ্ছে, যেটা হয়ত আপনি বলতে চেয়েছেন — 'সেই শপথের মালা খুলে আমারে কেন যে ভুলে, তোমাকেই তবু দেখি বারেবারে নিজেরে লুকায়ে রেখে, আমার এ পথ আঁধারে আছে যে ঢেকে। আজ দুজনার দুটি পথ ওগো দুটি দিকে গেছে বেঁকে।'- এই কটি কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার মহাশয়, গত ১১ ই মার্চ রাজ্যের অর্থমন্ত্রী ড. অমিত মিত্র ২০১৩ সালের বাজেট বরাদ্দ পেশ করেছেন। তাঁর বক্তৃতায় এবং বইতে তিনি অনেকগুলো বৃদ্ধির কথা বলেছেন, দুটো বৃদ্ধির কথা বলেননি, একটা হচ্ছে,মন্ত্রী হিসাবে ওঁনার অভিজ্ঞতা বৃদ্ধি হয়েছে,সেটা মানছি এবং মন্ত্রী হিসাবে অভিজ্ঞতা বৃদ্ধি যত হচ্ছে, তত সংখ্যার জাগলারি করার ক্ষমতাও বৃদ্ধি পাচ্ছে, সেটা বাজেটের মধ্যেই আছে। আমি প্রথমেই আপনার যে গর্ব, সেই গর্বের ব্যাপারটায় আসছি। এটা আমাদের গর্বিত করেছে - আপনি বলেছেন যে , জাতীয় স্তরে আমাদের জি.ডি. পি. বৃদ্ধির হার বেশি, ভারতবর্ষের জি.ডি.পি. বৃদ্ধির হার ৪.৯৬ শতাংশ, আমাদের রাজ্যে সেটা ৭.৬ শতাংশ।প্রায় ৩ এর কাছাকাছি বৃদ্ধি। আপনি কৃষি ক্ষেত্রে বৃদ্ধির হার বলেছেন, পরিষেবা ক্ষেত্রে বৃদ্ধির হার বলেছেন, শিল্পক্ষেত্রে বৃদ্ধির হার বলেছেন। বলেছেন জাতীয় বৃদ্ধির হারের দ্বিগুণ হয়েছে রাজ্যে। এই যে এত শিল্প হল তে কর্মসংস্থান হ'ল, এত উৎপাদন হ'ল আর আমরা আম বাঙালি জানতেই পারলাম না?

[3.00–3.10 p.m.]

আমি আপনার কাছে বলছি যে ৭.৬ যেটা বলেছেন খানিকটা বিশ্বাসযোগ্য হত যদি আপনি ডিকম্পোজ করে দেখাতে পারতেন। এর বেসটা কি ছিল? ক্রাইটেরিয়াগুলি কি, কিসের উপর ভিত্তি করে এই গ্রোথ, সেটা কিন্তু আপনি দেখাতে পারেন নি। আপনি সেন্ট্রাল স্ট্যাটিসটিকাল অর্গানাইজেশনের রিপোর্ট তুলে ধরেছেন। আমি যদি সেটা বিশ্বাস করি, আপনি যদি সেটা বিশ্বাস করেন, তাহলে ন্যাশানাল ব্যুরো অফ ক্রাইমের রিপোর্টগুলিও তো আমরা তাহলে বিশ্বাস করব। এই ব্যাপারে ডঃ মিত্র কি বলেন। সেটাও তো আমাদের বিশ্বাস করতে হবে। আপনি জি ডি পি বৃদ্ধির হার বলেছেন। জি ডি পি বাড়ছে। আপনি শিল্পক্ষেত্রে উন্নয়নের কথা বলছেন। একই সাথে দুটো জিনিস হবে—জি ডি পি বাড়বে, আপনার ইনকাম বাড়বে, আপনার কর্মসংস্থান বাড়বে, উৎপাদন বাড়বে। এটা পরস্পরবিরোধী ব্যাপার হয়ে যাচ্ছে। এটা হতে পারে না। আপনি এই ব্যাপারে নতুন করে চিন্তা করবেন। রাজস্ব আদায়- হ্যাঁ, এটা ঠিক আপনি ৩০ শতাংশ রাজস্ব বাড়াতে পেরেছেন। ধন্যবাদ দেব আপনাকে। কিন্তু যে কথাটা আপনি বলেন নি, গতবার সেটা কিন্তু ১৮ শতাংশ করেছিলেন। আগেবার ছিল পঁচিশ শতাংশ বামফ্রন্টের শেষ বছরে। সেখানে পঁচিশ শতাংশ আপনি সেখানে কমিয়ে করলেন আঠারো শতাংশ। এবার হল ত্রিশ শতাংশ। সেই পাটিগণিতের বানরের কথা মনে আছে? তৈলাক্ত বাঁশ ধরে উঠছে নামছে। তৈলাক্ত বাঁশ ধরে ওঠা নামার মত।

আপনি পঁচিশ থেকে আটারো, আঠারো থেকে ত্রিশ। আবার এবারে কি অবস্থাতে দাঁড়ায় সেটা দেখুন। কিন্তু যে কথাটা আপনি একদম বলেন নি সেটা হল— আপনি গর্ব করে বলেছেন, আপনি একটা রেকর্ডের কথা বলেছেন যে বামফ্রন্ট যখন ছেড়ে গেছে, সেই রাজস্ব আদায়কে আপনি এগারো হাজার কোটি বাড়িয়েছেন - যে কেন্দ্রীয় সরকারের গ্র্যান্ট ইন - বামফ্রন্ট যখন যায় তখন ছিল সাত হাজার আটশো কোটি। আপনি করলেন সেটা ষোলো হাজার আটশো কোটি। নয় হাজার কোটি টাকা বাড়ল। এই জায়গাটাতে আমার মনে হয় টগর বোষ্টমীর মত। টগর বোষ্টমী একটি কথা বলেছিল যে আমি বারো বছর মিনসের সাথে ঘর করেছি, কিন্তু তাকে হেঁসেলে ঢুকতে দিইনি। আপনার ক্ষেত্রে তার ঠিক উল্টো। আপনি মিনসেকে ছেড়ে এসেছেন, কিন্তু তার অন্যায়ভাবে উপার্জিত টাকার ভাগ নিতে কসুর করছেন না। এই যে নয় হাজার কোটি টাকা, এটা আপনার ভাণ্ডারে ঢুকেছে। এরপরেও কিন্তু আপনার স্টেট প্ল্যান একসপেণ্ডিচার, আপনি যে বাজেট বরাদ্দ গত বছর ধরেছিলেন তার থেকে ৩৪০ কোটি টাকা কম খরচ করেছিলেন। ইনকাম এত বেড়ে গেল, তারপরে আপনার যে বাজেট বরাদ্দ ছিল সেটা থেকে আপনি ৩৪০ কোটি টাকা কম খরচ করলেন। করেছেন, অন্য জায়গাতে করেছেন। ধুলা, বালি, মাটি, নানা রকম উৎসব করে প্রচুর টাকা খরচ করেছেন। সেইজন্য মূল জায়গাতে আপনি সেই টাকা খরচ করতে পারেন নি। আপনি ভাবুন এই ব্যাপারগুলি নিয়ে। এবারে তো ছাব্বিশ হাজার ছশো কোটি টাকা ধরেছেন। সেই ধরবার ক্ষেত্রে আপনি আবার ত্রিশ শতাংশে রেভিনিউ আদায় করবেন বলে ধরেছেন। খুব কঠিন ব্যাপার। কিন্তু সেটা হয়ত পারবেন। কিন্তু তারপরে যেটা ধরেছেন এই যে কেন্দ্রীয় সরকারের গ্র্যান্ট ইন এইড আবার সাড়ে চার হাজার কোটি টাকা আপনি ধরে নিয়েছেন। মানে আপনি ধরেই রেখেছেন যে ডিজেলের দাম বাড়বে, পেট্রোলের দাম বাড়বে, কেরোসিনের দাম বাড়বে, তারথেকে সারচার্জ, তারথেকে সেস, এটা আপনার ভাণ্ডারকে একেবারে উপচে দেবে। এই কথাগুলি মা মাটি মানুষের কাছে গিয়ে বলতে পারছেন না? কি করে আপনার ইনকামটা বাড়ছে? কেন্দ্রীয় সরকারের দোষ আমরাও দিয়েছি, আপনারাও দিচ্ছেন। আপনি ছেড়ে এলেন সরকারকে। কিন্তু যে টাকাগুলি পাচ্ছেন সেই টাকার একটা শেয়ার আপনি জনগণের মধ্যে বিলিয়ে দিন এবং বলুন যে, আমি এই টাকা নেব না। ভাণ্ডারের এই টাকা আমি ঢোকাবো না। আমি সেই টাকা জনগণকে দিয়ে দেব। সেটা কিন্তু আপনি করেন নি।

আমি আপনার কাছে বলব ডঃ মিত্র যে, আপনি ২০১৩-১৪-র যে বাজেট প্ল্যান করেছেন, ৮ কোটি টাকার ঘাটতি আছে। এবার রাজস্ব আদায়ের যে পরিকল্পনা করেছেন, সেটাতে যদি পৌঁছেও যান, বাকি গ্র্যান্ট -ইন-এইড্ যদি না আসে আপনার হাতে, তাহলে কি করে ঘাটতিটা মেটাবেন? আপনি তাহলে বাজেট কার্টেল করবেন, আপনাকে বাজেট কমাতে হবে। না হলে আপনাকে নতুন করে ট্যাক্স বাড়াতে হবে। তারপর সেই টাকা আপনাকে মেটাতে হবে। আপনি এত বাজে খরচ করে ফেলছেন। তার ফলে এই যে ঘটনাটা ঘটতে পারে, আপনি সেদিকে নজর রাখবেন। আপনি একদিকে বাজে খরচ করছেন, আবার একদিকে অমানবিকভাবে কিছু খরচ কমিয়েছেন। সেটা আপনি বাজেট বই-এ বলেননি। আপনি পলিটিক্যাল সাফারার, তারা যে পেনশন পেতো, সেই পেনশনন বন্ধ করে দিয়েছেন। পূর্নেন্দুবাবু আপনার লোকেরাও পেতো। আপনি যে দল করতেন, সেই দলের লোকেরাও পেতো। সেটা বন্ধ হয়ে গেছে। সেটা আপনি বাজেটে বলেননি, বিধানসভাকে জানাননি। আপনি পরিবহন দপ্তরের বাজেট বরাদ্দের টাকা খরচ করতে পারেননি। কিন্তু নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কর্মীরা সময় মতো বেতন পান না, তারা সময় মতো পেনশন্ পান না।

তাদের বিধবারা স্বামী মারা গেলে তার যে প্রাপ্য টাকা, সেই টাকা পায় না। আপনি বামফ্রন্ট আমলের মন্ত্রীদের সি.এ. দের পেনশান বন্ধ করে দিয়েছেন। সেই পেনশনের টাকায় আপনারা আপনাদের "ইয়ে"-দের পুষছেন। আপনি সি.এ.দের পেনশন বন্ধ করে আপনি আপনার ঐ টাকা দিয়ে আপনার "ইয়ে"-দের পুষছেন। "ইয়ে" মানে বাংলার "ইয়ে" নয়, ওটা ইংরেজির "E.A." ভুল বুঝবেন না।

এবার একটু শিল্পের ব্যাপারে আসা যাক। শিল্পমন্ত্রী নেই, শিল্পমন্ত্রী থাকলে ভালো হ'ত। আপনাদের দু'জনকে একসাথে দেখলে আমার খানিকটা "গুপী গাইন বাঘা বাইন"-এর মনে হয়ঃ ঢোল বাজিয়ে গান করছেন, "ভূতের রাজা দিল বর"। আরে বাবা ভূতের রাজা কি বর দিল সেটা বলুন। শিল্প হবে, শিল্প হবে করছেন। আগেরবার বাজেট বইয়ে বললেন, ৮০ হাজার কোটি টাকার বিনিয়োগের প্রতিশ্রুতি পাওয়া গেছে। এবার সেটা বাড়িয়ে বললেন ১ লক্ষ ১৩ হাজার কোটি টাকার বিনিয়োগের প্রতিশ্রুতি এসেছে। শুধু প্রতিশ্রুতিই আসবে। আর প্রতিশ্রুতি এলো ৮০ হাজার কোটি টাকার, প্রতিশ্রুতি এলো ১ লক্ষ ১৩ হাজার কোটি টাকার। আর বিনিয়োগ হ'ল ৩১২ কোটি টাকার। ড. মিত্র আপনি কিভাবে প্রভাবিত হয়েছেন, সেই ব্যাপারে আমি পরে আসছি। কিন্তু আপনি বলুন যে— আপনি শিক্ষিত মানুষ-আপনি বলুন যে ৩১২ কোটি টাকা বিনিয়োগ করে কোনো দেশে, কোনো রাজ্যে ১০ লক্ষ ২৪ হাজার কর্মসংস্থান হতে পারে কিনা। আমি জানি না এর মধ্যে ফুচকাওয়ালা, বাদামওয়ালা, চানাচুরওয়াল,-এদের ধরেছেন কিনা। এদের যদি ধরে থাকেন, তাহলে ১০ লক্ষ ২৬ হাজার হ'তে পারে। কিন্তু এটা কখনোই সম্ভব না। শিল্প হবে না, আর কর্মসংস্থান হবে? আর শিল্প হবে কি করে? আপনি ২০ মাসে কোনো শিল্পনীতি করতে পারেননি, কোনো জমি নীতি করতে পারেননি। একেবারে ঝোলার থেকে বেড়াল বেরিয়ে আসছে। আপনারা এই যে বললেন, "ল্যাণ্ড ব্যাঙ্ক" এর কথা, একজন সাংসদকে কেন্দ্র করে একটা ঘটনা, সেই ঘটনায় বিভিন্ন দপ্তরের সচিবদের সেই সাংসদের বিবৃতি-পরিষ্কার হয়ে গেলো যে পশ্চিমবাংলায় "ল্যাণ্ড, ব্যাঙ্ক" বলে কিছু নেই, সব ভাঁওতা। এই করে চালিয়ে যাবেন? আর এই করে মানুষকে ভুল বোঝাবেন? আমি আপনাকে বলছি যে, ২০১২-তে বিনিয়োগ হয়েছে ৩১২ কোটি টাকা, এই রাজ্যে ২০১০ সালে বিনিয়োগ হয়েছিল ১৫ হাজার কোটি টাকার বেশি। কেন হচ্ছে না? কেন পারছেন না? এগুলো একটু ভেবে দেখতে হবে।

[3.10–3.20 pm]

কর্মসংস্থানের ব্যাপারে বলেছেন। যারা ১০ লক্ষ ২৪ হাজার কর্মসংস্থান করে তাদের কখনও বেকার ভাতা দিতে হয় না,আপনি ভালো করে জানেন। ১০ লক্ষ ২৪ হাজার কর্মসংস্থান করছেন, আবার ১ লক্ষ বেকার ভাতা দেবেন। আজকেই সংবাদ মাধ্যমে দেখছিলাম ৫ লক্ষ নাকি নাম নথিভুক্ত হয়ে গেছে।। ক্রাইটেরিয়া কি হবে বলুন? ক্রাইটেরিয়া কি হবে এই ১ লক্ষ বাছার ক্ষেত্রে? এবারে একটা কেস হবে, একটা মামলা হবে, ওটা আটকে যাবে। আর আপনারা বলবেন এই যে দেখুন আমরা দিতে চেয়েছিলাম এরা এত জনগণ বিরোধী যে এরা এটা দিতে দিলো না। একটা করে সমস্যা সৃষ্টি করছেন, সেই সমস্যার জালে আটকে যাচ্ছেন। আর বলছেন যে এটা সাজানো ঘটনা। এ করে চলবে না। আমি আপনাকে তিনটে প্রশ্ন করবো, এগুলির নিশ্চয়ই আপনি উত্তর দেবেন।

আগের গুলোর উত্তর না দিলেও চলবে। এই তিনটে প্রশ্নের উত্তর আপনি দয়া করে দেবেন। আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের আপনি দু-টাকা কেজি দরে চাল দিচ্ছেন। কত অনিচ্ছুক কৃষককে আপনি দু- টাকা কেজি দরে চাল দিচ্ছেন। কত টাকা তাঁদের দিচ্ছেন, আর সেই অনিচ্ছুক কৃষকদের হাতে কত পরিমাণ জমি আছে, আপনার জবাবের সময় সেটা উল্লেখ করবেন। দ্বিতীয় একটা প্রশ্ন আপনি অপ্রাসঙ্গিক ভাবে একটা ব্যাপার নিয়ে এসেছেন. স্বাস্থ্য দপ্তরের ব্যাপারে বলতে গিয়ে আপনি বলেছেন fair price medicine shop-এর কথা। এবার fair price medicine shop কটা আছে? ৫০, ৬০ টা ছাড়া আর কি হবে। এর বাইরে যে দোকানগুলো সেগুলো কি unfair price medicine shop? সেগুলো কি ভাবে চলছে? সেগুলোকে কেন চলতে দেওয়া হচ্ছে? এবার আপনি আমায় একটা কথা বলুন। এই যে fair price medicine shop এটা কি সাবসিডিতে চলছে? কোথাও লেখেন নি যে সাবসিডিতে চলছে। সাবসিডিতে চলছে কোথাও বলেন নি। সাবসিডি দিচ্ছেন না। সাবসিডি যদি না দেন. —এখানে অনেক ডাক্তারবাবু আছেন, ওষুধ কোম্পানীতে চাকরী করেছেন এরকম অনেকে আছেন. আমিও তার মধ্যে একজন, এক সময় ওষুধ কোম্পানীতে চাকরী করতাম। আমি আপনাকে বলছি এই যে ওষুধের দোকানগুলো যেগুলোকে বলছেন fair price medicine shop যেখানে ৪৮% থেকে ৬৮% আপনি MRP-র নীচে দাম কমিয়ে ওষুধ দিচ্ছেন। আমি জানি manufacturer, manufacturer থেকে CNF agent, CNF agent থেকে distributor, distributor থেকে retailer, এই একটা চেন্। এখানে বড়জোর ৩০% থেকে ৪০% টাকা থাকে। তাহলে কোন manufacturer -রা এই দোকান করছে না, fair medicine shop কোন ওষুধের কোম্পানী করছে না। করছে কোন ব্যক্তি? এই অবস্থায় তারা কি করে ৫০% থেকে ৭০% MRP-র থেকে কম দামে ওষুধ দিচ্ছে সেটা আপনাকে বুঝতে হবে। আমি আপনাকে একটা ঠিকানা দিই কলকাতা বড়বাজারের বাগড়ী মার্কেট, সেই বাগড়ী মার্কেটে আপনি অন্তত পক্ষে ৫০০ কোম্পানী পাবেন যার নাম আপনি শোনেন নি, আমি শুনি নি. কেউ শোনে নি। কেউ শোনে নি সেই নাম। যেসব কোম্পানীতে ওষুধ তৈরী হয় তাদের quality control department আছে। এদের quality control dipartment তো দূরের কথা, quality maintain করতে যে A, B, C, D লাগে তার কোন পরিকাঠামো নেই। এরা পারবে। এরা MRP-র নীচে ৫০,৬০,৭০ % দাম কম নিয়ে আপনাকে দিতে পারবে। সেখানে quality-র সঙ্গে comprise করা হবে, quality control হবে না। আমি আপনাকে বলবো সস্তার হাততালি কুড়নো ভালো, কিন্তু অন্তত পক্ষে ওষুধ নিয়ে মানুষের জীবন নিয়ে খেলা করবেন না। তৃতীয় কথাটা আমি বলবো যে আপনি ইমাম ভাতার কথা বলেছেন। এই ইমাম ভাতার কথাটা মাননীয় অর্থমন্ত্রী আপনি দয়াকরে শুনবেন। কত জনকে দেবেন বলেছিলেন? ৩০ হাজার ইমাম সাহেবকে। ভাতা দেবেন বলেছিলেন। এখনও পর্যন্ত ৩০ হাজার হয়নি। ভাতা পান ৩০ হাজার ইমাম কেন, আর বেশি পাক। আমাদের রাজ্যে মুসলমি জনসংখ্যা কত? পৌনে ৩ কোটি। তা ৩০ হাজার ইমাম সাহেব যদি ভাতা পান মুসলমানদের সমস্যা মিটবে না। কিন্তু আপনি সারা পৃথিবী ঘুরেছেন, ভারতবর্ষের সব রাজ্য ঘুরেছেন আপনি বলছেন, মুসলিম ইমাম সাহেবদের ভাতা দেওয়া হচ্ছে কারণ ইমাম সাহেবরা সমাজের উন্নয়নের জন্য কাজ করছে। আর ইমাম সাহেবরা পালস পোলিও এই যে কর্মসূচী সেটাকে রূপায়ণ করবার ক্ষেত্রে উদ্যোগ গ্রহণ করছেন। এবার মাননীয়

অর্থমন্ত্রী আপনি আমায় বলুন তো মুসলিমদের একটাই সমস্যা-পালস পোলিও? এই যে পৌনে ৩ কোটি মুসলমান তার ৮০ ভাগ আর্থিক দিক থেকে পিছিয়ে পড়া। তাদের স্বাস্থ্য, তাদের শিক্ষা বিশেষ করে নারী শিক্ষা, তাদের কুসংস্কার, তাদের ধর্মান্ধতা এই ব্যাপারে ইমাম সাহেবদের কি ভূমিকা সেটা বলুন। তারপরেও তাদের ভাতা দিচ্ছেন, তারপরেও তাদের ভাতা দিচ্ছেন কারণ এটা আমরা কেউ অস্বীকার করতে পারি না গ্রামীন এলাকার অশিক্ষিত, অর্ধ শিক্ষিত মুসলমিরা ব্লকে ভোট দেন, একবারে দল মিলে ভোট দেন তাদের সমাজে ইমামদের একটা আলাদা প্রভাব আছে। প্রভাব খাটিয়ে ভোটটা দরকার আছে তার জন্য ইমামদের ভাতার বন্দোবস্ত করেছেন। আমি আপনাকে বলি সমাজটার কি ক্ষতি করছেন জানেন। আমার বাড়ি দিনহাটায়। দিনহাটায় পার্টি অফিসে বসে আছি সামনে বড় রাস্তা, দেখি মিছিল যাচ্ছে। মিছিলে ফ্ল্যাগ নেই, ফেস্টুন নেই কিন্তু স্লোগান আছে। ছেলেদের বললাম যাও তো দেখে এসো কারা যাচ্ছে? কি স্লোগান দিচ্ছে? তারা এসে বলল, যে দাদা পুরোহিতেরা মিছিল করে যাচ্ছে। আর পুরোহিতেরা স্লোগান দিচ্ছে—ইমামদের ভাতা দিলে পুরোহিতদেরও ভাতা দিতে হবে। সর্বনাশ করে দিচ্ছেন। আমাদের যে সাম্প্রদায়িক সম্প্রীতি, আমাদের রাজ্যের অনেক কিছু নেই কিন্তু এই যে প্রেম ভালোবাসা সাম্প্রদায়িক সম্প্রীতি ভোটের লোভে এটাকে নষ্ট করছেন। আমি আপনার কাছে আবেদন করব আরও চিন্তা করুন, আরও ভাবুন। এই মুসলমি সমাজকে উঠিয়ে আনতেই হবে। আমাদের উন্নয়নের জন্য, রাজ্যের উন্নয়নের জন্য, এই পিছিয়ে পড়া মুসলিমদের কল্যাণে কাজ আমাদের করতে হবে কিন্তু ভোটের দিকে তাকিয়ে নয়। আমি স্যার, একটা কথা বলে শেষ করব। সেটা হচ্ছে, ঐ অসিতবাবু চলে যাচ্ছিলেন জিজ্ঞাসা করছিলেন আপনাকে, যে আপনি কার কথায় কাজ করছেন, কার কথায় বাজেট তৈরী করছেন? আমি সিনেমা দেখিনা, সিনেমা দেখবার সময় হয় না। কিন্তু শুনেছি হিন্দীচলচ্চিত্র জগতে একজন নায়িকা আছে তার ডাক নাম বেবো। এই যে বাজেটটা পড়ছিলাম, আপনার বাজেট বক্তৃতায় এত হবে, দেখব, করব আমার মনে হচ্ছিল আপনার এই বাজেট তৈরী করবার ক্ষেত্রে কোন বোবো দিদি আপনাকে প্রভাবিত করেছে। ধন্যবাদ।

শ্রী চুড়ামনি মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১১.৩.২০১৩ তারিখে মা-মাটি-মানুষের সরকারের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র সাহেব অর্থ বাজেট রেখেছেন। আজ বিগত তিন দিন পরে আলোচনা চলছে। আমি একজন পশ্চিম মেদিনীপুর, জঙ্গলমহলের গোপিবল্লভপুরের প্রথম বারের বিধায়ক। আমি এখানে বাজেট বক্তৃতা দিতে গিয়ে প্রথমেই বলি, যে জঙ্গলমহল - আগের বক্তাগণ অনেকে বলছেন কাঁদছেন। আমি প্রথমেই এখানে বলি জঙ্গলমহল তথা গোপিবল্লভপুর, নয়াগ্রাম, ঝাড়গ্রাম, লালগড়, বীনপুর, জামবনি, বেলপাহাড়ী, বড়া অঞ্চল লাল মাটির দেশ,

[3.20–3.30 p.m.]

এবং এখানে অসহায় মানুষ, ব্যক্তি, বাস করে বেশি। গত ৩৪ বছরে ঐ এলাকার মানুষ তেমন কিছু উন্নয়নের ধারা পায়নি। তো, তাই আমি বলব, মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের বলেছিলেন যে আমি অবহেলিত এই বনাঞ্চলের মানুষের জন্য প্রথমে তাদের খাদ্য সংস্থানের ব্যবস্থা করবো। উনি কথা দিয়েছিলেন, কথা রেখেছেন, বাড়ী বাড়ী ২ টাকা কেজি দরে চাল সবাই পাচ্ছে। ২ টাকা কেজি দরে চাল এটাতো ৩৪ বছরে চলে গিয়েছিল, গরীব ম নুষেরা কোনদিন পায়নি। তাই বলি, আমাদের বাজারে যেটা কুঁড়ো পাওয়া যায় তার দাম ৭টাকা। আর যদি ২ টাকা কেজি গরীব মানুষ

চাল পায়. এর থেকে কি বেশী হয়। পেপারে দেখেছিলাম। বিগত ২ বছর আগের কথা বলি, যে ঐ অঞ্চলের মানুষ পিঁপড়ের ডিম খেয়ে জীবন ধারণ করত। এবং এখনও আমার দাদা বা ভাই বলছেন. এখনও খাচ্ছে কিছু। বাস্তব কথা। তাই আমি বলব, পিঁপড়ের ডিম খাওয়া আর এই যে তাদের পেটে অন্ন সংস্থান দেওয়া এটা চাট্টিখানি কথা নয়। মানুষ এখন খাবারের অভাব পায় নি, মানুষ দুমুঠো পেট ভরে ভাত খাচ্ছে। গত ২০ বা ২২ মাসের সরকার , এই অবস্থায় - ঐ এলাকায়-যে বাজেট আজকে পেশ হয়েছে ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার, আমি তার আগের বাজেটে যদি যাই তো আমি বলব. এলাকায় ঘুরলে দেখবেন, মন্ত্রী সাহেবরা বারেবারে এলাকায় যাচ্ছেন. সাহেবদের বলছেন এলাকার মানুষ, দিদিকে যা বলেছিলাম তার দ্বিগুণ পেয়ে গেছি। রাস্তা-সমস্ত রাস্তায় মোরাম, মাটি কাটার কাজ, পুকুর খনন.স্কুল থেকে শুরু করে. কৃষি থেকে শুরু করে, বইতে যা লেখা আছে, বাস্তব কথা, আমরা বিগত ২০ মাস বা ২২ মাসে অনেক উন্নতিসাধন করেছি। তাই আমি বলব, আজকে বিধানসভায় এই সদনে আমি প্রথম সদস্য হিসাবে ভুল ত্রুটি হতে পারে। আমার এক ভাই বলছিল. ওদিকের ভাইয়েরা অনেকে হাসাহাসি করছিল। যাইহোক আজকে এখানে বলার সুযোগ পেয়েছি, তাই বলছি, ৩৪ বছরের আজকে ওনারা বলছেন, যে আমাদের উৎসব ভাতা, যুবক ভাতা কেন হচ্ছে? তা আমি বলব, মাননীয় মুখ্যমন্ত্রী গত ১২ ই জানুয়ারী, ২০১২ ঝাড়াগ্রামে সরকারি প্রোগ্রামে যাওয়ার কথা ছিল। গিয়েওছিলেন। দিন পনের আগে আমাদের এলাকায়, বিধানসভা এলাকায়, সব আশা কর্মীরা একটি লিখিত আবেদনে জানিয়েছিল যে সাহেব, বিধায়ক সাহেব, আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর সাথে দেখা করব। আমি বলেছি যে না হতেই পারে না। সরকারি প্রোগ্রামে। আপনাদের দেখা করা সম্ভব হবে না। তবে সভায় যেতে পার। সভায় গিয়েছিলেন, বেগুনি রঙের শাড়ী পরে। হল্লা, চিল্লা করছিল। খালি ওদের দিতে হবে, দিতে হবে চিল্লা, হল্লা করছিল। তাই বলব, আজকে বাজেটে লেখা আছে, ১০০ টাকা পায় এক মাসে, ৫ থেকে ৬ দিন যেতে হয় স্বাস্থ্যকেন্দ্রে, উপ-স্বাস্থ্যকেন্দ্রে, গ্রামে। মাসে ১০০ টাকা ভাতা। আজকে তাদের ভাতা শুনলে খুশী হবেন, আশা কর্মীরা আকাকে কাল পরশু থেকে প্রায় বিশজন ফোন করেছে। আমার কাছে তারা এসেছিল এবং বলেছিল যে বিধায়ক সাহেব আমরা একশো টাকায় আর কতদিন কাজ করবো। আমাদের ভাতা বৃদ্ধি করা হোক। তাই মাননীয়া মুখ্যমন্ত্রী বাজেট বইতে লিখেছেন ১৩০০ টাকা তাদের ভাতা হবে। এটা চাট্টিখানি কথা নয়। আজকে বলা হচ্ছে যে বাজেট পেশ হয়েছে সেটা পঞ্চায়েতমুখী। আগে তখনও তো অনেকমুখী ছিল, আসা ছিল, নৈরাশা ছিল, ভরসা ছিল, কিষাণ বন্ধু ছিল, প্রাণী বন্ধু ছিল, শিক্ষক বন্ধু ছিল। তারাও বলছে আমাকে যে আমরা অল্প পয়সার মধ্যে কতদিন কাজ করব।তাহলে ভাতা দেওয়ার অর্থ নেই। আজকে বাজেটের ওপরে বিরোধিতা করা হচ্ছে। আমি বেশি কথা বলবো না, আমি আই এ এস বা বড় কোনো অফিসার নই, আমি বি ডি ও সাহেব নয়, আমি ডাক্তার নই। আমি অল্প কথা বলছি জঙ্গলমহলের বিধায়ক হিসাবে যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন এই বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমি আমার ছোট বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতি সাবিনা ইয়াসমিন : মাননীয় স্পিকার স্যার আপনার মাধ্যমে বিশিষ্ট অর্থবিদ অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. মিত্র ২০১৩-১৪ আর্থিক বছরের ব্যয় বরাদ্দের জন্য যে ২৬,৬৭৪ কোটি টাকা বাজেট প্রস্তাব পেশ করেছেন আমি সম্পূর্ণরূপে তার বিরোধিতা আমার বক্তব্য পেশ করেছি। বিগত দীর্ঘ বামফ্রন্ট সরকারের অপশাসনের ফলে বাংলার আর্থ সামাজিক দিক পঙ্গু হয়ে পড়েছে

এবং দু লক্ষ তিন হাজার কোটি টাকার ঋণভার চাপিয়ে দিয়ে তারা বিদায় নিয়েছেন। বর্তমান সরকার তার পরিপ্রেক্ষিতে আট হাজার কোটি টাকার ডেফিসিট বাজেট পেশ করবেন তাতে আমাদের কোনো অনুতাপ নেই,আমরা দুঃখিত নয়। কিন্তু আমরা দুঃখিত যখন আমরা দেখতে পাচ্ছি যে ৩২ হাজার কোটি টাকা রেভিনিউ আদায় করার পরেও আবার ২২, ৩৯৬ কোটি টাকা বিভিন্ন সেক্টর থেকে ঋণ নিয়ে অতিরিক্ত ২৫ হাজার কোটি টাকা যখন সুদ আসলে আমাদের ঋণ দিতে হচ্ছে তাতে আমরা চিন্তিত, তাতে আমরা অনুতপ্ত। কারণ গতবার আমরা ২২ হাজার কোটি টাকা সুদ আসল ঋণ দিয়েছিলাম। এ বছর তার মাত্রা বেড়ে দাঁড়িয়েছে ২৫ হাজার কোটি টাকা। আমরা অনুতপ্ত যে বিগত সরকার যেভাবে বাংলাকে পঙ্গু করে দিয়ে গেছে সেখানে আমরা ভেবেছিলাম নতুন সূর্যোদয় উঠবে, আমরা নতুনভাবে বাঁচবো, নতুন আশার আলো দেখতে পাবো। কিন্তু দেখতে পাচ্ছি ঋণের বোঝা একের পর এক আমাদের মাথায় বেড়েই চলেছে। তাহলে আমাদের প্রশ্ন, আমরা কি ঋণমুক্ত রাজ্য দেখতে পাব না? এখানেই আমাদের বিরোধিতা। মাননীয় মুখ্যমন্ত্রী কোথাও বলেছেন, তিনি বিভিন্ন জায়গায় বলেছেন যদি সত্যিকার এভাবে ঋণের বোঝা আমাদের মাথায় চাপতে থাকে, যদি সত্যিকারে নিলাম করে দেওয়া হয় তাহলে এই রাজ্যকে কেউ নিলামেও নেবে না। মাননীয় ড. মিত্রের কাছে আমার আপিল তিনি অভিজ্ঞ ব্যক্তি, সিনিয়র এবং আমি তাঁর মেয়ের তুল্য, ওনার এক্সপেরিয়েন্স অনেক বেশি, আমার শেখার জায়গা, আমার অনেক শেখার আছে। এই বাজেটে বিভিন্নভাবে কর আদায়ের কথা বলা হয়েছে, বিভিন্নভাবে রেভিনিউ কালেক্টের কথা বলা হয়েছে। গতবার এগারো হাজার কোটি টাকা অতিরিক্ত রেভিনিউ আদায় হয়েছে তারজন্য আমি ধন্যবাদ জানাই। তাসত্ত্বেও এখানে আমি মনে করি যে এর মধ্যে দিয়েও আমাদের একটা জায়গায় যেতে হবে। যে রাজ্যে আয় এবং ব্যয়ের সমতা নেই, সেই রাজ্যে আমরা কি করে আয় বাড়তে পারবো? একটা কথা আমাদের মাথায় রাখতে হবে। প্রথম কথা হচ্ছে কর, ট্যাক্স, সেল ট্যাক্স, এগুলো তো আছেই। এগুলো রীতি অনুযায়ী, সিস্টেম অনুযায়ী আমাদের সেই আয়টা আসে। সম্পদ-যেটা সবথেকে বড় কথা। সেই সম্পদ সৃষ্টির জন্য কেন ভাবা হচ্ছে না? সেই সম্পদ সৃষ্টি করে কেন আজকে আমরা বাংলার ঋণকে কমাতে পারছি না। সেই জায়গায় আমি একটু দৃষ্টিগোচর করার চেষ্টা করবো। আমি দৃষ্টিগোচর করার চেষ্টা করবো এক্সাইজ নিয়ে। যে এক্সাইজের জন্য আজকে গ্রামেগঞ্জে মদের ব্যবসা ডি কন্ট্রোলিং হয়ে পড়েছে। বিভিন্নভাবে আমরা দেখতে পাচ্ছি শুধু শহর নয়, গ্রামেও সন্ধ্যার পর আমরা ঢুকতে পারছি না। সেখানে মদ খাওয়ার পরিমাণ এত বেড়ে গেছে।

[3.30–3.40 pm]

তাকে কন্ট্রোল করে সেখান থেকে কিভাবে রেভিনিউ আদায় করা যায় সেই জায়গাটা আমাদের দেখতে হবে। আমরা জানি আমরা ডেভালপিং কাউন্ট্রিতে বসবাস করি। এখানে বেশীর ভাগ টাকায় ঋণ, সুদ এবং বেতন দিতে চলে যায়। তা সত্ত্বেও এই বাজেটে কতগুলি বিষয় উপস্থাপিত করা হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে কয়েকটি কথা আমাকে বলতেই হয়। আজকে আমরা দেখতে পাচ্ছি বাজেট বক্তৃতায় কৃষি নিয়ে কৃষকদের মন ভোলানো কথা বলা হচ্ছে। এটা সত্যি, কৃষকরা আজকে ধানের ন্যায্য মূল্য পাচ্ছে না, আলুর ন্যায্য মূল্য পাচ্ছে না, গমের ন্যায্য মূল্য পাচ্ছে না। আমরা দেখেছিলাম বামফ্রন্টের আমলে তেতাল্লিশটা রেগুলেটেড মার্কেট ছিল। সেই রেগুলেটেড মার্কেটের নাম পরিবর্তন করে নতুন সরকার কিষাণ মাণ্ডি রেখেছিল। তারা বলেছিল ৩৪১ টি ব্লকে

কিষাণ মাণ্ডি হবে, এটা ভালো কথা। কিন্তু এই বাজেটে আমি দেখলাম না তার কোন পরিকল্পনা আছে। যেভাবে রেগুলেটেড মার্কেটগুলো শেষ হয়ে গেছে, আগামী দিনে কিষাণ মাণ্ডিগুলোও সেইভাবে ধ্বংসের পথে এগোবে না তো! কারণ এই ব্যাপারে কোন সুনির্দিষ্ট সিস্টেম অ্যাডাপট করা হয়নি। আমি বলতে চাই, কিষাণ মাণ্ডির যে সংখ্যা এবং এস্টিমেস্ট কস্ট দেওয়া হয়েছে তাতে গত বছরের বাজেট এবং ২০১৩-১৪ সালের যে বাজেট বরাদ্দ সেখানে একটা বিস্তর ফারাক আমরা দেখতে পাচ্ছি। তাই আমি আপিল করব— বামফ্রন্টের মত গ্যাট চুক্তির বিরোধিতা করে, কম্পিউটার সিস্টেমের বিরোধিতা করে, ইংরাজী শিক্ষা তুলে দিয়ে যেভাবে রাজ্যকে পঙ্গু করে দেওয়া হয়েছিল, সেইভাবে নয়—যত তাড়াতাড়ি সম্ভব FDI-কে আপনারা আমাদের রাজ্যে নিয়ে আসুন। তাহলে কৃষকদের মুখে হাঁসি ফুটবে, গ্রাম বাংলা সোনার বাংলা হবে। আজকে শিল্পের কথা বলতে গিয়ে বলতে হয়, বামফ্রন্টের আমলে ৫৪ হাজার ইণ্ডাস্ট্রি বনধ্ হয়ে গেছে। আমরা ভেবেছিলাম এই নতুন সরকার, নতুন উদ্যম নিয়ে শিল্প-কারখানা গড়ে তুলবে। কিন্তু আমরা কি দেখলাম? আমরা দেখতে পেলাম ভ্রান্ত জমি নীতির জন্য, কখনো, বা FDI বিরোধিতা করার জন্য, কখনো বা ইনপোসিসকে এস. ই. জেডের তকমা না দেওয়ার জন্য আজকে রাজ্যের শিল্প শিকেয় উঠেছে। আজকে আমরা জানি স্বাস্থ্যই সম্পদ। সেই স্বাস্থ্যের বেহাল অবস্থা আমরা প্রত্যেকটি জায়গায় দেখতে পাচ্ছি। আপনারা সবাই জানেন, গত কয়েকদনি আগে আনন্দবাজার পত্রিকায় একটা নিউজ বেরিয়েছিল, National Rural Health Mission-এর জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা রাজ্যের জন্য বরাদ্দ করেছিল তার থার্টিন পার্সেন্টি টাকা মাত্র খরচ হয়েছে। লজ্জা লাগে, ভাবতে অবাক লাগে, যেখানে প্রতিটি মুহূর্তে আমাদের শুনতে হয় টাকা নেই, টাকা নেই, সেই জায়গায় দাঁড়িয়ে স্বাস্থ্য কেন্দ্রগুলো পরিকাঠামোর অভাবে ধুঁকছে, ডাক্তার, নার্সের অভাবে ধুঁকছে, তখন সেই টাকা কেন আজকে ইউটিলাইজড হচ্ছে না। আমি হার্টলি ধন্যবাদ জানাব ড. মিত্রকে, তিনি 'আশা' কর্মীদের ১৩০০ টাকা অনুদান দিয়ে তাদের পাশে দাঁড়িয়েছেন বলে। পাশাপাশি আরও একটি কথা বলতে চাই এবং আপনাদেরও জানা উচিত, 'আশা' কর্মীদের পাশাপাশি সেকেণ্ড এ. এন. এম বলে যারা আছে তারাও কাজ করে। সেই সেকেণ্ড এ. এন. এম.-রা টাকাতো দুরের কথা, বর্তমানে তাদের নিজস্ব কোন আইডেনিঅটফিকেশান নেই। আজকে শিক্ষার কথা যদি আমি বলি, দশ হাজার মাদ্রাসাকে আমাদের অনুমোদন দেওয়ার কথা ছিল। কিন্তু বাস্তবে কোথায় রূপায়িত হয়েছে সেটা আমরা বুঝতে পারছি না। SSk এবং MSK স্কুলগুলোকে একই ছাদের তলায় আনার কথা এই নতুন সরকার বলেছিল। কিন্তু ২০১৩-১৪ সালের বাজেটের মধ্যে তার কোন উল্লেখ নেই। শুধু তাই নয়, প্রতিটি ব্লকে একটি করে কলেজ হওয়ার কথা বলা হয়েছিল, তারও কোনও উল্লেখ আমরা এই বাজেট বক্তৃতার মধ্যে দেখতে পেলাম না। পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী সুব্রত মুখার্জীকে হার্টলি অভিনন্দন জানাব। কেন্দ্রীয় সরকার যে বঞ্চনা করছেন না সেটা তিনি আঙুল দিয়ে বুঝিয়ে দিয়েছেন এবং তিনি কেন্দ্রীয় সরকারের এই বিভাগের মন্ত্রীর সঙ্গে সুসম্পর্কের ভিত্তিতে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় গত বছরে ১৩ হাজার কিলোমিটার রাস্তা আনতে সক্ষম হয়েছেন।

বি.আর.জি.এফে. ৮ হাজার কোটি টাকা, এন. আর.ই.জি. এসে ১৩ হাজার কোটি টাকা, বি. এ. জি. পি.তে ১২০০ কিলোমিটার রাস্তা তিনি অতিরিক্ত আনতে সক্ষম হয়েছেন। তাতেই প্রমাণিত হয় যে, কেন্দ্রীয় সরকার বঞ্চনা করে না। প্ল্যান ভিত্তিক যদি খরচ করা যায় তাহলে সেই ভিত্তিতে আগমী দিনে কেন্দ্রীয় সরকার তার ছেলেদেরকে বঞ্চিত করতে পারে না, তার শিশুদেরকে

বঞ্চিত করতে পারে না। সেটা হটে হবে সিস্টেমিক, সেটা হতে হবে প্ল্যান ভিত্তিক। আজকে সংখ্যা লঘু সম্প্রদায় বলে, সি. পি. এম. রা যেভাবে সংখ্যালঘু সম্প্রদায়কে ঠকানো চেষ্টা করেছিলেন ঠিক একই ভাবে আজকে এই নতুন সরকার, তৃণমূলের সরকারও এই সংখ্যা লঘু সম্প্রদায়কে নিয়ে ছিনিমিনি খেলা খেলছেন। কিসের সাইকেল বিতরণের কথা বলছেন? কিসের জন্য আপনারা আজকে এই স্টুডেন্টদের সেই একশো টাকা করে দেওয়ার কথা বলছেন? প্রধানমন্ত্রীর ফিফটিন পয়েন্ট প্রোগ্রাম অনুযায়ী আমরা দেখতে পাচ্ছি গত বছর হাউসি স্কীমের জন্য আমাদের এম. এস. ডি. পি. - র ফাণ্ড থেকে, প্রধান মন্ত্রীর ফিফটিন পয়েণ্ট প্রোগ্রামের মাধ্যমে মাইনরিটি ডিপার্টমেন্টের হাউসিং স্কীম থেকে আমরা ৮০ হাজার হাউসিং স্কীমে অ্যালট পেয়েছিলাম। সেখানে খুব দুর্ভাগ্যের বিষয় যে এই অবধি গত আর্থিক বছরে সেই কাজ হয়েছে এবং মাত্র ১৩২৮ টি ফ্ল্যাট তৈরী হয়েছে। অঙ্গনওয়াড়িতে, আমরা ৭ হাজারটা অঙ্গনওয়াড়ির কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেয়েছি। কিন্তু সেক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে কাজ হয়েছে মাত্র ১০৮৭ টি। আমরা দেখতে পাচ্ছি যে প্রি ম্যাট্রিক এবং ম্যাট্রিক স্টুডেন্টদের জন্য যে স্কলারশিপ দেওয়া হয়েছে। আমাদের কেন্দ্রীয় সরকার ১১ লক্ষ ৫৫ হাজার জনকে স্কলারশিপ দেওয়ার অনুমোদন দিয়েছেন। সেক্ষেত্রে এই সরকার ১ লক্ষ, ৫,৭২৬ জনকে এই স্কলারশিপ দিয়েছে। আমরা ধিক্কার জানাই, যে কেন্দ্রীয় সরকারের এবং পিছিয়ে পড়া শ্রেণীর লোকেদের টাকা নিয়ে যারা আজকে ইমপ্লিমেন্টের কাজ করতে পারছে না তাদেরকে আমরা ধিক্কার জানাই। প্রতিটি ব্লকে একটি করে মডেল স্কুল হওয়ার কথা ছিল। সেই মডেল স্কুলও আজকে সম্পূর্ণ ভাবে সমাপ্ত হয়নি। মাননীয় মন্ত্রী এবং পানীয় জল নিয়ে একটি কথা বলতে চাই। আমি জানি না সুব্রত বাবুর মালদার ওপরে কি রাগ, মালদায় পাঁচটি ব্লক হচ্ছে আর্সেনিক অ্যাফেকটেড এরিয়া। প্রতিটি মানুষ জলের জন্য হাহাকার করছে। অথচ, কেন আজকে মালদার জন্য, আর্সেনিক মুক্ত পানীয় জল পরিষেবার জন্য কোন অর্থ বরাদ্দ হল না। তার জন্য এই বাজেট আমি মেনে নিতে পারছি না। আজকে উত্তরবঙ্গ উন্নয়ন, উত্তর বঙ্গের উন্নয়নের আমরা যা দেখলাম, গত বছরে উত্তর বঙ্গ উন্নয়নের নিজস্ব কোন বাজেট নেই। বি. আর. জি. এফের টাকাকে নিজস্ব টাকা বলে উত্তরবঙ্গ উন্নয়নের মন্ত্রী যে দাবী করছেন এতে আমার মনে হয়, আগামী দিনে মানুষকে ভুল বুঝিয়ে লাভ নেই। সত্যিটাকে স্বীকার করে নিতে হয় এবং সেটা করা উচিত। আজকে কর্ম সংস্থান বাজেট বিবৃতিতে আমরা দেখলাম ১০ লক্ষের কর্ম সংস্থান এবং পূর্ণেন্দু বাবুর লেখনীতে ১৮৯৯ জনের চাকরী হয়েছে, আমরা যে বিবৃতি পেয়েছি এই নিয়ে আমাদের মনে বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। আজকে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে যারা নাম লিখিয়েছে তারা ১৫০০ টাকা অনুদান পাবে এটা ঠিক নয়। যখন তাদের কাজ করার সময় তখন ১৫০০ টাকা ঘুষ দিয়ে যেভাবে তাদের উদ্যম এবং কর্মসক্ষমতাকে পঙ্গু করে দেওয়ার চেষ্টা হচ্ছে সেটা বাংলার মানুষের জন্য শুভ নয়। ড. মিত্রকে আমি অ্যাপিল করতে চাই, যুব সম্প্রদায়কে .... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)...

শ্রী আবির রঞ্জন বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থ মন্ত্রী ২০১৩-২০১৪ অর্থ বর্ষের জন্য যে বাজেট পেশ করেছেন আমি তার পূর্ণ সমর্থনে এই সভায় কিছু কথা বলতে চাই এবং কেন আমি এই বাজেটকে সমর্থন করছি তার কারণগুলোও কিছুটা তুলে ধরতে চাই। প্রথমেই বলবো, এর পূর্বে আমরা এই বিধানসভায় বহু বাজেট দেখেছি। কিন্তু এমন গণতান্ত্রিক, স্বচ্ছ, সুবিন্যস্ত এবং সহজ বাজেট বোধহয় আজ পর্যন্ত এই বিধানসভা দেখেনি। মনে রাখতে হবে আমাদের রাজ্যের ৭০ শতাংশ পপুলেশান যা ৬ কোটিরও বেশী তা কিন্তু গ্রামীণ এলাকায় বসবাস

করে। কিন্তু আমরা এই বজেটে দেখতে পাচ্ছি সব থেকে বেশী নজর ঠিক সেই এলাকাতেই দেওয়া হয়েছে ফলে কৃষির যে গ্রোথ বিগত বামফ্রন্ট সরকারের শেষ বছরে আমরা দেখেছিলাম ০.৭৪ পার্সেন্ট নেমে গিয়েছিল।

[3.40–3.50 p.m.]

সেখান থেকে বিগত বছরে ১.৪৮ শতাংশ হয়ে আজকে তা ক্রমবর্ধমান ২.৫৬ শতাংশ দাঁড়িয়ে আছে এবং আশা করা যাচ্ছে যে আমরা আগামীদিনে আরো বেশি আকারে এই বৃদ্ধি দেখতে পাব। গ্রামোন্নয়নে সর্বাধিক গুরুত্ব এবং বরাদ্দ করা হয়েছে, সেই জন্যই আমি এই বাজেটকে গণতান্ত্রিক বলে অ্যাখ্যা করছি। কারণ, গণতন্ত্রের মূল শর্ত হচ্ছে maximum benefit to maximum people। সেই জায়গায় দাঁড়িয়ে এই বাজেট সেটা করতে সক্ষম। আমি এই বাজেটকে স্বচ্ছ বলে মনে করি কারণ, আমরা দেখতে পাচ্ছি মাননীয় অর্থমন্ত্রী কিছু কিছু তথ্য তুলে ধরেছেন। যেটা বাংলায় জয়যাত্রাকে খুব পরিষ্কার ভাবে আমাদের সামনে উপস্থাপিত করেছেন। আমরা যদি একটু ফিরে দেখি, তাহলে আমরা দেখব, সব ক্ষেত্রে জাতীয় গড়ের তুলনায় আমাদের বৃদ্ধি কিন্তু অনেকাংশে বেশি। ফলস্বরূপ আমরা ২০১২-১৩র ফিগারগুলো যদি দেখি যেখানে ভারতবর্ষের সার্বিক বৃদ্ধির হার হচ্ছে ৪.৯৬ শতাংশ সেখানে বাংলার বৃদ্ধির হার কিন্তু ৭.৬ শতাংশ। যেখানে কৃষি এবং সহায়ক ক্ষেত্রে ভারতের বৃদ্ধির হার ১.৭৯ শতাংশ, সেখানে বাংলার ক্ষেত্রে সেই একই হার ২.৫৬ শতাংশ। শিল্পে যেখানে-খুবই উল্লেখযোগ্য এই জায়গাটা ক'দিন ধরে দেখছিলাম মাননীয় বিরোধী সদস্যরা খুব শিল্প শিল্প নিয়ে আমাদের কনসার্ন ব্যক্ত করছিলেন। শিল্পের যেখানে ৩.১২ শতাংশ বৃদ্ধির হার ভারতব্যাপী, সেখানে বাংলার ফিগার হচ্ছে ডবল ৬.২৪ শতাংশ উল্লেখযোগ্য ভাবে। সেখানে পরিষেবার ক্ষেত্রে সার্ভিসেস, tertiary sector, এখানে ভারতের ক্ষেত্রে এই বৃদ্ধির হারটা ৬.৫৯ শতাংশ, সেখানে বাংলার ক্ষেত্রে অত্যন্ত ঈর্ষণীয় ৯.৪৮ শতাংশ। আমি কেন এটা স্বচ্ছ বলছিলাম, আমরা এর আগে বহু ফিগার বিধানসভায় পেয়েছি, কিন্তু এই সব তথ্যগুলো তুলে ধরা হয়েছে, এগুলো সরকারী ভাবে Central Statistical Organisation এবং Bureau of Applied Economics and Statics দ্বারা স্বীকৃত তাই এই বাজেটের স্বচ্ছতা এখানে থেকে পরিষ্কার ভাবে বোঝা যাচ্ছে। আমি এই বাজেটকে বলছি সুবিন্যস্ত, কেন সুবিন্যস্ত বলছি, আগে আমরা দেখতাম, আমার কাছে আছে ডাঃ দাশগুপ্তের লাস্ট বাজেটটা ১১-১২ সালের। এটা যদি আমরা খুলে দেখি, প্যারার পর প্যারা Representation, আগে পিছে কোন লিঙ্ক খুঁজে পাওয়া যাচ্ছে না মনের মত। সাধারণ মানুষের ক্ষেত্রে খুব সহজে বলি, গোল গোল কিছু একটা। অর্থাৎ সবই বোঝার কথায় শূন্য। সেই কারণে দাঁড়িয়ে আমরা পাশাপাশি এটাও আমরা দেখি, আগে প্যারাওয়াইজ বাজেট পেয়েছি ডা. দাশগুপ্তের। আর এই বাজেটে আমরা দেখছি, প্যারাটা পনেরোটা ভাগে বিভক্ত এবং সেই ভাবে উপস্থাপিত। প্রত্যেকটা ভাগের বিষয় আলাদা এবং প্রত্যেকটা বিষয় সুন্দর ভাবে উপস্থাপিত priority অনুযায়ী। এই জন্যে বাজেটটা, মাননীয় অর্থমন্ত্রী খুবই সুবিন্যস্ত, systemmatic। আমি এই বাজেট সহজবোধ্য বলেছি, সহজবোধ্য কারণ, প্রসঙ্গক্রমে বলি, আমার সঙ্গে এক সাংবাদিক বন্ধুর কথা হচ্ছিল, গল্প হচ্ছিল, বন্ধুটি বললেন, এর আগে তিনি বহু বছর বিধানসভা বাজেট। বাজেট কভার করেছেন কিন্তু তিনি অকপটে স্বীকার করলেন এই প্রথমবার বোধহয় তার কাছে বাজেটটা অত্যন্ত সহজ, সরল এবং প্রাঞ্জল ও সহজবোধ্য। আমার

মনে হয় এটা সকলের অভিজ্ঞতা এবং এই অভিজ্ঞতাটা যে সঠিক তার সাক্ষ্য বহন করছে বিরোধী বেঞ্চ থেকে- অন্তত বাজেটে relevant কিছু কিছু বক্তৃতা। যেটা বলছিলাম, আমরা দেখেছি এখানে সহজবদ্ধ কেন বলছিলাম, আমরা যদি লক্ষ্য করি তাহলে দেখব কৃষি থেকে খাদ্য উৎপাদন এবং উৎপাদনের পরে তা বন্টন, তারপর বিপণন, তার প্রক্রিয়াকরণ পাশাপাশি এই parallely আমাদের গ্রামীণ যে অর্থনীতি, তাকে রক্ষা করতে প্রাণী সম্পদ উন্নয়ন মৎস্যচাষ এবং আমরা জানি গ্রামীণ পরিকাঠামো প্রশাসনের মূল স্তম্ভ বা ভীত্তি সেটা আমাদের পঞ্চায়েতী ব্যবস্থা এবং সেচ ব্যবস্থা। এবং সেচ ব্যবস্থা,সম্পূর্ণটাকে একেবারে সমপৃক্ত করে যে ভাবে এখানে ৩৬০ value chain of Agriculture কে রিপ্রেজেন্ট করা হয়েছে, আমি মনে করি এটা আনপ্রিসিডেনটেড ইন দিস হাউস এবং সেই জন্য আমরা এটাকে সহজবোধ্য বা কমপ্রিহেনসিভ বলছি। কারণ মনে রাখতে হবে ৭০ শতাংশ জনগণ বা ৬ কোটিও বেশী জনগণের দৈনন্দিন জীবনে সঙ্গে সম্পর্কিত যেটা, আমাদের ভারতবর্ষের Primary sector, agriculture sector and allied sector এবং তাকে সুন্দরভাবে তুলে ধরা সহজ বোধ্য করা আমার মনে হয় তাদের সম্পর্কে আমাদের সকলের আরো আণ্ডারস্টানডিংটা বাড়বে। আমার মাননীয়া মুখ্যমন্ত্রীর যোগ্য নেতৃত্বে বাংলা অপ্রতিরোধ্য গতিতে এগিয়ে চলার চেষ্টা করছি এবং মাননীয় অর্থমন্ত্রী বিগত বাজেটে যে প্রয়াস করেছিলেন এই ক্ষেত্রে আমার মনে পড়ে যাচ্ছে শেক্সপিয়ারের জুলিয়াস সিজারের একটা উক্তি " There is a tide in the affairs of Men. Which taken at the flood, leads on to Fortune, omitted, all the voyage of their life, is bound in shallows and in miseries. "ভাষান্তরে কবি গুরুর আহ্বান" এবার তোর মরা গাং-এ বান এসেছে জয় মা বলে ভাসা তরি"। ঠিক এই স্পিরিটাকে বজায় রেখেই আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তাকে সাধুবাদ জানাচ্ছি। পাশাপাশি আমরা এই যে ফরচুনের কথা বললাম এই ফরচুন ল্যান্ডে আমরা ডিপ্রেকশান বা প্রকাশ আমরা দেখতে পাচ্ছি কিছু কিছু ক্ষেত্রে। যদি আমরা বাজেট বক্তৃতা ওনার দেখি ২০.৫ লক্ষ টন সর্বকালীন রেকর্ড চাল সংগ্রহ। কর্মসংস্কৃতি ফিরিয়ে আনার ছবি আমরা ফুটে উঠতে দেখেছি এই বাজেটের মধ্যে। ২০০৭ থেকে ২০১০ সালের মধ্যে আমরা দেখেছিলাম ৭৬.৪ লক্ষ শ্রম দিবস নষ্ট হতো গড়ে প্রতি বছরে। আর এখানে এসে আমরা দেখছি এখন সেটা নেমে এসেছে বার্ষিক ৫২০২ দিনে। এখানে উনি একটা গালিবের সের তুলে ধরেছেন, সায়েরিটা আমি খুব এপ্রিসিয়েট করছি। আর্থিক ঋণের ফাঁদ আমরা জানি।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

বিগত বছর গুলিতে কেন্দ্রীয় সরকারের সহায়তায় যে আর্থিক দুরাবস্থা এখানে তৈরী হয়েছিল বিগত সরকারের আর্থিক অনাচারের ফলে সেখান থেকে আমরা অনেকটা উঠে আসতে সক্ষম হয়েছি। তার কারণ আমাদের স্বচ্ছতা ই-গভরনেন্স। আমরা একমাত্র রাজ্য পশ্চিমবঙ্গ যারা প্রথম ভি ম্যাট ভ্যাট সার্টিফিকেট ইসু করতে পেরেছি। আমাদের রাজস্ব বৃদ্ধির হার ২৫ শতাংশ আমরা টারগেট রাখলেও এখানে আমরা ৩০ শতাংশ করতে সক্ষম হয়েছি। তারপর আমরা দেখছি যে আমাদের Tax GDO ratio 5% cross করবে যেটা রেকর্ড হতে চলেছে ১৫ বছরের মধ্যে। ২ লক্ষ কোটি টাকা ঋণ নেওয়ার ফলে ২৫ হাজার কোটি টাকা আর. বি. আই প্রতি বছর কেটে নিচ্ছে। সেখানে দাঁড়িয়ে আমাদের কেন্দ্রীয় সরকার আমাদের কোন মনেটরিয়াম না দিয়ে ইউরোপের আর্থিক সংকট দূর করতে আর্থিক সহায়তা দিচ্ছে। সেটা খুব দুর্ভাগ্য জনক।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডা: শশী পাঁজা : মাননীয় অর্থদপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. অমিত মিত্রর বাজেট বিবৃতি ২০১৩-১৪ সালের জন্য পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে কিছু কথা বলার সুযোগ দেওয়ার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। বিগত তিনদিন ধরে এটা নিয়ে পক্ষে এবং বিপক্ষে এই মহতি সভায় ডিসকাশান হচ্ছে। বিগত ২।৩ দিন আমরাও কিছু মানুষের সংগে যারা বিধানসভার বাইরে কিছু বাণিজ্যের সংগে যুক্ত, কিছু অন্য পেশার সংগে যুক্ত, তাদের সংগে কথা বলে ভাল লাগলো যেটা সেটা হচ্ছে যে, অনেকে বলেছেন যে আমরা সব সময় কেন্দ্রের যে ইউনিয়ন বাজেট ছিল সেটাকে খুব মন দিয়ে শুনতাম এবং সেটাকে ফলো করতাম। কিন্তু দু বছর ধরে পশ্চিমবাংলায় যে কি ভাবে স্টেট বাজেট, ফাইনান্স বাজেট পেশ করা হচ্ছে সেটাকে তারা খুব মনযোগ দিয়ে শুনছেন এবং সত্যিই একদিক দিয়ে তাঁরা বললেন যে ভীষণ ভাবে স্তম্ভিত যে কি ভাবে এতো প্রতিকুলতার মধ্যেও ড. অমিত মিত্র তাঁর এনুয়াল ফাইনানসিয়াল স্টেটমেন্টার মধ্যে একটা দিশা এবং একটা ফোকাশ দিচ্ছেন। প্রত্যেকে যারা বিরোধিতা করেছেন, কোন না কোন কারণ দেখিয়েছেন। কিন্তু কারণের মধ্যে কেউ বলছেন মাননীয় মুখ্যমন্ত্রীর নাম উল্লেখ করা হয়েছে দু-তিন বার ধরে।

[3.50–4.00 pm]

কেন সততা, স্বচ্ছতার বিষয়টা মেনশন করা হয়েছে। কেউ কেউ রাজনৈতিক কারণে বিরোধিতা করেছেন, কেউ কেন্দ্রীয় স্তরে তাদের ফাইনান্স বাজেটের কিছু ডিটেলসগুলো তুলেছেন। কিন্তু আমার যেটা মনে হল আমি নিজেও একজন ডাক্তার, কিন্তু অর্থনীতির সহেগ অত যুক্ত না থাকলেও কিছু বেশ যেগুলো মনে হয়, যে যে তথ্যগুলো নিয়ে ড. অমিত মিত্র উল্লেখ করেছেন তাঁর বাজেটে এবং এই পুরাতন সরকারের প্রাক্তন মন্ত্রী যিনি অর্থনীতিবিদ, তিনি সংবাদমাধ্যমেও ডিসকাসান করেছেন কিছু ডেটা নিয়ে। এটুকু বলা যায় যে, এই বাজেটের বইতে তিনি যে তথ্য দিয়েছেন তার সোর্স হচ্ছে central Statistical Organization, Bureau of Applied Economics and Statistice. অবশেষে কেউ আবার বিরোধিতা করেছেন যে কেন তিনি স্বামী বিবেকানন্দের বাণী নিয়ে আরম্ভ করবেন, কেন কবিগুরু নিয়ে শেষ করবেন। তাহলে মনে হয় কিছু দু-একটা আধুনিক কথা হোক— "অ্যান্টেনায় কেন কাক, আমি অবাক"। এই ধরণের কবিতা দিয়ে দিক। এই অবস্থায় দাঁড়িয়ে আমাদের কোথাও না কোথাও বুঝতে হবে যে এটা একমাত্র তৃণমুল কংগ্রেসের বাজেট নয়, একমাত্র এই কক্ষে যারা বিধানসভায় নির্বাচিত তৃণমুল কংগ্রেসের বিধায়ক তাদের জন্য নয়, সকলেরই জন্য এ বাজেটটা। এই বাজেট যা এখানে পড়ছেন এবং ডিসকাসান হচ্ছে তার বাইরে আপামর জনসাধারণ আছেন, যেখানে Have এবং have not আছেন। এই সকলের মধ্যে একটা feel good factor যাতে আসুক, সকলের মধ্যে যে বঞ্চনা আছে কোথাও না কোথাও বিভিন্ন শ্রেণীতে আছে, মহিলা এবং সামাজিক আর্থিক উন্নয়নরে কথা এখানে আছে, এখানে তপশীলি জাতি, উপজাতি অন্য অনগ্রসর শ্রেণীর মানুষ যে আছে তাদের সম্বন্ধে বলা আছে। প্রান্তিক মানুষের কথা বলা আছে, আমাদের রাজ্যের বেশীর ভাগ মানুষ যারা গ্রামবাংলায় থাকেন তাদের কথা বলা আছে। এবং সমস্তটা নিয়ে একটা balance Strike করার চেষ্টা করা হচ্ছে। এখানে একটা নীতিআদর্শদল রয়েছে। আমাদের বিভিন্ন অধিকার, যে মৌলিক

অধিকারের কথা আমরা বলি, প্রতিষ্ঠিত মৌলিক অধিকার, তার দৃঢ় বিশ্বাস রেখে এখানে right to food, right to food equality, right to security, right to health, right to free compulsory education, এই সমস্ত বিষয়ে কোথাও না কোথাও, কোন না কোন দপ্তরের কাজ কিংবা ব্যয়-বরাদ্দ কিংবা নীতির মধ্যে দিয়ে একটা প্রকাশ পাচ্ছে। Shall right to shelter ও তার মধ্যে রয়েছে। সব সময় যে কোন্ বড় শিল্প এল, কি হল না হল সেই শিল্প না দেখে কিছু না কিছু একটা micro econimics বিষয়টাও দেখতে হবে। এখানে বিষয়টা খুব Important যে এটা কলকাতা কেন্দ্রিক বাজেট নয়, এটা সম্পূর্ণ decentralize বাজেট। একদম গ্রামে-গঞ্জে যে কথাটা পৌঁছে যাচ্ছে এবং এটাও অস্বীকার করা যায় না যে, আমাদের গর্বিত বোধ করতে হয় যখন ভারতবর্ষের গড়ের বৃদ্ধির হার ৪.৯৬% বলা হচ্ছে, সেই তুলনায় পশ্চিমবাংলায় ৭.৬% বলা হচ্ছে। তারপরে কৃষি এবং সহায়ক ক্ষেত্রে শিল্প এবং সার্ভিসের ক্ষেত্রে যখন ভারতবর্ষের গড় এবং পশ্চিমবাংলার average compare করা হচ্ছে, শুধুমাত্র যদি কেউ বক্তব্য রেখে বলে যে পেট্রোপণ্য বৃদ্ধি হয়েছে বলে কোথাও না কোথাও as side effect আমরা যে রাজস্ব আদায় করছি সেটা নয়, যেটা ড. অমিত মিত্র বলছেন সেটা হচ্ছে তিনি আপামর জনতার উপর বিশ্বাস করেছেন, যারা income tax payers of the state এবং তারা সততা নিয়ে, এবং স্বচ্ছতা নিয়ে তাদের ট্যাক্সটা দিয়েছেন এবং তার থেকেই এই রাজস্ব আদায় করা হয়েছে। আরেকটা কথা যেটা, এখানে মূল স্রোতে সকলকে আনা হয়েছে বিভিন্ন ক্ষেত্রে, আপনি দেখবেন সে সমাজ মুক্তি কার্ড বলুন, কিংবা যুব উৎসাহ প্রকল্প বলুন, আশা কর্মীদের বেতন নিয়ে বলুন—এই সমস্তের মধ্যে দিয়ে কিন্তু সকলকে কে জায়গায় আনা। micro level-এ দেখবেন যে ছোট ছোট বিষয়-কৃষি ক্ষেত্রে, আমি একটা উদাহরণ তুলছি, 'কৃষি প্রদর্শন কেন্দ্র'। আজকে আমাদের কৃষকেরা তো সেইভাবে শিক্ষিত নয়। কিন্তু এই ডেমোস্ট্রেশন কেন্দ্রগুলোতে যদি কি ভাবে-জমির অংশটা তো আর তার বাড়ছে না- কিন্তু সেই জমিতে বা double crop, multicrop, কিংবা কিভাবে সার এবং জলের optimum use করা যায়, তার productivity অর্থাৎ উৎপাদনটা যদি বাড়ানো যায়, সেই বিষয়ে যদি demonstration করা যায়, এটা অত্যন্ত micro level-এর কাজ। ঠিক সেই ভাবে আজকে আমরা financial statement-এ যেটা পড়লাম যে বামফ্রন্ট সরকারের শেষ বছরে কৃষি এবং সহায়ক ক্ষেত্রে বৃদ্ধির হার নেমে গিয়ে -০.৭৪%, এটা আমাদের মানতে হবে যে এটা হয়েছিল। সেটা ঘুরে গিয়ে + ১.৮৪% হয়ে দাঁড়িয়ে ২.৬৮% বৃদ্ধি। চাল সংগ্রহের ক্ষেত্রেও ২০ লক্ষ মেট্রিক টনের কথা এবং টার্গেট ২২ লক্ষ মেট্রিক টন। ফিদাল কাস্ত্রো কিউবাতে, আমেরিকা কেন চাল পাঠায়নি বলে পুরাতন সরকার বাংলা বনধ্ ডাকল।

কিন্তু, তাদের আমলে- পশ্চিমে মেদনীপুরের বিধায়করা আছেন সকলে, পশ্চিম মেদনীপুরের আমলাশোলে না খেতে পেয়ে মারা গেল তখন কিন্তু তাদের চোখের জলও পড়েনি, দুঃখ প্রকাশও করেনি,মুখে রাও কাটেনি। তাই ড. অমিত মিত্র দুর্ভাগ্যজনক ভাবে তিনি দুঃখ প্রকাশ করলেন যে, হ্যাঁ, সত্যি তো ইন্টারন্যাশনাল মনেটারিং ফান্ডে যখন পর্তুগাল, স্পেন এবং গ্রীসের ফাইন্যান্সিয়াল ক্রাইসিসকেও তুলে নিয়ে যাওয়ার জন্য পদক্ষেপ নিচ্ছে, ৫০ হাজার কোটি টাকা ডলার ইত্যাদির মাধ্যমে, সেখানে অবশ্যই এই ভারতবর্ষের অঙ্গরাজ্য হিসাবে ন'কোটি মানুষ যেখানে থাকে, ঋণের একটা বোঝা যেখানে জর্জড়িত তাদের কথা ভারত সরকার কেন ভাবেনি? অবশ্যই সেটা ভাবতে হবে এবং এখানে তাকে বসে শুনতে হচ্ছে যে, কেন-বর্ষীয়ান নেতৃত্ব তারা বলেছেন, বর্ষীয়ান

বিধায়করা, আমি শুনলাম নতুন বিধায়ক হিসাবে, অন্ধ্রপ্রদেশে liquor, illicit liquor লাইসেন্স দেওয়া হয়েছে এবং সেটা থেকে রাজস্ব তোলা হচ্ছে। গ্রামে-গঞ্জে ছোটো-বড়ো চোলাই মদ ইত্যাদির কারখানাগুলো হচ্ছে এবং সেই পথে যুবসমাজ হাঁটছে। কিন্তু, এই ডেঞ্জারাস প্রবনতা এটা ড. অমিত মিত্র সাপোর্ট করবেন কি করে? কিভাবে করবেন সেটা আমি জানি না। কিন্তু বিপরীতে হেঁটেছেন এর জন্য সমর্থন জানাই। illicit liquor den-কে কোনো সময় লাইসেন্স দিয়ে আপনি লিগালাইজ করতে পারেন না। কালকে বলবেন যে, কেউ সিকিওরড ড্রাগস খাচ্ছে, চলুন সেটাকে লিগালাইজ করে দিই। সেটা তো একটা সামাজিক ব্যাধি। তার বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। এই ধরনের অনেক সামাজিক ব্যাধি আমাদের সমাজে আছে। সেগুলো যদি বসে পর পর লিগালাইজ করার চেষ্টা করি এবং তার থেকে যদি রাজস্ব তুলি তাহলে It is not good for the health of the economy of the State neither is a good for the social status of his State বলে আমার মনে হয়। এখানে আমরা অনেকেই ঋণের বোঝার কথা বলছি যে, ২ লক্ষ কোটি টাকার দেনা আছে। ৩২ হাজার কোটি রাজস্বের মধ্যে ২৫ হাজার কোটি টাকা দিতে হয়। যে ঋণের বোঝার কথা বলছেন আবার ঋণ কেন নিচ্ছেন? এখানে খুব সামান্য ভাবে ছোটো করে বলি যে, আমি তো এক্সপার্ট নই, কিন্তু এই টুকু বলি যে, জঞ্জাল সাফ করতে গেলে জঞ্জালের মধ্যে নেমে গিয়ে পরিষ্কার করতে হবে। অর্থাৎ, আপনাকে লোনের মাধ্যমে লোনটা তুলে নিয়ে repayment-এর modalities work out করতে হবে methods works out করতে হবে কি ভাবে নতুন করে উৎস করা যায়। ইনকামের জন্যে, সেটা আদায় করতে গিয়ে আবার লোন নিতে হয়। তাই জঞ্জাল পরিষ্কার করতে গিয়ে জঞ্জালে নামতে হবে। সময় খুবই অল্প, তবে যেটা বলতে হবে আমাদের রাজ্যে একটা ডিস্ট্রিক্ট লেবেল হিসাবে থ্রি হয়েছিল যেটা মেয়েদের বয়েস হিসাবে দেখা যাচ্ছে ১৮.৪ বয়েসের তাদের বিয়ে হয়ে যাচ্ছে এবং তার জন্য এই 'কন্যাশ্রী'। মূলতঃ আজকে বাজেট প্রতিবেদন বলা হয়েছে। বিশেষ মালদহ, পুরুলিয়া, বীরভূম মুর্শীদাবাদে দেখা যাচ্ছে যে, দু'টো কন্যার মধ্যে একজনের আঠারো বছরের আগেই বিয়ে হয়ে যাচ্ছে। অর্থাৎ, এই বাল্যবিবাহ, নারী পাচার, পণপ্রথা, সমাজের বিভিন্ন যে অভিশাপ যেগুলো আছে যেগুলো নিজেদের মধ্যে লিংকড আছে সেটাকে হ্যান্ডেল করার জন্যে আজকে 'কন্যাশ্রী'। অনেক কিছু বলার থাকলেও আমার শুধু একটামাত্র আহ্বান থাকবে, এই যে annual financial statement দেওয়া হয়েছে সেটা অত্যন্ত একটা ক্লিন বাজেট এবং আগামী পঞ্চাশ বছরেও আপনারা চেষ্টা করলেও ঐ খান থেকে এ পারে আসতে পারবেন না এই বাজেটটাকে মোকাবিলা করবার জন্য। ধন্যবাদ।

[4.00–4.10 pm]

Shri Michael Shane Calvert : Hon'ble Speaker, Sir, the object of a budget is not merely to present an economic balance sheet but to present the socio economic policies for accelerating growth in the State. And that is what this budget is all about. It seeks to give form and content to planning objectives of ensuring growth with equity of facilitating agricultural production, of providing infrastructure for development and for making allocations for helping the weaker sections of society.

The budget has very clearly spelt out that poverty must be overcome, quality education must be delivered, health and geriatric care must improve, mass awareness and empowerment, participation, and enfranchisement must all be furthered.

Sir, the Hon'ble Chief Minister has very clearly established the importance of the 3 E's-Education, Employment and Empowerment.

If you educate an individual that individual becomes employable and if that individual becomes employable then he or she becomes empowered.

Sir, I represent a micro community, or minority within minorities whose contributions have been immense and which have gone down well in the annals of history. We are a unique community that has been difined in our wonderful indian Constitution and which has 'Indian' in its name.

Frank Antony, an eminent anglo Indian, was part of the drafting committee of our Constitution which provided for reservations for our community and which allowed for us to represent in Parliament and the State Legislative Assemblies.

There have been reservations since independence. Others have gained. We do not grudge them. We welcome them. But Sir, I want this House, through, you, to know that over a period of time reservations have been taken away from us.

While considering all the positive changes that are being brought ablut I would like to request, the Ho'ble Finance Minister. through you Sir, to consider the fact that we are an urban community. And many among us are economically constrained.

Housing schemes such as 'Amar Thikana' and 'Gitangali' have done to provide for the economically weaker sections. My request, Sir, is to consider housing within the urban sector which will go a long way in alleviating the problems faced not only by my community but many others who do not have the financial capability to make two ends meet.

Old Age Homes may also be considered to allow for our senior citizens who may not have anyone to care for them. So they can walk into the sunset of their lives with grace and dignity.

Hon'ble Chairperson, Sir, the government has very rightly laid a lot of emphasis on education by completing 1133 new school buildings, with additional classrooms, and other facilites. Establishing 500 new schools will be no mean achievement. Establishing 4 new egree colleges is a feather in the Government's cap.

Hon'ble Chairperson, Sir, this Government, led by the Hon]ble Chief Minister has given me every opportunity to raise my voice for my conmmunity. Sending from West Bengal an Anglo Indian, Mr. Derek O'Brien., to the Rajya Sabha, has created history. Many Anglo Indians have made our country and our state proud. Many renowned Anglo Inidan institutions have made some of the biggest contributions. When the history of education is written many names of my community will be written in gold. To name a few. Frank Anthony, A. E. T. Barrow. Neil O' brien, Mr. Flifford Hicks, Mr. John Mason, Ms Gillian Hart, Mrs. Broughton many others.

We are forward community. With the Service sector opening up our young boys and girls have integrated and merged very well. But higher education, and more importantly, professional degree courses remain elusive and a distant dream. Once again because of financial constraints. we also would like to turn out doctors and engineers and other professionals who will contribute positively to the growth of our state. My humble request. Sir, is to consider measures that will reach members of my community as well. Andhra Pradesh has done this, so can we ?

In the past, the 60s and the 70s many Anglo Indians left our country, our motherland. But my parents, my family and I are here. We are happy to be here, we want to be here. I have two sons-one moving out of college and one moving into college and when I asked them what would you like to do. Would you like to go abroad and they very emphatically said 'No'. This is our homeland. This is our country. this is our state and this is the way they want to be.

So, I would like to end with a short story. If you kindly give me permission, I will tell you the story of 4 candles thât gather together and were talking to each other. The Ist candle said, "I'm peace, no one needs me". The 2nd candle said, "I'm Faith, no one believes in me. The 3rd candle said, "I'm Love, no one cares for me." the 4th candle said, "I can light up all the other 3 candiles because I am HOPE and I last forever."

Life is tough, sometimes impossible to live, but we will never lose hope because there is a candle of HOPE in the Hon'ble Chief Minister, who will light all other candles and will keep them glowing. Thank you.

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার। মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র সাহেব ২০১৩-১৪ সালের যে ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করতে পারছি না। আমার বক্তব্যে নিশ্চয়ই তা ফুটে উঠবে। ড. মিত্র আমাদের আভ্যন্তরীণ উৎপাদনের বিষয়ে বলেছেন, আমরা ভারতের গড় থেকে এগিয়ে আছি। কৃষির ক্ষেত্রে, অ্যালায়েড সেক্টরের ক্ষেত্রে বলেছেন, আমরা ভারতবর্ষের থেকে এগিয়ে আছি। কিন্তু আমরা সকলে জানি-যদিও আমরা অর্থনীতির ছাত্র কেউ নই- উন্নয়নের ক্ষেত্রে মাপকাঠি হচ্ছে একটা প্ল্যান পিরিয়িড। ভারতবর্ষ ১১ টা প্ল্যান পিরিয়ড অতিক্রম করেছে। আমরা যদি দেখি ১১ টা প্ল্যান পিরিয়েডের মধ্যে ইলেভেন প্ল্যানের ক্ষেত্রে সবচেয়ে বেশি গ্রোথ হয়েছে ভারতবর্ষের। আভ্যন্তরীণ উৎপাদনের যার গড় ৮ পারসেন্টের উপর। একমাত্র চায়না এবং ইন্দোনেশিয়া আমাদের আগে আছে। ১৩-১৪ আর্থিক বছরের যে আগাম হিসেব তাতে শুধুমাত্র চায়না ভারতবর্ষের থেকে এগিয়ে থাকবে। খুব স্বাভাবিকভাবেই যে 4.96 পারসেন্ট ইণ্ডিয়ার গ্রোথ বলা হয়েছে-আমি শুধু বলি CSO এবং RBI যে হিসাব দিয়েছে-CSO বলেছে 5 পারসেন্ট গ্রোথ এই ইয়ারের ১২-১৩র, RBI বলছে 5.5 পারেসেন্ট গ্রোথ হবে। খুব স্বাভাবিকভাবেই এগ্রিকালচার এবং অ্যালায়েড সেক্টর সেখানে যদি দেখা যায় 11th প্ল্যান পিরিয়ডে যে গ্রোথ রেট 3.5, এ বছরের গ্রোথ রেট 1.79। ড. মিত্র সাহেব ঠিকই বলেছেন যতগুলো প্ল্যান পিরিয়ড হয়েছে তার মধ্যে এগ্রিকালচার এবং অ্যালায়েড সেক্টরে সবচেয়ে বেশি গ্রোথ ছিল 11th প্ল্যান পিরিয়ডে। খুব স্বাভাবিকভাবেই পশ্চিমবঙ্গের গ্রোথ 2.56 পারসেন্ট - আমি ড. মিত্রকে জিজ্ঞেস করবো ভারতবর্ষের কৃষি নয়, পশ্চিমবঙ্গের কৃষিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে ৪ পারসেন্ট গ্রোথকে সামনে রেখে সে জায়গায় এখনও আমরা পৌঁছতে পারিনি। আমরা আশান্বিত নই, আমাদের আগামী দিনে চেষ্টা করতে হবে সেই গ্রোথ ৪ পারসেন্ট। ভারতবর্ষের গ্রোথ পশ্চিমবঙ্গকে বাদ দিয়ে হবে না। ভারতবর্ষের গ্রোথ অন্য রাজ্যকে বাদ দিয়ে হবে না। খুব স্বাভাবিকভাবেই সেই জায়গায় আমাদেরকে যাওয়ার চেষ্টা করতে হবে। আমরা কৃষি ক্ষেত্রের যে পরিকল্পনাগুলো, সেই পরিকল্পনাগুলো কখনও RKVY, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, কখনও second green revolution তার মাধ্যমে ভারতবর্ষের কৃষিকে এগোনার জন্য যে চিন্তা, যে চিন্তা নিয়ে কেন্দ্রীয় সরকার চলছে, আমি খুশি হতাম এখানে তিনি ধন্যবাদ দিয়েছেন মাননীয়া মুখমন্ত্রীকে আমরা তার বিরোধিতা করছি না। একবারের জন্যও কি দেওয়া যেত না প্রধানমন্ত্রী ড. মনমোহন সিংয়ের নাম। কেন্দ্রীয় সরকারের সহযোগিতা ছাড়া আজকে পশ্চিমবঙ্গ রাজ্য কেন অন্যান্য রাজ্য গুলো সচল হতে পারবে না, এগিয়ে যেতে পারবে না। একটা কথা নিশ্চয়ই আপনারা বলবেন যে টাকা কেন্দ্রের নয়, আমিও বলবো টাকা রাজ্যের নয়। টাকা আমাদের কারুর নয়। টাকা মানুষের, টাকা জনগণের। কখনও কেন্দ্র খরচ করে রাজ্যগুলোর উন্নয়নের জন্য, কখনও রাজ্যগুলো খরচ করে উন্নয়নের জন্য। কেন্দ্রের বঞ্চনার কথা বলা হচ্ছে বার বার করে।

কেন্দ্রের বঞ্চনা-যদি আমরা একটু হিসেবটা দেখি কেন্দ্রের সেন্ট্রাল শেয়ার ১১-১২ সালে আমরা কি পেলাম?

[4.10–4.20 pm]

সেন্ট্রাল শেয়ার ২০১১-১২ সালে আমরা কি পেলাম? ২০১১-১২ সালে আমরা পেলাম ১৮৫৮৮ কোটি টাকা। অন্ধ্রপ্রদেশ পেল কত? আমাদের সমান স্টেট ১৭ হাজার ৮০৩ কোটি টাকা। মহারাষ্ট্র কত পেল? ১৩ হাজার ৩২০ কোটি টাকা। এটা সেন্ট্রাল শেয়ার থেকে আমরা পেলাম। আমরা সেন্ট্রাল গ্রান্টস কত পেলাম? আমরা সেন্ট্রাল গ্রান্টস পেলাম ২০১১-১২ তে ১৩ হাজার ৮৮৮ কোটি টাকা। ২০১২-১৩তে ১৬ হাজার ৮২৪ কোটি, ২০১৩-১৪ তে ২১ হাজার ৫৯৪ কোটি টাকা পাবো আমরা। তাহলে দেখা যাচ্ছে যে অন্য রাজ্যের তুলনায় কিন্তু আমাদেরকে বঞ্চনা করা হচ্ছে না। যদি তথ্য ঠিক থাকে, যদি চিদাম্বরম সাহেবের কেন্দ্রের দেওয়া ভাষণ ঠিক থাকে, ইকোনমিক সার্ভে যদি ঠিক থাকে, ড. মিত্র স্টেট প্ল্যান এক্সপেণ্ডিচারের ২০১১-১২ সালে যেটা আমরা অ্যাকচুয়াল খরচ হয়েছে আমাদের পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য আমরা সেটা যদি দেখি— ২০১১-১২ তে বাজেট এস্টিমেট ছিল কত? ২০ হাজার ৯৪৯ কোটি টাকা। রিভাইজড্ এস্টিমেট কত হল? ১৮ হাজার ৮ কোটি টাকা। ২০১১-১২-র অ্যাকচুয়াল খরচ কত হল? ২০ হাজার ৯৪৯ কোটি টাকার এই পবিত্র হাউসে পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য বাজেট বরাদ্দ পেশ করলেন, আমরা সমর্থন করেছিলাম সবাই। অ্যাকচুয়াল এক্সপেণ্ডিচার হল ১৪ হাজার ৭৪.৫৮ কোটি টাকা। এটা হল অ্যাকচুয়াল এস্টিমেট। খুব স্বাভাবিকভাবেই আমাদের যে বাজেটের প্রস্তাবনা এখানে করা হয়েছে আগামীদিনে এটা নিশ্চিতভাবে কমবে আমরা জানি। আমরা এই কারণের জন্য সমর্থন করতে পারছি না। আমরা সমর্থন করতে পারছি না এই কারণের জন্যই এখানে বলা হয়েছে আমাদের কৃষি এগিয়েছে। আমাদের গ্রামেগঞ্জে ধান কেনা হচ্ছে গত বছর ২০ লক্ষ মেট্রিক টন চাল কেনার পরিকল্পনা ছিল। এই বছর বেড়ে ২২ লক্ষ মেট্রিক টন হয়েছে। একটা বিষয় লক্ষ্য করে দেখে থাকবেন বিধায়করা দুটো পদ্ধতিতে ধান কেনা হয়। একটা হচ্ছে লেভি, আর একটা হচ্ছে সি.এম.আর.। গত বছর ছিল ১২ লক্ষ মেট্রিক টন চাল হবে লেভিতে, ৮ লক্ষ মেট্রিক টন সি.এম.আর-এ। এবার সেটাকে ঘুরিয়ে দেওয়া হল। পেছনে কারণ আছে আমি সেই কারণের কথা বলছি। ১৪ লক্ষ মেট্রিক টন কেনা হবে সি.এম. আর.-কাস্টম মিলস্ রাইস আর ৮ লক্ষ মেট্রিক টন কেনা হবে লেভি। সি.এম. আর. নামক এই যে বস্তুটা আপনারা জানেন যে আপনার এলাকার কোন সমবায় ধান কেনে।

কাস্টম মিলস্ রাইস কেনা হয় কাদের মাধ্যমে, কনফেড, বেনফেড, নাফেড থেকে শুরু করে যে সমস্ত সরকারী সংস্থাগুলো আছে তাদের কোন ইনফ্রাস্ট্রাকচার নাই, তারা কাদেরকে দায়িত্ব দিচ্ছে -সমবায়। শুনলে অবাক হবেন, আমার এলাকায় ধান উৎপাদনের একটা এলাকা পশ্চিমবঙ্গের মানচিত্রে সেই এলাকায় সমবায় আসছে বাইরে থেকে। তারা দিচ্ছে সমবায়কে দায়িত্ব, সমবায় কাগজপত্র দিয়ে যাচ্ছে মিল মালিককে। সেই ধান মিল মালিকরা কিনছে। চাষীর ডিসট্রেস সেল করতে বাধ্য হচ্ছে। সি.এম.আর.এর মাধ্যমে কোটি কোটি টাকার দুর্নীতি হচ্ছে আমি দায়িত্ব নিয়ে হাউসে বলছি। স্যার আপনার কাছে আবেদন রাখছি এই সি.এম.আর. -এর মাল কেনার বিষয়ে প্রত্যেকটি বিধায়কের কাছে অনুরোধ করবো ফুড সাপ্লাই দপ্তর থেকে - আপনারা সরকারের স্বচ্ছতা চান, আমরাও স্বচ্ছতা চাই যে মাস্টার রোল সাবমিট হয়েছে সেই মাস্টার রোলের কপি বিধায়কদের দেওয়া হোক। তাহলে আমরা প্রমাণ করে দিতে পারবো যে সেখানে কত দুর্নীতি ঢুকে আছে। কর্মসংস্কৃতির কথা বলা হয়েছে, খুব ভাল কথা কর্ম সংস্কৃতি, কর্ম দিবস নষ্ট কম হয়েছে। কর্ম দিবস

নষ্ট কম হয়েও কিন্তু কর্ম সংস্কৃতি ফেরানো যায় নি। তার জন্য নতুন বিলের প্রস্তাবনা আনতে হচেছ যে পশ্চিমবঙ্গের কর্ম সংস্কৃতি আমরা ২০ মাসে ফেরাতে পারি নি, সরকার ফেরাতে পারে নি। বেহিসাবী খরচ- একছত্রে বলেছেন বিগত দিনের সরকার বেহিসাবী খরচ করেছে, পশ্চিমবঙ্গটাকে একটা ধ্বংস স্তুপের ওপর দাঁড় করিয়েছে বাস্তব সত্য, এটা আমরা মানি। খুব স্বাভাবিকভাবে সেই বেহিসাবী খরচ আটকাতে গেলে আমাদের রেভিনিউ এক্সপেণ্ডিচার কমিয়ে আনতে হবে। মেলা, খেলা, করে, দান-ধ্যান করে আমাদের উন্নয়নকে প্ল্যান গ্রান্টের যে টাকা অন্য খাতে খরচ করা যাবে না। সেই চিন্তাধারা নিতে আমি ড. মিত্রকে আবেদন করবো, অনুরোধ করবো। খুব স্বাভাবিকভাবেই কেউ কেউ ইউরো জোনের কথা বলেছেন। যে ইউরো জোনকে আমরা সাপোর্ট করছি,সেন্ট্রাল গর্ভমেন্ট কেন আমাদেরকে সাপোর্ট করছে না। কেন আমাদেরকে আর্থিক প্যাকেট দেওয়া হচ্ছে না। আপনারা জানেন স্বাধীনতার পর নন-অ্যালায়েন্স, আজকে সার্ক, আজকে গ্রীক, আজকে ইউ. এন. ও, আজকে আমরা পৃথিবীর একটা পরিবারের মধ্যে বাস করি।

আপনি বলুন তো আপনি যখন কলকাতায় এসেছেন, একজন যখন রাস্তায় বিপদে পড়েছে, সেই বিপদ থেকে উদ্ধার করার জন্য আমরা তার পিছনে পয়সা ব্যয় করি না ? আমরা কোন মানুষের পিছনে পয়সা দিই না ? এটাই তো আমাদের সামাজিকতা, গ্লোবাল সামাজিকতা। গোটা বিশ্বের যে সামাজিকতা, সেই জায়গায় দাঁড়িয়ে আমাদেরকে সামাজিকভাবে তাদেরকে সাহায্য করতে হচ্ছে। কেন ? কারণ আমাদের যে রপ্তানি, সেই দেশগুলোতে যে রপ্তানি করা হয়, আমাদের ভারতবর্ষের কৃষ্টি থেকে শুরু করে- সবচেয়ে বেশি কৃষি, শুধুমাত্র চার মাস, এপ্রিল মাস থেকে ডিসেম্বর মাস, ভারতবর্ষের রপ্তানি, কত টাকার রপ্তানি হয়েছে জানেন ? ১ লক্ষ ৪২ হাজার কোটি টাকার কৃষিজাত দ্রব্য থেকে অন্যান্য দ্রব্য রপ্তানি হয়েছে। সেই দেশগুলোর আর্থিক অবস্থা যদি খারাপ হয় তাহলে ভারতবর্ষের , আমাদের গ্রামের আমাদের এলাকার সেই কৃষকের উৎপাদিত ফসল, দাম যাবে না সেখানে, রপ্তানি করা যাবে না। আমরা জানি যে একজন কৃষক যে ফসল উৎপাদন করে তার ত্রিশ শতাংশ দাম পান তিনি। বাজারে তার মূল্য যদি হয় দশ টাকা কেজি, কৃষক দাম পান তিন টাকা। এটা আমাদের কথা নয়, বিভিন্ন কৃষি বিজ্ঞানী যারা আছেন, বিভিন্ন এক্সপার্ট কমিটি-তারা বলছেন এই কথা। খুব স্বাভাবিকভাবে এই জায়গায় দাঁড়িয়ে আমাদেরকে বিভিন্ন দেশকে সাহায্য করতে হয়,কেন্দ্রীয় সরকারের যে নীতি, সেই নীতিকে বৈদেশিক নীতিকে। খবু স্বাভাবিক ভাবেই কৃষিসহ বিভিন্ন ক্ষেত্রগুলোকে ডেভেলপ করার জন্য আর. কে. ভি. ওয়াইয়ের কথা বলা হয়েছে। আমাদের এখানকার এগ্রিকালচার লোন কে. সি. সির কথা বলা হয়েছে। আমাদের ভাল লাগত যে মাননীয়া মুখ্যমন্ত্রী, মন্ত্রীরা বিভিন্ন জায়গায় যাচ্ছেন, জেলায় যাচ্ছেন। বড় বড় হোর্ডিং হচ্ছে, ব্যানার হচ্ছে, খবরের কাগজে বিজ্ঞাপন হচ্ছে।আমাদের দেখে ভাল লাগছে যে পশ্চিমবঙ্গের উন্নয়ন হচ্ছে। তাহলে একবারও কি আপনারা বলবেন না যে ঐ খবরকাগজের ছবি, ঐ ব্যানার, ঐ হোর্ডিয়ের ড. মনমাহনের সিং-এর ছবি দেওয়া দরকার ছিল। আপনারা অস্বীকার করতে পারেন। কিষাণ ক্রেডিট কার্ড আপনারা বলছেন, যে সেই কিষাণ ক্রেডিট কার্ড আপনারা চালু করেছেন। ১৯৯৮ সালের আগস্ট মাসে, জেনে রাখুন, ১৯৯৮ সালের আগস্ট মাসে কিষাণ ক্রেডিট কার্ড চালু হয়েছিল। মনে আছে ৭২ হাজার কোটি টাকা ঋণ মুকুব হয়েছিল। পশ্চিমবঙ্গের কৃষকদের আমরা তা দিতে পারিনি। সব আমাদের পাশে বসে আছেন বামপন্থী বন্ধুরা, তাদের জন্য। অন্যান্য রাজ্য যেভাবে উপভোগ করেছিল, আমরা পারিনি করতে। ৫ লক্ষ ৭৫ হাজার কোটি টাকা গত

বছরে কেন্দ্রের বাজেটে ছিল। এ বছর সেটা এসেছে ৭ লক্ষ কোটি টাকা। সময় দিতে পারলে ৪%, আমরা সকলে জানি কেন্দ্রের প্রকল্প কিষাণ ক্রেডিট কার্ড। কিষাণ বাজারের কথা বলা হচ্ছে। কিষাণ বাজার, কৃষক বাজার হবে। আমি শুধু জিজ্ঞাসা করব ড. মিত্রকে আপনি মাণ্ডির কথা বলেছিলেন, একটা বাজার হয়েছে শুধু। বাজারের জন্য প্রভিশান আছে ১৮১ কোটি টাকা, দপ্তরের বাজেট প্রভিশান ১৮১ কোটি টাকা। আর ৯৫ টি কৃষক বাজার তৈরি করতে কত লাগবে? ৫৩৬.৬ কোটি টাকা। এইবার আপনাকে বলি-আপনি লিখেছেন সেখানে, আর. আই. ডি. এফ ১৮ ,আর কে. ভি. ওয়াই-টাকাটা কেন্দ্রের। আমি কেন মনমোহন সি- এর ছবি দেওয়ার কথা বলি — একবার বলুন কেন্দ্রীয় সরকারের নাম। আপনারা একবারের জন্যও বলবেন না। খুব স্বাভাবিক ভাবেই আশ্চর্যের সঙ্গে একটা জিনিস আপনাদের জানাই যে, লিখেছেন গ্রামীণ দরিদ্র মানুষের বাড়ী নির্মাণের ক্ষেত্রে আই. এ. ওয়াই প্রকল্প ছাড়া রাজ্য সরকারের নিজস্ব কিছু প্রকল্প আছে। যেমন 'গীতাঞ্জলি', 'আমার ঠিকানা'। আবার মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে এবার 'অধিকার' চালু হয়েছে। আমি আপনাদের বলি যে এই প্রকল্পগুলো রাজ্য সরকারের নয়। এই প্রকল্পগুলোর টাকা আসছে কোথা থেকে? মাল্টিসেক্টরাল ডেভেলপমেন্ট ফান্ড, আমাদের মাননীয় বিধায়কেরা বলছিলেন যে এম. এস. ডি. পি থেকে টাকা আসছে। আগে কি নাম ছিল? সংখ্যালঘু মানুষদের গৃহ নির্মানের জন্যে, বামপন্থী বন্ধুদের সময়ে নাম ছিল 'গীতাঞ্জলী'। এখন নাম হয়েছে কি? এখন নাম হয়েছে 'গীতাঞ্জলী'। আগে নাম ছিল 'আমার বাড়ী'। আগে নাম ছিল 'আশ্রয়'। এখন নাম হয়েছে 'আমার ঠিকানা'। আর সবচেয়ে আশ্চর্যের ব্যাপার যে নতুন প্রকল্পের কথা মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন, 'অধিকার', শুধু যদি যুক্ত করতেন যে এটা পশ্চিমবঙ্গ ক্রেডিটে ডিস্ট্রিক্ট উড়িষ্যার কালাহান্ডি, বোলামিন্ড, কোলাপুর থেকে ৭৮ টি জেলার জন্য কেন্দ্রীয় সরকার দিয়েছেন স্পেশাল বি. আর. জি. এফ। কত দিয়েছে? ৩৪,৭০৮ টি গৃহ নির্মাণ হবে পশ্চিমবঙ্গে। নাম দেওয়া হয়েছে 'অধিকার'। স্পেশাল বি. আর. জি. এফ, আপনারা বলছেন আমাদের প্রকল্প। বলুন, আমাদের আপত্তি নাই। শুধু সেইখানে যদি বলতেন এটা স্পেশাল বি. আর. জি. এফের অ্যালোকেশান, আমাদের ভাল লাগত। কাদেরকে দেওয়া হবে? আপনারা যে অর্ডার করেছেন গ্রামোন্নয়ন দপ্তর সেখানে বলেছেন ল্যাণ্ডলেস অ্যাণ্ড শেল্টারলেস, তাদেরকে এটা দেওয়া হবে।

[4.20–4.30 pm]

রাজ্য সরকার অধিকারের টাকা দিয়েছে কোথায়? দিয়েছে ৪০ কোটি টাকা সাতটা জেলার জন্য। পিছিয়ে পরা জেলার জন্য রয়েছে ১৬০ কোটি আর রাজ্য সরকার যেটা কেন্দ্রীয় সরকারের স্পেশাল বি. আর. জি. এফ.। খুব স্বাভাবিক ভাবেই আমরা কর্মসংস্থানের কথা বলছি, ১০ লক্ষ কর্মসংস্থান, আমরা জানি না কোথায় কর্মসংস্থান হয়েছে। নিশ্চয়ই সেটা ড. মিত্র বলবেন। শুধু বলি আমাদের পশ্চিমবাংলার ছেলেমেয়েরা কারিগরি শিক্ষা, যে কারিগরি শিক্ষা কর্মসংস্থানের অভাব নেই, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় বিশেষ করে সেনাবাহিনী, রেল থেকে শুরু করে বিভিন্ন দপ্তরে সেই সুযোগ আমরা নিতে পারছি না কেন? আমাদের এখানে আই.টি.আই কলেজ নেই। আমি শুধু একটা উদাহরণ দিচ্ছি আই.টি.আই কলেজ- আমাদের পশ্চিমবঙ্গে গভর্ণমেন্ট কলেজ এবং প্রাইভেট কলেজ মাত্র ১১০টা। অন্ধ্রপ্রদেশে কটা? ৭৭৮ টা। উড়িষ্যায় কটা? ৬১৫টা। পাঞ্জাবে কটা? ৩২৫ টা। বিহারে ৫৬৮ টা। পশ্চিমবঙ্গ আমরা পিছিয়ে। আমরা তার সুযোগ নিতে পারছি না। মাননীয় শ্রমমন্ত্রী আছেন

তিনি জানেন স্কীল ডেভেলপমেন্টের জন্য টাকা এসেছেকেন্দ্রীয় সরকারের। সেই টাকায় স্কীল ডেভলপমেন্ট প্রোগ্রাম, সেই প্রোগ্রামের টাকা আমরা খরচ করতে পারছি না। পানীয় জলের টাকা এসেছে। আমরা খরচ করতে পারছি না। আমি মুর্শিদাবাদ জেলায় বিধায়ক। রুবাল ড্রিংকিং ওয়াটার মিশন গত যে টাকা এসে পরে আছে আমার জেলায়, ৬ কোটি টাকা পরে আছে এরকম অন্যান্য জেলায়। খুব স্বাভাবিক ভাবেই সেই টাকা খরচ হচ্ছে না কেন, মনিটরিং করবেন না আপনারা? এলাকার মানুষ পানীয় জল পাবে না। কেন্দ্রের দেওয়া টাকা পরে থাকছে। আপনারা বিভিন্ন কলেজ উদ্বোধন করতে যাচ্ছেন, আই. টি. আই. কলেজের ঘোষণা হচ্ছে, multi specialty hospital- বলুন কোন টাকাটা -জানি আমরা শেয়ার আছে কোথাও ৭৫, কোথাও ১০০% শেয়ার আছে। ১০০% কেন্দ্রের অনুদান আছে (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী অমিত মিত্র যে বাজেট পেশ করেছেন ২০১৩-১৪ সালের ১১ই মার্চ আমি তার সমর্থনে দুই-একটি কথা আপনাদের সামনে রাখতে চাইছি। প্রথমেই বলে রাখি যে, আজকে নন্দীগ্রাম দিবস.... (হইচই).. ২০০৭ সালে এই পশ্চিমবঙ্গের মাটিতে যে কলঙ্কজনক অধ্যায় রচিত হয়েছিল বাংলায় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডা, হার্মাদ বাহিনী এবং পুলিশের এক অংশের দ্বারা। যতদিন এই সভ্যতা থাকবে চিরদিন বাংলার মানুষ মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টিকে ঘৃণার চোখে দেখবে কারণ সেদিন যেভাবে তারা অত্যাচর করেছিলেন, যেভাবে তারা শিশুর পা চিরে দিয়েছিলেন, মাকে ধর্ষণ করেছিলেন সেই ইতিহাসকে সাক্ষী রেখে আজকে আমরা বিধানসভায় নন্দীগ্রাম দিবস পালন করেছি। মাননীয় চেয়ারম্যান স্যার, প্রত্যেকটা বাজেটেই এখানে অংশ গ্রহণ করেছেন তারা যার যার নিজস্ব দৃষ্টিভঙ্গি থেকে এই বাজেটকে আলোচনা করেছেন। প্রত্যেকটি সরকারের নিজস্ব একটা Vision এবং Missiom থাকে। সেই Vision এবং Mission প্রতিফলনটা হয় তার বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে সে কি পদ্ধতিতে তার রাজ্যকে সে এগিয়ে নিয়ে যাবে সেটা তার নিজস্ব চিন্তা ভাবনার ব্যাপার। সেই চিন্তা ভাবনার সাথে সকলের মিল নাও থাকতে পারে। বিরোধী দলের মিল নাও থাকতে পারে বা অন্যান্য যে দল আছে তাদের মিল নাও থাকতে পারে। কিন্তু প্রকৃত পক্ষে রাজ্যের উন্নয়ন হচ্ছে কি হচ্ছে না এটাই হল সবচেয়ে বড় কথা। আমাদের সরকারের যে বাজেট সেই বাজেট কৃষক, শ্রমিক পিছিয়ে পরা মানুষ, সংখ্যালঘু এবং নারী সমাজের কল্যাণকে কেন্দ্র করে এই বাজেট পেশ করা হয়েছিল। স্যার, একটা কথা আমাদের মনে রাখতে হবে যে, আমরা যখন সরকারে এলাম সেই সময় একটা প্রবল চাপের মধ্যে দিয়ে আসতে হয়েছে। প্রচুর দেনা, প্রচুর ঋণ করে রেখে গেছেন প্রাক্তন সরকার বা আগের সরকার। যার সুদ এবং আসল প্রতি বছরে আপনি চান বা না চান কেটে নেবে কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাংক থেকে। অতএব আপনার অন্য দিকে যাওয়ার কোন রাস্তা নেই। কিন্তু সবথেকে বড় কথা যেটা আমি কংগ্রেস দলের কাছে জিজ্ঞসা করতে চাইছিলাম ভারতবর্ষের সব রাজ্যে FRBM আইন লাগু হওয়া সত্ত্বেও কি কারণের জন্য পশ্চিমবঙ্গ সরকার FRBM আইন লাগু না করে যথেচ্ছ ভাবে ঋণ নিয়ে গিয়েছে। কেন অ্যালাও করেছিলেন? ভারতবর্ষে ২০ টা বড় বড় বড় রাজ্য এবং অন্যান্য রাজ্যতে এই আইনটা লাগু করা হয়ে গিয়েছিল কিন্তু কেবলমাত্র আমাদের রাজ্যে সেই আইনটা লাগু কার হল না। প্রাক্তন অর্থমন্ত্রী অত্যন্ত ধূর্ত মানুষ ছিলেন। তিনি বললেন

যাওয়ার আগে একটা ছোট্ট সিদ্ধান্ত নিয়ে গেলাম, যাতে করে পরবর্তীকালের সরকার এসে মাইনেটা পর্যন্ত দিতে না পারে সরকারী কর্মচারীদের। আসলে কি জানেন, মা-মাটি-মানুষের সরকারের যে দৃষ্টিভঙ্গী, সেই দৃষ্টিভঙ্গী একদম সম্পূর্ণ পার্থক্য আছে। আমি একটা কথা বলি আপনাদের, আপনাদের জানা দরকার এখানে যারা আছেন, আমি বলব বিশেষ করে সূর্যবাবুকে- যে আপনাদের শেষ বারো বছরে আপনারা ঋণ বাড়িয়েছিলেন তার পার্সেন্টেজ হচ্ছে ৪৮৬ %। ৪৮৬% ঋণ বাড়িয়েছিলেন এই রাজ্যের জন্য। কিসের জন্য, কোন কারণের জন্য? তার সঙ্গে সঙ্গে আজকে অমিত বাবু যে বাজেট পেশ করেছেন ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার-কত ইনক্রিজ ১৪.১৩% ইনক্রিজ। আমি একটু অসীম বাবুর বাজেটটা দেখতে চাইছিলাম-প্রাক্তন অর্থমন্ত্রীর। আমাদের রাজ্যে শেষ বছরে অর্থাৎ ২০১১-'১২ তে যে বাজেট পেশ করে করেছিলেন ১৭ হাজার ১১৭.৯১ কোটি। মূল ত্রুটিটা কোথায় থেকে গেল রাজ্যের উন্নয়ন। ব্যাপারটা এইরকম দাঁড়িয়ে যাচ্ছে, আমরা জানি একজন সন্তান সম্ভবা মার সন্তানের জন্ম দিতে ১০ মাস ১০ দিন সময় লাগে। এখানে বামফ্রন্ট এবং কংগ্রেস সবাই চিৎকার করছে যে, ৫ মাসের সেই সন্তানটাকে পূর্ণ সন্তান হিসাবে মাটিতে নামিয়ে দিতে হবে তার সম্পূর্ণ গ্রোথ সমেত। সম্ভব নাকি? যে অর্থনৈতিক অবস্থা সৃষ্টি করে গিয়েছেন, ৪৮৬ % ঋণ ১২ বছরে ইনক্রিজ করেছেন, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে১৭ হাজার ১১৭ কোটি টাকার বাজেট প্লেস করলেন- কেন? এই রাজ্যের সম্পদ সৃষ্টি করার ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের চরম ব্যর্থতা, পলিটিকালাইজ করা, পলিটিকালি গেন করার জন্য আপনারা এখানে সম্পদ সৃষ্টি করতে পারেন নি। যেখানে ভারতবর্ষের অধিকাংশ রাজ্যে তাদের পরিকল্পনা খাতে ব্যয় আমাদের রাজ্যের থেকে অনেক-অনেক এগিয়ে আছে, সেখানে পশ্চিমবঙ্গ পিছিয়ে রইল আপনাদের আমলে। সেখান থেকে জাম্প। সেখান থেকে আজকে আমাদের রাজ্যকে একটা দিশা, একটা ডায়রেকশান, একটা পথ বলে দেওয়, যে এই পথে আমরা এগোতে চাই, সেই পথটাতে এগোতে গিয়ে মাননীয় অর্থমন্ত্রী ২০১২-১৩ অর্থবর্ষে বলছেন এখানে যে, ভারতের যেখানে গড় বৃদ্ধির হার ৪.৯ শতাংশ, সেখানে এই বাংলায় ৭.৬ শতাংশ। উদয়নবাবু বলছিলেন স্ট্যাসিটিসটিক্সে ভুল আছে কিনা, ন্যাশানাল ক্রাইম ব্যুরোর রেকর্ড আপনি মানেন কিনা ইত্যাদি কথা বলছিলেন। আমি বলছি আপনাকে এটা তো উনি বলেই দিয়েছেন সেন্ট্রাল স্ট্যাটিসটিকাল অরগানাইজেশান অ্যাণ্ড ব্যুরো অফ অ্যাপ্লায়েড ইকনমিকস অ্যাণ্ড স্ট্যাটিসটিক্স থেকে পেয়েছেন। তাই এখানে কোন ত্রুটি থাকার কোন ব্যাপার নেই। ন্যাশনাল-সারা দেশের স্ট্যাটিসটিক্স এখানে এক জায়গায় এসে কমপাইলেশানের পর এটা বেরিয়ে আসে। এখানে কোন ত্রুটি বিচ্যুতি থাকার কোন কারণ নেই। সমালোচনা করার জন্য করতে পারেন, সেটা আলাদা কথা। কৃষি এবং সহায়ক ক্ষেত্রে যেটা আমাদের অভিমুখ। এই সরকারের অভিমুখ আছে কতকগুলো। তারমধ্যে একটা মেন হচ্ছে কৃষি এবং সহায়ক ক্ষেত্রে। কারণ আমাদের রাজ্যের ৭০ ভাগ মানুষ গ্রামে থাকে—তারা কৃষি নির্ভর। সেই জায়গায় যদি আমাদের অভিমুখটা থাকে, তাহলে সেখানকার মানুষের অর্থনৈতিক অবস্থার উন্নতি হবে, ক্রয় ক্ষমতা বাড়বে, ক্রয় ক্ষমতা বাড়লে বাজার তৈরী হবে। বাজার তৈরী হলে অটোমেটিকালি আমাদের জি. ডি. পি আরও বাড়তে থাকবে। এই যে জায়গাটা—অভিমুখটা, সেখানে আমাদের বৃদ্ধির হার কত? ২.৫৬%, যেটা কিনা আপনাদের সময় নেগেটিভ ছিল। ভারতের শিল্পের অগ্রগতি, এখানে শিল্প নিয়ে অনেক কথা হচ্ছে। আমি সেই প্রসঙ্গে আসছি। শিল্প ক্ষেত্রে অগ্রগতির হার যেখানে ৩.১২ %, সেখানের বাংলার বৃদ্ধির হার হচ্ছে

৬.৪%। এটাকে অস্বীকার করবেন কি করে? হাওয়ায়- হাওয়ায় এই স্ট্যাটিটিক্স আসে না। এর একটা বেসিস চাই। কিভাবে হচ্ছে জানতে হবে সেখানকার মানুষকে। সেখান থেকে বেরিয়ে আসবে এই উন্নয়নের কথা।

[4.30–4.40 pm]

এবং পরিষেবার ক্ষেত্রেও ভারতবর্ষে যেখানে বৃদ্ধির হার ৬.৫৯ শতাংশ, আমাদের বাংলার বৃদ্ধির হার ৯.৪৮ শতাংশ। একটা কথা বলি আপনারা বলেছেন যে এই বাজেটে কেন পুলিশের ব্যাপারে কিছু বলা নেই এবং পাহাড় সম্পর্কে কোন কথা বলা নেই। একটা কথা অত্যন্ত সতর্কতার সঙ্গে ভাবতে হবে যে পাহাড় অত্যন্ত স্পর্শকাতর জায়গা। আজকে যখন আমরা এখানে আলোচনা করছি সেই সময় মাননীয়া মুখ্যমন্ত্রী কিন্তু পাহাড়ে রয়েছেন। আপনাদের মনে থাকার কথা আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী, যিনি মারা গিয়েছেন, পাহাড়ে যখন আগুন জ্বলেছে তখন পাহাড়ে যাওয়ার মত সাহস দেখাতে পারেননি। সেদিন [***] হাত ধরে পাহাড়ে যেতে হয়েছিল আপনাদের, সাহস হয়নি। আর মমতা বন্দ্যোপাধ্যায় তার ২০ মাসের মধ্যে অন্তত ২০ বার পাহাড়ে ঘুরে এসেছেন পাহাড়ের মানুষের মন জয় করবার জন্যে। বলবেন না এ কথা? স্যার, আর একটা কথা বিশেষ ভাবে বলা দরকার। দুটি বিষয় যেটা নিয়ে আমরা অত্যন্ত সচেতনতার সঙ্গেই গর্ব করি। আমাদের অর্থমন্ত্রী বহু জায়গায় গর্বের কথা বলেছেন। দুটোর একটা হচ্ছে পাহাড় এবং আর একটা হচ্ছে জঙ্গলমহল। এ কথা তো ঠিক যে জঙ্গল মহল— কেন্দ্রের অর্থমন্ত্রী বলেছিলেন, ''ভারতবর্ষের সমস্যা, দারিদ্র নয়, ভারতবর্ষের সমস্যা হচ্ছে উগ্রপন্থা।" সেই উগ্রপন্থাকে পশ্চিমবাংলা ছাড়া ভারতবর্ষের কোন রাজ্য, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ছাড়া ভারতবর্ষের কোন রাজ্য সেই উগ্রপন্থীদের প্রতিদিন যে খুন জখম তা বন্ধ করতে পারেনি। এখনও ভারতবর্ষের সব রাজ্যে উগ্রপন্থা সবথেকে বড় সমস্যা। কিন্তু আমার রাজ্যে সমস্যা নয়। আমার রাজ্যে গত দুই বছরের মধ্যে একটিও মানুষ খুন হয়নি মুখ্যমন্ত্রীর নেতৃত্বে। সে কথা বলবেন না আপনারা? কিন্তু একটা কথা আমি চাইব আমার পরে সূর্যবাবু আছেন এটা বলবেন। ফাইনানসিয়াল ইনডিসিপ্লিন ইত্যাদি ইত্যাদি নানা কথা বলছেন। এই বাজেটে, আপনারা ফাইনানসিয়াল ডিসিপ্লিন দেখতে পাচ্ছেন না। আমি আপনাকে মনে করিয়ে দিতে চাইছি যে প্রত্যেকটা বাজেট, রিভাইজ এস্টিমেট এবং তারপর অ্যাকচুয়াল্স। আপনারা এই রাজ্যে যা করে গেছেন আমি জানি না ভারতবর্ষের কোন রাজ্যে এই ধরনের নজির আছে কিনা। ২০০৩-০৪ থেকে ২০১০-১১ পর্যন্ত হিসাব বহির্ভূত খরচ করেছেন ৪০,৩৭০.১৬ কোটি টাকা, যে টাকার রিফ্লেকশান বাজেটে নেই। আপনি কখনও জিরো ডেফিসিট দেখিয়েছেন, কখনও তিন কোটি দেখিয়েছেন, কখনও পাঁচ কোটি দেখিয়েছেন। আজকে যদি এই খরচের হিসেব তার মধ্যে রিফ্লেকটেড হত তাহলে প্রাক্তন অর্থ মন্ত্রীর যে কারচুপি, যে জগলারির কথা বলেছিলেন, [***] এতবড় জগলারি, সরি প্রাক্তন অর্থ মন্ত্রীর থেকে এতবড় [***] ভারতবর্ষের মধ্যে কোন অর্থ মন্ত্রী নেই।

মিঃ স্পিকার : [***] বাদ যাবে।

[***] অধ্যক্ষের আদেশক্রমে বাতিল হ'ল।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : কংগ্রেস দলের লোকেরা তীব্র ভাষায় এই বাজেটের বিরোধিতা করছেন। তার মুখ্য কারণ হচ্ছে অমিতবাবু বলেছেন যে তিনি এবং রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ১০ বার আমাদের প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন এবং তিনি মোরাটোরিয়াম চেয়েছিলেন। পাননি। আমি আপনাকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাইছি২০০৮ সালে ভারতবর্ষের সব রাজ্যের অর্থ মন্ত্রীরা এক জোট হয়ে মিটিং করেছিলেন দিল্লিতে এবং সেখানে সিদ্ধান্ত নিয়েছিলেন যে কেন্দ্রীয় সরকার যে পরিমাণ কর এখান থেকে নিয়ে যাচ্ছে, একটা রাজ্যের কর আদায়ের ডু থার্ড তারা নিয়ে চলে যাচ্ছে এবং রাজ্য পাচ্ছে ৩০.৫ সেটাকে ৫০ পার্সেন্ট করা হোক।

আজকে যদি সেই সিদ্ধান্ত গৃহীত হোত - সেখানে সব রাজ্যের অর্থমন্ত্রীরা ছিলেন, কংগ্রেসের অর্থমন্ত্রীরাও ছিলেন, সব রাজ্যের অর্থমন্ত্রীরা মিলিত সিদ্ধান্ত নিয়েছিলেন - আজকে যখন আমাদের রাজ্যের এই অসুবিধার কথা আমরা বলছি, সেটা হয়ত বলতে হোত না, আজকে যে কর তারা এখান থেকে সংগ্রহ করে নিয়ে যাচ্ছে যদি তার ৫০% শেয়ার আমাদের রাজ্য বা অন্য রাজ্য পেত। আজকে মানুস বাবু সাংবিধানিক প্রতিবন্ধকতার কথা বলছেন, কনসিটিউশনাল অবলিগেসনের কথা বলেছেন। আমি মনে করছি, কনস্টিটিউশনাল অবলিগেসন থাকলেও, এই সিদ্ধান্ত যদি কার্যকরী হয় তাহলে হয়ত অন্য রাজ্যগুলোর ক্ষেত্রে এই ধরনের প্রতিকূলতার সামনে এসে দাঁড়াতে হবে না, যা আজকে পশ্চিমবঙ্গের মানুষকে হতে হচ্ছে। মানস বাবু আরও বলেছেন, আমরা কেন বেরিয়ে চলে এলাম, আপনি এখানে ক্ষোভ প্রকাশ করেছেন। কোন উপায় ছিল না। যে ভাবে পেট্রোল, ডিজেলের মূল্যবৃদ্ধি হচ্ছিল, যে ভাবে সারের দাম বাড়ছে, যে ভাবে ক্ষুদ্র খুচরো ব্যবসায়ে এফ. ডি. আই. আসছে, যে ভাবে ইনসিওরেন্স এবং বিমাকে বাজারিকরণের সিদ্ধান্ত হয়েছে, তার বিরুদ্ধে স্ট্রাইক ইত্যাদি হয়ে গেল। আমি তো মনে করি এর বিরুদ্ধে ভারতবর্ষে সবচেয়ে জোরালো প্রতিবাদ যদি কেউ করে থাকে দিল্লীর মন্ত্রীত্ব ছেড়ে চলে এসেছে, তার নাম মমতা বন্দ্যোপাধ্যায়, আর কেউ নয়। ভারতবর্ষের জনগণের ভাষাকে মূর্ত ভাবে রূপ দেওয়ার জন্যই বাংলার মুখ্যমন্ত্রীকে এই সিদ্ধান্ত নিতে হয়েছিল, এই কড়া সিদ্ধান্ত নিতে হয়েছিল, তাতে আপনাদের ক্ষোভ করার কোন কারণ নেই। পরিস্থিতি, রাজনীতি কোন জায়গায় থেমে থাকে না, রাজনীতি পরিবর্তন হয়। স্যার, আমি অন্য জায়গায় যাবার আগে বিশেষ করে দুটো জায়গায় স্পর্শ করতে চাই। সেটা হচ্ছে কৃষি এবং স্বাস্থ্য ক্ষেত্রে স্বাস্থ্যের ক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন এসেছে সারা পশ্চিমবাংলায়। কি ছিল? মাত্র ২০ মাসে ১০ হাজার শয্যাসংখ্যা বৃদ্ধি হয়েছে হাসপাতালে। আপনারা ২০ বছরে পেরেছেন? এবং, শিশু মৃত্যুর হার এ রাজ্যে কমেছে, জন্মহারও এ রাজ্যে কমেছে ফর গুড গভর্নেন্সের জন্য। সবচেয়ে বড় কথা যেটা, সেটা হচ্ছে এই, এই কর কাঠামো তৈরীর ক্ষেত্রে আমাদের অর্থমন্ত্রী যে নতুন পথ দেখিয়েছেন। স্বচ্ছতা সরলতা নিয়ে আপনারা ক্রিটিসাইজ করছেন, কিন্তু এই স্বচ্ছতা এসেছে বলেই ১১ হাজার কোটি টাকা রোজগার বেড়েছে আমাদের রাজ্যে। এবং এই স্বচ্ছতা এবং সরলতার মধ্যে দিয়ে আগামী দিনে আরও আয় বাড়িয়ে পরিকল্পনা ব্যয় আরও বাড়িয়ে রাজ্যের যে উন্নয়ন হবে সেই উন্নয়নের ফলে — এবারে নির্বাচনে আপনাদের ১২% ভোট কমেছে, আগামী বছরে ২৪% ভোট আপনাদের কমে যাবে, আর দাঁড়াবার জায়গা খুঁজে পাবেন না আপনারা।

মিঃ স্পীকার : শেষ করুন, শেষ করুন। উহু আর রানিং আউট অফ টাইম। প্লিজ কনক্লুড।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : পুলিশ সংক্রান্ত আলোচনা নেই। আমি দু একটা তথ্য দিয়ে বলব। (নয়েজ....) ন্যাশানাল ক্রাইম ব্যুরো ..... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়, মিঃ স্পীকার ড. সূর্যকান্ত মিশ্রকে বলতে বলেন)।

[4·40–4·50 pm]

ডা: সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঘড়ির সামনে যেটা দেখতে পাচ্ছি, তাতে আমার পাঁচটা ষোলো মিনিটে শেষ করার কথা। আমি আপনার লালবাতি জ্বলার আগেই শেষ করতে চাই। বাজেটে তো আমি বিরোধিতা করবই, করছি। কিন্তু আমি মাননীয় অর্থমন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই যে, বিরোধিতার জন্য বিরোধিতা নয়, আপনি যা ভালো করেছেন, দু একটি কথায় বলব, যা ভালো করেন নি মনে হচ্ছে তাও বলব। আর যেগুলি ভালো করেছেন, না খারাপ করেছেন বুঝতে পারছি না দ্ব্যর্থব্যঞ্জক, সেগুলি আপনার কাছে জানতে চাইব এবং জবাব পেলে বুঝতে পারব। আমরা বিরোধিতার জন্য বিরোধিতা করি না - স্যার, আপনি জানেন যে, এই বাজেট আলোচনা হবে কি হবে না সে নিয়ে যখন কথা হয় বিরোধিতা করি। রাজ্যপালের ভাষণ হয়েছে। ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব, মোশান এসেছে। সেটার আলোচনা বাদ দিয়ে বাজেট আলোচনা হবে। বলেছি যে প্রিসিডেন্স আছে কিনা। ১৯৫২ সালে নাকি কবে একবার হয়েছিল। দেখিনি আমি একবারও। আপনারা যা বলেন সরল বিশ্বাসে মেনে নিয়েছি, ঠিক আছে হোক। যখন আগে বাজেট আলোচনা দরকার, জরুরী -সরকার পক্ষ বলেছেন পঞ্চায়েত নির্বাচনের জন্য। মেনে নিয়েছি। বিরোধিতার জন্য তো বিরোধিতা করি না। এইসব আগে দেখিনি কতগুলি নতুন জিনিস হচ্ছে। বাজেট বইপত্র পাওয়ার পরে দুটো মোটা করিজেন্ডাম। এতবড় করিজেন্ডাম এতদিন বিধানসভাতে আছি -এর আগে দেখিনি। এত তাড়াতাড়ি করেন কেন, আর এত ভুলই বা কেন হয়, আর এত বড়বড় দুটো মোটা করিজেন্ডাম কেন দিতে হবে। এটাও দেখিনি স্যার। আমি আপনাকে কালকে বলছিলাম যে, বাজেট আলোচনা আজকে চলছে। কালকে আমাদের ভোট অন অ্যাকাউন্টটা কেন পাশ করিয়ে নেওয়ার দরকার ছিল। এক মিনিটের ব্যাপার। আজকে পাশ করলে কি অসুবিধা ছিল। এগুলি চিরকাল হয়েছে। কতগুলি সাধারণ রীতিনীতি চিরকাল অনুসৃত হয়েছে। আমরা দেখিনি কখনো যে বাজেট আলোচনা হচ্ছে, আর মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে টাকা নেই বলে ওখানে আপনাকে এক কোটি টাকা দিতে হচ্ছে। আমি জানি না স্যার, আপনার মাধ্যমে আমি আন্তরিকভাবে বলছি যদি আপনি রাজী থাকেন, মুখ্যমন্ত্রী রাজী থাকেন, আপনি যদি নির্দেশ দেন, আমাদের বামপন্থী বিধায়করা আমি আশা করি সবাই রাজী হবেন, আমরা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে আমরা আমাদের আয়ের নির্দিষ্ট অংশ দিয়ে দিতে চাই। কিন্তু এটা চাই না যে এই রকম একটা দৃষ্টান্তবিহীন কাজ হোক। বিরোধিতা করছি না। আমি বলছি ওটাই যদি আপনি মনে করেন, ওটাই ঠিক হবে। ভালো করবেন। সুতরাং বিরোধিতার জন্য বিরোধিতা করছি না। কালকে আমি হাউসে ঢুকে দেখলাম - কালকে প্রথম বক্তৃতা করার ছিল এখানে আমাদের ডেপুটি লিডার শ্রী সুভাষ নস্করের, এটা চিরকালের নিয়ম যে যখন ডিসকাসান হয়, তখন ডিসকাসান ওপেন করেন বিরোধীদলনেতা বা বিরোধীদলের পক্ষ থেকে যে বক্তা থাকেন তিনি করেন, এতদিন ধরে অনুসৃত হয়ে এসেছে, কালকে ব্যতিক্রম ঘটল। কালকে আমি কিছু বলিনি। ঠিক আছে, কিছু একটা হয়ে থাকবে। কি ব্যাপার আমি কিছু বুঝিনি। আজকে আমি দেখছি একই জিনিস। বিরোধিতা করিনি। আজও চুপ করে বসে আছি। যখন একজন সিনিয়র, আমাদের গভর্নমেন্ট চিফ হুইপ তিনি যখন বলছেন আরও অনেকে বলেছেন আমাদের কেউ বলে থাকলে সেটা প্রযোজ্য হবে, ওঁর বেলায় তো বেশী প্রযোজ্য হবে। তিনি গভর্নমেন্ট চিফ হুইপ। যে হাউসে নেই, প্রাক্তন একজন মন্ত্রী, কি মুখ্যমন্ত্রী কারোর নাম ধরে তার সম্পর্কে যেসব ভাষা ইত্যাদি ব্যবহার করেছেন সেগুলি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমি তো সরি বলেছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হ্যা, আগেরটা সরি বলেন নি। পরেরটা সরি বলেছেন।

মিঃ স্পীকার : ওগুলি এক্সপাঞ্জ হয়ে যাবে। আমি বলে দিয়েছি ওগুলি সব বাদ চলে যাবে। সমস্ত নামগুলি এক্সপাঞ্জ হয়ে যাবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি বললেন সেটা ঠিক আছে। যাই হোক আমি বলছি এইরকম অনেকগুলি ব্যাপার আছে সেগুলির বিরোধিতা করিনি। এটাও আমি বিরোধিতার জন্য বিরোধিতা করছি না।

আমি মাননীয় অর্থমন্ত্রীকে খালি বলতে চাইছি, ডিপার্টমেন্ট ওয়াইজ যেসব বরাদ্দ ইত্যাদি বলেছেন, আমি তার মধ্যে যাবোই না। তার কারণ, ওগুলো আমি ধরে নিচ্ছি যে সময়ে পাওয়া যাবে। আমাদের মাননীয় সদস্যরা বলেছেন। কোন ডিপার্টমেন্টের আপনি বাড়ালেন? কেন বাড়ালেন? কেনই বা কাটতে গেলেন? কিসের কথা বিবেচনা করে? আপনি সময়ে হয়তো জবাব দেবেন। কারণ, এটা তো ডিপার্টমেন্টাল বাজেটে আলোচনা হতে পারবে না। ডিপার্টমেন্ট তো বলতে পারবে না আমাদের বাড়ালো কেন? কমালো কেন? সেই কারণে আমি ঐসব বিষয়ে যাচ্ছি না। যেগুলো বলা হয়েছে, আমি সেগুলোর পুনরাবৃত্তি করছি না। কিন্তু এই যে দিশার কথা উঠছে বারবার, সেটার সম্পর্কে কয়েকটি কথা মাননীয় অর্থমন্ত্রীর নজরে আনতে চাই এবং তার কাছ থেকে সন্তোষজনক উত্তর আশা করি। মাননীয় অর্থমন্ত্রী আপনি কি মনে করেন যে, আমরা খুব ভালো অবস্থায় আছি - দুনিয়াতে, দেশে? আমাদের রাজ্যটা কি দেশের বাইরে? না দেশটা দুনিয়ার বাইরে? দুনিয়াটা বদলাচ্ছে। সব ভালো হচ্ছে? ভালো আছে, খারাপ আছে। আমরা সবাই জানি, আপনি কি দ্বিমত হবেন যে, ৭০-এর দশকের মাঝামাঝি সময় থেকে যাকে বলা হয় পোষ্ট ওয়ার বুম্ - সেটা নেই। আমরা জানি ওয়ার্ল্ড ক্রাইসিস্ ইত্যাদি ইত্যাদি। গোল্ড স্ট্যান্ডার্ড চলে যাওয়া যা হয়েছে। তারপরে অর্থনীতির নতুন একটা গতি, নতুন একটা দিকে তার চরিত্রের পরিবর্তন এবং আমাদের এখানে যাকে বলা হয় নিওলিবারাল্ পলিসি - নয়া উদারবাদী নীতি। এখানে যেটা ৯১ সাল থেকে অনুষ্ঠিত হচ্ছে। এই যে নীতি, এইসব থেকে কি আমরা সব আলাদা? যদি ৪ বছর ধরে বিশ্ব অর্থনীতিতে একটা মন্দা চলে, আপনি কি মনে করেন, আমাদের দেশ আর পশ্চিমবাংলা রাজ্য একটা —আমরা তার থেকে আলাদা? আমরা তার দ্বারা প্রভাবিত হইনা? আমাদের উপরে তার প্রভাব পড়ে না? যখন বৃদ্ধির হার ইত্যাদি আমরা বলি, ঠিকই, আমরা একটা তুলনা করি—কেন্দ্রের কি, রাজ্যের কি, অন্য রাজ্যের কি ইত্যাদি—এসব আমরা তুলনা করি। কিন্তু তখন কি আমরা এই পরিপ্রেক্ষিতটা বিস্মৃত হয়ে যাই? ভুলে যেতে পারি যে আমরা কি অবস্থার মধ্যে আছি এখন? সারা দেশে, দুনিয়াতে, আমরা পশ্চিমবাংলায়—জ্যোতিবাবু বলতেন—'গ্লোরিফায়েড মিউনিসিপ্যালিটি। রাজ্যগুলির ক্ষমতা। তাকে কি আমরা করতে পারি না? তার মধ্যে ...... (নয়েজ্ : নাম বললেন) .... না, না নাম বলা যায় .... (গোলমাল) .... এটা কি হচ্ছে স্যার? নাম কেন বলা যাবে না? নাম একশোবার বলা যায়।

মিঃ স্পীকার : প্রাক্তন মুখ্যমন্ত্রী, বলা যাবে। ঠিক আছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি বলছি যে, এইরকম একটা অবস্থার মধ্যে আপনি যদি

বলেন—যেসব ভাষা আপনি ব্যবহার করেছেন—'এক ঐতিহাসিক পরিবর্তনের জোয়ার এসেছে এবং তার নিঃসন্দেহে প্রমাণ করার জন্য আপনার ভাষায় আপনি তথ্যাবলী দিয়েছেন। তথ্য নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিন্তু এটা কি ঠিক নাকি, আপনি যেটা লিখেছেন? যে, 'সেন্ট্রাল স্ট্যাটিষ্টিক্যাল অর্গানাইজেশন অ্যান্ড ব্যুরো অফ্ অ্যাপ্লায়েড্ ইকনমিক অ্যান্ড স্ট্যাটিসটিক্স থেকে প্রাপ্ত। আপনি মাথা নাড়ছেন, মানে আপনি ঠিক মনে করেন। না, আমি তা ঠিক মনে করিনা। কেন মনে করিনা? এক তো আপনি নিজের ইকনমিক রিভিউ দেখবেন। সেখানে লেখা আছে কোনটা ব্যুরো অফ্ স্ট্যাটিসটিক্স। গভর্নমেন্ট অফ ওয়েষ্ট বেঙ্গল—নীচে লেখা আছে সোর্স। আর কোনটা সি.এস.ও। ড. প্রশান্ত মোহলানবীশ, যাঁর জন্য আমরা সবাই গর্ববোধ করতে পারি, যিনি এই সেন্ট্রাল স্ট্যাটিষ্টিক্যাল অর্গানাইজেশন, এন. এস. এস. ও ইত্যাদি ইত্যাদি এইসব প্রতিষ্ঠা করেছিলেন।

[4·50–5·00 pm]

তাঁর সময় থেকেই এটাই চালু আছে যে, ফিগার যখন বের করা হয়, তখন—আপনি যেটা লিখেছেন within bracket আগাম হিসাব অনুযায়ী, advanced estimate. ইংরাজীতে যাকে বলা হয়। আপনাকে বলা আমার ধৃষ্টতা হচ্ছে। সেই আগাম হিসাব অনুযায়ী এটা bureau করে, রাজ্য, আপনার, এটা আপনার, আপনার আগে তাই ছিল, তাই আছে। আমি মনে করি তাই আছে। এটা ডা. মহলানবিশ, উনি খুব strictly বলেছিলেন যে advanced estimate যখন হয় তখন bureau করবে, even কুইক estimate যেটাকে বলা হয় সেটাও bureau করে। সেটা Central Statistical Organisation check করে না। Central Statistical Organisation যখন revise করে তখন এসব দেখেশুনে তবে বেরায়। সেটা আপনি দেন নি, আপনি advanced estimate দিয়েছেন। কাজেই এই সবগুলোর growth rate, এটা আপনার estimate , এটা আপনার bureau করেছে, রাজ্যের। আপনি যদি অস্বীকার করেন তাহলে না বলতেন, যে না, এটা সত্যি করে CSO। CSO মানে Central Statistical Organisation involved। আপনার কথা যা লিখেছেন আপনার review -তে যা লিখেছেন তার থেকে আমি বলছি। আমরা যখন একটা advanced estimate করি তখন আমরা একটা বাস্তবতা বিচার করি। তার বাস্তব ভিত্তি আছে, কি নেই ইত্যাদি এই সব আমরা বিচার করি। বিশেষ করে, agriculture-টাতে আমি খুব একটা বেশী যাচ্ছি না, কারণ সবাই বলেছেন। কিন্তু এটা খুব বড় ব্যাপার নয় যে কৃষি ও সহায়ক ক্ষেত্রে বৃদ্ধির হার নেমে গিয়েছিল মাইনাস ৭৪%, যা আপনি লিখেছেন। এফি। একটা প্রাকৃতিক দুর্যোগ হলে, খরা হলে ঐ রকম হয়। কৃষির বৈশিষ্ট্য হচ্ছে সেটাই যা আপনি আগাম অনুমান করতে পারেন না, কখন বেশী ঠাণ্ডা হবে, এই যে এ বছর এত ঠাণ্ডা হয়েছে আপনি জানেন যে পান উৎপাদনে আমরা সবচেয়ে বেশী। দিল্লী আবার এটা বোঝে না, যখন বন্যা হয়েছিল পানবরজ নষ্ট হয়ে গেল, আমরা ওঁদের বোঝাবার চেষ্টা করছি bittle biting। পান বুঝতে পারছে না, তার পরে যখন ইয়ের কাছে নিয়ে গেলাম তখন বুঝতে পারলো। কারণ ওটা চিবিয়ে খায় তো। যাই হোক এটা বেশী শীত পড়লে অসুবিধা হয়। আবার কম শীত হলে আলু উৎপাদন, গম উৎপাদন এইসবে মহা ঝামেলা হবে। আপনি জানেন যে কালকে একজন মাননীয় সদস্য global warming -র কথা এখানে বলছিলেন। কিন্তু—.৭৪% মাইনাস হওয়ার পর, পরের ১০ মাসে 1.84 করলেন। বড় বাহাদুরি এটা। .৭৪% মাইনাস হওয়ার পর যদি 1.84.

আপনি স্ট্যাটিস্টিক্সতো বোঝেন। এটাকে বড় বেশী মনে করবেন না যেন। এবং তার থেকে, সেই base থেকে আপনি যেটা project করেছেন—সেটা হলে ভালো, আমি খুশী হবো, আমি তো আর দুঃখিত হবো না। কিন্তু আপনি ভেবে দেখবেন এটা আচ্ছা। আপনি industry -তে যেটা Project করেছেন, যেটাকে আমরা IIP বলি, মানে Index of industrial Production। আপনি আপনার economic review যেটা এবারে দিয়েছেন chapter 6 para 6.2তে যে table আছে আপনি দেখবেন ওখানে যেটা আপনি কিভাবে করেছেন। ওখানেও আপনি দেখবেন নীচে লেখা আছে Bureau of Statistics, Government of West Bengal, ওর source. ওখানেও ওটা পরিষ্কার, যেগুলি 'P' বলে লেখা আছে মানে হলো provisional figure। তো যেটা advance, যেটা provisional, যেটা নিশ্চিত হয় নি, এটা আপনি নিশ্চয়ই লিখবেন, কিন্তু সেটা বলা উচিত। এটা আমি ধরেছি, হয়তো আশাব্যঞ্জক হতে পারে, একটু কম হতে পারে, বেশী হতে পারে। সেই ভাবেই বলা উচিত। আপনি service sector-এর growth যা লিখেছেন, আমি ঠিক জানি না এটা কোথা থেকে—এটার ভিত্তিটা যদি অনুগ্রহ করে বলেন, কোন একটা জিনিস বললে তার ভিত্তিটা বলতে হয়। কারণ আমাদের যা খেয়াল আছে সেটা হচ্ছে যে জাতীয় নমুনা সমীক্ষা ২০০৯, NSS 2009। Service sector employment growth সেটা আমার খেয়াল আছে। Service sector employment growth-এর কথা বলছি আমি। Employment growth আমরা সারা দেশের মধ্যে সব রাজ্যের মধ্যে, দ্বিতীয় স্থানে ছিলাম। কিন্তু ২০০৯-এর পরে এই service sector employment-এ কোন figure NSSO থেকে publish হয় নি। তাহলে আপনি কোনখান থেকে পেলেন? National Sample Survey তার পরে এ ব্যাপারে হয়নি। আপনি কোনখান থেকে পেলেন? এইসব ধরেই তো আপনি মোটামুটি একটা বৃদ্ধির হার দাঁড় করিয়েছেন। আপনাকে আমি নিরাশ হতে বলছি না। কিন্তু বেশি আশাবাদী হওয়া এইরকম একটা পরিস্থিতির মধ্যে মানে হচ্ছে, যে পরিস্থিতির জটিলতা কি, চ্যালেঞ্জগুলো কি সেগুলো বুঝতে অস্বীকার করা। কোন দিক থেকে বিপদ আসতে পারে কোন দিক থেকে অনিশ্চয়তা সৃষ্টি হতে পারে এগুলো বুঝতে অস্বীকার করা। এবং পরিস্থিতির জটিলতাকে ছোট করে দেখা মানে হচ্ছে বিপদ ডেকে আনা। কারণ যদি এটা কেউ মনে করে এইরকম একটা পরিস্থিতি, বিশেষ পরিস্থিতি এবং দেশের পরিস্থিতির মধ্যে আমি একটা সাংঘাতিক রকম গ্রোথ রেটের দিকে যেতে পারি আমরা বিরাট একটা জিনিস দাঁড় করাতে পারি, তাহলে পারেন যদি আমি আপনাকে—আমি তো ছোটলোক, খুচরো লোক্। আপনি বড় অর্থনীতিবিদ। রাজ্যের মানুষ, রাজ্যের মানুষ নয় দেশের মানুষ, দেশের মানুষ নয় সারা বিশ্বের মানুষ আপনাকে তার জন্যে ধন্যবাদ দেবে। আমি জানিনা নোবেল প্রাইজেও আপনার নাম সুপারিশ হতে পারে। কারণ জটিল ব্যাপারটা। আপনি এটাকে স্বীকার করেন কি করেন না এটাই হচ্ছে আমার জিজ্ঞেস করার ব্যাপার। আপনি এখানে বলেছেন যে, কি বলে—আরও অনেক ফিগারে আমি যেতে পারি কিন্তু সব ফিগারে যাচ্ছি না সময় ইত্যাদি অনেক লাগবে। আপনি একটা কথা লিখলেন এখানে এটা তিন পৃষ্ঠায়। আমি আপনার বই ধরে বলছি, আমার কাছে অন্য কিছু কাগজ নেই। ঐ কারণে ধারে টারে একটু দাগ দিয়ে রাখি। আপনার বইটা আপনি এখানে লিখলেন তিন পৃষ্ঠায়। লাস্ট বাট ওয়ান প্যারা তে, পশ্চিমবঙ্গে ২০০৭ থেকে ২০১০ সালে শ্রম দিবস নষ্টের বাৎসরিক গড় ছিল ৭৬.৪ লক্ষ দিন। এ বছর শ্রম দিবস নষ্টের পরিসংখ্যান কমে দাঁড়িয়েছে ৫,২০২ দিন। অর্ধ্য সত্য, হাফ ট্রুথ। না,

না বলা উচিত কোয়াটার ট্রুথ। কারণ গতকাল এই সদনে মাননীয় কোন সদস্যের প্রশ্নের জবাবে যখন শ্রমমন্ত্রী এখানে একটা জবাব দিয়েছেন, সেটা গতকাল এই হাউসে প্রশ্নের জবাব, আমি আপনাকে বলে দিচ্ছি, সেখানে বলা হয়েছে ১লা জুন ২০১১ মানে এই সরকার হওয়ার পরে পরেই ঠিক থেকে ২৮শে ফেব্রুয়ারী ২০১৩ লক আউট ও ধর্মঘটের ফলে নষ্ট শ্রম দিবসের সংখ্যা ৫৫,৮৬,১৭০। আপনাকে হাফ ট্রুথ, কোয়াটার ট্রুথ বললাম কেন? আপনি যদি বলতেন, যে ধর্মঘটের জন্য নষ্ট শ্রম দিবস এটা তাহলে আমি মানতাম। কিন্তু আপনি ভাবুন যে যেখানে মাননীয় শ্রমমন্ত্রী যে ফিগার দিয়েছেন নষ্ট শ্রম দিবসের সংখ্যা হচ্ছে ৫৫,৮৬,১৭০। তার মধ্যে ৫৫,৭৬,৫৭৪ হচ্ছে লক আউটের জন্য। লক আইটের জন্য। আর ৯,৫৯২ দিন হচ্ছে ধর্মঘটের জন্য। কোনটা ঠিক? আপনি এখানে লিখলেন, দায়িত্ব নিয়ে লিখলেন? সেজন্য বলছি, যে অত বেশি মানে কিছু বড় কথা, আমি বললেও ভুল হবে, আগে বলেছি তো ভুল ছিল আর যদি আপনি বলেন আপনিও ভুল করবেন। আপনাকে আমায় বলতে হচ্ছে, যে This sort of statements come from a tranquilised state. If you are in a tranquil lied state you may say like this. This We can't do, we can't do, we can't afford to do. যাইহোক আমি আপনাকে বলতে চাইছি যে আপনি তারপরে পরে এসছেন আমরা growth trajectory যাকে বলি, growth paradigm যাকে বলি-বৃদ্ধি। বৃদ্ধির হার দিয়ে কি আমরা উন্নয়ন মাপি? আজকাল বিশ্বে কেউ মাপে? আগে খালি—হ্যাঁ, ওটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। ওটা বাদ দিয়ে মাপা যায় না। কিন্তু একমাত্র এটা দিয়ে মাপা যায়? জি.ডি.পি. এস. ডি.পি, এইসব আগে হত। তারপরে আপনি নিশ্চয়ই জানেন একটা সময় এল যখন পার ক্যাপিটাল জিডি.পি, মাথা পিছু জি.ডি.পি, মাথা পিছু এস.ডি.পি ইত্যাদি, ইত্যাদি এইসব কনসেপ্ট এল। তারপরে এল এই প্রশ্নটা, যে ওটা দিয়ে খালি মাপা যায় না। গ্রোথ তো হল তার ডিস্ট্রিবিউশান কী? তার প্যাটার্ন কি? তার জন্য স্ট্রাটিজি কি হবে? যেটা আরও বৃদ্ধি হচ্ছে উৎপাদনে তার বন্টন কি?

[5·00–5·10 pm]

কারণ তার উপরে কি নির্ভর করছে যে বৃদ্ধির হারটা ধরে রাখা যাবে কি যাবে না। আজকে বিশ্বের সমস্যাটা তো সেইটাই। কারণ আপনার একটা ফিলোজফি আপনি এখানে একাধিকবার দিলেন, Keynesian multiplier। What happened in 30s? মানে তখনকার recession, আর এখনকার যা হচ্ছে, এটা কি এক নাকি? This has great changed in world economy. কি পরিবর্তন? আজকে খালি এটা শুধু গ্রোথের সমস্যা নয়। বৃদ্ধির সমস্যা নয়। It is not only the problem of stagnation. It is a peculiar situation. Stagnation combined with inflation. What is called now stagflation. যখন আপনি অর্থনীতি পড়েছেন বা আমি যখন স্কুলে অর্থনীতি পড়েছি না তারপরেও কলেজে আমি এক বছর পড়েছিলাম। তো তখন এই stagflation কথাটা ছিলনা, আমরা স্ট্যাগনেশান জানতাম। এবং স্ট্যাগনেশান অর্থাৎ মামলা যখন হয় তখন দাম পড়ে যায়। এই হচ্ছে নিয়ম। আর ইনফ্লেশান জানতাম। এই দুটো যে এক হতে পারে stagflation এটা কখনো ভাবা যেত না। তখন আমরা ইকনমিক্স জানতাম না। তখন আমরা thacharism কি জানতাম না। তখন আমরা জানতাম না Pigman কি বলবেন। তখন আমরা জানতাম না। আপনিও জানতেন

না। আমিও জানতাম না। ফলে এই যে একটা পরিস্থিতি, খালি গ্রোথ বৃদ্ধির হার ধরে তারপরে ক্যালকুলেশান করা বৃদ্ধি হলেই কাজ বাড়বে। ১০ লাখ হবে, ১৩ লাখ হবে। এই যে আমাদের প্ল্যানিং কমিশন এই রকম করে। কেন্দ্র মানে হচ্ছে তারা সব ঠিক। তার পক্ষ ধরতে হবে। বা কেন্দ্র মানেই বিরোধিতা করতে হবে। আমি সেই লাইনে বিশ্বাস করিনা। আমরা চিরকালই এটা বলেছি। ডকুমেন্টারি কাজ, ডকুমেন্ট আছে। যাইহোক আমি যেটা বলেছি যে, এই দিস গ্রোথ ইউ এন ডিপি কয়বার বলেছে Growth cannot be certainable unless it is equitable। এই গ্রোথটার প্যাটার্ন এখন কি, যা সারা পৃথিবীতে বলা হয়, জব লেস গ্রোথ। মানে গ্রোথ হচ্ছে, অথচ জব ক্রিয়েট হচ্ছে না। অর্থাৎ এমপ্লয়মেন্ট হচ্ছে না। এখন যে ভাষাটা ইউজ করা হচ্ছে, জব লেস না, joblost growth। অর্থাৎ গ্রোথ হচ্ছে, কিন্তু মানুষ কাজ হারাচ্ছে। জব লেস থেকে জব lost। গ্রোথ অর্থাৎ বৃদ্ধির হার যদি তা মানুষের কর্মসংস্থান হয়, আয় বৃদ্ধিতে এবং বৈষম্য দূর করতে যদি আপনার সহায়ক না হয় তাহলে এই এটা ঐ Keynesian multiplier তথ্যটা তখন কাজে লাগে না। ডিমান্ড যদি না হয়, সবাই বলেছেন, আমি আর সেই কথায় যাচ্ছি না। সেইটা আপনার এখানে, সেই স্ট্যাটেজিটা সেইটা পরিষ্কার নয়। আপনার বাজেটে আপনি গ্রোথ স্ট্যাটেজি যা ঠিক করেছেন, তাতে এটা পরিষ্কার আসছে না, যে এটা কি করে করা মুস্কিল। আমি খুব এই বিষয়ে সিওর। যে এটা সহজ কথা নয়, আমি আপনাকে বললাম, রাজ্য সরকারের পক্ষে করা কঠিন। দেশের পক্ষে করা, আমাদের দেশের পক্ষে অপেক্ষাকৃত সহজ।

যদি আমরা বিশ্বের দরবারে মাথা তুলে দাঁড়াতাম, আমাদের সঙ্গে এক শতাধিক দেশ যারা ছিল, তৃতীয় বিশ্বের সময়ে, এক সময়কার দেশ ইত্যাদি, তাদের সঙ্গে এক যোগে যদি আমরা দাঁড়াতাম, সহযোগিতার ক্ষেত্র গড়ে তুলতাম। চেষ্টা হচ্ছে, এখন গ্রীস-ট্রিস ইত্যাদি করে, সেইসব করতাম, আমাদের নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করতাম, যতটা আমাদের বাইরের সঙ্গে সম্পর্ক রাখা তাদের কাছ থেকে আমাদের প্রযুক্তি ইত্যাদি ব্যাপারে যা পাওয়া দরকার সেগুলিকে নিতে অস্বীকার না করে, অন্ধভাবে ঐ বাইরের বিরোধিতা ইত্যাদি না করে তাহলে আমরা পারতাম। কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের গ্রোথ স্ট্যাটিজি এখন সারা দেশে তা না। আপনাকে যদি বলতে হয় কিছু কথা, খালি এই রকম একটা ঐ বিরুদ্ধে সেটার বিরুদ্ধে একটা দুটো কথা বলে দিলাম, তাহলে সামগ্রীকতায় বলতে হবে। আপনাকে একটা বিকল্প বলতে হবে। আমি চাই যে আপনি সেই বিকল্প বলতে পারুন, আগের অর্থমন্ত্রী পশ্চিমবাংলার সমস্ত অর্থমন্ত্রীদের নেতৃত্বে তিনি ছিলেন, যখন এইসব আলোচনা হয়, আপনি জানেন। আমি চাই আপনি সেটা করুন। আপনাকে যদি সেটা করতে হয় তাহলে আপনাকে সব রাজ্যের আস্থা পেতে হবে। এবং সেটা পাওয়া সম্ভব। সেটা পাওয়া সম্ভব যদি অলটারনেটিভ গ্রোথ স্ট্রাটেজিটা যা রাজ্যের পক্ষে সম্ভব আপনি যদি শুধু এই গ্রোথ স্ট্যাটেজিটা তৈরি করতে পারেন তাহলে সেটা আপনার পক্ষে সম্ভব। তারমধ্যেও আপনি কয়েকটা জিনিস করার চেষ্টা করেছেন। আমি গ্রোথ সম্পর্কে আর একটা কথা বলি সেটা খুব ইমপর্টেন্ট যে খালি ইকনমিক, অর্থনৈতিক বৈষম্য এটা দিয়ে বিচার করা যায় না, সামাজিক বৈষম্য। ট্রাইবালস, আদিবাসী, তপশিলী জাতি, অন্যান্য অনগ্রসর শ্রেণী, সংখ্যা লঘু এবং নারী, মহিলা—এই সব আমরা জানি যারা সামাজিক বৈষম্যের শিকার। ইউ এন ডি পি ডকুমেন্টে একবার বের করেছিল, যেখানে বলা হয়েছিল গ্রোথ উইল বি এনডেঞ্জার্ড আনলেস ইট ইজ এনজেনডার্ড। আমি আবার রিপিট করছি। ইট উইল বি

এনডেঞ্জার্ড আনলেস ইট ইজ এনজেলডার্ড। আমি এটা আপনাকে বললাম এইজন্য যে আপনি একটা বিষয় বলেছেন, এই যে ডাইরেকশান, আমি মনে করি কিছু জিনিস, বলবো আপনাকে আপনি মোটামুটি ঠিক ডাইরেকশান দিয়েছেন, ভালো। সাড়ে সাতশো কোটি টাকার মত যেটা ধরেছেন, একটা নাম দিয়েছেন কন্যাশ্রী। আমি জানি না যে সেন্ট্রাল এইরকম কোনো প্রজেক্ট এ্যনাউন্স করতে যাচ্ছে কিনা। আমরা মাঝে মাঝে ছোট ছোট নাম দিয়ে চালু করে দিই। যাইহোক ডাইরেকশান ইজ ওকে, দিস ডাইরেকশান। ইট ইজ সামথিং দ্যাট— এটা হচ্ছে মানে একটা ডাইরেকশান হয়ে গেল। এই ডাইরেকশান হয়ে যাবে যদি এটা আপনি করেন। কিন্তু বাকি যা সব আছে সেগুলো আমি—ধরুন একটা জিনিস আপনি করেছেন যে দেড় হাজার টাকা করে দেবেন। আমরা তো শুরু করেছিলাম ৭৭ সালে ৫০ টাকা দিয়ে। তখন অবশ্য ওই ৫০ টাকাটা এখন দেড় হাজার টাকার কাছাকাছি হবে, হয়তো একটু বেশি হবে। আমরা ৫০টাকাটা তুলে দিলাম। আমাদের কংগ্রেসী বন্ধুরা বলছিলেন, আমাদের বিরোধিতা করছিলেন। এটা ঠিক যদি বেকার ভাতা দিতে পারতাম, তার সঙ্গে সঙ্গে কর্মসংস্থানের চেষ্টা করতাম—এটা সরকারের দায়িত্ব, সমাজের দায়িত্ব কাজ দিতে হবে। কাজ না দিলে ভাতা দিতে হবে। ভালো। কিন্তু আমাদের ক্ষমতা তা ছিল না। পারিনি, করিনি। তারমধ্যে আমরা দেখতাম কি করে আমাদের যা রিসোর্স আছে তার অগ্রাধিকার কি হবে। আমরা কি করেছিলাম—৫০ টাকাটা যখন আমরা শেষ ছাড়লাম, সাড়ে বারো হাজার টাকা বছরে, আপনি হিসাবে করুন দেড় হাজার টাকা যদি দেন বছরে তাহলে আঠারো হাজার টাকা দেওয়া হবে। আপনি মাসে মাসে দেড় হাজার না দিয়ে—আমি আপনাকে বলছি যে স্কিমটা আছে, আমার মনে হয় এখনো আছে, মাননীয় শ্রমমন্ত্রী আছেন, স্কিল ডেভেলপমেন্ট প্রোগ্রামে ব্যাঙ্কের সঙ্গে লিঙ্ক করে অর্থাৎ আপনি যদি সেই স্কিমটাকে দেড় হাজার টাকা করে মাসে না দিয়ে আপনি এককালীন সারা বছরের টাকা আঠারো হাজার টাকা দিলেন, ব্যাঙ্কের লোনের সঙ্গে তাকে লিঙ্ক আপ করে দিলেন—আপনি ভাবুন তাহলে অনেকগুলো মাইক্রো এন্টারপ্রাইজ গ্রো করতে পারে which can really create a lot of potential এটা আমরা করার চেষ্টা করছি। অর্থাৎ ব্যাঙ্ক বসলো, এই লোকটা বসলো, তারপরে ওর কি পোটেনসিয়াল আছে, ও কি করতে পারে অর্থাৎ কথায় বলছি, সে অটো চালাতে পারে, নাকি একটা ট্রাক্টর ভাড়া নিতে পারে, না কি করতে পারে, আমি তোমাকে এতটা সাবসিডি দিলাম, আর ব্যাঙ্ক থেকে নাও, তুমি এটা চালাও। দিস ইজ পসিবল। দিস ইজ এ্যান অলটারনেটিভ। যেটা আমরা চেষ্টা করেছিলাম। আপনি সেই রাস্তায় যাননি। আপনি মোটামুটি টাকা দিয়ে ক্ষান্ত থাকবেন। এইরকম আরো অনেক জিনিস আছে। যেগুলোকে চলতি কথায় বলা হয় পপুলিষ্ট। পপুলিষ্ট কথাটার মানে হল সহজে একটা হাততালি পাওয়া যায় এইসব, যেটা অনেক সময় সরকারগুলো করে থাকে। সেজন্য বাকি যেসব নতুন কিছু আছে তারমধ্যে আমি যাচ্ছি না। আমি সবকিছু সমর্থন করতে পারছি না। যেসব বিষয় করেছেন, যেসব টাকা আপনি ধরেছেন, ক্রেমগুলো ঠিক নয় সেটা আপনিও জানেন, আমিও জানি, গ্রোথ রেট কত ইত্যাদি, আমাদের সময় কত গ্রোথ রেট ছিল, সেই বিষয়ে আমি যাচ্ছি না। সেগুলো সবাই বলেছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। আপনার রেভিনিউ কি করে বাড়লো, কি ব্যাপার। আপনি গ্রান্ট ইন এড যা পেয়েছেন সেন্ট্রাল থেকে এটা আমরা জীবনে পাইনি, ৩৪ বছরে, পাইনি। প্রায় ৮০০০ কোটি টাকা। এটা কম ব্যাপার নয়। (ভয়েস—৯০০০ কোটি টাকা।)

ওই হল। আমি বইটা ধরে বলছি, ওখানে তো ওইরকম লেখা নেই। আমাকে কিছুটা স্মৃতিশক্তি থেকে বলতে হচ্ছে এবং কিছু পাতায় লিখে রেখেছি সেটা দেখে বলছি।

[5·10–5·20 p.m.]

দশমিক, শতক, দশক এইসব খুঁটিনাটি বিষয়ে আমি যাচ্ছি না। একটা টাকা পেয়েছেন আপনি। যেহেতু ডিজেল-পেট্রোলের দাম এত ঘন ঘন বাড়ছে, সাড়ে দশ টাকা না হওয়া পর্যন্ত মাসে মাসে দাম বাড়বে। এই হচ্ছে স্টেটমেন্ট, মাসে মাসে বাড়তে থাকবে, আর আপনি মাসে মাসে পেতে থাকবেন। মানুষের পকেট কাটার পয়সার একটা ভাগ রাজ্য সরকার মানে আপনি পাবেন। আমরা যখন ক্ষমতায় ছিলাম তখন আমরাও পেতাম। যাই হোক আমি তার মধ্যে যাচ্ছি না। আমি বলছি আপনাকে, এর থেকে যে টাকা পেয়েছেন আপনি, সেটা কিন্তু কম টাকা নয়। কিন্তু আপনি আপনার রেভিনিউ বাড়াচ্ছেন, আপনার SDP ratio বাড়াচ্ছেন এটা ভালো। ফাইভ পার্সেন্ট আপনি একসিড করতে যাচ্ছেন এটা ভালো, that is welcome, সত্যি সত্যিই SDP ratio কম, comparatively অনেকের চাইতে কম ছিল। এখানে আরও অনেক কিছু করার স্কোপ ছিল। You must not complacement with this growth. This is what we achieved, this is not beyond that, what we achieve। আপনি extra করবেন কোনখান থেকে? যখন এখানে বিলটা হয়েছিল, তখন আমি আপনাকে তিন, চারবার বলেছিলাম। খুব অন্যায় হয়েছে, একটা বে-আইনি কাজ হয়েছে। বোধ হয় সংবিধান বিরোধী। আপনি যেটা করলেন সেটা হচ্ছে এন্ট্রি ট্যাক্স্ ১২৫০ কোটি টাকার। হাউসের বক্তৃতার রেকর্ড আছে, আমি তখন এই হাউসে দাঁড়িয়ে বলেছিলাম, presidential assent লাগবে কিনা বলবেন। আমি জানিনা, আপনি যদি মনে করেন তাহলে এই বিষয়ে বলতে পারেন। কারণ আমি শুনেছি, ওটা নিয়ে মামলা হয়েছে, তারপরে যাই হোক আপনি নাকি stay order পেয়েছেন। এইসব ঝুট-ঝামেলা চলছে। এমন একটা জিনিস করা উচিত যেটা অনিশ্চিত অবস্থায় চলবে। সেইজন্য অনিশ্চয়তার উপরে নির্ভরশীল না হওয়াই ভালো। এটা করা যায়, Octroi হলে করা যায়, local bodies can collect it. কিন্তু আপনি তো তা করছেন না, আপনি স্টেট করছেন। It is tax and tax and it is a regressive tax and that is why constitution demands that you have violated the concurrence of the President.। এটা কি ব্যাপার আপনি বলতে পারবেন, আমি তার মধ্যে যাচ্ছি না। কিন্তু আমি তখন বলেছিলাম, যে আপনি কেন VAT-1% বাড়াচ্ছেন। আপনি এটাতে ওয়ান পার্সেন্ট বাড়াবেন বলছেন, আপনি আইন করেছিলেন ফাইভ পার্সেন্ট বাড়াবেন। আমি এই হাউসে দাঁড়িয়ে এখান থেকে বলেছিলাম, আর আপনি ওখানে ছিলেন। আপনি কেন এত ভুল পথে যাচ্ছেন, আপনি ওয়ান পার্সেন্ট ভ্যাটে বাড়িয়ে দিন, সেইসব আইটেমে যেগুলো গরীব, সাধারণ মানুষ, মধ্যবিত্তরা কেনে না। অন্য রাজ্যগুলো যেটাতে বাড়িয়েছে, আপনিও সেটাতে বাড়িয়ে দিন। আপনি কাগজে এবং ফার্টিলাইজারে বাড়ালেন, সেটা আমার পছন্দ নয়। যাই হোক, যেখানে আপনার selective হওয়ার স্কোপ আছে, সেখানে আপনি করতে পারতেন। তখন আপনি করলেন না, আপনি তখন ওটা করলেন। আমি তখন বলেছিলাম, কারণ ওটাতে আপনার constitutional gurantee ছিল, কেউ হাত দিতে পারত না। আপনি

স্টেটগুলোর সঙ্গে কম্পিটিটিভ থাকতে পারতেন। সেইজন্য অন্য স্টেট যেগুলি করছে, যেখানে আপনি কম্পিটিটিভ থাকতে পারবেন করুন, কিন্তু আপনি তখন ওটা করলেন। এবারে আবার এটাকেও রেখে দিলেন, আবার ওটাকেও রেখে দিলেন। It has to be, it must have, it would have inflation, মুদ্রাস্ফীতী হবে, মূল্যবৃদ্ধি হবে, দাম বাড়বে। দাম বাড়লে আপনার গ্রোথ আপনি sustain করতে পারবেন না। কারণ দাম বাড়লে লোকের আয়ের উপরে তার আঁচ পড়বে, বাজেটের উপরে আঁচ পড়বে, প্রোডাকশানের উপরে আঁচ পড়বে, উৎপাদনের উপরে আঁচ পড়বে এবং খরচ বাড়বে। এটা সহজ ব্যাপার আমরা সবাই বুঝি। সুতরাং আপনি এমনভাবে টাকা তুলবেন না, যেটা আপনার growth strategy-র সঙ্গে সঙ্গতিপূর্ণ হবে না। এটা আপনাকে সতর্ক করে দেওয়ার ব্যাপার। এখানে আপনাকে কি ভাষা বলব, আমি ঠিক বুঝতে পারছি না। আপনি অনেক ব্যাপারে বলছেন প্রথম হয়েছেন, কিন্তু market borrowing -এর ব্যাপারে প্রথম হওয়াটাতো ভালো নয়। এটা আমরা ৩৪ বছরে হতে পারলাম না। আপনারা অনেক হিসাব টিসেব দিলেন, ৩৪ বছরে market borrowing -এ আমরা প্রথম হয়নি। কেন সেটাও আপনি জানেন। তখন কম্পালসান ছিল, আমার যা স্মল সেভিংস থাকবে তার ৮০% আমি পাব। আমাকে নিতে হবে। কিন্তু সেটা কমে গেল চিট ফান্ডের রমরমার জন্য।

আপনি যদি একটা কথা খালি বলেন আমরা যে আইনটা পাস করেছিলাম, রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় ছিল। চিট ফান্ডগুলি, আমি চিডফান্ড তুলে দিতে বলছি না। রেগুলেশান চাই। ইনভেস্টারদের প্রোটেকশান চাই এবং তারা যারা এজেন্ট আছে তাদের প্রোটেকশান চাই। এটা আপনি যদি বলেন কি হল, কেস যেগুলো করেছিলাম, মামলা হয়েছিল, অনেক কিছু হয়েছিল সেইসব গুলি কি হল আপনি যদি আজকে অনুগ্রহ করে এখানে বলেন। আর, কথা আমি শেষ করছি। যেহেতু আপনি লাল আলো জ্বালাচ্ছেন। আমি আপনার কাছ থেকে আর সময় ভিক্ষা করবো না।

মিঃ স্পীকার : আপনার সময় চলে যাচ্ছে বলে আপনি লাল বাতি জ্বালাচ্ছেন। আমি লাল বাতি জ্বালাচ্ছি না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : না, না। দু-বার তিনবার ইনটারাপশান হচ্ছে তো। আমার সেজনা অসুবিধা হচ্ছে। যাই হোক আমি খালি বলছি যে, আপনার বাজেটটাকে আমি তবু বলছি যে, কেন আমি বিরোধিতা করছি। যে সেস বিচারে আপনি বাজেট করছেন। আপনার পেছনে যিনি আছেন তিনি ঠিক করছেন। আর আপনাকে সেগুলোকে accommodate.. করতে হচ্ছে। এইটা অনর্থক, নিরর্থক বাজেট এই জন্যে যেটা আপনি করছেন। আপনার যে গানটা দিয়ে শেষ করা উচিত ছিল, সেটা একটা বিখ্যাত গান রবীন্দ্রনাথের। রবীন্দ্রনাথকে একটা তখনকার, ওঁর সময়কার বড় দল ওঁকে আমন্ত্রণ জানিয়েছিল। আমার এক বন্ধু আমাকে বলছেন, সেই জন্যে আমি বলছি যে, আগে বলেছিলেন, যে ওঁকে পার্টির মিটিংয়ে গান গাইবার জন্য। তখনকার বড় দল। তো রবীন্দ্রনাথ পার্টির মিটিংয়ে গান গাইতে যাবেন দলের মিটিংয়ে, রাজনৈতিক মিটিংয়ে সেটা পছন্দ করতেন না। উনি না বললেন, তো ওরা জোর করতে থাকলো। না বলা যায় না, বড় কোন লিডাররা বলছেন, তখন রবীন্দ্রনাথ কি করবেন গেলেন ওখানে। উনি যে গানটা গেয়েছিলেন, আপনার সেই গানটা, আপনি ভেবে দেখবেন। শেষে লিখলে লিখতে পারতেন।

এসেছি হেথা যশের কাঙালি
কথা গেঁথে গেঁথে নিতে করতালি
মিছে কথা কয়ে, মিছে যশ লয়ে
মিছে কাজে নিশি যাপনা
শুধু হাসি খেলা
প্রমোদের মেলা
শুধু মিছে কথার ছলনা।
বলোনা, আমায় গাইতে বলোনা।

ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বিশেষ রেসপেকটিভ মেম্বারস অফ্ দিস হাউস। আপনি লক্ষ করেছেন, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার নিজের চেয়ারে বসে আজ তিন দিন ধরে শুধু শুনেছি তাই নয়, নোটসও তৈরী করেছি। কেননা আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। উই লিভ ইন ডেমোক্রেসি এবং উই মাস্ট রেসপন্ডেটরি। তাই আমি আজকে আমার বক্তব্য, আপনি যদি অনুমতি দেন তিনটে ভাগে ভাগ করে দিতে চাই। মাননীয় বিধায়কগণ, তারা অনেকগুলো তথ্য চেয়েছেন বিভিন্ন সেক্টরে। সে সম্বন্ধে যেটুকু আমি বলতে পারি সেইটুকু নিশ্চয় তাঁদের আজকে বলার চেষ্টা করবো পার্ট ওয়ানে। পার্ট টু, কেন্দ্রীয় সরকারের সম্বন্ধে আমি কিছু বলেছি। তার দু একটা কথা বলতে চাই, আরও তাতে কিছু বিষয় বলতে চাই এবং পার্ট থ্রি, আজকে এখানে আমার বিশেষ ঘনিষ্ঠ এবং অত্যন্ত পটু রাজনীতিবিদ যাঁরা এখানে অনেক দিন আছেন, ইনটেলেকচুয়ালি ভেরি সফিসটেকেটেড। তারা কিছু ইনটেলেকচুয়াল ইস্যু রেইজ করেছেন। সেটাও রেইজ করতে চাই। তার কিছু জবাব দিতে চাই। আশা করি তাঁরা খুশি হবেন। যদি না খুশি হন, আলোচনা আরও চলবে এবং লিডার অফ্ দ্য অপজিসান, অ্যাজ এ স্পেশাল প্লেস তিনি যে বক্তব্য রেখেছেন সে সম্বন্ধে কিছু সমীহ করে বলার চেষ্টা করবো। শুরু করি প্রথমে তথ্য দিয়ে। আনন্দ মোহন মন্ডল আমাদের হাউসে আছেন।

[5.20–5.30 p.m.]

উনি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষক নিয়োগ সম্বন্ধে কিছু তথ্য চেয়েছিলেন, আমার মনে হয় সেই তথ্যটা হাউসের রাখা দরকার as a responsible democrative party with transparency সেই তথ্যটা রাখতে চাই। মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক শিক্ষম নিয়োগের সম্বন্ধে উনি বলেছিলেন, 'কি চলছে? কিছু চলছে?' কটাক্ষ করে বলেছিলেন। আমি কিন্তু খুব ঠান্ডা মাথায় তথ্য দিয়ে তার জবাব দিতে চাই, কটাক্ষ করে নয়। ৪৫,৭৬১টি বোস্ট ফিল আপের জন্য available, কতটা অ্যাপ্লিকেশান পরেছিল? সাত লক্ষ দুই হাজার চারশো তিয়াত্তরটি আবেদন করেছিল। এই ৪৫,৭৬১টি সিটের জন্য। তাহলে আবেদন পড়েছিল মানে সরকার এগোচ্ছেন, যদি কিছু problem টাকে solve করা যায়। সেই আবেদনের থেকে edligibility test নেওয়া হবে। ওই যে বলেছিলেন, 'কি হচ্ছে কিছুই দেখতে পাচ্ছি না', তার জন্যই এটা বলছি। Eligibility test নেওয়া হল, তাতে পাশ করেছেন এক লক্ষ তিয়াত্তর হাজার ছয়শো আঠারো জন। এক লক্ষ

তিয়াত্তর হাজার ছয়শো আঠারো জন যোগ্যতা অর্জন করেছে। Government is working সেটা বুঝতে হবে। এটা magic নয়। এই এক লক্ষ তিয়াত্তর হাজার ছয়শো আঠারো জনের পরে phase two যেটা individual subje-এ evaluation চলছে এবং ফলাফল বের হবে, আমি গর্বের সঙ্গে বলতে চাই হয় তো April, May মাসের মধ্যে। এই যে এক লক্ষ তিয়াত্তর হাজার ছয়শো আঠারো জন যোগ্যতা অর্জন করেছেন testing-এর মাধ্যমে তার আবার individual subject testing টা complete হয়ে - এস সরকার ৪৫,৭৬১ seats systematically এবং transparency-র সঙ্গে they will be filled. It-s a achievement of the government. সেহেতু তাকে আমি বলব, বিনীত ভাবেই বলব, আনন্দময় মন্ডল সাহেবকে Government is not sleeping, it is pro-active আপনাকে datesও দিয়ে দিলাম। হয়তো আগে অর্থমন্ত্রীরা এই ভাবে transparently বলেননি, যদি বলে থাকেন, তাহলে বাধিত হয়েছিলেন, তারা যে বলেছিলেন আমি খুব খুশি। জনাব আখরুজ্জামান বিভিন্ন party-র বিধায়কদের সম্বন্ধে বলছিলেন। তিনি বলেছেন, সংখ্যালঘু সমাজের মধ্যে এই যে 35 টি college হবে, সংখ্যালঘু সমাজ তো দেখছি না। He deserves an answer। এই ৩৫টির মধ্যে দশটি কলেজ হবে সংখ্যালঘু minority dominated areas নিয়ে। উদাহরণ—বর্ধমানে দুইটি Mangalkot of Katwa and Kalna 1, নদীয়ায় তিনটি, নাকাশীপাড়া, মুড়াগাছি, কালিয়াগঞ্জ এবং চোপড়া। এই এলাকাতে নাকাশী পাড়া Of মোড়াগঞ্জ তিনটি। উত্তর দিনাজপুরে তিনটি গোলপুকুর, রায়গঞ্জ এবং ইটাহার। দক্ষিণ দিনাজপুরে দুই টি—কুশমন্ডি আর হিলি। স্পষ্ট ভাবে স্বচ্ছতার সঙ্গে গণতান্ত্রিক tradition maintain করে জানিয়ে দিলাম, দশটি কলেজ হবে। আর ভুলে যাবে না Apex বিদ্যালয় হচ্ছে Alia, Alia-এর জন্য জমি allocated।

টাকা রেডি সেইহেতু আমি বলবো যে মানুষের সম্বন্ধে-আমার ভাই বোনেদের সম্বন্ধে - জিজ্ঞাসা করেছেন, যারা সংখ্যালঘু সমাজের This Government is active and subtantive in its statement not a matter of speculation but with spefific data। তৃতীয়তঃ রবীন্দ্র নাথ চ্যাটার্জী মহাশয় কোল্ড স্টোরেজের কথা বলেছেন। আপনি তো কোল্ড স্টোরেজের কথা কিছু বললেন না? very senior member of this House, I was painted যে উনি হয়ত ভুলে গেছেন, আমি স্মরণ করিয়ে দিতে চাই যে প্রতিটি ব্লকে যে কৃষক বাজার হচ্ছে সেই প্রতিটি ব্লকে কৃষক বাজারের সংগে-ইনট্রিগাল থিংকিং, আপনারা বললেন দিশা নেই, দিশা কোথায়, এটাই দিশা। সেই বাজারের সংগে কোল্ড স্টোরেজ, দ্যাট মিল্স পারফেক্ট। এবং শুনে খুশী হবেন three to five acres of land অলরেডি বরাদ্দ করা হয়ে গেছে ফর ৯৫ কৃষক বাজার। আশাকরি আপনার উত্তরটা দিতে পেরেছি। cold storage will accompany the কৃষক বাজার এবং থ্রি টু ফাইভ এখন কি হচ্ছে। হয়ত জিজ্ঞাসা করতে পারেন এখন কি হচ্ছে। তিনটি কাজ হয়েছে, এক তো বাউনডারী ওয়াল দিয়ে শুরু। বিদ্যুৎ ব্যবস্থা, Cold storage is electricity Intensive, air conditiin is electricity intensive, তার জন্য বিদ্যুৎ ব্যবস্থা। তার জন্য পুরো পরিকাঠামো, সেই কাজ হচ্ছে এবং parallelly transaction advisior 'ppp bidding। এর জন্য ফরমালিটিজ তৈরী করছি। সেই হেতু আমি খুব কেয়ারফুল এটা বলতে চাই This is the date 'সেই সম্বন্ধে যদি আরো প্রশ্ন থাকে

তার ডিটেলস আমার কাছে আছে। কোথায় কোথায় ৯৫, কোথায় কোথায় কোল্ড স্টোরেজ, এতো কম সময়ের মধ্যে তা বলা সম্ভব নয়। কিন্তু আপনাকে দিয়ে দিলাম এটা যে কৃষক বাজারের সংগেই এ্যাটার্চড। যখন ফ্রুটস এ্যান্ড ভেজিটেবিলস আসবে ফল আসবে They are going to cold storage. 40% is perishable আগে সেটাকে তো প্রোকেক্ট করতে হবে। তারপর সেটা বাজারে গিয়ে according to the market condition বাজারে নিয়ে যাওয়া হবে। This is vision। তারপর আসি পশ্চিমাঞ্চল সম্বন্ধে যে এখানে নাকি আপনি কিছু বলেন নি। ড. আশীষ ব্যানার্জী আগেই বলেছেন সেটা তাঁর বক্তব্য রিপিট করতে চাই না। ২২৬.৮৯ কোটি টাকা পশ্চিমাঞ্চল ডিপার্টমেন্টের জন্যবরাদ্দ হয়েছে। উদাহরণ স্বরূপ আপনাকে বলি তে এই বইটা আপনি যদি ২০ পাতায় চলে যান শুধু পুরুলিয়া এবং বাঁকুড়ায়, দেখে অবাক হয়ে যাবেন যে এই যে কথাটা বলা হচ্ছে পেজ ২০ আমি পড়ে বলে দিচ্ছি কত পশ্চিমাঞ্চলে বিভিন্ন ডিপার্টমেন্টের মাধ্যমে এই সরকার কাজ করছে। পানীয় জল ১০১১.১২ কোটি টাকা প্রকল্প বাস্তবে রূপায়িত হতে চলেছে। যা ৩০ লক্ষেরও বেশী মানুষকে সাহায্য করবে। কোথায় এটা? এটা বাঁকুড়ায়। পাশে পুরুলিয়া, পুরুলিয়াতে ১১৭৩.০২ কোটি টাকার একটা প্রকল্প প্রযুক্তিগত ভাবে ছাড়পত্র পেয়েছে। কত লোকের সুবিধা হবে? ১৫ লক্ষ। এটা আমি ২০ পাতা থেকে পড়ে শোনাচ্ছি। এই ভাবে যদি আপনারা খুঁজে দেখবেন বাজেটের বিভিন্ন বক্তব্যের সংগে এটা জড়িয়ে আছে। সেইহেতু এই যে কথা, কই, দেখতে তো পেলাম না। ডঃ ব্যানর্জী খুব এ্যাফেকটিভলী উত্তর দিয়েছেন। আমি সেই সম্বন্ধে আরো কিছু বলতে চাই না। একটু দয়া করে খুঁজে নেবেন। আরো একগুচ্ছ প্রকল্প এই জঙ্গল মহল এলাকায় পশ্চিমাঞ্চল উন্নয়নের জন্য খুঁজে পাবেন। পঞ্চম শ্রী ঠাকুর উনি বলছিলেন কিছু তথ্য দিচ্ছিলেন আরবান ডেভেলপমেন্টের উপরে। খরচ হয় নি বলছিলেন।

মিঃ স্পীকার : আমাদের যেহেতু সময় শেষ হচ্ছে, হাউসের অনুমতি নিয়ে আমি আরো আধঘণ্টা সময় বাড়িয়ে দিলাম।

ড. অমিত মিত্র : অনেক ধন্যবাদ মাননীয় স্পীকার মহাশয়কে।

[5.30–5.40 pm]

অক্ষয় ঠাকুর সাহেব, আপনি জিজ্ঞাসা করেছিলেন যে কত খরচ হয়েছে, উনি কিছু তথ্য দিচ্ছিলেন। আপনি যদি অনুমতি দেন তাহলে তথ্যটা দিয়ে দিই। ১ হাজার ৫৩৯.০২ বাজেট এস্টিমেট ছিল। কত খরচ হয়েছে? ১ হাজার ৩৯৮, ৮৯.৮৩%। আর উনি বলছেন খরচ হয় নি। It's official data and I am placing before the House, স্যার, এই ধরণের হাল্কাভাবে জিনিসটাকে যাতে আমরা কেউ না নিই, আমিও নিতে চাই না, আমিও চাই না আমার বিদায়করা সেটাকে হাল্কাভাবে নেবেন। এরপর আমি যেতে চাই আরও দুটি বক্তব্যের উপর তিনটি ক্ল্যারিফিকেশান, জনাব আনিসুর রহমান সাহেব বলেছেন-হাউস চলছে, তখন মাননীয় মুখ্যমন্ত্রী অ্যানাউন্সমেন্ট করছেন তিনটি স্কীম। আমি ওনাকে স্মরণ করিয়ে দিতে চাই ০৬.০৩.২০১৩-তে সেই অ্যানাউন্সমেন্ট হয়েছিল, তখনও হাউস শুরু হয় নি। আমি শুনলাম ওঁর কথা, যে উনি আগেও ক্ষমা চেয়েছেন, এবারেও ক্ষমা চেয়েছেন। আশা করি, এবারে আবার ক্ষমা চাইতে হবে। এটা দয়া করে বলবেন না। আমি যদি কিছু ভুল বলে থাকি তাহলে আমি নিশ্চয়ই ক্ষমা চাইব। তবে হয়ত

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 133,89,84,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads: " 2401-Crop Husbandry, 3451-Secretariat-Economic Services, 3454-Census, Surveys and Statistics and 4059-Capital Outlay on Public Works" during the year 2013-2014.

(This is inclusive of a total sum of Rs. 44,63,29,000 already voted on account.)

DEMAND No. 64

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.2560,08,72,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads: "2235-Social Security and Welfare, 2236-Nutrition, 2251-Secretariat-social Services and 4235-Capital Outlay on Social Security and Welfare" during the year 2013-2014.

(This is inclusive of a total sum of Rs. 853,36,25,000 already voted on account.)

DISCUSSION AND VOTING ON DEMANDS FOR SUPPLEMENTARY GRANTS OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR YEAR 2012-2013

Mr. Speaker : Now I call upon Dr. Amit Mitra to move the Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 2012-20

DEMAND No. 1

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,00,000 be granted for expenditure under Demand No. 1, Major Head: "2011-State Legislatures" during the current financial year.

DEMAND No. 3

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,00,00,000 be granted for expenditure under Demand No. 3, Major Head: "2013-Council of Ministers" during the .current financial year.

(Page 3, Demands for Supplementary Grants, 2012-2013.)

DEMAND No. 4

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,00,000 be granted for expenditure under Demand No. 4, Major Heads: "4435-Capital Outlay on Other Agriculture Programmes" during the current financial year.

DEMAND No. 5

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 113,84,46,000 be granted for expenditure under Demand No. 5, Major Heads: " 2401-Crop Husbandry, 2402-Soil and Water Conservation, 4401-Capital Outlay on Crop Husbandry and 4415-Capital Outlay on agricultural Research and Education" during the current financial year.

DEMAND No. 6

DR. AMIT MITRA : Sir, on the recommendatin of the Governor, I beg to move that a sum of Rs. 8,64,000 be granted for expenditure unde Demand No. 6, Major Heads: " 2235-Social Security and welfare" during the current financial year.

DEMAND No. 7

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 186,65,88,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads: " 2225-Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other backward Classes, 2251-Secretariat-Social Services and 4225-Capital OUtlay on welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes" during the current financial year.

DEMAND No. 8

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 70,00,00,000 be granted for expenditure under Demand No. 8, Major Heads: "6425-Loans for Co-operation" during the current financial year.

DEMAND No. 11

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,54,52,000 be granted for expenditure under Demand No. 11, Major Heads: "4851-Capital Outlay on village and Small Industries and 6860-Loans for Consumer Industries" during the current financial year.

DEMAND No. 12

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 104,50,00,000 be granted for expenditure under Demand No. 12, Major Heads: "2575-Other Special Areas Programmes and 4575-Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 15

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 882,98,00,000 be granted for expenditure under Demand No. 15, Major Heads: " 2202-General Education and 2204-Sports and Youth Services" during the current financial year.

DEMAND No. 16

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,96,76,000 be granted for expenditure under Demand No. 16, Major Heads: "2251-Secetariat-Social Services, 3425-Other Scientific Research and 3435-Ecology & Environment" during the current financial year.

DEMAND No. 18

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2056,65,00,000 be granted for expenditure under Demand No. 18, Major Heads: "2071-Pensions and Other Retirement Benefits, 4059-Capital Outlay on Public Works and 5465-Investments in General Financial and Trading Institutions" during the current financial year.

DEMAND No. 19

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,00,000 be granted

for expenditure under Demand No. 19, Major Heads: "2070-Other Administrative Services" during the current financial year.

DEMAND No. 21

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 509,46,61,000 be granted for expenditure under Demand No. 21, Major Heads: " 2052-Secretariat-General Services, 2235-Social Security and Welfare and 4408-Capital Outlay on Food, Storage and Warehousing" during current financial year.

DEMAND No. 22

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,75,32,000 be granted for expenditure under Demand No. 22, Major Heads: " 2401- Crop Husbandry, 4401-Capital Outlay on Crop Husbandry and 4860-Capital Outlay on Consumer Industries" during the current financial year.

DEMAND No. 23

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,32,000 be granted for expenditure under Demand no. 23, major Head: "2406-Forestry and Wild Lief" during the current financial year.

DEMAND No. 25

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1132,73,81,000 be granted for expenditure under Demand No. 25, Major Heads: " 5054-Capital Outlay on Roads and bridges and 7075-Loans for Other Transport Services" during the current financial year.

DEMAND No. 26

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 120,95,69,000 be granted for expenditure under Demand No. 26, Major Heads: "2551—Hill Areas" during the current financial year.

DEMAND No. 27

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 26,26,69,000 be granted

for expenditure under Demand No. 27, Major Heads: "4055—Capital Outaly on Police, 4216—Capital Outlay on Housing and 4575—Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 29

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,30,000 be granted for expenditure under Demand No. 29, Major Heads: "2852—Industries and 3451—Secretariat—Economic Services" during the current financial year.

DEMAND No. 33

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,01,88,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads: "2052-Secretariat-General Services, 2056-Jails and 4059-Capital Outlay on Public Works" during the current financial year.

DEMAND No. 34

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,44,00,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads: "4059-Capital Outlay on Public works" during the current financial year.

DEMAND No. 37

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.27,68,000 be granted for expenditure under Demand No. 37, Major Head: "2052-Secretariat-General Services" during the current financial year.

DEMAND No. 38

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 421,66,67,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads: "2202-General Education, 2235-Social Security and Welfare and 2250-Other Social Services" during the current financial year.

DEMAND No. 40

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs.1042,36,87,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads: "2216-Housing, 2235-Social Security and Welfare, 2401-Crop Husbandry, 2501-Special Programmes for Rural Development, 2505-Rural Employment, 2515-Other Rural Development Programmes, 3451-Secretariat-Economic servics, 3604-Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions and 4401-Capital Outlay on Crop Husbandry" during the current financial year.

DEMAND No. 42

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.3,58,97,000 be granted for expenditure under Demand No. 42, Major Heads: "2052-Secretariat-General Services and 2070-Other Administrative Services" during the current financial year.

DEMAND No. 43

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 959,64,96,000 be granted for expenditure under Demand No. 43, Major Heads: "2801-Power" during the current financial year.

DEMAND No. 44

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,50,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Heads "2852-Industries and 4857-Capital Outlay on Chemical & Pharmaceutical Industries" during the current financial year.

DEMAND No. 45

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,04,55,000 be granted for expenditure under Demand No. 45, Major Heads: "2215-Water Supply and Sanitation and 2250-Other Social Services" during the current financial year.

DEMAND No. 50

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 33,00,00,000 be granted for expenditure under demand No. 50, Major Head: "2575-Other Special Areas Programmes" during the current financial year.

DEMAND No. 52

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,53,00,000 be granted for expenditure under Demand No. 52, Major Heads: "5452-Capital Outlay on Tourism" during the current financial year.

DEMAND No. 54

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 129,56,12,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads: "2216-Housing and 2217-Urban Development" during the current financial year.

DEMAND No. 55

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,62,31,000 be granted for expenditure under Demand No. 55, Major Head: "4401-Capital Outlay on Crop Husbandry" during the current financial year.

DEMAND No. 56

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 250,44,61,000 be granted for expenditure under Demand No. 56, Major Heads: "2235-Social Security and Welfare, 2236-Nutrition and 2251-Secretariat-Social Services" during the current financial year.

DEMAND No. 58

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,37,00,000 be granted for expenditure under demand no. 58, Major Heads: "2575-Other Special Areas Programmes and 4575-Capital Outlay on Other special Areas Programme" during the current financial year.

DEMAND No. 61

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,17,000 be granted for expenditure under Demand No. 61, Major Head: "2052-Secretariat-General Services" during the current financial year.

DEMAND No. 62

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,80,00,000 be granted

for expenditure under Demand No. 62, Major Heads: "2052-Secretariat-General Services and 4575-Capital Outlay on Other Special Areas Programme" during the current financial year.

DEMAND No. 63

DR. AMIT MITRA : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,00,000 be granted for expenditure under Demand No. 63, Major Head: "3451-Secretariat-Economic Services" during the current financial year.

MOTIONS FOR REDUCTION ON SUPPLEMENTARY DEMANDS

DEMAND No. 3

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 3. The cut motion is in order.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No. 1)

DEMAND No. 4

Mr. Speaker : There are 2 cut motions to Demand No. 4 by Shri Anisur Rahaman. The cut motion is in order.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No.s 1-2)

DEMAND No. 5

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 5 by Shri Asit Mitra. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the demand of the amount be reduced by Rs. 100/-

DEMAND No. 6

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 6 by Shri Anisur Rahaman. The cut motion is in order.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the amount of the demand be reduced by Rs. 100/-

DEMAND No. 7

Mr. Speaker : There are 3 cut motions to Demand No. 7 by Shri Asit Mitra and by Shri Anisur Rahaman

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-(cut motions No. 1-2)

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No. 3)

DEMAND No. 8

Mr. Speaker : There is 1 cut motion to Demand NO. 8 by Shri Asit Mitra. The cut motion is in order.

Shri asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 11

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 11 by Shri Asit Mitra. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 15

Mr. Speaker : There are 3 cut motions to Demand NO. 15 by Shri Asit Mitra and Shri Anandamay Mandal. All the cut motions are in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-(Cut motion Nos. 1-2)

Shri Anandamay Mandal : Sir, I beg to move the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No. 3)

DEMAND No. 16

Mr. Speaker : There is 1 cut motion to Demand no. 16 by Shri Anisur Rahaman. The Cut Motion is in order.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 19

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 19 by shri Asit Mitra. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by rs. 100/-

DEMAND No. 22

Mr. Speaker : There are 5 cut motions to Demand No.22 by shri Ananta Deb Adhikari and Shri Chowdhury Md. Hedayatullah. All the cut motions are in order.

Shri Ananta Deb Adhirkari : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-(cut Motion Nos. 1-4)

Shri Chowdhury Md. Hedayatullah : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100- (cut motion no. 5)

DEMAND No. 23

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 23. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 25

Mr. Speaker : There are 6 cut motions to Demand No. 25 by Shri Ananta Deb Adhikari, Shri Anandamay mandal and Shri Asit Mitra. All the cut motions are in order.

Shri Ananta Deb Adhikari : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion NOs. 1-4)

Shi Anandamay Mandal : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion no. 5)

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No.6)

DEMAND No. 26

Mr. Speaker : There are 3 cut motions to Demand No. 26. All the cut motions are in order.

Shri Biram Mandi : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motin No. 1-2)

Shri Ananta Deb Adhikari : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (Cut motion No.3)

DEMAND No. 29

Mr. speaker : There is 1 cut motion to Demand No. 29. The Cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 33

Mr. Speaker : There is 1 cut motion to Demand No. 33. The cut motion is in order.

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand by reduced by Rs. 100/-

DEMAND No. 34

Mr. Speaker : There are 2 cut motions to Demand No. 34 by Shri Biram Mandi. All the cut motions are in order.

Shri Biram Mandi : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

DEMAND No. 38

Mr. Speaker : There are 3 cut motions by shri Biram Mandi and Shri Asit Mitra. All the cut motions are in order.

Shri Biram Mandi : Sir, I beg to move that the amount of the Deamnd be reduced by Rs. 100/- (cut motion nos. 1-2)

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (cut motion No. 3)

DEMAND No. 40

Mr. Speaker : 5 cut motions to Demand No. 40 by Shri Biram Mandi and Shri Asit Mitra. All the cut motions are in order.

Shri Biram Mandi : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- (Cut Motion Nos. 1-2)

Shri Asit Mitra : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-(cut motion Nos. 3-5)

শ্রী আনিসুর রহমান : স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য যে প্রস্তাব রেখেছেন সেই বিষয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। তার আগে আমার দুটো কথা বলার আছে সাধারণ ভাবে, একটা হচ্ছে যে রাজনীতিতে বিরোধ থাকতে পারে এটা খুব স্বাভাবিক। বিরোধ থাকবে, বিতর্ক হবে এবং হেলদি বিতর্ক হবে এর মধ্যে কোন অন্যায় নেই, অপরাধ নেই। কিন্তু একটা রাজনীতিক সততা, স্বচ্ছতা আমাদের মধ্যে না থাকে যারা আমরা রাজনীতি করি বিরোধের মধ্যেও সেটা খুব ক্ষতিকারক হয়। আজকে নিয়ম মানুষ তৈরি করেছে আর নিয়মের পরিবর্তন মানুষই করবে। নিয়মের পরিবর্তন করে মানুষ এগিয়ে যাবে এটাই হচ্ছে আমাদের সভ্যতা, এটাই হচ্ছে আমাদের ইতিহাস।

আমাদের এই বিধানসভায় অনেক নিয়ম কানুন পরিবর্তন হচ্ছে, আগামীদিনে হবে। কিন্তু কতকগুলো ঘটনা ঘটলে খুব সমস্যা হয় যেগুলো আমাদের কারোর কাছে কাম্য নয়। আমি বলছি এই কারণেই যে, আমাদের এই বারের যে বিধানসভা অধিবেশন বসে, এটা আমাদের অনেক দিনের অভ্যেস, এটা আমাদের এক চালু নিয়ম, সারা দেশে আছে, আমাদের রাজ্যেও আছে যে আমাদের রাজ্যপাল প্রথমে এখানে ভাষণ দিতে আসেন আর আমরা তাকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই, প্রস্তাব আনি, তা নিয়ে আলোচনা হয়। এইবারে প্রথম একটা ঘটনা ঘটল যে তার বক্তৃতার পরে তাকে আমরা অভিনন্দন জানাতে পারলাম না, ধন্যবাদ জানাতে পারলাম না, অন্য কাজে চলে গেলাম। কি প্রয়োজন আছে সে কথা আলাদা। কিন্তু এমন কি কোন প্রয়োজন ছিল যে এভাবে আমাদের বসতে হবে, এটা পরিবর্তন করতে হবে। আমি সবথেকে অবাক হয়ে গেলাম যে ১লা তারিখে সমস্ত রাজনৈতিক দলকে ডাকা হল, ডাকা হল কবে? ২৭ তারিখে বোধহয় ডাকা হল। ২৮ তারিখ মধ্যে পড়ে। এবারে বিভিন্ন দল আছে বিভিন্ন জায়গায়, কেউ হয়ত জলপাইগুড়ি আছে, কেউ মেদিনীপুরে আছে। তারা সময়মত আসতে পারলেন না। একটা বিশ্বাস নিয়ে আলোচনা হবে। কিন্তু এমনভাবে বিষয় হাজির করা হল, যে এমন একটা সমস্যায় পড়ে গিয়েছি যে এটা করতেই হবে। কিন্তু এটা বাস্তবে ছিল না। কিন্তু আজকে এটা করতে হল, নিয়ম ভাঙা হল। এটা আমাদের নিয়ম ভাঙা শুধু না, আমরা রাজ্যপালকে অপমান করলাম, এটা আমাদের কখনই কাম্য হতে পারে না। দ্বিতীয় আমি যে কথা বলেছিলাম একটু আগে অমিত বাবু বললেন - এখন মুশকিল হচ্ছে অমিত বাবু যা বলেন আমরা যেগুলো জিজ্ঞাসা করি সেগুলো বলেননি, নিজের মত করে বলে যান তাতে সমস্যা তৈরী হয়। আমি এইজন্য বলছি যে, বললে আমরা খুশি হব প্রত্যেকে যত সদস্য আলোচনা করেছেন সবাই কিন্তু একটা কথা বলেছেন যে, আপনার বইয়ে লিখিত আছে, এটা কোন গল্পকথা না। আপনার বইয়ে লেখা আছে ১০ লক্ষ কর্মসংস্থান।

মিঃ স্পীকার : আপনি বললেন যে, নিয়ম ভেঙেছে এটা কিন্তু ঠিক না।

শ্রী আনিসুর রহমান : এবারে যেটা উনি করেছেন সাপ্লিমেন্টারী বাজেটে তাতে প্রায় ৮হাজার কোটি টাকার উপরে উনি সাপ্লিমেন্টারী বাজেটের জন্য প্রস্তাব করেছেন- অতিরিক্ত ব্যয় বরাদ্দের জন্য প্রস্তাব করেছেন। গতবারে বোধহয় এটা ছিল ১১ হাজার, এটা হয়েছে ৮ হাজার। এই অতিরিক্ত ব্যয় বরাদ্দ দাবী করাটা অন্যায় না, অনৈতিক ব্যাপার না, এটা নিয়মের ব্যাপার। কাজেই সেই নিয়ে আমার আপত্তি নেই। আমার প্রশ্ন হচ্ছে কয়েকটি বিষয় এমনভাবে হাজির করা হয়েছে যেগুলো খুব সমস্যার ব্যাপার হয়ে দাঁড়ায়। যেমন ধরুন এই যে আজকের খবরের কাগজে যেটা বেরিয়েছে।

এই যে সরকারী তহবিলের টাকা মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে জমা করার কথা বলা হয়েছে। আমার মনে আছে গতবারে এই বিষয়টা নিয়ে আলোচনা হয়েছিল। গতবারে এই জিনিসটা নিয়ে আলোচনা হয়েছিল আমরা শুনেছিলাম যে অদ্ভুত একটা কথা এখানে চালু করা হচ্ছে, ব্যবস্থা চালু করা হচ্ছে। সেই ব্যবস্থাটা যেন আগামীদিনে ক্ষতিকারক না হয়। আপনার নিশ্চয়ই মনে আছে আমরা বলেছিলাম এই যে তিন নম্বর আমাদের যে ডিমান্ড আছে, কাউন্সিল অফ মিনিস্টারদের যে বিষয় এখানে আছে সেই জায়গায় একটা কথা যুক্ত করা হল। তাতে বলা হল যে, এ্যাডিশানাল প্রভিশান ইজ রিকোয়ার্ড ফর মেকিং কনট্রিবিউশান বাই দি চিফ মিনিস্টার অ্যাজ ডিসক্রীশানারী গ্র্যান্ট বাই দি মিনিস্টার্স। এই যে কথাটা যুক্ত করা হল এবং তাকে বলা হল প্রায় ২কোটি ২৩ লক্ষ টাকা সাপ্লিমেন্টারী বাজেটে প্রভিশান করা হল। আমরা জিজ্ঞাসা করেছি এটা কেন করা হল? সেদিন আমরা পরিষ্কার কিছু উত্তর পাইনি। আজকে যখন এই ঘটনাটা দেখলাম কাগজে তখনও ভাবছিলাম হাউ ইট ইজ পজিবিল। তখন আমি দেখলাম এইরকম একটা প্রভিশান করে রাখা আছে। এবারের জন্য বলা হয়েছে আরও ৩ কোটি টাকা। আমার মনে হল যে, এখান থেকে এক কোটি টাকা দেওয়া হয়েছে এই প্রভিশানের এখান থেকে। সেটা কেন হল আমি বুঝলাম না। দ্বিতীয়তঃ অনেকগুলো বিষয় আছে। যেখানে এই সাপ্লিমেন্টারী -বাড়তি টাকা দেওয়ার কথা বলা আছে। আমরা দেখলাম যে, মোট টাকা যে আমাদের আছে, সে টাকার বিরাট পরিবর্তনের ব্যাপার এটা না। এটা হচ্ছে কতকগুলো দপ্তরের বেশি খরচ হতে পারে বা হয়েছে সেগুলোর জন্য কিছু বাড়তি বরাদ্দ আবেদন করা হয়েছে। আগে আমাদের বাজেট বই যখন ছাপানো হত তখন আর একটা কলাম থাকত। এখন আমি দেখছি না, আগে থাকত। যখন আমরা প্রথমে আসি তখন বাজেটে দেখতাম যে বছরের বাজেট হয়, তার আগের বছরে প্রথম ছয় মাসের অ্যাকচুয়াল এক্সপেনডিচার লেখা থাকে। সেটার ভিত্তিতে রিভাইজ করা থাকে। এটাই ছিল নিয়ম আগে আমরা দেখতাম। কিন্তু এখন সে কলামটা উঠে গেছে। যারফলে আমরা যে দপ্তরের যে পরিমাণ বাজেট আছে তার কতখানি খরচ হয়েছে এবং কত লাগতে পারে তার যে একটা অনুমান থাকে, সেই অনুমান সম্পর্কে আমাদের ধারণা করার যে সুযোগটা ছিল আগে সেই সুযোগ আমাদের আর থাকছে না। এরফলে আমরা বুঝতে পারি না যে কেন আমরা কোন্ ডিপার্টমেন্টের টাকা বেশি করে চাইছি।

[6.10–6.20 p.m.]

কেন আমরা কোথায় কম চাইছি। এগুলো বুঝতে আমাদের অসুবিধা হয়। দেখলাম কতগুলো গুরুত্বপূর্ণ দপ্তর আছে যেখানে এইরকম বেশি করে টাকার কথা বলা আছে। যেমন আমাদের শিক্ষা দপ্তরের ব্যাপারে বলা আছে। তার মধ্যে আরো অনেক গুলো দপ্তর আছে যেখানে ওই বেশি টাকার কথা বলা আছে। টাকা নিশ্চয়ই বাড়াতে হবে. এ ব্যাপারে আমাদের আপত্তি নেই। কিন্তু তার যে উদ্দেশ্য গুলো, সব উদ্দেশ্য গুলো সঠিক ভাবে বলা হয়নি। এই জায়গায় একটা সমস্যা তৈরি হচ্ছে। কিন্তু সেগুলো স্পষ্ট হয় যদি আমরা স্পষ্ট ভাবে বলতে পারি। একটু আগে আপনি যেটা বলেছিলেন, আমি বলছি এই কারণে, আমরা বার বার একটা কথা বলেছিলাম যে ১৫০০ টাকা করে বেকার ছেলেদের দেবেন আমাদের কোন আপত্তি নেই। আমরা বলেছিলাম এর তো প্রতিফলন থাকবে। বাজেট খুলে দেখলাম যুবকল্যাণ দপ্তরে লেখা আছে ১২০ কোটি টাকা। আর আমরা দেখলাম এই স্কিমে খরচ হবে ১৮০ কোটি টাকা। তাহলে ১২০ কোটি টাকা হচ্ছে নরমাল বাজেট। কেননা

আগের বছর ছিল ১০০ কোটি টাকা। ১৮০ কোটি টাকা যেটা বারতি যুক্ত হবে তার রিফ্লেকশন আমরা কোথাও দেখলাম না। এটা একটা সমস্যা হয়ে আছে। এইরকম কথা গুলো আমরা বলছি এই কারণে, এগুলো বুঝতে না পারলে, এই যে অ্যাসেসমেন্ট আমরা করছি, তার সমস্যা হবে। কেননা একটা নিয়ম আছে যে আমাদের এই বিধানসভায় যে টাকা আমরা অ্যাপ্রুভ করে থাকি বাজেটে, সেটা কনসোলেটেড ফান্ড। সেই টাকা এই বিধানসভার অনুমোদন ছাড়া খরচ করা যায় না। এর একটা অংশ আছে নরমাল বাজেটে, একটা আছে সাপ্লিমেন্টারি গ্র্যান্ডে। আর একটা আছে একসেস এক্সপেনডিচার যদি হয় পরে একটা অনুমোদন করিয়ে নিতে হয়। এটা তো নিয়মের মধ্যে পড়ে। কিন্তু সেই নিয়মের মধ্যে পড়লেও এই যে কাজগুলো যেভাবে করা দরকার, সেই কাজ গুলো ঠিকমত না করতে পারলে সমস্যা তৈরি হয়। আমরা একটা জিনিস লক্ষ্য করছি ইদানিং কালে, আগে থেকেও করেছি, একটা জিনিস আমরা দেখি এই যে সরকার পশ্চিমবাংলায় রয়েছে ৩৪ বছর পরে, এত সুযোগ পেয়েছে এই সরকার যা কেউ কখনও পায়না। এই নতুন সরকার যখন এখানে বসেছিল তখন তাদেরই অংশ আছে দিল্লিতে, এখানে যাদের সরকার তারা আবার দিল্লির মন্ত্রী আছে। রাজ্যে যে সরকার তার মন্ত্রী দিল্লিতে পশ্চিমবাংলায় ৪০ বছরের ইতিহাসে কখনও ঘটেনি। শুধু তাই না এখানে আমরা যারা বিরোধী তারা প্রকাশ্যে বললাম যে উন্নয়নের কাজে আমরা সাহায্য করব, সবরকমের সহযোগিতা করব। আপনারা দেখলেন যে এই প্রথম আমাদের বাংলার ইতিহাসে, কখনও দেখিনি যে একজন প্রধানমন্ত্রী এসেছেন আমাদের পশ্চিমবাংলায়, আর বিরোধী লোকেরা গিয়ে বলছে সরকারকে টাকা দিন, আমরা পশ্চিমবাংলার উন্নয়ন চাই। এত সুবিধা আমাদের সামনে ছিলনা। এই সুবিধাকে নিয়ে আমরা বেশি কাজ করতে পারতাম -যদি আপনারা এগুলো ঠিকমত ব্যবহার করতে পারতেন। আমরা কি অপরাধ করলাম অকারণে আমাদের দোষ দেওয়াটা বড় কাজ। অকারণে ৩৪ বছর বলাটা বড় কাজ। ভাব দেখে মনে হচ্ছে আমরা কিছুই করিনি। সব না কি অকাজ করে গেছি। সব অকাজ করে গেছি, সব অন্যাই করে গেছি - আপনারাতো কংগ্রেস-তৃণমূল, আজকে বলছেন আবার আসুন এক সঙ্গে যাই। এক সঙ্গে তো ছিলেন, যাবেন কি? একসঙ্গে ছিলেন, একসঙ্গে মন্ত্রী ছিলেন, একসঙ্গে দিল্লি যেতেন। দিল্লিতে আপনাদের সরকার আছে। পারলেন না কেন? আমরা তো ভেঙে দেইনি। আমরা তো মধ্যে বাধ্য হয়ে দাঁড়াইনি। আমরা তো চেয়েছি আন্তরিকভাবে। কিন্তু আমি আপনাদের সামনে বলছি আমাদেরকে যাই বলুনা কেন আপত্তি নেই, আমাদের প্রশ্ন হচ্ছে যে সত্যিই যদি সততা, আন্তরিকতা থাকে তাহলে সেই কাজগুলো সেইভাবে করলে সুবিধা হবে। এখন যেগুলো হচ্ছে আমরা দেখতে পাচ্ছি যে রাস্তা -ঘাটেই সিদ্ধান্ত হয়ে যাচ্ছে। এটা কোন পথ হতে পারে না। আপনারা বলছেন যে আমরা গতন্ত্রের উপর আস্থাশীল, আমরা গণতন্ত্রের বিকাশ চাই, আমরা গণতন্ত্র আরো সম্প্রসারিত করতে চাই। এটা কি গণতন্ত্র সম্প্রসারণের লক্ষণ। আমাদের পশ্চিমবাংলায় সংবিধান সিদ্ধ যে পঞ্চায়েত ব্যবস্থা, সেই পঞ্চায়েতি ব্যবস্থায় তো সবাই আছেন। আপনাদের অনেক গ্রামপঞ্চায়েত আছে, অনেক পঞ্চায়েত সমিতি আছে, দুটো জেলাপরিষদ আছে। আমরাও তো কাজ করেছি। এই পার্থ বাবুরা গিয়েছিলেন আমরা যখন সর্বদলীয় মিটিং করি। প্রত্যেকটা মিটিং -এ আপনারা গিয়েছেন। সব রেকর্ড করা আছে। আমরা তো সবার সাহায্য চেয়েছি। আমরা সবার পরামর্শ নিয়ে কাজ করেছি। আজকে আপনারা বলছেন সব ক্ষমতা কেড়ে নাও। সব ডি. এম করবে, পঞ্চায়েত ভেঙ্গে দাও, পঞ্চায়েতি ব্যবস্থা উড়িয়ে দাও। এইসব করতে গিয়েছেন। আজকে মেদিনীপুরের তমলুকে, হলদিয়াতে, সেখানকার যে মিউনিসিপ্যালিটি, তার মিটিং আছে

আগামীকাল। এমন কান্ড হচ্ছে সেখানে যেতে হল হাইকোর্টে। হাইকোর্ট থেকে অর্ডার দিল মিটিং পরিচালনা করার জন্যে। এখন কাউন্সিলারের বাড়ি গিয়ে পুলিশ তাকে ধরে এনেছে। এটা যদি গণতন্ত্রের নমুনা হয় তাহলে ভালো। কিন্তু এর পরিণতি, মনে করবেন না যে আজকে ক্ষমতায় আছি, চিরকাল এইরকম থাকবে, অতসহজ না। পার্লামেন্টারি ডেমোক্রেসিতে পৃথিবীতে কোথাও নেই যে এক দল চিরকাল থাকবে। আর চিরকাল ক্ষমতা নিয়ে জিতব এ কথা মনে করবেন না। আর একথাও মনে করবেন না যে আমরা গায়ের জোরে সব কাজ করে যাব।

আমরা বলব সুযোগ আছে। মানুষ কাজ করতে পাঠিয়েছে, কাজ করুন, সব সাহায্য করব। কিন্তু আপনারা তা না করে শুধু গায়ের জোর দেখাবো, আর ক্ষমতার জোর দেখিয়ে কারো কথা শুনব না, কোন নিয়ম মানব না, যা খুশী তাই করব, এর নাম গণতন্ত্র হতে পারে না। আজকে তাই হচ্ছে। (নয়েজ) হবে হবে, আপনাদের হবে, আজকে হতে শুরু করেছে অনেকের। আজকে আমাদের সামনে আছেন ১ নম্বরী মন্ত্রী, আবার ২ নম্বরী মন্ত্রী। পার্লামেন্টারী সেক্রেটারি সে ২ নম্বর মন্ত্রী। কেন? আপনারাই তো সেদিন বলেছিলেন যখন এখানো কথা হল বিধান পরিষদ তৈরী হবে। আমরা বলেছিলাম কেন হবে? আপনারা বলেছিলেন, করতে হবে। কেন করতে হবে? মুখ্যমন্ত্রী বলেছেন করতে হবে। কমটি করলেন, এ করলেন, সে করলেন, সব করলেন, কিন্তু পিছোলেন কেন? আপনারাই তো পিছোলেন, আমরা তো বাধা দিই নি। আপনারা করতে গেলেন একটা আইন, আমরা বারবার বলেছিলাম — থেমে করুন, ভেবে-চিন্তে করুন. গায়ের জোর দেখাতে গেলে বিপদ হবে। আজকে সিঙ্গুর আইন করেছেন, বন্ধ হয়ে আছে। আজকে যা করেছেন সব বন্ধ হয়ে আছে। উনি বললেন চাকরির ব্যাপারে, স্কুলে শিক্ষকের ব্যাপারে ব্যবস্থা নেওয়া হয়েছে। ব্যবস্থা নেওয়া হচ্ছে সেটা আমরাও জানি. কিন্তু হচ্ছে না। কেন? এমন ত্রুটি করেছেন যে সব মামলায় ঝুলে যাচ্ছে। আর যত মামলা হচ্ছে সব আটকে যাচ্ছে। আর এই দু বছরে একটা শিক্ষকও নিয়োগ হয়নি- আপনি যতই চিৎকার করেন, যত পারেন আমাদের গাল দিন এটা হচ্ছে নিষ্ঠুর সত্যি যে, এই দু বছরে একটাও প্রাইমারি শিক্ষক, একটাও মাধ্যমিক শিক্ষকও নিয়োগ হয়নি, একটা কলেজে নিয়োগ হয়নি, ইউনির্ভার্সিটিতে নিয়োগ হইনি, এই দু বছরে সরকারি চাকরি পায়নি। এটা বাস্তব ঘটনা। আমরা এই কথা বলতে গেলাম, এই কথা আমরা অর্থমন্ত্রীকে বলতে গেলাম, কি অন্যায় করে ফেললাম? আমার মনে আছে, গত বছর যখন এখানে বাজেট হয়, সেই বাজেট বই খুলে দেখুন কোথায় লেখা নেই কত ছেলে নিয়োগ হবে। শেষ মুহূর্তে আমরা যখন প্রশ্ন করেছিলাম, পিছন থেকে মুখ্যমন্ত্রী বললেন একটা ফিগার বলে দেওয়ার কথা. উনি বললেন সাড়ে ১১ লক্ষ হবে। আমরা জিজ্ঞেস করেছিলাম, কোথায় হবে? উনি বলেছিলেন কৃষিতে হবে ৭০ ভাগ। আজকে বারেবারে জিজ্ঞেস করছি, এত দুনিয়ার বড় বড় তত্ত্ব কথা শুনলাম, আর আমার ঘরের কাছে উনি বইয়ে দেখিয়েছেন ১০ লক্ষ ছেলের চাকরি হবে, হয়ে গেছে। কিন্তু কোথায় হয়েছে বললেন, একবারও উত্তর দিলেন না। বেচারাম বাবু হবে, সিঙ্গুরের লোকও বলছে ভালো ভালো কথা। একদিন আপনার কথায় উঠত বসত, একদিন আপনি বুঝবেন, ওই রবিন বাবু বুঝেছেন, আপনিও বুঝবেন। কিন্তু আমরা বিনীত ভাবে জানতে চেয়েছিলাম, এই যে ১০ লক্ষ ছেলের কাজ হয়েছে বললেন, কোথায় হয়েছে বলুন। কেন চালাকি করছেন? চালাকি করে তো কিছু লাভ হবে না, একদিন মানুষের কাছে ধরা পড়বেই। আমরা প্রত্যেকবারই বলতে চাই আপনাদের কাছে। আজকে পশ্চিমবাংলায় হাজার সমস্যা। পশ্চিমবাংলার মানুষ তাকিয়ে ছিল মা-মাটি-মানুষের সরকারের দিকে যে, এই সরকার কৃষকের

ভালো করবে, গরীব মানুষের ভালো করব, মহিলাদের ভালো করবে। আজকে কি দেখাতে পাচ্ছি? কৃষকদের একের পর সমস্যা। আজকে চিৎকার করছেন, বাস্তব ঘটনা হ'ল, আলুর দাম তারা পাচ্ছেন না, আলুর দাম পড়ে গেছে। এক বিঘা জমিতে আলু চাষ করতে খরচ হচ্ছে ১৭ হাজার টাকা, আমি হিসেব দেখলাম। আর এখন যে দাম পাচ্ছে তাতে তারা কাঁদছে। আজকে ধানের দাম কমে গিয়েছে, ধান বিক্রি হচ্ছে না। দেখে আসুন সেগুলো। দেখবেন না? তাই আমরা বলছি, এখানে যতই বক্তৃতা করি না কেন, যতই ভালো ভালো তত্ত্ব হাজির করি না কেন, যতই দুনিয়ার বড় বড় মনীষীদের বক্তৃতা এখানে করি না কেন, মানুষ সেসব রিয়েলাইজ করে, মানুষ জীবন দিয়ে অনুভব করে। উন্নয়নের জন্য মানুষ কাজ করতে চায়। ডেভলপমেন্টের জন্য মানুষ জীবন দিয়ে অনুভব করে। উন্নয়নের জন্য মানুষ কাজ করতে চায়। ডেভলপমেন্টের জন্য মানুষ কাজ করতে চায়। দুনিয়ার কথা বলে যাচ্ছি, আর কাজের কাজ কিছু হবে না, তা কিন্তু হতে পারে না। আমরা আগেও বলেছি, এখনও বলছি, মেলা -খেলার বিরুদ্ধে বলি। শুধু মেলা খেলার বিরুদ্ধেই বলতে চাই না, কিন্তু আমাদের যে মূল কাজ, সেই কাজগুলোর কি হবে? সেই মূল কাজগুলো কি হচ্ছে আজকে? তাকিয়ে দেখুন সেইক্ষেত্রে কি অবস্থা। এই যে এখানে আলোচনা হ'ল, উনি বললেন, এই আলোচনা তো করলেন না যে, এতবড় সিদ্ধান্ত আমরা করেছি ব্লকে ব্লকে মান্ডি হবে, ব্লকে ব্লকে কোল্ড স্টোরেজ হবে। গত বারের বইয়ে কি লেখা ছিল? এই অর্থমন্ত্রীর বইতে লেখা আছে, আপনি পড়ে দেখুন, ৬৩ টা মান্ডি হইয়া গিয়াছে। যখন জিজ্ঞেস করলাম ৬৩ টার একটার নাম বলুন, আমরা দেখতে যাব। একটাও বলতে পারলেন না। আজকে আবারও শুনছি সেই ৯৫, কেউ বলছেন জমি তৈরী হচ্ছে, কেউ বলছেন টেন্ডার হচ্ছে। একটা হয়েছে? একটারও নাম বলতে পারেন না। যদি অর্থমন্ত্রীর সাহস থাকে বলুন যে একটা মান্ডি তৈরী করেছি, আমরা দেখতে যাবো। গত বছর লেখা ছিল ৬৩টা হইয়া গিয়াছে। তারপর এক বছর পার হয়ে গেল, একটাও নাম বলুন, কোথায় হয়েছে বলুন।

[6.20–6.30 p.m.]

একটাও বলতে পারবেন না। সব হইয়া গিয়াছে। এই যে আমাদের স্বাস্থ্য প্রতিমন্ত্রী বসে আছেন, মাল্টিফেসিলিটি না মাল্টি স্পেশালিষ্ট নাম শুনলাম। কি অবস্থা? হাসপাতালে কম দামে ওষুধের দোকান হয়েছে। শুনুন আমি ওষুধ কিনতে গিয়েছিলাম। আমার অসুখ আছে, আমি ওষুধ কিনতে গিয়েছিলাম। একটা ওষুধও পাই নি। একটাও পাই নি। ওই পি জি হাসপাতালে গিয়েছি দুবার। একটা ওষুধও পাই নি। যে ওষুধগুলি আছে, সেগুলি ডাক্তাররাও কেউ লেখেনা। কি করে কিনব আমরা। যদি আমি জোর করে কিনে নিয়ে আসি ঐ ওষুধগুলির বিলও দেবে না। এরই নাম হচ্ছে সরকারী ব্যবস্থা। ব্যবস্থাটা কি হয়েছে দয়া করে দেখবেন? মুখে বলা এক জিনিস, আর কাজে করা আর এক জিনিস। একটা হাসাপাতালে গিয়েও পাবেন না এ জিনিস। যা ছিল তাকে উঠিয়ে দিয়েছেন। আর এখন বলার চেষ্টা করছেন মাল্টিফেসিলিটি মাল্টিস্পেশালিটি সুপারমাল্টি, সুপারস্পেশালিটি, মাল্টি কত রকমের নাম শুনছি। আর বাস্তবে কি দেখছি, না যা ছিল তাও নেই। যে ব্যান্ডেজটা ছিল তাও উঠে গেছে। যে সেলাইটুকু হত, তাও প্রায় বন্ধ হয়ে গেছে। আর মুখে বক্তৃতা দিচ্ছেন। এই অবস্থা হয়ে আছে। এই অবস্থা দিয়ে সমাধান হবে না। আমরা যদিও বলতে চাই যে আসুন আমরা তো আলোচনা করতে চাই। আমাদের যেটুকু বলার আছে সেগুলি বলি, তেমনি যখনই সহযোগিতা চান তখন সহযোগিতা আমরা করি। একজনও কেউ বলতে পারবেন

না। আমরা কোন কাজে সহযোগিতা করিনি। মিথ্যা কথা বলেছি, কুৎসা প্রচার করেছি, কেউ বলতে পারবেন না। কখনো আমরা করিনি। আমরা গঠনমূলক সহযোগিতা করেছি, গঠনমূলক সমালোচনা করেছি। আবার সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছি যে কোন কাজে, যে কোন সময়ে। কিন্তু আপনাদেরও দায়িত্ব আছে সহযোগিতা নিতে শিখতে হবে। আপনারা আমাদেরকে অপমান করবেন, আর আমাদেরকে পিছন পিছন ঘুরতে হবে এটা হয় না। আজকে দু পক্ষের প্রয়োজন আছে। কিন্তু সেটা না করে যা করতে যাচ্ছেন, যে পথে যাচ্ছেন, তাতে সাময়িক আনন্দ পেতে পারেন। কিন্তু তারপরে দেখবেন কয়েকদিন পরে কি হয়। এই যে আমরা একটা কথা বলেছিলাম আজকে আমাদের মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী আছেন, তিনি যতবড় পন্ডিতই হোক না কেন পৃথিবীতে এমন কোন মানুষ এখনও জন্মায় নি যে সবজান্তা হতে পারে। পৃথিবীতে এমন কোন মানুষ হয় নি যে পারফেক্ট হতে পারে। পৃথিবীতে হয় না। ওই যে গ্রামে একটা কথা আছে যখন মানুষ খুব বিপদে পড়ে কারোর কাছে সাহায্য চায়, তখন তাকে বলা হয় তিন মাথার কাছে চলে যেতে। অর্থাৎ এই তিনমাথা মানে সব থেকে বৃদ্ধ লোক যার হাঁটু আর মাথা সমান হয়ে গেছে। বসলে তিনমাথা হয়ে যায়। এটা বললাম কারণ একাধিক চিন্তার দরকার আছে। গণতন্ত্র মানে একটা ব্যক্তি হতে পারে না। একটা কালেকটিভ চিন্তা থাকে। তাকে গণতান্ত্রিক ব্যবস্থা বলে। সেই ব্যবস্থা ভেঙ্গে দিলে হয় না। এইজন্য আমি বলতে চাই যে, এই যে অতিরিক্ত ব্যয়বরাদ্দের কথা বলা হয়েছে আমরা তার বিরুদ্ধে নয়। তবে কেন এর কারণটা জানানোর দরকার। এবং যে কারণগুলি এখানে দেখানো হয়েছে তারমধ্যে চালাকি করা হয়েছে।এটা কাম্য নয়। আগামীদিনে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলব আপনি আমার থেকে বয়সে বড়। আমার শিক্ষকের মত। আগেরদিনও আমরা বলেছিলাম ব্যক্তিগতভাবে। আপনার কাছে জানতে চাই, শিখতে চাই। কিন্তু একটা কথা আজকে বলব বিনীতভাবে যে আমি ক্ষমা চেয়েছি। এই ক্ষমা চেয়ে আমি গর্বিত এই কারণে, যে ক্ষমা চাওয়ার মত সাহস আমার আছে। দ্বিতীয় হচ্ছে আমি যে বিষয়ে বলেছি সেই বিষয়ে বলার জন্য আমি গর্বিত। আমি একজন মহিলার বিরুদ্ধে বলিনি। (এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী দু হাজার বারো তেরো সালে যে তেরো হাজার একশো পাঁচ কোটি ঊনসত্তর লক্ষ ছয় হাজার টাকার অতিরিক্ত ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সম্পূর্ণরূপে সমর্থন জানাচ্ছি এবং কেন তিনি এই অতিরিক্ত ব্যয়বরাদ্দ চেয়েছেন, তার পক্ষে আমি কয়েকটি কথা এখানে বলতে চাইছি। এখানে এস সি, এস টি, ও বিসি ছাত্র ছাত্রীদের স্টাইপেন্ড দেওয়ার জন্য পনেরো কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা বি আর জি এফের বিভিন্ন স্কিম রূপায়ণের ক্ষেত্রে অতিরিক্ত খরচ হয়েছে প্রায় ৫৬৭ কোটি ৯২ লক্ষ টাকা। এবং এই ধান কেনার জন্য বেনফেডকে দিতে হয়েছে প্রায় ৭০ কোটি টাকা। বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের যে টাকা আগে ছিল, মনে হয় ৫০ লক্ষ, সেটা বাড়িয়ে ৬০ লক্ষ করা হয়েছিল। তারজন্য অনেক অতিরিক্ত ব্যয় হয়েছে এবং আরো অনেকগুলো খাতে ব্যয় হয়েছে। এইজন্য এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ এবং সেই ব্যয়-বরাদ্দকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে কয়েকটি কথা না বলে পারছি না। আমরা ২-৩ দিন ধরে যে বাজেট বক্তৃতা শুনছিলাম - আমার পাশের বিধানসভা কেন্দ্রের মাননীয় বিধায়ক, যিনি আজকে এখানে উপস্থিত নেই, তিনি এক সময় মন্ত্রী ছিলেন। তিনি যে নাটকীয় ভঙ্গিতে, যে উচ্চস্বরে, যেভাবে বিধানসভায় বক্তব্য রেখেছেন, আমরা দেখে অবাক হয়ে যাই- কথা বলেনা -কার মায়ের বড় গলা। ঠিক সেই রকম ভাবেই তিনি সততা, সততা, সততা-এই যে কথাটা

বাজেটে আছে -এই কথাগুলি সহ্য করতে পারছেন না। তার মানে এই, ৩৪ বছরে সততা বলে কি জিনিস, সেটা তারা ভুলেই গেছেন। সেই কারণে আজকে এই সততার কথাটা বলতে পারছেন না। ৩৪ বছরে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার দেনা মাথায় রেখে যারা বিদায় নিয়েছেন, সাধারণ মানুষ, পশ্চিমবঙ্গের মানুষ আজকে চলে যাচ্ছে বাইরে কাজ করতে। এখানে তারা থাকতে পারছেন না। অথচ দেখা যাচ্ছে এই টাকাটা গেলো কোথায়? গরীবদের কিছু হয়নি। কিন্তু দেখা যাচ্ছে একজন প্রাইমারি স্কুলের শিক্ষক ছিলেন, তিনি মন্ত্রী হওয়ার পরে কোটি টাকার মালিক হয়ে গেলেন। এই টাকা কোথা থেকে কোথায় গেলো? আমরা জানি, তিনি যখন সেচমন্ত্রী ছিলেন, সেই সময় টেন্ডার হ'ত। তার মনোনীত কনট্রাক্টররা টেন্ডার পেতো, অন্য কেউ পেতোনা এবং সেই টাকায় কোনো একটা কাজও হত'না। আপনি জানেন ২০০৯ সালে ২৫শে মে যে আয়লা হয়েছিল, এই আয়লা থেকে আরো ভয়ঙ্কর ঝড় ১৯৮৮ সালে হয়েছিল। যতবার হয়েছে, ততবার সুন্দরবনটাকে শেষ করে দিয়ে গেছে। তার কারণ, এই কনট্রাক্টররা কাজ করতো না। তারা ফল্‌স্‌ বিল্‌ করে সেই টাকাগুলো তুলে নিতো এবং টাকাগুলো পরবর্তিকালে কোথায় যেতো সেটা তদন্তের বিষয়। কিন্তু আমরা জানি সেই টাকাগুলো কোথায় যেতো। আপনারা জানেন, গতকাল ওনাদেরই দলের এক প্রধান গ্রেফতার হয়েছেন। তিনি দুর্নীতির দায়ে গ্রেফতার হয়েছেন। একটা ইঁটের রাস্তা খেয়ে নিয়েছেন। ২৭ লক্ষ টাকার একটা ইঁটের রাস্তা -সেই পার্টি এবং প্রধানসহ পুরো রাস্তাটাই খেয়ে নিয়েছেন, যার কোনো অস্তিত্ব নেই। যার জন্য গতকাল সেই প্রধান অ্যারেস্ট হয়েছেন। তিনি এখন হাজতে। তাহলে সততাটা থাকবে কোথায়? উনি যে অবস্থায় নিয়ে গেছেন আয়লার পরে - ২০০৯ সালের ২৫ শে মে যে আয়লা হ'ল, তারপর সাধারণ মানুষের যে দুর্দশা, গ্রামের সমস্ত মানুষ গৃহহীন হয়ে গিয়েছিল। তাদের থাকার কোনো ব্যবস্থা করেননি। সেখানে নোনা জল ঢোকার ফলে আমাদের সুন্দরবন এলাকার বিশেষ করে বাসন্তি, গোসাবা, সাগর, পাথরপ্রতিমা ইত্যাদি যে জায়গাগুলো আছে, যদি নোনা জল ঢুকে যায়, সেখানে বছরের পর বছর চাষ হয়না। সেখানে মানুষ না খেতে পেয়ে স্বামী স্ত্রী সবাই বাড়িতে বৃদ্ধ মা-বাবাকে রেখে দিয়ে তারা বাইরে চলে গেছে। মা-বাবা মারা গেছে, তারা আসার সুযোগ পায়নি, গ্রামের মানুষ সেই মৃতদেহ নিয়ে নদীতে ফেলে দিয়েছে। এইরকম একটা অবস্থার সৃষ্টি করেছিলেন। এই সরকার আসার পর সেখানে মানুষ আজকে আবার স্বস্তির নিঃশ্বাস ফেলেছে। দু'টাকা কিলো দরে চাল পাচ্ছে, কৃষকরা কৃষি সরঞ্জাম পাচ্ছে, বীজ পাচ্ছে বিনা পয়সায়। এখানে গত কয়েক দিন আগে আমাদের মাননীয় মন্ত্রী, আমাদের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী দেড় লক্ষ মুরগীর বাচ্চা - আমাদের মাননীয় আনিসুর সাহেব এক সময় মুরগী মেরে শেষ করে দিয়েছিলেন। কিন্তু এই মন্ত্রী মহাশয় এক সপ্তাহের মধ্যে গ্রামে দেড় লক্ষ মুরগীর বাচ্চা সেখানে দেওয়ার ব্যবস্থা করলেন এবং তার দপ্তরের লোকজন সেখানে গিয়ে সেগুলো বিলি করে মানুষকে একটা স্বাচ্ছন্দের জায়গায় নিয়ে এসেছেন।

[6.30–6.40 p.m.]

আজকে দেখে আসুন গেল গেল রব উঠছে, কিছু কাজ হয়নি না, আজকে সেখানে আপনাদের সাইনবোর্ড খুঁজে পাওয়া যাচ্ছে না। এলাকায় গেলে দেখতে পাবেন মানুষ আর আপনাদের সাথে নেই। এখানে যারা সাংবাদিক বন্ধুরা আছেন তাঁদের অনুরোধ করবো একবার গিয়ে দেখে আসুন গ্রামে কি ভাবে কাজের সৃষ্টি হয়েছে। কি ভাবে মানুষ আজ সেখানে কাজ পাচ্ছে,

নতুন নতুন রাস্তা হচ্ছে, ব্রীজ হচ্ছে, বড় বড় খাল কাটা হচ্ছে, জল ধরো জল ভরো প্রকল্পের জন্য। এবং সেই খাল কাটাতে সেখানে গ্রামে যেগুলি গত বছরে কাটা হয়েছিল সেগুলি সবুজ হয়ে যাচ্ছে আস্তে, আস্তে। যে সব বেকার ছেলেরা কাজের অভাবে বাইরে চলে যেত। তারা আজকে এখন সমস্ত গ্রামে ফিরে আসতে শুরু করেছে। গ্রামে একটা উন্নয়নের জোয়ার বসছে, সেখানে মানুষের মুখে হাসি আসছে। যেখানে মানুষ পেটের জ্বালায় তারা জেনে শুনে জঙ্গলে চলে যেত এবং বাঘের মুখে পড়তো, আপনারা শুনলে অবাক হয়ে যাবেন, অনেকেই হয়তো পেপারে দেখেছেন, বা শুনেছেন ওখানে কতগুলো বিধবা পাড়া আছে, কারণ সেখানে বাড়ীর পুরুষরা সব পেটের জ্বালায় জঙ্গলে বা নদীতে মাছ ধরতে গিয়েছিল, তাদের কাউকে কুমীরে, কাউকে বাঘে খেয়ে নিয়েছে। এই রকম আছে গোসাবা, সাতজেলিয়া, লাহিড়ীপুর সেখানে মানুষের এই রকম একটা অবস্থা। সেখানকার মানুষদের যে দুর্দশা, যারা মন্ত্রী হয়েছেন, এম. এল.এ হয়েছেন - একজন প্রাইমারী স্কুলের শিক্ষক হয়ে আজকে তিনি কোটিপতি হয়ে গেলেন, তাঁরও অবস্থার পরিবর্তন হলো, আর সাধারণ মানুষগুলো আজকে কোথায় গেল? তাই তাঁর কাছে এই সততার কথাটা শুনতে খুবই খারাপ লাগবে। তিনি আজকে নেই দুর্ভাগ্যের বিষয়, তিনি থাকলে ভালো হতো। তিনি বার বার বলেন সততা, সততা। সততা ভুলে গেছে। তাই আজকে আমাদের বলতে হচ্ছে মানুষকে যে আপনাদের দেখেছে ৩৪ বছর ধরে। কিন্তু এই সরকার সেই সরকার নয়। এই সরকার সৎ হয়ে সেবা করতে চায়, সততার সাথে আপনাদের সেবা করতে চায়। তার নমুনা এখন গ্রামে গেলে পাবেন। সামনেই যে নির্বাচন আসছে, সেখানে সেটা প্রতিফলিত হবে। আজ মানুষ কতটা খুশী হয়েছে। আপনি আপনার ব্যক্তিগত ভাবে যে ভাবে আপনি আক্রমণ করেন এবং যে নাটকীয় ভঙ্গিতে আপনি চিৎকার করে যখন বক্তব্য রাখছেন, সেই সময় সি.পি.এম পার্টির একজন প্রাক্তন বিধায়ক, তিনি আমাকে ফোন করছেন "যে আমরা মাইকে দেখছি যে উনি চিৎকার করছেন। ওঁনার পঞ্চায়েত সমিতিতে এই ভাবে দুর্নীতি হয়েছে জয়ন্তবাবু আপনি একটু তুলে ধরুন। সেখানে ওনার এইভাবে চিৎকার সাজে"? তাই আমরা আজকে বলতে চাই সততা জিনিসটা কি, এই জিনিসটা আজকে আপনারা মানুষের মন থেকে আজকে মুছে দিয়েছেন। চাকরীর ক্ষেত্রে টাকা, প্রাইমারী স্কুলে চাকরীর ক্ষেত্রে টাকা, ইরিগেশান ডিপার্টমেন্টে চাকরীর ক্ষেত্রে কি দুর্নীতি করেছেন সেটা সবাই জানেন। এই ভাবে প্রতিটি ক্ষেত্রে আপনারা মানুষকে শোষণ করেছেন, আজকে সাধারণ মানুষ সেগুলো বুঝতে পেরেছেন। এবং আজকে যে কাজের জোয়ার, আজকে মানুষের যে স্বস্তির নিশ্বাস -আপনার সততা আমি জানি, আপনি কোনদিনই স্কুলে যান নি, প্রাইমারী স্কুলের শিক্ষক তিনি কোনদিন স্কুলে যান নি এম.এল.এ হওয়ার পর থেকে। অথচ পুরো মাইনেটা তিনি তুলেছেন, হয়তো আইনে আছে, উনি নিতে পারেন, আপত্তি নেই। তিনি এখান থেকেও মাইনে নিয়েছেন, আর ওখানে স্কুলে তিনি একদিনও গেলেন না, সেখান থেকেও মাইনে নিয়েছেন। কাজেই ওঁনার এই সততাটা কত সেটা আমরা সবাই জানি, যেহেতু আমার পাশের কনস্টিটিউয়েন্সী এবং আমার পাশের বাড়ী। ....(এই জায়গায় মাননীয় স্পিকার মহোদয়ের নির্দেশক্রমে নাম বাদ দেওয়া হয়েছে।) ......ঠিক আছে, এটা বাদ দেওয়ার জন্য আমিও অনুরোধ করছি, ওঁনার প্রশ্নের জবাবে আমাকে বলতে হয়েছে, - এই ভাবে আজকে পশ্চিমবাংলায় আমি আমার বিধানসভার কেন্দ্রের থেকেই বোঝা যাচ্ছে সমস্ত পশ্চিমবাংলাকে কোন জায়গায় আজকে ওরা নিয়ে গিয়েছিলেন। প্রত্যেকটা ক্ষেত্রেই দুর্নীতি। আজকে যেখানে আমাদের সরকার নিষ্ঠার সঙ্গে সততার সঙ্গে যে কাজ করছে. সেই জন্যই এই কথাটা বলতে

হচ্ছে, মানুষতো আর বিশ্বাস করে না। সবাইকে এক ভেবে ফেলছে। তাই আমাদের বার বার বলতে হচ্ছে, এইসব সততার কথা। যে কাজ আমরা এলাকাতে করছি, যে ভাবে আমাদের সাহায্য করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। যে ২টাকা কিলো দরে চাল এখনও পাচ্ছে। আজকে যে মানুষগুলো প্রায় অসহায় হয়ে গিয়েছিল, যারা দেশ ছেড়ে চলে গিয়েছিল, ওই এলাকায় এখনও চাষ হচ্ছে না, আজকে আমাদের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী কয়েক দিন আগে সেখানে কিছু ভেড়া দিয়ে এসেছেন গরীব মানুষদের কাছে।

দেড় লক্ষ মুরগী দিয়ে এসেছেন যাতে মানুষ সেখানে সাবলম্বী হতে পারে। এবং সেখানে বড় বড় খাল কাটা হচ্ছে, যে রাস্তাগুলো আয়লায় শেষ হয়ে গিয়েছিল সেইসব নতুন নতুন রাস্তাগুলো সেখানে তৈরী হচ্ছে। নদী বাঁধগুলো সেখানে তৈরী হচ্ছে। উনি সততার কথা বলছেন। ওনার মুখ দিয়ে এই ধরনের কথা সাজে না। আমি সর্বশেষে এই কথাটাই বলি, যে ২০১২-১৩ সালের অতিরিক্ত ব্যয় বরাদ্দ যেটা মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন সেটাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার নিবেদন এখানে শেষ করছি। নমস্কার।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধক্ষ্য মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয় ২০১২ এবং ২০১৩ সালের জন্য যে অতিরিক্ত ব্যয়, অতিরিক্ত নয় সাপ্লিমেন্টারি মানে পরিপূরক ব্যয় বরাদ্দের যে দাবী এখানে উত্থাপন করেছেন, সেই সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমে যে কথাটা বলতে চাইছি, যে এটা একটা ধারাবাহিক রুটিন কাজ হয়ে থাকে। আমাদের সংবিধানে এই সম্পর্কে নির্দেশিকা আছে ২০৫ ধারায়। সংবিধানের ২০৫ আর্টিকেলে। অর্থাৎ কেন এই সাপ্লিমেন্টারি বাজেটটা আনতে হয়? না, যখন মূল বাজেটটা তৈরী হয় প্রথমে, ফেব্রুয়ারী মাসে যখন বাজেটট তৈরী হয় আবার সাপ্লিমেন্টারি বাজেট আসছে তার এক বছর পরে ফেব্রুয়ারী মাসে। অর্থাৎ যখন এই বাজেট রচনা করা হয়েছিল তখন যে যে খাতে যে যে ধরনের খরচ করা হবে ভাবা হয়েছিল, ধরে নেওয়া হয়েছিল ইতিমধ্যে অনেক কিছু পরিবর্তন ঘটতে পারে। সেই কারণের জন্য সেই ফিগারগুলোকে বা সেই চিত্রটাকে বাজেটের মধ্যে রিফ্লেক্ট করে বিধানসভার অনুমোদন নেওয়ার জন্য সাপ্লিমেন্টারি বাজেটের প্রভিশান। এই সাপ্লিমেন্টারি বাজেটে আমরা করি কি? না, বিভিন্ন ডিমান্ড এবং তার মুখ্য খাত আছে। কোন ডিমান্ডে যে টাকা বরাদ্দ করা হয়েছিল বছরের শেষের দিকে দেখা যাচ্ছে যে আরও টাকা লাগবে। কোন ডিমান্ডে দেখা যাচ্ছে যা টাকা বরাদ্দ করা হয়েছিল সেই টাকা সেখানে খরচ হচ্ছে না সুতরাং টাকাটাকে ঠিকমত ইউটিলাইজ করার জন্য তাকে অন্যত্র ট্রান্সফার করার প্রয়োজন রয়েছে। আবার কোথাও এমন হতে পারে বছরের মাঝখানে কোন নতুন প্রজেক্ট যেটাকে বাজেটের ভাষায় বলে নিউ সার্ভিসেস, সেই নিউ সার্ভিস গ্রহণ করার জন্য প্রয়োজন হতে পারে। তাহলে তার জন্য এ্যাডিশানাল বরাদ্দ করা হতে পারে। আবার যদি কেন্দ্রীয় সরকারের কাছে থেকে কখনও কখনও যেটা প্রত্যাশা করা যায়নি এমন কিছু অর্থ কোন খাতে এসে গেল সেই টাকাটাকে খরচ করার জন্য বিধানসভার অনুমোদন গ্রহণ করার প্রয়োজন হয়। এবং সেই কারণের জন্য এই সাপ্লিমেন্টারি বাজেটের মধ্য দিয়ে সেটাকে সম্পন্ন করা যায়। তা এখানে দেখা যাচ্ছে, যে উনি প্রত্যেকটি হেডে যেখানে যেখানে বরাদ্দ উনি করেছেন রীতি অনুযায়ী এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডাম দেওয়ার কথা সেই এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডাম আছে। কিন্তু এই প্রক্রিয়াটা দীর্ঘদিন ধরে চলে আসছে আমরা দেখছি কিন্তু এটা সহজে বোঝার ব্যাপার নয়। কারণ এই যে ৮,১৫১

কোটি টাকা বাজেটের মধ্যেই আছে। এই যে ৮,১৫১ কোটি টাকা বিভিন্ন খাত থেকে ইন্টার চেঞ্জ, ইন্টার ট্রান্সফার হচ্ছে কি কারণের জন্য খরচা হচ্ছে সেটা বোঝা গেল না। কিন্তু কোথা থেকে, কার কার, কোন কোন ডিমান্ড থেকে, কোন কোন ডিমান্ডের কোন কোন মুখ্য খাত থেকে এই টাকাটা সরিয়ে আনা হল সেইটা কিন্তু বুঝতে গেলে সেটা একটা কঠিন ব্যাপার। কারণ এক একটা মুখ্য খাতের মধ্যে বিভিন্ন ডিমান্ডের মধ্যে এক একটা মুখ্য খাত ঢুকে রয়েছে। ফলে বাজেটের সমস্ত বইকে এক্সারসাইজ করে সেই ফিগারগুলিকে জড় করে বোঝবার চেষ্টা করে, সেটা তাকে একটা ভয়ঙ্কর অসুবিধার মধ্যে পড়তে হবে। তা আমার মনে হয় আমি এটা সাজেশান হিসাবে রাখছি যেহেতু অর্থ দপ্তর এই এক্সারসাইজটা করে সেক্ষেত্রে আমাদের এস্টিমেটস কমিটি যাদের অনুমোদন নিয়ে বাজেটের ফর্ম্যাট এটা স্থির করতে হয়,

[6.40–6.50 p.m.]

সেই এস্টিমেট কমিটির সাথে পরামর্শ করে বাজেট এর ফরমাটটা ঠিক করে কোন কোন ডিমান্ড থেকে আপনি এই ৮হাজার ১০০ কোটি টাকা রদ বদলটা করলেন, সেইটা যদি জানা যায় তাহলে আমাদের বুঝতে আর একটু সুবিধা হয় সকলের যে এইটা এই টাকাটা এই জায়গা থেকে এখানে এসে হাজির হয়েছে। যেমন ধরুণ, তিন কোটি টাকা কাউন্সিল অফ মিনিস্টারসে আমরা এখানে অতিরিক্ত হিসাবে দেখিয়েছি। এই তিন কোটি টাকা আমি কোথা থেকে আনলাম। কোন ডিমান্ড থেকে আনলাম। কার ঘাড় থেকে কমিয়ে এখানে এনে আমি হাজির করলাম। এটা বোঝা দরকার। এবং সেক্ষেত্রে দেখা যাবে একটা জিনিস যে, যে দপ্তর থেকে আমরা আনলাম, সেই দপ্তর কেন কাজ করতে পারল না। সেটাও বোঝবার একটা বিষয় আছে। যে আমি কৃষি দপ্তরকে ৫০০ কোটি টাকা দিয়েছিলাম, কিন্তু কৃষি দপ্তর থেকে আবার আমি দেখলাম যে ১০০ কোটি টাকা সেখান থেকে সরিয়ে এনে আমি এডুকেশানে দিয়ে দিলাম। তাহলে ঠিক আছে, টাকাটা খরচা হল। সেটাও পাবলিক পারপাসে উন্নয়নের জন্য বরাদ্দ ছিল। এটাও উন্নয়নের জন্য বরাদ্দ হল। কিন্তু কেন কৃষি দপ্তর ৫০০ কোটি টাকার মধ্যে ১০০কোটি টাকা খরচা করতে পারছে না, কি কারণের জন্য তার ইনফ্রাস্ট্রাকচারের কি অভাব আছে, বা তার প্লানিং এর কি অভাব আছে বা তার প্রজেক্টের কি অভাব আছে, এইগুলো জানতে বুঝতে সুবিধা হয়। সেইটা যদি আমরা এস্টিমেটস কমিটির সাথে কথা বলে এটা করি, তাহলে এর সুবিধা হবে। তবে একটা কথা আমি শুধু বলতে চাইছি, আপনি যা যা খাতে বরাদ্দ করেছেন, আমি সংক্ষিপ্ত আকারে যা দেখেছিলাম, শিক্ষা খাতে বেশী বরাদ্দ করতে চেয়েছেন, সোসাল সিকিউরিটি খাতে বেশী বরাদ্দ করতে চেয়েছেন, মাইনরিটি এবং আদার সেকটরাল ডেভেলপমেন্টের জন্য দিতে চেয়েছেন, রুরাল ডেভেলপমেন্ট এর জন্য করতে চেয়েছেন, এইসব তো নিশ্চয় করণীয় কাজ। উন্নয়নের স্বার্থে এগুলো যদি প্রয়োজন হয় এগুলো আপডিন রদ বদল করেছেন তাতে কোন অসুবিধা নেই। কিন্তু একটা জিনিস আপনি দেখবেন, আপনি '১১-'১২ সালে রেভিনিউ এক্সপেন্ডিচার যেটা আপনি এ্যাকচুয়াল ফিগারস দিয়েছেন সেটা হচ্ছে ৭৩হাজার ৩২৬ কোটি ৩৭ লক্ষ টাকা। আর আপনার '১২-'১৩ সালে এই রদ বদল করে-টরে রেভিনিউ এক্সপেন্ডিচার যেখানে দাঁড়াচ্ছে, সেটাতে দেখা যাচ্ছে যে ৮৫ হাজার এরও বেশী চলে যাচ্ছে, অর্থাৎ ৮৬ হাজার কোটি টাকা হচ্ছে। তার মানে রেভিনিউ এক্সপেন্ডিচার আপনার সিক্সটিন পারসেন্ট বেড়ে যাচ্ছে। এই রেভিনিউ এক্সপেন্ডিচার যে সিক্সটিন পারসেন্ট বাড়ল এটা নামলি আমরা দেখি যে টেন

পারসেন্ট এর মধ্যে রেভিনিউ এক্সপেন্ডিচারটাকে বাড়তি রেভিনিউ এক্সপেন্ডিচারটাকে রাখা দরকার। তা নাহলে যে রিসোর্সটা মবিলাইজড হয়, সেটা অনেকক্ষেত্রে অসুবিধা হয়ে যায় ডেভলপমেন্ট কাজের জন্য। ঠিক তেমনি ক্যাপিটাল এক্সপেন্ডিচারের ক্ষেত্রে দেখা যাবে, ২০১১-১২ সালে আপনি বাজেটে যা ধরেছিলেন এ্যাকচুয়াল এক্সপেন্ডিচার যা করেছেন সেটা হচ্ছে ১০ হাজার ৫০৪। তার মনে ক্যাপিটাল এক্সপেন্ডিচার ৩ হাজার লেস হয়েছে। খরচটা তিন হাজার কম করেছেন। ক্যাপিটাল এক্সপেন্ডিচারের খরচটা কম হওয়া মানে অগ্রগতিটা গ্রোথটা কমে যাওয়া। অতএব আমাদের লক্ষ্যটা রাখতে হয় যে গ্রোথ ওরিয়েন্টেড এক্সপেন্ডিচার সেটা যাতে কম না হয়। আর এসট্যাব্লিশমেন্ট খাতে মেইনটেনান্স খাতে, স্যালারি খাতে তো কমান যাবে না, এসটাব্লিশমেন্ট, মেইনটেনান্স এই গাড়ী ঘোড়া অমুক তমুক কন্টিনজেন্স এগুলো কোথায় কোথায় বেশী খরচা হয়ে যাচ্ছে, এই গুলোর উপরে স্ট্রিক সুপারভিসান রেখে এটাকে যদি কমান যায় তাহলে এই রেভিনিউ এক্সপেন্ডিচারে একটু ইয়ে হবে। এই কয়েকটি কথা বলে আর এটা তো আপনি সংবিধানের ২০৫ ধারা অনুযায়ী আপনি সাপ্লিমেন্টারী বাজেট এনেছেন যা আপনার বরাদ্দ আছে একে মোটামুটি উন্নয়নমূলক খাতে করেছেন, ঠিকই আছে, এই কয়েকটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আসলে এই সাবজেক্টটা অনেকেই হয়ত খুব মানে একটু খটমট, আপনি খুব প্রাঞ্জল ভাষায় বললেন, ভালই হয়েছে। ধন্যবাদ।

ড. সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর পেশ করা এই সাপ্লিমেন্টারী ডিমান্ড তার উপরে কয়েকটি কথা বলতে চাই। গত দুইদিন আগে আমাদের সম্মানীয় নেতা ডাঃ মানস ভুঁইয়া যিনি ড. অমিত মিত্রের দীর্ঘকালের বন্ধু। তিনি তাঁর নিষ্ঠা, সততা, পান্ডিত্য ইত্যাদির কথা বলে শেষ করেছিলেন তাঁর কাছে একটা সনির্বন্ধ অনুরোধ দিয়ে যে সেন্ট্রাল গভর্ণমেন্টের সঙ্গে যুদ্বং দেহি মনোভাবটা ত্যাগ করে একটু সবার সঙ্গে কথাবার্তা বলে নিয়ে রাজ্যটাকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেন। আমার সঙ্গে ড. মিত্রের পরিচয় এখানেই। কিন্তু ড. মিত্রের একজন বন্ধু, ক্লাসমেট, যিনি ইন্ডিয়ান ইকনমিক সার্ভিসের সঙ্গে একসঙ্গে ছিলেন, বিখ্যাত লোক তিনিও, ডঃ তরুণ দাস, তিনি আপনার সম্বন্ধে অনেক প্রশংসা আমার কাছে করেছিলেন। সেদিন থেকে আমি আপনাকে শ্রদ্ধার আসনে রেখেছি। সেই শ্রদ্ধার আসনে রেখেই আমি ২-৪ টি কথা এখানে বলতে চাই। প্রথমত সাপ্লিমেন্টারি ডিমান্ড সম্পর্কে স্যার যেটা বললেন, আমাদের প্রাক্তন মন্ত্রী প্রবোধ সিনহা মশাই, স্যার একটু বোধহয় ভুল হচ্ছে, সেটা উনি বলবেন ভালো করে। সাপ্লিমেন্টারি ডিমান্ডটা হচ্ছে, বাজেট এস্টিমেট যা ধরেছি অব রিভাইজড এস্টিমেট যা আছে এরজন্য যে পার্থক্য সেটাই হচ্ছে সাপ্লিমেন্টারি। ধরুন, আমি বাজেট এস্টিমেটের একটা ডিমান্ডের হেড অফ এ্যাকাউন্টে ১০ কোটি ধরেছি। কিন্তু রিভাইজড এস্টিমেটে আমার যে-কোনো কারণে হোক ১০ এর জায়গায় ১৫ কোটি হয়েছে। এমনও হতে পারে যে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আমি নতুন করে টাকা পেয়েছি। যেমন এখানে দেখবেন, একটা জগজীবন রাম হোস্টেল আছে। আমি সিওর জগজীবন রাম হোস্টেলের জন্য নতুন করে টাকা পেয়েছেন ওরা, যে কনস্ট্রাকশানগুলো হচ্ছিল, সুতরাং ওই টাকা থেকে ধরতে হবে। এটাকে বলা হয় সাপ্লিমেন্টারি ডিমান্ড। কাজেই এটা নিশ্চয় আমাদের মাননীয় অর্থমন্ত্রী আরো ভালোভাবে বলবেন। মাননীয় অর্থমন্ত্রীকে আমি শ্রদ্ধার সঙ্গে বলছি, আমার খুব খারাপ লাগলো, আমি রিয়েলি পেইনড স্যার,

আপনি ড. মানস ভুঞ্যার প্রস্তাবের উল্লেখ করতে গিয়ে টুয়েলফথ ফিনান্স কমিশানের উল্লেখ করলেন। আপনি আমার চাইতে বেশি জানেন যে প্রতি পাঁচ বছর পর পর একটা করে ফিনান্স কমিশান হয়। এ্যন্ড নাউ উই আর গোয়িং এ্যজ পার রেকমেন্ডেশান অফ থার্টিন্থ ফিনান্স কমিশন, নট টুয়েলফথ ফিনান্স কমিশন স্যার। এটা অলরেডি তামাদি হয়ে গেছে। থারটিন্থ ফিনান্স কমিশনের ওয়েভার বা ডেফারমেট ইত্যাদি নিয়ে নির্দিষ্ট কতগুলো রেকমেন্ডেশান থাকে। অনেকদিন আগে পড়েছিলাম, জানতাম না এই ধরনের প্রশ্ন উঠবে - তাহলে নিয়ে আসতাম রেকর্ডটা। কিন্তু আমার সনির্বন্ধ অনুরোধ যে আপনি এভাবে দয়া করে হাউসকে বিভ্রান্ত করবেন না কারণ আমরা এখন থার্টিন্থ ফিনান্স কমিশনের সঙ্গে আছি। এটা হল নাম্বার ওয়ান।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পিকার স্যর, ন্যাশানাল হাইওয়ের কতগুলি রাস্তা আছে, এটা ফ্যাকট। অবস্থা খুবই শোচনীয়। কারণ এই ব্যাপারে আমি নিজে মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে দুবার গিয়ে মিটিং করে এসেছি। পারসোনালি রিকোয়েস্ট করেছি যে বাংলার ন্যাশনাল হাইওয়েগুলির কন্ডিশন খুবই খারাপ। সেখানে আমরা যদি ইচ্ছাও করি আমরা করতে পারি না। তার কারণ এটা ওদের অধীনে পড়ে। আপনারা জানেন ফেডারেল স্ট্রাকচারে কিছু জিনিস আছে যেগুলি কেন্দ্রের আন্ডারে পড়ে। কিছু জিনিস আছে স্টেট গভর্নেমেন্টের স্টেটের আন্ডারে পড়ে। তা সত্ত্বেও আমি ব্যক্তিগতভাবে নিজে উদ্যোগ নিয়ে পি এমের সাথে অনেকবার মিট করেছি এবং আমাদের এম পি রা বারবার যিনি সারফেস ট্রান্সপোর্ট মিনিস্টার আছেন, তারকাছে অনেকবার গিয়েছেন। রিকোয়েস্ট করেছেন। প্রাইম মিনিস্টার নিজে আমার সামনে ওঁনাকে ফোন করে রিকোয়েস্ট করেছিলেন এই কাজগুলি দেখার জন্য। তা সত্ত্বেও ঢিলে হচ্ছে। আমাদের চিফ সেক্রেটারীকে দিয়ে আমি চার পাঁচবার মিটিং করিয়েছি। আমি নিজে ডেকে কথা বলেছি তাদের সঙ্গে এবং আমরা রিকোয়েস্ট করেছি কাজগুলি ইমিডিয়েট করবার জন্য। কয়েকটা জায়গা আছে, জমি অধিগ্রহনের যে কোয়েশ্চেন আছে, জমি অধিগ্রহণ সংক্রান্ত এন এইচ ৩৪এ, সেক্ষেত্রে আমরা কিন্তু প্রায় ৪৬৫.৪৬ একরের মত জমি যেমন আপ টু জানুয়ারী আপনি জানতে চেয়েছিলেন, ৩০৬.৩৫ একর জমি আমরা অলরেডি চারটি জেলাতে অ্যাকোয়ার করেছি। সেগুলি মুর্শিদাবাদ, নদীয়া, মালদা, উত্তর দিনাজপুর। নর্থ ২৪ পরগণাতে হয় নি। কেন হয়নি সেটা আমি বলছি। কিন্তু জানুয়ারীতে হয়েছিল ৩০৬.৩৫ একর এবং মার্চের মধ্যে সেটা হয়ে গেছে ৪৬৫.৪৬ একর ল্যান্ড হয়ে গেছে। বাদ বাকী নর্থ ২৪ পরগণায় কিছু প্রবলেম আছে। ২০১০ সালেও একটা জয়েন্ট সার্ভে হয়েছিল। কিন্তু ওখানকার মানুষ আগ্রহী নন। এখানে অনেক কনজেশন আছে। কনজেস্টেড এলাকার মধ্যে দিয়ে গিয়েছে। সেখানে যদি আমাদের জোর করে অধিগ্রহণ করতে হয় তাহলে আমাকে লক্ষ লক্ষ মানুষকে উৎখাত করতে হয়। আর আমাদের জমি নীতি ক্যাবিনেটে পাশ করিয়েছি। তাতে আমরা বলেছি ফোর্সগুলি আমরা ল্যান্ড অ্যাকুজিশন করব না। এবং সেক্ষেত্রে যতটা আমরা করতে পেরেছি সেই ব্যাপারে আমরা বলেছি যে "আপনারা নেগোশিয়েশন করুন।" কারণ ন্যাশানাল হাইওয়ের কাজ হচ্ছে আমাদের কাছ থেকে একটা কমপিটেন্ট অথরিটি চাওয়া। এবং এ.ডি.এম, এল এ হচ্ছেন তার কমিপিটেন্ট অথরিটি। ডি এম প্রথমে সার্ভে করেন। কতগুলি সিস্টেম আছে এল এ অ্যাকটে আপনারা সেটা জানেন। এটা শুরু হয় ৪ থেকে। চার, পাঁচের এ, ৬,৯, ১১ - নানা রকম সিস্টেমের মধ্য দিয়ে প্রসেসটা হয়। এক্ষেত্রে যে জায়গাগুলির কোন এনক্রোচমেন্টের প্রবলেম নেই...।

[11.10—11.20 a.m.]

বা নেগোশিয়েশন করে সেটেল করতে আমরা পারছি, সেটা আমরা অলরেডি করে দিয়েছি ৪৬৫ একরের মতো। বাদ বাকি কয়েকটি জায়গা- পানাগড় বাইপাস, খুব সিচুয়েশন খারাপ ছিল। ওরা কথা দিয়েছিল ৩ মাসের মধ্যে কমপ্লিট করবে। এই রকম কিছু জায়গা আছে, যেগুলোর কাজ অলরেডি শুরু হয়েছে, কিছু জায়গা আছে একদমই করছে না। সেই ব্যাপারে আমরা বলেছি,

আপনাদের করতে হবে এবং যদি না করেন, আমি বলছি এটা ঠিক হচ্ছে না। আমি কেন্দ্রীয় সরকারকে অ্যাসেম্বলির সকলের পক্ষ থেকে আবেদন করবো, যে রাস্তাগুলো ন্যাশনাল হাইওয়ে আছে, যে দুরুহ কন্ডিশন আছে, প্লিজ্ কাজ করুন এটাকে পলিটিক্যাল অ্যাঙ্গেল থেকে বিচার না করে। আমি বার বার বলছি, ন্যাশনাল হাইওয়েগুলো অনেক দূর পর্যন্ত বিস্তৃত। দূর দুরান্তের লোকেরা-একটা ন্যাশনাল হাইওয়ে কখনো মুম্বাইকে কানেক্ট করে, কখনো দিল্লীকে কানেক্ট্ করে, কখনো ইন্টিরিয়ার অঞ্চলকে কানেক্ট করে, কখনো বিহারকে কানেক্ট করে, কখনো উড়িষ্যাকে কানেক্ট্ করে এবং আমাদের রাজ্য দিয়ে অন্য রাজ্যের সাথে কানেক্টেড্ হয়ে টোটাল্ ন্যাশনাল হাইওয়ে আছে প্রায় ২০টা। এর মধ্যে সূর্য্যবাবু যেটা কোয়েশ্চেন করেছেন, সেটা হচ্ছে এন.এইচ. ৩৪ নিয়ে। এন.এইচ. ৩৪এ ৫টি জেলা পড়ে। এটা আপনারা জানেন যে ৫টা জেলা পড়ে - ফ্রম বারাসাত টু ডালখোলা। আমি ডিটেলস্ উত্তর দিচ্ছি এই কারণে, যাতে পিকচারটা পরিষ্কার হয়। তাতে অন্যান্য জেলা যেটা অলরেডি এক্সপানশন অফ ওয়ার্ক যেটা এগ্রিয়েব্‌ল্ হয়েছে, সেখানে কাজ অলরেডি প্রোসেস্ হয়েছে, অনেকটা অ্যাকোয়্যার হয়ে গেছে এবং কোথাও কোথাও কাজ শুরুও হয়েছে। কিন্তু শুধু উত্তর চব্বিশ পরগনায় প্রবলেম আছে। যদিও জয়েন্ট মিটিং আমাদের হয়েছে। ২টি মৌজার মধ্যে ১৬টি মৌজা মোটামুটি এগ্রিড্ হয়েছে। সকলের সাথে কথা বলে, অল্ পাবলিক রিপ্রেজেনটেটিভদের সঙ্গে কথা বলে -আরো ৫টি মৌজা বাকি আছে, সেখানে প্রবলেম আছে। কোথাও কোথাও আমাকে অ্যালাইনমেন্ট চেঞ্জও করতে হতে পারে। যেমন দার্জিলিং এ অ্যালাইনমেন্ট চেঞ্জ হয়েছে। যদি আমি দেখি লক্ষ কোটি লোক বাস করছে, আমাদের কি দায়িত্ব, বুলডোজার দিয়ে উৎখাত করা? না সেটা যদি অন্য রকম ভাবে অ্যালাইনমেন্ট চেঞ্জ করে যেখানে কম লোক সাফার করবে, যেখানে লোকের কষ্ট হবে না-সেটা দেখা। সেইজন্য নেগোশিয়েশন ইজ্ অল্। ইউ আর ট্রাইং আওয়ার বেষ্ট। আমরা আমাদের চেষ্টা করছি। গভর্নমেন্টের উদ্যোগের কোথাও কোনো খামতি নেই। আমরা প্রতি মাসে মনিটর করছি। মনিটর করতে করতে তবুও কিছুটা নামানো হয়েছে। আর আমি যদি বলি ওটা আমায় দাও, আমি করব, সেটা ওরা আমায় দেবেনা। কাজেই আমরা বলি যেখানে তুমি একদম পারছো না, সেখানে তুমি রাস্তাটা রিপেয়ার তো করে দাও। রিপেয়ার তো করে দাও, যাতে লোকে অ্যাটলিষ্ট রাস্তা দিয়ে যাতায়াত করতে পারে। অনেক রাস্তা - আমি ডি.এম.দের দিয়ে বা পি.ডাব্লু. ডি. কে দিয়ে আমরা চেষ্টা করছি আমাদের মতো। সুতরাং এই হচ্ছে আমাদের দিক দিয়ে যা উদ্যোগ নেওয়ার কেন্দ্রীয় সরকারকে বলে, এন.এইচ.কে বলে-এটা আমাদের অধীনে নয়, তা সত্বেও যেহেতু আমাদের রাজ্যের আওতায় পড়ে, উই আর ডুইং অল্ দ্যা বেস্ট্।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি খুব কংক্রিট্‌লি এটা জিজ্ঞাসা করছিলাম যে, কত জমি দরকার, কত পেয়েছেন, কত বাকি আছে। এটা জেলা ভিত্তিক চেয়েছি। যাইহোক, সেটা আপনি যদি পারেন বলবেন, যদি আপনার কাছে থাকে। আর আপনি যেটা বলছেন, উত্তরে যেটা বললেন, সেটা হচ্ছে যে, সরকার ঠিক করেছে যে, জোর করে কারোর কাছ থেকে জমি নেবে না। ঠিকই, এটা আপনাদের ঘোষিত নীতি, আমরা জানি। কিন্তু এখানে ন্যাশানাল হাইওয়ে নিয়ে যেটা আপনি বলছেন যে, অ্যালাইনমেন্ট চেঞ্জ করা যায়, তাহলে সেটা করার স্কোপ্ আছে কিনা দেখতে হবে। অ্যালাইনমেন্ট চেঞ্জ করলেও জমি লাগবে। কোথায় লাগবে? বিশেষ করে যেখানে রাস্তা-ঘাট, এই রকম ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্ট, যেগুলো গভর্নমেন্টে অফ ইন্ডিয়া আন্ডারটেকিং করছে, পাওয়ার প্রোজেক্ট্ - কাটোয়াতে- এই সব জিনিস, এক্ষেত্রে যখন জমি দরকার হয়, এটাতো প্রাইভেট্ কোনো

ব্যাপার নয়, ওটা নিয়ে বিতর্ক আছে, আমি তার মধ্যে যাচ্ছি না - ইন্ডাস্ট্রি নিয়ে কি হবে - সেসব প্রশ্নে আমি যাচ্ছি না। সেটা নিয়ে একটা টাইম ফ্রেম্ করে যদি করেন, আমি খালি আপনাকে বলতে পারি যে, আমাদের এখানে বোধ হয় কেউ নেই, যে সহযোগিতা করবেন না - এই পক্ষেই হোক, আর ঐ পক্ষেই হোক। এই গোলমালটা তো মেটাতে হবে নীচে, ওখানকার লোককে নিয়ে। বোঝাতে হবে তাদের যে করতে হবে। এই ব্যাপারে তো আমরা কোনো উদ্যোগ দেখছি না। আমাদের সময় মিটিং ডাকা হত। এখন তো আমরা শুনিনা কখনো যে, এইসব মিটিং হচ্ছে, ডেকেছিল কেউ। এখানে সব পার্টি মিলে এসো, সবাইকে নিয়ে এর একটা সমাধান করার চেষ্টা করি, যাতে রাস্তাটা তাড়াতাড়ি হয়। অন্যগুলো হয়ে যাচ্ছে, আমাদেরটা হচ্ছে না -এর মানেটা কি?

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পিকার স্যার, আপনি কাটোয়া বলেছিলেন বলে আমি বলছি, কাটোয়া অলরেডি বলে দেওয়া হয়েছে, যেই জমি অধিগ্রহনশীল, জোর করে - ফোর্সফুলি আমি করবো না। আমি এর উত্তর দিতে পারি বলে বলছি, আমি জানি সাবজেক্টটা। কাটোয়ায় ৫০০ একরের ওপরে জমি অলরেডি ওদের অধিগ্রহণ করা আছে এন.টি.পি.সি র এবং তারা অলরেডি কাজ শুরু করেছে। যেটুকু দরকার - ওরা এগ্রিকালচারাল লেবার বা যারা আছে, তাদের সাথে কথা বলে যদি নেগোশিয়েট করে করতে পারে, আমরা পার্মিশন দেবো। কিন্তু আমরা জোর করে - ফোর্সফুলি করবো না। বাট ওরা এতে সম্মত হয়েছে। দুই, আলিপুরদুয়ারে অলরেডি পাওয়ার প্রোজেক্টের জন্য ক্লিয়ার করে দিয়েছি, এটা ফর্ ইওর ইনফর্মেশন। ইন্ডাস্ট্রির ব্যাপারে যারা করতে চাইছেন -আমি প্রাইভেট ইন্ডাস্ট্রির ব্যাপারে জমি অ্যাকোয়্যার করবো না, এটা আমাদের পলিশি, এটা আমরা করবো না। তা সত্ত্বেও আমাদের যেখানে যেখানে প্রয়োজন, মানে পাওয়ার প্রোজেক্টে জন্য, ফোর্সগুলি অ্যাকুইজিশন না করে নেগোশিয়েশান, আন্ডার স্ট্যান্ডিং, বোঝাপড়া করে সেটা আমরা করছি। অলরেডি আমরা ক্লিয়ার করেছি অনেকগুলো। দুই হচ্ছে, আপনি জিজ্ঞাসা করেছিলেন, কত একয়্যার করা প্রয়োজন ন্যাশানাল হাইওয়েতে। প্রয়োনজ হচ্ছে টোটাল ২৩৮০.৩১ একর এবং আমরা অলরেডি একয়্যার করেছি ৪৬৫.৪৬ একর। কিন্তু কখনও কখনও -আমি জাস্ট আপনাদের জানবার জন্য বলি-কখনও কখনও কি হয়, আমি রেলে ছিলাম বলে আমি বলছি এই কারণে যে, যেহেতু কনস্ট্রাকশানটা বেশী ছিল ওখানে। আমি দেখতাম যেমন dedicated freight corridor। স্যার, যখন আমার কাছে প্রবলেমটা এলো, আমি দেখলাম প্রচুর জমি একয়্যার করছে। এরা বসে বসে না ঘরে কমপিউটার দেখে, ম্যাপ্ দেখে, অনেক সময় একয়্যার করে দেয় সার্ভের নাম করে। পাবলিশ্, কোনটা দিয়ে করলে কম হতে পারে, কোনটা দিয়ে না করলে বেশী হতে পারে, এটা দেখে না ফিজিক্যালী। পরে এটার সার্ভে করার প্রয়োজন আছে ফিজিক্যালী। এবং আমায় দেখতে হবে যেটা করলে মানুষের ক্ষতি হবে না, ক্ষতি কম হবে। dedicated freight corridor -এ আমি প্রায় ১২০০ একর বাঁচিয়ে দিয়ে ছিলাম। আমি বলেছিলাম, রেলের পাশ দিয়ে লাইন দিয়ে যাওনা, তোমার কি দরকার লোকের আর একটা করে জমি নিয়ে ভিতর দিয়ে গিয়ে? এবং ন্যাশানাল হাইওয়েও আপনারা দেখেছেন, এমনি যখন করেছেন, আরো এত জমি নিয়েছে যে গ্রামগুলো ভিতরের পর ভিতর চলে গেছে। প্রচুর জমি নেওয়া হয়েছে। এবং সে ক্ষেত্রে আমরা মনে করি যে, যেখানে জমি নেওয়ার প্রয়োজন আছে সেখানে নিশ্চয়ই

আমরা জমি নেব, কিন্তু কথা বলে নেব। কোথাও কোথাও কনজেস্টেড এরিয়ায়, আমি নিশ্চয়ই বনগাঁ, বারাসাত, গাইঘাটা এগুলোতে যেখানে প্রচুর লোক একসাথে বাস করছেন, আমি কি করে তাদের উচ্ছেদ করবো? সেখানে আমরা বলেছি দরকার হলে এ্যালাইন্‌মেন্ট চেঞ্জ করুক, না হলে উপর দিয়ে করুক। ফ্লাইওভারের মতো করে করুক। টোটাল রাস্তাটাকে উপর দিয়ে নিয়ে যাক। নিবেদিতা সেতু - টেতু হয় নি? সুতরাং এগুলোতে হয়তো একটু টাকা বেশী লাগবে, কিন্তু মানুষ বেঁচে যাবে। আমরা যার জন্য মেট্রো করছি, আপনারা দেখেছেন অনেক জায়গায় আমি উপর দিয়ে করে দিয়েছি। যেটা দিল্লীতেও করেছে। যদি আমার আন্ডারগ্রাউন্ড ডিসটার্ব না হয় I have an alternative option, যেমন আপনাদের মেট্রো ইষ্ট -ওয়েষ্টে রুট আমরা কিছুটা চেঞ্জ করছি। তার কারণ আমি লক্ষ লক্ষ লোকের রুটি -রোজগার নষ্ট করবো? না, আমি চেষ্টা করবো লক্ষ লোককে বাঁচিয়ে যদি কিছু করা যায়। যেখানে একেবারে উপায় নেই, হয়তো ইরিগেশান, ভাঙন হতে পারে, বন্যা হয়ে যেতে পারে, ওটা আমাকে এক্ষুনি সারাতে হবে, সেখানে আমাকে বলতে হবে একটু সরে যান। কিন্তু এছাড়া অনেক জায়গায় এ্যালাইনমেন্ট চেঞ্জ করলে এবং যেখানে পসিবিলিটি আছে, যেটা ১৬টা মৌজা অলরেডি ওরা রাজি হয়েছে, কিন্তু ৫টা মৌজা পারছে না করতে। সুতরাং এগুলো একটু মানবিকতার দৃষ্টিভঙ্গি নিয়ে সরকার দেখছে এবং দেখবে, যতদূর করার করবে। আর ওরা যে বলছে আমাকে এক্ষুনি জমি দাও বলে, আমি কাজ করবো বলে এটা ঠিক নয়।

যেটা আছে, সেটাও ওরা করছে না। পানাগড় বাইপাশ কেন ভুল হয়েছিল? কেন করতে এতো সময় লাগছে? এবং তাছাড়া উত্তরবঙ্গের কতগুলো জায়গা আছে হরেবল্ কন্ডিশন। আমি নিজে বার বার রিকোয়েষ্ট করছি যে তুমি আগে রাস্তাটাতো ঠিক করো। তিস্তার পাশের রাস্তাটা যার জন্য আমরা অলটানেটিভ রুট আমরা নিজেরা আমাদের ইরিগেশানের টাকা দিয়ে আমি বলেছি ইমিডিয়েট শুরু করো। কারণ উত্তরবঙ্গ আমি বার বার যাচ্ছি। এবং কোলাঘাট -মেদিনীপুরের কাজগুলো অলরেডি হয়েছে। এগুলো হতে শুরু করেছে। মেদিনীপুর পশ্চিমে জমি নিয়ে কোন প্রবলেম নেই। কয়েকটা জায়গায় দার্জিলিং -এ প্রবলেম আছে, এ্যালাইন্‌মেন্ট চেঞ্জ হচ্ছে। এবং কুচবিহারে কিছু প্রবলেম আছে, ফালাকাটায় কিছু প্রবলেম আছে, সেগুলো আমরা চেষ্টা করছি যতটা পারবো শর্টআউট করবো। নাহলে এ্যালাইন্‌মেন্ট চেঞ্জ করে বা অন্য কোন ওয়েআউট দিয়ে উপর দিয়ে নিয়ে যাবার, একটু খরচা হবে কিছু করার নেই, দরকার হলে পি পি পি-তে করুক, আমাদের কোন আপত্তি নেই, এটা আমরা বলেছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি খালি বলছি যে এটা খুব ছোট ব্যাপার। আপনি যা বললেন অন্যান্য ব্যাপার, জমি অধিগ্রহণ, সে ব্যাপারে আপনাদের সাথে আমার নীতি সব ব্যাপারে নাও মিলতে পারে, আমি সেই বিতর্কে যাচ্ছি না। এটা আমি প্রথম থেকেই বলেছি। এটা স্পেসিফিক কোশ্চেন, ন্যাশানাল হাইওয়ে, আমি যেটা বললাম সেটার জবাব পেলাম না। আমি বলছি যে আপনি বা আপনার পি.ডব্লু.ডি. মিনিষ্টার বা কাউকে দায়িত্ব দিতে পারেন, যেখানে ন্যাশানাল হাইওয়ে অথোরিটির সঙ্গে কথা বলতে যে কোথায় আটকাচ্ছে, কি ব্যাপার। আমরা আমাদের বিভিন্ন জেলার যারা প্রতিনিধি আছেন ওই তিন, চার, পাঁচটা জেলার বিশেষ করে ২৪ পরগনার -সব পার্টির, তারা

একটা কথাবার্তা বলে একটা ক্লিয়ার পিক্চার যাতে পাই। যাতে আমরা বুঝতে পারি কে ঠিক বলছে, কে বেঠিক বলছে। What is your strategy? কোনদিক দিয়ে -যেখানে জনবসতি ঘন, যেখানে ঘনবসতিপূর্ণ এল্যাকা বাদ দিয়ে আমরা একটা বাইপাশ করতে পারি। কি করতে পারি এটাইতো বুঝতে পারছি না। সেটাই আমি বলছি।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, পি.ডব্লু.ডি. মিনিষ্টার, কেন চীফ্ সেক্রেটারী, পি.ডব্লু.ডি মিনিষ্টার, চীফ্ মিনিষ্টার নিজে অনেকবার পার্সু করছি, অলরেডি কনটিনিউয়াস মনিটরিং হচ্ছে। আমি আপনাদের পরিষ্কার বলছি যেখানে আমাদের প্রবলেম নেই, আমরা সবকটা করে দিয়েছি। ৪৬৫.৩১ একর অলরেডি আমরা করেছি। যেখানে প্রবলেম আছে, জনগণের উপর গুলি চালিয়ে এটা আমি করতে পারি না। আর উত্তর ২৪ পরগনার প্রত্যেকটা এম.পি., এম.এল.এ. পঞ্চায়েত সমিতি সবাইকে ডেকে নিয়ে বসে তিনবার মিটিং হয়েছে স্যার, সেপ্টেম্বর মাসে। এবং সেখানেও ২১টার মধ্যে ১৬টা মৌজা সেটেল্ড হয়েছে।

[11.20—11.30 a.m.]

নেগোসিয়েশান অন এবং ৫টি মৌজার প্রবলেম আছে, যেগুলোর প্রবলেম আছে we have to take care এবং আমাদের সব সময় মানুষের পাশে থাকতে হবে। আমরা ন্যাশানাল হাইওয়ে অথরিটি নিশ্চয়ই তাকে আমরা পুরো হেল্প করব কিন্তু বাংলার মানুষকে খুন করে নয়, মেরে নয়।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার একটা প্রশ্ন যদিও সরাসরি এই প্রশ্নের সঙ্গে জড়িত নয় তবুও আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাইছি আপনার মাধ্যমে, যে ২০০৯ এবং ২০১০ সালে পশ্চিমবাংলায় কত মানুষকে পাট্টা দেওয়া হয়েছিল।

শ্রীমতী মমতা ব্যানার্জী : ঠিক আছে স্যার, ঠিক আছে। It's ok. নতুন মেম্বার একটা প্রশ্ন করেছেন, আপত্তির কি আছে? সূর্যবাবু আমাকে যতগুলো প্রশ্ন করেছেন প্রত্যেকটার আমি উত্তর দিয়েছি। যদি আমার নলেজে না থাকত আমি দিতাম না। Though it is not related, Sir. According to questions, though it is not related এই কোশ্চেনের সাথে। কিন্তু নতুন মেম্বার শীলভদ্র দত্ত একটা প্রশ্ন করেছেন। আমার মনে হয় ২০০৯-১০ এই সময় ৬,৫০০ মত পাট্টা দেওয়া হয়েছিল। আর আপনারা জানেন একটা নতুন স্কীম চালু করেছি নিজ ভূমি নিজ গৃহ এবং আমাদের এই সময়টা আমরা প্রায় ৭৯,৭০০ সামথিং অর্থাৎ ৮০, ০০০ পাট্টা এবং নিজ ভূমি নিজ গৃহে পাট্টা দিয়েছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ... (গোলমাল)...

মিঃ স্পীকার : দিচ্ছি তো আপনাদের দলের লোককেই দিয়েছি। কি করব বলুন আমাকে ঘুরিয়ে ফিরিয়ে সবাইকে দিতে হবে। আপনি ব্যক্তিগতভাবে যদি অসন্তুষ্ট হন আমার কিছু করার নেই। আপনার অনেক আগে উনি হাত তুলেছেন। আপনার অনেক আগে উনি হাত তুলেছেন।

শ্রী অসিত মিত্র : স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়ার কাছে আমার প্রশ্ন, আপনাকে ধন্যবাদ

জানাই যে আপনি অনেকগুলি বিষয় নিয়ে উত্তর দিচ্ছেন এবং পাট্টা নিয়েও শেষ পর্যন্ত উত্তর দিলেন। আমার প্রশ্ন, যে ন্যাশানাল হাইওয়ে আমাদের রাজ্যে যে কটা রয়েছে তার মধ্যে NH 6 এবং দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে এইগুলি ছাড়া বাকিগুলোর অবস্থা সত্যিই খুব খারাপ। আমার নিজের মনে হয় যে এই ব্যাপারে দায়িত্ব নিয়ে আপনি কেন্দ্রের সঙ্গে কথা বলেছেন, আপনি নিজে বলেছেন। স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে একটা প্রশ্ন করছি, উনি বলেছেন আমরা গুলি চালিয়ে রাস্তার জায়গা করিয়ে দিতে পারব না, জমি দখল করতে পারব না। এটা ঠিকই। আমরাও তাই চাই। আমি বলছি, এ ব্যাপারে কি রাজ্য সরকার এ রকম কোন কথা ভাবছেন, বছরের পর বছর কোন জায়গায় রাস্তা হবে না, আপনি বলেছেন সেই জায়গাটা মেরামত করে করতে হবে। ইন্ডাস্ট্রির কথা আপনি বলেছেন, যে ইন্ডাস্ট্রির জন্যে আমরা জায়গা কিছু কিছু দরকার হলে করে দেব। কিন্তু আমি বলছি যদি সেই ইনফ্রাস্ট্রাকচার তৈরী না হয়, সেই ইন্ডাস্ট্রি আসবে না। তাহলে কি আপনি ভাববেন যে রাজ্য সরকারের পক্ষ থেকে যদি কাউকে উৎখাত করতে হয় তাদের পুর্নবাসনের কোন বন্দোবস্ত রাজ্য সরকার দায়িত্ব নিয়ে কেন্দ্রের সঙ্গে কথা বলে করবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আপনার প্রশ্নটা যদিও আমার কাছে ক্লিয়ার হয়নি আর this questions is not related to this question also. বললাম তো, একটু ধৈর্য্য তো ধরুন আপনারটা তো আমি শুনেছি। স্যার, যেখানে ইন্ডাস্ট্রি করার দরকার তারা আমাদের কাছে যখন 14Y এ্যাপ্লাই করছে জমিটা তাদের নিজেদের কাছে আছে। তার জন্য আমরা একটা ক্যাবিনেট কমিটি ইনফ্রাস্ট্রাকচার করেছি। এবং তাতে আমরা প্রত্যেকটা কেস টু কেস প্রতি সপ্তাহে মিটিং করে ক্লিয়ার করে দিই। অলরেডি এরকম প্রচুর কেস ক্লিয়ার হয়েছে। ডিটেলস নাম্বারটা এই মুহুর্তে আমার কাছে নেই। মেম্বার চাইলে আমি পাঠিয়ে দিতে পারি। আর দুই, ন্যাশানাল হাইওয়ে এবং পি.ডব্লু.ডি.র ব্যাপারটা নিয়ে আমাদের কিন্তু চিফ সেক্রেটারির নেতৃত্বে একটা কমিটি আছে। কন্টিনিউয়াস আমরা কিন্তু মনিটারিং করি এই কাজগুলো করবার জন্য। আর একটা জিনিস আপনাকে ভাবতে হবে ইনফ্রাস্ট্রাকচার তৈরীতে আমাদের মত সিরিয়াস কেউ নয়। ন্যাশানাল হাইওয়ে যদি আমাকে তাই জিজ্ঞাসা করেন তাহলে ২০০৯-১০ এ Nil। জমি অধিগ্রহণই হয়নি এক ফোঁটাও। ন্যাশানাল হাইওয়ে নিল। ২০০৯ -১০ এ যদি আপনারা আমায় জিজ্ঞাস করেন বিকস আপনারা ভাবছেন যে আমরা কেন করছি না। তাহলে আগের সরকার করতে পারেনি কেন? ২০১০-১১ এ Nil -Nil-Nil-Nil-Nil। ২০১১-১২-ও তাই। ২০১২-১৩-তে অনেক কষ্ট করে আমরা এই জায়গাটা নিয়ে এসেছি। ৪৬৫.৪৬ একর কথা বলে সব কিছু করে। আপনারা জানেন একটা বাগডোগরা এয়ার পোর্ট নাইট ল্যানডিং ফেসিলিটি হচ্ছে না মাত্র ১১টা পরিবার তারা দিতে চাইছে না। গভর্ণমেন্ট তাকে অক্টোই দেবে বলেছিল। ১১টা পরিবার যদি মেনে নেয় তাহলে আমরা তাকে অলটারনেটিভ ল্যান্ড দিতে চাই, তাদের অল্টারনেটিভ বাড়ি করে দিতে চাই। আমরা তাকে টাকা দিতে চাই, মানছে না আমি কি করব? আমি কি তাকে বন্দুক মেরে ওঠাব। কি করব? নাইট ল্যানডিং এক্ষুনি হয়ে যায় যদি ১১টা পরিবার আমাকে যদি একটু co-operation করে। গভর্ণমেন্ট টাকা দিতে রাজি আছে। না, হচ্ছে না। গৌতম দেব উত্তরবঙ্গের মন্ত্রী গিয়ে অনেকবার-প্লিজ, আমি তো কালকে এসেছি। আমি তো কালকে উত্তরবঙ্গ থেকে এসেছি।

.....(গোলমাল)......

মিঃ স্পীকার : আপনি ইন্টারাপ্ট কেন করছেন? উনি তো উত্তর দিচ্ছেন। Why do you interrupt ? Please.

শ্রীমতী মমতা ব্যানার্জী : এই রকম কিছু কিছু প্রবলেম আছে। কিন্তু মনে রাখবেন এই প্রবলেমগুলোকে আমাদের শর্ট আউট করতে হবে কথা বলেই তাতে হয়তো একটু টাইম লাগতে পারে কিন্তু যেটা হবে সেটা কংক্রিট হবে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। আপনি বলেছেন, আপনি নিজে এই প্রশ্নোত্তরের মধ্য দিয়ে পানাগড় বাইপাসের কথা বলেছেন। এবং আপনি জানেন, আপনি ওই রাস্তা দিয়ে যাওয়ার ফলে কি দুর্ভোগ। ওখানে কত লোক মারা গেছে। আমি আমাদের মাননীয় স্পীকার মহাশয়কে ধন্যবাদ জানাই উনাকে, একটা কলিং এ্যাটেনশান এনেছিলাম, উনি রাস্তাটাকে তৈরি করার জন্য অর্ডারটা করেছিলেন। এবং আমাদের এই বাইপাশের জন্য কোনোরকম অসুবিধা নেই। দু'-চার জন লোক আছে। দু-চার জন লোক আছে, যারা ওখানে বাইপাস করার জন্য খালি বাধা সৃষ্টি করছে। আমাদের ভেস্টেড ল্যান্ড আছে, আপনি জানেন আমরা ADM, LA -র সাথে বসেছিলাম এবং বসে সমস্ত তৈরি। দু'-চারটা লোকের জন্য খালি এটা তৈরি করতে একটু বিঘ্ন ঘটছে। এই ক্ষেত্রে আপনার কাছ থেকে পানাগড় বাইপাস করার জন্য কোনোরকম সরকারের সঙ্গে সহাযোগীতা করে তাড়াতাড়ি করার কোনো পরিকল্পনা করা যাবে কি না?

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পানাগড় বাইপাসটি আমি নিজে দিয়েছি। ওখানে অনেক accident হয়। কারণ ওখানে National Highway যে scheme -টা করেছিল, ভুল ছিল। Technical fault ছিল, technical কতগুলো problem ছিল। সেটাকে rectify করবার জন্য আমরা চার-পাঁচবার ডেকে কথা বলেছি, এবং তার result হিসাবে seriously এবারে কাজটা হাতে নেওয়া হয়েছে এবং within three months it will be completed.

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। আজকে বিরোধী দলনেতা এবং অন্যান্য সদস্যদের প্রশ্নের সম্পূর্ণ উত্তর দিয়েছেন আপনি। এবং আমার মনে হয় সদস্যরা সকলেই satisfied। আমি জানতে চাইছিলাম আপনার কাছে যে, যখন Lake Gardens rail line - এর ধারেতে মানুষগুলোকে উচ্ছেদ করা হয়নি, সরানো হয়েছিল, তখন আপনি নোনাডাঙায় তাদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করে দিয়েছেন। এবং সমস্ত মানুষ যারা rail line -এর ধারে ছিল, তারা জায়গা পেয়েছে। এখন আমার প্রশ্ন যে, এটা যেহেতু কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব NHAI। তাদের কোনো এইধরনের package আছে কি না যে, যদি কাউকে সরাতে হয়, তাহলে তাকে কত টাকা দিতে হবে বা জমি দিতে হবে বা বাড়ি দিতে হবে, এইরকম কোনো package কেন্দ্রীয় সরকারের আছে কি না। যদি থাকে জানালে ভালো হয়।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, land act যেটা L.A. আছে, 1894 যেটাকে আমরা পছন্দ করি না। এবং আমরা government-কে change-ও করতে বলেছি, সেটা already change-ও করছে। Thats why we are waiting. সেইজন্য এটা আমরা cabinet-এ policy করেছি। এবং এক্ষেত্রে যেটা হচ্ছে, সেটা হচ্ছে, L.A. Act 1894, এটাকে পড়তে হবে 1956, যেটা National Highway Act-এ আছে। এবং তাদের compensation -এর একটা system আছে। সেই system অনুযায়ী তারা market price, market value, এটার value অনুযায়ী price দেয়। কতগুলো ক্ষেত্রে আবার 30% সোলিশিয়ামও আছে। কোথাও কোথাও depend করে, যেমন, আয়লা প্রকল্পে, আমরা যেমন তৈরি করে দিচ্ছি। এটা হচ্ছে irrigation -এর জায়গাগুলো দখল করে। একটা হচ্ছে দখল করে রাখা, আর একটা হচ্ছে তাদের নিজেদের জমি। দুটোর মধ্যে পার্থক্য আছে। Central Government-এর N.H. Act-এ যে provision আছে, L.A. Act provision আছে সেই মতোই আমরা দিই।

মিঃ স্পীকার : দেখুন, আমাদের ২৮মিনিট হয়ে গেছে একটা প্রশ্নতে। অন্য প্রশ্ন আমাদের আছে। সুতরাং আমার পক্ষে আর supplementary allow করা সম্ভব হবে না।

নদীয়া জেলায় আর্সেনিক দূষণমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮) **শ্রী সমীর কুমার পোদ্দার :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ১লা জানুয়ারী, ২০১২ থেকে ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত নদীয়া জেলায় মোট কত সংখ্যক আর্সেনিক দূষণমুক্ত পানীয় জল সরবরাহ প্রকল্প চালু করা সম্ভব হয়েছে; এবং

(খ) কত সংখ্যক প্রকল্প রূপায়ণের পর্যায়ে রয়েছে?

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সমীর কুমার পোদ্দার সদস্য মহোদয় যে প্রশ্ন করেছেন, তার -

(ক) ২৮ (আঠাশ)টি আর্সেনিক মুক্ত জল সরবরাহ প্রকল্প ৬৫.২১ কোটি (পঁয়ষট্টি কোটি একুশ লক্ষ) টাকা অনুমোদন সাপেক্ষে ০১.০১.২০১২ থেকে ২৮.০২.২০১৩ পর্যন্ত চালু হয়েছে, যার দ্বারা ৪,৫৩,০৪৩ (চার লক্ষ তিপান্ন হাজার তেতাল্লিশ) জল অধিবাসী উপকৃত হবে।

(খ) ১৭টি আর্সেনিক মুক্ত জল সরবরাহ প্রকল্প ৪১.৩০ কোটি (একচল্লিশ কোটি তিরিশ লক্ষ) টাকা অনুমোদন সাপেক্ষে চালু হওয়ার পথে। যাহা দ্বারা ২,৮৬,৩৬৭ (দুই লক্ষ ছিয়াশি হাজার তিন শত সাতষট্টি) জন অধিবাসী উপকৃত হবে। এই প্রকল্পগুলি ৩১.০৫.২০১৩ তে চালু হয়ে যাবে আশা করা যায়। অবশিষ্ট ৯৫ টি প্রকল্প রূপায়নের বিভিন্ন পর্যায়ে আছে।

এটা আপনি ২০১২ থেকে ২০১৩ পর্যন্ত জিজ্ঞেস করেছেন বলেই, এটার এইভাবে উত্তরটা হল। কিন্তু যদি নদীয়া জেলার আর্সেনিকের উপরে কি কাজ হচ্ছে জানতে চাইতেন, তাহলে আরো পরিষ্কার করে বলা সম্ভব গত।

[11.30–11.40 a.m.]

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, নদীয়া জেলার সমস্ত ব্লকগুলি কি আর্সেনিকমুক্ত এলাকায় এসেছে কিনা, যদি কোন ব্লক বাকি থাকে তার ভবিষ্যৎ কি, দয়া করে একটু জানাবেন কি?

শ্রী সুব্রত মুখার্জী : নদীয়া জেলার সম্বন্ধে আপনি জানেন যে প্রায় ৮১ টি ব্লক সারা পশ্চিমবঙ্গে এই আর্সেনিক অধ্যুষিত। আর নদীয়া জেলার পুরোটাই আর্সেনিক অধ্যুষিত এবং যেজন্য খুবই গুরুত্ব দিয়ে নদীয়া জেলার আর্সেনিক মুক্ত জল সরবরাহ করবার জন্য আমরা পাইপ ওয়াটার সাপ্লাই স্কিম চালু করেছি এবং উল্লেখযোগ্যভাবে আপনার অবগতির জন্য জানাই যে ইতিমধ্যেই নর্দান সেক্টার ব্লক কালিগঞ্জে ১০১ কোটি ৮০ লক্ষ টাকা খরচ করে একটা পাইপ একেবারে কোলকাতার মত সরবরাহ করা হয়ে গেছে এবং সেটা আমরা উদ্বোধন করেছি ও জলও চালু হয়ে গেছে, এটা আপনাদের সকলেরই জানা। আর একটা হল, নর্দান সেক্টার পার্ট টু ব্লক, নাকাশীপাড়া ৯৬ কোটি ৮৬ লক্ষ টাকার কাজ, সেটাও শেষ হয়ে গেছে। আর একটা হচ্ছে, নদীয়ার নর্দান সেক্টার পার্ট থ্রী ব্লক, কৃষ্ণনগর টু, নবদ্বীপ পার্ট সেটাও ৪৭ কোটি ২৯ লক্ষ টাকার কাজ হয়ে গেছে। এছাড়াও ২৮ টি গ্রাউন্ড ওয়াটার বেসড স্কিম যেটা কমিশনড হয়ে গেছে। আর অনগোয়িং আছে, ১৭টি গ্রাউন্ড ওয়াটার বেসড ৪১ কোটি ৩০ লক্ষ টাকার, আর ৯৫ টি গ্রাউন্ড ওয়াটার এ্যান্ড দুই নম্বর সারফেস ওয়াটার, চাকদা এবং হরিণঘাটা, সেটাও কমিশনড হয়ে গেছে। যার আর্থিক খরচ ৪৪৩ কোটি ৩০ লক্ষ টাকা। এখানে শুধু হরিণঘাটাটা আমরা চালু করতে পারছি না, কারণ আগের সরকার যে জমি নিয়েছিলেন সেই জমিগুলির পয়সাও দেননি এবং নিয়ম মাফিক অধিগ্রহণও করেননি। ফলে ২/৩ টির সাথে আমাদের কথাবার্তা চলছে, আমরা শেষ করেই উদ্বোধন করে দিয়ে আসতে পারব। পাওয়ার-টাওয়ার সবই হয়ে গেছে।

শ্রী তজমূল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার মালদা জেলায় হরিশচন্দ্রপুর বিধানসভা ক্ষেত্র একটা আর্সেনিক প্রবণ এলাকা, সেই এলাকায় ২০১০ সালে প্রায় ১৩ টি জলের স্কিম অধিগৃহীত হয়েছিল। অধিগৃহীত হওয়া সত্ত্বেও কাজও আরম্ভ হয়েছে, কাজগুলো কিন্তু অর্ধ সমাপ্ত হয়ে এখন হাফ ডান হয়ে পড়ে আছে। আপনাকে অনেকবার বলেছি, যে সেই কাজগুলো যেন এলাকার মানুষ, আর্সেনিক প্রবণ এলাকার লোক যেন অবিলম্বে জল পায়, তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন, দয়া করে যদি জানান।

শ্রী সুব্রত মুখার্জী : মূল প্রশ্নটা নদীয়া জেলার ছিল। আমার প্রশ্নটিও তাই। তবুও আপনি বলেছেন বলে আমাকেও আপনি কয়েকবার জানিয়ে গেছেন, আমি বলেছি যে আমার দৃষ্টি আকর্ষণ এর পরে আমি নিশ্চয় হাফ কমপ্লিট হয়ে যেগুলো আছে, সেগুলো থাকা উচিত নয়। খুব দ্রুত সেটা যাতে কমপ্লিট হয়ে যায়, তার জন্য ব্যবস্থা করবো। তবে আপনার অবগতির জন্য জানাই যে হরিশচন্দ্রপুরটা কিন্তু আর্সেনিক মুক্ত, আর্সেনিক অধ্যুষিত নয়।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে আমি ছোট্ট দুটো প্রশ্ন করতে চাই। একটা হচ্ছে যে, অনেকগুলো প্রকল্পে আমরা দেখলাম যেখানে যেখানে আর্সেনিক পাওয়া যেত না আগে কিন্তু স্কিম চালু হয়েছে, তখন আর্সেনিকের যে মাত্রা ছিল সেটা বিপদ লাইনের নীচে ছিল, এখন

সেটা বিপদ লাইন পার হয়ে গেছে। সেগুলো তাড়াতাড়ি আর্সেনিক মুক্ত ব্যবস্থা না করলে সমস্যা হবে। এটা একটু তাড়াতাড়ি করা দরকার। আর একটা হচ্ছে, ঠিকা শ্রমিক যারা ওখানে কাজ করেন একে তো কম পয়সা পায়, তারপর ৬ মাস বেতন পাননি, তারা এখানে এসেছিল, মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করেছিল, আমি সেটা জানতে চাইছি, কি ব্যবস্থা হবে।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, কোন প্রশ্নের উত্তর দেব। মানে উনি এখনি দুটো করলেন, তার সাথে, মূল প্রশ্নটা কিন্তু নদীয়া জেলার আর্সেনিক। তবুও আপনাকে আমি জানাই যে, আপনাদের সাথেও আমার এই লেবেলে অনেক কথা হয়েছে। আমি বারেবারে বলেছি যে এটাও আপনাদের পাপ আনিসুর সাহেব যেটা আমাদের কাঁধে করে ঘুরতে হচ্ছে। আপনারা আইনে, বেআইনে প্রায় আট হাজার এই ধরনের নিরীহ বেকার ছেলেদের, তারা আপনাদের পার্টির হোক, কিন্তু আমাদের দেশেরই ছেলে, যেভাবে কোনো পদ্ধতি না মেনে তাদের চাকরি দিয়ে গেছেন, আমি আপনাদের দায়িত্ব দিতে পারি এগুলো কি রেগুলারাইজ করতে পারবেন। এগুলো কন্ট্রাক্টারের লেবার, আমাদের ডাইরেক্ট নয়। আমি যে জিনিসটা আপনাদের দেখাবো বলে প্রতিশ্রুতিবদ্ধ, সেটা হল, যে টাকাটা আমরা কন্ট্রাক্টারের মাধ্যমে তাদের দিচ্ছি সেটা যাতে তারা হাতে পায়, কন্ট্রাক্টাররা যেন ৩-৪ মাস পেন্ডিং না রাখে।

শ্রী সৌমিত্র খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য, বাঁকুড়া জেলায় অনেক জায়গাতে প্রত্যেক ব্লকেই প্রায় পি এইচ ই ডিপার্টমেন্টের কাজ শুরু হয়েছে। আমরা জানতাম পি এইচ ই ডিপার্টমেন্ট বলে একটা ডিপার্টমেন্ট আছে, কিন্তু সেটা আমরা আগে দেখতে পাইনি, এখন সেটা দেখছি এবং পি এইচ ই ডিপার্টমেন্টের কাজ শুরুও হয়েছে। বাঁকুড়া জেলায় আমার কোতুলপুর বিধানসভার অন্তর্গত জয়পুর ব্লক এবং কোতুলপুর ব্লক এবং গঙ্গাজলঘাঁটি ব্লক—এই তিনটি ব্লক, যদিও এটা নদীয়ার মধ্যে পড়ছে না, তাও বাঁকুড়া জেলাটা যেহেতু আপনার পুরো কক্ষগত, সেইজন্য আপনাকে জিজ্ঞেস করছি এই তিনটি ব্লকে পি এইচ ই ডিপার্টমেন্ট পাইপ লাইনের মাধ্যমে জল সরবরাহ করার কোনো চিন্তা ভাবনা আছে কি?

শ্রী সুব্রত মুখার্জী : সব জেলার আলাদা আলাদা প্রশ্ন। তবুও আমি আপনার অবগতির জন্য জানাই মাননীয়া মুখ্যমন্ত্রী শপথ নেওয়ার পরে পরেই যে তিনটি জেলায় তিনি গিয়ে ঘোষণা করে এসেছিলেন আমাদের সরকারের নীতি, তার মধ্যে বাঁকুড়া জেলা অন্যতম, তারপরে পুরুলিয়া এবং পশ্চিম মেদিনীপুর। ঘোষণার সঙ্গে সঙ্গে তিনি প্রায় ২৪৬ কোটি টাকা আমাদের দিয়েছিলেন। সেই কাজও আমরা শুরু করেছি। যা অতীতে কোনো সরকার, শুধু বামফ্রন্ট নয়, কোনো সরকার কোনোদিনই চিন্তা করেননি যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের নির্দেশ দিয়েছিলেন। যার ফলে প্রায় আড়াই হাজার কোটি টাকা, ভারতবর্ষের কোনো রাজ্যের কোনো জেলায় এইভাবে নদীর জল নিয়ে গিয়ে, এখানে ডিভিসি-র জল নিয়ে গিয়ে গ্রামীণ সরবরাহ যা পুরুলিয়া, বাঁকুড়ায় হচ্ছে, তা অতীতে কোনোদিন হয় নি এবং শুধু কাজের শিলান্যাস নয় মুখ্যমন্ত্রী গিয়ে কাজ শুরু করে দিয়ে এসেছেন। দ্বিতীয়ত, পুরুলিয়াতেও ২০ টি ব্লকে ৯০ টি প্রজেক্ট চালু করা হয়েছে যার টাকা আমরা স্যাংশান পেয়েছি। কাজেই এই তিনটি জেলা আমরা বিশেষ গুরুত্ব দিয়েছি। তারমধ্যে যেটা বিপ্লব হয়ে গেছে, চলছে, সেটা হল পুরুলিয়া এবং বাঁকুড়া।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য

যেহেতু নদীয়া জেলায় আর্সেনিক দূষণমুক্ত পানীয় জলের বিষয়ে প্রশ্ন নদীয়া জেলার বিধায়ক সমীর পোদ্দার করেছেন—আমিও মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাই যে বিগত দিনে নদীয়া জেলার মধ্যে আপনি আমার বিধানসভা, কৃষ্ণনগর বিধানসভা এবং নবদ্বীপ বিধানসভার বিস্তীর্ণ এলাকার মানুষকে আর্সেনিকমুক্ত জল উদ্বোধন করার মাধ্যমে সেই এলাকার মানুষকে পরিশুদ্ধ পানীয় জল দেওয়ার ব্যবস্থা করেছেন। সেই কারণে মা-মাটি-মানুষের সরকারকে আমি ধন্যবাদ জানাই। নদীয়া জেলার আর একটি বিরাট প্রকল্প হরিণঘাটা ব্লকে এবং চাকদা ব্লকে করা হয়েছিল। হরিণঘাটা ব্লকের প্রস্তুতি পর্ব শেষ করেছিলেন আপনি উদ্যোগ নিয়ে। চাকদা ব্লকেও আপনি উদ্যোগ নিয়ে পানীয় জলের ব্যবস্থা করেছেন। কবে নাগাদ মানুষ এই পানীয় জল পেতে পারে এটা জানাবেন কি?

শ্রী সুব্রত মুখার্জী : স্যার এটা আমি আগেই বললাম যে হরিণঘাটার সমস্তটাই কমপ্লিট। মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করেছিলাম উদ্বোধন করার জন্য, প্রস্তুতিও নিয়েছিলাম। তিনি অবশ্য পার্থ চ্যাটার্জীকে উদ্বোধন করতে বলেছেন। আগের সরকার তাদের চলে যাওয়ার সময় কয়েকটি জমি নিয়েছিল। তার অনেকগুলোকেই আমরা এ্যাওয়ার্ড করিয়ে কমপ্লিট করে দিয়েছি। কিন্তু এখনও তিনটে জমি—আগেই তো শুনলেন জমি নীতিতে আমরা গায়ের জোরে কমপ্লিট না করে শান্তিপূর্ণ উপায়ে কমপ্লিট করার চেষ্টা করেছি। স্বভাবতঃ নিয়ম অনুযায়ী তাদের টাকা দেওয়া, যেসব আনুষঙ্গিক ফর্মালিটিস আছে, সেটা করছি। আনফরচুনেটলি, সেটা কমপ্লিট করতে না পারলে আপনাদেরও সহযোগিতা চাইব। আমরা যে-কোনো দিন উদ্বোধন করে দিয়ে আসতে পারবো।

শ্রী ইনসার আলি বিশ্বাস : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যদিও এটা নদীয়া জেলার প্রশ্ন। কিন্তু উনি জ্ঞাত আছেন আমি দুখানা চিঠি দিয়েছিলাম। মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া ব্লকে আর্সেনিকমুক্ত পানীয় জলের কাজ ২০০৯ সালে শুরু হয়েছিল। ২০১১ সালের ডিসেম্বর মাসে শেষ হয়েছে বলে আপনি বলেছিলেন। অদ্যাবধি সেটা এখনো শেষ হয় নি। কমপ্লিট কবে নাগাদ হবে সেটা যদি দয়া করে একটু বলেন।

[11.40—11.50 a.m.]

শ্রী সুব্রত মুখার্জী : প্রতিটি জেলার প্রশ্ন আলাদা করে এইভাবে দেওয়া সম্ভব নয়, তবুও আমি বলছি। আপনি শুনলে খুশী হবেন, মুর্শিদাবাদ জেলায় প্রায় ৬০০ কোটি টাকার কাজ আমরা করছি। এটা আর্সেনিক অধ্যুষিত বলে গুরুত্ব দিয়ে আমরা কাজটা করছি। আপনার ঐ এলাকায় আমরা কাজ চালু করে দিয়েছি। ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে আমি জানতে পারব কাজের পোগ্রেস কতদূর হয়েছে, যদি প্রোগ্রেসের ব্যাপারে কোন অসুবিধা হয় তাহলে নিশ্চয় আমি এটা দেখব।

শ্রী এস. এম. সাদি : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন নদীয়া জেলায় আর্সেনিক প্রকল্পের কথা বলেছেন। আমার মনে হচ্ছে তথ্যের কিছু অপলাপ হচ্ছে, কালিগঞ্জ হচ্ছে ১০৮ কোটি টাকার প্রকল্প, নাকাশিপাড়ার ৯৬ কোটি টাকার প্রকল্প, বেলপুকুর প্রকল্প, এইগুলো সবই বামফ্রন্ট সরকারের প্রকল্প। চাকদা এবং হরিণঘাটাও বামফ্রন্ট সরকারের প্রকল্প। মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাই, ২০১১ সালে ওনাদের মা-মাটি-মানুষের সরকার আসার পরে আজ পর্যন্ত নদীয়া জেলাতে নতুন কি প্রকল্প উনি ঘোষণা করেছেন?

শ্রী সুব্রত মুখার্জী : আপনি যদি কানে তুলো দিয়ে থাকেন, তাহলে আমার কিছু বলার

নেই। হরিণঘাটা অর্ধসমাপ্ত করে আপনারা পালিয়ে গিয়েছিলেন, সেখানে কোন পাওয়ার-টাওয়ার ছিল না। সেখানে আপনারা কাজ শুরু করেছিলেন, কিন্তু শেষ করেননি। আপনার প্রশ্নের উত্তরে প্রথমেই আমি বলেছি, ২০১২-১৩ পর্যন্ত আমি উত্তর দিয়েছি, এটা কখনোই আপনাদের আমলের মধ্যে পড়ে না। আর আপনাদের আমল মানেতো পৈতৃক সম্পত্তি নয়, সরকারের একটা প্রোজেক্ট। সেই অন গোয়িং প্রোজেক্ট আমরা এসে শেষ করেছি এবং সেটা আমরা উদ্বোধন করব।

[11.40—11.50 a.m.]

নতুন পরিবহন নীতি প্রণয়ন

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১০) শ্রী অসিত মিত্র : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার খুব শীঘ্রই নতুন পরিবহন নীতি প্রণয়ন করতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত নীতির রূপরেখা কী?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অসিত মিত্র যে প্রশ্ন করেছেন, সেটা এক কথায় উত্তর দেওয়া খুবই অসুবিধা। সেইজন্য সাপ্লিমেনটারী প্রশ্নে অনেক ডিটেইলসে যাওয়া যাবে।

(ক) রাজ্য সরকার যাত্রী স্বাচ্ছন্দ্যের কথা ভেবে নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন।

(খ) পরিবহণ বিষয়ে নতুন নতুন নির্দেশিকা জারি করে নাগরিকদের স্বাচ্ছন্দ্য বৃদ্ধি করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যাত্রী স্বাচ্ছন্দের জন্য বিভিন্ন রকম নতুন নতুন রুট প্রদান, উন্নত মানের বাস পরিষেবা, এই ধরনের পদক্ষেপ নিয়মিত নেওয়া হয়।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে আমি সাপ্লিমেন্টারীতে যাব, প্রথমে যে উত্তরটা দেওয়ার কথা যে কোণ কারণেই যুগ্ম-সচিব সেটা পরিষ্কার করেননি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, যাত্রী স্বাচ্ছন্দের কথা ভেবে নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করেছেন। নতুন পদক্ষেপ গ্রহণ করেছেন, নতুন নির্দেশিকা জারি করেছেন। উন্নতমানের বাস পরিষেবার ব্যাপারটা যদি ডিটেইলসে বলেন তাহলে বুঝতে পারব আপনি আগামী দিনে কীভাবে এগোচ্ছেন।

শ্রী মদন মিত্র : স্যার, গত ৩৪ বছরে যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল তারা পরিবহণ ব্যবস্থাকে এমন একটা জায়গায় নিয়ে গিয়েছিলেন যে, সেই আস্তাকুড় থেকে পরিবহণকে রাজপথে তুলে আনতে আমাদের অনেক সময় গিয়েছে। বহু জায়গায় ফাইল খুঁজে পাওয়া যায়নি। ফাইল খুঁজে বার করতে আমাদের প্রাণপাত পরিশ্রম করতে হয়েছে। এর আগে যে সরকার ক্ষমতায় ছিলেন পশ্চিমবঙ্গে, তাদের সময় ৮৮% প্রাইভেট পরিষেবা ছিল, আর মাত্র ১২% সরকার এই ট্রান্সপোর্টে পার্টনারশিপে ছিলেন। ফলে কী হত, ৮৮% প্রাইভেটের হাতে থাকার জন্য, বারে বারেই মানুষের সামনে একটা করে ধর্মঘট আসত এবং যখনই তারা অসহযোগিতা করত তখন মানুষ অসুবিধার সম্মুখীন হত এবং পরিষেবা থেকে বঞ্চিত হত। সেই জায়গায় আমরা যেটা প্রথম নীতি নিয়েছি

আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা প্রথম কথা বলেছেন যে, যতটা বেশী সম্ভব স্থলপথ এবং জলপথ এবং প্রয়োজনে, দরকার হলে আকাশ পথেও যত বেশী সম্ভব সরকারী পরিচালন ব্যবস্থা আনা যায় সেইটার দিকে নজর দেওয়া। সেই জন্যে ইতিমধ্যেই আমরা, এই কথা শুনলে সভা খুশি হবেন যে সংখ্যায় বাস চলতো তার থেকে অন্তত প্রায় চারশোরও বেশী বাস আমরা গত এক বছরে নামাতে পেরেছি এবং প্রত্যেকটা ট্রেনের সঙ্গে প্রত্যেকটা স্টেশনে ; যেমন আর একটা মুখ্যমন্ত্রী বলেছিলেন যে প্রত্যেকটা ব্লক থেকে, যাতে ব্লকের হেড কোয়ার্টার থেকে যাতে ডিস্ট্রিক্ট কোয়ার্টার পর্যন্ত একটা করে বাস পরিষেবা থাকে। অর্থাৎ একই সঙ্গে জলপথকে আমরা লাগাবার চেষ্টা করেছি, inland water। একই সঙ্গে স্থল পথকে আরও বেশি, কিন্তু এখন আমাদের যে road space থাকা দরকার ছিল মিনিমাম ৩০ পার্সেন্ট, গত বামফ্রন্টের আমলে সেটা ৬ পার্সেন্ট থেকে নেমে গিয়ে ৪ পার্সেন্টে চলে গিয়েছে। ফলে এখন যে প্রশ্নটা land ছিল একই ব্যাপার যে encroachment হয়ে আছে, সেই encroachment clear করে কখন রাস্তা দিয়ে বার করবো আমাদের পরিষেবা দেবো, সেইখানেও আমাদের যথেষ্ট পরিশ্রম করতে হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও যে ধরনের পরিকল্পনা নেওয়া হয়েছে আমি নিশ্চিত এই বছরের পূজোর আগেই আমরা পশ্চিমবঙ্গের মানুষকে অনেক উন্নত ধরণের পরিষেবা দিতে পারবো।

শ্রী অসিত মিত্র : স্যার, আমার লাস্ট supplementary, সেটা হল এই যে আপনি বলেছেন আপনি সরকারী বাস বাড়ানোর দিকে জোর দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি নিশ্চয় জানেন সব থেকে বেশী সংকট দেখা দিয়েছে বেসরকারী বাসগুলো যেখানে চলতো, যেসব রুটগুলি কন্ট্রোল করতো তার প্রায়, আমি হাওড়া জেলার ক্ষেত্রে বলতে পারি প্রায় ৭০ পার্সেন্ট রুট ডিফাংক্ট হয়ে যেতে বসেছে এবং অন্যান্য জেলার ক্ষেত্রেও তাই। তার মুল কারণ, শুরু আপনি করেননি শুরু এঁরা করে গিয়েছিলেন। সেটা হল এই যে অনেক জায়গাতেই ম্যাজিক গাড়ি, অন্যান্য গাড়ি কালকে আমি আমার বাজেট বক্তৃতাতেও বলেছি যে,

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করুন, Our time is running out. Mr. Mitra please speciafically put the question.

শ্রী অসিত মিত্র : স্যার আমি বলছি অন্য যানবাহন এসে ঢুকছে। যেগুলোর লাইসেন্স নেই, আপনি একবার এখানে দাঁড়িয়ে বলেছিলেন যে আমি যেগুলো লাইসেন্স বিহীন অটো, ১ লক্ষের মতো আছে তাদের যদি, তাদের ...

মিঃ স্পিকার : আপনি কোয়েশ্চেন করছেন না কেন? মিঃ মিত্র এত ইলাবরেটলি করলে হবে না।

শ্রী অসিত মিত্র : স্যার, শুনুন এটা ভাইটাল কোয়েশ্চেন। .. (এই সময় মাইক অফ্ হয়ে যায়) .. যে সমস্ত গাড়ির লাইসেন্স নেই অথচ যাত্রী পরিবহণ করছে, তাদের সম্পর্কে কী ব্যবস্থা নিচ্ছেন?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ককে আপনার মাধ্যমে জানাচ্ছি যে আমাদের মুখ্যমন্ত্রী প্রায় প্রত্যেকটা জেলায় ডিস্ট্রিক্ট অথরিটির সঙ্গে যখন মিটিং করতে যান তখন এই প্রত্যেকটি বিষয়ে তিনি স্পেশিফিক নির্দেশ দিয়ে আসেন। শুনলে আপনারা বিস্মিত হয়ে যাবেন,

আপনি অসিত মিত্র যেটা বলেছেন সেটা সম্পূর্ণ সত্য যে ৭০ পার্সেন্ট পরিষেবা প্রাইভেটে ডিফাংক্ট হয়ে গেছে এবং সেই জায়গায় রাজ্য সরকারকে সেই দায়িত্ব নিয়ে মানুষকে কিন্তু পরিষেবা দিতে হচ্ছে। একই সঙ্গে শুধুমাত্র প্রাইভেট পরিষেবা নয়, কলকাতা এবং পশ্চিমবাংলায় সব থেকে যে পপুলার রুটগুলো ছিল সরকারী যেগুলো সি.টি.সি. সি.এস.টি.সি. চালাতো যেমন ২,৩,৪,৫,৬,৭ নম্বর : 8, 8B, 9, ১১ নম্বর, L 20 মানে সমস্ত রুট। আগের সরকার সমস্তরুটগুলি, সরকারী রুটগুলো বন্ধ করে দিয়ে গেছে। সেইখানে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তার একটা নতুন থিমকে আমাদের সামনে দিয়েছিলেন যে corporate sector কে এগিয়ে আসতে বল। corporate sector যদি তারা বাস চালাতে পারে, তাহলে সেখানে তারা অনেক বেশী, তাদের যে responsibility তারা তা better করতে পারবে। ইতিমধ্যেই বেশ কয়েকটা বাস নেমেছে এবং আরও এক মাস থেকে দেড় মাসের মধ্যেই, যেহেতু সামনে পঞ্চায়েত নির্বাচন ঘোষণা হয়ে গেছে। আমরা আশা করছি আরও অনেক বেশী এবং যেটা আপনি বললেন যে আমরা বেআইনি গাড়ি আটকাতে পারছি না, ৯০ হাজার বেআইনি গাড়ি, ৯০ হাজার বেআইনি অটো। সেখানে আমাকে হাইকোর্ট পরিষ্কারভাবে বলে দিয়েছে যে সরকার ভাড়া ঠিক করবে এবং একই সঙ্গে এই বেআইনি গাড়িতে, অটোতে মিটার লাগাতে হবে।

আপনারা জানেন ৯০ হাজার অটোতে যদি এক্ষুনি আট সপ্তাহের মধ্যে মিটার লাগাতে হয় এবং সেই খানে আমাদের যদি বেআইনি ভাবে ধরতে হয় সঙ্গে সঙ্গে সেখানে একটা confrontation হবে। কিন্তু তা সত্ত্বেও ইতিমধ্যে আমরা পাঁচ হাজারের বেশি বেআইনি গাড়ি আটক করেছি। যারা বেআইনি ভাবে সারা রাজ্যের রাস্তায় মানুষকে এবং সরকারকে ট্যাক্স ফাঁকি দিয়ে যারা এইভাবে গাড়ি চালাত, সেই সেই রুটে আমরা ইতিমধ্যে পরিষেবা দিচ্ছি।

[11·50 a.m.–12·00 noon]

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন স্যার, আপনি সরকার পরিচালিত West Bengal State transport, উত্তরবঙ্গ পরিবহণ এবং South Bengal State transport এই সমস্ত ক্ষেত্রে যেখানে man এবং গাড়ির ratio, যেটা ১৫ থেকে ২৫ আছে, এই সমস্ত জায়গাটাকে আপনি পুর্নগঠন করার এবং এই অবস্থাটাকে যেখানে সরকারী ক্ষেত্রে, একেবারে সরকারী অর্থ প্রতিনিয়ত অপচয় হয় এবং নানা রকম কলপ্লেনও থাকে যে শ্রমিকরা তার নায্য অনেক সময় তারা পাচ্ছেন না সেই ক্ষেত্রে কি এটা পুর্নগঠন করার কোন পরিকল্পনা আছে, আপনার অন্তর্ভূক্ত State transport গুলোতে?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে জানাই যে ইতিমধ্যে আমাদের এই সরকার, এই সমস্ত কর্পোরেশানগুলোতে এক সঙ্গে করার একটা নীতি, পরিকল্পনা আলোচনা করেছেন এবং এটা আলোচনা পর্যায়ে রয়েছে খুব শীঘ্রই একটা পজিটিভ সিদ্ধান্ত আমরা জানাতে পারব।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনারা মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি এখানে যে পরিবহণ নীতি এবং পলিসির কথা বলেছেন আমি শুধু স্পেসিফিক প্রশ্ন করতে চাইছি আপনি যদি উত্তরটা দেন - আপনার আন্ডারে যে পাঁচটা কর্পোরেশান আছে

সব কর্পোরেশানগুলো অসুবিধার মধ্যে চলছে আপনি জানেন, বাস ভাড়া বাড়াচ্ছেন সুবিধার্থে ঠিক আছে। কিন্তু এই কর্পোরেশানের আন্ডারে যে সমস্ত ডিপো আছে বিভিন্ন জায়গায়—সব জায়গাতে বলা যেতে পারে, প্রায় জায়গায় ফাঁকা জায়গা পড়ে আছে। Left Front-এর আমলে আমরা দেখেছি, সেই সব জায়গায় আনপ্ল্যান্ডে ভাবে কোথাও মার্কেট কমপ্লেক্স, কোথাও অমুক করেছে—তালা বন্ধ হয়ে পড়ে আছে, কেউ আসেনি। আপনার যদি রেভিনিউ বাড়াতে হয় তাহলে এই ফাঁকা জায়গায় কিছু পি.পি.পি. মডেলে আপনি কিছু করার কথা ভাবছেন কী যাতে অন্তত কর্পোরেশানগুলো বাঁচতে পারবে?

শ্রী মদন মিত্র : মাননীয় বিধায়ক শান্তিপুরের যে প্রশ্ন করেছেন তাতে আমি আপনার মাধ্যমে জানাচ্ছি যে বিগত Left Front সরকার, যেমন আনপ্লান ভাবে যে কোন জায়গায় যেখানে-সেখানে শপিং কমপ্লেক্স, মল এই সমস্ত করে জায়গা নষ্ট করে গেছেন। তার বদলে আমাদের এই সরকার এই যে পরিত্যক্ত জায়গাগুলো, abanoned জায়গাগুলোকে সেখানে কি করা যায়, সেগুলো রাজ্য সরকারী এবং কেন্দ্রীয় সরকারী বিভিন্ন সংস্থাকে দিয়ে সমীক্ষা করে এটাকে পজিটিভ ভাবে কী করে ব্যবহার করা যায় এবং ঘাটতি পূরণ করা যায় সেই ব্যাপারে আমরা ইতিমধ্যে অনেকটা এগিয়েছি।

শ্রী উদয়ন গুহ : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণে আপনি স্বেচ্ছা অবসরণের নীতি চালু করেছেন। সেই স্বেচ্ছা অবসরনীতি কী যাত্রী স্বাচ্ছন্দের দিকে লক্ষ্য রেখে, না কী ওই পুরনো লোকগুলোকে সরিয়ে নতুন লোক রিক্রুট করার জন্য?

শ্রী মদন মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে জানাচ্ছি যে, আমরা বারেবারে বলছি যে আমাদের সরকার কোন রকম এনক্রোচমেন্টকে সংঘর্ষ করে তুলে দেওয়া বা কাউকে সরিয়ে দেওয়া বিশ্বাস করে না অবসারের জন্য আমাদের কাছে অনেক অ্যাপ্লিকেশান এসেছিল শুধু এন.বি. এস.টি.সি. নয় অনেকগুলো কর্পোরেশান সেখানে আমরা অপশান দিয়েছি এবং সেগুলো সরিয়ে নতুন লোক নেওয়ার জন্য নয়, মানুষকে আরো বেশি স্বচ্ছন্দ দেওয়ার জন্য এবং যাতে ভালভাবে পরিষেবা দেওয়া যায় সেই জন্য সেই ব্যবস্থা করার জন্যে।

দুর্গত মানুষদের চাল/গম বিতরণ

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৮) **শ্রী নির্মল ঘোষ :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি -

(ক) ২০১২-২০১৩ আর্থিক বর্ষে আয়লা দুর্গত এলাকা, জঙ্গলমহল ও বন্ধ চা বাগান এলাকার দরিদ্র মানুষের খাদ্যের সংস্থানের জন্য কত পরিমাণ চাল/গম বিতরণ করা হয়েছে ; এবং

(খ) এক্ষেত্রে উপকৃত মানুষের সংখ্যা কত (জেলাভিত্তিক)?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : (ক) ২০১২-১৩ আর্থিক বর্ষে

আয়লা দুর্গত এলাকায় : নিয়মিত রেশন অতিরিক্ত চিহ্নিত উপভোক্তাগণ সপ্তাহে ৪ কেজি চাল।

জঙ্গলমহল (বি.পি.এল. অন্ত্যোদয় এবং সমস্ত আদিবাসী) :

চাল—২ কেজি/প্রাপ্তবয়স্ক/সপ্তাহ ও গম/পুষ্টিযুক্ত আটা—৭৫০ গ্রাম/প্রাপ্তবয়স্ক/সপ্তাহ।

বন্ধ চা বাগান এলাকার চা বাগানকর্মী ও তাদের উপর নির্ভরশীলদের :

চাল ১২৫০ গ্রাম/প্রাপ্তবয়স্ক/সপ্তাহ ও

গম—৭৫০ গ্রাম/প্রাপ্তবয়স্ক/সপ্তাহ

উপরোক্ত হারে চাল/গম বিতরণ করে হয়েছে -

(খ) উপকৃত মানুষের সংখ্যা নিচে দেওয়া হল (জেলা ভিত্তিক)

আয়লা দুর্গত এলাকা :

উঃ ২৪ পরগণা—১,২১,১৩০ জন

দঃ ২৪ পরগণা—২,০৩,৫৫৮ জন

জঙ্গলমহল :

পুরুলিয়া—৬,২৫,৩৭৫ জন

বাঁকুড়া—৩,০৪,৪২২ জন

পশ্চিম মেদিনীপুর—১১,০৯,৩৭৭ জন

বন্ধ চা বাগান :

দার্জিলিং—৫,৩৮৭ জন

জলপাইগুড়ি—৮৯,৮৯৫ জন

শ্রী নির্মল ঘোষ : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন। এটা ঠিক যে রাজ্য সরকার, মা-মাটি-মানুষের সরকার বিশেষ করে মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন এই রাজ্যে একজন মানুষকেও, তিনি জঙ্গল মহলের হতে পারেন, তিনি আয়লা বিধ্বস্ত হতে পারেন, তিনি চা বাগানের বন্ধ কারখানার শ্রমিক হতে পারেন, যেখানেই দারিদ্রতা, বি.পি.এল যাকে এখনও পর্যন্ত গ্রহণ করতে পারেনি, কিন্তু সরকার তাকে গ্রহণ করেছে, এটা মাননীয় মন্ত্রী প্রসংশার কাজ করেছেন। আপনি লক্ষ লক্ষ মানুষ যাতে না খেয়ে না মরে তার ব্যবস্থা করেছেন। এই কাজটা চালিয়ে যাওয়ার জন্য আপনাকে অতিরিক্ত প্রশ্ন করি যে ২০১২-১৩ সালে এই যে চাল আপনাকে সংগ্রহ করতে হবে, আপনি কতটা চাল সংগ্রহ করবেন বলে ধার্য্য করেছেন এবং কতটা উঠেছে এই আর্থিক বছরে ২০১২-১৩ সালে।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : এই প্রশ্নটার সাথে সামঞ্জস্য নয় তবু বলছি। কে.এম.এস ২০১২।১৩ সালে আমাদের টারগেট হচ্ছে ২২ লক্ষ মেট্রিকটন চাল সংগ্রহ করা। এখন আপনাকে বলি ১০.৩.২০১৩ তারিখ পর্যন্ত আমি চাল সংগ্রহ করেছি, এখনও পর্যন্ত আমার হাতে এসেছে ৮ লক্ষ ১০ হাজার মেট্রিক টন। ৩ লক্ষ ৭২ হাজার মেট্রিক টন ধান থেকে চাল হয়ে বিভিন্ন রাইস মিলে পড়ে আছে, এইগুলো এই মাসে ৩১ তারিখের মধ্যে আমাদের গোডাউনে ঢুকবে, এটা কে.এম.এস ২০১২।১৩ তে।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। চারিদিক থেকে মানুষ বলে থাকে, ভারতবর্ষের একটা রাজ্য এখানে চেকের মাধ্যমে কৃষকদের ধান কেনা হয়। এই যে অবস্থাটা এখানে লাগু করেছেন, এটা প্রশংসার যোগ্য। কারণ এখানে মিডিল ম্যান, মধ্যসত্তাভোগী দালালরা কৃষকদের বাধ্য করে ডিসট্রেস সেলের জন্য। এই অবস্থা থেকে বাঁচিয়ে আপনি একটা স্বচ্ছ ব্যবস্থা করেছেন। আপনি কী বলতে পারবেন এই যে খাদ্য সামগ্রি আপনি সংগ্রহ করছেন তাতে আপনার চেকে কীভাবে পেমেন্ট হয় এবং চাষীরা ন্যায্য দাম পাচ্ছে কিনা?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমি আপনাকে বলি এই সিস্টেমের আগে অতীতের অভিজ্ঞতার কথা বলি, চাষীদের ক্যাস দেওয়া হতো। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুরোধে এটা আমরা প্রথম চালু করেছি, ক্যাস থেকে বন্ধ করে আমরা চেকে চালু করেছি। আপনি জানেন যে এবং আমি আনন্দের সংগে জানাচ্ছি, গত কে.এম.এস. ২০১১।১২ এই কে.এম.এস-এ ১০৮০ টাকা ১ কুইন্টাল ধানের দাম ছিল। কে.এম.এস ২০১২।১৩ এর দাম হয়েছে ১২৫০ টাকা, ১৭০ টাকা বেড়েছে। এটার নিয়ম হচ্ছে, সি.এম.আর এজেন্সী কাসটমস মিল রাইস ৫টি এজেন্সী আছে, একটা কনফেড্, একটা বেনফেড, একটা ন্যাফেড, একটা এন.সি.সি.এফ, একটা ই.সি.এস.সি। এদের কনফেড নিযুক্ত করে, ওরা চাল কেনে। এরা বিভিন্ন কো-অপারেটিভ সোসাইটিকে নিযুক্ত করে, তাদের কাছে ধান কেনে, ধান কিনে তারা চাল করে, সেই চাল যখন খাদ্য দপ্তরে জমা দেয় খাদ্য দপ্তর তাদের টাকা দেয়।

[12·00–12·15 p.m.]

ডাঃ নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও খাদ্য সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রথমেই অভিনন্দন জানাচ্ছি। জঙ্গলমহলে এবং বন্ধ হয়ে যাওয়া চা বাগান এলাকায় দরিদ্র শ্রমিকদের, আয়লা দুর্গত মানুষদের জন্য যে ঐতিহাসিক কাজ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আন্তরিক প্রয়াসে করেছেন, তার জন্য বাংলার ৮ কোটি ৩৩ লক্ষ মানুষের আশীর্বাদ তাঁর প্রাপ্য। খাদ্য ও খাদ্য সরবরাহ বিভাগে এক শ্রেণীর ভুঁইফোঁড় ফাটকাবাজ, কিছু অসাধু ব্যবসায়ী লক্ষ লক্ষ ভুয়ো রেশন কার্ডের পরিপ্রেক্ষিতে চাল, ডাল, গম এগুলো বাজারে চড়া দামে বিক্রি করত। এক শ্রেণীর ব্যবসায়ীরা মুনাফা লুটত। তাই আমি মন্ত্রীর কাছে জানতে চাইছি, কত ভুয়ো রেশন কার্ড আপনি বাতিল করেছেন এবং কত অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : কোয়েশ্চেনটা কিন্তু এর সঙ্গে সামঞ্জস্য নয়, তবুও আপনাকে বলি— ভুয়ো রেশন কার্ড আমরা বাতিল করেছি ৭৭ লক্ষ ১২২টি। এগুলো আমরা আসার পর বাতিল করেছি। আমাদের দপ্তর একটা সার্ভে করেছিল। সার্ভে করে দেখা গিয়েছিল যে ১ কোটি ৩৩ লক্ষ জাল রেশন কার্ড বাজারে আছে। তার মানে এখনও আমাকে প্রায় ৬০ লক্ষের উপর রেশনকার্ড বের করতে হবে। এই রেশন কার্ড ধরাতে গিয়ে খাদ্য দপ্তরের ১২ জন স্টাফের বিরুদ্ধে সিদ্ধান্ত নিয়েছি। বাকী যারা রয়েছে, ডিলার যারা নিযুক্ত রয়েছেন, অধিকাংশ ডিলারের কাছে রেশন কার্ড মজুত করা আছে। কোন লোকের কাছেই রেশন কার্ড নেই, কারোর কাছে থাকলে একটা

দুটো রেশন কার্ড থাকবে। কিন্তু যে দোকানে পাঁচ হাজার রেশন কার্ড থাকা দরকার, সেখানে ৫ হাজার, ৭ হাজার, ১০ হাজার ১২ হাজার, ১৫ হাজার, ২০ হাজার পর্যন্ত রেশন কার্ড আছে কোন কোন ডিলারের কাছে। ডিলারদের কাছ থেকে কার্ডগুলো বের করে নিয়ে জমা দেওয়ার জন্য বারবার অনুরোধ করছি। কিন্তু করছে না। এর জন্য ১০টি সেন্ট্রাল ভিজিলেন্স স্কোয়াড করেছি। এটা হল সেন্ট্রালি। জেলা পর্যায়ে দুটো করে ভিজিলেন্স স্কোয়াড করা হয়েছে। সেখানে একজন করে কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টর থাকছে। সে যে চালই বিক্রি করুক, সেটা কোয়ালিটি কন্ট্রোলে দেখে নেওয়া হবে। আমাদের ইনভেস্টিগেশন সমস্ত ক্ষেত্রেই চলছে। আমরা কার্ড বার করব। এই বাকী যে কার্ডটা রয়েছে, সেই জাল কার্ডটা আমরা বার করব সেই ব্যাপারে আমরা বদ্ধপরিকর। আমাদের বার করতেই হবে।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। এটা জনস্বার্থেই বলছি। স্যার, গত বাজেট বক্তৃতায় ছিল ব্যক্তিগত রেশন কার্ড দেওয়া, এটি যদি অনুগ্রহ করে বলেন তাহলে ভাল হয়। দ্বিতীয়তঃ এটার সঙ্গে সংশ্লিষ্ট গণবন্টন ব্যবস্থা বেশ কিছু জায়গায় ভেঙ্গে পড়ছে। যে মাসে পাঁচটি সপ্তাহ আছে, সেখানে চারটি সপ্তাহের মাল পাওয়া যায়, সব জায়গায় পাওয়া যায় না। বিধিবদ্ধ রেশন এলাকায় যে মাল মাথা পিছু বরাদ্দ, তার থেকে কম পাওয়া যায়। বামফ্রন্টের আমলে যা বরাদ্দ ছিল তার থেকেও কম। আংশিক রেশনিং এলাকায় মাথা পিছু বরাদ্দ বাড়াবার কোন পরিকল্পনা আছে কিনা অনুগ্রহ করে যদি বলেন।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : আমি মাননীয় সদস্যকে বলি, আপনি বলছেন রেশন ব্যবস্থা আগে সরকার যা করে গিয়েছিল, ২০ হাজার ১৮২ জন রেশন ডিলারকে নিয়োগ করেছেন। আপনি জানেন তার মধ্যে ১৪ হাজার ফাইল আমার কাছে নেই। কি করে তারা অ্যাপয়নমেন্ট পেয়েছিলেন ? সাদা কাগজে অ্যাপ্লিকেশান করে রেশন কার্ড দেওয়া হয়েছিল। তাদের দোকানে ডিলারশিপ দেওয়া হয়েছিল। এখন অনেক জায়গায় দেখবেন ভিজিলেন্স স্কোয়াডের লোকেরা ঘুরছে। আমি নিজে রেইড করি এবং সমস্ত কার্ড বার করি। আপনাদের জেনে রাখা দরকার গত সরকার যা করে গেছেন তা ক্ষমার অযোগ্য, তাদের কখনওই ক্ষমা করা যায় না। এইগুলো সমস্ত এনকোয়ারী হবে। আমি এগুলো সমস্ত এনকোয়ারী করব। যে সমস্ত ফাইল পাইনি, সেগুলো এনকোয়ারী করে দেখা হবে। এনকোয়ারী কমিটি এর জন্য করা হয়েছে এবং এনকোয়ারীর কাজও শুরু করে দেওয়া হয়েছে, এটা জেনে রেখে দিন।

Question hour over.

Starred Questions
(to which answers were and on the Table)

আর্থিক সাহায্যপ্রাপ্ত ক্লাবের সংখ্যা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭) **শ্রীতজমূল হোসেন :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী?—

২০১২-২০১৩ অর্থবর্ষে ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের মোট কত সংখ্যক ক্লাবকে আর্থিক সহযোগিতা করা হয়েছে?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১২-২০১৩ অর্থবর্ষে ২৮শে ফেব্রুয়ারী পর্যন্ত রাজ্যের মোট ৪২৬৬টি ক্লাবকে আর্থিক সহযোগিতা করা হয়েছে।

ভুয়ো রেশন কার্ড বাতিল

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫৪) **শ্রী জ্যোতির্ময় কর :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী?—

(ক) ২০১২-২০১৩ আর্থিক বৎসরে ২১শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত মোট কত সংখ্যক ভুয়ো রেশন কার্ড বাতিল করা হয়েছে এবং

(খ) এই ভুয়ো রেশন কার্ডের জন্য সরকারের বছরে আর্থিক ক্ষতির পরিমাণ কত হয়েছে?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রি মহোদয় :

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে জুলাই, ২০১২ পর্যন্ত সম্পূর্ণ হিসাব অনুযায়ী ভুয়া রেশন কার্ড সহ মোট বাতিল রেশন কার্ডের সংখ্যা—২০,২৮,৫২৩ মাত্র। তার পরবর্তী হিসাব এখনও সম্পন্ন হয়নি।

(খ) ক্ষতি হয়েছে ঠিকই, কিন্তু এর প্রকৃত পরিমাণ নিরূপণ করা সম্ভব নয়।

আনুমানিক মাসিক সাশ্রয়ের পরিমাণ নিম্নরূপ :

এ.পি.এল (চাল ও গম)—৩০ লাখ ৫৪ হাজার

বি.পি.এল. (চাল ও গম)—৬৬ লাখ ৪৬ হাজার

এ.এ.ওয়াই. (চাল ও গম)—০৪ লাখ ৪১ হাজার

মোট সাশ্রয় : ১০১ লাখ ৪১ হাজার

তপন সিংহের নামে স্টুডিও নির্মাণ

*৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২) **শ্রী অজয় দে :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কী সত্যি যে, প্রয়াত চিত্র পরিচালক তপন সিংহের নামে একটি স্টুডিও নির্মাণের পরিকল্পনা গৃহীত হয়েছে, এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে রয়েছে?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০০৯ সালে চিত্র পরিচালক তপন সিংহের প্রয়াণের পর থেকে তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে এই ধরনের কোন পরিকল্পনা নেওয়া হয়নি। বর্তমান সরকার ওঁনার নামে সাংস্কৃতিক সংস্থা করার কথা ভাবছে।

(খ) এছাড়াও, প্রয়াত চিত্র পরিচালক তপন সিংহের সম্মানার্থে তৎকালীন রেলমন্ত্রী ও রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী টালিগঞ্জে ওঁনার নামে একটি হাসপাতাল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছিলেন। ইতিমধ্যেই এই হাসপাতালে ফিজিওথেরাপি ইউনিট কাজ শুরু করেছে।

জাতীয় গ্রামীণ জল সরবরাহ প্রকল্পাধীন অব্যয়িত অর্থ

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০১) শ্রীনর্মদা চন্দ্র রায় : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) বিগত পাঁচ বছরে জাতীয় গ্রামীণ জল সরবরাহ প্রকল্পাধীন (এন.আর.ডি.ডব্লু.পি) কী পরিমাণ অর্থ রাজ্য কোষাগারে অব্যয়িত অবস্থায় পড়ে আছে ; এবং

(খ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় বরাদ্দকৃত অর্থ ব্যয়িত না হওয়ার কারণ কী?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় :

(ক) জাতীয় গ্রামীন পানীয় জল প্রকল্প (NRDWP) শুরু করা হয়েছিল ২০০৯ সালে এবং রাজ্যসরকারের অংশিদারির সঙ্গে সামঞ্জস্য রেখে ভারত সরকার এই প্রকল্পের জন্য অর্থ সরবরাহ করছে। তহবিলের পুরো অর্থই রাজ্য জল এবং স্বাস্থ্যবিধান প্রকল্পের (SWSM) একটি আলাদা ব্যাঙ্ক এ্যাকাউন্টে স্থানান্তর করা হয়েছে। মার্চ ৮, ২০১৩ -এর তথ্য অনুযায়ী, কেন্দ্রীয় সরকারের ১৫,১৬৩ কোটি টাকা এখন অব্যবহৃত আছে, কিন্তু আশা করা যাচ্ছে বর্তমান অর্থবর্ষের মধ্যেই তার পূর্নব্যবহার করা যাবে।

(খ) বিগত ২০০৯-১০ সালে জাতীয় গ্রামীন পানীয় জল প্রকল্পে নতুন হিসাব নিকাশ নীতি প্রবর্তিত হওয়ায় এবং কিছুটা ওই সময় লোকসভা ভোট ও ২০১১ সালের বিধানসভা ভোটের জন্যও উক্ত প্রকল্পে খরচ বেশ কমে গিয়েছিল। নতুন হিসাব নিকাশ পদ্ধতি গ্রহণ করার প্রাথমিক অসুবিধার জন্য প্রাথমিক পর্যায়ে প্রচুর অর্থ জমে গিয়েছিল। কেন্দ্রীয় সরকার কর্তৃক আর্থিক বছরের একেবারে শেষের দিকে পুনরায় অর্থ বন্টন হওয়ায় ঐ অর্থ পরের আর্থিক বছরে জের টানা হয়েছিল। যাইহোক, সাম্প্রতিক অতীতে উক্ত প্রকল্প রূপায়ণের জন্য খরচ অনেকটা বাড়ানো হয়েছে।

এম.এস.কে. ও এস.এস.কে.-গুলিতে শূন্যস্থান পূরণ

*৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৪১) শ্রীসুনীল কুমার মণ্ডল : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) ২০১২-২০১৩ আর্থিক বর্ষে এম. এস. কে. ও এস.এস. কে শিক্ষাকেন্দ্রে শূন্যস্থান পূরণে কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কী না; এবং

(খ) থাকলে তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) শূন্যস্থানগুলি নির্দিষ্ট নিয়মে এবং সময়ে সরকার পূরণ করবে।

(খ) সব দিক খতিয়ে দেখে দ্রুত পূরণ করা হবে।

পুলিশ কর্মীর মৃত্যুর ক্ষেত্রে পোষ্যদের চাকুরী

*৪৯।(অনুমোদিত প্রশ্ন নং *৪২৩) শ্রী নেপাল মাহাত : স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী?—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে কর্মরত অবস্থায় পুলিশ কর্মীর মৃত্যুর ক্ষেত্রে তাদের পোষ্যদের চাকুরীর জন্য কত সংখ্যক আবেদনপত্র জমা আছে এবং

(খ) কবে নাগাদ এদের আবেদন বিবেচিত হবে বলে আশা করা যায়?

স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়া :

(ক) কর্মরত অবস্থায় মৃত পুলিশ কর্মীদের পোষ্যরা নতুন সরকারের সময়কালে প্রায় সঙ্গে সঙ্গেই চাকুরী পেয়ে যাচ্ছেন। পূর্বতন সরকারের সময়কাল থেকে জমা থাকা দরখাস্ত নিয়ে বর্তমান অর্থবর্ষে ৩৮৯ টি চাকুরীর প্রস্তাব স্বরাষ্ট্র বিভাগে অনুমোদনের জন্য এসেছে,

এবং (খ) ৯৯টির অনুমোদন দেওয়া হয়েছে এবং বাকি প্রস্তাবগুলি সরকারের বিভিন্ন স্তরে পরীক্ষা করে দেখা হচ্ছে।

'অধিকার প্রকল্প'-এর অধীনে গৃহ নির্মাণ

*৫০। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৮) ডাঃ মানস রঞ্জন ভূঞা : পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কী সত্যি যে, রাজ্যের বিভিন্ন ব্লকে বি.পি.এল. পরিবার ব্যতিরেকে দরিদ্রতম পরিবারদের জন্য 'অধিকার প্রকল্প'-এর অধীনে গৃহ নির্মাণের কর্মসূচী গৃহীত হয়েছে;

(খ) সত্যি হলে গত ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত মোট কত সংখ্যক উক্ত গৃহ নির্মাণ করা সম্ভব হয়েছে; এবং

(গ) তন্মধ্যে, পশ্চিম মেদিনীপুর জেলায় সবং ব্লকে কত সংখ্যক গৃহ নির্মাণ হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয়

(ক) রাজ্যের ১১ (এগারো)-টি জেলা। যথা—উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, মালদা, মুর্শিদাবাদ, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম ও দক্ষিণ ২৪-পরগনা জেলার বিভিন্ন ব্লকে "অধিকার" কর্মসূচী গৃহীত হয়েছে। এই কর্মসূচীতে দরিদ্র পরিবারে গৃহ নির্মাণের জন্য ইন্দিরা আবাস যোজনার অনুরূপে অর্থ সাহায্য দেওয়ার কথা বলা হয়েছে।

খ) ২০১২-১৩ আর্থিক বর্ষে ঐ ১১ (এগারো)-টি জেলায় মোট ৩৪,৫০৬ (চৌত্রিশ হাজার পাঁচশ ছয়)-টি বাড়ি তৈরি করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। গত ৮ই জানুয়ারী, ২০১৩-এ মোট ব্যয় বরাদ্দের প্রথম কিস্তির টাকার আদেশনামা ১১ (এগারো)-টি জেলার জেলাশাসকের নিকট প্রেরণ করা হয়েছে।

(গ) সবং ব্লকে এই এই প্রকল্পে কোন গৃহ নির্মাণের প্রস্তাব এই মুহূর্তে নেই।

পরিবহন সংস্থার কর্মীদের অনিয়মিত বেতন

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭২) শ্রী শাহাজাহান চৌধুরী : পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কী সত্যি যে সি.এস.টি.সি. এস.বি.এস.টি.সি ও সি.টি.সি.-এর কর্মীরা নিয়মিত বেতন পাচ্ছেন না ;এবং

(খ) সত্যি হলে, এর কারণ কী?

পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এটা সত্য নয় যে, সি.এস.টি.সি, এস.বি.এস.টি.সি ও সি.টি.সি-এর কর্মীরা নিয়মিত বেতন পাচ্ছেন না। এই সব সংস্থার কর্মীরা নিয়মিত বেতন পাচ্ছেন তবে সবসময় সময়মত নয়।

(খ) প্রথম প্রশ্নে উত্তরের প্রেক্ষিতে দ্বিতীয় প্রশ্নটি অপ্রাসঙ্গিক হয়ে পড়ে।

খাদ্য দপ্তরে দুর্নীতির তদন্ত

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮৬) শ্রীমনোজ চক্রবর্তী : খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কী—

(ক) এটা কী সত্যি যে, খাদ্য দপ্তরে দুর্নীতির দায়ে জড়িত কর্মী ও আধিকারিকদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত ঘটনায় জড়িতদের সংখ্যা কত?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) খাদ্য দপ্তরে কর্মী ও আধিকারিকদের বিরুদ্ধে দুর্নীতি বা অন্য কোনও অভিযোগের প্রাথমিক প্রমাণ পাওয়া গেলে বিভাগীয় তদন্তের নির্দেশ দেওয়া হয়। এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া।

(খ) বর্তমানে ১২ জন কর্মী ও আধিকারিকের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত চলছে।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five (5) notices of Calling Attention on the following sunjects, namely :-

Subject		Name
(i) Present status of implementation of the scheme for construction of Bridge over Bhangla-Kandor in Dunigram Gram Panchayat Under Rampurhat Block-II	:	Shri Asit Kumar Mal
(ii) Steps taken by the State Government for infrastructural development of Block Hospitals and Primary Health Centres in Joynagar Block I & II	:	Dr. Tarun Kanti Naskar

(iii) Urge for speedy completion of work of Pipe line Water Supply Scheme in Harischandrapur Assembly Constituency area	:	Shri Tajmul Hossain
(iv) Urge for renovation of Pipe line Water Supply Scheme in Kandra area under Keturgam Block-I	:	Shri Sekh Sahonawez
(v) Progress of work of Kulia Bridge.	:	Shri Asit Mitra

I have selected the notice of **Shri Asit Kumar Mal** on the subject of Present status of implementation of the scheme for construction of Bridge over Bhangla-Kandor in Dunigram Gram Panchayat under Rampurhat Block-II.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সংশ্লিষ্ট দফতরের মন্ত্রীর কাছে আমি অনুরোধ করবো যাতে সভাকালীন তিনি তার উত্তর দেন। যদি না সম্ভব হয় তাহলে সরাসরি বিধায়ককে তার উত্তর পাঠিয়ে দেবেন।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Tenth and the Eleventh Reports of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2012-2013)

Shri Jatu Lahiri : Sir, I beg to present (a) The Tenth Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2012-2013) on the performance of the excise Department in respect of revenue collection in the current financial year; and

(b) The Eleventh Report of the Standing Committee on Finance, Excise and Development & Planning (2012-2013) on the progress of schemes/projects undertaken by the Paschimanchal Unnayan Affairs Department..

MENTION CASES

ড: তরুনকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মধ্যে দিয়ে আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর

একটা দৃষ্টিআকর্ষণ করছি যে, এ রাজ্যে রক্তদান যেটা হয় তার প্রত্যেকদিনই মেডিকেল কারণে অনেকটা রক্ত নষ্ট হয়। আসলে রক্ত সংগ্রহের জন্য যে পাউচ ব্যবহার করা হয় সেটা ৩৫০ মিলিমিটারের। কিন্তু কোনো শিশুর যে রক্ত লাগে সেটার পরিমাণ ৭৫ থেকে ১০০ মিলিমিটারের মত। ফলে রক্ত দেওয়ার সময় যখন ৩৫০ মিলিলিটারের পাউচ খোলা হয় তার বেশীর ভাগ রক্তই ফেলে দিতে হয়। ফলে এটা একটা অপচয়। রক্ত সংগ্রহের সময় ৭৫ থেকে ১০০ মিলিলিটারের পাউচ ব্যবহার করা হ'ত তাহলে এটা হ'ত না। দিল্লীর 'ন্যাকো' বিভিন্ন রাজ্যে এটা পাঠায়। কিন্তু এখানে এই পাউচ পাঠায় না। এটা নিয়েই মাননীয়া মন্ত্রীর দৃষ্টিআকর্ষণ করছি যদি এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করেন। ধন্যবাদ।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দফতরের মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। দীর্ঘদিন ধরে সরকারে থাকার সত্ত্বেও বিগত সরকারের মানুষজন সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলের কোনো উন্নতিসাধন করেননি। এই সরকার আসার পরে সন্দেশখালির বিভিন্ন দ্বীপ নিয়ে তৈরী একটা বিধানসভা কেন্দ্র সেই সন্দেশখালির ভেতরের রাস্তা-ঘাট ভালো উন্নতিসাধন হ'লেও বিভিন্ন নদীর জন্য কোলকাতার সঙ্গে সন্দেশখালির সরাসরি যোগাযোগ করা সম্ভব নয়। তাই আমি সংশ্লিষ্ট দফতরের মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে আমি আবেদন জানাচ্ছি যে, বালীনদীর উপরে একটা ব্রীজ করে দুর্গামন্ডপ থেকে জেলিয়াখালি এবং বেথনি নদীর উপর একটি ব্রীজ করে জেলিয়াখালি থেকে রামপুরের রাস্তার সঙ্গে যদি যোগাযোগ ঘটানো যায় তাহলে সন্দেশখালির সাধারণ মানুষ সরাসরি কোলকাতার সাথে যোগাযোগ করতে পারবে। ধন্যবাদ।

Smt. Seuli Saha : (নট্ রেস্পন্ডিং)

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপরে আমি দৃষ্টিআকর্ষণ করছি। আমার হরিশচন্দ্র বিধানসভার অন্তর্গত ফুলসিহাটা উপবাজার চত্বরে ২০১০ সালে একটা দমকলকেন্দ্রে অনুমোদন পেয়েছিল এবং দমকলকেন্দ্রটি প্রায় স্থাপন হয়েছে। আমার এলাকায় প্রতিদিন আগুন লাগা নিত্য দিনের ঘটনা। এই নিত্য আগুনের জন্য আমাদেরকে আবার পুনরায় চাঁচোল মহকুমা থেকে দমকল গাড়ি নিয়ে আসতে হয়। তারজন্য এলাকায় মানুষের ক্ষোভের সৃষ্টি হয়েছে। এখানে একটি দমকলকেন্দ্র স্থাপন হয়েছে। কিন্তু গাড়ি না থাকার দরুন এখনও পর্যন্ত সেখানে মানুষের যা কষ্ট ছিল, জনসাধারণের যা কষ্ট ছিল এখনও থেকেই গেছে। তাই আপনার মাধ্যমে আমার অনুরোধ অবিলম্বে এই দমকলকেন্দ্রটিকে পূর্ণাঙ্গ রূপ দেবার জন্য এবং সেখানে দমকলের গাড়ি (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রী পার্থ ভৌমিক : Not present.

শ্রী পরশ দত্ত : স্যার, আমার জগদ্দল বিধানসভা কেন্দ্রে কল্যাণী এক্সপ্রেসওয়ে সম্প্রসারণ হচ্ছে। এটা খুব ভালো কথা। কিন্তু বাসুদেবপুর বলে একটি ছোট্ট জায়গা আছে ওখানে একটি সব্জি এবং মাছের বাজার আছে। সেই বাজারটি উঠে যেতে বসেছে। এই বাজারের লোকজন আমার কাছে এসেছিল। যতটা জমি দরকার এর পেছনেই এক.এম.ডি.এ.র নিজের অব্যবহৃত জমি পড়ে আছে। সেই জমিতে যদি এই বাজারটিকে স্থানান্তরিত করা যায় তাহলে ১০-১৫ হাজার মানুষের জীবন জীবিকা বেঁচে যেতে পারে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পিকার স্যার, আপনি জানেন যে সাগর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত গঙ্গাসাগর মেলায় লক্ষ লক্ষ মানুষ এসে থাকেন। ইতিমধ্যে ICZM প্রকল্পে বিশ্বব্যাঙ্কের টাকায় কপিল কমপ্লেক্স গড়ে তুলবার জন্য জমি চিহ্নিতকরণ করা হয়েছে। অনতিবিলম্বে কাজ শুরু করার জন্য আমি আপনার মাধ্যমে পরিবেশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী গুলসন মল্লিক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় ইরিগেশান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের শুভআরা গ্রাম পঞ্চায়েতের ফকিরপাড়া ব্রীজটি বিগত ৬-৭ বছর হল সম্পূর্ণরূপে ভেঙে নষ্ট হয়ে গেছে, আজ পর্যন্ত হয়নি। তেঁতুলবেড়িয়া এবং ইসলামপুর ২২ ফুট খালের উপর ব্রীজটির করুণ অবস্থা, যে কোন সময় ভেঙে পড়তে পারে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি ব্রীজটি নির্মাণ করা যায়।

শ্রী কে. পি. সিং দেও : স্যার আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত চয়নপুর গ্রামে যে প্রাথমিক হেলথ সেন্টার ছিল সেটা প্রায় ভেঙে গেছে এবং সেখানে চিকিৎসার কোন ব্যবস্থা নেই। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে সেটা অবিলম্বে রেনোভেট করা হয়, এখানে ডাক্তার বসে এবং মানুষ চিকিৎসা পায়। সাথে সাথে জানাতে চাই ব্লকে যাতে টেকনিক্যাল লোক পাঠানো হয় (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

শ্রীমতী মমতাজ বেগম : স্যার আপনার মাধ্যমে আমার বিধানসভা অঞ্চলে ৪৭ টি ইটভাঁটা আকড়াফটক অঞ্চলে অধিগ্রহণ হচ্ছে। কিন্তু সেখানে বিগত বামফ্রন্টের সরকার নোটিফিকেশান ছাড়াই কিছু অনুগত মেম্বারদের সুবিধার্থে নামমাত্র টেন্ডারমূল্যে লীজ দিয়ে সরকারের বছরের পর বছর রেভিনিউ নষ্ট করেছে। উক্ত ঘটনার উপযুক্ত তদন্তের জন্য আবেদন রাখছি।

শ্রী অসিত মিত্র : স্যার আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ ব্যাপারে। গ্রামাঞ্চলে শিশু শিক্ষা কেন্দ্রে গত কয়েক মাস ধরে শিশু শিক্ষার টিচাররা মাইনে পাচ্ছেন না। তাদের কমিটি ভেঙে দেওয়া হয়েছে। ইউনিফর্ম নেই, পেনসিল নেই, সিলেট নেই, কাগজ নেই। স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য বলছি। কমিটি তৈরি করুন না করুন অন্তত মাইনে দিন। (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

(At this stage the House was adjourned till 1.30 p.m.)

[1.30–1.40 p.m.]

LEGISLATION

The West Bengal Appropriation (vote on account) Bill, 2013

Dr. Amit Mitra : Madam Deputy Speaker, I beg to introduce the West Bengal Appropriation (vote on account) Bill, 2013.

(Secretary then read the title of the Bill)

Dr. Amit Mitra : Madam Deputy Speaker, I beg to move that the West Bengal Appropriation (vote on account) Bill, 2013 be taken into consideration.

শ্রী অনন্ত দেব অধিকারী : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশান (ভোট অন অ্যাকাউন্ট) বিল, ২০১৩ - এর প্রস্তাব রেখেছেন আমরা মনে করি বিধানসভায় যে বাজেটে বিভিন্ন দপ্তরের যে অ্যালোটমেন্ট ধরা হয় তার বাইরে যে খরচ অনেক সময় আমরা লক্ষ্য করি যে অনেক ডিপার্টমেন্টে তার অতিরিক্ত খরচ হয় এবং কোন কোন ডিপার্টমেন্টে সঠিক এবং সম্পূর্ণ খরচ করতে ব্যর্থ হয়। টাকা খরচ করার ক্ষমতা আছে কি না সেটা অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মধ্যে পড়ে এবং সেই টাকা প্রপার ইউটেলাইজেশান হয়েছে কি না, যেমন— এগ্রিকালচারের ক্ষেত্রে বীজ কেনার ক্ষেত্রে ধরা হল ২ কোটি টাকা সেখানে দেখা গেল যে বীজ থেকে ১ কোটি টাকা সরিয়ে ঔষধ কেনা বাবদ খরচ করা হল সেখান থেকে ট্রান্সফার করে। কিন্তু সেটা সঠিকভাবে প্রপার ইউটিলাইজেশান হয়েছে কিনা এবং যাতে ডিফালকেশান না হয় এবং যাতে মনিটরিংটা ঠিকমত হয় সেদিকটাও দেখা দরকার। আজকে এই যে ২০১৩-১৪ সালের জন্য যে অর্থনৈতিক বাজেট পাশ করানো হয়, তার বাইরে থেকে দেখা যাচ্ছে যে মার্কেট থেকে কত টাকা লোন করা হয়েছে, তার কিন্তু উল্লেখ আমরা এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মধ্যে পাচ্ছি না। সরকার বলেছেন যে, মাননীয় অর্থমন্ত্রী ১% ভ্যাট বাড়িয়ে তাতে কত পারসেন্ট আয় হবে এবং কোন হিসাবে, তার কোন সঠিক পরিসংখ্যান বা হিসাব নেই। এন্ট্রি ট্যাক্স বসিয়ে সেখান থেকে কত টাকা সরকারের আয় হবে সে ব্যাপারেও সঠিক কোন তথ্যের উল্লেখ এখানে নেই। আজকে ইন্ডাস্ট্রীর ক্ষেত্রে যেখানে ১১২ কোটি টাকা বিনিয়োগ হবে আশা করেছিলেন কিন্তু বাস্তবে তার কোন প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি না। আজকে দেখা যাচ্ছে যে, ট্রান্সপোর্ট কর্মীরা রিটায়ার করার পরে পেনশান না পাওয়ার ফলে অনেকে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন। সেই সঙ্গে আমরা যদি দেখি উত্তরবঙ্গের একজন বিধায়ক হিসাবে, উত্তরবঙ্গের মূল অর্থনীতি নির্ভর করে চা বাগানের উপর। সেখানে দেকা যাচ্ছে এখনো সাত-আটটা, ঢেকলাপাড়া সহ সাত-আটটা বাগান বন্ধ আছে। গত দু'বছ্যরর মধ্যে সেখানে প্রায় ৩৫ জন শ্রমিকের মৃত্যু ঘটেছে। সেই অবস্থায় বন্ধ কারখানার শ্রমিকদের, বন্ধ চা বাগানের শ্রমিকদের যে সহায়তা দেওয়ার কথা, সেটাও মনে হয় সঠিকভাবে দেওয়া হচ্ছে কিনা খতিয়ে দেখা দরকার। আজকে কৃষি ক্ষেত্রে দেখা যাচ্ছে যে কৃষির উন্নতি ঘটেছে, সরকার বলছেন, আমরাও ধরে নিচ্ছি যে হ্যাঁ, কৃষির উন্নয়ন ঘটেছে। কৃষির ফলন বৃদ্ধি ঘটেছে। অথচ দেখা যাচ্ছে কৃষি ফসলের ন্যায্য মূল্য না পাওয়ার ফলে অনেক কৃষক আজকে আত্মহত্যা করতে বাধ্য হচ্ছেন। আজকে ডিজেলের মূল্যবৃদ্ধির সাথে সাথে সমস্ত জিনিসের দাম বৃদ্ধি পাচ্ছে। কৃষি, শিল্প থেকে শুরু করে, শ্রমিক আজ এক বিপন্ন অবস্থার মধ্যে রয়েছে। নিত্য প্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধি পেলেও আজকে রাজ্যসরকারী কর্মচারীরা ২০% - এর থেকেও বেশি ডি.এ থেকে বঞ্চিত রয়েছেন দীর্ঘদিন ধরে। সেই ক্ষেত্রে ফ্লাড কন্ট্রোল বা ওয়াটার সাপ্লাই, স্যানিটেশান, আরবাণ ডেভেলপমেন্ট, সোশাল ওয়েলফেয়ার, নিউট্রিশান ইত্যাদি ক্ষেত্রেও আজকে এই ভোট অন অ্যাকাউন্ট - আজকে দেখা যাচ্ছে সেই সব উন্নয়নের খাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ করা দরকার এবং সেটার প্রপার ইউটিলাইজ হচ্ছে কিনা, সেটার ব্যাপারেও সঠিক পদক্ষেপ গ্রহণ করা দরকার বলে আমরা মনে করছি। সামনে পঞ্চায়েত নির্বাচন, ভোট অন অ্যাকাউন্ট গভর্নমেন্টকে পাশ করতেই হবে। সেই ব্যাপারে দ্বিমত

করার কিছু নেই। এটা যেহেতু আইনে আছে, ভোট অন অ্যাকাউন্ট পাশ হবে। কিন্তু অ্যাপ্রোপ্রিয়েশান বিলের এই দিকগুলি যাতে সঠিকভাবে খতিয়ে দেখা হয় তারজন্য মাননীয় অর্থমন্ত্রীর কাছে আহ্বান রাখছি। সেই সঙ্গে হাউসের কাছেও - আজকে সেই সব পূর্ণ তথ্য আমার হাতে না থাকলেও ভোট অন অ্যাকাউন্টকে স্বাভাবিকভাবেই পাশে অনুমতি প্রদান করতে হচ্ছে। এই বলে সকলকে নমস্কার জানিয়ে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (ভোট অন অ্যাকাউন্ট) বিল, ২০১৩ পেশ করেছেন। এর আগেই অর্থনৈতিক বাজেট পেশ হয়ে গেছে। স্বভাবতঃই ভোট অন অ্যাকাউন্ট চার মাসের কাজ চালাবার জন্য প্রয়োজন।

[1.40–1.50 pm]

কিন্তু আমরা একটু বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করেছি যে, তিনি যখন তার বাজেট বক্তৃতায় বক্তব্য রাখলেন তখন কয়েকজন বিধায়কের ছোট ছোট কোনও কথার উত্তরকে বিকৃত করে হাউজে পরিবেশন করলেন। কিন্তু মূল কতগুলি কথা যেমন আমি শিল্পের ব্যাপারে আপনার কাছে জানতে চেয়েছিলাম, রাজ্যে গত বছরে মাত্র ৩১২ কোটি টাকা শিল্পে ইনভেস্টমেন্ট হয়েছে। জমি নীতির ফলে শিল্প স্থাপনের ক্ষেত্রে একটা অসুবিধা দেখা দিয়েছে। রাজ্যের সামগ্রিক উন্নয়ন করতে গেলে শিল্পের প্রয়োজন আছে। সেই সম্পর্কে সরকার কি চিন্তা ভাবনা করছে, তার সম্পর্কে আপনার পরিষ্কার উত্তর ছিল না। ঠিক তেমনই আপনার বাজেটে আপনি ১০ লক্ষের উপর লোকের কর্মসংস্থানের কথা বলেছেন। কিন্তু কিভাবে, কোথা থেকে এই কর্মসংস্থান হল তার কথাও আপনি পরিষ্কারভাবে বলেননি। উল্টে বলেছেন যে ১৩ লক্ষের উপর আবার নতুন করে কর্মসংস্থান হবে। অনেকগুলি গুরুত্বপূর্ণ বিষয় যেগুলি আপনার বাজেটে থাকা সত্ত্বেও সেই উত্তরগুলি আপনি এড়িয়ে গিয়েছেন। তার সঙ্গে কালকে মিঃ বর্মা, আমাদের দলের বিধায়ক, তিনি দেখিয়েছেন কিভাবে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের ২০০ কোটি টাকা খরচ দেখানো হয়েছিল- ১৪৯ কোটি টাকা কিন্তু বাস্তবে সেই টাকা খরচ হয়নি। কিভাবে সেটা পি.এল অ্যাকাউন্টে ট্রান্সফার করা হয়েছে সেটাও তিনি বলেছেন, তার উত্তর আপনি দেননি। এখন appropriation বিলের নিশ্চয়ই আমরা এর প্রতি অনুমোদন জানাচ্ছি কারণ তা না হলে সরকারের খরচ চলবে না। কিন্তু সেটা লক্ষ্য করছি আমরা বামফ্রন্ট সরকার এসেছিল ১৯৭৭ সালে, ১৯৯০ সাল থেকে তারা পি.এল অ্যাকাউন্ট, এল.এফ অ্যাকাউন্ট এগুলি করতে শুরু করে। অর্থাৎ প্রায় ১২-১৩ বছর লেগেছিল এই জাগলারি করতে। কিন্তু আপনার সরকার আসার পর থেকেই পি.এল অ্যাকাউন্ট, এল.এফ অ্যাকাউন্ট করা শুরু করে দিয়েছে। আজ বিধানসভার প্রথম হাফেই শুনছিলাম আমাদের পঞ্চায়েত মন্ত্রী এবং পি.এইচ.ই মন্ত্রী মাননীয় সুব্রত মুখার্জী তিনি বলছিলেন যে পি.এইচ.ই অনেক প্রজেক্ট নিয়েছে, অনেক ভাল ভাল কাজ হচ্ছে। কিন্তু আমরা দেখছি বি.আর.জি.এফ-এর জন্য ৮৭৫০ কোটি টাকা যেটা কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছে তারমধ্যে ২০১১-১২ -তো কোন খরচই হয়নি। ২০১২-১৩তে ২৮৮৮ কোটি টাকা আপনারা পেয়েছেন। তারমধ্যে পি.এইচ.ই -এর জন্য ৪০৪.৮০ কোটি টাকা ধরা ছিল কিন্তু যে টাকাটা খরচ হয়নি।

(এই সময় মাননীয় মন্ত্রী শ্রী সুব্রত মুখার্জী কিছু বলার জন্য উঠে দাঁড়ান)

(গোলমাল)

এই টাকাটা ....(গোলমাল).... আপনারা যে বই পেশ করেছেন ....(গোলমাল).... বেশ তো, আমি যদি ভুল বলি মাননীয় অর্থমন্ত্রী উত্তর দেবেন ....(গোলমাল).... আমি যদি ভুল বলি মাননীয় অর্থমন্ত্রী উত্তর দেবেন, এখানে তো কোন ব্যাপার নেই। আমি যদি ভুল বলে থাকি সেটা অর্থমন্ত্রী উত্তর দেবেন। ....(গোলমাল).... আপনাদেরই বই ....(গোলমাল).... আমিতো বলছি উত্তরতো দেবেন অর্থমন্ত্রী। এই হাউজ কি করে চলবে ম্যাডাম? কে অর্থমন্ত্রী, কে কোন মন্ত্রী কিছুই তো বুঝতে পারছি না। এটাতো মহা সমস্যার ব্যাপার। এভাবে তো হাউজ চালানোই মুশকিল। ....(গোলমাল).... আমি বলছি আমার যদি ভুল হয় অর্থমন্ত্রী সেটা নিশ্চয়ই সেটা কেটে দেবেন যে আমার ভুল হচ্ছে। কিন্তু এইভাবে ডিসট্যার্ব করলে তো হাউজ চলবে না। উনি আমাদের শ্রদ্ধেয়, ওনার কাছ থেকে আমি শিখব। ....(গোলমাল).... ভোট অন অ্যাকাউন্টসের তার আগেরকার ঘটনা ধরেই আমরা বলছি যে ....(গোলমাল).... আপনার দপ্তরের ভালোর জন্যই বলছি। ....(গোলমাল).... আপনি অহেতুক ব্যাপারটা বুঝতে পারছেন না। কিন্তু দেখা যাচ্ছে সেই টাকাটা খরচ হয়নি আর আমাদের বক্তব্য সেই জায়গাতেই। যেমন মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স দপ্তরের বাজেট। মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স দপ্তরের বাজেটেও আপনি আগের বার ১৯৩৩.৯৮ কোটি টাকা ধরেছিলেন। তারমধ্যে খরচ হয়েছে ১৩৫৬.৭৫ কোটি টাকা। দেখা যাচ্ছে স্টেট ফিনান্স কমিশনের মত একটা টাকা, যে টাকাটা না পেলে পৌরসভাগুলো খুব অসুবিধায় পড়ে, ২০১২-'১৩ অর্থবর্ষে সেই ফিনান্স কমিশনের টাকাটা এখনও পর্যন্ত অনেক পৌরসভা পায়নি। অর্থাৎ আপনি যে টাকা বাজেটে ধরছেন, সেই টাকা খরচ হচ্ছে না, আবার খরচ তো হচ্ছে না প্রয়োজনীয় অর্থ পৌরসভাগুলিও পাচ্ছে না। তাহলে একদিকে বি.আর.জি.এফ-এর টাকা পেয়ে তার কাজ আপনি করতে পারছেন না, আবার অন্যান্য দপ্তরের যে বাজেটে টাকা আপনি ধরছেন সেই টাকাও খরচ হচ্ছে না কিন্তু যে প্রয়োজন, সেই প্রয়োজনও মিটছে না। সেই জায়গায় দাঁড়িয়ে এই টাকাগুলো পি.এল অ্যাকাউন্ট বা এল.এফ অ্যাকাউন্টে ট্রান্সফার হচ্ছে। আমার মনে হয় সেগুলো সংশোধন করা দরকার এবং আপনি যে ভোট অন অ্যাকাউন্টস এনেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়া, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশান বিল করেছেন, তার সমর্থনে আমি কথা বলছি। যে বিলটি করেছেন তাতে কনসলিডেটেড ফান্ড অফ ওয়েস্টবেঙ্গল থেকে যে টাকা অনুমোদন হয়েছে বেশ কয়েকদিন ধরে আলোচনার পরে সাপ্লিমেন্টারী বাজেটেও আমরা সেটাকে অনুমোদন করেছি এবং মাননীয় অর্থমন্ত্রীকে এবং মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ দিতে চাই যে, এমন একটা রিজেন অরিয়েন্টেড বাজেট প্লেস করেছেন, যেটা দীর্ঘদিন হয়নি। কারণ আমরা অ্যাপ্রোপ্রিয়েশান বিল করতে যাচ্ছি, কিন্তু দেখা যাচ্ছে বিগত দিনে বিকজ অফ নন ভিশান নন মিশান, মোস্ট অফ দি অ্যামাউন্ট হ্যাজ বিন মিস অ্যাপ্রোপ্রিয়েটেড ইভেন আফটার দি বাজেট হ্যাজ বিন পাসড্। সেটা অলরেডি অনুমোদন হয়ে গিয়েছে এবং অনুমোদন করেছেন রাজ্যের ভালোর জন্য। সেই বিলের দ্বারা সার্বিকভাবে স্যার পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হবে সেইজন্য এই বিল পাস হয়েছে। এখানে টেকনিকালি আলোচনা করছি কিন্তু সেটা অলরেডি অনুমোদন হয়ে গিয়েছে এবং এখানে ভোটেরও কোন বালাই নেই। কিন্তু যে জিনিসটা বলতে চাইছি যেভাবে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যারা প্রকৃত গরীব মানুষ, তাদের জন্য একটা পরিবর্তন এনেছিলেন, তারা আজকে সেই বিলের ফলে আরও বেশি উপকৃত হবেন। তার কারণ এই বিলে পলিটিকাল উইল আছে, যেটা বিগতদিনে ৩৪ বছরে পলিটিকাল উইল না থাকার জন্য বিল

অনুমোদিত হয়েছে, পাস হয়েছে, বাজেট হয়েছে। কিন্তু যেটা পশ্চিমবাংলার মানুষ চাইছিল সেটা হয়নি, সেটাতে মানুষ উপকৃত হয়নি। এই জায়গায় আমি ধন্যবাদ দেব আমাদের অর্থমন্ত্রীকে. তিনি যেভাবে প্লেস করেছেন, যে তিনি বুঝেছেন, অনুধাবন করেছেন যে, কোন্ কোন্ জায়গায় কি কি দরকার এবং তিনি যেভাবে অ্যালটমেন্ট করেছেন, অনেকেই বলেছেন যে আমরা বিশেষকরে পুরুলিয়া জেলা, বাঁকুড়া জেলা, পশ্চিমমেদিনীপুর জেলা, বীরভূম জেলায় মানুষ চিরকাল বঞ্চিত হয়ে এসেছে, সেই জায়গায় তিনি তাদেরকে মূল স্রোতে ফেরার জন্য যে ব্যবস্থা করেছেন - তাতে শিক্ষা ক্ষেত্রে হোক, পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের হোক, জঙ্গলমহল হোক, বীরভূম হোক. সেই জায়গার মানুষগুলো খুব শান্তিতে আছে। যে অ্যালটমেন্ট তিনি করেছেন, তাতে সরাসরিভাবে মানুষ আজকে উপকৃত হচ্ছে। পুরুলিয়া জেলার মানুষ ২ টাকা কেজি দরে চাল কোনদিন স্বপ্নেও ভাবেনি, বাঁকুড়ার মানুষ কোনদিন স্বপ্নেও ভাবেনি আজকে সেটা পাওয়া যাচ্ছে। আজকে সুন্দরবন এলাকার মানুষ কোনদিন ভাবেনি যে, এই জঙ্গলে নদীর মাঝখানে গিয়ে কেউ তাদেরকে এই সুযোগ-সুবিধা করে দেবে। এই সরকার দিয়েছে, এই ফিনান্স মিনিস্টার সেটাকে আপনাদের সামনে প্লেস করেছেন। যেটা বলতে চাইছি যে, বাড়ি, পেট ভরে খাওয়া, রাস্তায় চলা এবং শিক্ষা যেভাবে আমাদের মাননীয় অর্থমন্ত্রী প্লেস করেছেন সেটা আপনারা বাজেট এ্যাট এ গ্ল্যান্স যদি দেখেন তাহলে বুঝতে পারবেন।

[1.50–2.00 p.m.]

যে কোন্ খাতে কত টাকা দেওয়া হয়েছে? অনেকেই বলছিলেন পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদে এখানে কোনো দেখা পাওয়া যাচ্ছে না। কিন্তু ২০১১-১২ সালে এতে ১৩৭ কোটি ১০ লক্ষ টাকা ছিল, এই বছর ২২৬ কোটি ১৯ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এতে বোঝা যাচ্ছে কি হারে গ্রামাঞ্চলে কাজ হচ্ছে। আমাদের জেলার প্রত্যেকটি ব্লকে ৮৫০ কিলোমিটার গ্রামীন রাস্তা তৈরি হচ্ছে। আমাদের জেলায় পানীয় জলের জন্য প্রায় ৯০০ কোটি টাকা খরচ করা হয়েছে। সেটা কোনো দিন হয়নি। শিক্ষা ক্ষেত্রে যেভাবে খরচ হচ্ছে, প্রত্যেকটা স্কুল তৈরি হচ্ছে। যেটা কোনোদিন এরা ভেবেও দেখেনি যে পুরুলিয়া, বাঁকুড়ার মানুষের এগুলো দরকার আছে। সর্বশিক্ষার টাকা হলেও অনুমোদন হয়েছে। এগুলো তো উপর থেকে এসে পড়েনি। টাকাটা তো গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের থ্রু দিয়ে খরচ হচ্ছে। নাথিং রং। এখানে ওইসব কথা বলে তো লাভ নেই। আপনারা কালকে আমাদের সরকারে ছিলেন, আজকে বিরোধীতা করুন, কোন আপত্তি নেই। কিন্তু যেটা দরকার, আমাদের মন্ত্রী মহোদয় টাকাটা অনুমোদন করেছেন যেভাবে, যে বিষয়ে খরচ করছেন সেটা মানুষ পাচ্ছে। এতদিন ধরে কি হয়েছে? কালকে আলোচনা হচ্ছিল হাউসে। আপনারা যে টাকা বরাদ্দ নেই, প্ল্যান টাকার থেকে বাইরে খরচ করেছেন প্রায় ৪০ হাজার কোটি টাকা। যার জন্য আজকে ঘাটতি আমাদের ঘাড়ে এসে বসেছে। সেই জায়গায় আজকে মাননীয় ফিনান্স মিনিস্টার একটা ভিসান ওরিয়েন্টেড বাজেট পেশ করেছেন। সেটা অ্যাপ্রোপ্রিয়েশান করছি আমরা। আমরা কোন দিন বলিনি যে আমলাশোলের মানুষ পিঁপড়ের ডিম খাবে, আর প্রাক্তন মুখ্যমন্ত্রী চায়না গিয়ে বলবেন যে আমি এখানে একটা মাছ খেয়েছি, যে মাছটার মাথাটা নড়ছিল, খুব খেতে ভালো লেগেছে। আর আমার জেলার লোক পিঁপড়ে খেয়ে মারা যাচ্ছে। এই জিনিস কোনদিন আমরা ভাবিনি, যেটা আপনারা করেছেন। আমরা কোনদিন বলিনি নন এক্সপেনডিচার প্ল্যান থেকে হেলিকপ্টারে করে গিয়ে সাগরদীঘিতে ঘুরে আসবে। চিফ মিনিস্টার রিটায়ার করার পরেও সেই টাকা খরচ করেছেন আপনারা। এইসব জিনিস প্ল্যানে খরচ হয়নি। We have a plan budget and our

Finance Minister has planned it very nicely for every department of the Government. Mis-administration has been a legacy of the 34 years of the Left Front Government. আজকে আমরা আপনাদের কাছ থেকে শুনছি এটা হচ্ছে না, ওটা হচ্ছে না। কেন হচ্ছে না? ওয়ার্ক কালচারটা আপনারা নষ্ট করে দিয়েছেন। ওয়ার্ক কালচারটা আপনারা যদি সঠিক ভাবে করতেন তাহলে এই গভর্নমেন্ট আরো বেশি কাজ করতে পারত। মাননীয়া ডেপুটি স্পিকার মহোদয়া, আমি এই বিলকে সমর্থন করছি এবং আমার মনে হয় এই হাউস সমর্থন করবে এই আশা করে আমাকে বলতে দেওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Dr. Amit Mitra : Hon'ble Deputy Speaker, Madam, under Article 266(3) of the Constitution of India no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution.

During the present session, the Assembly voted a Conslidated Grant in adnance in respect of the estimated expenditure for a part of the financial year 2013-2014 under the provision of Article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India, read with Article 206 thereof, to provide for the appropriation out of the Consolidated fund of West Bengal, of the Moneys required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grand made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Goverment for a part of the financial year 2013-2014. The amount included in the Bill on account of the charged expenditure does not in any case exceed the amount shown in the statement previously laid before the House.

The Constitution provides that no amendment shall be proposed to this Bill, having the effect of varying the amount or altering the destination of any grant so made or of verying the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by the Bill for expenditure during a part of the financial year 2013-2014 is Rs. 43,601, 87,83,000/-(Rupees forty three thousend six hundred one crore, eighty senen lakh and eighty three thousend). The amount includes 16184, 49, 64,000/-(Rupees sixteen thousand one hundred eighty four crore, forty nine lakh, and sixty four thousand) on account of charged expenditure. The details of the proposed

Appropriation Bill will appear from the Schedule to the Bill.

Madam, with these words, I commend my motion for acceptance by the House.

Madam Dy. Speaker : Now I put to vote the motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2013 be taken into consideration.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Clauses - 2 & 3

There is no amendment to clauses 2 & 3. The question before the House is Clauses 2 & 3 do stand part of the Bill.

As many as are of the same opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it

Schedule

There is no amendment to Schedule. So the question before the House is Schedule do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Clause 1, Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, Preamble and the Title of the Bill. The question before the House is Clause 1, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE.

As many as are of the contrary opinion will please say No.

AYES have it, AYES have it.

Dr. Amit Mitra. Hon'ble Dy. Speaker Madam, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) Bill, 2013 as settled in the Assembly, be passed.

As many as are of the same opinion will please say AYE.
As many as are of the contrary opinion will please say No.
AYES have it, AYES have it.

The West Bengal Finance Bill, 2013

Dr. Amit Mitra : Hon'ble Dy. Speake Madam, I beg to introduce the West Bengal Finance Bill, 2013.

(Secretary then read the title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Finance Bill, 2013 be taken into consideration.

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আজকে এখানে আমাদের শ্রদ্ধেয় অর্থমন্ত্রী কর্তৃক যে ওয়েস্ট বেঙ্গল ফিনান্স বিল পেশ করা হয়েছে, সেই বিল নিয়ে আমি দু-একটি কথা বলতে চাই।

ম্যাডাম, এখানে প্রধানতঃ দুটো ট্যাক্স নিয়ে কথা বলা হয়েছে, যা আমাদের বাজেট স্পিচেও রয়েছে—প্রফেসন ট্যাক্সের ক্ষেত্রে এবং ভ্যাট এর ক্ষেত্রে।

[2.00–2.10 p.m.]

প্রফেশন ট্যাকসে এগজেম্পশানের লিমিটটা বাড়ানো হয়েছে। আগে ছিল পাঁচ হাজার টাকা পর্যন্ত যারা, তারা এগজেম্পটেড। এখন সেটা সাত হাজার টাকা পর্যন্ত বাড়াচ্ছেন। এটাতে অনেকেই বাদ যাবেন। এটা ঠিক। কিন্তু প্রফেশন ট্যাকসের ক্ষেত্রে স্যার জানেন যে, আমরা যে কমিটিতে আছি, কমিটি অন ফিনান্স ডেভলপমেন্ট কমিটি আছে। যার তরফ থেকে আজকে দুটো রিপোর্ট লে করা হয়েছে। সেই কমিটিতে আমরা অল্পদিন হলেও এর আগেও যেমন বসেছিলাম, এখনও আমরা অল্পদিন হলেও বিভিন্ন ট্যাকস অথরিটির সঙ্গে বসেছি। এই প্রফেশন ট্যাকস সম্পর্কে মাস আট দশেক আগে যখন বসেছিলাম, তখন প্রফেশন ট্যাকস কমিশনার নিজেই বলেছিলেন যে এই ট্যাকসের কালেকশন এখন যা হচ্ছে ৪৬৫ বা এই ধরণের কিছু একটা। তার চাইতে কমপক্ষে চারগুণ হওয়া উচিত। দ্যাট ওয়াজ হিজ কনফেশন। উনি বলেছিলেন, উনি সাজেস্ট করেছিলেন। এটা হওয়া উচিত। আমরা করছি, আমরা দেখছি, আমাদের প্রচুর প্রফেশন ট্যাকসের বাইরে আছে। স্যার নিশ্চয় জানেন। প্রচুর পার্শন যাকে নতুন করে ডেফিনেশান করা হয়েছে। স্কোপটাকে একসটেন্ড করা হয়েছে। প্রচুর পার্শন বাইরে আছে। প্রচুর কোম্পানী বাইরে আছেন। আমরা একটা সাজেশনও দিয়েছিলাম। আগেকার দিনে খুব কঠিন অবস্থা ছিল। এই হাতে লেখা ইত্যাদি এইসব করতে অনেক সময় লাগত। এখন তো অনেক সুবিধা হয়েছে। এখন আপনারা এই ই-মেল করতে পারেন। এস এম এস করতে পারেন এবং শুনে খুব ভালো লাগল যে, সঙ্গে সঙ্গে উনি বললেন "হ্যাঁ, স্যার আমরা এস এম এসও প্রচুর করেছি। আমরা শুরু করেছি। আমরা প্রচুর পাঠিয়ে দিয়েছি। আমরা নোটিফিকেশন করেছি এবং বহু কোম্পানীর কাছে আমরা ই মেল করেছি।" ভীষণ ভালো লাগল এইকথা শুনে। খুব এনকারেজিং ব্যাপার মনে হল। ই-মেল করে প্রত্যেককের ট্যাকস নেটের মধ্যে আনার চেষ্টা

হচ্ছে। এখানে স্বাভাবতই আমি স্যারের কাছে, আমার শ্রদ্ধেয় অর্থমন্ত্রীর কাছে শুধুই এইটুকু অনুরোধ রাখব যে আপনার দপ্তর থেকে আপনি একটু প্রেসার রাখুন। ওরা বোধহয় চেষ্টা করছেন। এটুকু আমার কাছে বলেছেন। আমাদের কাছে কমিটি করেছেন যে আগামী বছরে এর এফেক্ট আসবে। এবং সেই এফেক্ট যদি সত্যিকারের আসে তাহলে প্রফেশন ট্যাকসে একটা বড় অর্থাৎ সত্যিকারের রেভলিউশন আসতে পারবে। এটা কিন্তু রেট বাড়িয়ে নয়, এটা হচ্ছে যাদেরকে প্রফেশন ট্যাকসের মধ্যে আমরা আনতে পারিনি তাদেরকে আনার চেষ্টা করছি। কাজেই তাদেরকে যদি আনা যায় খুব ভালো হবে। তবে ব্যাপারটা খুব কঠিন। উনি বলছিলেন যে ট্র্যাকিং সিস্টেমটা আমরা এখনও ঠিক করে উঠতে পারি নি। এদেরকে ট্র্যাক করা-ঠিক জায়গাতে কে কোথায় আছেন, বিভিন্ন কোম্পানী তারা নেটে এল কিনা, শুধু কোম্পানীর নেটের মধ্যে আসা নয়, কোম্পানীর কত এমপ্লয়িজ নেটে এল। এমনও তো আছে যে কোম্পানীর একটা তরফ থেকে সঠিকভাবে রিটার্ন পাঠায় নি। রিপোর্টগুলি পাঠায় নি। কতজন এমপ্লয়িজ, কত টাকা তারা পাচ্ছে বা পাচ্ছে না—সেই ব্যাপারগুলি দেখার ব্যাপার আছে। এই কারণেই বোধহয় মাননীয় অর্থমন্ত্রী অনেকগুলি শুধু সাত হাজার টাকা বাড়ানো নয়, তার সাথে সাথে অনেকগুলি প্রভিশনস রেখে দিয়েছেন।

ম্যাডাম ডেপুটি স্পিকার : মিঃ বর্মা এক মিনিট। কারোর ফোন রিং হচ্ছে। প্লিজ, আমি বারবার বলছি আপনারা ফোনগুলিকে মিউট করুন। আদারওয়াইজ আমি ফোন সিজ করে নেব।

ডঃ সুখবিলাস বর্মা : কাজেই সেখানে রিপোর্টের রিটার্নগুলি যাতে ঠিকমত আসে এবং রিপোর্টস না দিলে তার পেনাল্টি প্রভিশন করেছেন। অর্গানাইজেশানটাকে বাড়ানোর চেষ্টা করেছেন। সেখানে দেখলাম যে, স্পেশাল, কমিশনার, অ্যাডিশনাল কমিশনার এদেরকে নিয়ে এসে এদেরকে পাওয়ার দিকে সেই অর্গানাইজেশানটাকে স্ট্রেনদেন করে প্রফেশান ট্যাকসের কালেকশনটাকে ব্যুরো অফ ইনভেস্টিগেশন কে বোধহয় নতুন কিছু পাওয়ার দিয়েছেন। ইন এনি কেস আমার মনে হয়েছে একটা পজিটিভ অ্যাকশনস নেওয়া হয়েছে। এবং ডিপার্টমেন্ট থেকে এটা হচ্ছে। আগামি বছর হয়তো আমরা ১৫০০-১৬০০ কোটি টাকা পাবো। আমি সেটা অন্ততঃ এক্সপেক্ট করবো আগামি বছর যাতে ফিন্যান্স বিলে বলতে পারি-এত শো কোটি টাকা। কাজেই প্রফেশন ট্যাক্সের ক্ষেত্রে যে ব্যবস্থা উনি নিয়েছেন এবং যে ব্যবস্থা মাধ্যমে সত্যিকারের ট্যাক্স অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে যে কথাটা উনি বলেছেন—ই-গভর্নেন্স। সেই ই-গভর্নেন্সের সুযোগটা আমরা কালেকটিং এজেন্সির এফিসিয়েন্সি বাড়ানোর ক্ষেত্রে অবশ্যই পাবো, এই বিশ্বাস আমি রাখি এবং সেক্ষেত্রে অনেকটাই আমরা পারবো। ভ্যাটের ক্ষেত্রে স্বভাবতই এতো পেঁচালো আইন, এতো কঠিন ব্যাপার-এ বোঝা কঠিন। ভ্যাটের ক্ষেত্রে স্বভাবতই পার্সেন্টেজটা চেঞ্জ করেছেন। যেখানে ৪% আছে, সেখানে ৫% করেছেন। আর এ নিয়ে তো তর্ক করে তো লাভ নেই, কেননা বিরোধী নেতা গতকালও বলেছিলেন, ''আমি তো গতবারই বলেছিলাম যে আপনি ৪% এর জায়গায় ৫% করুন''। স্বভাবতই এই হাউস এগ্রি করে নিয়েছে ৪% এর জায়গায় ৫% হবে এবং তাতে আমাদের ভ্যাটের যে আয়, সেই আয়টা অবশ্যই ভালো হবে, ভ্যাট থেকে আমরা ভালো পাবো। স্যার, ভ্যাটের ক্ষেত্রে আমার একটা খটকা লাগছিল, এটা স্যার একটু দেখে নেবেন? আমার কেন যেন খটকা লাগছিল ভ্যাটের ক্ষেত্রে, যে এই বছর বাজেট এষ্টিমেট্ যেটা ধরা হয়েছে, সেই বাজেট এষ্টিমেটের চাইতে রিভাইজড্ এষ্টিমেট্ বহু বহু বহু কম। এর কারণ আমি বুঝতে পারছিনা। নিশ্চয়ই কারণ আছে, না'হলে এত কম হওয়ার কোনো

কারণ আমি দেখছিনা। নিশ্চয়ই কোনো কারণ আছে। সেই কারণটা যদি একবার বলে দেন কেন এটা কম দেখানো হয়েছে। আর ভ্যাটের ক্ষেত্রে অন্য একটা জায়গায় যেখানে ১৩.৫% এর জায়গায় ১৪% হয়েছে, এটাও আমাদের বলার কিছু নেই। আমরা তো অবশ্যই চাইবো অন্যান্য স্টেটের ক্ষেত্রে যে হাইয়েষ্ট পার্সেন্টেজ্ রাখছে, আমরা কেন সেই হাইয়েষ্ট পার্সেন্টেজ্‌টা রাখতে পারবো না। কেননা, আমরা যদি দেখি আমাদের ট্যাক্স কালেকশনের অবস্থাটা, অন্যান্য স্টেটের সঙ্গে যদি তুলনা করি—আমি আস্তে আস্তে সবগুলোতেই আসবো। তাহলে খুব প্যাথিটিক কন্ডিশন। ২০১১-১২তে অন্ধ্রপ্রদেশের ট্যাক্স রেভিনিউ হচ্ছে ৫৩ হাজার ৪০০ কোটি। এটা অ্যাকচুয়াল, এটা কিন্তু বাজেট নয় বা রিভাইজড্ নয়। অ্যাকচুয়াল যা এসেছে। গুজরাট ৪১ হাজার ৪৯৯, কর্নাটক ৪৫ হাজার ৭৮০, মহারাষ্ট্র ৮৬ হাজার ৪৩০, রাজস্থান ২৪ হাজার ২২৭, তামিলনাড়ু ৫৯ হাজার ৯০০, ওয়েষ্ট বেঙ্গল ২৪ হাজার ৯৩৪। কোথায় আছি স্যার আমরা! আমরা কোথায় আছি! আমরা গর্ব করতে পারি যে আমরা অনেক কিছু করেছি, অনেক কিছু করার চেষ্টা করছি। কিন্তু যে জায়গায় আছি আমরা, কোথায় আছি আমরা! এটা কি আমরা ভাববো না এবং এই ভাবি বলেই আমি বলি যে, ১৩.৫% এর জায়গায় যখন আপনি ১৪% করছেন, আই ডোন্ট অবজেক্ট, আমরা অবশ্যই করবো। হাইয়েষ্ট পার্সেন্টেজ্, যেটা অ্যালাওয়েব্‌ল্ পার্সেন্টেজ্, যে লিমিট আছে সেই লিমিট পর্যন্ত গিয়ে আমরা করবো। আর তার সঙ্গে সঙ্গে অবশ্যই যেখানে লুপহোলস আছে, যেখানে ল্যাকসিটি আছে, যেখানে গড়বড় আছে, সেই গড়বড়গুলোকে আমি দূর করবো এবং তা যদি আমরা না করি, তাহলে আমরা কিন্তু এই জায়গায় দাঁড়াতে পারবো না। প্রচুর, বিশাল গ্যাপ্। এই বিশাল গ্যাপটাকে স্যার কিভাবে করা যায়, সেটা একটু কাইন্ডলি দেখবেন। আমরা ঐ কমিটিতে সেলসট্যাক্স অথরিটির কাছে একটা প্রশ্ন রেখেছিলাম। বলেছিলাম—এই যে ডিফারেন্সটা, এই ডিফারেন্সটা নিয়ে আপনারা কখনো ভেবেছেন? বলে হ্যাঁ স্যার। কখনো স্টাডি করেছেন কেন হয়েছে? কেননা একটা সময় ছিল ওয়েষ্ট বেঙ্গল সেলস ট্যাক্সের চাইতে অন্যান্য স্টেটের রেট্ অফ্ ট্যাক্স পার্থক্য হ'ত। কিন্তু এখন ভ্যাট্ আসার পরে এই রেট্‌সের পার্থক্যটা খুব বেশি নেই।

[2.10–2.20 p.m.]

যেমন আমরা এই বছর দেখলাম ৪-৫ এর পার্থক্যটা বেশী। তখন তাহলে এই যে বিশাল গ্যাপটা, সেই গ্যাপটা না হয় একটা অজুহাত দেওয়া হয় যে অনেক জায়গায় ট্যাক্স রেট বেশী। যেমন আমরা বলি ডিজেলের উপর ট্যাক্স ছিল না, পরে এলো। তামিলনাড়ু ডিজেলের উপর প্রচুর ট্যাক্স কালেকশান করছে। আমরা ডিজেলের উপর ট্যাক্স করি নি। কিন্তু পরবর্তীকালে ডিজেলের উপর ট্যাক্স আসে। পরবর্তীকালে পেট্রোলের উপর ট্যাক্স আসে। পরবর্তীকালে ডিজেল, পেট্রোলের উপর ট্যাক্স আসার ফলে—যেটা দু-দিন আগেও এখানে আলোচিত হয়েছে যে অনেক টাকা এসেছে। পেট্রোল, ডিজেলের প্রাইস বাড়ার সঙ্গে সঙ্গে তার বেনিফিটটা এখানে আসছে স্টেট গভর্নমেন্টের কাছে। সেই ধরনের অবস্থা এখন নয়। এখন তাহলে এই যে ভ্যাটের মাধ্যমে বা রেট র‍্যাশনালাইজেশানের ফলে এটা করার মাধ্যমে যে আমরা অনেকটাই গ্যাপটাকে কমাতে পারি। তাহলে বাকি গ্যাপটা নিয়ে আমরা অনুরোধ করেছিলাম আপনারা স্টাডি করুন, করে একটা নোট পাঠান যে কেন হচ্ছে? নোট এখনও আসে নি, হয়তো পরে আসবে, তখন আমরা দেখবো। স্যার, আমি একটা কথা বলতে পারি আমাদের নেতা আজ এখানে নেই, আমাদের কমিটির নেতা শ্রদ্ধের

জুট লাহিড়ী, এবং সেই কমিটি থেকে আমরা বারেবারে চেষ্টা করেছি সবাইকে মোটিভেট করতে যে আমরা কোথায় আছি, কেন এই অবস্থা? স্যার, আপনি জানেন একসাইজ নিয় আমরা একটা কথা বলেছিলাম এবং you are so kind যে আমাদের সঙ্গে আলোচনা করেছিলেন এবং একসাইজ নিয়ে আলোচনা করার পর বটলিং প্ল্যান্টের আপনি লাইসেন্স দিয়েছেন। দীর্ঘদিন ধরে পড়েছিল এবং একসাইজের আয়টা আজকে বেশ বেড়েছে বটলিং প্ল্যান্ট, লাইসেন্স, অনান্য ক্ষেত্রে। একসাইজের ক্ষেত্রে কিছু স্টেপস্ নেওয়ার দরকার আছে। একসাইজের ক্ষেত্রে অফিসাররা বলেছিলেন যে বেশ কিছু এ্যাপ্লিকেশন এখনও পড়ে আছে, আপনি দেখুন এগুলি কিছু করা যায় কিনা, কারণ একসাইজের ব্যাপারটা একটা সিরিয়াস ব্যাপার। ব্যাপারটা সিরিয়াস এই জন্য যে আমাদের প্রোভাকশানটা যদি আমরা ঠিকমতো না করতে পারি, আমরা যদি বৈধ জিনিসটা না দিতে পারি তাহলে ইলিসিট লিকারের কনজামশানটা বেড়ে যাবে। এতে মৃত্যুর ব্যাপারটা বেশী করে ঘটবে। তাই এক্ষেত্রে ওরা চেষ্টা করছেন, টেস্টিং অথোরিটি চেষ্টা করছেন, বাজেটটা ওদের বেড়েছে এবং এই ধরনের সাপোর্ট এই ধরনের মোটিভেশন দিয়ে যাতে ট্যাক্সটা বাড়ানো যায় তার জন্য আপনার কাছে অনুরোধ করবো, ঠিক একই রকম ভাবে আমি বলবো ট্যাক্সিং অথোরিটিকে let them study গলদটা কোথায়? ওরা যদি পারে, আমরা কেন পারবো না? অন্ধ্রপ্রদেশের সঙ্গে পশ্চিমবঙ্গের জনসংখ্যা এক, এরিয়া আমাদের থেকে সামান্য বেশী, ২৯৪ জন তাদের বিধানসভার সদস্য সংখ্যা, তাদের এম.পি. সংখ্যা ৪২, অর্থাৎ যদি কমপেয়ার করি তাহলে অন্ধ্রপ্রদেশ সবচেয়ে বেশী কমপেয়্যারেবল্ ওয়েষ্টবেঙ্গলের সঙ্গে। এই স্টেটটা আজকে কোথায়। ৫৩ হাজার কোটি টাকা। আর আমাদের ২৪ হাজার কোটি টাকা, অর্ধেকেরও কম। লজ্জা করে। রাজস্থান তাদেরও ৩৩২২৭ কোটি টাকা। আর আমরা ২৪৯৩৪ কোটি টাকা। কোথায় আছি? স্যার, কোন ক্রিটিসিজম্ নয়, আমি শুধু অনুরোধ করছি taxing authority-কে let them study, তারা ভালো করে দেখুন কোথায় আছি, কেন এই অবস্থা? আমরা কেন পারবো না? স্যার, ল্যান্ড রেভিনিউর কথা বলবো। ল্যান্ড রেভিনিউ এখন মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্ডারে। ল্যান্ড রেভিনিউ নিয়ে আমরা কথা বলেছিলাম। খুব বাজে কালেকশান। কেন? প্রধান কারণ হিসাবে তারা বলছেন যে কালেকশানটা করবে কে, অর্ধেক লোক নেই। D.S. নেই, R.I. নেই, R.A. নেই, অর্ধেক লোক নেই। তাহলে কালেকশানটা করবে কে? আপনি স্যার যদি মনে করেন দয়া করে ল্যান্ড রেভিনিউ এ্যাডমিনিস্ট্রেশনে যাঁরা আছেন তাদের সঙ্গে কথা বলুন।

এই নাম্বার অফ পোস্টস্ ফিল আপ করলে তারা কালেকশান দিতে পারে। এমন নয় যে তারা মিস্ করে গেছে নতুন নাম্বার অফ পোস্টস যদি ফিল আপ হয় আমাদের ভাল কালেকশান করা যেতে পারে। কারণ এখন ল্যান্ড রেভিনিউ প্রায় কিছুই কালেকশান হচ্ছে না। তার সঙ্গে একটা ইমপরটেন্ট জিনিস জানাই আমি গ্রামের মানুষ। চকচকে লাগছে দেখতে কিন্তু আমি গ্রামের মানুষ। আমি এখনও গ্রামে রেগুলার যাই। আমি গ্রামের মানুষ তার জন্যে জানি। ল্যান্ড রেকর্ড করা ইমপরটেন্ট। সবার জন্য ইমপরটেন্ট। ল্যান্ড রেকর্ড সবার জন্য ইমপরটেন্ট। ল্যান্ড রেভিনিউ সিস্টেমের সঙ্গে স্যার, ল্যান্ড রেকর্ড ইস কানেকটেড। ল্যান্ড রেভিনিউ সিস্টেমের সঙ্গে ল্যান্ড রেকর্ড কানেকটেড। ল্যান্ডজ রেভিনিউ সিস্টেমটা যদিও যেটাকে বলা হয় মিউটেশান বা খারিজ। বাংলায় বলে খারিজ। এই মিউটেশান যদি না হয় আজকে দেখুন কিছু মনে করবেন না। আপনারা নিশ্চয়ই জানেন সিঙ্গুরের যে সমস্যা সেটার উদ্ভব কোথায় হয়েছিল। সিঙ্গুরের সমস্যা এবং মাননীয়া এখানে

এদিন সে কথা বলেও ছিলেন। যে সিঙ্গুরের সমস্যার উদ্ভব হয়েছিল এই মিউটেশানের জন্য। কমপেনসেশান যখন দিতে হয় তখন ল্যান্ড ওনার বলা হয়ে মিউটেশান কি কারণে উদোর পিন্ডি বুদোর ঘারে দেবেন না। আমার জমির কমপেনসেশান আপনি ওকে দেবেন না। তার জমির কমপেনসেশান আপনি আর একজনকে দেবেন না। এই নিয়ে বাদানুবাদ শুরু হয়। এই নিয়ে বি.ডি.ও বলে না ঐসব কিছু জানেন। আজকে নিতে হবে তোমাদেরকে এ্যাডমিনিস্ট্রেশানের তরফ থেকে। তখন মাননীয়া বর্তমান মুখ্যমন্ত্রী তিনি সেখানে যান। লাঠি চার্জ হয় রাত ১২টা কি সাড়ে ১২টার সময় এর উৎস কিন্তু মিউটেশান। মিউটেশান হয়নি এবং মিউটেশান না হওয়ার ফলে একটা বড় সমস্যার সম্মুখীন হন আমাদের কৃষকরা। আমার খুব ভালো লাগছে শুনে এবং আপনি সেটা এখানে বলেছেনও, আমাকে সেদিন ল্যান্ড রিফর্মস কমিশনার বলেছিলেন, যে আমরা এখন এমন সিস্টেম করছি যেটা রাজস্থানে হয়েছে। জমি রেজিস্ট্রেশান করার সঙ্গে সঙ্গে অটোমেটিকালি মিউটেশানটাও হয়ে যাবে। ফ্যানট্যাসটিক। এই যদি আমরা করতে পারি এবং দু'একটি জায়গায় নাকি শুরু হয়েছে। ফ্যানট্যাসটিক এ্যাচিভমেন্ট। আমি বলব এ্যাট লিস্ট গ্রামের মানুষগুলোর জমির যে মালিকানা সেই জমির মালিকানা নিয়ে যে সমস্যা সেই সমস্যার সমাধান হবে। একই সাথে ল্যান্ড রেভিনিউ কালেকশান আরও বড় হবে। এজন্য স্যার, ল্যানড রেভিনিউ আপনি আরও—এই পোস্টগুলি ইমিডিয়েটলি ফিল আপ করার ব্যবস্থা করে দিন। এগ্রি করে যেন। এখন হয়তো কিছু খরচ বাড়বে মাইনের জন্য কিন্তু যা আসবে তাতে পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের যে উপকার হবে, গ্রামের জমির মালিকানার ব্যাপারে যে উপকার হবে সেটা হবে প্যানটাস্টিক। ল্যান্ড রেভিনিউ থেকে আর একটা বড় আয়ের সোর্স মাইন্স এ্যান্ড মিনারেল। আপনারা সবাই জানেন প্রত্যেক এলাকাই নদী আছে। আরামবাগে আপনি যদি দেখেন দু ধারে ট্রাক আর ট্রাক। আর এই দিকে মগরা, তারপর ধনেখালি এবং হুগলীর আরামবাগে আড়াই বছর এ.ডি.এম (এল. আর) থাকার ফলে আমার বিটার এক্সপিরিয়েন্স আছে। মাইন্স এ্যান্ড মিনারল নিয়ে বিটার এক্সপিরিয়েন্স। সেই পার্সোনাল বিষয়ে আমি এখন যাচ্ছি না। আমি ভেবেছিলাম হয়তো উন্নতি হয়েছে। কিন্তু কয়েকদিন আগে এল. আর এখানে একই কথা বললেন। আমরা মাইন্স এ্যান্ড মিনারেলসে যে টাকা আদায় করি তার থেকে কম করে ১৫ গুণ আদায় করার কথা। আপনারা জানেন এখানে সমস্যাটা কোথায়। ট্রাকের পর ট্রাক যাচ্ছে কারো কিছু করার নেই। ধরতে পারবে না। কিছু দিন আগে কাগজে দেখছিলাম কোথাও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট নাকি এ.ডি. এম হুগলী একটা চেকিং করতে গিয়েছিলেন। ট্রাক আটকাতে গিয়ে ছিলেন, ট্রাক ধরতে গিয়েছিলেন এই নিয়ে প্রচন্ড সমস্যা হয়। কাজেই সেই ল্যান্ড রেভিনিউয়ের ক্ষেত্রে পুলিসের একটা হাত দরকার, পুলিসের সাহায্য দরকার। সেই সাহায্যটা নাকি আসছে না। সেই সাহায্যটা যদি আসত তাহলে ল্যান্ড রেভিনিউ, মাইন্স এ্যান্ড মিনারেল রয়্যালটির ক্ষেত্রে আমরা প্রচুর কালেকশান করতে পারি।

[2.20--2.30 p.m]

স্যার, এগুলো আমার সাজেশান। যেহেতু এগুলো আমরা ওখানে আলোচনার মাধ্যমে পেয়েছি। আর যা পেয়েছি, যেটা experience থেকে আছে, সেটা আমি হাউসের কাছে প্রেস করছি, আপনার কাছে প্রেস করছি। এই জিনিসগুলো যদি করা যায়, তাহলে এই যে গ্যাপ, সেই গ্যাপটাকে আমরা কমাতে পারবো। বিশাল গ্যাপ। এই বিশাল গ্যাপ কমানোর জন্য এই ব্যবস্থাগুলো

নেওয়া দরকার। এগুলো নিলেই তবেই আমরা করতে সক্ষম হব। আজকে সবচেয়ে pitiable condition যেখানে, সবচেয়ে pitiable condition আজকেই প্রশ্নোত্তর পর্বে উঠে গেছে। মাননীয়, এখন বোধহয় নেই উনি, ট্রান্সপোর্ট মিনিস্টার তিনি আজকেই বলেছেন যে, ৭৫০০০ গাড়ি নাকি চলছে, without licence এবং নিজেও বলেছেন তিনি। তারা tax দিচ্ছে না, কিছু দিচ্ছে না। MV tax-এর যদি আমরা দেখি যে তামিলনাড়ুর MV tax, আমাদের MV tax, অন্যান্য স্টেটের MV tax যদি আমরা দেখি, তাহলে .... (Voice-"আপনি গান করুন") ... ও গান, ম্যাডাম, কালকে আপনি ছিলেন না, গান শুনবেন কি করে। ছিলেন? আচ্ছা আমার গানটা বেশি না কি. না না আমি গানটা গাইব। আমি বলছি যে, গানটা বেশি, না আগে আমাদের রাজ্যটাকে এগিয়ে নেওয়াটা বেশি। আমি কতগুলো সাজেশান দিচ্ছি। আমি সাজেশান দিচ্ছি। যাইহোক. ট্রান্সপোর্টের ক্ষেত্রে আপনারা শুনতে চাইছেন না, বুঝতে পারছি। কেননা ট্রান্স পোর্টের ক্ষেত্রে অবস্থা সত্যিই খুব খারাপ। 1/10-এরও কম, তামিলনাড়ুর চাইতে আমাদের। আমাদের গাড়ি কি? এখানে গাড়ির সংখ্যা আপনি কি মনে করেন রাজস্থানের চেয়ে কম, অন্ধ্রপ্রদেশের থেকে কম? ছোটো ছোটো রাজ্যের চেয়ে কম? ম্যাডাম ক' মিনিট পাবো? তিনি মিনিট? আচ্ছা। (এই সময় লালবাতি জ্বলে উঠে।) এরপরে কয় মিনিট পাবো? আমার ২৪ ছিল তো।

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লিজ, কনক্লুড করুন। Why are you disturbing ? Please. Do not disturb.

ড. সুখবিলাস বর্মা : না না না, আরে কে ছিল, ৩৪ বছরের ইতিহাস তো আমার দরকার নেই। আমরা এখন কি করব সেটা দেখুন না। শুনুন। আমাদের ট্রান্সপোর্টের ব্যাপারটা দেখুন স্যার। এদের Tax net-এর মধ্যে নিয়ে আসতে পারলে, আমরা কমপক্ষে চারগুণ, পাঁচগুণ, দশগুণ আমরা পেতে পারি। আমরা কি দেখবো না? আপনি দেখুন। ট্যাক্স নিয়ে স্যার, তবে একটা জিনিস আমি বুঝতে পারলাম না, অন্তত আপনি এটা করবেন আমি ভারতে পারিনি। সেটা হল,

ম্যাডাম ডেপুটি স্পীকার : Conclude করুন।

ড. সুখবিলাস বর্মা : ট্যাক্স করলে multiplier effect হয়? আপনি Keynsian multiplier effect-এর কথা বলেছেন, ট্যাক্স নিয়ে অনেক কচকচানি হয়েছে। সময় পেলে আজকেও আমি, ওই আপনি যতটুকু পেয়েছেন, আমি জানি আপনি সময় পেলে ওই শুধু liquidity trap-এ থাকতেন না, IS curve LN curve, কোথায় কোথায় কি হয়, আরো অনেক কিছু বলতে পারতেন। এটার সবকিছু বলতে পারতেন। কিন্তু স্যার, আমি একটা জিনিস বুঝলাম না,

ম্যাডাম ডেপুটি স্পীকার : Conclude করুন।

ডঃ সুখবিলাস বর্মা : দু' মিনিট দেবেন ম্যাডাম।

ম্যাডাম ডেপুটি স্পীকার : না। আপনার time is over. আপনার time is over.

ড. সুখবিলাস বর্মা : খুব important। আমি একটা জিনিস বুঝতে পারলাম না যে,

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী সুভাশিস বটব্যাল : মাননীয়া উপাধ্যক্ষ্যা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র মহাশয়, বিধানসভার এই পবিত্র কক্ষে যে The West Bengal Finance Bill, 2013, পেশ করেছেন তার সমর্থনে আমার প্রতিবেদন পেশ করছি। অর্থ মন্ত্রী পরিষ্কারভাবে দুটি বিষয়ের অবতারণা করেছেন। বিধানসভা কক্ষে অনেক বিরোধী সদস্য বলেছেন, অর্থ সংগ্রহের কোনো পথ নাকি তারা দেখতে পাচ্ছে না। সেই পথ তিনি যে সুনির্দিষ্টভাবে দেখিয়ে দিয়েছেন, সেগুলোই আমি এখন বিশ্লেষণ করবো। আমার পূর্ববর্তী বক্তা অর্থনীতির মানুষ। Ex-IAS Officer. এবং ফিনান্স ডিপার্টমেন্ট এর স্ট্যান্ডিং কমিটির সদস্য উনি। উনি বিভিন্ন দিকগুলি বিচার বিশ্লেষণ করছিলেন এবং সেইগুলি অর্থনৈতিক ও ফাইনান্স এর ব্যাপারে খুবই গুরুত্বপূর্ণ। সেখানে কথা বলতে বলতে গিয়ে সবটা গেলেন কিন্তু পথটা দেখতে পেলেন না। আমি কেবল সেই জায়গাটায় যাওয়ার যে পথটা আছে, কোথা থেকে রেভিনিউ, কোথা থেকে ট্যাক্সটা আসছে, কোন্ কোন্ প্রফেসানে ট্যাক্স চেয়ে কোথায় কোথায় কিভাবে আমাদের অর্থমন্ত্রী অর্থনীতির সূক্ষ্ম জায়গাগুলোকে, সেই ছিদ্রগুলোকে বুজিয়ে দিয়ে সেই জায়গাগুলোকে অর্থনীতির বিষয়ে ট্যাক্সের মাধ্যমে ঢুকিয়ে দিয়ে সেখান থেকে একটা মোটা ধরণের ট্যাক্স কালেকশান করবার যে পথ সেই পথটা তিনি সুস্পষ্ট করে দিয়েছেন, সেইটা আমি আলোচনা করবো। ১৯৭৯ সালে এই West Bengal State Tax on Profession, Trades, Calling and Employment Act 1979. এটা লেফট ফ্রন্ট আমলেই হয়েছে। কারণ এই সালটা হচ্ছে ১৯৭৯ সাল। সেই আইনকে রেখে revenue collection এর যে বিষয়গুলো তিনি প্রথমেই বলেছেন এক নম্বরে যে আমাদের রাজ্যে প্রচুর কোম্পানী আছে। তার প্রচুর শাখা, প্রশাখা-প্রচুর আছে। কিন্তু সব কোম্পানীর যে একটি মাত্র ইউনিট, তাকেই পার্সন ধরা হয়। তার যে ইউনিট শাখা প্রশাখাগুলি আছে, সেগুলি ইউনিট ধরা হয়নি। উনি অর্থমন্ত্রী যে শাখাগুলিকে এক একটা ইউনিট ধরলেন। অর্থাৎ হেড অফিস থেকেই ট্যাক্স দেওয়া হয়। তার হাজারটা, দশটা, বিশটা, পঞ্চাশটা তার শাখা আছে, কেবল একটা মাত্র ট্যাক্স এর জায়গা ছিল। সেইগুলোকে তিনি যতগুলি শাখা আছে, সেইগুলিকে এক একটা পার্সন, এক একটা ইউনিট ধরে তাকে ট্যাক্স ইমপোজ করলেন। সেইগুলো ট্যাক্স এর আওতায় আনলেন। অর্থাৎ একটা কোম্পানীকে যদি রেজিস্ট্রেশান করতে হয়, আড়াই হাজার টাকা যদি তার ফিজ্ হয়, তার হাজারটা শাখা থাকুক না কেন, কিন্তু তাকে আড়াই হাজার টাকাই দিতে হচ্ছিল। কিন্তু তার শাখাগুলো যদি দশ, বিশটা শাখা থাকে তাহলে তাকে কত দিতে হচ্ছে, প্রত্যেকটার জন্যে আড়াই হাজার টাকা করে ট্যাক্স দিতে হচ্ছে। তাকে সেই ট্যাক্স এর আওতায় আনা হল। সুতরাং ৮০ হাজার কোম্পানী আছে, তার মধ্যে ৪ থেকে ৫ হাজার মাত্র ট্যাক্স এর আওতায় আছে, প্রফেসানাল ট্যাক্স দেয়। ৪ থেকে ৫ হাজার। ৮০ হাজার কোম্পানী আছে। সুতরাং সুখ বিলাস বাবু এই ক্যালকুলেশানটা ম্যাথামেটিকালি যদি এরিথমেটিকভাবে করেন তাহলে দেখুন ৮০ হাজার থেকে মাত্র ৪/৫ হাজার ট্যাক্স দেয়। বাকি কত, প্রায় ৭০/৭২/৭৪ হাজার। তাদেরকে ট্যাক্স এর মধ্যে নিয়ে এলেন। আর কি, ঐ যে বললেন ই-মেল টিমেল এর মাধ্যমে জানিয়েছে, হ্যাঁ। ফাইনান্স ডিপার্টমেন্ট ই-মেল এর মাধ্যমে সব কোম্পানীকে এ্যালার্ট করে দিয়েছেন যে আমরা প্রফেসানাল ট্যাক্স এর মধ্যে আপনাদেরকে আনব। এবং প্রত্যেকটা ইউনিটকে আনব। সেটা আমার একজন চ্যার্টাড এ্যাকাউন্টেন্ট বন্ধুর সঙ্গে কথা বলছিলাম, ও বলল, আমি একটা ই-মেল পেয়েছি। আমি ই-মেল পেয়েছি এবং আমাদেরকে সতর্ক করে দেওয়া হয়েছে, আমাদের যে ক্লায়েন্ট আছে, সেই ক্লায়েন্টদের বলছি যে

তোমরাও সতর্ক থাক। কিন্তু কি বলা হয়েছে, তোমাদেরকে আনছি, তোমাদের দশ, বিশ বছর আগে কোম্পানী হয়েছে, তোমরা সেগুলোতে ট্যাক্স দাওনি, তোমাদেরকে আনা হয়নি। কিন্তু এখন আনছি। তোমরা সেটাও ট্যাক্স দেবে, আর যেগুলো পেন্ডিংদশ বছর, বিশ বছর সেগুলো দিতে হবে না। ভয় করার কোন কারণ নেই। তোমাদেরকে মাত্র দুই বছরের পেন্ডিং ট্যাক্স দিলে তোমরা রেগুলারাইজ হয়ে যাবে। এটা পথ নয়। এটা ভাল পথ নয়।

এটা ট্যাক্স কালেকশান-এর রাস্তা নয়? তাহলে যদি ৭৪ হাজার, ৭৫ হাজার কোম্পানী যদি আড়াই হাজার টাকা করে ট্যাক্স দেয়, আর সেই কোম্পানীগুলোর মিনিমাম দুটো করে ডাইরেক্টার থাকে, চারটে, পাঁচটা, ছয়টা, আটটা, দশটা করে ডাইরেক্টার থাকে, সেই ডাইরেক্টারদেরকেও দিতে হয়। তাদেরকে যদি ট্যাক্স এর মধ্যে আনা হয় তাহলে বলুন ট্যাক্স এর মাত্রাটা কোন জায়গায় গিয়ে পৌঁছাবে। কালেকশান এর পরিমাণটা কোন জায়গায় গিয়ে পৌঁছাবে। এখানে ফাঁকি দেওয়ার কোন ব্যাপার নেই। সুতরাং যে আইনটা আপনারা করে গেছেন, বামপন্থীরা সেই আইনের ফ্রেমের মধ্যে থেকে, কোন জায়গাটাকে হিট করলে কোন জায়গাটাকে বন্ধ করলে আরো বেশী পরিমাণ রেভিনিউ কালেকশান হবে সেটা আমাদের অর্থনীতিবিদ, আমাদের অর্থমন্ত্রী সেটা দেখিয়ে দিয়েছেন। সুতরাং এটা একটা বড় পথ। শুধু তাই নয়, যারা আন রেজিস্টার্ড এবং এনরোলমেন্ট এমপ্লয়ি আছেন তাদেরকে বলেছেন যে তোমাদেরকে রেজিস্টার্ড হতে হবে।

[2.30–2.40 p.m.]

এনরোলমেন্ট করতে হবে। নাহলে বলা হবে তোমরা ট্যাক্স দাওনি, ঠিক আছে তোমরা যখন ট্যাক্স দাওনি তখন তোমাদের সাত হাজার টাকা পর্যন্ত এক্‌জেম্পশান করা হচ্ছে। কিন্তু তোমাদের রেজিস্টার্ড করতে হবে। এই রেজিস্টার্ড করার তালিকাও করা হয়েছে। এতদিন পর্যন্ত তোমরা যে ট্যাক্স দাওনি তাতে কোনো অসুবিধা নেই, চিন্তা ভাবনা করার দরকার নেই, তোমরা মাত্র পেন্ডিং দু বছরের ট্যাক্স পে করবে। দু বছরের ট্যাক্সটা পে করে সেটা কালেকশান হচ্ছে, প্লাস যারা আনরেজিস্টার্ড, আনএনরোলড ছিলেন তাদেরকে প্রফেশনাল ট্যাক্সের মধ্যে আনা হচ্ছে। এখন প্রফেশনাল ট্যাক্সের এরিয়া কতটা বাড়ছে, ট্যাক্স পেয়িদের সংখ্যা কতটা বাড়ছে, সেটা তো সিম্পল এরিথমেটিকসের ব্যাপার। অর্থনীতির এই সমস্ত জায়গাগুলোর কোন্ জায়গায় ফাঁক থেকে যাচ্ছে, ফাঁক ফোকার বেরিয়ে যাচ্ছে, সেই জায়গাগুলোকে চিহ্নিত করে সেইখান থেকে রেভেনিউ আয় বাড়ানোর চেষ্টা করছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী। তিনি পরিষ্কার ভাষায় সেটা বলেছেন। আবার এক্‌জেম্পশানের কথা বলা হয়েছে। ভয় পাওয়ার কোনো ব্যাপার নেই। সেটাও তিনি দেখিয়ে দিয়েছেন। সুতরাং সর্বক্ষেত্রে একটা ব্যালেন্সের ব্যাপার। এই যে বললাম, ই-মেলের মধ্যে জানিয়ে দিলেন তোমরা রেডি থাকো, তোমাদের প্রফেশনাল ট্যাক্সের মধ্যে আসতে হবে। তখন তাদের কাছ থেকে এই ট্যাক্স নেওয়ার প্রিপারেশান তারা নিয়ে নিল। তাদেরকে পরিষ্কার ভাষায় বলা হচ্ছে তোমাদের দু বছরের ট্যাক্স দিতে হবে। কুড়ি বছর বা ত্রিশ বছর যে আসোনি তাতে কোনো অসুবিধা নেই। সুতরাং তাদের মাথায় বজ্রাঘাতও পড়লো না। ট্যাক্স দু বছরে যেটা হয় সেটা দিতেও তাদের কোনো অসুবিধা নেই। অর্থাৎ তারাও সুন্দরভাবে ট্যাক্সটা দিতে পারবে। সামনের প্রতি বছর তারা সেই জায়গায় ট্যাক্সের মাধ্যমে এসে গেলো। একটা মোটা পরিমাণ ট্যাক্স আদায়ের জায়গা তৈরি হয়ে গেল। তিন নম্বর, এই কর্মচারীদের অডিট করানোর ব্যাপারে একটা প্রভিশান তিনি রেখে

দিয়েছেন। যারা এলেন তাদের সংখ্যা অনেক পাওয়া যাবে। সেটা অবশ্য কমিশনার সিলেকশান বেসিসে ঠিক করবেন কোনখানে করা দরকার, কোনটা করা দরকার, কোনখানে করলে ঠিক হবে। সেই সিলেকশানটা ট্যাক্স কমিশনার করবেন। আবার রেজিস্টার্ড এমপ্লয়ার যারা এক বা একাধিক বছর ধরে ট্যাক্সের রিটার্ণ দাখিল করেননি, রেজিস্টার্ড হয়েছেন কিন্তু ট্যাক্স দেননি, ট্যাক্স দেওয়ার ক্ষেত্রে নানারকম মারপ্যাঁচ থাকার জন্য অনেক অসুবিধা ছিল। আমাদের অর্থমন্ত্রী তাঁর ই-গভর্ণ্যান্স বা বিভিন্ন পদ্ধতির মাধ্যমে ট্যাক্স প্রদানের ব্যবস্থাকে অনেক সহজ করে দিয়েছেন। অন লাইনের ব্যবস্থা করে দিয়েছেন। সুতরাং এই অবস্থা এই ট্যাক্স, রিটার্ণ ৩১শে মার্চ ১২ পর্যন্ত যারা দেননি তাদের সেটা দাখিল করার জন্য ২০১৪ সালের ৩১শে জানুয়ারি পর্যন্ত একটা সুযোগ দেওয়া হল। অর্থাৎ এই টাইমটার মধ্যে যারা রেজিস্টার্ড এমপ্লয়ার, যারা রিটার্ণ বা ট্যাক্স দেননি এবং যাদের অপরাধবোধে ভুগতে হচ্ছিল তারা ওই সুযোগটা নিয়ে ট্যাক্স পেমেন্ট করবেন। তারা নর্মাল এমপ্লয়ি হিসাবে পরিগণিত হবেন। সেখানেও আমাদের ট্যাক্সের পরিমাণ বেড়ে গেল। সেই পথটাও আমাদের অর্থমন্ত্রী করে দিয়েছেন। সুতরাং পথটা দেখতে পাচ্ছেন কিভাবে আদায় হয়, কিভাবে করা যায়, কিভাবে ট্যাক্স কালেকশান বাড়ানো যায়। কোনো রেজিস্টার্ড কোম্পানি তার পেনাল্টি দেওয়ার ক্ষেত্রে আগে কোম্পানিকে দায়ী করত। এখন তা হবে না। ঢালাও কোম্পানি, ঢালাও ভুয়ো কোম্পানি-সেই কোম্পানির নামে কেস হল। কি হল। কোনো কোনো ক্ষেত্রে বলা হয় এটা কোম্পানি করেছে। তার ডাইরেক্টার বলল আমি তো কেউ নই, ও কোম্পানি করেছে, কোম্পানির মাথায় যাবে। এখন উনি ওই ছিদ্রটাকে বন্ধ করে দিলেন। কোম্পানির যারা ডাইরেক্টার এবং কোম্পানির যারা কর্মচারী, যারা অধিকারিক এখন যদি সেই কোম্পানির কোনো পেনাল্টি লাগে তাহলে সেই পেনাল্টি ফাঁকি দিতে পারবে না। কোর্টে গেলেও যে সমস্ত দায়িত্বশীল অফিসার্স বা ডাইরেক্টার আছেন তাদের ঘাড়ে বর্তাবে, they will have to give penalty। সুতরাং কোর্টে তারা আর ছাড় পাবে না। এইরকম হাজার হাজার কোম্পানি আছে যারা ফাঁকি দিয়ে যাচ্ছে। সেই ব্যাপারে উনি কি করলেন-- না, কোম্পানি কোনো পরিচিত বিষয় নয়, কাগজ কলম নয়, যারা কোম্পানি তৈরি করেছেন, যারা লায়াবল আছেন, যারা লায়াবিলিটি নিয়েছেন, যারা কোম্পানি স্ট্যান্ড করলে ভোগ করতেন তাদেরকে লায়াবিলিটি নিতে হবে। সুতরাং আজকে অর্থমন্ত্রী সেইসমস্ত কোম্পানির ডাইরেক্টারদেরকে যুক্ত করে দিলেন যাতে কোম্পানির পেনাল্টিটা ছাড় না পায়। যাতে ফাঁকি না দেওয়া যায়। এই ব্যাবস্থাটা আমাদের অর্থমন্ত্রী করে দিয়েছেন। এটা ভালো দিক নয়? অর্থমন্ত্রী আরো যেসব বিষয় উল্লেখ করেছেন তার কিছু সুখবিলাসবাবু উল্লেখ করেছেন স্ট্যান্ডিং কমিটির মেম্বার হিসাবে। হ্যাঁ, স্ট্যান্ডিং কমিটি থেকে আমরা বিভিন্ন কমিশনারকে বিভিন্নভাবে প্রশ্ন করি। আমরা কম্পারেটিভ স্টাডি করি অন্যান্য রাজ্যের সঙ্গে। বক্তব্য রাখতে গিয়ে সুখবিলাসবাবু একটা কথা ভালোভাবে উল্লেখ করলেন। আমরা যখন ক্ষমতায় এসেছি সেইসময় আমরা যা ইনফ্রাস্ট্রাকচার পেয়েছি সেই ইনফ্রাস্ট্রাকচার অত্যন্ত দুর্বল।

আমাদের কর্মচারী নেই, একটা জিনিসকে ফ্রুটফুল করতে গেলে যে পরিমাণ কর্মচারীর দরকার হয় সেই পরিমাণ কর্মচারী নেই, প্রতি বছরেই ব্যাকলগ। সব ডিপার্টমেন্টেই ব্যাকলগ। তাহলে কাজ কি করে হবে? আবার কর্মচারী নিয়োগ করতে গেলে অনেক সময় লাগে। পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কর্মচারী নিয়োগ করতে গেলে অনেক সময় লেগে যায়। সুতরাং সেই জায়গাগুলো মীট আপ করা খুবই মুশকিল হয়। সুখবিলাস বাবু প্রফেশনাল ট্যাকসের ব্যাপারে এবং একসাইজ

ট্যাকসের ব্যাপারে বলেছেন। হ্যাঁ, আমরা একসাইজের ব্যাপারে কথাবার্তা বলেছি যখন এবং এখানে বিষমদে মানুষ মারা যায়, সেই সময় আমরা বলেছি, এই সমস্ত ফেক জায়গাতে যে সমস্ত মদ্যপরা মদ পান করেন, তারাতো রাতারাতি একেবারে সাধু হয়ে যাবেন না। তাদের নেশা কমতে পারে না। তাই আমরা বলেছিলাম, সেখান থেকে একটা চাহিদা, সেটা যদি গর্ভণমেন্ট থেকে চ্যানেলাইজ করতে পারি, তাহলে সরকার একটা পয়সা পাবে ও সরকারের লাভ হবে এবং বিষমদেও মানুষ মারা যাবে না। আমাদের কমিটির পক্ষ থেকে সেই সাজেশান আমরা মাননীয় অর্থমন্ত্রীর কাছে রেখেছিলাম। এখানে ছয়টি ডিস্ট্রিলারির প্ল্যান্ট যেটা আটকে ছিল সেটার অনুমতি দেওয়া হয়েছে। আমরা চেয়েছিলাম বিষমদে মৃত্যু যাতে বন্ধ করতে পারি এবং total demand in our domestic market সেই পথে যাতে আমরা চ্যানেলাইজ করতে পারি তাহলে গর্ভণমেন্টের রেভিনিউ আসবে। মাননীয় অর্থমন্ত্রী আমাদের বলেছিলেন, আপনাদের স্ট্যান্ডিং কমিটিতে বিভিন্ন রাজনৈতিক দলের সদস্যারা আছেন, আপনারা সেখানে বসে আলোচনা করে সিদ্ধান্ত নিয়ে আমাকে জানান, আমি সেটা আলোচনা করে সিদ্ধান্তের মধ্যে রাখব। অন্যান্য জায়গার ট্যাকসের তুলনায় আমাদের এখানে ট্যাকসের হার কম ছিল, সেই হার বাড়ানো হচ্ছে। আজকে ভ্যাটের উপরে ট্যাকস বাড়ানো হয়েছে। আবার কিছু কিছু জায়গায় রিলাকসেশান ও exemption দেওয়া হয়েছে। সেই সমস্ত সুযোগ-সুবিধাগুলো দেওয়ার ফলে যারা ক্ষুদ্র ব্যবসায়ী তারা উপকৃত হবেন। একটা compensatory variation করে, সমাজের বিভিন্ন জায়গাটাকে পরিপূরক করে সুস্থ সমাজ তৈরী করবার জন্য একটা ব্যালান্স বাজেট এবারে তৈরী করা হয়েছে। আজকে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে বিল এখানে introduce করেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : ম্যাডাম ডেপুটি স্পীকার, মাননীয় অর্থমন্ত্রী ড. অমিত মিত্র আমাদের এই পবিত্র সদনে ২০১২-১৩ সালের যে অর্থ বিল পেশ করেছেন তার উপরে কিছু কথা আমি বলতে চাই। ম্যাডাম, আমরা জানি, আমাদের রাজ্য বা ভারতবর্ষের যে কোন রাজ্য, সেই রাজ্যের সরকার তারা ভাবনা-চিন্তা করেন, রাজ্যের উন্নয়ন করতে গেলে কিছু কিছু সংযোজন সংশোধন করতে হয় এবং কিভাবে নিজস্ব আয়ের উৎস তৈরী আমরা করতে পারি সেটা আমরা সবাই জানি। কিন্তু আমাদের মাননীয় অর্থমন্ত্রী এখানে বাজেটের মধ্যে অনেক কথাই বলেছেন। যেটা উনি বলেছেন, গত বছরে তিন হাজার থেকে পাঁচ হাজার টাকা করা হয়েছিল, এবারে সেটা সাত হাজার টাকা করেছেন। এটা ঠিকই আছে।

[2.40–2.50 p.m.]

কিন্তু আরও বিভিন্ন জায়গাতে বলেছেন, এই যে পেট্রোল ডিজেল যেটা বলতে চেয়েছেন যে বৃদ্ধি হচ্ছে, সেটা সব জায়গাতেই ঘটবে। কিন্তু তার মধ্যে আপনি এই যে ঘুরিয়ে ফিরিয়ে যে কথাটা বলেছেন, আপনি যে বিলটা এনেছেন সবটা আমি হয়তো খুঁটিয়ে খুঁটিয়ে দেখতে পারি নি। কালকে দিয়েছেন তো সবটা মাথায় ঢোকেনি। তবুও আমি বলতে চাইছি আপনি যে কথাটা বলেছেন, এই যে পেট্রোল ডিজেলের দাম বাড়ছে। বাড়ার সঙ্গে সঙ্গে যে বেকার-যুবক ভাই বোনেদের বোঝা বেড়ে যাবে আপনি বলছেন। আর এটা আপনি বলতে চাইছেন না যে কেন্দ্রীয় সরকার থেকে যেটা আপনি পাচ্ছে, সেটা কিন্তু আপনি বলছেন না। যেটা বলতে চাইছেন যে আরও বৃদ্ধি করা যেতো,

সেটা কিন্তু আপনি বলেন নি। কারণ কথাটা হচ্ছে, যে, ওষুধ দোকান আমরা বিভিন্ন জায়গাতে খুলছি. কিছু ওষুধ আমরা সস্তা দামে পাচ্ছি। কিন্তু সব জায়গায় ওষুধ সস্তা দামে পাওয়া যাচ্ছে না। যেমন চাষীদের ক্ষেত্রে, সারের ক্ষেত্রে, আপনি বলেছেন, আমি আপনাকে বলবো যদি আপনি মনে করেন, যদিও বলা হচ্ছে, যে চাষীদের উৎপাদন নাকি খুব বেড়েছে আপনাদের আমলে। কিন্তু চাষীদের সারের দাম, সারের দাম যে লাফিয়ে লাফিয়ে বাড়ছে। সেটার ক্ষেত্রে কিন্তু আপনি একটাও কিছু করেন নি যে তাদেরকে সুযোগ সুবিধা দেওয়া......,

....(গোলমাল)...

ম্যাডাম ডেপুটি স্পিকার : প্লিজ উনাকে বলতে দিন। আপনি বলুন।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : আবার আমাদের অনেক ক্ষেত্রে আয় হতে পারে। আপনি ভাবুন এই যে শিল্প কারখানা হলে তো আমাদের ছেলেমেয়েরা তারা চাকরীতে ঢুকে যাবে, সেখান থেকেও কিন্তু আমাদের আয় হবে। আপনারা কি করছেন? কোম্পানী যারা আসছে তাদেরকে আপনারা তাড়িয়ে দিচ্ছেন। এটা আপনারা অস্বীকার করতে পারবেন? আপনারা তাড়াচ্ছেন,

.....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পিকার : উনাকে কেন ডিসটার্ব করছেন? লেট হার সে। কেউ ডিসটার্ব করবেন না।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : এটা তো স্বীকার করবেন, না স্বীকার করবেন না? এবং একটা ভাল জিনিস বলেছেন। এই যে সিগারেট, তামাকজাত বিভিন্ন দ্রব্য স্বাস্থ্যের পক্ষে ক্ষতি কারক। এটা খুব ভাল কথা, এটা আপনি ২০ থেকে ২৫ পার্সেন্ট বাড়িয়ে দিয়েছেন। ঠিক আছে। খুব ভাল কথা। তবে মা-মাটি সরকারের আমলে যেটা বলতে চাইছেন, এই যে আমাদের মাননীয় বিধায়ক বলছিলেন, মদটা - মদ আমরা জানি আমাদের আদিবাসীদের ক্ষেত্রে বলছি, আমাদের যেমন জন্ম-মৃত্যু দুই সময়েই লাগে। এই মা - মাটির সরকারের, বর্তমান সরকারের সে সময় বিভিন্ন জায়গাতে ব্যাঙের ছাতার মতো ভাটি গজিয়ে উঠছে। আমাদের যারা যুবক বা ছেলেমেয়েরা আছে তাদের শরীরের পক্ষে সিগারেট যেমন ক্ষতিকারক, চোলাই মদ এটাও কিন্তু যারা কম বয়সী ছেলেমেয়েরা আছে তাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতি কারক হচ্ছে। আমি আপনাকে বলবো এটা যদি আপনি একটু দেখেন, আপনি দেখুন এটার ক্ষেত্রে কিভাবে কি করা যায়। তারপরে আপনি এই 'কন্যাশ্রী'র বিষয়ে যেটা বলেছেন। আচ্ছা, আমাদের রাজ্যের মানুষ কি একদম কিছু বোঝে না? না আমরা বুঝিনা? আপনারা নিশ্চয় বোঝেন আপনারা 'কন্যাশ্রী' যোজনা যেটা করেছেন, এটা খুবই ভাল কথা। কিন্তু এটার ক্ষেত্রে তারা ৫০০ টাকা থেকে, ১৮ বৎসর পার হলে ২৫ হাজার টাকা পাবে। এইখানে আমার প্রশ্ন হচ্ছে এটা যারা পাবে, এখানে সঠিক ব্যাক্তি পাবে তো? না দলতন্ত্র হবে? এটা আমার মনে হচ্ছে। আর একটা বলেছেন, এই যে ক্লাবগুলোকে, ক্লাবগুলোকে যেখানে আপনারা বলছেন, এতে আমরা কোন আপত্তি করছি না, আমরা বলছি পাক। আমার পশ্চিমবাংলার, আমার রাজ্যের উন্নয়ন হোক আমরা সবাই চাইছি। আপনাদের মতো তো আমরা বিরোধিতা করি না। আমরা যেটা বলছি,

কিন্তু এই যে বিভিন্ন জায়গাতে, বিভিন্ন এলাকাতে কমিউনিটি এলাকাটা বাদ। আমরাম্য যে বামফ্রন্টের বিধায়ক, কেন জানিনা আমাদের বন্ধু কংগ্রেসের আছেন তাদের এলাকাতে হয় কিনা জানি না। এই যে ২৫ লক্ষ টাকা করে বা দুই লক্ষ টাকা করে দেওয়া হল বিভিন্ন ক্লাবগুলোকে — সেটা ধরা হল কি বিষয়টা। আর একটি কথা বলি, যেগুলোর কথা সুপারিশ করেছেন সেগুলোই বলছি। আমরা কিন্তু বিষয়টি পায়নি আপনারা বলেছেন, আমদানি-রপ্তানির বিষয়। বললে ভাল হত। (গোলমাল) কত টাকা আয় করেছেন সেই পরিষ্কার বলেননি, বললে ভাল হত। এই যে আপনারা মাঝে মাঝে বলেন ৩৪ বছর—আমাদের মাথায় উপর বোঝা চাপিয়ে গিয়েছে। এটা সকলেই জানে যে কোন রাজ্য, যে কোন সরকার যখন থাকে তখন নিজেদেরকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ঋণ নেবে, আবার ঋণ নেবে। কিন্তু কয়েক দিনের মধ্যে এত ঋণ পশ্চিমবাংলার মানুষের মাথায় এত ঋণের বোঝা চাপিয়েছেন ভবিষ্যতে কি হবে জানি না।

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লীজ ওনাকে বলতে দিন। উনি বলছেন, বিলটা ভাল করে পড়ে আসেননি।

শ্রীমতি দেবলীনা হেমব্রম : আমি বলছি, আপনারা শুনন না। ডিস্টার্ব করছেন কেন? আপনারা আমাদের রাজ্যের যাদের ভাল ভাল গাড়ি আছে তাদের থেকে অর্থ আদায় করতে পারতেন, তাহলে ভাল হত। আমাদের গ্রামগঞ্জের মানুষকে কিছু সুবিধা দিতে পারতেন, সেটা আপনি ঠিক মত করেননি। সেই একই কথা ঘুরিয়ে-ফিরিয়ে আমাদের বলছেন। আমি অঙ্ক বুঝি না, আপনি অঙ্ক বোঝেন আমাদের কিন্তু ঘুরিয়ে-ফিরিয়ে সেই একই জায়গা নিয়ে এসেছেন। এটা একটু বোঝার চেষ্টা করবেন, একই জায়গায় নিয়ে এসেছেন। আমাদের পশ্চিমবাংলার জঙ্গলমহল এলাকা বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর আমাদের এলাকার মানুষ নাকি এক সময় কিছু পেত না, ভাল ছিল না। এটা কি আপনারা ঠিক বলেছেন? আপনারা বুকে হাত দিয়ে বলছেন? এই যে ৩৪ বছর এত করেছিলাম, ৩৪ বছরের আগে যারা ছিলেন আপনারা তো সবাই মিলে ছিলেন, সেটা তো অস্বীকার করবেন। এখন এই যে আদিবাসী মানুষ গরিব মানুষদের জন্য দরদ এত উতলে উঠছে, এই যে শিক্ষার কথা বলছেন, শিক্ষায় নাকি আপনারা বলছেন অনেক কিছু করেছেন। আমাদের ছেলে-মেয়েরা পরীক্ষা দিচ্ছেন, অনেকগুলি স্কুল করেছেন। এইগুলোতে এর মধ্যে ছিল, তখন আপনারা করেননি, করলে অনেক এগিয়ে যেত, তখন বিষয় কিন্তু আপনারা বলেননি। আমরা বারবার একই কথা বলছি, আমরা সমর্থন করব ঠিকই, আমাদের পশ্চিমবাংলায় উন্নয়ন হোক, আমাদের সবার ভাই-বোনেরা সকলে এগিয়ে যাক আমরা সেটা সব সময় আমরা চাইব। কিন্তু আপনারা মাঝে মধ্যে দলতন্ত্র করে দিচ্ছেন তো, ওটাই একটা সমস্যা হয়ে যাচ্ছে। এটাই মাঝে মাঝে দলতন্ত্র পরিণত হয়ে যাচ্ছে।

[2.50–3.00 p.m.]

এই যে সাইকেলের কথাটা বলেছেন, যেন আকাশ থেকে আমরা পড়লাম। পশ্চিমবাংলার মানুষও তাই ভাবছে। তারাও ভাবছে যে আকাশ থেকে পড়লো, বাবা এ কি পরিবর্তন হলো, নতুন নতুন সব বলছে, প্রচার করছে। কিন্তু আসল কাজের কাজ কিছুই হচ্ছে না। এটাই হচ্ছে আমার বলার কথা। অর্থবিলের মধ্যে পার্থক্য সাধারণ ভাবে আয় ব্যয় এবং বিশেষ যে কোন বিলকে অর্থ সংক্রান্ত বিল বলা যায়। এই সম্পর্কে যে বিষয়গুলো উল্লেখ করা হয়েছে সেইগুলো ছাড়া অন্য

আরো বিষয় উল্লেখ থাকে সেই সমস্ত বিলকে অর্থ সংক্রান্ত বিল বলে। আমি বললাম নিজের রাজ্যে সুবিধার্থে বিলকে আমি দু-ভাগে ভাগ করে থাকি। অর্থ বিলে উল্লিখিত বিষয়গুলো ছাড়াও অন্য অন্য আর্থিক বিষয়ের কথা বলা থাকে। যেমন কর আদায়, কর ছাড় দেওয়া। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলবো এই যে ১০ লক্ষ চাকুরীর কথা বলেছেন সেই ব্যাপারে কালকে আমরা কিন্তু জিজ্ঞাসা করেছিলাম আপনাকে। আপনি ওটা এড়িয়ে গেছেন। আজকে আপনার কাছে আমি প্রস্তাব রাখছি এটা কিন্তু আপনি বলার সময় বলবেন। মাননীয় ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলবো যে আমাদের রাজ্যে অনেক সম্পদ আছে। যেমন আমাদের এই যে বালির খাদানগুলো, সেইগুলো ঠিকমতো হচ্ছে কিনা সেটা একটু দেখবেন। আমাদের এই যে পাথর, বিভিন্ন জায়গাতে প্রচুর আছে, সেখান থেকে কোন কিছু আদায় করা যায় কিনা এবং করা হচ্ছে কিনা বলার সময় বলবেন। আমাদের রাজ্যে যে বনজ সম্পদ আছে সেটাও ঠিকমত হচ্ছে কিনা দেখবেন। বাইরে তো চলে যাচ্ছে, সেইগুলো ঠিকমত হচ্ছে কিনা দেখবেন। এইগুলো আমি প্রস্তাব রাখছি। এটার থেকে তো আমাদের আয় হয়। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, এই যে বিউটিফুল ফিনান্স বিল মাননীয় অর্থমন্ত্রী এনেছেন সেই বিলটি, ওয়েষ্ট বেংগল এ্যাক্ট-৬, ১৯৭৯ এবং তার সংগে যুক্ত করেছেন এ্যাক্ট-৭, ২০০৩। যুক্ত করে বিলটি আনার আগেই উনি এই পবিত্র সদনে কতগুলো কথা বাজেট পেশ করার সময় ওনার অর্থ বাজেট এবং আর্থিক স্টেটমেন্টের সময় তিনি খুব স্পষ্ট করে বলেছিলেন যে, তিনি চেষ্টা করবেন এবং এ ছাড়া এই রাজ্যের কোন পথ নেই যে রেভিনিউটাকে আমাদের বাড়াতে হবে। এই রেভিনিউ বাড়াতে গেলে মানুষের মনে একটা বিশ্বাস জাগাতে হবে।

যে সরকার একটি রাজ্যে বা রাষ্ট্রে কল্যাণমূলক কাজ করে, সেই কল্যাণমূলক কাজ করার জন্য সকলকে, সব মানুষকেই এতে অংশগ্রহণ করতে হবে এবং এই অংশগ্রহণকারীদের মধ্যে বিশেষ করে যারা প্রফেশন্যাল ট্যাক্স দেন, ট্রেড বা বিভিন্ন ব্যবসা-বাণিজ্যের সঙ্গে যুক্ত যারা, কলিংস এমপ্লয়মেন্ট, এই সমস্ত জায়গায় যারা যুক্ত তাদেরকে একটা ট্যাক্স অডিটের মধ্যে নিয়ে আসা এবং ট্যাক্সের পদ্ধতিটাকে সরলীকরণ করা। ম্যাডাম, উনি এই ফিনান্স বিল ২০১৩ আনার সঙ্গে এই বিলের মাধ্যমে কতকগুলো মূল কথা এই সদনকে বলেছেন। বিলটাতে তিনি উল্লেখ করেছেন যে আমরা যদি এই পরিবর্তনটি এই আইনের মধ্যে না আনতে পারি তাহলে আমাদের ফেলে আসা দিনগুলোতে আমাদের যে অভিজ্ঞতা, ট্যাক্স আদায় করা, বিশেষ করে সেল ট্যাক্স, প্রভেশন্যাল ট্যাক্স, ভ্যাট যেখান থেকে মূল সরকারী রেভিন্যুউ আদায় হয়ে থাকে। তিনি এই দুটি ক্ষেত্রেই সব থেকে বেশী জোর দিয়েছেন। আরেকটা জোর দিয়েছেন ক্রয় এবং বিক্রিয় মধ্যে যে ব্যবসায়ী যুক্ত, তারা নিজেরা ইচ্ছা করে -অনেকেই আমরা মনে করি তারা ট্যাক্স দেন না - কিন্তু ট্যাক্সের মধ্যে ঢুকতে চান না। ট্যাক্সে এত বেশী জটিলতা রয়েছে সেই জটিলতার মধ্যে তারা প্রবেশ করতে চায় না। সঙ্গত কারণেই ট্যাক্স ইভেড করে। মাননীয় অর্থমন্ত্রী এখানে এটাকে সরলীকরণ করেছেন। বলেছেন ৫০ লক্ষ টাকা পর্যন্ত যারা বাণিজ্য করবেন, তার মধ্যে যারা থাকবে, তাদেরকে এই আইনের আওতায় রাখা হবে না। পরবর্তীকালে তিনি আরও বলেছেন এই আইনের মধ্যে যারা আসবে তাদেরকে তিনি সেলফ অডিট, তার যে বাণিজ্য, বাণিজ্য সম্বন্ধে ট্যাক্স দপ্তরকে যে রিপোর্ট দিতে হয়, যে দস্তাবেজ সাবমিট করতে হয়, অ্যাকাউন্ট সাবমিট করতে হয় এটাও তিনি অত্যন্ত বিশ্বাস অর্জন করার জন্য বাণিজ্য

মহলে, ব্যবসায়ী মহলে, কারবারী মহলের উপর অনেকটা নির্ভর করেছেন এবং নির্ভর করে তাদেরকে বলেছেন যে আপনি আপনার সেলফ অডিট দিন এবং তার ভিত্তিতে আপনি টাকা দিন। তিনি বলছেন যে এই আইনের প্রয়োগ শুধু সেখানেই হবে যেখানে তারা রিটার্ন সাবমিট করবেন না বা সাবমিট করেও প্রয়োজনীয় ট্যাক্স দেবেন না, সেই ক্ষেত্রেই সরকার এই আইনে তাকে হস্তক্ষেপ করবে। এই কথাগুলো বলে এই বিলটাকে নিয়ে এসে ডিটেলসে বিলে তিনি বলেছেন. বিলের স্টেটমেন্ট অফ্ অবজেক্ট, রিজনস সম্বন্ধে একবারে স্পষ্ট করে দিয়েছেন ক্লজ ১ থেকে শুরু করে ক্লজ ২-এর শেষ পর্যন্ত গিয়ে বিলটাকে ক্ল্যারিফাই করেছেন, জাস্টিফাই করেছেন। আমরা একমত এই আইনে যেখানে এই বিলটাকে প্রোপোস করেছেন সেগুলো করা একান্ত দরকার। যেটা সুখবিলাসবাবু বলেছেন আমাদের এই ভারতে যারা ট্যাক্স কালেকশান, রেভিন্যুউ কালেকশানে অগ্রণী ভূমিকায় রয়েছে তার কতকগুলো নাম আমিও বলছি। যেমন এই রাজ্যগুলো ট্যাক্স আদায় করতে পারলে তত বেশী রাজ্যের মানুষকে সেবা দিতে পারে। যেমন—অন্ধ্র রয়েছে, তামিলনাড়ু রয়েছে. গুজরাট রয়েছে. মহারাষ্ট্র রয়েছে, কর্ণাটক রয়েছে। আমরা পশ্চিমবাংলা কেন ভ্যাটে তার থেকে পিছিয়ে থাকব? সঙ্গত কারণেই লিমিটটা ছিল ১৫% পর্যন্ত ভারতবর্ষে এই ভ্যাটের আওতায় আনা যাবে। আমাদের মাননীয় মন্ত্রী প্রপোস করেছেন যে আমি ১৫% -এর মধ্যেই থাকব। এই দেশের সার্বিক যে আইন, তার বাইরে আমি যাব না। তাই তিনি ১% -এর মত সাহায্য সহযোগিতা নিয়েছেন। কেন? আপনারা জানেন যে ২০১০-১১-তে আমাদের যে রেভিন্যুউ ইনকাম এবং ২০১২-১৩-তে আমাদের যে রেভিন্যুউ ইনকাম, এখন এই বছর তিনি টার্গেট করেছেন ৩২ থাউজেন্ড ক্রোড়, তিনি টার্গেট করেছেন রেভিন্যুউ জেনারেশান।

[3.00–3.10 p.m.]

তো রেভিনিউটা আসবে কোথা থেকে? আসার জন্যে তিনি এটাকে একদিকে পাঁচ শতাংশ করেছেন, প্রফেশোনাল ট্যাক্স এন্ড আদারস, তিনি তার মধ্যে রিল্যাক্সসেশন দিয়েছেন, পাঁচ হাজার টাকা পর্যন্ত যেটা ছিল তিনি সেটাকে সাত হাজার টাকা করেছেন। এটা একটা আয় বৃদ্ধি করা, মানুষকে সুযোগ দিলে আয় অনুযায়ী যারা ট্যাক্স দেয়না তারা এগিয়ে আসবে। যারা ব্যবসায়ী বিক্রি করার জন্য পারচেস্ করে তারা অনেক সময় suppress করে। কারণ, এই জটিল অংশে তারা প্রবেশ করতে চায় না। আমি বলবো, মাননীয় অর্থমন্ত্রী এই জটিল অংশটাকে শুধু সিমপ্লিফাই করেছেন তা নয়, ভারতবর্ষের ভ্যাট নির্ধারণের যে পদ্ধতি রয়েছে সেই সম্পর্কে এই রাজ্য সরকারের হয়ে সাহস নিয়ে এখানে তিনি বলেছেন, ভ্যাট নির্ধারণের যে পদ্ধতি ভারতবর্ষে লাগু আছে তাতে এই পদ্ধতি এই রাজ্যে লাগু হবে না। এই যে সাহস তিনি দেখিয়েছেন আমি মনে করি, বাংলার ব্যবসায়িক সমাজ, বাংলার ট্রেডারস, বাংলার ট্রেড এবং ব্যবসার সঙ্গে যুক্ত সকল মানুষ এটাকে সম্মান দেবে। কারণ তিনি বলছেন যে, এই কঠিন যে আইন আছে, নির্ধারণের এই যে পদ্ধতি আছে সেটা এখানে লাগু থাকবে না, কি থাকবে? সেটা সম্পর্কে তিনি অত্যন্ত সহজ ও সরল ভাষায় বলেছেন এবং সেগুলো তিনি এখানে অ্যামেন্ডমেন্ট হিসাবে প্রপোজিশন করেছেন যে, এটা থাকবে। তারপরে আজকে যেখানে একটা পার্সন ছিল ক্লাব বলুন, সমস্ত সংস্থা যেগুলো স্যোসাল অর্গানাইজেশন আছে, ব্যবসায়িক সংগঠন আছে, ব্যাক্তি আছে - সেখানে তিনি সিমপ্লিফাই করে দিয়েছেন, যে যেখানেই থাকবে না কেন যারই এই রেজিস্ট্রেশন থাকবে এবং রেজিস্ট্রেশন পদ্ধতির মধ্যে যারাই প্রবেশ

করবে তাদের ক্ষেত্রে একটি সেপারেট পার্সন হিসাবে তাদের ট্রিট্ করে 5(C)-কে ঠিক এ ভাবে, এ ভাবে পরিবর্তন করে আমি নিয়ে আসবো। তাই আমি মনে করি যে, সেল্ফ-রিটার্ন পদ্ধতি যেটা ইন্ট্রোডিউস করতে যাচ্ছেন এই আইনের বলে এই পরিবর্তন, এই ফিনান্স বিলের মাধ্যমে আমি তাকে বলি, এটাতে আপনার অত্যন্ত সুফল পাবেন। আপনি ব্যবসায়ি জগতে, আপনি কর্মক্ষেত্রের মানুষগুলির সঙ্গে বিশ্বাস স্থাপন করতে চেষ্টা করেছেন। অনেক কিছুর পরিবর্তন মানুষ চায় যে, সহজে কি করে আমি আমার যে আয় সেই আয় থেকে আমার যদি সেলস ট্যাক্স দিতে হয়, আমার যদি প্রফেশোনাল ট্যাক্স দিতে হয়, আমাকে যদি ভ্যাট দিতে হয় তাহলে আমি প্রকৃত ডিক্লেরেশন দিতে চাই। সেই জন্য আপনি আগে একটা করেছেন যেটা শুরুতে আপনি বলেছেন ই-রেজিস্ট্রেশন, অন-লাইন রেজিস্ট্রেশন, অন-লাইন সাবমিশন অফ দ্যা রিটার্নস আপনি করে ডি-ম্যাট সিস্টেমকে আপনি ইন্ট্রোডিউস করেছেন। এটা আপনাকে এই দফতরকে অনেক সাহায্য করবে to reach, to tap the areas where you still could not tap for the tax collection. সেগুলোকে আপনি ট্যাপ করতে পারবেন। আমি শেষ কথায় আপনাকে ইনপুট ক্রেডিটের কথাও বলেছি। আমি একটা ছোট্ট কথা বলেই ম্যাডাম্ ডেপুটি স্পীকার শেষ করবো। দেখুন, এই যে ট্যাক্সের অর্বিটটা আপনি তৈরী করেছেন - এখানে প্রায়সই শোনা যায় যে, আমাদের যা লোকের দরকার যেখানে যেখানে এন্ট্রি ট্যাক্সের পয়েন্টে বলুন, সেল-ট্যাক্সের পয়েন্টে বলুন, আমাদের প্রফেশোনাল ট্যাক্সের পয়েন্টে বলুন, আপনার Assistant Commissioner, Commissioner, Additional Commissioner - there are many high-ups. কিন্তু, তলায় যারা যুক্ত অর্থ, এই বিত্তের সঙ্গে যুক্ত সেই ক্ষেত্রে আমার মনে হয় আপনাকে অনেক বেশী জোর দিতে হবে যাতে ট্যাক্স অর্বিটটাকে আপনি বাড়াতে পারেন। ট্যাপ করতে পারেন আরও মানুষকে এবং You can be tomorrow equal to other States like Maharashtra, Gujarat- এই স্টেটগুলির সঙ্গে আপনি এগোতে পারবেন, কর্ণাটকের সঙ্গে এগোতে পারবেন। আপনি অন্যান্য রাজ্যগুলির সঙ্গে এগোতে পারবেন। ধন্যবাদ, এটাকে সমর্থন করে সম্পূর্ণরূপে, এর বিরোধিতা করার কোনো জায়গা, আমার মনে হয় কারও নেই - আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রীমতী অপর্ণা সাহা : সম্মানীয়া উপধক্ষ্যা মহোদয়া, পশ্চিমবঙ্গ রাজ্য অর্থবিল ২০১৩ যেটা মাননীয় অর্থমন্ত্রী ড. মিত্র এনেছেন, ১৯৯৭ এবং ২০০৩ এর সংশোধিত বিল এনেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাই এই জন্য যে, তিনি রাজ্যকে পরিচালনা করবার জন্য আরও কিছু সংস্থান খুজে বের করবার চেষ্টা করেছেন।

পাশাপাশি উনি ব্যক্তিগত এবং সংস্থাগত ট্যাক্সের ক্ষেত্রের কথাও বলেছেন। ট্যাক্স যদি সঠিক সময়ে না দেয়, তাহলে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে যেমন কেস, জরিমানা ইত্যাদির কথা। সঠিক সময়ে ট্যাক্স পরিশোধ করে রিপোর্ট পাঠালে সেই ব্যক্তি বা সংস্থা ছাড় পাবেন নচেৎ ৩ মাস সময় দেবার পর ট্যাক্স কমিশন যা বুঝবেন তাই করবেন একথা বলেছেন। ব্যক্তি বা সংস্থাকে অডিট করার কথা এবং সময় মত রিটার্ন জমা দেওয়ার কথাও এই বিলে বলা হয়েছে। আমি জানি উন্নয়নের ধারাকে অব্যাহত রাখার জন্য সময় সময় কিছু আইন পরিবর্তন করে নতুন বিল আনার প্রয়োজন হয়। কিন্তু অবশ্যই দেখতে হবে তা যেন মানুষের স্বার্থের পরিপন্থী না হয়। এই বিলে বলা হয়েছে

২০০৩ সালে নির্ধারিত ট্যাক্স না দিতে পারলে তা ২০১৪-র জানুয়ারী মাসের মধ্যে অবশ্যই দিতে হবে। আমি এটা মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখবো ২০১৪ মার্চ পর্যন্ত সময়টা রাখা হোক। যেহেতু মার্চ মাসেই আমাদের বছর শেষ হয়। এই বিলে আরও বলা হয়েছে, যদি কোন ব্যক্তি বা সংস্থা সঠিক সময়ে ট্যাক্স পরিশোধ করেন তাহলে সেটা ফেরতযোগ্য নয়। কিন্তু কোন কারণে যদি বেশি দেওয়া হয় তাহলে সেটা ফেরত দেওয়ার ব্যবস্থা এই বিলে রাখার জন্য আবেদন রাখবো। এই বিলে আরো বলা আছে এক মাস ট্যাক্স দিতে না পারলে এক হাজার টাকা পর্যন্ত ফাইন করা হবে। তাহলে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য এক মাস না দিতে পারলে এক হাজার টাকা হয় তাহলে বারো মাসে কি বারো হাজার টাকা দিতে হবে? একটা কথা ভাবতে হবে, ব্যবসা তো ছোট, বড়, মাঝারি বিভিন্ন ধরনের হয়। আমি অনুরোধ করবো সামর্থ্যটা একটু দেখে নিয়ে এ বিষয়টা ভাবা দরকার। এই প্রসঙ্গে মনে পড়ছে আমাদের বর্তমান সরকার পৌষ পার্বন করলে নাকি রাজ্য সরকার ভালো থাকার স্বপ্ন দেখিয়েছেন রাজ্যবাসীকে। সরকারের সময় রাজ্যে বেকারদের কর্মসংস্থান হচ্ছে না, যে সরকারের সময়ে কৃষক ফসলের দাম না পেয়ে আত্মহত্যার পথ বেছে নিচ্ছে, যে সময়ে সরকারী কর্মচারীরা ধর্মঘট করার জন্য তাদের কান কেটে নেওয়া হচ্ছে, যে সরকারের সময় মা ধর্ষিতা হচ্ছেন, এগুলিকে সাজানো ঘটনা বলা হচ্ছে, পুরস্কার ঘোষিত হচ্ছে, এই মা-মাটি-মানুষের রাজ্যে মানুষ তো ভালো থাকবেই। রাজ্যবাসীর মা-বোনেদের ইজ্জতের মূল্য দিয়ে ছিনিমিনি খেললে মানুষ ভালো তো থাকবেই। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ এক হাজার টাকা জরিমানাটা ছোট বড় ব্যবসা দেখে নিয়েই করবেন। এই বিলটি গ্রহণযোগ্য হত যদি মাননীয় মন্ত্রী উৎপাদনশীল শ্রমদিবস সৃষ্টি করে নিজস্ব তহবিল বাড়ানোর কথা বেশি করে লিখতেন এবং সেখান থেকে মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বইয়ে যে বিষয়গুলি তুলে ধরতে পারেননি, যেমন পশ্চিমাঞ্চল উন্নয়ন পরিষদের কিছু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্যে কিছু ব্যয় বরাদ্দ আরো বাড়ানো, লোকশিল্পের কথা কিছু বাজেটে নেই, তাদের জন্য কিছু বরাদ্দ। এমনকি সরকারের বিবেককে জলাঞ্জলি দিয়ে যে বিবেক মেলার কথা বলা হয়েছিল সেই সম্মানিত মহাপুরুষের নামটি বিবেকানন্দ লেখাও যেত। এখানে হোর্ডিং দিতেই তো অনেকটা জায়গা লেগে গেছে। যার ফলে হয়তো সম্মানীয় মহাপুরুষের নামটি ছোট করেই লিখতে হয়েছে। নাম পরিবর্তনের সরকারের বাজেটে আরো একটি বিষয় ধোঁয়াশায় রয়েছি। বাজেটের ২৭ নম্বর পৃষ্ঠার শেষের দিকে বলা হয়েছে স্বামী বিবেকানন্দের জন্ম শার্ধ শতবর্ষে তার স্মৃতির উদ্দেশ্যে পূর্বতন বি.এস. কে.পি. প্রকল্পটির নতুনভাবে নামকরণ করা হয়েছে কারণ স্বামীজী সবসময় স্বনির্ভরতার কথা বলতেন। এখানে বি.এস.কে.পি.র নতুন নামটি কি তা জানা দরকার। আমরা জানতে পারিনি, কারণ যদিও জানতে পারতাম মেলাটেলায় নিমতন্ন পেলে, সেখানেও তো বিরোধীদলের এম.এল. এ.দের জানানো হয়নি। মৎস্য, প্রাণীসম্পদের বাজেটে দুধ, ডিমের কথা মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন। এখানে এই বিলের মাধ্যমে যদি নিজস্ব ফান্ড থেকে প্রাণীজাত উপকরণ হিসেবে দুধ ডিমের উল্লেখ করেছেন। কিন্তু ডিম থেকে চারা মাছ তৈরির কোন পরিকল্পনার কথা এই বিলে রাখেননি।

[3.10–3.20 p.m.]

"জল ধরো, জল ভরো" পরিকল্পনাতে যা কেন্দ্রীয় সরকারের টাকায় রূপায়িত সেখানে

রাজ্য সরকারের নিজস্ব তহবিল থেকে যদি মৎস্যজীবীদের জন্য ডিম ফুটিয়ে চারা মাছ তৈরি করার পরিকল্পনা করতো মনে হয় ভাল হত। সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের ২ টাকা কে. জি. দরে চাল দেওয়ার কথা বলা আছে কিন্তু মাননীয় অর্থমন্ত্রী সিঙ্গুরে বি.পি.এল.-দের দু টাকা কেজি দরে চাল দেওয়ার কথাই উল্লেখ করেছেন। আমার প্রশ্ন, সিঙ্গুরে সব অনিচ্ছুক কৃষকরাই তো বি.পি.এল. নয়। সকলকে চাল দেওয়া হোক তা আমরাও চাই কিন্তু তার জন্য বরাদ্দ তো লাগবে সেটাও এখান থেকে করা যেত যদি বি.পি.এল. তালিকা একটু সংশোধিত হত। দু বছর ধরে শুধু সংশোধন হবে, হচ্ছে এটাই শুনছি। মাননীয় অর্থমন্ত্রী কিষাণ ক্রেডিট কার্ড ২০১২-১৩ সালে ১০ লাখ দেওয়ার কথা বলেছেন, এখানে হিসাবও দেখিয়েছেন। বিগত দুই বছরে ১৪.৫ লক্ষ দেওয়া হয়েছে এই কথা উল্লেখ করেছেন। আমি জানি, ২০০৭ সাল থেকে কিষান ক্রেডিট কার্ড বা কে.সি.সি. লোন দেওয়া চালু হয়েছে। তাই বিগত দু বছর বলতে হিসাবটা ঠিক পরিষ্কার নয়। মাননীয় মন্ত্রী স্বাস্থ্য জেলা গঠনের কথা উল্লেখ করেছেন। যে স্বাস্থ্যকেন্দ্রগুলি আছে সেখানে সর্বত্র ডাক্তার নেই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং স্বাস্থ্য প্রতিমন্ত্রী মহিলা হলেও স্বাস্থ্য কেন্দ্রে মহিলাদের নিরাপত্তা নেই। স্বাস্থ্য, শিক্ষা সকলেরই অধিকার। সেখানে সর্বত্র ডাক্তারের ব্যবস্থা না করা গেলেও - আবার পরিবর্তনের জামানায় জেলা নিয়েও দেখছি দ্বি-চারিতা। কোথায় কোথায় স্বাস্থ্য জেলা হবে, যেখানে সর্বত্রই ডাক্তারের প্রয়োজন সেই ডাক্তারই না দেওয়া গেলে কয়েকটি জেলাকে স্বাস্থ্য জেলা করার প্রয়োজনীয়তা বুঝতে পারি না। ১৫ পাতায় মাননীয় মন্ত্রী উল্লেখ করেছেন, ৪৯৪টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক ও ৬২টি জুনিয়ার হাইস্কুলকে মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে এবং আরো ৫০০টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হবে - এতো খুব ভাল কথা। পরোক্ষভাবে হলেও বিগত সরকারের সাফল্যের ফল এটা। তাই আপনারা গান দিয়ে শুরু করেন তো তাই গানের লাইনটা মনে পড়ে যাচ্ছে, "তুমি সুন্দর তাই চেয়ে থাকি মোর।" তাই ৩৪ বছরকে আপনাদের চেয়ে থাকতেই হচ্ছে। পরিশেষে এই কথা বলতেই হয়, এই বিলটি এবং বাজেটে দেখলাম সেটা হচ্ছে একই মানুষ ভূমিষ্ঠ হওয়ার পূর্ব থেকে সেবা, শুশ্রূষা করে অন্ন, বস্ত্র, বাসস্থানের ব্যবস্থা করে তেল, সাবান মাখিয়ে পরিষ্কার করে দিয়েছিল আগের সরকার। আর বর্তমান সরকার শুধু চুলটা আঁচড়ে দিয়ে বলছে, "আহা কি সুন্দর।" তাই মাননীয় মন্ত্রীকে জানাতে চাই, গত বাজেটে দেশলাই এবং ঘুড়ির কাঠির দাম কমিয়ে সাধারণ মানুষকে পরিবর্তনের চমক দিলেও এবারে ১% ভ্যাট বাড়িয়ে রাজ্যের আয় হবে এই কথা ঠিক কিন্তু সাধারণ মানুষের জীবন সংকটময় হয়ে উঠবে। বিলে বা বাজেটে বেশ কিছু বিষয় উল্লেখ নেই যা সরকার মেলা এবং খেলায় খরচ করেছেন। বর্তমান সরকার স্বচ্ছতার কথা মুখে বলেছেন বার বার তাই কোন বিষয় বাজেটে বা বিলে উল্লেখ না থাকলে কতটা স্বচ্ছতা থাকে তা নিয়ে আমাদের সন্দেহ আছে। রাজ্যবাসীর উন্নয়নের দিকে তাকিয়ে এই বিল গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখবো, সকলকে ধন্যবাদ।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, Bill No. 12 of 2013, The West Bengal finance Bill. 2013' to amend the West Bengal State Tex on Professions, Trades, Callings and Employment Act, 1979, and the West Bengal Value Added Tax Act, 2003. একে আমি সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য উপস্থাপিত করছি।

এই বিলটিতে দুটি মেজর প্রভিশান এ্যামেন্ডমেন্টের ব্যবস্থা করা হয়েছে এবং ৩১টি সাব ক্লজের মাধ্যমে দুটি প্রফেশন্যাল ট্যাক্স এবং ভ্যাটে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। মূল বিষয়বস্তুতে যাওয়ার আগে আমার রামায়ণের একটি কথা মনে পড়ছিল। বিশেষ করে আমাদের সম্মানীয় কংগ্রেস বিধায়ক সুখবিলাস বর্মার কালকের এবং আজকের বক্তৃতা শুনে। কালকে তিনি মাননীয়া অর্থমন্ত্রীর দিকে তাকিয়ে বলছিলেন— কোথায় ই-গভর্ন্যান্স? সব টাকাটা পেট্রোল থেকে আসছে, সব টাকাটা আসছে এন্ট্রি ট্যাক্স থেকে। ই-গভর্ন্যান্স কোথায়? তাঁর দাবী ই-গভর্ন্যান্সের অস্তিত্বই তিনি দেখতে পাচ্ছিলেন না। আর আজকে তিনি যা বললেন সম্পূর্ণ উল্টো কথা। তখন আমি ভাবছিলাম 'একি কথা শুনি আমি মন্থরার মুখে'। তিনি বললেন প্রফেশনাল ট্যাক্সের মধ্যে সবাইকে আনা যায়নি। মেকানাইজেশান, অটোমেশান, আই.এম.এস, ই-মেল, ই-গভর্ন্যান্স, নেট - সবগুলো তিনি বলে গেলেন। যেগুলো কালকে সবটাই তিনি ডিনাই করে গেছিলেন, আপনারা নিজেরাই বুঝেছেন। আমি বুঝতে পারছি না সুখবিলাসবাবুর সুখটা কালকে বিঘ্নিত ছিল কিনা। আজকে বেশ ঠান্ডা মাথায় তিনি বিত্তমন্ত্রীকে ই-গভর্ন্যান্সের পক্ষে অত্যন্ত জরুরী এবং পরিধিকে বাড়াতে, ইনক্লুশান বাড়াতে, ট্যাক্স যে দাতা তাদের বাড়াতে সম্পূর্ণ আর্গুমেন্ট করে গেলেন। মাননীয় বিত্তমন্ত্রী যে বিলটি এনেছেন, আমি আগেই বলেছি দুটি মেজর ক্লজ এবং তার যে বাজেট বক্তৃতায় যে ট্যাক্স নীতি, তিনি স্বচ্ছতা আনবেন, সরল করবেন, স্পষ্টীকৃত করবেন, অনেককে তার মধ্যে আগ্রহী করবেন এবং কর ফাঁকি রোধ করবেন—এই যে পাঁচ-ছয়টি তার যে মূল আদর্শগত ভিত্তি, সেগুলোর সবটাই তিনি মাথায় রেখে করেছেন। যেমন তিনি ফার্স্ট প্রভিশোতে দিচ্ছেন যে expression of "person", means so that every branch or office of a firm, company, etc. shall be deemed to be a person. যেটা আগে মূল আইনে ছিল না। মূল আইনে কি ছিল? মূল আইনে যেটা ছিল যে শুধুমাত্র firm and company club or association so engaged"। সেটা আপনি পরিধিকে বিস্তৃত করেছেন। যে শুধু ক্লাব আর এ্যাসোসিয়েট না, club or association, or a branch or office of such firm, company, corporation or other corporate body, any society, club or association, so engaged". এটা করেছেন আপনি, যাতে পরিধিটাকে বাড়ানো যায়। যাতে অনেককে ইনক্লুড করা যায়। দ্বিতীয় আপনার উদ্দেশ্য হচ্ছে- কর ফাঁকিটাতে যাতে রোধ করা যায়। তৃতীয় উদ্দেশ্য হচ্ছে আপনার যাতে এই করদাতাদের মধ্যে আগ্রহ সৃষ্টি করা যায়। তিনটি উদ্দেশ্য নিয়ে আপনি এ্যামেন্ডমেন্টটি এনেছেন। আপনি দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট এনেছেন to introduce a special provision for registration and enrolment of an un-registered employer and un-enrolled person, respectively, within the 31st January, 2014. অর্থাৎ আপনি রিলাক্স দিয়ে করদানের পরিক্ষেত্রকে বাড়িয়ে দিয়েছেন যাতে যারা এর মধ্যে P. Tax দেয়নি বা দিতে পারেনি ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত হোক, যারা ফেল করেছে, তাদের আপনি লাইফ দিয়ে দিলেন। তাদের পেনাল্টি হবে না। কিন্তু এখানে আপনি ক্লজে সংস্থান রেখেছেন যে যাদের অলরেডি প্রসিডিংস স্টার্ট হয়ে গেছে বা যারা নোটিস পেয়ে গেছে সেগুলো কিন্তু আপনার এই যে টাইম বাড়িয়েছেন, এই আওতায় আসবে না। এই দুটিকে আপনি বাইরে রেখেছেন। তিন নম্বর প্রভিশান আপনি করেছেন to introduce a provision so that a registered employer who has not furnished return for one or more periods

ending on the 31 st day of March, 2012 may furnish the pending returns for the periods for the last two years within the 31st January, 2014.

[3.20–3.30 p.m]

এটাও আপনি রিলিফ দিতে চেয়েছেন যারা দেননি তাদের জন্য এবং সেলস ট্যাক্সটা বিশেষ করে। এটা খুব ভাল করেছেন এই জন্যই এতে department-এর corruption রোধ করা যাবে। দেখা যায় যারা hotel industry-র সঙ্গে থাকে তাছাড়া অন্যান্য ম্যানফ্যাক্চারিং industry-তে থাকে ফাইলগুলিকে অহেতুক ঝুলিয়ে রাখে ডিপার্টমেন্ট, হ্যারাসমেন্ট দেওয়ার জন্য। এগুলি সবটাকে আপনি নিবৃত্ত করে আপনি রিলিফও যেমন দিয়েছেন, তেমনি সেলস ট্যাক্সের ক্ষেত্রে আপনি টাইম করে দিয়েছেন যে, তিন মাসের মধ্যে dispose off করতে হবে। অহেতুক ফেলে রাখা চলবে না, জড়াড়ো চলবে না এবং accountability অফ officer-দের ফিক্সড করেছেন-যেটা accountability fix করার দরকার ছিল। বছরের পর বছর ফাইল ফেলে রাখবে তা হবে না। শুধু তাই নয়, ১০ বছরের আগের ফাইল হবে না—আপনি বলেছেন ৪ বছরের মধ্যে তুমি তোমার যে audit বা তোমার যে পর্যবেক্ষণ সেটা চার বছরের মধ্যে সীমাবদ্ধ থাকবে। তুমি বেশি দূর যেতে পারবে না। ফাইল নিয়ে তুমি তাকে তিন মাসের মধ্যে dispose-off করবে। তুমি opportunity of being heard তাকে দেবে, তাকে তোমার সীদ্ধান্ত শোনাবে, সিদ্ধান্ত শুনিয়ে তুমি তোমার ফাইলটা পাঠাবে। এরপরে আপনি সরকারের হাতেও ক্ষমতা রেখেছেন। যদি relaxation বা waive প্রিভিশান থাকে তাহলে সরকার সেটা নিতে পারবে। সরকারের ক্ষমতা আছে (1)(h) এ To substitute the provisions relating to exemption so that the Government through notification may exempt to reduce the rate of tax payable by any class of person-এ ক্ষমতা আপনি রেখেছেন। আবার ব্যক্তির ক্ষেত্রে To exempt salary and wage earners form profession tax whose monthly salary or wages does not exceed reupees seven thousand এবং আরো একটা ভাল জিনিস আপনি করেছেন যে এমপ্লয়ার যে টাকা কেটে নেবে ২,০০০ টাকার বেশি টাকা কাটা চলবে না অ্যানুয়ালি। It is very good. এর মধ্যে অর্থনীতি যেমন আছে তেমনি মানবতা আছে। Harden rule যেটা একজন চাকরিজীবির পক্ষে খুব কষ্ট হয়, সেই পথ দিয়ে আপনি যান নি। সুতরাং as regards propessional tax আপনার যেটা রিলিফ দেওয়ার দরকার সেটা দিয়েছেন এবং সঙ্গে সঙ্গে penalty-র বন্দোবস্ত রেখেছেন। যারা সৎ, যারা ভাল তাদের পক্ষে আপনি ভাল। আবার যারা অসৎ, তাদের পক্ষে আপনি ভয়ঙ্কর। তারা penalty পাবে, তার বন্দোবস্ত আপনি রেখেছেন। এইজন্য এই মডিফিকেশানটি খুব সুন্দর হয়েছে। আপনি বাজেট বক্তৃতায় যা বলেছিলেন আমি Tax বাড়াব না, করের পরিধি সর্বত্রগামী করব না। কিন্তু যেটুকু করব সেটুকু পরিচ্ছন্ন করব। আমি সেইজন্য আপনার provision no.1 কে সমর্থন করছি এবং প্র্যাকটিকালি বিরোধীরাও সমর্থন করেছে। এই ট্যাক্সের amendment-র বিরুদ্ধে এই পর্যন্ত যারা বলেছেন তারা বিপক্ষে নির্দিষ্টভাবে একটি কথাও বলেন নি। আপনি Provison 2তে আসুন। To modify the exoressions "net tax" and "output tax" এবং এখানে আপনি

খুব সুন্দর একটি প্রস্তাব দিয়েছেন—(b) To amend the provisions relating to Bureau of Investigation for creation of more than one operational unit and also for placing more than one Special Commissioner of Additional Commissioner as Special Officer there. এটা আপনার নতুন চিন্তা, একে আমি ধন্যবাদ জানাই। তারপর এনেছেন To modify the provision of contingent liability ot pay tax on purchase so that a registered dealer paying tax at compounded rate under any of the subsctions of section 16 or sub-section (4) of section 18 are - 'are exempted from such tax' সুতরাং If his turnover of sales or contractual transfer price, as the case may be, is not more than repees fifty lakh. ৫০ লক্ষ টাকার মধ্যে থাকলে আপনি তাদের এই exemptionটি দিয়ে গেলেন। To modify the provision relating to a reseller dealer paying tax at compounded rate under sub-section (3) of section 16 so that (i) he may opt to pay tax at a fixed amount instead of a certain percentage on turnover of sales ; (ii) if he opts to pay tax under the scheme for a year or part of a year then he connot again opt out of it during the sume year or part of a year. এই অপশানটি আপনি ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য দিয়ে গেলেন। ইট ইজ দেয়ার চয়েজ—তারা যা খুশি নিতে পারে। এইভাবে আস্তে-আস্তে এবং আপনি বলছেন যদি কখনও কমিশনারের মনে হয় অথবা কমিশনার কোন ইনফরমেশান পান, অথবা কোন ডকুমেন্ট পান যে, লোক সেল্ফ অ্যাসেসমেন্ট করে দিয়েছে, সেই অ্যাসেসমেন্টটা ঠিক দেয়নি কোরাপশান ইজ দেয়ার, সে অ্যাসেসমেন্টটাকে সাপ্রেস করেছে, সেখানে আপনি অডিট করার বন্দোবস্ত করেছেন, ইন্সপেকশান করার বন্দোবস্ত করেছেন। এই অডিট এবং ইন্সপেকশান করে হিয়ারিং নিয়ে রিঅ্যাসেসমেন্ট করা ট্যাক্স অ্যামাউন্টকে প্রভিশানে রেখেছেন। সুতরাং এটা যে একদম আলগা ভাবা হচ্ছিল, একটা লাগামছাড়া ভাব, তাও আপনি করেননি, প্রভিশান রেখেছেন। আপনার আর একটা ভাল সাইড হচ্ছে এই অ্যামেন্ডমেন্টের যে — অডিটেড ব্যালেন্সসিট এবং টার্নওভার। অডিটেড ব্যালেন্সসিট বাধ্যতামূলক ছিল তিন কোটি টাকা টার্নওভার হলে তার উপর। ৩ কোটি টাকা টার্নওভার বা তারও বেশি, তাদের অডিটেড ব্যালেন্সসিট দিতে হত। আপনি ৩ কোটি টাকায় ৫ কোটি টাকায় বাড়িয়ে দিয়েছেন - এটা ভাল। আপনার আর একটা অ্যামেন্ডমেন্টের ভাল দিক আছে —ইনপুট ট্যাক্স ক্রেডিট। সেটা আগে বাধ্যতামূলক ছিল বুক্স অফ অ্যাকাউন্টসটা মেনটেন করতে হবে। রেজিস্টার মেনটেন করতে হবে, তা না হলে পেনাল্টি হয়ে যাবে। কিন্তু ইনপুট ট্যাক্স ফেরৎ পাবে না, ইনপুট ট্যাক্স ক্রেডিটেড হবে না। কিন্তু এখানে কি এনেছেন? যে ইনপুট ট্যাক্স ক্রেডিট পাওয়ার জন্য রেজিস্টার অথবা বুক্স অফ অ্যাকাউন্ট মেনটেন করা বাধ্যতামূলক নয়। ডিডাকশান অফ ট্যাক্স অ্যাট সোর্স এটাও আপনি একটা ভাল গুরুত্বপূর্ণ পরিবর্তন এনেছেন। অর্থাৎ এটাকে আমরা ট্যাক্স ডিডাকশান এ্যাট সোর্স বলি। অর্থাৎ কোম্পানীগুলোতে তার মালিকরা, এমপ্লয়াররা ডিডাকশান অ্যাট সোর্স করে। প্রাইভেট কোম্পানীতে ডিডাকশান অ্যাট সোর্স করে। কলেজ, ইন্সটিটিউশান—এগুলোতে তাদের এমপ্লয়াররা ডিডাকশান

অ্যাট সোর্স করে—সেগুলোতেও আপনি এমপ্লয়ারকে গুরুত্ব দিয়েছেন এবং শেষ যেটা আপনি এনেছেন যে, রিভিউ করার স্কোপও আপনি রেখে দিয়েছেন। সুতরাং এটি একটি ওয়েল ডিসিপ্লিন্ড, ওয়েল ব্যালেন্সড, ওয়েল সিমপ্লিফায়েড একটা অ্যামেন্ডমেন্ট। তাই এটিকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। ধন্যবাদ ম্যাডাম।

ড: অমিত মিত্র : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি আজ শুনে খুব খুশি হলাম যে, ড. সুখবিলাস বর্মা সাহেব আজকে কয়েকটা গুরুত্বপূর্ণ ব্যক্তব্য রাখলেন। কালকে গান শুনে খুশি হয়েছিলাম, আজকে ওনার বক্তব্য শুনে আরো খুশি হলাম। প্রফেশানাল ট্যাক্স-এর কথা বলেছেন ড. সাহেব। আমি বাধিত যে উনি সাধুবাদ দিয়েছেন প্রফেশানাল ট্যাক্স-এর ক্ষেত্রে। এই প্রথম অ্যাসেসমেন্ট প্রফেশানাল ট্যাক্স-এর ক্ষেত্রে আমরা সরিয়ে দিলাম এবং অ্যামনেস্টি আমি ওনাকে মনে করিয়ে দেব যে, অ্যামনেস্টিটা প্রফেশানাল ট্যাক্সে এই প্রথম ম্যাডাম। ওনার যে সেটাকে ভাল লেগেছে সেটা আমার শুনে খুবই ভাল লেগেছে। আমরা এইভাবেই এগিয়ে যাব সততা এবং স্বচ্ছতার মাধ্যমে। উনি এটাও বলেছেন যে, ভ্যাটের রেট অল্প করে বাড়ানোর যে প্রস্তাব এই সরকার রেখেছেন, তাকে উনি সমর্থন করেছেন — সেটাও শুনে ভাল লাগল। রেজিস্ট্রেশান দ্বিতীয়, কমপ্লায়েন্স বাড়ানো এবং ট্যাক্স বেস বাড়ানোর প্রচেষ্টা এই যে ম্যাসিভ রিফর্মের মাধ্যমে আমরা এগিয়েছি সে সম্বন্ধে উনি বলেছেন। আমি তার একটা উদাহরণ দিতে চাই যেটা আগে বলিনি — আর্থিক সংস্কার ভিত্তিক ১৬টি কনডিশান হয় এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক-এশিয়া মহাদেশের ব্যাংক, তারা যখন কোন সফট লোন দেয় তখন ১৬টা সংস্কারের মাধ্যমে কনডিশান তারা করে। শুনে খুশি হবেন ম্যাডাম, সে সংস্কার যেটা পশ্চিমবঙ্গ করেছে ট্যাক্স রিফর্ম, তার মাধ্যমে ১৬টি কনডিশানই পশ্চিমবঙ্গ শুধু মিট করেনি, এই দু বছরের কম সময়ের মধ্যে ১৮টি কনডিশান রিফর্মডেড। শুধু রিফর্মড মিট করার জন্য তারা ২ হাজার কোটি টাকার সফট লোন দিয়েছেন।

[3.30–3.40 p.m.]

এবং সেই সফ্‌ট লোন খরচা হবে স্বাস্থ্য, শিক্ষা ও পরিকাঠামোতে। এটা একটা উদাহরণ যেটা আমি ড. বর্মা কে বলব। উনি বলেছেন যে আমরা রিফর্ম করছি, তার একটা জ্বলন্ত উদাহরণ যে এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্ক, যেটা আমাদের এশিয়ারই ব্যাঙ্ক, যার জাপানই চেয়ারম্যান, ভারতবর্ষ তাতে বিরাট রোল প্লে করে এবং এশিয়া মহাদেশের ব্যাঙ্ক, তারা যখন টাকা দিতে এগিয়ে এসেছে, সফ্‌ট লোন, যে সফ্‌ট লোনের তিন বছর ইন্টারেস্ট দিতে হয় না। তারমানে আমরা যে পরিবর্তন আনছি তারসঙ্গে আমাদের এশিয়া মহাদেশেরই ভাই-বোনেরা আমাদের সঙ্গে আছেন। এটাও শুনে খুশি হবেন ড. বর্মা। এটা শুনেও খুশি হবেন যে সাধারণত এশিয়ান ডেভলাপমেন্ট ব্যাঙ্কে আপনি জানেন, আপনার অনেক এক্সপিরিয়ান্স, বোর্ডে ভোটিং হয়। কেননা বিভিন্ন দেশের বিভিন্ন ইন্টারেস্ট আছে এশিয়ার মধ্যে। এই একটা কেসে board unanimously pass করে দিল পশ্চিমবঙ্গকে সফ্‌ট লোন দেওয়ার জন্যে, তার কারণ radical reforms আমরা যেটা এনেছি। উনি registration, mutation এর জন্য বলেছেন। আমি একটা উদাহরণ স্বরূপ আমার বক্তব্যে বলেছিলাম হাওড়া জেলাতে আমরা একটা pilot project হিসেবে registration যেই করবেন সঙ্গে সঙ্গে automatic mutation এর একটা বিরাট প্রকল্প নিয়েছি computer driver

and software driven, যেটা এখন কমপ্লিশানে পৌঁছে গেছে। এই পাইলট প্রোজেক্ট করতে গিয়ে যা শিক্ষা আমরা পেয়েছি, সেই শিক্ষার মাধ্যমে এই পাইলট প্রোজেক্ট পশ্চিমবঙ্গের বাকি সমস্ত জেলায় আমরা ছড়িয়ে দেব। এবং সবচেয়ে ভালো কথা হল এই ল্যান্ড ডিপার্টমেন্ট, আর ফাইনান্স ডিপার্টমেন্ট দুটো একসঙ্গে collaborate করে software এর মাধ্যমে দুজনকে এক সঙ্গে নিয়ে এসেছে। রেজিস্ট্রেশন ফিনান্স ডিপার্টমেন্ট করে, মিউট্রেশন ল্যান্ড ডিপার্টমেন্ট করে. তার ল্যান্ড রেকর্ড দরকার হয়। অদ্ভুত হচ্ছে পুরোটা software এর মাধ্যমে এগিয়ে গিয়ে এটা couple করে দেওয়া হল। এটাকে বলা হয় computer handshake করা হল। এটা কিন্তু প্রথম experiment। এটা সাকসেসফুল হয়েছে। আমরা আশা করছি এর যে ছোটো ছোটো অল্প অল্প আরো কিছু বাধা আছে software related বাধা, কেননা এটা আগে কখনও ট্রাই করা হয়নি, এটা সারা রাজ্যে ছড়িয়ে দেওয়া হবে। সেহেতু উনি যে কথাটা বলেছেন মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, সেটাকে আমি বলব শুধু আমরা সেই ডিরেকশানেই যাচ্ছি না, আমরা পদক্ষেপ নিয়ে নিয়েছি. model is ready, it is operational। আমরা আশা করছি সেটা বাকি জেলাগুলোতে ছড়িয়ে দিতে পারব। এখন অনেকে আজকে কেন্দ্রের লেভেলে বলছেন যে এইরকম অদ্ভুত প্রচেষ্টা কোন রাজ্য আগে এইভাবে নিয়ে সাকসেসফুল হতে পারেনি। কেননা computer software এ অনেকরকম problem of handshake হয়, সেটা আমরা সাসসেসফুল হয়েছি। উনি বলেছেন মাইনর মিনারেলসের কথা। আমি জানিয়ে দিতে চাই ম্যাডাম এই প্রথমবার Mines & Minerals corporation লাভ করেছে সততার মাধ্যমে। আপনি ঠিকই বলেছেন এই প্রথমবার সততার মাধ্যমে এগিয়ে corporation has made profit. শ্রী শুভাশীষ বটব্যাল সাহেব বলেছেন সুন্দর ভাবে, বিস্তারিত ভাবে এই সংস্কারের এক একটি সূত্র ধরে উনি tax reforms কথা খুব analytically বলেছেন, তার জন্য আমি কৃতজ্ঞ। কেননা শুনেও আমার ভালো লাগছে। ওর বক্তব্য থেকেও কিছু শিখলাম। যেগুলো আমরা পরের বারে আবার এগিয়ে নিয়ে যেতে পারব। সেহেতু আমি তাকে ধন্যবাদ দেব। শ্রী নির্মল ঘোষ মহাশয় উল্লেখ করেছেন যে ভারতবর্ষের প্রথম বার কিছু tax reforms করার সাহস নিয়ে আমরা কিছু ঝুঁকি মাথায় নিয়ে কিন্তু এগিয়ে গেছি। সেগুলো যদি দেখেন ম্যাডাম, দেখবেন ভারতবর্ষে আর কোথাও হয়নি. West Bengal is number one today in that.

আমরা বারবার বলেছি, What Bengal thinks today India thinks tomorrow. তার পদক্ষেপ সম্বন্ধে আপনি ইঙ্গিত করেছেন, তাতে আমি বাধিত। শ্রীমতী অপর্ণা সাহা, আমাদের Respected colleague তিনি অনেকগুলো ছোট ছোট প্রস্তাব দিয়েছেন, আমি সেসব মন দিয়ে শুনেছি। তার মধ্যে কোনটা যদি পরের বছর সম্ভব হয় নিশ্চয় আমরা দেখব। তবে, শেষে তিনি যে কথাটা বললেন সেটা শুনে আমি একটু আশ্চর্য হলাম। তার কারণ, উনি ভ্যাট সম্বন্ধে একটু বিরোধিতা করলেন। আমার মনে হচ্ছে হয়ত সি.পি.এম এর মধ্যে একটা inner contradiction হচ্ছে। কেননা মাননীয় ডাঃ সূর্য্যকান্ত মিশ্র বলছেন— আমি তো আপনাকে আগের বছরই বলেছিলাম ভ্যাট বাড়াতে। আর ওনার পার্টি কলিগ বলছেন, কেন ভ্যাট বাড়িয়েছেন? মার্কস inner contradiction কথাটা বলেছিলেন। আমি বলতে চাই ওদের, inner contradiction গুলো bridge করুন, একে অপরের সঙ্গে সহমত হন। ১৮৭৫ সালে জার্মান

স্যোসাল ডেমোক্রেটিক পার্টি তৈরী হয়, মার্কস তখন ইংলন্ডে বাস করছেন এবং তিনি খুব দুঃখিত হন. তার কারণ বিপ্লব করার জায়গায়, Marxist বিপ্লব বা disctatorship of the proletariat জায়গায় জার্মানিতে গণতান্ত্রিক সমাজবাদ এর পার্টি হয়েছে। তখন আমার মনে হয়েছে, উনি বারবার বলেছিলেন inner contradiction, inner contradiction. আমি বলব সি.পি.এম. কে, দয়া করে এই সি.পি.এম., Communist Party Marxist কথাটা consider করুন. বাদ দিয়ে, গণতান্ত্রিক সমাজবাদি পার্টি তো হয়েছে সারা পৃথিবীতে হয়েছে কম্যুনিজম্ যেখানে পড়ে গেছে, সেদিকে চিন্তা করুন। তার কারণ, আমি খুশী যে, ভ্যাট বাড়াবার জন্য ডাঃ সূর্যকান্ত মিশ্র সাপোর্ট দিয়েছেন। ওঁর কলিগ শ্রীমতী অপর্ণা সাহাকে এটা যেন উনি বুঝিয়ে দেন। জ্যোতির্ময় কর সাহেব কয়েকটা specific reforms সম্বন্ধে বলেছেন, যে reform আমরা বিনীত ভাবে চেষ্টা করেছি। দুরদর্শিতার একটা পরিচয় এই সরকারের, এবং সেই সম্বন্ধে আপনি এক একটা করে তুলে ধরেছেন। আমি জানি এই ফিনান্স বিল, technical bill, তার কারণ তার মধ্যে অনেক ধারা, অনেক সেকশন, অনেক ডিটেইলস, কিন্তু তারই মধ্যে আমি বলব, অনেক পরিবর্তন যে আমরা এনেছি ধাপে ধাপে কেয়ারফুলি চিন্তা করে. তার যে তারিফ পেয়েছি আমি সরকারের পক্ষে, আমাকে নয়, এই সরকারের মা-মাটি-মানুষের সরকারের, তার জন্য আমি বিশেষ ধন্যবাদ দেব। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Madam Deputy Speaker : The question before the House is that The West Bengal Finance Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Clauses 2 & 3

Madam Deputy Speaker : There is no amendment to Clauses 2 to 3. The question before the House that Clauses 2 & 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Clause 1. fEnacting Formula, the preamble and the title of the Bill

Madam Deputy Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill.

The Question before the House that Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Dr. Amit Mitra : Sir, I beg to move that The West Bengal Finance Bill, 2013 as settled in the Assembly be passed.

Madam Deputy Speaker : The question before the House is that The West Bengal Finance Bill, 2013 as settled in the Assembly be passed.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

[3.40—3.50 p.m.]

The West Bengal Appropriation Bill, 2013

Dr. Amit Mitra : Hon'ble Dy. Speaker Madam, I beg to introduce the West Bengal Appropriation Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2013 be taken into consideration.

Mr. Speaker Sir, I would like to thank Madam Dy. Speaker, who was on the Chair. She did wonderful job for all of us.

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপিয়েশন বিল ২০১৩ এখানে মাননীয় অর্থমন্ত্রী পেশ করেছেন। আমি প্রথমেই বলি যে আজকে এক আগেই দ্বিতীয়ার্ধে ভোট অন অ্যাকাউন্ট হয়ে গেছে। এটা খরচ করার অনুমতি আপনাদেরকে দিতে হবে। স্বাভাবিকভাবেই এখানে কোন দ্বিমত পোষণ করার অবকাশ নেই। আমি শুধু এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের কয়েকটি বিষয়ে মাননীয় মন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। আমাদের আয় বাড়ানোর ক্ষেত্রে আমাদের পদক্ষেপ নিতে হবে। আর আয় ও ব্যয়ের মধ্যে যদি সমতা না থাকে স্বাভাবিকভাবেই আমাদের অন্য পথের সন্ধান নিতে হবে। আপনারা দেখবেন যে আমাদের যে রেভিনিউ আদায়, তার থেকে আমাদের একসপেন্ডিচার বাড়ছে। আমি ১১-১২ যদি ধরি সেখানে দেখবেন ৫৮ কোটি ৭৫৫.৪ ছিল। সেখানে বেড়ে হয়েছিল ৭৩ কোটি ৩২৬। আমি আর ফ্যাকশানে যাচ্ছি না। বারো তেরোতে ৭৬ লক্ষ ৭৪৩। মূল বাজেটে একসপেন্ডিচার হল ৮৩ লক্ষ ৭১৯। রিভাইজড্ বাজেটে

৭২ এর জায়গায় ৮৫। অর্থাৎ আপনার একসপেন্ডিচার বাড়ছে খুব স্বাভাবিকভাবে। তাহলে এটাকে মিট আপ করতে গেলে আপনাকে রেভিনিউ অর্থাৎ সোর্স অফ রেভিনিউয়ের জায়গা তৈরী করতে হবে। না পারলে লোন নিতে হবে। এই হচ্ছে সোজা ব্যাপার। আপনি একটু আগে বলছিলেন যে বর্মা সাহেব আপনাকে ধন্যবাদ জানিয়েছে যেহেতু আপনি ভ্যাট বাড়ানোর ক্ষেত্রে নতুন নতুন বিষয়গুলিকে উল্লেখ করেছেন এবং সেগুলি ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছেন। আমি আপনাকে বলব যে আমি মনে করি আমাদের যদি সম্পদ না তৈরী করা হয়, যদি ইনফ্রাস্ট্রাকটার ডেভেলপমেন্ট না করা হয়, এমপ্লয়মেন্ট জেনারেশন না হয় তাহলে আপনি যে বাজেটই করুন সেটা অর্থহীন। সেই জায়গায় প্রোডাকটিভিটি বলুন, ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট বলুন, এমপ্লয়মেন্ট জেনারেশান বাড়াতে গেলে আপনাকে ট্যাকস ইমপোজ করতে হবে— এটা আপনি বলেছেন। কিন্তু আমরা অবাক হই যে আপনি এবারের বাজেটের আট পাতায় লিখেছেন যে, এই এক পারসেন্ট ভ্যাট বাড়ালেন তাতে বাণিজ্যমহল উপকৃত হবে। এবং এর প্রভাব অর্থনীতিতে পড়বে এবং স্বাভাবিকভাবে পরিকাঠামোতে, শিক্ষা ও স্বাস্থ্যে উন্নতি ঘটবে। আমি সম্পূর্ণ একমত। কিন্তু আমি আপনাকে বলি যে সেন্ট্রাল যখন ট্যাকস বাড়ায় সেটাও তো এই দৃষ্টিভঙ্গি নিয়ে বাড়ায়। পেট্রোল, ডিজেলের দাম বাড়ে। রেলের ভাড়া বাড়ে। পেট্রোল ডিজেলের দাম বাড়লে আপনারা একটা অংশ পান। ট্যাকস পান, সেস পান। তখন কিন্তু আপনারা হই হই করে বেড়ান। এমন কথাও বলেন যাতে গেল গেল রব পড়ে যায়। অথচ আপনারা যে এই ভ্যাট বাড়ালেন, পরিকাঠামোর উন্নয়ন দেখলেন এর বাইরের যারা, লোয়ার লেভেলের যারা, সেখানেও তো দাম স্বাভাবিকভাবে বাড়বে। এরফলে গরীব মানুষ ক্ষতিগ্রস্ত হবে। এই যে দু-রকম নীতি এটার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এবং আমি চাইব যে এই বিষয়টা বাজেটে যদি আর একটু পরিষ্কার করে লিখতেন, শুধু বাণিজ্যমহল উপকৃত হবে আর সাধারণ মানবের দুর্দশা বাড়বে এটা আর লিখলেন না। দ্বিতীয় হচ্ছে, এই যে টাকাটা আসছে এই টাকাটা যদি আপনি সঠিক সময় ইউ.সি না দিতে পারেন এটা নিয়ম সেন্ট্রাল গভর্ণমেন্টের ফার্স্ট ফেজের টাকাটা আসবে সেকেন্ড ফেজের টাকা পাবেন না। কয়েকটা বিষয় দেখুন সেন্ট্রাল গভর্ণমেন্টের যে টাকাগুলো আসছে, ধরুন একটা আমি বলি - এ.আই. বি. পি। অ্যাকচুয়ালি এটি ইরিগেশান বেনিফিট প্রোগাম। ৭৫% সেন্ট্রাল এবং ২৫% স্টেট এই হচ্ছে রেশিও। ৯৯৪ কোটি টাকা বাজেটে ছিল। আপনি খরচ করলেন কত? ৯৯৪ কোটি টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট পাঠালো আপনি খরচ করলেন ৩৯২ কোটি টাকা। ৬০২ কোটি টাকা আপনি পারলেন না। কেন পারলেন না? প্রবলেম আছে। আপনার তিস্তা বলুন, আয়লা বলুন ওখানে জমি নিতে পারছেন না, খরচা করতে পারছেন না। স্বাভাবিকভাবে এই বিষয়গুলো শুধু নয় আপনি রাষ্ট্রীয় কৃষি বিকাশ জোযনায় দেখুন সেখানে ১৫৫ কোটি টাকা পেলেন। এগ্রিকালচার সেক্টারে আপনার সেই উন্নতি হল। এগ্রি মার্কেটিংয়ে আপনি প্রায় ২৪.৪৬ কোটি টাকা পেলেন অথচ আপনার বিপণন মন্ত্রী বলছেন, ৩৪১ টি ব্লকে কবে হবে জানি না। এখন টেন্ডার প্রসেসিং চলছে। এই যে বিষয়গুলো আপনাকে বলব। আর একটা খুব অবাক হয়ে গেলাম আপনি হোম পুলিশে কমিশনারেট করবেন বলে ২.৪২ কোটি আপনি খরচ ধরলেন। কলকাতায় একটা জায়গায় 'ল এ্যান্ড অর্ডার' ভালো করবার জন্য করছেন। ধরুন আসানসোল, দুর্গাপুরে করছেন, হাওড়ায় করছেন, ব্যারাকপুরে করছেন, বিধাননগরে করছেন, শিলিগুড়িতে করছেন। কিন্তু আপনি একটু লক্ষ্য করে দেখবেন শিলিগুড়িতে আপনি একটা পয়সাও ধরলেন না। জিরো। একটা পয়সাও ধরেন নি। বাজেটেও ধরেন নি, রিভাইসডেও ধরেন নি। তাহলে

কি ধরে নেব যে তারা বেগার খাটছে? তাহলে কি ধরে নেব তাদের মাইনে দেওয়া হচ্ছে না আর যদি মাইনে দেওয়া হয় তাহলে কি আনঅথরাইজড এক্সপেন্ডিচার হচ্ছে? এই যে বিষয়গুলো আছে অর্থাৎ আমি বলতে চাইছি এটা, খরচ আপনি করবেন অনুমতি আমরা দেব ঠিকই আছে কিন্তু আপনি যদি অর্থনৈতিক ভাবে শৃঙ্খলা না আনতে পারেন, খুব স্বাভাবিকভাবে আপনি টাকাটা আসছে সেই টাকাটা আপনি খরচ দেখানোর জন্যে কোন সময় লোকাল ফান্ডে, কোন সময় আপনার পার্সোনাল লেজার ফান্ডে নিয়ে যাচ্ছেন। কেন আমরা জানি আমরা একটা মিউনিসিপ্যালিটিতে আছি। ধরুন বছর শেষ হতে চলল 13th ফিনান্স কমিশন যে রেকমেন্ডেশান করল সেই টাকাটা এখনও পেলেন না, দিল না। তাহলে টাকা সেন্ট্রাল গভর্ণমেন্ট দিল সেকেন্ড ইন্সটলমেন্ট নেওয়ার জন্য টাকাটা লোকাল ফান্ডে পি.এল এ্যাকাউন্টে রেখে দিয়ে আপনি খরচ দেখিয়ে দিচ্ছেন। এই যে ফিনান্সিয়াল ইনডিসিপ্লিন এই জায়গাটাকে রোধ করার জন্যে আমি আপনাকে অনুরোধ রাখব। এই বলে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার সাহেব, আগে যেটা ভোট অন এ্যাকাউন্টে হয়ে গিয়েছে ২০১৪ ডিসেম্বর পর্যন্ত এটা এ্যাপ্রোপ্রিয়েশান বিল ১৩,১০৫ কোটি ৬৯ লক্ষ ৬০ হাজার। এটা ২০১৩ ডিসেম্বর পর্যন্ত যে টাকা খরচ হয়েছে চাজর্ড এ্যাকাউন্ট থেকেই হয়েছে এবং তার সেটাকে পরবর্তীকালে সরকারের ঘারে যেহেতু কাজ যে টাকা ধরা ছিল, যে টাকা দিয়ে যে খাতে কাজ করার ছিল তার থেকে অনেক বেশি কাজ, অনেক বেশি খরচ বিভিন্ন ভাবেই সরকারকে করতে হয়েছিল। কিন্তু যে এ্যাকাউন্ট থেকে খরচা হয়েছে সেই এ্যাকাউন্টটা চার্জড এ্যাকাউন্ট থেকে খরচা হয়েছে। এখন এই টাকাটা এ্যাপ্রোপ্রিয়েশান আমাদের হাউসকে সমর্থন দিতে হয়। আমি প্রথমেই আমাদের অর্থমন্ত্রীর আনা এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সম্পূর্ণ সমর্থন করি। সমর্থন করার আগে আমি মাননীয় সদস্যদের একটু স্মরণ করিয়ে দিতে চাই, যে ফিনান্সিয়াল ডিসিপ্লিন এবং ফিসক্যাল ডেফিসিট।

[3.50–4.00 p.m.]

এই দুটি ক্ষেত্রে ভারতবর্ষে পশ্চিমবাংলা সবথেকে খারাপ পজিশনে ছিল। ফিন্যান্সিয়াল ডিসিপ্লিন, আরেকটা হচ্ছে ফিসকাল্ ডিফিসিট। এই দুটো জায়গায় ভারতবর্ষে সব থেকে খারাপ জায়গায় ছিল পশ্চিমবঙ্গ। এরজন্য আমি সহজ এবং সরলভাবে অনেক সময় আগের বিধানসভাতেও বলেছি, অনেক বাজেট বিতর্কে বলেছি, একজন মানুষ, তিনি আর্থিকভাবে পণ্ডিত নন, এই কথা আমরা কেউ বলিনা। কিন্তু যেভাবে তিনি বাজেট প্লেস্ করতেন, আর বলাতেন, যে বিকল্প বাজেট তিনি পেশ করেছেন। এই বিকল্প বাজেটের নামে 'জিরো' বাজেটের নামে তিনি আমাদের ফিন্যান্সিয়াল ডিসিপ্লিনটাই রাজ্যের শেষ করে দিয়েছিলেন এবং তারজন্য যে ফিসকাল ডিফিসিট্-এই ডিফিসিট্‌কে তিনি মিট্ করতে গিয়ে হাজার হাজার কোটি টাকা - ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ২০১০-১১ পর্যন্ত এই যে ধার করেছে, তার জন্য যে সুদ, এতেও ফিসকাল ডিফিসিটটা আমাদের একটা চরম পর্যায়ে গিয়েছে। আমাদের মাননীয় অর্থমন্ত্রী এই চ্যালেঞ্জকে গ্রহণ করেছেন যে, আমি এই ভগ্ন অর্থনীতিটাকে সুস্থ আর্থিক পদ্ধতিতে নিয়ে যাবো। এর জন্য আমাকে যেটা প্রথম কাজ করতে হবে, সেটা হচ্ছে এই রাজ্যে আমি রেভিনিউ জেনারেশনে সব থেকে বেশি জোর দেবো এবং রেভিনিউ জেনারেশন করতে গেলে সরকারকে কতকগুলো বিশেষ দিক দেখতে হয়। যেমন অনেকে মনে

করে. শিল্প এবং বানিজ্য বৃদ্ধির সঙ্গে যেমন জি.ডি.পি. গ্রোথের সম্পর্ক আছে, তেমনই কৃষি ক্ষেত্রে, কৃষকদের ক্ষেত্রে, গ্রামের উন্নয়নের ক্ষেত্রে এই যে সোস্যাল কমিটমেন্ট. সেই কমিটমেন্টে আমাদেরকে যেতে হবে। একদিকে ডি.ডি.পি. গ্রোথ আমাদের রাজ্যে ভারতবর্ষের অ্যাভারেজ্ থেকে বেশি হয়েছে, কিন্তু গ্রামীন অর্থনীতির ক্ষেত্রে, গ্রামীন উন্নয়নের ক্ষেত্রে আমাদের এই রাজ্যে একটা অভূতপূর্ব কাজ হয়েছে। যেমন, কৃষি ক্ষেত্রে আমাদের সর্বকালীন রেকর্ড প্রোডাকশন হয়েছে ধান এবং সামগ্রিক শস্য দিয়ে, তেমনই গ্রামের ক্ষেত্রে চাকরী সৃষ্টি হওয়ার জন্য যে ম্যান্ডেজ্ সৃষ্টি হয়েছে এভার দি পাস্ট. এই রাজ্যে এন.আর.ই.জি..এস. বলুন. কেন্দ্রীয় যতগুলো প্রকল্প আছে. সেই প্রকল্প এবং রাজ্যের যে ইনিশিয়েটিভ্, যে গ্রামবাংলাকে সোনার বাংলা গড়তে হবে. তারজন্য যে ইনিশিয়েটিভ. এই রাজ্যের সরকার, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন. তার সমর্থনে বলতে গিয়ে আমি বলি. সব থেকে বেশি স্ট্রেস্ এই রাজ্যের সরকার দিয়েছিলেন গ্রামে। সেখানে ১৯ ক্রোর্স ম্যান্ডেজ্ সৃষ্টি হয়েছে এবং আমি দেখছি মাননীয় সুব্রত মুখার্জী তিনি রয়েছেন. তিনি সেই কাজটি করছেন। আমাদের কংগ্রেসের মাননীয় বন্ধুরা বলেছেন যে, তিনি টাকা আনার জন্য দিল্লীতে তার যে সম্পর্ক. সেটা ঠিক। আমি শুধু বলি যে, আপনার সেইটুকুই দেখেছেন এখনো যে কাজ তিনি করে ফেলেছেন পশ্চিমবাংলায়, এখনো মোর দ্যান্ ওয়ান থাউজেন্ড ক্রোর্স তার ক্রেডিট রয়েছে. যেখানে সেই টাকাটা তার মিট্ করতে হবে, যদি কেন্দ্রীয় সরকার না দেয়, তাহলে গ্রামে যে তিনি মেইন স্ট্রেস্ দিয়েছেন, গ্রামে তিনি যে জোর দিয়েছেন, গ্রামের মানুষকে তুলে আনার জন্য, গ্রামের দারিদ্রতা, বেকারত্ব এবং গ্রামে যে গ্রামোন্নয়নের কাজ চলেছে. সেটা থমকে যেতে পারে। তাই আমি আমাদের মাননীয় বন্ধুদের বলব যে, আপনার একটা দিল্লীতে গিয়ে দেখুননা যে, কোনো দপ্তরের টাকা যাতে বিশেষ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে না আটকে যায়। আমরা দেখেছি, এই অ্যাপ্রোপ্রিয়েশন নেওয়া আগে আমি আরো ২-১টি কথা এর সঙ্গে যুক্ত করতে চাই। এই যে স্তব্ধ হয়ে যাওয়া বাংলার উন্নয়ন, কি? যে, গ্রামে আমাদের ৭০ ভাগ মানুষ থাকে। গ্রাম এবং শহরকে যুক্ত করতে গেলে যে রাস্তার প্রয়োজন, প্রতিটি রাস্তা ২০০৯-১০ যদি আপনারা ভালো করে দেখেন. ২০১০-১১র একটা অংশতে দেখেন, প্রতিটি রাস্তা- সকালবেলা আলোচনা হয়েছে নাশনাল হাইওয়ে এবং স্টেট হাইওয়ের প্রতিষ্ঠা করেছেন মাননীয় মুখ্যমন্ত্রী এই রাজ্যের জন্য। কিন্তু প্রত্যেকটি রাস্তার যে ভগ্নদশা, প্রত্যেকটি পৌরসভার যে ভগ্নদশা. সেই দশাকে ঠিক করতে, মানুষের উন্নয়নের জন্য আমাদের সরকার যে পদক্ষেপ নিয়েছেন, তাতে আপনারা দেখবেন যে. সমস্ত রাস্তাগুলোর কাজ শুরু করা হয়েছে। ব্রীজ, ব্যারেজ্ এবং প্রতিটি রাস্তাকে সারাই করে তাকে মানুষের চলাচলের উপযুক্ত করার জন্য এগিয়ে দেওয়া হয়েছে এবং এটা যদি না করতে দেওয়া হয়, তাহলে মানুষ চলতে পারবেন না, তারজন্য এখানে যে খরচ ধরা হয়েছিল, অরিজিনালি তার থেকে বেশি খরচ, তার থেকে অনেক বেশি গ্রান্ট দেওয়া হয়েছে এবং এর সঙ্গে আমি শুধু এইটুকু বলতে চাই, অনেকে এই সিঙ্গুর নিয়ে অনেক প্রশ্ন তুলেছেন। টাটা এবং সি.পি.এম. এর সঙ্গে একজায়গায় গিয়ে যখন তারা কৃষকদেরকে মেরে তাড়িয়ে দিলেন. আপনারা বলুন তো. সেই কৃষকদের জমি জলে গেলো. তাদের বাড়ি চলে গেলো, ঘর চলে গেলো। তারা থাকবে কোথায়? এই পবিত্র হাউসে তারা আবার দাঁড়িয়ে বলছেন, বিরোধী দলের পক্ষ থেকে যে, ওখানে আমাদের সরকার ভুল করেছে। বলুন তো, কি করবে সেই মানুষগুলোকে? তাদের সংখ্যা ২০০০ হতে পারে, ১৩০০০ হতে পারে। তারা কোথায় যাবে? সঙ্গত কারণেই মাননীয় অর্থমন্ত্রী তাদের পাশে. রাজ্যের সরকার তাদের পাশে দাঁড়িয়েছেন. দাঁড়িয়ে

সেই মানুষগুলো, সেই সিঙ্গুরের কৃষকরা যাতে মরে না যায়, তার ব্যবস্থা করেছেন। তারজন্যই তো অ্যাপ্রোপ্রিয়েশনকে আমরা সমর্থন করি। আমার সময় খুব কম। আমি এখানে আর কয়েকটি ছোট ছোট কথা বলব। দেখুন, আমাদের এই স্বাস্থ্য ব্যবস্থাটাকে - যেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, রাজ্যের সরকার বলছেন- স্বাস্থ্য ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। অর্থনীতি ভেঙ্গে গেলে স্বাস্থ্য ভালো থাকে, এটা হ'তে পারে না। রাজ্যের অর্থনীতি যেখানে ভেঙ্গে গেছে, স্বাস্থ্য ভেঙ্গে পড়েছিল। চারিদিকে চারটি-পাঁচটি হাসপাতালের ওপর রাস্ হয়েছিল কোলকাতায়- এন.আর.এস. এ যাও, আর. জি. করে যাও। পি.জি.তে যাও, কোলকাতা ভিত্তিক এই পাঁচটি হাসপাতালের মধ্যে চলে যাও। গ্রামে হাসপাতাল বিধ্বস্ত, সাব-ডিভিশন হাসপাতাল বিধ্বস্ত, জেলা হাসপাতালগুলো বিধ্বস্ত। আপনি অর্থমন্ত্রী হিসেবে এবং রাজ্যের সরকার গ্রামীন হাসপাতাল, জেলা এবং মহকুমা হাসপাতালগুলোতে আপনি সব থেকে বেশি জোর দিয়েছেন। অর্থ ছাড়া কোনো জোরের কোনো মানে হতে পারে না। তাই আপনার এই অ্যাপ্রোপিয়েশনকে আমি সমর্থন করি। এই যে ৩৫টি কলেজ এই রাজ্যে নতুন করে-আপনারা তো চিৎকার করছেন- হয়ে গেছে, হয়ে গেছে। আরে বাবা, একটা ডি.পি.আর তৈরি করতে ১৮ মাস সময় লাগে সরকারের। সেখানে এই সরকারের বয়স মাত্র ২০ মাস। এই রাজ্য সরকার এবং বিশেষ করে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমরা ধন্যবাদ দিতে চাই, আপনাদেরও সমর্থন করা উচিৎ- ৩৫টি কলেজের ডি.পি.আর তৈরি করে তার মধ্যে ১৩-১৪টির কাজ দ্রুত গতিতে চলছে এবং প্রত্যেকটি কাজ উইদিন টাইম্ তারা কমপ্লিট্ করে দেবে। আমরা এটা বিশ্বাস করি। এই সুপার স্পেশালিটি হাসপাতাল ৩২টি। এ কি মুখের কথায় হয়ে যাবে নাকি? তাতে টাকা লাগবে না? ডি.পি.আর. তৈরি করতে হবে না? প্রজেক্ট অ্যাপ্রুভড্ করতে হবে না? টাকার সংস্থান করতে হবে না? জমি তৈরি করতে হবে, জমি সিলেক্ট করাতে হবে। এই সমস্ত প্রসেসে এই সরকার যে থ্যাস্দিয়েছে এবং আমার বিশ্বাস যে, এটা করার জন্য যে অর্থের প্রয়োজন, আপনাকে সমর্থন দিচ্ছি, আরো বেশি এই ধরণের কাজ আপনি করুন। আরো বেশি আপনি এগিয়ে যান। এই যে ১০ হাজারের কাছাকাছি আপনি বেড্ এনহ্যান্স করেছেন, এই ১০ হাজার বেড্ এনহ্যান্স করতে গেলে মুখের কথায় হয়ে যাবে নাকি? তাই আপনাকে বলছি, আরো বেশি কাজ করুন। বাংলার স্বাস্থ্যকে, বাংলার শিক্ষাকে আপনি একটি জায়গায় নিয়ে আসুন। যেটা ভেঙ্গে গিয়েছে, ভারতবর্ষের অন্য রাজ্যের থেকে অনেক তলায় গিয়েছে। এই ২০ মাসের মধ্যে এই অবস্থাটিকে আপনি অনেকটা এগিয়ে দিয়েছেন। আমি আরো দু-একটা ছোট ছোট কথা বলতে চাই। আই.টি.আই. প্রত্যেকটি ব্লকে হবে। প্রত্যেকটি ব্লকে যদি আই.টি.আই. হয়, তারজন্য স্পেশাল থ্যাস্ আপনার সরকার দিয়েছে। অর্থতে সঙ্কুলান দিতে হবে। এ অর্থ আসবে কোথা থেকে? এই অর্থ সঙ্কুলান করতে গেলে দ্রুত গতিতে টাইম লিমিট করে, টাইম ফিক্স করে আপনি যদি কাজ করেন, তাহলে সেখানে তো আপনার কোনো পথ নেই। ১৮টি নতুন আই.টি.আই. কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করে আপনি তার কাজ দ্রুত গতিতে চালিয়েছেন। তারজন্য আপনার এই অ্যাপ্রোপ্রিয়েশনের সমর্থন করি। কতগুলো নতুন প্রকল্প মাননীয় অর্থমন্ত্রী আপনার এই সরকার এনেছেন। আমি হাফ্ মিনিটে শেষ করবো। জল ভরো জল ধরো, নিজগৃহ, কন্যাশ্রী সহ আশা, গীতাঞ্জলী-এইগুলো যদি আপনি স্বার্থক করেন, তাহলে আপনি যে টাকা খরচ করছেন এবং খরচ করার জন্য যে অ্যাপ্রোপ্রিয়েশন চেয়েছেন, একে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[4.00–4.10 p.m.]

Mr. Speaker : I beg to present the Revised Programme of Business for the 18th and the 19th March, 2013 and Programme of Business for the 20th March, 2013 (as adopted by the House on the 32th Report of the Business Advisory Committee presented on the 15th March, 2013). The Committee met in my Chamber today and recommended the following programme.

Revised Programme of Business for the 18th and the 19th March, 2013 and programme of Business for the 20th March, 2013 (as adopted by the House on the 32nd Report of the Business Advisory Committee presented on the 15th March, 2013)

18.3.2013 **Monday** :	(i)	The West Bengal Municipal (Amendment) Bill, 2013 (Introduction, Consideration & $\frac{1}{2}$ hour Passing)	
	(ii)	The West Bengal Town & Country (Planning & Development) (Amendment) Bill, 2013 (Introduction, Consideration & hour Passing)	
	(iii)	Discussion on Governor's Address	3 hour
19.3.2013 **Tuesday** :	(i)	The Kolkata Improvement (Amendment) Bill, 2013 (Introduction, Consideration & Passing)	1 hour
	(ii)	The West Bengal Right to Public Services Bill, 2013 (Introduction, Consideration & Passing)	1 hour
	(iii)	Discussion on governor's Address	3 hour
20.3.2013 **Wednesday** :		Discussion on governor's Address	4 hours

Now, the Minsiter-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance of the House.

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয় কার্য উপদেষ্টা কমিটির ৩২তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The Motion was than put and agreed to

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, West Bengal Appropriation Bill, 2013 যেটা উত্থাপিত হয়েছে সেই ব্যাপারে আমার কয়েকটি কথা বলার আছে। প্রথম হচ্ছে যে, আমরা চাই বা না চাই এটাতো অনুমোদন হবে, কেননা আপনারা সংখ্যাগরিষ্ঠ আছেন। দ্বিতীয় হল, এটা খানিকটা নিয়মতান্ত্রিক ব্যাপার তারজন্য খুব বেশি আলোচনা করার সুযোগও থাকে না। আমি সংক্ষেপে কয়েকটি কথা উল্লেখ করতে চাই। প্রথম হচ্ছে যে, আমাদের একটা ধারণা গড়ে উঠেছে, বিশেষ করে আপনাদের যে, বিরোধীরা যা বলে, সব ফালতু বলে, অসত্য বলে, দায়িত্বহীন কথাবার্তা বলে। আমি ছোট্ট একটা ঘটনা বলব, কালকে আমি জিজ্ঞেস করেছিলাম যে, ওই যে সরকারিভাবে দোকান করা হয়েছে ওষুধের, সেখানে আমি ওষুধ কিনতে গিয়েছিলাম। গিয়ে দেখলাম যে, আমার যে ওষুধ, একটাও নাই। আমি কালকে মাননীয় মন্ত্রীকে বলেছিলাম যে, আমি গিয়ে দেখলাম নাই, একটু দেখবেন। উনি বললেন, না, আপনি ঠিক বলছেন। তা আমি আজকে দেখলাম বিকেল বেলায় আমাদের মুখ্যমন্ত্রী গিয়েছিলেন ওই দোকানে, তিনি যে রিপোর্ট করলেন, তার সঙ্গে আমার এই বক্তব্যের মিল আছে। এটা আমার ভালো লাগলো এই কারণে যে, বাস্তবটা আপনাদের জানা উচিত, তা না হলে অসুবিধা হয়। আপনাদেরও ক্ষতি হয়, আমাদেরও ক্ষতি হয়। দ্বিতীয় একটা হচ্ছে যে, অতীত সব সময় সুন্দর। আর মানুষ মারা গেলে সে মহান হয়। একটা খারাপ লোকও মারা গেলে মহান হয়। আর অতীত সব সময় সুন্দরও হয়। তা আপনারা অতীতকে ফিরিয়ে আনার যে ব্যবস্থা করছেন, নিশ্চয়ই ভালো উদ্যোগ, ধন্যবাদ জানাবো। এই যে, কয়েকদিন আগে 'মাটি উৎসব' হল, আমি শুনলাম নাকি আবার সব ঢেঁকি-যাঁতা দেওয়া হবে। এটা ভালো উদ্যোগ। আমাদের এখানে বিধান পরিষদ ছিল। অনেক আগে উঠিয়ে দেওয়া হয়েছিল সবাই হিসেব নিকেশ করে। তাকে আপনারা বললেন, ফিরিয়ে আনতে হবে। ভালো উদ্যোগ নিয়েছিলেন। আপনরা বন্ধ করে দিলেন। তারপরে এখন আবার এই করে দেওয়া হয়েছে যে, আমাদের ফর্মার মন্ত্রী আছে আবার ঘুরিয়ে মন্ত্রী হয়েছে। এটাও নাকি খুব ভালো। আপনারা করেছেন। সেই ভালো মন্দ বিচার আপনারা করবেন। কিন্তু আমি শুধু বলতে চাই, এই যে টাকার ব্যাপারে বলা হয়েছে। আমার তিন চারটে প্রশ্ন আছে। প্রথম হচ্ছে যে, যখন আপনি প্রথম বাজেট হাজির করেন (এই নতুন সরকার আসার পরে, আপনি একটা ছোট্ট বই দিয়েছিলেন, প্রথম যে বইগুলো দিয়েছিলেন, তারপর একটা ছোট্ট বই দিয়েছিলেন। সেই বইটা আমি খুঁজে পাচ্ছি না। এখানেও চেষ্টা করে পেলাম না। বাংলা ভাষায় আপনি লিখে দিয়েছিলেন তাতে কয়েকটি বিষয় আপনি উল্লেখ করেছিলেন। একনম্বর হচ্ছে যে, আমার ঋণের এই যে বোঝা আছে, তখন বোধহয়, এক লাখ সাতাশি হাজার কোটি টাকা ঋণ ছিল। আমি ঋণটা আসতে আসতে কমাবো। আপনি দেখিয়ে দিয়েছিলেন যে কমবে। দুই নম্বর বলেছিলেন যে, আমার এই কর আদায়, ট্যাক্স আদায় এটা লাফিয়ে লাফিয়ে বাড়বে। এবং কিছুদিন পরে আমি এই যে, রেভিনিউ কালেকশানের সঙ্গে রেভিনিউ এক্সপেনডিচার এর যে পার্থক্য আছে সেই পার্থক্যটা আমি কমিয়ে দেব। তিন নম্বর আপনি বলেছিলেন যে, আমার প্ল্যান এবং নন-প্ল্যান, এই যে পারসেন্টেজ যেটা আছে এমন একটা সময় হয়েছিল আমাদের রাজ্যের, আমাদের সময়েই, যে প্রায় ৯০% -এর উপর ছিল নন-প্ল্যান এবং লেস দ্যান ১০% ছিল প্ল্যান। এটা খুবই খারাপ ছিল, তার অনেকগুলো কারণও ছিল। চার-পাঁচবার আপনার কমিশন করতে হয়েছে, অনেক টাকা দিয়েছে একসঙ্গে। যে কারণেই হোক এটা কম ছিল। আপনি বলেছিলেন যে, আমি প্ল্যানের পোর্সেন্টা আমি বাড়াবো। যাতে প্ল্যান এবং নন-প্ল্যানের এই পারসেন্টেজ যেটা আছে সেটাকে আমি একটা

পরিবর্তন আমি করতে পারবো। এই রকম অনেকগুলি কথা আপনি বলেছিলেন। যেগুলি আমার নিশ্চিত ভাল লেগেছিল যে এই উদ্যোগ যদি হয় খুব ভাল হবে। কিন্তু বাস্তবে দেখলাম যে সবটা সেই জায়গায় যায়নি। এক নম্বর হচ্ছে আমাদের যে পরিমাণে ট্যাক্স বাড়ার কথা সেই পরিমাণে বাড়েনি। হয়ত আপনি আগেরবারে হিসাব করে দিয়ে বলছেন কিন্তু বাস্তবে সমস্যা হচ্ছে, আগেরবারে প্রথমে যা বলছেন, পরে তার পরিবর্তন হয়ে যাচ্ছে। রিভাইজ করতে গিয়ে। যার ফলে বাস্তবে যা হচ্ছে, আর আজকে আমরা যা শুনছি, কদিন পরে শুনব উল্টো কথা। যেমন ধরুণ, আমরা যদি রেভিনিউ রিসিপ্টটা দেখি, এই যে আপনার ১১-১২, যেটা এ্যাকচুয়াল, সেটা ধরা হয়েছিল অনেক বেশী। এ্যাকচুয়াল হচ্ছে ৫৮; তারপর ১২-১৩ তে যেটা আপনি ধরলেন ৭৬, আপনি আবার রিভাইজ করলেন ৭২। কিন্তু আসলে কি হবে, কেউ তা জানে না। সেটা জানব আমরা মার্চ মাস পার হওয়ার পরে। যার ফলে যেটা আমরা বলছি বা যেটা আমরা দেখাচ্ছি, বাস্তবে তা পরিবর্তন হয়ে যাচ্ছে অনেকখানি। এটা হচ্ছে। যার ফলে মিল থাকে না। আবার দ্বিতীয় ঘটনা ঘটছে, এই যে আমাদের যে রেভিনিউ রিসিপ্ট যেটা হচ্ছে, তার সঙ্গে যে রেভিনিউ এক্সপেন্ডিচার, তার যে পার্থক্য আছে, সেই পার্থক্য কোথাও কোথাও বেড়ে যাচ্ছে। অনেকক্ষেত্রেই বেড়ে যাচ্ছে। সেটা আপনি ভাল করেই জানেন। তারপরে আমাদের বাজেটে যে প্ল্যান অংশ সেখানেও দেখব যে আমরা ২০১১-১২তে আমাদের যেটা এ্যাকচুয়াল হয়েছে সেটা ১৪ হাজার ৭৪ কোটি ৫২ লক্ষ, এটা হচ্ছে আমাদের প্ল্যান। যেটা এ্যাকচুয়ালি আমরা ব্যবহার করতে পেরেছি। তারপর আমরা ২০১২-১৩তে যেটা আমরা ধরলাম, ২৩ হাজার ৩৭১ কোটি ৪৪ লক্ষ টাকা আমরা ধরলাম, এটাকে রিভাইসড করে নিয়ে গেলাম আমরা কিছুটা কমিয়ে ২৩ হাজার ২৯ লক্ষ টাকাতে আমরা কমালাম। তারপরে এবারে ধরেছি আমরা ২৬ হাজার ৬৭ লক্ষ ৭৪ হাজার টাকা যেটা আমরা ধরেছি, সেটা বাস্তবে কত হবে সেটা আমাদের কাছে জানা নেই। আপনি যেটা বলেছিলেন যে লোন আমরা আস্তে আস্তে কমাব। কিন্তু বাস্তব অবস্থা কি হল। যখন এই সরকার চলে গেল, লোন ছিল পশ্চিমবাংলায় বোধহয় ১ লক্ষ ৮৭ হাজার কোটি টাকা, যতদূর সম্ভব আমার মনে পড়ছে, তাই ছিল, কিন্তু আপনি যেভাবে দেখিয়েছেন, এটা বেড়ে হল, তারপরের বছর ১১-১২তে ২ লক্ষ ৭ হাজার কোটি, তারপরের বছরে আপনি যেভাবে বাজেট করেছেন, সেটা দাঁড়াবে ২ লক্ষ ২৬ হাজার কোটি। আর এবারে যে বাজেটটা আপনি করছেন, সেটা বেড়ে গিয়ে দাঁড়াবে ২ লক্ষ ২৬ হাজার কোটি টাকা। এবং আমার মনে হয়, এই সরকার যখন ৫ বছর পূর্ণ হবে তখন এটা ৩ লক্ষ কোটি ছাড়িয়ে যাবে। বামফ্রন্ট সরকার অপরাধ করেছে, ১ লক্ষ ৮৬ হাজার কোটি টাকা লোন করেছে, অপরাধ করেছে। আমরা তখনই একটা কথা বলেছিলাম যে কতকগুলো লোন না নিলেও লোন ঘাড়ে পড়ে। যেটা একটু আগে শুনলেন আপনার স্মল সেভিংসে আপনি চান বা না চান এই লোন কিছুটা আপনার ঘাড়ে পড়ে এবং তাতে আমাদের লাভও আছে। লোন নিলেই সব সময় খারাপ কাজ হয় না। যে লোন নিয়েছে, সেই খারাপ কাজ করছে, কখনও হয় না। যদি লোন নিয়ে সে ভাল কাজ করে থাকে সেটা খারাপ কাজ হতে পারে না। কিন্তু আপনি যখন বললেন ঋণ কমাবেন, তখন দেখা যাচ্ছে আমাদের এই ৩৫ বছরে ১ লক্ষ ৭০ হাজার কোটি টাকা তাতে বছরে গড়ে ৫ থেকে ৬ হাজার কোটি টাকা। আপনি এক বছরে দুই বছরে কত টাকা বাড়িয়েছেন ১ লক্ষ ৮৬ থেকে এখন হয়ে গেছে ২ লক্ষ ২৬ হাজার কোটি টাকা। এটা আপনিও বাধ্য হয়েছেন ঋণ নিতে। কাজেই সেটা ভাবা দরকার। এটা একটা বড় ভাবনা। তারপর আছে, অন্যান্য দপ্তর সম্পর্কে, কাজের ব্যাপারে

যে কথা বলা হয়েছে, আমরা যেটা বলি, সাধারণতঃ এ্যাপ্রোপ্রিয়েশানে একটা কথা বলি যে টাকা আমরা এ্যালট করলাম, এটা হচ্ছে আমাদের সাংবিধানিক নিয়ম বলতে পারনে, আমাদের সভার একটা নিয়মে আছে যে আমাদের এই বিধানসভার অনুমোদন ছাড়া সরকার একটা পয়সাও খরচা করতে পাবে না। একদম স্পষ্ট করে এটা বলা আছে। সেটা আপনারা উল্লেখও করেছেন। আমাদের সবার জানা এই কথা। আণ্ডার দি Under the Constitution of India, no money can be withdrawn from the Consolidated Fund of West Bengal except in accordance with an appropriation made by law. এই রকম আইনের দ্বারা ব্যবস্থা না করলে এই টাকা খরচ করা যায় না। এখন টাকা পাওয়ার পদ্ধতি সম্পর্কে আমাদের সবারই জানা যে বাজেটে প্রভিসান করা হয় পরবর্তীকালে একটা সাপ্লিমেন্টারী গ্রান্ট এর ব্যবস্থা করা হয়। এরপরে যদি প্রয়োজন হয় যে আন ফোর্সিং আনএ্যাসেসিভ কোন কাজ থাকে যেটা আমি এখন বুঝতে পারছি না, আমি মনে করছি ১০টাকায় হবে, কিন্তু হল ১২ টাকায় বা এক টাকা কম হল, কি দু'টাকা বেশী হল, হতে পারে এমন কোন কাজ তখন এটা করতে হয়, এটাকে এক্সসেস এক্সপেণ্ডিচার বলে। সেটাও নিয়মে পড়ে। কিন্তু অনুমোদন করে নিতে হয়। এটা কোন দোষের ব্যাপার নয়। মনে করি না। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে, আপানার কাছে, এই যে একটা প্রশ্ন আছে, যেটা আপনি বললেন, বইটায় লিখে দিয়েছেন আপনি, আমার খুব ভাল লাগছিল দেখতে, অবাকও লাগছিল, আপনি বললেন যেটা ভ্যাটের পারসেনটেজ যেটা লোয়ারে ছিল চার আপারে ছিল ১৪, এটা নিচে আপনি বাড়াবার কথা বলেছেন, এক পারসেন্ট বাড়াবার কথা বলা হয়েছে।

[4.10–4.20 p.m]

একটা প্রশ্ন আপনি করেছিলেন, আগে যে হাই পাওয়ার কমিটি ছিল সেখানে একটা আপত্তি করা হয়েছিল। হ্যাঁ করা হয়েছিল, এটা ঠিক। তার কারণ ছিল আলাদা। আমি বলছি বাড়ালেন যখন, তখন আমাদের সেটা মূল কথা যে আজকে সাধারণ মানুষ যেগুলো ব্যবহার করে আমরা আপত্তি করেছি সেখানে যেন না বাড়ে। যার সঙ্গতি আছে তার যদি বাড়ে তাহলে তো আপত্তি হওয়ার কথা নয়। আপত্তি আমরা করতে চাই না। যে কথাটা শুনে আমার অবাক লাগছে সেটা হল এখানে দুটো কথা খুব মারাত্মক। অদ্ভুত লাগল। এক পারসেন্ট বাড়িয়ে দিলে এত আমাদের আয় বেড়ে যাবে যে লক্ষ লক্ষ ভাই বোনেরা ব্যবসা-বাণিজ্য দারুণভাবে করতে পারবে। এটা আমার অবাক লাগলো যে যদি ১% ভ্যাট বাড়লে লক্ষ লক্ষ ছেলে দারুণভাবে ব্যবসা বাণিজ্য করতে পারে তাহলে এটা ১০% করে দিলে আরো বেশি বেশি করে করতে পারবে। কিন্তু আমরা তো উল্টোটা জানি যে জিনিসের দাম বাড়ে, ট্যাক্স বাড়লে জিনিসের দাম বাড়ে। ব্যবসা বাণিজ্য দুর্বল হয়। আপনি কেন উল্টো কথা বললেন সেটা আমি বুঝতে পারলাম না।

তৃতীয় বিষয় হচ্ছে, যে কটা বিষয় এখানে আলোচনা হয়েছে টাকা পয়সা কম বেশি করার ব্যাপারে, এ্যালোটমেন্ট কম বেশি করার ব্যাপারে। আমি দেখলাম, এখানে বলা আছে স্পষ্টভাবে, কালকেও আমি জিজ্ঞেস করছিলাম, আজকে আমি জিজ্ঞেস করছি কাউন্সিল অফ মিনিস্টারস-এই

যে তিন কোটি টাকার কথা বলা আছে আমি গতবার খবর নিয়ে আপনাকে বলেছিলাম, আপনি কোনো উত্তর দিলেন না। আমি জানতে চাই এরসঙ্গে কোনো সম্পর্ক আছে কিনা। এই এক কোটি টাকা যেটা মুখ্যমন্ত্রীর ফান্ডের নামে দেওয়া হয়েছে। এই যে প্রভিশানটা করা হয়েছে এখানে সেটার সঙ্গে কোনো সম্পর্ক আছে কিনা।

এগ্রিকালচারের বিষয়ে ট্যাক্স বাড়ানোর কথা বলা হয়েছে। আমার প্রশ্ন হল, এগ্রিকালচারে নানা ঘটনা ঘটছে। আজকে পশ্চিমবাংলায় এগ্রিকালচার, কৃষি ডেভেলপমেন্টে যে কাজগুলো বেশি করে করে করা দরকার সেগুলো সবথেকে বেশি করে অবহেলিত হয়েছে। আগে আমরা বললাম আলুর দাম পাচ্ছে না, এখন বলছি ধান বিক্রি হচ্ছে না। তারপরে আপনারা যেসব ঘোষণা করলেন তারমধ্যে একটা ছিল প্রত্যেকটা ব্লকে কুড়ি জন করে কৃষি বন্ধু নিয়োগ করা হবে। বইতে লেখা আছে। আপনি পরবর্তীকালে যত বই ছাপিয়েছেন সবগুলিতে লেখা আছে। প্রত্যেক ব্লকে কুড়িজন করে কৃষক বন্ধু নিয়োগ হবে। একটা নিয়োগও হয়নি। অর্থাৎ একটা ভাবনাও হয়নি। ঠিক একইভাবে প্রত্যেকটা ব্লকে যতগুলো পরিকাঠামের কথা বলেছিলেন তা সব জায়গায় হয়নি। গত বাজেটের সময় আরো আপনি বলেছিলেন যে প্রত্যেকটা ব্লকে ৫০০ একর জমি নিয়ে একটা ডিসি সি হবে। ডেমোনস্ট্রেটিভ গ্রুপ সেন্টার না কি যেন একটা হবে। সেক্ষেত্রে আমি বলেছিলাম সেটা সব ব্লকে হয়েছে কিনা আমি জানি না। আমি তো একটা ব্লকে বাস করি। সেখানে হলে আমাকে না ডাকলেও আমি তো শুনতে পাবো যে এখানে একটা হচ্ছে। এইরকম একটাও দেখতে পাই না। শুধু ওখানে নয়, আমি আমার জেলাতে যতগুলো জায়গায় গিয়েছি এখনো পর্যন্ত খোঁজ নিয়েছি কোথাও দেখলাম না যে এই ধরনের একটা প্রোগ্রাম হচ্ছে। আপনি তো ঘোষণা করলেন, টাকা ঘোষণা করলেন, সব ঘোষণা করলেন।

চতুর্থ বিষয় হল, আমি কালকে বলছিলাম যে আপনি এর আগে বক্তব্য রাখার সময় ঘোষণা করেছিলেন কৃষকদের বেচাকেনার জন্য মান্ডির ব্যাপারে। আপনার লেখায় ছিল, আমি উদ্বৃত করেছিলাম। দুটো কথা দুটো ভাবে দেওয়া ছিল। বাংলায় বলা ছিল 63টা বোধহয় মান্ডি হইয়া গিয়াছে। তাতে বোধহয় ১৯৯কোটি খরচ হইয়াছে। কিন্তু ইংরেজিতে বলা ছিল Out of 341, 63 Mandis are going to be set up. আমি বলেছিলাম এই 'গোয়িং টু বি সেট আপ' আর 'হইয়া গিয়াছে' মানে তো নিশ্চয় এক নয়। আমি যতটুকু জানি এটা তো হওয়ার কথা নয়। কিন্তু সেটা আমরা দেখলাম।

দেখলাম, আমাদের ওবিসি, এস সি, এস টি, যারা ব্যাকওয়ার্ড, তাদের জন্য টাকা বাড়ানোর কথা বলা আছে। নিশ্চয় আমরা চাই এটা। কিন্তু আমরা অবাক হয়ে যাচ্ছি এই কারণে যে আপনারা বলেছেন ওবিসি থেকে আরম্ভ করে মাইনরিটি এদের প্রতি আমাদের দায়িত্ব বেশি। এদের ভালো কাজ করতে হবে। আমরা বলেছিলাম আমাদের সময় নানা আইন ঘেঁটে অনেক সুযোগ পাওয়ার জন্য রিজার্ভেশান করা হল। সেই রিজার্ভেশানে বলা হল ১০% পাবে মুসলিম ওবিসিরা। সেটা ঘোষণা করা হল এবং সেইরকম সিদ্ধান্ত নেওয়া হয়ে গেল। আপনারা সেটা ঘুরিয়ে দিয়ে এমন করে দিলেন যে যারা মাইনরিটি ওবিসি তারা সেই সুযোগটা পাবে না। তার ফল কি হল। কাল কি পরশুদিন যে রিপোর্টটা এখানে পাওয়া গেল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যে ১,৯০০ ছেলের চাকরি

হয়েছে তার মধ্যে মাইনরিটি হচ্ছে মাত্র ১০২ জন, লেস দ্যান ১০%। মানে প্রায় ৫-৬% হয়। কিন্তু এটা হওয়ার কথা কত? ১০% তো রিজার্ভেশান পাবে। নর্মালি একটা কমপিটিশানে কিছুটা পাবে, এটা হচ্ছে নিয়ম। কারণ জেনারেল লিস্ট হওয়ার পরে যেখানে বাকি থাকে সেখানে রিজার্ভেশানে যায়। পাওয়ার কথা ছিল, পাচ্ছে না। তাদের পাওয়ার কথা, কিন্তু তারা পাচ্ছে না। আমরা মুখে বলছি এক কথা, কিন্তু বাস্তবে সেই সুযোগ থেকে তারা বঞ্চিত হয়ে যাচ্ছে। কাজেই এই ব্যাপারে ভাবা দরকার। না হলে আমরা যে সব দরদ দেখাচ্ছি মুখে, সেটা একটা ভোটের ব্যাপার হয়ে দাঁড়াবে। সেটা একটা ভেবে নেওয়া দরকার। একইভাবে স্কুল এডুকেশানের ব্যাপারে বলি, অনেক টাকার কথা বলা হয়েছে। আমি শুধু বিনীতভাবে শিক্ষামন্ত্রীকে বলব - কালকে উনি বলেছিলেন অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে-আমি বলেছিলাম ব্যবস্থার ফলটা কি। অনেক ব্যবস্থা নেওয়া হয়েছে-বীজ যোগাড় করা হয়েছে, জমি চাষ করা হয়েছে, সবই হয়েছে, কিন্তু বীজটা এখনো ছড়ানো হয়নি, তাহলে লাভটা কি? আজকে দু'বছর হয়ে গেল, পঁয়তাল্লিশ থেকে পঞ্চাশ হাজার শিক্ষকের পদ খালি পড়ে আছে। আর এইভবে দু বছর ধরে স্কুলগুলো চলছে, তাহলে কি পরিমাণ ক্ষতি হচ্ছে সেটা আপনি নিশ্চয় বুঝতে পারছেন। কিন্তু সেই ব্যাপারে এখনো কোন ব্যবস্থা আমরা নিতে পারিনি। ঠিক একইভাবে শুধু স্কুল বলে নয়, কলেজে হচ্ছে, সর্বত্র হচ্ছে। গতবার যখন আপনি বাজেট পেশ করেন তখন আমি বলেছিলাম, আবার আমি বিষয়টি বলছি, আমরা যে বিষয়গুলো বলি তার দু-একটা উত্তর যদি আপনি দেন তাহলে ভালো হয়। আপনি অনেক সময় অনেক কথার উত্তর দেন না। আমার মনে আছে, যখন আপনি গতবার বাজেট বক্তব্য পড়েছিলেন, তখন কোথাও লেখা ছিল না কতজন চাকরি পাবে। আমরা এই ব্যাপারে প্রশ্ন করার পরে আপনি ঘোষণা করলেন এগারো লক্ষ লোকের কর্মসংস্থান হবে। আমি জিজ্ঞাসা করেছিলাম কোথা থেকে এগারো লক্ষ লোকের কর্মসংস্থান হবে? আপনি তখন বলেছিলেন সেভেন্টি পার্সেন্ট এগ্রিকালচার থেকে হবে। এবারে আবার বলেছেন দশ লক্ষ লোকের কর্মসংস্থান হয়ে গেছে এবং সামনের বছরে করব তেরো লক্ষ কর্মসংস্থান। এই দশ লক্ষ লোকের কর্মসংস্থান কোথায় হয়েছে সেটা আপনি বলবেন না? আমরা জানব না এই দশ লক্ষ লোকের কর্মসংস্থান কোথায় হয়েছে? কিন্তু কথার উত্তর না বলে বিভ্রান্তি করে দিলে অসুবিধা হবে। আবার বলছেন সামনের বার তেরো লক্ষ লোকের কর্মসংস্থান হবে। এইজন্য আপনার কাছে আমার আবেদন, এই অর্থ বিলের অনুমোদন দেওয়া বড় কথা নয়, বড় কথা হচ্ছে একটা আর্থিক ট্রান্সপারেন্সি থাকা দরকার। যেটা অনেক সময় থাকছে না। রাস্তাঘাটে একটা সিদ্ধান্ত হয়ে যাচ্ছে, যেগুলো একটা নির্দিষ্ট পদ্ধতিতে হওয়া দরকার। এই বিশৃঙ্খলা হওয়া ঠিক নয়। এপ্রোপ্রিয়েশান মানে আপনাকে টাকা খরচের অধিকার দেওয়া হল এবং আপনাকে নিয়ম মেনে তা খরচ করতে হবে। ..... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ড. অমিত মিত্র 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল ২০১৩' যেটা পেশ করেছেন তার উপরে আমি আমার বক্তব্য রাখছি। এখানে কোন প্রশ্ন নেই তাই এর উত্তরও দেওয়ার দরকার নেই। এটাকে সমর্থন করতে হবে তাও নয়, তবে টাকা খরচের অথরিটি ওনাকে দিতে হবে। আমি সবার আগে মাননীয় অর্থমন্ত্রীকে একটা কথা বলতে চাই, আপনি যে সমস্ত ট্যাকসগুলো বাড়িয়েছেন, সেটা আপনি সিওর করতে পারবেন কিনা তা আপনাকে আগে

নিশ্চিত করতে হবে। আপনি এবারে সিগারেট ও তামাকজাত দ্রব্যের উপরে ট্যাকস্ বাড়িয়েছেন। ১৯৯৬ সালে আমি যখন প্রথম বিধানসভায় এলাম, তখন যিনি অর্থমন্ত্রী ছিলেন তিনি amusement tax বসিয়েছিলেন অর্থাৎ বিলাস কর বসিয়েছিলেন প্রায় ৪২ কোটি টাকার। পরের বছর যখন এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে আমি বক্তব্য রাখতে গেলাম, তখন দেখলাম উনি মাত্র ছয় কোটি টাকা আদায় করতে পেরেছেন এই amusement tax থেকে। আপনি যদিও এখানে বলেননি কত কোটি টাকা এখান থেকে আদায় করবেন। আমি আপনাকে বিনীতভাবে বলব, এই ধরনের কোন রকম পরিকল্পনাহীন ট্যাকস্ যদি বসানো থাকে এবং সেটা যদি আদায় না হয় তাহলে তা পূরণের বন্দোবস্ত কোথা থেকে হবে সেটা বলবেন। এই ক্ষেত্রে আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই এটা কি amusement tax? সমস্যাটা হচ্ছে অন্য জায়গায়। আমাদের পাশের রাজ্য ঝাড়খন্ড, বিহার, আসাম তারা যদি এইসব জিনিসের উপরে ট্যাকস না বসায় তাহলে এই সিগারেট এবং তামাকজাত দ্রব্য চোরাইপথে আমাদের রাজ্যে আসবে। যারা বিক্রেতা তার কিন্তু ঘুরপথে ট্যাকস ফাঁকি দেওয়ার সুযোগ পাবে।

[4.20–4.30 p.m.]

আপনি এখান থেকে কত আদায় করবেন বলেন নি, এটা একটু জানার দরকার আছে। আর সোস্যাল অডিটটা কমপালসারি করতে হবে এবং সেন্ট পার্সেন্টি করতে হবে যাতে এর থেকে কেউ এসকেপ করতে না পারে। এখানে দুর্নীতি যদি বাসা বাঁধে, এই এমপ্লয়মেন্ট ওরিয়েনটেড স্কীমটা ব্যর্থ হয়ে যাবে, কেন্দ্রীয় সরকারের সমস্ত প্রচেষ্টা সত্ত্বেও। স্যার, আমার সময় কম আমি দু একটি কথা বলবো পর পর তিনটে বিল নিয়ে আলোচনা হচ্ছে এগুলো সব প্রায় একই রকম। মামনীয় অর্থ মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমি অনুরোধ করবো, আই.সি.ডি.এসের কর্মীদের অনারারিয়াম বাড়ানোর কথাটা আপনি ভাবুন। আপনি বলেছেন এক হাজার আই. সি. ডি.এস. নতুন করবেন। আই.সি.ডি.এসের, কর্মীরা যে অবস্থায় কাজ করে তা আপনি চিন্তা করতে পারবেন না। তার সঙ্গে সঙ্গে যে কথাটা আমি সব সময় বলি, আবার বলছি, আমার মুখ দিয়েই সবাই বলান, আমাদের বিধায়কদের কথাটাও একটা ভাববেন। বিধায়কদের অন্ততঃ এক কোটি টাকার কাজ করার সুযোগ দিয়ে আমাদের বাধিত করবেন এবং নিজেও আনন্দ পাবেন। আমি এই কথাটা বার বার বলি। আবার আপনার কাছে বললাম। মাননীয় পঞ্চায়েত মন্ত্রী চলে গেছেন, শিশু শিক্ষা কেন্দ্রের কোন কোন জায়গায় কমিটি ভেঙে দেবার জন্য তারা মাইনে পাচ্ছে না, ছেলে-মেয়েরা বই পাচ্ছে না। এই ব্যাপারটা একটু দেখতে হবে। আপনি বলেছেন, রাজ্যপালের ভাষণ এখন ঘুমোচ্ছে আগামী সোমবার থেকে আলোচনা হবে। আমি আপনাকে যেটা বলবো, সেই ঘুমোনো রাজ্যপালের ভাষণের মধ্যে একটা জায়গাতে উল্লেখ করা আছে যে এক হাজারের মতো অলচিকি ভাষা পড়ানোর জন্য প্যারা টিচার নিয়োগ করা হয়েছে। আমি দু তিন বার ঐ এলাকায় গেছি। আপনারা এক হাজারের মতো কয়েক জনকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন এটা সত্যি কথা। তারা আমার কাছে বলেওছে তারা এখানকার টিচার। কিন্তু মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়, অত্যন্ত দুঃখের সঙ্গে আপনাকে বলছি অলচিকি ভাষার কোন সিলেবাস কিন্তু হয়নি, কোন বই নেই। তারা অলচিকি ভাষার টিচার কিন্তু অলচিকি ভাষার কোন বই নেই, কোন সিলেবাস নেই। যেভাবে বাংলা ভাষার টিচাররা পড়ান তাঁরা সেই

ভাবেই পড়াচ্ছেন তার বেশী কিছু তারা পড়াতে পারছেন না। SC, ST Arrocities Prevention and Punishment Act এটাকে কার্যকরী করার দরকার ছিল ১৯৮৯ কিন্তু এখনো সেটা কার্যকরী হয়নি। জঙ্গল মহলের কথা আমি আপনাকে বলতে চাইছি ফরেস্ট রাইটসের ধারায় পাট্টা পাওয়ার জন্য যে ২৩ হাজার দরখাস্ত করা হয়েছিল গত বছর তা ব্যতিল করা হয়েছে। আমি আপনাকে আর একটি কথা বলি, যেটা আপনার দফতরের ব্যাপার মাওবাদীদের দ্বারা নিহত যে সমস্ত মানুষ তাদের কেন্দ্রীয় সরকার একটা কমপেনসেশান দেবেন বলেছিলেন। আপনারাও বলেছিলেন রাজ্য সরকারের পক্ষ থেকে আমরা কমপেনসেশান দেবো। আপনারা এক লক্ষ দেবেন বলেছিলেন, কেন্দ্রীয় সরকার তিন লক্ষ দেবে বলেছিল। বিকাশ মাহাতো নামে একজন্য খুন হয়েছিল তার স্ত্রী গত কয়েক দিন আগে আমাকে বলেছে আমি কেন্দ্রীয় সরকারের কমপেনসেশানের টাকা পেয়েছি। কিন্তু রাজ্য সরকারের কমপেনসেশানের কোন টাকা পাইনি।

মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আমি আপনার কাছে অনুরোধ করব যে আপনি এই ব্যাপারটা দেখবেন এবং তার সেই সঙ্গে সঙ্গে আমি অনুরোধ করছি আপনার কাছে যে দুই টাকা কেজি দরে চাল মাওবাদী অধ্যুষিত ভারতবর্ষের সমস্ত রাজ্যে ঝাড়খণ্ডে, বিহারে, সব থেকে বেশি ছত্তিশগড় এই সমস্ত জায়গায় - আমি আপনাকে বলছি, প্রত্যেকটা জায়গায়াতে দুই টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে। এটা নতুন কোন ব্যাপার নয়। আর এই ঝাড়খণ্ডে বিনা পয়সায় দেওয়া হচ্ছে। তারা টাকা নেয়নি। আপনার কাছে এইটুকু বললাম। এছাড়াও অন্য কিছু আর বলার নেই। সংস্কৃতির সম্পর্কে একটু কথা বলে আমার বক্তব্য শেষ করব। সংস্কৃতি নিয়ে আপনাদের ধন্যবাদ দেব, বাজেটে এত কথা আলোচনা করা যায় এটা কোন দিন ছিল না, এটা বলেছেন, সংস্কৃতি সম্পর্কে গত বারেও বলেছিলাম এবারেও বলছি, যে আমাদের সংস্কৃতির দুই জনক রবীন্দ্রনাথ এবং নজরুল। যাদের নিয়ে আপনি বাজেট লিখতে গিয়ে বলেন বা অন্য কথা বলতে গিয়ে বলেন, আমরা তাদের বাদ দিয়ে চলতে পারি না। রবীন্দ্র এবং নজরুলের সঙ্গে দুটি বাড়ির সম্পর্ক আছে। একটি বাড়ি এস.এন. ব্যানার্জী রোডে যেখানে বসে ২১ বছর বয়সে তিনি বিদ্রোহী কবিতা লিখেছিলেন - 'বল বীর, বল উন্নত মম শীর, শীর নেহারী নত শীর ঐ শিখড় হিমাদ্রীর'- এখনও রয়েছে। আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়কে অনুরোধ করেছিলাম গত বারে নজরুলের জন্মদিনে এই বাড়িটা আপনারা অধিগ্রহণ করুন। বিদ্রেহী কবিতার মত কবিতা যে বাড়িতে বসে লিখেছিলেন সেই বাড়িটা অধিগ্রহণ করা উচিত। আর একটা বাড়ি যে বাড়িতে বসে রবীন্দ্রনাথ 'নির্ঝরের স্বপ্ন ভঙ্গ' কবিতা লিখেছিলেন, সেটি দশ নম্বর সদর স্ট্রীটে যে বাড়িতে বসে লিখেছিলেন। সেই বাড়িতে একটা মূর্তি ছিল, সেই মূর্তিটা বর্তমানে একটা ফুটপাতে এসে স্থান পেয়েছে। বাড়িটা যদি অধিগ্রহণ করা যেত-ব্যবসাদার থাকুক বা যেই থাকুক তাহলে স্মৃতি রক্ষার কাজ হত।

মিঃ স্পীকার : এইগুলো অ্যাপ্রোপিয়েশান বিলের সঙ্গে সম্পর্কিত নয়, সম্পৃক্ত নয়।

শ্রী অসিত মিত্র: আমি সংস্কৃতির কথা বলছি, সংস্কৃতির চিন্তা যদি আপনার থাকে তাহলে আপনার বলব এটা তো বাজেটে অন্তর্ভূক্ত ছিল। হেরিটেজটা যদি আপনার মধ্যে থাকে তাহলে দয়া করে ভাবেন। অ্যাপ্রোপিয়েশান বিলে আপনি যে কথা বলেছেন, আপনার বক্তব্য আমরা শুনেছি আপনাকে আবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পীকার স্যার, বিলে নাম্বার ১৩ অব ২০১৩, দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপিয়েশান বিল ২০১৩- এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। যদিও এই আলোচনা ভারতবর্ষের সংবিধানের প্রোভিশান অনুযায়ী আমাদের এটা করতেই হয় এবং আর্টিকেল (3) যেটা ক্যাটিগরিক্যালিতে বলা আছে সাবসেট টু দ্য প্রভিশান অফ আর্টিকেল 205 and 206-নো মানি শ্যাল বি উইথড্রো ফ্রম দ্য কনসোলিডেটেড ফান্ড অফ দ্য স্টেট এক্সসেপ্ট আন্ডার অ্যাপ্রোপিয়েশান মেড বাই ল' পাসড ইন অ্যাকোর্ডেন্স ইউথ দ্য প্রভিশানস অফ দি অ্যার্টিকেল। বিল নিয়ে আলোচনা করতে হয় যেহেতু সংবিধান বলেছে যেহেতু সংবিধানকে মান্যতা করতে গিয়ে এই আলোচনা প্রসঙ্গে কথা বলতে গেলে আমাদের ঘুরে ফিরে সেই বাজেট আলোচনার মধ্যে ঢুকে যেতে হবে। বাজেট-এর আলোচনাগুলো শুনছিলাম, বিভিন্ন বক্তারা কথা বলছিলেন। ধন্যবাদ জানাতে হবে মাননীয় বিত্তমন্ত্রীকে। এই বাজেটে কতগুলি বিষয়ে তিনি যে ভাবে বৃদ্ধি করেছেন যেমন সমাজ কল্যাণ, শিশু স্বাস্থ্যে ১০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, সংখ্যালঘু উন্নয়নের ১৫০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, গ্রামোন্নয়নে বৃদ্ধি ভাল করেছে, পর্যটনে ৩৩ শতাংশ বৃদ্ধি ভাল করেছে, পরিকল্পনাগত খাতে প্রায় ২০৯০০ কোটি টাকা বরাদ্দ হয়েছিল যা ৮৬ শতাংশ ব্যয় হয়েছে বামফ্রন্টের শেষ বছরে, যেটা ৭১ শতাংশ খরচা করতে পেরেছিলেন। তাই এই কাজগুলোর মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের উন্নয়ন, পশ্চিমবাংলার আমজনতা - যখন ২০১১ সালের মে মাসে মাননীয়া মমতা ব্যানার্জী হতে বাংলার দায়িত্ব তুলে দিয়ে বাংলার পরিবর্তনের কথা বলেছিলেন।

[4.30–4.40 p.m]

বাংলার নতুন দীগন্ত আনার স্বপ্ন দেখেছিলেন। সেই স্বপ্নকে সফল করতে গিয়ে আমাদের বিত্তমন্ত্রী একটা পর একটা কাজ করে যাচ্ছেন। আমি অবাক হয়ে যাচ্ছি বাংলায় যারা সরকারে ছিলেন এতো দিন-আমি ৩৪ বছরের কথা বলবো না, কারণ ৩৪ এই সংখ্যাটা শুনলেই ওনাদের মনের মধ্যে একটা অন্য রকম ভাবনা-চিন্তা হয় দেখছি। ওনাদের মধ্যে অনেকেই বলতে গিয়ে বলছেন ১০ লক্ষ লোকের চাকুরী কোথায় হলো, কোথায় চাকুরী হয়েছে। আসল কথা আনিসুরবাবুরা কখনও কখনও দেখেন বলিউডের শাহেন শা কোথায় কি করলেন, তার দিকে নজর দিতে গিয়ে ওরা দেখতে পান না যে ১২ ই জানুয়ারী ২০১৩, সল্টলেক স্টেডিয়ামে আমার জঙ্গল মহলের ৫০০০ ছেলে পুলিশের পোষাক পরে মহামহিম রাজ্যপালকে স্যালুট জানান। ওনারা খুঁজে পা না নতুন করে জঙ্গল মহলের ছেলে-মেয়েদের চাকুরী পাওয়ার এই ছবিটা। ওনারা দেখতে পান না জঙ্গল মহলের মানুষ গুলো একটি বন্দুক কাঁধে তুলে নিয়ে ছিল মাওবাদী হিসাবে নিজেদের নাম লিখিয়ে নিয়েছিল সেই জাগরী বাস্কেরাই ভালেন্টিয়ার হিসাবে বাংলার মানুষের স্বার্থে কাজ করতে নামছেন। দুর্গাপুরে গিয়ে তারা ট্রেনিং নিচ্ছেন, ওরা দেখতে পাচ্ছেন না। ওরা দেখতে পান না যে পশ্চিমবাংলায় ৫৫ হাজার চাকরী পাওয়া জন্য প্রায় ৭ লক্ষ ছেলেমেয়ে স্কুল সার্ভিস কমিশনে পরীক্ষা দিয়েছেন, তাদের রেজাল্ট বেরিয়েছে, পরবর্তীকালে খাতা দেখা হচ্ছে যেটা হয়ত আগামী এক-দুই মাসের মধ্যে ফলাফল বেরিয়ে ছেলেরা চাকরি পাবে। ওদের চোখের সামনে ভাসে না ৩০ মার্চ প্রাথমিক শিক্ষক হিসাবে চাকরির পরীক্ষা হবে যার অ্যাডমিট কার্ড ছেলেমেয়েদের হাতে পৌঁছে গেছে। আসল কথা ওরা জানেন যে পশ্চিমবাংলায় হাইকোর্টে একজন অ্যাডভোকেট আছেন। কোন এক সময় কলকাতার

মেয়র ছিলেন। যতগুলো ওই রকম চাকরির পরীক্ষা হচ্ছে প্রত্যেকটাকে বন্ধ করার জন্য তিনি কোর্টে নেমে পড়ছেন। যাতে ছেলেমেয়েরা চাকরি না পান। তাই ওরা সহ্য করতে পারছে না বাংলার বেকার যুবকরা চাকরি পাচ্ছে। শুধু কোথায় চাকরি, কোথায় চাকরি করছেন। কারণ ওরা দেখেছেন প্রাক্তন অর্থমন্ত্রী নাম বলা যাবে না তাঁর আমলে বিভিন্ন সময় উনি এখানে দাঁড়িয়ে চাকরি দেবার কথা বলে কখনও বলেছেন এত লক্ষ লোকের চাকরি হয়েছে। কি ভাবে আই.টি সেক্টরে ১ লক্ষ ৪ হাজার, স্বনিযুক্ত প্রকল্প ৪ লক্ষ ৩২ হাজার, ক্ষুদ্র শিল্পে ১ লক্ষ ৪ হাজার, পরিষেবায় ২ লক্ষ ৮ হাজার। স্বনির্ভর গোষ্ঠী নিজেরা বানাচ্ছে, ৪ লক্ষ ৩২ হাজার। সেটা চাকরি পেয়েছেন বলে উনি এখানে দাঁড়িয়ে হিসাব দিয়েছেন। এই মিথ্যা হিসাবগুলো দেখতে দেখতে ওরা কাউকে বিশ্বাস করতে পারছেন না। ওনারা ভাবতে পারছেন না যে বাংলায় নতুন একটা সরকার সত্যিকারের বাংলার যুবক-যুবতীদের চাকরি দেবার জন্য এই কাজটা করে যাচ্ছে। তাই ওদের সামনে সমস্তটাই ভাসা ভাসা হয়ে দেখা দিয়েছে। ওরা বলতে চাইছেন পশ্চিমবাংলার বুকে আর কোন উন্নতি নেই। যখনই স্বাস্থ্য দপ্তরের কথা বলা হচ্ছে এখানে অনেকেই হেসে উঠছেন। অনেকেই মুখ থেকে আমাদের কংগ্রেস বন্ধুরা বলছেন ডাক্তার কোথায়? আরে বাবা! ডাক্তারের যে গল্প করছেন স্বাধীনতার ৬৬ বছর পার হল, পশ্চিমবাংলার মেডিকেল কলেজগুলো থেকে কত জন করে ডাক্তার বেরোচ্ছেন - আবার সেই বলতে হচ্ছে ৩৪ বছর - ৩৪ বছরে আপনারা কতজন ছাত্রকে ডাক্তার করবার জন্য পশ্চিমবাংলায় কটা মেডিকেল কলেজ করেছিলেন? পশ্চিমবাংলায় আপনাদের আমলে মেদিনীপুরে একটা মেডিকেল কলেজ হয়েছিল, আর একটা প্রাইভেট মেডেকেল কলেজ যাদবপুরে হয়েছে। এছাড়া আপনারা কোথায় করেছেন? এই সরকার দু'বছরের মধ্যে তিনটি মেডিকেল কলেজের কাজ শুরু করেছেন। একটা ভাঙড়ে ২২ মাসে মেডিকেল কলেজ করার জন্য শিল্যান্যাস করেছেন। আগীমী দিনে ডাক্তারের যোগানটা কোথা থেকে আসবে, এইট পাশ বা মাধ্যমিক পাশ ছেলেমেয়েদের তুলে নিয়ে এসে ডাক্তারি পড়তে দেওয়া যাবে না। তাই ডাক্তারের ক্রাইসিস তো আছেই। কিন্তু সত্যি তাকে কি অস্বীকার করতে পারেন? এত বছর শাসন করার পরে সদ্যোজাত শিশুদের চিকিৎসার জন্য মাত্র ছ'টা হাসপাতালে সত্তরটা আসন করে রেখে দিয়ে আপনারা বাংলার শিশুদের শিশু মৃত্যুর দিকে ঠেলে দিয়েছিলেন। আর বাইশ মাসে একটা সরকার চৌত্রিশটা হাসপাতালে এস.এন.সি.ইউ. চালু করে পনের'শ আসন তৈরী করে বাংলার মায়েদের বলতে চাইছে- মা ভয় নেই, তোমার গর্ভজাত সন্তান সুস্থ্যভাবেই আলো দেখবে। অস্বীকার করতে পারেন? অস্বীকার করতে পারেন পশ্চিমবাংলায় এই দীর্ঘ ৩৪ বছরে একটা এস.এন.সি. ইউ. ছিল না। আর এই বাইশ মাসে দেড়শো'র বেশি এস.এন. সি. ইউ চালু করেছেন এই সরকার। ১৯০ টা এস.এন.সি. ইউ. চালু করেছেন সরকার। অস্বীকার করতে পারেন? মাননীয় স্পীকার স্যার, একটা কথা বলছি, নিজের কথা প্রচার করার জন্য নয়। আমি নিজে ক'দিন আগে আমার চোখের ক্যাটারাক্ট অপারেশান করার জন্য আমার কেন্দ্রে সাব ডিভিসন্যাল হসপিটাল বি.এন.বোস হাসপাতাল থেকে অপারেশন করলাম। অনেকেই বলতে পারতেন। আমার বাড়ির লোকও বলেছিল তুমি তো বিনা পয়সায় পাবে। কেন ওখানে যাচ্ছো? কিন্তু আমি বলেছিলাম এই সরকারের আমলে বি.এন.বোস হাসপাতালের পরিষেবা এমন একটা জায়গায় পৌঁছে গেছে যেখানে যে কোন চোখের অপারেশান যে কেউ করতেপারে।

আমি কেন করব না? আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যকে. তাদের দু'জনের প্রচেষ্টায় বাংলার বিত্তমন্ত্রীর সহযোগিতায় হাসপাতালের উন্নতি ওনারা দেখতে পাচ্ছেন না। কারণ চোখে আঙ্গুল দাদা চোখে আঙ্গুল দিয়ে শুধু পরের সমালোচনাই করতে পারেন, নিজেদের কাজটা ওরা কোনদিন করেন নি। মানসদা অনেক ভালো বক্তৃতা দিয়েছেন। মানসদা ভালো বক্তা। অনেক কথা বলেছেন। সুব্রতাদার প্রশংসা করেছেন, অমিদার প্রশংসা করেছেন, মাননীয় বিত্তমন্ত্রীর প্রশংসা করেছেন। সুব্রতবাবু জয়রাম রমেশের কাছে গিয়ে টাকা নিয়ে এসেছেন - স্যরি এই কথাও বোধ হয় বলা যাবে না গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী কাছ থেকে টাকা নিয়ে এসেছেন। কিন্তু একবারের জন্য আমাদের কংগ্রেসের নেতারা কেউ বললেন না টাকাটা কারোর পৈতৃক টাকা নয়। আমি কাজ করেছি, আমি কাজ দেখাতে পেরেছি। বামফ্রন্ট আমলে যেখানে তে দিন, চৌদ্দ দিন, পনের দিনের কাজ হত, আমি কাজটা পঞ্চাশ দিনের কাছে নিয়ে যেতে পেরেছি বলেই কেন্দ্রীয় মন্ত্রী বাধ্য হয়েছেন আমাদের টাকা দিতে। ক্রেডিট তাঁর নয়, ক্রেডিটটা কেন্দ্রীয় মন্ত্রীদের নয়, এই কথা বলতে পারেন নি। এই কথা বলতে চেয়েছে। আসল কথা কংগ্রেসের মানুষজন এবং আমার বামফ্রন্টের ভাইরা বলেছেন পিছনের কোন চাপে অর্থমন্ত্রী আপনি সঠিক কথা বলতে পারছেন না। আমিও বলব মানসদা, আপনাদের অন্তর আত্মা রাগ করবে বলে আপনারা সত্যিটাকে স্বীকার করতে পারেন নি। আপনার স্বীকার করা উচিত ছিল। যে কাজটা সুব্রতবাবুরা করতে পেরেছেন। পশ্চিমবাংলার উন্নয়ন হয়েছে। তারা অনেকে বলছেন যে বাংলার বুকে শুধু মেলা হচ্ছে, বাংলার বুকে শুধু উৎসব হচ্ছে। আমি কংগ্রেসের ভাইদের বলতে চাইছি গতকালের কাগজে আছে মাননীয়া মুখ্যমন্ত্রী একটা বাচ্চা মেয়েকে আদর করছে, বলছে এটাই ভারতবর্ষের সন্তানের ছবি হবে। কারণ মাওবাদী অঞ্চলে উৎসব করে মাওবাদীদের তাঁর দলে নিয়ে আসার জন্য পশ্চিমবঙ্গ সরকার যে কাজ করেছে সারা ভারতবর্ষকে সেই কাজ করতে হবে এবং মমতা ব্যানার্জীর এই ছবিটাই ভারতবর্ষের মানুষকে, মাওবাদী অঞ্চলের মানুষকে বলতে হবে, এদের সবাইকে কাছে টেনে নিতে হবে। এটার থেকে প্রমাণ হচ্ছে যে বাংলার সরকার এগিয়ে চলেছে। তাই বাংলার মানুষ বিত্তমন্ত্রীকে বলছে, তাই বাংলার মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলছে - 'কদম কদম বাড়ায়ে যাও।' আমরা একদিন সবাই মিলে ভারতবর্ষে শ্রেষ্ঠত্ব লাভ করবই। নমস্কার, ধন্যবাদ।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েসানের বিলের উপর যে আলোচনা হচ্ছে, সেই বিষয়ে কয়েকটি গুরুত্বপূর্ণ কথা আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই। আমি বিরোধিতার জন্য বিরোধিতা বলি নি। আমি জানতে চাই যে সত্যিকারের এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের যুক্তিটা কোথায়? প্রধানতঃ এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল যেটা বলে, উনি যে সমস্ত প্রস্তাব রেখেছেন বিভিন্ন বরাদ্দে, তার অনুমোদন পেয়ে গেছেন। সেটা খরচা করার জন্য, অনুমোদন নেওয়ার জন্য আজকের এই আপ্রোপ্রিয়েশান বিল। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই যে আমরা এই রাজ্যে ২৬ হাজার ৬৭৪ কোটি টাকার প্রস্তাব রেখেছেন এবং ৮ কোটি টাকার ঘাটতি রেখে। একজন স্কুলের শিক্ষক তিনি ছাত্রকে যখন কোন প্রশ্ন করেন বা বলেন, সেই ছাত্র যখন প্রশ্নের উত্তর বলে, তিনি যদি মন দিয়ে শোনেন, যদি ভুল হয়, তিনি তাকে সংশোধন করার জন্য বলেন। তেমনি সালোকসংশ্লেষ তার ব্যাখ্যা করতে গেলে আমি যদি

বলি যে বালি থেকে লবণাক্ত জল, আর মাটি থেকে কার্বন ডাই-অক্সাইড, যদি শিক্ষক মহাশয় নজর না দেন তাহলে তিনি বলবেন যে ছাত্র ঠিকই বলেছেন।

[4.40—4.50 p.m]

আর তিনি সেটা যদি শুনে থাকেন তাহলে সঙ্গে সঙ্গে ভুল ধরবেন যে, না, মাটি থেকে লবানাক্ত জল আর বায়ু থেকে কার্বনডাই-অক্সাইড নিয়ে সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় তাতে খাদ্য তৈরী হয়। সেই জন্য আমি বলতে চাই যে, আগামী দিনে ২৬,৬৭৪ হাজার কোটি টাকার প্রস্তাব, ৮ কোটি টাকার ঘাটতি রেখে যে প্রস্তাব সেই প্রস্তাব রেখে উন্নয়নে সেটা খরচা করার জন্য যে অনুমোদনের উনি আজকে অ্যাপ্রোপিয়েশন বিল সাবমিট করেছেন তার কয়েকটি যৌক্তিকতা আমি খুব সংক্ষেপে বলছি। আমি শেখার জন্যে ভাবতে চাই। যেটা উনি এখানে বলেছেন, আমি প্রথমে বলে নিই যে, আমরা উন্নতি করতে পারবো তখনই আমি যখন ব্যক্তিগত ভাবে ব্যাঙ্ক থেকে ঋণ নেব সেই ঋণটা আমি কিসের জন্য নিচ্ছি, আমি কোন্ কাজে লাগাচ্ছি, সেই কাজে লাগিয়ে তার থেকে উদ্বৃত্ত অর্থ দিয়ে ব্যাঙ্ক-এ দেয় ঋণ শোধ করে আমার সংসারটা পরিচালনা করা। আমি যেই খাতে লোন নিচ্ছি সেইটাকে সুষ্ঠ ভাবে পরিচালনা করা, এটাই হচ্ছে নিয়ম। আর সেই ঋণ যদি অন্য কাজে আমি ব্যয় করি- আমি যদি বাড়ি করি, আমি যদি লোকের দেনা মেটায়, আমি আত্মিয়ের বাড়িতে গিয়ে যদি খরচা করি তাহলে কিন্তু সেই ঋণ আমার কখনই খরচা হবে না। আজকে যে সরকার যার ২ লক্ষ কোটি টাকার ঋণ রয়েছে, ঋণ ছিল আবার তিনি ঋণ নিয়েছেন। প্রতি বছরই রিজার্ভ ব্যাঙ্ক ২৫ হাজার কোটি টাকা কেটে নিচ্ছে। ঋণ প্রতিটি রাজ্যেরই থাকে। প্রতিটি রাজ্যই ঋণ নেয় কিন্তু সেই ঋণ যদি আমরা সত্যিকারের যৌক্তিকতা দিয়ে খরচা না করি তাহলে কিন্তু উন্নতি আমরা করতে পারব না। কয়েকটি উদাহরণ আপনাদের কাছে দিচ্ছি। পানাগড়ের মাটির উৎসব ২০ কোটি টাকা খরচা হয়েছে। বিবেকানন্দের সার্ধশতবর্ষের বিবেক মেলায় মেলা কোটি টাকা খরচা হয়েছে। আড়াই হাজার ক্লাবকে ৭ কোটি টাকা দেওয়া হয়েছে। জঙ্গলমহল, সুন্দরবন, ফুটবল প্রতিযোগিতায় ৪ কোটি টাকা খরচা হয়েছে। এইগুলো বর্হিভূত খরচা হয়েছে। ঋণটা যে মেটাব, আমি আশঙ্কা করছি কখনও কিন্তু এগোতে পারব না। অন্যদিকে অর্থনীতি শাস্ত্র নিয়ে যারা পড়াশোনা করেন তারা জানেন যে, ইকোনোমিক এক্সপ্লেন করি। অর্থনৈতিক বিশ্লেষণ আমরা করে থাকি সমস্ত ক্ষেত্রে। রিজার্ভব্যাঙ্কের একটা হিসাব আছে আমাদের রাজ্যসরকারের আণ্ডারে। ২০১২-র এপ্রিল থেকে ২০১৩-র জানুয়ারি পর্যন্ত রাজ্য পাঁচ খেপে ১৩ দিন ওভার-ড্র করেছে। মোট ৪৮দিন সরকার কোষাগার সচল রেখেছে এবং রিজার্ভব্যাঙ্কের দেওয়া অগ্রীমে সচল রেখেছে। তারপর আবার বাজার থেকে ঋণ নেওয়া। একজন ছাত্রের মতই শিক্ষকের কাছে প্রশ্ন করতে চাই, এই অবস্থা যদি চলতে থাকে তাহলে যে খাতে তিনি বরাদ্দ করেছেন এবং খরচা অনুমোদন নেওয়ার জন্য বলছেন সেটা কিন্তু কখনই ফুলফিল করতে পারব না। সেই জন্য ব্যাখ্যা করে বোঝানোর জন্য অর্থমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। আর একটা কথা বলতে চাই, আমি গতকাল বলেছি এবং আপনাকে লিখিত ভাবে বলেছি উনি এখানে শিক্ষকদের টাকা বরাদ্দের কথা বলেছেন। আমি সেই ব্যাপারে আর যাচ্ছি না কিন্তু পার্শ্বশিক্ষকদের বিষয়ে উনি কিন্তু কিচ্ছু বলেননি। সেই বরাদ্দের কথা কিন্তু বলা উচিৎ ছিল এবং এ্যাপ্রোপ্রিয়েশন বিলে অনুমোদন নেওয়ার ব্যাপারে বলা উচিৎ ছিল। ১৬ জানুয়ারি ২০১৩

কোলকাতা হাইকোর্টের বিচারপতি মাননীয় দেবশীষ কর গুপ্ত নির্দেশ দিয়েছিলেন যে, ২০১৫ ৩১ মার্চের সমস্ত পার্শ্বশিক্ষকের ট্রেনিং দিতে হবে, প্রশিক্ষণ নিতে হবে।

২০১৫ র ৩১শে মার্চের পর, মার্চের আগে পর্যন্ত তিনি যদি প্রশিক্ষণ না নিয়ে থাকেন তাহলে পার্শ্বশিক্ষক বলে আর কিছু থাকবে না। তাই ১৬ই জানুয়ারি ২০১৩র আগামী ৪ সপ্তাহের মধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়ার জন্য তিনি নির্দেশ দেন। ২০০৯ সালে শিক্ষার অধিকার আইন অনুযায়ী আমি এটা বলছি। কেন? কারণ এর সঙ্গে সংযোজিত আছে, এর সঙ্গে রিলেশান আছে। ২০০৯ সালে শিক্ষার অধিকার আইন অনুযায়ী শিক্ষকদের Diploma in Elementary Education and Bachelor in Elementary Education র যোগ্যতা থাকা বাধ্যতামূলক। সেই সূত্রে ২০১২র ২৮ মার্চ রাজ্যসভায় একটি বিজ্ঞপ্তি জারি হয়েছে তাতে প্রাইমারি এবং আপার প্রাইমারি বিদ্যালয়ে কর্মরত প্যারা টিচারদের ক্ষেত্রে নাম নথিভুক্ত করার দায়িত্ব ডি.পি.ও.দের দেওয়ার জন্য বলেছেন। সহকারী শিক্ষকদের ক্ষেত্রে দায়িত্ব দেওয়া হয়েছে সেকেন্ডারী এডুকেশান দপ্তরের উপর। কিন্তু সে ব্যাপারে এ সরকার কোন কিছু বলেননি, কোন কর্ণপাত করেননি এবং এক কলমও এ সম্পর্কে কিছু লেখেননি। পার্শ্বশিক্ষক পায় ৫ হাজার ৪০০ টাকা এবং আপার প্রাইমারি বিভাগে প্রায় ৭ হাজার ৪২৫ টাকা। ২০১২ সালে মার্চ মাসে দিল্লিতে অনুষ্ঠিত ১২৮ তম প্রোজেক্ট অ্যাপ্রুভাল বোর্ডের বৈঠকে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিনিধিদের সামনে সিদ্ধান্ত হয়েছিল ওই শিক্ষকদের বেতনক্রম যথাক্রমে ৬ হাজার ৯০৮ টাকা এবং ৯ হাজার ৫০২ টাকা কার্যকর করতে হবে। কিন্তু হয়নি, কিচ্ছু করেনি। সর্বশিক্ষা অভিযানে শিক্ষার মান উন্নয়ন করার জন্য সর্বস্তরে চেষ্টা হচ্ছে এবং আন্তর্জার্তিক স্তরেও চেষ্টা হচ্ছে। সর্বশিক্ষা অভিযানে প্রতিবন্ধীদের সংরক্ষণে ১৯৯৬ সালে বেজিংয়ে আন্তর্জার্তিক সম্মেলনে ভারত সরকার স্বাক্ষর করেছিল। সেই স্বাক্ষর অনুসারে তিন শতাংশ আসন সংরক্ষিত রাখতে হবে, বাস্তবে সর্বশিক্ষা অভিযানে তা মানা হচ্ছে না। তাছাড়া ঐ দিন ১৬ ই জানুয়ারি ২০১৩ কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ কেন্দ্র এবং রাজ্যকে এটাকে কার্যকর করার জন্য নির্দেশ দিয়েছিলেন। কিন্তু সেই নির্দেশ মানা হচ্ছে না এবং তা হয়নি। সেইজন্য আমি এ বিষয়ে যেটা আমি কর্ণপাত করতে চাই এবং আমিও যেটা বলতে চাই কয়েকটি বিষয়ের উপর এখানে জোর দেওয়া উচিত। যেটা উনি বলেছেন - আমাদের যে টাকা বরাদ্দ হয়েছে তার জন্য যেমন আর.আই.ডি. এফ. প্রকল্প সেখানে প্রস্তাব রেখেছেন গোডাউন ঘর তৈরি করার জন্য ৩৪৪ কোটি টাকা। এই যে গোডাউন তৈরি করার জন্য যে পরিকল্পনা চাই, যে এস্টিমেট চাই, যে স্কিম চাই, তার যে স্বচ্ছতা এবং তা কিভাবে তৈরি হবে, তার কথা কিছু বলা নেই। কেবলমাত্র প্রস্তাব দিয়েছেন খরচা করার জন্য অনুমোদন করার জন্য। পি.ই.জি. প্রকল্পের মাধ্যমে সেখানেও বলা হয়েছে। সেচ দপ্তরের জন্য ১ লক্ষ ৭২৭ হাজার ৫০ কোটি টাকার তিনি একটা প্রস্তাব দিয়েছেন। সেখানেও কোন জায়গায় সেচ দপ্তরের যে সমস্ত বিগত দিনে গত বছরে যে বাজেট হয়েছিল সে বাজেটে বলা হয়েছিল তার জন্য কোনো স্কিম, তার জন্য কোন এস্টিমেট কিছু নেই এবং কোন জায়গায় কাজ করা হবে সেই জায়গায় বলা ছিল। কিন্তু এ বছর তা বলা নেই এবং তার কোন এস্টিমেট নেই। অতএব এই টাকাটা কোন জায়গায় খরচা হবে, কিভাবে খরচা হবে, স্বচ্ছতা কি তার কথা বলা নেই। অতএব এজন্য এই প্রকল্পের যে সমস্ত টাকা

বরাদ্দ করা হয়েছে তার খরচা করার জন্য অনুমোদন চাইছেন সেটা আমি দিতে না পারায় দুঃখিত। এই কয়েকটি কথা বলে আমার পক্ষ থেকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.50—5.00 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মানীয় অধ্যক্ষ মহোদয়, দি ওয়েষ্ট বেঙ্গল অ্যাপ্রোপিয়েশান বিল, ২০১৩ যা আজকের সভায় উপস্থাপিত হয়েছে এটা ২০১২-১৩ সালের যে সাপ্লিমেন্টারি বাজেট সেই সাপ্রিমেন্টারি বাজেট যেটা গতকাল বিধানসভায় অনুমোদিত হয়েছে। যে ব্যয় বরাদ্দ অনুমোদিত হয়েছে তার কনসোলিটেড ফান্ড থেকে অলরেডি ব্যয় হয়ে গেছে। এটা টেকনিক্যাল ব্যাপার সেই ব্যয়ে অনুমোদিত যে বরাদ্দ তাকে ব্যয়ের জন্য অনুমোদনের জন্য উপস্থাপিত করা হয়েছে। আমি অনুমোদনের পক্ষে আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, বরাদ্দ অনুমোদিত হলে ব্যয় করতে দিতে হবে। সুতরাং এই ব্যাপারে বক্তব্য বলা নিস্প্রয়োজন। আমি গত আমাদের রাজ্য সরকারের উপর যে ঋণের ফাঁদ এর জন্য বিগত বাম সরকারই দায়ী। কারণ কেন্দ্রীয় সরকারের FRBM অর্থাৎ Fiscal Regulation & Budget Management নীতি মেনে নিলে আমরা ঋণ মুকুবের ব্যাপারে লাভবান হতাম। As per the recommendation of the 12th Finance Commission loan from National Savings Fund (N.S.S.F.) were excluded from the scope of debt relief স্যার, লক্ষ্য করার মত এন.এস.এস.এফ-এর যদিও মেজর পোর্শান কিন্তু সি. আর.বি. এম। 12th Finance Commission Recommendation না মানার জন্য তদানীন্তন রাজ্য সরকার যে ডেট রিলিফ পেতে পারতেন তা পেলেন না। পশ্চিমবঙ্গের অর্থনীতির উপর আবার একবার ছুরি মারলেন। As National Small Savings Fund loans amount was the major part of total outstanding debt in 2004-05, Fiscal Responsibility and Budget Management Act was not enacted by the State Government and consequently, the State Government could not avail of the debt relief recommended by the 12th Finance Commission স্যার, Let us come to 13th Finance Commission. The 13th Finance Commission has considered to certain extent the demand for inclusion of NSSF loans in the debt relief package and has recommended that NSSF loans contracted till 2006-07 and outstanding at the end of 2009-10 were to be paid 9% rate of interest from 2010-11 on wards in place of earlier settled rate of 9.5 percent or 10.5 percent while keeping the repayment schedule unchanged. The State has not yet been able to avail of the benefits to be incurred on that account. সুতরাং ১২ এবং ১৩ ফিনান্স কমিশন যে স্মল সেভিং ফান্ডকে কনসিডার করেনি তা নয়। কনসিডার করেছিল কিন্তু তখনও স্টেট গর্ভমেন্ট সেই সুবিধা নিতে পারলো না। যার ফলে যে সুদ আমরা কম দিতে পারতাম, আমাদের রিলিফ হত, সেটা হল না। তার রেজাল্ট কি হল? রেজাল্ট হল - অতিরিক্ত সুদ বাবাদ রাজ্যকে

২০১২-১৩ সালে ৪৩১.২৮ কোটি টাকা দিতে হবে। ড. বর্মা কালকে বলেছিলেন, কেন আপনি নিলেন? স্যার, এই পর্যন্ত বেতন এবং পেনশান বাবদ ইত্যাদিতে রাজ্যকে দিতে হয়, যেটা কমপালসারি পেমেন্ট ৪২ হাজার কোটি টাকা এবং অতিরিক্ত সুদ বাবদ প্রদেয় টাকা ধরলে আজকে আমাদের রাজ্যের উপর স্টেট ঋণের বোঝা ৪২ হাজার ৪৩১ কোটি টাকা। এটা কার পাপ? যারা মনে করেছিলেন ১৩ ফিনান্স কমিশন এটাকে কনসিডার করতে পারেনি এবং আমাদের প্রধানমন্ত্রীর হাত-পা বাঁধা, তদানীন্তন অর্থমন্ত্রীর হাত-পা বাঁধা—তাদের ধারণা সত্য নয়। রাজ্যকে মরাটোরিয়াম বা রাজ্যকে ঋণমুক্ত করার যে কোন উপায় ছিল না তা ঠিক নয়। কালকে ডঃ মানস ভূঞ্যা বলেছিলেন আজকে হাউসে নেই, ড. বর্মাও বলেছিলেন যে ফিনান্স কমিশনের জন্য কেন্দ্রীয় সরকার কিছু করতে পারেন নি। স্যার, ফিনান্স কমিশনের জুজু দেখিয়ে নিজের দায়কে অস্বীকার করা যায় না। স্যার, আমি একটা ছোট্ট ঘটনার কথা উল্লেখ করি। এটা দিল্লির ক্ষমতার অলিন্দের কথা। আমি একদিন দিল্লির একজন নেতাকে জিজ্ঞাসা করেছিলাম আচ্ছা বলুন তো, সনিয়াজির সাথে মেনকাজির ডিফারেন্সটা কিসের? নাম আমি বলছি না। [***] আই এ্যাম নট মেকিং এনি এ্যাসপারশান টু দেম। তখন উনি আমাকে হাসতে হাসতে বলেছিলেন দেখ, ব্যাপারটা কি জান, আফ্‌টার দি ডিমাইস অফ দি সঞ্জয় গান্ধী, মেনকাজি ওখানে কনটেস্ট করতে চেয়েছিলেন। তখন ইন্দিরাজী আছেন।

(গোলমাল)

(ভয়েস — স্যার, এটা কি বলা যায়?)

বলা যায় না, কি আছে?

মিঃ স্পীকার : এই প্রসঙ্গ না বলাই ভাল।

শ্রী জ্যোতির্ময় কর: না বলা ভাল তো বলছি না। স্যার, হোয়াট ইজ দ্যাট? মূল যে কথা সেটা হচ্ছে ফিনান্স কমিশনকে দেখিয়ে এরা রেসপন্সিবিলিটিকে এ্যাভয়েড করতে পারেন না। ড. বর্মা কালকে বলেছেন, আপনারা কেন্দ্র সরকার ছাড়লেন কেন? আমরা দায়বদ্ধ, পশ্চিমবঙ্গের যারা এম.এল.এ আছি, এপাশে বিশেষ করে সরকারী দলে, আমাদের কমিটমেন্ট ও পলিটিকাল কমপালশাল আছে। আমাদের ফিনান্সিয়াল কমপালশান আছে। আমাদের ফিলোজফিকাল এ্যান্ড এথিকাল কমপালশান আছে। স্যার, আজকে বিহারে [***] যদি আজকে ফেল করে সেখানে সি.পি.এম আসবে না। ৩৪ বছর পশ্চিমবঙ্গে রিগিং করে ভোটারলিস্ট কারচুপি করে সি.পি.এম. জিতছে। আর সেখানে [***] আসবে অথবা অন্য কেউ আসবে।

মিঃ স্পীকার : [***] এবং [***] নাম বাদ যাবে।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, আজকে যদি উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী ফেল করে, কমিউনিস্টরা আসবে না, যারা ৩৪ বছর নিষ্পেষণ করেছে। আজকে যদি মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ফেল করে তাহলে অন্য রাজনৈতিক দল আসবে কমিউনিস্ট আসবে না। যারা জোর করে ৪০ বছর মানসবাবুদের মাঠে ছোটাবে, [***] নেই, আন্ডার প্যান্ট পরে ছুটছেন, বাঁচাও। এই পরিস্থিতি তৈরি হবে।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

মিঃ স্পীকার : [***]-র প্রসঙ্গ উঠবে না।

শ্রী জ্যোতির্ময় কর : স্যার, আজকে তাই বলছি আমাদের পলিটিক্যাল কমপালশান ছিল। আমাদের পলিটিক্যাল কমিটমেন্ট ছিল। আমরা তো ছুটেছি, আমরা তো আক্রান্ত ও রক্তাক্ত হয়েছি। ভয় তো আমাদের সেখানেই। আমাদের যারা বন্ধুরা আছেন, মাথার চুল থেকে পায়ের নখ পর্যন্ত আহত হননি এমন একজনও নেই। জীবন মৃত্যুকে পায়ের ভৃত্য করে ৩৪ বছর লড়াই করে রক্ত অঞ্জলি দিয়ে এরা ক্ষমতায় এসেছেন। এই কষ্ট আপনারা কি বুঝবেন? এই কষ্ট দিল্লি কি বুঝবে? দিল্লি দিল্লির ক্ষমতার অলিন্দে রাজনীতি করে। বাংলার মাটি কি বুঝবে? মমতা বন্দ্যোপাধ্যায়ের আত্মত্যাগ কি করে বুঝবে? মমতা বন্দ্যোপাধ্যায়ের জীবন চেতনা কি করে বুঝবে? তাই স্যার, আপনাকে বলি এই পলিটিক্যাল কমিটমেন্টের মধ্যে থেকে দাঁড়িয়ে আমাদের অর্থনৈতিক কমিটমেন্ট পালন করতে হয়। আজকে বিত্তমন্ত্রী যে এ্যাপ্রোপ্রিয়েশান বিলকে উত্থাপিত করেছেন আমি অবাক হয়ে যাই অন্য কোন স্টেটের বিত্তমন্ত্রীকে এই চাপ সহ্য করতে হয় কি না। এত টাকা ঋণ, এত টাকা বেতন, এত টাকা পেনশান প্লাস এর সঙ্গে আছে আজকে জঙ্গলমহলের সমস্যার সমাধান, সেখানে যদি আপনি জল না দেন, সেখানে যদি আপনি খাদ্য না দেন, সেখানে যদি আপনি ঔষধ না দেন, সেখানে যদি আপনি শিক্ষা না দেন, সেখানে যদি আপনি সোহাগ না দেন, সেখানে যদি আপনি খেলার মাঠ না দেন, সেখানে যদি সাংস্কৃতিক মঞ্চ না দেন, সেখানে যদি লোক শিক্ষা, লোক সংস্কৃতির বিকাশ না ঘটান তাহলে আপনার যে আগুন জ্বলেছিল, হিংসার উন্মত্ততা চলছিল তাকে থামানো যাবে না। আজকে তাই হয়নি বলবেন না। ৩৪ বছরের শাসনের কু-ফলকে থামানো এত তাড়াতাড়ি যাবে না। স্যার, আজকে তাই এই এ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর আলোচনা করতে গিয়ে বলি আমাদের পলিটিক্যাল কমপালশান যেমন আছে ভারতবর্ষের অন্য কোন অঙ্গ রাজ্যে এই পলিটিক্যাল কমপালশান নেই। তারা জানে না কি ভয়ানক কংকাল রাজ কায়েম হয়ে গেছিল। আজকে যারা জানেনা, তারা আঁতকে উঠবে। আমাদের সোশাল কমপালশান আছে। স্যার, আমাদের ডেমোক্রেটিক, এথিক্যাল, ফিলোজফিক্যাল কমপালশান আছে। যখন দিল্লিতে গিয়ে আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দেখলেন যে না, এরা আমাদের কখনো কমপালশান বুঝতে চাইছে না।

[5.00–5.16 p.m.]

এরা আমাদের কোন obligation বুঝতে চাইছেনা, তখন তিনি কেন্দ্রীয় মন্ত্রীদের বললেন যে, 'এই মহিহার আমায় নাহি সাজে, এরে পরতে গেলে লাগে, এরে ছিঁড়তে গেলে বাজে।' তাই চলুন আবার কোলকাতায় ফিরে যাই। এদের এখানে থেকে কোন লাভ নেই। তাই আজকে আপনাকে এই appropriation বিলে বলি - অসিত মিত্রতরা আছেন। দেখব ওরা কি চাইছেন? আজকে ঋণের এই জটিলতা থেকে বাংলাকে বার করতেই হবে। এই বার করতে গেলে (গোলমাল) অল পার্টি ডেলিগেশান করুন আবার, আমার আপত্তি নেই। কিন্তু ফিনান্স কমিশানের জু জু দেখিয়ে একটা রাজ্যকে এইভাবে জব্দ করা যাবে না। একটা রাজ্যকে এইভাবে রুদ্ধ করা যাবে না। তাই আপনার কাছে মাননীয় স্পীকার সাহেব, এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল সমর্থন করতে গিয়ে আমি বলি যে, আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল যেটা দিয়েছেন নিশ্চয়ই যথাযোগ্য কার্যকর করবেন। আমার

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

আরো বক্তব্য আছে মিঃ স্পীকার সাহেব। অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলতে গিয়ে আমাদের ড. বর্মা কালকে বলেছিলেন, আমার তার যোগ্যতা সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু আমাদের এখানে অনেক বন্ধু আছে যারা ছাত্র অবস্থা থেকেই রাজনীতি করছে। জানেন না, ভবিষ্যত কি হবে? জানে না, বাঁচবে কি না? এম.এল.এ. হওয়ার ব্যাপারে তারা স্বপ্নেও ভাবতে পারেনি। সুখ স্বপ্ন, সুখ নিদ্রা, সুখে থাকি—ডাঁয়ে পুলিশ, বাঁয়ে পুলিশ, সামনে পুলিশ, রেড লাইট। সরকারী চাকরি করলাম, আর শেষ বয়সে এসে আমি বললাম—আমি সাধু, আমি দেশসেবা করতে চাই। এই কর্মীরা দেখুন তো স্যার, আপনি দেখুন কেউ বাবা হারিয়েছে, কেউ ভাই হারিয়েছেন, কেউ মাকে হারিয়েছেন, কেউ নিজের সহকর্মীকে হারিয়েছেন। তারমধ্যে থেকেই উঠে এসেছে। সেই সমস্ত কর্মীদের, সেই সমস্ত এম.এল.এ-দের অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর বলতে গিয়ে বলতে চাই—আমি আজকে আপনার মাধ্যমে একটি ম্যাসেজ দিতে চাই সারা বাংলাকে, সারা বিরোধীপক্ষকে-দাঁড়ান, আপনাদের ঋণের বোঝা আপনাদেরও ভাবতে হবে। শুনুন ঋণ ঋণকে বাড়ায়। সুতরাং আপনাদেরও প্রজন্ম আসবে। সুতরাং সেই জন্যই আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে শুধু সমর্থন করছি তা নয়, political compulsion, ethical compulsion, social commitment আছে এবং আমাদের নেত্রীর এই যে দিন রাত খাটুনি, পরিশ্রম—একে মর্যাদা দিয়ে চলার চেষ্টা করুন, ধন্যবাদ।

ড. অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি সময় এগিয়ে গেছে সেহেতু আপনার অনুমতি দিয়ে সংক্ষিপ্ত ভাবেই বলতে চাই। প্রথমে বলি, অনারেবল মেম্বার অজয় দে স্যার, একটা বড় কথা তুলেছেন, ইস্যুটা হচ্ছে সাকসেসফুলি খরচ করা কি করে যাবে। আমরা যখন সরকারে এলাম দেখলাম অর্থমন্ত্রালয়ে, ফিনান্স ডিপার্টমেন্টের ফাইলে পাহাড়। কেন? প্রত্যেক ডিপার্টমেন্টের দু'পয়সা খরচ করতে হলে ফাইনান্স ডিপার্টমেন্টের পার্মিশান চাই। খরচ হবে কি করে? আমরা কি করলাম? মা-মাটি-মানুষের সরকার ডিসেন্টালাইজেশানে বিশ্বাস করে। ৭৫ শতাংশ প্ল্যান ফান্ড প্রত্যেক ডিপার্টমেন্ট নিজে খরচ করবে ফাইনান্স ডিপার্টমেন্টের পার্মিশান চাই না করে আমরা ডিসেন্ট্রালাইজেশান করলাম। সঙ্গে এটাও বললাম, বড় ডিপার্টমেন্টে যেখানে খরচ বেশি হয় সেখানে ফাইনান্সিয়াল এ্যাডভাইসার বসিয়ে দেওয়া হবে। যাতে ফাইনান্সিয়াল এ্যাডভাইজারে পাওয়ার আছে তাতে আরও ফাইনান্স ডিপার্টমেন্টে ফাইল আসতে হবে না। সেহেতু আমি তাকে জানাতে চাই, যে রিফর্মিস্টিহ্যন্ড নিয়ে এই সরকার এগিয়ে যাচ্ছে ডিসেন্ট্রালাইজেশান is the name of the game, কি করে মানুষকে এমপাওয়ার করবেন। কি করে ধাপে ধাপে নিয়ে যাবেন সেই পাওয়ার। সেহেতু সেটা একটা বিরাট পরিবর্তন যেটা উনি তুলেছেন যেটা হয়তো উনি জানেন না। আমি তাই এই ফ্লোরকে ইনফর্ম করতে চাই যে, এই বিরাট ডিসেন্ট্রালাইজেশানের জন্য আমি ওনাকে অ্যাসিওরেন্স দিতে চাই আমরা যেভাবে স্বচ্ছভাবে, সততার সঙ্গে খরচ করতে পারছি আজ, সেটা আগে সম্ভব হত না- সেটা শুনে আপনি খুশি হবেন। আনিসুর রহমান সাহেব বক্তব্য রেখেছেন। উনি স্মল ইজ বিউটিফুল বইটা নিশ্চয়ই যৌবনে পড়েছেন। সুমাকারের আঁকির কথা যে বলেছেন, বিভিন্ন ছোট ছোট শিল্পের কথা বলেছেন। মনে রাখবেন স্মল, মিডিয়াম অ্যান্ড লার্জ- তিনটের কম্বিনেশানে এই নতুন জগৎ তৈরী হচ্ছে। সেহেতু নিশ্চয়ই আপনি আমাদের সঙ্গে সহযোগিতা করবেন স্মল, মিডিয়াম এবং লার্জ- তিনটেকে একসঙ্গে নিয়ে যাওয়ার। আমি বলেছিলাম আগে

যে, হয়ত যে ইনার কনট্রাডিকশান আমি দেখছি, সেটা আমাদের ইয়ং অনারেবেল মেম্বার শ্রীমতী অর্পণা সাহা এবং সিনিয়ার অনারেবেল মেম্বার ডাঃ সূর্য্যকান্ত মিশ্রের বক্তব্যের মধ্যে ইনার কনট্রাডিকশান ছিল। আমি একটু অবাক হয়ে গেলাম যে সিনিয়ার মোস্ট লেভেলে জানাব রহমানের সঙ্গে ডাঃ সূর্য্যকান্ত মিশ্রের সঙ্গে যে এইরকম দ্বিমত আছে, আমি তা জানতাম না। উনি বললেন ভ্যাট বাড়ানো - কি বললেন উনি? বললেন ভ্যাটটা কেন বাড়ালেন? কিছু কিছু জিনিস, এটা নিন, ওটা নিন, ওটা না নিয়ে- একটু চিন্তা করুন কোনটা আপনাদের সিনিয়ার সি.পি.এম. মানুষদের মধ্যে - হোয়াট ইজ দি ওপিনিয়ান? আমি ভেবেছিলাম অন্য কারোর সঙ্গে ডাঃ মিশ্রের দ্বিমত হচ্ছে বলে আমি কাগজে পড়েছি, তার নাম নিচ্ছি না কারণ তিনি হাউসে নেই। এখন দেখছি শুধু নীচের লেভেলে কনট্রাডিকশান নেই, সিনিয়ার মোস্ট লেভেলে একজন্য বলছেন আমি তো বলেছিলাম ভ্যাট বাড়ান, অন্যজন বলছেন পুরোটা বাড়ালেন কেন? এটাকে বাদ দিন, ওটাকে নিন। আপনাদের নিজের কনট্রাডিশান আগে সেটের করুন। এবারে একটা কথায় আসছি সেটা হচ্ছে একটা নতুন তথ্য দিতে চাই। ট্যাক্স কিভাবে রাজস্ব কিভাবে বেড়েছে সংগ্রহ করাতে? ২১ হাজার কোটি টাকা ছিল যখন আমরা এসেছিলাম। ২০১১-১২ তে ২৫ হাজার হল, ২০১৩ তে ৩২ হাজার হল এবং সেটা আর.ই। এখন ২০১৩-১৪ তে ৩৯ হাজার ৭৭৮ লক্ষ বলে আমরা বাজেট এস্টিমেটে এনেছি এবং তার যে প্রতিফলন, তার একটা নতুন তথ্য দিতে চাই। তথ্যটা হল ২০১০-১১ তে আউটস্ট্যান্ডিং লায়াবেলিটি অ্যাজ এ পার্সেন্টেজ অফ রেভিনিউ রিসিট। আগে আমরা বলেছি যে, ডোমারের একটা ফর্মুলা ছিল যে, যত ডেট সেটা আপনার জি এস ডি পি দিয়ে একটা অ্যাড করে একটা প্রোপোরশান দেওয়া। আমি জি এস ডি পি ছেড়ে এখন রেভিন্যু রিসিটের ফর্মুলাতে যাচ্ছি। আউট স্ট্যান্ডিং লায়াবিলিটি অ্যাজ এ পার্সেন্টেজ অফ রেভিনিউ রিসিট। শুনে অবাক হয়ে যাবেন যে ২০১০-১১ তে এটা ছিল ৪০৮.১৮। তার মানে ফোর্থ টাইম ঋণ কমপেয়ার টু রেভিনিউ রিসিট। আমরা কি করেছি? ২০১১-১২ তে অ্যাকর্ডিং টু আর.ই আমরা এটাকে নামিয়ে এনেছি টু ৩৫৮.৯০। ছিল ৪০৮.১৮, নামিয়ে এনেছি আমরা আউট স্ট্যান্ডিং লায়াবিলিটি অ্যাজ এ পার্সেন্টেজ অফ রেভিনিউ রিসিট টু ৩৫৮.৯০, ২০১১-১২ তে। ২০১২-১৩ তে আরও নামিয়ে এনেছি আউট স্ট্যান্ডিং লায়াবিলিটি অথবা যাকে ঋণ বলবেন এ্যাজ এ পার্সেন্টেজ অফ রেভিনিউ রিসিট আরও নামিয়ে এনেছি টু ৩০০.২৬। তারমানে স্বচ্ছভাবে আমরা ধীরে-ধীরে নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য এই যে হিউজ লায়াবিলিটি সেগুলো অ্যাজ এ প্রেপ্রোরেশান টু রেভিনিউ রিসিট- আমরা ধীরে ধীরে এগিয়ে যাচ্ছি। এই তথ্যটা আগে এই হাউসে দেওয়া হয়নি, এটা নতুন তথ্য। কেননা এই পর্যন্ত ডোমার ফর্মুলাটাই বলা হত। সেইজন্য আমি সেটাকে ছেড়ে একটা নতুন ফর্মুলেশান, যেটা পৃথিবীতে আজকে ডমিনেন্ট ভিউ হিসাবে এসেছে, সেই তথ্যটা আপনাদের সামনে রাখলাম। এবারে আসতে চাই এমপ্লয়মেন্ট-এ। নতুন কর্মসৃষ্টি বা নতুন কর্মসংস্থান। বার বার এই কথাটা হাউসে উঠেছে। সেহেতু আমি দুটো শব্দ বলতে চাই। অনারেবল শীলভদ্র দত্ত মহাশয় একটা statistics দিয়েছেন ওনার বক্তব্যে, যেটা বিগত অর্থমন্ত্রীর সময় লাস্ট বাজেটে তিনি বলেছিলেন, সেই সম্বন্ধে বলতে চাই। উনি বলেছেন যে সেই বাজেটে ছিল এমপ্লয়মেন্ট অফ সারভিস সেক্টরে, আপনি বলেছেন ১ লক্ষ ৮০ হাজার এমপ্লয়মেন্ট হবে নতুন। আপনি বলেছেন সেই বাজেটে ছিল যে এমপ্লয়মেন্ট ইন মেজর অ্যান্ড মিডিয়াম ইন্ডাস্ট্রিজ, ইনক্লুডিং আই.টি তে আপনি বোধহয় বলেছেন ১ লক্ষ ৯৭

হাজার। তারপরে আপনি বলেছিলেন এমপ্লয়মেন্ট ইন রেজিস্টার স্মলস্কেল ইন্ডাস্ট্রি ইউনিটস ২ লক্ষ ২০ হাজার। আপনি বলেছিলেন এমপ্লয়মেন্ট ইন সেল্ফ হেল্প গ্রুপস ৪ লক্ষ ৩২ হাজার।

মিঃ স্পীকার : হাউসের অনুমতি নিয়ে সভার সময় আরো ১০ মিনিট বাড়ানো হল।

ড: অমিত মিত্র : এতে আপনার পাতা গুলো বলে দিই। পেজে ২৫ অ্যাণ্ড ২৬, লার্জ অ্যান্ড মিডিয়াম ইন্ডাস্ট্রিজ-এর যে তথ্য আপনি দিয়েছেন। পেজ ২৮, স্মলস্কেল ইন্ডাস্ট্রিজ। জেপ ২৯, সারভিস সেক্টর অ্যান্ড পেজ ৩০, সেল্ফ হেল্প গ্রুপস। কেন আমি পাতা গুলোর কথা বলছি? তার কারণ পেজ ৬৫ ইংরেজি ভার্সানে উনি বলছেন, "সেহেতু ৮ লক্ষ নতুন চাকরি হতে পারে।" আমি আপনার হিসেবটা থেকে দেখলাম সেটা থেকেই গিয়ে দাঁড়াচ্ছে ১০ লক্ষ ২৯ হাজার। আমি অবাক এই কন্ট্রাডিকসানটা এই হাউসে কোনদিন আসেনি। কোনটা ঠিক? ১০ লক্ষ ২৯ হাজার যেটা আপনার টোটালে এল এই স্পিচ থেকে, যার পাতাগুলো আমি ধরে দিলাম। না পেজে ৬৫ এ ৮ লক্ষ। কোনটা ঠিক? এর নাম আবার inner contradiction, এই contradiction এর আমি ফাইনাল আউট কাম পাচ্ছি না। If I am wrong, House will consider it এ পর্যন্ত সে কথা আসেনি। (গন্ডগোল) আমি একটা কথা বলে শেষ করব এ পর্যন্ত কোনদিন এ কথা কেউ বলেনি, যা রহমান সাহেব বলেছেন। এই জন্য আমি খুব খুশি, আমি সত্যিই বাধিত। আপনি এতদিন পরে আজকে সত্যি কথাটা বলেছেন, হয়তো আপনার মনে সেটা এসেছে। সেটা কি? বামফ্রন্ট আপরাধ করেছে ঋণ নিয়ে। ধন্যবাদ. আমার কিচ্ছু বলার নেই। আপনি নিজেই বলেছেন বামফ্রন্ট অপরাধ করেছে এই বিরাট ঋণের বোঝা নিয়ে। আপনার কথায়. আমার কথায় নয়। তার থেকে বুঝতে পারছেন আমরা আজ কোথায় particular financial ক্ষেত্রে দাঁড়িয়ে আছি। বামফ্রন্ট অপরাধ করেছে। আজ সেহেতু আবার ক্ষমা চাইতে হবে বামফ্রন্টকে। এইটুকু বলেই আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses 2 & 3

There is no Amendment to Clauses 2 & 3 . So , I put Clauses 2 & 3 do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Schedule

There is no Amendment to Schedule. So, I put Schedule to stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. So, I put Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Dr. Amit Mitra : Sir, I beg to move that the West Bengal Appropriation Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

(The bill is passed).

Adjournment

The House was then adjourned at 5-16 p.m. till 11-00 am, Monday, the 18th March, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday. the 18th March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 33 Minister, 06 Ministers of State and 216 Members.

[11.00—11.10 a.m.]

(মহেশতলা বস্তিতে আগুন লাগার ব্যাপারে বিরোধীদলের সদস্যগণ স্পীকার সাহেবের দৃষ্টি আকর্ষণ করেন।)

(গোলমাল)

মিঃ স্পীকার : আমি আপনাদের অবগতির জন্য জানাই আজকে মাননীয় মন্ত্রী হাউসে আসবেন। ফায়ার ব্রিগেডের উপরে ওনার কলিং অ্যাটেনশন রয়েছে। উনি থাকবেন। উনি যদি প্রয়োজন মনে করেন উনি সব বলবেন। প্লিজ আমাকে কোয়েশ্চেন আওয়ারটা চালিয়ে নিতে দিন। (গোলমাল) আমার কোয়েশ্চেন আওয়ার লস করে লাভ নেই। প্লিজ সূর্য্যবাবু পরে আপনার কথা শুনব।

(গোলমাল)

Starred Questions
(to which oral answers were given) .

রাজ্যে পাকা রাস্তা নির্মাণ

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭) **শ্রী অসিত মিত্র :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত রাজ্যে কত কিলোমিটার পাকা রাস্তা নির্মাণ করা হয়েছে ; এবং

(খ) উক্ত সময়ে রাজ্যে পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যমাত্রা কত ছিল?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে ওনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, উল্লেখিত সময়সীমার মধ্যে অর্থাৎ ১লা জুন ২০১১ থেকে ৩১শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত আমাদের মোট ৫.৫ কিলোমিটার নতুন রাস্তা তৈরী হয়েছে। আমাদের এই সময় ২০.৩ কিলোমিটার রাস্তা তৈরীর পরিকল্পনা ছিল। কিন্তু মেন ব্যাপারটা হচ্ছে যে বাঁকুড়ার

বাইপাসের রাস্তাটা কমপ্লিট হয়ে গেছে। কালিংপঙ বাইপাসের রাস্তাটা নির্মাণের সময় অনুমোদন গ্রাহ্য হয় ২০১০ সালে। কিন্তু তারপরে সাইড ওয়াল নির্মাণ বা বেস্ট ওয়াল নির্মাণের জন্য লোকাল যে বিভিন্ন ছোটছোট কনট্রাকটার ছিল তাদের কাজ দেওয়া হয়েছিল। তারা দেরী করেছে। তারপরে পুরোটাকে মিলিয়ে যখন কাজটা দেখা হল, তখন বোঝা গেল যে ওদের মধ্যে সমন্বয়ের অভাব হচ্ছে, ওরা কাজটা করতে দেরী করছে। তখন ওদেরকে সকলকে বাদ দিয়ে পুরোটাকে এক করে ভালোভাবে কাজ করার জন্য নতুন অর্ডার দেওয়া হয়েছে। আর বাঁকুড়ার এই ৪.৫ কিলোমিটার রাস্তা, দীর্ঘ রাস্তা সেটি টার্গেট ডেটের পূর্বেই সম্পন্ন হয়েছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি তো রাজ্যের কথা জিজ্ঞাসা করেছি।

মিঃ স্পীকার : উনি আপনার প্রশ্নের উত্তরটাই দিচ্ছেন।

শ্রী অসিত মিত্র : আপনি কি এই প্রশ্নের উত্তর দিয়েছেন ৫.৫ কিলোমিটার রাস্তা তৈরী হয়েছে সারা রাজ্যে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আপনি বোধহয় বলতে চাইছেন যে সারা রাজ্যে নতুন রাস্তা কত হয়েছে। কিন্তু আমাদের যে রাস্তা রয়েছে প্রথমতঃ তার ওয়াইডেনিং করা, স্ট্রেনদেনিং করা, নতুন করে একেবারে ব্ল্যাক টপ করা, সেই ব্যাপারে যদি প্রশ্ন করেন, তাহলে বলব। সেটা আপনি প্রশ্ন করেন নি। আপনি নতুন রাস্তা কত তৈরী হয়েছে সেই ব্যাপারে বলেছেন। আমরা নতুন বলতে মিন করি একেবারে নতুন করে রাস্তা তেরী করা। সেটা হয়েছে আমাদের ৬৮০ কিলোমিটার। আর ওয়াইডেনিং এবং স্ট্রেনদেনিং হয়েছে ৬৪৯ কিলোমিটার, টোটাল ৭৬১ কোটি টাকার। এটা হচ্ছে ২০১১-১২ সালে। ২০১২-১৩তে আমাদের হয়েছে ৭৮৫ কিলোমিটার - এটা হচ্ছে স্ট্রেনদেনিং রোড, আর ৯৫০ কিলোমিটার হচ্ছে ওয়াইডেনিং অ্যান্ড স্ট্রেনদেনিং রোড। এখানে খরচ হয়েছে এগারোশো আটান্ন কোটি টাকার কিছু বেশি। দ্বিতীয় ভাগের খরচ কিছু বেশি দেখতে পাচ্ছেন - এটা বি.আর.জি.এফ. প্রকল্পের খরচ এর মধ্যে ধরা আছে।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি সাপ্লিমেন্টারিতে যাচ্ছি না। আমি বলছি আপনার আরেকটা প্রশ্ন বাকি আছে। উক্ত সময়ে রাজ্যে পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যমাত্রা কত ছিল? হোয়াট ওয়াজ্ ইয়োর টার্গেট?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আমি তো বললাম আপনাকে যে, প্রথমে ২০.৩৫ ছিল। কালিংপঙ বাইপাসের রাস্তাটার ব্যাপারে দেরি হওয়ার জন্য সেটা হয়নি।

শ্রী অসিত মিত্র : বাকিটা সব হয়ে গেছে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : ২০.৩৫ ছিল টার্গেট। তার মধ্যে ৫.৫ হয়েছে, বাকিটা ....

মিঃ স্পীকার : এটা উনি নতুন রাস্তার কথা বলছেন। মাননীয় মন্ত্রী আপনি বিষয়টা আরেকবার ক্লারিফাই করে দিন।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আপনি আবার শুনুন মাননীয় বিধায়ক মহাশয়, আপনি যা প্রশ্ন করেছেন, তার প্রথম উত্তরটা হচ্ছে, উল্লিখিত সময়সীমার মধ্যে পূর্ত দপ্তর মোট ৫.৫ কিলোমিটার

নতুন রাস্তা তৈরি করেছে। আর উক্ত সময়ে রাজ্যে নতুন পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যমাত্রা ছিল ২০.৩৫ কিলোমিটার। এটা আপনার প্রথম প্রশ্নের উত্তর।

শ্রী অসিত মিত্র : প্রশ্নটা ঠিক আছে। স্যার, আমি আরেকবার বলব আপনাকে? আপনি তো বললেই বলবেন, "আপনি ডিসটার্ব করছেন।" আমার প্রশ্ন ছিল, ১লা জুন ২০১১ থেকে ৩১শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত রাজ্যে কত কিলোমিটার পাকা রাস্তা নির্মাণ করা হয়েছে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আমি আপনাকে বলছি যে, উল্লিখিত সময়ের মধ্যে পূর্ত দপ্তর মোট ৫.৫ কিলোমিটার নতুন রাস্তা নির্মাণ করেছে।

শ্রী অসিত মিত্র : ঠিক আছে। আমি আপনাকে আমার ফার্স্ট সাপ্লিমেন্টারি জিজ্ঞাসা করছি, এই ডিপার্টমেন্টে আপনি মন্ত্রী হওয়ার আগে আরেকজন মন্ত্রী ছিলেন। প্রথম ৬ মাসে যে গতি ছিল, সেই গতি কিন্তু ক্রমশঃ শ্লথ হতে হতে কমে গেছে। আমি আপনাকে যেটা জিজ্ঞাসা করতে চাইছি সেটা হচ্ছে যে - একটা জিনিস দেখা যাচ্ছে, আন্তর্জাতিক দেশেও আছে, যারা খুব অ্যাটভান্স কান্ট্রি, সেখানে মার্কেট্ রেট্ ফ্ল্যাকচুয়েট্ করে। মার্কেট্ রেট্ ফ্ল্যাকচুয়েট্ করলে জিনিসপত্রের দাম বাড়ে, অথবা জিনিসপত্রের দাম কমে। তবে কমের থেকে বাড়াটাই বেশি এখানে। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, এক্ষেত্রে আপনারা কি কোনো ব্যবস্থা নিয়েছেন যে, যখন আপনারা কোনো টেন্ডার করেন - কারণ, অনেক সময়েই কাজ বন্ধ হয়ে যায়। টেন্ডার যারা নেন, তারা বলেন কাজ করতে পারবো না। আমি আপনাকে জিজ্ঞাসা করছি, অমিতবাবুরা এসকালেশন কস্ট্ অনেক সময়েই অ্যালাও করছেন না। আমি জানতে চাইছি, আপনারা কি এই ধরণের কোনো নতুন পদ্ধতি গ্রহণ করতে চলেছেন, যাতে করে যখন মার্কেটটা ফ্ল্যাকচুয়েট করবে, তার সঙ্গে এই দামটা সঙ্গতিপূর্ণ হবে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহাশয়, আমার মনে হচ্ছে, আপনি যেটা বলছেন সেটা একটা অত্যন্ত জটিল অর্থনৈতিক প্রশ্ন। কাজের ব্যাপারে, দামের ব্যাপারে এবং কাজ করার ব্যাপারে সারা পৃথিবীতে এটা সমস্যা। আপনারা জানেন যে, আমাদের দপ্তর থেকে পুরোপুরি ই-টেন্ডারের মাধ্যমে কাজটা করা হয়। আপনি যেটা জানতে চাইছেন যে, যেখানে কস্ট্ বাড়বে, সেখানে কাজটা কি করে হবে। আমাদের সরকার আসার পরে কাজ অনেক দ্রুত গতিতে হচ্ছে। সারা রাজ্যেই প্রত্যেকটি কাজই আশানুরূপের থেকেও বেশি গতিতে চলছে, এটা আপনি নিশ্চয়ই দেখছেন এবং রাস্তা-ঘাটের যথেষ্ট উন্নতি হচ্ছে। আপনি যেটা বলছেন, আমরা সম্পূর্ণ ই-টেন্ডারিং পদ্ধতিতে করছি। ই-টেন্ডার পদ্ধতি হওয়ার জন্য অনেক ক্ষেত্রে যদি সঠিকভাবে টেন্ডার না পড়ে, যেমন একটা টেন্ডার পড়ল, বা অনেক বেশি দামে পড়ল, তখন আবার রি-টেন্ডার করতে হচ্ছে। তার জন্য যে দেরি হয়, সেটা তো আমাদের মেনে নিতেই হবে। সেটা অন্য জিনিস। কিন্তু আমাদের যে কাজের গতি, সেটাতে আমরা খুশি এবং কাজগুলো দ্রুত গতিতে চলছে, রাস্তার কোয়ালিটি খুব ভালো হচ্ছে।

[11.10–11.20 a.m.]

শ্রী অসিত মিত্র : স্যার, অনেক সময় পি.ডব্লু.ডি. বিভিন্ন দপ্তরে গিয়ে আমি দেখেছি যে, সেখানে কাজ করার জন্য যাদের দায়িত্ব দেওয়া আছে সেই ধরণের মানুষ নেই, তারা বলছেন স্টাফ্ নেই। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনার কাছে একটা কথা জিজ্ঞাসা করছি আপনি কি দয়া করে

একথা বলবেন, আপনি কি এটা আমাকে জানাতে পারেন যে, রাজ্যে বর্তমানে স্টাফের সংখ্যা কত? এবং কত স্টাফ্ এখন নেই? যার ফলে এই অসুবিধার সৃষ্টি হচ্ছে, কোন সুপারভিশন হচ্ছে না।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আপনাকে আমিতো বললাম আমাদের কোন অসুবিধা হচ্ছে না। অসুবিধা আপনার মনে হচ্ছে। আমাদের কোন অসুবিধা হচ্ছে না, খুব ভালো কাজ হচ্ছে। রাজ্যে যে স্পেসিফিক কাজটা আপনি বলছেন, এ ব্যাপারে, জাস্ট সংখ্যাতত্ত্বের ব্যাপারে আপনার যদি ইন্টারেস্ট থাকে যে কত লোক আছে - আমাদের কোন অসুবিধা হচ্ছে না - আপনার যদি মনে হয় সংখ্যা নেই, আপনি স্পেসিফিক নোটিশ দিন, আপনাকে উত্তর পাঠিয়ে দেব, এবং আপনাকে পার্সোনালি নিজেও জানিয়ে দেব কতটা সংখ্যা। আমাদের কোন অসুবিধা হচ্ছে না।

শ্রী আনিসুর রহমান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, খুবই সঠিক তিনি একটা উত্তর দিয়েছেন। উত্তরটা হচ্ছে ২ বছরে পশ্চিমবাংলায় মাত্র ৫ কিঃমিঃ নতুন পাকা রাস্তা হয়েছে। ২ বছরে মাত্র ৫ কিঃমিঃ নতুন পাকা রাস্তা হয়েছে, এর থেকে ভালো সাফল্যের ছবি আর হতে পারে। আপনি তাই বলেছেন 'উল্লেখিত সময় সীমার মধ্যে পূর্তদপ্তর মোট ৫.৫ কিমি নতুন রাস্তা নির্মাণ করেছে'। আমি জানতে চাইছি যে, এই যে ২০ কিমি টার্গেট ছিল, আপনি কি সবটা ভেবে বলেছেন না আন্দাজে বললেন। আর ২ নম্বরে যে ৫ কিমি রাস্তা মাত্র হয়েছে বললেন, এটা যদি বাস্তব হয়, তাহলে এটাই আপনাদের সাফল্যের একটা বিরাট দিক ....(হইচই) .

মিঃ স্পীকার : ঠিক আছে, মাননীয় বিধায়ক মহাশয়, আপনি স্পেসিফিক কোশ্চেন করুন।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : স্যার, উনি স্পেসিফিক জানতে চাইছেন নতুন করে কেটে কত রাস্তা করা হয়েছে। কিন্তু আমরা যে রাস্তার কথা বলি ৬৮০ কিমি নতুন রাস্তা একদম ব্ল্যাকটপ, স্ট্রেনদেনিং করা হয়েছে, ৬৫০ কিমি রাস্তা তৈরী করা হয়েছে ২০১১-১২ সালে ৭৬১ কোটি টাকাতে। পরের বছরে ৭৮৫ কিমি রাস্তা স্ট্রেনদেনিং করা হয়েছে এবং ৭২৫ কিমি রাস্তা স্ট্রেনদেনিং এবং ওয়াইডেনিং করা হয়েছে ১১৫৮ কোটি টাকা খরচা করে। এটাই হচ্ছে উত্তর, এটাই আপনি জানতে চাইছেন।

মিঃ স্পীকার : আপনি কোশ্চেনটা করুন, আপনি কোশ্চেনটা না করে আপনি এক্সপ্লেন করছেন।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি তো কোশ্চেনই করছি স্যার। আমি জিজ্ঞাসা করছি যে মাত্র ৫ কিমি রাস্তা হয়েছে গোটা রাজ্যে।

মিঃ স্পীকার : উনি বলেছেন নতুন রাস্তা হয়েছে, আপনি কনফিউজ করাবেন না, Do not confuse the House. উনি বলেছেন নতুন রাস্তা হয়েছে, উনি রিপ্লাই যেটা দিয়েছেন আপনি তার পরিপ্রেক্ষিতে বলুন।

শ্রী আনিসুর রহমান : আমি বললাম যে এই পূর্ত দপ্তরের বাজেট কত ছিল এই দু-বছরে? এই পূর্ত দপ্তরের ২ বছরের বাজেট কত ছিল, যে টাকা থেকে মাত্র ৫ কিমি রাস্তা হয়েছে? সেটা আপনি বলুন যে কত টাকা ছিল এবং ৫ কিমি রাস্তা তার থেকে হয়েছে।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আপনাকে আমি আবার বলছি আপনি যথেষ্ট প্রাজ্ঞব্যক্তি, আপনি জানেন যে আপনি যাকে কাজ বলছেন এটা রাস্তা তৈরী, রাস্তা মেরামত, নতুন টাইল, ব্রীজ - সব, আপনি বাজেট বলছেন সমস্ত ধরে। কেন আপনি একটা ঘটনাকে বলছেন। আমি তো আপনাকে বলছি ৬৪৯ কিমি, তার পরে ৬৮০ কিমি, ৭৬১ কোটি টাকা খরচা করা হয়েছে। ২০১২-১৩তে ৭৮৫ কিমি, ১১৫৮ কোটি টাকা খরচা হয়েছে।

শ্রী অশোক সাউ : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে, হুগলী জেলার জি.টি.রোডে অনেকাংশে ভাঙাচোরা, খানাখন্দ আছে, ওটা কবে মেরামত হবে সেটা যদি দয়া করে বলেন?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : হ্যাঁ, আমি জানি, এটার সমন্ধে ব্যবস্থা চলছে, এবং খুব তাড়াতাড়ি কাজ শুরু হবে।

শ্রী তজমূল হোসেন : মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন এর আগেও আপনাকে অনেকবার বলেছি বিশেষ করে ৮১ নম্বর জাতীয় সড়কের সহিত হরিশচন্দ্রপুর থেকে বিহারের লাভা পর্যন্ত যে জমি অধিগ্রহণ করা হয়েছে, সেই রাস্তাটার কবে নাগাদ কাজ আরম্ভ হবে। আপনি ভালো করে দেখবেন। হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত মানে গাজল থেকে শুরু হয়ে সামসি, চাঁচল, তুলসিহাটা পর্যন্ত ৮১ নং জাতীয় সড়কটা হয়েছে। কিন্তু মাত্র ৬-৭ কিলোমিটার রাস্তা, এই ৬-৭ কিলোমিটার রাস্তা না হওয়ার দরুন বিহার এবং বাংলার সংযোগ হচ্ছে না। তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং তাতে কত অর্থ বরাদ্দ হয়েছে, কবে নাগাদ কাজ আরম্ভ হবে দয়া করে আপনি যদি একটু জানান।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি, আপনার এই প্রশ্নের উত্তরটি আমি ডিটেলে - আপনি যা জানতে চাইছেন কবে আরম্ভ হয়েছে, কি করা হবে, কতটা করা হয়েছে ডিটেলে আপনাকে জানিয়ে আমি পাঠিয়ে দেব।

শ্রী বিপ্লব রায় চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, পাঁশকুড়া থেকে একটি রাস্তা ঘাটাল হয়ে বীরসিংহ হয়ে বর্ধমানের সঙ্গে সংযোগ রক্ষা করে চলেছে। এই রাস্তাটি ফোর লেন হওয়ার প্রস্তাব অনেক দিন থেকে আছে। দয়া করে আপনি যদি বলেন, যে কবে নাগাদ এই ফোর লেন হওয়ার প্রস্তাবটি বাস্তবায়িত হবে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহাশয়, এটাকে ফোর লেন করার প্রস্তাবটি বিবেচনাধীন আছে। এবং এটা ঠিক কবে আরম্ভ করা যাবে কিছু কিছু সমস্যা এর সঙ্গে আছে সেগুলো এখন ডিপার্টমেন্ট দেখছে দুই-একটা ক্ষেত্রে জায়গায় জমির ব্যাপারও আছে। আপনাকে, আমি ডিটেল উত্তরটা জানিয়ে দেব।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করছি, যে আপনি অনেক রাস্তা মেরামতির কথা বললেন। এস.টি.কে.কে রোডের কাটোয়া থেকে ছাতনি পর্যন্ত রাস্তা যেখানে রাস্তায় মাছ ছাড়া যাবে এমন অবস্থা হয়ে আছে। একেবারে অচল অবস্থা। সেটা রাজ্য, স্টেট রাস্তা। এই রাস্তাটা প্রায় চার বছর মানে এই সরকার আসার আগে থেকেই খারাপ

হয়ে আছে। এখনও পর্যন্ত মেরামত হয়নি। এই ব্যাপারে আপনার কিছু জানা আছে কিনা বা এটা আদৌ মেরামত হবে কিনা সেটা যদি জানান।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহাশয়, আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আপনাকে জানাচ্ছি, যে এই রকম অনেকগুলো আমাদের বিবেচনাধীন রয়েছে। আপনি জানেন যে গত অর্থবর্ষে আমাদের যে আর্থিক সংকুলান ছিল তার মধ্যে যতটা সম্ভব আমরা করেছি। আগামী অর্থবর্ষে এই ধরনের আরও কয়েকটি রাস্তাকে ধরা আছে এবং তার প্রাথমিক কাজকর্ম চলছে। ডিটেলটা আপনাকে আমি জানিয়ে দেব যে কবে থেকে আরম্ভ করা যাবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি সাপ্লিমেন্টারি সাধারণত করি না। আমি বলতে চাইছিলাম এটাই, প্রশ্নটার যা আসল উদ্দেশ্য মাননীয় মন্ত্রী যদি বলেন যেটা হচ্ছে নতুন রাস্তা নির্মাণ। নির্মাণ যেটা প্ল্যান বাজেট আর তার সঙ্গে পুনর্নির্মাণ - রিকনস্ট্রাকশান, ওয়াইদেনিং, স্ট্রেনদিং এইগুলো প্ল্যান থেকে আসে। আর খুচরো রিপেয়ার ইত্যাদি নন প্ল্যান হয়। আপনি যদি বলেন যে রাস্তা নির্মাণের মধ্যে নতুন, আর একটা হচ্ছে প্ল্যানে যেটা হয়, অর্থাৎ ওয়াইদনিং, স্ট্রেনদিং নতুন করে করতে হয়, ডাবল লেন হচ্ছে কি ইত্যাদি। এটা মিলিয়ে কত, মোট বাজেটে কত খরচা হয়েছে, কত টার্গেট আর রিপেয়ার ইত্যাদি যেগুলো নন প্ল্যান সেটা কত। আসলে আমার মনে হয় প্রশ্নের উদ্দেশ্য যা চাইছিল সেটার জবাব ঠিক হয়নি অসম্পূর্ণ। আপনি যদি সেটা ভালো করে বলেন তাহলে এত কনফিউশান হয় না।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ক মহাশয় ডাঃ মিশ্রকে জানাচ্ছি, যে প্রশ্নটার মধ্যে যদি সমস্যা থাকে তাহলে উত্তরে সমস্যা আসবে। প্রশ্নটা ক্লিয়ার নয়। আপনি যেটা বলতে চাইছেন এটা তাই আসলে এবং ডিটেলে যদি আপনি প্রত্যেকটা রাস্তার ব্রেকআপ চান-কোথায় কত খরচা হয়েছে, কোথায় কত দর ছিল, কোনটা কবে শেষ হবে সে সবটাই বলা যাবে। কিন্তু স্পেসিফিক উত্তর দেওয়া হয়েছে এর বেশী কিছু আমি বলতে পারব না কারণ এই সদনে দাঁড়িয়ে আমাকে স্পেসিফিক প্রশ্নের স্পেসিফিক উত্তর দিতে হবে।

[11.20–11.30 a.m.]

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। হুগলি জেলায় আমাদের উপর দিয়ে যে দিল্লি রোড গিয়েছে, বিগত বামফ্রন্ট সরকার এটাকে দেখভাল করেন নি। মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে, এটা কি ফোর লেন করা হচ্ছে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহোদয়, আমি মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আপনাকে জানাচ্ছি যে, এই মুহূর্তে এটা ফোর লেন করার প্রস্তাব নেই। তবে আপনার প্রস্তাবটি বিবেচনা করে দেখবো যে করা যায় কি না।

*৫৪। Not called.

বারাসাত থেকে রায়গঞ্জ অবধি সড়ক নির্মাণ

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮) শ্রী অজয় দে : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ৩৪ নং জাতীয় সড়কের অধীনে বারাসাত থেকে রায়গঞ্জ পর্যন্ত সড়কটির ফোর লেন নির্মাণের কাজ শুরু হয়েছে; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে নির্মাণ কাজ কোন্ পর্যায়ে আছে?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রথম প্রশ্নটি অর্থাৎ উনি যেটা জানতে চাইছেন সেটা হল, NH 34। এটা ঠিক কথা যে, NH 34 জাতীয় সড়কের অধীনে বারাসাত থেকে রায়গঞ্জ, টোর ফোর লেনের কাজ শুরু হয়েছে।

এবং আপনার দ্বিতীয় প্রশ্নটি ছিল, হলে বর্তমানে কোন পর্যায়ে আছে। বর্তমানে প্রায় ৩৩ শতাংশ কাজ হয়েছে।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন যে, ১০০ শতাংশের ৩৩ শতাংশ হয়েছে, তার মানে ৬৭ শতাংশ বাকি আছে। আমার খুব স্পেশিফিক প্রশ্ন। তাহলে যদি একটু জানান যে, এই ৩৩ শতাংশ কোথায় কোথায় হয়েছে, আর ৬৭ শতাংশ যে হচ্ছে না এটার অন্তরায় কি? মানে সমস্যা কি? এই সমস্যা নিরসনে আপনি কি উদ্যোগ নিয়েছেন?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি জানাই, এই ব্যাপারে ডিটেল যে অবস্থাটা। বারাসাত থেকে রায়গঞ্জ ৩৪ নম্বর জাতীয় সড়কের ফোর লেনের কাজ যেভাবে হয়েছে, বারাসাত থেকে কৃষ্ণনগর পর্যন্ত নির্মাণ কাজের বাস্তবিক অবস্থা প্রায় কিছুই হয়নি। কারণ এখানে জমি অধিগ্রহণের কাজ এবং পার্ট নির্মাণের কাজ চলছে। এটার চুক্তি অনুযায়ী কাজ শেষ হয়ে যাওয়ার কথা ২০১৫ সালের ফেব্রুয়ারী মাসে। আর আমাদের কৃষ্ণনগর থেকে বহরমপুর পর্যন্ত রাস্তার নির্মাণ কাজের বাস্তবিক অগ্রগতি প্রায় ১২.৪৪ শতাংশ। এটা তথ্য অনুযায়ী শেষ হওয়ার কথা জুলাই, ২০১৪ সালে। আর বহরমপুর থেকে ফারাক্কা এই যে রাস্তাটি তার বাস্তবিক যে ব্রডনেস সেটা হচ্ছে ৪০.১৭ শতাংশ। চুক্তি অনুযায়ী এটা ১.৮.২০১৩তে শেষ হওয়ার কথা। ফারাক্কা থেকে রায়গঞ্জ এই রাস্তাটি এখানে প্রায় ৫০ শতাংশেরও বেশি কাজ হয়েছে। এখানে চুক্তি অনুযায়ী কাজ হওয়ার কথা ১.৮.২০১৩তে। আর আপনাকে আর কেটু জানানো দরকার যে, এয়ারপোর্ট গেট থেকে বারাসাতে পর্যন্ত যে রাস্তাটি, এয়ারপোর্ট গেট থেকে বারাসাত রাস্তাটি NHAI করতে পারে নি। ওরা রিসেন্টলি এটা স্টেটকে hand over করার কথা বলেছে। এবং এটাতে ওরা যখনই আমাদের টাকা দেবেন তখনই আমরা কাজটা শুরু করতে পারবো। প্রায় ৬২ কোটি টাকা খরচা, তার একটু বেশি, এই কাজটা হওয়ার কথা। এটা হবে। তবে মেইন দেরিটা, আপনি যেটা জানতে চাইছেন যে, বারাসাত থেকে কৃষ্ণনগর এই পর্যন্ত রাস্তা কিন্তু জমি অধিগ্রহণ কাজের জন্য। এর আগে আমরা বহুদিন বলেছি, আপনারা জানেন যে, এই রাস্তাগুলোর কাজের এবং এই যে টাকার কথা বললাম, এই ধরণের কাজের জন্য আমরা অনেকবার কেন্দ্রীয় সরকারকে লিখেছি, NHAI এর সঙ্গে আমাদের অফিসাররা গেছে, আমি ব্যক্তিগতভাবে মিটিং করেছি, গিয়েও এখানে ডেকে। ওদের টাকা দিতে দেরি হয়। যেমন, এখন যদি বারাসাতের জন্য টাকাটা না দেয়, ধরুণ

যদি বর্ষাকালে দেয় তাহলে কিন্তু কাজটা ভালো হবে না। কিন্তু এখন যেটা ওরা বলছে আমাদের hand over করছে, আমরা করে দেব টাকা দিলে, এখনই দিলে কিন্তু আমরা - মরসুমের আগে যদি কাজটা শুরু করা যায়, তাহলে কাজটার প্রগতি ভালো হবে। এটা এই পর্যায়ে দাঁড়িয়ে আছে।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার দ্বিতীয় প্রশ্ন, উনি যেটা বলেছেন তার প্রধান সমস্যা হচ্ছে জমি অধিগ্রহণ। গতদিন মাননীয় মুখ্যমন্ত্রী এ কথা বলেছিলেন, প্রায় ২৫০০ একরের মধ্যে ৪৬৫ একর এর বেশী জমি অধিগ্রহণ করতে পারেন নি। রাজ্যের দায়িত্ব জমি দেওয়া, কেন্দ্রের দায়িত্ব টাকা দেওয়া। এখন বিষয়টা হচ্ছে যে, এই যে জমির যে জট, এই সমস্যা নিরসনে আপনি কি উদ্যোগ নিয়েছেন? বিশেষ করে আপনি কোন সভা সমিতি করেছেন কিনা কোন ইলেকটেড পার্সন দিয়ে বা যদি না পাওয়া যায় এ্যালায়নমেন্ট চেঞ্জ করছেন কিনা, এটা হলে তো কোন একটা সময় সীমা নির্ধারণ করতে হবে তো, এই সময় সীমা কোন নির্ধারণ করেছেন কিনা, এটা আমার জানা দরকার।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : এই ব্যাপারটাতে আপনি জানেন যে জমি অধিগ্রহণ ও জমি নেওয়া রাস্তার ব্যাপারে, এই সমস্ত নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী এই সভায় বিস্তারিত বলেছেন। অতএব নতুন করে আমার এক্ষেত্রে কিছু বলার নেই। আর, এটার সম্পর্কে যে সমস্যা, সেটা আমরা প্রত্যেকেই জানি। সরকারের যে পলিসি, সেই পলিসি মেনে কাজটা হবে, ঠিক সময়ে হবে। যেটা দুর্দশা, মাননীয় বিধায়ক মহোদয় মানুষ দেখছেন, রাস্তাঘাটের উন্নতি যথেষ্ট হচ্ছে। এবার জমি অধিগ্রহণের ব্যাপারে আপনি যেটা বলছেন এই ব্যাপারে সরকারের নীতি, সেই সম্বন্ধে মাননীয়া মুখ্যমন্ত্রী বিস্তৃতভাবে বলেছেন, এইটা নতুন করে কিছু বলার নেই।

শ্রী পার্থ সারথি চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মন্ত্রী মহোদয় বলেছেন, ৩৪ নম্বর জাতীয় সড়কের কাজ শুরু হয়েছে সম্প্রসারণের এবং ৩৩ শতাংশ কাজ শেষ হয়েছে, ৬৭ শতাংশের কাজ চলছে। আমরাও জানি, অনেক জায়গাতেই কাজ চলছে। আমার প্রশ্ন, আপনার মাধ্যমে, অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়ের কাছে, শহরাঞ্চলের উপর দিয়ে যে ৩৪ নম্বর জাতীয় সড়ক গিয়েছে, যার সম্প্রসারণের কাজ চলছে, সেই জায়গাতে রোড ওভার ব্রীজ বা ফ্লাই ওভার এর কোন পরিকল্পনা আছে কিনা, যদি আপনার জানা থাকে, একটু জানাবেন কি?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহোদয় আপনাকে আমি জানাই যে আমাদের এই রাস্তার যে কাজের কথা বললাম, এর ডিটেল ব্যাপারটা, আপনাকে আমি, এর মধ্যে আর ও বি যেখানে পড়বে, যদি কোথাও পড়ে, ফ্লাই ওভার ব্রীজ যেটা বলছেন সেটা আপনাকে আমরা জানাব। কিন্তু সবচাইতে বড় প্রশ্ন, যেটা আলোচনা হচ্ছিল যে আমাদের অনেক ক্ষেত্রেই কিন্তু আমরা যে টাকাটা চাইছি, সেইটা যদি আমরা সময়মত না পাই তাহলে কিন্তু কাজের দেরী হয়। এবং এই কাজের দেরীর প্রধান কারণ সেটাই। যেমন আমরা এইটা নিয়ে আমাদের আর একটা রাস্তা আছে, পানাগড়েও আছে, একই ব্যাপার, আমরা যদি ঠিক সময়ে ঠিক টাকাটা না পাই তাহলে কিন্তু কাজটা হবে না। যেটা আমি বলার চেষ্টা করছি। অর্থাৎ যদি বর্ষার সময়ে টাকাটা পাওয়া যায় আবার সেই দেরীই হবে, সঠিক সময়ে, টাকা পাওয়ার আমরা চেষ্টা করছি। আমরা আশা করছি যে কেন্দ্রীয় মিনিস্টার এদিকে নজর দেবেন, কাজটা ঠিক সময়ে হবে।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। এই সময়ে আমাদের রাজ্যে কত কি.মি. রাস্তা খারাপ, খাল ডোবা হয়ে আছে। কবে নাগাদ এই কাজ শেষ হবে, দয়া করে বলবেন কি?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় বিধায়ক মহোদয় আপনার প্রশ্নটা একটু জেনারালাইজ হল। আপনি জানতে চেয়েছেন কত কি.মি. রাস্তা খারাপ আছে। পশ্চিমবঙ্গের রাস্তাঘাটগুলো সারা রাজ্যের নিরীখে আপনাদের দীর্ঘ ৩৪ বছরে সব চাইতে খারাপ ছিল। আপনার দিক থেকে ঠিকই বলেছেন। আপনি যে কথাটা বলেছেন, আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি, আপনি স্বীকার করলেন যে রাস্তা সত্যিই খারাপ ছিল। আমিও বলছি, অত্যন্ত খারাপ ছিল। এত খারাপ ছিল যে এখানকার মানুষের অত্যন্ত কষ্ট, আপনাদের সঙ্গে আমি একদম একমত, এবং এতটা খারাপ, এত জায়গায় এত কিছু খারাপ আছে, তার ডিটেল রিপোর্ট যদি আপনি চান, আপনাকে একদম কমপ্লিট পুস্তিকা করে আপনাকে পাঠিয়ে দেব।

ডাঃ নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিন দশকের আর্থ সামাজিক অবক্ষয়ের প্রেক্ষাপটে সারা বাংলার রাস্তাগুলির সঙ্গে সঙ্গে হাওড়া জেলার সমগ্র উলুবেড়িয়া সাব ডিভিশানের রাস্তাগুলো ভাঙাচোরা, কন্ট্রাক্টাররা বারবার রাস্তা নির্মাণের নাম করে পকেটে টাকা লুঠেছে। ফিফটি পারসেন্ট নিজেদের পকেটে নিয়েছে, ওখানে তুলসিবেড়িয়া অঞ্চলের কামিনা ব্রীজের লরী সহ ভেঙে পড়ে গেছে। সেই ব্রীজের ব্যাপারে আমাদের মাননীয় পি ডাবলিউ ডি মিনিস্টার যুদ্ধকালীন তৎপরতায় পরিদর্শন করেছেন। আমাদের জেলা শাসকও পরিদর্শন করেছেন। সেই ব্রিজের কাজ কবে শেষ হবে আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি। সাড়ে ছয় কিলোমিটার আমতা রোড দীর্ঘদিন ধরে ভাঙাচোরা অবস্থায় রয়েছে, গাড়ির এক্সেল ভেঙে গেছে। সেই আমতা রোডের ব্যাপারে মাননীয় মন্ত্রী কি ব্যবস্থা নিয়েছেন সেটা আমি জানতে চাইছি?

[11.30–11.40 a.m.]

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় বিধায়ক ডাঃ মাজিকে ধন্যবাদ জানাচ্ছি যে আপনি একটা অত্যন্ত ভালো প্রশ্ন তুলেছেন। আপনি জানেন যে, আমতা রোডের কাজ অত্যন্ত ভালোভাবে শুরু হচ্ছে। আপনি যে কামিনা ব্রিজের কথা বললেন, এই ব্রিজটির এত খারাপ অবস্থা, মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা নিয়ে যে এতদিন ধরে কেন ব্যবস্থা নেওয়া হয়নি এটা অত্যন্ত আশ্চর্যের ব্যাপার। আমরা আমাদের দপ্তর থেকে যুদ্ধকালীন ভিত্তিতে ব্যবস্থা নিয়েছি। আজকে আমরা সেই কাজের শিলান্যাস করতে যাচ্ছি। এই কাজ শুরু হবে এটা জানানো দরকার। এটা আনন্দের ব্যাপার। এটা সময়ের আগেই কাজ শেষ হবে। আমাদের আঠারো মাস সময় লাগবে বলেছি। কিন্তু আমরা তার আগেই শেষ করার চেষ্টা করব।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, দামের ব্যাপারে এন এইচ টু বা পানাগড়ের ৩৪নং জাতীয় সড়কের জমির দামের ব্যাপারে কেন্দ্রীয় সরকার এই বাজেটে একটা দাম নির্ধারণ করেছেন। সেই দাম জমির মালিকরা পাবে কিনা এবং সেখানে আমাদের সরকারের উদ্যোগী ভূমিকাটা কি, যে নতুন এ্যমেন্ডমেন্ট হয়েছে, দামের ব্যাপারে যেটা করা হয়েছে, সেই দামের ব্যাপারে জমি যারা দিচ্ছে, জমি দেওয়ার ক্ষেত্রে তারা সেই নতুন দাম পাবে কিনা।

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় বিধায়ক মহোদয়কে রিকোয়েস্ট করছি আপনি যদি আপনার প্রশ্ন দয়া করে আর একবার বলেন। আমি ঠিক বুঝতে পারলাম না।

শ্রী সুনীল কুমার মন্ডল : স্যার আমি যেটা বলছি, আমাদের যে দামটা দেওয়া হচ্ছে, এন এইচ ৩৪ নম্বর জাতীয় সড়কের যে দাম দেওয়া হচ্ছে, সেটা ১৯৫৬ সালের আইনের ধারা ধরে দেওয়া হচ্ছে। কিন্তু নতুন একটা এ্যামেন্ডমেন্ট লাষ্ট কেন্দ্রীয় সরকার করেছে এই বাজেটে। সেখানে দামটা অনেক বেশি। সেই দামটা যারা জমির মালিক জাতীয় সড়ক নির্মাণ করার ক্ষেত্রে সেই দামটা তারা পাবে কিনা। সেটা নিয়ে আপনাদের সরকারের ভূমিকাটা কি?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : আমাদের সরকারের নীতি জমির ব্যাপারে চাষী বা যে জমি দিচ্ছেন তিনি যাতে ম্যাক্সিমামটা পান সেটা দেখা। এখন ডিটেলটা, আপনি যদি জানতে চান কত পারসেন্ট, কি টাকা পাবে, সেটা আপনাকে পরে জানিয়ে দেব।

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে একটি অতিরিক্ত প্রশ্ন করছি সংশ্লিষ্ট প্রশ্নের সঙ্গে যুক্ত করে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী বলেছেন যে সরকারের ভূমি নীতি সম্পর্কে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। কিন্তু যেহেতু ন্যাশনাল হাইওয়ে ৩৪, দীর্ঘদিন ধরে বিলম্বিত একটি বিষয়, এটা কোনো দোষারোপ বা বিতর্কের বিষয় আমি উত্থাপন করছি না। আমি তাঁর কাছে জানতে চাইছি, মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে আপনি পূর্তমন্ত্রী হিসাবে ন্যাশনাল হাইওয়ে ৩৪এর জমিজট মিটিয়ে নেওয়ার কোনো পথ এখনো পর্যন্ত বের করতে পেরেছেন?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় বিধায়কের এই প্রশ্নের উত্তরে বলতে চাই যে আমি আবারও বলছি আমাদের জমি সংক্রান্ত ব্যাপারে জাতীয় সড়ক বিশেষ করে এন এইচ ৩৪, এই ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রী খালি বিবৃতিই দেননি, আপনি জানেন যে উচ্চতম স্থানে এই একটা জায়গার জন্য উনি মিটিং পর্যন্ত করেছেন বারেবারে। সেইজন্য এইখানে তিনি যে পরিষ্কার প্রাঞ্জল নীতি তৈরি করেছেন আমরা সেই নীতির মধ্যেই এটাকে সমাধান করব। আপনি জানেন, আমাদের কোনো চাষীর কাছ থেকে জোর করে কোনো জমি এই সরকার নেবে না। এটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর ঘোষিত নীতি। তারমধ্যে থেকেই এই ব্যবস্থা করা হবে।

শ্রী কল্লোল খাঁ : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, এন এইচ ৩৪ আমাদের নদীয়া জেলার ওপর দিয়ে গিয়েছে। বারাসাত থেকে উত্তরবঙ্গ। সেই নদীয়া জেলাতেও কাজ শুরু হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের তত্ত্বাবধানে। মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা, নদীয়া জেলায় এন.এইচ ৩৪-এর কাজের জন্য যেসব কৃষকের জমি সরকার অধিগ্রহণ করেছে, তাতে কতজন কৃষক আজ পর্যন্ত সঠিক মূল্য পেয়েছে এই সংখ্যাটা জানাবেন কি?

ডাঃ সুদর্শন ঘোষদস্তিদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় সদস্যকে বলতে চাই, কতজন কৃষক কত টাকা পেয়েছে, এই হিসাবটা এই মুহূর্তে আমার কাছে নেই। পরে লিখিতভাবে এটা আপনার কাছে আমি পাঠিয়ে দেব।

দক্ষিণ ২৪ পরগণা জেলায় মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীতকরণ

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-১৩ অর্থবর্ষের ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত দক্ষিণ ২৪ পরগণা জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : ২০১২-১৩ অর্থবর্ষের ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত দক্ষিণ ২৪ পরগণা জেলায় ৫৪টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উক্ত বিদ্যালয়গুলিতে কতজন শিক্ষক বা শিক্ষিকার পদ সৃষ্টি করা হয়েছে, তা দয়া করে জানাবেন কি?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে আমি জানাচ্ছি, প্রতিটি উন্নীত বিদ্যালয়ে, অর্থাৎ প্রতি বিদ্যালয়ে তিনজন করে শিক্ষক অর্থাৎ ৫৪ গুণিতক ৩, মোট ১৬২জন শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এই উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্যারা টীচাররা যারা আছেন তাদের বেতন পুর্নবিন্যাসের ব্যাপারে সরকারের কোন চিন্তা-ভাবনা আছে কি? যদি থাকে তা দয়া করে জানাবেন।

শ্রী ব্রাত্য বসু :মাননীয় বিধায়ককে জানাই, আমরা এই ব্যাপারে চিন্তা-ভাবনা করছি। ইতিমধ্যে আপনারা জানেন, এই প্যারা টীচারদের ব্যাপারে সরকার বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। যেমন উদাহরণস্বরূপ বলা যায়, সম্প্রতি যে SSC পরীক্ষা হয়েছে, সেই পরীক্ষার ক্ষেত্রে আমরা প্যারা টীচারদের এক্সপেরিয়েন্সকে, স্কোরিং অ্যাবিলিটি হিসাবে ধরেছি। পাশাপাশি তাদের বেতন বৃদ্ধির দাবি আছে। তাদের ষাট বছরের চাকরি ইতিমধ্যেই পাকা হয়েছে, সেটাও আমরা বিবেচনা করছি। ইতিমধ্যে আমাদের দপ্তরে একটি উচ্চ পর্যায়ের বৈঠক হয়েছে, সেকানে আমরা পুরো বিষয়টি খতিয়ে দেখছি। খুব শীঘ্রই এই বিষয়ে ফলপ্রসু এবং ইতিবাচক কিছু জানাতে পারবে বলে আশা করি।

শ্রী আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি মাধ্যমিক বিদ্যালয়গুলিকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করছেন, প্রাথমিক বিদ্যালয়গুলিকে উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে উন্নীত করছেন। উনি কি জানেন যে উচ্চ প্রাথমিকে যে সমস্ত শিক্ষকরা নিযুক্ত হয়েছেন, যারা রিটায়ার করেছেন তারাই আছেন সেখানে। সেই বিদ্যালয়গুলিতে বিগত আট মাস তাদের কোন বেতন হয়নি। আগে ওনারা যে মাইনে পেতেন, ওনারা রিটায়ারমেন্ট করার সময় লাস্ট যে মাইনে পেয়েছেন সেই মাইনে থেকে পেনশানটা মাইনাস হয়ে বাকি টাকাটা তারা মাইনে হিসাবে পাবেন। কিন্তু আপনার দপ্তর যে সার্কুলার পাঠিয়েছে, যারা মাস্টার্স ডিগ্রি করেছেন তারা সাত হাজার টাকা মাইনে পাবেন এবং যারা গ্র্যাজুয়েশান করেছেন বা অনার্স ডিগ্রি করেছেন তারা পাঁচ হাজার টাকা করে মাইনে পাবেন। এই দুটো বিষয় যদি আপনার

গোচরে থাকে বলবেন। বকেয়া বেতন তারা কবে নাগাদ পাবে এবং তাদের বেতন কাঠামো যেটা পরে বললাম, সেই সাত হাজার, পাঁচ হাজার হচ্ছে, না যেটা বামফ্রন্টের আমলে ছিল সেটাই থাকবে, এটাও দয়া করে বলবেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি, আপনার প্রশ্নের মধ্যে অনেকগুলো 'নাকি' পেলাম, যা 'নাকি কান্নার' মতনই লাগছে। যাই হোক, এই যে প্রতিটি বিদ্যালয়ে আমি তিনজন করে উন্নীত শিক্ষকের কথা বলেছি, এই তিনজন উন্নীত শিক্ষকের ক্ষেত্রে রিটায়ার টীচার রাখা হয়েছে এবং তাদের ক্ষেত্রে এখনও পর্যন্ত কোন মাইনে বকেয়া নেই। মাননীয় বিধায়ক কোন নির্দিষ্ট বিদ্যালয় আপনি যদি চিহ্নিত করে দেন যে অমুক বিদ্যালয়ে, অমুক শিক্ষকের, অমুক ......(গোলমাল)....

[11.40–11.50 a.m.]

মিঃ স্পীকার : আপনি উত্তর দিতে দিন, উনি উত্তর দিচ্ছেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, আমি, ..

মিঃ স্পীকার : আপনি উত্তর দিন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়, আমার প্রশ্নের উত্তর যদি বলতে দেওয়া হয়, যদি নির্দিষ্ট করে বলে দেন তাহলে অবশ্যই আমরা তার ব্যবস্থা নেবো। ধন্যবাদ।

....(গোলমাল)....

ড: অনুপ ঘোষাল : স্যার, আমি উত্তরপাড়ার বিধায়ক। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে জানতে চাই যে আমার কনস্টিটিউয়েনশিতে আমি কয়েকটি বিদ্যালয়কে মাধ্যমিক থেকে উচ্চ মাধ্যমিকে রূপান্তরিত করার জন্য ওনার কাছে অনুরোধ করেছিলাম। সে ব্যাপারে কিছু ভাবনা চিন্তা উনি কি করেছেন?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি আমি যতদূর জানি আপনার উত্তরপাড়া কনস্টিটিউয়েনশি তার মানে ওটা হুগলী জেলার মধ্যে পড়ে। এবার নির্দিষ্টভাবে উত্তরপাড়ারটা, তাও আমি পরবর্তী ক্ষেত্রে বলতে পারবো। হুগলী জেলার, প্রতিটি জেলাতেই, যেমন কিনা আজকে যে দুটি জেলার বিষয়ে আমাকে প্রশ্ন করা হয়েছে, একটি হচ্ছে দক্ষিণ চব্বিশ পরগণা, তাতে আমি বলেছি ৫৪টি। নদীয়া জেলায় ২৮টি। হুগলী জেলায় ঠিক কত এবং তার মধ্যে উত্তরপাড়াতেও কতগুলি স্কুল আছে সেটা যদি নির্দিষ্টভাবে জানতে চান আমি জেনে আপনাকে বলে দেবো। তবে আমি আপনাকে বলছি প্রতিটি জেলায়, প্রতিটি জেলাতেই মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। ধন্যবাদ।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন যে বর্ধমান জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্তরে উন্নীত করা হয়েছে সংখ্যাটা কত অনুগ্রহপূর্বক জানাবেন কি?

শ্রী ব্রাত্য বসু : আমি তো আপনাকে বললাম, যে প্রত্যেক জেলাতেই উন্নীত করা হয়েছে। আমি হুগলী জেলা নিয়ে বলেছি। আমার কাছে আজকে দুটি নির্দিষ্ট জেলা নিয়ে প্রশ্ন ছিলো। একটি দক্ষিণ চব্বিশ পরগণা আর একটি নদীয়া। বর্ধমানটা আপনি আমায় সময় দিন। আমি আর কিছুক্ষণের মধ্যেই আপনাকে জানিয়ে দিচ্ছি। ধন্যবাদ।

শ্রী গুলশন মল্লিক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হাওড়া জেলায় বেশ কিছু মাধ্যমিক স্কুল আছে। সেগুলিকে উচ্চমাধ্যমিক করার কোন পরিকল্পনা আছে কিনা, বিশেষ করে আমার বিধানসভা কেন্দ্রে দেওলপুর এবং ইসলামপুর আদর্শ বিদ্যালয়, এগুলো মাধ্যমিক। উচ্চমাধ্যমিকের জন্য স্কুল থেকে আপনাকে জানানো হয়েছে। এই স্কুলগুলোকে আগামী দিনে উচ্চ মাধ্যমিক করার কোন পরিকল্পনা আছে কিনা সেটা জানাবেন।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে জানাচ্ছি যে দেখুন, এতদিন ধরে এই উন্নীতকরণ হয়নি। আমাদের সরকার আসার পর আমরা প্রথম বছরে ৫০০টা স্কুল করেছি এবং এ বছরও মাননীয় অর্থ মন্ত্রীর বাজেট বক্তৃতায় আপনি দেখেছেন, এই বছরই আরও ৫০০টি স্কুল অনুমোদন দেওয়া হয়েছে। আমি এর আগেও বলেছি যে ধাপে ধাপে কোন নির্দিষ্ট বিধানসভা ধরে নয় গোটা রাজ্য জুড়েই আমাদের এই উন্নীতকরণের প্রক্রিয়া জারী এবং অব্যাহত থাকবে। তার মানে আপনার হাওড়া জেলায়, আপনার নির্দিষ্ট বিধানসভায় আমি বলতে পারবো না। কিন্তু হাওড়া জেলাতে ইতিমধ্যেই বেশ কিছু স্কুল উন্নীত করা হয়েছে। আমি যেভাবে মাননীয় শাজাহান চৌধুরীকে জানালাম বর্ধমান জেলায় কতগুলি স্কুল উন্নীত করা হয়েছে আমি একটু পরে জানিয়ে দিতে পারবো। সেইভাবে আমি আপনাকেও জানাচ্ছি হাওড়া জেলায় ঠিক কতগুলি স্কুল উন্নীত করা হয়েছে এটা আমি ইতিমধ্যেই আপনাকে জানিয়ে দিতে পারবো। ধন্যবাদ।

শ্রী সুভাষ নস্কর : ধন্যবাদ স্যার, দক্ষিণ চব্বিশ পরগণা জেলায় আপনি ৫৪টা বিদ্যালয়কে উন্নীত করেছেন। আমার জানতে ইচ্ছা করছে যে সরকারের পলিসিটা কি? আর কতগুলো বিদ্যালয় এখনো উন্নীত হতে বাকী রইলো? যদি জেলার ক্ষেত্রে জানা থাকে বলবেন, রাজ্যের ক্ষেত্রে জানা থাকলে বলবেন এবং সেই সমস্ত বিদ্যালয়গুলো সেটা তো দুটো পর্যায়ে একটা হাই থেকে হায়ারসেকেন্ডারী আর একটা জুনিয়ার থেকে হাই দুটো যদি পৃথক করে বলে দেন। আর শিক্ষক নিয়োগের ব্যাপারটা এটা কত দ্রুততায়-উন্নীত করলেন এই আর্থিক বছরে, এই আর্থিক বছরে কি শিক্ষক নিয়োগ হবে? সেটা কি আপনার ঐ পুরোনো রিটায়ার্ড টীচার না এস.এস.সি থেকে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে প্রশ্নের জন্য ধন্যবাদ, এখনও অবধি বলেছি যে, গোটা রাজ্যের ক্ষেত্রে এই নীতি চালু করা হয়েছে এবং আপনি যদি আমার আগের উত্তর খেয়াল করে থাকেন তাহলে দেখবেন আমি বলেছি, প্রতিটি উন্নীত বিদ্যালয়ের ক্ষেত্রে তিনজন করে শিক্ষক নিয়োগ করা হয়েছে এবং আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, ওই শিক্ষক নিয়োগ করা হচ্ছে এই আর্থিক বর্ষেই। অর্থাৎ যখনই কিনা স্কুলটিকে উন্নীত করা হচ্ছে, তার সঙ্গে অতিরিক্ত তিন জন করে শিক্ষক দেওয়া হচ্ছে। মাননীয় আগের বিধায়ক যেটা আমাকে বলেছেন, রিটার্ড টীচার - সেই রিটার্ড টীচার,

কোন কোন ক্ষেত্রে সত্য। কিন্তু আপনি জানেন যে, এস.এস.সি. যে রিক্রুটমেন্ট সেই প্রসেস আমরা জারি রেখেছি, সামনে আমাদের প্রাইমারী পরীক্ষাও আছে। ফলে একদিনে যেই মুহূর্তে অতিরিক্ত শিক্ষক নিয়োগ রাজ্যের - আপনি জানেন দীর্ঘদিন এস.এস.সি. এবং প্রাইমারী পরীক্ষা হচ্ছে না। সেই এস.এস.সি. পরীক্ষা আমরা নিয়ে ফেলেছি, প্রাইমারী নিতে যাচ্ছি এই ৩১ তারিখে। সেই রিক্রুটমেন্ট প্রসেস যেই মুহূর্তে সম্পন্ন হবে সেই মুহূর্তে প্রত্যেকটা স্কুলে ফুল টাইম টীচার দিতে পারব এবং আপনি যেটা বললেন, রিটার্ড টীচার তাদের হয়তো তখন আর চাকরী থাকবে না, সেই ভাবেই তাদের কনট্রাকচুয়াল ফর্মে তাদের আপাতত নেওয়া হয়েছে, ধন্যবাদ।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রীর আরো একটা প্রশ্ন আছে অনেক সাপ্লিমেন্টারী করতে পারবেন, এর পরের প্রশ্নটা ওনার আছে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় মন্ত্রীর কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, মাননীয় স্পীকার স্যার আপনার মাধ্যমে। আপনি জানিয়েছেন যে ৩১শে জানুয়ারী পর্যন্ত ৫৪টি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে। আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর থেকে আর ৩১শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত মোট কতগুলি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুল করা হয়েছে? এই একটি অর্থবর্ষ নয়, আমি গোটা টাইমটা জিজ্ঞাসা করছি, একই সঙ্গে জানতে চাইছি, যদি আপনার কাছে তথ্য থাকে ২০১০-১১ এবং ২০১১-১২ আর্থিক বছরে যে সময়টুকু বামফ্রন্ট সরকার ছিল এই সময়েতে কতগুলি মাধ্যমিক স্কুলকে উচ্চ মাধ্যমিক স্কুলে উন্নীত করা হয়েছে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় মুখ্য সচেতককে আমি আপনার প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে, ২০১১-২০১২, তার আগের কথা আমি বলতে পারব না, আমাদের সরকার আসার আগের অংশটিতে, আগের সরকার একটি স্কুলকে উন্নীত করেননি, ওই বছরে। আর আমাদের সময়টা এক বছরে, আমি আগেও বলেছি, এখনও বলছি, পুনরাবৃত্তি করছি একটি অর্থবর্ষে ৫০০টি স্কুল উন্নীত করা হয়েছে এবং এই বছরেও আমরা আরও ৫০০টি স্কুল উন্নীত করব এবং এই প্রক্রিয়া গোটা রাজ্য জুড়েই জারি থাকবে, ধন্যবাদ।

*৫৭। Not Called

পেনশন প্রাপক কৃষকের সংখ্যা

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৬) **শ্রীমতী শিউলি সাহা :** কৃষি বিবাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ, ২০১১ সাপেক্ষে রাজ্যে পেনশন প্রাপক কৃষকের সংখ্যা কত ছিল; এবং

(খ) ২০১২-২০১৩ অর্থবর্ষের ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত রাজ্যে পেনশন প্রাপক কৃষকদের সংখ্যা কত (জেলাওয়ারী তথ্য সহ)?

শ্রী মলয় ঘটক : ৩১শে মার্চ ২০১১ সাপেক্ষে রাজ্যে পেনশন প্রাপক কৃষকগণের সংখ্যা ছিল ৬৫,৩২৯ জন।

৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত রাজ্যে পেনশন প্রাপক কৃষকদের সংখ্যা ৬৬,০৪২ জন।

(জেলাওয়ারী তথ্য)

নং	জেলা	পেনশন প্রাপক
১	দক্ষিণ ২৪ পরগণা	৬৪০২ জন
২	উত্তর ২৪ পরগণা	৪১৪১ জন
৩	হাওড়া	১৯৩০ জন
৪	নদীয়া	২৩২২ জন
৫	মুর্শিদাবাদ	৩৪৮০ জন
৬	পূর্ব মেদিনীপুর	২৯২৩ জন
৭	পশ্চিম মেদিনীপুর	৮৪৭০ জন
৮	হুগলী	৩১৭৭ জন
৯	বর্ধমান	৩৫১৮ জন
১০	বাঁকুড়া	৩৩৯৫ জন
১১	পুরুলিয়া	৪১২৫ জন
১২	বীরভূম	২৬০৬ জন
১৩	মালদা	১৬৮৪ জন
১৪	দক্ষিণ দিনাজপুর	১৮৭৭ জন
১৫	উত্তর দিনাজপুর	২০৪১ জন
১৬	জলপাইগুড়ি	৪৩৬৩ জন
১৭	দার্জিলিং (শিলিগুড়ি সাবডিভিশন)	৯৭৫ জন
১৮	কুচবিহার	৫৮৭৭ জন
১৯	গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন	২৭৩৬ জন
	মোট	৬৬,০৪২ জন

[11.50 a.m.–12.00 noon]

শ্রীমতী শিউলি সাহা : আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, প্রদত্ত পেনশানে কেন্দ্রীয় সরকারের কি কোন অংশ আছে, যদি থাকে তা পরিমান কত?

শ্রী মলয় ঘটক : প্রশ্নর উত্তর হচ্ছে না। রাজ্যে কৃষকদের জন্য যে পেনশান দেওয়া হয় সেটা হচ্ছে পুরোপুরি রাজ্য সরকারের নিজস্ব।

শ্রীমতী শিউলি সাহা : আগামী বর্ষে পেনশান প্রাপকের সংখ্যা বাড়ানের কি পরিকল্পনা আপনার আছে?

শ্রী মলয় ঘটক : আমাদের রাজ্যে যে টোটাল পেনশান প্রাপকের সংখ্যা আছে, প্রতি বছর সেটা মৃত্যু ঘটিত কারণে বা অন্যান্য কারণে কিছু ভেকেন্সীর সৃষ্টি হয় এবং সেই ক্ষেত্রে আমরা সেইগুলো ফিল আপ করে থাকি। যদি প্রয়োজন মনে হয় তাহলে আমরা সেই সংখ্যা বাড়ানোর চেষ্টা করতে পারি। বর্তমানে ৬৭৪৪০ টি পেনশান আমরা দিতে পারি।

ড: তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন। এই যে কৃষকদের পেনশান দেওয়া হচ্ছে এই পেনশান পাওয়ার যোগ্যতা কি? কেন যোগ্যতা ফুলফিল করলে তাঁরা পেনশান পান এটা যদি অনুগ্রহ করে বলেন।

শ্রী মলয় ঘটক : পেনশানের একটা বয়েস আছে, ৬০ বছরের বেশী হতে হবে এবং এরা প্রান্তিক চাষী বা ক্ষেতমজুর, এই ক্ষেত্রে রাজ্য পেনশান দেওয়ার ব্যবস্থা করে।

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন। আমরা এর আগে দেখেছি বিগত জামানায় যে, কৃষক পেনশানের নামে অনেক স্বচ্ছল পরিবার চাকুরীজীবী থেকে শুরু করে এমন অনেক মানুষকে কৃষক সাজিয়ে তাদের পেনশানের ব্যবস্থা করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করতে চাই যে, আপনি কি এই ৬৬০৪২জন যারা পেনশান পাচ্ছে, এই রকম কোন এনকুয়ারী আপনি করিয়েছেন যে যারা পেনশান পাচ্ছে তারা প্রকৃত কৃষক কিনা? এই ধরনের কোন এনকুয়ারী করে নতুন করে দেখে নেওয়া, এটাই আমার প্রশ্ন আপনার কাছে, এরা প্রকৃত কৃষক কিনা। এই ধরনের অভিযোগ বিগত দিনে ছিল, আমরা এই হাউসেও বলেছি, তার কোন উত্তর আমরা বামপন্থী জামানায় আমরা পাই নি। দেখেছি এই রকম লোকের সংখ্যা অনেক আছে, আমাদের জ্ঞানত আছে। এদের বাদ দেওয়ার ব্যবস্থাটাই কি করবেন?

শ্রী মলয় ঘটক : ওই ধরণের অভিযোগ এলেই তার তদন্ত করার ব্যবস্থা আছে। তবে আমি দায়িত্ব নেওয়ার পরে এই ধরণের অভিযোগ আমার কাছে আসেনি।

শ্রী বিরাম মান্ডি : স্যার, আপনার মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন। মা-মাটি-মানুষের সরকার এই সদনে ঘোষণা করেছিলেন কৃষকদের জন্য সাবসিডিয়ারী রেটে ভর্তুকি মূল্যে সার এবং ঔষধ দেওয়া হবে। বর্তমান এই সরকার কত টাকার সার ঔষধ ভর্তুকি মূল্যে দিয়েছেন? কত মেট্রিকটন সার চাষীদের কি ভাবে ভর্তুকি মূল্যে দেওয়া হয়েছে এটা যদি অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় বলেন তাহলে খুশী হবো।

শ্রী মলয় ঘটক : আমি জানি না আপনি কোন ঘোষণার কথা বলছেন। তবে আমাদের মাননীয়া মুখমন্ত্রী ঘোষণা করেছিলেন যে কৃষকদের ভর্তুকির মাধ্যমে পাওয়ার ট্রিলার, ট্রাকটার এবং পাম্পসেট থেকে শুরু করে ছোট ছোট ইমপ্লিমেন্টস দেওয়া হবে। সেই ক্ষেত্রে আমরা ১০ হাজার টাকা থেকে ৪৫ হাজার টাকা পর্যন্ত পাম্প সেট পাওয়ার ট্রিলার এবং ট্রাক্টারের ক্ষেত্রে দেওয়া হয়েছে। ছোট ছোট ইমপ্লিমেন্টস মানে কোদাল, গাঁইতি, স্প্রে মেশিন, এই সমস্ত ক্ষেত্রে ৫ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি কৃষকদেরকে দেওয়া হয়েছে। এ ছাড়াও আপনি শুনে রাখুন যে, কেন্দ্রীয় সরকার বিদ্যুতের দাম বা ডিজেলের দাম বা অন্যান্য দাম বাড়ানোর ফলে কৃষকরা যাতে ক্ষতিগ্রস্ত না হয়, তাই ডিজেলের পরিবর্তে কেউ যদি ইলেকট্রিফিকেশান করতে চান, তার জন্য যে ৮ হাজার টাকা খরচা, সেই খরচা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন দেওয়া হবে এবং সেই ৮ হাজার টাকা আমরা দেওয়ার ব্যবস্থা করেছি।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন - কৃষকরা পেনশনের যে টাকাটা এখন পেয়ে থাকেন, যা পরিমাণ আছে, সেক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের তরফ থেকে সেই গরীব কৃষকদের পেনশন বৃদ্ধি করার কোন পরিকল্পনা আছে কিনা? আর যদি বাড়াবার পরিকল্পনা থাকে তাহলে কত বাড়তে পারে সেটা দয়া করে জানাবেন কি?

শ্রী মলয় ঘটক : আগে এই পেনশন ছিল মাসে পাঁচশো টাকা, সেটা বাড়িয়ে মাসে সাড়ে সাতশো টাকা করা হয়েছে।

শিক্ষক-শিক্ষিকাদের জন্য "জেনারেল প্রভিডেন্ড ফান্ড" চালু

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৪) **শ্রী সুনীল কুমার মন্ডল :** বিগত ২৬শে মার্চ, ২০১২ তারিখে বিধানসভায় উত্থাপিত তারকিত প্রশ্ন নং ৮২ (অনুমোদিত প্রশ্ন নং *৭৭০)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

"কনট্রিবিউটারী প্রভিডেন্ড ফান্ডের" আওতাভুক্ত আধা সরকারী শিক্ষক-শিক্ষিকাদের "জেনারেল প্রভিডেন্ড ফান্ডের" অন্তর্ভুক্ত করে পেনশন দেওয়ার পরিকল্পনা বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

শ্রী ব্রাত্য বসু : এ বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টে মামলার পরিপ্রেক্ষিতে সম্প্রতি যে অর্ডার হয়েছে তার কপি মাননীয় স্ট্যান্ডিং কাউন্সেলের কাছে চাওয়া হয়েছে। কপি পেলে সেই মতো ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন - যারা রিটায়ার করছেন, তারা অনেকে আশায় বুক বেঁধে আছেন, যদি কোর্ট থেকে ফয়সালা হয়, আমাদের সরকার এই বিষয়ে কি ভূমিকা গ্রহণ করবে?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় বিধায়ককে জানাই, আপনি বলেছেন যে তারা আশায় বুক বেঁধে আছেন, কেন? কাদের জন্যে? কোন্ দুর্দশার ফলে তারা আশায় বুক বেঁধে আছে? সেটা যদি আপনার প্রশ্নে স্পষ্ট করতেন ভাল হত। সি.পি.এফ টু জি.পি.এফ-এ, এই বিষয়ে আশায় বুক বেঁধে আছে।

এটা নিয়ে সুপ্রীম কোর্ট অবধি গেছে কেসটা। আমরা এটা বলেছি, রায়ের যে কপি সম্প্রতি বেরিয়েছে, সেটা স্ট্যান্ডিং কাউন্সেলরকে পাঠাতে বলেছি। সেটা পাঠালে স্ট্যান্ডিং কাউন্সেলর যে মর্মে আদেশ দেবেন, আমরা সেই ভাবেই করব। কিন্তু এর সঙ্গে একটা বিরাট আর্থিক দায়ভারের প্রশ্ন জড়িয়ে আছে। সেটা আমাদের বিবেচনা করতে হচ্ছে। পাশাপাশি এটা আপনারা নিশ্চয়ই জানেন, যারা কনট্রিবিউটারী প্রভিডেন্ড ফান্ডে গিয়েছিলেন তারা এই মর্মেই গিয়েছিলেন যে তারা জেনারেল প্রভিডেন্ড ফান্ডে যেতে চান না। সেই মর্মে তারা স্বীকারোক্তি দিয়েই গিয়েছিলেন। তারপর এখন তারা সি.পি.এফ থেকে জি.পি.এফ-এ আসতে চাইছেন। এ দাবী অন্যায্য বলে মনে করি না। এটা সাব জুডিস। আপনার প্রশ্নের উত্তরে বললাম যে, এটা সুপ্রীম কোর্টে গেছে। এবার এর সঙ্গে যা আসবে, যা উদ্যোগ সেই অনুযায়ী ব্যবস্থা নেব অর্থাৎ আদালতের রায় অনুযায়ী আমরা সেই মর্মে ব্যবস্থা নেব।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন-আমাদের রাজ্যে এই ধরণের সি.পি.এপ-এ কতজন শিক্ষক আছেন, যারা জি.পি.এফ-এ যেতে চান কিংবা কতজন শিক্ষক যাবার জন্য আবেদন করেছেন?

শ্রী ব্রাত্য বসু : আমার যতদূর মনে পড়ছে মাননীয় বিধায়ক, এই প্রশ্নের উত্তর আমি আগে একবার দিয়েছি। আমার এই মুহূর্তে মোট সংখ্যার তথ্যটা সত্যি মনে নেই। তবে আমি আগে বিধানসভার এই পবিত্র সভায় দাঁড়িয়ে উত্তর দিয়েছি। আমি সংখ্যাটা নির্দিষ্ট করে এবং তার জন্য কত আর্থিক যে দায়ভার সরকারকে নিতে হচ্ছে, এই দুটি বিষয় লিখিতভাবে আমি জানিয়েছিলাম। সেই দুটি বিষয়ে পুনর্বার জেনে আমি আপনাকে জানিয়ে দেব।

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। আমি আগে কয়েকটি উদাহরণ দিচ্ছি। আংশিক সময় যারা অধ্যাপক আছেন যে যে কলেজগুলোতে, সেই কলেজগুলোতে অধ্যাপক নিয়োগ হয় নি। যেমন ভগিনী নিবেদিতা কলেজ ৮ জন আছেন পূর্ণ এবং আংশিক আছেন ১৭ জন। শহিদ অনুরূপ চন্দ্র কলেজ আংশিক আছেন ১৭ জন, পূর্ণ আছেন ৭ জন। এছাড়া সাউথ ক্যালকাটা ল'কলেজ ১ জন মাত্র পূর্ণ আছেন এবং ৯ জন আংশিক আছেন। গুরুদাস মহাবিদ্যালয়- ৮ জন আছেন পূর্ণ, ৩৪ জন আছেন আংশিক। এগুলো উদাহরণ দিলাম। এছাড়া আরও অন্যান্য কলেজও আছে। যোগেন্দ্র কলেজ, পাঁশকুড়া বনমালী কলেজ ইত্যাদি ইত্যাদি। আমার প্রশ্ন যে - এই বিষয়ে আপনি সেখানে অধ্যাপক নিয়োগ করার জন্য কি পদ্ধতি অবলম্বন করেছেন?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাই, যদিও এটা প্রসঙ্গবহির্ভূত - প্রসঙ্গটা তুলে ভালো করেছেন, ইউ.জি.সি এই যে এত দিন ধরে পার্ট-টাইম টিচারস, এটা কেন? এত দিন ধরে কেন? - এক। দুই, এই বিষয়ে ইউ.জি.সি-র স্পষ্ট গাইড-লাইন আছে যে, প্রত্যেক পোস্ট পিছু আপনি একজন ফুল-টাইম টিচার ইক্যুয়াল টু তিনজন পার্ট-টাইম টিচার নিতে পারবেন। এই কলেজ সার্ভিস কমিশনে রিক্রুটমেন্ট পদ্ধতি শুরু করেছি- প্রসেস। সেটা করতে গিয়ে দেখা যাচ্ছে যে, ঐ একটা পোস্ট পিছু তিনজন না, চার, কখনো কখনো পাঁচজন পার্ট-টাইমার

নিয়ে রাখা হয়েছে। মাননীয় বিরোধী দলনেতা এ বিষয়ে একটি টিম আমার কাছে পাঠিয়েছিলেন। আমি তাকে ইউ.জি.সি-র গাইড-লাইন বার করে দেখাই যে, একটা পোস্ট তার জন্যে তিনজন পার্ট-টাইমার নিতে পারবেন। যার ফলে অধিকাংশ ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বেশীরভাগ কলেজে তিনজন না, কোথাও কোথাও চার, কোথাও কোথাও পাঁচ কোথাও কোথাও ছয়ও আছে। অর্থাৎ, ঐ পোস্টটা চিরজীবনের জন্য ফুল-টাইম টিচারের পোস্টই, অধ্যাপকের পোস্টই ব্লক করে রাখা হয়েছিল, কেন? কোন রাজনৈতিক সুবিধা চরিতার্থ করার জন্য? আজকে যে নতুন একটা ছেলে নেট বা স্লেট সে পাশ করে চাকরীতে আসবে সে দেখছে যে, আমার পোস্টে তিনজন পার্ট-টাইমার বসে আছে এবং নতুন কোনো পোস্ট ইউ.জি.সি স্যাংশান দেবে না। আমরা এই জটিলতা কাটানোর জন্যে ঐ পার্ট-টাইমার অধ্যাপকদের ক্ষেত্রে একটা পলিসি নিয়েছিলাম। আমরা বলেছিলাম যে, আপনাদের কারও যদি নেট বা স্লেট বা পি.এইচ.ডি করা থাকে তাহলে ধাপে ধাপে আমরা আপনাকে থ্রু কলেজ সার্ভিস কমিশন ঐ কলেজে ফুল-টাইম করবো। যদি তা না থাকে তাহলে আপনি এস.এস.সি-তে বসুন, আপনি যান, এস.এস.সি-তে যান সেখানে আপনার একটা নম্বর ধরা হোক। সেই নম্বরটা আমরা কাউন্ট করবো যাতে স্কুলে আপনি ফুল-টাইম টিচার হন। তারপরও যদি না থাকে তাহলে ধীরে ধীরে আপনি স্কুলে বা কলেজে নন-টিচিং - ট্রান্সফার হন। এই রকম একাধিক আমরা প্রকল্প নিয়েছিলাম। তার ফলে দেখা যাচ্ছে যে, এই যে পোস্ট এখান থেকে আমরা ধাপে ধাপে ঐ পার্ট-টাইমারের এবং ইউ.জি.সি-র যে গাইড-লাইন ঐ অনুযায়ী কয়েকটি পোস্ট খালি আমরা চিহ্নিত করতে পারব এবং ঐ আওতা থেকে আমরা বার করে আনতে পারব। ফলে আপনি যে প্রশ্ন করেছেন সঙ্গত কারণেই করেছেন। আমি আপনাকে বলছি, আপনার সঙ্গে সম্পূর্ণরূপে সহমত। যে অবস্থা করে রেখেছিলেন সেটা ঠিক না, সেটা বাঞ্ছনীয় নয়, সেটা কাম্য নয়। আমরা সেই অবস্থা থেকে কত তাড়াতাড়ি বার করে আনতে পারি সেটাই দেখার আর সেটা চ্যালেঞ্জও বটে। ধন্যবাদ।

Starred Questions
to which answers were laid on the Table

নদীয়া জেলায় মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ-মাধ্যমিক স্তরে উন্নীতকরণ

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫) **শ্রী সমীর কুমার পোদ্দার :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়ে নদীয়া জেলায় কতগুলি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে; এবং

(খ) উক্ত বিদ্যালয়গুলিতে কতজন শিক্ষক/শিক্ষিকার পদ সৃষ্টি করা হয়েছে?

বিদ্যালয়ে শিক্ষা বিভাগের মন্ত্রীমহোদয় :

(ক) ১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়ে নদীয়া জেলায় ২৮টি মাধ্যমিক বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করা হয়েছে।

(খ) প্রতিটি উন্নীত বিদ্যালয়ে তিন জন করে অতিরিক্ত শিক্ষক শিক্ষিকার পদ সৃষ্টি করা হয়েছে।

গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *২০২) শ্রী নর্মদা চন্দ্র রায় : উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের চিন্তা-ভাবনা সরকারের আছে; এবং

(খ) সত্যি হলে, এই বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় আইন, ২০০৭ (ওয়েষ্ট বেঙ্গল অ্যাক্ট XXVI, ২০০৭) মোতাবেক গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় ২০০৮ সালে স্থাপন করা হয়েছে। শুরু থেকেই এটি একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়।

(খ) এ পর্যন্ত গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ে ১৮টি প্রফেসর, ১৮ টি অ্যাসোসিয়েট প্রফেসর, ৪৬ টি অ্যাসিসট্যান্ট প্রফেসর, পাঁচটি প্রশাসনিক পদ এবং সতেরোটি অশিক্ষক কর্মচারীর পদ সৃষ্টি করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভবন নির্মাণের জন্য প্রথম পর্যায়ে ৮৩.৮১ কোটি টাকার জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়া হয়েছে এবং এই খাতে ১০,৩৪,৬৫,৭৫৪/- টাকা মঞ্জুর করা হয়েছে।

গবেষণাগারের যন্ত্রপাতি কেনার জন্য ২ কোটি টাকা এবং গ্রন্থাগারের বই কেনার জন্য ১০ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীগণের বেতন এবং বিশ্ববিদ্যালয়ের দৈনন্দিন কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এ পর্যন্ত আনুমানিক ১১ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

প্রশাসনিক ভবন এবং বিজ্ঞান ভবন নির্মাণের কাজ সম্পূর্ণ হয়েছে।

কেন্দ্রীয় গ্রন্থাগার, কলাভবন, অ্যাকোয়াটিক প্লান্ট নির্মাণ এবং বনসৃজনের কাজ শুরু হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রাঙ্গন প্লাসটিক মুক্ত অঞ্চল হিসাবে ঘোষিত হয়েছে।

এমপ্লয়িজ ক্রেডিট কো-অপারেটিভ সোসাইটি এবং গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় কনজুমারস্ কো-অপারেটিভ সোসাইটি গঠিত হয়েছে।

জুনিয়ার হাইস্কুলকে দশম শ্রেণী পর্যন্ত উন্নীতকরণ

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬) শ্রী নির্মল ঘোষ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-২০১৩ আর্থিক বছরে কতগুলি জুনিয়ার হাইস্কুলকে দশম শ্রেণী পর্যন্ত উন্নীত করার পরিকল্পনা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি বাস্তবায়িত হয়েছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২০১২-২০১৩ আর্থিক বছরে ৬২টি জুনিয়র হাইস্কুলকে দশম শ্রেণী পর্যন্ত উন্নীত করা হয়েছে।

(খ) পূর্বোক্ত উত্তর দ্রষ্টব্য।

ইউ.জি.সি রেগুলেশন-২০১০

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৭) **ডঃ তরুণ কান্তি নস্কর :** উচ্চ শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউ.জি.সি. রেগুলেশন-২০১০কে ভিত্তি করে পদোন্নতির নিয়ম চালু হয়েছে; এবং

(খ) সত্যি হলে, তা কিরূপ?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

কলেজ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ইউ.জি.সি রেগুলেশন - ২০১০ কে ভিত্তি করে পদোন্নতির নিয়ম চালু হয়েছে। এই মর্মে ৩১.১২.২০১২ তারিখে সরকারি আদেশনামা নং ১১৯৭(২৮)-ইডিএন(ইউ), ১১৯৬-ইডিএন(এ) এবং ৯২০-ইডিএন(সিএস) জারী করা হয়েছে।

একজন সহকারি অধ্যাপক প্রয়োজনীয় যোগ্যতা থাকলে প্রথম ধাপে অ্যাসোসিয়েট অধ্যাপক ও পরবর্তী ধাপে অধ্যাপক পদে উন্নীত হতে পারবেন। এই পদোন্নতির ক্ষেত্রে ইউ.জি.সি প্রবর্তিত এ.পি.আই (অ্যাকাডেমিক পারফর্ম্যান্স ইন্ডিকেটর) ও পি.বি.এ.এস (পারফর্ম্যান্স বেসড্ এপ্রাইস্যাল সিস্টেম) দ্বারা যোগ্যতা নির্ধারণ করা হবে। এই সংক্রান্ত নিয়মাবলী ৩১.১২.২০১২ তারিখে সরকারি আদেশনামা নং ১১৯৭(২৮)-ইডিএন(ইউ), ১১৯৬-ইডিএন(এ) এবং ৯২০-ইডিএন(সিএস) জারী করা হয়েছে।

শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪৭) **শ্রী জ্যোতির্ময় কর :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে অধিকাংশ শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্ক রুগ্নতা প্রাপ্ত হয়েছে;

(খ) সতি হলে, কারণ কি;

(গ) রাজ্যে নিবন্ধীকৃত প্রাথমিক শহরাঞ্চলীয় সমবায় ব্যাঙ্কের সংখ্যা কত; এবং

(ঘ) এর মধ্যে কতগুলি লাভজনক অবস্থায় চলছে?

সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) না, ৪৪-টি ব্যাঙ্কের মধ্যে বর্তমানে ১১-টি ব্যাঙ্ক রুগ্ন অবস্থায় রয়েছে।

(খ) অপেশাদার মনোভাব, অত্যাধিক প্রশাসনিক ব্যয়, ঋণ আদায়ের ক্ষেত্রে অনিয়ম, ঋণ আদায়ে চরম গাফিলতি, ইত্যাদি কারণে কিছু ব্যাঙ্ক রুগ্নতা প্রাপ্ত হয়েছে।

(গ) ৪৪টি।

(ঘ) ৩৩টি ব্যাঙ্ক বাৎসরিক লাভে আছে।

ঝালদা শহরে বাইপাস নির্মাণ

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৬) শ্রী নেপাল মাহাত : পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পুরুলিয়া জেলার ঝালদা শহরকে যানজট মুক্ত করার জন্য একটি বাইপাস রাস্তা তৈরীর পরিকল্পনা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ এই কাজ শুরু হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এই মুহূর্তে পূর্ত দপ্তরের কাছে এইরূপ কোন পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

প্রথা বহির্ভূত শিক্ষাদান

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭২৫) **শ্রী অখিল গিরি :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার প্রথা বহির্ভূত শিক্ষা দানের বিষয়ে গুরুত্ব দিচ্ছে;

(খ) সত্যি হলে, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের মাধ্যমে উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত পাঠদানের ক্ষেত্রে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে; এবং

(গ) পারিকাঠামোহীন মাধ্যমিক শিক্ষাকেন্দ্রগুলিতে রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ের পাঠদানের কাজ বন্ধ করার ক্ষেত্রে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) সত্যি।

(খ) (১) যারা মাধ্যমিক পাশ করছে তারা উচ্চ-মাধ্যমিক স্তরে ভর্তি হতে পারবে। (২) যে কোন ছাত্র-ছাত্রী উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় বাংলা, ইংরাজী এবং হিন্দি ভাষার মাধ্যমে লিখতে পারে। (৩) উচ্চ-মাধ্যমিক স্তরে নতুন বিষয়গুলি যথাক্রমে হিন্দি, অলচিকি, উর্দু এবং নেপালি প্রথম ভাষা হিসাবে চালু হচ্ছে। (৪) উচ্চ-মাধ্যমিক স্তরে অন্যান্য বিষয় যথাক্রমে অর্থনীতি, সমাজবিদ্যা, ভূগোল এবং গার্হস্থ্য বিজ্ঞান চালু করা হচ্ছে।

(গ) শিশুদের অবৈতনিক এবং বাধ্যতামূলক শিক্ষার আইন ২০০৯ অনুযায়ী প্রত্যেক শিশুর প্রতাগত বিদ্যালয়ে বয়স অনুযায়ী ভর্তি হওয়ার অধিকার আছে। সুতরাং রবীন্দ্রমুক্ত বিদ্যালয়গুলির শিক্ষাকেন্দ্রগুলিতে ভর্তি হবার অনুমোদন শুধু মাত্র সরকারী অনুমোদিত বিদ্যালয়ে দেওয়া হচ্ছে।

"কৃষি রত্ন" পুরস্কার

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) **শ্রী রামেশ্বর দলুই** : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) "কৃষি রত্ন" পুরস্কার প্রাপকদের নির্বাচনের মাপকাঠি কি; এবং

(খ) উক্ত নির্বাচনের জন্য কোন কমিটি গঠন হয়েছে কি?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) (১) যে কৃষক বন্ধুর কৃষিক্ষেত্রে সামগ্রিক কৃষি ও আনুষাঙ্গিক বিষয়ের প্রযুক্তি ব্যবহারের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে এবং নিজস্ব ছাগল / মুরগী / মৎস্য চাষ ইত্যাদি আছে, তিনি 'কৃষি রত্ন' পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন।

(২) উন্নত কৃষি প্রযুক্তি যেমন— শ্রী, বিনা কর্ষণে চাষ, ড্রাম সিডার - এর মাধ্যমে চাষ ইত্যাদির ব্যবহার এবং তার সুফলতা সম্বন্ধে অন্যান্য কৃষক বন্ধুদের কাছে মত-বিনিময় করার প্রবণতা থাকলে 'কৃষি রত্ন' পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন।

(খ) হ্যাঁ, ব্লকস্তরের কৃষি আধিকারিক ও অন্যান্য আধিকারিকদের নিয়ে গঠন করা হয়েছে।

ছাত্র সংসদ নির্বাচন

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৯) **ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা** : উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে আগামী ৬ মাস ছাত্র-সংসদের নির্বাচন বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(গ) ছাত্র-সংসদ নির্বাচনে হিংসা বন্ধের জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে/করছে?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং মহাবিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন আপাতত স্থগিত রাখার জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলিকে পরামর্শ দেওয়া হয়েছে।

(খ) আসন্ন পরীক্ষা মরশুমের কথা মাথায় রেখে যেমন মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরের পরীক্ষা, মাদ্রাসা বোর্ডের পরীক্ষা, জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা এবং সমস্ত মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের বার্ষিক পরীক্ষার কথা মাথায় রেখেই আপাতত ছাত্রসংসদ নির্বাচন স্থগিত রাখার পরামর্শ দেওয়া হয়েছে।

(গ) মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়গুলিতে ছাত্র সংসদ নির্বাচন, সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটিউট দ্বারা পরিচালিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংসদ নির্বাচনের সময় আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য যথাযথ পুলিশি সাহায্য নেওয়ার আইনগত বিধান রয়েছে।

যেহেতু ছাত্রসংসদ নির্বাচনের প্রত্যক্ষ দায়িত্ব সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয়ের, সেইহেতু আইন শৃঙ্খলা রক্ষার কারণে সংশ্লিষ্ট নির্বাচনের প্রাক্কালে বিশ্ববিদ্যালয়/মহাবিদ্যালয়গুলি তাদের প্রয়োজন অনুযায়ী স্থানীয় প্রশাসনকে সরাসরি আবেদন করেন এবং সংশ্লিষ্ট প্রশাসন নির্দিষ্ট আইন অনুযায়ী যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করেন।

শিক্ষক/শিক্ষিকা নিয়োগ

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৩) শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ্ : বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ আর্থিক বছরে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের জন্য কোন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ হয়নি; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) ২০১১-২০১২ সালে মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক বিদ্যালয়ে সহশিক্ষক/শিক্ষিকা নিয়োগের জেলাওয়ারী তথ্য সংযোজিত করা হল। ২০১২-২০১৩ আর্থিক বছরে মোট ৪৫০০০ সহশিক্ষক/শিক্ষিকার পদ পূরণের জন্য পরীক্ষা নেওয়া হয়েছে। শীঘ্র ফল প্রকাশ ও নিয়োগ হয়ে যাবে বলে আশা করা যায়। ২০১২-১৩ সালে প্রাথমিক শিক্ষকপদের শূন্যপদ ৩৪৫৫৯। খুব শীঘ্র এর পরীক্ষা নেওয়া হবে।

পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় বিদ্যালয় কর্তৃক আয়োগ

আচার্য সদন

ব্লক - ইই, প্লট নং - ১১ ও ১১/১, সেক্টর - ২, বিধাননগর, কোলকাতা - ৭০০ ০৯১

Kind Attn - Sri T. K. Adhikari (Jr. Sec.)

১লা জুন ২০১১ তারিখ থেকে ৩১শে মার্চ, ২০১২ তারিখ পর্যন্ত রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে নিয়োগের জন্য সুপারিশকৃত শিক্ষকের সংখ্যা নিম্নে উল্লেখ করা হইল :

আঞ্চলিক আয়োগ	জেলা	শিক্ষক সংখ্যা
পূর্বাঞ্চল	বীরভূম	৭০২
	বর্ধমান	৮১৫
	হুগলী	৬০৪
উত্তরাঞ্চল	দার্জিলিং	
	(শিলিগুড়ি মহকুমা)	১২৪
	জলপাইগুড়ি	৭২৭

আঞ্চলিক আয়োগ	জেলা	শিক্ষক সংখ্যা
	কুচবিহার	৫১৩
	উত্তর দিনাজপুর	৪৬২
	দক্ষিণ দিনাজপুর	২০৫
	মুর্শিদাবাদ	৭৮১
	মালদা	৫৭১
দক্ষিণাঞ্চল	হাওড়া	৪৯০
	কোলকাতা	৩৫৪
	দক্ষিণ ২৪-পরগণা	৬৩৯
পশ্চিমাঞ্চল	বাঁকুড়া	৫৯৮
	পশ্চিম মেদিনীপুর	৮৬২
	পূর্ব মেদিনীপুর	৭৮৫
	পুরুলিয়া	৬৩৯
দক্ষিণ-পূর্বাঞ্চল	উত্তর ২৪-পরগণা	১১৩৮
	নদীয়া	৬৮৯

(খ) পূর্বোক্ত উত্তর দ্রষ্টব্য।

কৃষি মেলা

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫) শ্রী শাহাজাহান চৌধুরী : কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকারের পক্ষ থেকে ব্লকে ব্লকে কৃষি মেলার আয়োজন করা হয়েছে;

(খ) সত্যি হলে, ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত কতগুলি ব্লকে কৃষি মেলা অনুষ্ঠিত হয়েছে; এবং

(গ) উক্ত মেলার জন্য মোট ব্যয়ের পরিমাণ কত?

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ, কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষ থেকে ব্লকে ব্লকে কৃষি মেলার আয়োজন করা হয়েছে।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত মোট ২৭৪টি ব্লকে কৃষি মেলা অনুষ্ঠিত হয়েছে।

(গ) উক্ত মেলার জন্য মোট ব্যয়ের পরিমাণ ৩,৮০,৪২,০৭৫/-

(তিন কোটি আশি লক্ষ বিয়াল্লিশ হাজার পঁচাত্তর টাকা মাত্র)

আপৎকালীন পরিষেবা প্রদানের জন্য মোটর বাইক

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৭১০) **শ্রী বাসুদেব খাঁ** : অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের আপৎকালীন পরিষেবা দেওয়ার জন্য মোটর বাইক আছে; এবং

(খ) সত্যি হলে, তার সংখ্যা কত?

অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) এটা সত্যি যে জরুরী পরিষেবা দেওয়ার জন্য অগ্নিনির্বাপণ ও জরুরী পরিষেবা বিভাগে মোটর বাইক কেনা হচ্ছে।

(খ) মোট ৬০ টি মোটর বাইক কেনা হচ্ছে যার মধ্যে ১৫টি ইতিমধ্যেই হেড কোয়ার্টারে চলে এসেছে। বাকিগুলি বিভিন্ন ফায়ার স্টেশনে পৌঁছনোর ব্যবস্থা করা হয়েছে।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received two notices of Adjournment Motion on t he same subject of incident of fire at 16 Bigha Basti in Maheshtala on 16.03.2013. The first one is from Shri Tajmul Hossain And Shri Sahajahan Choudhury. And the second one is from Shri Asit Mitra.

The subject matter of the motion is not such that may call for the adjournment of the business of the House. Members will get ample scope to raise the matter during discussion on Governor's Address scheduled to commence today. Members may also invite attention of the concerned Ministers through Calling Attention, Mention, Questions etc.

I, therefore, withhold my consent to it.

Each Member of party may, however, read the text of the Motion as amended.

শ্রী তজমুল হোসেন : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরী এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হ'ল, গত ইংরেজী ১৬.০৩.২০১৩ তারিখ শনিবার মহেশতলায় সন্তোষপুর বস্তিতে বিধ্বংসী আগুনে প্রায় ৭০০ বাড়ি পুড়ে গেছে। ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের প্রয়োজন।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely, মহেশতলা ষোলবিঘা বস্তিতে প্রায় ৭০০ বাড়ি পুড়ে গেছে। হাজার মানুষ বাস্তুচ্যুত হয়েছে। ক্ষতিগ্রস্ত পরিবারের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরা অসুবিধার মধ্যে পড়েছেন।

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received 3 (three) notices of Calling Attention on the following subject, namely :

Subject	Name
Urge for appointment of Anganwari workers and construction of ICDS centers in Burdwas Dist.	Shri Sunil Kumar Mondal
Non-implementation of the sanctioned scheme for widening of road from Debra to Sabang	Dr. Manas Ranjan Bhunia and Shri Asit Kuamr Mal
Incident of fire at "16 Bigha Basti" at Mahestala in South 24 Parganas.	Shri S. M. Sadi

I have selected the notice of Dr. Manas Ranajan Bhunia and Shri Asit Kumar Mal on the sunject of 'Non-implementation of the sanctioned scheme for widening of road from Debra to Sabang.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে হয় এই সভা চলাকালীন সময়ে নয় পরে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে অনুরোধ করব মাননীয় বিধায়ককে জানিয়ে দেবার জন্য।

Mr. Speaker : Now I call upon the Minister-in-Charge of the Fire and Emergency Services Dept to make a stattement on the subject of steps taken by the state Government for preventi£n of fire in the markets of Kolkata.

(Attention called by Dr. Tarun Kanti Naskar on the 13th of March, 2013)

Shri Javed Ahmed Khan : After the devastating fire at nandaram Market in the year of 2008, the then Government constituted a high level Committee under the Chairmanship of Addl. Commissioner of Police, Kolkata wherein the representative from directorate of Fire and Emergency Services, CESC, Directorate of Electricity, Kolkata Municipal Corporation respectively were the members.

The Committee has inspected total 29 number of markets in Central Business Area, Burrabazar in particular in the year of 2008 and identifying possible risk in each individual premises which are referred here under.

(1) Most of the construction are very old and prior to enactment of fire service amendment act 1996 (Fire Prevention and Safety Rules). Therefore, none of the buildings were found to have any of the fire safety measures.

(2) Most of the buildings have high fire load density due to unplanned and unscientific internal modification and renovation.

(3) Limited means of escape due to single stair case, maximum travel distance, all the passage/corridors were blocked with different materials.

(4) Misuse of electricity, electrical wiring were dilapidated and mushrooming and hanging dangerously for the buildings.

On the basis of the above observation Committee had given necessary safety recommendations for compliances. At the same time KMC authority has been requested to with held the trade license to all traders within the aforesaid premises who were dealing with the business having fire risk.

In the year 2010, 2011 and 2012 13, 23 and 11 respectively market buildings were identified as high risk buildings and Committee inspected all those buildings for risk analysis and to incorporate necessary safety measures.

Committee monitored all the premises continuously in order to find out necessary compliance.

Case recorded against owners of 19 market and buildings for non-compliance of recommendation of the joint committee.

It is difficult by this Committee to cover all the market in metropolitan cities therefore the following short term and long term preventive measures have planned.

For mitigation of risk of Fire in and around Kolkata Metro politan City and other cities :

Following suggestions are being placed for immediate consi deration:

Relocation and Rehabilitation of all existing small and micro scale Industries:

(a) All the existing leather manufacturing units should be shifted to Kolkata Leather Complex (Bantala) in the existing leather complex area.

(b) All the existing Rubber & Plastic manufacturing units should also be shifted to the "Rubber Park, Howrah" in the existing Rubber Park Complex Area,

(c) A separate "Furniture Park" can be constructed in the adjacent district outside the city.

(d) All existing warehouse, transport godowns and combustible storages, chemical godowns should be shifted to outside the Metropolitan Cities.

(e) Chemical Hubs should be constructed in a suitable location with all Fire protection and environment friendly facilities in the neighboring districts outside the Metropolitan City area.

By providing all the existing units mentioned above a common facilities for the benefits by long term Bank loan facilities with easy EMI for repayment on ownership basis.

This proposal is being submitted as pragmatic approach to solve the problem of day to day fire in the city. If this proposal is agreed and implemented, the city will be de-congested and environment friendly.

It is also recommended to create a borough wise detail risk map by the KMC Authority who will survey both private and corporation market, commercial and business establishment and made a vulnerable assessment to generate a data bank which in turn help to

prepare a risk map within their jurisdiction, if necessary KMC Authority may take the help of the individual market/commercial establishment committee. Police will have to monitor and arrange for patrolling in night in all markets, commercial complexes and business houses in order to ensure that no person should be allowed to stay at any of the above premises in the night after closer of the market of the above premises except trained security guards/ caretaker with keys in front of the gates and CCTV to be installed and cameras should be placed in all conspicuous locations so that cameras can be able to cover every single space and monitoring/ observing panel to be placed in the ground floor security / caretaker room which will help to detect fire or smoke at very incipient stage and security guard will be able to take immediate action including informing to fire brigade / police.

All market should have underground reservoir with high pressure pumps and hydrant points in all corners of the market and electric wiring and fittings in all shops and markets should be checked periodically by the Kolkata Municipal Corporation (Electrical Department) and CESC Ltd. Market committee should equally be responsible for the same and ensure that henceforth no one will remain inside after closure of the markets. Market committee should prepared on-site emergency plan for all their individual markets stating their inherent risk, inbuilt fire safety measures, action to be taken in case of emergency by the committee initially and till arrival of fire services. Floor wise lay out plan shall be prepared for all the markets and should be displayed in all conspicuous places and in the main entrance gate of the premises. Training to caretaker / guard as fire responder will be organized as crash courses from Institute of Fire Services.

High Level Monitoring committee shall be constituted with Kolkata Municipal Corporation, Fire & Emergency Services Department, Kolkata Police, West Bengal Police, Environment Department and CESC Ltd. for implementation and monitoring the aforesaid measurers in addition to their normal arrangements so that Fire hazards / incidents may reduced or minimize within the metropolitan areas.

[12.10–12.20 p.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : স্যার, আমি আপনার কাছে একটু অনুমতি নিচ্ছি। কলকাতা মেট্রোপলিটন এরিয়ার মধ্যে কোশ্চেন করবো না যেহেতু একটা বিষয় ১৬ নম্বর বস্তি নিয়ে আজকে সবাই আমরা খুব কনসার্নড সে বিষয়ে নিয়ে প্রশ্ন করতে পারি?

মিঃ স্পীকার : ১৬ নং বস্তির ব্যাপারে মাননীয় মন্ত্রী রয়েছেন, পুর ও নগরোন্নয়ন দপ্তরের মন্ত্রী রয়েছেন তিনি আমার কাছে একটা নোটিশ দিয়েছেন। 346 এ তিনি বিবৃতি দেবেন, আপনি ওটা বাদ দিয়ে যদি কিছু বলার থাকে বলুন।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় মন্ত্রী মশাই, কলকাতা এরিয়ার মার্কেটগুলো সম্পর্কে যে উত্তর দিয়েছেন সেটা আমি শুনেছি। আমার অতিরিক্ত প্রশ্ন নন্দরাম মার্কেট পুড়ে যাবার পরে কলকাতা পুরসভার বিরোধী দলনেতা হিসাবে আপনি তখন ওখানে আন্ডার গ্রাউন্ড ওয়াটার ট্যাঙ্কের প্রয়োজনীয়তার কথা স্বীকার করেছিলেন। চাঁদনী মার্কেটে যেহেতু গাড়ি ঢোকে না, সেখানে ওভারহেড ওয়াটার ট্যাঙ্কের যে দাবি ছিল এবং যেটা করতে ব্যবসায়ীরা অনেকটা সাহায্য করবেন বলেছিলেন এই দুটো ক্ষেত্রে কোন কিছু অগ্রগতি হয়েছে কিনা?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে জানাই যে, নন্দরাম মার্কেট যেহেতু স্পেশ অনেক কম ছিল সেইজন্য এবং যেটা স্ট্রাকচার আছে সেখানে ওভার হেড লোড নিতে পারবে না এবং সেখানে সুপ্রিম কোর্টের একটা অর্ডার আছে উপরে ভেঙে দিতে হবে সেইজন্য আমরা অলটারনেটিভ সাজেশান দিয়েছিলাম আন্ডার গ্রাউন্ড রিজার্ভার করবার জন্য কিন্তু তাদের স্পেশ ছিল না। তারপরে ফায়ার ব্রিগেড সাজেশান দিয়েছে যে ওখানে একটা ডিপ টিউবওয়েল উইথ হাই প্রেশার পাম্প এবং হাইড্রেন্ট পাম্প করা হোক। তারা সেই কাজটা করেছে এবং ডিফারেন্ট ডিপার্টমেন্ট থেকে পারমিশান নিয়ে করেছে, টিউবওয়েলের পারমিশান নিয়ে করেছে। তার সঙ্গে চাঁদনী মার্কেটের ব্যাপার বলছেন - চাঁদনী মার্কেট একটা প্রাইভেট মার্কেট। সেখানে খুব কনজেসটেড্। সেখান যেহেতু কোন বিল্ডিং নেই সেখানে টিনের চাল, ওভার হেড স্ট্রাকচার তারা এখন পর্যন্ত করে নি। আমরা অলরেডি তাদের বলেছিলাম, তারা আবার সময় চেয়েছে এবং তার জন্য আমরা সময় দিয়েছি। তারপরেও যদি তারা না করেন আমরা দেখবো কি ব্যবস্থা নেওয়া যায়।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the First and the Second Reports of the Committee on government Assurances (2012-2013)

Shri Abdur Rezzak Molla : Sir, I beg to prresent (a) The First Report of the Committee on Government Assurances (2012-2013) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Public Health Engineering on the floor of the House during the year 2011-2012; and

I beg to present (b) The Second Report of the Committee on

Government Assurances (2012-2013) on the Assurances given by the Minister-in-Charge of the Department of Backward Classes Welfare on the floor of the House during the year 2011-2012.

স্যার, এই যে অ্যাসিওরেন্স দপ্তর থেকে আমরা অ্যাসিওরেন্সের জন্য বিভিন্ন দপ্তরকে ডাকি এভিডেন্সে। বেশিরভাগ ক্ষেত্রে তারা প্রিপেয়ার হয়ে আসেন না। এভিডেন্সে একের পর এক, একটা কোয়েশ্চেনের উপর ৩ বার ৪ বার করে আমাদের ডাকতে হয়। এতে সময় নষ্ট, টাকা নষ্ট। আমি সেইজন্য রিপোর্ট যা দিচ্ছি সেগুলো মাননীয় মন্ত্রীদের বলি, একটু নজর দেবেন আপনার দপ্তরের কি অবস্থায় আছে।

LAYING OF RULES

Amendments made in the West Bengal Co-operative Societies Rules, 2011

Shri Partha Chatterjee : Sir, with your kind permission, I beg to lay the amendments made in the west Bengal Co-operative Societies rules, 2011 published in the Kolkata Gazette Extraordinary dated the 26th December, 2012 under Co-Operation Department's Notification No. 3857-Co-op/H/2R-09/2012 dated 26th December, 2012.

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual report and Accounts along with Audit Report thereon, of the West Bengal Industrial Development Corporation Limited for the year 2010-2011.

Shri Partha Chatterjee : Sir, I beg to lay the Annual Report and Accounts along with Audit Report thereon, of the West Bengal Industrial Development Corporation Limited for the year 2010- 2011.

The 38th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development corporationLimited for the year 2011-2012

Shri Nure Alam Chowdhury : Sir, I beg to lay the 38th Annual Report containing Annual Accounts, Audit Report and comments of the Comptroller and Auditor General of India thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2011-2012.

Mr. Speaker : Now statement by the Hon'ble Minister Shri Firhad Hakim on the subject of fire which broke out yeasterday at sixteen Bigha at the Mahestala area.

শ্রী ফিরহাদ হাকিম : আমি একটা স্টেটমেন্ট দিচ্ছি ....

(মাননীয় বিরোধী দলের সদস্যরা স্টেটমেন্টের কপি দিতে বলেন।)

মিঃ স্পীকার : যেহেতু এই ব্যাপারটা আজকে আপনারা উল্লেখ করেছেন, গত কালের ব্যাপারে ইনফ্যাক্ট কপি দেওয়ার কোন প্রভিশান নেই আমাদের এখানে।

[12.20–12.30 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : এটা ঠিকই যে, এই ব্যাপারে লিখিত বিবৃতিটা দেওয়াই বাঞ্ছনীয়। যেহেতু কালকেই পুরমন্ত্রী ওখানে গেছেন, সুতরাং সরজমিনে গিয়ে দেখে আসার পর, যেহেতু বিধানসভা চলছে, তাঁকে আমরা অনুরোধ করেছি বলবার জন্য এবং এটাই পরে আবার আপনাদের কাছে লিখিতভাবে দিয়ে দেওয়া যাবে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, উনি মৌখিক একটা বিবৃতি দিতেই পারেন কিন্তু আমি বলছি যে আমাদের অনেক প্রশ্ন আছে।

মিঃ স্পীকার : ঠিক আছে, আমি এটা নিয়ে পরে আলোচনা করব।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যদি আমরা সন্তুষ্ট না হই তাহলে আমরা নোটিশ দিতে পারব। এটা আমি আপনার কাছ থেকে চাইছি।

মিঃ স্পীকার : ওনার বিবৃতি উনি দিন।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আপনার অবগতির জন্য জানাই, মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে কালকেই আমি গিয়েছিলাম এবং নিশ্চিতভাবে ওখানে খুব গরীব মানুষ, তারা ওখানে থাকেন। সেই জায়গায় যে আগুনটা লেগেছিল যেহেতু পরিকল্পনাহীনভাবে ওই ঘরগুলো গড়ে উঠেছে, তাই একদিক দিয়ে আগুন লেগে পুরো জায়গাটা ভস্মীভূত হয়ে গিয়েছে। ১৬ বিঘে জায়গাটা, মুলতঃ কে.এম.ডি.এর জায়গা, অধিকাংশ জায়গাটাই। কিছুটা রেলের জায়গাও আছে। সেই জায়গায় এরা বসবাস করত। যেহেতু আমাদের সরকার মা মাটি মানুষের সরকার গরীব মানুষের প্রতি কমিটেড এবং তাদের পুনর্বাসনের ব্যবস্থার জন্য মাননীয়া মুখমন্ত্রী আমাকে নিজে নির্দেশ দিয়েছেন করে দেওয়ার জন্য। কালকে তাই দেখে, আজকে ড্রয়িং করে, সাড়ে পাঁচটার সময় আবার ডি.এম অফিসে বসে মিটিং করে তাদের পুনর্বাসনের জন্য অলরেডি কাজ শুরু হয়ে গেছে, সেই জায়গাটা পরিষ্কার করার এবং সেখানে যে যে জায়গায় তারা ছিল, একটা প্ল্যানিং মত করে সেখানে তাদের টিনের শেড করে দিয়ে, তাদের ঘরগুলো টিনের করে দিয়ে সেখানে আমরা তাদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করেছি। অত্যন্ত গরীব মানুষ, তারা সেখানে থাকে। যে আগুন লেগেছে, ওই আগুনটা মাঝেমধ্যেই ওই অঞ্চলে লাগে যেহেতু আনপ্ল্যানড্ ভাবে ওখানে রয়েছে এবং যেহেতু রেলের লাইন টপকে গিয়ে জায়গাটা, তাই ওয়াটার সাপ্লাইও ওখানে নিয়ে যাওয়া সম্ভব নয়। তাই সরকারের তরফ থেকে

আমরা ঠিক করেছি যে কিছু টিউবওয়েল, একটা ছোট ওয়াটার বডি ওখানে তৈরি করে দেওয়া এবং তার সাথে সাথে পরিকল্পনা- ওখানে কোন বাথরুম বা ল্যাট্রিন - এই সব কিছু নেই। সেখানে একটা ল্যাট্রিন করে দিয়ে, যখন মানুষরা সেখানে থাকেনই, তাদের জন্য অন্ততঃ বাসযোগ্যভাবে করে দেব। এটাই মাননীয়া মুখ্যমন্ত্রীর ইচ্ছে এবং সেজন্যই আমি কালকে সেখানে গিয়ে তাদের সাথে কথা বলেছি। স্যার, এই গরীব মানুষদের যখনই কিছু হয়, একটা রাজনীতির পরিবেশ সৃষ্টি হয়। সেখানে অনেক রকম রাজনৈতিক কারণে অনেক রকম কুৎসা রটানো হয়। কিন্তু সরকারের তরফ থেকে আমরা কমিটেড যে একেবারে যারা ওখানে ছিল, যারা ওখানে আছে, প্রত্যেকের পুনর্বাসনের ব্যবস্থা সরকার করছে এবং এইটা মানবিকতার খাতিরে গরীব মানুষদের স্বার্থে। এটার সাথে অন্ততঃ রাজনীতির কোন সম্পর্ক নেই। রাজনীতির ঊর্ধ্বে উঠে গরীব মানুষদের পাশে আমাদের দাঁড়াতে হবে এবং সরকার সেটাই করছে স্যার।

MENTION CASES

ড: তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষের মাধ্যম দিয়ে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি মধ্য কলকাতার একটি মহিলা কলেজে তিনজন পূর্ণ সময়ের শিক্ষিকাকে মধ্যযুগীয় প্রথায় কলেজের গেটে নোটিশ ঝুলিয়ে তাদের সাসপেন্ড করা হয়। এমনকি এই সাসপেনশান পিরিয়ডে যে বেতন পাওয়ার কথা, সেটাও তারা পাচ্ছেন না। জানুয়ারী, ফেব্রুয়ারী মাসের বেতন কলেজের গভর্নিং বডি বন্ধ করে দিয়েছে। যে গভর্নিং বডি এই স্বৈরতান্ত্রিক কাজ করছে তা সংশ্লিষ্ট রাজ্য সরকারী যে আইন, সেই অনুযায়ী সেটা বেআইনি এবং তার পেছনে আছেন একজন সংসদ। ওই শিক্ষকদের একদিনের বেতনও যাতে না কাটা হয় তা রাজ্য সরকারের দেখা উচিত। এই পরিপ্রেক্ষিতে শিক্ষকদের বেতন সুনিশ্চিত করা ও কলেজটিতে আইননানুগ গভর্নিং বডি গঠনের দাবি আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে করছি। এই কলেজটির নাম আল-আমিন।

শ্রী আনন্দময় মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া হিংগলগঞ্জ বিধানসভা কেন্দ্রে, হিংগলগঞ্জ কালীবাড়ি থেকে পারহাসনাবাদ ১৫ কিলোমিটার যে পি.ডাব্লু.ডি-র যে বেহাল রাস্তায় যাত্রী দুর্ভোগ বেড়েছে এবং ওই নদীর উপরে হাসনাবাদ ব্রীজ নির্মাণের কাজটা শুরু হয়ে আপাতত বন্ধ। এটা যাতে তাড়াতাড়ি শুরু হয় এবং রাস্তা মেরামত হয় সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল ১৭ই মার্চ বাঁকুড়া ইন্দ্রপুর পঞ্চায়েতের কমিউনিটি হলে সি.পি.আই.এম-র কৃষক সংগঠনের সকাল সাড়ে ৯টায় একটি সভা করছিল। সভার জন্য অনুমতিও নেওয়া হয়েছিল। কিন্তু সভা চলাকালীন বাইরে থেকে শাসকদল তথা তৃণমূল কর্মীরা সভা করা যাবে না এই ফরমান জারি করে এবং পরে ৬ ঘন্টা তালা বন্ধ করে রাখে। পরে মিথ্যা অভিযোগে উদ্দেশ্য প্রণোদিত ভাবে পুলিশকে দিয়ে প্রাক্তন মন্ত্রী মাননীয় অচিন্ত রায় সহ ৫২ জন সি.পি.আই.এম নেতা কর্মীকে পুলিশ গ্রেপ্তার করে ....(গোলমাল).... সংবিধানে সাতটি মৌলিক অধিকারের মধ্যে মত প্রকাশের অধিকার একটি অধিকার। সেই অধিকার আজকে পশ্চিমবাংলায় আক্রান্ত। দলতন্ত্রের বদলে গণতন্ত্রের প্রতিষ্ঠা প্রতিশ্রুতি দিয়েছিল তৃণমূল। আজকে সেই দলতন্ত্র গণতন্ত্রকে গিলে খাচ্ছে

....(গোলমাল) .... অকল্পনীয় মিথ্যা অভিযোগ প্রত্যাহার এবং ৫২ জন (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের যে সমস্ত প্যারা টিচাররা রয়েছেন তারা আজকে অনিশ্চয়তার মধ্যে রয়েছেন। কারণ আমরা দেখছি যে, এইবার বাজেটে তাদের জন্য কোন অর্থ বরাদ্দ করা হয়নি। তাই তারা খুব অশান্তিতে আছে। আপনি হয়তো জানেন মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া তারা দিনরাত পরিশ্রম করেন। পরিশ্রম করা সত্ত্বেও তাদের যা বেতন সেটাই থেকে গেছে। তাই আপনার মাধ্যমে আমার দাবি তাদের বেতন বৃদ্ধি করা হোক এবং তাদের স্থায়ী করার এবং তারা যে সমস্ত সুযোগ সুবিধা আছে তারা যেন সুনিশ্চিত ভাবে পায়। তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তাদের ...(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার বিধানসভায় বেথুয়াডহরি কলেজ আছে। বেথুয়াডহরি কলেজে জিওগ্রাফি অনার্স পড়ানো হয়। দীর্ঘদিন ধরে পার্টটাইমার স্টাফ সেখানে আছে। তারা সেখানে ক্লাস করে না। আমি চাই পার্মানেন্ট জিওগ্রাফি টিচার দিয়ে এবং লাইব্রেরির পরিকাঠামো নেই জিওগ্রাফির। অতি শীঘ্রই স্থায়ী শিক্ষক এবং ল্যাবরেটরি পরিপূর্ণ ভাবে তৈরি করে বেথুয়াডহরি কলেজে জিওগ্রাফি অনার্সের ছাত্রছাত্রীদের পড়াশুনোর ক্ষেত্রে সমস্ত সুযোগ সুবিধা তার ব্যবস্থা করে দেওয়া হোক। এই আবেদন ও অনুরোধ মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানাই।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গলশি বিধানসভার পারাজ এবং মানকড় এই ১০ কিলোমিটার দূরে দুটো স্টেশন। যার মাঝে ১০-১২টি গ্রাম এবং সেই গ্রামের স্টেশনে মানুষকে রাতের অন্ধকারের মধ্যে ট্রেন ধরতে যেতে হয় কিন্তু রাস্তার অবস্থা খুবই খারাপ। মানকড়, সিকনোর, নুনকুনা, খাগরা, খাঁপাড়া হয়ে যে রাস্তাটি স্টেশানে গিয়েছে, সেই রাস্তাটি যাতে পাকা করা যায় এবং যাতায়াতের ব্যবস্থা করা যায় তারজন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30–12.40 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টের আমলে যারা সরকারী কর্মচারী, শিক্ষক - শিক্ষিকা অবসর নিলে সঙ্গে সঙ্গে তার পি.এফ, পেনশান - সমস্ত কিছু পেয়ে যেত। বর্তমান এই সরকার সরকারী কর্মচারী, শিক্ষক - শিক্ষিকা এবং অন্যান্যরা যারা নিযুক্ত তারা রিটায়ার্ড করার পরে পেনশান পাচ্ছে না। এর ফলে তার পরিবার খুব অসুবিধার মধ্যে পড়ছে। বামফ্রন্ট সরকারের সময় যেটা ছিল, এখন এটা খুব ঢিলে হচ্ছে, খুব দেরিতে হচ্ছে। এই পরিবর্তন কি বাংলার মানুষ চেয়েছিল? আমি অতি অবিলম্বে ঐ সমস্ত কর্মচারী যারা পেনশান পাচ্ছে না, তাদের পেনশান দেওয়ার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী আমজাদ হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, ভোকেশানাল এডুকেশান - কারিগরী এই শিক্ষা, যেটা গোটা

পশ্চিমবাংলায় মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক, অষ্টম শ্রেণী পাস করার পরে ছেলেমেয়েরা যাতে মেধা শক্তির বিকাশ ঘটিয়ে অন্য লাইনে যেতে পারে তাদের জীবন জীবিকার জন্য তারজন্য এই ব্যবস্থা হয়েছিল। তারপর আমাদের স্ট্যান্ডিং কমিটি থেকে - যে স্ট্যান্ডিং কমিটির আমি নিজেও মেম্বার, ঐ স্ট্যান্ডিং কমিটি থেকে আমরা ভিজিটও করি বিভিন্ন জায়গায়। সেখানে যা উঠে আসে, তাতে ভোকেশানাল টিচার যারা আছে - ইন্সট্রাক্টার আর টিচার, তাদের মাইনে ৭৮৫০ আর ৫৮০০। এরপরে পার্টটাইমার যারা আছে - যারা টিচার তারা ক্লাস পিছু ১৫০ টাকা এবং ইন্সট্রাক্টাররা ১০০ টাকা করে পান। সেইসমস্ত টিচাররা গত ৮ মাস ধরে মাইনে পাচ্ছে না। তারা তাদের ঐ মাইনের দাবী নিয়ে এবং তাদের চাকরীর পার্মানেন্ট করার দাবী নিয়ে গত ১২ তারিখে পশ্চিমবাংলার যে ভোকেশানাল এডুকেশন - এর ডিরেক্টারের অফিস যে পার্ক সার্কাসে আছে, সেখানে তারা ডেপুটেশান দিতে এসেছিল। তাদের শান্তিপূর্ণ এই ন্যায্য দাবীকে কেন্দ্র করে যে ডেপুটেশান, সেই ডেপুটেশানের সরকারের পুলিশ তাদের অন্যায়ভাবে মারধোর করে। তাদের মধ্যে ৪ জন মহিলা সমেত ১৯ জন আজকে জেলে ছিল। ৪জন মুক্তি পেয়েছে, বাকি ১৫ জন এখনও জেল হাজতে আছে। তাই আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রীমতী কস্তুরী দাস : মাননীয়া ম্যাডাম, আমার মহেশতলা সন্তোষপুরে ষোলো বিঘা বলে একটি বস্তি আছে। প্রায় ২০-২৫ বছর ধরে ঐ বস্তিটিতে প্রতি বছরই প্রায় আগুন লাগে। ২০১০ সালে একটি বড় আগুন লেগেছিল। তখন একটি পরিবারের ৪টি বাচ্চা মারা যায়। তখন আমাদের বিগত সরকারে যারা ছিলেন তারা এদিকে ছিলেন। সেই ৪ টি বাচ্চার জন্য এবং এখন যে দু-দিন ধরে আগুন লেগেছিল তাতে আমাদের সূর্যবাবু থেকে আরম্ভ করে রেজ্জাক সাহেব থেকে আরম্ভ করে যারা যাচ্ছেন তারা কিন্তু ২০১০ সালে একবারও যাননি। ঐ চারটি বাচ্চার জন্য আমাদের সরকার আসার পরে ৬ মাস আগে সেই পরিবারটিকে ৮ লক্ষ টাকা আমাদের সরকার পাইয়ে দিয়েছে। প্রতিবছরই আগুন লাগে মহেশতলা পৌরসভার ঐ বোর্ডটিতে। যেটা কংগ্রেস এবং তৃণমূলের যৌথ বোর্ড। তাই আমি আপনার কাছে আবেদন করব, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেন এই ব্যাপারটি যে একটি রাজনৈতিক দল দোষ দিচ্ছে যে, মহেশতলা পৌরসভার চেয়ারম্যান এবং ঐ বোর্ড বারেবারে ঐ জায়গাটিতে আগুন লাগাচ্ছে দখল করার জন্য। এই ব্যাপারে একটা তদন্ত করার জন্য আমি আমাদের মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি। ধন্যবাদ।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে বিভাগীয় দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ইতিমধ্যেই মাননীয় মন্ত্রী মৌখিক বিবৃতি দিয়েছেন। এতৎসত্ত্বেও আমি যে বিষয়টি উপস্থাপন করতে যাচ্ছি, সেটা হচ্ছে বিগত কয়েক মাস ধরে আমরা লক্ষ্য করছি বিভিন্ন জায়গাতে প্রমোটারীরাজ যেমনভাবে রাজত্ব করার চেষ্টা করছে এবং তাদের প্রচ্ছন্ন মদতে বিভিন্ন বস্তিগুলির উপর বস্তি উচ্ছেদ করার একটা প্রচেষ্টা চলছে। আমরা কয়েকদিন আগেও দেখলাম বারাসাতে বস্তি উচ্ছেদের দারুণভাবে প্রচেষ্টা করেছে, সেই উচ্ছেদের চেষ্টা এখনও অব্যাহত আছে। গতকালকে আমরা দেখলাম মহেশতলাতে আগুন লাগিয়েছে। প্রমোটার রাজত্বের জন্য আজকে এই জিনিস হচ্ছে। মহেশতলাতে যারা এই ঘটনার সঙ্গে যুক্ত রয়েছে এবং এই ৭০০ পরিবারের

বাসস্থানের পুনরব্যবস্থা করা দরকার। যারা এই ঘটনার জন্য দায়ী তাদের .....(এই সময় মাইক অফ হয়ে যায়)

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমার মনে হয় মাননীয় মন্ত্রী এই বিষয়ে উত্তর দিয়েছেন, মাননীয় লোকাল এম.এল.এ উত্তর দিয়েছেন এবং তদন্ত চেয়েছেন মুখ্যমন্ত্রীর কাছে, এরপরে আপনারা উল্লেখ করতে চাইলে উল্লেখ করুন, এরপরে উল্লেখ করার আর কিছু থাকে না।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনি জানেন যে ২০ নভেম্বর আর তারপরে হচ্ছে ১৬ মার্চ চার মাস আগে এই মহেশতলাতে ভয়ঙ্কর আগুন লেগেছিল। আমরা বামপন্থী এম.এল.এ-রা সেখানে গিয়েছিলাম। তখন আমরা তিন চারটে দাবি করেছিলাম। যে লোকে অভিযোগ করছে এখানে আগুন লাগানো হয়েছে, তদন্ত করা হোক। দুই নম্বর হচ্ছে যাদের ক্ষতি হয়েছে তাদের ক্ষতিপূরণ দেওয়া হোক। তিন নম্বর এখানে স্থায়ী পুনর্বাসনের ব্যবস্থা করা হোক। সেই কাজগুলো হল না। চার মাস পরে আবার সেখানে আগুন লাগল। এবারেও সেখানে অভিযোগ, আমরা তো গন্ধ শুঁকে বলতে পারব না, কিন্তু অভিযোগ হচ্ছে যে ওখানে আগুন লাগানো হয়েছে। আমাদের সব থেকে অবাক লাগছে যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ভালো ভালো কথা বলেন, ভালো লাগে নিঃসন্দেহে। কিন্তু আমাদের অবাক লাগল যে আগুনটাকে তিনি বললেন ছোট্টো ঘটনা। এতবড় একটা শহরে কয়েকশো লোকের বাড়ি পুড়ে গেল এই ঘটনা হচ্ছে সামান্য ছোট্টো। দুই নম্বর হচ্ছে এবারও অভিযোগ এসেছে যে এখানে আগুন লাগানো হয়েছে, আগুন লাগে নি এবং তার সঙ্গে এমন কিছু নেতাদের নাম করা হয়েছে জড়িত থাকার সেটা হচ্ছে আরো মারাত্মক। সেই জন্যে এই ঘটনার অবিলম্বে তদন্ত হওয়া দরকার। আমি তদন্তের দাবি জানাচ্ছি। যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের অবিলম্বে পুনর্বাসন দিতে হবে, তাদের ক্ষতিপূরণ দিতে হবে - এই ব্যবস্থা করতে হবে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আনিসুর সাহেব, ক্ষতিপূরণের কথা অলরেডি মাননীয় পৌরমন্ত্রী বলেছেন এবং তদন্তের কথা মাননীয়া বিধায়ক নিজে মুখ্যমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন। মাননীয়া বিধায়ক এবং ওখানকার দীর্ঘদিনের কাউন্সিলার নিজে বলেছেন, আমি লোকাল এম.এল.এ হিসেবে তদন্ত চাইছি মাননীয়া মুখমন্ত্রীর কাছে। আর পৌরমন্ত্রী বলেছেন ক্ষতিপূরণের নির্দেশ, তাতে মুখ্যমন্ত্রী দিয়ে দিয়েছেন। এই সম্বন্ধে অনেক আলোচনা হয়েছে এবং মন্ত্রী বিবৃতি দিয়েছেন। কাজেই এই ব্যাপারে আর কেউ রেস করতে চাইলে আমি অ্যালাউ করবো না।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল পুজালী থেকে চেঙ্গাইল আসার পথে ভুটভুটি নৌকো ডুবে কয়েকজন মারা গিয়েছে। নৌকো ডুবে গিয়ে মৃত্যু হওয়াটা কোন অস্বাভাবিক ব্যাপার নয়। জাভেদ খান সাহেব কাল ওখানে গিয়েছিলেন, স্থানীয় বিধায়কেরাও ছিলেন। এ বিষয়ে কোন সন্দেহ নেই তারা তদারকি করেছেন। উলুবেড়িয়া হসপিটালে বা অন্যান্য হসপিটালে যারা ভর্তি হয়েছিলেন তাদের ব্যাপারটা দেখেছেন। মাননীয় জাভেদ খান সাহেবের কাছে আমার একটা অনুরোধ আমরা দেখছি যেখানে যেখানে ভুটভুটি আছে সেই ভুটভুটিগুলো কখনও কাজের যোগ্য থাকে, কখনও কাজের যোগ্য থাকে না। পুজালী থেকে চেঙ্গাইল আসার পথে এর আগেও কয়েকটা দুর্ঘটনা ঘটেছে। আমি আপনাকে শুধু এইটুকু অনুরোধ করব এইরকম ধরণের যানবাহনে যাদের যাতায়াত করতে

হয়, তা মাতলা নদীর ওপর দিয়ে হোক, গঙ্গা নদীর ওপর দিয়ে হোক বা রূপনারায়ণ নদীর ওপর দিয়ে হোক, মাননীয় জাভেদ খান সাহেব আমি আপনাকে অনুরোধ করব যে যাতে এই ধরণের ঘটনা না ঘটে তার জন্য স্থানীয় পঞ্চায়েত বা অন্য কোন প্রতিষ্ঠানকে দিয়ে এগুলো ফিট আছে কি না দেখা দরকার।

[12.40–12.48 p.m.]

শ্রী রামেশ্বর দলুই : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী, তথা স্বরাষ্ট্রমন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচন আসন্ন, সারা পশ্চিমবাংলা জুড়ে তৃণমূল ভৈরব বাহিনীর তান্ডব চলছে। বামপন্থীদের মিটিং, মিছিল, সভা-সমাবেশ করতে দেওয়া হচ্ছে না। কিছু বিধায়ক এবং মন্ত্রী এলাকায় এলাকায় গিয়ে বলছেন, তৃণমূল ছাড়া অন্য কারো নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা যাবে না। ইতিমধ্যে বহু ঘটনা ঘটেছে। ৮৫ জন বামপন্থী কর্মী, নেতা খুন হয়েছে, ১০ হাজারের বেশী বামপন্থী কর্মী এলাকা ছাড়া হয়েছে, ১ হাজারের বেশী বামপন্থী দলের অফিস ভাঙচুর হয়েছে, গায়ের জোরে এসব চলছে। বামপন্থীদের কাছ থেকে ৮০ হাজার টাকার মতো জরিমানা আদায় করেছে। এমতাবস্থায় অবাধ এবং শান্তিপূর্ণ নির্বাচনের দাবী জানাচ্ছি।

শ্রীমতী বীণা মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র স্বরূপনগর কেন্দ্রে গতকাল প্রবল ঝড়-বৃষ্টি এবং বজ্রপাত হয়েছে। তিনজন বজ্রাঘাতে মারা গেছে, তার মধ্যে দুজন একই পরিবারভুক্ত - বাবা ও ছেলে, আর এই তিনজনই দারিদ্রসীমার নিচে বসবাসকারি ব্যক্তি। এই তিনজনের পরিবারের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ম্যাডাম ডেপুটি-স্পীকার : চৌধুরী মহম্মদ হিদায়েতুল্লা, আপনি তো সেই মহেশতলা, ষোলো বস্তি, মন্ত্রীর বিবৃতি, এসব নিয়েই বলবেন?

শ্রী চৌধুরী মহম্মদ হিদায়েতউল্লাহ : ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় মন্ত্রী বিবৃতি দিয়েছেন, তার মধ্যে আমি ঢুকছি না, মহেশতলার আগুনের মধ্যে ঢুকছি না, ষোলো বস্তির মধ্যেও ঢুকছি না, মাননীয়া মুখ্যমন্ত্রী এই ঘটনাটাকে যে ছোট্ট ঘটনা বলেছেন, সেটা নিয়েই বলছি। মাননীয় মন্ত্রী যখন সেখানে গিয়েছিলেন, তখন তাঁকে প্রশ্ন করা হয় - মাননীয়া মুখ্যমন্ত্রী এটাকে ছোট ঘটনা বললেন, তিনি এলেন না কেন? দেখলাম, যে এই প্রশ্ন করেছে তাকে গ্রেফতার করা হ'ল। এটা খুবই দুঃখজনক। সামনে নির্বাচনে, এটা কি পরম্পরা ভাবে চলবে যে, কেউ প্রশ্ন করলেই তাকে গ্রেফতার করা হবে?

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবঙ্গে পি.এইচ.ই. এর ঠিকা শ্রমিকদের জন্য শ্রম দপ্তর দৈনিক ২৩২ টাকা ভাতা ঘোষণা করেছিল, কিন্তু সেটা এখনও কার্যকরী হয়নি। এই রাজ্যে কর্মরত ৯ হাজার ঠিকা শ্রমিকদের স্থায়ীকরণ, সামাজিক সুরক্ষা এবং বেতন বৃদ্ধির কোন ভাবনা সরকারের আছে কি?

বর্তমানে তারা প্রায় ৬/৮ মাস কোন ভাতা বা বেতন পান না, ফলে তারা খাদ্যাভাবে এবং চিকিৎসার অভাবে মৃত্যুর দিকে যাচ্ছে।

ডেপুটি স্পীকার ম্যাডাম : আপনি দেখে পড়ছেন. এটা করবেন না।

এখন জিরো আওয়ার।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন এলাকার গোসাবা, নামখানা, কাকদ্বীপ, সাগর এলাকায় প্রায় এক হাজার হেক্টর বা সাড়ে ৭ হাজার বিঘা জমিতে ২ কোটি ২৪ লক্ষ টাকার বৃক্ষরোপন কর্মসূচি নেওয়া হয়েছিল। কিন্তু বিভাগীয় আধিকারিকদের যে রিপোর্ট জমা পড়েছে বাস্তবের সঙ্গে তার কোন মিল নেই। দেখা যাচ্ছে আড়াই শো হেক্টর জমিতে কোন সিজনের কোন চিহ্ন পাওয়া যায় নি এবং ম্যানগ্রোভ অর্থাৎ দামী গরাণ প্রজাতির গাছ লাগানোর প্রকল্প হাতে নিয়েছিল। কিন্তু সেই গাছের কোন হদিশ মেলেনি। যাই হোক এই বিষয়ে যে ব্যাপক দুর্নীতি ঘটেছে, এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর কাছে তদন্ত দাবি করে দোষীদের শাস্তির দাবি করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : অনুপস্থিত।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার আলু চাষ বিখ্যাত সেটা সকলেরই জানা। কিন্তু বর্তমানে আলুর দাম এত কমে যাচ্ছে যে আমাদের এখন ভয় হচ্ছে যে আলুচাষীরা আত্মহত্যা করবে কিনা। অতি সত্বর বিপণন মন্ত্রী যদি আলুর দামের বিষয়ে চিন্তাভাবনা না করেন এবং আলুর দামের বৃদ্ধির ব্যাপারে কোন চিন্তাভাবনা না করেন, তাহলে খুবই অসুবিধা হবে। এই কারণে আমি মাননীয় মন্ত্রীর কাছে আলুর দাম বাড়ানোর ব্যাপারে চিন্তাভাবনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী ইনসার আলি বিশ্বাস : অনুপস্থিত।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কারণ আমরা গতকাল লক্ষ্য করলাম যে, অচিন্ত রায় সহ ৫২ জন কৃষক নেতাকে অন্যায়ভাবে মামলায় জড়ানো হয়েছে এবং এই ঘটনা ঘটিয়ে একটা দৃষ্টান্ত তৈরী করা হল। আজকে বারেবারে দেখতে পাচ্ছি মা মাটি মানুষের সরকার তারা এই প্রতিহিংসামূলক কাজ করে একটা দৃষ্টান্ত তৈরী করছে। আবারও তারা দৃষ্টান্ত তৈরী করল বাঁকুড়া জেলায় ৫২ জন কৃষকনেতাকে গ্রেপ্তার করে। যারা এই কাজ করেছে সেই সমস্ত দোষী ব্যক্তিদের আমি আজকে শাস্তি দেবার জন্য দাবি করছি।

শ্রী আনিসুর রহমান: মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমি আগে একদিন বলেছিলাম এবং আজকেও বলছি যে আমাদের যত পি এইচ ই কনট্রাক্ট লেবার আছেন, আমি মাননীয় মন্ত্রীকে বলেছিলাম যে এদের অবস্থা খুবই খারাপ। আপনারা বলছিলেন যে, এ আমাদের পাপ। আমাদের পাপ বলুন, পুণ্য বলুন করেছি ঠিকই। কেননা এছাড়া পথ ছিল না। কেন না স্কিম করতে গেলে

চালাতে হয়। এখন যারা চালিয়েছে তাদের জন্য অল্প পয়সা লাগে। এই পয়সা কনট্রাক্টারের মাধ্যমে দেওয়া হয়। সেটা তারা অনেকদিন পায় নি। তারা গরীব মানুষ। তাদের এটা পাওয়া উচিত। আমাদের সমালোচনা যাই করুন কিন্তু এদের ন্যায্য পাওনা যেন তারা ঠিকমত পান, তারজন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি।

শ্রীমতি শিউলি সাহা : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, গত রাতে আমার বিধানসভা এলাকার সুতাহাটা বাজারে কে বা কারা ওখানকার বেশ কিছু দোকানে আগুন লাগিয়ে দেয়। আমার মনে হয় এটা উদ্দেশ্যপ্রণোদিতভাবে করা হচ্ছে এবং সেখানকার ৬-৭ টি দোকান একেবারে ভস্মীভূত হয়ে গেছে। এর তদন্ত করে শাস্তির ব্যবস্থা করা হোক। ইদানিংকালে দেখা যাচ্ছে রাজ্য সরকারের ভাবমূর্তিকে নষ্ট করার জন্য উদ্দেশ্যপ্রণোদিতভাবে যারা করছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দিন, তা না হলে আগামীদিনে এই ভাইরাসের মত ছড়িয়ে যাবে। নমস্কার।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এখন রিসেস। আমরা আবার দেড়টার সময় মিলিত হব।

[1.30–1.40 p.m.] (after recess)

LEGISLATION

The West Bengal Municipal (Amendment) Bill, 2013

Shri Firhad Hakim : Sir, I beg to introduce the West Bengal Municipal (Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Shri Firhad Hakim : Sir, I beg to move that the West Bengal Municipal (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী আনিসুর রহমান : স্যার, দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ যেটা এখানে আনা হয়েছে,সেই বিষয়ে কয়েকটি কথা বলার আগে একটা কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এত তাড়াহুড়ো করে এমনভাবে একগাদা বিল আসছে যে, এগুলোকে ঠিকমত দেখা, ভাবার সময় আমাদের ঠিকমত হচ্ছে না। প্রায় ১১টা বিল আমাদের কাছে এসেছে এবং এখনো ২-৩টে বাদে কোনটা কবে আসবে, তাও কেউ জানে না। সামনে মাত্র ২-৩টে দিন। এর ফলে বিলগুলো আমরা ভালো করে দেখতে পারছি না। কোনো সংশোধনী আনার সুযোগ কম থাকছে। এতে শুধু আমাদের ক্ষতি হচ্ছে তা নয়, এতে আপনাদেরও ক্ষতি হচ্ছে, কেননা, আপনাদেরকে বারে বারে অ্যামেন্ডমেন্ট করতে হবে। এইজন্য আমি প্রথমেই অনুরোধ জানাবো যে, এবার থেকে যখন বিল আসবে, তখন যেন একটু সময় দেওয়া হয়, তাহলে সুবিধা হয়। আর আমাদের একটা নিয়ম হয়ে আছে যে, নতুন বিল এলে সেটা সিলেক্ট কমিটিতে যাবে। এটা আমি জানি। নতুন কয়েকটি এসেছে, সেগুলো যেন সিলেক্ট কমিটিতে যায়-তারজন্য আমি আগাম অনুরোধ করে রাখলাম। আর এখানে যে অ্যামেন্ডমেন্টটা এসেছে, এটা খুবই রুটিন মাফিকের মতো ব্যাপার। কেননা, আগে দার্জিলিংএ যে চুক্তি হয়েছিল, তাতে হিল্ কাউন্সিল তৈরি হয়েছিল। এর ফলে আমাদের এই বিলের মধ্যে 'হিল্ কাউন্সিল' লেখা ছিল। এখন যেহেতু এটা জি.টি.এ. হয়ে গেছে, খুব স্বাভাবিক কারণেই

জি.টি.এ. নামে পরিবর্তন করতে হবে যেখানে যেখানে যা যা আছে। তা নিয়ে আপত্তি করার কিছু নেই, কেননা এটা করতে বাধ্য। কিন্তু আমাদের কয়েকটি বক্তব্য হচ্ছে, যখন এখানে জি.টি.এ বিল আনা হয়, তখন আমরা যে বিষয়গুলো বলেছিলাম, আপনার নিশ্চয়ই মনে আছে যে, সরকারী পক্ষ থেকে ৫৬টা অ্যামেন্ডমেন্ট আনা হয়েছিল। আর আমি এবং সূর্যবাবু নিয়ে এসেছিলাম 'প্রায় ১৪টা অ্যামেন্ডমেন্ট। আমাদের কয়েকটা অ্যামেন্ডমেন্ট মুখে গ্রহণ করা হয়েছিল, এখানে ঘোষণা করা হয়েছিল, কিন্তু দুর্ভাগ্য হচ্ছে সেগুলো - যেটা রাজ্যপালের কাছে যায়, সেখানে উল্লিখিত ছিল না। এটা আমি আগেও মাননীয় স্পীকারকে বলেছিলাম যে, এটা আমাদের খুব খারাপ লেগেছে। কিন্তু তখন যে মৌলিক কয়েকটি বিষয়ে আমরা আপত্তি করেছিলাম তার মধ্যে একটা হচ্ছে - এই নামের ব্যাপারে আমরা আপত্তি করেছিলাম। আমরা আপত্তি করেছিলাম, গোর্খাল্যান্ডের যে নামটা যুক্ত করা হয়েছে সেই ব্যাপারেও। আমরা দার্জিলিং-এর নামটা উল্লেখ হয়ে থাকার কথা বলেছিলাম। আর সব থেকে বড় আপত্তি আমরা করেছিলাম যেটা সেটা হচ্ছে, জেলা পরিষদের ব্যাপার নিয়ে, যেটা সংবিধানে পরিবর্তন হয় নি। তখনই আমরা বলেছিলাম, যেহেতু জেলা পরিষদ বাদ দেওয়া আছে, আমরা এখানে যুক্ত করে রাখছি - এটা একটা সমস্যা হয়ে দাঁড়াবে। আর নতুন জায়গার ব্যাপারে আমাদের বিরাট আপত্তি ছিল। এটা আগে যতবারই আলোচনা হয়েছে ঠিক হয়েছিল যে, আমরা নতুন জায়গা যুক্ত করতে দেবো না। কিন্তু সেই সময় এখানে এমন একটা জিনিস করে দেওয়া হয়েছিল ঐ জি.টি.এ.তে সেটা হচ্ছে যে, জি.টি.এ.র সঙ্গে একটা প্রভিশন করে দেওয়া হ'ল যে, একটা কমিটি করে দেওয়া হবে, সেই কমিটি নতুন জায়গা যুক্ত করতে পারবে বা তার সুপারিশ করতে পারবে। এর ফলে আমরা যেটা বলেছিলাম যে খুব তাড়াহুড়ো করে আমরা চাইছি দার্জিলিং-এর সমস্যা মিটে যাবে, আর আমরা বলতে পারবো যে আমরা মিটিয়ে দিলাম। কিন্তু তখনই আমরা বলেছিলাম যে দার্জিলিং-এর সমস্যা অতো সহজ না। এটা এত সহজ ভাবে মিটিয়ে দিলাম এ কখনই হতে পারে না। এর একটা সুদূরপ্রসারী সমস্যা আছে এবং আগামী দিনে অনেক জটিলতার মধ্যে পড়তে হবে। আজকে আপনারা সবাই বুঝতে পারছেন যে যাঁরা আমাদের মুখ্যমন্ত্রীকে সাদর সম্বর্ধনা জানিয়ে ছিলেন, যাঁরা অভিনন্দন জানিয়ে ছিলেন, তাঁদের ভূমিকা আজকে কি আপনারা ভালো করেই বুঝতে পারছেন। মুখ্যমন্ত্রী নিজেও বুঝতে পারছেন যে সমস্যাটা কি জটিল। এই জন্যই আমরা এই কথাগুলি বলেছিলাম, কিন্তু দুর্ভাগ্যবশতঃ আমাদের সে কথাগুলো শোনা হয় নি। আজকে বিলের সঙ্গে যুক্ত হবে ঠিকই, যুক্ত হবে, কাজ হোক, এটা আমরা চাই, কিন্তু যে আশা নিয়ে আমরা কাজটা করতে চেয়েছিলাম। যে আশা নিয়ে খুব তাড়াহুড়ো করে সব সময় ভুলে গিয়ে আমরা একাজ করতে গেলাম, তখন আমরা বার বার বললাম, আমাদের বিরোধী দলনেতা বার বার এ কথা বলেছিলেন এটা করে দেওয়া মানে হচ্ছে দার্জিলিং-এ pandulam box খুলে দেওয়া। এবং একটা করে ধাপে ধাপে যাবে, যেখানে আমাদের দার্জিলিং আলাদা হয়ে যাবে, যেটার বিরোধী আমরা সবাই, কেন্দ্র সরকার এর বিরোধী, রাজ্য সরকার এর বিরোধী, আমাদের রাজ্যে যতগুলো রাজনৈতিক দল আছে সবাই বিরোধী যে আমরা ভাগ চাই না। কিন্তু তা সত্ত্বেও খুব তাড়াহুড়ো করে যেটা করা হয়ে গেল এর মধ্যে বিরোধের একটা সুযোগটা থেকে গেল। গোর্খাল্যান্ডের নামে যে সুযোগটা দেওয়া আছে সেই সুযোগটা, তার পরে গোর্খাল্যান্ডের দাবীকে বাদ দেওয়া হচ্ছে না, এটাও মেনশন করার সুযোগটাও পেয়ে গেল, ল্যান্ডের সুযোগটা পেয়ে গেল। তাই অনেকগুলো সুযোগ ওরা পেয়ে গেল। যেগুলো তাদের এগিয়ে যাওয়ার ক্ষেত্রে সুবিধা হয়ে গেল। আমরা ওই

জন্য বলেছিলাম তখন থেকে এই বিষয়ে তাড়াহুড়ো দয়া করে করবেন না, একটু সময় নিয়ে ভাবুন। সময় নিয়ে ভাবলে এমনকি সমস্ত যে রাজনৈতিক দল আছে তারা যাতে এক সঙ্গে আলোচনা করতে পারে তাহলে আমাদের অনেক সুবিধা হতে পারে। কিন্তু সেই সময় কোনটাই করা হল না। একেবারে তাড়াহুড়ো করে যেন এটা আমাদের একটা বিরাট সাফল্য, এই সাফল্য দেখাবার জন্য এমন কিছু করতে যাওয়া হলো যার ফলে হচ্ছে আজকে যে পাহাড়কে আমরা বলেছিলাম পাহাড় হাসছে, পাহাড় সুখে আছে। আজকে আমরা সেখানে দেখছি যে পাহাড়ে নতুন বিপদ তৈরী হয়েছে। আর এই বিপদ থেকে বাঁচার জন্য যে পথগুলো এখনও গ্রহণ করা দরকার, আমরা এখনও মনে করি যে আলোচনা করে সমাধান করা সম্ভব। এখনও আমাদের উচিত মাননীয়া মুখ্যমন্ত্রীর, পাহাড়ের যে সমস্যাগুলো আছে তা নিয়ে সব পার্টি বসে আলোচনা করে নিলে কি করলে ভালো হতে পারে, কি করলে সুবিধা হতে পারে, সেটা আমাদের করার দরকার। তা না করে ওখানে আবার দেখছি অন্য ব্যবস্থা নেওয়া হল। পাহাড়ে যেহেতু আমাদের এই সরকারকে গুরুত্ব দিল না, আমাদের সরকারেরও কিছুটা ভুল ছিল, কেন না কতগুলো বিষয় ছিল যেগুলো আমরা হস্তান্তর করার কথা যেগুলো ওদের হাতে যাওয়ার কথা, তাই নিয়ে আমরা ওদেরকে বাদ দিয়ে কেন আলোচনা করতে পারি না। আমরা তাই শুরু করতে গেলাম। যেমন এখানে সুব্রতবাবু করতে যাচ্ছেন। পঞ্চায়েত হচ্ছে এখন সংবিধানের বিষয়, সেখানে সুব্রতবাবু যা খুশী করতে পারেন না। পঞ্চায়েত হলো স্থানীয় সরকার এবং সংবিধান স্বীকৃত, তার নিজস্ব কতগুলো আইন আছে, অধিকার আছে, সেখানে গিয়ে নাক গলানো যায় না। ঠিক তেমনি যেটা আমরা জি.টি.এ.-তে করলাম, যে বিষয়গুলো ওদের হাতে দিলাম। সেখানে গিয়ে আমরা নিজেরা মোড়লী করতে পারি না। আমরা মাতব্বরী করতে পারি না। সেটার বেলায় যেমন ত্রুটি হয়েছে। যার ফলে সমস্যাটা তৈরী হয়েছে। কিন্তু তা সত্ত্বেও এখনও সময় আছে, এখনও সুযোগ আছে, আমরা মনে করি যে আমাদের আলোচনা করা উচিত, সব দল মত নির্বিশেষে পশ্চিমবাংলায় বসা উচিত। বসে তো আমরা সিদ্ধান্ত তৈরী করতে পারি, তাহলে আমরা সবাই মিলে কালেক্টিভলী, জয়েন্টলী এই বিষয়টা যেমন নিজেরা বুঝতে পারবো, তেমনি একটা জয়েন্ট সিদ্ধান্ত নিতে পারলে এই আন্দোলন যে পথে যাচ্ছে তাকে ঠেকানোর একটা পথ তৈরী হবে, তা না হলে ক্ষতি হবে। আমরা প্রথম দিন বলেছিলাম যে মাননীয়া মুখ্যমন্ত্রীকে তিনি যে উদ্যোগগুলো নিয়েছেন তার সবগুলোকে আমরা নিশ্চয়ই অভিনন্দন জানাবো। আমি তো বলেছিলাম যে চারটে মালা আমি ওঁনার জন্য রেডি করে রেখেছি, একটা দার্জিলিং-এর জন্য, একটা মাওবাদীর জন্য, একটা সিঙ্গুরের জন্য, বলে রেখেছিলাম তখনই। কিন্তু সেই কাজটা এখনও হয় নি। সাময়িক সুবিধার জন্য যদি আমরা ভুল করি তাহলে অনেক দিন আমাদের ভুগতে হয়, সেই জন্য আমরা বলেছিলাম সেটা বার বার, কিন্তু সেটা হয় নি। এখনও আমরা বলছি আজকে যে বিল এসেছে সেটাকে সমর্থন করি, কেননা এতে বিকল্প কিছু নাই, ওখানে যা লেখার তা তাই লিখতে হবে। কিন্তু যে কাজগুলো করলে ভালো হতো, আজকে একটু সময় নিয়ে ভাবলে দার্জিলিং-এর কিছুটা স্থায়ী ব্যবস্থা করা যেতে পারতো, সেটা হলো না এই তাড়াহুড়ো করার জন্য। আমি আবেদন জানাবো এই বিলকে সমর্থন করছি বটে, কিন্তু সঙ্গে সঙ্গে আবেদন জানাবো যে দার্জিলিং-এর ব্যাপার নিয়ে যাঁরা এর সঙ্গে যুক্ত আছেন, তাঁরা যদি দয়া করেন - মাননীয় হাকিম সাহেব পারেন মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলে, একবার সব পার্টি মিলে বসুন, সবারই পরামর্শ নিন, সবারই ভালো হবে। আপনাদের নেতৃত্বে কাজ হবে আমরা সাহায্য করবো, তাতে অসুবিধাটা কোথায়। সেটা যেন হয় সেই ব্যবস্থা

করবেন। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.40–1.50 p.m.]

শ্রী অশোক কুমার সাউ : মাননীয় স্পীকার মহাশয়, আমি সর্বপ্রথম 'দি ওয়েষ্ট বেঙ্গল মিউনিসিপ্যাল্ অ্যামেন্ডমেন্ট বিল, ২০১৩' এটাকে সম্পূর্ণ সমর্থন করে আমি এর পক্ষে বক্তব্য রাখছি। আমরা সকলেই জানি যে, আমাদের মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী এই দার্জিলিং সমস্যার সমাধান করেছেন। এবং তিনি আজকে শুধু ভারতবর্ষকে নয় সারা বিশ্বকে দেখাতে পেরেছেন, যে এই সমস্যার সমাধান হওয়ার ফলে আবার পর্যটন কেন্দ্র খুলে গেছে। যে পর্যটন কেন্দ্রের উপর নির্ভর করে, যে পর্যটনের উপর নির্ভর করে সারা দার্জিলিংবাসী নির্ভর করে থাকেন সেই পর্যটন একেবারে বন্ধ হয়ে গিয়েছিল। সেই পর্যটনকে খুলে দেওয়ার ফলে আবার সকলে যাচ্ছেন দার্জিলিং। আর দার্জিলিংবাসী তার জন্যে খুবই প্রসন্ন। শুধু পর্যটন নয়, চা-বাগানগুলোরও অবস্থার অনেক উন্নতি হয়েছে, অনেক সংশোধন হয়েছে। যার জন্যে দার্জিলিংবাসী খুবই আনন্দিত, উৎফুল্ল এবং তারা বার বার অভিনন্দন জানাচ্ছেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে। আমরা, আমাদের আগের সরকারের আমলে দেখেছি, যে হুগলী জেলার বিভিন্ন অঞ্চলে আপনার বর্ধমান, মেদিনীপুর, দুই চব্বিশ পরগণা, কলকাতার বিভিন্ন জায়গায়, দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায় আমরা দেখেছি, যে রক্ত দেব কলজে দেব গোর্খাল্যান্ড হতে দিচ্ছি না। আবার অনেক জায়গায় দেখেছি, রক্ত দেব প্রাণ দেব পশ্চিমবঙ্গকে বিচ্ছিন্ন হতে দিচ্ছি না। যা কিছু হয়েছে সমতল এলাকায়। কিন্তু কারও সাহস ছিল না একবার গিয়ে হিল এরিয়ায় ঢুকে সেখানে লিখে আসা - রক্ত দেব প্রাণ দেব এই গোর্খাল্যান্ডকে হতে দিচ্ছি না বা পশ্চিমবঙ্গকে বিচ্ছিন্ন হতে দিচ্ছি না। কিন্তু আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি দেখিয়ে দিয়েছেন যে দার্জিলিংয়ে গিয়ে দু'জন নেতা যারা গোর্খাল্যান্ডের পক্ষে সওয়াল করে আসছেন,

...(এই জায়গায় মাননীয় স্পীকার মহোদয়ের নির্দেশ ক্রমে দুটি নাম বাদ দেওয়া হয়েছে)...

আচ্ছা স্যার, ওটা বাদ দিয়ে দেবেন দয়া করে। এই দু'জনকে পাশে বসিয়ে ঘোষণা করলেন, যে গোর্খাল্যান্ড হবে না। দার্জিলিং পশ্চিমবঙ্গের অবিচ্ছেদ্য অংশ ছিল, আছে এবং থাকবে। এই রকম সাহস কে দেখিয়েছে? আজকে এই সাহস দেখাবার ক্ষমতা আমাদের মহান নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আছে। আর তাই তিনি ওখানে বারবার যাচ্ছেন, বারবার বলে আসছেন একই কথা। আর আমাদের মহামান্য এই বিরোধী দলের লোকেরা যারা এখন চেঁচাচ্ছেন, যারা সমর্থন করেও করছেন না তারা বলছেন, যে এটা ঠিক নয়। এটা হওয়া উচিত নয়। তো আপনারা গেলেন না কেন আপনাদের এই রাজত্বে? আপনারা এই সমস্যার সমাধান করতে পারলেন না কেন? আজকে অ্যামেন্ডমেন্ট চাইছেন। ঠিক আছে, হোক অ্যামেন্ডমেন্ট। কিন্তু আমরাও যেমন গোর্খাল্যান্ড চাইছি না আপনারাও চাইছেন না। আপনারাও যেমন বলছেন, যে পশ্চিমবঙ্গকে বিচ্ছিন্ন হতে দিচ্ছি না আমরাও চাইছি না। কিন্তু আপনাদের রাজত্বে সেইরকম কোন পদক্ষেপ দেখা গেল না। কারোর সাহস হল না। আপনাদের পূর্বতন মুখ্যমন্ত্রীরও না এবং পরবর্তী মুখ্যমন্ত্রীরও না। পূর্বতন মুখ্যমন্ত্রী যিনি ১৮ বারের বেশি বিদেশ গিয়েছিলেন পুঁজিপতি ধরে আনতে কিন্তু পারেন নি। পরবর্তীকালের মুখ্যমন্ত্রী, তিনি সমতলে থেকে বড় বড় কথা বললেন কিন্তু পারেন নি। আজকে আমরা তাই এই

বিলকে সম্পূর্ণ সমর্থন করে বলতে চাই, এই বিলের মধ্যে যা আছে সঠিক আছে। এই বিল পাশ হোক। এই বিলেতে যেটা আছে, ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট ২০১৩, এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে পরবর্তীকালে যে সমস্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে যেমন— নোটিফিকেশান টু দ্যা অফিসিয়াল গেজেটে বলা আছে সেই বিলের কথা। আমরা সেটাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং আমরা চাইছি এটা আইনে পরিণত হোক। পরবর্তীকালে আমরা যেটা দেখেছি, যে এখানে বিলের মধ্যে লেখা আছে-- "the Council for the hill areas under Sun-Section (1) of Section 31 of the Darjeeling Gorkha Hill Council Act, 1988", the words and figures "the Gorkhaland Territorial Administration constituted under theGorkhaland Territorial Administration Act, 2011" shall be substituted. এর মধ্যে যা যা বলা হয়েছে সম্পূর্ণভাবে সঠিক বলা হয়েছে এবং সেটা করলেই এই অবস্থার উন্নতি হয়েছে, হবে এবং পরবর্তীকালে আসতে আসতে এই সমস্যার সমাধান হবে। তারা যতই চেঁচামেচি করুক যে, গোর্খাল্যান্ড চাই। গোর্খাল্যান্ড হচ্ছে না, গোর্খাল্যান্ড হবে না, গোর্খাল্যান্ড আমরা হতে দিচ্ছি না, আমরা আমাদের মা-মাটি সরকারের মহান নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্তকে সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অপূর্ব সরকার : ধন্যবাদ স্যার। West Bengal Municipal Amendment Bill, 2013, যেটা পেশ হয়েছে, তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। স্যার, খুব ভালো লাগতো যদি আজকে আমাদের পাশের তিনজন সহকর্মী - আমরা আজকে এই বিল পাশ হওয়ার জায়গায় তাদেরকে সঙ্গে পেতাম। আমাদের মনে হচ্ছে কোথায় যেন একটা তাল কেটে গেছে। খুব স্বাভাবিকভাবে আজকে পরিস্থিতি তৈরি হয়েছে, আমরা পশ্চিমবঙ্গের মানুষ, পাহাড় আমাদের কাছে, দার্জিলিং আমাদের কাছে, হৃদয়ের জায়গা গ্রহণ করেছে। শুধু আমাদের নয়, গোটা পৃথিবীর মানুষের কাছে। সেই জায়গায় আমরা কিছুটা আতঙ্কিত যে, আগামীদিনে সেখানকার যে শান্তির বাতাবরণ তৈরি হয়েছিল tripartite agreement-এর মাধ্যমে সেই জায়গায় শান্তি ভঙ্গের মতো পরিস্থিতি তৈরি হয়েছে। আমি এখানে মাননীয় মন্ত্রী মহোদয় আছেন আমি অনুরোধ করবো যে, সেই পরিস্থিতি ফিরিয়ে দেওয়ার জায়গায় যেন উদ্যোগ গ্রহণ করা হয়। সেখানে কেন্দ্রীয় সরকার আছে, সেখানে আপনারা সরকারে আছেন, আমরা রাজনৈতিক দল'রা এখানে আছি, যদি কোনোরকম সহযোগিতার দরকার হয়, আমরা সম্পূর্ণরূপে দলের পক্ষ থেকে আমাদের পক্ষ থেকে নিশ্চয়ই সহযোগিতার হাত বাড়িয়ে দেব। শুধু দু'-একটা কথা বলতে চাই যে, হঠাৎ এরমধ্যে একটা Development Authority গঠন হল। লেপচা Development Authority। কিন্তু স্যার, যে community based Development Authority, এটা কি স্যার গঠন করা ঠিক? কারণ সেখানে আরো মুন্ডা আছে, ওরাঁও আছে, আরো অনেক community যারা জনসংখ্যায় অনেক বেশি। লেপচা community গোটা দার্জিলিং-এর তিনটে - দুটো সাব ডিভিশান, কার্শিয়াং-এর extended কিছুটা পোর্শান, বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে আছে। অথচ population-এর দিক থেকে যারা এগিয়ে আছে, যদি তৈরি করতেই হত সেখানে জাভা Development Authority হতে পারতো, মুন্ডা Development Authority হতে পারতো, ওরাঁও হতে পারতো। খুব স্বাভাবিকভাবেই, আর একটা সুর কেটে যাওয়ার যে গল্প

বলছিলাম আমি, তাতে মনে হচ্ছে যেন, আর একটু ইন্ধন যোগানো হল না কি স্যার? আমরা দার্জিলিং-এ যাই, দার্জিলিং-এর বিভিন্ন বিষয় দেখি। এখানে যে কথা আনিসুর রহমান সাহেব বলছিলেন যে, দপ্তর বোধহয় ৫৯। ৫৯টা দপ্তর তাদের হাতে তুলে দেওয়ার কথা। ক'টা দপ্তর এখনও পর্যন্ত তুলে দেওয়া হয়েছে আমরা জানি না। সেখানে কিছু developmental programme করার কথা। সেখানে assistance দেওয়ার কথা Central Government-এর, সেখানে assistance দেওয়ার কথা State Government-এর। আমরা Central Government-এর বাজেটে দেখছি সেখানকার assistance ২০০ কোটি টাকা এ বছরেরও বাজেটে ঘোষণা হয়েছে। State Government-এর বাজেটে আমরা দেখতে পাইনি। নিশ্চই Departmental Budget-এর মধ্যে সেখানকার কত টাকা সেখানে বরাদ্দ হল—দেখা যাবে। আমরা দার্জিলিং গিয়ে দেখেছি সেখানকার কি অবস্থা। আমরা যখন হোটেলে থাকি সেখানে জল পাই না। সমস্ত বাঙালিরা, পশ্চিমবঙ্গের মানুষরা যায়, হোটেলে জল পাওয়া যায় না। হোটেলে রাত্রি ২'টোর পর জল বেশি ব্যবহার করেছে বলে আমাদের ছাত্র তাকে নিয়ে গিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। এটা আমরা নিজেরা দেখে এসেছি, আমরা Standing Committee যখন গিয়েছিলাম সেখানে। সেখানে জলের acute crisis দার্জিলিং-এ। সেখানে একটা বালাসন প্রোজেক্ট চলছে। দীর্ঘদিন ধরে — এই বালাসন প্রোজেক্ট। মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো কিছু প্রবলেম আছে। সেখানে Central Government-এরও কিছু ভূমিকা আছে এই বালাসন প্রোজেক্ট-এ। এই প্রোজেক্টটা দ্রুত শেষ করার জন্য। আমরা স্যার গোটা পশ্চিমবঙ্গের উন্নতি করছি। আমরা গোটা কোলকাতায় দেখছি আলোর ছড়াছড়ি। পার্ক হচ্ছে গঙ্গার ধারে সৌন্দর্যায়ণ, খুব ভালো লাগছে স্যার আমাদের। সত্যি ভালো লাগছে আমাদের এটা, কোনো critisize করছি না। কিন্তু আমি যদি বলি মিরিক লেক। যেটা আমাদের পশ্চিমবঙ্গের একটা বাচ্চা ছেলে, সে যখন যাচ্ছে সেই মিরিক লেকের ধারে — আপনারা গিয়েছেন নিশ্চই, আমরা সবাই গেছি। সেই মিরিক লেকটার কি অবস্থা। কি পর্যায়ে আছে আমরা যদি দেখি, তা দেখবো সেখানে মানুষ গিয়ে দাঁড়ানোর জায়গা নেই।

[1.50–2.00 p.m.]

সেখানকার টোটাল ড্রেনেজ, মিউনিসিপ্যালিটির ড্রেনেজ আজকে মিরিক লেকে এসে মিশছে। যে মিরিক লেক এর ডেপথ ছিল ১৬ ফুট; আজকে কমে এসে সেটা দাঁড়িয়েছে মাত্র ৬ ফুট, সেটা ডি-সিল্টেড করতে হবে। তার উদ্যোগ গ্রহণ করার জন্য আমি অনুরোধ করবো। মিরিক লেকটাকে সাজানোর জন্য অনুরোধ করবো যে, আগামী দিনে দার্জিলিঙে গিয়ে, আমরা যেন, সেখানে ভ্রমণ পিপাসু বাঙালী, সেখানে মিরিক লেকটাকে ভাল দেখতে পাই। খুব স্বাভাবিকভাবেই যে ইউথ, দার্জিলিং এলাকার যে ইউথ, সেই ইউথদেরকে কোথাও পুলিশে, কোথাও আর্মিতে, সেখানে চাকরির ব্যবস্থা করার জন্য উদ্যোগ গ্রহণ করবার কথা বলা হয়েছিল। আমরা জানি না, কতকগুলো হয়েছে সেখানে চাকরি। আমরা ১০ লক্ষ চাকরি দেখেছি, অর্থমন্ত্রীর বাজেটে। সেখানকার কতজনকে পুলিশে, প্যারা মিলিটারীতে, মিলিটারীতে, যদিও সেটা সেন্ট্রাল গভর্ণমেন্ট এর, তবুও একটা তথ্য থাকলে আমাদের ভাল লাগবে যে, এখানকার এই হাউস থেকেই যে বিল পাস হয়েছে, সেই বিল পাসের পর, সেখানকার কতকগুলো ছেলে মেয়ে চাকরি পেল। খুব স্বাভাবিকভাবেই আমরা চাইব,

দার্জিলিঙে শান্তি বিরাজ করুক। মাননীয় মন্ত্রীকে উদ্যোগ গ্রহণ করার জন্য বলব। আর বিলের একটা পোরশানে বলব যে, এ জি বেঙ্গলের অডিট রিপোর্ট, যেটা প্লেস হবে বিধানসভায়, দুঃখের সঙ্গে বলছি, মাননীয় মন্ত্রীকেও ইনিসিয়েটিভ নেওয়ার জন্য, আপনার মাধ্যমে অনুরোধ করাবো, যে পশ্চিমবঙ্গের সমস্ত মিউনিসিপ্যালিটিগুলোতে, এ জি অডিট কিন্তু, সঠিক সময়ে, তারা যায় না। খুব স্বাভাবিকভাবেই, আমরা হয়ত যখন অডিট রিপোর্ট পাব, দেখা যাবে, ২০০৬-০৭ সালে, কোন মিউনিসিপ্যালিটির অডিট রিপোর্ট, এই হাউসে, পবিত্র হাউসে প্লেসড হচ্ছে। তাদের উপরে চাপ সৃষ্টি করে, প্রত্যেক মিউনিসিপ্যালিটি যেন বছর শেষ হয়ে যাওয়ার পর, তাদের অডিট যেন করিয়ে নেওয়া হয়। এ জি.র এই যে গাফিলতি, সেই গাফিলতির দিকে নজর দেওয়া হোক। তাই স্যার, আমি আর আমার বক্তব্য দীর্ঘায়িত না করে, শুধু এই টুকুনি বলব, দার্জিলিঙে শান্তি আমরা সকলে চাই। দার্জিলিঙে শান্তি ফিরুক। দরকারে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী, দপ্তরের মন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো, যে বিষয়টার গুরুত্ব দিয়ে দ্রুত সমাধান করার দিকে এগোনোর প্রতি আমরা যেন নজর দিই। সজাগ থাকি। এই বলে, স্যার ধন্যবাদ দিয়ে, বিলকে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, যে সমস্ত মাননীয় সদস্যরা এই বিলকে সমর্থন করলেন, তাদের ধন্যবাদ জানাই। আমাদের সরকার স্যার কমিটেড, দার্জিলিঙে শান্তি রক্ষার জন্যে। এবং সেখানকার মানুষ আমাদের এই যে প্রয়াস, এই প্রয়াসকে সমর্থন করছে। আমরা জানি স্যার, যে আগে, মা-মাটি মানুষের সরকার আসার আগে, দার্জিলিঙে কি পরিস্থিতি ছিলা আর আজকে দার্জিলিঙের কি পরিস্থিতি। নিশ্চিতভাবে অনেকে ঘোলা জলে মাছ ধরতে যায় স্যার, সেই পরিস্থিতি নিশ্চয় চলছে। বিভিন্ন জায়গায় দেখা গিয়েছে, যখন মুখ্যমন্ত্রী দৌড়ে দৌড়ে গিয়ে কোন জায়গায় শান্তি প্রতিষ্ঠা করেন, সেই জায়গায় দাঁড়িয়ে থেকে, দার্জিলিঙে বলা যে, দার্জিলিং পশ্চিমবঙ্গের অবিচ্ছেদ্য অংশ। এই ক্ষমতা, আমাদের মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের আগে, কেউ সেই সাহস দেখায় নি। সেখানে দাঁড়িয়ে দার্জিলিঙের মানুষদের, জঙ্গলমহলের মানুষদের, তাদের বিশ্বাস অর্জন করার মতন ক্ষমতা, একমাত্র আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দেখিয়েছেন। এবং নিশ্চিতভাবে অনেকের, যে কোন রাজনৈতিক দল তাদের একটা অভিপ্রয়াস থাকে, তাদের একটা ইচ্ছা থাকে, যে পুরোটাকে কন্ট্রোল করবো। কিন্তু মানুষ যেটা চায়, আল্টিমেটলি সেই কাজটাই রাজনৈতিক দলদের মাথা নিচু করে করতে হয়। দার্জিলিঙের মানুষ চাইছে শান্তি, দার্জিলিঙে শান্তি থাকবে। সরকারের প্রয়াস সব সময়ে থাকবে, দার্জিলিঙের মানুষের স্বার্থে যে যে কাজগুলো দরকার সেই কাজ করার। এই বিলটার সম্বন্ধে স্যার—এটা আগে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল ছিল, ঠিক তার পরিবর্তে, একই ক্লজের মধ্যে দিয়ে, গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশানের আমাদের যে চুক্তি হয়েছে, ট্রাইপার্টাইট, সেই অনুযায়ী, এখানকার যে ফান্ডগুলো, সেগুলো এই গোর্খা টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশানের থ্রু দিয়ে, সেই মিউনিসিপ্যালিটিগুলো পাবে। এই মিউনিসিপ্যালিটিতে বিভিন্ন কাজ, হাউজিং ফর পুওর, যদি আপনারা দেখেন স্যার, গত বছরও, দীর্ঘদিন ধরে যা পেত, তার থেকে অন্ততঃ ১০ গুণ বেশী আমরা দিয়েছি। এই দার্জিলিঙে জলের সমস্যা নিয়ে যে কথা বলছেন, এটা পি এইচ ই মিনিস্টার নিজে উদ্যোগ নিয়ে এই কাজটা যাতে খুব তাড়াতাড়ি সমস্যার সমাধান হয় সেটা করছে। এবং ওখানকার পাইপ লাইনের জন্য আলাদা করে আমরা প্রায় দু কোটি টাকা দার্জিলিং মিউনিসিপ্যালিটিকে দিয়েছি যাতে তারা পাইপ লাইনের কাজ তাড়াতাড়ি সমাধান করতে পারে।

সেটা সব কিছু নয়। আবারও দেবো আমরা বলেছি। কারণ যতটা লাগবে, মানুষের জন্য মানুষের কাজগুলি করার জন্য, আমাদের সবসময় প্রয়াস থাকবে। যেহেতু আমি মিউনিসিপ্যাল অ্যাফেয়ার্স মিনিস্টার, তাই আমি মিউনিসিপ্যালিটি নিয়ে বলতে পারি যে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটির পাশে রাজ্য সরকার দাঁড়াচ্ছে। এছাড়াও দার্জিলিঙে সাধারণ মানুষ এত বেশি, এখন সেখানে পর্যটকও যাচ্ছে, বহুদিন বাদে ২০১১ সাল থেকে পর্যটক এভাবে দার্জিলিঙে যাচ্ছে। এর আগে দার্জিলিঙের মানুষ কোনোদিন দেখেন নি। তাই দার্জিলিঙের মানুষ চাইছেন শান্তি। দার্জিলিঙের মানুষ চাইছেন একসাথে থাকবেন—নিশ্চিতভাবে। তিনজন মেম্বার এখানে নেই, অপূর্ববাবু বললেন। ঠিকই। কারো কারো যদি কিছু পলিটিক্যাল স্ট্যান্ড থাকে, পলিটিক্যাল কমপালসান থাকে, দলের একটা নীতি থাকে, সেই অনুযায়ী কেউ নিজের স্ট্যান্ড নিতে পারেন। কিন্তু তারজন্য, এই তিনজন মেম্বার নেই বলে আমাদের যে গ্রাফটা উঠেছে, আজকে যেভাবে পর্যটক যাচ্ছে দার্জিলিঙে, যেভাবে ওনার পাড়ার লোকেরা দার্জিলিং যাচ্ছেন সেটা কি কিছু কমেছে — সেটা কমে নি। তার মানে দার্জিলিঙের মানুষের সঙ্গে বাংলার মানুষ একসাথে মিলেমিশে একাকার হয়েছেন। সেটা সম্ভব হয়েছে শুধু মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রয়াসের জন্য। সেই প্রয়াস আমাদের জারি থাকবে, আমাদের সরকার কমিটেড থাকবে, দার্জিলিঙের মানুষের পাশে দাঁড়িয়ে সব সুযোগ সুবিধা আমরা সেখানে পৌঁছে দেবো, মিউনিসিপ্যালিটিগুলোকে ঠিক করবো। যা যা দরকার সেখানে সেই কাজগুলো নিশ্চিতভাবে হবে এবং যে চুক্তি আমরা করেছি সেটাকে সম্মান দেওয়া সরকারের কাজ। নিশ্চিতভাবে আমরা সেই কাজটা করবো এবং আপনাদের আবার আশ্বস্ত করছি যে আমরা সরকারের মাধ্যমে দার্জিলিঙের মানুষের পাশে আছি, থাকবো এবং দার্জিলিঙ আমাদের বাংলার অবিচ্ছেদ্য অংশ থাকবে। সেইজন্য মিউনিসিপ্যালিটিগুলোকে স্ট্রেংদেন করার জন্য, এই মিউনিসিপ্যালিটিগুলোর নিজেদের অধিকার পাওয়ার জন্য এবং যা সুযোগ সুবিধা সেগুলো পৌঁছে দেওয়ার জন্য এই অ্যামেন্ডমেন্ট এনেছি। এইটুকু বলছি স্যার।

Mr. Speaker : Now the question before the House is the motion of Shri Firhad Hakim that the West Bengal Municipal (Amendment) Bill, 2013, be taken into consideration. As many as are of that opinion, will please say "Aye." As many as are of the contrary opinion, will please say "Noe."

(Voices: Ayes)

Ayes havt it, Ayes have it.

Clauses 2 to 6

Mr. Speaker : There is no amendment to clauses 2 to 6. The question before the House is that Clauses 2 to 6 do stand part of the Bill . As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices: Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices: Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Shri Firhad Hakim : Sir, I beg to move that the West Bengal Municipal (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that Bill, as settled in the Assembly, be passed/ As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices: Ayes, ayes)

Ayes have it, ayes have it.

The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2013

Shri Firhad Hakim : Sir, I beg to introduce the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2013.

...[Secretary then read the Title of the Bill]

Shri Firhad Hakim : Sir, I beg to move the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2013, be taken into consideration.

[2.00–2.10 p.m.]

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে দ্য ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ যেটা আনা হয়েছে—বিরোধীরা বলবেন হয়তো বিরোধী বলে বিরোধিতা করছি, কিন্তু বিরোধী বলে বিরোধিতা

করা নয়, যে বিলটা এখানে আনা হয়েছে সেটা সমর্থন করে তারমধ্যে কিছু কথা আমি এখানে বলছি। এই সংশোধনীর কোন প্রয়োজন ছিল না। এর ফলে রাজ্য সরকারকে অতিরিক্ত আর্থিক দায় নিতে হবে। কারণ চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যানের গাড়ী, তার অফিস, তার পিওন এবং তার একজন সহকারী প্রয়োজন। এরজন্য অতিরিক্ত আর্থিক দায়ভার সরকারের উপরে এসে পড়বে। এমনিতেই রাজ্য সরকারের মাথার উপরে একটা আর্থিক বোঝা আছে, যে আর্থিক বোঝার মধ্যে দিয়ে আজকে পশ্চিমবাংলায় অর্থনৈতিক সঙ্কট। এই বোঝা নীচতলায় গিয়ে কোন জায়গায় পৌঁছবে সেটাই একটা চিন্তার বিষয় থেকে যায়। রাজনৈতিক কারণেই এই পদ সৃষ্টি। বামফ্রন্ট সরকারের সময় একমাত্র কে.এম.ডি.এ-র ক্ষেত্রেই ভাইস চেয়ারম্যান পদ ছিল। সেখানে একজনের পক্ষে কাজ করার সমস্যা থাকে, যার জন্য এই পদের প্রয়োজন হয়। কিন্তু এইক্ষেত্রে দেখা যাচ্ছে, এটা না করলেও হত। অন্য জায়গায় এই ভাইস-চেয়ারম্যানের পদ ছিল না, অর্থনৈতিক দিক থেকে এটাকে বাতিল করা হয়েছিল। কে.এম.ডি.এ-র ক্ষেত্রে আইন সংশোধন করে তা বাদ দিয়ে দেওয়া হয়। কিন্তু নিজেদের পছন্দমত রাজনৈতিক নেতৃত্বকে বাদ দিতে এই সংশোধন বিল আনা হয়েছে। সরকারে আসার আগে কিছু কিছু জায়গায় প্রতিশ্রুতি দেওয়া হয়, এটা করে দেব, সেটা করে দেব। এই প্রবণতার মধ্যে দিয়েই দলের লোকেদের কিছু পাইয়ে দেবার জন্যই এই বিলটি আজকে আনা হয়েছে। তাই এই বিল সমর্থন করা এবং না করা একই কথা বলে আমি মনে করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ সারথি চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, 'দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কাউন্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভালপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩' যেটা এই হাউসে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী মহোদয় পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, প্রথমেই বলি এই বিলটির অ্যামেন্ডমেন্ট খুবই ছোট, কিন্তু এর গুরুত্ব অনেকখানি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের উদ্দেশ্য কি। এই বিলের উদ্দেশ্য প্ল্যানিং অথরিটি বা ডেভালপমেন্ট অথরিটি, তারা যাতে এফিসিয়েন্টলি এবং এফেক্টিভলি কাজ করতে পারে বা ফাংশান করতে পারে। এই প্ল্যানিং এবং ডেভালপমেন্ট অথরিটি নতুন টাউনশিপ কড়ার ক্ষেত্রে সার্বিকভাবে যে ভূমিকা পালন করে তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকার যে মুহূর্তে নোটিফিকেশান করে কোন প্রোজেক্ট এরিয়ার বা প্ল্যানিং এরিয়ার জন্য, তখন প্লানিং বা ডেভালপমেন্ট অথরিটি একটা তৈরী করে দেওয়া হয়। এই অথরিটির কাজটা হল ঐ প্ল্যানিং এরিয়া বা প্রোজেক্ট এরিয়াতে কি ধরনের রাস্তা হবে, রাস্তার সাইজ কি হবে, রাস্তা কতটা চওড়া হবে ইত্যাদি। সেখানে সুয়্যেরেজের ব্যবস্থাটা কি ধরণের হবে, সুয়্যেরেজ সিস্টেমটা কি ধরণের হবে, পানীয় জলের ব্যবস্থা কি ধরণের, পানীয় জল কোথা থেকে তার সোর্স এবং এন্টার যে প্রোজেক্ট এরিয়াটা, সেই প্রোজেক্ট এরিয়াটার মধ্যে পানীয় জল কভার করবে কিনা। এই সার্বিক যে প্ল্যানিং, সেই প্ল্যানিংটা তারা করবে এবং তার প্রেক্ষিতে ঐ এলাকা বা প্ল্যানিং এরিয়া বা প্রোজেক্ট এরিয়াটার ডেভেলপমেন্ট হবে। কিন্তু স্যার, আমাদের অতীতের অভিজ্ঞতা, এক্ষুনি এদিক থেকে চিৎকার করতে শুরু করবে ৩৪ বছরের কথাটা বললেই। ৩৪ বছর বলছি না। বাম জামানাতে, বাম জামানাতে আমরা দেখেছি যে এই ধরণের প্ল্যানিং বা ডেভেলপমেন্ট অথরিটির মাধ্যমে যে কাজগুলো করা হয়েছিল সেখানে প্ল্যানিংটা করা হয় নি। যার ফলে নগর উন্নয়নের নামে স্যাটেলাইট টাউনগুলোকে এক একটা জন্তুগৃহতে তারা পরিণত করেছেন। আমাদের

মা-মাটি-মানুষের সরকার, মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী, তার উপলব্ধি এবং তাঁর উপলব্ধির মধ্যে দিয়ে আমাদের এই রাজ্যে নতুন করে আর আমরা এই রকম জতুগৃহ টাউনশিপ আমরা আর গড়তে চাই না এবং সেই উদ্দেশ্য নিয়েই এই West Bengal Town & Country (Planning & Development) Bill টা অ্যামেন্ডমেন্ট করার প্রস্তাব এসেছে। মাননীয় স্পীকার স্যার, এই বিলের উপস্থাপনার উদ্দেশ্য হচ্ছে প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটিকে আরও গতিশীল করা। আমাদের পূর্ববর্তী বক্তা মাননীয়া বিধায়িকা বলছিলেন যে এতে সরকারের খরচা বৃদ্ধি পাবে। কিন্তু, স্যার, Section 11 sub-section (3)তে বলা আছে যে এই বিলে যখন সরকার প্ল্যানিং অথরিটি গঠন করে দেবেন, সেটা ১৩ জনের উর্দ্ধে এবং ৭ জনের ভেতরে থাকতে হবে এবং সেইক্ষেত্রে যে সংশোধনীটা আনা হয়েছে তাতে Section 11 sub-section (3) তে চেয়ারম্যান আছেন, তার সঙ্গে ভাইস চেয়ারম্যানকে যুক্ত করা হয়েছে এবং একইরকম ভাবে Section 12, sub-section (1) - এ চেয়ারম্যানের সঙ্গে ভাইস চেয়ারম্যানকে যুক্ত করা হয়েছে এবং sub-section 2 of section 12 সেখানে বলা হয়েছে চেয়ারম্যান অর ভাইস চেয়ারম্যান। অর্থাৎ ইন অ্যাবসেন্স অফ চেয়ারম্যান যাতে ভাইস চেয়ারম্যান অ্যাক্ট করতে পারেন। কিন্তু কোন অবস্থাতেই, ঐ ৭ জন বা ১৩ জনের মধ্যেই কিন্তু রাখা হচ্ছে, among the thirteen or among the seven যে অথরিটিই ফরমেশান হোক না কেন তার মধ্যেই ভাইস চেয়ারম্যান থাকবেন। নতুন করে বাইরে থেকে কাউকে ভাইস চেয়ারম্যান নেওয়া হবে না। স্যার, আমি আপনার মাধ্যমে যে কথাটা বলতে চাইছি, যে এই রাজ্যে, আমাদের এই রাজ্যে অনেকগুলো এ রকম প্ল্যানিং অ্যান্ড ডেবেলপমেন্ট অথরিটি আছে। যেমন—কে.এম.ডি.এ., দুর্গাপুর ডেভেলপমেন্ট অথরিটি, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি এরকম অনেক ডেভেলপমেন্ট অথরিটি আছে। তো এই অথরিটিগুলো, সাধারণভাবে এদের কাজ ল্যান্ড ইউজ ম্যাপ তৈরী করা অর্থাৎ ঐ এরিয়াতে যে ল্যান্ডগুলো আছে সেই ল্যান্ডগুলো প্রপারলি কিভাবে ইউজ করা যায় সেগুলোকে তৈরী করে দেওয়া এবং তারপর ডেভেলপমেন্ট করা। আমাদের এই রাজ্যে কে.এম.ডে.এ. তেই একমাত্র ভাইস চেয়ারম্যান পদ আছে। কিন্তু আমাদের এই সরকার, অ্যামেন্ডমেন্ট করে বলতে চাইছেন যে অন্যান্য যে ডেভেলপমেন্ট অথরিটিগুলো আছে সেই অথরিটিগুলোতেও যাতে এই ভাইস চেয়ারম্যান পদ সৃষ্টি করা যায় সেই উদ্দেশ্য নিয়েই এই অ্যামেন্ডমেন্টটা আনা হয়েছে এবং এই অ্যামেন্ডমেন্টটা আনার আরও উদ্দেশ্য, আরও উদ্দেশ্য এটাই যে শুধু এই অথরিটিগুলোর ডেভেলপমেন্ট গতি আনা নয়। সার্বিকভাবে আমাদের এই রাজ্যে সমস্ত দপ্তরে যাতে গতি আসে, কারণ আমাদের এই রাজ্যে Work culture টাই স্যার নষ্ট করে দিয়েছে বিগত ৩৪ বছর ধরে। তাই নতুন করে Work culture ফিরিয়ে আনতে হবে এবং সেই উদ্দেশ্য নিয়েই এই বিধানসভাতেই right to Punlic Service Bill আসতে যাচ্ছে, কারণ ওয়ার্ক কালচারের জন্য ওরা বলেছিলেন, (নয়েজ) আমরা শুনছিলাম, অনেক দপ্তরে কিছু কিছু অর্থ নাকি খরচ করা সম্ভব হয় নি। খরচ করা সম্ভব হয় নি ওই কারণেই ওয়ার্ক কালচারটা নষ্ট হয়ে যাচ্ছে, খরচ করতে পারি নি। তাই ওয়ার্ক কালচার ফিরে আসলে আগামী বাজেটে দেখব, যে সমস্ত ...

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[2.10–2.20 p.m.]

শ্রী অসিত কুমার মাল : স্যার, The West Bengal Town and Country (Planning & Development) Amendment) Bill, 2013 এই বিলটা পেশ হয়েছে, এই বিলটা সমর্থন করে দুই-একটি কথা বলতে চাই। স্যার, আপনি দেখেছেন এই বিলটাতে Objects and Reasons যেটা বলেছে, খুব shortly বলেছে "The Bill seeks to amend the West Bengal Town and Country (Planning & Development) Act, 1979, for efficient and effective functioning of the Planning Authorities or the Development Authorities constituted under the said Act." খুব ছোট্ট কথা বলেছেন। কিন্তু আমি যেটা বলতে চাই, তার কনসেপ্টটা ছিল আপনি জানেন যে, "The concept of development planning was a part or urban governance in this State. Organised planning in this State started with enactment of the West Bengal Town & Country (Planning & Development) Act, 1979. Under the provisions of the said Act different Development and Planning Authorities were constituted, and the said Development and Planning Authorities took important part in the work of Planning and Development of the Urban as well as rural areas under their respective limite by assisting the local Bodies in this areas." এখানে একটা কথা বলা হয়েছে স্যার, তারপরে আপনি দেখবেন "Urban Local Bodies have become the primary units for preparation of Draft Development Plans, which are to be integrated by the district Development Committees, constituted under the West Bengal District Planning Committee Act, 1994" স্যার, দুটো জিনিস খুব পরিষ্কার তারপর এসেছে — "The concept of constitution of District Planning Committee and the Metropolitan Planning Committee has been introduced by the Constitution (74th Amendment) Act, 1992. In this State the statutory provisions for constitution and functioning of the district Planning Committee and the Metropolitan Planning Committee have been made in the West Bengal District Planning Committee Act, 1994 and the Metropolitan Planning Committee Act, 1995. District Planning Committees have been constituted in all the district and the only Metropolitan Planning Committee in this State for Kolkata Metropolitan Area has been constituted, which is the first of its kind in the country." স্যার, এখানে একটা কথা পরিষ্কার ভাবে বলতে চাই, এর আগে যখন ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যেগুলো আছে, সেগুলো যদি একটু নজর দেওয়া যায়। কারণ আমরা জেলায় আছি দীর্ঘদিন ধরে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির কথা শুনেছি কিন্তু বিগত সরকারের

আমলে বটেই এ নিয়ে কোন দ্বিধা নেই, কোথায় তার প্ল্যানিং, আর কোথায় তার কমিটি, এর অস্তিত্ব কোথায় আছে আমার জানা নেই। খুব দায়িত্ব নিয়েই বলছি, তাই যদি ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলো যদি ঠিক না থাকে, মেট্রোপলিটন কমিটি যেটা আছে, প্ল্যানিং কমিটি সেটা যদি সঠিক না হয় এবং তার যদি সক্রিয় ভূমিকা না থাকে, তাহলে একটা সমস্যায় পড়বে। শুধু চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান তাকে ক্ষমতা নেওয়া এবং না দেওয়া শুধু এটা করলেন এর গুরুত্ব আরোপ করবে না। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই, জেলায় জেলায় যে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলো আছে, সেগুলোকে চরমভাবে সক্রিয় করা ভীষণ প্রয়োজন এবং মেট্রোপলিটন কমিটি যেটা প্ল্যানিং যেটা অ্যামেন্ড করা হয়েছিল, সেটারও গুরুত্ব দেওয়া। তা যদি আমরা গুরুত্ব না দিতে পারি, তাহলে এই সুযোগ সুবিধা দিলে যে উদ্দেশ্য সরকারের, সেই উদ্দেশ্য সফল হবে না। তাই এই দুটো কথা বিলকে আরো একবার সমর্থন জানিয়ে আমার কথা শেষ করছি, ধন্যবাদ স্যার।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি মাননীয় সদস্য যারা এই বিলটাকে সমর্থন করলেন এবং পুরো হাউসের সদস্যদের ধন্যবাদ জানাই। স্যার, আজকাল আমাদের যে ডেভেলপমেন্ট অথরিটি ৯টা আছে, আর একটা আমরা সাগর, বকখালি ডেভেলপমেন্ট অথরিটি আর একটা করছি। এই ডেভেলপমেন্ট অথরিটিগুলো এখন যেহেতু আরবানাইজেশানটা আস্তে আস্তে বেড়ে চলেছে, মানুষ সুষ্ঠভাবে থাকতে চাইছে এবং সেই বেস করে সেই infrastructureটাকে তাড়াতাড়ি বিভিন্ন প্রোজেক্ট এখানে আসছে, Central Government-এর প্রোজেক্ট আছে, আমাদের State Government project আছে — সব প্রোজেক্ট নিয়ে কাজগুলো তাড়াতাড়ি করতে হবে। development authority area গুলো আজকাল আস্তে আস্তে অনেক বেড়ে গেছে। রিসেন্টই আপনারা জানেন যে Haldia Development Authority-র এলাকা অনেক বেড়েছে, KMDA এলাকা বেড়ে গিয়েছে। আস্তে আস্তে বেড়ে যাচ্ছে। তাই কাজগুলো খুব তাড়াতাড়ি করতে হবে এবং দ্রুত গতিতে কাজগুলো করতে হবে মানুষের সুবিধার জন্য। যেহেতু development authority -তে চেয়ারম্যান নিজে এই কাজগুলো করেন, কাজের পরিমাণ, ভল্যুম, আমি আবার দুঃখের সঙ্গে জানাই যে ৩৪ বছরে কাজের যে ভল্যুম ছিল সেই ভল্যুম এখন অনেক বেশী বেড়েছে। অনেক বেশী এফেক্টিভ হচ্ছে, অনেক বেশী তাড়াতাড়ি কাজগুলো করতে হচ্ছে। তাই সেই কাজগুলো যাতে সম্পূর্ণ চেয়ারম্যান দায়িত্বে, তার ঘাড়ে এতো কাজ না দিয়ে, কিছুটা দায়িত্ব বন্টন করে দেবার জন্য আমরা স্যার ভাইস চেয়ারম্যানের জন্য এই পোস্টটা করেছি। Vice Chariman থাকলে workload কিছুটা ভাগাভাগি করে নিয়ে, এক-এক দিকে এক-একজন যদি দেখে তাহলে কাজগুলোর প্রতি নজর থাকবে, কাজগুলো তাড়াতাড়ি হবে। আমার পাশেই স্যার কে.এম.ডি.এ-র ভাইস চেয়ারম্যান বসে আছেন, কে.এম.ডি.এ-এ তে আমি চেয়ারম্যান, উনি ভাইস চেয়ারম্যান, বহু দিন থেকে রয়েছি। ভাইস চেয়ারম্যান হওয়া মানেই যে তার একটা খরচ বাড়া, তার জন্য আলাদা গাড়ি রাখা, তার জন্য আলাদা করে আরদালি রাখা তা নয়। আমাদের দুজনের জন্য কে.এম.ডি.এ.-র, চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যানের জন্য খরচ হয় না। আমাদের নিজেদের পারসোনাল স্টাফ নেই। আমাদের কোনো গাড়ি নেই, আমাদের জন্য অন্য কোন ব্যবস্থা নেই, শুধু অফিস রুম আছে। এ ছাড়া extra কিছু কে.এম.ডি.এ.-কে তার জন্য বহন করতে হয়

না। আমার আশা যে অথরিটিগুলো রয়েছে, এই আমার সামনে বসে আছেন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের চেয়ারম্যান, তারও তার জন্য নতুন করে কোন খরচা Howrah Improvement Trust-এর নেই। আমাদের Burdwan Development Authority চেয়ারম্যান পাশে বসে আছেন স্যার, তাঁর জন্য কোন খরচা নেই। সুতরাং লোকে এই যে পাইয়ে দেওয়া, মানুষের খরচা বাড়ানো, একটু আগে মমতা রায় মহাশয়া যেটা বললেন, সেটা কিন্তু সঠিক নয়। আমরা বেশীর ভাগই যারা এই অথরিটিগুলো চালাই তাদের নিজেদের কোন খরচা সেই অথরিটি থেকে নিই না। মানুষের জন্য, মানুষের সাহায্যের জন্যই তারা এই কাজগুলো করে এবং সেই ভাবেই এই অথরিটিগুলো চলছে। আমি জানি না যে বামফ্রন্ট আমলে, আপনাদের আমল যখন ছিল তখন সেখান থেকে কোন টাকা পয়সা নেওয়া হতো কিনা, গাড়ি নেওয়া হতো কিনা, আর্দালি নেওয়া হতো কিনা। কি কি আর ব্যবস্থা ছিল আমি জানি না। কিন্তু এখন আমরা এসে যা দেখছি, আজকের যে কালচার তাতে কিছু নিয়ে নয়, পরিশ্রম দিয়ে মানুষের কাজ করতে হবে। মানুষের সাহায্য নিয়ে মানুষের কাজ করতে হবে, ডেভেলপমেন্ট করতে হবে। এই প্রয়াসেই আমরা ভাইস চেয়ারম্যানদের পদ সৃষ্টি করছি। আমরা দেখেছি যে কে.এম.ডি.এ.-তে কাজ করতে গেলে চেয়ারম্যান ভাইস চেয়্যারম্যান দুজনেই খুব সুষ্ঠভাবে আমরা কাজটা করতে পারি, ভাগাভাগি করে করতে পারি, সেই ভাবেই আমরা আশা করছি অন্যান্য ডেভেলপমেন্ট অথরিটিগুলো থাকবে স্যার। সেখানে ভাইস চেয়ারম্যান চেয়ারম্যানকে অ্যাসিস্ট করবে। চেয়ারম্যান অন্য কাজে বেরিয়ে গেলে সেই জায়গায় কাজ করতে পারবেন এবং সুষ্ঠুভাবে আরো তাড়াতাড়ি আমাদের এই ডেভেলপমেন্ট প্রোজেক্টগুলো আছে সেই প্রোজেক্টগুলো খুব তাড়াতাড়ি স্পীড আপ হয় সেই প্রোজেক্টগুলো যাতে তাড়াতাড়ি মানুষের স্বার্থে শেষ করতে পারি তাই এই প্রয়াসকে আমরা নিয়েছি। স্যার, নিশ্চিতভাবে উনি যেটা বললেন সেটাই, কিন্তু আমাদের সরকারের মূল দৃষ্টিটা হলো মারামারি নয়, ছোট দেখানো নয়, হানাহানি নয়, মানুষের জন্য কাজ করো। যে কাজ মা-মাটি-মানুষের সরকার শুরু করেছে বাংলাকে নতুন ভাবে তৈরী করার, পিছিয়ে পড়া বাংলা, ৩৪ বছরের অবহেলিত বাংলা, ৩৪ বছরে পিছিয়ে গেছে যে বাংলা সেই বাংলাকে এগিয়ে নিয়ে আসতে হবে। ম্যাজিক নেই, আমাদের প্রয়াস আছে, আমাদের সততা আছে। আমরা সবাই মিলে আসুন সেই বাংলাকে আবার তুলে ধরি জগৎ সভায়। সেই জন্য ডেভেলপমেন্ট অথরিটিগুলো কিন্তু খুব ইম্পটেন্ট রোল প্লে করছে। শ্রী অসিত মাল বললেন ডিস্টিক্ট প্ল্যানিং, সেটা পঞ্চায়েত মিনিস্টারের আন্ডারে, সেটা আমার আন্ডারে নয়। কিন্তু আমাদের যে ডেভেলপমেন্ট অথরিটি আরবান মিনিস্টরের আন্ডারে, সেটা অত্যন্ত সুষ্ঠভাবে চলছে। আমরা সবাই মিলে বিভিন্ন প্ল্যান — দুর্গাপুর থেকে আরম্ভ করে, আসানসোল থেকে আরম্ভ করে, বর্ধমান থেকে আরম্ভ করে খুব তাড়াতাড়ি প্রজেক্টগুলোর কাজ নিয়েছি। নিশ্চিতভাবে সময়ের আগেই এই সব প্রজেক্টের কাজ শেষ করব বলে আমরা অঙ্গীকারবদ্ধ। (ভয়েস: হলদিয়ার কি অবস্থা?) হলদিয়ায় অত্যন্ত ভালভাবে কাজ করছে। অত্যন্ত দ্রুততার সঙ্গে কাজ করছে হলদিয়ার ডেভেলপমেন্ট অথরিটি। আপনি গেলেই দেখতে পাবেন, ওই ব্রীজ আর হলদিয়া যাবার পথে কোলাঘাট থেকে যখন ডানদিকে যাবেন, দেখবেন কাজটা কি তাড়াতাড়ি হয়েছে। সেটা গেলেই বোঝা যাবে। (ভয়েস: শিলিগুড়ির কি অবস্থা?) শিলিগুড়িতেও খুব ভালভাবে কাজ হয়েছে, খুব ভাল কাজ চলছে। বিভিন্ন জায়গায় কাজ চলছে। আমরা চাইছি, সবাই মিলে বাংলাকে আবার সেই ৩৪ বছরের গ্লানি থেকে তুলে ধরে জগৎ মাঝারে শ্রেষ্ঠ করি।

[12.20–12.30 p.m.]

Mr. Speaker : The question before the House is that the West Bengal Town and Country (Planning & Development) (Amendment) Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 2 and 3

Mr. Speaker : There is no amendment to clauses 2 and 3. The question before the House that Clauses 2-3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye", as many as are of t he contrary opinion will please say 'No'.

Ayes have it, Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and Title

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, Enacting Formula, Preamble and Title do stand part of the Bill.

As many as are of the opinion please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Ayes have it, Ayes have it.

Now I call upon the Hon'ble Minister-in-Charge of Urban Developoment Department to move the motion for passing the Bill

Shri Firhad Hakim : Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning & Development) (Amendment) Bill, 2013, as settled in the Assembly be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

As many as are of the opinion please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Ayes have it, Ayes have it.

The West Bengal Town and Country (Planning & Development) (Amendment) Bill, 2013, as settled in the Assembly, is passed.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী মহঃ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ৮ই মার্চ ২০১৩ তারিখে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন কনস্টিটিউশানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে এই বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, আমি আমার বক্তব্যে আমার কিছু রিজার্ভেশন রেখে বক্তব্য পেশ করব। স্যার, কনস্টিটিউশান অনুসারে রাজ্যপাল বাধ্য থাকেন যেটা গভর্নমেন্ট লিখে দেন সেটা পড়ার জন্য। কিন্তু আমরা সেদিন দেখলাম, তিনি যে ভাবে পড়লেন যেন he was compelled to read এটা যেন মনে হল তাঁর চেহারা দেখে, তাঁর কথাবার্তা দেখে। কেবল একবারই আমরা দেখেছিলাম ১৯৬৯ সালে ধর্মবীর যখন রাজ্যপাল ছিলেন, তিনি তৎকালীন সরকারের লেখা একটা অনুচ্ছেদ পড়েন নি। সেটা নিয়ে অনেক হৈচৈ হয়েছিল। আরেকটা জিনিস স্যার, এই প্রথম পশ্চিমবাংলার অ্যাসেম্বলীর ইতিহাসে বাজেট সেশনে রাজ্যপালের ভাষণের পর সেই নিয়ে বিতর্ক না হয়ে এবার বাজেটটা পাশ হয়ে গেল। This is for the first time in the history of West Bengal Legislative Assembly. যা হোক স্যার, আপনি জানেন যে কোন সরকারের প্রধান কর্তব্য হচ্ছে দুটি। to establish rule of law and to make development in all aspects of life. কিন্তু আমরা এখানে কি দেখছি? এই রাজ্যপালের ভাষণে আমরা দেখছি যে বর্তমান পরিস্থিতি, রুল অ্যান্ড ল'-এর যে পরিস্থিতি, ল অ্যান্ড অর্ডার-এর যে পরিস্থিতি এবং ডেভেলপমেন্টের যে পরিস্থিতি সেটা ঠিক ভাবে যেন পরিস্ফুট হয় নি। স্যার, আপনি জানেন যে, বিগত এই সরকার হওয়ার আগে বামফ্রন্ট সরকারের চৌত্রিশ বছর রাজত্বে কি অবস্থা সৃষ্টি হয়েছিল। আইন-শৃঙ্খলার কত অবনতি হয়েছিল। আমি স্মরণ করে দিতে চাই হিদাইতুল্লা সাহেবকে যে, ১৯৭৪ সালে ১৭ই মার্চ তার জেলায় যে হত্যাকান্ড হয়েছিল সেটা চিরকাল মানুষ স্মরণে রাখবে। সেই ওনারই জেলাতে সাঁই বাড়িতে যে পাশবিক হত্যাকান্ড হয়েছিল, ছেলের রক্ত মায়ের বুকে লেপে দিয়েছিল, সেই ইতিহাস আজকের পশ্চিমবাংলার মানুষ সকলেই জানে এবং এর পরেও পশ্চিমবাংলার যে ৫৫ হাজার মানুষ খুন হয়েছে, মানুষ খুন হয়েছে সে সিপিএম হ'তে পারে, কংগ্রেস হ'তে পারে, তৃণমূল হ'তে পারে, মাওবাদী হ'তে পারে কিন্তু, it is a fact, যে ৫৫ হাজার মানুষ চৌত্রিশ বছরের রাজত্বে খুন হয়েছে। So far as Murshidabad is concerned, আমরা তালিকা মুর্শিদাবাদ জেলার কবে, কোথায়, কার দ্বারা খুন হয়েছিল তা দিয়ে দিয়েছিলাম। আজকে সেটা আপনাদের স্ট্যাটিস্টিকস্ অনুসারে এটা বলা যেতে পারে। যাই হোক, সেই অবস্থা থেকে মানুষ বাঁচতে চেয়েছিল। যে অত্যাচার, অনাচার স্তব্ধ উন্নয়ন এখান থেকে মানুষকে বাঁচতে হবে। সেই জন্যই পরিবর্তনের একটা হাওয়া উঠেছিল পশ্চিমবাংলায় এবং সেই পরিবর্তন করার জন্য মমতা ব্যানার্জীর নেতৃত্বে তৃণমূলের সঙ্গে আমরা জোট বেঁধে মানুষের প্রত্যাশা পুরণের জন্য আজকের পরিবর্তন আনা হয়েছে। কিন্তু, আজকে আমরা কি দেখেছি পরিবর্তনের মধ্যে? এটা অত্যন্ত দুঃখের। সেই পরিবর্তন যে পরিবর্তন মানুষ, প্রত্যাশা করেছিল সেই প্রত্যাশা কি পুরণ হচ্ছে? আইন-শৃঙ্খলার এখন কি অবস্থা হচ্ছে? ওদের সময় ছিল মজিদ মাস্টার, হাত-কাটা দিলীপ আর আজকের সব আরাবুল আর মুন্না। সুতরাং এক জোড়ার পরিবর্তে আর এক জোড়া, এই তো বর্তমান পরিস্থিতি আমরা দেখতে পাচ্ছি। সুতরাং আজকে তাই আমি আমার আপনার ধর্ষণের অবস্থা — জ্যোতিবাবু বলেছিলেন যে, এ রকম ঘটনা অনেক ঘটে, আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম, মাননীয়া মুখ্যমন্ত্রীও বললেন, পার্কস্ট্রিটের ঘটনা এটা সাজানো, আপনি জানেন। আপনার কাছে একটা

স্ট্যাটিস্টিকস্ দিচ্ছি যে, ধর্ষণের অবস্থাটা কি হয়েছে? আমি আপনার সামনে একটি মাত্র স্যাটিস্টিকস্ তুলি ধরছি। আমি কেবল ১০,১১,১২ এই তিনটি — শুধু দিল্লীতে নয়, সর্বত্র গোটা ভারতবর্ষেই হচ্ছে you cannot deny it, পশ্চিমবাংলায় এটা বাড়ছে। ২০১০ সালে Rape under Section 376, ৩২ ছিল, মোলেস্টেশন ছিল ২২৭। ২০১১ সালে রেপ ৪৬, মোলেস্টেশন ২৫৪। ২০১২ সালে রেপ ১২১, মোলেস্টেশন ৪৯১, বেড়ে যাচ্ছে। আজকে বেড়ে যাচ্ছে। সুতরাং, সেই জন্য আজকে মানুষ হতাশ। মানুষ আজকে যে পরিবর্তনের আবহাওয়া নিয়ে যেটা করতে চেয়েছিলেন সেটাতে আজকে মানুষ হতাশ হচ্ছে বর্তমানে এই সরকারে। এই ভাষণে আমরা সেই চিত্রটা পরিস্ফুট ভাবে দেখাতে পারছি না। স্যার, আমি এবার ভাষণের ব্যাপারে শিক্ষা-ব্যবস্থা সম্বন্ধে কিছু কথা বলি। চিরকাল শিক্ষা জগতের সঙ্গে জড়িত, শিক্ষকতা করেছি। সুতরাং এখন শিক্ষার অবস্থাটা কি? আবার সেই একই কথা বলেছি যে, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষা ব্যবস্থাটিকে তছনছ করে দিয়েছিল। মাধ্যমিক থেকে আরম্ভ করে প্রাথমিক, ইউনিভার্সিটি পর্যন্ত সমস্ত ক্ষেত্রে দলবাজি করেছিল।

[2.30–2.40 p.m.]

একবার ইংরাজী পরীক্ষা উঠিয়ে দিয়ে, প্রাথমিক থেকে ইংরাজী উঠিয়ে দিয়ে, ইউনিভার্সিটি থেকে আরম্ভ করে, ইউনিভার্সিটিতে, নাম করছি না, সেই উপাচার্যকে ঘেরাও করে, তাঁকে কাজ থেকে নিবৃত্ত করে কী অবস্থা সৃষ্টি করেছিল! এখনও তো সেই অবস্থাই দেখছি। যাদবপুরের উপাচার্য সম্পর্কে বলা হচ্ছে "তিনি অযোগ্য"। আজকে কলেজ নির্বাচন, ইউনিভার্সিটির ছাত্রসংসদ নির্বাচন বন্ধ। আজকে মাননীয় শিক্ষামন্ত্রী কোশ্চেন আওয়ারে বললেন যে, এতগুলো স্কুল দক্ষিণ ২৪ পরগণায় উন্নীত হয়েছে। তিনজন করে শিক্ষক গ্রান্ট হয়েছে, পদ সৃষ্টি হয়েছে। কিন্তু দু'বছর থেকে হাজার হাজার শিক্ষকের পদ খালি আছে। প্রাথমিকে ৪৯ হাজার, মাধ্যমিকে ৫০ হাজার। এই পদগুলো কখনও পূরণ হবে? এটা কী ইচ্ছাকৃত ভাবে করা হচ্ছে? যাতে টাকা বাঁচে সেই জন্যে? আজকে কলেজের অবস্থা কী? আজকে প্রফেসর নেই। প্রিন্সিপ্যাল নেই। সমস্ত কলেজ ব্যবস্থাটা চলছে আংশিক সময়ের শিক্ষক দিয়ে, আংশিক প্রফেসর দিয়ে। পশ্চিমবাংলায় প্রায় ২৪টা কলেজ আছে বোধ হয় যেখানে কোন হোল টাইমার নেই। সমস্ত কলেজ দেখবেন আংশিক শিক্ষক দিয়ে চলছে। আমি একটা কলেজের governing body-র President আছি। সেখানে একজনও হোলটাইমার নেই প্রিন্সিপ্যাল থেকে আরম্ভ করে। অথচ সেই আংশিক সময়ের শিক্ষকদের এই সরকার, মাননীয় শিক্ষামন্ত্রী বলছেন "তাঁরা টিচার-ই নয়"। তারা ইউনিভার্সিটির papers-setters, examiners, তাঁরা পড়ান, তাঁরা সব কিছু করেন কিন্তু they are not considered teachers. একটা অসম্ভব ব্যাপার চলছে। আমি সেজন্য বলছি, আজকে গোটা শিক্ষা ব্যবস্থার মধ্যে, যে কয়েকটা কথা বললাম, ধর্ষণ থেকে আরম্ভ করে সমস্ত ক্রাইম চলছে, এগুলো আইন করে বন্ধ করা যাবে না যতক্ষণ পর্যন্ত না শিক্ষা ব্যবস্থার মধ্যে একটা পরিবর্তন আনা যাচ্ছে।

আমরা স্বামী বিবেকানন্দের সার্ধশতবর্ষ জন্ম উৎসব পালন করছি, খুব ভালো ভাবে, জাঁকজমক করে পালন করছি। কিন্তু তিনি শিক্ষা সম্বন্ধে যে কথা গুলো বলেছেন তা কী মানছি? তিনি বলেছিলেন পরিবর্তন যদি করতে হয়, শিক্ষা ব্যবস্থাকে যদি সাকসেসফুল করতে হয় তাহলে man-making education দরকার, character-building education দরকার,

value based education দরকার। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, এমন ভাবে সিলেবাস, কারিকুলাম তৈরী করতে হবে যাতে অন্ততপক্ষে কিছুটা হলেও আমরা সেই জিনিস করতে পারি among the students। সর্বত্রই আজকে অরাজকতা। শিক্ষকদের স্কুলের মধ্যে ভালো নজীর থাকবে কিন্তু দেখা যাচ্ছে শিক্ষকরা স্কুলের মধ্যে বসে মদ খাচ্ছে। Can you imagine? শিক্ষকেরা স্কুলের মধ্যে বসে মদ খাবে। শিক্ষকরা তাঁর ছাত্রীদের ওপরে ধর্ষণ করবে? এগুলো কেন? কোঠারী কমিশনের প্রথম কথাই ছিল "destiny of India is being shaped in her class-rooms." Class room-র মধ্যেটা যদি আমরা ঠিক না করতে পারি তাহলে আইন করে, অমুক করে, তমুক করে আমরা কিছু করতে পারবো না। কারণ education is the main instrument for social transformation. সুতরাং, আজকে শিক্ষা ব্যবস্থা যে ভাবে যাচ্ছে তার পরিপ্রেক্ষিতে আপনাকে চিন্তা করতে হবে। এইটুকু আপনার কাছে আমি অনুরোধ করছি।

SSC পরীক্ষা। সেখানে কিছু নেই, question out হয়ে যাচ্ছে। Can you imagine? একটা হায়ার সেকেন্ডারী পরীক্ষা, রেকগনাইজড্ ইনস্টিটিউশন। Fresher's -র রাত্রে ছাত্রদের ব্যাপার নিয়েও মিনিস্টারকে হস্তক্ষেপ করতে হবে? Chief Minister-কে হস্তক্ষেপ করতে হবে যে 'তুমি দিয়ে দাও তাদের পার্মিশন'। মধ্যশিক্ষা পর্ষদ যখন ১৯৫২ সালে গঠিত হয় তখন ফাংশন কী ছিল, পার্পাস কী ছিল? To guide, supervise and control Secondary education. সেখানে যদি আজকে সব ক্ষেত্রে হস্তক্ষেপ করতে হয় — কখন পরীক্ষা হবে, কখনও একটা পরীক্ষা ঠিক ভাবে চলবে না চলবে — তাদের যে ফ্রীডম আছে সেটা কিন্তু ঠিক ভাবে রক্ষা করা যাচ্ছে না। সুতরাং এই জিনিসগুলি লক্ষ্য করতে হবে, এডুকেশানের উপর বেশি জোর দিতে হবে। আজকে সর্বশিক্ষা অভিযান, মাধ্যমিক শিক্ষা অভিযান, এগুলোর টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আসছে। সুতরাং সেগুলো কিভাবে ইউটিলাইজ করা হয় সেদিকে দেখতে হবে, মিড-ডে-মিল থেকে আরম্ভ করে সবকিছু।

এবার আমি দুটো কথা বলতে চাই ইন্ডাস্ট্রির ব্যাপারে। স্যার, ইন্ডাস্ট্রি নিয়ে অনেক কথা হচ্ছে। আমরা বাজেটে দেখলাম বহু টাকার প্রস্তাব আসছে। আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই ক্ষুদ্র শিল্প দরকার, মাঝারি শিল্প দরকার এবং বৃহৎ শিল্পও দরকার। তা না হলে সেই রাজ্যের বা দেশের উন্নতি হতে পারে না। ডঃ বিধানচন্দ্র রায় যখন মুখ্যমন্ত্রী হলেন তখন পশ্চিমবাংলায় কত সমস্যা। উদ্বাস্তু সমস্যা থেকে আরম্ভ করে communal trouble কিন্তু তা সত্ত্বেও তিনি ভেবেছিলেন যে পশ্চিমবাংলায় যদি উন্নয়ন করতে হয় তাহলে বৃহৎ শিল্প দরকার। তাই তিনি দুর্গাপুরে স্টিল ইন্ডাস্ট্রি করলেন, চিত্তরঞ্জন লোকোমোটিভ করলেন, আরো অনেক কিছু করে তিনি সরকারটা তেরি করলেন। আর আজকে ওই একই কথা জমির সমস্যা। জমি নিয়ে চিন্তাভাবনা না করে যদি একটা ফয়দা কিছু না করতে পারি, যারা শিল্পপতি তারা তো ব্যবসা করতে আসবে, তারা তো লাভ করবে — আজকে অন্যান্য রাজ্য যদি তাদেরকে অনেক সুযোগ-সুবিধে করে দেয় তাহলে কেন তারা এখানে আসবে? তাই তো আজকে তারা পশ্চিমবাংলায় না করে গুজরাতে চলে যাচ্ছে, কর্ণাটকে চলে যাচ্ছে। সুতরাং তাই আমি অনুরোধ করবো, শিল্পকে প্রতিষ্ঠা করার জন্য একটা প্ল্যান যদি না করা যায় তার সঙ্গে যত রিলেটেড যে সমস্ত জিনিসগুলো আছে জমি থেকে শুরু করে, ইলেক্ট্রিসিটি

থেকে আরম্ভ করে সব কিছুর যদি না ব্যবস্থা করা যায় তাহলে কিন্তু পশ্চিমবাংলায় আগামীদিনের ভবিষ্যৎ আরো অন্ধকার হবে।

স্যার, এরপর আমি যাবো মাইনোরিটির ব্যাপার নিয়ে। আজকে এমন একটা পরিবেশ তৈরি করা হচ্ছে যে মাইনোরিটিদের জন্য সবকিছু পশ্চিমবাংলায় করে দেওয়া হল। আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী সভায় বলছেন সব কাজ হানড্রেড পারসেন্টই করে দিয়েছি, আবার কোথাও বলছেন ৯৯ পারসেন্ট করে দিয়েছি। কিন্তু অ্যাকচুয়াল অ্যাফেয়ার্স'টা কি? হচ্ছে কিছু? ১০ হাজার মাদ্রাসা করার কথা ছিল, হয়েছে? কটা মাদ্রাসা হয়েছে? কতজন মাদ্রাসা শিক্ষক নিয়োগ করা হয়েছে? আজকে এগুলো ভাবতে হবে। এর আগে যখন কোশ্চেন নিয়ে এসেছিলেন আমাদের জ্ঞান সিং শোহনপাল মহাশয়, তখন এই নিয়ে আলোচনা হয়েছে। কেবলমাত্র ইমামদের ভাতা দিয়ে, মুয়াজ্জমদের ভাতা দিয়ে পুরোপুরি সংখ্যালঘুদের উন্নয়ন হল সেটা কিন্তু ঠিক নয়। সাচার কমিটির রিপোর্ট কেবল সংখ্যালঘু নয় সমস্ত ভারতবর্ষের মানুষের চোখ খুলে দিয়েছে যে কোথায় কি আছে। চেয়ারম্যান স্যার, আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই যখন সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রীসভা এল তখন সরকারী কর্মচারীদের মধ্যে কত পারসেন্ট সংখ্যালঘু ছিল। That is to be considered first. যখন ৭৭ গেলেন তখন প্রায় ৮ পারসেন্ট। আর এনাদের আমলে তো ভালো—ওরাও মুখে অনেক কথা বললেন — কিন্তু কমতে কমতে ২ পারসেন্ট বল। আজকে মুখে আমরা বলছি যে অনেক কিছু করছি, সংখ্যালঘুদের জন্য অনেক কিছু করবো কিন্তু কোথায়? আজকে দেখলাম প্লেসমেন্টে বলা হয়েছে, কত প্লেসমেন্ট হয়েছে, আমি স্যার সেটা রিপিট করছি না। শুধু এটুকুই বলি, যারা registered বেকার তাদের মধ্যে কতজনের নাম স্পনসর করা হয়েছে এবং তারমধ্যে মাইনোরিটি কতজন চাকরি পেয়েছে এ সমস্ত আছে। এর আগে যেহেতু হাউসে এটা আলোচিত হয়েছে সেজন্য আমি আর এ ব্যাপারে সময় নষ্ট করতে চাইছি না। কিন্তু এভাবে যদি করা যায় তাহলে কতকাল লাগবে? এত বড় — প্রায় ৩০ পারসেন্ট সংখ্যালঘু সম্প্রদায়ের তাদের এইভাবে কি করা যাবে? সঙ্গে সঙ্গে আর একটা মুশকিল হচ্ছে স্যার, এটা অত্যন্ত কঠিন। এমন ভাবে পরিবেশ তৈরি করা হচ্ছে যে, যা কিছু এই মন্ত্রীসভা করছে সব যেন সংখ্যালঘুদের জন্য। এর reaction হয়ে যাচ্ছে সংখ্যাগুরুদের মধ্যে।

[2.40–2.50 p.m.]

যারা ভাবছেন, যারা প্রচার করছেন, অন্য রাজনৈতিক দল বলছে দেখ এই মন্ত্রীসভা কেবল সংখ্যালঘুদের জন্য ভাবে সংখ্যাগুরুদের জন্য কিছু ভাবে না। অতএব সেখানে গিয়ে তারা পশ্চিমবাংলার রাজনীতিতে যেটুকু শক্তি তাদের একেবারেই ছিল না এই কথাটাতে আবার যেন তারা সুযোগ পেয়ে যাচ্ছে। আমরা সত্যিকারেই তাদের উন্নয়ন চাই। কেন না এত বড় একটা section of people কে আমরা পিছিয়ে রাখতে চাই না। স্যার, এবার পঞ্চায়েত — পঞ্চায়েত নিয়ে যা কান্ড চলছে — আমরা ভেবেছিলাম এই বাজেটে sessionই Governor's address এর উপর আলোচনা শেষ হওয়ার আগেই বোধহয় ইন দ্যা মেন টাইম Panchayat election will be declared। সেই আন্ডারস্ট্যান্ডিং-এ আমরা সবাই একমত হয়ে গিয়েছিলাম। আজকে ইলেকশান কমিশনের সাথে যে ভাবে চলছে এটা একটা সুসামঞ্জস্য করে যাতে নির্বাচনটা ঠিকভাবে করা যায়, গণতন্ত্র ঠিকভাবে প্রতিষ্ঠিত হয়, মানুষ যাতে নিজের ভোট দিতে পারে নির্ভয়ে সেই ব্যবস্থা

আশা করছি, নিশ্চয়ই সরকার করবেন। আর একটা কথা, আজকে সরকার বলছে যে আমরা অনেকগুলি পরিকল্পনা গ্রহণ করেছি। মানুষের উন্নয়নের জন্য অনেক পরিকল্পনা গ্রহণ করেছি কিন্তু স্যার, আপনি তো জানেন যে যতগুলি পরিকল্পনা সমস্ত পরিকল্পনা হচ্ছে কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকারের পরিকল্পনায় এরা implementing authority। সুতরাং তারা করবেন এটাই তো স্বাভাবিক। টাকা হচ্ছে Central government-র, executing authority হচ্ছে State government। আমি শেষকালে স্যার, একটা কথা বলতে চাইছি, মাননীয়া মুখ্যমন্ত্রী এবং সকলকে বলবো সহনশীল হতে হবে। tolerance টা যেন আসে, আজকে সব ক্ষেত্রে যেন intolerance। কালকে আমাদের মাননীয় মন্ত্রী একটা ঘর পোড়া জায়গাতে গিয়ে কে, কি বলল, তার জন্য বলল তাকে ধরো। এই যে একটা intolerance আসছে এটাকে চেঞ্জ করতে হবে। last but not the least, আপনার কাছে একটু সময় চেয়ে নিচ্ছি — আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে আপনাদের থ্রু দিয়ে জানাতে চাই, attention draw করছি। যে ইমেজ, যে ইমেজের উপর নির্ভর করে পশ্চিমবাংলার মানুষ প্রত্যাশা করেছিল সেই ইমেজটা ক্রমশঃ erode হচ্ছে। এই সঙ্গে আমার বলতে দ্বিধা নেই, আমাদের জেলার একজন এম.এল.এ. তিনি দল ত্যাগ করে মন্ত্রী হলেন, ভাল। কিন্তু তিনি আবার মন্ত্রী থাকলেন, সেটাতেও আমার আপত্তি নেই। কিন্তু আজকে এই হাউসটা হচ্ছে ২৯৪+১, আজকে কেউ যদি এখানে tress passer ঢোকে, কেউ যদি stranger ঢোকে তাহলে এই হাউসের সম্মান থাকবে কি থাকবে না। সুতরাং এই কথা বলে আমাদের দলীয় যে অ্যামেন্ডমেন্ট এসেছে সেগুলো মুভ করে রাজ্যপালের ভাষণের প্রতিবাদ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয় চেয়ারম্যান স্যার, সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী এই সদনে গত ৮ই মার্চ, মহামহীম রাজ্যপাল যে ভাষণ রেখেছেন সেই ভাষণের সমর্থনে কয়েকটি কথা বলার জন্য আমি নিজেকে উপস্থিত করছি। স্যার, মহামহীম রাজ্যপাল তার ভাষণের প্রথমদিকেই বলেছেন, যে তিনটি উপনির্বাচন হয়ে গেল সেই উপনির্বাচনে যেভাবে শান্তিপূর্ণভাবে বিরাট turn out of voters হয়েছে এটা পশ্চিমবাংলার গণতন্ত্রের পক্ষে শুভ লক্ষণ এবং এটাই প্রমাণ করে যে পশ্চিমবাংলার মানুষ গণতন্ত্রের পক্ষে আছে। এই রাজ্যটাকে একটা ধ্বংসস্তূপে পরিণত করে তবেই এরা গিয়েছিল। সেই ধ্বংসস্তূপ থেকে আবার পশ্চিমবাংলাকে ফিনিক্স পাখির মত উজ্জীবিত করে তোলার দায়িত্ব নিয়ে পশ্চিমবাংলার মানুষ মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে দায়িত্ব দিয়েছেন এবং সেই কাজ চলছে। স্যার, প্রথমেই মহামান্য রাজ্যপাল বলেছেন কর্মসংস্কৃতির কথা। যে কর্মসংস্কৃতিকে এরা ধ্বংস করে রেখেছিল। স্যার, প্রতি বছর নিয়ম করে গত ৩৪ বছরে বামফ্রন্ট — বামপন্থীরা বনধ্, হরতাল পালন করতেন এবং সমস্ত কিছু বন্ধ করে দিয়ে এক আত্মঘাতী উন্মাদনায় নিজেরা হাসতেন যে সব বন্ধ করে দিয়েছি। স্যার, অস্ট্রেলিয়ায় ইঁদুর আছে একদল। তারা বছরের একটা সময় দলে দলে এসে, লাখে লাখে এসে আত্মহত্যা করে। সেই কোথায় অস্ট্রেলিয়া, কোথায় পশ্চিমবাংলা। পশ্চিমবাংলার বামপন্থা যে অস্ট্রেলিয়ার ইঁদুরের গর্ভে তৈরী হয়েছিল, আমার জানা ছিল না। গত ৩৪ বছর ধরে ঐ বছরের একটা সময়ে নিয়ম করে লাগাতার এই আত্মঘাতী বনধ্ করে পশ্চিমবাংলার কর্মসংস্কৃতিকে ওরা ধ্বংস করেছিলেন। তার থেকে উদ্ধার করে নতুন সরকার কি শুরু করেছেন? ২০১০ এ ম্যানডেজ লস্ট ডিউ টু স্ট্রাইকস ছিল ৯৩ লক্ষ

৮০ হাজার। ২০১০ এর ক্যালেন্ডার ইয়ারে। ২০১১ তে সেটা কমে দশ হাজারে গেছে ম্যানডেজ লস্ট এবং ২০১২ তে সেটা ৫২০২ এ গেছে। ৯৩ লক্ষ ৮০ হাজার আর ৫২০২। স্যার, এখনও নির্লজ্জের মত চিৎকার করছেন। সরকারে থেকে সরকার বন্ধ করে, এই পৃথিবীর কোথাও কেউ শোনেনি, কেউ দেখে নি। এই বামপন্থীরাই সারা পৃথিবীকে দেখিয়েছিল। এর আগে আমি বলেছিলাম এই বামপন্থীদের দেখলে মার্কস সাহেব গলায় দড়ি দিতেন। আজকে বলছি মার্কস সাহেব শুধু না লেলিন সাহেবও গলায় দড়ি দিতেন। স্যার, পুলিষ ল' অ্যান্ড অর্ডার — এই রাজ্যে নতুন সরকার আসার পর গভর্নর বলেছেন কোয়ালিটি অফ আরবান পুলিশিং ইমপ্রুভ করার চেষ্টা হয়েছে। ৬৫ টি উইমেন পুলিশ স্টেশনস্ তৈরি হয়েছে, তৈরি করার কথা হচ্ছে। দশটা অলরেডি ফাংশান করছে। ৪০ হাজার পোস্টস্ হ্যাভ বিন ফিলড্ টু অগমেন্ট দি স্ট্রেংথ অফ দি পুলিশ ফোর্স। তার ভেতরে জঙ্গলমহলে যে আদিবাসী যুবকদের এরা জনজীবনের মূল স্রোত থেকে সরিয়ে দিয়ে, তাদের মাওবাদী বানিয়ে তাদের উপরে পুলিশি অত্যাচার করেছে এবং আদিবাসী মহিলাদের ওপরে নিজেদের পুলিশ এবং ক্যাডার দিয়ে ধর্ষণ ইত্যাদি করেছে, তাদের মূল স্রোতে ফিরিয়ে নিয়ে পুলিশ ফোর্সে নিয়ে এসে যাতে ল' অ্যান্ড অর্ডার থাকে জঙ্গলমহলে, তার বন্দোবস্ত করেছে এই সরকার। মাননীয় গভর্নর তাঁর ভাষণে সেটা উল্লেখ করেছেন। স্যার, এখনও চিৎকার করছে দেখে আমার মনে হচ্ছে যার এক কান কাটা সে লজ্জায় রাস্তার সাইড দিয়ে হাঁটে। আর যার দুই কান কাটা সে মাঝখান দিয়ে চেঁচাতে চেঁচাতে যায়। স্যার, জঙ্গলমহলের আদিবাসী জনসাধারণকে সমাজের মূল স্রোতে নিয়ে তাদের সার্বিক উন্নয়নের জন্য তাদের শিক্ষা, তাদের বৃত্তি, তাদের খাদ্য, তাদের কর্মসংস্থান — সব কটি বিষয়ে এই সরকার চিন্তা করেছে এবং কাজ শুরু হয়েছে।

[2.50–3.00 p.m.]

বলবেন সব শেষ হল না কেন? আরো ৩৪ বছরে যারা কাজ শুরুই করতে পারে নি তারা বলছে ২০ মাসে কাজ শেষ হল না কেন? শুরু হয়েছে, অনেক কাজ শেষ হবে। স্যার, নতুন কর্মসংস্থান সরকার বলেছিল ১০ লক্ষ করব, ১০ লক্ষের উপরে করেছে। প্রাইভেট সেক্টরে এমপ্লয়মেন্ট ক্রিয়েশান হয়েছে ৩ লক্ষ। Direct recruitment of personnel in a Government for health services, education and police itself covers ২ লক্ষ এছাড়া গ্রামীণ ও অন্যান্য ক্ষেত্রে যত কর্মসংস্থান হয়েছে মিলে ১০ লক্ষ ক্রশ করেছে। সরকার যা বলেছিল তার কথা রেখেছে। খোঁজ করে দেখুন। এখন যারা দেখতে পারেন না তাদের তো কিছু করার নেই। এরপরেও যারা বলবেন কোথায়, দেখতে তো পাচ্ছি না? তাদের তো চোখের ডাক্তারের কাছে যেতে হবে। তার ওষুধ তো আমরা দিতে পারব না। যদি দৃষ্টি শক্তির অভাব হয়ে থাকে তাহলে চোখের ডাক্তারের কাছে যেতে হবে। সেখানে ওষুধ, চশমার পাওয়ার বাড়ান, ছানি কাটান আমরা তো অন্য কোনও ওষুধ দিতে পারব না। স্যার, ক্ষুদ্র সেচ অভিনব পরিকল্পনা, ক্ষুদ্র সেচ সব জায়গায়। 'জল ধরো, জল ভরো' যে প্রকল্প মাননীয়া মুখ্যমন্ত্রী দিয়েছেন সেই প্রকল্পে পুকুর খননের কাজ সব জায়গায় শুরু হয়েছে। সেই কথা মাননীয় রাজ্যপাল উল্লেখ করেছেন....(গোলমাল).... মৎস্যজীবি হর্টিকালচার এই সব জায়গায় নতুন করে training impart করা হচ্ছে ... (গোলমাল) শুনুন গলার জোর আমাদের অনেক আছে। শুনতে না চান You have liberty to leave the House. Water lifting pump প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষককে one time grant of

five thousand rupees. কোন দিন করেন নি। এগ্রিকালচারকে augment করার জন্য power tiller। হাট তৈরি করা হচ্ছে এগ্রিকালচার মার্কেটিং করার জন্য কিন্তু এগ্রিকালচার প্রডিউশ বাড়াবার জন্য power tiller, সেচ করার জন্য ইলেক্ট্রিসিটি কানেকশান। তার জন্য ৮ হাজার টাকা দেওয়া হচ্ছে। আপনারা করেন নি। তার ফল হচ্ছে রাইস প্রোকিওরমেন্ট ২০ লক্ষ মেট্রিক টন ছাড়িয়ে গেছে। কোনদিন পারেন নি। আগামী বছর ২২ লক্ষ মেট্রিক টন, আগামী বছর টোটাল খরিফ সিজনে ২২ লক্ষ মেট্রিট টন টার্গেট রাখা হয়েছে। আপনারা কোনদিন পারেন নি। পারেন নি আর এখানে বসে চিৎকার করছেন। গ্রামে গিয়ে চিৎকার করতে পারবেন না। গ্রামের মানুষ আপনাদের পিটিয়ে বার করে দিয়েছে...(গোলমাল)... ভোট দেয় নি। পঞ্চায়েত নির্বাচনেও দেখতে পাবেন যে কু-কীর্তি করেছেন তার ফল। স্যার, পুলিশ সম্পর্কে আর একটা কথা বলি এখানে শুনছি বারবার ৮৩ না ৯০ জন কৃষক নাকি আত্মহত্যা করেছে। তার বডিগুলো তো দেখলাম না। দেখার মধ্যে দেখলাম প্রচুর কঙ্কাল। আর তো কিছুই দেখলাম না। একটু আগে লিস্ট, লিস্ট বলছিলেন না সোহরাব সাহেবকে, তালিকার কথা। ওই ৯৩ এর তালিকা সত্যি সত্যি দিন দেখি। ৩৪ বছর অনেক কিছু দেব বলেছিলেন কিন্তু পশ্চিমবাংলাকে কিছুই দেন নি। এই লিস্টটারও সেই হাল হবে। স্যার জঙ্গলমহলে বন্ধ চা বাগানগুলিকে আয়লা বিধ্বস্ত জনগণের জন্য, সিঙ্গুরের অনিচ্ছুক চাষীদের জন্য দুই টাকা কেজি চাল। আমাদের সরকার দিচ্ছে — নিয়মিত দিচ্ছে। আর বন্টন ব্যবস্থা? বন্টন ব্যবস্থা তো যা কারবার করে রেখেছিলেন — আমাদের মন্ত্রী এখানে আসার পরে প্রায় ৭৭ লক্ষ ভুয়ো রেশন কার্ড ধরেছে এবং তাদের উপরে তদন্ত হবে। কাদের দিয়েছিলেন এই রেশন কার্ডগুলো করবার জন্য? এগুলো কি লোকের কাছে আছে — পাবলিকের কাছে আছে? এগুলো তো ডিলারদের কাছে আছে। কারা এই ডিলার? এই বামপন্থীদের এক একজনের এই বন্ধু, এই ডিলারদের পয়সায় আপনারা ফুর্তি করে বেরিয়েছেন, আর ডিলাররা পয়সা বানিয়েছে, এই ভুয়ো রেশন কার্ড থেকে জনগণের হকের খাদ্য ব্ল্যাকে বিক্রী করে। এই ব্ল্যাক মার্কেটিংয়ের সরকার ৩৪ বছর ধরে চলেছে পশ্চিমবাংলায়। শস্যগুদাম তৈরী করতে পারেন নি। এখানে উত্তরবঙ্গের বিধায়ক দুই দলেরই আছেন। আমি কয়েক বছর গিয়ে দেখে এসেছি উত্তরবঙ্গের হাটে—জলপাইগুড়ি, কুচবিহার ইত্যাদির হাটে টমেটো উৎপাদন করে চাষী নিয়ে আসে হাটে ২০ পয়সা, ৩০ পয়সা কেজি দাম পায় না। ফিরিয়ে নিয়ে যাওয়ার খরচা পর্যন্ত ওঠাতে পারে নি। ঐ হাটে ফেলে দিয়ে যায়, গরুতে সেই টমেটো খায়। কেন? আপনারা সেই সংরক্ষণের ব্যবস্থা করেন নি। বহুবার করে বলেছিলাম, তৎকালীন খাদ্যমন্ত্রীকে বহুবার করে বলেছিলাম, মুখ্যমন্ত্রীকে বলেছিলাম। ঐ বেঞ্চে বসে থাকত — বলেছিলাম একটু কোল্ড চেন তৈরী করুন, মাথার উপর দিয়ে চলে গেছে, কিচ্ছু করেন নি। আজকে কোথাও আগুন লাগলে, কোথাও বন্যা হলে সঙ্গে সঙ্গে আমাদের মন্ত্রীরা দৌড়ে সেখানে পৌঁছে যান। আমরা বিধায়করা গত বছরের আগের বছরে প্রচন্ড বর্ষা হয়েছিল যেখানে জল হয় আমরা বিধায়করা সঙ্গে সঙ্গে পৌঁছে যাই সেখানে। আর আপনাদের সময়ে কি হত? ন্যাচারাল ক্যালামিটি হয়ে গেল, দেখা নেই কারোর। সেই আগেকার দিনের কবিতা ছিল না যে শান্তিপুর ডুবুডুবু নদে ভেসে যায়। আর নদের নিমাই ঘরে বসে খোলকীর্তন গায়' - এই করতেন আপনারা। আবাসনে? সেন্ট্রাল গভর্নমেন্টের, ইন্দিরা আবাসনের টাকা আসে — না ডাউট—এবং তার কাজ? আমরা সবচেয়ে বেশি করছি। এছাড়া আমাদের এই সরকার 'আমার ঠিকানা' আর 'গীতাঞ্জলী' বলে দুটো প্রকল্প চালু করেছে এবং তার কাজও শুরু হয়ে গিয়েছে। নতুন ল্যান্ড ট্রান্সফার

পলিসি হয়েছে সল্টলেকে, ফিনান্সিয়াল হাব হয়েছে রাজারহাটের নিউটাউনে। ইকো ট্যুরিজিম পার্ক হয়েছে নিউটাউনে, রবীন্দ্রতীর্থ হয়েছে নিউটাউনে। খুব গায়ে লাগছে কি আর করা যাবে। মহিলাদের ক্ষেত্রে সংরক্ষণ বাড়ানো হয়েছে। ও.বি.সিদের সংরক্ষণ বাড়ানো হয়েছে. মাইনোরিটিদের অনেকগুলো কাস্টে ও.বি.সি-র আন্ডারে এনে ও.বি.সি-র লিস্টটা বড় করা হয়েছে এবং সংরক্ষণ — তাদের সংরক্ষণ এবারে পঞ্চায়েতে বুঝতে পারছি তো আপনারা তো মহিলাদের প্রার্থী করতে পারবেন না। তার কারণ যা করে গিয়েছেন এত বছর তাতে মহিলারা আর যাই হোক যাদের আজরে হেঁসেল সামলাতে হয়, তারা আপনাদের ভোট দেবে না, তারা আপনাদের প্রার্থীও হবে না। ১৬০টি নতুন আই.সি.ডি.এস প্রোজেক্ট তৈরী করা হয়েছে।

[3.00–3.10 p.m.]

আপনারা কোনো দিনই এগুলো করেন নি। প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় টাকা এসেছে, ৬১ হাজার কিলোমিটার নতুন গ্রামীন রাস্তা তৈরি হচ্ছে। আজ সকালে রাস্তা রাস্তা করে চেঁচাচ্ছিলেন। MNREGA কর্মসংস্থান গ্যারান্টি অ্যাক্ট, ১০০ দিনের কাজ ১৭ তে গিয়ে আর ১৮ অবধি গুনতে পারেন নি। ১০০ গুনতে তো পারেন নি, ১৭ তে গিয়ে থেমে গেছিলেন। আমরা সেটাকে ৩০-এর ঘর পার করিয়ে দিয়েছি। ৩৪-এ যাচ্ছে, এবার ৫০ করব। আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করে দিয়েছেন ১০০ দিন কাজ যে ব্লক দেবে সেই ব্লক আরো ১০০ দিনের কাজের টার্গেট রাখলে পয়সা দেবে রাজ্য সরকার। আপনাদের বলার হিম্মত হত না। স্যার, আমি কেবল শেষ করার আগে একটি কথা বলব যে, বাম আমলে সংস্কৃতি ছিল নন্দনে আবদ্ধ। নন্দনের বাইরে সংস্কৃতি ছিল না। তথ্যসংস্কৃতির দপ্তরের আমি কিছু খবর রাখি। তথ্যসংস্কৃতি দপ্তরে সঙ্গীত অ্যাকাডেমি, বিক্রি করে দিয়েছিলেন একটা স্টুডিও। একটা ফ্রিম ল্যাবরেটরিতে কাজ হত না। আপনারা জানেন সত্যজিৎ রায়ের কতগুলো ছবি যেগুলো নন্দনে রয়েছে, থাকার কথা, সেই ছবির Film-এর rell গুলো নষ্ট হয়েছে। আমাদের এই সরকার সংস্কৃতিকে ছড়িয়ে দিয়েছে, ডিসেন্ট্রালাইজ করেছে। প্রচুর অ্যাকাডেমি তৈরি হচ্ছে এবং হয়েছে। সংস্কৃতির একদম film থেকে শুরু করে যাত্রা এবং বাউল গান-এর শিল্পীদের, যাদের আপনারা চিরকাল অবহেলা করে এসেছেন, তাদের স্বীকৃতি দিয়ে, সম্মান দিয়ে তুলে আনার চেষ্টা করছেন। পশ্চিমবাংলাকে এই ভাবে সার্বিক দিক থেকে ওই ধ্বংসস্তূপ থেকে তুলে আনার কাজ শুরু হয়েছে। সেই কাজের উল্লেখ মাননীয় রাজ্যপাল তার ভাষণে ছত্রে ছত্রে বলেছেন। সেই জন্য রাজ্যপালকে ধন্যবাদ জানাই এবং তার এই ভাষণকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় সভাপতি মহাশয়, সংবিধানের ১৭৬ ধারা অনুযায়ী গত ৮ই মার্চ পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল ২০১৩-১৪ সালের বাজেট অধিবেশন সূচনা করার প্রাক্কালে তিনি তার একটা বক্তব্য, ভাষণ প্রথামাফিক এই বিধানসভায় রেখেছেন। এই ভাষণ আমার মনে হয় সামান্যতম হলেও একটু অসম্পূর্ণ ভাষণ তিনি রেখেছেন। একটি সরকারের কাছে তার রাজ্যের নাগরিক কি প্রত্যাশা করে? একটা সরকারকে কি কি দিতে হবে নাগরিককে? ফার্স্ট কাজ হচ্ছে সরকারের নাগরিকদের জীবন এবং সম্পত্তির নিরাপত্তা বিধান করা। এটাই হচ্ছে প্রথম দায়িত্ব সরকারের। দ্বিতীয় হচ্ছে তার মৌলিক অধিকারগুলো সে যাতে ভোগ দখল করতে পারে, fundamental rights সে দিকে নজর দেওয়া। তৃতীয় হচ্ছে অর্থনৈতিক উন্নয়ন, বৈষম্য

দূরীকরণ অন্যান্য জিনিস। এখন এই দৃষ্টিভঙ্গিতে বিচার করলে দেখা যাবে যে এই বাজেট ভাষণের মধ্যে পুলিশের খাতে কিছু বরাদ্দ, কিছু পুলিশের সংখ্যা বাড়ানো এ কথা বলা থাকলেও রাজ্যের সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে রাজ্যপাল কোন কথা বলেন নি। আপনারা সকলেই জানেন মাননীয় সদস্যবৃন্দ যে, সাম্প্রতিককালে এই রাজ্যে কিছু গুরুতর আইন-শৃঙ্খলাজনিত ঘটনা ঘটে গেছে, যেখানে মাননীয় রাজ্যপালের দৃষ্টিভঙ্গীর সাথে সরকারের দৃষ্টিভঙ্গীর যে পার্থক্য সেটা প্রকাশ্যে চলে এসেছে, তাই হয়ত অস্বস্তি এড়ানোর জন্য সযত্নে আইন-শৃঙ্খলাজনিত প্রশ্নটাকে রাজ্যপালের ভাষণের মধ্যে সন্নিবেশিত করা হয় নি, কারণ রাজ্যপাল হয়ত সেটা পড়বেন না। সুতরাং এদিক থেকে বিচার করলে রাজ্যপালের ভাষণটা পূর্ণাঙ্গ ভাষণ নয়, অসম্পূর্ণ, ইনকমপ্লিট ভাষণ।

দ্বিতীয় কথা যেটা বলা যায় সেটা হচ্ছে, আসন্ন পঞ্চায়েত নির্বাচনের প্রেক্ষাপটে বাজেটের পর রাজ্যপালের ভাষণটা আলোচনা করছি। এর ফলে রাজ্যপালের ভাষণ যতটা গুরুত্ব পাওয়ার কথা সেটা অনেকখানি হ্রাস পেয়ে গেছে।

একটু আগে মাননীয় সদস্য পরশ দত্ত, যিনি খুবই দক্ষ বক্তা, ঝাঁঝালো বক্তা — আমার ধারণা ভুল হতে পারে, কিন্তু দেখলাম কিছু কিছু জিনিস তাঁর পক্ষে যুতসই করে বলা সম্ভব হচ্ছে না, বলতে গিয়ে থমকে থমকে যাচ্ছেন, কেন না অর্থনৈতিক বিষয়গুলো আগেই বলা হয়ে গেছে, সেই জিনিসগুলো বাজেটেই বলা হয়ে গেছে, আলোচনা হয়ে গেছে। রাজ্যপালের ভাষণে নিশ্চয় অর্থনীতিক সম্পর্কে সারা বছর ধরে চর্চা করা যেতে পারে, কিন্তু সেখানে যেসব কথাগুলো আছে তার অধিকাংশ জিনিসই বাজেট ভাষণের মধ্যে আলোচনা হয়ে গেছে। রাজ্যপালের ভাষণে আর একটা অসঙ্গতির জিনিস থেকে গেছে। রাজ্যপালের ভাষণে কি থাকে? চলতি বছরে কি করার কথা ছিল, সেই সেই দপ্তর কতটা কাজ করেছে এবং আগামী বছরে এই সরকারের লক্ষ্যমাত্রা কি হবে তার একটা রূপরেখা রাজ্যপালের ভাষণে থাকে। এখানে কিন্তু সেটা নেই। দু একটা ক্ষেত্রে হয়ত কোন কোন বিষয়কে কেন্দ্র করে রাখা হয়েছে, কিন্তু সবটা নেই।

মূল যে বিষয়টা সরকারের চিন্তা করা উচিত, যেটা সবচেয়ে বেশী আমাদের ভাবিত করে সেটা হচ্ছে, গোটা রাজ্যে সমাজবিরোধীদের কার্যকলাপ যে ভাবে বাড়তে শুরু করেছে। সেই কার্যকলাপ প্রতিহত করে নাগরিক জীবনে শান্তি শৃঙ্কলা কি করে ফিরিয়ে আনা যাবে সেটাই বড় কথা। রাজ্যের কিছু কিছু অঞ্চল খুবই সমাজবিরোধী প্রবণ হয়ে গেছে। অপরাধ নেবেন না, এখানে বারাসাতের বিধায়ক মশাই আছেন — বারাসাতে প্রায়ই কোন না কোন ঘটনা ঘটছে, নারী নির্যাতন, ছিনতাই, খুনখারাপির ঘটনা ঘটছে, অথচ দেখা যাচ্ছে পুলিশের পক্ষ থেকে এই পরিস্থিতি প্রতিহত করার জন্য যতটা তৎপর হওয়ার দরকার ছিল সেটা হতে পারছে না, কোথাও একটু পিছুটান রয়ে গেছে, এগোতে চাইলেও এগোতে পারছে না, এরকম অবস্থা রয়ে গেছে। সুতরাং নাগরিক জীবনে একটা ভীতি, সন্ত্রাসের মানসিকতা পেয়ে বসেছে। আর নারী নির্যাতনের কথা তো আলাদা করে বলতে হয় না। শুধু আমাদের রাজ্যেই নয়, গোটা দেশেই যে ভাবে নারী নির্যাতন ব্যাপকতা লাভ করেছে তাতে আমরা খুবই শঙ্কিত, কোথায় যাচ্ছে দেশ? এই পরিস্থিতি মোকাবিলা করার জন্য কি করতে হবে? একটা ঘটনা ঘটলে মামলা হ'ল, তার রায় বার হতে দশ, বারো, পনেরো বছর লাগে। কিন্তু প্রশাসক হিসাবে এই ঘটনাকে আমি পছন্দ করছি না, কঠোরভাবে এটার মোকাবিলা

করতে হবে, এই ধরণের বার্তা তো যারা প্রশাসনের উচ্চস্তরে বসে আছেন তাদের কাছ থেকে যাবে। তাহলে প্রশাসন চাঙ্গা হবে এবং অপরাধীরা ভয় পাবে।

[3.10–3.20 p.m.]

শাসনের উর্ধ্বতন স্তর থেকে নীরবতা পালন করা হয়, কোন কথা না বলা হয় তাহলে কিন্তু পরিস্থিতিটা একটা ভিন্ন জায়গায় যে যেতে পারে এমন মনে করার কোন সঙ্গত কারণ নিশ্চয় রয়েছে। কলেজে কলেজে ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে কি হচ্ছে? এই ব্যাপারটাকে কেন্দ্র করে যে সব দুঃখজনক ঘটনা ঘটে গেছে, অধ্যক্ষ নিগ্রহ, অধ্যাপক নিগ্রহ ইত্যাদি এগুলি সুখকর নয়। সম্প্রতি এক পুলিশ অফিসার খুন হয়ে গেলেন। তিনি নিহত হয়ে গেলেন এবং সেটাকে কেন্দ্র করে কলেজ নির্বাচন বন্ধ করে দিতে হল সরকারী নির্দেশনামা জারি করে। তাহলে কোথায় আমি গণতান্ত্রিক অধিকার ভোগদখল করার একটা পরিবেশ পরিস্থিতি তৈরী করে দেব, না তা নয় গণতান্ত্রিক অধিকারকে অন্তত সাময়িক সময়ের জন্য হলেও বন্ধ করে দিতে হচ্ছে। এটা তো খুব একটা ভালো লক্ষণ নয়। এটা তো শুভ লক্ষণ নয়? সুতরাং আইন শৃংঙ্খলা পরিস্থিতির মধ্যে রাজ্যের মানুষ রাজ্যের নাগরিকরা যাতে সুখে শান্তিতে স্বচ্ছন্দে বসবাস করতে পারেন, আর তার যে ন্যুনতম গণতান্ত্রিক অধিকারগুলি রয়েছে, সেগুলি যাতে সে ভোগদখল করতে পারে তার পরিস্থিতি তৈরী করে দিতে হবে। নির্বাচিত প্রতিনিধিরা কাজ করতে পারছে না। নির্বাচিত সংস্থায় ঠিকমত কাজ করতে পারছে না। এইসব জিনিসগুলির প্রতি আমাদের নজর দিতে হবে। আর একটা কথা রাজ্যপালের ভাষণে অনুল্লেখিত থেকে গেছে, যেটা রাজ্যের একটা অত্যন্ত জ্বলন্ত সমস্যা— সেটি হল চিট ফান্ডের সমস্যা। চিট ফান্ডগুলি যে অর্থনৈতিক ক্রিয়াকলাপ পরিচালনা করে সাধারণ মানুষকে সর্বস্বান্ত করার চেষ্টা করছে সেই চিটফান্ডগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য সরকারের চিন্তাভাবনা কি, সরকারের দৃষ্টিভঙ্গি কি এই সম্পর্কে রাজ্যপালের ভাষণে কোন কথা থাকল না। এই ব্যাপারটা আমাকে খানিকটা হতাশ করেছে। তাহলে আমরা কি ধরণের সমাজব্যবস্থা চাইছি। কি ধরণের শাসন চাইছি, যেখানে তোলাবাজি চলবে, যেখানে খুন খারাপি চলবে, যেখানে দুর্নীতি হবে, অন্যায় বৈষম্য হবে, যেখানে সন্ত্রাসবাদী কার্যকলাপ ব্যাপকভাবে ছড়িয়ে পড়বে — এটা তো আমরা চাই না। আপনারাও কেউ চান না। আমি অন্তত এটা পরিষ্কার করে বলতে পারি যে বহু শুভবুদ্ধিসম্পন্ন মানুষ আছেন আপনাদের মধ্যে, তাঁরাও নিশ্চয় চান না। কিন্তু এটাকে প্রতিহত করার জন্য রাজনৈতিক সদিচ্ছা এবং উদ্যোগ, যে দৃঢ়তা সেটা দেখতে পাচ্ছি না। এই মহেশতলাতে আগুন লেগে গেল, কি ঘটনা ঘটল। সেই আগুনকে কেন্দ্র করে যাদের বিরুদ্ধে এফ আই আর — বারেবারে একটা জায়গায় ঘটবে কেন? প্রোমোটারি চক্রান্তের এই যে অভিযোগ উঠছে, সেই অভিযোগের মধ্যে সত্যতা কতখানি রয়েছে, সেগুলি বিচারবিবেচনা করে দ্রুত ব্যবস্থা যদি গ্রহণ করা না যায়, তাহলে কিন্তু অনেক বড় ক্ষতি হয়ে যাবে। একটা সরকার এবং জনগণের মধ্যে আস্থার পরিবেশ থাকার দরকার। সেই আস্থার পরিবেশের ক্ষেত্রে ঘাটতি তৈরী হবে এবং এটা আমাদের কারোর পক্ষে সুখকর নয়। তাই আমি বলি এই রাজ্যপালের ভাষণ একটা অসম্পূর্ণ ভাষণ। এই ভাষণকে কেন্দ্র করে আমাদের পক্ষ থেকে যেসব সংশোধনী প্রস্তাব এসেছে আমি সেগুলিকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ ভৌমিক : মিঃ চেয়ারম্যান স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল ৮ই মার্চ ২০১৩ সালে যে ভাষণ উনি প্রদান করেছিলেন তাকে সমর্থন করে দু-চারটি কথা এই মহতি সভায় আমি উত্থাপিত করতে চাই। আজকে এইকথা কারোর অজানা নয় যে আজ থেকে বিশ মাস আগে দু হাজার এগারো সালের ২০শে মে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী হিসাবে শপথ নিয়েছিলেন বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবং মা-মাটি-মানুষের সরকারের সার্থকতা প্রতিষ্ঠিত করতে গিয়ে তিনি কতগুলি জিনিস বাংলার মানুষকে উপহার দিয়েছেন। আমি যেগুলি সংক্ষিপ্তসারে আপনার মাধ্যমে এই মহতি সভায় উত্থাপিত করতে চাই। আপনি যদি বলেন যে বাংলার মায়েদের জন্য বর্তমান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কি কি ভূমিকা পালন করেছেন তাহলে আমি সর্বপ্রথমেই সেই ব্যাপারে বিনীতভাবে এই হাউসের সমস্ত সদস্যদের কাছে বলতে চাই যে সংবিধানের পরিবর্তন করে এই প্রথম পঞ্চায়েত নির্বাচনে যাতে পঞ্চাশ শতাংশ মহিলা প্রতিনিধিত্ব করতে পারেন তার ব্যবস্থা প্রথম যিনি করলেন তার নাম মমতা ব্যানার্জী। এর জন্য তাঁর একটা সাধুবাদ পাওয়া উচিত।

আমি বিনীতভাবে এই হাউসের সামনে বলতে চাই, এই প্রথম মমতা ব্যানার্জী অনুধাবন করলেন, একজন সরকারি কর্মচারী — তিনি যদি মহিলা হন, বাচ্চা হওয়ার ক্ষেত্রে তার যে সময়, তার যে ছুটির পরিধি, সেই ছুটির পরিধিকে যদি বাড়ানো না যায়, তাহলে সেই মা যে রকম অসহায় বোধ করবে, সঙ্গে সঙ্গে সেই বাচ্চাটাকে বেড়ে ওঠার জন্য মায়ের যে সাহচর্য, সেটা তিনি দিতে পারবেন না। এটা উপলব্ধি করে মমতা ব্যানার্জী ৭৩০ দিনের ছুটি মঞ্জুর করেছিলেন বাংলার মায়েদের জন্য। আমি বলতে চাই, বাংলার মেয়েরা যাতে পড়াশুনার ক্ষেত্রে অগ্রগতি লাভ করে এগিয়ে আসতে পারে সমাজের প্রথম সারির ক্ষেত্রে, জঙ্গলমহলের আদিবাসী মহিলাদের মধ্যে সাইকেল বিতরণ এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে প্রায় ১ লক্ষ ৬০ হাজার ছাত্র-ছাত্রীকে সাইকেল বিতরণের মাধ্যমে বাংলার মেয়েদের পড়াশুনার ক্ষেত্রে, শিক্ষার ক্ষেত্রে এগিয়ে আসার সুযোগ যিনি করে দিলেন, তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায়। আমি আপনার মাধ্যমে বলতে চাই, পূর্ব ভারতে এই প্রথম বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় চিন্তা করলেন — আমি মহিলাদের জন্য একটা আলাদা বিশ্ববিদ্যালয় করবো, আমি মহিলাদের সমাজের প্রথম সারিতে এগিয়ে আনার জন্য চিহ্নিত করবো, যেখানে মেয়েরা পড়াশুনা করবে শুধু নয়, তার উপাচার্য যিনি হবেন তিনি একজন মহিলা হবেন। আমি এই হাউসে আপনার মাধ্যমে জানাতে চাই, মহিলারা যাতে তাদের সমস্যার কথা খুব স্বাভাবিকভাবে গিয়ে থানায় বলতে পারে, তার জন্য ৬৫ টি মহিলা পুলিশ স্টেশনের ঘোষণা করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। যার মধ্যে ইতিমধ্যেই ১০টির কাজ সমাপ্ত হয়ে গিয়েছে। আমি আপনার মাধ্যমে এই হাউসকে জানাতে চাই, মায়েদের মানসিক শক্তি বৃদ্ধি করার জন্য, যাতে শিশুরা বিনা চিকিৎসায় মারা না যায় ৩০টি এস.এম.সি.ইউ. এবং প্রায় ১৯০টির মতো এস.এল.সি.ইউ. চালু হয়েছে এই মমতা ব্যানার্জীর মুখ্যমন্ত্রীত্বের সময়কালে। আমি বলতে চাই আপনার মাধ্যমে মাননীয় চেয়ারম্যান সাহেব, নিউ বর্ন চাইল্ড্ কেয়ারের মাধ্যমে — যেটি ৫০০টির মতো হয়েছে, যাতে বাচ্চাদের পাশে মায়েরা থাকতে পারে, তার ব্যবস্থা যিনি করেছেন, তিনি মাননীয়া মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মহিলাদের জন্য খেলা-ধুলার প্রসারই শুধু নয়, মানবিকভাবে, মানসিকভাবে গ্রামের আশা কর্মীদের পাশে যিনি দাঁড়িয়েছেন, তাঁর নাম মমতা বন্দ্যোপাধ্যায় এবং অল্প বয়সে যাতে বিবাহ হয়ে না যায়,

মেয়েরা যাতে ১৮ বছরের আগে অন্য পথে চলে না যায়, তার জন্য 'কন্যাশ্রী' যিনি আনতে চলেছেন, বাংলার বুকে প্রতিষ্ঠিত করতে চলেছেন — ১৮ বছর বয়স অবধি যাদের বার্ষিক আয় ৫০ হাজার টাকা, তারা বছরে ৫০০ টাকা ভাতা পাবেন এবং ১৮ বছর বেরিয়ে গেলে এককালীন ২৫ হাজার টাকা পাবেন, যাতে তারা ভবিষ্যতে পড়াশুনার কাজে লাগাতে পারেন। এর চেয়ে বেশি মায়ের কথা কে চিন্তা করবে? যদি মাটির কথায় আসেন, আমি বলতে চাই, অনেকে জমি অধিগ্রহণের কথা বলছেন। আমাদের এই কথা প্রকাশ্য ঘোষিত কর্মসূচী। মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পরে বলেন নি, হওয়ার আগে বলেছেন — কৃষককে তার ইচ্ছার বিরুদ্ধে তার জমির অধিকার থেকে বঞ্চিত করা যাবে না। তাতে টাটা যদি আমার রাজ্য থেকে ফিরে যায়, আমাদের কিছু করার নেই। কিন্তু আমরা কৃষকদের যে জমির অধিকারের কথা বলেছিলাম, যে মাটির মানুষের গন্ধের কথা বলেছিলাম, আমরা তো তার থেকে পিছিয়ে যেতে পারি না। ২০.৫ লক্ষ মেট্রিক টন চাল সংগ্রহ, সর্বকালীন রেকর্ড স্থাপন হয়েছে বাংলার বুকে। বিদ্যুৎ সংযোগ নেওয়ার জন্য কৃষকদের ৮ হাজার টাকা অনুদান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। খামার সংক্রান্ত যন্ত্রপাতি বিষয়ক ভর্তুকি কর্ম প্রকল্প নামক কর্ম প্রকল্পে যেখানে কৃষকদের কিষাণ ক্রেডিট কার্ড অ্যাকাউন্টসে ১০ হাজার থেকে ৪৫ হাজার টাকা পর্যন্ত ভর্তুকি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। ক্ষুদ্র কৃষকদের ৫ হাজার টাকা এককালীন অনুদান দেওয়ার প্রকল্প চালু হয়েছে। ৩৪১ টি ব্লকের মধ্যে ৬০ টি ব্লকে কৃষক বাজার করা ইতিমধ্যে শেষ হওয়ার পথে। কৃষকদের শস্যবীমার ব্যবস্থা করছে সরকার। আর সাফল্যের প্রমাণ যদি জিজ্ঞাসা করেন তাহলে বলব, ভারত সরকারের কাছ থেকে 'কৃষি কর্মন' পুরস্কার লাভ করেছে পশ্চিমবঙ্গের বর্তমান সরকার। এর চেয়ে মাটির সম্পর্কে, মাটির গন্ধের ব্যাপারে আমার মুখ্যমন্ত্রী আর কতটুকু করতে পারে? আর যদি মানুষের অধিকারের কথা বলেন, প্রবোধবাবু বলছিলেন, সোহরাব সাহেবও বলছিলেন, ২০১১ সালের ১৩ই মে তো গণতন্ত্র প্রতিষ্ঠা হয়ে গেছে।

[3.20–3.30 p.m.]

পশ্চিমবঙ্গের বর্তমান সরকার এর চেয়ে মাটির সম্পর্কে মাটির গন্ধের ব্যাপারে আমার মুখ্যমন্ত্রী আর কি করতে পারে। আর যদি মানুষের অধিকারের কথা বলেন, প্রবোধবাবু বলছিলেন, সোহরাব সাহেবও বলছিলেন, ২০১১ সালে ১৩ই মে তো গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। যে মানুষের কথা বলার অধিকার ছিল না, যে মানুষ প্রতিবাদ করতে গিয়ে সিঙ্গুরে ১৮ বছরের তাপসী মালিককে ধর্ষিতা হয়ে খুন হতে হয়েছিল, যে গণতান্ত্রিক আন্দোলন করতে গিয়ে নন্দীগ্রামের বুকে ইমদাদুলরা খুন হয়েছিল, যে গণতান্ত্রিক পদ্ধতিতে আন্দোলন করতে গিয়ে নন্দীগ্রামের বুকে ১৪ই মার্চ ১৪ জন মারা গিয়েছিলেন। যে আন্দোলন করতে গিয়ে ২০০০ সালে চমকাইতলায় ১১ জনকে পুড়িয়ে মারা হয়েছিল। যে গণতান্ত্রিক আন্দোলন করতে গিয়ে নানুরের সুজপুরে ১১ জন কৃষক ক্ষেতমজুরকে খুন করা হয়েছিল, যে গণতান্ত্রিক আন্দোলনের কথা বলতে গিয়ে ২০১১ সালের ৭ই জানুয়ারী নেতাইয়ের বুকে ৯ জনকে খুন হতে হয়েছিল। সেই মানুষেরাই তো সমবেত ভাবে ২০১১ সালের ১৩ই মে বাংলার বুকে গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করে মানুষের অধিকার ফিরিয়ে দিয়েছে। এর চেয়ে বড় মানুষের জন্য করবার কি আছে? তথাপি বলি জঙ্গলমহলে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে উন্নয়নকে সামনে রেখে, কোন বন্দুককে সামনে রেখে নয়। আর যাঁরা মনে আনন্দ পাচ্ছেন দার্জিলিং-এর শান্তি চিরজীবনের জন্য থাকবে না, যাঁরা মনে প্রাণে আনন্দ পাচ্ছেন, দার্জিলিং-এ অশান্তি হলে যাঁরা

আনন্দিত হন, তাঁদের উদ্দেশ্যে বলছি আনন্দিত হবার কোন কারণ নেই। আমার এখানেই আমি দেখতে পাচ্ছি কংগ্রেসের বেঞ্চে নাগরাকাটার বিধায়ক বসে আছেন, তিনি জানেন ওই এলাকার যন্ত্রণাটা কি? তিনি জানেন মমতা বন্দ্যোপাধ্যায় বর্তমানে যে পদক্ষেপ গ্রহণ করেছেন সেটাই এই তরাই-ডুয়ার্স-দার্জিলিংয়ের ক্ষেত্রে শান্তির পথটা চিরদিনের জন্য প্রতিষ্ঠিত করবে। ২ টাকা কেজি দরে চাল দেওয়া হচ্ছে গরীব মানুষের মধ্যে আয়লা বিধ্বস্ত এলাকায়, জঙ্গলমহলে, বিভিন্ন জায়গায়। বিদ্যুতের অগ্রগতি হয়েছে, শিক্ষায় অগ্রগতি হয়েছে, ৫০০ স্কুলকে হায়ার সেকেন্ডারীতে উন্নীত করা হয়েছে, আরও ৫০০ টাকে করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। খাদি গ্রামোদ্যোগ কর্মসূচীর মাধ্যমে ৭ লক্ষ ৪৭ হাজার ৩৬৯ জনের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। এর বাইরে এস.এস.সি-র মাধ্যমে প্রাথমিক পরীক্ষার মাধ্যমে, পুলিশের মাধ্যমে প্রায় ১০ লক্ষ কর্মসংস্থান তৈরী হয়েছে। এন.আর.ই.জি.এসে অগ্রগতি হয়েছে, এন.আর.ই.জি.এস. প্রকল্পের মাধ্যমে আমরা এখন প্রচুর মানুষকে কাজের ব্যবস্থা করে দিতে পেরেছি। গরীব মানুষের জন্য মমতা ব্যানার্জীর সরকার লড়াই করছে। আগে একটা গ্রামের গরীব মানুষকে হাসপাতালে ওষুধ কিনতে গেলে যে টাকা দিয়ে কিনতে হতো, মমতা ব্যানার্জীর সরকার গরীব মানুষের পাশে দাঁড়িয়ে সাবসিডি দিয়ে সেই ওষুধ অনেক কম পয়সায় মানুষ কিনতে পারছে। ৫০ হাজার টাকা অবধি যাদের আয় তাদের জন্য তিনি স্বাস্থ্য বিমা প্রকল্প ঘোষণা করেছেন। যেখানে তারা ৫০ হাজার টাকা অবধি সুবিধা পাবে, তারা গরীব মানুষ। আমি বলতে চাই আপনাদের কাছে, এগুলিতো বললাম - অনেকে বলছেন আইন কোথায় গেল? আমি শুনছিলাম বিরোধী দলের একজন বলছেন মুন্নাভাই এম.বি.বি.এস. বলো, অনেকে বলছেন আরাবুলের কথা বলো। আমি বিনীত ভাবে বলতে চাই এটা মমতা ব্যানার্জীর তৃণমূল কংগ্রেসের মা-মাটি-মানুষের সরকার। আরাবুল ইসলাম প্রাক্তন বিধায়ক, তৃণমূল ক্ষমতায় আরাবুল তাও জেলে থাকে। আর আপনাদের আমলে বিধানসভা আলোকিত করা যিনি প্রথম বেঞ্চে বসে আছেন তাঁর পাশে তপন-সুকুরের নামে কেস হলে সি.পি.এম.-এর আমলে তারা কেউ গ্রেফতার হয় না, রাস্তায় ঘুরে বেড়ায়। নন্দীগ্রামে গণহত্যা সংগঠিত করে পালিয়ে আসবার পথে মানুষ তাদের ধরে দিয়েছিল। কোনদিন তাদের গ্রেফতার করেন নি। এটা মমতা ব্যানার্জীর সরকার, এই সরকারের আমলে গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করার জন্য যা যা করণীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ততটুকু অবধি করেছেন। আমার শ্রদ্ধেয় ডাঃ মানস ভুঁঞ্যা, এর আগের দিন বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন যে "আমি খুব আনন্দ পেতাম যদি দুবাইয়ে তেলের লাইনটা শেষ হয়ে না যেত। আমি খুব আনন্দিত হতাম তিনি বলছিলেন ভারতে যদি তেলের লাইনটা আসতো, তাহলে তেলের দাম এত বাড়াতে হতো না।" আমরা জানি এখানে মানসদা নেই। তিনি খুব ভালো বক্তা। আমরা যখন ছাত্র রাজনীতি করতাম, মানসদার বক্তব্যে উদ্বুদ্ধ হতাম। মানসদা থাকলে তাঁকে বলতে পারতাম মেটিরিয়াল কস্ট্ বাড়লে, প্রোডাকশান কস্ট্ বাড়লে তেলের কস্ট্ বেড়ে যায়। এটা তো ব্যবসায়িকদের নিয়ম। একটা সরকার কি ব্যবসায়ী হবে? সরকারের কোন মানবিক মুখ থাকবে না? সরকারের কোন মানবিকতাবোধ থাকবে না? ওখানে ৫ টাকা বাড়লে আমাকেও ৫ টাকা বাড়িয়ে দিতে হবে। তাহলে একটা ব্যবসায়ীর সাথে একটা সরকারের পার্থক্য কোথায়? এটা কোন বাজারি সরকার তার পৃষ্ঠপক্ষের চ্যানেলে গিয়ে বললে, আমার কোন বক্তব্য থাকত না কিন্তু একটা পশ্চিমবঙ্গ সরকার তার মানবিক মুখ থেকে সেটা কিরকম ভাবে করবে আমি মানস দা থাকলে এ কথা জিজ্ঞাসা করতাম। আমার খুব জিজ্ঞাসা করতে ইচ্ছে করে, আমার খুব বারেবারে জানতে ইচ্ছে করে যে যখন ডিজেল,

পেট্রোল তার দাম বাড়ে এবং সেই দামের ফলে মূল্য বৃদ্ধি ঘটে এবং তার প্রেসার যখন গরীব মানুষের উপরে পড়ে তার বিরুদ্ধে প্রতিবাদ করতে গেলে মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রীসহ সমস্ত মন্ত্রী নিয়ে পদত্যাগ করে গরীব মানুষের পাশে থাকার অঙ্গীকার করার পরেও বামপন্থী বন্ধুরা যখন বলে ভাবে যে আমরা এই লড়াইটায় টিকে থাকতে পারলাম না সেই সস্তা বাংলা বন্ধের রাজনীতি বারবার ব্যবহার করে বাংলাকে পিছিয়ে নিয়ে যাওয়ার ষড়যন্ত্র করে। আমি মাননীয়া সহ উপাধ্যক্ষা মহাশয়া আপনার মাধ্যমে একটাই কথা বলতে চাই, বাংলা এগিয়ে চলেছে। মমতা বন্দ্যোপাধ্যায় ২৪ ঘন্টার মধ্যে ১৮ ঘন্টা পরিশ্রম করার ফলে আমি নিশ্চিতভাবে বিশ্বাস করি এই হাউসে সবাই মনে মনে অন্তত ভাবেন যে একজন মহিলা অত পরিশ্রম করেন কিভাবে। একজন মহিলা এত চিন্তা করেন কিভাবে? একজন মহিলা সামান্য সময়ের মধ্যে বাংলাকে এত তাড়াতাড়ি অগ্রগতির পথে কিরকম ভাবে নিয়ে যান? আমি নিশ্চিতভাবে বিশ্বাস করি, মনে মনে তারা অন্তত একবার রাতের অন্ধকারে হলেও নিজের মনে নিজেও ভাবেন, নিজেই বলেন, — তুমি কেমন করে গান করো হে গুণী, আমি অবাক হয়ে শুনি, কেবল শুনি। ধন্যবাদ।

শ্রী দীপক চ্যাটার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, ভারতের সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, সেই ভাষণের পরিপ্রেক্ষিতে আলোচনা করতে গিয়ে প্রথমেই আমার মনে হয়েছে, যে এই ভাষণ পরিপূর্ণতা আনতে পারে নি। আমার মনে হয় আপনারা যারা সরকারে আছেন, যে সমস্ত বন্ধুরা বক্তব্য রাখলেন আপনাদের আরও অনেক সহ্য করতে হবে। ২২ মাস অতিক্রান্ত। এখনও পর্যন্ত আপনারা স্লোগান দিচ্ছেন বামফ্রন্ট সরকার ৩৪ বছরে কিছু করেনি। কেন? রাজ্য সরকার কাজ চায় এবং রাজ্যবাসী কাজ চায়। রাজ্যবাসী ৩৪ বছর ধরে লালন পালন করে এসেছে বামফ্রন্ট সরকারকে। আরও বেশি ভালো, আরও বেশি উন্নয়ন। এইটা চাওয়ার জন্যেই তো পরিবর্তনের সরকার। এইটার জন্যই তো মা-মাটি-মানুষের সরকার। না, বিধানসভায় বসে শুধু বৃদ্ধি হয়েছে, বৃদ্ধি হয়েছে বলে সেই ছোট ছেলের বেলুন ফোলানোর মত বেলুনটা ফেটে যাবে ক্ষতি হবে রাজ্যের। আমাদের ২০১১ সালের এপ্রিল মাসে নির্বাচন হয়েছে। মে মাসে আপনারা সরকারে এসেছেন। জুলাই-আগস্ট মাস, চাষের মরসুম। আমন ধানের চাষ হবে। কৃষি প্রধান রাজ্য আমাদের পশ্চিমবাংলা। ধানের দাম তখন কত? ৭০০ টাকা কুইন্টাল। যেখানে এপ্রিল মাসে ছিল ১১০০ থেকে ১২০০ টাকা কুইন্টাল। দু মাসের মধ্যে এমন কি ঘটনা ঘটল যেখানে চাষীভাইরা আমন ধানের চাষ করার জন্য তারা খরচা করবে সেই ধানের দাম কমে গেল। সারের দাম। সারের দাম বেড়ে গেল ৬০০ থেকে ১৮০০ টাকা কুইন্টাল বস্তা। সেই জায়গায় দাঁড়িয়ে চাষীভাইদের কি অবস্থা? আমি নিজে কৃষক পরিবারের ছেলে। আমাদের ধান বাঁধা আছে ঐ চাষের আগে বিক্রি করে আবার আগামী দিনে চাষ করব বলে। বাস্তব অনুভূতির মধ্যে কথা বলছি। রাজ্যকে এগোতে হবে। মানুষ তো আপনাদের প্রতি আস্থা রেখেছে। মানুষ তো চেয়েছে আপনারা কাজ করুন। আমরা বামপন্থীরা রায় মেনে নিয়েছি। কিন্তু সে জায়গায় শুধু বৃদ্ধির অঙ্কের হিসাব দেখিয়ে যাবেন গ্রাম বাংলার মানুষের দুরাবস্থা সহ্যের সীমার বাইরে চলে গিয়েছে। আপনারা রাস্তায় নামুন। রবীন্দ্রনাথের কথায় আমার যা মনে হচ্ছে আপনারা মুক্তি চাইছেন। রবীন্দ্রনাথ ঠাকুর ধূলামন্দিরে লিখেছেন, ''মুক্তি, ওরে মুক্তি কোথায় পাবি। মুক্তি কোথায় আছে। আপনি প্রভু সৃষ্টি বিধান পরে বাঁধ সবার কাছে। রাখ রে ধ্যান, থাক রে ফুলের ডালি। ছিঁড়ুক বস্ত্র, লাগুক ধূলাবালি, কর্ম যোগে তার সাথে এক হয়ে ধর্ম পড়ুক

ঝরে।" অতএব কাজ করতে হবে। কাজ করে ঘাম ঝরাতে হবে। এখানে বসেই শুধু বৃদ্ধির বেলুন ফোলানে হবে না। কৃষক আত্মহত্যা যাতে না করে, আমরা সমালোচনা করছি না, আমরা ৩৪ বছর ছিলাম, আপনারা ৬৮ বছর থাকুন, কোন অসুবিধা নেই। রাজ্য যদি শান্তিতে থাকে তাহলে পরে তো আমরা উপকৃত হবো। যতই আমাদেরকে আপনারা বলুন না যে সভা শুনতে না পারলে সভা থেকে বেরিয়ে যান। ঘটনা হচ্ছে, উন্নয়ন পকেটে ঢোকার জিনিস নয়। পকেটে রাখার জিনিস নয়। উন্নয়ন চোখে দেখা যায়। সবাই দেখতে পাবে। আর উন্নয়ন শান্তি ছাড়া হতে পারে না। যে রাজ্যে শান্তির বাতাবরণ নেই, সেখানে উন্নয়ন হতে পারে না। আর উন্নয়ন শান্তি থাকলে পরে রাখার জন্য দরকার গণতান্ত্রিক অবস্থান। আর এই গণতান্ত্রিক অবস্থান যদি ফিরে না আসে পশ্চিমবাংলার বুকে, আমাদের রাজ্য আরো পিছিয়ে যাবে। সামগ্রিকভাবে ক্ষতি হবে। কৃষক ভাইরা আত্মহত্যা করছে। জিনিসপত্রের দাম হু হু করে বাড়ছে। কৃষক বন্ধু দেখাচ্ছেন। আপনারা কতদিন ক্ষেতমজুরের দিন মজুরের জন্য আন্দোলন করেছেন, মজুরী বৃদ্ধির জন্য আন্দোলন করেছেন। আজকে যে বলছেন রেকর্ড করেছে ধানে আর চালে পশ্চিমবাংলা, এটা ৩৪ বৎসরের ফসল। ২২ মাসের ফসল নয়। যে রেকর্ডটা পাচ্ছেন, এই রেকর্ডটা ৩৪ বছর ধরে করে এসেছে বলে আজকে ধান ও চালে উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম জায়গায় আসছে। শিক্ষাক্ষেত্রে এমন কোন গ্রাম পাবেন না, যেখানে বিদ্যালয় তৈরী করা হয় নি। আপনারা সেই পরিকাঠামোতে এসেছেন। সেই পরিকাঠামোর আরো উন্নতি করুন, যে পরিকাঠামোর উন্নয়ন করলে পরে, সামগ্রিকভাবে সারা পশ্চিমবাংলা একটা জায়গায় পৌঁছাবে। আমরা আপনাদেরকে সহযোগিতা করতে রাজী আছি। আইনশৃঙ্খলা, কি অবস্থা। মহামান্য রাজ্যপালের ভাষণে সেই রকম কিছুর উল্লেখ নেই। আমরা যে ২২ মাস ধরে আইনশৃঙ্খলার কথা শুনে এলাম, বিভিন্ন মিডিয়ার মাধ্যমে, বিভিন্ন পেপারের মাধ্যমে আপনারা ঘোষণা করলেন, এগুলো সব মিথ্যে। পুলিশ গুলি চালায় নি, লোবাতে। মারা যায় নি পুলিশ। পুলিশ বিভিন্ন জায়গায় গুলি চালায় নি, যেগুলো আমরা জানতে পেরেছি, এগুলো সব মিথ্যে। তাহলে আইন প্রশাসন নিয়ে তো একটা কথা তো লিখতে হবে। আইন প্রশাসনকে তো আরো কঠোরভাবে সাজাতে হবে। সমালোচনা করার জন্য নয় বা বক্তব্য রাখার জন্য বক্তব্য নয়। এগুলোকে তো সামলাতে হবে। আমাদের রাজ্যের জন্যই সামলাতে হবে। কিন্তু না এখানে এসে বলে যাব, আইনশৃঙ্খলার প্রভূত উন্নতি হয়েছে। দিনের পর দিন ধর্ষণ হয়েছে আমাদের রাজ্যে। নানান ধরণের মন্তব্য আমাদের রাজ্যবাসীর কানে ঘোরাফেরা করেছে। কোন রকম তার বিহিত ব্যবস্থা নেই। সব জানেন আপনারা। আমরা গ্রামবাংলার ছেলে পরিসংখ্যান অঙ্কের ব্যাপারে অতটা নয়। সেই জায়গায় দাঁড়িয়ে এই আইনশৃঙ্খলার ব্যাপারে পরিষ্কার কথা মানুষকে বোঝাতে হবে। এবং আইনশৃঙ্খলাকে আরো কঠোরভাবে কাজ করাতে হবে। খুব ভাল কথা বলেছেন, মাঠ-নালা হয়েছেন। হ্যাঁ চাই, জলসেচের দরকার, চাই। পশ্চিমবঙ্গে প্রচুর কৃষিজমি আছে, যেখানে জল সেচের অভাবে চাষ করা যাচ্ছে না। কিন্তু মুখে বললে হবে না। আমার বীরভূম জেলায় কোথায় মাঠ-নালা আছে। কোথায় আপনারা ২২ মাসের মধ্যে তৈরী করেছেন। পরিসংখ্যান দিন আপনারা। যে হ্যাঁ এই জায়গায় আপনারা মাঠ-নালার মাধ্যমে জমিতে জল দিয়ে সেই জমি এক ফসল জমিকে ১২ মাস ফসল ফলানো হচ্ছে। আর এই কৃষি ফসল বিক্রি করার জন্য গুদাম, এ বামফ্রন্ট সরকারের কর্মসূচী। বামফ্রন্ট সরকার এই কর্মসূচী করে পথ দেখিয়েছিল। আপনারা ইমপ্লিমেন্টেশান করছেন। ভাল কথা তো। কৃষক তার ফসল নিয়ে এসে হিমঘরে রাখবে, আগামী দিনে বিক্রি করবে। এটা তো বামফ্রন্ট সরকার

চিন্তা-ভাবনা করেছিল। আপনারা এটাকে আরো উন্নতির জায়গায় নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। এইজন্য তো সাধুবাদ জানাই। এটাতে তো কোন অসুবিধার ব্যাপার নেই। আমরা করেছি, ওরা করেছে, এই কথাটা নয়। আপনারা সামগ্রিকভাবে বিচার করে দেখবেন যে আমাদের রাজ্যের অবস্থা দিনের পর দিন কিন্তু পিছিয়ে যাচ্ছে। একটা জায়গায় দেখলাম, মাটি মেলা, ধরিত্রী মায়ের সঙ্গে মানব জাতির সম্পর্ক। আমার ঠিক উদাহরণ মনে হচ্ছে, এই আকাশবাণী ভবনের সামনেটায় দাঁড়ালে পরে রবীন্দ্রসঙ্গীত কানে আসে। ঠিক একটু সরে গেলে পরে কিন্তু আর কানে আসে না। পানাগড়ে বসে মাটি মেলা করলেন। সমগ্র পশ্চিমবঙ্গের রাজ্যের মানব জাতির আত্মাই চলে এল। সেই জায়গায় কল্পনা করেই, হ্যাঁ, এই কথাটাই বলতে চাইছি, যে কল্পনা করে হবে না, একদম মাটিতে মেনে কাজ করতে হবে। ঘাম ঝরাতে হবে। সরকারে এসেছেন, রাজ্যের মানুষ অনেক আশা করে, কিন্তু ভাববেন না, যে বামফ্রন্ট সরকারকে তারা সরিয়েছে। আরো বেশি কাজ, আরো বেশি উন্নয়ন, আরো বেশি ভালো রাজ্য, পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে এক নম্বরে আসবে এই আশাতে মানুষ আজকে আপনাদের নিয়ে এসেছে। কিন্তু এই ২২ মাসে অর্থাৎ সকাল অতিক্রান্ত, সকাল পেরিয়ে ফেলেছেন আপনারা। এই ৩৪ বছর ধরে বামফ্রন্ট কিছু করেনি করেনি করে সকালটা পেরিয়ে গেল, দুপুরে প্রবেশ করেছি। এই দুপুরটায় আপনারা কি করতে পারবেন দেখুন। তারপরেই তো সন্ধ্যেবেলা, তারপরে রাত্রি। রাত্রিতে কোনো কাজ বেশি হয় না। রাত্রিতে অশুভ কাজই বেশি হয়। অতএব এখনো সময় আছে, আপনারা ঘাম ঝরান, কাজ করুন, আমরা আপনাদেরকে সহযোগিতা করব। রাজ্য আমাদের এগিয়ে যাক। তাই রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করতে পারলাম না। বিরোধিতা করে আমি আমার কথা শেষ করছি। জয় হিন্দ। ধন্যবাদ।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন যে ভাষণ দিয়েছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমি কয়েকটি কথা হাউসের সামনে তুলে ধরতে চাই। আমার পূর্ববর্তী বক্তা দীপকবাবু যে কথাগুলো বলছিলেন, আমি জানি না সেই কথাগুলোর কতটুকু যৌক্তিকতা আছে। পশ্চিমবঙ্গ ৩৪ বছর, ৩৪ বছর কত্তাটা আপনি বলছিলেন — কথাটা ভুল। আপনি কি ছিলেন না ৩৪ বছর না কম ছিলেন? মনে পড়ছে না '৭২-'৭৭ এর কথা, আপনারা বলতেন। আমি একটু অন্য জায়গায় চলে আসছি। জঙ্গলমহলে আমরা যখন কাগজ খুলতাম দু বছর আগে তখন সবসময় দেখতাম রোজ হয় একজন দুজন মারা যাচ্ছেন, মানুষ সেখানে ঘর করতে পারতো না, মাওবাদীদের অত্যাচারে রক্ত বন্যা হচ্ছে, রক্ত ঝরছে, রক্তে মাটি ভিজে যাচ্ছে, বারুদের গন্ধ পাচ্ছি, গোলার গন্ধ পাচ্ছিলাম। আর এখন আমরা কি দেখছি — আমাদের মা-মাটি-মানুষের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতাময়ী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি জঙ্গলমহলে যাচ্ছেন। আজকে মানুষ, ছেলে, শিশু, মেয়ে থেকে প্রত্যেকে তারা অবাধে বিচরণ করছে, লেখাপড়া শিখছে, স্কুলে যাচ্ছে, সাইকেল চেপে যাচ্ছে। তারা কর্মজীবন ফিরে পেয়েছে। তারা জানতো না তারা কাজ পাবে কি না, তারা জানতো না বাড়ি ফিরবে কি না, তারা জানতো না তারা খেতে পাবে কি না। এখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি জঙ্গলমহলে শান্তির বাতাবরণ তৈরী করে সেখানে স্কুল, কলেজ, হাসপাতাল থেকে আরম্ভ করে সবকিছু তিনি করে দিয়েছেন। শুধু তাই নয়, গরীব মানুষদের জন্য দু টাকা করে চাল বরাদ্দ করে দিয়েছেন। এরপরেও কি বলবেন যে শান্তির বাতাবরণ তৈরী হয় নি? এরপরেও কি বলবেন বামফ্রন্ট সরকারের আমলে

যে কাজ করেছিলেন, যেখানে অত্যাচার হত সেই জায়গায় দাঁড়িয়ে আজকে মাত্র দু বছরও হয় নি — এক বছর কুড়ি মাসের সরকার আজকে কোন্ জায়গায় গিয়ে পৌঁছে গিয়েছে। মাত্র এক বছর কুড়ি মাস হয়েছে, পাঁচ বছর অপেক্ষা করুন, দেখবেন অনেক কাজ হয়েছে, এটা দেখে যাবেন। আমি আর একটা কথা বলি, বামফ্রন্ট সরকার কল্যাণের কথা ভাবেন নি, বারবার কল্যাণকর কল্যাণকর কথা বলে মানুষের কোনো কল্যাণ করেন নি, শুধু মানুষকে কাজে লাগিয়েছেন। আর কি করেছেন — ধর্মঘট করেছেন, বনধ্ করেছেন, লক আউট করেছেন, কর্মসংস্কৃতিকে নষ্ট করে দিয়েছেন। আমাদের মা-মাটি-মানুষের সরকারের বিরুদ্ধে কথা বলছেন? রাজ্যপালের ভাষণের বিরুদ্ধে বক্তৃতা দিচ্ছেন? আমি বলছি আপনাদের, শুনুন ভালো করে। ৯৪ লক্ষ ৮০ হাজার শ্রম দিবস আপনারা নষ্ট করেছেন ২০১০ সাল পর্যন্ত। মানুষের আশীর্বাদে আজকে ২০১১ সালের ১৩ই মে আমরা ক্ষমতায় এসেছিলাম। ২০ তারিখে আমরা সবাই শপথ নিয়েছিলাম। তারপর থেকে ২০১১ সালে আমাদের সেই জায়গায় দাঁড়িয়েছে ১০ হাজার। ভাবা যায়?

[3.40–3.50 p.m.]

২০১২ সালে সেই জায়গায় ৫,২৩৪ শ্রম দিবস নষ্ট হয়েছে। আপনারা যদি সহযোগিতা করেন তাহলে আমরাঅনেক জায়গাতেই এগিয়ে যেতে পারব। আমরা সব জায়গাতেই দেখতে পাচ্ছি বামপন্থীরা উন্নয়নের কাজে বাধা দেবার চেষ্টা করছেন। আপনারা একটার পর একটা জায়গায় বাধা দেবার চেষ্টা করছেন, যাতে এই রাজ্যকে আরও বেশি করে পিছিয়ে দেওয়া যায়। এই রাজ্যকে পিছিয়ে দেওয়া যাবে না, কারণ এই রাজ্যের মুখ্যমন্ত্রী হচ্ছেন মমতা বন্দ্যোপাধ্যায় এবং তার সঙ্গে মানুষ আছেন, প্রত্যেকেই আমাদের সঙ্গে আছেন। আপনারা যতই চেষ্টা করুন না কেন, আমাদের রাজ্যকে পিছিয়ে দেওয়া যাবে না। মাননীয় রাজ্যপাল যে ভাষণ এই হাউসে দিয়েছেন তা সঠিক সেই ব্যাপারে কোন সন্দেহ নেই। একটা রাজ্য এগোতে পারে যদি তাদের রাস্তাঘাট, জনসম্পদ, বিদ্যুতের চাহিদা এবং জোগানের মধ্যে সামঞ্জস্য থাকে। আমাদের রাজ্যে জমি আছে, সব কিছু আছে কিন্তু চাষ হচ্ছিল না। কারণ চাষীরা ঠিক সময়ে জল পাচ্ছিল না। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সমস্ত জিনিস চিন্তা করেছেন, আমাদের সমস্ত কিছু থাকা সত্ত্বেও কেন এই রাজ্যের মানুষ অনাহারে থাকবেন, কেন শিশু-মৃত্যুর হার বাড়বে। তার তিনি স্লোগান দিলেন, 'জল ধরো, জল ভরো'। এই প্রকল্পের মধ্যে দিয়ে ৪৫ হাজার জলাধার আজকে তৈরী করা হয়েছে। এর সুফল কিন্তু আমরা পাবোই। বর্ষাকালে এই জলাধারগুলো জলে পরিপূর্ণ হয়ে যাবে, সেখান থেকে সুখা মরশুমে চাষের জন্য যেমন জল পাবে, তেমন সেই জলাধারে চাষীরা মৎস্য চাষ করবেন। এইভাবে একটার পর একটা দিগন্ত আজকে তিনি খুলে দিয়েছেন মানুষের উন্নয়নের জন্য। আর আপনারা খালি চেঁচিয়ে যাচ্ছেন, এটা হচ্ছে না, ওটা হচ্ছে না বলে। আমরা পিছিয়ে যাবো না, আমাদের পিছোতে কেউ পারবে না, কারণ আমরা মানুষের জন্য কাজ করছি এবং কাজ করে যাবো। উত্তরবঙ্গে কয়েক হাজার কোটি টাকা দিয়ে তিস্তা প্রকল্পের কাজ অনেকদিন আগেই শুরু হয়েছিল এবং ১ লক্ষ ৬৪ হাজার একর জমিতে চাষের জল দেওয়া হবে, তাতে উত্তরবঙ্গের মানুষ উপকৃত হবেন। কিন্তু তখন আপনারা কি করলেন? তখন অনেকেই আপনারা ঐ প্রকল্প থেকে করে কম্মে খেয়েছেন। কয়েক হাজার কোটি টাকা সেখান থেকে আপনারা আত্মসাৎ করেছেন, সেটা একটা বন্ধদশা অবস্থায় পড়েছিল। যেমন ৩৪ বছরে বামফ্রন্ট সরকার এই রাজ্যটাকে বন্ধদশায় পরিণত করেছিল। আমাদের

নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন, না এটা করা যাবে না। তিস্তা ব্যারেজের উন্নয়ন হবে এবং সাথে সাথে উত্তরবঙ্গের মানুষ যারা আজকে চাষের জলের জন্য ভুগছেন, তারা চাষের জল পাবে এবং সেই তিস্তা প্রকল্পের কাজ শেষ হবে। চৌত্রিশ বছরে আপনারা আশি একর জমি শিল্পের জন্য নিয়েছিলেন, কিন্তু করেন নি কিছুই। রাজ্যে পঞ্চান্ন হাজার কারখানা আপনারা বন্ধ করে রেখে দিয়েছিলেন। আপনারা অনেকেই জানেন হাওড়াকে ফাউন্ড্রি নগরী বলা হত। সেই হাওড়াতে সব কারখানাগুলো বন্ধ হয়ে পড়েছিল। এখন গিয়ে দেখে আসবেন, সেখানে শিল্পগুলো আবার চালু হচ্ছে, একটি কত্রারখানাও আমরা বন্ধ করতে দিচ্ছি না। যতই আপনারা অভিযোগ করেন, আমরা একটি কারখানাও বন্ধ করতে দিচ্ছি না। সমস্ত জায়গায় নতুন করে কারখানা তৈরী হচ্ছে। আমাদের এই সময়কালে হাওড়ার ধুলাগড়ে অম্বুজা সিমেন্ট কোম্পানি নতুন করে ইউনিট চালু করছেন।

একটার পর একটা দিগন্ত শুরু করেছি আমরা। একটার পর একটা দিগন্ত শুরু করেছি। অতএব, এই যে বাজেট, এই বাজেটে জানবেন, আমাকে যদি একটু সময় দেন, একটু kindly সময় দেবেন?

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনার সময় আছে তো, আপনি বলুন।

শ্রী শীতল কুমার সর্দার : আজকে আপনারা শিশু-মৃত্যু হার নিয়ে হৈ হৈ করে উঠছেন। শিশু-মৃত্যু আগেও হয়েছিল। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যখন দেখলেন যে, শিশু-মৃত্যুর হার বেড়েছে; তখন ১০৮টি SNCU চালু করলেন। ঝট করে শিশু-মৃত্যুর হারটা কমে গিয়েছে অনেক, আগামীদিনে আরো কমবে। এছাড়া আজকে বলছেন যে, ডাক্তার নেই, হাসপাতালে ডাক্তার নেই, কিচ্ছু নেই। কি হবে? ডাক্তারিটা করবে কে এখানে? তারা তো বাইরে চলে যাচ্ছিল। এখানে MBBS যারা পড়বে তার সেই ব্যবস্থাই নেই। আজকে আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় একটার পর একটা কলেজ তৈরী করছেন। নতুন করে কলেজ তৈরী করে সেখানে আসন বাড়িয়ে মানুষের সুবিধার জন্য কাজ করে যাচ্ছেন। তাই আমি আপনাদের বলব আজকে মাননীয় রাজ্যপাল যে ভাষণ তিনি দিয়েছেন, আমি বলব সেই ভাষণ সম্পূর্ণভাবে তার যৌক্তিকতা আছে, তার আন্তরিকতা আছে। তাই এই ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীমতী শাওনি সিংহ রায় : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া। সর্বপ্রথম আমি আপনাকে শ্রদ্ধাজ্ঞাপন করি। ২০১৩-র যেহেতু এই বিধানসভার এই সভা প্রথম, তাই ২০১৩ সালের শুভ নববর্ষ আমার সকল colleague-গণকে জানাই। মহামান্য রাজ্যপাল ২০১৩-র বিধানসভার বাজেট অধিবেশনে তাঁর প্রারম্ভিক ভাষণ যেদিনকে পেশ করেন, সেইদিনটা ছিল ৮ই মার্চ। বিশ্ব নারী দিবস। স্বাভাবিকভাবেই আমরা যারা নারী আমাদের কাছে সেই দিনটি একটি বিশেষ মাত্রা পায়। মাননীয়া রাজ্যপাল তিনি তাঁর ভাষণের প্রথমেই সেই দিনটিকে উল্লেখ করেছেন। সেই সঙ্গে সঙ্গে তিনি বলেছেন, বর্তমান সরকার নারীদের আর্থিক ও সামাজিক অবস্থার উপর বিশেষভাবে গুরুত্ব নিক্ষেপ করেছে এবং বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করছে। কিন্তু আমাদের বক্তব্য এই জায়গায়, আমি নারী হিসাবে যখন সে কথা শুনলাম, মনে মনে একটু আনন্দই পেয়েছিলাম। কিন্তু সঙ্গে সঙ্গে যখন মনে পড়ল এই ২২ মাসের কথা পার্ক স্ট্রীট থেকে হাওড়া পর্যন্ত — একের পর এক ঘটনা যখন মনে পড়তে লাগল, আমার সেই আশা কিন্তু নিভে গেল। বিগত ৩৪ বছর বামপন্থীদের আমলে

বাংলার নারী লাঞ্ছিত, অপমানিত আমরা সকলে জানি। একদিনে চারজন করে মহিলার শ্লীলতাহানি হত গড়ে। আজকে বর্তমানে পরিবর্তন এসেছে। আশা করেছিলাম নতুন হয়তো কিছু আমরা দেখবো। কিন্তু দেখলাম বাংলার নারীরা যে তিমিরে ছিল সেই তিমিরে রয়েছে। অনেক বছর আগে স্বামী বিবেকানন্দ তিনি বিশ্ব ধর্মীয় সভায় বলেছিলেন, "My dear sister and brother of America." তিনি সর্বপ্রথম বলেছিলেন "My dear sister" আসলে তাঁর চিন্তনে সবসময় নারীর স্থান প্রথমে। আমরা সরকারী নির্দেশে দেখলাম প্রতিটা জেলায় প্রতিটা ব্লকে স্বামী বিবেকানন্দকে শ্রদ্ধাজ্ঞাপন করার জন্য তাঁর আদর্শকে মানার জন্য বিবেক মেলা হল। কিন্তু দুঃখ পেলাম, তাঁর যে চিন্তন, তাঁর যে আদর্শ, সেই আদর্শ কিন্তু বাংলায় প্রতিফলিত হল না। বাংলার মহিলারা যখন আঁতকে ওঠে, যখন তাদের উপর অত্যাচার হয়, তারা ভয়ে ভীত হয়ে তার সঠিক বিবরণ দিতে যায়, তখন বাংলার সরকার বলে, ওই মহিলা মিথ্যে কথা বলছে। তাই কেবলমাত্র বিবেক মেলা করে বিবেকানন্দকে শ্রদ্ধা জানানো যায় না। তার জন্য বলিষ্ঠ ভূমিকা নেওয়া একান্তভাবে প্রয়োজন। মাননীয় রাজ্যপাল তার ভাষণে বলেছেন, পুলিশি ব্যবস্থার যথেষ্ট উন্নয়ন হচ্ছে। আমরা চাই পশ্চিমবাংলার আইনি পরিস্থিতি যা তাতে করে পুলিশি ব্যবস্থার সঠিক পদক্ষেপ হোক। কারণ তারাই আমাদের রক্ষাকর্তা।

[3.50–4.00 p.m.]

কিন্তু দুঃখ পেলাম, অবাক হলাম। আজকে শুধু এটা আমাদের কথা নয়। বাংলার জনগণের কথা যে আজকে যারা রক্ষাকর্তা তারা আমাদেরকে কি রক্ষা করবে, তারাই নিজে আজকে সন্ত্রাসকারী দুষ্কৃতীদের হাতে মারা যাচ্ছেন। ভুলিনি আমরা ১২ই ফেব্রুয়ারী ২০১৩। গার্ডেনরীচে একটা কলেজের ঘটনাকে কেন্দ্র করে, পশ্চিমবাংলার মানুষ আমরা অবাক হয়ে গেলাম। সেখানে একজন পুলিশ, দায়িত্বশীল ব্যক্তি, যিনি তাঁর কর্মকাণ্ডের জন্য সেখানে উপস্থিত ছিলেন। তাঁকে চলে যেতে হল অকালে। ফেলে গেলেন ছেলে মেয়ে এবং তাঁর স্ত্রীকে। সেই তাপস চৌধুরীকে, আমরা তার নাম একটি বারের জন্যেও শুনলাম না রাজ্যপালের শোক প্রস্তাবের মধ্যে। বহু ব্যক্তির নাম স্মরণ করে যারা আমাদেরকে ছেড়ে চলে গেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব হল। কিন্তু যে ব্যক্তি দায়িত্ব পালন করার জন্য এই পৃথিবীর মায়া ছেড়ে চলে গেলেন, শোক প্রস্তাবে তার নামটা একটিবারের জন্য আসলো না। এতে আমরা কষ্ট পেলাম। আজকে দেখলাম আমরা রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে দেখলাম তিনি বাংলার উন্নয়নের কথা বলছেন। মানুষের নিত্য প্রয়োজনীয় চাহিদার মধ্যে বিদ্যুৎ এক অপরিহার্য বিষয়। আজকে বাংলার মানুষ তারা প্রতিদিন ঘুম থেকে উঠে রাত পর্যন্ত নানা কাজে লিপ্ত থাকে। বিদ্যুৎ যেমন প্রয়োজনীয়, স্বাস্থ্য ব্যবস্থা থেকে শুরু করে রাস্তা ঘাট সকল বিষয়ই প্রয়োজনীয়। আমাদের রাজ্যপালের ভাষণে প্রমাণ হল যে বিদ্যুৎ ব্যবস্থার অগ্রগতি খুব সুন্দর। আমি গ্রাম বাংলার কথা বলবো না। কারণ গ্রাম বাংলার বিদ্যুতের পরিস্থিতি যে কি যারা ওখানকার জনপ্রতিনিধি আছেন তাঁরা ভালই জানেন। ৩৪ বছরে বামপন্থীরা বিদ্যুৎ ব্যবস্থা মানুষের দ্বারে দ্বারে, বাংলার ঘরে ঘরে পৌঁছাতে পারে নি। আমি কলকাতার কথা বলি। মহানগরী কলকাতা, তিলোত্তমা কলকাতা, কল্লোলিনী কলকাতা যে কলকাতাকে নিয়ে স্বপ্ন দেখছেন লণ্ডনের। আজও, আজও সার্ভেতে বলছে আমাদের এই কলকাতার বুকে, ৩৬৬৩৯ টি বিদ্যুৎহীন বাড়ি রয়েছে, দশ বছর আগে এর সংখ্যা ছিল ৪০৫৪৭টি বিদ্যুৎহীন বাড়ি। তার মানে দশ বছরে অগ্রগতি হয়েছে খুবই

সামান্য ৭.৬ শতাংশ। এইভাবে যদি এগোতে থাকে বিদ্যুতের উন্নয়ন তাহলে একশো বছর লাগবে পশ্চিমবাংলার কলকাতার প্রতিটা ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছাতে। জানি না বিদ্যুৎহীন অবস্থায় কলকাতা কিভাবে লন্ডন হবে? এটাই আমাদেরকে অবাক করে দেয়। যদি কলকাতা লন্ডন হত, নিশ্চয় এই বাংলার একজন মানুষ হিসাবে ভীষণ, ভীষণভাবে খুশী হতাম। রাজ্যপালের ভাষণে, তিনি সাফল্যের সঙ্গে আনন্দিত হয়ে বলেছেন যে আজকে শ্রম দিবস নাকি আমাদের বৃদ্ধি পেয়েছে। আজকে মানুষের কর্মহীন দিবসের হার কমেছে। গণতান্ত্রিক দেশে বাস করি আমরা। স্বাভাবিকভাবে, গণতন্ত্রের অধিকার নিয়ে বিভিন্ন রাজনৈতিক দলগুলো বনধ্ ডাকে। সেই জায়গায় সরকারী কর্মচারীরা যাতে অফিসে আসে তার জন্য তারা সফলতা পেয়েছে। ভাল কথা। কিন্তু পাশাপাশি সেই কথাটা বলতে মনে হয় তিনি ভুলে গেছেন, আজকে আমরা যেটা দেখছি, যে আজকে আইনি ব্যবস্থা — কোন মানুষ চাকরীতে গেল না, তার শাসন ভার তুলে দেওয়া হয়েছে কাদের ওপরে? বর্তমান সরকারের ক্যাডারের ওপরে। কোন পঞ্চায়েত কর্মী, সেই বন্ধের দিন কাজে গেল না, তার জন্য তার কান কেটে নেওয়া হল। কোন ভদ্রলোক তিনি আজকে সরকারী কাজ করেন বলে সেখানে যেতে পারলেন না তার জন্যে তার মাথায় রড মারা হল। কোন প্রধান শিক্ষককে আজকে দরজা বন্ধ করে রাখা হল। এই আইনের ব্যবস্থা .. (গোলমাল) .. আপনাদের ওপর, আপনাদের হাতে দেওয়া হয় নি। তার জন্য রয়েছে আইনি প্রশাসন। তাদের ওপরে দেওয়া হোক। বাংলায় আর ঐ কথা বলতে ভাল লাগে না, বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে। যখনই কখনো উন্নয়নের কথা আসে, বাংলার বুকে বারবার শুনেছি ঋণ-ঋণ, ঋণের কথা। বামপন্থীরা ঋণ করে গেছেন তার জ্বালায় জর্জরিত সেটাও দেখতে পেলাম এই রাজ্যপালের ভাষণের মধ্যে। একটা কথা আপনাদেরকে বলি বন্ধু, পাশের প্রতিবেশী রাজ্য হচ্ছে বিহার। বিহারের এর আগে 'রাষ্ট্রীয় জনতা দল' ছিল, তখন নেওয়ার পর যখন, নতুন সরকার হাতে নিল, তখন সেই সরকারের ঋণের বোঝা ছিল অভ্যন্তরীণ উৎপাদনের ৫২ শতাংশ, সেখানে পশ্চিমবাংলার ঋণের বোঝা হচ্ছে অভ্যন্তরীণ উৎপাদনের ৪২ শতাংশ। আজকে যখন দেখা যাচ্ছে, একাদশ পঞ্চবার্ষিকির যোজনার সময় সমীক্ষায় দেখা যাচ্ছে সেই ঋণের বোঝা কাটিয়ে বিহার আজকে হু হু করে এগিয়ে যাচ্ছে, তার আর্থিক পরিস্থিতি আজকে ১১.৭ শতাংশে দাঁড়িয়েছে। তাহলে কেন বাংলা পারবে না? সেই ঋণের বোঝা বিহারের গায়ে ছিল, বাংলার গায়ে তার থেকে অনেক কম। তবু কেন বাংলা পারবে না? আমরা চাই—অনেক আশা, অনেক প্রতিশ্রুতি নিয়ে আপনারা এসেছেন, পরিবর্তন করছেন আপনারাই। তাই আমি সর্বোপরি বলতে চাই, বাংলার মানুষ আজকে কি বলছে জানেন? — 'একদিন অনেকেই এসে বলবে, এবার সোনার সিংহাসন ছেড়ে, দূরের ফুলের মাটিতে নেমে এসো, তোমার এটা বঞ্চনার আগুন' .... (নয়েজ) ... আমরা বাঙালি জাতি।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রীমতী ফিরদৌসী বেগম : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় রাজ্যপাল গত ৮ই মার্চ বাজেট অধিবেশন শুরুতে যে বক্তব্য পেশ করেছেন - তা আমি সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। আমি এবং আমার বিধানসভা কেন্দ্রের বাসিন্দারা মনে করে যে পশ্চিমবঙ্গে গত ২১ মাসে জননেত্রী তথা মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে জনকল্যাণমুখী পরিষেবা চালু হয়েছে তা গোটা বিশ্বে নজির সৃষ্টি করেছে। কেন্দ্রের সীমাহীন আর্থিক বঞ্চনা সত্ত্বেও, বাম জামানার দেনার দায় উপেক্ষা করেই সীমিত সামর্থের

মধ্যে দাঁড়িয়ে মা-মাটি-মানুষের সরকার যে কর্মসূচী বাস্তবায়িত করেছেন, সেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দেখিয়ে দিয়েছেন। রাজ্যপাল মহোদয় যে ভাষণ প্রকাশ করেছেন তাতে ছত্রে ছত্রে তিনি তুলে ধরেছেন শান্তি, উন্নয়ন এবং বিভিন্ন সাফল্যের কথা তিনি প্রতি মুহূর্তেই আমাদের কাছে বক্তব্য-এর মধ্যে তুলে ধরেছেন। তার জন্য আমি ওনাকে কৃতজ্ঞতা জানাই। যারা যখন বিরোধী দলে বসে, আমাদের প্রশাসনের বিভিন্ন ত্রুটি-বিচ্যুতির কথা খুঁত ধরছেন, ওনাদের উদ্দেশ্যে আমি জানাই, একটা প্রশ্ন রাখি যে জনরায়ে যখন আপনারা আপনাদের রাইটার্স বিল্ডিং ছেড়ে চলে এলেন, তখন বাংলাকে কতটা হতাশশ্রী এবং জনজীবনকে কঙ্কালসার করে রেখেছিলেন, সেটা একবার ভেবে দেখেছিলেন? আপনারা সেটা ভাববেন কেন। আসলে আপনাদের সময় কঙ্কালকান্ড, নন্দীগ্রাম, নেতাই গণহত্যার ঘটনা দিয়ে শুধুমাত্র পশ্চিমবঙ্গ নয়, দেশ ও জাতীয় লজ্জা। আমাদের এখানে উপস্থিতি এখানে এম.এল.এ. আছেন, তিনি একজন মহিলা। মহিলা হয়েও কি ভাবে একটু শিশুর উপর অত্যাচার করে, সেটা কিন্তু আমরা নিজেরা প্রমাণ পেয়েছি এবং দেখেছি, হাউসে সবার জানা নেই, তবু তার উদ্দেশ্যে বলি, জামুড়িয়া যিনি এম.এল.এ. আছেন, তিনি যে ভাবে একটা শিশুকে তার ডাস্টার দিয়ে মাথায় মেরে অত্যাচার করে তাকে হত্যা করার চেষ্টা করেছেন। সে আহত হয়ে সে হসপিটালাইজ হয়েছে। এটা হচ্ছে একটা মারা এবং মহিলা জাতির অসম্মান করেছে সে। মহিলা জাতি মায়ের জাত সে, সে মাকে অসম্মান করার জন্য ...(নয়েজ)... অথচ বড় বড় কথা বলছে সে, বিরোধী পক্ষ থেকে বড় বড় কথা বলছে যে তারা নাকি কাজ করেছে। তারা নাকি আমাদের সরকারের বিভিন্ন...(নয়েজ)... আমাদের সরকার পক্ষে যারা কথা বলছেন...(নয়েজ) আপনারা সব সময়ের জন্য চেষ্টা করেছেন, আপনাদের লজ্জা ঢাকতে তখন এই মিথ্যে অভিযোগে ক্যাডারদের নিয়ে ...(নয়েজ)... বাজার গরম করছেন আপনারা। আমাদের জানা আছে ...(নয়েজ)... বাংলার মানুষ সেটা ভুলবে না, বাংলার মানুষ সেই জায়গায় কোন দিন ভুলবে না। এই সদ্য সমাপ্ত বিধানসভা সেইটা প্রমাণ করে দিয়েছে যে তাতে বামফ্রন্টের কতটা মার্জিন কমেছে, সেটা কিন্তু আমাদের প্রমাণ হয়ে গিয়েছে যে ৬ থেকে ১৩ শতাংশ মার্জিন কমে গিয়েছে। সেটা কিন্তু আমরা প্রমাণ পেয়ে গিয়েছি। সেই জন্য আমরা বলি, রাজ্যপালের ভাষণ বলতে গিয়ে আপনারা যত ভুল, মিথ্যে কুৎসা করবেন, ততই কিন্তু আপনাদের ফল খারাপ হবে।

[4.00–4.10 p.m.]

এবং আপনাদের ভোটের ফল আরো খারাপ হবে, আপনাদের পার্টি বিলুপ্ত হবে। তাই বলি সমর্থন করুন, সমর্থন করতে শিখুন। যে বক্তব্য রাজ্যপাল পেশ করেছেন তাকে সমর্থন জানান। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে মহিলা থানার উল্লেখ করেছেন। অনেকে বলেছিলেন আইন-শৃঙ্খলার কথা তিনি বলেন নি। মহিলা থানার কথা তিনি উল্লেখ করেছেন। মহিলাদের জন্য ১০ টি থানা অলরেডি চালু হয়ে গিয়েছে। সেটাও উল্লেখ করেছেন তিনি। তার মধ্যে একটা আমাদের এলাকা বারুইপুর অঞ্চলের মধ্যে পড়েছে, সেখানে একটা মহিলা থানা চলছে। আমরা সেটা দেখেছি। সেখানে পারিবারিক মানসিক অত্যাচারিত নির্যাতিত হয়ে যে মহিলারা সেখানে আসে অফিসারদের কাছে, অফিসাররা দক্ষতার সাথে যোগ্যতার সাথে তাদের কথাবার্তা শোনে এবং খুব সুন্দর ভাবে সেখানে কাজকর্ম চলছে। এটা কিন্তু আগের সরকার করতে পারে নি। কিংবা আগের সরকারের এই সমস্ত চিন্তাভাবনা ছিল না যে মহিলা থানার প্রয়োজন আছে। একজন মহিলা অফিসারের সামনে

একটা নির্যাতিতা মহিলা যে কথাটা সে ভাল প্রকাশ করতে পারবে, সেই জায়গাটা ছিল না। আজকে কিন্তু সেই জায়গাটা তৈরী হয়েছে। সেই সুযোগটা মানুষ পেয়েছে। শুধু মহিলা থানা নয়, মাননীয়া মুখ্যমন্ত্রী শুধু যে মহিলা থানা করে থেমে গিয়েছে তা নয়, মহিলা আদালতও তিনি তৈরী করেছেন। সেই মহিলা আদালতে যে রকম মানুষ বিচার পাবেন সেই রকম মহিলারা বিচার পাবেন। এটা বাংলার মা-বোনেদের ন্যায় বিচার পাইয়ে দেওয়ার জন্য মা-মাটি-মানুষের সরকারের একটা যুগান্তকারী সিদ্ধান্ত বা পদক্ষেপ সেটা বলাই বাহুল্য। যারা পান থেকে চুন খসলে লম্ফ ঝম্ফ করেন, আপনারাই বলুন ৩৪ বছর সরকারে ছিলেন, এক বছর দু বছর নয়, আপনাদের উদ্দেশ্যে একটা প্রশ্ন করতে চাই যে, কেন আপনারা ভাবেন নি মহিলা থানার কথা? কেন আপনাদের মাথায় আসে নি তখন? কেন ভাবেন নি মহিলা আদালতের কথা? এই তো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দেখিয়ে দিলেন যে মহিলা আদালত, মহিলা থানা করা যায়। এতেই আপনাদের বেশি গায়ে লাগছে দেখলাম। বিভিন্ন রকম ভাবে উন্নয়নমূলক কাজগুলো হচ্ছে, তাতে আপনাদের অনেক গায়ে লাগছে। কিন্তু আপনারা দেখেছেন, আপনারা এখন বুঝতে পেরেছেন মহিলাদের জন্য ৫০ শতাংশ রিজারভেশান পঞ্চায়েত ইলেকশানের জন্য এবং মহিলাদের ন্যায় বিচারটা পাইয়ে দেবার জন্য যে সুবিধাটা করে দিয়েছেন তাতে আপনাদের ভোট ব্যাঙ্ক শূন্য হতে চলেছে, আলিমুদ্দিন শূন্য হতে চলেছে। এটা ভেবে আপনারা মায়া কান্না কাঁদছেন। আপনারা বুঝতে পেরেছেন এই দিক থেকে যে আপনাদের আর স্থান নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, উনি এখানে, মাননীয় রাজ্যপালের ভাষণে সংখ্যালঘুদের উন্নয়নের জন্য সরকারের যে অসংখ্য কর্মসূচী আছে তা রাজ্যে সাধারণ মানুষ হিসাবে আমাকে গর্বিত করেছে। কারণ বাম জামানায় যারা ছিল সবচেয়ে উপেক্ষিত-বঞ্চিত, সেই পিছিয়ে পড়া সংখ্যালঘুদের জন্য জননেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রীর আন্তরিক উদ্যোগ সমাজ জীবনে গতি এনে দিয়েছেন। আমি নিজে একজন সংখ্যালঘু পরিবারের সন্তান। আমি সেই হিসাবে নিজে দেখেছি মাদ্রাসা অঞ্চলে মাদ্রাসা ছেলে-মেয়েরা কি ভাবে তারা পড়াশোনার জন্য কষ্ট করেছে। ঋণ এবং চাকুরীর জন্য তারা বিভিন্ন সরকারী দপ্তরে দিনের পর দিন ঘুরেছে। তাও তারা কোন রকম সুরাহা পায় নি। এখানে আমাদের রেজ্জাক সাহেব আছেন, তিনি মন্ত্রী ছিলেন, ওনাকে আমি বলবো যে কেন আপনি ভাবেন নি? এই সংখ্যালঘু যুবক যুবতীদের সুরাহা তো আপনি একটু করতে পারতেন। আপনাদের তো সরকার ছিল, দীর্ঘদিন ধরে তো আপনারা বসেছিলেন, কেন এইগুলো নিয়ে ভাবেন নি আপনারা? আমাদের মাননীয় মন্ত্রী ২০১২-১৩ সালের জন্য যে বাজেট পেশ করেছেন, সংখ্যালঘু উন্নয়নের জন্য ৭৩ শতাংশ বৃদ্ধি করা হয়েছে। গত আর্থিক বছরে ২৪ লক্ষ সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের ৩৫০ কোটি টাকার বেশি আর্থিক সহায়তা দিয়েছেন এই মা-মাটি-মানুষের সরকার। স্বনিযুক্তি প্রকল্পে ১৭৫ কোটি টাকা ঋণ দিয়েছেন সংখ্যালঘু বিত্ত নিগম। আমাদের মাদ্রাসা ১.৬ লক্ষের বেশি ছাত্রীকে সাইকেল বিলি করেছেন। প্রতি জেলায় সংখ্যালঘু ভবন হচ্ছে। মা-মাটি-মানুষের সরকারের ব্যবস্থাপনায় ২০১১-১২ সালের তুলনায় ২০১২-১৩ সালে হজ যাত্রী আরো বেশি হয়েছে। এই বছরে আরো বেশী পরিমাণে হজে যাবে বলে তারা অ্যাপ্লিকেশন করেছে। আমরা জানি, এটা আমাদের সবচেয়ে আনন্দের বিষয় আমরা বলতে পারি যে মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে হজে যাওয়ার জন্য মক্কায় যাওয়ার জন্য, হজ যাত্রী যারা, তারা অসুবিধায় না পড়ে সেই কারণে তিনি নিজেই তদারকি করছেন। একজন মুখ্যমন্ত্রী হয়ে হজ যাত্রীদের জন্য নিজে তদারকি করছেন। হয়েছিল কোন সরকারের আমলে? আপনারাই তো ছিলেন, আপনাদের মুখ্যমন্ত্রী কোন দিন করেছিলেন? এটা হলো পরিবর্তন। এটাই

পরিবর্তন এবং এই পরিবর্তনের কান্ডারী হচ্ছেন মাননীয়া মুখ্যমন্ত্রী। আসলে প্রিয় মুখ্যমন্ত্রী সংখ্যালঘুদের সামগ্রিক উন্নতি ও পরিষেবার বৃদ্ধি ঘটিয়ে বোঝাতে চেয়েছেন সমাজে সমস্ত শ্রেণীর মানুষের উন্নতি না হলে কোন জাতির সামগ্রিক অগ্রগতি হয় না। তাই বাংলাকে জগত সভায় শ্রেষ্ঠ আসনে বসানোর জন্য বাম অপশাসনে পিছিয়ে পড়া অনগ্রসর ও সংখ্যালঘুদের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যথার্থ উদ্যোগ নিয়েছেন। আশা করি বিরোধীরা তা স্বীকার করবেন। মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, গত ২১ মাসে হাজার হাজার কোটি টাকা আমাদের গ্রামীণ পরিকাঠামোয় যে প্রকল্প চালু হয়েছে, সেটা শুধু চালু হয় নি, তা রূপায়িত হয়েছে এবং অজস্র পরিষেবা সেখানে চালু হয়েছে। কলকাতার পাশাপাশি রাজ্যের সমস্ত এলাকায় নাগরিক স্বাচ্ছন্দ্য পরিষেবা কয়েক গুণ বৃদ্ধি পেয়েছে মা-মাটি-মানুষের সরকারের আমলে। আমি পৌরসভার একজন ভাইস চেয়ারম্যান হিসাবে বলি, আমি নিজে দেখেছি মা-মাটি-মানুষের সরকারের দৃষ্টিভঙ্গীর সাথে বাম সরকারের দৃষ্টিভঙ্গী অনেক তফাৎ। আগে পৌরসভায় কোন প্রকল্প পাশ করাতে গেলে আমাদের পায়ের শুকতলা ক্ষয়ে যেত। সেখানে একটা প্রজেক্ট স্যাংশান করাতে পারতাম না বা পরিষেবা পেতাম না। তার ফলে এলাকার বাসিন্দারা অসুবিধায় পড়ত। কিন্তু বর্তমান সরকারের নগরোন্নয়ন দপ্তর একটা টার্গেট ঠিক করে ফেলেছে। কোন কাজ ফেলে রাখা যাবে না। এই মানসিকতা তারা পৌরসভাটাকে, তারা পরিকাঠামোটাকে বদলে দিল। তাই আমার নিজের কেন্দ্র কামালগাছি অঞ্চলে ই.এম. বাইপাসে একটা পাইপ লাইনের কাজ যথারীতি শুরু হয়েছে। পরিকাঠামো ও পরিষেবা যাতে দ্রুততার সঙ্গে চলে, এর ফলে আমার দক্ষিণ কলকাতা অঞ্চলে আরও বেশি ভাল হবে। সবটা মিলিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী দৃষ্টি রেখেছেন এবং সব সময়ের জন্য তিনি চেষ্টা করছেন। প্রতিটি প্রকল্প যাতে দ্রুততার সঙ্গে চলে সেই অনুসন্ধানও তিনি করেন, খোঁজ খবর তিনি নেন। তাই বিরোধীদের অযথা বাজে কথা না বলে রাজ্যপালের ভাষণকে সমর্থন করার জন্য বলে আমার বক্তব্য শেষ করছি। (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গত ৮ই মার্চ এই বিধানসভায় রাজ্যের মহামান্য রাজ্যপাল যে বক্তব্য উপস্থিত করেছেন, সংবিধানের রীতি অনুযায়ী তাঁর সেই বক্তব্যের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচন শুরু হয়েছে। যদিও প্রথা অনুযায়ী এই আলোচনার আগেই বাজেট নিয়ে দীর্ঘ আলোচনা এই বিধানসভায় অনুষ্ঠিত হয়েছে। বাজেট পাশ হয়েছে। তারপর মহামান্য রাজ্যপালের বক্তব্যের উপর আলোচনা শুরু হয়েছে আজ। এই আলোচনায় ইতিমধ্যেই সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের, এদিকে আমরা যারা আছি, আমাদের অনেকেই আলোচনায় অংশগ্রহণ করেছেন। আমি অত্যন্ত বিনীতভাবে এই বক্তব্যের উপর কিছু আলোচনা এই বিধানসভায় উপস্থিত করতে চাই। বিধানসভায় সরকার পক্ষের সামগ্রিক যা বক্তব্য, তাদের সেই বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে এখানে উল্লেখ করবেন। তার মধ্যে দিয়ে রাজ্যের সামগ্রিক নীতি, তা রূপায়ণ, অগ্রগতি, সাফল্য সব কিছুই তুলে ধরা হবে এবং আমরা যারা বিরোধী....(গোলমাল).... গলার জোরে থামাবার চেষ্টা করবেন না। গলার জোর আমারও আছে। কিন্তু এটা গলার জোরের জায়গা নয়, এটা বক্তব্যের জায়গা। .....(গোলমাল)..... এখানে আমরা যারা বিরোধী আসনে আছি সংসদীয় ব্যবস্থায়, এটাই হল কথা যে সরকার পক্ষের ভুল-ত্রুটিগুলো বিরোধীদলের পক্ষ থেকে বিধানসভায় উল্লেখ করা হবে, গঠনমূলক সমালোচনার মধ্যে দিয়ে সরকারকে তার ভুলগুলো শুধরে নেওয়ার জন্য সুযোগ করে দেওয়া হবে। যার মধ্যে দিয়ে সরকার তার যে নীতি, সেই নীতি রূপায়ণ

করতে পারে। শুধু বিরোধীতার জন্য বিরোধীতা নয়। আপনারা বলার সময় উল্লেখ করছেন আমাদের এ পক্ষেরও, আমাদের বিরোধী পক্ষের যারা বলেছেন, তারাও বলেছেন। এটা ঠিকই। আপনারা যারা ওদিকে আছেন, তারা এদিকে ছিলেন।

[4.10–4.20 p.m.]

মানুষ চেয়েছেন আপনারা ওদিকে গেছেন, মানুষ চেয়েছেন আমরা এদিকে এসেছি। সংসদীয় গণতন্ত্রের এটাই রীতি, এটাই কথা। আপনারা সরকারে আসার পরে আমাদের বলেছেন যে, আমরা যেন অনেক বছর চুপ করে থাকি, আমরা যেন কোনো কথা না বলি। সংসদীয় রীতিতে এই ধরণের সুযোগ নেই। সংসদীয় গণতন্ত্র ব্যবস্থায় বিরোধী দলের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিরোধী দলকে তার দায়িত্ব পালন করতেই হয়। আমরা তো চুপ করেই থাকতে চেয়েছিলাম — আমার বাঁ-দিকে বসে আছেন এই বিধানসভার সবচেয়ে প্রবীণ সদস্য, এক টানা ৪০ বছর ধরে তিনি এই বিধানসভার সদস্য, ...(গোলমাল).... আচ্ছা, ঠিক আছে, এক টানা ৪০ বছরের সদস্য, আমি ভুল সংশোধন করে নিলাম। যখন সেই বিধানসভার সদস্যকে রাস্তায় ফেলে নির্মম ভাবে তার উপর অত্যাচার করা হয়, যখন সেই অত্যাচারের বিরুদ্ধে মানুষ প্রতিবাদ করে, রাস্তায় নেমে প্রতিবাদ করে যখন সেই প্রতিবাদ সভা সংগঠিত হয়, যখন সেই প্রতিবাদ সভায় আসার জন্য মানুষ তার বাড়ি থেকে বার হয় তখন দেখা যায় রাস্তার উপর লাইন দিয়ে গাড়ি জ্বলছে। বৈদ্যুতিন প্রচারের মধ্য দিয়ে গোটা বাংলার মানুষ, গোটা দেশের মানুষ প্রত্যক্ষ করেছেন। ...(গোলমাল)... সেই নির্মম অত্যাচারের ঘটনাকে নাটক বলে, সেই নির্মম অত্যাচারের ঘটনাকে নাটক বলে বলা হয়। যখন সেই ঘটনাকে কেন্দ্র করে মহামান্য রাজ্যপাল বলেন, এই রাজ্যে গুণ্ডারাজ চলছে তখন আমরা চুপ করে বসে থাকতে পারি না। রাজ্যপাল যখন বলেন, গুণ্ডারাজ চলছে। তারপরেও যদি চুপ করে বসে থাকি তাহলে মানুষ আমাদের দিকে আঙ্গুল তুলে জিজ্ঞাসা করবেন, রাজ্যপাল এ কথা বলার পরে বিরোধী দলের ভূমিকা কি ছিল, কেন আমরা তার প্রতিবাদ করি নি? শুধু রাজ্যপালের বক্তব্য কেন, পশ্চিমবাংলার বিধানসভার দীর্ঘদিনের সদস্য, এই মন্ত্রীসভারও বর্তমান সদস্য, তিনি কি বললেন? যদিও অভিমান ভরে মন্ত্রীসভার সদস্য হিসাবে বর্তমানে এই সভাতে যোগদান করেন নি, বললেন, তোলাবাজদের সরকার চলছে। আমাদের কথা নয়, এই মন্ত্রীসভার একজন মাননীয় মন্ত্রীর বক্তব্য, তোলাবাজদের সরকার চলছে, এর পরেও আমরা চুপ করে থাকব? আমরা আমাদের কথা বলব না? আপনাদের একাধিক সাংসদ শিক্ষা ব্যবস্থা সম্পর্কে কি বলছেন? আদালতে দাঁড়িয়ে রাজ্যসরকারের বিরুদ্ধে তারা ...(গোলমাল)...

Madam Deputy Speaker : Please, don't disturb. .....(গোলমাল)....

শ্রী সুশান্ত ঘোষ : হাজির করছেন, আমরা চুপ করে থাকবো তারপরেও? আমরা চুপ করে থাকবো তারপরেও? [***]

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ম্যাডাম ডেপুটি স্পীকার : সুশান্তবাবু, আপনার জানা উচিৎ, ঐ প্রাক্তন বিধায়কের বিরুদ্ধে মান হানির মামলা চলছে। কাজেই এটা সাব-জুডিস ম্যাটার।

শ্রী সুশান্ত ঘোষ : আমি বলছি, জেলে ভরে দেওয়া হয় না।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ওনার বিরুদ্ধে মান হানির মামলা রুজু হয়েছে হাইকোর্টে। ওনার বিরুদ্ধে মান হানির মামলা রুজু হয়েছে হাইকোর্টে। ....(গোলমাল).... প্লীজ, প্লীজ।

শ্রী সুশান্ত ঘোষ : একজন আই.পি.এস অফিসার ....(গোলমাল).... । না, সাব-জুডিস আমি বলতে চাই না। ঠিক আছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : Sub-Judice matter should not be in the proceddings. যেগুলি সাব-জুডিস আছে, যে পক্ষই বলুক, কোনটাই প্রসিডিংস-এ যাবে না।

শ্রী সুশান্ত ঘোষ : একজন আই.পি.এস অফিসার, বর্তমান আই.পি.এস অফিসার, তিনি সরাসরি মুখ্যমন্ত্রীর দিকে আঙুল তুলেছেন। ক্ষমতা আছে তাকে গ্রেফতার করে জেলে ভরে দিন। গোটা রাজ্যের মানুষ আপনাদেরকে বাহবা জানাবে। ক্ষমতা নেই। পারেন না আপনারা করতে। সেই জন্যই আমাদের মুখ খুলতে হয়, সেই জন্যই বিধানসভার বিরোধী দলের দায়িত্ব পালন করতে গিয়ে এ সব কথা উল্লেখ করতে হয়। আপনারা বলেছেন যে, আমরা যেন চুপ করে থাকি। আমরা চুপ করেই ছিলাম। ....(গোলমাল)....

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লীজ, ওনাকে বলতে দিন না।

শ্রী সুশান্ত ঘোষ : কারণ বিধানসভার উপনির্বাচন। সেই উপনির্বাচনের ফল বেরিয়েছে। আপনারা বলেছেন, বামপন্থীদের ভোট কমেছে ছয় থেকে বারো শতাংশ, অঙ্কের বিচারে ভোট কমেছে। আপনারা এ কথা ভাবছেন না, সরকারের ভোট কোথায় গিয়ে দাঁড়িয়েছে? কংগ্রেস-তৃণমূল কংগ্রেস যৌথভাবে আপনারা নির্বাচনে প্রতিদ্বন্দিতা করেছিলেন। আপনারা সরকার গঠন করেছিলেন। কিন্তু আজকে বিরোধীদের সম্মিলিত ভোট ৭১ ভাগ। আর, আপনারা ২৯ ভাগে গিয়ে দাঁড়িয়েছেন। এটা কোন্ ইঙ্গিত? আপনারা ভাববেন না এ কথা? আমরা চুপ করে থাকব তারপরেও? চুপ করে থাকর মধ্যে দিয়ে বিরোধী দলের দায়িত্ব পালন করা যায় না।

'জঙ্গলমহল' আর 'পাহাড়' অনেক বক্তার বক্তৃতার মধ্যেই ঘুরে-ফিরে এসেছে। জঙ্গলমহলে ত্রাস, খুন দৈনন্দিন ঘটনা। নেতৃত্বে কিষেণ-জী। যে কিষেণ-জী বিবৃতি দিয়ে বলেছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর চেয়ারে বর্তমান মুখ্যমন্ত্রীকেই দেখতে চান। সেই মুখ্যমন্ত্রী চেয়ারে বসার পরে কিষেণ-জীর কী অবস্থা হয়েছে? কিষেণ-জীর ঐ অবস্থা হওয়ার পরে পশ্চিমবঙ্গে একটা কথা চালু হয়েছে 'কাজের সময় কাজী, আর, কাজ ফুরলে কিষেণ-জী'। পশ্চিমবাংলার মানুষ অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছেন কিষেণ-জীর অবস্থা কী? জঙ্গলমহল থেকে যৌথ বাহিনী প্রত্যাহারের জন্য আপনারা কোলকাতা থেকে দিল্লী পর্যন্ত ধাওয়া করেছিলেন। কিন্তু আজকে সেই জঙ্গলমহলে যৌথ বাহিনী না রাখলে শান্তি থাকবে না তাই এখন যৌথ বাহিনী রেখে দেওয়ার জন্য দরবার করছেন। যে যৌথ বাহিনী প্রত্যাহারের দাবী নিয়ে আপনারা পথ হেঁটেছেন, মিছিল করেছেন, দিল্লীতে ধর্ণা দিয়েছেন আজকে

সেই যৌথ বাহিনীর প্রয়োজনীয়তা হচ্ছে। হ্যাঁ, নাশকতার শক্তি, ধ্বংসাত্মক শক্তি — আমরা তার বিরোধী। আমরা বলেছিলাম, একটা বড় রাজনৈতিক দলের সমর্থনের জন্য তারা পশ্চিমবাংলায় সফল হতে পেরেছিল। আজকে যখন কোন রাজনৈতিক দলের সমর্থন তাদের প্রতি নেই তখন কিষেণজী এবং তাঁর দল পিছু হঠেছে। আমরাও চাই পশ্চিমবাংলার জঙ্গল এলাকায় শান্তি বিরাজ করুক। এ নিয়ে দ্বিধা-দ্বন্দ্বের কোন অবকাশ নেই। কিন্তু আপনারা বুকে হাত দিয়ে বলুন তো, পূর্ব-মেদিনীপুর থেকে আরম্ভ করে পশ্চিম-মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ায় এই শক্তি কাদের সঙ্গে হাত মিলিয়েছিল? কারা এদেরকে ব্যবহার করেছিল? মুখ্যমন্ত্রীর চেয়ারে বসতে কাদের সাহায্য নিয়েছিল? গোটা বাংলার মানুষ সে কথা জানে। একথা অস্বীকার করার কোন সুযোগ নেই।

পাহাড় নিয়ে আপনারা বলেছেন। আমার আগের বক্তারা বলেছেন, আমাদের এদিকে যাঁরা, পাশে যাঁরা আছেন তাঁরাও বলেছেন। পাহাড়ে যাঁরা জি.টি.এ.-র নেতা তাঁরা 'মা' সম্বোধন করেছিলেন। এখন তাঁরা আর 'মা' বলছেন না। কী এমন হ'ল কয়েক মাসের মধ্যে হঠাৎ 'মা'-কে ত্যাগ করে দিলেন তাঁরা? পাহাড়ে গেলেন মাননীয়া মুখ্যমন্ত্রী কিন্তু সৌজন্য দেখানোর জন্য তাঁরা একটা ফুলের তোড়াও নিয়ে হাজির হলেন না, মাননীয়া মুখ্যমন্ত্রীকে ফিরে আসতে হ'ল। ...(গোলমাল)... যতই হোক গায়ে লাগবে। কিন্তু লাগলে কিছু করার নেই। যা কথা তা বলতে হবে। আপনারা বক্তব্যের মধ্যে দিয়ে উন্নয়নের ফুলঝুড়ি করেছেন। কোন্-টা উন্নয়ন? উন্নয়নের যে কর্মসূচীগুলো চালু ছিল — সাইকেল দেওয়া, এটা চালু কর্মসূচী। দু'টাকা কে.জি. দরে চাল দেওয়া — এটা চালু কর্মসূচী। এগুলো নিয়ে ঢাকঢোল পেটানোর, জাহির করার কিছু নেই। একবারও ভাবছেন না, দিল্লীর প্রকল্প, প্রধানমন্ত্রী গ্রাম-সড়ক যোজনা, যে যোজনায় গত এক বছরে আমাদের রাজ্যের হালত কোথায় গিয়ে দাঁড়িয়েছে! এবারেও আপনারা আপনাদের বক্তব্যের মধ্যে সে কথা উল্লেখ করেছেন। গত বছর যে টাকা বরাদ্দ হয়েছিল দিল্লী থেকে এবং তার বিনিময়ে যত কিলোমিটার রাস্তা তৈরী হওয়ার কথা সেই রাস্তা তৈরী করার জন্য কাউকে খুঁজে পাওয়া যাচ্ছে না, কেউ কাজে অংশ গ্রহণ করতে চাইছে না। শতকরা ২০ ভাগ ঠিকাদার তাঁরা কাজে আসতে চাইছে বাকি আসতে চাইছে না। কেন আসতে চাইছে না? কারণ, এত টাকা তাদের তোলা-বাজি দিতে হবে যে তা দিয়ে তাদের পক্ষে কাজ করা সম্ভব নয়। অভিজ্ঞতার কথা শুনুন। অনেক বছর এই বিধানসভার সদস্য। নাই, নাই করে ২৮ বছর ধরে। কিছু মানুষের সঙ্গে আলাপ। গ্রাসরুট স্তরের একজন আধিকারিক কিছুদিন আগে আমার সঙ্গে দেখা করতে এসেছিলেন। দেখা করতে এসে কী বললেন? অদ্ভুত অভিজ্ঞতার সম্মুখীন। সাধারণ ১ লক্ষ টাকার কাজ মঞ্জুর হয়েছে, ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। যিনি ওয়ার্ক অর্ডার নিয়ে গেলেন তিনি দু'দিন পর ওয়ার্ক অর্ডার ফেরত নিয়ে এসে কান্নাকাটি করে বললেন, 'আমি কাজ করতে পারব না, আমার ওয়ার্ক অর্ডার ফেরত নিন'। কেন? না, ফেরত নিন এই জন্য যে, ওয়ার্ক অর্ডার নিয়ে যাওয়ার পরের দিনই সকালবেলা একজন এসে বললেন 'আমি জেলার নেতা', যে দল সরকার চালাচ্ছে তার জেলার নেতা, "25% আমাকে দিতে হবে"।

[4.20–4.30 p.m.]

আর একজন এসে বিকেল বেলা বললেন আমি ব্লকের নেতা আমার ২৫ পারসেন্ট, পরের দিন সকালে এসে আর একজন বললেন আমি এলাকার নেতা আমার ২৫ পারসেন্ট। এক লাখ টাকার যদি ৭৫ হাজার টাকা দিতে হয় তাহলে ২৫ হাজার টাকায় কাজ করা সম্ভব হবে না। তাই

তিনি ওয়ার্ক অর্ডার ফেরত দিয়ে অব্যাহতি চাইলেন। এই তো আপনাদের গণতন্ত্রের নমুনা। রাজ্যপালের বক্তব্যের মধ্যে যা আছে সেখানে আইনশৃঙ্খলার কোন কথাই বলা নেই। আমার একজন নতুন সদস্য বন্ধু বলেছিলেন তপন, সুকুরের কথা। জেনে নিন এই কথা — তারা দীর্ঘ প্রায় ২ বছর মামলায় ছিলেন। সিবিআই সেই মামলা পরিচালনা করেছিল। সেই মামলায় তারা বেকসুর খালাস পাওয়ার পরে আজকে ৪ বছরের মধ্যে সিবিআই তাদের বিরুদ্ধে আপিল করে নি। সিবিআই আমাদের কোন নিয়ন্ত্রিত সংস্থা নয়। আমরা সিবিআইয়ের পক্ষপাতীও নই। আপনারা কথায় কথায় সিবিআইয়ের দাবি করতেন। যখন আপনারা দাবি করতেন, যখন বলতেন সিআইডি পক্ষপাতদুষ্ট, আজকে রাজ্যের ওই গার্ডেনরীচের ঘটনায় — আমাদের বিরোধী দলনেতা বলেছেন — যেখানে প্রত্যক্ষ পরোক্ষভাবে প্রশাসনের ব্যক্তিদের নাম চলে আসছে তাহলে রাজ্য সরকার তার পরিচালিত সিআইডি তদন্ত করবে কি করে? এটাও সিবিআইয়ের হাতে যাওয়া উচিত যাতে নিরপেক্ষ তদন্ত হয়। আপনাদের সম্মতি নেই, আপনারাই সরকার। আপনারা কোন পথে চলতে চান? আপনারা কোন্ সংস্কৃতি, কোন্ গণতন্ত্র আমদানি করছেন? আমাদের বিরোধী দলনেতাকে একজন মাননীয়া এই সভার সদস্যা, মন্ত্রীও বটে, তিনি বললেন ঘুঙুর পরিয়ে নাচাবেন। একজন বিরোধী দলনেতাকে ঘুঙুর পরিয়ে নাচাবেন — এই কথা বলা যায়? এই কথা বলা যায় না। কি বললেন — সিপিআইএম পার্টিটা না কি বিষধর সাপের সমতুল্য। বিষধর সাপের সঙ্গে যে আচরণ করা যায়, সেই আচরণ করতে হবে তাদের সঙ্গে। এই কথা সংসদীয় গণতন্ত্রের কোন্ রীতিনীতিতে আছে? সংসদীয় গণতন্ত্রের কোনো রীতিনীতির সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এটা সম্পূর্ণ সংসদীয় রীতিনীতির বিরোধী। যে পদ্ধতিতে আপনারা চলেছেন পশ্চিমবাংলার মানুষের কাছে আপনাদেরকেই আগামীদিনে জবাবদিহি করতে হবে। তাই রাজ্যপালের প্রস্তাবের উপর যে ছাঁটাই প্রস্তাব এসেছে, সেই ছাঁটাই প্রস্তাবকে সমর্থন জানিয়ে এই বিষয়ের উপরে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

শ্রী সুজিত বোস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন গত ৮ই মার্চ এই সভায় যে বক্তব্য পেশ করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা আমি রাখতে চাই। প্রথমত বলি, এখানে যে কথাগুলো মাননীয় রাজ্যপাল বলেছেন সেখানে গণতন্ত্রের কথা বলা হয়েছে এবং গণতন্ত্রের মধ্যে আপনারা দেখেছেন সম্প্রতি তিন তিনটে বিধানসভা নির্বাচন, উপনির্বাচন হয়েছে। এই উপনির্বাচনে আপনারা দেখেছেন বহু মানুষ তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন। নির্বাচন দেখে এটা তারা মনে করেছেন যে নির্বাচন একটি পবিত্র মানুষের গণতান্ত্রিক অধিকার, সেই অধিকারের বলে বহু মানুষ সেখানে ভোট দিয়েছেন। এটাই হচ্ছে গণতন্ত্রের মূল কথা। তার ফলও আপনারা দেখেছেন। নির্বাচনের ফল বেরোনোর পরেও কেউ নির্বাচন নিয়ে কোনো প্রশ্ন তোলে নি। কেউ জিতেছে, কেউ হেরেছে, গণতন্ত্রে হচ্ছে এটাই মূল কথা। কিন্তু যারা আজকে আমাদের অপোজিট বেঞ্চে বসে আছেন, যারা গণতন্ত্রের কথা বলছেন আমি তাদেরকে বলি গণতন্ত্রের কথা আপনাদের মুখে শোভা পায় না। তার কারণ বিগত দিনে যে সমস্ত নির্বাচনগুলো হয়েছে সেই নির্বাচনগুলোতে আমরা দেখেছি, মানুষ নির্বাচনের দিনে যখন ভোট দিতে যাচ্ছে তখন নির্বাচনটাকে একটা প্রহসনে পরিণত করা হয়েছিল গত লেফট ফ্রন্টের আমলে। কেমন প্রহসন? আমরা দেখেছি নির্বাচনে বহিরাগতদের আমদানি। বাইরে থেকে মানুষ এসে বিশেষ করে রাজ্যের বিভিন্ন জায়গায় এমন কি দমদম থেকে শুরু করে ব্যারাকপুর থেকে শুরু করে বিধাননগর থেকে

শুরু করে সারা রাজ্যে একটা অস্থিরতার পরিস্থিতি তৈরী করেছিল। বহিরাগতদেরকে এনে মানুষের ভোটাধিকারকে কেড়ে নিতেন। সল্টলেক স্টেডিয়ামের কথা আপনারা নিশ্চয় ভুলে যান নি. সুশান্তবাবু চলে যাচ্ছেন, একটু বসে গেলে ভাল হত শুনতেন। না হলে ঘরে গিয়ে একটু শুনুন। বিধাননগরে আপনারা জানেন এশিয়ার মধ্যে তৃতীয় বৃহত্তম স্টেডিয়াম সল্টলেক স্টেডিয়াম। একটা কলঙ্ক তৈরী করেছিলেন সেই স্টেডিয়ামে বহিরাগতদের এনে জমা করেছিলেন। যাদবপুর স্টেডিয়াম — খেলার জায়গায় আপনারা বহিরাগতদের এনে জড়ো করেছিলেন। সব নোটেড্ ক্রিমিনাল। নাম আমি বলছি না, আপনারা সবাই জানেন কাদেরকে আপনারা নিয়ে এসেছিলেন। কি তাদেরকে করেছিলেন? নির্বাচনের দিন ২০০১ আমি বিধানসভার প্রার্থী ছিলাম বিধাননগরে। তখন পূর্ব বেলগাছিয়া বিধানসভা কেন্দ্র ছিল ভারতবর্ষের মধ্যে তৃতীয় বৃহত্তম বিধানসভা কেন্দ্র এবং পশ্চিমবঙ্গের সবচেয়ে বৃহত্তম কেন্দ্র ছিল পূর্ব বেলগাছিয়া বিধানসভা কেন্দ্র। সেদিন আমার মত ৮০ জন প্রার্থী জিততে পারেনি আপনাদের বদান্যতায় তার কারণ সেই নির্বাচনের দিন ঐ সমস্ত মানুষদের একমাস ধরে সংগঠিত করে পথঘাট চিনিয়েছিলেন এবং ম্যাপ তৈরী করেছিলেন। তখন পুলিশ সুপার ছিলেন কুলদীপ সিং, আমার বলতে দ্বিধা নেই বার বার তাঁকে বলেছিলাম এই কেন্দ্রে নির্বাচন হবে না, আশেপাশের সমস্ত কেন্দ্রে নির্বাচন হবে না তার কারণ এখানে বহিরাগত সমাজবিরোধীরা দিনের পর দিন তাদেরকে এনে তাদেরকে রাস্তা চেনানো হচ্ছে। এই এই রুমে, এই এই মানুষরা রয়েছেন। কোথাও হাওড়ার পলাশ, কোথাও বুল্টন। এই সব কারা তৈরী করেছিলেন? আজকে বড় বড় কথা বলছেন। বড় বড় বক্তৃতা করছেন। কে তপন তৈরী করেছে? কে সুকুর তৈরী করেছে? আরাবুল তো পরে আসছে। আরাবুলের কথাও বলবো। পার্লামেন্টে আমি প্রার্থী ছিলাম ২০০৪ সালে। এই তো রেজ্জাক সাহেব আছেন বলবো সব, শুনবেন, একটু ভাল করে শুনবেন। আমরা দেখলাম নির্বাচনের দিন ১২ টা বাজার পরে সমস্ত সমাজ বিরোধীরা সমস্ত জায়গার বুথ লুঠ করে চলে গেলেন। ভোটের ফল হল কি? ৪৪৪৪ ভোটে সুজিত বসু পরাজিত হলেন। রায় মেনে নিলাম। ২০০৬ সালে মেনে নিলাম ১৭৪৯, ক্রমশ কমছে। প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু বলেছিলেন, সুভাষের ভোট কেন কমছে? একটু খবর-টবর নাও। পায়ের তলায় মাটি অনেকদিনই সি.পি.এম.-এর চলে গিয়েছিল, বামফ্রন্টের চলে গিয়েছিল। ২০০১ সালে চলে গিয়েছিল। ২০০১ সালে যদি ঠিক ঠিকভাবে নির্বাচন হত তাহলে ঐ সংখ্যাটা যে সংখ্যাটায় আপনারা আছেন ঐ সংখ্যাই থাকতো। সংখ্যাগরিষ্ঠের জোরে আপনারা ২০০১, ২০০৬ সালে ক্ষমতায় এখানে আসেন নি। স্বীকার করতে লজ্জা কোথায়? সত্যি কথাটা বলুন। সত্যি কথাটা বলছেন বলেই বলি, ২০০৪ সালে লোকসভার প্রার্থী আমি ছিলাম। আজকে বলছেন আরাবুলের কথা। আরাবুলকে আমি অনেক ছোট থেকে জানি। সেদিন আরাবুলকে নিয়ে যখন নির্বাচনের প্রচারে গিয়েছিলাম, রেজ্জাকবাবু বলুন খুনের মামলার আসামীর নামটা বলুন একটু, সাত্তার মোল্লার কথা বলছি। সাত্তারকে আপনি খুব ভাল করে চেনেন। আমাদের আমলে নয়, বুদ্ধবাবু একবার তাকে জেলে পুরতে চেয়েছিলেন কিন্তু আপনারা তাকে পার্টির দোহাই দিয়ে তাকে বার করে নিয়ে এসেছিলেন। আমি একটা পার্লামেন্টের প্রার্থী হয়ে ভাঙরে যখন প্রচারে গিয়েছিলাম এই সাত্তারবাবুরা আমাদেরকে নির্বাচনের কাজ করতে দেয় নি। ভাঙর থেকে শুরু করে, হাড়োয়া থেকে শুরু করে, বসিরহাট পার্লামেন্টের সমস্ত জায়গায় আপনাদের লেঠেল বাহিনীরা আমাকে প্রচার পর্যন্ত করতে দেয় নি। আজকে সাধু

সেজে বলছেন আমাদের পুরানো একজন সিনিয়ার লোককে নাকি আক্রমণ করেছে। আক্রমণ তো আপনারা করা শিখিয়েছেন। এই সমস্ত সৃষ্টির নায়ক হচ্ছেন আপনারা।

[4.30–4.40 p.m.]

দিনের পর দিন এই সমস্ত ঘটনাগুলো সারা জেলায়, সারা রাজ্যে তৈরী করে আপনারা ক্ষমতায় দীর্ঘদিন — ৩৪ বছর ছিলেন। ৩৪ বছরে কি উন্নয়ন করেছেন আপনারা? আজকে জঙ্গলমহলের সমস্যা, পাহাড়ের সমস্যা, সমস্ত জায়গায় আপনারা সমস্যা তৈরী করেছেন। তার কারণ জঙ্গলমহলের মানুষেরা যখন, তারা যখন বাসস্থান চেয়েছে, যখন তারা খাদ্য চেয়েছে, যখন তারা ভাল করে বাঁচতে চেয়েছে, তাদের সেই সমস্ত বিষয়গুলোকে আপনারা কখনও গুরুত্ব দেওয়ার কথা মনে করেন নি। আপনারা মনে করেন নি যে এই গরীব মানুষগুলোর খাদ্যের দরকার আছে। এই গরীব মানুষগুলোর বাসস্থানের দরকার আছে, এই গরীব মানুষগুলোর জন্য লেখাপড়ার ব্যবস্থা করার ব্যাপার আছে। এই গরীব মানুষগুলোকে চাকরী দেওয়ার ব্যাপার আছে। আপনারা এই কথা কখনও মনে করেন নি। আপনারা এই মানুষগুলোকে দমন-পীড়ন করতে গিয়েছিলেন। দমন-পীড়ন করতে গিয়েই আপনারা এই সমস্ত — কিষাণজীকে বলে সবাই মাওবাদী, উনি মাওবাদী না, কিষাণজীর পিছনে সি.পি.আই.এম. ছিল। তারাই এই কিষাণজীকে তৈরী করেছিল। তার কারণ এই কিষাণজীকে সামনে রেখে আপনারা চেয়েছিলেন সমস্ত মানুষের বাক স্বাধীনতাকে বন্ধ করতে। আজকে উল্টো হয়ে গেছে। তার কারণ আজকে জঙ্গলমহল আপনাদের সাথে নেই। তার কারণ মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি বুঝতে পেরেছেন এই মানুষগুলোর কি সমস্যা আছে। তিনি বুঝতে পেরেছিলেন এই মানুষগুলো দীর্ঘদিন খেতে পাচ্ছে না, তাদের বাসের ব্যবস্থা নেই। আর আপনারা গরীব মানুষের কথা বলে ৭৭ সালে সরকারে এসেছিলেন। সেই গরীব মানুষদের যারা বলেছিলেন আমরাই একমাত্র লাল ঝান্ডা, যারা গরীব মানুষের পথিকৃৎ মনে করতেন, সেই গরীব মানুষদের আপনারা শুধু শোষণ করেন নি, তাদের চাকরীর ব্যবস্থা করেন নি, স্কুলের ব্যবস্থা করলেন না। তাদেরকে পানীয় জল দিলেন না, তাদেরকে দমন-পীড়ন করতে গেলেন। মানুষকে খুন করলেন, আর খুন করলেই বলত মাওবাদীরা করছে। আর পিছনে সি.পি.এম. দীর্ঘদিন ধরে এই সমস্ত ষড়যন্ত্র করে এসেছে। আজকে আমাদের সরকার আসার পর মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি প্রথমেই বারবার জঙ্গলমহলে গেলেন। তিনি শুধু নিজে গেলেন না, সমস্ত মন্ত্রীসভাকে তিনি সেখানে নিয়ে গেলেন। জ্বালা তো আপনাদের হবেই। সেখানে পানীয় জলের ব্যবস্থা হয়েছে। সেখানে দু'টাকা কেজি চালের — বি.পি.এল কার্ডের ব্যবস্থা হয়েছে। জ্বালা তো আপনাদের হবেই। সাইকেল বিতরণ হয়েছে, ফুটবল টুর্নামেন্ট সেখানে হচ্ছে। জ্বালাটা কেন আপনাদের? জ্বালাটা এই কারণেই আপনাদের। মানুষের সমস্যার সমাধান যখন মুখ্যমন্ত্রী করছেন তখন আপনারা মনে করছেন যে দমন-পীড়ন — এটা আপনারা শিখে নিন, জেনে নিন যে দমন-পীড়ন বেশিদিন মানুষকে করা যায় না। নন্দীগ্রামের কথা বলি, যখন মানুষগুলো বলেছিল কেমিক্যাল হাব আমাদের দরকার নেই। আমাদের এখানে আমরা ছোট ছোট কৃষকরা আছি, জমি চাষ করে আমরা খেতে পারি, আমাদের বাবা-কাকার জমি আছে। আমরা এখানে চাষ করে খাবো, কেমিক্যাল হাব দরকার নেই। আমি বলি — যিনি হলদিয়ার বাদশা বলে নিজেকে প্রমাণিত করেন, হঠাৎ জমি মাপার নামে সেখানে গুলি চালানো হল। নির্বিচারে মানুষকে হত্যা করা হল। ১৪ই মার্চের আগে ৬ই মার্চ আমি জানি বিধানসভার একটা প্রতিনিধিদল সেখানে গিয়েছিলেন। দলের

নির্দেশে আমিও সেই প্রতিনিধি দলের সঙ্গে যখন গেছিলাম কি ব্যবহার করেছিল আমাদের সঙ্গে। আমরা একটা প্রতিনিধি দল ছিল্যাম, আমাদের আগে পুলিশের গাড়ি ছিল। পার্থদার নেতৃত্বে আমরা গিয়েছিলাম। আমরা জানি কি ধরণের গালিগালাজ করা হয়েছিল আমাদের সঙ্গে, থুতু ছেটানো হয়েছিল আমাদের গায়ে। চন্ডীপুর থানায় তৎকালীন এস.পি-র ঘরে আমরা বলেছিলাম এই যদি প্রতিনিধি দলের অবস্থা হয়, তাহলে যে মানুষগুলো এখানে বাস করছে, যারা বারবার বলছে যে বাইরে থেকে অস্ত্র নিয়ে এসে আমাদেরকে কাটবার ব্যবস্থা যারা করছেন, আমাদের কি হবে, আপনারা আমাদের বাঁচান। ১৪ই মার্চের ঘটনা — ঐ টিভি ক্যামেরায় আপনারা দেখেছেন, কিভাবে ১৪ই মার্চের ঘটনা, কিভাবে সাধারণ মানুষগুলোকে, কিভাবে বাচ্চাদের, কিভাবে মায়েদের, কিভাবে সাধারণ মানুষকে আপনারা খুন করেছেন। তারপরেও আপনারা বলবেন গণতন্ত্রের কথা? তারপরেও আপনারা বলবেন যে আপনারা কিছুই করেন নি? মানুষ আপনাদের ছুঁড়ে ফেলেছে তার কারণ ১৪ই মার্চ এবং সিঙ্গুরে তাপসী মালিকের মত একটা বাচ্চা মেয়েকে আপনারা হত্যা করে দিলেন। হত্যা করার পরেও বললেন যে তাপসী মালিক আত্মহত্যা করেছে। তারও বাবা-মা — আমাদের প্রত্যেকেরই সন্তান আছে। আমারও একটা ছেলে, একটা মেয়ে আছে। আপনাদের পরিবারেও নিশ্চয় ছেলে-মেয়ে আছে। খুন হওয়ার পরেও আপনারা ক্ষান্ত হলেন না। তারপরে কি করলেন? যখন এটা আমরা বললাম, সিবিআই আপনাদের কাছে বিচার চাইলাম যখন, পুলিশ বলল না এই ঘটনায় এটা কিছু হয় নি। আমরা তখন সি.বি.আই এনকোয়ারির কথা বললাম, সি.বি.আই চাইলাম। পরবর্তী সময়ে সি.বি.আই হল। কে ধরা পড়ল, তৃণমূলের কোন লোক ধরা পড়ল? কে দেবু মালিক? কে সুহিত দত্ত? আপনাদের কেউ লোকাল কমিটির সদস্য অথবা জেলা কমিটির সদস্য। সুতরাং যখন তপন, শুকুর ধরা পড়ে তখন পশ্চিম-মেদিনীপুরের সম্পাদক দীপক সরকার বলেন — এরা আমাদের দলের সম্পদ। এরা যদি সম্পদ হয় আপনাদের দলের, আর আপনারা আরাবুলকে বলছেন? তবু বলব আরাবুলের ৪২ দিনের জেল হয়েছে। আপনারাতো নিদর্শন দেখাতে পারেন নি। আপনারা কোনও নিদর্শন দেখাতে পারেন নি তার কারণ — এই সুশান্তবাবু ছিলেন, উনি চলে গেলেন। আমি ওনার বক্তব্যটা শুনছিলাম। তপন, শুকুর, ছোট আঙ্গারিয়া থেকে শুরু করে, নন্দীগ্রামের ঘটনা থেকে শুরু করে সমস্ত ঘটনার পিছনে এই তপন, শুকুর আর পশ্চিম-মেদিনীপুরের যিনি জেলা সম্পাদক দীপক সরকার প্রত্যক্ষভাবে জড়িত। তাই বলছি — পাপ বাপকে ছাড়ে না, একটা প্রবাদ আছে। সুতরাং কেউ যদি মনে করেন আজকে মিথ্যে তথ্য, মিথ্যে কথা বলে সমস্ত জিনিসটাকে ঢেকে দেবে তাহলে মনে করবেন সেটা কোনদিনও ক্ষমা হবে না। কারণ এই সুশান্তবাবুর এলাকায় আমি জানি একজন পঞ্চায়েতের আমাদেরই একজন সদস্যকে তারা হত্যা করেছিল এবং তার স্ত্রী বলেছিল যে, এটা একটা কুকুর মারা গেছে। পরবর্তী সময়ে দেখা গেছে একজন মানুষ মারা গেছে। সুতরাং পাপ কোনদিন ছাড়বে না। অনেক বলার কথা ছিল, এই সরকারের অনেক সাফল্য আছে। এই সরকার আইনের শাসন দিতে চায়। এই সরকার পাঁচ-পাঁচটা কমিশনার তৈরী করেছে। এই সরকার অনেক কিছু করেছে তাই আমি আপনাকে বলি আমার বলতে গেলে এক ঘন্টা লাগবে ওই ১৫ মিনিটের বক্তব্যে আমার হবে না। আমি জানি কারণ আমি লেফট পার্টিটা ১৭ বছর করেছি এবং আমি এই ছেলে যে ছেলে দল থেকে বেরিয়ে ইন্ডিপেনডেন্ট দাঁড়িয়ে জিতেছি। আপনাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী আমার পাড়াতে গিয়ে দুটো সভা করেও আমাকে হারাতে পারে নি।

আমি সেলাম জানাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে, দুর্দিনে আমার পাশে দাঁড়িয়েছিলেন তিনি। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ৮ই মার্চ ২০১৩ পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন মহাশয় যে ভাষণ এই সভায় পেশ করেছেন আজকে ১৮ই মার্চ তার উপরেই আলোচনা। এবং এত কালের যে নিয়ম নীতির ধারাবাহিকতা বজায় ছিল এই প্রথম পরিবর্তনের সরকার সেটাও পরিবর্তন করে দিলেন। সুতরাং দশদিন পরে, যে কারণে আপনারা পিছালেন, যে অজুহাতটা সৃষ্টি করলেন সে কথা আপনারা রাখতে পারলেন না। এই রাজ্যে পঞ্চায়েতের ভোট কবে হবে সেটা এই সরকার ঠিক করতে পারলেন না। দ্বিতীয়ত ৩৪ বছরের একটা ফ্রন্ট সরকার ছিল। বামফ্রন্ট সরকারের বিরোধীতা করছেন আপনারা। আপনারা যারা করেছেন তারাও একটা ফ্রন্ট, তাদের মধ্যে আপনারা ছিলেন, অনেকেই ছিলেন। আজ সেই ফ্রন্ট মিলে মা-মাটি-মানুষ -এর সরকার গড়েছেন এবার তাকিয়ে দেখুন একা হয়ে গেছেন। চলে গেছে, মানুষ চলে গেছে, মাটি চলে গেছে। ধীরে ধীরে চলে যাচ্ছে একা হয়ে আছেন ....(গোলমাল)... কতগুলি সূত্র — যেটুকু আপনাদের সমর্থন করতে হয়। আমি মাননীয় রাজ্যপাল এম.কে.নারায়ণন-এর বিরোধীতা করতে উঠি নি। বিরোধীতা করতে উঠেছি তার মুখ দিয়ে এই সরকার যেটা লিখেছেন সেটাই। তিনি যা বলেছিলেন, সুশান্ত ঘোষ সেই কথাগুলি বলেছেন। সেই কথাগুলি তিনি যা বলেছিলেন সেগুলি এখানে লেখা হয় নি। কারণ লেখাটা তার নয়, এটাই নিয়ম। আপনারা লিখে দিয়েছেন। সুতরাং তাকে সম্মান দিয়ে যে কথাগুলি বলি ....(গোলমাল).... কতগুলি বিষয় কিন্তু সময়তো কম। কতগুলি বিষয়ে আপনাদের সমর্থন করতেই হয়। এক নম্বর আপনারা দক্ষ। আমাদের শব্দ সঞ্চয়নে কি সুন্দর শব্দ সঞ্চয়ন করেন আপনারা। পুরনো বোতলে নতুন মদ আর কিছুই নয়।

[4.40–4.50 p.m.]

আপনারা শুধু এটাই করেছেন — নতুন নামকরণ। আর কিছু করেন নি। ভাল একটা নাম দিয়েছেন মা-মাটি-মানুষের সরকার। বার বার বলছি না, আপনারাই বলুন। কিন্তু যেটা বলা উচিত যে, এই রাজ্যপালের মুখ দিয়ে প্রথম কথাটাই বলেছেন ৮ই মার্চ, সেদিন ছিল আন্তর্জাতিক নারী দিবস। খুব সুন্দরভাবে সেটাই শুরুতে আলোচনা করেছিলেন। কিন্তু একবারও দুঃখ প্রকাশ করেন নি — আমাদের এই রাজ্যে আপনার এই দু বছরের সময় নিয়ে বলব না, তারও অনেক আগে দেড় বছরের মধ্যে আমাদের এই রাজ্যে ৫১৮ জন নারীর শ্লীলতাহানি হয়েছে, ৭৯২ জন মহিলা আক্রান্ত হয়েছেন এই রাজ্যে, আর ২৩ জন মহিলা ধর্ষিতা হয়েছেন। তারজন্য একবারও দুঃখ প্রকাশ করেন নি। শুরুতেই শুধু আন্তর্জাতিক মহিলা দিবসটাই উল্লেখ করেছেন — ধন্যবাদ। একবারও বলেন নি। বলেছেন — দ্বিতীয়তঃ বলেছেন জঙ্গলের শান্তি। ওটাতো সবাই জানে কেন শান্তি কাদের নিয়ে শান্তি চেয়েছিলেন। যাদেরকে সঙ্গে নিয়ে নির্বাচনে জিতেছেন, তারা তো শান্তি দেওয়ার জন্য সরকারকে আগে ঘোষণা করেছিল। জঙ্গলে শান্তি, পাহাড়ে শান্তি — দুটো কথা একসঙ্গে বলেছিলেন। পাহাড় হাসছে, পাহাড় হাসছে, জঙ্গলে শান্তি বিরাজ করছে। আর এবারের বক্তৃতার মধ্যে কি বললেন? পাহাড়ে শুধু বললেন নীজরবিহীনভাবে পর্যটক বাড়ছে। একবারও বললেন না পাহাড় হাসছে না। পাহাড়ের চার চারজন বিধায়কের আসনগুলো শূন্য কেন? শূন্য কেন? একসাথে তো নির্বাচনে এলেন। আপনাদের বিরোধীতা করেন নি, আপনারাও তাদের নির্বাচিত

হওয়াতে বিরোধীতা করেন নি, চলে গেছে তলে তলে কখন। তাহলে পাহাড়ে কি শান্তি এনেছেন? অশান্তির বার্তা বোধহয় সেখানে বেশি করে জ্বালিয়ে দিয়েছেন। আমি অল্প সময়ে কি আর বলব? পরবর্তী সময়ে যে কথাগুলোর মধ্যে বলেছেন কর্মী নির্বাচন — স্টাফ সিলেকশান কমিটি। মাননীয়া মুখ্যমন্ত্রীর পাশে দ্বিতীয় মন্ত্রীসভার সদস্য যিনি বসেন--গোপন চিঠি দিয়ে দপ্তরে-দপ্তরে তালিকা দেওয়া হচ্ছে এগুলোই নির্বাচিত হবে, এগুলোই নির্বাচিত হবে—চাকরী পাবে। বিক্ষোভ হচ্ছে চারিদিকে ; মহামান্য আদালতে কেস হচ্ছে। স্টাফ সিলেকশান কমিটি — তাদের দ্বারা প্রেরিত সেগুলোকে নিয়োগ করছেন না। গোপন চিঠির মাধ্যমে পার্টির তালিকা অনুযায়ী আপনারা নিয়োগ করছেন, তার জন্য কয়েক জায়গায় বিক্ষোভ হয়েছে। বিক্ষোভ হয়েছে — স্বাস্থ্যদপ্তরে তাদের নির্বাচন করছেন না। আপনারা দপ্তরে-দপ্তরে চিঠি দিয়ে এই কাজটা করছেন। খুব ভাল কথা। কর্মসংস্থানে বলেছেন সে তো ১০ লক্ষ কেন, অনেক ছাড়িয়ে গিয়েছেন বোধহয় ১০ লক্ষ বলেছিলাম, এখন বোধহয় ১৩ লক্ষ ছাড়িয়ে গিয়েছেন। আর কর্মসংস্থানের মন্ত্রী মহাশয় মাননীয় এই বর্ষীয়ান কংগ্রেসের নেতৃত্ব চাচাজীর প্রশ্নের উত্তরে কি বললেন? কতজনের চাকরী হল এখানে রেকর্ড হয়েছে? আজকে আপনারা একবারও বলতে পারলেন না এই পি.এস.সি. বন্ধ হয়ে গেল, পি.এস.সি-র চাকরী — প্যানেলের রিক্রুটমেন্ট বন্ধ করে দিলেন। কি কারণে দেখাতে পারলেন না। এস.এসসি দু বছরে নেই। প্রাইমারী স্কুলে মাননীয় শিক্ষামন্ত্রী অহেতুক বারবার বলছেন, বারবার বলছেন এই যে ৩১শে মার্চ প্রাইমারী পরীক্ষা হবে। পরীক্ষা হবে মানে নিয়োগ হবে না। তারপর বলছেন, হ্যাঁ, আমরা চেষ্টা করছি। আপনাদের ছন্দে ছন্দে শুধু অনুকরণ করা আছে, পুরানো পাতটা বারবার বলেছেন -- আমরা করছি, আমরা করছি — পুরনো পথ ধরে করছেন। ধর্মঘট আর হরতাল আমরা কি বিরোধীতা করেছিলাম? শুরুতে মুখ্যমন্ত্রী যে কথা বলেছিলেন, আর আজকে দু বছরের মধ্যে একটি কথা তিনি রাখেন নি, একটি কথা তিনি রাখেন নি। একবার ডেকেছেন শুধু সর্বদলীয় কমিটি সবাইকে যে রাজ্যের নাম কি হবে, কি হওয়া উচিত? আর ৬৪টা চিঠি দিয়েছেন আমাদের বিরোধী পক্ষের নেতা। একবারএ মনে হয় নি। কতকগুলি তালিকা দিয়েছি — নাম, ঠিকানা, জোর করে অর্থ আদায়। একবারও মনে হয়নি — বলেছেন, বিরোধীদের নিয়ে করবেন। তাই যা বলেন তা করেন না, যা করেন তা গোপনে করেন। কখনও একবারের জন্য আপনারা বিরোধীদের, সরকারে গেছেন, জেলা সফরে গেছেন বারে বারে, সরকারী মঞ্চ রাজনৈতির মঞ্চ হিসেবে ব্যবহার করেছেন, সাহস হয় নি। আমি বিধায়ক হিসেবে মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভ্যর্থনা জানিয়েছিলাম সুন্দরবনে প্রথম আসছে মুখমন্ত্রী কিন্তু একবারও বলে নি সুভাষবাবু সরকারী সভা, রাজ্যের সমস্ত আধিকারিকদের নিয়ে যাচ্ছেন, বিরোধী নেতাদের বলার সাহস হয় নি। এই সরকার তাই পতনের জন্যে পাখা উঠেছে, পিপিলিকার যেমন পাখা ওঠে। (এমন সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী স্নেহাশীষ চক্রবর্তী : মাননীয় স্পীকার স্যার এবং এই পবিত্র বিধানসভার আমার প্রিয় বিধায়কগণ ও রাজ্য মন্ত্রী সভার অন্যান্য সদস্যরা। গত ৮ই মার্চ আন্তর্জাতিক নারী বর্ষে এই বাংলার মহামান্য রাজ্যপাল এই পবিত্র বিধানসভা কক্ষে যে তাৎপর্যপূর্ণ ভাষণ রেখেছেন, যে ভাষণের মধ্যে দিয়ে বর্তমান রাজ্যসরকারের বিভিন্ন উন্নয়নমুখী কর্মযোগ্য প্রকাশিত হয়েছে, আমি তার সমর্থনে আমার বক্তব্য রাখতে চাই। স্যার, ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার আগে ১৯২৯ সালে লাহোর কংগ্রেসের জহরলাল নেহেরুকে সাংবাদিকরা জিজ্ঞেস করেছিল যে, 'আপনি ভারতবর্ষের স্বাধীনতা বলতে কি বোঝেন'? ভারতবর্ষের স্বাধীনতা মানে কি শুধু ক্ষমতার হস্তান্তর? ভারতবর্ষের স্বাধীনতা

মানে কি শুধু ইউনিয়ন জ্যাকের পরিবর্তে তেরঙ্গা পতাকার উত্তোলন? ভারতবর্ষের স্বাধীনতা মানে কি শুধু সাদা চামড়ার বদলে কালো চামড়ার মানুষদের এস.ডি.ও, বি.ডি.ও করে দেওয়া? সেদিন জহরলাল নেহেরু বলেছিলেন "না, আমি ভারতবর্ষের স্বাধীনতা বলতে বুঝি ভারতবর্ষের মানুষের সার্বিক মুক্তি। রাজনৈতিক বন্ধন হতে মুক্তি, সাংস্কৃতিক বন্ধাত্ব হতে মুক্তি, অর্থনৈতিক বন্ধন হতে মুক্তি।" অত্যন্ত পরিতাপের বিষয় স্যার, অত্যন্ত লজ্জার কথা যে স্বাধীনতার পর ৬৫ বছর অতিক্রান্ত হয়ে যাওয়ার পরেও কেন্দ্রে বিভিন্ন সময় বিভিন্ন দলের সরকার, বিভিন্ন অঙ্গরাজ্যে আঞ্চলিক দলের সরকার এবং এই পশ্চিমবাংলায় ৩৪ বছর মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সরকার ক্ষমতায় থাকার পরেও আমরা ভারতবর্ষ তথা পশ্চিমবাংলার মানুষকে সেই সার্বিক মুক্তি এনে দিতে পারে নি। স্যার, এখনও মোট জনসংখ্যার একটা বিরাট সংখ্যক মানুষ দারিদ্র সীমার নীচে বাস করে। এখনও শিক্ষার আলো সমাজের বিভিন্ন প্রান্তে প্রান্তে কোণায় কোণায় আমরা পৌঁছে দিতে পারি নি। এখনও স্বাস্থ্য পরিষেবা থেকে শুরু করে বিভিন্ন পরিষেবা থেকে বঞ্চিত মানুষের সংখ্যাটাও বিরাট। এখনও সংবিধানের যে মৌলিক অধিকারগুলি আছে, সেগুলো সম্বন্ধে সচেতনতা নেই এইরকম মানুষের সংখ্যাও নগণ্য নয়। এই সামাজিক এবং রাজনৈতিক প্রেক্ষাপটের মধ্যে ২০১১ সালে বিধানসভা নির্বাচনে জয়ী হওয়ার পর এই পশ্চিমবাংলার দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়ে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে কর্মযোগ্য শুরু করে দিয়েছেন, আমরা স্থির নিশ্চিত, আমরা বাংলার মানুষকে সেই সার্বিক মুক্তি এনে দিতে পারবো। তার কাজ শুরু হয়ে গিয়েছে পশ্চিমবাংলায়। স্যার, আমরা তো ভারতীয় নারীকে মায়ের মর্যাদার আসনে বসিয়েছি। আবার আমাদের এই যে দেশ, সেই দেশকে তুলনা করেছি তার সাথে। "যেদিন সুনীল জলধী হইতে উঠিল জননী ভারতবর্ষ।" আবার আমরাই পুরুষের অনুশাসনে সেই নারীকে ঘরের মধ্যে বন্দী করে ফেলেছি। কবিকে আক্ষেপ করে লিখতে হয়েছিল, "নারীকে তার আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার।" আমাদের মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, আমি বাংলার নারীকে, বাংলার মা-কে সেই অধিকার ফিরিয়ে দিতে চাই। তাই আমরা বিধানসভায় বিল এনেছি, পঞ্চায়েত বিল। সেই বিলে ৫০ শতাংশ সংরক্ষণে নিশ্চয়তা দিয়েছি মহিলাদের জন্য। আমরা করেছি স্যার। আপনারা যা করেছিলেন তাতে পঞ্চায়েত নির্বাচন ২০১৩ সালে হত না। আমরা সেটা সংশোধন করেছি আবার নতুন করে বিল নিয়ে এসে, সে কথা পরে বলব। স্যার, আজকে গ্রামীণ প্রশাসনে পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে পুরুষদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে অর্ধেক ক্ষেত্রে নারীরা নেতৃত্ব দিতে পারবে পশ্চিমবাংলায়। আমরা স্যার পশ্চিমবাংলায় — আগে পার্থ ভৌমিক বলে গেছেন, যে মহিলাদের জন্য আমরা কত কি করেছি। অনেক পরিবার আছে যারা কন্যা সন্তান নিতে চান না। কন্যা ভ্রূণ হত্যার মত ঘটনা ঘটে। মেয়েদের অনেক পরিবারের কাছে গঞ্জনার পাত্রী হিসেবে কাটাতে হয়, তাদের উপর অত্যাচার হত।

[4.50–5.00 p.m.]

তাদের উপর অত্যাচার হয়, তাদের স্কুলে যেতে দেওয়া হয় না, নাবালিকা অবস্থায় তাদের জোর করে বিয়ে দিয়ে দেওয়া হয়। এইগুলো সামাজিক ব্যাধি। আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বললেন, আমাদের বাংলাকে এই ব্যাধি থেকে মুক্তি দিতে হবে। তাই তিনি কন্যাশ্রী এনেছেন। ১৮ বছরের পরে যদি অবিবাহিত থাকে এবং সে যদি পড়াশোনা করতে চায় তাহলে রাজ্য সরকার তাকে এককালীন অনুদান দেবে ২৫ হাজার টাকা, প্রতি বছর ক্লাস এইট থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত

সাহায্য পাবে একটা মেয়ে। পার্থবাবু বলেছেন, মহিলা বিশ্ববিদ্যালয় গড়ার পরিকল্পনা নিয়েছেন। যেসব আশা কর্মী বঞ্চিত রয়েছেন তারা বলত, আমাদের কি হবে? আমাদের মুখ্যমন্ত্রী তাদের আশাহত করলেন না, তাদের ১৩০০ টাকা মাসিক ভাতার ব্যবস্থা করলেন। মহিলাদের নিরাপত্তা থেকে শুরু করে তারা যাতে আইনের সাহায্য পায় সেইজন্য পশ্চিমবাংলায় ৬৫ টা মহিলা থানা, ৪৫ টা আদালত করার কাজ শুরু হয়েছে। সার্বিকভাবে পশ্চিমবাংলার মহিলাদের কিছু সাহায্য হ'ল, তাদের আর্থিক দিক থেকে এগিয়ে দিল। তাদের পড়াশোনার ব্যবস্থা করলেন, তাদের হাতে সাইকেল তুলে দিলেন এবং power-empowerment to women আপনাদের সরকারের আমলে এই নীতি কার্যকরী হতে দেন নি পশ্চিমবাংলায়। কবি নজরুল বলেছেন, 'বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর, অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।' মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সফলতার মুখ অআমরা দেখাবো সেই কথাই বলতে চাই। মাননীয় রাজ্যপালের ভাষণের ছত্রে ছত্রে এই বিষয়গুলো উল্লিখিত আছে। আজকে আপনারা এই বিরোধীতা করেছেন। যে-কোন গণতান্ত্রিক ব্যবস্থায় সরকার আসে, সরকার চলে যায়, সরকারের পরিবর্তন হয়, এটা স্বাভাবিক ঘটনা। কিন্তু সরকারি কর্মচারীদের বেতন থেকে শুরু করে রাস্তাঘাট সারাই, ইত্যাদি এমন কিছু কিছু কাজ থাকে যেগুলো সব সরকারকেই করতে হয়। কিন্তু সরকারের সঙ্গে সরকারের পার্থক্য হয় কিছু মৌলিক সিদ্ধান্ত, কিছু মৌলিক নীতি, কিছু মৌলিক কাজকর্মের ধারা অনুযায়ী। আমরা সাচার কমিটির রিপোর্ট জানি না তাতে কি আছে। মুসলমান মানুষ পিছিয়ে রয়েছে আমরা জানি। সাত্তার সাহেব বললেন, সরকারি চাকুরির ক্ষেত্রে মুসলমানরা ছিলেন না, তারা পড়াশোনা থেকে শুরু করে সব দিকেই পিছিয়ে পড়া, অথচ আমরা বলি, 'একই বৃন্তে দুটি কুসুম হিন্দু মুসলমান।' মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাদের তুলে আনার জন্য অসংখ্য পরিকল্পনা নিয়েছেন। এই সরকারের আমলে মুসলমানদের জন্য যে অজস্র পরিকল্পনা এবং সিদ্ধান্ত নেওয়া হয়েছে, সেই কাজগুলো শুরু হয়ে গেছে। এই নিয়ে আমরা আত্মতৃপ্তি লাভ করতে চাই না। ইমাম এবং যারা আজান দেয় তাদের ভাতার বন্দোবস্ত করেছে এই সরকার। সব থেকে বড় কথা হ'ল, যেহেতু আমাদের সংবিধান পারমিট করে না সেই কারণে সব সংরক্ষণ দিতে পারি না, যেমন চাকরির ক্ষেত্রে দিতে পারি না, পড়াশোনার ক্ষেত্রে দিতে পারি না। কিন্তু আমাদের রাজ্য সরকারের নেতৃত্বে ও.বি.সি. তালিকা তৈরী হ'ল। যে ভাবে ও.বি.সি. তালিকার মধ্যে মুসলিম সম্প্রদায়ের গোষ্ঠী ঢুকিয়ে দেওয়া হ'ল তাতে কি হবে? এই যে ১৭% সংরক্ষণ করলাম, সেখানে মুসলিম সম্প্রদায়ের ছেলেমেয়েরা অনেক বেশী সুযোগ পাবে। প্রায় ১০% মুসলিম ছেলে-মেয়েরা সেই সুযোগ পাবে। আপনারা তো বললেন না এই বৈপ্লবিক পরিবর্তন আমরা এনেছি। আস্তে আস্তে মুসলিম সম্প্রদায় এগোতে থাকবে। আপনারা তাদের জন্য কি করেছেন? কখনও কিছু করেন নি। আমাদের বিধানসভায় বিরোধী দলের নেতা বললেন Keynesian multiplier, সেই গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুললেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত প্রাঞ্জল ভাষায় তার উত্তর দিয়েছেন। আমি তার মধ্যে যেতে চাই না। আমি সেই সমস্ত কাজের কথা বলতে চাই, যেগুলো বুঝতে গেলে মানুষের অর্থনৈতিক পান্ডিত্যের দরকার নেই, সাধারণ মানুষ খুব সাধারণ ভাবে যা বুঝতে পারবে, অনুভব করতে পারবে, সেই সব কাজ বলতে চাই। পাড়ায় পাড়ায়, গলিতে গলিতে অনেক ক্লাব সংগঠন আছে, যেখানে পাড়ার যুবক যুবতীরা যায়, যেখানে তারা খেলাধুলা, গান-বাজনা, সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। আপনারা কখনো ভেবেছিলেন সেইসব সংগঠনগুলোর পাশে আর্থিক

দিক থেকে দাঁড়ানো উচিত? আপনারা বলেছিলেন পাড়ায় পাড়ায় কম্যুনিস্ট পার্টির সংগঠন করতে হবে, বলতে হবে — লাল ঝান্ডা করে পুকার। পাশে আজকে আমাদের রাজ্য সরকার দাঁড়িয়েছে। আমরা চাই যত যুব সম্প্রদায় আছে পশ্চিমবাংলায়, তার মানোন্নয়নই হচ্ছে আমাদের লক্ষ্য। তাই আমাদের রাজ্য সরকারের উদ্যোগে ক্রীড়া এবং যুবকল্যাণের মাধ্যমে প্রায় তিন হাজার ক্লাবকে দু লক্ষ টাকা করে আর্থিক অনুদান দিয়েছি। আপনারা দলতন্ত্র প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন পশ্চিমবাংলার গ্রামে গ্রামে। আমরা গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চাই বলেই তৃণমূল প্রার্থীর পাশে দাঁড়ায় নি সরকার, ক্লাবসহ অরাজনৈতিক সংগঠনের পাশে দাঁড়িয়েছে সরকার। আপনারা কখনোই ভাবেন নি! আপনারা ভাবতেই পারেন না! এখানেই হচ্ছে আপনাদের সাথে আমাদের মৌলিক পার্থক্য। স্যার, আজকে অল্প সময়ের মধ্যে আমি যেটুকু পারছি সেটাই বলছি। আজকে দেখুন এই যে কেন্দ্রীয় সরকারের প্রকল্প, এই ব্যাপারে আমরা জানি যে প্রধানমন্ত্রীর গ্রাম সড়ক যোজনার যে কাজ, একশো দিনের কাজ — এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। এটা আমরা সকলেই জানি। কিন্তু কেন্দ্রীয় সরকারের প্রকল্পটাকে রাজ্যে নিয়ে এসে তার ঠিক ইমপ্লিমেন্ট করতে গেলে একটা দক্ষ সরকারের দরকার হয়। কিন্তু আপনারা পারেন নি। একশো দিনের কাজ আপনারা সতেরো দিনের বেশি তুলতে পারেন নি। কেন পারেন নি? আমরা সরকারে এসে সেটাকে প্রায় ৩৩ দিনে ৩৪ দিনে তুলতে পেরেছি। এবং এখন সেটা চল্লিশ দিন পার হয়ে খুব তাড়াতাড়ি পঞ্চাশ দিনে পৌঁছে যাবে। আমরা তো এগুলি করেছি। আমরা প্রধানমন্ত্রী সড়ক যোজনাতে অনেক বেশি রাস্তা তেরো হাজার কিলোমিটার রাস্তা পারমিট করে নিয়ে এসেছি। এটাই হচ্ছে সরকারের দক্ষতা। আপনারা বলছেন দান খয়রাতি চলছে। তা আমাদের অর্থমন্ত্রী তো শুধুমাত্র সিস্টেমের কিছু বদল করে এগারো হাজার কোটি টাকা অতিরিক্ত কর রেভিনিউ সংগ্রহ করেছেন। আপনাদের অর্থমন্ত্রী ঘাটতিশূন্য বাজেট যেটা পেশ করেছিলেন, সারা ভারতে ঢাকঢোল পিটিয়েছিলেন যে কি না কি হচ্ছে! জলের একটা ধর্ম আছে। যাকে সারফেস টেনশন বলা হয়। আপনাদের অর্থমন্ত্রী সেই ঘাটতিশূন্য বাজেটের সঙ্গে সঙ্গে বামফ্রন্ট সরকারের সমস্ত দপ্তরের পারফরম্যান্স এই ঘাটতিতে চলে গিয়েছিল। আপনারা কিছু করতে পারেন নি। আমি শেষ করব প্রাক্তন রাষ্ট্রপতি এ পি জি আব্দুল কালামের একটা সুন্দর কথা দিয়ে, উনি বলেছিলেন 'স্বপ্ন উও নেহি হোতে, যো নিন্দ মে আয়ে, স্বপ্ন উও হোতে হ্যায় জিসে পুরা কিয়ে বিনা নিদ নেহি আয়ে।' স্বপ্ন তাকে বলে না যেটা ঘুমিয়ে ঘুমিয়ে দেখি, স্বপ্ন তাকেই বলে যেটার সম্পূর্ণ না করা পর্যন্ত দু'চোখে ঘুম আসবে না। আপনারা ঘুমিয়ে ঘুমিয়ে চৌত্রিশ বছর স্বপ্ন দেখেছিলেন। বাংলার— মানুষকে দেখানোর চেষ্টা করেছিলেন। তাই সফলতা পান নি। আর আমাদের মুখ্যমন্ত্রী সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছবার জন্য নিদ্রাহীন ঘুমহীন অবস্থায় দিনের অধিকাংশ সময় তিনি পরিশ্রম করে চলেছেন। তাই আমরা লক্ষ্যে পৌঁছতে পারছি। অল্প সময়ে বেশি কাজ করতে পারছি। এবং অচিরেই কিন্তু আমরা এই অন্ধকার থেকে একটা আলোর ঠিকানাতে পৌঁছে যাবো। আমরা যাবো এবং আপনাদের সঙ্গে নিয়ে যাবো, বাংলার নয় কোটি মানুষকে সঙ্গে নিয়ে যাবো। নমস্কার।

শ্রী মইনুল হক : মাননীয় স্পীকার মহাশয়, গত ৮ই মার্চ মহামান্য রাজ্যপাল যে বক্তব্য পেশ করেছেন আমি সেই সম্পর্কে কিছু বলতে চাই। আজকে সবচেয়ে দুঃখজনক ঘটনা যে উনি বিশেষ করে রাজ্যে আমরা যে এলাকাতে বসবাস করি মুর্শিদাবাদ এবং মালদাতে গঙ্গা এবং পদ্মার যে ভাঙ্গন, সেই ভাঙ্গন প্রতিরোধ করার জন্য কোন কথাই বলেন নি। বিগত বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে শুধু কেন্দ্রের বঞ্চনার কথা বলেছেন। এবং আজকে একই বক্তব্য এই বর্তমান

মা-মাটি-মানুষের সরকারও কেন্দ্রের বঞ্চনার কথা বলছেন। অথচ ভাঙ্গন একটা জাতীয় সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য এই বর্তমান সরকার কোন রকম কোন পরিকল্পনা গ্রহণ করেন নি। আজকে আমরা যে এলাকাতে বসবাস করি সেই মুর্শিদাবাদ মালদা বিড়ি অধ্যুষিত এলাকা। অন্তত বারো লক্ষ শ্রমিক এই দুটো জেলাতে বসবাস করে। এই বিড়ির কাজের সঙ্গে যুক্ত বিড়ি শ্রমিকদের মজুরী বৃদ্ধি করার জন্য বর্তমান সরকারের কাছে দরবার করেছিলাম। এই সরকার কমিটমেন্ট করেছিল যে সামনে অর্থাৎ ২০১২ সালের আগস্ট মাসে ত্রি-পাক্ষিক চুক্তি হবে।

[5.00–5.10 p.m.]

যাতে মিনিমাম্ ওয়েজেস্ কভার করা হয়। ন্যূনতম মজুরি যাতে পায়। ২০১২-র আগস্ট পার হয়ে গেছে। আবার ২০১৩-র আগস্ট আসতে চলেছে। এই সরকারের পক্ষ থেকে এই যে বিড়ি শ্রমিকদের যে বঞ্চনা, এই সম্বন্ধে কোনো রকম উদ্যোগ গ্রহণ করা হয় নি। আজকে আমরা দেখলাম, অর্থমন্ত্রী — তিনি বাজেট বক্তৃতায় বলছেন যে, বর্তমান মা-মাটি-মানুষের সরকার প্রায় ১০ লক্ষ ২০ হাজার বেকারদের চাকরীর ব্যবস্থা করে দিয়েছে। একজন শ্রমমন্ত্রীকে প্রশ্ন করার ফলে আমরা জানতে পারলাম, মাত্র ১৯০০, অর্থাৎ ১ হাজার ৯০০ চাকরী হয়েছে। আজকে আপনাদের এই যে সরকারের দ্বিচারিতা — অর্থমন্ত্রী ঠিক বলছেন, না শ্রমমন্ত্রী ঠিক বলছেন — আপনারা এই সরকারে আসার এক বছরের মাথায় বললেন, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জন্য ৯৯% কাজ নাকি আপনারা করে দিয়েছেন। অথচ দেখা যাচ্ছে, এই যে ১৯০০—যারা কর্মসংস্থান পেয়েছে, সেখানে দেখা গেল মাত্র ১০৩ জন সংখ্যালঘু সম্প্রদায়ের চাকরী হয়েছে। একই বক্তব্য আমরা শুনেছি ৩৪ বছর। সংখ্যালঘুদের জন্য বিগত সরকারের প্রচন্ড দরদ ছিল, আর বর্তমান সরকারেরও। সংখ্যালঘু মানুষের কোন রকম উন্নয়ন হয়নি এই ২২ মাসে আপনারা আসার পরে। আপনারা পরিসংখ্যান দিচ্ছেন? আজকে সরকার পক্ষের একজন বক্তা বলছিলেন, আপনারা ইমামের মাইনে করে দিয়েছেন। যারা মসজিদে আজান দেয়, তাদের আপনারা মাইনে করে দিয়েছেন। আমি সরকারের কাছে জানতে চাইছি, কোন মুসলিম সংগঠন থেকে এই সরকারের কাছে আবেদন করেছিল যে ইমামদের মাইনে দিতে হবে? যারা আজান দেবে, তাদের মাইনে দিতে হবে? এতো সবই অবাস্তব। বাস্তবের সঙ্গে কোনো মিল নেই এই সরকারের। আপনাদের অর্থমন্ত্রী — আমরা দেখেছি অসীমবাবু ৯৯ শতাংশ মিথ্যে বলতেন। আর উনি তো এমন এমন কথা বলছেন, এমন স্বপ্ন দেখাচ্ছেন, খোয়াব দেখাচ্ছেন — ওই যে একটা কথা আছে — গল্পের গরু গাছে ওঠে। আজকে যে সরকার — আজকে একজন মাননীয়া মুখ্যমন্ত্রী এই ২২ মাসে শুধু পরিকল্পনা আর প্রতিশ্রুতির বন্যা বইয়ে দিচ্ছেন জেলায় গিয়ে। সরকারি টাকা—এক-একটা জেলায় ৮ কোটি, ১০ কোটি খরচ করে উৎসব হচ্ছে — মাটির উৎসব। শিল্প নেই। আপনাদের উপদেষ্টা, একজন সাংসদ - তিনি বলছেন, জমি পাওয়া যাবে না। বড় শিল্প হবে না। আর শিল্পমন্ত্রী বলছেন, ওঁনার ব্যক্তিগত মত। কোনটা ঠিক? আজকে জমি জটের জন্য এন.এইচ. ৩৪ — পশ্চিমবাংলার একটা গুরুত্বপূর্ণ রাস্তা, জাতীয় সড়ক। জমি জটের জন্য সেই কাজ যেটা ২০১৩-র এপ্রিল মাসে শেষ হয়ে যাওয়ার কথা, অথচ এই সরকারের কাছ থেকে এন.এইচ. কর্তৃপক্ষই বলুন আর যে এজেন্সিগুলো কাজ করছে — পাবলিক জমি অ্যাকোয়ার করা তো অনেক দূরের প্রশ্ন ..... যারা সরকারী জায়গায় অকুপাই করে বসে আছে দোকান দিয়ে, বাড়ী করে তাদেরকে পর্যন্ত আপনারা ওঠাতে পারছেন না। তার

জন্য আজকে এত বড় একটা প্রোজেক্ট ফোর লেনের কাজ, একটা গুরুত্বপূর্ণ কাজ শুধু আপনাদের ব্যর্থতার জন্য, উদাসীনতার জন্য, আজকে আটকে পড়েছে। হাজার হাজার মানুষ প্রতি নিয়ত তাদের ঝামেলা পোয়াতে হচ্ছে। তার জন্য আমরা বলতে চাই যে শিল্প কোথায় হবে? সরকার যদি ন্যায্য মূল্যে জমি অধিগ্রহণ না করে, এই জট কোনদিন ক্লিয়ার হবে না। আজকে আমার এটাই বলার যে আজকে ডাবল্ লাইনের কাজ হচ্ছে, সেখানে বাধা। সরকারী জায়গায় যারা বসবাস করছে, যারা অকুপাই করে রেখেছে এই সরকারের পুলিশ প্রশাসন কোন রকম উদ্যোগ গ্রহণ করছে না। তার ফলে আজকে কোন কাজ এগোচ্ছে না। একই কায়দায় এরা ৩৪ বছর পার করেছে, আপনারা বলছেন মাত্র ২২ মাস। ২২ মাস কেন — আজকে মুখ্যমন্ত্রী প্রতিটা জেলায় যে ভাবে একটার পর একটা প্রকল্প ঘোষণা করছেন, ৩৪ বছর কেন, ৬৮ বছর আপনারা ক্ষমতায় থাকলেও ইমপ্লিমেন্ট হবে না। কারণ কোন পরিকল্পনা নেই। একদিকে আপনারা বলছেন সরকার অর্থ সংকটে ভুগছে, অর্থ নেই, সরকারের কাছে অর্থ নেই। আর একদিকে আপনার পরিষদীয় সচিব ১৩ জন , একজন বেড়ে ১৪ জন হয়েছে। কিসের জন্য? কার স্বার্থে? সমস্ত মন্ত্রী। যাঁরা মন্ত্রীসভায় রয়েছেন একটাই তো মন্ত্রী। বাকিরা সব বেকারত্বের জ্বালায় ভুগছেন। তাহলে সচিব কি করবে? অর্থ সংকটে ভুগছে, আর লক্ষ লক্ষ টাকা ক্লাবকে বিতরণ করছে, ভোটের জন্য? এইভাবে মানুষের মন পাবেন না আপনারা। মানুষ সমর্থন করবে না আপনাদের। আজকে বাস্তবমুখী হতে হবে। শিল্প ২২ মাসে একটাও আসে নি, একটাও না। আর মাননীয় মুখ্যমন্ত্রী মাটির মেলা, মাটি উৎসব, সেখানে গিয়ে নতুন শিল্প ঘোষণা করে দিলেন। সেটা কি? ঢেঁকি। ঢেঁকিতে ধান কুটবে। এক কোটি মহিলার নাকি বেকারত্ব ঘুচে যাবে, ঢেঁকি বিতরণ করা হবে। আমি জানি না এই সরকার কত দিন এই ভাবে মানুষকে বোকা বানাবে। তাই আজকে মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, সেটাতো সরকারী, সেটা আপনাদের লেখা, পড়তে হয়, পড়েছেন। তার মধ্যে বাস্তব কিছু নেই, তাই এর সম্পূর্ণ ভাবে বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শ্রীকান্ত মাহাতো : স্যার, মাননীয় রাজ্যপাল এন.কে.নারায়ণন যে বক্তব্য পেশ করেছেন, সেই বক্তব্যের উপর দাঁড়িয়ে আমি বেশি কিছু না, দু-একটা কথা বলতে চাই। প্রথমেই সমর্থনের ক্ষেত্রে যেটা বলার আমি নতুন সদস্য, খুব মন দিয়ে বক্তব্য শোনার চেষ্টা করছিলাম। এবং বলার চেষ্টা করেছিলাম যে আমি এই বক্তব্যের উপরেই এই বাজেটে কয়েকটা কথা বলবো। কিন্তু পুরনো সদস্যদের কথা শুনে আমার শরীরের মধ্যে রক্ত গরম হচ্ছিল, গাত্রজ্বালা হচ্ছিল। যে মিথ্যে কথা বলেছেন এই সদস্য এই সদনে, আমার এই ৩৫ বছরের যুবকের অভিজ্ঞতায় একজন বয়স্ক মানুষের মিথ্যে কথা বলাটা সাজে নি।

[5.10–5.20 p.m.]

মিথ্যে কথা বলছেন কি ভাবে শুনুন। একটা-দুটো কথা আমি উদাহরণ দিয়ে বলতে চাইছি। কিভাবে বলেছে মিথ্যে কথা। তারা বলছে মা-মাটি-মানুষের সরকার কিছু করে নি এ রাজ্যে। এর আগে কোন রাজ্যপাল এই ধরণের বক্তব্য দেয়নি। এই ধরণের বক্তব্য দেয়নি, বলেনি। পশ্চিমবাংলার সাড়ে ৯ কোটি মানুষের স্বার্থে এই বক্তব্য পেশ করেছেন। এবং এই বক্তব্যের মধ্যে মানুষের স্বার্থ চরিতার্থ হবে, এই রাজ্যের মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, স্বাস্থ্য, শিক্ষা পূরণ হবে। বলেছে এখানে বক্তব্যে ওরা, কি বলছিল? বলছে কিষাণজী এখানে কি করেছিল তৃণমূল কংগ্রেসকে

মুখ্যমন্ত্রী দেখতে চেয়েছিল। আমি প্রশ্ন করতে চাই সেই সদস্যের কাছে। ১৯৯৮ সালে, ২০০১ সালে ঐ কিষাণজী জনযুদ্ধগোষ্ঠীর সদস্য লিডার ছিল, কে কেশপুর-গড়বেতায় নিয়ে এসেছিল? কিভাবে তৃণমূল কংগ্রেস, বি.জে.পি. জোটকে নিখোঁজ করছিল। যারা জনযুদ্ধ গোষ্ঠী করেছিল এই মন্ত্রীরা ডেকে এনেছিল, তারা ডেকে এনে ছোট আঙ্গারীয়ায় পুড়িয়ে মেরেছিল তার ফলশ্রুতি দেখতে পেয়েছিল। এদের বিবেকে লাগে না, এদের মনুষ্যত্ববোধ, মূল্যবোধ নেই। যারা গণতন্ত্রের কথা বলেছে, যারা ৩৪ বছরে ৩৩ টা গণহত্যা করেছে, যারা ছোট আঙ্গারীয়া, দাসের বাঁধ করেছে, যারা নন্দীগ্রাম করেছে, নেতাই করেছে, যারা আনন্দমার্গীর সাধুদের পুড়িয়েছে, সারা বাংলায় হাজার হাজার মানুষকে খুন করেছে। জঙ্গলমহলের কথা বললে তো শেষ হবে না। এরা গণতন্ত্র মানে নি। সারা বাংলা নয় সারা ভারতবর্ষের মানুষের গণতন্ত্রকে হত্যা করতে চেয়েছিল কমিউনিস্ট পার্টিররা। এরা বলেছিল পলিটিক্স ইজ দ্যা ব্যারেল অফ দ্যা গান আর মমতা বন্দ্যোপাধ্যায় প্রমাণ করেছে পলিটিক্স ইজ দ্যা ব্যারেল অফ ম্যান। মানুষ এই ক্ষমতার শক্তির উৎস। এরা আবার বাজেটে কি করে রাজ্যপালের ভাষণের মূল্যায়ণ আলোচনা করবে। আমি মনে করি এদের বোধগম্যতা নেই। এদের বোঝার চিন্তাভাবনা নেই। এরা চিন্তাভাবনা করতে ভুলে গেছে। ৩৪ বছরে পঞ্চায়েত স্তর থেকে আলিমুদ্দিন স্ট্রীট প্রত্যেকটা নেতার কোটি কোটি টাকা সরকারী কোষাগার থেকে চুরি করেছে। নিজেরা কালো টাকার পাহাড় তৈরী করেছে। মানুষের কল্যাণ করে নি। এই বাজেটের মধ্যে সুশাসন আছে, এই বক্তব্যের মধ্যে পুলিশি ব্যবস্থার কথা আছে, এই বক্তব্যের মধ্যে কলেজ করার কথা আছে, এই বক্তব্যের মধ্যে প্রত্যেকটা মানুষের স্বাধিকার দেওয়ার কথা আছে। আমরা বিচ্ছিন্ন দু-একটা ঘটনাও কাম্য মনে করি না। সেগুলোও বাংলাতে কোন মানুষের ক্ষেত্রে না হোক। গণতন্ত্রের বিকাশ যদি আপনারা সত্যিই চান সেই ধরনের বক্তব্য রেখে গণতন্ত্রকে বিকাশ করার চেষ্টা করুন। ৩৪ বছর সারা বাংলাকে যারা দলতন্ত্র কায়েম করল, ৩৪ বছর যারা পঞ্চায়েত ব্যবস্থা, পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ব্যবস্থায় চোর ডাকাত গুন্ডাদের আখড়া তৈরী করল তারা কি করে বলতে পারে, — চোরের মায়ের বড় গলা। আমি মনে করি ভূতের মুখে রাম নাম সাজে না। তারা বলতে পারবে কি করে? যারা পঞ্চায়েত ব্যবস্থায় বামফ্রন্টের আমলে মাষ্টাররা চোর-ডাকাত হয়েছে, সর্বশিক্ষার টাকা চুলি করে, ইন্দিরা আবাসের টাকা চুরি করে, বার্ধক্য ভাতার টাকা চুলি করে তারা আবার রাজ্যপালের ভাষণের উপর কিভাবে মূল্যায়ণ করবে। যাদের বিবেক নেই, মনুষ্যত্ব নেই, মূল্যবোধ নেই, মানবতাবোধ নেই, যারা চিন্তা করতে পারে না, পড়তে পারে না, যারা ভালো করে মূল্যায়ণ করে নি তারা টোন-টিপ্পুনি কাটে একটা-একটা কথাবার্তা বলে। আমি বলছি শুনুন, আমি ছোট অভিজ্ঞতা দ্বারা বলছি দু বছর আগে জঙ্গলমহলে প্রতিদিন আমরা কাঁদতে থাকতাম কখনও হার্মাদ, কখনও মাওবাদী, কখনও যৌথবাহিনী অত্যাচার করছে, বলতাম আমরা ভগবান, করে এই রাক্ষসের কাছ থেকে মুক্তি পাবো। বাঁচতে পারবো। আমাদের সরকার আসার পর এলাকায় হিংসা, হত্যাকান্ড, বাড়ি পুড়ানো, ঘর পুড়ানো বন্ধ হয়ে গেছে। এ কথা রাজ্যপাল তার ভাষণে বলেছেন। আপনি বলুন তো ছাতিতে হাত দিয়ে এ কথা কি রাজ্যপাল মিথ্যে কথা বলেছে? আপনি ছাতিতে হাত দিয়ে বলুন তো জঙ্গলমহলে হার্মাদ ক্যাম্প ছিল না, জঙ্গলমহলে মানুষ খুন হয় নি, জঙ্গলমহলে মানুষ মার্ডার হয় নি? এ কথা কি মিথ্যে কথা বলেছে রাজ্যপাল? রাজ্যপাল বলেছে আমাদের ৩৪ টি সুপার স্পেসালিস্ট হসপিটাল, জঙ্গলমহলেই ছ-ছটা কলেজ। দেখে আসবেন শালবনীতে কলেজের বিল্ডিং হচ্ছে, দেখে আসবেন নয়াগ্রামে কলেজের দোতলা বিল্ডিং হয়েছে। দেখবেন

লালগড়ে নার্সিং কলেজ হয়েছে। রামগড়ে পলিটেকনিক কলেজ হয়েছে। ভসরাঘাটে ব্রীজ হয়েছে। কাঁসাইয়ে ব্রীজ হচ্ছে। কত উন্নয়ন দেখতে চান বলুন? যা চাইবেন তাই দেওয়া হচ্ছে। ধৈর্য ধরুন মুখে চুপ করে বসে থাকুন। দেখবেন মা-মাটি-মানুষ সরকারের নেত্রী এবং সরকার মানুষকে কি দিতে পারে। মিথ্যে কথা নয় মমতা বন্দ্যোপাধ্যায় নিজের জীবনকে উৎসর্গ করে মানুষকে ভালোবাসেন। আপনারা ওই বেঞ্চে যারা বসে আছেন, একদিনও অনশন করতে পারবেন না। কৃষকের অধিকার প্রতিষ্ঠা করার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় ২৬ দিন অনশন করেছেন, এটা বাংলার মানুষের নয়, ভারতবর্ষের মানুষের নয়, সারা পৃথিবীর মানুষের কাছে এটা কৃষকের অধিকারের জয়। সেটা মমতা বন্দ্যোপাধ্যায় করে দিয়েছে। এই বাজেটের মধ্যে বলা আছে, মানুষের স্বাধিকার এবং অধিকার। এই বাজেটের মধ্যে বলা আছে, মানুষের ন্যায়ালয়, মহিলা বিশ্ব বিদ্যালয়। এই বক্তব্যের মধ্যে বলা আছে, মানুষের প্রতি ন্যায়ালয় হবেই, মহিলা থানা হবেই, মহিলা constable recruitment হয়েছে, জঙ্গলমহলে ১৫০০০ ছেলেমেয়ে ঘরে ঘরে চাকরী পেয়েছে। হাসছে দেখবেন যান — জিজ্ঞেস করলেই বলবে। আমাদের মা-মাটি-মানুষের সরকার আসার পর junior constable হয়েছে, home guard হয়েছে। আমি যদি মিথ্যে কথা বলে থাকি, আমি কালকেই সদস্যপদ ত্যাগ করে দেব। আমি কিন্তু সেকথা বলি নি। গ্রামের ছেলেমেয়েরা বলছে, গ্রামের মানুষজন বলছে। ভাগ্যিস তৃণমূলের সরকার এসেছিল, মা-মাটি-সরকার এসেছিল। আমাদের পাড়ায় পাড়ায় হলেও একজন, দু'জন, চারজন করে চাকরী পেয়েছে। ৩৪ বছর ধরে দিতে পারেন নি। সারা বাংলায় এক কোটি বেকার। বাংলার ছেলেরা পেটের জ্বালায়, ক্ষুধার জ্বালায়, প্রতিদিন দিল্লি, বোম্বাই, সোনার দোকানে, রাজমিস্ত্রীর কাজ করতে যায়, ভিক্ষা চাইতে যায় ৪০০০, ৫০০০ টাকার চাকরি। এ'কথা কি বাংলার লজ্জা নয়? বাংলার কোলকাতা দ্বিতীয় ছিল শিক্ষায়। সেই কোলকাতা বাংলাকে শিক্ষায় উনিশতম কারা এনেছে? বামফ্রন্টের কমরেডরা এনেছে। এরা বলছিল আমরা ৭৭ সাল থেকে ২০০০ সালের মধ্যে অনেক স্কুল করেছি, ওইখানে কোন সদস্য বলছিলেন। আমি উত্তর করতে চাই, ৭৭ সাল থেকে ২০১১ একটাও হাইস্কুল, প্রাইমারি স্কুল হয় নি। একমাত্র একটা-দুটো MSK SSK ছাড়া। যত স্কুল হয়েছে যাটের সত্তরের দশকেই স্কুল হয়েছে। আমি বলতে চাই এই সনদে, এই সনদকে misguide করছে, মিথ্যে প্রতারণা করছে। এদের চিন্তা-ভাবনা করা দরকার ছিল। এক বছরে চার চারটা বিশ্ববিদ্যালয়। কবি নজরুল বিশ্ববিদ্যালয়, মহিলা বিশ্ববিদ্যালয়, পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়, ছ'ছ'টা কলেজ, ছ'ছ'টা ইউনিভার্সিটি একটা সরকার কি করে করতে পারে। আপনারা সহযোগিতা করলেই আপনাদের ছেলেমেয়েরাই পড়তে পারবে। এই কোলকাতার মানুষকে, বাংলার মানুষকে আজকে super speciality hospital-এর কথা বলা আছে। যে হাসপাতাল ছিল না। পা ভাঙলে যেতে হত কটক, হার্ট খারাপ হলে যেতে হয় ব্যাঙ্গালোর, কিডনি খারাপ হলে যেতে হয় ভেলোর, চোখ খারাপ হলে যেতে হয় শঙ্কর নেত্রালয়। বাংলাটাকে মরুভূমিতে পরিণত করেছে বামফ্রন্টের কমরেডরা। বিধান রায়ের আমলে শুরু হয়েছিল, ৩৪ বছর ধরে এরা শেষ করে করে একদম রসাতলে — পাতালে প্রবেশ করে দিয়েছে। কমিউনিস্টের রাজত্বে এটাকে একদম রসাতলে — মরুভূমিতে তৈরী করে বাংলার মানুষের লজ্জার, অপমানের জায়গা তৈরী করে দিয়েছে। তাই এই বক্তব্যের মধ্যে আমি মনে করি কোনো রাজনৈতিক, কোনো সরকারী বক্তব্য নয়, সাড়ে ৯ কোটি মানুষের স্বার্থের কথা রাজ্যপাল বলেছেন। সাড়ে ৯ কোটি মানুষের স্বার্থের কথা কিভাবে বলেছেন রাজ্যপাল? এটাতে কৃষির কথা বলা আছে, কিভাবে পাওয়ার টেলার দেওয়া

আছে। কিভাবে মানুষের উন্নয়নমূলক কাজকর্ম করা যায়, কিভাবে শিক্ষার উন্নয়ন করা যায়, কিভাবে চিকিৎসার উন্নয়ন করা যায়, কিভাবে কৃষি কাজের উন্নয়ন করা যায় — এ বাজেটে একটা একটা করে পরিষ্কার প্রত্যেকটা বলা আছে। আমরা যদি সুন্দরভাবে এটা পড়ি, এই ভাষণটাকে যদি সুন্দরভাবে পড়ি, দেখতে পাবো কিভাবে কৃষিবাজার হচ্ছে, আমরা যদি সুন্দরভাবে পড়ি, একটা কথা বার বার আমি শুনছিলাম ওইদিক থেকে যে, খেলা আর মেলা করে কোটি কোটি টাকা ব্যয় করছেন। মনে রাখবেন, মানুষের মধ্যে বিবেক বোধ, মূল্য বোধ সম্প্রীতি, ঐক্য, ভালোবাসা, দেশপ্রেম, সমাজপ্রেম, মানবপ্রেম তৈরী করতে গেলেই মনীষীদের চর্চা করতে হয়। আপনারা কোনোদিন মনীষীদের চর্চা করেন নি। আজকে রবীন্দ্রনাথের কথা, আজকে বিবেকানন্দের কথা, থানায় থানায়, ক্লাবে ক্লাবে, পাড়ায় পাড়ায় বলা হচ্ছে। এর দ্বারাই তো মনুষ্যত্ব তৈরী হবে। আর এই পাশের বেঞ্চের কিছু লোক বলছিলেন, রাজ্যসরকারের একটাও প্রকল্প নেই। নিজ গৃহ নিজ ভূমি প্রকল্পটা কাদের? একটু প্রশ্ন করতে চাই তাদের কাছে আমি। মনে রাখবেন রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, "গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে।" এ'কথা কার চিন্তাভাবনার মধ্যে? মমতা বন্দ্যোপাধ্যায়ের চিন্তাভাবনার মধ্যে, এ সরকারের চিন্তাভাবনার মধ্যে। অনেক সৃষ্টিশীল কথা এর মধ্যে আছে। যেটা আমরা কোনোদিন কোনো সরকারের মধ্যে দেখি নি। যেটা নতুন কথা, নতুন কাজকর্ম এই ভাষণে তাঁর বক্তব্যে রাজ্যপাল বলেছেন। তাই আমি আপনাদের কাছে বলতে চাই, ছোটো ভাই হিসাবে নতুন সদস্য হিসাবে প্রকৃত মানুষের কথা চিন্তাভাবনা করে সাড়ে ৯ কোটি মানুষের কথা চিন্তাভাবনা করে এই বক্তব্য রেখেছেন। তাই আমি এই বক্তব্যকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ। নমস্কার।

[5.20–5.30 p.m.]

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন এক বিবর্ণ রাত্রে আমাদের এই রাজ্যে খুঁজে পাওয়া যাবে শিলা পাহাড়। রাজ্য সরকারের লেখা যে ভাষণটি মহামান্য রাজ্যপাল পাঠ করলেন, তাতে মনে হল, সারা ভারতবর্ষের মরুভূমিতে আমাদের রাজ্যটা একটা মরুদ্যান। অথচ আমাদের এই রাজ্যে যত ক'টি শিলান্যাস হয়েছে, তার চেয়ে বেশি হয়েছে নারী নির্যাতন, নারীর প্রতি বলাৎকার। টি.এম.সি সরকার ও তার দল বলছে, সব সাজানো এবং সি.পি.এম- এর চক্রান্ত। আমি বলি, এর পিছনে কারণ আছে। কারণ, এই মুখ্যমন্ত্রী মহোদয়া যখন বিরোধী নেত্রী ছিলেন, আমার ভাঙড়ে চম্পলা সর্দার বলে একজন মহিলা, গৃহবধু, তাঁকে নিয়ে যে শোরগোল ফেলেছিলেন সারা ভারতবর্ষ জুড়ে, এবং মিথ্যে কথা জেনেও তিনি যেভাবে এই নারীর নারীত্বকে নিয়ে রাজনীতি করেছিলেন এবং যে রায়ে যখন প্রমাণিত হল, যে এই রেপটা, রেপ হয় নি। তখন তিনি বললেন, এটা সাইন্টিফিক রেপ। সেইজন্যে, সেই চম্পলা সর্দার যাকে নিয়ে এত কান্ড করলেন, সেই ভদ্রমহিলা কোথায় থাকেন, কি খায়, কোথায় বাস করেন, তাঁর কোন খবর রাখেন না। কারণ, এরা এদের কাজ মিটে যাওয়ার পরে, আর এইসব নিয়ে মাথা ঘামান না। সেইজন্যে, উনি সেই সময় বলেছিলেন, যে এই রেপটা হচ্ছে সাইন্টিফিক রেপ।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি জানেন, এক্স-রে রুমে রেপ হচ্ছে। এক্স-রে রুমে রেপ হচ্ছে, এমন কী অপারেশন থিয়েটারে রেপ হচ্ছে। গ্রুপ ডি কর্মচারীরা হাসপাতালে রেপ করছে। সেইসব রেপের জন্যে সবার যা ব্যবস্থা নেওয়ার সব মনে হচ্ছে জলভাত। কোন ব্যাপার নেই।

কারণ এই রকম পরিস্থিতি তৈরী হয়েছে আমাদের এই রাজ্যে। এবং তার ফল ফলবে এটা আমরা দেখছি। এই টি.এম.সি সরকার এরা হচ্ছে খুন কা ফাউন্টেন, আর মউত কা মাউন্টেন। এবং এই টি.এম.সি দল ও সরকার, এরা রাজ্যের আইন মেনে চলে না। এরা নিজেদের আইন, সেই নিজেদের আইন তারা কার্যকারী করে। এবং এই সরকারের নীতি হচ্ছে, পায়ে ধরে হাত বসাও, জুতো মেরে দান আদায় করো। ভোটের আগে নরম নরম কথা। ভোটের পরে হিটলারের মত কথা। ভোটের আগে গিয়ে বলে, আমরা হচ্ছি তোমাদের সেবক। আর ভোটের পরে বলে, আমরা হচ্ছি তোমাদের বস্। এই হচ্ছে এই সরকারের নীতি এবং সেইভাবে তারা কাজ করছেন। এই সরকারটাকে ফুল কন্ট্রোল করেছে এই গুন্ডা এবং আমাদের যে মস্তান, তারা এই সরকারকে নিয়ন্ত্রণ করে। এবং এই তোলাবাজরা যে তোলা তোলে, সেই তোলা থেকে দলের নেতা এবং মন্ত্রীদের যেভাবে সেবা করে, সেই সেবার বিনিময়ে এই দলের নেতা এবং মন্ত্রীরা সেই তোলাবাজদের বিরুদ্ধে, গুন্ডাদের বিরুদ্ধে, মস্তানদের বিরুদ্ধে কোনো কথা বলতে পারেন না। উল্টে তারা বলেন, এরা হচ্ছে আমাদের তেজী ছেলে। উল্টে তারা বলেন, এই মুন্নার মত লোক, এত ভাল লোক হয় না। সে এ রকম খারাপ কাজ করতে পারে এটা আমি বিশ্বাস করি না। এইসব কথা ওরা বলে এবং বলতে ওরা বাধ্য হন। এছাড়া উপায় নেই। এই গুন্ডা, মস্তানরা তারা মনে করছে, এই সরকারটা তারাই তৈরী করেছেন, তাই যা ইচ্ছা তাই তারা করবেন। এখানে তারা দরকার হলে খুন করতে পারে, তোলা তুলতে পারে, ঘরবাড়ী পুড়িয়ে দিতে পারে, ঘরছাড়া করতে পারে, পাড়া ছাড়া করতে পারে, বাড়ী ছাড়া করতে পারে, যা ইচ্ছা তাই পারে। গণতান্ত্রিক অধিকার সম্পর্কে এদের কোন বোধ নেই। এই নির্বোধরা কি বলছে, টুকলি সাপ্লাই দেওয়ার পরে বলছে, যে আমরা সমাজসেবা করছি। টুকলি সাপ্লাই দেওয়া যদি সমাজসেবা হয়, আর সেই সমাজসেবকরা যদি এই সরকারের বীরপুঙ্গব হয় তাহলে এর পিছনে কি দাঁড়াবে সে আপনারা সবাই অনুভব করতে পারছেন। আমাদের মুখ্যমন্ত্রী কোনো সময় তিনি কল্পতরু, কোনো সময় কামধেনু, কোনো সময় রাফ অ্যান্ড টাফ। এই রাফ অ্যান্ড টাফ হতে গিয়ে পাহাড়ের যে সুন্দর চুক্তি সেই চুক্তিকে এমন করে ফাটিয়ে দিলেন, ফুটি ফাটা করে দিলেন যে সেটা এখন কি করে জোড়া লাগানো যাবে সেটা বোঝা খুব মুশকিল হয়ে যাচ্ছে। যাই হোক, এটা এখন হচ্ছে। উনি মেজাজী লোক, যখন যেরকম মেজাজে থাকেন তখন সেইরকম বলেন। সেটা তাঁর ব্যাপার। ওটা নিয়ে আমি কোনো কথা বলতে চাই না। আমাদের এই রাজ্যে উনি বলেছিলেন আমাদের এই রাজ্যটাকে নিলামে তুললে কেউ কিনবে না। যদি নিলামে কেউ না কেনে সেই সরকারের মুখ্যমন্ত্রী কিভাবে উৎসবে মাতিয়ে রেকেছেন, নাচে, গানে যাত্রায়, জলসায়। মানুষকে মাতিয়ে রেখেছেন কিভাবে, সেই খরচটা কোথা থেকে আসছে। এই সরকারের মুখ্যমন্ত্রী, আমি তাকে অভিনন্দন জানাই যে বাণিজ্য মেলাতে তিনি শিল্পপতিকে দিয়ে গান গাইয়ে নিচ্ছেন। এটা নিশ্চিতভাবে এই সরকারের কৃতিত্ব এবং মুখ্যমন্ত্রীর কৃতিত্ব এটা কোনো সন্দেহের অবকাশ নেই। পঞ্চায়েতের ভোটের আগে দরাজ হাতে ক্লাবগুলোকে টাকা দিচ্ছেন। দিন, ক্লাবগুলো পাক। আপনারা ভোটে জিতবেন, পঞ্চায়েত ভোট আপনারা করতে দেবেন না সেটা আমরা জানি। আপনারা যতই ঝামেলা করুন, ভোটে দাঁড়াতে দেবেন না, ভোট লুঠ করবেন। '৭২ সালে আমরা দেখেছি, আবারও আপনারা তা করবেন। কিন্তু আপনাদের এটা শেষ হবে না। বুঝে নেবেন। এই ২২ মাসে মমতা ব্যানার্জীর যে ক্যারিশমা ছিল সেই ক্যারিশমা আর আগের মত নেই। তাই এই মস্তান, গুন্ডাদের ওপরে নির্ভর করতে হচ্ছে তাদের। সুজিতবাবু ভালো বুঝবেন। উনি সাত্তার মোল্লার উদাহরণ

দিলেন। আমি আর একজন মোল্লার উদাহরণ দিই। সে যখন আমার দলে থাকে তখন সে হার্মাদ। সে যখন তৃণমূলে চলে যায় তখন সে হয় গোলাপফুল। সেই গোলাপফুলকে নিয়ে সেই এলাকায় যা কারবার তিনি করছেন, যারা আসল তৃণমূল ছিল সবুজ তৃণমূল, তারা বলছেন ওরা লালা তৃণমূল। এই লাল তৃণমূলকে সবুজ তৃণমূল বলছে যে এই ব্যাটাদের জ্বালায় আমরা সিপিএম ছেড়ে তৃণমূলে এসেছিলাম, আর এরাই এসে তৃণমূল হয়েছে। আমরা আবার আপনাদের কাছে ফিরে যাব। আমরা বলেছি দোহাই আসতে হবে না, মাঝখানে থাকো, পরে কি হয় সেটা বিবেচনা করে দেখা যাবে। এইসব জিনিস হচ্ছে। সেইজন্য বলছি, হার্মাদ যদি আপনাদের কোলে গিয়ে বসে তখন সে গোলাপফুল হয়ে যায় সেটা আপনারা ভালো করে জানেন। কয়েকটি সংবাদ মাধ্যমের ওপরে, এই মিডিয়ার ওপরে এই সরকার ভয়ঙ্কর ক্ষিপ্ত। কারণ এরা ফুটেজে অনেক জিনিস ধরে রেখেছে। এগুলো যদি ধরে রাখা না যেত তাহলে এরা অনেক জিনিস হাফিস করে দিত। প্রথমেই তো বলে দিয়েছিল — না, তারপরে যখন ধরে ফেলেছে, দেখানো হচ্ছে যে এই এই ব্যাপার, তখন আর না করতে পারছে না, ব্যাক করতে পারছে না। কিন্তু শহরে তো মিডিয়া আছে, ফুটেজে ধরছে। কিন্তু গ্রামে নেই, সেখানে যে কি ভয়ঙ্কর, বীভৎস অত্যাচার চলছে, গ্রামে লুঠতরাজ হচ্ছে, যাকে তাকে বাড়ি থেকে তাড়াচ্ছে, জরিমানা করছে, কান ধরে উঠ বোস করাচ্ছে। বৃদ্ধ লোক, দাড়িওলা লোক, নামাজী লোক, তাকেও কান ধরে উঠ বোস করাচ্ছে। এইরকম বীভৎস ভয়ঙ্কর কান্ড ঘটছে। সেখানে ক্যামেরা নেই, মিডিয়া নেই, ফুটেজ নেই, তাকে ধরে এইসব কিছু করছে। আপনারা বলছেন যে আপনারা নিরপেক্ষ প্রশাসন। কিন্তু নিরপেক্ষ প্রশাসন কোথায়? আপনারা যদি নিরপেক্ষ প্রশাসন হতেন তাহলে দময়ন্তী সেনের এই অবস্থা হত না, পচনন্দার এই অবস্থা হত না। আরো অনেকে যারা এই প্রশাসনকে পঙ্গু করে দিয়েছেন সেই পঙ্গু করে দেওয়ার যে ফল সেটা আপনাদের ভুগতে হবে। সংখ্যালঘু দপ্তর সম্পর্কে আমি আপনাদের এইটুকু বলি, মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে এই সংখ্যালঘু দপ্তরকে হাতে রেখেছেন। নানাভাবে দান খয়রাতির ভেতর দিয়ে তিনি এদের ভালো করার জন্য চেষ্টা করেছেন। কিন্তু বুনিয়াদী কাজ ঠিক হচ্ছে না। সেই বুনিয়াদী কাজের জায়গায় আমাদের মাননীয় বর্ষীয়ান সদস্য চাচাজীর একটা প্রশ্নের উত্তরে আমাদের শ্রমমন্ত্রী যিনি ওখানে বসে আছেন, তিনি বলেছেন সত্তর লক্ষ বেকারের মধ্যে ১৮৯৯ জনের চাকরী হয়েছে। তার মধ্যে মুসলমানদের হয়েছে ১০২, খ্রীষ্টানদের ১। এই বুনিয়াদী জায়গাগুলোতে যদি হাত না দেন অন্য বড় বড় কাজ যাই করেন, ভালো কাজ করেন, মোয়াজ্জেমদের দেন, আজানওয়ালাদের দেন, যত পারেন খয়রাতি করেন, কিন্তু আসলে হাঁড়িতে চাল রেখে দেন, আপনার ছেলেমেয়েগুলোকে আগে খাওয়াবেন, তারপরে অন্যদের খয়রাত করবেন, কোনো অসুবিধা হবে না। মুসলমানদের চাকরির ব্যবস্থাটা করুন। তারা নিজের পায়ে দাঁড়াক। তারপরে ভালো করবেন। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই ব্যাপারটা বোঝাতে চাইছি। একটু শুনে নিন, আমি ভালো কথা বলছি এইবার আপনাদের

[5.30–5.44 p.m.]

এই মাননীয়া মুখ্যমন্ত্রী মুসলমানদের জন্য একটা ভাল কাজ করেছেন, তিনি হায়ার এডুকেশানে রিজারভেশান করেছেন ও.বি.সি-দের জন্য, আমি এটাকে সমর্থন করছি। মাননীয়া মুখ্যমন্ত্রী এটা করে ভালো কাজ করেছেন। কিছু হোক আর না হোক, এটা করতে তিন বছর লাগুক, ছয় বছর লাগুক, তবুও আপনি এইকাজ শুরু করেছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি, আদাব

জানাচ্ছি, সালাম জানাচ্ছি। গায়ের জোর পুলিশ বেচারিদের ঠুঁটো জগন্নাথ করে রেখে আপনারা পঞ্চায়েত ভোট করবার চেষ্টা করছেন, এটা ঠিক নয়। কিন্তু একটা জিনিস মনে রাখবেন, 'এক মাঘে শীত যায় না'! মনে রাখবেন দুনিয়াটা চলে একটা নিয়মে, শাশুড়ির একদিন তো বউয়ের একদিন। এটা পালা করে ফেরে এবং সেই পালা করে যখন ফিরবে তখন কি হবে? তখন যে জিনিস হবে, সেই দিনটা কিন্তু ভয়ঙ্কর দিন এবং সেই দিনের জন্য আপনাদের তৈরী হয়ে থাকতে হবে। এই মাননীয়া মুখ্যমন্ত্রীর অনেক দান আছে, উনি অনেক খাটছেন। কিন্তু মুশকিল হচ্ছে ওর পেছনে যারা আছে, তারা ওঁর শ্রমকে পণ্ডশ্রম করে দিচ্ছে। কোনটাতেই ভালোভাবে কাজ করতে দিচ্ছে না। মুখ্যমন্ত্রী তার মন্ত্রীসভার মাথার উপরে ছয়জন উপদেষ্টা বসিয়েছেন, আবার এম.এল.এ. এবং মন্ত্রীদের মাথে প্যালা দেওয়ার জন্য বসিয়েছেন ১৪ জনকে। এই যে অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট হচ্ছে, এই গাজন নষ্ট করার কি দরকার ছিল। উপদেষ্টা, তারপরে আবার প্যালা, এর ফলে অতি সন্ন্যাসীতে গাজন নষ্ট হচ্ছে। বাইশ মাসে বাংলার মানুষ আপনাদের চিনে নিয়েছে। তারা বলছে চোর তাড়াতে গিয়ে আমরা ডাকাত এনে ফেলেছি। এই যে ডাকাত তারা এনে ফেলেছে, আবার বিপদ হচ্ছে এই ডাকাতদের হাতে আবার বন্দুক আছে। কিন্তু জনগণের তো আর বন্দুক নেই, সেইজন্য ডাকাতরা এখন ডাকাতি করে যাচ্ছে। আর আপনারাতো আধা সামরিক বাহিনী দিয়ে পঞ্চায়েত ভোট করতে রাজী হবেন না। কারণ আধা সামরিক বাহিনী আসলে আর ডাকাতি করা যাবে না, লুঠ করা যাবে না। তবুও আমি বলি, এই চাবুকের শাসন বেশিদিন চলে না। এই চাবুকের শাসনের মধ্যে দিয়ে আপনারা মানুষকে দাবিয়ে রাখছেন এরও একটা পরিণতি আছে। আমি আপনাদের সাবধান করে দিই, এই চাবুকের শাসন বেশিদিন চালানো যাবে না। ২০১৬ সালে এই পশ্চিমবাংলার মানুষ প্রতিজ্ঞা করে রেখেছে, তাদের স্বজন হারানো শ্মশানে আপনাদের চিতা তারা জ্বালাবেই জ্বালাবে, এই ব্যাপারে কোন সন্দেহ নেই। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ধীমান রায় : অনারেবল স্পীকার মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন লিখিত আকারে যে বক্তব্য হাউসে পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। সঙ্গে সঙ্গে আজকে মানসিক প্রস্তুতি নিয়ে এসেছিলাম যে গত ২২ মাসে পশ্চিমবঙ্গ সরকার যেসব উন্নয়নমূলক কাজ করেছে সেগুলো বিস্তারিতভাবে আপনার কাছে বলব। এই পবিত্র হাউসে আমি আপনাদের কাছে বলতে চাই, আমাদের একজন মাননীয় বিধায়ক তিনি রাজ্যপালের ভাষণের উপরে বলতে উঠে প্রথম থেকেই তিনি সুরটা কেটে দিলেন। আমি সারারাত জেগে তৈরী করেছিলাম কোন্ কোন্ জায়গায় আমাদের পশ্চিমবঙ্গ সরকার কি কি কাজ করেছে তা বলব। আমার সময় কম, তবুও আমি আপনাদের কাছে বলতে চাই, আপনারা কিছুই দেখতে পাচ্ছেন না। গত ২২ মাসের মধ্যে পশ্চিমবঙ্গে উন্নয়নের কাজ কি হয়েছে তা আপনারা জানেন। আমি একটা কথা শুধু আপনাদের কাছে বলি, আমাদের দলের বিধায়ক শ্রীকান্ত আপনাদের কাছে বলেছে, জঙ্গলমহলের অবস্থা কোন জায়গায় ছিল। আজকে একথা অস্বীকার করার কোন জায়গা নেই, সেখানে মাওবাদীর নাম করে নিরীহ মানুষকে প্রতিদিন আক্রমণ করা হত এবং প্রতিদিন মানুষকে খুন করা হত। আপনারা লক্ষ্য করে দেখবেন, বাংলার নেত্রী, পশ্চিবাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীই একমাত্র সাহস দেখিয়েছেন — প্রাক্তন মুখ্যমন্ত্রী যা সাহস দেখানে পারেন নি — তিনি একবার নয়, বার বার জঙ্গলমহলে গেলেন এবং দারিদ্র সীমার নীচে যে মানুষেরা আছেন প্রকৃত অর্থে তাদের অসুবিধার কথা শুনলেন

এবং শোনার পরে সেখানে আজকে অস্বীকার করার কোন কারণ নেই, সকল পরিবারের প্রায় চাকরী হওয়ার মুখে। সকল পরিবারের প্রায় চাকরী হওয়ার মুখে এবং এখনো পর্যন্ত প্রায় দশ হাজার পুলিশে চাকরী তাঁরা পেয়েছেন। আপনারা দেখেছেন দু টাকা কে.জি. দলে চাল সেখানে দেওয়া হয়েছে এবং জঙ্গলমহলে আজকে খেলাধূলা থেকে শুরু করে একটা পরিবেশ তৈরী হয়েছে। আপনারা বলুন তো, গত দেড় বছরের মধ্যে — আপনাদের বামফ্রন্টের আমলে লাস্ট বছরে কতজন মানুষ হত্যা হলেন? আর জঙ্গলমহলে মাত্র ২২ মাসের মধ্যে কত মানুষ খুন হয়েছেন দয়া করে বলবেন না? আমি জানি যুক্তি যেখানে শেষ, তর্ক সেখানে শুরু। তর্ক করারর জন্য তর্ক করছেন। মহামান্য, একজন মাননীয় বিধায়ক এখানে আছেন। আমি বলি, তিনি পশ্চিম মেদিনীপুরে থাকেন। শুনে যান আপনারা, আপনাদের আমলে, আপনাদের নেতৃত্বে আপনারা জানেন। এখানে রয়েছেন আমাদের মাননীয়া বিধায়িকা ফিরোজা বিবি। তার সন্তান, কারা কেড়ে নিলো? কি জবাব দেবেন? কি উত্তর দেবেন আপনারা? কারা ফিরোজা বিবির সন্তানকে কেড়ে নিলো? ওরা বড় বড় কথা বলেন, লাল পতাকা সঙ্গে রাখলেই বড় কমরেড হওয়া যায় না। লাল পতাকা সঙ্গে রাখলে যদি বড় কমরেড হওয়া যেতো, কারা সবচেয়ে বড় কমরেড জানেন? যারা পাড়ায় পাড়ায় লেপ তোষক তৈরী করে লাল শালু কাঁধের ওপরে নিয়ে গ্রামে গ্রামে ঘোরেন, তাঁরাই সবচেয়ে বড় কমরেড হতো। লাল পতাকা রাখলেই বড় কমরেড হওয়া যায় না। আমি আপনাদের কাছে বলি, আপনারা জানবেন, এখানে কংগ্রেসের একজন সদস্যা তিনি এখন নেই, তিনি বলেছেন যে মহিলাদের জন্য — পার্ক স্ট্রীটে কি ঘটনা ঘটেছে এইসব তিনি বলেছেন। আমি তাঁকে শ্রদ্ধার সঙ্গে বলতে চাই, যে কোন ঘটনা, মায়েদের উপরে যে কোন অত্যাচার হোক, যেখানেই হোক, যে রাজ্যেই হোক এটা নিন্দনীয়। এটা, আমরা দ্বর্থ্যহীন ভাষায়, এর বিরোধীতা করি। এর নিন্দা করি। কিন্তু আপনি বলুন তো আপনি যে লোকসভা কেন্দ্রে, আপনার যে সাংসদ, তাঁর মেয়ে কি করে মারা গেলেন? আপনি মা হিসাবে আপনার চোখে জল আসে নি? বাংলার নেত্রী মমতা ব্যানার্জী, পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি পেরেছেন এবং সৎ সাহস দেখিয়েছেন। তিনি পশ্চিমবঙ্গের মায়েদের, মহিলাদের জন্য তিনি প্রথম ৬৫ টি থানা চিহ্নিতকরণ করেছেন এবং বাইশ মাসের মধ্যে দশটি থানা ইতিমধ্যে চালু হয়ে গেছে। জানি, আপনারা চোখে দেখবেন না। আপনাদের সহযোগী যাঁরা আছেন তাঁরা চোখে দেখবেন না। প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন, আর আজকের যিনি মুখ্যমন্ত্রী তিনি ভারতবর্ষের রেলমন্ত্রী যখন ছিলেন প্রতিদিন একটা একটা করে নতুন ট্রেনের প্রকল্প, নতুন নতুন ট্রেন চালু করেছেন। কিন্তু আমরা লক্ষ্য করে দেখলাম তিনি বললেন, কই? কোথায় ট্রেন হচ্ছে? কোথায় নতুন ট্রেন? কোথায় লাইন? আমি তো কিছু চোখে দেখতে পাচ্ছি না। আমি জানি। চোখে আপনারা দেখতে পাবেন না। আমি আবার আপনাদের কাছে বলি, বামপন্থী কমরেড মানে সকলকে নয়, শুধু সি.পি.আই.এম. এবং বামফ্রন্টের মধ্যে যাঁরা আছেন, তাদের কাছে বলি, আপনাদের পাপ, আপনাদের পাপ যে জায়গাতে গেছে ইতিহাস কোন দিন আপনাদের ক্ষমা করবে না। আপনারা দয়া করে বলুন, মহামতী লেনিন যদি বেঁচে থাকতেন, আর আপনারা গিয়ে যদি লেনিনের গলায় মালা পরাতেন, মহামতী লেনিন বলতেন সি.পি.এমের অধিকার নেই, বামফ্রন্টের অধিকার নেই আমার গলায় মালা পরানোর। লজ্জা করে না? লজ্জা করে না মমতা ব্যানার্জীর সমালোচনা করছেন। কষ্ট কিসের আপনাদের? দার্জিলিং? দার্জিলিং বলছেন? দার্জিলিংয়ে কারা হাওয়া দিতে যাচ্ছেন? কারা বলছেন? আমার নেত্রী, বাংলার মুখ্যমন্ত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী। তিনি একবার নয়, দুবার নয় বাইশ মাসের মধ্যে তিনি একা নন —

তাঁর মন্ত্রীসভার সমস্ত সদস্যদের নিয়ে তিনি একবার নয়, দুবার নয় বারবার করে বসেছেন। জি.টি.এ.-র সমস্যার কথা শুনেছেন। সেখানে নির্বাচন করেছেন। পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচন হয়েছে ও বিধানসভা নির্বাচনের পরে তিনটে বাই ইলেকশান নির্বাচন হয়েছে, পৌরসভা নির্বাচন হয়েছে, অনেক নির্বাচন হয়েছে। একজন বলতে পারেন, একজন বামপন্থী লোকেরা এবং আপনারা যারা কংগ্রেসের টেবিলে বসে আজকে মমতা ব্যানার্জীর সমালোচনা করছেন। এই সরকারের সমালোচনা করছেন। দয়া করে বলুন তো একটা ঘটনা ঘটেছে, আইন শৃঙ্খলার একটা অবনতি হয়েছে? মায়েদের উপরে যদি কোন অত্যাচার হয়, নিশ্চিতভাবে আমরা তার নিন্দা করি। দয়া করে কংগ্রেসের টেবিলে যারা বসে আছেন তারা বলবেন না? দিল্লির ঘটনা যেটা ঘটলো, তার জন্যে আমি মনমোহন সিং কে দায়ী করছি না। সোনিয়া গান্ধীকে, আপনাদের অন্তরাত্মা তাঁকে দায়ী করছি না। কিন্তু জানবেন দিল্লীতে আপনাদের সরকার রয়েছে। কেন পারে নি? আমরা বিচার দিয়েছি। বলুন না, বলুন না এক জায়গায়। চলে গেলেন মাননীয় বিধায়ক সুশান্ত ঘোষ। তিনি অনেকদিন পরে আজকে মুখ খুললেন। জিজ্ঞাসা করতে চাই আপনার কাছে, আজকে জঙ্গলমহলে যে অরাজকতা সৃষ্টি করেছেনে, জঙ্গলমহলে যে ঘটনা আপনারা ঘটিয়েছেন, বলুন সারা বাংলায় কি জিনিস আপনারা তৈরী করেছিলেন? একটা করে নির্বাচন আসত, নির্বাচনের পরে আমরা দেখেছি, প্রত্যেকটি নির্বাচনের পরে, আপনাদের সন্ত্রাস। কারা মস্তান বাহিনীকে নিয়ে ঘুরে বেড়ায়? কারা? বলুন বুল্টন কারা? বলুন শ্রীধর কারা? নাম শুনেছেন? বাবা নাম রেখেছে প্রদীপ, হয়ে গেল সে হাত কাটা প্রদীপ। ৭৭ থেকে ২০১১ পর্যন্ত বামফ্রন্টের আমলে, সিপিএম-এর কাজ করতে গিয়ে তার হাতটা পর্যন্ত বাদ হয়ে গেল, তারপর তার নামটা হল — হাতকাটা প্রদীপ। হাতকাটা দিলীপ, শ্রীধর, শ্মশানকালী, আপনারা নাম শুনেছেন — বুল্টন।....(গোলমাল).... উনি তো নিজেই বড় আসামী । তার কারণ আমি আপনাদের কাছে বলি, আমরা ওখানে কতগুলো বাড়ি দিতে পারছি, অনুন্নত সম্প্রদায়ের কতকগুলো মানুষের বাড়ি দিতে পারব। আমার জানতে ইচেছ করে উনি বলুন যে, পশ্চিম মেদিনীপুরে মাটির তলে যাদের পুঁতে রেখেছিলেন, সেই কঙ্কালরা যদি বলে পুনর্বাসন দিতে হবে — দয়া করে প্রাক্তন মন্ত্রী বলবেন তাদের পুনর্বাসনে কি ব্যবস্থা আপনি করেছেন? এক একটা মানুষ ধরেছেন আর তাদের হত্যা করেছেন।ইতিহাস কোনদিন ক্ষমা করে না, ইতিহাস কোন ক্ষমা করবে না। কংগ্রেসের টেবিলে একজন অনেকক্ষণ ধরে চিৎকার করে বলছিলেন, আমি বলি, — দাদা খুব অসুস্থ, বৌদি শুধু ঘুরে বেড়াচ্ছেন চারিদিকে। বৌদি বলছেন, এটা খারাপ, সেটা খারাপ। আমি বলি মা জাতির একটা ধর্ম আছে। মা জাতিকে আমরা শ্রদ্ধা করি, প্রণাম করি, তিনি যাই হোন না কেন। আপনি অন্তত নিজের স্বামীর দিকে একটু লক্ষ্য দিন, তারপরে দেশের কথা ভাববেন। আবার আমি আপনাদের সকলের কাছে বলব, আসুন, সবাই মিলে বলি, আমরা বামফ্রন্টের আমলে শিক্ষার হাল দেখেছি। এই আমলে শিক্ষার যে প্রভূত উন্নতি হয়েছে — একথা অস্বীকার করা যাবে না। আমি নিজে ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত ছিলাম। একদিন আমরা স্লোগান দিতাম —'শিক্ষা গেল, আইন গেল করেই শুধু অত্যাচার। বামপন্থা ধ্বংস করে চলছে বামের সরকার'। একদিন আপনাদের বলেছি আজকে আপনারা দেখছেন না — শিক্ষা ক্ষেত্রে প্রভূত উন্নতি হচ্ছে। বলছেন একটা-দুটো স্কুলে বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে, কিন্তু বলুন তো আপনারা শিক্ষার জন্য এই সরকার যে ভাবে ধাপে ধাপে — আমি নিজে যে বিধানসভায় বাস করি, সেখানে ঊনামা আজাদ বলে একটা স্কুল, মাধ্যমিক স্কুল সেই স্কুল আজ পর্যন্ত হায়ার সেকেন্ডারী করেন নি। কিন্তু এই বাইশ মাসের মধ্যে সেখানে

হায়ার সেকেন্ডারী হয়েছে। আমার জেলায় ৫০০ স্কুল হায়ার সেকেন্ডারী হয়েছে। এরপরেও আপনারা বলবেন এই সরকার কিছুই করে নি। আমি বলি, শিক্ষা আনে চেতনা, আর চেতনা আনে বিপ্লব। আপনারা জানতেন প্রথমে শিক্ষার গলা টিপে ধরতে হবে ....(গোলমাল).... তারপর মানুষকে বশে আনতে হবে, মানুষকে বশে আনতে পারছেন না তাই এত জ্বালা। আমার আগে যিনি বলে গেলেন অনারেবল বিধায়ক, মাননীয় রেজ্জাক মোল্লা সাহেব—তিনি তো নিজেই বলেছেন 'ছেলে ধরতে পারে না, কেউটে নিয়ে লাফালাফি'। আমরা জানি, আপনাদের মধ্যে যে ছেলে এবং কেউটেগুলো রয়েছে ওদেরকে চিহ্নিতকরণ করে একটা একটা করে বার করুন। আমি আপনাদের কাছে বলি মহামান্য রাজ্যপাল এম.কে.নারায়ণন যে বক্তৃতা রেখেছেন — রাজ্যপালের ভাষণ-এর প্রত্যেকটিকে আমি সমর্থন করছি। নমস্কার।

Adjournment

The House was then adjourned at 5.44 pm. till 11.00 a.m. on Tuesday, the 19th March, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday. the 19th March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 29 Minister, 06. Ministers of State and 180 Members

[11.00–11.10 a.m]

মিঃ স্পিকার : অসিতবাবু আপনার কোয়েশ্চেন নং *৭০ টা হেল্ড ওভার হয়েছে। কালকে মন্ত্রী এসেছিলেন। আজকে মন্ত্রীর ঝাড়খন্ডে খুব একটা গুরুত্বপূর্ণ মিটিং আছে। উনি থাকতে পারবেন না বলে আমাকে চিঠি দিয়ে গেছেন। উনি নেক্সট অ্যাভেলেবেল ডেটে জবাব দিয়ে দেবেন।

শ্রী অসিত মিত্র : এই সেশানের মধ্যেই প্লেশ করে দিন।

মিঃ স্পীকার : যে কোন দিন প্লেশ করিয়ে দেওয়া যাবে। আপনাকে বলছি তো, ওনার খুব একটা গুরুত্বপূর্ণ কাজ আছে বলে উনি কালকে আমাকে একটা চিঠি দিয়ে গেছেন। উনি অ্যাভেলেবল ডেটে উত্তর দেবেন।

Starred Questions
(to which Oral answers were given)

আই.টি.আই.স্থাপন

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৩৭৩) **শ্রীনির্মল ঘোষ :** কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১লা জুন, ২০১১ থেকে ৩১ জানুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়ে কারিগরী শিক্ষার উন্নতিকল্পে কতগুলি আই.টি.আই. স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে, এবং

(খ) তন্মধ্যে বর্তমানে কতগুলির কাজ চলছে/শেষ হয়েছে?

শ্রী উজ্জ্বল বিশ্বাস (ক) ৪১টি

(খ) ১৩টি।

একটিও নয়।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন বর্তমানে পলিটেকনিকে

যে ৪১ টি বলছেন, তাতে ২০১১-১২ এবং ২০১২-১৩ তে ছাত্র সংখ্যা ভর্তি কতটা বৃদ্ধি হয়েছে এবং তার সংখ্যা কত?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের কাছে জানাই যে ছাত্র সংখ্যা ২০১০-১১-তে ১৬ হাজার ৬২০, ২০১২-তে ২০ হাজার ৭৩৬, ৫ হাজার ৫৪৪ জন ছাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে।

শ্রীনির্মল ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত এবং শেষ প্রশ্ন—অষ্টম শ্রেণী উত্তীর্ণ স্তরে এবং ১০ + ২, আমাদের রাজ্যে যে স্কিল ডেভেলপমেন্ট, তার জন্য বৃত্তিমূলক শিক্ষা আছে। যারা ক্লাস এইটের পর থেকে ড্রপ আউট হয়, অনেক বেশী ড্রপ আউট হয়, দশ ক্লাস অর্থাৎ মাধ্যমিকের তলায় ছাত্র এবং ছাত্রী থেকে যায়। পরবর্তীকালে তাদের বৃত্তিমূলক শিক্ষায় নিয়ে যাওয়াই হচ্ছে আমার মনে হয় আমাদের সরকারের লক্ষ্য! সেই ক্ষেত্রে ২০১১-১২ এবং এই আর্থিক বছরে অর্থাৎ ২০১২-১৩ তে অষ্টম শ্রেণী উত্তীর্ণ স্তরে কত জনকে আপনি বৃত্তিমূলক শিক্ষা দিতে পেরেছেন এবং ১০+২, এই উচ্চ স্তরে কত জনকে বৃত্তিমূলক শিক্ষা দিতে পেরেছেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থাটা সম্পূর্ণ এই দপ্তরের ঠিকই, আবার ডাইরেক্টরেটরও। আলাদাভাবে প্রশ্ন করলে টোটালটাই আপনার কাছে নিশ্চিত জানাব। তবে আপনাকে বলি, ক্লাস এইট থেকে আপটু টুয়েলভ আমাদের মোট সাড়ে তিন হাজার বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার কোর্স চলছে। প্রায় ১ লক্ষ ২৫ হাজার ছাত্রছাত্রী তার মধ্যে ইনভলভ আছে।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বললেন যে, আমাদের ৪১টি আই.টি.আই স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছেন। তার মধ্যে ১৩টির কাজ চলছে। এই ৪১টি আপনি কোন্ কোন্ জেলায়, ক'টি করে এবং তার ক্রাইটেরিয়াটা কি, কিসের ভিত্তিতে আপনি সিদ্ধান্তটা নিয়েছেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের উত্তর হচ্ছে এই যে, আমাদের বিভিন্ন জায়গায় ৪১টি আই.টি.আই-এর মধ্যে জেলাওয়ারি প্রত্যেকটি জায়গার নাম আপনাকে জানিয়ে দিচ্ছি। বাঁকুড়ার মধ্যে একটি হ'ল, খাতরা যেটা নতুন। খাতরায় যে আই.টি.আই-টি মাননীয়া মুখ্যমন্ত্রী- এটা সম্পূর্ণ পশ্চিমবাংলার টেকনিসিয়ান অর্থাৎ, শিল্পের মূল যে বিষয় অর্থাৎ, একজন টেকনোলজিস্ট থাকলে তার সঙ্গে অন্ততঃ পক্ষে টেকনিসিয়ান পাঁচজন আর তার পরবর্তীকালে অন্ততপক্ষে বারোজন এই ধরণের আই.টি.আই পাশ টেকনিসিয়ান দরকার হয়, সেই ক্ষেত্রে বিরাট অপ্রতুলতা থাকার জন্যে প্রতিটি ব্লকে ব্লকে আই.টি.আই স্থাপনের জন্যে তিনি সিদ্ধান্ত নিয়েছেন। সেই অনুযায়ী মাননীয়া মুখ্যমন্ত্রী যে সমস্ত জায়গায় তার আই.টি.আই স্থাপনের জন্যে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন তার মধ্যে যে ৪১টির সিদ্ধান্ত নিয়েছেন তার মধ্যে সব ক'টি জায়গায় জমি পাওয়ার পরে কাজ শুরু হয়েছে। তার মধ্যে বাঁকুড়া জেলায় যে জমিটা পাওয়া গেছে যে ব্লকে সেখানে প্রায় ২৫ শতাংশ কাজ কমপ্লিট হয়ে গেছে। অন্যান্য জায়গায় কোথাও ৩০ শতাংশ, কোন জায়গায় আছে ৪০ শতাংশ এই ধরণের কাজ চলছে। তার মধ্যে এক এক করে নাম করছি বীরভূমের খয়রাসোলে, তারপরে আছে যেটা তার মধ্যে কাজ শুরু হবে ইমাম বাজার, নানুর। বলে

দিচ্ছি, কোন্ কোন্ জেলায়। কুচবিহারে মেখলিগঞ্জ, দিনহাটা এই ব্লক গুলিতে। দক্ষিণ দিনাজপুরের হরিরামপুর এবং কুমারগ্রাম, জলপাইগুড়ির। মালদহের চাঁচলে, দু'নম্বর ব্লকের আছে, কালিয়াচক সেখানেও আছে। আর আছে মুর্শিদাবাদে সেখানেও যে কাজগুলো শুরু হচ্ছে সেগুলোও আপনাদের সামনে জানিয়ে দিই, যত শতাংশ কাজ কমপ্লিট হয়েছে সেই শতাংশটা বলে দিচ্ছি। উত্তর চব্বিশ পরগণায় গাইঘাটায় ২০ শতাংশ কাজ কমপ্লিট হয়েছে। পশ্চিম মেদিনীপুরের শালবোনিতে ২৫ শতাংশ কাজ শুরু হয়েছে। পূর্ব মেদিনীপুরের দেশপ্রান সেখানেও ১০ শতাংশ কাজ কমপ্লিট হয়েছে। পুরুলিয়ার হুড়া সেখানেও ১০ শতাংশ কাজ শুরু হয়েছে। উত্তর দিনাজপুরের গোয়ালপুকুর সেখানে ৩০ শতাংশ কাজ শুরু হয়েছে। বাদবাকি অনেক যে ক'টা আছে সেগুলোর কাজ শুরু হচ্ছে টেণ্ডার প্রসেস কমপ্লিট হয়ে গেছে।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করতে চাই। এই আই.টি.আই যেগুলো হচ্ছে মানে আগের যে আই.টি.আইগুলো চলছে আর কি, সেই আই.টি.আই গুলোতে একটা ম্যানেজিং কমিটি আছে সেই ম্যানেজিং কমিটি পুরানো – ওদের আমলে একটা সিস্টেম করেছিল, কিছু শিল্পপতিকে চেয়ারম্যান করে আই.এম.সি কমিটি করেছে। বিশেষ করে আমার এলাকায় একটা টেকনিক্যাল কলেজ আই.টি.আই আছে দুর্গি বলে তার চেয়ারম্যান হচ্ছেন কোলকাতার এবং তিনি হঠাৎ হঠাৎ কোলকাতাতে মিটিং ডাকেন এবং তার দ্বারা ওখানে কিছু হেল্প হচ্ছে তা আমার জানা নেই। আমি আপনাকে যে প্রশ্ন করতে চাই যে, ম্যানেজিং কমিটি যেগুলো আছে যে সিস্টেমে চলছে এখনও এগুলোর কিছু পরিবর্তন করার আপনি কোন চিন্তা-ভাবনা করছেন কি? আদারওয়াইজ, এই ম্যানেজিং কমিটি কোন ফাংশানে আসছে না। এটা যদি দয়া করে জানান।

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে জানাই যে, মাননীয় সদস্য যেটা বলছেন সেটা ঠিক, কেননা পূর্বতন সরকার আই.টি.আই-গুলো পরিচালনার জন্য যেভাবে শিল্পপতিদের নাম দিয়েছিলেন, শিল্পপতিদের যাদের যাদের নাম দিয়েছিলেন বেশ ক্ষেত্রে দেখা গেছে কেবলমাত্র সেখানে দলবাজি হয়েছে। সেই জায়গাটা অন্য উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছিল এবং সম্পূর্ণ আই.টি.আই পরিচালনা প্রায় ধ্বংস হয়ে যায়। তার জন্যে দেখছেন যে, আমাদের রাজ্যে এই বিষয়ে কারিগরি শিক্ষার ব্যাপারটা খুবই দুর্বল অবস্থার মধ্যে ছিল। তার জন্যেই মাননীয় মুখ্যমন্ত্রী এটাকে নতুন ভাবে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করেছেন এবং নিশ্চিত ভাবে আগামী দিনে আমরা যে সমস্ত শিল্প জগতের, যারা নতুন করে সংগঠনে আছে তাদের সঙ্গে কথা-বার্তা চালিয়েছি এবং তারা তাদের রিপ্রেজনটেটিভ সেই ভাবেই দেবেন যারা ঐ জায়গায় ঐ আই.টি.আই-কে সামনে রেখে যাতে সঠিক ভাবে আমাদের রাজ্যের সত্যিকারের দক্ষকারিগরি ব্যবস্থা তৈরী করতে পারেন তার জন্য আমরা ব্যবস্থা গ্রহণ করছি।

[11.10–11.20 a.m]

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মা-মাটি-মানুষের নতুন সরকারের আমলে ২২ মাসে ৪১টি ITI স্থাপনের পরিকল্পনা হয়েছে এবং ১৩টিতে কাজ চলছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ৩৪ বছরে বাম-জামানায় কতগুলো ITI হয়েছে এবং কেমন ভাবে চলছে?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা বাস্তব প্রশ্ন। এটা অন্ততপক্ষে হাউজে জানান দরকার যে, ৩৪ বছরে ৯টি ITI করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল কিন্তু একটিও সম্পন্ন করা যায়নি। এটা বড় দুর্ভাগ্যের বিষয়। নিশ্চিতভাবে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আসার পর ঐ ৯টি মধ্যে ১টি already complete হয়ে গিয়েছে এবং বাকিগুলো এক/দেড় বছরের মধ্যে আমরা প্রায় 95% complete করে ফেলতে পেরেছি। কয়েকদিনের মধ্যে ঐ জায়গাগুলো সব উদ্বোধন হবে।

শ্রীমনোরঞ্জন পাত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বললেন 'বাম-আমলে একটাও হয়নি',, আমি খুব দায়িত্ব নিয়ে বলছি, আমার বিধানসভা এলাকাতে 'ছাবড়াকোন ITI ১৫ বছর ধরে চলছে। তাতে তিনটে ট্রেড, ৫০ জন্য করে আছে। ওনার একটু এক্সাইজ করা ভালো। এ পর্যন্ত আপনি বললেন, '৪১টি করবেন এবং ১৩টির কাজ চলছে', ইত্যাদি - ঠিক আছে। আপনি দয়া করে এটা বলবেন কী, আমাদের রাজ্যে পুরনো যে ITI গুলো আছে তার মধ্যে কতগুলো ট্রেডে, কতগুলো ছেলে প্রতি বছর পাশ করছে এবং কত প্লেসমেন্ট হচ্ছে?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই, প্লেসমেন্টের ব্যাপারে প্রথমেই বলেছি, ITI পরিচালন পদ্ধতির যে সিদ্ধান্ত আপনারা নিয়েছিলেন এবং যে দলতন্ত্র ও যে অবস্থার মধ্যে ওটাকে পর্যবসিত করেছিলেন, যার ফলে আমাদের ছাত্রদের যে অবস্থা তৈরী করেছিলেন, শিল্পপতিরা তো এমনি এমনি তাদের শিল্পের কাজে নিয়োগ করবে না, শিল্পপতিরা কারিগরকে দেখে নেবেন, বেছে নেবে, সঠিক ভাবে সেই দক্ষতা তাদের এসেছে কিনা এবং সেই দক্ষতার ক্ষেত্রে 'নিল' থাকলে নিশ্চিতভাবে তারা নিতে পারবেন না। আপনারা দু'বছর আগে যাদেরকে তৈরী করেছিলেন সেই সমস্ত ছাত্রদের বিভিন্ন জায়গায় প্লেসমেন্টের ক্ষেত্রে দেখা গেছে শিল্পপতিরা বিন্দুমাত্র আগ্রহী হননি। আমি নিশ্চিতভাবে বলছি যে, আমাদের সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী প্রত্যেককে দক্ষ তৈরী করবেন। আমি বলি, আপনাদের সেটা কেউ নেই (গোলমাল) দক্ষ কারিগর তৈরী হবে। প্লেসমেন্টের ব্যবস্থাও করা হচ্ছে, এটুকু আপনাদের জানিয়ে রাখছি।

শ্রী অসিত মিত্র : স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। West Bengal Vocational Act, Education Act ২০০৫ সালে প্রবর্তিত হয়েছিল, অ্যাক্ট হয়েছিল। কিন্তু অ্যাক্টের পর যে রুল হয়, আজ পর্যন্ত এতদিন কেটে গেল, প্রায় পাঁচ বছর, এখনও পর্যন্ত রুল হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, ওখানে যারা কাজ করছে, যারা ট্রেনিং নিচ্ছে তাদের কোন অ্যাপয়েন্টমেন্ট লেটার নেই, তাদের কিচ্ছু নেই। ফলে তাদের কোন ভবিষ্যৎ-ও নেই, তারা কীভাবে বাঁচবে তার কোন ঠিক নেই এবং ইতিমধ্যে দু'জন সুইসাইডও করেছে। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কী বলবেন, এই অ্যাক্ট থেকে রুল করা অথবা এদের সম্পর্কে ভাবা, এটা নিয়ে কী হচ্ছে?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা মূল প্রশ্নের সঙ্গে যুক্ত নয়, তা সত্ত্বেও মাননীয় বিধায়কের প্রশ্নের পরিপ্রেক্ষিতে বলছি, আপনি বৃত্তিমূলক শিক্ষার কথা বলছেন কিন্তু আমি জবাব দিচ্ছি কারিগরী প্রশ্নের। আলাদা করে প্রশ্ন দিলে নিশ্চিত ভাবে, সম্পূর্ণভাবে, বিশদভাবে ব্যাখ্যা করতে পারি। তবে ঠিক এ বিষয়টা সম্পূর্ণভাবে ২০০৫ সালে বিগত দিনের সরকার যেভাবে

আমাদের রাজ্যের বৃত্তিমুলক শিক্ষার ব্যবস্থাটাকে পরিচালিত করেছিলেন এটা আমাদের সমাজে যাদের প্রয়োজন, যারা স্কুল ছুট তাদেরকে কিভাবে শিক্ষা দিয়ে আগামী দিনের সমাজে সাহায্য করার দরকার যে ব্যাপারে চিন্তা করেননি। সুতরাং এটার ব্যাপারে বড় দুঃখজনক অবস্থার কথা বলছি সেই জায়গায় স্কুল পরিচালনা করার সব দায়িত্ব দিয়েছিলেন প্রধান শিক্ষকের হাতে। প্রধান শিক্ষক মারফত বৃত্তিমূলক শিক্ষা পরিচালনা হত। প্রধান শিক্ষক যা ঠিক করবেন তারপরে যারা শিক্ষক তাদের বেতন হবে। ৬ মাস কমপ্লিট করার পর প্রধান শিক্ষকের লেখার উপর নির্ভর করে তাদের বেতন হত। বড় দুঃখজনক ব্যাপার, ৬ মাস তারা খাবে কি? এ ব্যাপারে কেউ চিন্তা করেননি। সুতরাং এই বিষয়ে কমপ্লিট প্রশ্নের উত্তর দিতে গেলে আলাদা করে বৃত্তিমূলক শিক্ষার বিষয়ে করবেন আমি তার জবাব দেব।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাদ্যমে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন একটাই, ব্যান্ডেল আই.টি.আই কলেজ আমার বিধানসভার মধ্যে আছে। ২০১১ সালের ২০ মের আগে আমাদের ওই কলেজের স্টাফ এবং প্রফেসর কত শর্টেজ ছিল যদি সম্ভব হয় জানাবেন?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলছি এটা আমি লিখিতভাবে পরে জানাব। তবে আমি একটা কথা আপনাকে বলি ব্যান্ডেল আই.টি.আই-য়ের যে জায়গা, সেই জায়গায় বিগত দিনের সরকার একজন প্রাইভেট মালিকাধীন ওদের এক নাম করা নেতাকে এক টাকার বিনিময়ে সবটা দিয়ে দিয়েছিলেন। এটা আপনি জানেন। সেটা প্রশ্ন করলে ভালো হত।

শ্রী দেবলীনা হেমব্রম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়কে আমি অতিরিক্ত প্রশ্ন করছি। স্যার, খাতড়ায় বলেছেন ২৫ পারসেন্ট কাজ হয়েছে। মাননীয় মন্ত্রীকে বলবো যদি জায়গাটা বলেন কোথায় হচ্ছে?

শ্রী উজ্জ্বল বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাদ্যমে আমি বলছি আপনি দয়া করে জায়গাটা আপনার ব্লক কিনা জানি না নিজে গিয়ে দেখে আসবেন কাজটা। গেলেই বুঝতে পারবেন কাজ কতটা চলছে। টেন্ডার হয়ে গেছে এবং বাউণ্ডারি ওয়ালও হয়ে গেছে। সুতরাং পারসেন্টজটা ঠিক।

সরকারি পশু-চিকিৎসা কেন্দ্রের সংখ্যা

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০৮) **শ্রী তজমুল হোসেন :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে সরকারি পশু চিকিৎসা কেন্দ্রের সংখ্যা কত,

(খ) ঐরূপ নতুন কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা, এবং

(গ) থাকলে, কোথায় স্থাপিত হবে (জেলাভিত্তিক তথ্য সহ) ?

শ্রী নুরে আলম চৌধুরী : (ক) উক্ত নির্ধারিত ৩১.০১.২০১৩ তারিখে পশ্চিমবঙ্গে সরকারী প্রাণী চিকিৎসা কেন্দ্রের সংখ্যা নিম্নরূপ :

(১) প্রাণী চিকিৎসা পলি ক্লিনিক - ৬

(২) জেলা ও রাজ্য প্রাণী স্বাস্থ্য কেন্দ্র - ১০৫

(৩) ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র - ৩৩৯

(৪) অতিরিক্ত ব্লক প্রাণী স্বাস্থ্য কেন্দ্র - ২৭১

(খ) হ্যাঁ

(গ) বর্ধমান ও কোচবিহারে একটি করে নতুন দুটি ভেটেরিনারী পলি ক্লিনিক স্থাপনের পরিকল্পনা নেওয়া হয়েছে এবং নির্মাণ কার্যও শুরু হয়েছে।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন তিনি বলেছেন ৬,১০৫,৩৩৯ এবং ২৭১টি প্রাণী স্বাস্থ্যকেন্দ্র আছে। কিন্তু আমার নির্দিষ্ট প্রশ্ন, রাজ্যের পশু চিকিৎসা কেন্দ্রগুলিতে চিকিৎসার জন্য যে সমস্ত শুন্য পদ আছে তার সংখ্যা কত? উক্ত শুন্য পদ পূরনের জন্য আপনি কি ব্যবস্থা নিয়েছেন যদি দয়া করে জানান?

[11.20–11.30 a.m.]

শ্রী নুরে আলম চৌধুরী: আমি চেষ্টা করছি আপনাকে জানানোর কি কি ভ্যাকান্সী রয়েছে, আর কি মেজার নেওয়া হয়েছে সেটা পরে বলছি। টোটাল নম্বর হচ্ছে ১৬৮। তার সঙ্গে সঙ্গে কিছু অ্যাডিশানাল ডিরেক্টর, ডিরেক্টরের পদ রয়েছে। আর অন্যান্য পোস্ট রয়েছে ১৬৮।

শ্রী তজমুল হোসেন : স্যার, আপনার মাধ্যমে আমি আপনাকে অনেকবার চিঠিও দিয়েছি, অনেকবার কলিং এটেনশান দিয়েছি, অনেকবার মেনশনও দিয়েছি। এই প্রাণী সম্পদ বিকাশে প্রাণী বন্ধুদের ভূমিকা যথেষ্ঠ গুরুত্বপূর্ণ আপনিও জানেন। এই সমস্ত প্রাণী বন্ধুদের স্থায়ীকরণ বা তাদের সাম্মানিকভাতা বেশি করার আপনার কোন চিন্তাভাবনা আছে? এটার বিষয়ে আমি আপনাকে বার বার বলেছি, প্রাণী বন্ধুদের যথেষ্ঠ ভূমিকা আছে। এই বিষয়ে আপনি কি ব্যবস্থা নিয়েছেন দয়া করে বিস্তারিত জানাবেন।

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, লাস্ট অ্যাসেম্বীলীতে মনে হয় অসিত মিত্রের কথা বলছি উনি এখানে হাসপাতাল সম্বন্ধে প্রশ্ন করে চলে গিয়েছিলেন প্রাণী বন্ধুতে। আমি যখন অ্যানসার দিতে চাইছিলাম না তখন ওনারা কি করেছেন সেটা নিশ্চয় সকলেরই মনে আছে। আমাদের তাজমূল হোসেন সাহেবও ঠিক এক্সজাক্টলি হাসপাতাল সম্বন্ধে জিজ্ঞাসা করতে গিয়ে চলে গেলেন প্রাণী বন্ধুতে। যদি ডাক্তার জিজ্ঞাসা করতেন বলতে পারতাম। আর প্রাণী বন্ধু সম্বন্ধে যদি জানতে চান আলাদা কোয়েশ্চন করবেন, উত্তর দেবো কিন্তু দেখাচ্ছেন হাসপাতাল চলে যাচ্ছেন প্রাণী বন্ধুতে। এত দরদ কেন আপনাদের? ওরা আমাদের এমপ্লয়ী, আমরা জানি।

ড. তরুণকান্তি নস্কর : স্যার, আপনার মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, এই পলি ক্লিনিকগুলোর উপরে ওয়েস্ট বেঙ্গল ইউনির্ভাসিটি অফ অ্যানিমেল অ্যান্ড ফিসারিজ সায়েন্সের একটা বড় ভূমিকা আছে। আমি গত দিনে আপনার মধ্যে দিয়ে প্রশ্ন করেছিলাম যে, এটাকে ট্রান্সফার করা হচ্ছে কি না? অর্থাৎ বেলগাছিয়া ক্যাম্পাস থেকে মোহনপুরে ট্রান্সফার করা হচ্ছে কিনা? মাননীয় মন্ত্রী বলেছিলেন, মোহনপুর থেকে যে বেলগাছিয়াতে এসেছে তার কোন

গর্ভমেন্ট অর্ডার উনি খুঁজে পান নি এটা বলেছিলেন। আমি আপনার মধ্যে দিয়ে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে, আমার কাছে এই মুহূর্তে গর্ভমেন্ট অর্ডার আছে। ৮।১১।৯৫ সালে এটা ট্রান্সফার করার জন্য অ্যানিমেল রিসোর্স ডেভালপমেন্ট ডিপার্টমেন্ট থেকে জানানো হয়েছিল তখনকার ভাইস চ্যান্সেলারকে। এটা থাকা সত্ত্বেও মাননীয় মন্ত্রী মহাশয় কেন বললেন, এটা তার কাছে থাকার কথা নয়। কেন তিনি বললেন, এই ট্রান্সফার করানোর কোন অর্ডার খুঁজে পান নি, এটাই আমার প্রশ্ন।

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, আবার সেই একই প্রশ্ন। প্রশ্নটা কিন্তু হাসপাতাল সম্বন্ধে উনি চলে গেলেন ইউনিভার্সিটিতে। যেখানে পড়াশুনা করা হয়। এরা তো অদ্ভুতভাবে কোয়েশ্চনগুলো করছেন। আপনি কোয়েশ্চেন করেছেন আমি উত্তর দিয়েছি।

ড. নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে একটা আবেদন রাখছি। আমতা পঞ্চায়েত সমিতি এলাকায় ওখানে যে পশু চিকিৎসা কেন্দ্র আছে দীর্ঘ তিন দশকের অবক্ষয়ে ভাঙা বাড়ি, ভুতুড়ে বাড়ি, পোড়ো বাড়িতে পর্যবসিত হয়েছে। ওখানে সাম্প্রতিক একটা কেউটে সাপ বেরিয়েছিল। দীর্ঘ কর্মসংস্কৃতির অবক্ষয়ে ওখানে যে কর্মচারীরা আছেন তারা আসাটা ভুলে গিয়েছিলেন। সপ্তাহে একদিন আসতেন আর মাসিক মাহিনা নিতেন। এই পশু চিকিৎসা কেন্দ্রটিকে ভালভাবে চালানোর ব্যাপারে মাননীয় মন্ত্রী কোন চিন্তাভাবনা করছেন কি না জানাবেন।

শ্রী নুরে আলম চৌধুরী : স্যার, আমি প্রশ্নটাতে হয়তো বা এক মিনিট বেশি নেবো সময়। কারণ উনি অনেকগুলো কোয়েশ্চন জড়িয়ে করেছেন। উনি পঞ্চায়েত থেকে কোন একটা হাসপাতালে চলে গেলেন। যার কারণে ওনাকে ভূমিকা করে বলছি, আমাদের পঞ্চায়েতে যে অ্যানিমেল হেলথ সেন্টার আছে সেটাকে অ্যানিমেল ডেভালপমেন্ট এইড সেন্টার বলা হয়। তার সংখ্যাটা কিন্তু ৩২৪৮। যারা থাকেন ওখানে তাদেরকে বলা হয় এল.ডি.এ.।

আমি আশা করেছিলাম হাউস থেকে অনেকে বোধহয় ওই লাইনে প্রশ্ন করবেন। কিন্তু তা না হয়ে ইউনিভার্সিটি আর আপনারা চলে গেলেন প্রাণীবন্ধুতে। আপনাকে ধন্যবাদ জানাই আপনি ঠিক কোশ্চেন করেছেন। আমাদের পঞ্চায়েত লেভেলে এ্যানিমেল এইড সেন্টার রয়েছে ৩২৪৮। এখানে আপনার কথা হচ্ছে যে, আমাদের আমলের কথাই বলছি, আমি অন্য আমলে যাচ্ছি না। আমাদের আমলে প্রায় ৪৭টি রিপেয়ারিং এবং রিনোভেশানের কাজ চলছে। প্লাস ৩২ নতুন অনেক কিছু তৈরি হয়েছে, হাসপাতাল তৈরি হয়েছে বা হতে যাচ্ছে। আপনারা যদি স্পেসিফিকভাবে লিখে দেন তাহলে নিশ্চয় কেয়ার নেব এবং তৈরি করার চেষ্টা রাখব।

শ্রী সুভাষ নস্কর : স্যার, রাজ্যের পশু হাসপাতালগুলো শহর থেকে তুলে গ্রামের দিকে পাঠানোর এই কথাবার্তা মাঝেমাঝেই উঠছে এবং তরুণবাবু সঠিক প্রশ্নই করেছিলেন। আমি হাসপাতালের বাইরেও যাচ্ছি না। এম.ভি.ডি - মোবাইল ভেটেরিনারি ডিসপেনশারী - এই রকম কোন উইংস, এটা কিন্তু আপনি বলবেন না যে হাসপাতালের বাইরে যাচ্ছেন, এম.ভি.ডি - ডিসপেনশারী পশু চিকিৎসালয়ের ঘুরে ঘুরে, ভ্রাম্যমাণ নদীপথে—এই রকম ব্যবস্থা সরকারের আছে কিনা, না থাকলে করবেন কিনা?

শ্রী নূরে আলম চৌধুরী : গত হাউসটা আপনাদের মনে আছে? লাস্ট কোশ্চেন কিন্তু আপনিই করেছিলেন। নৌকায় আপনার চিকিৎসার যে ব্যাপার ছিল - আপনি বলেছিলেন এটা আছে কিনা? আমি বলেছিলাম আছে কিনা জানি না। কিন্তু তারপরে আমি খবর নিয়েছিলাম, মনে হয় ডাঃ অমৃতেন্দু মুখার্জীর আমলে একটা ছিল। সেটা তো মনে হয় এক যুগ আগেই। আছে, বালির তলায় চলে গেছে। বালি খুঁড়ে বার করা কিন্তু মুশকিল হয়ে যাবে। সেটা কিন্তু আপনাদের আমলেই হয়েছে। আমি বর্তমানে এই বিষয়ে খোঁজখবর করতে চেয়ে কিছুদিন আগে সুন্দবনে গিয়েছিলাম, জয়ন্তবাবু ছিলেন এখানে। তাই সম্ভাবনাগুলো অফিসারদের বলে এসেছি। আপনি এনকারেজ করেছেন, নিশ্চয় আমি চেষ্টা করব। আগের কোশ্চেন এবং এই কোশ্চেনের জন্য ধন্যবাদ। আমাদের কোন হাসপাতাল এইখান থেকে ওইখানে যাচ্ছে না। আপনারা বলতে পারেন বিগত দিনে - অনেকদিন আগে অনেক কিছু উল্টোপাল্টা হয়ে পড়ে আছে। সেটা অনেক বিধায়ক জিজ্ঞাসা করেছিলেন, সেগুলো রিপেয়ার করার চেষ্টা চলছে, সংখ্যা বলছিলাম। ৪৭টি রিনোভেশান এ্যান্ড রিপেয়ারিং চলছে। ৩২ নতুন তৈরি হচ্ছে। আর ভ্রাম্যমাণ - ওটা দেখব আমরা।

জলসম্পদের বহুমাত্রিক উৎপাদনশীলতা

*৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬১) **শ্রীজ্যোতির্ময় কর :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার জল ও ভূমিকে বহুমাত্রিক উৎপাদনশীলতার উপযোগী করে তুলতে পরিকল্পনা গ্রহণ করেছে, এবং

(খ) সত্যি হলে, (১) কোন্ কোন্ ক্ষেত্রে এই বহুমাত্রিক উৎপাদনের ব্যবস্থা চালু হয়েছে;

(২) উক্ত উৎপাদন ব্যবস্থার ফলাফল কিরূপ?

ড. সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধমে পরম সম্মানীয় বিধায়ক তিনি যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলি :

(ক) হ্যাঁ সত্যি। জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগক্ষুদ্র সেচে জলের বহুমাত্রিক উৎপাদনশীলতার উপযোগী করে তুলতে পরিকল্পনা গ্রহণ করেছে।

(খ) (১) ক্ষুদ্র সেচে বিভিন্ন ক্ষেত্রগুলি এইরূপ

জলধরো -জলভরো কর্মসূচীতে ব্যাপকভাবে বৃষ্টির জল সঞ্চয়ের জন্য রুফটপ রেন ওয়াটার হারভেস্টিং, বৃষ্টির জল সঞ্চয়কারী সুবৃহৎ জলাশয়, জলাধার ও পুষ্করিণীগুলির সংস্কার ও পুর্নখনন ইত্যাদির কাজ হাতে নেওয়া হয়েছে। এর দ্বারা এক দিকে যেমন বৃষ্টির জল সংরক্ষম ও রিচার্জের কাজ ও হবে এবং অন্য দিকে সেচের কাজেও দক্ষভাবে ব্যবহার করা যাবে। এছাড়াও মৎস চাষ, গার্হস্থ্য প্রয়োজন, প্রাণিপালন এর মতো কাজেও সহায়তা হতে পারে।

জলাধারগুলি খননের ফলে বাঁধ সুরক্ষা, বনসৃজন এবং ভ্রমন ও পর্যটনের সুবিধা বিকাশলাভ করবে, যার ফলে দরিদ্র গ্রামবাসী/কৃষকদের অতিরিক্ত আয়ের সুযোগ সৃষ্টি হবে। এম জি এন আর ই জি এ, আর কে ভি ওয়াই ও দপ্তরের অন্যান্য প্রোগ্রামে এই কাজগুলি চলছে।

বিশ্বব্যাংক-এর আর্থিক সহায়তার মাধ্যমে 'পশ্চিমবঙ্গ ক্ষুদ্র সেচ প্রকল্পের ত্বরান্বিত বিকাশ'

প্রকল্পে সেচ ব্যবস্থার উন্নয়ন ছাড়াও কৃষি, উদ্যানপালন ও মৎসচাষ এই তিনটি উপ অংশ রয়েছে। প্রকল্প সম্পূর্ণ হওয়ার সাথে সাথে যাতে এই প্রকল্পগুলি থেকে সমূহ সুফল পাওয়া যায় তার জন্য উপরোক্ত বিভাগগুলি কাজ করবে। কৃষি, উদ্যান পালন ও মৎস্যচাষে উৎপাদনবৃদ্ধির মাধ্যমে এই পরিষেবা কৃষিভিত্তিক গ্রামীন জীবিকার পরিসরের প্রসার ঘটাবে।

সৃষ্ট সেচসম্ভাব্য এলাকা (আই পিসি) এবং ব্যবহৃত সেচ সেবিত এলাকার (আই পি ইউ) মধ্যে ব্যবধান কমিয়ে আনার লক্ষ্যে সেচ সেবিত এলাকা উন্নয়ন ও জল ব্যবস্থাপন কর্মসূচীর অধীন মাঠনালা নির্মান চলছে।

দক্ষিণ ২৪ পরগনার গোসবা ও সাগরে ২টি সৌরশক্তি চালিত ক্ষুদ্র সেচপ্রকল্পের কাজ চালু হয়ে গেছে।

স্প্রীংকলার ও ড্রিপ ইরিগেশন এর মতন অতিক্ষুদ্র সেচ ব্যবস্থা প্রয়োগ করে শস্যেৎপাদনের কাজে জল ব্যবহারের দক্ষতা বৃদ্ধির চেষ্টা শুরু হয়ে গেছে।

ক্ষুদ্র সেচে ব্যান্ডেল তাপবিদ্যুত কেন্দ্র ও ত্রিবেণী টিসু লিমিটেডের বর্জ্য জল ক্ষুদ্র সেচ প্রকল্প সফলতার সঙ্গে কাজ করে চলেছে ও মাঠনালা সম্প্রসারণও হচ্ছে।

(খ) (২) রাজ্যের সিংহভাগ সেচ এলাকাই ক্ষুদ্র সেচের মাধমে দেওয়া হচ্ছে। বিভিন্ন প্রকল্প রূপায়নের মাধ্যমে আগামী দিনে ক্ষুদ্র সেচে রাজ্যের আরো বেশী অসেচ এলাকাগুলিকে সুনিশ্চিত সেচ ব্যবস্থার আওতায় নিয়ে আসা সম্ভব হবে। ২০১১-২০১২ সালের শেষে আনুমানিক ৩৮.৭৭ লক্ষ হেক্টর জমিতে ক্ষুদ্র সেচ সামর্থ সৃষ্টি হয়েছে। ২০১৩-২০১৪ সালের বার্ষিক যোজনায় অতিরিক্ত ৫০,০০০ হেক্টর জমিতে ক্ষুদ্র সেচ সামর্থ্য তৈরীর লক্ষ্যমাত্রা ধরা হয়েছে।

[11.30–11.40 a.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে জলসম্পদ অনুসন্ধান এবং বহুমাত্রিক উৎপাদন সাবজেক্টটা আপনি ভাল বুঝেছেন। যেহেতু আপনার দপ্তর এর সঙ্গে বহুমাত্রিক উৎপাদনের সঙ্গে Half of the Minister department যুক্ত, বিভিন্ন ডিপার্টমেন্ট যুক্ত। আমার নির্দিষ্ট প্রশ্ন এর দ্বারা achieved agriculture কত? Fishery-তে কত? Horticulture কত? অর্থাৎ সবটাই জানেন যে আজকাল সমস্ত পরিকল্পনা হচ্ছে per formative, কতটা হল তার উপর নির্ভর করবে সাকসেস। এর কি কোন speed out আপনার কাছে আছে বা studyআছে? যদি থাকে তাহলে বলবেন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয় এটা খুবই গুরুত্বপুর্ণ প্রশ্ন। আমরা world bank এর কাজ শুরু করার আগেই আমরা কোথায় আগে ছিলাম সেটা আমরা যাচাই করেছি। তারপরে এতগুলো দপ্তরের সংযোজন। আমি ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাব সংযোজন করেছেন আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। তখনই আমরা analysis করে বলেই দিয়েছি কৃষি ক্ষেত্রে যা যা উৎপাদনশীলতা বাড়াবেন সবটাই কিন্তু ক্ষুদ্র সেচের মাধ্যমে। অর্থাৎ আজকে যে জায়গা আছে সেই জায়গা থেকে প্রতি বছরে ওই হার কমে যাওয়ার পরে বাকিটা যদি পুরোটা শতাংশ ধরে নিই তাহলে শতকরা ৭০ থেকে ৮০ শতাংশ কৃষিতে বৃদ্ধি পাবে সমস্ত

উৎপাদন ক্ষমতা। ফিসারির ক্ষেত্রে আমরা ধরে নিলে এই যে আমরা 'জল ধরো জল ভরো' প্রকল্প নিয়েছি। ৫০ হাজার পুকুর আমরা কেটে দিয়েছি এবং আরো একটা পরিকল্পনা যেটা আমরা নিয়েছি আয়লা বিধ্বস্ত এলাকায় মেজর ইরিগেশান তারা যে বাধ তৈরি করবে, এই ৮০০ কিলোমিটার বাধ যেখান থেকে মাটি গুলি নিয়ে নেওয়া হবে সেই গুলিকে আমরা ছোট ছোট জলাধারে পরিণত করে slippage টা যাতে না হয়ে যায়, saline water যাতে না মিশে যায় তারজন্য একটা technology ব্যবহার করে ওখানে মৎস্য উৎপাদন করে আমরা শতকরা ৫০ ভাগ মাছ সারা পশ্চিমবাংলাকে সাপ্লাই দিতে পারব। মাছের ক্ষেত্রে, horticultureর ক্ষেত্রে, springler এবং drip irrigation - drip irrigation এর সম্যক ধারণা আপনাদের প্রত্যেকেরেই আছে। তবু একটা কথা বলি, মা-ঠাকুমা তুলসী তলায় বৈশাখ মাসে জল দেওয়ার জন্য একটা করে ভাড়ের ব্যবহার করতেন। তারা একটা ছিদ্রের মাধ্যম দিয়ে ড্রপ ড্রপ জল দিতেন। এই technology কিন্তু আজকে আমাদের শিখিয়ে দিয়েছে জলের অপব্যবহারটাকে বন্ধ করে drip irrigation এর মাধ্যম দিয়ে orchard গুলিকে আরো বেশি উৎপাদনশীল করে দেওয়া যায়। এটা বিজ্ঞান বলে যে, একটা গাছের একদিকে জল দিলে তার আকর্ষণে বাকি জলটা টেনে নেবে, অযথা জল দেওয়ার দরকার নেই। এইটা কৃষক বন্ধুদের মধ্যে যদি আমরা অ্যাওয়ারেনস্ ক্রিয়েট করতে পারি, তাহলে ভূ-পৃষ্ঠস্থ জল, ভূ-গর্ভস্থ জল এদের মধ্যে সুন্দর সমতা আমরা বজায় রাখতে পারব। সমস্তক্ষেত্রেই ফরেস্ট্রীর ক্ষেত্রে দেখুন, বনসৃজনে শতকরা ৮০ ভাগ বেড়ে যাবে, পর্যটন ব্যবস্থা সেটাও বেড়ে যাবে। ইতিমধ্যে বড় সংখ্যাতে আমরা দিয়েছি, সবাই সেটা দেখেছেন। পর্যটন শিল্প সেখানে এমনভাবে গড়ে উঠবে যাতে করে আমরা অনেক রেভিনিউ সেখান থেকে কালেকশান করতে পারব।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার শেষ প্রশ্ন আপনি ঠিক জায়গায় বিচরণ করলেন সেইজন্য আর একবার ধন্যবাদ দিলাম। কিন্তু আমার প্রশ্ন আপনি কি স্টাডি করেছেন এর দ্বারা কত ম্যানডেজ তৈরী হয়েছে? কত ওয়ার্কিং ডেজ তৈরী হয়েছে আপনার ডিপার্টমেন্টে শুধু। এক্সক্লুডিং আদার ডিপার্টমেন্ট - আপনার ডিপার্টমেন্টে 'জল ধর জল ভরো' প্রকল্প করতে গিয়ে এ পর্যন্ত কত মানডেজ তৈরী হয়েছে, কতজনকে কাজ দিতে পেরেছেন?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গুরুত্বপূর্ণ প্রশ্ন, গতদিনেও এই কথাটা উঠেছিল। আমরা সম্প্রতি নারেগার সঙ্গে যুক্ত হয়েছি। ইতিমধ্যে আমরা ২০ লক্ষ ম্যানডেজ ওখান থেকে তৈরী করতে পেরেছি। যার ফলে ৪৭ হাজার পুকুর আমরা খনন করতে পেরেছি, আমাদের কাছে কোন অতিরিক্ত বরাদ্দ টাকা ছিল না।

শ্রীমতী অপর্ণা সাহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন - উনি আনুমানিক ৫০ হাজার পুকুর খনন করা হয়েছে বললেন। আমার প্রশ্ন ২০১০-১১ সালে পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে এই স্কিমগুলো নেওয়া হয়েছিল। বর্তমানপরিবর্তনের সরকার কি নতুন পরিকল্পনা নিয়ে এই কাজটা করছেন, না সেগুলোই কাজ হচ্ছে? যদি নতুন পরিকল্পনা নিয়ে কাজ হয়, তাহলে যে পঞ্চায়েতগুলিতে নির্বাচিত জনপ্রতিনিধি নেই এবং সংসদ সভাও করা হয় না, তাহলে কোথা থেকে পরিকল্পনাগুলো নেওয়া হচ্ছে? এটাই আমার প্রশ্ন।

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় বিধায়িকাকে আমাদের পরম সম্মানীয় অধ্যক্ষের মাধ্যমে যে প্রশ্নের উত্তর দিই তাতে বিগত ৩৪ বছরের ইতিহাস দুঃখ দেবে। তাই আমি দুঃখের কথা না তুলেই বলি, আপনাদের যে পরিকল্পনায় ছিল শুনে রাখুন সেই পরিকল্পনাটা কখনই জল ধরো জল ভরো স্লোগান দেওয়ার পরিকল্পনায় ছিল না। যে পুকুরগুলো কাটা হত এ.আই.বি.পি. স্কিমে কিছু কিছু পুকুর কাটা হত এবং সত্যি কথা বলতে কি এই যে একটা দপ্তর ছিল, এই দপ্তরটা আপনারা পশ্চিমবাংলার মানুষের কাছে তুলে ধরতে পারেননি। তারপর বলে রাখি, যে কারণে আবার বলবেন বিগত দিনের ইতিহাস, আপনারা ১৩ দিনে বাধা ছিলেন নারেগার কাজটাকে করতে। আমরা সেটাকে ৪৩ ডেজে নিয়ে গিয়েছি একমাত্র আমাদের সম্মানীয় পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়ের আনুকুল্যে। ঐ জায়গাটিতে আমরা নিয়ে গিয়েছি, আপনরা ঐ পরিকল্পনার সাথে কোন যোগ নেই। কথা শুনুন, স্টাডি করুন প্লিজ।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নের উত্তর মন্ত্রী মহোদয় খুব ভাল দিচ্ছেন অ্যাপ্রিসিয়েট। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি প্রশ্ন রাখতে চাই। আপনি তো জানেন জিও হাইড্রোলজিকাল স্টাডি পশ্চিমবঙ্গে হয়েছে এবং আপনি নিজেও এই ব্যাপারটি নিয়ে ওয়াকিবহাল রয়েছেন। দি অ্যাকুইফার খুব ডিস্টার্ব পশ্চিমবঙ্গে। যদিও Bengal is situated in the lowest riparian of the Ganges গাঙ্গেয় উপত্যকার শেষভাগে থাকা সত্ত্বেও আমাদের অ্যাকুইফার খুব ডিস্টার্ব হয়েছে। কারণ আমরা অবৈজ্ঞানিক পদ্ধতিতে বিভিন্ন জায়গায় জল তুলেছি মাটি থেকে এবং গঙ্গা নদীর অববাহিকাতে এস্টাবলিসড্ ফ্যাক্ট সেটা হল আর্সেনিক পাওয়া গিয়েছে। এই পরিপ্রেক্ষিতে আর্সেনিকের কন্টামিনেশানকে মাথায় রেখে the usage of underground water scientifically based on the factual identification of the disturbed aquifer কি পরিকল্পনা করেছেন?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, পরম সম্মানীয় বিধায়ক যে প্রশ্ন করেছেন, সত্যিই গুরুত্বপূর্ণ এই কারণে, আমি একটা সহজ কথা বলি—

[11.40–11.50 a.m]

বিজ্ঞান বলে arsenic-এর ঘনত্ব যদি শুধু sunray টা পাশ করিয়ে দেওয়া যায় gradually ঘনত্বটা কমে যায়। আবার quantity of water টাকে যদি বাড়িয়ে দেওয়া যায় তাহলেও সেখানে ঘনত্ব কমবে। যে ঘনত্বটা up to threshold level যদি থাকে মানুষকে কখনও disturb করবে না, আপনি খুব ভালো করেই জানেন। সত্যি কথা বলতে কি এর আগে ৩৮টা ব্লককে এরা semi-critical করে গিয়েছিলেন। কিসের জন্যে? না পরিকল্পনা বহিরভূত রাজনৈতিক সাম্প্রদায়িকতাটা মাথায় রেখে যে-কোন জায়গায় deep tube well, mini deep tube well এগুলো বসিয়ে দিয়েছিলেন। বিজ্ঞানটা শুনুন কাজে দেবে। এটা রাজনৈতিক লড়াই নয়। সেই জন্য জলটাকে সম্পদ বলেছে। পৃথিবীতে যুদ্ধ লাগলে পেট্রোল, ডিজেল নিয়ে লাগবে না, লাগবে জল নিয়ে। সেই জন্য আমাদের aware থাকতে হবে। সে কারণেই বলি এই aquifer disturb এখনও আমরা যদি ভাবি তাহলে হবেনা, ওই জন্য আমরা recharging কথাটা নিয়ে এসেছি। আপনি একটা জায়গায় semi-critical ব্লক বলে দিলেন। ধরলাম ভগবানগোলা, কি

সবং, কি তমলুক, পুরোটা semi-critical নয়, micro study should be there. You have to apply micro study. সেই micro study যদি আপনি করতে পারেন তাহলে দেখবেন aquifer এর situation অনুযায়ী এক নম্বর অঞ্চলে হয়েছে, চার নম্বরে গিয়ে বসাতে পারবেন। কিন্তু আপনি সেটা study না করে এক নম্বরেই পাঁচটা বসিয়ে দিয়েছেন। aquifer disturb হয়েছে। এবং নীচটা তো মানুষের ক্যাপিলারি যেমন ভাবে যায় লাইক দিস, সেখানেও ক্যাপিলারি আছে। তো সেইটাকে ভরতে হবে। সেইটাকে ভরতে গেলে যত বসিয়েছেন সেটাকে ক্যালকুলেট করে সম পরিমাণে জল রিচার্জ করুন। কখনও কি বাড়ির জলটাকে আপনি পাঠিয়েছেন ২৫ ফুট পাইপ দিয়ে? সিম্পিল থিংক, এটা ভাবলেই দেখবেন আজকে আর্সেনিক প্রবণ এলাকাগুলো সবের কনসেনট্রেশন জলের বাড়বে, আর্সেনিক প্রবণতা কমে যাবে। এটা আমাদের একটা সিম্পিল দিক। এরপরে তো বৈজ্ঞানিক ভিত্তিতে আমাদের পি.এইচ.ই দপ্তর যথারীতি তারা দিচ্ছেন। যে কারণে আমি যদি অ্যাওয়ার হই, আপনি ডাক্তার, আপনি জানেন prevention is better than cure. সেই কথাটাকে মন্ত্র বলে যদি নেই তাহলে আমরা জল ম্যানেজমেন্ট করে সারা বিশ্বকে দেখিয়ে দিতে পারব যে পশ্চিমবাংলো জানে how to manage water situation.

শ্রী বাসুদেব মেটে : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন দুর্গাপুরে মাটি উৎসবে 'জল ধরো জল ভরো' ও মৎস প্রশিক্ষণের কয়েক লক্ষ টাকা দিয়ে একটা পুকুর খনন করা হয়েছিল। তাতে মাছ ছাড়াও হয়েছিল। আবার শুনলাম না কি পুরুকরটা পুনরায় ভরাট করে দেওয়া হয়েছে। এ কথা কি সত্যি?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়ক আপনি কিন্তু শুনেছেন। আমি গতকাল ওই রাস্তা দিয়ে এসেছি। গতকাল আমি বাঁকুড়া থেকে দুর্গাপুর হয়ে যখন আসি তখন পানাগড়ে ওই জায়গাটা আমি দেখে এসেছি। আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে গ্রাম তিনি তৈরি করে দিয়েছেন, সে গ্রাম তিনি নষ্ট করেননি। ওই পুকুরটাতে কয়েক লক্ষ লাগেনি। পুকুর কাটার অভিজ্ঞতা আমরা গ্রামের মানুষ আমাদের সবার আছে। যে পুকুরটা কাটা হয়েছিল সেটা ৪০ বাই ৩০। ৪০ মিটার লম্বা এবং ৩০ মিটার প্রস্থ। সেটা তিন মিটার ডেপথ হলে কয়েক লক্ষ টাকা কোথায় যাবে? দলীয় তহবিলে? যায় না।

শ্রী কল্লোখ খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার প্রশ্ন যে জল ধরো জল ভরো প্রকল্পে ১৯ মাসে মাননীয় মন্ত্রী অত্যন্ত দক্ষতার সঙ্গে সারা পশ্চিমবাংলায় কাজ করেছেন তার জন্য নিশ্চয়ই ধন্যবাদ জানাই। জল ধরো জল ভরো প্রকল্পে ৪৭ হাজার যে পুকুর খনন করা হয়েছে এটা নিশ্চয়ই একটা গর্বের বিষয়। আমার জিজ্ঞাসা সরকারি এবং বেসরকারি কত পুকুর কাটা হয়েছে তার রেশিয়োটা বলবেন কি?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সম্মানীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি বেশিরভাগ আমরা ব্যক্তি মালিকানার পুকুর, যারা বি.পি.এল লিস্টের তালিকার মধ্যে আছেন, তাদের আমরা নিয়েছি। প্রান্তিক চাষিদেরও আমরা নিয়েছি। যৌথ মালিকানার কিছু বড় বড় পুষ্করিণী আমরা নিয়েছি। সরকার যদি বলে থাকেন খাস, সেটা খুবই কম আমরা ওই জায়গায় নিয়েছি। কারণ খাস কিছু কিছু জায়গায় অধিগৃহীত হয়ে আছে, সেই অধিগৃহীত জমি ভ্যাকেট করতে পারিনি,

কেননা তার জলটা পাশের চাষীকে দিতে হবে। এটা প্রয়োজন। ৯০ শতাংশ কাজ আমরা করেছি, এই বিষয়ে সন্দেহ নেই।

শ্রী বিশ্বনাথ কুন্ডু : গ্রামে যেমন 'জল ধর জল ভরো' প্রকল্প নেওয়া হয়েছে, সেরকম শহরাঞ্চলে পৌর এলাকায় বহু পুকুর অনাবাদী হয়ে আছে, সেইগুলোকে যদি 'জল ধর জল ভরো' প্রকল্পের আওতায় নিয়ে আসা যায় তাহলে আমরা আমাদের লক্ষ্যে অনেক বেশী পৌঁছতে পারব। এই বিষয়ে কিছু ভাবনা-চিন্তা আছে কি?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : আমি আগেও বলেছি, পৌরসভা বা গ্রাম, এটা ভাববেন না। যেখানেই জলাশয় আছে তা আমাদের নজরে নিয়ে আসুন। কারণ আমাদের অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ারদের আমরা দায়িত্ব দিয়েছি। আপনার এলাকায় যিনি একজিকিউটিভ ইঞ্জিনিয়ার বা অ্যাসিস্টান্ট ইঞ্জিনীয়ার আছেন, তার সঙ্গে যদি যোগাযোগ নাও করতে পারেন, আমাদের দপ্তরে সরাসরি এলে আমরা সেইগুলো ত্বরান্বিত করে প্রত্যেকটা পুকুর যাতে সংস্কার করা হয় তার ব্যবস্থা করব।

শ্রী আবুতাহের খান : আমাদের জেলা মুর্শিদাবাদে দীর্ঘদিন থেকে অনেকগুলো ক্লাস্টার তৈরী হয়ে আছে, আপনার দপ্তর থেকে করা হয়েছিল, অথচ সেইগুলো শুধু বিদ্যুৎ সংযোগের অভাবে বন্ধ হয়ে আছে। এই যে এত টাকা অপচয় হ'ল, চাষীরা সুফল পেল না, দীর্ঘদিন ধরে পড়ে থাকা এইগুলো চালু করার কোন পরিকল্পনা আছে কিনা জানাবেন কি? কেন এতদিন হ'ল না?

ডঃ সৌমেন কুমার মহাপাত্র : মাননীয় বিধায়ক যে ক্ষোভ প্রকাশ করেছেন তার জন্য আমি দুঃখ প্রকাশ করছি এইজন্য যে, জনপ্রতিনিধিদের দায়িত্ব থাকে এলাকার উন্নয়নের কাজে। কারণ একটা জায়গায় মা-মাটি-মানুষের সরকার বলে দিয়েছে (গোলমাল) জনগণের উন্নয়নের স্বার্থে রাজনীতির উর্দ্ধে থেকে সবাইকে সহযোগিতা করতে হয়। এই দপ্তর আমাদের সরকার যখন হাতে নিল, তখন দেখলাম ৭০ কোটি টাকা বিদ্যুৎ দপ্তরের বিল দেওয়া হয়নি। জেনে রাখুন, সেই বিলটা আমি এবং আমাদের সম্মানীয়া মুখ্যমন্ত্রী, বিদ্যুৎ দপ্তরের সম্মানীয় মন্ত্রী মনীশ গুপ্ত মহাশয়, আমরা একটা জায়গায় নিয়ে এসে এই বছরে মুর্শিদাবাদসহ সমস্ত জায়গায় ৭০০ ক্লাস্টার স্যালো, মিনি ডিপ, ডিপ, মেজর আর.এল.আই. সব জায়গায় আমরা কানেকশন দিয়ে দেব। বিগত দিনের দেনার কথাটা মাথায় রাখুন।

[11.50–12.00 noon]

রাজ্যে চালু কিষাণ মান্ডির সংখ্যা

*৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪) শ্রী অজয় দে : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে চালু কিষাণ মান্ডির সংখ্যা কত?

শ্রী অরূপ রায় : ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে উত্তর ২৪ পরগণা জেলার হাবড়া ব্লকে একটি কৃষক বাজারের (কিষাণ মান্ডি) পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে।

শ্রী অজয় দে : আমার প্রশ্নটা ছিল চালু হয়েছে কিনা। উনি বলেছেন পরিকাঠামো নির্মাণের কাজ শুরু হয়েছে। তার মানে ধরে নিতে হবে একটাই শুরু হয়েছে। কিন্তু এই সভাতে গত ১১ মার্চ মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে লিখেছেন ২০১২-১৩ সালে ৯৫টি ব্লকে আর আই ডি এফ (১৮) এবং আর কে ভিওয়াই তহবিলের অধীনে ৫৩৬.৬ কোটি টাকা অনুমোদিত ব্যয়ে ৯৫টি কৃষক বাজার তৈরী হতে চলেছে। এখানে উনি বলছেন একটার পরিকাঠামোর কাজ শুরু হয়েছে। এখনও দু মাস বাকী এই অর্থবর্ষ শেষ হতে। তাহলে কি ধরে নেব যে এই সময়ের মধ্যে বাকী ৯৪টির কাজ সম্পন্ন হবে?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্ন ছিল ৩১ জানুয়ারী ২০১৩ সালের সাপেক্ষে রাজ্যের চালু কিষাণ মান্ডির সংখ্যা কত? তার উত্তরে আমি এই কথাই বলেছি যে, ৩১ শে জানুয়ারী ২০১৩র সাপেক্ষে উত্তর ২৪ পরগণা জেলার হাবড়া ব্লকে একটি কৃষক বাজারের কাজ চালু হয়েছে। আর আমাদের রাজ্যে ইতিমধ্যে ৫০টি ওয়ার্ক অর্ডার ইস্যু হয়ে গেছে এবং বাকী ৪৫টির জন্য আগামী ২২ শে মার্চ ২০১৩ টেকনিক্যাল বিজ ওপেন হবে। এর আগে টেন্ডার হয়েছিল। সেই টেন্ডারে কেউ পার্টিসিপেট করে নি। দ্বিতীয়বার এই ৪৫টিতে টেন্ডার হচ্ছে। সুতরাং আমাদের এই ২৯টির রি-টেন্ডার হয়েছে। ফ্রেশ টেন্ডার তিনটিতে হয়েছে। ৫০টি ওয়ার্ক অর্ডার ইস্যু হয়ে গেছে, রি-টেন্ডার টু বি ফ্লোটেড ইন নেকস্ট উইক - সাতটা। ডি পি আর উইল রিসিভ শর্টলি ফর ফারদার টেন্ডার প্রসেস - ছটি। অর্থাৎ ৯৫টি কাজ এই অর্থবর্ষে শুরু হবে।

শ্রী অজয় দে : আপনার কথায় ধরেই নেওয়া যায় যে ৯৫টির কাজ শুরু হবে। তারমানে শেষ হবে কবে সেটা নিয়ে আপনি বলতে পারবেন না। টাইম থাকবে এটা স্বাভাবিক। আমার বক্তব্য রাজ্য সরকার একটা টার্গেট নিয়েছেন এবং বলছেন যে ৩৪১টি ব্লকেই কমপ্লিট হয়ে যাবে। ৩৪১টি ব্লকে হবে। এই দু বছরে যদি এই চেহারা হয়, তাহলে ৩৪১টি ব্লকের কাজ শেষ হতে কতদিন লাগবে? সম্পন্ন হবে কি?

শ্রী অরূপ রায় : আপনি দীর্ঘদিন ধরে এই বিধানসভার বিধায়ক। আপনি অতীতে ৩৪ বছর শাসন দেখেছেন। আমরা এই কুড়ি মাস এসেছি। এই সরকারের কুড়ি মাস অতিক্রান্ত হওয়ার মধ্যেই আমাদের এই অর্থনৈতিক দুরাবস্থার মধ্যেও রাজ্যসরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীর উদ্যোগে ইতিমধ্যে ৫০টির কাজ শুরু হয়ে গেছে। ওয়ার্ক অর্ডার হয়ে গেছে। বাকী ৪৫টির কাজ খুব শীঘ্র শুরু হবে। আর আমরা বলেছিলাম যে ৩৪১টি ব্লকে একটি করে কিষাণ মান্ডি পর্যায়ক্রমে প্রয়োজনভিত্তিক হবে। এটা আমরা বলেছিলাম, এখনও বলছি এবং এটা আমরা শেষ করব।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে আমার প্রশ্ন মাননীয় মন্ত্রী বলেছেন যে, ৯৫টি কিষাণ মান্ডির কাজ হবে। মানে একটা শুরু করেছেন, আর বাকীগুলি তিনি টেন্ডার প্রসেসের মধ্যে আছেন। মাননীয় অর্থমন্ত্রী ১১ তারিখে পরিষ্কারভাবে বলেছেন যে ৯৫টির কাজ শুরু হয়েছে। কত টাকা বরাদ্দ হয়েছে?

ওটা আর.আই.ডি.এফ এবং আর.কে.ভি.ওয়াই. এর টাকা। আমরা যতদূর জানি যে, আর.আই.ডি.এফ এর টাকা এবং আর.কে.ভি.ওয়াই. এর টাকা - এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প।

এই প্রকল্পে একেবারে নির্দিষ্ট করে বলে দেওয়া থাকে যে, কোন কোন খাতে টাকাটা খরচ করা যাবে। আপনি সেই শর্ত অনুযায়ী এই প্রকল্পগুলো গ্রহণ করে কবের মধ্যে কাজগুলো শেষ করবেন, সেটা কি ঠিক করেছেন? নাকি নিজেদের পরিকল্পনা মতো এই সব টাকাটা খরচ করছেন?

শ্রী অরূপ রায় : প্রথম প্রশ্ন হচ্ছে যে উনি একটি কথা বললেন। আমার মনে হচ্ছে উনি কথাটা শুনতে পাননি। আপনি কানে কম শুনছেন মনে হচ্ছে আমার। যাইহোক, আমি ইতিমধ্যেই বলেছি ৫০টির কাজ শুরু হয়ে গেছে। ৫০টি কৃষি বাজারের কাজের ওয়ার্ক অর্ডার ইস্যু হয়ে গেছে। আপনি শোনেননি, আর ৯৫টির কাজ আমরা এই বছর শুরু করবো এবং এটা মেয়াদকালেই শেষ হয়ে যাবে।

শ্রী নির্মল ঘোষ : স্যার, এই ১৮ মাসের মধ্যে মাননীয় মন্ত্রী রাজ্যের জমি সমস্যা আপনারা জানেন যে, এই জমি ব্যবস্থা করেছে এবং করার পর আমার প্রশ্নের উত্তরে বলেছিলেন, তিনি কাছাকাছি ৫০টির কাজ শুরু করে দিচ্ছেন। আমি আপনাকে ধন্যবাদ জানাই যে, রাজ্যটাকে শেষ করে দিয়েছিল, আপনি ৫০টির কাজ শুরু করাতে পেরেছেন। আরো ৩০টি যেটা আপনি বলেছেন আর কতদিন লাগবে এই ৩০টি করতে?

শ্রী অরূপ রায় : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাতে চাই, ইতিমধ্যে ৫০টির কাজ আমরা শুরু করেছি। যারা ৩৪ বছরে কিছু করেনি, তারা চেঁচামেচি করবে- এবং বাকি যে ৪৫টি, সেটা এই বছর শুরু হবে।

সালকিয়া বাঁধাঘাটে ভবঘুরেদের বাড়ি

*৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৪৭) **শ্রী অশোক ঘোষ :** নারী বিকাশ এবং সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর হাওড়া বিধানসভা এলাকায় সালকিয়া বাঁধাঘাটে ভবঘুরেদের জন্য নির্দিষ্ট বাড়িটি নির্মাণে কত খরচ হয়েছে;

(খ) কত সালে এটি নির্মাণ করা হয়;

(গ) বর্তমানে কোন্ সংস্থা ঐটি পরিচালনা করছে; এবং

(ঘ) এখানে বসবাসকারী ভবঘুরের সংখ্যা কত?

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় সদস্য যে কোয়েশ্চন করেছেন, তার উত্তরগুলো দিচ্ছি—

(ক) উত্তর হাওড়া বিধানসভা এলাকায় সালকিয়া বাঁধাঘাটে নারী উন্নয়ন ও সমাজ কল্যাণ দপ্তরের থেকে ভবঘুরেদের জন্য কোন বাড়ি তৈরী করা হয়নি। সালকিয়া বাঁধাঘাটে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন তাদের এই বাড়িটি 'গৃহহীন আশ্রয় প্রকল্প' চালানোর জন্য এন.জি.ও সংস্থা 'সীড' (সোসাইটি ফর এডুকেশনাল অ্যানড এনভায়রনমেন্টাল ডেভেলপমেন্ট) কে এগ্রিমেন্ট অফ লীভ্ অ্যান্ড লাইসেন্স'-এ ব্যবহারের জন্য দিয়েছে।

(খ) প্রযোজ্য নহে।

(গ) বর্তমানে এন.জি.ও. সংস্থা 'সীড' (সোসাইটি ফর এডুকেশনাল অ্যান্ড এনভায়রনমেন্টাল ডেভেলপমেন্ট) ঐটি পরিচালনা করে।

(ঘ) এখানে ১০০ জন্য গৃহহীন ব্যক্তির থাকার ব্যবস্থা আছে।

শ্রী অশোক ঘোষ : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে জানতে চাই, হাওড়া কর্পোরেশনের মাধ্যমে 'সীড' (সোসাইটি ফল এডুকেশনাল অ্যান্ড এনভায়রনমেন্টাল ডেভেলপমেন্ট) কে কোনো অর্থ বরাদ্দ আপনার ডিপার্টমেন্ট থেকে করা হয় কিনা এবং যদি অর্থ বরাদ্দ হয়ে থাকে, তাহলে সেটা কত টাকা?

শ্রীমতী সাবিত্রী মিত্র : আমরা কর্পোরেশন, পৌরসভাকে টাকা দিই না। আমরা এই ভরঘুরে আশ্রম চালানোর জন্য বছরে ৬ লক্ষ টাকা করে দিয়ে থাকি।

শ্রী অশোক ঘোষ : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, এখানে গৃহহীনদের জন্য একটি আবাস তৈরী হয়েছে। গৃহহীনে ভবঘুরেরা থাকেনা স্যার, সি.পি.এম.এর গুন্ডারা ওখানে বসে বোম বাঁধে। একটা জায়গা নেই স্যার। আমি মাননীয়া মন্ত্রীর কাছে জানতে চাইছি, এটা চালানোর জন্য কোনো মনিটরিং কমিটি আছে কিনা এবং থাকলে কারা কারা এই মনিটারিং কমিটিতে আছেন?

[12.00 noon–12.10 p.m]

শ্রীমতী সাবিত্রী মিত্র : মাননীয় সদস্যকে অবগত করছি মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে যে, আমাদের এই ভবঘুরে যে হোমগুলো, গৃহহীন যারা তাদের জন্য আমাদের ৩৪টা হোম আছে এবং যেখানে ৫ লক্ষ মানুষ বাস করে পপুলেশন শহর এলাকা ভিত্তিক সেখানে এই হোমগুলো হয়ে থাকে। এগুলি মনিটরিং সুপারভাইজিং করার জন্য প্রত্যেক আশ্রয়স্থলের জন্য একটি মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। যার চেয়ারপার্সান ওয়ার্ড কাউন্সিলারর এবং আশ্রয়স্থলের সুপারভাইজার, এন.জি.ও এবং প্রতিনিধিদল এবং এলাকার বিশিষ্ট দুইজন নাগরিক এবং গৃহহীনদের প্রতিনিধি। এই ভাবেই আমাদের লোকাল যে জায়গায় এই আশ্রয়স্থল আছে সেখানে এই কমিটি করা হয়েছে। এবং শহর স্থলে আমাদের এমপাওয়ারমেন্ট একটি কমিটি আছে। সেখানকার সদস্য হচ্ছেন মুখ্য সচিব পশ্চিমবঙ্গ সরকার, প্রধান সচিব নারী ও শিশু উন্নয়ন ও সমাজ কল্যাণ দপ্তর, ল্যান্ড রিফর্ম কমিশনার, প্রধান সচিব নগরোন্নয়ন দপ্তর, সচিব পৌর দপ্তর, অধিকর্তা সমাজ কল্যাণ দপ্তর, কমিশনার কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, কমিশনার হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন, কমিশনার আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন, চরচক্র নিয়ামক পশ্চিমবঙ্গ, এবং বিশেষ সচিব নারী শিশু উন্নয়ন এবং সমাজ কল্যাণ দপ্তর। এ নিয়ে আমাদের একটি মনিটরিং কমিটি আছে, এই ভাবেই আমরা করি। তবে আপনি যে কথাটা বলেছেন যে ওখানে কোন লোক বাস করে না, বা ওখানে সি.পি.এমদের একটা দৌরাত্ম্য, তাদের এন্টিসোসাল এলিমেন্টরা থাকে। এই বিষয়টা আমরা কালকে - আমি আজকেই এই মুহূর্তে গিয়ে একটা অর্ডার দেব, আমরা এটাকে ইনভেস্টিগেশান করবো এবং ইনভেস্টিগেশান করে যা যা এ্যকশন নেওয়ার আমরা কিন্তু নেব।

(প্রশ্নোত্তর পর্ব সমাপ্ত)

Starred Questions
(to which answers were laid on the 'Table')

গলসিতে হিমঘর নির্মাণ

*৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩) শ্রীসুনীল কুমার মণ্ডল : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার গলসিতে প্রস্তাবিত হিমঘর নির্মাণের কাজ এখন কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) তা কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

কৃষিজ বিপনণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্ধমান জেলার গলসীতে হিমঘর নির্মাণের কোনো প্রস্তাব এই মুহূর্তে কৃষিজ বিপণন বিভাগের কাছে নেই। এ ব্যাপারে সুনির্দিষ্ট প্রস্তাব এলে বিবেচনা করা যেতে পারে।

(খ) প্রযোজ্য নয়।

বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার গবেষকদের বৃত্তিপ্রদান

*৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৬) ডঃ তরুণ কান্তি নস্কর : বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের গবেষকদের বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যায় গবেষণার জন্য বৃত্তি প্রদানের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তার পরিমাণ কত?

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ। বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীনস্থ সংসদ কয়েকটি ক্ষেত্রে বৃত্তি (Fellowship)প্রদানের প্রস্তাব গ্রহণ করেছে। প্রস্তাবিত ক্ষেত্রগুলি হলো :

- রসায়ন বিজ্ঞানে — আচার্য প্রফুল্ল চন্দ্র রায় বৃত্তি
- নদী গবেষণা বিজ্ঞানে — মেঘনাদ সাহা বৃত্তি
- তাত্ত্বিক পদার্থ বিদ্যায় — সত্যেন্দ্র নাথ বোস বৃত্তি
- বেতার যোগাযোগ / জীবন বিজ্ঞানে — জগদীশ চন্দ্র বোস বৃত্তি
- স্বাস্থ্য বিজ্ঞানে — উপেন্দ্র নাথ ব্রহ্মচারী বৃত্তি

(খ) প্রস্তাবিত বৃত্তির ব্যাপারে সুনির্দিষ্ট রূপরেখা / নিয়মাবলী এবং টাকার পরিমাণ স্থির করার জন্যে বিভাগের অধীনস্থ সংসদে একটি কমিটি তৈরী করা হয়েছে। বর্তমানে এটির কাজ চলছে।

কিষাণ মাণ্ডির কাজকর্ম

*৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৫৩) শ্রী মনোরঞ্জন পাত্র : কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কিষাণ মাণ্ডিগুলিতে কি ধরনের কাজকর্ম হয়?

কৃষিজ বিপনণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

রাজ্যে কৃষক বাজারগুলির নির্মাণ কাজ পর্যায়ক্রমে শুরু হয়েছে এবং এখনো পর্যন্ত কোনো কৃষক বাজারের নির্মাণ কাজ সম্পূর্ণভাবে শেষ হয়নি।

কৃষক বাজারগুলি সম্পূর্ণ হবার পর কৃষকদের জন্য নিম্নলিখিত সুযোগ-সুবিধার সংস্থান থাকছে।

ঘোষিত সহায়ক মূল্যে খাদ্যশস্যের সরকারী ক্রয়ের ব্যবস্থা, পচনশীল সব্জী বিপণনের জন্য পৃথক প্রণিয়ন্ত্রণ ব্যবস্থা, গুদামঘর ও হিমঘরের ব্যবস্থাপনা, আচ্ছাদিত নীলাম চত্বর, পণ্য চলাচলের আভ্যন্তরীণ রাস্তা, পণ্যের সঠিক ওজনের ব্যবস্থা, পণ্যবিক্রয়ের দোকানঘর, পানীয় জলের ব্যবস্থা, উন্নত পয়:প্রণালী। বৈদ্যুতিক ব্যবস্থা ইত্যাদি।

কৃষকবাজারে কৃষক সরাসরি খুচরো মূল্যে ক্রেতাকেও পণ্যবিক্রি করতে পারবেন।

ময়নাগুড়ির পলিটেকনিক কলেজ

*৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৭) শ্রী অনন্ত দেব অধিকারী : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে প্রস্তাবিত পলিটেকনিক কলেজটিতে পঠনপাঠনের কাজ আগামী শিক্ষাবর্ষ থেকে শুরু করার পরিকল্পনা সরকারের আছে কি?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে প্রস্তাবিত পলিটেকনিক কলেজের পঠনপাঠনের কাজ আগামী ২০১৪-১৫ শিক্ষাবর্ষ থেকে শুরু করার পরিকল্পনা সরকারের আছে।

ভূ-গর্ভস্থ জলের অপচয় ও তার প্রতিরোধ

*৮০। (অনুমোদি প্রশ্ন নং *৯) শ্রী অসিত মিত্র : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ভূ-গর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহার ও অপচয় বেড়ে চলেছে; এবং

(খ) সত্যি হলে, এই সমস্যা নিরসনে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ, এটা সত্যি। রাজ্যে ভূ-গর্ভস্থ জলের যথেচ্ছ ব্যবহার ও অপচয় বেড়ে চলেছে।

(খ) পশ্চিমবঙ্গে ভূ-গর্ভস্থ জলের সুষ্ঠু ব্যবহারের জন্য পশ্চিমবঙ্গ সরকার "West Bengal Ground Water Resources (Management, Control & Regulation) Act, 2005 চালু করেছে। এতে ভূ-গর্ভস্থ জল ব্যবহারকারীকে নতুন নলকুপ বসানোর জন্য আগাম অনুমতি নিতে হয়। এই জন্য ১৮টি জেলায় প্রত্যেকটির জন্য "District Level Ground Water Resources Development Authority' গঠন করা হয়েছে। এই Authority-র অনুমোদন সাপেক্ষে Geologist and Member-Secretary, D.L.A. আবেদনকারীকে permit প্রদান করে। এই permit প্রদান করার আগে ঐ ব্লকের ভূ-গর্ভস্থ জলের সঞ্চয়, রাসায়নিক গুণমান বিচার এবং বিবেচনা করে D.L.A. নতুন নলকূপের জন্য আবেদন গ্রহণ করে।

এ ছাড়া, ভূ-গর্ভস্থ জলের সুষ্ঠু ব্যবহার এবং অপচয় বন্ধ করার জন্য সারা রাজ্যব্যাপী 'জল ধরো জল ভরো' পরিকল্পনা গ্রহণ করা হয়েছে - এর দ্বারা বৃষ্টির জল বহু সংখ্যক পুকুরের মাধ্যমে সঞ্চয় করা হচ্ছে এবং প্রয়োজন ভিত্তিক চাষের কাজে ব্যবহার করা হচ্ছে।

রাজ্যে দুগ্ধ উৎপাদন

*৮২। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) শ্রী তজমুল হোসেন : প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবে কি—

চলতি আর্থিক বছরের ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারের পরিচালনাধীন দুধ উৎপাদন কেন্দ্রগুলিতে উৎপাদিত দুধের পরিমাণ কত?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

চলতি আর্থিক বছরের (২০১২-২০১৩) ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্য সরকারের পরিচালনাধীন দুধ উৎপাদন কেন্দ্রগুলিতে উৎপাদিত দুধের মোট পরিমাণ ১,২৩,২১,৪৪২ লিটার।

(Question hour was over)

*৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৬। শ্রী সুনীল কুমার মণ্ডল : ক্রেতা সুরক্ষা বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমেহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি?

২০১২-১৩ অর্থ বর্ষে ৩১ জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে উপভোক্তা অধিকার সুরক্ষা ও উপভোক্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যয়িত অর্থের পরিমাণ কত?

ক্রেতা সুরক্ষা বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০১২-১৩ অর্থবর্ষে ৩১ জানুয়ারী ২০১৩ সাপেক্ষে উপভোক্তা অধিকার সুরক্ষা ও উপভোক্তা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যয়িত অর্থের পরিমাণ

(ক) রাজ্য খাতে	২,৮৯,৯০,০৫১/-
(খ) কেন্দ্রীয় খাতে	৪০,০০০/-
মোট	৩,২৯,৯০,০৫১/-

PRESENTATION OF REPORT OF THE COMMITTEE OF PREVILEGES

Motion for further extension of time for presentation of Report of the Committee of Privileges (2012-2013)

Mr. Speaker : I call upon the Chairperson of the Committee of Privileges, Shrimati Sonali Guha (Bose) to move the Motion.

Shrimati Sonali Guha (Bose) : : Hon'ble Speaker, Sir, I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the privilege case against Shri Arunava Ghosh, ex-MLA, Smt. Moupia Nandi, Programme Coordinator, 24 Ghanta News Channel, Shri Anjan Bandyopadhyay, Editor-Input, 24 Ghanta News Channel and Shri Barun Das, CEO, 24 Ghanta News Channel, due to expire by the end of the current Session, be further extended till the end of the next session.

Mr. Speaker : The question before the House is that the Motion moved by Shrimati Sonali Guha (Bose)

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it, Ayes have it.

The Motion is adopted.

Motion for extension of time for presentation of Report of the Committee of Privileges (2012-2013)

Mr. Speaker : I call upon the Chairperson of the Committee of Privileges, Shrimati Sonali Guha (Bose) to move the Motion.

Shrimati Sonali Guha (Bose) : Hon'ble Speaker, sir, I beg to move that the time for presentation of the Report of the Committee of Privileges on the privilege case against Shri Avik Sarkar, Editor, Ananda Bazar Patrika and its Reporter, Shri Kazi Golam Gous Siddiqui, due to Expire by the end of the current Session, be extended till the end of the next Session.

Mr. Speaker : The question before the House is that the Motion moved by Shrimati Sonali Guha (Bose)

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it, Ayes have it.

The Motion is adopted.

NOTICE OF CALLING ATTENTION

Mr. Speaker : : Today, I have received five (5) notices of Calling Attention on the following subjects, namely :

(i)	Placement of students of private Engineering Colleges	: Dr. Tarun Kanti Naskar
(ii)	Urge for infrastructural develo-pment Of Fire Brigade Station at Tulsihata Sub-market in Harischandra -pur Assembly Constituency area	: Shri Tajmul Hossain
(iii)	"Mati Utsab" at Panagarh in Burdwan District	: Shri Shahjahan Chowdhury
(iv)	Urge for necessary arrangements forProviding health services from the Newly built Health Centre at Lohagram in Galsi Assembly Constituency area	: Shri Sunil Kumar Mondal
(v)	Urge for Providing adequate drinking water in Kandra under Ketugram block-1	: Shri Sheikh Sahanawez

I have selected the notice of Shri Tajmul Hossain on the subject of Urge for infrastructural development of Fire Brigade Station at Tulsihata Sub-market in Harishchandrapur Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

শ্রী মনীশ গুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী এখানে উপস্থিত নেই। আর এই অধিবেশনে আজ না থাকার দরুণ উনি সরাসরি উত্তরটা মাননীয় বিধায়ককে জানিয়ে দেবেন।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the 142nd and the 143rd Reports of the Committee on Public Undertakings (2012-2013)

The Chairman (Shri Nirmal Ghosh) : Hon-ble Speaker, Sir, I beg to present :

(a) The 142nd Report of the Committee on Public Undertakings (2012-2013) on Audit Para No. 3.11 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2009-2010 relating to Sundarban Infrastructure Development Corporation Limited under Sundarban Affairs Department, Government of West Bengal ; and

(b) The 143rd Report of the Committee on Publec Undertakings (2012-2013) on Audit Para No. 3.12 of the Report of the Comptroller & Auditor General of India (Commercial) for the year 2009-2010 relating to Sundarban Infrastructure Development Corporation Limited under Sundarban Affairs Department, Government of West Bengal.

Presentation of the Third Report of the Committee on Affairs of Women & Children (2012-2013)

The Chairperson (Smt. Firoza Begum) : Hon-ble Speaker, Sir, I beg to present the Third Report of the Committee on the Affairs of Women & Children (2012-2013) based on some Government and Non-Government Homes in the districts of Bankura, North and South 24-Parganas and Nadia.

Presentation of the Tenth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-technology (2012-2013)

The Chairman (Shri Khagendra Nath Sinha) : Hon-ble Speaker, Sir, I beg to present the Tenth Report of the Standing Committee on Science & Technology, Information Technology and Bio-technology (2012-2013) on the activities of the Department of Science & Technology, Government of West Bengal in respect of construction of Check Dams in the State.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মধ্য দিয়ে মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি, যে এই রাজ্যের মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, মাদ্রাসা বিশ্ববিদ্যালয়ের যারা অস্থায়ী শিক্ষক এবং শিক্ষাকর্মী তাদের সংখ্যা কয়েক হাজার এবং তারা মাসে মাত্র ৫০০ থেকে ২৫০ টাকা সাম্মানিক পান। আংশিক সময় নামে হলেও তাদের প্রায় পুর্ণ সময় কাজ করতে হয়। বিগত সরকারের সময় থেকে তাদের অনেক আশা দেওয়া হয়েছিল কিন্তু কোন কাজ হয়নি। স্কুল পরিচালন সমিতি বা প্রধান শিক্ষক এদের নিয়োগ করেন। এরা সরকারি স্বীকৃতির প্রত্যাশী। বর্তমান সরকারের বিদ্যালয় শিক্ষামন্ত্রীর কাছেও তারা দাবী করেছেন। আপনার মধ্য দিয়ে মাননীয় মন্ত্রীর কাছে এদের এই সামান্য দাবী মেনে নিতে অনুরোধ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০১১ সালে মাদ্রাসা ক্লার্ক এবং অ-শিক্ষক কর্মচারীদের নিয়োগের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল এবং সেই পরীক্ষায় প্যানেলও হয়েছিল। ২০১২ সালে মে মাসে এই প্যানেল কাউন্সিলিং হয়েছে কিন্তু অদ্যাবধি তারা কোন এ্যাপয়েন্টমেন্ট লেটার পায়নি। মাদ্রাসা দশ হাজারের অনুমোদনের মত এই বেকার যুবকদের যেন অবস্থা না হয়। তাই অতি সত্বর এই সংখ্যালঘু ডিপার্টমেন্টের অধীনে যে মাদ্রাসাগুলো আছে সেই মাদ্রাসায় রিক্রুটমেন্ট করার জন্য এ্যাপয়েন্টমেন্ট লেটার যাতে পায় সে জন্য মাদ্রাসা শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী তজমুল হোসেন : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি। আমার বিধানসভা এলাকায় যোগাযোগ ব্যবস্থা নিম্নমানের। এর আগেও বলেছি। বিশেষ করে রাস্তা-ঘাটের উন্নয়ন না ঘটলে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা, স্বাস্থ্য কোন কিছুরই উন্নয়ন হতে পারে না। তাই আপনার কাছে আমার বিশেষ অনুরোধ যে একটি মর্মান্তিক এবং বিচ্ছিন্ন রাস্তা, যেটা আপনাকে এর আগেও সেখানে বলেছি। আপনার মাধ্যম দিয়ে জানাই হরিশচন্দ্রপুর হাই স্কুল থেকে জালালপুর হয়ে টালবাগুরুয়া হয়ে ফতেপুর মোড় পর্যন্ত যে বিশাল একটা রাস্তা এই রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় আছে।

সেখানকার মানুষ প্রায় ৫০ থেকে ৬০টি গ্রামের লোক ওই রাস্তাটি দিয়ে যোগাযোগ স্থাপন করে এবং সংখ্যালঘু অধ্যুষিত এলাকা। এই সংখ্যালঘু অধ্যুষিত এলাকার লোক এখন ক্ষোভে ফেটে পড়েছে। তাই আপনার কাছে আমার বিনীত নিবেদন, আপনি অবিলম্বে এই রাস্তাটির কথা ভেবে চিন্তা করে অবিলম্বে কাজ শুরু করার জন্য আপনি, আপনার মন্ত্রীকে........

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

[12.10–12.20 p.m.]

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার ২ নম্বর ব্লকের মরিচবাড়ী-খোল্টা গ্রাম পঞ্চায়েতের ভুড়ুমারি থেকে খোল্টা চেক পোস্ট পর্যন্ত এক কিলোমিটার পাকা রাস্তা আজ কয়েক বছর ধরে মেরামত হচ্ছে

না। যার ফলে সেখানে প্রতিনিয়ত দুর্ঘটনা ঘটছে। তবে সেই রাস্তাটি ফোর লেন হওয়ার কথা, কিন্তু জমি অধিগ্রহণে জট থাকায় সেটা হচ্ছে না। তাই আমি অনুরোধ করছি যে, এই রাস্তাটি অবিলম্বে মেরামত করা হোক। এই আবেদন জানিয়ে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভারত সরকারের জাতীয় শিশু শ্রমিক প্রকল্পে NCLP-এর অন্তর্গত নদীয়া জেলায় শিশু শ্রমিক পুনর্বাসন সমিতির অধীনে ১০০টি শিশু শ্রমিক বিদ্যালয় জেলার অভ্যন্তরে চলছে; কোনোটি ব্লকের মধ্যে কোনোটি মিউনিসিপ্যালিটির মধ্যে। প্রতিটি বিদ্যালয়ে ৫ জন করে মোট ৫০০ জন শিক্ষক শিক্ষয়িত্রী রয়েছেন। গত অক্টোবর, ১০ থেকে মার্চ ১১ এবং অক্টোবর, ১১ থেকে ফেব্রুয়ারী, ১৩ প্রায় ২৩ মাসের সাম্মানিক পাননি। এবং সেই সঙ্গে ছাত্রছাত্রীদের যে stipend দেওয়া ব্যবস্থা সেটাও উঠে গিয়েছে প্রায়। এই ব্যাপারে NGO-র কিছু গাফিলতি থাকতে পারে। এবং যে রিপোর্টিং করা হয় সেই রিপোর্টিং-এর ক্ষেত্রে কিছু অসংগতি থাকার কারণে এটা হচ্ছে। আমি দাবি করছি অবিলম্বে এই ব্যাপারে একটা মীমাংসা করার জন্য, যাতে তাঁরা ২৩ মাসের সাম্মানিক পায় এবং শিশুরা যাতে stipend পায়। এবং যাতে NGO-র হাত থেকে প্রকল্পটি মুক্ত করে সরাসরি ব্যবস্থা গ্রহণ করা হয় তারজন্য আমি আবেদন রাখছি। কারণ এই ১০০টি বিদ্যালয়ের ৫০০ জন শিক্ষক শিক্ষয়িত্রী তাঁরা বঞ্চিত হচ্ছেন এবং ছাত্রছাত্রীরাও বঞ্চিত হচ্ছে। ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যে যারা প্যারাটিচার আছে, এবং MSK SSK-এর সহায়ক-সহায়িকারা অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। কারণ দীর্ঘদিন এদের কোনো অনারিয়াম বাড়েনি। তাই যে দ্রব্যমূল্য বৃদ্ধি এবং সরকারি যারা কর্মচারী তাদের প্রতিনিয়ত DA বাড়ে, তার সঙ্গে সঙ্গে সেটা পায়। কিন্তু এদের ক্ষেত্রে সেই ধরণের কোনো ব্যবস্থা নাই। তাই সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই সমস্ত MSK, SSK, প্যারাটিচার এবং ICDS তার সঙ্গে যারা যুক্ত আছে তাদের সাম্মানিক ভাতা যেন বৃদ্ধি করা হয়।

শ্রী সুনীল কুমার মন্ডল : (নট কন্ড)।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘরছাড়াদের ঘর ফেরানোর দায়িত্ব সরকারকে নিতে হবে। ম্যাডাম ইতিমধ্যে উত্তর ২৪ পরগণা জেলায়, বারাসাত I, II হাড়োয়া মিনাখাঁ এবং রাজারহাটের মহিষবাথান থেকে ১৯৫৪ জন ঘরছাড়া। এখনও পর্যন্ত তাঁরা ঘরে ফিরতে পারছে না। এই অবস্থাতে আজও অবধি ১৪২১ জন এখনও পর্যন্ত ঘরছাড়া আছে। এই তালিকা আমরা DMকে দিয়েছি এবং SPকে দিয়েছি। অথচ আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্যের মাননীয় খাদ্য দপ্তরের মন্ত্রী অবিবেচকের মতো মন্তব্য করছেন। তিনি বলছেন, একজনও ঘরছাড়া নেই। আর একজনও যদি ঘরছাড়া প্রমাণ দিতে পারেন তিনি নাকি MLA পদ ছেড়ে দেবেন। এইরকম ধরণের কথা আমরা তাঁর মুখ দিয়ে শুনতে পাচ্ছি। এই অবস্থাতে আমরা দেখতে পাচ্ছি আজকে পঞ্চায়েতে যারা মহিলারা দাঁড়ানোর জন্য উৎসাহিত তাদেরকে বলা হচ্ছে gang rape করা হবে আজকে....

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়ার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভার দীর্ঘদিন থেকে একটি পাকা ব্রীজ তৈরীর প্রস্তাব নেওয়া হয়েছিল, সেই পাকা ব্রীজটি অসমাপ্ত অবস্থায় পড়ে আছে এবং বর্ধমান জেলা, নদীয়া জেলার ঐ যোগসূত্রকারী পাকা ব্রীজটি তৈরী হলে ঐ অঞ্চলের সাথে ২টি জেলার সমন্বয় সাধন হবে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করবো যাতে তদন্ত করে দ্রুততার সঙ্গে ঐ এলাকাবাসীকে ব্রীজটি তৈরী করে যাতে চলাচলের ব্যবস্থা করে দেওয়া হয় এবং তাতে সার্বিকভাবে ঐ এলাকার মানুষ উপকৃত হবে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : (নট রেসপণ্ডেড)

শ্রী অসিত মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, গত ১১ তারিখে উনি যে বাজেট প্লেস করেছিলেন এবং সেটা পাস হয়েছে, সেই সম্পর্কে একটি কথা আমি বলতে চাইছি যে তাতে ভাতার কথা বলা হয়েছিল। কথাটা বেকার ভাতা হবে না অন্য কোন কিছু হবে, সেটা অন্য কথা। কিন্তু তাতে বলা হয়েছে যে দেড় হাজার টাকা করে তাদের দেওয়া হবে এবং নামটা রেজিস্ট্রি করতে হবে ঐ আন এমপ্লয়েড ব্যাঙ্কে। ম্যাডাম সব থেকে দুঃখের কথা হল এই যে হাজার হাজার যুবক যুবতী তারা এই দেড় হাজার টাকার জন্যে যার এখানে নাম আছে, সেখান থেকে নাম তুলে সাইবার কাফেতে যাচ্ছে, প্রচুর টাকা খরচ করছে তারা, লাইন দিচ্ছে, কিন্তু অত্যন্ত দুঃখের কথা হল এই যে, আমাদের কোন নির্দিষ্ট কোন ফর্ম নেই। একটা গাইড লাইন নেই। সেখানে পি এইচ ডি যাচ্ছে, সেখানে এম এ পাস যাচ্ছে, সেখানে মাধ্যমিক পাস যে করেছে, সেও যাচ্ছে। কোথায় কি ভাবে কি করবে, কেউ জানে না। ম্যাডাম আমি আপনার মাধ্যমে বলতে চাই, মাননীয় অর্থমন্ত্রী থাকলে ভাল হোত, আমি তার বিবৃতি চাইতাম। আমি আপনার মাধ্যমে তার বিবৃতি চাইছি যে তিনি ক্লিয়ার করে বলুন যে কোন জায়গায় কি হবে। একটা সেল করা দরকার ম্যাডাম। আইদার ইন ডিস্ট্রিক্ট-ডি এম অফিস অর ইন এস ডি ও অফিস অর ইন বি ডি ও অফিস। যেখানে থেকে গাইড লাইনটা পাবে যে, হ্যাঁ এইভাবে তাদের নামগুলো এন্ট্রি করতে হবে। আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের কাছে দাবী রাখছি যে তিনি এই হাউসে এসে, তিনি একটা বিবৃতি দিন। এবং একই সঙ্গে তিনি জানান, যে এগুলো কি ভাবে কি করতে হবে।

শ্রী পার্থসারথি চ্যাটার্জী : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে তাহেরপুরে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যেটা তৈরী হয়েছিল '৭৭সালে। পরবর্তী পর্যায়ে তাহেরপুরটা প্রজ্ঞাপিত অঞ্চল হয়েছে, ১৯৯৫ সালে। ঐ এলাকায় বহু মানুষ এবং ইতিমধ্যে লোক সংখ্যাও বেড়েছে, বহু মানুষ দীর্ঘদিন ধরে দাবী করে আসছে, ঐ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি আপগ্রেডেশান করার জন্য। ইতিমধ্যে তারা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছেও আবেদন রেখেছিলেন এবং সেই পরিপ্রেক্ষিতে জেলা স্বাস্থ্য দপ্তরের কাছ থেকে একটা রিপোর্ট চেয়ে পাঠান হয়েছিল দপ্তর থেকে। এবং ইতিমধ্যে জেলা স্বাস্থ্য দপ্তর সেই রিপোর্ট পাঠিয়েও দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করবো যদি এটা খুব তাড়াতাড়ি বা আগামী আর্থিক বছরের প্রথম দিকেই এটা আপ গ্রেডেশান করে দেওয়ার ব্যবস্থা করা হয়।

শ্রী এস এম সাদী : সম্মানীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি যে বিষয়টা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা

করতে চাই, যে আমাদের হাউসে মাননীয়া মুখ্যমন্ত্রী এন এইচ থার্টি ফোর সম্প্রসারণ বিষয় নিয়ে আলোচনা করেছেন। আমরাও চাই, যে অতি দ্রুত এই যে উত্তরের সঙ্গে দক্ষিণের যোগাযোগ, তা হোক। এই ব্যাপারে আমাদের নির্দিষ্ট কিছু মতামতও আছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে যে কথাটা বলতে চাইছি, যে আমার বিধানসভা এলাকার নাকাশীপাড়া থানার বিক্রমপুর গ্রামপঞ্চায়েত এর বামনডাঙা গ্রামে প্রায় ১৫৫ জন আদিবাসী এবং রজোয়া সম্প্রদায়ের মানুষ যারা বসবাস করতেন, তাদেরকে এই রাস্তা সম্প্রসারণের কাজে সরিয়ে দেওয়া হয়েছে।

বি এল এল আর ও এবং বি ডি ও পর্যায়ে ইন্সপেকশান হয়েছে। তাদের বিকল্প পুনর্বাসনের কথা হয়েছিল। কাজও প্রায় চলছে, কাজ শুরু হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই, এদের পুনর্বাসনের যে বিষয়টি সেটার ক্ষেত্রে বলা হয়েছিল কিছু জায়গা বা জমি কিনে তাদেরকে পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। এটা বি এল এল আর ও, এস ডি এল আর ও, বি ডি ও-র পক্ষ থেকে বলা হয়েছিল। কিন্তু পুনর্বাসনের কোনো বিষয়ে এখনো পর্যন্ত কোনো স্পষ্টতা পায়নি। তারা এখনো তাদের পুনর্বাসনের কোনো জায়গা পায়নি। আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য।

[12.20–12.30 p.m.]

শ্রী রবিউল আলম চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন। ৭০নং রেজিনগর বিধানসভা আমার বিধানসভা কেন্দ্র। ওই বিধানসভা কেন্দ্রের অধীনে মুরুটিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র যেটা দশ বিঘা জমির ওপর অবস্থিত। ওই স্বাস্থ্যকেন্দ্রের কোনো প্রাচীর নেই, বেড নেই, হাসপাতালে ডাক্তার নেই। কম্পাউন্ডার মারফত ওষুধ দেওয়া হয়। প্রায় এক লক্ষ মানুষ ওই হাসপাতালের ওপর নির্ভরশীল। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ওই হাসপাতালে যেন যথোপযুক্ত উন্নয়ন সাধন করা হয়। ওখানকার এক লক্ষ মানুষের যাতে সুষ্ঠু চিকিৎসার ব্যবস্থা করা হয় তারজন্য আবেদন করছি।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া ডেপুটি স্পিকার মহোদয়া, পুরুলিয়া শহরে কলকাতার পর সবথেকে যে বড় হোলসেল মার্কেট আছে, কাপড় গলি, এখানকার অবস্থা খুব কনজাস্টেড এবং গত বছর এখানে আগুন লেগে গিয়েছিল। আমি দাঁড়িয়ে থেকে ব্যবস্থা গ্রহণ করেছি। আমি মাননীয় বিভাগীয় মন্ত্রী ফায়ার ব্রিগেড এবং বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যেভাবে তারগুলো ওখানে ঝুলে আছে, পুরুলিয়ার এই ৪৮-৫০ ডিগ্রি টেম্পারেচারে যে-কোনো সময় একটা অগ্নিকান্ড ঘটতে পারে। তারজন্য একটা কো রিলেটেড ব্যবস্থা করে যাতে ওখানে পানীয় জলের ব্যবস্থা এবং তারগুলি যাতে সঠিকভাবে রূপায়ণ করা হয় তার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রীমতী দেবলীনা হেমব্রম : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ম্যাডাম, গত ১৭ তারিখে আমাদের বাঁকুড়া জেলার ইন্দপুর ব্লকে কৃষক সভা আছে, ওইখানে গ্রাম পঞ্চায়েতের অনুমতি নিয়ে তারা মিটিং করছিলেন। আরো একটা ঘটনা ম্যাডাম, একজন স্বাধীনতা সংগ্রামী যিনি কংগ্রেসের সদস্য ছিলেন, ওনার শোকসভা ওইখানে হচ্ছিল। সেই সময়ে কয়েকজন তৃণমূল দুষ্কৃতী মানে গুন্ডারা তারা সাজিয়ে গুছিয়ে

তাদেরকে তালা লাগিয়ে দেয়। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করবো যারা অশান্তি করতে চাইছে, যারা অশান্তি করে জায়গাটাকে অশান্ত করতে চাইছে, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক এবং তাদের গ্রেপ্তার করা হোক। আমাদের কৃষক কর্মীদের পুলিশ ষড়যন্ত্র করে আটকে রেখেছিল অন্যায়ভাবে। এটা অসত্য যে প্রধানের পারমিশান নিয়ে জোর করিয়ে একজন মহিলাকে ঘিরে রেখে তারা বলছে—'তুমি লেখো'। ম্যাডাম, সেইসময় আমি বাঁকুড়া জেলা থেকে ফিরছিলাম। আমি ওখানে গিয়েছিলাম। গিয়ে দেখি একজন মেয়ে খুব কান্নাকাটি করছে। কারণ তারা অন্যায়ভাবে তাকে দিয়ে জোর করিয়ে তাকে লিখিয়ে নিয়েছে—'তোমাকে বলতে হবে যে আমি অনুমতি দিইনি'। যারা এই কাজের সঙ্গে জড়িত আছে তাদের বিরুদ্ধে তদন্ত করে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি রাখছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয়া ডেপুটি স্পিকার মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। মহাশয়া, সিদুলি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা, তার বাড়ি দুর্গাপুর থেকে প্রতিদিন গন্তব্যস্থল সিদুলি আসার পথে তৃণমুল কর্মী অম্বিকা মাঝি প্রতিদিন তাকে উত্ত্যক্ত করেন। এর মাত্রা ছাড়িয়ে যায় গত ১৫.৩.২০১৩। স্কুলে ঢুকে ওই নেতা শিক্ষিকার শ্লীলতাহানি করতে যায়। শিক্ষিকার চিৎকারে ওই নেতাকে ধরে ক্লাসরুমে বন্ধ করে রাখা হয় এবং তারপরে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। এখানেই তারা ক্ষান্ত হয়নি, গতকাল রাতে তৃণমুলের এক দুষ্কৃতির নারী ঘটিত কু-কীর্তি দেখে প্রতিবাদ করার জন্য সোমবার সন্ধ্যায় ভেদিয়া হাইস্কুলের প্রধান শিক্ষক ও তার ছেলেকে প্রচন্ড মারধর করে ঐ তৃণমূলী দুষ্কৃতিকারীরা। রক্তাক্ত অবস্থায় দুজনকেই স্থানীয় নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়েছে। এই ঘটনায় পুলিশ একজন দুষ্কৃতিকেও রাত পর্যন্ত গ্রেপ্তার করতে পারেনি। আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অতি শীঘ্রই দোষীদের গ্রেপ্তার করা হোক এবং তাদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হোক।

শ্রী বিশ্বজিৎ কুন্ডু : ম্যাডাম ডেপুটি স্পীকার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২০০০ সালে বামফ্রন্ট সরকারের আমলে কালনা এবং শান্তিপুরের মধ্যে একটা ব্রীজ শ্যাংশান হয়েছিল গঙ্গা নদীর উপরে। বিগত সরকার এই ব্যাপারে কিছুই করেনি। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর তিনবার ভিজিট হয়েছে এবং জমি মাপামাপির কাজ হয়েছে। এল. এ সেকশান থেকে ল্যান্ড জরিপের কাজ বাকি আছে। এই কাজ যাতে তাড়াতাড়ি হয় সেইজন্য আমি বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : ম্যাডাম, ডেপুটি স্পীকার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কতগুলি ঘটনা আমাদের রাজ্যে ঘটে যাচ্ছে, সেই রকমই একটি ঘটনা কাল আমার বিধানসভা এলাকা আউশগ্রামের ভেদিয়া অঞ্চলে ঘটেছে। শাসকদলের কয়েকজন দুষ্কৃতি একজন নারীকে উত্যক্ত করার জন্য প্রধান শিক্ষক মহাশয় প্রতিবাদ করেন। সেই প্রতিবাদ করার জন্য প্রধান শিক্ষক মহাশয়ের বাড়িতে বেশ কয়েকজন ঢুকে তাকে, তার স্ত্রীকে এবং ছেলেকে মারধোর করা হয়। পরে রক্তাক্ত অবস্থায় তাকে নবগ্রাম হাসপাতালে ভর্তি করা হয়। তাই আমি বলতে চাই, এই ঘটনায় অভিযুক্তদের পুলিশ এখনো গ্রেপ্তার করেনি। যে নামগুলো

উঠেছে নাসির এবং পানা, আপনারা তদন্ত করে দেখুন এরা সি পি এমের ছেলে, না কংগ্রেসের ছেলে, না তৃণমূলের ছেলে। তাদের শাস্তির দাবি আমি করছি।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা মুর্শিদাবাদের ভাবতায় ২০০৯-১০ সালে মুর্শিদাবাদ জেলায় একটা গার্লস কলেজের অনুমোদন পেয়েছিল, অর্ডার নং ৪৪২৪, তারিখ—১৪.১২.২০১০। তৎকালীন উচ্চশিক্ষা মন্ত্রী সুদর্শন রায় চৌধুরি সময়ে সেই কলেজের ২০০৯-১০ আর্থিক বাজেটে তিন কোটি টাকা ধরাও হয়েছিল। মুর্শিদাবাদের ঐ অঞ্চলে ৭২% মাইনরিটি মুসলিম সম্প্রদায়ের বাস। পরবর্তীকালে ঐ কলেজটি ৬০% মহিলা এবং ৪০% বয়েজ স্টুডেন্ট এডমিশান নিতে পারবে এইভাবে পরিবর্তিত হয়। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, একই সঙ্গে ডোমকল গার্লস কলেজ এবং ভাবতা গার্লস কলেজ অনুমোদন পায়। পরবর্তীকালে ভাবতা গার্লস কলেজকে কো-এড কলেজ হয়। ডোমকল গার্লস কলেজ প্রতিষ্ঠিত হলেও, এখনও পর্য্যন্ত ভাবতা কলেজের প্রতিষ্ঠার কোনো ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছিনা। তাই উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন এই কলেজটির কাজ যাতে তাড়াতাড়ি আরম্ভ হয়। শুধু তাই নয়, এই অঞ্চলের মানুষ ৭৫ লক্ষ টাকা দিয়ে জমি কিনে রেখেছে। তাই আপনার মাধ্যমে আমি জানাতে চাই, এই কলেজটি হলে প্রচুর ছেলে-মেয়ে উপকৃত হবে। এই ব্লকে ৭০% মুসলিম সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বাস করে, তাই এই কলেজটির কাজ তাড়াতাড়ি হলে এই এলাকার মানুষ উপকৃত হবেন।

শ্রী শেখ শাহনওয়াজ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভার মধ্যে দিয়ে অজয় নদী বয়ে যাচ্ছে। এই নদীর জলে প্রতি বছর বর্ষার সময় এই এলাকাটি ভেসে যায়। চাকদা, নারাঙ্গা ইত্যাদি গ্রামগুলো প্রতি বছরই ঐ সময়ে ভেসে যায়। আমি দেখেছি, নদী বাঁধগুলোর এমনই অবস্থা হয়েছে যে এগুলো মেরামত করা দরকার। বর্ষার সময়ে মেরামত না হয়ে, যাতে বর্ষার আগে এইগুলো মেরামত হয় সেইজন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

[12.30–12.46 p.m.]

শ্রী নাজমূল হক : অনারেবল ডেপুটি স্পিকার ম্যাডাম আমি আপনার মাধ্যমে মাননীয়া হোম মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আমরা সবাই জানি যে, যে কোন আর্থ সামাজিক উন্নয়নের পূর্ব শর্ত শান্তি এবং স্থিতিশীলতা। আমি আবেদন করছি আমাদের জেলা পশ্চিম মেদিনীপুর জেলা সহ কয়েকটি জেলাতে যে অবস্থা সৃষ্টি হয়েছে আমাদের সমাজটা ধীরে ধীরে গৃহ যুদ্ধের দিকে চলে যাচ্ছে। লোভী, সংকীর্ণ রাজনৈতিক আধিপত্য কায়েম করার স্বার্থে পুলিশকে এমনভাবে ব্যবহার করা হচ্ছে যে পুলিশ আই.পি.সি., সি.আর.পি.সি. ভুলে গেছে। পুলিশ আক্রান্তদেরকেই আবার আক্রমন করছে, কেস সাজাচ্ছে। রাজনৈতিক কার্যালয়গুলোকে দখল করতে সাহায্য করছে টি.এম.সি. এলিমেন্টসদের। মুখে গণতন্ত্রের কথা বলছে শাসক দল। মা-মাটি-মানুষ বলছে। আর জল, জঙ্গল এবং সরীসৃপদের আধিপত্য কায়েম করছে। স্বাভাবিকভাবে অনুরোধ করছি, আবেদন করছি। এই হাউসে এখানে যে আলোচনা চলছে, সেই হাউসের যে ডিগনিটি, ডিসেন্সি। তাকে রক্ষা করার জন্য এবং এখানে যে উদ্দেশ্যে আমরা মিলিত হয়েছি রাজ্যের কল্যাণ, গণতন্ত্র - তাকে

সুপ্রতিষ্ঠিত করতে। পশ্চিম মেদিনীপুর পূর্ব মেদিনীপুর জেলা সহ রাজ্য জুড়ে আইনের শাসন কায়েম করা হোক।

শ্রী অপূর্ব সরকার : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি এর আগেও হাউসে বলার চেষ্টা করেছি বা বলেছি আমি যে জেলায় বাস করি, যে মহকুমায় বাস করি সেটা পশ্চিমবঙ্গের মানচিত্রে কৃষির শস্য ভান্ডার। খাদ্যের একটা শস্য ভান্ডার কান্দি মহকুমা। আমরা দেখছি সরকার তার বাজেট বক্তৃতা থেকে শুরু করে সমস্ত জায়গায় ধান কেনার বিষয়ে উদ্যোগ গ্রহণ করেছেন। গতবার ২০ লক্ষ মেট্রিক টন কেনা হয়েছে, এ বছর ২২ লক্ষ মেট্রিক টন কেনা হবে। মাননীয় মন্ত্রী উদ্যোগ নিয়েছিলেন। খুব ভাল উদ্যোগ। আমাদের বিধায়কদের আমন্ত্রণ করেছিলেন বিভিন্ন জায়গায় যে আমাদের কি কি সাজেশান আছে তাকে দেওয়ার জন্যে। আমরা বর্ধমানে এ রকম একটা মিটিংয়ে গিয়েছিলাম সমস্ত বিধায়করা। আমাদের কাছে চাওয়া হয়েছিল যে কোথায় কোথায় ধান কেনা হবে আপনার এলাকার আপনি তা চিহ্নিত করে দিন। আমরা একবার নয়, দুবার তিনবার সেগুলো পাঠানোর পর যখন ধান কেনা শুরু হল, যখন জিজ্ঞেস করি তখন তার কোন সদুত্তর পাই না। কোথায়, কবে, কখন ধান কেনা হবে। মহকুমা পর্যায়ে যখন মিটিং ডাকার অনুরোধ করে মিটিং ডাকার ব্যবস্থা করা হল। খাদ্য দফতর একটি প্রচার পুস্তিকা বার করে বললো, যে কৃষককে খোঁজ নিতে গেলে জেলা শাসক, মহকুমা শাসক, ব্লক আধিকারিকের কাছে গেলে জানা যাবে, প্রিন্টেড একটি পুস্তিকা বার করে বলা হল। যখন সভায় গিয়ে জিজ্ঞেস করছি মহকুমা শাসককে কোথায় ধান কেনা হবে আপনি বলতে পারবেন? তিনি বলছেন আমি জানি না। বি.ডি.ও. সাহেবকে যখন জিজ্ঞেস করছি তিনি বলছেন আমি জানি না তার ভেনু কোথায়, কবে ডেট হয়েছে। খাদ্য দফতরের কাছে যখন চিঠি লিখে জানতে চাইছি খাদ্য দফতরের আধিকারিকদের কাছে, খাদ্য দফতর তার কোন সদুত্তর দিচ্ছে না। চিঠির উত্তর পর্যন্ত দিচ্ছে না। ম্যাডাম, আমি শুধু এটুকু বলবো ধান কেনার নামে যে দুর্নীতি-এক শ্রেণীর আধিকারিক - আমি সরকারের কথা বলছি না, মন্ত্রীর কথা বলছি না, ডাকাতি-চুরির কথা বলছি না। এক শ্রেণীর খাদ্য দফতরের আধিকারিক বিগত দিন থেকে যে কায়দায় কৃষককে বঞ্চনা করে কখনো লেভি কখনো সি.এম.আর.-এর নামে কোটি কোটি টাকা ইনকাম করছে তারা। তাদের বিরুদ্ধে একটা তদন্তের ব্যবস্থা করা হোক। এবং কৃষকদের কাছ থেকে, প্রকৃত প্রান্তিক ও ক্ষুদ্র কৃষকদের কাছ থেকে যাতে ধান কেনা হয় তার উদ্যোগটা গ্রহণ করুন, শুধু কাগজে কলমে পরিমাণটা না দেখিয়ে এটাই আমার অনুরোধ। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, পঞ্চায়েত নির্বাচনের ঢাকে কাঠি পড়েছে। আমরা যেটা আশা করেছিলাম, আশংকাও করেছিলাম যে সি.পি.এম. প্রভাবিত পঞ্চায়েতগুলি সেখান থেকে ফাইল লোপাট হবে। সি.পি.এম. প্রভাবিত পঞ্চায়েতে গত রবিবার আমরা দেখেছি যে রাজ্যের একজন প্রাক্তন মন্ত্রী তাঁর নেতৃত্বে, ৫২ জন সিপিএম গুন্ডাকে নিয়ে পঞ্চায়েতের অফিসে তালা ভেঙ্গে, সেখানে ফাইল লোপাটের চেষ্টা হয়। ম্যাডাম 'আলি বাবার চল্লিশ চোর' ছিল, এখানে ম্যাডাম ......(নয়েজ)......আলিবাবার চল্লিশ চোর, আর এখানে অচিন্তবাবার ৫২ জন চোর। গোটা পঞ্চায়েতের ফাইল লোপাটের চেষ্টা হল। আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করছি, যে কটি পঞ্চায়েত অফিস এখনও সিপিএমের আছে, অবিলম্বে তালা দেওয়ার ব্যবস্থা হোক বা সজাগ দৃষ্টি রাখুক, সেখানে প্রহরী বসাক। এরা একে ক্যান্ডিডেট পাচ্ছে না, দিশেহারা হয়ে গেছে। তারপর

যে কটি আছে, যেটুকুর ব্যবস্থা করবেন যাতে আর চুরি না হয়। এদের মন্ত্রীরা একের পর এক জেল খাটছে। যতগুলো মন্ত্রী ছিল জেল খাটছে, বিধায়ক জেল খাটছে। আরোও তালিকায় আছে ম্যাডাম, এদেরকে সজাগ করার জন্য কেউ নেই। আমি মাননীয় মন্ত্রীকে বলছি, আপনি দয়া করে দেখুন - আর যেন ফাইল চুরির ব্যবস্থা না হয়।

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি - বৃত্তিমূলক শিক্ষার সাথে জড়িত ২০ হাজার শিক্ষক এক চরম দুর্দিনের মধ্যে চলছে। তাদের ৯ মাসে কোন বেতন হচ্ছে না। এমনকি সিলেবাস বিজ্ঞান সম্মত না হওয়ার জন্য ছাত্ররা কোন উচ্চশিক্ষার সুযোগ পাচ্ছে না, ওয়েষ্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ ভোকেশনাল এডুকেশান এন্ড ট্রেনিং-এর কোন কাউন্সিল কমিটি বোর্ড অফ স্টাডিজ এবং সিলেবাস কমিটি এখনও পর্যন্ত গঠন হয়নি। এর সমস্ত অবস্থার বিরুদ্ধে ১২.০৩.১৩ তারিখে পি-১২ দরগা রোড ভোকেশনাল ডাইরেক্টরেটে অবস্থান শুরু করেন শিক্ষকরা। ওই দিন বিকাল ৫.৩০ মিনিটের সময় পুলিশ তাদের উপর লাঠি চার্জ করে এবং ১৯ জন শিক্ষক-শিক্ষিকা সহ তাদেরকে জেল হেফাজতে দেয়। এদের মধ্যে ৪ জন ছিলেন মহিলা যাদেরকে পরের দিন ৫০০ টাকার বন্ড নিয়ে ছেড়ে দেওয়া হয় এবং ১৫ জন শিক্ষককে ৫ দিন জেল হেফাজতে দেয়। এই অবস্থায় পশ্চিমবঙ্গের ভোকেশনাল টিচার্সদের শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন বিরুদ্ধে পুলিশের অত্যাচারের দৃষ্টান্ত তুলে ধরতে চাইছি, ধন্যবাদ।

শ্রীমতি নমিতা সাহা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই, মগরাহাট পূর্ব বিধানসভা কেন্দ্রে অন্তর্গত, চাকদাহাট থেকে একটা রাস্তা 'প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা'র রাস্তা, যে রাস্তাটা চাকদাহাট থেকে শুরু করে ঝিনকিরহাটের মধ্যে দিয়ে জুলপিয়া হয়ে কবরডাঙ্গী হয়ে টালিগঞ্জে উঠেছে। রাস্তাটা আমাদের গ্রামগঞ্জ থেকে বিশেষ করে মগরাহাট ভায়া জয়নগর-বারাসাত এই সব ব্লকের মানুষ এবং মগরাহাটের মানুষ খুব অল্প সময়ে দ্রুত গতিতে, রাস্তাটা পুরোটা খালপাড়ের ওপর দিয়ে গিয়েছে - কলকাতায় আসা যায়। সেই রাস্তাটা এমন দশা হয়েছে যে একদম গাড়ি চড়ে আসা যায় না কলকাতায়। তাই যাতে রাস্তাটা দ্রুত পুনঃনির্মাণ করা যায়, সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই রাস্তাটা যাতে দ্রুত নির্মাণ হয়, তার ব্যবস্থা করে দিলে বাধিত হব, ধন্যবাদ।

শ্রী মইনুল হক : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি নিশ্চয় অবগত আছেন যে, মুর্শিদাবাদ, মালদা সহ সারা রাজ্যের বিড়ি শ্রমিকের সংখ্যা প্রায় ২৫ লক্ষ। দীর্ঘদিন বাম জামানায় এই শ্রমিকেরা বারবার তারা নায্য মজুরির দাবিতে বহু আন্দোলন করেছে। কিন্তু প্রকৃত অর্থে সেই তারা নায্য মজুরি পায়নি আপনি মাননীয় মন্ত্রী গত ২০১১ সালে উদ্যোগ নিয়েছিলেন এবং সেই কমিটিতে আমিও ছিলাম। একসঙ্গে প্রায় ২০ টাকা বাড়ানো হয়েছিল। যেটা কোন দিন হয় নি। আপনি কমিটমেন্ট করেছিলেন যে এক বছরের মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি করে তারা যাতে নুন্যতম মজুরি পায় সেই ব্যবস্থা করবেন। আমি জানি না, তারপরে আর কোন মিটিং হয়েছিল কিনা। আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখব, এই যে বিড়ি শ্রমিকরা দীর্ঘদিন ধরে বঞ্চনার স্বীকার হচ্ছে, আপনি তাদের স্বার্থে উদ্যোগ নিয়ে অন্ততঃ বিড়ি শ্রমিকরা যাতে ন্যায্য মুল্য পায় সেই ব্যাপারে আপনি সচেষ্ট হবেন। ধন্যবাদ।

ZERO HOUR

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত মাসের ৭ই জানুয়ারীতে ওভারসীজ ব্যাঙ্কে (গড়িয়া শাখা) এবং ১৫ই জানুয়ারীতে ইউকো ব্যাঙ্কে (হেস্টিংস শাখা) সমবায় ব্যাঙ্ক থেকে ২০ কোটি টাকা করে ৪০ কোটি টাকা ফিক্সড ডিপোজিট রাখা হয় এক বছরের জন্য। কিন্তু পরিকাঠামো সংস্থা থেকে এই ১২০ কোটি টাকা ভুয়ো সংস্থার নামে জমা পড়ার পর সমবায় ব্যাঙ্ক সেখানে গিয়ে আমানত মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই যখন তুলতে যায়, তখন দেখছে দুটো ভুয়ো সংস্থার নামে সেই স্থায়ী আমানত জমা হয়ে গেছে। স্বাভাবিকভাবেই সঙ্গে সঙ্গে সেই ব্যাঙ্কের দৃষ্টি আকর্ষণ করা হয়। ইউকো ব্যাঙ্কের ভুয়ো সংস্থা গ্লোবাল কনস্ট্রাকশানের নামেই এই ফিক্সড ডিপোজিট জমা হয়। স্বাভাবিকভাবেই এই সমবায় ব্যাঙ্ক থেকে ইতিমধ্যেই পুলিশের কাছে এফ.আই.আর করা হয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই - এই দুটো ভুয়ো সংস্থা এবং ব্যাঙ্কের শাখার লোকেরা এর সঙ্গে যুক্ত আছে। তাদের বিরুদ্ধে তদন্ত করে যাতে সমবায় ব্যাঙ্ক তাদের আমানতের টাকা ফেরত পায় তার ব্যবস্থা করুন।

শ্রী সুনীল কুমার মন্ডল : (নট রেসপন্ডেড)।

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, সুন্দরবনে সড়ক উন্নয়নের দিকে একটু নজর দিলেই বন জঙ্গল এবং নদী নালা এলাকায় মানুষের যেমন উপকার হবে, সেই সঙ্গে সঙ্গে এই এলাকার তথা রাজ্যের ইকো-ট্যুরিজমের যে ভাবনা আছে সেই ভাবনাটাকে বাস্তবায়িত করা যেতে পারে। রায়মঙ্গলের বক্ষে একবারে সীতুলিয়া এবং গলাবাড়ি, পার হাসনাবাদ থেকে সীতুলিয়া পর্যন্ত প্রায় ২৭ কিঃ মিঃ রাস্তা আছে। এই রাস্তাটা বিগত বামফ্রন্ট সরকার ১৫ কিঃ মিঃ করেছে। বাকী রাস্তাটা করতে পারলে কলকাতা থেকে সরাসরি হাসনাবাদ হয়ে সুন্দরবনে মানুষ যেতে পারে। এই পরিপ্রেক্ষিতে সীতুলিয়া থেকে সুন্দরবনে যাওয়ার মাত্র দু'ঘন্টার মধ্যেই আমরা সজনেখালি ফরেস্টে পৌঁছে যেতে পারি। সুন্দরবনের মনোরম পরিবেশে কলকাতা থেকে মানুষ সরাসরি যেতে পারে। এই বিষয়টি আমি পর্যটন মন্ত্রী, সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : মাননীয়া ম্যাডাম, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পশ্চিমবঙ্গে তিন ধরণের হোস্টেল রয়েছে। তার মধ্যে আমাদের পন্ডিত রঘুনাথ মূর্মু যে হোস্টেল রয়েছে, সেই হোস্টেলে যারা কর্মরত রয়েছেন অস্থায়ী কর্মী হিসেবে, তাদের কোন সাব মানি ঘোষণা করা হয় নি। ইতিমধ্যেই আমাদের মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে 'আশা'-দের জন্য একটা ভাতা ঘোষণা করা হয়েছে, বেকারদের একটা ভাতা ঘোষণা করা হয়েছে। কিন্তু ২০০৫ সালে ১৯শে মে থেকে আজ ২০১৩-র ১৯শে মার্চ পর্যন্ত তারা কর্মরত রয়েছেন, তাদের জন্য অন্ততঃ একটা ভাতা ঘোষণা করা হোক। আমাদের যে স্ট্যান্ডিং কমিটি রয়েছে, সেই স্ট্যান্ডিং কমিটির পক্ষ থেকেও আমরা সরকারের কাছে কিছু সুপারিশ করেছি। অন্ততঃ নুন্যতম একশো দিনের কাজের যে মজুরি, সেই মজুরিটা দিয়ে এদেরকে মানসিক শান্তি দেওয়া হোক, এই কথা আমি আমার পক্ষ থেকে বলতে চাইছি।

শ্রী রামেশ্বর দলুই : ধন্যবাদ ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সকালে 'জল ধর, জল ভর' নিয়ে উনি অনেক ভাল কথা বলেছেন। আমি দৃষ্টি আকর্ষণ করছি যে—কংসাবতী জলাধার থেকে জল ছাড়া খুবই জরুরী। ঘাটাল মহাকুমার পাঁচটি ব্লক ট্রাডিশন্যাল বোরো এলাকা, বন্যার সময় ধান হয় নি। এই সময় লক্ষ লক্ষ প্রান্তিক গরীব সাধারণ চাষী যারা চাষ করেছেন রবি এবং বোরো, এই চন্দ্রকোনা, ঘাটাল, দাসপুর এবং আমার কেশপুর বিধানসভার কয়েকটি নদী শীলাবতি নদী, হেটিয়া নদী, কাটানখাল - কংসাবতীতে কিছু জল গিয়েছে, সেটা ডেব্রা এবং কেশপুরের প্রান্ত আর এরা এখানে আছে। আমি বলবো, জনস্বার্থে, কৃষকদের স্বার্থে মাননীয় মন্ত্রী যান। তিনি জানেন, ঘাটালের ভুগোল উনি ভালো করে জানেন। সেই জন্য গড়বেতাতেও জল দরকার। সেবানন্দপুরে যেখানে জলবিভাজন রয়েছে সেই জায়গায় কাজ করতে হবে। আমি মাননীয় মন্ত্রীকে এই ব্যাপারে নিজে হস্তক্ষেপ করার জন্য যে, উনি হস্তক্ষেপ করলে লক্ষ লক্ষ কৃষক উপকৃত হবে। ম্যাডাম, আমি উল্লেখপর্বে একটা গুরুত্বপূর্ণ বিষয় দিয়েছিলাম।

ম্যাডাম ডেপুটি স্পীকার : না, আর বলা যাবে না।

শ্রী রামেশ্বর দলুই : ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আচ্ছা, আমি মাননীয় স্পীকারের অনুমতি নিয়েই বলছি, কাল থেকে যারা মেনশান কেস দেবেন তারা 'জিরো আওয়ার' দেবেন না। কেননা, অন্যরা অনেকে বাদ পড়ে যাচ্ছে। অনেকে এসে বলছেন, আমাকে জিরো আওয়ার দেওয়া হোক। কারণ, মেনশান-কেসেস আপনারা বিরোধীদের পক্ষ থেকে ২০টি এবং আমাদের পক্ষ থেকে ৮টি বা ১০টি পড়ছে - ৩০টি হয়ে যাচ্ছে। মেনশান কেস যারা দেবেন তারা কিন্তু 'জিরো আওয়ার' দিলে আমরা সেটা এ্যালাউ করবো না।

এখন রিসেস, আমরা ১.৩০ মিনিটে আবার মিলিত হব।

[1.30–1.40 p.m]

(After Recess)

LEGISLATION

The Kolkata Improvement (Amendment) Bill, 2013

Shri Firhad Hakim : Sir, I beg to introduce the Kolkata Improvement (Amendment) Bill, 2013.

(Secretary, then, read the Title of the Bill)

Shri Firhad Hakim : Sir, I beg to move that The Kolkata Improvement (Amendment) Bill, 2013 be taken into consideration.

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে এই হাউজে মাননীয় মন্ত্রী ফিরাদ হাকিম মহাশয় 'The Kolkata Improvement (Amendment), Bill, 2013' যা এই সভায় পেশ করেছেন, এর যে উদ্দেশ্য এবং বিধেয়, তা খুবই অস্পষ্ট। আমার এটা মনে হচ্ছে, উন্নয়নের জন্য নয় কোন একটা রাজনৈতিক উদ্দেশ্য সাধিত করাবার জন্য এই বিল এখানে আনা হয়েছে। তার কারণ, এই যে অ্যামেন্ডমেন্ট বিল আনা হয়েছে, এই KIT একটা ১০০ বছরের পুরনো সংস্থা। আমাদের কোলকাতায় যেমন এটা একটা পুরনো সংস্থা তেমনি ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে নগর উন্নয়ণের জন্য এই ধরণের বহু সংস্থা ছিল। আমরা এটা ভালো করে জানি যে সারা দেশে ৭৪-তম সংবিধান সংশোধনের মাধ্যমে নগরোন্নয়ণের কাজ যাতে নির্বাচিত প্রতিনিধিরা করতে পারেন তার জন্য সারা দেশে একই ধরণের আইন চালু করা হয়েছে। সেই রকম একটা পটভূমিকায় দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী এটাকে পুনরায় গঠন করবার জন্য যে অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন সেটা আমার মনে হয় ঠিক হচ্ছে না। সেই জন্য আমি এই বিলের বিরোধিতা করছি। আমরা জানি আমাদের রাজ্যে ১৯৮১ সালে KMDA - Kolkata Metropolitan Development Authority তৈরী হয় এবং এটা তৈরী হওয়ার পর এই ধরণের আরো কিছু কিছু সংস্থা ছিল। যেমন CMPA, CMWSA। এই ধরণের যে সংস্থাগুলো ছিল সেগুলোকে একটা ছাতার তলায় নিয়ে এসে, একটা সুনির্দিষ্ট পরিকল্পনার ভিত্তিতে যাতে নগরোন্নয়নের কাজ করা যায়, সেটা বিগত লেফ্‌ট ফ্রন্ট সরকার করেছিল। বিভিন্ন সংস্থাগুলি কাজ করত তখন তাদের মধ্যে নানা ধরনের বিরোধও ছিল। সেগুলিকে এড়িয়ে কিভাবে একটা সুনির্দিষ্ট পরিকল্পনা করে এই কাজগুলি করা যায়, সেজন্য এই সংস্থাগুলিকে তুলে দিয়ে কে.এম.ডি.এ.র আন্ডারে এদেরকে নিয়ে আসা হয়। কলকাতার বিভিন্ন ক্ষেত্রের যে উন্নয়ন সেগুলি করবার জন্য পরবর্তী পর্যায়ে মাস্টার প্ল্যান তৈরি হয়, তার পার্সপেকটিভ প্ল্যান তৈরি হয়। যে জমি আছে ল্যান্ড ইউজ, ল্যান্ড কন্ট্রোল এবং তার ডেভেলাপমেন্ট, তার জন্য প্ল্যান। তারপরে হচ্ছে সোস্যাল এবং ইকোনমিক অর্থাৎ আর্থ সামাজিক উন্নয়ন করবার জন্য সামগ্রিক তার একটা প্ল্যান, তারপরে কলকাতার যে বস্তিবাসীরা আছেন, সেই বস্তিবাসীদের ডেভেলপমেন্টের জন্য মাস্টার প্ল্যান, ট্রান্সপোর্ট তার জন্য প্ল্যান এবং ট্রাফিক -এই সমস্ত নানা ধরনের বিষয়গুলো আছে। এই সবগুলোকে মিলিয়ে কে.এম.ডি.এ.র আন্ডারে রেখে তার সামগ্রিক পরিকল্পনা করার একটা উদ্যোগ নেওয়া হয়। তারপরের থেকেই ম্যাডাম এই যে কে.আই.টি যেটা ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট এটাকে বাতিল করে দিয়ে সেখানে কে.এম.ডি.এ.র ভেতরে এটাকে নিয়ে আসা হয়। এই বিলের মধ্যে যে সমস্ত বিষয়গুলো আছে, মাননীয় মন্ত্রী নিশ্চয়ই এটা বলবেন কি উদ্দেশ্য নিয়ে এগুলোকে আনা হচ্ছে? বর্তমানে কে.আই.টি.র যে আইন সেখানে আপনার -এই যে ট্রাস্টি তার সঙ্গে চেয়ারম্যান ওদের কোন অস্তিত্বই নেই। এগুলো না থাকার ফলে যেটা হয়েছে বিভিন্ন ধরনের যে সংস্থাগুলো ছিল তার যে একটা প্রশাসনিক ব্যয়, সরকারী খরচ ইত্যাদি সেটাও কমানো সম্ভব হয়েছে, যেহেতু সেগুলোকে একটা ছাতার তলার মধ্যে আনা হয়েছে। একই ছাতার তলায় আনবার মধ্য দিয়েই নানা ধরনের কলকাতার উন্নয়নমূলক কাজ সেগুলোর অনেক অগ্রগতি ঘটেছে। সেজন্য এই বিলটা না নিয়ে এসে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এটা বলতে চাই যে, বর্তমান আইনের মধ্যে থেকেই এটাকে শক্তিশালী করা যেত। সেই ধরনের একটা চিন্তাভাবনা থেকে যদি উনি এই বিলটা পেশ করতেন তাহলে ভালো হত। তার কারণটা হচ্ছে আমরা দেখছি যে, বিলের মধ্যে কতগুলো অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। সেখানে উন্নয়নটা কি মূল একটা বিষয় আছে? উন্নয়নের

যে সমস্ত ধারা, উন্নয়ন যেগুলো হচ্ছে সেগুলোকে আরো কিভাবে তার বরাদ্দ বাড়িয়ে এবং সেখানে যে ম্যানপাওয়ার আছে, সেখানে যে শর্ট কামিংসগুলো আছে সেগুলোকে পূরণ করে এটাকে শক্তিশালী করে অনেক কাজকর্ম করা যেত। ওদিকে না গিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়, সেখানে ট্রাস্টি গঠনের কথা বলছেন এবং সেখানে চেয়ারম্যান ইত্যাদি কথাবার্তাগুলো বলছেন। সেইজন্য আমার এটা মনে হয়েছে। হয়তো এটা ভুল হতে পারে, কারণ আমরা তো দেখছি রাজ্য সরকার মানে আমাদের এম. পি. যারা আছেন তাদেরকে উপদেষ্টা পদে বসাচ্ছেন। আবার কিছু এম.এল.এ. মহাশয় আছেন, তাদেরকে পার্লামেন্টারি সচিব পদে বসাচ্ছেন। এখন এই ধরনের আলাদা একটা কিছু করে দিয়ে কিছু লোকের পুনর্বাসনের জন্য এটা আনছেন কিনা সেটা আমার মনের মধ্যে একটা সন্দেহ তৈরি হয়েছে। সেইজন্যই কেন যে এটা আনছেন ঠিক মাথার মধ্যে বিষয়টা ঢুকছে না। নিশ্চয়ই মন্ত্রী সেগুলো একটু বলবেন। যেখানে গোটা একটা দেশে সংবিধান সংশোধনের মাধ্যমে নির্বাচিত লোকদের হাতে ক্ষমতা দেওয়ার কথা বলা হচ্ছে সেখানে অ্যামেন্ডমেন্ট নিয়ে আলাদাভাবে এটা করার কোন যুক্তি আছে বলে তো আমার মনে হয় না। তৃতীয় বিষয়টা হচ্ছে, যেমন ধরুন - আমি বলছি ম্যাডাম এক মিনিট - সেটা হচ্ছে যে ক্লজ 23 এবং তার সেকশান হচ্ছে 32, সেখানে একটা সি.ই.ও. পদের সৃষ্টি করে তার হাতে একটা অতিরিক্ত ক্ষমতা দিয়ে দেওয়া হবে। তার যে অপব্যবহার হবে না, তার গ্যারান্টি এই বিলের মধ্যে কোথাও নেই। এই যে দেওয়া হবে সেখানে যারা কর্মচারী রয়েছেন, প্রাক্তন যারা কর্মচারী রয়েছেন, তাদের বিভিন্ন ধরনের সুযোগসুবিধা, তাদের যে নিরাপত্তা, এই সি.ই.ও. পদের মধ্য দিয়ে অধিক ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে, সেগুলো সুনিশ্চিত থাকবে না। উনি সি.ই.ও. পদ তৈরি করে সেটাই করতে চাইছেন। এখন যেমন নানা ধরনের সার্কুলার বেরোচ্ছে A.C.R. কে সই করবেন? মাননীয়া মুখ্যমন্ত্রী সই করবেন। অর্থাৎ গোটা প্রশাসনে একটা দলতন্ত্র কায়েম করার জন্য এবং দলীয় দাসে পরিণত করার জন্য যে উদ্যোগ দেখছি এখানেও সেই একই জিনিসটা হবে।

[1.40–1.50 p.m.]

আর একটা বিষয় উল্লেখ করতে চাই সেটা হচ্ছে এই কে.আই.টি. ১০০ বছরের পুরানো সংস্থা। লোকে বলে, কে.আই.টি. একটি জমিদার। এর অনেক জমি, জায়গা, সম্পত্তি বিষয়গুলি আছে। সেখানে দেখা যাচ্ছে ক্লজ-২৬, সেকশান-৩৫ -এ, সেখানে এই সম্পত্তিগুলি যা আছে সেগুলি বেসরকারী সংস্থার হাতে তুলে দেওয়া হবে, অদ্ভুত ব্যাপার। সরকারের সম্পত্তি বেসরকারী সংস্থাকে তুলে দেওয়া হবে এবং তুলে দেওয়ার জন্য সেখানে কোন স্বচ্ছতা থাকবে কি না, কমপিটিটিভ বিডিং হবে কি না - এই কোন কথাই এই বিলের মধ্যে বলা নেই। স্বাভাবিককারণে একটা উদ্দেশ্যহীনভাবে এই বিলটাকে আনা হয়েছে, আমি সেইজন্য এই বিলের বিরোধিতা করছি।

শ্রী স্বর্ণকমল সাহা : মাননীয় ডেপুটি স্পিকার ম্যাডাম, "দি কলকাতা ইমপ্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম মহাশয় এনেছেন আমি মনে করি এটা অত্যন্ত জরুরী অ্যামেন্ডমেন্ট। কারণ ১০২ বছর আগে কলকাতা ইমপ্রুভমেন্ট অ্যাক্ট তৈরি হয়েছিল। তারপরে সমাজ ব্যবস্থার বহু পরিবর্তন হয়েছে। বিভিন্ন আইনের প্রয়োজন বিভিন্নভাবে বিস্তারিত

হয়েছে যার পরিবর্তন অবসম্ভাবী। বিশেষ করে কাজ করার ক্ষেত্রে যে পয়েন্টগুলো আমার মনে হয়েছে এগুলো সংশোধীত না হলে কাজ করার ক্ষেত্রে বিলম্বিত হত, কাজ করার অসুবিধা সৃষ্টি হতে পারে। Substitution of word in Bengal Act V of 1911 এখানে দেখা যাচ্ছে the word "Commissioner of Corporation" এটা ইউজ করলে একটা কনফিউশান তৈরি হতে পারতো যার জন্য যেখানে এখন বর্তমানে আছে মিউনিসিপ্যাল কমিশনার অফ কলকাতা, মিউনিসিপ্যাল কর্পোরেশান। সেই ওয়ার্ডগুলো যদি চেঞ্জ না হয় আইনের প্রয়োগের ক্ষেত্রে একটা বিভ্রান্তির সৃষ্টি করতে পারে। সেইভাবে বহু সমস্যাগুলি আছে যারজন্য যে মূল উদ্দেশ্য নিয়ে আজকে এই বিলটা আনা হয়েছে Objects and Reasons. Objects and Reasons -এ আমরা যেটা দেখতে পাচ্ছি restructuring the set up of the Trust and its functioning and for reorganization of the functions of the Chairman, within the meaning of the said Act, to enable the Trust to carry on developmental works smoothly and efficiently এগুলি করার প্রয়োজনেই এই পরিবর্তনগুলো আনতে হয়েছে। আমার মনে হয়েছে, এই বিলটা অ্যামেন্ড হওয়ার প্রয়োজন এই জন্য আমি কয়েকটি ক্লজ যেগুলো অ্যামেন্ড করার প্রস্তাব সেইগুলো বলছি। This Act conflicts with other existing laws. এটার পরিবর্তন হওয়ার প্রয়োজন। This Act has become impractical (for example, under sec. 117, payment more than Rs. 100/ - is to be paid by cheque) Many Acts referred to in this Act of 1911 does not exist today. Names of many statues have changed. The procedure prescribed in the year 1911 has become almost impossible to follow today and has become obsolete. Therefore, change of time সময়ের পরিবর্তন change in functions of the State, made it necessary to amend the Act of 1911, by making it concise, in tune with existing Laws, more simplified, broad-based, reduce procedural bottlenecks, fixing of responsibilities and introduce one window system, acceleration of decision making process etc.. It will be my endeavour to highlight the principle amendments in the Act sought to be made by this Bill. Section 2(1) (b) has been inserted to define "Trust" ..Section 4 has been amended to reduce number of trustees and private persons have been omitted. Since private persons have been omitted, Section 9 has been deleted, as redundant. To see that the Trustees devote full time, Leave of absence (Section 12), acting Chairman (Section 13), removal of trustees (Section 15), filling of casual vacancies (Section 16), office of Trustees (Section 17), fees for attending meetings (Section 22) have been omitted.

অনেকগুলো sections should be omitted now, যেগুলোর এখন প্রয়োজন নেই। অপ্রয়োজনীয় অনেকগুলো সেকশান রয়ে গেছে, সেগুলোর changes অত্যন্ত প্রয়োজন এবং জরুরী হয়ে পড়েছিল।

For example :

- For transparency and speedy execution of contracts sec. 25 is substituted and sec. 26, 27 and 28 are omitted and detail procedure is to be prescribed by Rules by the Executive wing of the State.
- Sec. 32 is replaced being contrary to existing Labour Laws and other Laws and detail procedure is to be prescribed by Rules by the Executive wing of the State.
- Delegating powers in Sec. 35 has been liberalised.
- Sec. 35A (2) has been inserted empowering KIT to enter into agreements with Central Govt., State Govt. and banks and financial institutions, howerer subject to approval of the State Govt.
- Sec. 35D (e),(f),(g) has inserted giving more power to KIT to make it self sufficient.

  Sec. 46 deleted to avoid procedural bottleneck.
- Sec. 63 omitted since conflicting with KMC Act.
- Power to borrow money given in Sec. 89 broadened.
- Obsolete and impractical procedure to pay more than Rs. 100/- by cheque, omitted.
- Sec. 118 amended to simplify and safeguard signing of cheques and orders.
- Sec. 121 has been amended to change the accounting system to accrual basis in tune with accounting norms.
- Sec. 122 to 128 deleted as a corollary to change in accounting procedure.
- Sec. 137 amended as a consequence to omission of Sec. 22.
- Sec. 156 amended to increase the notice period to file suit against KIT from 30 days to 80 days.
- Sec. 164 amended to issue advertisements in one newspaper instead of two to reduce costs.

এই যে সমস্ত চেঞ্জেসগুলো আনা হয়েছে, এই চেঞ্জেসগুলো আনা অত্যন্ত জরুরী ছিল। তাই আমি মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম যে এ্যামেন্ডমেন্ট বিল - কলকাতা ইমপ্রুভমেন্ট এ্যামেন্ডমেন্ট বিল ২০১৩ যে এনেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার কথা শেষ করছি, নমস্কার।

শ্রী অসিত মিত্র : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিম সাহেব যে কলকাতা ইমপ্রুভমেন্ট এ্যামেন্ডমেন্ট বিল ২০১৩, যে বিল এনেছেন, আমি তার উপর বক্তব্য রাখছি। প্রথম কথা হচ্ছে যে, আমি মাননীয় মন্ত্রীকে প্রথমেই বলব যে আপনি প্রথমেই একটু এ্যানালিসিস করবেন যদি সময় থাকে আপনার। এই বিলটার হঠাৎ এত প্রয়োজন হল কেন? ইমপ্রুভমেন্ট ট্রাস্টের ব্যাপারে আমার আগেই অনেকে বলেছেন, যেটা একশো বছরেরও আগে এটার সৃষ্টি হয়েছিল। সেটা কলকাতার বিভিন্ন অরগানাইজেশানকে, ওয়েলফেয়ার অরগানাইজেশানকে একটা জায়গায় জড়ো করে সেখান থেকে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের মাধ্যমে কাজ করার। সেই মত কাজ সেই পথে এগিয়েছে। মাঝে মাঝে কখনও কখনও কোথাও কোথাও এ্যামেন্ডমেন্ট হয়েছে। কিন্তু মূলতঃ লক্ষ ছিল যে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট সেই কাজগুলো করবে যে কাজগুলো কলকাতা কর্পোরেশান অন্যভাবে কাজগুলো করতে পারেনি। তারজন্যই এগুলো করার দরকার ছিল। আমার নিজের মনে হয়েছে এই বারের এই এ্যামেন্ডমেন্টটা যতখানি না টেকনিক্যাল ততখানি কিন্তু ওয়েলফেয়ারের জন্য করা হয়েছে বলে আমার নিজের মনে হয়েছে। কারণটা আমি আপনাকে বলছি। যে এই দেখুন না ২০১১ এ আপনি অনেকগুলো ধারা পরিবর্তন করেছেন প্রায় ২২-২৩টা বোধ হয়, ধারা আপনি পরিবর্তন করেছেন।

[1.50–2.00 p.m.]

যেমন আপনাকে বলছি একটি জায়গায়-Every contract made by the Chairman on behalf of the Board shall be entered into in such manner and form as would bind the Chairman if such contract were made on his own behalf. আমি আপনাকে একটা কথা জিজ্ঞাসা করছি যে, চেয়ারম্যান পদটা তুলে দেওয়ার জন্য হঠাৎ এত প্রয়োজন হল কেন? চেয়ারম্যান পদটা আপনি তুলে দিয়েছেন এবং এটার জন্য অনেক জায়গায় আপনাকে উল্লেখ করতে হয়েছে যেহেতু ধরা গুলিতে সব জায়গায় চেয়ারম্যান, চেয়ারম্যান, চেয়ারম্যান শব্দটা আছে, আপনি সেগুলিকে চেঞ্জ করেছেন। যেমন আমি আপনাকে একটা কথা বলছি যে, আপনি তার জায়গায় কি করেছেন - চেয়ারম্যানের জায়গায় চিফ এক্সিকিউটিভ অফিসার করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া আমার যেটা নিজের মনে হয় এগুলি থেকে অনেক ভাল হত improvement trust কিভাবে কাজগুলি করতে পারবে যদি কোলকাতা improvement trust-এর অস্তিত্বকে রাখতে হয়-কিছু দিন আগে আপনি হাওড়া improvement trust উপর একটা এই ধরনের বিল এনেছিলেন। সংস্থাটির নাম improvement trust। আপনি যখন Improvement amendment করছেন সেখানেও আমি দেখলাম একটা উদ্দেশ্য আছে। সেই উদ্দেশ্যটা হচ্ছে ক্ষমতাটাকে খর্ব করে একটা জায়গায় নিয়ে আসা। Either it will be guided by Howrah Municipal Corporation or —এখানে এটা স্টেট গভর্ণমেন্ট অথবা কোলকাতা কর্পোরেশানের আন্ডারে একটি সংস্থা এই রকম একটা জায়গা আমার নিজের মনে হচ্ছিল। আপনি amendment Section 35 তুললেন। ১৯১১ অরিজিনাল বিল। অরিজিনাল অ্যাক্ট সেটাকে যখন আপনি চেঞ্জ করছেন, সেখানে আপনি করলেন The Chief Executive Officer may, be general or special order in writing, delegate to any officer of the Board any

of the Chief Executive Officer-s power, duties or functions under this Act or any rule made hereunder." তারপরে আপনি বলেছেন In sub-section (2) for the word "Chairman", the words "Chief Executive Officer" shall be substituted. তাহলে আপনি চেয়ারম্যানটা তুলে দিলেন। আমার বক্তব্যটা হচ্ছে চেয়ারম্যানটাকে সরিয়ে দিয়ে চিফ Executive Officer-কে বসিয়ে দিয়ে কি smooth running of the administration হবে? আমি তো জিজ্ঞাসা করব আপনি পরে বলবেন। আমি যেটা বলছি মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া সেটা হল যে, আপনি যেটা বলতে চাইছেন সেটার সঙ্গে আমি একমত নাও হতে পারি। আপনি বলছেন আর চেয়ারম্যান রাখার দরকার নেই। তাহলে কি এটা হবে দু-দিন পরে কোলকাতা কর্পোরেশানেও খুবই ভাইটাল জায়গা সেখানে যদি চেয়ারম্যান থাকেন সেই চেয়ারম্যানকে সরিয়ে দিয়ে সেই জায়গাতে নতুন আর একজনকে সি.ই.ও গিয়ে বসবেন? এটাও হতে পারে। তখন মনে হতে পারেন আমরা এই জায়গাটাকে আবার দখল করতে চাই। আমি আপনাকে বলছি এই যে সি.ই.ও বসিয়েছেন, তিনি একজন Joint Secretary rank এখানে কিন্তু liability বাড়ছে, economic liability বাড়ছে। আমি বেশিক্ষণ বক্তব্য রাখতে চাইনা। Economic liability বাড়ছে তার কারণ Joint Secreatary rank-এ আপনার একজন অফিসারকে সেখানে বসতে হচ্ছে। "The Board may, for improvement of Kolkata, subject to the provisions of the Act, enter into Agreement with State Government or Central Government Company or Undertakings or Banks or Financial Institutions or Private Enterprises to form Joint Venture Company with the prior sanction of the State Government." এই যে Joint Venture Company আপনি এখানে যেটা বলতে চেয়েছেন যে, private enterprises এখনো পর্যন্ত এন্ট্রি নেয় নি। এবার private enterprises-কে আপনারা এন্ট্রি দেবেন। PPP model or joint venture যা কিছু হোক আর একটা নতুন জায়গায় আসতে চাইছেন। It is a policy. আমার কথা হল It is a policy. টোটাল ব্যাপারটাকে privatisation করলাম না। আমি একটা পলিশি নিলাম। সেই পলিশির সঙ্গে আমি একমত হতে পারি আবার নাও হতে পারি। But for the development of Kolkata আমি সেই জায়গাটাতে একটা নতুন পলিশি নিয়ে এসেছি, সেটার জন্য চেয়ারম্যানকে সরিয়ে সি.ই.ও করতে হয় না অথবা সি.ই.ও যখন অসুস্থ হয়ে থাকেন তিনি আবার একজনকে সি.ই.ও করে দিয়ে যাবেন। এর আগে যেটা ছিল। আমি আপনাদের বিলটা পড়েছি অল্প সময়ের মধ্যেই। এই বিলটা পড়ে যেটা দেখেছি যে চেয়ারম্যান যখন অসুস্থ হতেন তখন একজনকে এ্যাক্টিং চেয়ারম্যান করতেন। আপনি সেই জায়গাটা কি করেছেন? সেই জায়গায় করেছেন - চেয়ারম্যান যখন থাকছে না সি.ই.ও - চিফ এগজিকিউটিভ অফিসার। এবারে চিফ এগজিকিউটিভ অফিসারকে আপনি কিভাবে ইউজ করছেন? চিফ এগজিকিউটিভ অফিসার যদি অসুস্থ হয়ে পড়েন অথবা কোন কারণে তিনি অফিসে আসতে না পারেন, সেখানে ইফ হি অর সি টেক্স লিভ তখন আপনি বলছেন ঐ জায়গাতে আর একজনকে তিনিই নমিনেট করে যাবেন। তিনিই বলবেন যে, তুমি ঐ জায়গাটিতে কাজটা কর। সুতরাং আপনি আর একটু জটিল করেছেন। এর বাইরে অন্য কোন কিছু করেননি। কিন্তু আপনি যে পলিসিটা নিয়েছেন, সেই জায়গাতে আমি যদি বুঝতে ভুল না করি যে পদ্ধতিগুলো

আপনি উল্লেখ করেছেন এই পদ্ধতিগুলোর মধ্যে শেষকালে আপনি যেটা বলেছেন অর প্রাইভেট এন্টারপ্রাইজেস টু ফর্ম জয়েন্ট ভেঞ্চার কোম্পানী উইথ দি প্রাইওর স্যাংশান অফ দি স্টেট গভর্নমেন্ট। অর্থাৎ স্টেট গভর্নমেন্টের প্রাইওর স্যাংশান নিয়ে তিনি করবেন - ইটস এ পলিসি। এই ব্যাপারটা নিশ্চয়ই ভাবতে হবে। এই ব্যাপারটা আগামীদিনে করার পরে যদি ভাল দিকে যায়, তাহলে নিশ্চয়ই কোলকাতা কর্পোরেশানের পক্ষে সেটা অনেক উল্লেখযোগ্য দিক হবে। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমি আপনার মাধ্যমে বলছি, এই ব্যাপারে আপনি টেকনিকাল ব্যাপারগুলোকে যত বেশি প্রাধান্য দিয়েছেন, আপনি বলতে পারেন সেটা যে, আমি টেকনিকাল ব্যাপারগুলো প্রাধান্য দিয়েছি অনেক বড় অ্যাডমিনিস্ট্রেটিভ জটিলতা যাতে না হয় তার থেকে ছোট করে আনার জন্য। কিন্তু আমার মনে হয় প্রত্যেকটি জায়গাতেই একটা করে সেটআপ আছে, সেই সেটআপগুলো কিন্তু ভালভাবে কাজ করার জন্য হয়ে থাকে। যদি কোথাও কোন বাধা হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আপনারা পরিবর্তন করবেন। তবে তার অর্থ এই নয় যে, চেয়ারম্যানকে সরিয়ে আপনি চিফ এগজিকিউটিভ অফিসারের এই পদটাকে যদি ঘোষণা করেন তাহলে সেই জায়গাটা অনেক ভাল হবে। আমি আপনাকে আরএকটা কথা বলে আমার বক্তব্য শেষ করব মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, কোলকাতাকে আরও সুন্দর করে গড়ে তুলতে - ত্রিফলা আলো দিয়ে করবেন, না কি দিয়ে করবেন, সেটা করতে গিয়ে কোথায় কি দাঁড়াবে, না দাঁড়াবে - ভবিষ্যতে তার উত্তর দিতে হবে আপনাকে। সেগুলো অন্য ব্যাপার, কিন্তু আমি যেটা বলতে চাইছি সেটা হল এই, আপনি সিরিয়াসলি যে দায়িত্ব নিয়ে আছেন সেটা অত্যন্ত সিরিয়াসলি পালন করতে গেলে আপনাকে সাধারণ মানুষের স্বার্থে, বস্তিবাসীদের স্বার্থে এবং কাজটা যাতে স্মুথলি হয় তারজন্য চেষ্টা করতে হবে। ম্যাডাম এই বিলের উপরে আমার বক্তব্য আর দীর্ঘায়িত করতে চাই না, আমি এই বিলের উপরে আমার বক্তব্য এখানেই শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমরেন্দ্রনাথ ঘোষ : মাননীয় উপাধ্যক্ষা মহাশয়া, আমাদের এই পবিত্র সদনে দি কোলকাতা ইম্প্রুভমেন্ট অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট যে বিলটা আনা হয়েছে, সেই বিলের উপরে আমি আলোচনা করছি। এই আলোচনা করতে গিয়ে প্রারম্ভিক আমার একটা খুব বাচ্চাদের কবিতা মনে পরে যায়। সেই কবিতায় কোলকাতার কথা লেখা হয়েছিল। সেখানে সব শেষের লাইনটা ছিল— 'কলিকাতা আছে কলিকাতাতেই'। সেই কথাটা আমরা এই সরকারে আসার ২২ মাস পরে উপলব্ধি করতে পেরেছি। কোলকাতাকে লন্ডন বানানোর স্বপ্ন নিয়ে বিভোর হয়ে বাংলার আমজনতা এই পরিবর্তনের সরকারকে বাংলায় এনেছেন। সরকারের বয়স যখন ১০ মাস বা এক বছর, তখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ৯০ শতাংশ কাজ হয়ে গিয়েছে। আমরা ভাবতে শুরু করেছি কোলকাতাকে লন্ডন বানানোর কাজ ৯০ শতাংশ শেষ। তাই ২২ মাস পরে যে অ্যামেন্ডমেন্ট বিল মাননীয় মন্ত্রী মহাশয় এখানে এনেছেন, সেই অ্যামেন্ডমেন্ট বিলে বাকি ১০ শতাংশ কাজে সাফল্য আনবার জন্য হয়ত আনছেন। আমার মনে হয়েছে আজকে ১৯শে মার্চ ২০১৩ সালে দি কোলকাতা ইম্প্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০১৩ আলোচনা করতে গিয়ে প্রথমে যেটা ভেবে নেওয়া দরকার, বলা উচিত যে, ২২ মাসে কোলকাতা ইম্প্রুভমেন্টের জন্য কি কি হয়েছে এবং ২২ মাস পরে আজকে যখন এই ইম্প্রুভমেন্ট বিল আনা হচ্ছে, আগামী দিনে তার উদ্দেশ্য কী? সেটা একটু ইন ডিটেলস্ আলোচনা করার প্রয়োজন আছে। এই বিল পড়তে গিয়ে, এটাকে নিয়ে ভাবতে গিয়ে আমার যেটা মনে হয়েছে, আমি সেটাকে আগেই উপস্থাপিত করতে চাই। বিভিন্ন আলোচক আলোচনা ইতিমধ্যেই

এখানে করেছেন। আমার মনে হয়েছে প্রথমতঃ চেয়ারম্যান পদটাকে অবলুপ্ত করে চিফ এগজিকিউটিভ অফিসার এর পদটা সৃষ্টি করা হচ্ছে, তার হাতে অতিরিক্ত ক্ষমতা প্রদান করা হবে, যে পদ অ্যাপয়েনটেড বাই দি স্টেট গভর্নমেন্ট।

[2.00–2.10 p.m.]

এই পদের অপব্যবহার আমার মনে হয়েছে অবশ্যম্ভাবী। এই পদকে রাজনৈতিক ভাবে ব্যবহারের প্রভূত সুযোগ থাকছে। সংশোধনটি কে.আই.টির বর্তমান ও প্রাক্তন যে কর্মচারীরা রয়েছেন তাদের স্বার্থ বিরোধী। তাদেরকে একটা জায়গায় বেঁধে রাখার চেষ্টা করা হচ্ছে। আমার মনে হয়েছে দ্বিতীয়ত কে.আই.টি হচ্ছে কলকাতার জমিদার। প্রচুর সম্পত্তির, প্রচুর সম্পদ জমির মালিক হচ্ছে কে.আই.টি। এই সংশোধনীর মাধ্যমে বেসরকারি সংস্থার হাতে ঢালাও ভাবে এই সম্পত্তি চলে যেতে পারে আমার এটা মনে হয়েছে। আমার তৃতীয়ত যেটা মনে হয়েছে এই সংশোধনী বিলকে পড়তে গিয়ে, এই বিলের মধ্যে কোন স্বচ্ছতা নেই, নির্দিষ্ট কোন গাইড লাইন নেই। এই বিল দুর্নীতির অবকাশ রেখে দিচ্ছে। এই বিলের মাধ্যমে দলতান্ত্রিক কায়দায় কলকাতার ইমপ্রুভমেন্ট ঘটানোর চেষ্টা হচ্ছে। তাতে দুর্নীতি দানা বাঁধার একটা অবকাশ থেকে যাচ্ছে। চতুর্থত আমি যে কথাটা বলতে চাই, কে.আই.টি একটি উন্নয়ন সংস্থা। যে উন্নয়ন সংস্থা, এই সংস্থার সঙ্গে কলকাতার সমস্ত উন্নয়ন জড়িত রয়েছে। Kolkata Metropolitan Development Authority গঠিত হওয়ার পর বৃহত্তর কলকাতার বিভিন্ন সংস্থাকে একত্রিত করে, উন্নয়নমূলক কাজের অভিমুখ এক দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিল তৎকালীন বামফ্রন্ট সরকার। সেটাকে ভেঙ্গে দিয়ে, সেই ভিত্তিকে ভেঙ্গে দিয়ে প্রশাসনিক ব্যয়ভারকে আরো বাড়ানোর জন্য, কাজ করতে গিয়ে বিভিন্ন দ্বন্দ্বে উপস্থিত হবে বলে আমার মনে হচ্ছে এই বিলের মাধ্যমে। মনে হচ্ছে এই সংশোধনের ফলে দ্বন্দ্ব ও বিরোধকে ইনভাইট করা হচ্ছে। মনে হচ্ছে উন্নয়নমূলক কাজে আরো বেশি জটিলতা তৈরি হবে। আর মনে হয়েছে সঙ্কীর্ণ দলীয় দৃষ্টিভঙ্গিতে এই সংশোধন। এই সংশোধন নগরোন্নয়নের দৃষ্টি ভঙ্গিতে নয়। আমার মনে হয়েছে এই বিলটা পড়তে গিয়ে The Chief Executive Officer মানে হচ্ছে The Chief Executive Officer of Trust appointed by the State Government. আমার মনে হয়েছে an officer of the Urban Development Department of the State Government, not below the rank of Joint Secretary, appointed by the State Government by notification, appointed by the State Government power given by the State Government to that post এটার জন্য একটা অভিমুখ আমাদের সামনে চিহ্নিত হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় বিভিন্ন ক্ষেত্রে যে কায়দাকানুন প্রয়োগ করা হচ্ছে এস পি কে তার মূল্যায়ন করবার একটা নির্দিষ্ট জায়গায় নিয়ে আসা হচ্ছে। বিভিন্ন প্রশাসনিক সংস্থাকে একটা জায়গায় নিয়ে আসার জন্য, ডি এম. বলুন, বি. ডি. ও বলুন তাকে একটা জায়গায় কেন্দ্রিকিত করা হচ্ছে দলতান্ত্রিক কায়দায়। আমার মনে হচ্ছে কলকাতার ইমপ্রুভমেন্টটাকেও এই একই দিকে লক্ষিত হচ্ছে। সেই কাজগুলো করতে গিয়ে আগামী দিনে এই সরকারের যাতে সুবিধা হয়, তার একটা ব্যবস্থা করা হচ্ছে। আমার মনে হচ্ছে অসংখ্য সেকশানকে এখানে অমিট করা হয়েছে। বিলটা যদি সম্পূর্ণ ভাবে পড়া যায় তাহলে আমরা দেখব প্রত্যেকটা সেকশান is to be omitted, is to be omitted

এইরকম করা হচ্ছে। আমরা ২২ মাসের মধ্যে কলকাতার উন্নয়নের যে চিত্র দেখতে পেয়েছি সেটাও এই সংশোধনীর মাধ্যমে, যাতে সেই জায়গাটা না আসে, সংশোধন হয়তো হবে, যাতে না আসে তার দিকে চেষ্টা করতে হবে। চারিদিকে নীল সাদা রঙের একটা হিড়িক পড়ে গিয়েছে। ত্রিফলা আলোর নীচে দুর্নীতির অন্ধকার দানা বেঁধেছে। পার্কস্ট্রীটে, যাদবপুরে যে কান্ড ঘটছে, সেক্ষেত্রে আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে। আগুনের পরে আগুন লাগছে। কোথাও ক্যামেরা বসানোর কথা বলা হচ্ছে। কোথাও রিজারভার বসানোর কথা বলা হচ্ছে কিন্তু আগুন কমছে না। গার্ডেনরিচগুলিতে পুলিশের মৃত্যু হয়েছে। সেখানকার আইনশৃঙ্খলা কিভাবে সংশোধনীর মাধ্যমে আরো বেশি ভালো করা যায় সেটা বলা হচ্ছে না। বলা হচ্ছে না মহেশতলায় ৭০০ বাড়ি পুড়ে ছাই হয়ে গিয়েছে। সেখানে সেই ছোটো খাটো ঘটনাগুলোকে আরো বেশি ইমপ্রুভমেন্টাল আউটলুক দিয়ে কিভাবে কলকাতাকে একত্রিত করে এই সংশোধনীর মাধ্যমে কলকাতাকে আরো উন্নত জায়গায় নিয়ে যাওয়া যায় তার চেষ্টা করা হচ্ছে না। আমি আশাকরি এই বিলটা যেটা আনা হয়েছে, একটা নির্দিষ্ট কায়দা এর মধ্যে লুকিয়ে আছে। সেই লুকিয়ে থাকা কায়দাটাকে আমার মনে হয় যদি কার্যকরী আগামী দিনে হয়, এই রাজ্যসরকারের মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন তার মাধ্যমে সমূহ ক্ষতি হতে পারে। কর্তৃত্ব একটা শ্রেণীর হাতে চলে যেতে পারে, আমি সেই দিকে নজর রাখার জন্য দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিলের বিরোধীতা করে যে আলোচনা, সেই আলোচনা শেষ করছি।

শ্রী ফিরহাদ হাকিম : ম্যাডাম, সবচেয়ে আশ্চর্য্য লাগছে যে, আমরা Kolkata Improvement Trust এর বিল নিয়ে আলোচনা করছি, যে পেরিফেরির মধ্যে কলকাতা Kolkata Improvement Trust কাজ করে, সেখানকার যারা বিরোধিতা করলেন বা বিল নিয়ে বললেন, দুঃখের বিষয় সেই অঞ্চলের কোন এম.এল.এ. নয়, অনেক দূরের এম.এল.এ.দের নিয়ে এসে Kolkata Improvement Trust এর কথা বলতে হচ্ছে। সরকার সবারই - হাওড়ার মানুষেরও সরকার, মুর্শিদাবাদের মানুষেরও সরকার, সরকারি ব্যাপারে বলার অধিকার সবারই আছে। এখানে যেমন Kolkata Improvement Trust নিয়ে বললেন স্বর্ণকমল সাহা। আমি অঞ্চলের কথা বলছি। আপনি জবাব চাইবেন, আমি জবাব দেব, এটাও তো গণতন্ত্র।

দ্বিতীয় কথা ম্যাডাম, কেন জানিনা শ্রী অসিত মিত্র এরকম কথা বললেন। এটা গর্বের সাথে বলা যেতে পারে যে, একমাত্র KIT, Kolkata Improvement Trust—কলকাতায় যখন বস্তি উন্নয়ন শেষ হচ্ছে, যেটা নিয়ে বামফ্রন্ট বারবার টিটকিরি করে সেই ৭২ থেকে ৭৭ নিয়ে, সেই ৭২ থেকে ৭৭ কলকাতার বুকে গরিব মানুষের জন্য যে সংস্থা সবচেয়ে বেশী কাজ করেছে তার নাম KIT। বস্তির rehabilitation scheme করে বস্তির মানুষদের পাকা বাড়িতে শিফট করেছে KIT। সেটা হয়েছে বিভিন্ন জায়গায়। আমি যেখানে থাকি সেই চেতলায় উন্নতি হয়েছে, কসবায় হয়েছে, যে জায়গাগুলো পিছিয়ে পড়েছিল সেইসব জায়গায় উন্নতি তখন করেছিল KIT। ভোলা সেন সাহেব সেইসময় মন্ত্রী ছিলেন। তার পরবর্তীকালে শুধু রাজনৈতিক স্বার্থ চরিতার্থতার জন্য ৩৪ বছর ধরেএই KIT কে পিছনে ফেলে রাখা হয়েছিল। তার কারণ হচ্ছে, তাদের যে maximum employee, তারা জাতীয়তাবাদি সমর্থক, তাই তাদের উপকার করা হবে না, তাদের হাতে কাজ দেওয়া হবে না। সেই সংস্থাকে কাজ দেওয়া হবে না বলে সেই সংস্থাটিকে ৩৪ বছর পিছনে ফেলে রাখা হয়েছিল, KMDA এর একটা ল্যাজ তৈরী করে রাখা হয়েছিল। বর্তমানে

আমি KMDA এবং KIT দুটোরই চেয়ারম্যান। আমি চাইনা চেয়ারম্যান হিসাবে কোন চেকে সই করতে, আমি চাইনা চেয়ারম্যান হিসাবে নিজের হাতে tender ডাকতে। তাই আমি বলেছি এখানে CEO দিয়ে, একজন IAS অফিসারকে দিয়ে - তিনি এখনও আছেন, কিন্তু তার হাতে এখন কোন পাওয়ার নেই, সে এখন OSD, KITহিসাবে কাজ করছেন - যারা সরকারি আমলা, যারা দায়িত্ব নিয়ে কাজ করবেন, তাদের হাতে দায়িত্ব দেওয়ার জন্য চেয়ারমানের পাওয়ারটাকে ভেস্টেড করে বিলের মাধ্যমে সেটা CEOতে আনা হয়েছে। আমাদের এই উদ্দেশ্য স্বচ্ছ নয় যদি বলেন, তাহলে এর থেকে স্বচ্ছতা আর কিছু হয় না, যে স্বচ্ছতা আপনাদের আঙুল দিয়ে শেখাতে হবে বলে আমি মনে করি। নিশ্চিত ভাবে আমি একটা দলের প্রতিনিধি, আমি বিধায়ক, আমি elected representative, আমি নিজের হাতে সরকারি ভাবে কোন executive power রাখতে পারি না, We are the policy maker, আমরা policy তৈরী করব, সেই policy মানুষের স্বার্থে Implement করব যাতে সেই পলিসি দিয়ে কি ভাবে মানুষের ভালো হবে। আমরা policy তৈরী করব, implement করবে administration। সেই administration টাকে change করার জন্য এই Act টাকে আমি Change করেছি। এর মধ্যে কোন রাজনীতি নেই। যদি নিজের হাতে ক্ষমতা ধরে রাখার উদ্দেশ্য থাকত, তাহলে এ্যাক্টটা change করে আমি চেয়ারম্যান, আমি এ্যাক্টটা change করে CEO এর হাতে সব পাওয়ারটা তুলে দিতাম না। নিজের হাতেই রাখতাম সব পাওয়ারটা। আপনাদের অস্বচ্ছতা, কারণ চোরো কা আয়ে নজর সারে যাহা চোর। যাদের নিজেদের অস্বচ্ছতা, যারা এত বছর ধরে অন্যায় করেছেন, তাদের মনে হচ্ছে সবাই চোর। আজকে এসেছে মা-মাটি-মানুষের সরকার, সেই সরকার মানুষের উন্নতি করতে চায়।

[2.10-2.20 p.m.]

তাই সরকার চায় যে হ্যা, কে আই টি একটা সংস্থা, কে এম ডি এ একটা সংস্থা। সেই সংস্থাকে লেজুড় করে রেখে নয়, সেই সংস্থাকে ইনডিপেনডেন্টভাবে, যে সংস্থা ১০০ বছর আগে তৈরী হয়েছিল, সেই সংস্থাকে মর্যাদা দিয়ে গড়তে হবে। সেই সংস্থা গরীব মানুষদের মুখে একসময় হাসি ফুটিয়েছে। সেই সংস্থা কোলকাতার বিভিন্ন জায়গায় উন্নতি করেছে। সেই সংস্থা নতুন দিগন্ত দেখিয়েছে। সেই সংস্থাকে আবার চান্স দেওয়া উচিত সেই সংস্থা যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে। আপনারা পি পি পির কথা বলছেন। আমরা আমাদের মন থেকে চাই না যে কোন প্রাইভেট সংস্থা করুক। কিন্তু এর ব্যবহার আপনারাই করেছেন। আপনারা দু লক্ষ তিন হাজার কোটি টাকার দেনার তলায় যদি আমাদের না ফেলে দিতেন, সরকারের যদি এত টাকা সুদ ও আসল না চলে যেত, যেটা প্রায় ২৫,০০০ কোটি টাকা, তাহলে নিশ্চিতভাবে কে আই টির জন্য এক হাজার কোটি টাকা রেখে তাকে নতুন করে করা যেতে পারত। কিন্তু আপনারাই আমাদেরকে এইদিকে এগোতে বাধ্য করেছেন। আপনারা আমাদের রাজ্যের অর্থনীতিটাকে একেবারে রুইন্ড করে দিয়ে চলে গেছেন। তাই আমাদের আজকে পি পি পির সাহায্য নিতে হচ্ছে। কোন সময়ে জে ভি র দিকে এগিয়ে গিয়ে আমাদের জয়েন্ট ভেনচার করতে হচ্ছে। জমিদার বলছেন। আপনাদেরকে যদি আমরা অ্যাসেম্বলীতে লিস্ট ফেলে দিই কিভাবে কে আই টির যে জমিগুলি ছিল, সেগুলিকে আপনারা নষ্ট করে দিয়েছেন। সেই কে আই টি-র জমিগুলিকে রুইন করে দিয়ে যাকে ইচ্ছা তাকে বিলি করে দিয়ে সেই কে আই টির অর্থনৈতিক অবস্থাটাকে খারাপ করে দিয়েছেন। আগে ওই রেজিস্ট্রেশন

কস্ট থেকে এক পারসেন্ট সেটা কে আই টির ফান্ডে যেত। সেটা দিয়ে কে আই টির একটা পুল তৈরী হত, সেখান থেকে এমপ্লয়মেন্ট হত। আজকে প্রায় এই নশো এমপ্লয়ি আর এগারোশো পেনশন হোলডার এদের পুরো ভবিষ্যতটাকে আপনারা অনিশ্চিত করে দিয়ে চলে গেছেন। আমরা আবার সেই জায়গা থেকে যেখানে একেবারে ভেঙ্গে পড়েছে কে আই টি, সেখান থেকে তাকে তুলতে চাই। সেই জায়গা থেকে আমরা তুলে নিয়ে আসতে চাই। কারণ এই সংস্থা একদিন এত ভালো কাজ করেছে। কেন আবার সে করবে না। কিছু কিছু জায়গায় নিশ্চিতভাব অ্যামেন্ডমেন্ট করতে হবে। আগে একটা সময় ছিল আই এ এস অফিসার চেয়ারম্যান থাকতেন। স্যার, জানেন যে একটা সময়ে আই এ এস অফিসাররা চেয়ারম্যান হতেন। কিন্তু তারপরে আপনারা অ্যামেন্ডমেন্ট করে কে এম ডি এর চেয়ারম্যান, কে আই টির চেয়ারম্যানকে একসাথে করে দিয়ে গেছেন। আমরা সেই জায়গা থেকে আবার বার করতে চাই। কে আই টি করে নয়, একটা অফিসিয়ালি, একটা প্রফেশনালিভাবে কে আই টির অ্যাডমিনিস্ট্রেশানটা যাতে চলে সেখান থেকে কে আই টি যাতে মানুষের উন্নতির কাজ করতে পারে সেই কাজটার জন্য আজকে আমরা এই অ্যামেন্ডমেন্ট এনেছি। আমি দু একটা পয়েন্ট তুলে ধরছি। আজকে দেখুন ক্লজ (থ্রি)-তে দেখুন- OSD is a common designation and was placed instead of Chairman for temporary purpose. Since the KIT Board is vested with the KMDA Board on supersession, so, there cannot be two Chairmen parallaly. Thus, to avoid the overlapping ambiguity and to keep parity with the KMDA's administrative setup OSD,KIT is renamed as CEO, KIT, যদি ক্লজ (৭) এ দেখুন Chairman is not substituted by CEO The Chairman, KMDA Board is presently the Chairman Board of KIT and the CEO, KIT is the government instrumentality under the direction of the said Chairman, now myself is the Chairman ক্লজ (১৮) এ দেখুন CEO is not vested with any infettered power. CEO, KIT shall be the signatory on behalf of the Board. But the decision to enter upon any contract shall be followed by the Board's resolution only. Clause 23 তে দেখুন Yes, the employee being aggrieved with the decision of the punitive decision of the CEO may prefer an appeal within the stipulated time frame, before the Board of KIT. তার মানে টোটালটাই বোর্ড চালাবে। সে তারা ডাইরেকশন অনুযায়ী যে সি ইও সে কাজ করবে। তারপরে ক্লজ (২৫) দেখুন The scope and extent of such delegation is confined within the limited and specified delegation only by virtue of general or special order in writing to keep the system ongoing even in case of any emergency and/or non-availability of the CEO, KIT. তারমানে যদি কাউকে দিতে হয় তার বোর্ডের অ্যাপ্রুভাল নিয়ে তারপর সে যদি ছুটিতে যায় তখন তার পাওয়ারটাকে ভেস্টেড করবে। সে যা ইচ্ছে তাই নিজে করে দিয়ে চলে যাবে সেটা বলা হচ্ছিল সেটা কিন্তু ভুল। There is an improvement

of Kolkata means to promote and encourage the sustainable development of Kolkata and its adjoining areas.

স্যার, Clause 28... (a) Environmental improvement scheme is like protection and maintenance of National Lakes like Rabindra Sarobar, Subhas Sarobar etc. (b) Revenue generating scheme means to contribute technically in the making of slum less Urban Kolkata – e.g. JNNURM projects of the Govt. of India। মানে যেটা কে. এম.ডি.এ. করতো, সেই প্রোজেক্টও আগে যে রকম—১৯৭২ সালে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় বস্তি রিহ্যাবিলিটেশন স্কিম করেছিল, সেই রকম কালকে যদি রাজীব আবাস যোজনা আসে এবং অন্য কিছু আসে, সেই টাকাটাকে ইউটিলাইড করার ক্ষমতা কে. আই. টি.-র থাকবে স্যার। সেই জন্য এটাকে চেঞ্জ করা হয়েছে। Municipalities are inducted hereto as potential service recipients to broaden the functional periphery of KIT, to deliver the privileges of Urban living at the nook of the Kolkata suburbs। ক্লজ্ ৩৫ এ পরিষ্কার করে বলা আছে These bars are imposed to exclude for expediting the renovation works of street and road alignments vested with the KIT and a line of distinction is kept drawn between the jurisdiction of KMC and KIT, accordingly কে.এম.সি. কি কাজ করবে, সেটাও স্পেশিফাই করা আছে, কে, আই. টি. কিভাবে কাজ করবে, সেটাও স্পেশিফাই করা আছে। কে.এম.টি., কে.আই.টি.র কাজে কখনোই ওভারল্যাপিং হবে না। ক্লজ্ ৪৪ খুবই ইম্পর্টেন্ট স্যার। Deposits, investments, withdrawals, all disposal are required to be signed by CEO, to keep an uniform control over the fund of the trust। এটা যেহেতু একজন সরকারি কর্মচারী, তার জবাবদিহী করতে হবে। তার যদি কোনো অসুবিধা হয়, তার ওপর বিভিন্ন রকম কভারেজ্ আছে। তাই জবাবদিহী করতে হবে। ফান্ড নিয়ে যা ইচ্ছে তাই করতে পারবে না। তার ওপর তার মাথায় সব সময় বোর্ড থাকবে, যদি মান্থলি একবার করে মিটিং করে তার ডিসিশনগুলো জানাবে। It is to ensure not to put all eggs in the same basket for safekeeping of the fund of the trust as well as to keep the daily transaction ongoing, even in case of non availability of either CEO / Secretary। তার মানে বোর্ডের ডিসিশন ছাড়া কিছু করাই যাবে না স্যার। তারপর আমরা এখানে যেটা বলেছিলাম স্যার যে, এটা হ'ল ক্লজ্ ৫৯, It is to expand the notice period in case of suit against the trust in harmonization with the provisions of Civil Procedure Court to contest the matter more efficaciously। আমরা বিভিন্ন জায়গায় দেখছি যে, কে.আই.টি.-র এগেন্সটে কেস্ করলে, যেহেতু ফুলটাইম চেয়ারম্যানের দায়িত্ব আমরা পারবো না, তাই তাদের জবাবদিহীর জন্য, সেই কেস্গুলোকে দেখার জন্য লোক ছিল না। এটাই স্যার একটা সিস্টেম করা হচ্ছে যে, ১০০ বছরের পুরোনো সংস্থা, সেটাকে সিস্টেম করে সেই সংস্থাটাকে আরো এফেক্টিভ্ করার জন্য এই প্রয়াসটা নিশ্চিতভাবে আমরা করেছি। তাই আমি চাই যে, যেভাবে একটা সময় কে.আই.টি. কোলকাতার গরীব মানুষের চোখের

জল মুছিয়েছিল, কে.আই.টি. আরো বেশি করে ডিপোজিট্ ওয়ার্ক করুক, কে.আই.টি. আরো বেশি করে জে. এন.এন.ইউ. আর.এম. এর কাজ করুক, কে.আই.টি আরো বেশি করে অন্যান্য যে ডেভেলপমেন্টের কাজ, সেগুলো করুক। এখন কে.আই.টি.র শুধু কাজ রয়ে গেছে পুরোনো যেসব রাস্তা কে.আই.টি.র ছিল, সেগুলোকে মেনটেনেন্স এবং সেগুলোকে দেখাশোনা। এছাড়াও কে.আই.টি.তে ভালো ইঞ্জিনিয়ার আছে, প্রচুর স্টাফ আছে। এই স্টাফটাকে প্রপার ইউটিলাইজ্ যদি আমরা করতে পারি, ম্যান পাওয়ার ইউটিলাইজেশনের জন্য শুধু স্যার এই কাজটা আমরা করেছি। আমি আশা করি যে, এটা জানার পরে সবাই মিলে এই বিলটাকে সমর্থন করবেন এবং আবার সেই পুরোনো দিনের কে.আই.টি. আমরা ফিরে পাবো, স্বপ্নের কে.আই.টি. ফিরে পাবো এবং সেটা আরো এফেক্টিভলি আমাদের সমাজের জন্য, আমাদের মানুষের জন্য তারা কাজ করতে পারবে। ধন্যবাদ।

Mr. Speaker : Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clauses – 2 to 71

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 71. Now, I Put Clauses 2 to 71 to vote. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause I, the Enacting Formula, The Preamble and the Title of the Bill.

The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill. As many as are of that opinion will please say 'Aye' and as many as are of the contrary opinion will please say 'No'. Ayes have it, Ayes have it.

[2.20–2.30 p.m.]

Shri Firhad Hakim : Sir, I beg to move that the Kolkata Improvement (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill,

as settled in the Assembly, be passed. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

The bill is passed. The bill is passed.

The West Bengal Right to Public Services Bill, 2013

Shri Sadhan Pande : Sir, I beg to introduce the West Bengal Right to Public Services Bill, 2013.

—[*Secretary then read the Title of the Bill*]

Mr. Speaker : Now there is motion for reference of the Bill to the Select Committee by the Minister-in-Charge of Consumer Affairs Department. I call upon Shri Sadhan Pande to move his motion.

Shri Sadhan Pande : Sir, I beg to move that the West Bengal Right to Public Services Bill, 2013 be referred to a Select Committee of the House consisting of the following members :

(1) Shri Prabodh Chandra Sinha,

(2) Shri Anisur Rahaman,

(3) Shri Id Mohammad,

(4) Shri Biswanath Karak, *Opposition Chief Whip,*

(5) Shri Anandamay Mandal,

(6) Shri Shobhandeb Chattopadhyay, *Govt. Chief Whip,*

(7) Shri Jyotirmoy Kar,

(8) Shri Nirmal Ghosh,

(9) Shri Tapas Roy, *Parliamentary Secretary,*

(10) Shri Kallol Khan,

(11) Shri Biplab Roychoudhury,

(12) Dr. Manas Ranjan Bhunia,

(13) Shri Asit Mitra,

(14) Dr. Tarun Kanti Naskar,

(15) Shri K.P. Singh Deo,

(16) Dr. (Smt.) Sashi Panja, *Parliamentary Secretary,*

(17) Shri Nasiruddin Ahamed, *Parliamentary Secretary,*

(18) Shri Dulal Murmu,

(19) Shri Silbhadra Dutta,

(20) Shri Rathin Ghosh and

(21) Shri Sadhan Pande, *the Minister-in-Charge of Consumer's Affairs Department.*

The Committee will submit its Report by the 30th June, 2013.

Shri Md. Sohrab : Sir, I propose that the name of Shri Sukhbilas Barma be included in the list.

মিঃ স্পীকার : আপনি একটা amendment-এর motion দিন।

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ক্রেতা সুরক্ষা দপ্তরের দায়িত্বে যিনি আছেন মাননীয় শ্রী সাধন পান্ডে মহাশয়, "The West Bengal Right to Public Secvices Bill, 2013" যেটা এই সভায় উত্থাপন করলেন এবং এই বিলটাকে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য যে প্রস্তাব পেশ করলেন, আমি তাঁর এই প্রস্তাবকে সম্পূর্ণ ভাবে সমর্থন করছি।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের পক্ষ থেকে আমিও এই বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য একটা মোশান, এ্যামেন্ডমেন্ট মোশান দিয়েছিলাম এবং মাননীয় মন্ত্রী বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠানোতে সম্মত হওয়ায় আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিলটি একটি খুব গুরুত্বপূর্ণ বিল। কারণ আমাদের জনগণ, যাদের জন্য এই সরকার সেই জনসাধারণ নানা দাবী দাওয়া নিয়ে, নানা সুবিধা অসুবিধা নিয়ে যখন সরকারি অফিসে যোগাযোগ করেন তারা সময়মত সুবিচার পান না, সময়মত তাদের প্রতিকার হয় না। তারা হয়রানির স্বীকার হন। সুতরাং প্রত্যেক সরকারের দায়িত্ব রয়েছে, যে জনসাধারণ যাতে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে তাদের অভাব অভিযোগের প্রতিকার পেতে পারে, সরকারি কর্মচারীদের কাছ থেকে সহায়তা পেতে পারে সেটা দেখার দায়িত্ব রয়েছে। এবং এই কারণের জন্য অতীতেও যে একদম প্রচেষ্টা হয়নি তা নয়। কেন্দ্রীয় সরকারের যেমন— পাবলিক গ্রিভেন্স সেল আছে। এখানেও মাঝে মধ্যে স্বরাষ্ট্র দপ্তরের অধীনে একটা কমপ্লেন জানানোর, অভিযোগ জানানোর একটা সেল খোলা হয়েছিল। কিন্তু সেগুলো তাৎক্ষণিক কিছু কাজ করলেও স্থায়ীভাবে এই সমস্যার সমাধান করার ক্ষেত্রে কোন ভূমিকা পালন করতে পারেনি। তাই এটার প্রয়োজন ছিল। সুতরাং যে উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে বিলের উদ্দেশ্য সম্পর্কে আমাদের কোন দ্বিমত নেই। আমরা সম্পূর্ণভাবে এই বিলটার সাথে সহমত। কিন্তু যেহেতু মাননীয় মন্ত্রী বিলটিকে সিলেক্ট কমিটিতে দিয়েছেন সেখানে পর্যালোচনা করার সুযোগ থাকবে। যে প্রসেসটা, পদ্ধতিটা কারণ এখানে একটা খুব বিলম্বিত পদ্ধতির কথা বলা আছে। ডেজিগনেটেড অফিসারের কাছে যাবে, সে যদি ঠিকমত রিলিফ না দেয় এ্যাপিলেট অথরিটি, এ্যাপিলেট অথরিটির কাছে রিলিফ

না পেলে তারপরে রিভিউ অথরিটি, রিভিউ অথরিটির কছে রিলিফ না পেলে শেষ পর্যন্ত এই সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে একটা কমিশন গঠন করারও প্রস্তাব সরকারের রয়েছে সেখানে যাবে। তাহলে একজন গ্রামের সাধারণ মানুষ তার একটা অভিযোগের প্রতিকার পেতে গেলে যদি এতগুলি জায়গায় তাকে ঘোরাঘুরি করতে হয় অনেক সময় তার পক্ষে সেটা ক্লান্তিকর, কষ্টকর এবং বিড়ম্বনার বিষয় হয়ে উঠবে। সুতরাং এই পদ্ধতিটিকে বিলম্বিত না করে কতটা সহজ করা যায়, সংক্ষিপ্ত করা যায় কিনা সেটা ভাবার বিষয় রয়েছে। তারপরে এই বিলের মাধ্যমে কর্মচারীদের যে ইনসেনটিভ দেওয়ার কথা আছে সেটা নীতিগত ভাবে কতখানি সঠিক সেই সম্পর্কে পর্যালোচনার প্রশ্ন রয়েছে। আরও কিছু বিষয় আছে। সুতরাং এটা সিলেক্ট কমিটিকে পাঠিয়ে যথেষ্ট সঠিক সিদ্ধান্তই গ্রহণ করেছেন। আমি আর এই বিলের উপরে বেশি বলতে চাইছি না। বিলটাকে তো সমর্থনই করেছি। এবং এটা যাতে একটা কার্যকরী বিল হিসাবে বিধানসভা থেকে আইনে পরিণত হয় সেই জন্য ভালো করে এটাকে পর্যালোচনা করে আমাদের প্রয়োজনীয় সংশোধনী, সংশোধন, সংযোজন ইত্যাদি করে, বিলটিকে আমরা যাতে ঐ ৩০শে জুনের মধ্যে বিধানসভায় আনতে পারি তার উদ্যোগ গ্রহণ করা হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী সাধন পান্ডে কর্তৃক আনিত যে বিল নং ১১ অফ ২০১৩, দ্যা ওয়েস্ট বেঙ্গল রাইট টু পাবলিক সার্ভিসেস বিল, ২০১৩ এটি আনা হয়েছে। এবং মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি নিজে অবগত আছেন, যে যখন সর্বদলীয় বৈঠক হয় তখন সবাই মিলে বিশেষত মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে বলা হয় যে সবকটি বিলই পাঠিয়ে দেওয়া হচ্ছে। সুতরাং অন্তত দুই-একটা বিল সিলেক্ট কমিটিতে আলাপ আলোচনা করার দরকার অনেক সময় তাড়াতাড়িতে ভুল হওয়ার সুযোগ থাকে। এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। অনেকের ইচ্ছা ছিল, অনেকের ইচ্ছা থাকে এমনকি অনেক বড় বড় সরকারও এই ধরনের একটি বিলকে টেবল করতে যে নির্ভীকতার, সাহসীকতার প্রয়োজনীয়তা থাকে তার অভাব দেখা যায়।

[2.30–2.40 p.m.]

এইক্ষেত্রে আমাদের নতুন সরকার তারা এসেই উপলব্ধি করতে পেরেছিলেন, তিনটি জিনিসের। এবং ওই মূল তিনটি জিনিসের উপরেই সরকার কাজ করে চলেছেন। একটি হচ্ছে, স্বচ্ছতা, দুই হচ্ছে সততা, তিন হচ্ছে দ্রুততা। এবং এই তিনটি বাক্য শুধুমাত্র মন্ত্রীসভার সদস্য বা বিধানসভার সদস্যদের মধ্যে থাকলেই চলবে না। যাঁরা এই সরকার নামক রথটাকে চালান, তাঁদের নিজের যে চাকা, অর্থাৎ আধিকারিক এবং কর্মচারীরা যাঁদের মাধ্যম দিয়েই এই পরিষেবাগুলো সাধারণ মানুষ পায়। সেই পরিষেবাতেও দ্রুততা, সততা ও স্বচ্ছতা আনতে হবে। সেই লক্ষ্যেই মুখ্যমন্ত্রী ক্যাবিনেটের মন্ত্রী সভায় এটা পাশ করানোর পর এই বিলটি এনেছেন। এবং লক্ষ্যটা কি যে আমরা 'জাত সার্টিফিকেট' সময় মতো যাতে পাই, আমরা যাতে 'বার্থ সার্টিফিকেট' সময় মতো পাই, আমরা সরকারের নির্দিষ্ট প্রকল্পের যা আমার পাওয়ার কথা সেটা যেন ঠিক মতো পাই, স্বাস্থ্য দপ্তর হোক, কৃষি দপ্তর হোক — এটাই মূল বিষয়বস্তু। কিন্তু অনেক সময় এই বিলের মধ্যে আছে যেটা প্রবোধবাবু বলছিলেন, আরো বিশদভাবে আপনারা নিশ্চই সিলেক্ট কমিটিতে বলবেন। কিন্তু এটাও একটা লক্ষণীয় যে অনেক সময় আমরা কারোর প্রতি রাগত প্রতিশোধের জন্য অনেক সময়

সত্যটাকে না বলে অসত্যটাকে নিয়ে আসি। যাতে যিনি দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মচারী বা আধিকারিক তাকে কিন্তু ক্ষতিগ্রস্থ করা তার মানহানি করার ব্যবস্থা করা। সেখানেও কিন্তু এই বিলের appellate-এ ব্যবস্থা গ্রহণ করা আছে। সুতরাং এই বিলটি আজকেই এই সভায় অনুমোদন হওয়াটা খুব কঠিন ছিল না। কিন্তু যেহেতু বিরোধীরা মূলতঃ আর একটু আলোচনা চেয়েছেন, মুখ্যমন্ত্রী নিজে সম্মত হয়েছেন এবং মন্ত্রীকে অনুরোধ জানানো হয়েছে যে এটা সিলেক্ট কমিটিতে দেওয়া এবং প্রবোধবাবু ইতিমধ্যে সিলেক্ট কমিটিতে পাঠানোর জন্য অধ্যক্ষের কাছে অনুরোধও জানিয়েছেন। আমি শুধু মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মন্ত্রীকে অনুরোধ জানাবো ওটা ৩০শে জুন পর্যন্ত না নিয়ে গিয়ে ওটাকে যদি একটু এগিয়ে আনা যায়— সময়টা অনেক বেশি হয়ে যাচ্ছে ৩০শে জুন। সেইক্ষেত্রে যদি আপনি ওটা একমাস সময়ের মধ্যে দিয়ে বসে, কেননা এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কমিটি এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। মানুষ পরিষেবা চাইবে, পরিষেবা চায়, দ্রুততার সাথে, স্বচ্ছতার সাথে, সততার সাথে। সরকারের মনোভাব ব্যক্ত এখানে, এই বিলে আছে। আলাপ আলোচনাটা ঘন ঘন করে অন্তত মাসখানেকের মধ্যেই এই রিপোর্ট যাতে আপনি পেশ করতে পারেন, তারজন্য যদি ব্যবস্থা গ্রহণ করবার জন্য সিলেক্ট কমিটিকে বলেন।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকের যে বিলটা এসেছে Right to Public Services, এই বিলটি সিলেক্ট কমিটিতে পাঠানো হল। আমার মনে হয় খুব ভালো ডিসিশান। কেননা যেভাবে বিলটির ড্রাফট করা হয়েছে, সেই অবস্থায় যে উদ্দেশ্যে এটা আনার কথা ছিল সেই উদ্দেশ্য সাধিত হত না। আমার বক্তৃতা ছিল আমি সেটা হয়তো ব্যাখ্যা করতে পারতাম। Right to information যে বিলটা আছে, যে অধিকারগুলি আছে, এটা অনেকটা তাই। কিন্তু তার চাইতে অনেক বেশি Information এর। ওখানে শুধু Information আর এখানে public serviceটাকে ensure করতে হবে। এবং সেই public service ensure করবে, কোন public service? এখানে বলা আছে যে notify public service, এবং within the notified time limit. এবং website-এ দেওয়া থাকবে। তাহলে notified public service not all the public services। আমি জানিনা, এই ব্যাপারটা কী রকম আছে। এটাও আমাদের অবশ্যই Select Committee-তে দেখার ব্যাপার থাকবে। এছাড়াও যে সময়ের মধ্যে করার কথা, যে designated officer এর করার কথা, Sir আমাদের সরকারে functions গুলো well-defined নয়। এটা বোধহয় আমাদের সবারই জানা। ওখানে মাননীয় গুপ্ত সাহেব আছেন, আমাদের Ex Chief Secretary, তিনিও জানেন, এখানে অনেক officer আছেন, police officers আছেন, যারা ছিলেন, এবং শুধু তাই নয়, management এর গুরুর মতন রয়েছেন উপেনদা, এরা সবাই জানেন, যে আমাদের কাজগুলি well defined নয়। স্যার, আমি একটা ছোট্ট উদাহরণ দিই, এই কয়েকদিন আগে আমি এটাকে face করেছি জলপাইগুড়িতে। এই যে ডোম, যারা মৃতদেহ বিভিন্ন জায়গা থেকে নিয়ে আসে, জলপাইগুড়ির এক ডোমের ৫ লক্ষ টাকা due হয়েছিল। ৫ লক্ষ টাকা। কতদিন ধরে হয়ে থাকবে, একবার ভাবুন তাহলে। এই serviceটা, এই যে ডোমের যে billটা দেওয়া, সেইটা পর্য্যন্ত করতে পারছিল না। কারণ কি, বিভিন্ন থানা থেকে ঐ যে police report গুলি আসছিল, সেই পুলিশ রিপোর্টে ঠিকমত করে discharge দেওয়া নেই, ঠিক মতন করে রেট দেওয়া নেই। এই প্রায় ৮ মাস ৯

মাস পরে, সেই ডোম ভদ্রমহোদয় বিল পেলেন। বিভিন্ন পুলিশ থানা থেকে গাফিলতি, তারপরে যিনি Dealing Assistant তিনি ঐগুলি ফেলে রেখে দিয়েছেন। আবার ঐ section এর যিনি in charge, officers এর মধ্যে বেশ কয়েকবার চেঞ্জ হয়েছে, এবারে designated officers কার উপর দায়িত্বটা রাখবেন, কাকে ফাইল দেবেন। কার উপরে ফাইলটা দেবেন। এইসব ব্যাপারগুলি থাকে। এরপর যে ব্যাপারটা, আমরা তো bureaucracy তে আছি, এবং ব্যুরোক্রেসির প্রধান তিনটি টার্ম ব্যুরোক্রেসির সঙ্গে যেটা জড়িত, একটাকে বলা হয় rule bound। আপনারা এই নিয়ে বলতেই পারেন, এই যে Rule Bourd এর জন্য কিছু করা যায় না। আবার এও ঠিক rule bound যদি না হোত, তাহলে ধরতেও পারতেন না। যা ইচ্ছা তাই করে যাবে। আজকে আমরা ধরছি কাউকে, অমুক অমুক করেছেন এই 2G তে অমুক হয়েছে। এই শুনলাম, এর আগে সুন্দরবনের মন্ত্রী নিয়ে কিছু কথা হচ্ছে। তিনি এইসব করেছেন। এই কয়েকদিন আগে SJDA থেকে চলে এল, তিনি এইসব করেছেন। তো কি, Because ruleটা violate করা হয়েছে। তো, rule bound এই bureaucracyর একটা বড় জিনিস। Authority। Authority তো থাকতে হবে তার। মন্ত্রী মহোদয়ের authority থাকতে হবে। Transport Minister bus এর, বাস ফেয়ার ঠিক করলেন, তো সেটাকে মানতে হবে তো। তার সেই অথরিটি তো থাকতে হবে।

Mr. Speaker : Select Committee তে তো যাচ্ছে। ঠিক আছে। ঠিক আছে, আপনি Select Committee -তে তো আলোচনা করার সুযোগ পাবেন।

ডঃ সুখবিলাস বর্মা : আমি বললাম এইসব ব্যাপারগুলো আলোচনায় থাকবে। এখন ডিস্ট্রিক্টে আপনি জানেন স্যার, District Administration is the pivot অফ administration. সেই District Administration-এ এখন Panchayatiraj এসে গেছে, Municipality এসে গেছে। এই যে panchyatiraj. municipality এগুলো নিয়ে সেখানে functionsগুলো defined কিনা, যদি ফাংশানসগুলো defined হয়, তাহলে 3F- functions, functionaries, finance, এইসব গুলি আসবে স্যার। এই সবগুলো নিয়ে details আলোচনা করার জন্য অনেক সময় লাগবে। কাজেই, আমার মনে হয়, তিন মাস সময় ঠিকই আছে। কারণ এক মাসের মধ্যে, বিশেষ করে এক মাসের মধ্যে সম্ভব নয়। এক মাসের মধ্যে বোধহয় সম্ভব নয়। তারপরে, এর মধ্যে আবার যদি Panchayat election আসে, তাহলে আরো খুব খারাপ অবস্থা হবে, সবারই। কাজেই আমার মনে হয়, তিন মাস সময়, মাননীয় মন্ত্রী যা চেয়েছেন, ঠিকই আছে স্যার। কাজেই যে মুভটা তিনি করেছেন, সেটাকে support করে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : There is an amendment to the motion. Now I call upon Shri Md. Sohrab to move the amendment.

Shri Md. Sohrab : Sir, I beg to move that the name of Dr. Sukh Bilas Barma be included in the Select Committee of West Bengal Right to Public Services Bill, 2013 as proposed by Hon'ble Minister Shri Sadhan Pande.

[2.40–2.50 p.m.]

Mr. Speaker : I now put to vote the amendment moved by Shri Md. Sohrab. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The amendment is admitted.

Now, the question before the House is the amended Motion for reference of the Bill to the Select Committee. As many as are of that opinion will please say Aye; as many as are of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it. The Motion is adopted.

The report of the Select Committee should be submitted as early as possible preferably within one month. Under Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly, I appoint Shri Sadhan Pande, Minister-in-Charge of Consumer Affairs Department, the Chairman of the Select Committee on the West Bengal Right to Public Services Bill, 2013.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয় স্পিকার স্যার, আপনার অনুমতি নিয়ে আমি ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামহিম রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন যে ভাষণ এই হাউসে দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে ২-৪টি কথা বলা শুরু করছি। যাইহোক, বলার শুরুতেই সুভাষবাবু চলে গেলেন। গতকাল ওখানে বসে সুভাষবাবু বক্তব্য রাখছিলেন। উনি প্রাজ্ঞ মানুষ, পন্ডিত মানুষ, এখানে বহু বছর ধরে এই হাউসে আছেন। সুভাষবাবু বলতে গিয়ে বলছিলেন যে রাজ্যপালের এই ভাষণ কারা এটা লিখে দিয়েছেন, এতো সরকারের কথা, রাজ্যপাল বলেছেন। আমি জানি না, সুভাষবাবু নিশ্চয় রীতিনীতি সবটাই জানেন এবং তিনি নিশ্চয় জানেন যে এটাই বোধ হয় রীতি সারা ভারতবর্ষে। সরকারের কথাই রাজ্যপাল বলেন। আমার হাতে ১৯৯৪ সালের তৎকালীন রাজ্যপাল—আমি জানি না নাম বলাটা ঠিক হবে কিনা শ্রী কে ভি রঘুনাথ রেড্ডি—এই হাউসে দাঁড়িয়ে বক্তব্য রেখেছিলেন। সেই বক্তব্যে তিনি বলেছিলেন ১৯৯৩ সালে এই রাজ্যে মোটামুটি শান্তি বজায় ছিল। এই রাজ্যের মানুষ বিচক্ষণ এবং বাস্তববোধসম্পন্ন ও প্রশাসন সজাগ। প্রধানত এই কারণে সাম্প্রদায়িক পরিস্থিতিও সাধারণভাবে স্থিতিশীল ও স্বাভাবিক ছিল। '৯৩ সালের ২১শে জুলাই কলকাতার রাজপথে তেরোজন তরতাজা যুবক শুধুমাত্র 'নো আইডেন্টিটি কার্ড, নো ভোট' এই দাবী নিয়ে আন্দোলন করতে গিয়ে, রক্ত দিয়ে বাংলার রাজপথকে লাল করে দিয়েছিলেন। রাজ্যপালের ভাষণে তার এক লাইনও তোলা নেই। সেই লেখাটা কে লিখে দিয়েছিলেন। আমি সুভাষবাবুর কাছে আপনার মাধ্যমে এই কথাটা জানতে চাইছি। মহামহিম রাজ্যপাল যেটা বলেছিলেন যে পশ্চিমবাংলায় এর

আগে-গতকাল আমাদের সামনে বসেই বাংলার আর এক প্রাক্তন মন্ত্রী যাকে এখন কঙ্কাল কেলেঙ্কারির নায়ক বলেই বাংলার মানুষ বলেন, তিনি বক্তব্য রাখতে গিয়ে বললেন—অনেক কথা বলেছেন—যে বাংলায় আজ অপদেবতার রাজত্ব চলছে, বাংলায় অশান্তির রাজ কায়েম হয়েছে। কার মুখ দিয়ে এই কথা শুনি—

"একি কথা শুনি আজি মন্থরার মুখে।"

যে সরকারের আমলে যে মানুষগুলোর হাতে সাঁইবাড়ির ঘটনা ঘটে, যে মানুষগুলোর হাতে নেহার বাণু ধর্ষণ হয়, পুলিশের হাতে, সেই কথা রাজ্যপালের ভাষণে থাকে না, যাদের সময়ে বানতলার ঘটনা ঘটে, যাদের সময়ে সূচপুরের ঘটনা ঘটে, যাদের আমলে বক্তার মিঞার বাড়িতে এগারোটা মানুষকে পুড়িয়ে মারা হয়, যাদের আমলে নন্দীগ্রাম ঘটে, যাদের আমলে সিঙ্গুর ঘটে, সেই আমলের মানুষ যখন শান্তির কথা বলেন, আইন-শৃঙ্খলার কথা বলেন, তখন ভাবতে ইচ্ছে করে, বলতে ইচ্ছে করে—

"তুমি মহারাজ, সাধু হলে আজ
আমি আজ চোর বটে।"

এ কোন জায়গায় আছি? এখানে দাঁড়িয়ে কালকে উনি অনেক কথা বলে গেছেন।

এখানে দাঁড়িয়ে আরেকজন প্রাক্তন মন্ত্রী—কিছুদিন আগে তিনি মার খেয়েছিলেন বলে বাংলার কাগজে, বাংলার সংবাদপত্রে বেরিয়েছিল, তিনিও আমাদের রাজ্যের আইন-শৃঙ্খলার কথা বলেছেন। তার কাছে আমার একটা ছোট্ট প্রশ্ন, আপনি অন্য দলের মিটিং-এ কেন ঢুকলেন? দলের মধ্যে আপনার অধিকার কমে যাচ্ছে, দলের মধ্যে আপনার জায়গাটা ঠিক নেই, তাই মার খেয়ে নায়ক হবেন বলে আপনি ওখানে ঢুকে পড়েছিলেন! আমি জানিনা, অন্য একটা রাজনৈতিক দলের যেখানে মিছিল হচ্ছে, যেখানে মিটিং হচ্ছে, সেখানে ঢুকে কেন তিনি উত্তেজনা সৃষ্টি করেছিলেন। উনি কি ভাবতেন ক্যানিঙের বুকে একমাত্র ওনারই মস্তানি করার অধিকার আছে। উনি আগে যেমন কোন মানুষকে ভোট দিতে দিতেন না, উনি কী ভেবেছিলেন এই আমলেও সেটা চলবে! তারজন্য তিনি নাটক করতে গিয়ে একটা সিচ্যুয়েশানের সৃষ্টি করেছিলেন কিনা আমি বলতে পারব না। আর যখনই আইন-শৃঙ্খলার কথা হচ্ছে, তখন কংগ্রেসের বেঞ্চ থেকে আরেকজন প্রাক্তন মন্ত্রী যিনি কিছুদিন আগে কিছুদিন আগে মন্ত্রী ছিলেন, তিনি টেবিল চাপড়াচ্ছিলেন। তাকে জিজ্ঞাসা করতে আমার ইচ্ছা করছিল—আমি ভেবেছিলাম তিনি হাউসে থাকবেন, তাহলে তাকে আমি জিজ্ঞাসা করতাম—টিভির পর্দায় আমরা দেখেছিলাম মঙ্গলকোটের ধান্যরুই গ্রামে ধুতি-পাঞ্জাবি পরে একজন মানুষ দৌড়চ্ছেন। চটিটা তার খুলে গেছে, কাদায় মাখামাখি হয়ে গেছে তার ধুতি পাঞ্জাবি, সাংবাদিকদের সঙ্গে তিনি কথা বলতে পারছেন না। তখনকার দিনের আইন-শৃঙ্খলা তার ভালো লেগেছিল কিনা এটা আমার জানতে ইচ্ছা করছিল। শিয়ালদহের বুকে একটা বাজারে যখন আগুন লেগেছিল, বেশ কিছু মানুষ তাতে মারা গিয়েছিল। বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মর্গের সামনে বসে আছেন, সেই মানুষগুলির পরিবারের হাতে যাতে সেই মৃতদেহগুলিকে পৌঁছে দেওয়া যায়। যেহেতু ঐ অঞ্চলটাতে সংখ্যালঘু সম্প্রদায়ের বাস ছিল, মাননীয়া মুখ্যমন্ত্রী তাদের সঙ্গে বসে কথা বলছিলেন। তখন বাংলার সেই প্রাক্তন মন্ত্রীকে দেখলাম, মুখ্যমন্ত্রীকে প্রায় মাথা নীচু করে নমস্কার করছেন।

আমার একজন বান্ধবী আছেন, তিনি আমার ছোট বোনও বটে, রাজনীতির মানুষ, তিনি আমাকে বলছিলেন ঐ সময় এটা দেখে মনে হচ্ছে—

সর গরলঃ খন্ডনং,
মম শিরশি মন্ডলং,
দেহি পদবল্লভ মুদারম্।

এইভাবেই তিনি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলছেন, আরেকবার মন্ত্রী হওয়া যায় কিনা। এই চলছে আজকে পশ্চিমবাংলায়। এখানে বসে বিপ্লব করছেন, আর ওখানে গিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে নতজানু হয়ে যাচ্ছেন। আমি জানিনা, বামফ্রন্টের মানুষজনের এত রাগ কেন। গতকাল বক্তৃতা দিতে গিয়ে সেই প্রাক্তন মন্ত্রী বলছিলেন আমাদের দলের কোন মন্ত্রী নাকি বলেছেন, বিরোধী নেতাকে ঘুঙুর পরিয়ে নাচাবেন। নাচতো কোন খারাপ জিনিস নয়। উদয়শঙ্করতো নেচেই পৃথিবী বিখ্যাত হয়েছিলেন। কিন্তু আপনারা কি বলেছিলেন? আপনারাইতো বলেছিলেন, নাচাতেও হবে এবং নাচতেও হবে। আপনারা একসময় কি বলেছিলেন? আপনারা বলেছিলেন, দিদি থেকে দিদিমা হয়ে যাবে, কিন্তু বাংলার মুখ্যমন্ত্রী হওয়া নাকি মমতা ব্যানার্জ্জীর হবেনা। সেটাকে অবাস্তব প্রমাণ করে দিয়ে তিনি মুখ্যমন্ত্রী হয়েছেন দিদিমা হওয়ার আগেই। তাই কি উল্টোপাল্টা বলতে শুরু করেছেন আপনারা ? সেদিন যে সমস্ত কথাগুলি মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আপনাদের নেতারা বলেছিলেন তা কি ভুলে গেছেন? মমতা আর মহাশ্বেতা দেবী নন্দীগ্রামে ঢুকলে পড়ে সাঁইবাড়ি হত্যাকাণ্ডের নায়ক কী একটা যেন দেখাতে বলেছিলেন মেয়েদের। এটা কোন সংস্কৃতি জগতের মানুষের কথা আমি জানিনা, এটা আপনাদের কোন শালীনতাবোধের কথা আমি জানিনা। আরেকজন বলেছিলেন- উনি তো মা হননি, উনি বুঝবেন কি করে ভারতবর্ষের সন্তানদের প্রতি মানুষের ভালোবাসার কথা। আমি এতে রাগ করিনা অবশ্য, কারণ এ মানুষগুলোর কাছে সেই নেত্রী বড় হয়েছিলেন যিনি বউবাজারের সাট্টা ডনকে দলের মহিলাদের সাপ্লাই দিতেন। তাই ওরা মেয়েদের ঐভাবেই চেনেন। আমরা জানি মানুষকে ভালোবাসতে গেলে মা হতে হয় না, জীবনে কোনদিন মা না হয়েও সারদা মা আমাদের কাছে মা হয়েই বেঁচে থাকেন। আমরা জানি, জীবনে কোনদিন মা না হয়েও লাখ কোটি অনাথ সন্তানকে মাতৃত্বের ভালোবাসা দিয়ে মাদার টেরিজা মা হয়েই বেঁচে থাকেন। আমরা জানি, বেগম রোকেয়াদের আলাদা করে সন্তানদের মা হতে হয় না, পৃথিবীর মা হয়েই তারা বেঁচে থাকেন। তাই মা হয়েই মায়ের ভালোবাসা বোঝা যায় না, মানুষকে কীভাবে ভালোবাসতে হয় সেটা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী জঙ্গলমহলের মায়েদের ভালোবেসে বুঝিয়ে দিয়েছেন।

[2.50–3.00 p.m.]

এখানে দাঁড়িয়ে অনেক বিপ্লবের কথা হয়েছে। অনেকে বলেছেন দার্জিলিংয়ের মানুষগুলো আসছে না। দার্জিলিং কি আবার আলাদা হয়ে গেলো? আমরা দেখেছিলাম কলকাতার বুকে দাঁড়িয়ে অনেক বিপ্লবের কথা কালকেও বলেছেন অনেকে যে ঐ বুকের রক্তে কাঞ্চনজংঘার সাদা বরফ লাল করে দেবো, দার্জিলিংকে আলাদা হতে দেবো না। কিন্তু যাবার ক্ষমতা হয়নি তখনকার মুখ্যমন্ত্রীর, তখনকার প্রধানমন্ত্রীর হাত ধরে গান গাইতে হয়েছিলো—আমি যে পথ চিনি না,

দার্জিলিংয়ের পথে আমার হাত ধরে তুমি নিয়ে চলো সখা, আমি যে পথ চিনি না। দার্জিলিংয়ের পথে গান গেয়ে কোন রকমে একদিনের জন্য দার্জিলিং গিয়েছিলেন। আর একজন বীর পুঙ্গবের যাওয়ার সাহস হয়নি। কিন্তু বাংলার মুখ্যমন্ত্রী ওখানে দাঁড়িয়ে, ওখানকার মানুষের সামনে বলতে পারেন যে দার্জিলিং আমাদের ছিলো, দার্জিলিং আমাদের আছে, দার্জিলিং আমাদের থাকবে। এই সাহসটা যিনি দেখাতে পেরেছেন তিনিই বর্তমানে বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী। একথা ওরা ভাবতে পারেন, ওরা বলতে পারেন। অনেক দিন ধরে শুনছি, কিছু মানুষ বলছেন যে শিল্পের কী হলো? পার্থবাবু আপনি কি করলেন শিল্পে? আমার কাছে একটা কাগজ আছে, ডকুমেন্টস আছে। আমি এখানে মনে হয় একটু পিছিয়ে আছি পার্থ বাবু। আমি বোধহয় একটু আগেরটা বলছি, আমার যা ধারণা এখন বোধ হয় ২৫২টা প্রোজেক্ট হচ্ছে। আমার কাছে ১৭৬টা প্রোজেক্টের হিসেব আছে। এবং ১ লক্ষ কোটি টাকার আমাদের রাজ্যে এই বাইশ মাসে আমাদের সরকার যে নতুন ইনভেস্টমেন্ট এনেছেন তার একটা হিসেব আমার কাছে আছে। এখানে একটা কারখানার ভিত্তি প্রস্তর স্থাপন করতে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী শালবনীতে। জমি পুরো দেননি, ভিত্তি প্রস্তর স্থাপন হয়েছিলো। কারণ ওদের ক্যারেকটারে ঐ কিছু করার আগে 'মৌ' চুক্তি হতো। মৌ বনে আজ মৌ বসেছে বলে গান গাইতেন। তখনকার ঐ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশান নাকি তার চেয়ারম্যান আর মুখ্যমন্ত্রী ছবি তুলে বলতেন কারখানাটা হয়ে গেছে। কারখানা আর শেষ হতো না। আমাদের মুখ্যমন্ত্রী এবং আমাদের মাননীয় শিল্প মন্ত্রী কাজ শেষ না হলে বলেন না বলে তারা নাকি ছবিটা খুঁজে পায় না। .. (নয়েজ) .. কি বলছি দেখে নেবেন। আর এখানে দাঁড়িয়ে আমি বলতে পারি, যে জে. এস. ডব্লু. যে কারখানা করছে সেই কারখানার পুরো জমির সমস্যা মিটিয়ে দিয়ে কারখানা চালু করার জায়গায় তিনি নিতে পেরেছেন, সেটা কিন্তু এই বাইশ মাসের মধ্যেই, আগের সরকারের নয়। সাপুরজি-পালানজি গ্রুপ এক হাজার কোটি টাকা এখানে বিনিয়োগ করবেন বলে ঠিক করেছেন। যেখানে আই. টি. পার্ক, হাইড্রো ইলেকট্রিসিটি এগুলো হবে। এখানে দাঁড়িয়ে প্রায় ২২৫০ কোটি টাকা আই.টি. ইনভেস্টমেন্ট হচ্ছে এই বাইশ মাসে। অম্বুজা গোষ্ঠী, তাদের আর একটা সিমেন্ট কারখানা তৈরী করতে চাইছেন এই বাইশ মাসে। ৮০ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্ট প্রোপোজাল আসছে এইখানে বিভিন্ন কোম্পানীর হাত ধরে। পশ্চিমবাংলা এগিয়ে চলেছে শিল্পে। এদের চোখে সেটা পড়ছে না। কারণ এরা ভাবতেই পারছে না এতগুলি কাজ এখানে হচ্ছে কি করে? এখানে শ্যাম স্টীল নতুন প্রোজেক্ট তৈরী করছে। ডি.পি.এস.সি. লিমিটেড প্রায় ৩০২৪ কোটি টাকা ইনভেস্টমেন্ট করছে। জে.এস.ডব্লু. বেঙ্গল স্টীল ৩৫ হাজার কোটি টাকা ইনভেস্ট করছে। ম্যাট্রিকস ফার্টিলাইজার প্রায় ৫ হাজার কোটি টাকা এখানে ইনভেস্ট করছেন। একটার পর একটা ইনভেস্টমেন্ট পশ্চিমবাংলার বুকে এগিয়ে আসছে। বাংলার মানুষ সেগুলি দেখতে পাচ্ছেন। বাংলার মানুষ সেগুলি বুঝতে পারছেন। শুধু এরাই, এরা দেখে উঠতে পারছেন না। শুধু এটাই, এরা বুঝে উঠতে পারছেন না। এদের জন্য দুঃখ হয়। পশ্চিমবাংলায় শুধুমাত্র শিল্প কেন বলবো, বাংলায় আর একটা জিনিস, শিল্প আসতে গেলে যেটা সব থেকে বেশী করে প্রয়োজন হয়। সেটার জন্য দরকার বিদ্যুৎ। বিদ্যুৎমন্ত্রী এখানে আছেন। পশ্চিমবাংলায় এই বাইশ মাসে বাংলার বুকে ১১টা অনগ্রসর জেলায় একটা সর্বাত্মক বিদ্যুতায়ন কর্মসূচী নিয়েছেন আমাদের মাননীয় বিদ্যুৎ মন্ত্রী। প্রায় ৪২০০ মৌজায় নতুন করে বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। ২০১৩-র জানুয়ারী পর্যন্ত রাজ্যে ৯৫২.৭১ মিলিয়ান ইউনিট বিদ্যুত ব্যাঙ্ক তৈরী হয়েছে। বিদ্যুৎ ব্যাঙ্কে রাখা হয়েছে। যার ফলে, গ্রীষ্ম কালে ৪০০ মেগাওয়াট

যে বিদ্যুৎতের ঘাটতি আমাদের আছে সেটা মিটে যাবে। এগুলি জানতে গেলে পড়তে হবে। নাহলে পিছিয়ে পড়তে হবে। কিছু করার নেই। আপনারা পিছিয়ে যাচ্ছেন।

পশ্চিমবাংলায় এই ২২মাসে খাদ্য দপ্তর শুধুমাত্র কত মেট্রিকটন চাল সংগ্রহ করেছে সেটা বলছি না, বাংলার ইতিহাস তৈরি করেছেন বাংলার খাদ্যমন্ত্রী। একটা পিছিয়ে পড়া উপজাতি, যে উপজাতিটা উঠে যাচ্ছে, যারা নিশ্চহ্ন হয়ে যাচ্ছে টোটো সম্প্রদায়ের মানুষ। তাদের বাঁচিয়ে রাখার জন্য তাদেরও বিনা পয়সায় চাল দেওয়ার ব্যবস্থা দুই টাকা কিলো দরে চাল দেওয়ার ব্যবস্থা করেছেন—এই বাইশ মাসের সরকার। এটা আমরা ভাবতে পারিনি। বাংলার কৃষকের সঙ্গে ছিলাম, আমরা আছি এবং আমরা থাকব। তার জন্যই সিঙ্গুরের বুকে—আমরা কখনও জমি ফেরত দিতে পারিনি —কোর্টে বিচারাধীন আছে। কিন্তু আমরা সেই কৃষক পরিবারের জন্যই দুই টাকা কিলো দরে চাল আমরা বাংলার কৃষক পরিবারের দিয়ে তাদের পাশে থাকার কথা যে প্রতিশ্রুতি আমরা করেছিলাম, সেটা আমরা প্রমাণ করতে পেরেছিলাম। আর.আই.ডি.এফ. 17, 18 এবং পি.এ.জি. থেকে চার লক্ষ মেট্রিক টন চাল আমাদের রাখবার জন্য টেন্ডার প্রসেস চালু হয়েছে। যদিও এটা কেন্দ্রীয় প্রকল্প-এর টাকা কিন্তু আমাদের সরকার, সেই কাজ করে যাচ্ছে ২২ মাসে। সেইগুলিই মাননীয় রাজ্যপাল তারা ভাষণে লিখেছেন। তাই সেই মাননীয় রাজ্যপালের ভাষণকে পুর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ, নমস্কার।

শ্রী এস. এম. সাদি : সম্মানীয় স্পীকার স্যার, ভারতীয় সংবিধান ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে গত ৮ই মার্চ মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে সম্পূর্ণ ভাবে সমর্থন করতে পারছি না। ইতিমধ্যে আমাদের ৪২টি সংশোধনী জমা দিয়েছি। এটা ঠিকই, আমাদের সংবিধানে যে বাধ্যবাধকতা সরকার পক্ষ যা লিখে দিবেন, মাননীয় রাজ্যপালকে সেই ভাষণ এখানে পাঠ করতে হবে। মুখোশের আকারে বলতে হবে। মুখোশ তো আমরা আমাদের হাতে রয়েছে, কিন্তু গোটা পশ্চিমবাংলার আম জনতা জানে যে রাজ্যপাল এই সময়ের মধ্যে কী কথা বলেছেন আমাদের? মাননীয় রাজ্যপালের ভাষণে উল্লেখ নেই—চল্লিশ বছরের বিধায়ক আব্দুল রেজ্জাকের উপর নৃশংস আক্রমণ। সরকার পক্ষের মন্ত্রীরা বললেন, আরাবুল ইসলাম হচ্ছে তৃণমূলের মশাল। আর রাজ্যপাল বললেন, ওটা আমাদের সংস্কৃত নয়, ওটা আমাদের সংস্কৃত নয়, পশ্চিমবাংলায় রাজনৈতিক সংস্কৃত নয়। একটা গুন্ডাগীরি চলছে গোটা রাজ্যে। ......(গোলমাল)....... সর্বত্র বুঝতে কোন অসুবিধা হয় না। আমাদের বিরোধী পক্ষের, সরকার পক্ষের বন্ধুরা যে কথাগুলি বলছিলেন, রাজ্যপালের কথার মধ্যে দিয়ে গোটা রাজ্য জুড়ে আজকে সরকার পক্ষ, তৃণমূল কংগ্রেসের নন্দী-ভৃঙ্গীর দল গোটা রাজ্য জুড়ে যে সন্ত্রাস চলছে, সেই সন্ত্রাস চলছে গোটা বাংলায়, শহরে তার যে প্রকাশ সেই প্রকাশ ছড়িয়ে পড়েছে। মাননীয় স্পীকার স্যার, প্রতিদিন সংবাদপত্রে আমাদের বাড়ির ছেলে-মেয়েরা পড়ছে মুন্নাভাইকে। মুন্নাভাই রাজনৈতিক পরিচয় কী? আমার বাড়ির বাচ্চা ছেলে বলছে, মুন্নাভাই এম.বি.বি.এস. দেখ কী হয়ে গেল? কী ঘটনা ঘটছে আজকে সেখানে? পরিষ্কার বলা আছে মাননীয় রাজ্যপালের ভাষণে—যে সুশাসন দেব। প্রথম যখন সরকার এসেছিল তখন বলেছিল সুশাসন দেব। আর সুশাসনের নমুনা কী? প্রতিদিন টেলিভিশানে দেখা যাচ্ছে একটা মানুষ কিছুক্ষণ আগে জীবন্ত ছিল, জীবন্ত দেহটাকে নিয়ে চলে যাওয়া হচ্ছে সেখানে। ৫৫ ঘন্টা মুখ্যমন্ত্রী কোন বিবৃতি দেননি। আর রাইটার্স বিল্ডিং-এ দাঁড়িয়ে মাননীয় মন্ত্রী

বললেন, মুন্নার সঙ্গে কোন যোগাযোগ নেই, মুন্না এটা করতে পারে না।। আর আজকে সাবাতাজ কি বলছে, মুন্নার কন্যা কি বলছে? ববি আঙ্কেল আমার ফোন ধরছে না, ববি আঙ্কেল আমাদের কোন কথা শুনছে না। তাহলে বুঝতে অসুবিধা হয়-- ঝোলা থেকে বেড়াল বেড়িয়ে পড়ল। আপনাদের নৃশংস চেহারা, আক্রমণের চেহারা, সমাজ বিরোধীদের সঙ্গে আপনাদের যোগাযোগ -৩৪ বছরে রকম কোন ঘটনা ছিল না। আজকে বলতে হবে তো। সি.আই.ডি. তদন্ত করছে মাননীয় মন্ত্রী বলছেন। গোটা রাজ্য সরকারের—আজকে মন্ত্রীকে আড়াল করবার চেষ্টা করা হচ্ছে।

[3.00–3.10 p.m.]

আমি আমার কথা বলতে চাই যে এই পবিত্র সদনে আলোচনা হয়, আপনারা দেখেছেন এখানে খুব বড়াই করে বলা হয়েছে আমার সরকারের একটি প্রধান সাফল্য হল ধর্মঘটের কারণে শ্রম দিবস নষ্ট হওয়ার পরিমাণ কমে গেছে। মাননীয়া মুখ্যমন্ত্রী, আইন করে ধর্মঘট বন্ধ করার কথা বলেছেন। আমার দেশের শ্রমজীবি মানুষ এর বিরোধিতা করবে। আমরা কি শুনেছি? সারা পৃথিবীর দু'জন বিখ্যাত চিন্তাবিদ্—ক্র্যাত্রের এভং এ্যারি বারবুস ১৫ দফা দাবিতে একটা সনদ তৈরী করেছিলেন। আর মুখ্যমন্ত্রী যার গান অনবরত করেন, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর সেই ১৫ দফা দাবীকে সমর্থন করেছিলেন। সেই দাবীর মধ্যে বলা হচ্ছে—'রাজনৈতিক ধর্মঘট সবচেয়ে বেশী ফলপ্রসু ধর্মঘট। বিবর্তন এবং বিপ্লবের মধ্যে মধ্যবর্তী সময়ে সম্পন্ন শান্তিপূর্ণ বিপ্লব।' আমরা জানি কেন এগুলো করা হয়েছে। ধর্মঘটের দাবীগুলি কি ছিল? মূল্যবৃদ্ধি। ধর্মঘটের দাবীগুলি কি ছিল? খুচরো ব্যবসাতে বিদেশী বিনিয়োগ। আমি এই মহতি সভাতে জানাতে চাই, মুখ্যমন্ত্রী বামপন্থীদের স্লোগানগুলিকে তিনি চুরি করে নিয়ে নিজেকে বামপন্থা সাজছেন। কিন্তু বামপন্থা সাজাটা ওতো সহজ নয়। কালীঘাট থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করলেই বামপন্থা সাজা যায় না। তাকে ভূমিকা পালন করতে হয়। আজকে জানতে চায় দেখেছেন? ইতিমধ্যে বেরিয়ে এসেছে যে ওয়াল মার্ট য ওয়ালমার্টকে আমাদের দেশে ব্যবসা করবার জন্য হিলারি ক্লিন্টন চাপ দিয়েছিলেন। আমরা জানতে চাই মুখ্যমন্ত্রী শ্বেতপত্র প্রকাশ করুন। রাইটার্স বিল্ডিংয়ে তাঁর গোপন সভাঘরে কি আলোচনা হয়েছিল হিলারি ক্লিন্টনের সঙ্গে? কি আলোচনা হয়েছিল আমরা তো জানতে পারি না। মাননীয় বিধায়করা জানতে পারে নি। কোন গোপন আলোচনাগুলি হয়েছিল সেটা বুঝতে কোন অসুবিধা হয় না। তাঁর স্বার্থ সুরক্ষিত করা, সেজন্য আমরা জানি যে ধর্মঘটকে তিনি বলেছেন আইন করে বাতিল করা দরকার। মাননীয় শ্রমমন্ত্রী আছেন, সংবিধান কি বলছে? কথা বলার অধিকার, দাবী আদায়ের অধিকার, ধর্মঘট করবার অধিকার-এটা আমার ন্যায়সঙ্গত দাবী। ধর্মঘটকে অস্বীকার করছেন। মাঝে মাঝে আমাদের মুখ্যমন্ত্রী বলেন, আমি রেলের মন্ত্রী ছিলাম। আমি রেলের সব জানি। আমি আইন-কানুন সব জানি। আমি সংবিধান জানি। অথচ তিনি ঘোষণা করছেন ধর্মঘট করা বে-আইনী। আপনি জানেন না ধর্মঘট করাটা সংবিধানে শ্রমিক শ্রেণীর অধিকারের মধ্যে রয়েছে, নাগরিকদের অধিকারের মধ্যে রয়েছে? যে-কোন দেশে বা এটা আমাদের দেশে সংবিধান স্বীকৃত। আমরা কি দেখলাম? মাইক দিয়ে পুলিশকে দিয়ে প্রচার করা হচ্ছে। পুলিশ অফিসাররা বলছেন কি করব, বাধ্য হয়ে করা হচ্ছে। পরীক্ষা চলছে, মাইকে প্রচার করা হচ্ছে ধর্মঘট নিয়ে। ভাবা যায় না। আর আমি যে কথাটা বলতে চাইছি স্পিকার স্যার যে বিকৃত তথ্য দেওয়া হচ্ছে। শ্রমিকের অধিকার কেড়ে নেওয়ার জন্য বিকৃত তথ্য দেওয়া হচ্ছে। এখানে দেখেছেন আপনারা সকলে। এখানে

আলোচনা হয়েছে যে কত শ্রম দিবস নষ্ট হয়েছে শ্রমিকদের জন্য, শ্রমজীবিদের জন্য? মাত্র ৯ হাজার ৫৯২। আর মালিকদের জন্য কত হয়েছে? ৫৫ লক্ষ ৮৬ হাজার ১৭০ শ্রম দিবস নষ্ট হয়েছে। মাননীয় শ্রম দপ্তরের রিপোর্ট। আপনার মন্ত্রী সভায় শ্রম মন্ত্রীর রিপোর্ট। তাহলে বুঝতে অসুবিধা হয় না যে এইভাবে একতরফা ভাবে প্রচার করা হচ্ছে আমাদের রাজ্যের কর্মসংস্কৃতির কথা । শ্রমিকদের অধিকার কেড়ে নেওয়ার কথা বলা হচ্ছে। এগুলো বলা যেতে পারে একটা সংকীর্ণ রাজনৈতিক লক্ষ নিয়ে, দুরভিসন্ধি নিয়ে এই বিষয়গুলোকে করা হচ্ছে।। মাননীয় স্পিকার স্যার, আমি যেটা বলতে চাইছি এখানে অনেক সময় সংখ্যালঘুদের কথা আলোচনা করা হচ্ছে। সেখানে সংখ্যালঘুদের যে বিষয়, সাচার কমিশনের যে রিপোর্ট। একথা ঠিক, সারা দেশে একটা প্রচার হচ্ছে যে সংখ্যালঘুদের তোষণ করা হয়। প্রকৃত ঘটনাটা বিচার করবার জন্য রাজেন্দ্র সাচারের কমিটি গঠন করা হয়েছিল, কিন্তু আরেকটা বিষয় রয়েছে যেটা রঙ্গনাথন মিশ্র কমিশনের রিপোর্ট। রঙ্গনাথন মিশ্র কমিশনকে কি অ্যাকশন নিতে হবে, কি ভূমিকা পালন করতে হবে, সেটাকে তিনি নির্দিষ্ট করে দেন। সামগ্রিক চিত্রটা তুলে ধরেন রাজেন্দ্র সাচার। আর রঙ্গনাথন মিশ্র কমিশন কি অ্যাকশান নিতে হবে, কি ধরনের ভূমিকা নিতে হবে, কি কর্মসূচী নিতে হবে সেই বিষয়গুলিকে বলা আছে। আজকে যখন বামফ্রন্ট সরকার ছিল তখন ১০% সংরক্ষণ সংখ্যালঘুদের জন্য করা হয়। আমি যেটা বলতে চাইছি। আমি সংখ্যালঘু ঘরের ছেলে। আমরা জানি আমাদের কাছে কোনটা গুরুত্বপূর্ণ। শিক্ষাটা হচ্ছে আমাদের অগ্রাধিকার, স্বাস্থ্যটা অগ্রাধিকার, সংখ্যালঘু ঘরের মা-বোনেদের স্বাস্থ্যটা অগ্রাধিকার। কিন্তু আমরা লক্ষ্য করছি। এই মোয়াজ্জেম ভাতা, ইমাম ভাতার মধ্যে দিয়ে আজকে আমরা বুঝতে পারছি যে কোন্ দিকে যাচ্ছে। আমার কখনও কখনও মনে হয় কোন দুরভিসন্ধি নেই তো? পুরনো রাজনৈতিক দল, যাদের সঙ্গে জোট ছিল তাদেরকে সুযোগ করে দেওয়ার জন্য এগুলো করা হচ্ছে না তো? ইতিমধ্যে আমরা লক্ষ্য করছি আবার তাদের সঙ্গে তো মিল মহব্বত করতে হবে, একটু যোগাযোগ স্থাপন করতে হবে। পশ্চিমবাংলায় পুরনো রাজনৈতিক দলের সঙ্গে একটা জায়গা তৈরি করে নিতে হবে। এই রকম একটা দুরভিসন্ধি রয়েছে বলে মনে হয়েছে।

তাহলে হঠাৎ করে আজকে যখন মাদ্রাসার ছেলেরা, মেয়েরা পয়সা পাচ্ছে না, নতুন কোন মাদ্রাসা তৈরী হল না একটাও, দশ হাজার মাদ্রাসার গল্প-মানুষ ফেঁসে গেছে মানুষ ফেঁসে গেছে। কোথায় দশ হাজার মাদ্রাসা? আমার মনে পড়ছে, রাজ্জাক সাহেব প্রথমদিন বলেছিলেন, দশ হাজার মাদ্রাসা যদি হয় আমরা দু'হাত তুলে আশীর্বাদ করবো। কোথায় মাদ্রাসা? দশহাজার মাদ্রাসা নেই। তার কোন গল্প নেই। বরং আমরা বলতে পারি এই সময় এগুলোকে বন্ধ করেছে। সেইজন্য আমরা যেটা আজকে লক্ষ্য করছি, যে যে বিষয়গুলো রয়েছে সেগুলোকে বন্ধ করতে হবে। আজকে দেখুন, এই মা-বোনেদের কথা বলা হচ্ছে, অনেক গল্প করে, কবিতা করে বলা হচ্ছে, পার্কস্ট্রিটের ঘটনা, কাটোয়ার ঘটনা, হেমতাবাদের ঘটনা। আমাদের মন্ত্রীরা কী বলছেন? সাংসদরা কি বলছেন? বলছেন, ব্যবসা করতে গিয়ে পার্কস্ট্রিটে নিগৃহীতা মহিলা। তিনি বলছেন, এই ঘটনার মধ্য দিয়ে আমার ছেলেরা মেয়েরা স্কুলে যেতে পারছে না। আমরা সামাজিক দিক থেকে খুব অসুবিধার মধ্যে পড়ে গেছি। আর একজন সাংসদ, তৃণমূল নেত্রী বললেন, ওটা ব্যবসায়ীক কারণে হয়েছে, লেনদেনের মধ্য দিয়ে হয়েছে। কোন সংস্কৃতি, কোন দিকে নিয়ে যেতে চাইছেন? .... (গোলমাল) ... আমি যেটা আজকে বলতে চাই যে নারী নিগ্রহের ঘটনাটা, ওটা সামাজিক ব্যাধি। এটা টি.এম.সি. কংগ্রেস, বিজেপি অন্য কোন দলের বিষয় নয়। মা-বোনেদের সমভ্রম রক্ষা করা, তাদের নিরাপত্তা দেওয়া এটা আমাদের

সকলের কর্তব্য। ....(গোলমাল)..... এই সামাজিক ব্যাধির বিরুদ্ধে আমাদের লড়তে হবে। শুধু বামপন্থী, দক্ষিণপন্থীর ব্যাপার নয়, আমাদের সমাজে সকলে মিলে তাকে রক্ষা করতে হবে। কোন সময়ে কত ধর্ষণ হয়েছিল, কোন সময়ে কত নারী নিগ্রহ হয়েছিল, আমি তথ্য-পরিসংখ্যানের মধ্যে যাচ্ছি না। আমার কাছে রিপোর্ট আছে। এই সভাতে আলোচনা হয়েছে। কিন্তু, সরকারের মনোভাব যদি হয় এগুলোকে গোপন করবো, সরকারের মনোভাব হচ্ছে এগুলোকে আড়াল করবো, প্রকৃত ঘটনাগুলো আড়াল করবো, এটা হচ্ছে ভয়ঙ্কর ব্যাপার। সরকারের দৃষ্টিভঙ্গি বোঝা যায় না। বামফ্রন্ট সরকারের সময় কি হ'ত না, হত। আবার আমরা এটাও দেখেছি যে ফ্যালানিকে নিয়ে আসা হয়েছিল ফুলিয়া থেকে—এখানে মন্ত্রীমশায় রয়েছে, কিছু সত্যি আপনারা নারীত্বের অবমাননা নিয়ে ক্ষমতায় যাওয়ার জন্য সিঁড়ি হিসাবে ব্যবহার করেছেন। আপনারা চম্পলা সর্দারের গল্প তৈরি করে সেটাকে নিয়ে সিঁড়ি হিসাবে ক্ষমতায় যাওয়ার জন্য ব্যবহার করেছেন। ফুলিয়া থেকে, শান্তিপুর থেকে ফ্যালানিকে নিয়ে রাইটার্স বিল্ডিং-এ এসে ক্ষমতায় যাওয়ার জন্য এটাকে সিঁড়ি হিসাবে আপনারা ব্যবহার করেছেন। আমি যেটা বলতে চাইছি, এই সামাজিক ব্যাধিটাকে বন্ধ করবার জন্য ভূমিকা নিতে হবে। কিন্তু সে ক্ষেত্রে দেখা যাচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রী ছোট ছোট ঘটনা বলেছেন, বিষয়গুলিকে উপেক্ষা করার চেষ্টা হচ্ছে। বিষয়গুলোকে আড়াল করার চেষ্টা হচ্ছে এবং সমাজ বিরোধীদের কাছে বার্তা দেওয়ার চেষ্টা চলছে যে, এই হচ্ছে আমাদের সরকার, তোমরা কর আমরা তোমাদের সঙ্গে আছি। সেই জন্য আলোচনা হওয়ার দরকার আছে। সারা রাজ্য জুড়ে খুন, সন্ত্রাস চলছে। সারা রাজ্য জুড়ে কৃষকরা যখন ফসলের দাম পাচ্ছে না, ধানের দাম, গমের দাম কৃষকরা পেল না, কৃষকরা আত্মহত্যা করছে সেখানে। লাগাতার চা বাগানের শ্রমিকরা আত্মহত্যা করছে। পরিবহণের শ্রমিকরা আত্মহত্যা করছে। তার সিরিজ অফ লিস্ট তালিকা সেখানে রয়েছে। এর মধ্যে রাজ্যপালের ভাষণে কিছু অসত্য কথা, বিকৃতি কথা যা গোটা সমাজের চিত্র নয় আজকে সেটা তুলে ধরার চেষ্টা .... (এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল এম. কে. নারায়ণ গত ৮ই মার্চ ২০১৩ শুক্রবার যে ভাষণ দিয়েছেন তাকে পূর্ণ সমর্থন করে, পূর্ণভাবে সমর্থন করে একটি ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব উত্থাপন করছি। কেউ কেউ আমার সতীর্থ বন্ধু ইতোমধ্যেই অনুযোগ করেছেন যে, রাজ্যপালের ভাষণের পর ধন্যবাদ দেওয়া বা ধন্যবাদ প্রস্তাব আলোচনা করা প্রথম জরুরি ছিল কিন্তু তার পরে বাজেট পেশ হয়েছে তাতে রাজ্যপালের ভাষণ কালাত্মকের দোষে দুষ্ট হয়েছে। যখন দরকার ছিল তখন না করে পরে করা হয়েছে। আমি প্রথমে উল্লেখ করতে চাই যে কালাত্মক দোষ বলে যে দোষটিকে বলা হচ্ছে সেটা আসলে সাপে বর হয়েছে। রাজ্যপালের ভাষণ যদি সরকারের কৃতিপত্র হয় এবং সেটাই প্রথাসিদ্ধ হয় তাহলে বাজেট ভাষণের মধ্যে সরকারের কৃতিত্বের যে যে রেখাচিত্র অঙ্কিত হয়েছে তা কিন্তু রাজ্যপালের ভাষণের অভ্রান্ততাকেই প্রমাণ করেছে।

[3.10–3.20 p.m.]

মাননীয় রাজ্যপালের ভাষণ যে কী অভ্রান্ত দলিল বাজেটের শ্বেতপত্র তা প্রকাশ করেছে।

সেই হিসাবে এটা কালাত্যয় দোষে দুষ্ট না হয়ে আমাদের কাছে বরং আরো বেশী গ্রাহ্য বলে পরিগণিত হয়েছে। আমাদের দ্বিতীয় কথা হচ্ছে, মাননীয় রাজ্যপালের এই ভাষণের সঙ্গে আমরা সাধারণভাবে সে যে জিনিসগুলো দেখতে অভ্যস্ত, ভাষণের মধ্যে কী কী ক্ষেত্রকে স্পর্শ করা হয়েছে এবং কী কী ক্ষেত্রে কী কী সাফল্যের কথা বা ব্যর্থতার কথা ব্যক্ত হচ্ছে তার বিবেচনা করে আমরা যে-কোন সাফল্যের খতিয়ান করি। আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাইছি, প্রায় ১৯ পাতায় লিপিবন্ধ এই রাজ্যপালের যে লৈখিক চিত্র আমরা পেয়েছি সেই চিত্রের মধ্যে তার প্রাসঙ্গিকতা, তার বক্তব্য উল্লেখ না করে কিছু কিছু অ-প্রাসঙ্গিক তথ্য উল্লিখিত হচ্ছে। এই ভবনে উচ্চারিত হয়েছে, আমার জনৈক সতীর্থ সদস্য-বন্ধুর মুখ থেকে, আমি শুনেছি রবীন্দ্রনাথের একটা বিখ্যাত কবিতার কথা, 'নির্ঝরের স্বপ্ন ভঙ্গ'। তিনি উল্লেখ করেছিলেন যে সংস্কৃতির কক্ষে বসে বাতায়ণের দিকে তাকিয়ে তিনি এই নির্ঝরের স্বপ্নভঙ্গ লিখেছিলেন। এমন একটি মহতী কক্ষকে ঐতিহাসিক ভাবে সংরক্ষণ করা উচিৎ। আমি সেই 'নির্ঝরের স্বপ্ন ভঙ্গ' কবিতার একটি উদ্ধৃতি দিয়ে বাজেটে উল্লিখিত মহামান্য রাজ্যপালের ভাষণের যে গুরুত্ব এবং যে বিস্তৃতি তা আপনাদের কাছে পরিষ্কার করতে চাই। নির্ঝরের স্বপ্ন ভঙ্গে আমাদের মনে হয়েছিল রবীন্দ্রনাথ যখন লিখছেন 'আমি ভাঙিব পাষাণ ও কারা, আমি ঢালিব করুণাধারা, আমি জগৎ প্লাবিয়া বেড়াব গাহিয়া আকুলও পাগলও পারা'। এই কবিতা যখন তিনি লিখছেন সেইটি ছিল তাঁর কাব্য সঙ্গিতের 'শপথের শেষপত্র'। আমরা জানি মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের নেত্রী, মা-মাটি-মানুষে সরকারের পশ্চিমবঙ্গের আলোকদ্যুতি। অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায় যখন অধিষ্ঠিত হলেন মুখ্যমন্ত্রী রূপে তাঁরও শপথ ছিল এটাই, তাঁরও চিত্তে নির্ঝরের স্বপ্ন ভঙ্গ হয়েছিল এই স্বপথের মধ্যে দিয়ে যে 'আমি ঢালিব করুণা ধারা, আমি ভাঙিব পাষাণ ও কারা, আমি জগৎ প্লাবিয়া বেড়াব গাহিয়া আকুল পাগলপারা'। তাঁর সেই প্রেমের বাণী, সেই সৌন্দর্যের সিঞ্চন, সত্যিকারের পাষাণ কারার যে দীপ্ত শপথ, সেই শপথ প্রতি জায়গায়, প্রতি ক্ষেত্রে রণিত হয়েছে। আমরা রবীন্দ্রনাথের কথা আমরা বলি, আমরা স্বামী বিবেকানন্দের কথা বলি। রবীন্দ্রনাথ বলেছিলেন "রাষ্ট্রীয় সন্ত্রাসের দুটো লক্ষণ ফুঁটে ওঠে যারা অত্যাচারিত হয় তাদের মধ্যে। প্রথম লক্ষণ কি? যখন রাষ্ট্রীয় সন্ত্রাস অত্যন্ত তীব্র হয় তখন অত্যাচারিতদের মধ্যে একটা চাপ, জড়ত্ব ফুটে ওঠে। জড়ত্ব এমনভাবে আসে যে সেই জড়ত্ব থেকে মুক্তি পাওয়া যায় না। তারা ভয় পায়, কথা বলতেও ভয় পায়।" সেই জায়গায় ত্রাস, জড়ত্বকে মুক্ত করার জন্য মমতা বন্দ্যোপাধ্যায়, তাঁর সেই অগ্নি-সংগ্রাম শুরু করেছিলেন। রবীন্দ্রনাথ বলছিলেন "তার পরের যে ইতিহাস সেইটি হচ্ছে, মানুষ যখন মুক্ত হয়, মানুষের মধ্যে যখন সাহস সঞ্চারিত হয়, ম্লান মুখে যখন ভাষা আসে তখন তারা প্রতিবাদের স্পৃহায়, প্রতিবাদের জন্য অত্যন্ত সুদৃঢ় হয়ে ওঠে, তারা নতুন করে প্রতিহিংসায় মেতে ওঠে।" ঠিক সেই জায়গায় আমাদের এই পশ্চিমবঙ্গের মুক্তি যুদ্ধের আগে, আমাদের মমতা বন্দ্যোপাধ্যায় সেই ত্রাস মুক্তির শপথ নিয়েছিলেন এবং যে মুহূর্তে তিনি ক্ষমতায় এলেন তখন তিনি বললেন, না আর ত্রাস নয়। এখন আর বিনাশের হুঙ্কার নয়, সঞ্জীবনী ঝংকার শোনাও। এখন আর কোনরকম হিংসার হুহুঙ্কার নয়, এখন শান্তির সংগীত-রবীন্দ্র সংগীত শোনাও। এই ত্রাসমুক্তির দুটো দিক আমাদের নেত্রী জানিয়েছিলেন। আমরা সেইভাবেই দেখতে পাচ্ছি এই পশ্চিমবঙ্গের বুকে নতুন নতুন সাফল্যের রূপরেখা। রাজ্যপালের ভাষণের মধ্যে আমরা দেখেছি প্রায় ৫৫টি বিভিন্ন ক্ষেত্রে তার সেই সাফল্যের রূপ ফুটে উঠেছে। ঠিক সেই জায়গায় যদি রবীন্দ্রনাথের

কবিতা বাদ দিয়ে সত্যেন্দ্রনাথ দত্তের সেই কবিতা ধরি 'কোথায় কোথায় তার সাফল্য' তাহলে আমাদের বলতে হবে 'সেই মুক্ত বেণীর গন্ধা যেথায়, মুক্তিবিতরে রঙ্গে'—পশ্চিমবঙ্গের আমরা যেখানে এখন বাস করছি সেখানে এখনও 'কাঞ্চন মুকুট শৃঙ্গে যাহার কিরণে ভুবন আলো, সাগর যাহার বন্দনা রচে শত তরঙ্গ ভঙ্গে'। সেই সাগরের তরঙ্গের মাঝখানে দাঁড়িয়ে সেই কাঞ্চনশৃঙ্গ মুকুটকে সাক্ষী রেখে, সমতলকে সাক্ষী রেখে, জঙ্গলমহলকে সাক্ষী রেখে, সবাইকে সাক্ষী রেখে মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়নের বন্যা বইয়ে দিচ্ছেন। আর তাতেই আমরা বুঝতে পারছি আমাদের পশ্চিমবঙ্গ সরকার এখন কোন্ জায়গায় গেছে। আমাদের নেত্রী বলেছেন, আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন আমরা সত্যিকারের মরুভূমির মধ্যে, শোষনের মধ্যে, নতুন করে সবুজের সৃষ্টি করছি। আমরা সবুজায়ন করছি, আমরা সেই কথাই অন্যভাবে বলতে পারি, 'আমরা শ্মশানের বুকে রোপন করেছি পঞ্চবটী, তাহারই ছায়ায় মিলাবো আমরা জগতের শতকোটি'। আমরা রিক্ততার পাষাণস্তূপের মধ্যে সৃষ্টির রক্তকরবী ফোটাতে চাইছি। ঠিক সেই কারণেই আমরা যেমন আমাদের খাদ্য সম্পদে ঋদ্ধ হচ্ছি, আমরা যেমন আমাদের শান্তিশৃঙ্খলা ফিরিয়ে আনার জন্য শপথ গ্রহণ করছি, আমরা যেমন শিল্পে সমৃদ্ধ হবার চেষ্টা করছি, আমরা যেমন বিভিন্ন শ্রেণীর মানুষের স্পর্শ করে তাদের এক সঙ্গে শ্রেণী সমন্বয়ের পথ ধরে নতুন বিপ্লবের স্বপ্ন গাইবার চেষ্টা করছি, ঠিক তেমনি ভাবেই আমরা আমাদের মধ্যে আনন্দ, আমাদের মধ্যে চিত্ত প্রসার গীত, আমাদের মধ্যে সত্যিকারের মনীষীদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন, আমাদের জাতীয়তাবোধকে জাগ্রত করবার চেষ্টা করছি। ঠিক সেই কারণেই আমরা কখনও কখনও বলেছি—আমরা সংস্কৃতি চর্চাকে ছড়িয়ে দিয়েছি বিভিন্ন ক্ষেত্রের মধ্যে। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের সংস্কৃতি, আমাদের আনন্দ, আমাদের শিল্প, শুধুমাত্র ব্যক্তিকতার মধ্যে আবদ্ধ না করে আমরা ছড়িয়ে দিতে চেয়েছি। তাকেও ব্যঙ্গ করছেন, তাকেও বিদ্রূপ করছেন আমার লোহিতবাদী, তথাকথিত বিপ্লববাদী বন্ধুরা। আমরা জানি সংস্কৃতি কী? বুদ্ধিজীবী যারা এককালে স্বার্থপরতার কূপ-মন্ডুকতার মধ্যে বাস করতেন, তারা ভাবতেন তারাই বোধ হয় বুদ্ধিজীবী। বুদ্ধদেব বসু বলেছিলেন, 'বুদ্ধিজীবী সঙ্গীহীন রাত্রি দিন আত্মরতির সম্মোহনে কাটাই দিন' সেই ধরনের বুদ্ধিজীবীর সংকীর্ণতা থেকে মুক্ত করে সত্যিকারের জনবিস্তৃতির মধ্য দিয়ে সংস্কৃতিকে যিনি ছড়িয়ে দিয়েছেন তিনিই হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমরা সেই সাফল্যের অনেক খতিয়ান দেখতে পাচ্ছি রাজ্যপালের ভাষণের মধ্যে। আমি আহ্বান জানাচ্ছি সেই ভাষণ সমর্থন করবার জন্য। প্রসন্ন প্রশ্রয়ের হাতছানি আছে এই রাজ্যপালের ভাষণের মধ্যে। আমি তাই রাজ্যপালের ভাষণকে পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[3.20–3.30 p.m.]

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৮ই মার্চ এই পবিত্র বিধানসভায় মাননীয় রাজ্যপাল বিধানসভার অষ্টম অধিবেশনে তাঁর ভাষণ রেখেছেন। ৮ই মার্চ থেকে আজকে ১৯শে মার্চ—গতকাল থেকে এই ভাষণের উপর যে ধন্যবাদ সূচক প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে আলোচনা শুরু হয়েছে। প্রথমেই বলি যে, একটা নতুন প্রথাকে ভেঙ্গে আজকে আমাদের এই জায়গায় আসতে হয়েছে। বাজেট অধিবেশন আগে আলোচনা করেছেন, সেখানে আমার কোন বক্তব্য নেই। কিন্তু একটা নতুন প্রিসিডেন্ট তৈরি হল এবং সবাই আমরা তার সাক্ষী

থাকলাম। আমাদের যে আলোচনাগুলি হয় খুব স্বাভাবিকভাবে ভাষণ উনি তো দেবেন। তারপরে আমরা যারা সদস্যরা আছি, আমরা সরকারের ভাল, মন্দ, ব্যর্থতা, সফলতা—এই বিষয়গুলি নিয়ে আমরা আলোচনা করি। এই আলোচনার পরিপ্রেক্ষিতেই শেষ দিনে সরকারের যিনি প্রধান অর্থাৎ মুখ্যমন্ত্রী তার ভাষণের মধ্যে দিয়ে মানুষের স্বার্থে আমাদের কোথায় ত্রুটি, সরকারের কোথায় বিচ্যুতি, কোথায় ভাল প্রস্তাব এল—তা গ্রহণ এবং বর্জন করেন। তার পরিপ্রেক্ষিতে তার ভাষনের মধ্যে দিয়ে আমাদেরকে অবহিত করেন এবং আমাদের মধ্যে দিয়ে সারা বাংলাকে অবহিত করেন। আমরা আশা করবো নিশ্চিতভাবে শেষ দিনে মাননীয়া মুখ্যমন্ত্রী তার ভাষণের মধ্যে দিয়ে নিশ্চিতভাবে সেই পদক্ষেপ গ্রহণ করবেন। স্যার, এই যে বক্তব্য এসেছে খুব স্বাভাবিকভাবেই সব জায়গায় তো আমরা একমত হতে পারি না। কারণ বাস্তবের সঙ্গে যদি সব জায়গায় মিল না থাকে স্বাভাবিকভাবেই আমাদের কিছু বলতেই হয়। হয়তো বিরোধীরা অনেক সময় আমাদেরকে বাঁধা দেন, এটাই স্বাভাবিক, এটাই রীতি—এটাই চলছে, এটাই কনভেনশান, যাই বলুন না কেন কিন্তু আমাদের বলতে হবে। আমরা যদি প্রথম ধরি, রাজ্যের মানুষ উন্নয়ন চায়, শান্তি চায়। উন্নয়নের চেয়ে শান্তিটাকে আগে চায়, নিরাপত্তাটাকে মানুষ চায়। স্যার, আমরা যদি ল' অ্যান্ড অর্ডারের দিকে দেখি একটু যা বাস্তব ঘটনা সেগুলোকে যদি উল্লেখ না করি খুব স্বাভাবিকভাবে মানুষের প্রতিনিধি হিসাবে আমরা তাহলে মানুষের সঙ্গে প্রতারণা করবো বা বেইমানি করবো। এই সরকারের আমলে ছয়বার গুলি চললো এবং পাশাপাশি পার্কস্ট্রীট থেকে শুরু করে যাদবপুর পর্যন্ত প্রতিনিয়ত ধর্ষণ বা নারীদের ইজ্জত লুণ্ঠন হচ্ছে। লক আপে মৃত্যু হল। কলেজ নির্বাচনকে কেন্দ্র করে গার্ডেনরিচ ঘটনায় কি অবস্থা তৈরি হয়েছে সেটা আমাদের নতুন করে বলার অপেক্ষা রাখে না। কলেজ নির্বাচনকে বন্ধ করে দিতে হয়েছে শুধুমাত্র ঐ ঘটনাকে সামনে রেখে এবং আইন শৃঙ্খলাকে আর যাতে মানুষের জন্য যন্ত্রনার শিকার না হয়। পাশাপাশি স্যার, বিভিন্ন জায়গায় যে ঘটনাগুলি ঘটছে সেই ঘটনাগুলোতে যদি কেউ সঠিকভাবে তদন্ত করতে যান অর্থাৎ একবার যদি কোন রকম নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে যদি কেউ তদন্ত করতে যায় তাদের উপর খড়্গানেমে আসছে।

আমরা দেখেছি বিভিন্ন ব্যাপারে একটার পর একটা পুলিশ অফিসার থেকে শুরু করে, হাইকোর্টের অ্যাডভোকেট জেনারেল থেকে শুরু করে, পি.পি. থেকে শুরু করে কাউকে সরিয়ে দিতে হয়েছে। গার্ডেনরিচের তদন্ত অফিসারকে সরিয়ে দিতে হয়েছে। কেউ আবার হয়তো স্ব-ইচ্ছায়, সঠিক বা নিরপেক্ষ জায়গায় কাজ করতে পারবে না বলে তাকে সরে আসতে হয়েছে। এই যে অবস্থাটা তৈরি হচ্ছে আমরা মনে করি স্যার, এটা সরকারের দৃষ্টিভঙ্গি হওয়া উচিত নয়। সরকার একটার পর একটা তদন্ত কমিশন গঠন করেছেন। ২১শে জুলাই নিয়ে করেছেন, সাঁইবাড়ি নিয়ে করেছেন, আরো অনেক কটা করেছেন। অনেক অর্থ ব্যয় হয়েছে। একটারও রিপোর্ট প্রকাশিত হয় না। অনেক তদন্ত কমিশনের কাজ শুরু করতে পারে নি। এই বাস্তব অবস্থার উপর দাঁড়িয়ে যদি সরকার—দু বছর কিন্তু স্যার চলে গেছে। সমালোচনা আপনারা করুন অসুবিধা নেই কিন্তু বাস্তব কথা আমাদেরকে বলতেই হবে। একটার পর একটা ক্যাবিনেট থেকে ডিসিশান নেওয়া হচ্ছে বিভিন্ন ঘটনার, বিভিন্ন ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।

প্রতিটি সিদ্ধান্ত - হাইকোর্ট থেকে আবার ব্যাকআউট হয়ে চলে আসতে হচ্ছে। হাইকোর্টে তিরস্কৃত করছে গভর্নমেণ্টকে। পাবলিক সার্ভিস কমিশন একটা সাংবিধানিক বডি। ২৮০০ জন, দু'হাজার আটশো স্বাস্থ্যকর্মীকে রেকমেণ্ড করেছেন বলেছেন। এখানকার মন্ত্রী বলছেন যে, তাদের কোন ক্ষমতা নেই পি. এস. সির। পি. এস. সি শুধুমাত্র রেকমেণ্ড করতে পারে। আবার এইখানে দাঁড়িয়ে অর্থমন্ত্রী বলছেন না, আমরা বাউণ্ড চাকরি দিতে। হাইকোর্টে গেছেন। হাইকোর্টে গেলে কি অবস্থা হচ্ছে সরকারের? বেকার ছেলেগুলো - আপনি মন্ত্রী, আপনি নিশ্চয় জানেন, আপনি কেন গলা মেলাচ্ছেন? আমি বাস্তব কথাই বলছি। আপনি যেটা বলেছেন আমি সেটাই বলছি। গতকাল আবার সার্কুলার জারি হয়েছে। স্যার, গতকাল সার্কুলার জারি হয়েছে। পুলিশ রেগুলেশান - পুলিশ রেগুলেশান বলে একটা জায়গা আছে। কালকে আবার সারকুলার জারি করে দিলেন। এস. পিদের কাজের মূল্যায়ন করবেন কে? স্বয়ং মুখ্যমন্ত্রী করবেন। কোন্ জায়গায় আইনে লেখা আছে? কোন জায়গায় আইনে লেখা আছে? আবার সব পুলিশ অফিসাররা হাইকোর্টে যাবে। এটা তো সরকারের মুখ পুড়ছে। সরকার তো একটার পর একটা সিদ্ধান্তের ফলে পিছিয়ে আসতে বাধ্য হচ্ছে। এই রকম একটা জায়গায়- শুধু তাই নয় আই. সি. ডি. এসের নর্মস আছে যে সেখানকার যে পরিচালন সমিতিগুলো হবে, সেই পরিচালন সমিতিতে সেই লোকাল এম. এল.এরা ওখানকার চেয়ারম্যান হবেন। হঠাৎ করে কি হল? চেয়ারম্যান হবেন কে? লোকাল, সেখানকার জেলার মন্ত্রী। হাইকোর্টে গেলেন। ব্যাপারটা স্থগিত হল। এখানে কারও জয়, পরাজয়টা বড় কথা নয়। সমস্ত জায়গায় সেই এ্যাপোয়েন্টমেণ্টগুলো বন্ধ হল। কাদের ক্ষতি হচ্ছে? সরকারকে তো সঠিক সিদ্ধান্ত নিতে হবে। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে একটা অব্যবস্থার মধ্য দিয়ে সরকারটা চলছে, নেওয়ার চেষ্টা করছে। অগ্নি সংযোগের ঘটনা যদি বলি স্যার, গত পরশু, তিনদিন আগে যে ঘটনাটা ঘটেছে ১৬ বিঘাকে নিয়ে, তেরটা কলকাতার বুকে অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। মানুষের মৃত্যু হয়েছে, মানুষ গৃহহারা হয়েছে। একটা রিপোর্ট বেরিয়েছে? একটা রিপোর্ট প্রকাশিত হয়েছে? কেন হবে না? আমরা জানতে পারব না যে কিসের জন্য আগুন লেগেছে? অনেক মানুষ বলছেন অমুকের দোষ হয়েছে, আমাদের দরকার নেই সেসব জানার। সরকার তো সৎ সাহস থাকলে সেটার তদন্তের রিপোর্ট প্রকাশ করবে। তার রিপোর্টে যদি ব্যর্থতাটা-কোন জায়গা থেকে আগুন ধরছে, সেটা যদি জানতে না পারি, আমরা রেকটিফাই করব কি করে? সরকারের তো এটাই কাজ। এই রকম একটি জায়গায় সরকার যদি সব সময় সব ব্যাপারে ধামাচাপা দেওয়ার চেষ্টা করে, স্বাভাবিক ভাবেই এই সরকারের জায়গায় দাঁড়িয়ে মানুষের যন্ত্রণা বাড়বে, মানুষের কষ্ট বাড়বে। মানুষের সমস্যা বাড়বে, আর সরকারের কোষাগার ফাঁকা হবে। এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে সরকার চলছে। রাজ্যপালের ভাষণে বলেছেন, দশের পাতায় বলেছেন যে নতুন একটা শিল্পনীতি প্রণয়নের পথ অনেকদুর এগিয়ে গেছে। আবার ওই পাতাতেই বলেছেন যে রাজ্যের জন্য একটি নতুন বস্ত্রনীতি ঘোষণা করতে চলেছে সরকার। যে কোন শিল্প আসতে গেলে কিসের দরকার?

জমি যদি না থাকে তাহলে তো স্যার হবে না। ওই বেঙ্গল লিডস হবে, বড় বড় প্রচার হবে। আমাদের রাজ্যে বিনিয়োগের কি দুরবস্থা চলছে? কটা প্রস্তাব আসছে? সেন্ট্রাল গভর্নমেণ্ট অর্থ দিয়েছে। মুর্শিদাবাদে মেগা টেক্সটাইল পার্ক হবে। শান্তিপুরে ইণ্ডিয়ান ইন্সটিটিউট অফ হ্যাণ্ডলুম টেকনোলজি হবে। একশো শতাংশ টাকা কেন্দ্রীয় সরকার দেবে। রাজ্য সরকার কেন এখনও দু'বছর চলে গেছে, সেখানে জমি দিতে পারছেন না। আজকে জমিনীতি সঠিক না হওয়ার ফলে এই জায়গায়

দাঁড়িয়ে আছে সরকার। কোন জায়গায় পশ্চিমবাংলাকে আপনারা দাঁড় করাচ্ছেন? আমি মনে করি যে রাজ্যপালের ভাষণে সব কথা আসবে না। এটা তো একটা পেরিফেরির মধ্য দিয়ে এটা চলবে। এটা একটা নিয়মের মধ্য দিয়ে চলবে। সরকারের যা বক্তব্য রাজ্যপাল বলছেন। রাজ্যপাল খুব স্বাভাবিকভাবেই এখানে তার বাইরে কিছু বলতে পারবেন না। কিন্তু এটা তো ঠিক যে এই রাজ্যপালকেই কয়েকদিন আগে রাষ্ট্রপতির কাছে এই রাজ্যের আইনশৃঙ্খলার প্রতি উদ্বেগ প্রকাশ করে রিপোর্ট পাঠাতে হয়েছে।

[3.30–3.40 p.m.]

সংবাদপত্রে আমরা দেখিনি সেখানে কি বলেছে। বিভিন্ন জায়গায় যে আইন শৃঙ্খলার অবনতি হচ্ছে তার মূল কারণ কি? দলের নিচু তলায় দলের মধ্যে নিয়ন্ত্রণ নেই। ওদের বিভিন্ন দলের মধ্যে ইন্টারক্ল্যাস হচ্ছে। পুলিশকে অনেক সময় সেখানে গিয়ে সময় দিতে হচ্ছে। রাজ্যপাল একথা বলেননি? আজকে বাস্তব সত্যকে স্বীকার করুন। এই মুখ্যমন্ত্রী দুর্নীতির দমন একটা শাখা তৈরি করলেন। আমরা সংবাদপত্রে দেখছি, বিভিন্ন জায়গায় শুনেছি দুর্নীতির দমন শাখা হবে কিন্তু ক্ষমতাটা কার? রাজ্য সরকারের অনুমতি নিতে হবে। তথ্য জনসংযোগ দপ্তরের দুর্নীতি দমন শাখায় পেপার রেডি হয়েছে। কাগজপত্র তৈরি হয়েছে কিন্তু সরকার অনুমতি দিচ্ছে না, গড়িমশি করছেন। কেন? কেন করছেন এটা? ঝুলি থেকে বেড়াল বেরিয়ে পরবে তাই এত গড়িমশি। এই যারা বসে আছেন ওয়াকফ বোর্ডের কেলেঙ্কারিতে বহু মানুষের বামপন্থীদের নাম জড়িয়ে আছে। আমরা বারবার সোচ্চার হয়েছি। ওয়াকফ বোর্ড নিয়ে, কেলেঙ্কারি নিয়ে তদন্ত কমিশন হয়েছে। কিন্তু সি. বি. আই-কে কোন কাগজপত্র দেওয়া হচ্ছে না। সি. বি. আই-কে কোন সহযোগিতা করছেন না এই সরকার। এটা নতুন করে বলতে হবে আমাদের ? আমরা পরিবর্তন চেয়েছিলাম.... (গোলমাল) ...... মানুষ পরিবর্তন চেয়েছিল কিন্তু এই পরিবর্তন আমরা চাইনি। আমরা মনে করি এই জায়গায় দাঁড়িয়ে সরকার বিভিন্নভাবে ভুল পথে হাটছেন। সেই জায়গাটায় সঠিক রাস্তা নেওয়ার জন্য নিশ্চিত ভাবে আমরা অনুরোধ করব সরকারকে মানুষের স্বার্থে। স্বাস্থ্য ব্যবস্থা কি চলছে? স্বাস্থ্যমন্ত্রী তো এক্ষুনি বলছেন—কেন ব্লাড ব্যাংক থেকে যে রক্ত আসছে এত ম্যালেরিয়ার জীবাণু পরীক্ষা হচ্ছে না, আপনি বলুন....... (গোলমাল)......আপনি শুনুন, রক্ত নষ্ট হচ্ছে। ......(গোলমাল)...... আপনারা বলুন কে কিট পাঠাবে? কে করতে দিচ্ছে না? আপনারা শুনুন। ...... (গোলমাল) .... আপনারা ন্যাকো করতে দিচ্ছে না। আমার ভুল হলে আপনি অবশ্যই বলবেন। কেন্দ্রীয় AIS নিয়ন্ত্রণ সংস্থা কিট পাঠায় কিসের জন্য? HIV টেস্ট করার জন্য। কিন্তু ম্যালেরিয়া করার জন্য পাঠায় না। আপনারা নিজের ঘাড়ের দোষটা চাপাচ্ছেন, ব্যর্থতা চাপাচ্ছেন কেন্দ্রের উপর। এইভাবে মানুষকে বিপদে ফেলে দেবেন না। এই রাজ্য ম্যালেরিয়া প্রবণ এলাকা। রক্ত নষ্ট হয় কেন? একটা থ্যালাসেমিয়া পেসেন্টকে যতটুকু রক্ত দেওয়া হয় অনেকটা রক্ত নষ্ট হয়ে যাচ্ছে। কেন উড়িষ্যায়, কেন বিহারে, কেন ঝাড়খণ্ডে পেন্টা ব্যাগ ব্যবহার হয়? সেখানে অনেক কটা প্যাকেট থাকে। অনেক কটা পেন্টা ব্যাগের মধ্যে রক্ত সেপারেশান করা যায়। আপনারা এই রাজ্যে কেন এটা করছেন না? রক্ত কেন নষ্ট হচ্ছে? কয়েকদিন আগে তরুণ কান্তি নস্কর মহাশয় এটা বলছেন। এটা কি আপনাদের কাজ নয়? আপনারা শুধু বলছেন একথা? মানুষের স্বার্থে কাজ করুন। মানুষের রক্তে নিরাপত্তা আনুন, মানুষের বিপদ ডেকে আনবেন না। আমার মনে হয় এইভাবেই সরকারটা চালাচ্ছেন। জেদ করছেন কেন? সেখানে

আপনাদের ইয়েসম্যান নেই বলে আপনারা তাই করবেন? .... (গোলমাল).......... এই কাজটা কেন করছেন আমি বুঝতে পারছি না। কেন্দ্রের অনেক টাকা বরাদ্দ আছে কিন্তু সেই টাকা সঠিকভাবে খরচ হচ্ছে না। ওনার দপ্তরে NRHM-এর কথা বলুন তো। ন্যাশনাল রুরাল হেলথ মিশানের টাকা উনি খরচ করতে পারেননি। অনেক টাকা পড়ে আছে। সেই টাকা খরচ হচ্ছে না। AIDP-র টাকা খরচ হচ্ছে না। বিভিন্ন জায়গার অর্থ ফেরত চলে যাচ্ছে। NREGA-র টাকা ওনারা বলছেন অনেক সাফল্য এসেছে কিন্তু কেন্দ্রের গাইড লাইন ওনারা মানছেন না। আজকে মানছেন না বলেই মানুষ বিপদে পরছে। আর কেন্দ্রের টাকা সঠিকভাবে খরচ হচ্ছে না বলেই সেকেন্ড ইন্সটলমেন্টের টাকা আসছে না। ইউ.সি দিতে পারছেন না। মানুষ বঞ্চিত হচ্ছে, গ্রামের মানুষ অত্যাচারের স্বীকার হচ্ছেন। আমরা মনে করি আজকে শিক্ষা ব্যবস্থার স্যার কি হয়েছে? শিক্ষা ব্যবস্থার কি হয়েছে তা আমরা দেখেছি কোন দিন? যে রাত তিনটের সময় ফর্ম ফিলাপ হচ্ছে, তাদেরকে অ্যাডমিট কার্ড দেওয়া হচ্ছে। কোন দিন এই জিনিস দেখিনি। ৩৪ বছরে যা করতে পারেনি আমরা তাই করতে পারব? এটা মনে রাখলেই হবে। ওরা ভুল করেছে বলে এদেরও ভুল করতে হবে, এই রাজনীতি কায়েম করে করে পশ্চিমবাংলাকে ধ্বংস করছে, আমরা মনে করি এর বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করতে হবে।

আজকে পরীক্ষা ব্যবস্থা এই জায়গায় দাঁড় করিয়েছে। মাদ্রাসা পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেল, ডেট চেঞ্জ করতে হল। মাধ্যমিকের অংক পরীক্ষা, ভূগোলের পরীক্ষা - একটার পর একটা ভুল প্রশ্ন, শিক্ষা দপ্তর তাহলে কি কাজ করছে? মানুষের স্বার্থে কাজ করতে হবে। মানুষের ভবিষ্যৎ গড়ে তোলার জন্য মানুষ ওদের মেনডেট দিয়েছে। আরও তো ৩ বছর আপনারা আছেন, কাজ করুন। কেন গঠনমূলক বিরোধিতাকে আপনারা শুধু শুধু বিভিন্ন ভাবে অনাভাবে জেদের জায়গায় নিয়ে যাচ্ছেন? আমরা মনে করি সেই জায়গায় দাঁড়িয়ে আপনাদেরকে আরো সংগঠিত হতে হবে। স্যার, মুসলিম সম্প্রদায়ের মানুষদের জন্য যেসব ডেভেলপমেন্টের কথা বলছেন, আমরা মনে করি এটা দেখতে হবে, নিশ্চিতভাবে কাজকে সমর্থন করতে হবে। ফিফটিন পয়েন্ট প্রাইম মিনিস্টার প্রোগ্রাম তার যে কাজ, সেই কাজ সম্পন্ন করতে গেলে একটা ইনফ্রাস্ট্রাকচার তৈরী করতে হবে। এই মুসলিম সম্প্রদায়ের মানুষের জন্য বোর্ড আছে, কিন্তু তার কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। যেমন এন. আর. ই. জি. এ কাজ করতে গেলে কন্ট্রাক্ট বেসিসে- চুক্তিতে নেওয়া হয়। এস. এস.এ তে চুক্তির ভিত্তিতে নেওয়া হয়। তেমনি এই যে মুসলিম সম্প্রদায়ের পরিকাঠামো উন্নয়নের জন্য তার কোন ইনফ্রাস্ট্রাকচার নেই। আমি আশা করব যে, সরকার এই জায়গায় দৃষ্টি দেবেন। আমি বক্তব্য আর দীর্ঘায়িত না করে শুধু একটা কথা বলতে চাই, যে আমি আশা করব যে শুধু ইয়েস ম্যান তৈরী করার জন্য একটা সরকার তৈরী হয়নি, যে ইয়েস ম্যান হবে না, তাদের বিরুদ্ধে সব সোচ্চার হতে হবে, তাদেরকে সব বদলি করতে হবে, তাদেরকে পাঠিয়ে দিতে হবে, তাদেরকে বিরোধিতা করতে হবে। আমরা বিরোধিতার জন্য বিরোধিতা করছি না, আমরা গঠনমূলক বিরোধিতার মধ্য দিয়ে সরকারের দৃষ্টি রাখতে চাইছি এবং আশা করব শেষ দিনে মুখ্যমন্ত্রী সদর্থক ভাবণের মধ্য দিয়ে সঠিকভাবে বার্তা দেবেন পশ্চিমবাংলার মানুষকে। ধন্যবাদ স্যার।

শ্রীমতী মিনতি মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং সমস্ত বিধানসভার সদস্যদের আমার নমস্কার জানাই। আমি মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে কিছু কথা বলতে চাই। আমি প্রয়াত শ্রদ্ধেয় কাশীনাথ মিশ্র এবং অজিত ভুঁঞ্যাকে শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য পেশ করছি। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য অনেক কাজ করছেন। তারমধ্যে যেটা বিশেষ করে আমি মহিলা এবং সেই মহিলাদের নিয়ে অনেক উন্নয়নের চিন্তা করছেন এবং কাজেও সেটা পরিণত করছেন। এই কিছুদিন আগে ২০১৩ সালের ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস- মহিলাদের সংরক্ষণ বিশেষ করে পঞ্চায়েতে ৫০% এবং যেটা ভীষণ কাজের, আমি যেটা ভুক্তভোগী হয়েছিলাম, সেইটা এখন মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় কাজের উন্নয়ন করেছেন-চাকুরীরতা মহিলা মায়েদের জন্য ৭৩০ দিন সবেতন ছুটির ব্যবস্থা করেছেন। এটা খুব উল্লেখযোগ্য উন্নয়ন। আমি নিজে শিক্ষিকা ছিলাম। এই ছুটিটা না পাওয়ার জন্য আমরা যারা চাকুরীরতা ছিলাম, অনেক অসুবিধা ভোগ করেছি বাচ্চা নিয়ে। সেইজন্য তাঁকে ধন্যবাদ জানাই। জঙ্গল মহল এবং পাহাড়ে শান্তি ফিরিয়ে এনেছেন। জঙ্গলমহলে যে খাদ্যের অভাব, বস্ত্রের অভাব, হাসির অভাব ছিল, সেটা তিনি তার কর্মের উন্নয়নের মাধ্যমে ফিরিয়ে এনেছেন। সেখানে মহিলাদের শিক্ষার ব্যবস্থা এবং অনুন্নত মহিলাদের, উপজাতিভুক্ত মহিলাদের শিক্ষার জন্য যে ব্যবস্থা করেছেন, তারজন্য আমি তাকে ধন্যবাদ জানাই। যেমন তিনি প্রায় সাড়ে ১১ হাজার সাইকেলের ব্যবস্থা করেছেন। আমি স্কুলে দেখেছি অনেক মেয়ে - বিশেষকরে সংখ্যালঘু সম্প্রদায়ের মেয়েরা এইট পর্যন্ত পড়ে আর পড়াশুনা করত না।

[3.40–3.50 p.m.]

খোঁজ নিয়ে দেখলাম কি ব্যাপার, না এত দুর দিদিমনি যেতে পারা সম্ভব হচ্ছে না। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সেই সমস্যাটা মিটিয়েছেন সব জায়গায় মেয়েদের সাইকেল বিতরণ করে। যারজন্য মেয়েরা দূরে গিয়েও তাদের পড়াশোনাটা চালাতে পারছেন। এরজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। মমতা বন্দ্যোপাধ্যায় ধর্মঘট বন্ধ করে যে শ্রমদিবস নষ্ট হচ্ছিল ধর্মঘটের মাধ্যমে, সেই ধর্মঘটকে বন্ধ করে তিনি কর্মসংস্কৃতি ফিরিয়ে এনেছেন। সে জন্য আমি তাঁকে ভীষণভাবে ধন্যবাদ জানাই। এছাড়া তিনি শহরে পুলিশ কমিশনারেটের যে ব্যবস্থা করেছেন এবং মহিলা থানার ব্যবস্থা করেছেন, এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। তিনি আর একটা যে উল্লেখযোগ্য কাজ করেছেন সেটা হচ্ছে যুব সম্প্রদায়কে খেলার মাধ্যমে আনতে তিনি তাদের সহযোগিতা করছেন, যাতে পশ্চিমবঙ্গ খেলাতে উন্নত হতে পারে এবং ভারতবর্ষে স্থান গ্রহণ করতে পারে। এর জন্য তিনি ১৭০০ ক্লাবকে আর্থিক অনুদান সাহায্য করে খেলাটাকে উন্নত করবার চেষ্টা করছেন। আমি অবশ্য ৩৪ বছর আগের সরকার কি করেছে , না করেছে সে দিকে যাচ্ছি না। মাত্র ২০ মাসে আমাদের নতুন সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সহযোগিতায় যে কাজ করেছেন, যে উন্নয়নের চেষ্টা করেছেন, তাকে আমি সাধুবাদ জানাই। জমি সংক্রান্ত ব্যাপারে কৃষকদের ক্ষেত্রে তিনি অনেক উন্নতির ব্যবস্থা করেছেন। কৃষকদের কাছ থেকে যাতে তাদের অমতে জমি না ছিনিয়ে নেওয়া হয় বা তাদের সেই অধিকার থেকে বঞ্চিত না করা হয়, তার ব্যবস্থা তিনি করেছেন। জমি সংক্রান্ত

ব্যাপারে ল্যাণ্ড ব্যাঙ্ক চালু করেছেন। সবচেয়ে বড় কথা নিম্নবিত্ত এবং গরিবদের জন্যে তিনি অনেক সু-ব্যবস্থা করেছেন। তারমধ্যে গীতাঞ্জলি, আমার বাড়ি এবং সবচেয়ে বড় হচ্ছে নিজ গৃহ নিজ ভূমি। যাদের একটুও জমি নেই তাদের জমি দিয়ে তিনি থাকার ব্যবস্থা করেছেন। শুধু থাকা নয় সেই জমিতে কিছু কাজ করে তিনি জীবিকা অর্জন করতে পারে তার ব্যবস্থাও করেছেন। এই জন্য আমি তাকে ধন্যবাদ জানাই। সবচেয়ে বড় কথা হচ্ছে গত বছর ২০.৫ লক্ষ টন ধান উৎপন্ন হয়েছে, সেটা অভূতপূর্ব। কৃষক গবেষণাগারে দুটো নতুন চাল বের করা হয়েছে। যেটা সুজলা এবং কনক নামে পরিচিত। এটাও কৃষকদের ক্ষেত্রে খুব উপকারের বিষয়। স্বাস্থ্য ক্ষেত্রে তিনি বেশিরভাগ হসপিটালে ১০ হাজারের উপরে শয্যার ব্যবস্থা করেছেন এবং কমদামে ওষুধ পাওয়ার যে দোকান খুলেছেন, এ জন্য তাঁকে ভীষণভাবে ধন্যবাদ জানাই। আমি নিজে স্বামীকে নিয়ে দিল্লিতে ছিলাম, সেখানে এই জিনিসটা দেখেছিলাম যে ৭০ পার্সেন্ট কম দামে ওষুধ পাওয়া যায়। এখানে কিন্তু ওষুধের দাম অত্যন্ত বেশি ছিল। আমাদের মত গরিব দেশে গরিব লোকেদের সেই ওষুধ কেনা খুব মুশকিল। আমি আমাদের হসপিটালে প্রায়ই যাই। তারা এই কম দামে ওষুধ পেয়ে খুব উপকৃত হচ্ছে। এবং মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে দু হাততুলে আশীর্বাদ করছে। এইজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। আমাদের বাংলায় সুশাসন এবং শান্তি বজায় রাখার জন্য আমাদের মুখ্যমন্ত্রী কঠোর হস্তে, রঙের বিচার না করে, যে শান্তির ব্যবস্থা করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। এছাড়া সড়ক, নিকাশী, পরিকাঠামো, সেতু কলেজ, পর্যটন, এসব ব্যবস্থার উন্নতির ক্ষেত্রে তাঁর বিরাট অবদান। যদি দরকার মনে করেন তিনি নিজেই এগিয়ে যান সেই কাজে। রবীন্দ্রনাথের ভাষায়—'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।' আর বিদ্রোহী কবি নজরুলের ভাষায় - 'বল বীর, বল উন্নত মম শির।' তিনি মাথা উন্নত করে এগিয়ে চলেছেন বাংলার উন্নয়নের পথে, যাতে আগামী দিনে ভারতবর্ষে আমাদের বাংলা প্রথম স্থানে যেতে পারে। আর পরিশেষে বলি, আসুন, আমরা সবাই কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে যাই বাংলার উন্নতি ত্বরান্বিত করতে। শেষে রাজ্যপালের ভাষণকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল গত ৮ই মার্চ প্রথাগত ভাবে যে ভাষণ রেখেছেন, সেটা সরকারেরই ভাষণ এবং এই ভাষণে রাজ্যের প্রকৃত চিত্র ফুটে ওঠেনি। প্রথমত , রাজ্যপাল মহাশয় প্রয়াত এবং নিহত ব্যক্তিদের যে নামের তালিকা দিয়েছেন তার মধ্যে তাপস চৌধুরীর নাম উল্লেখ নেই। পশ্চিমবঙ্গ সরকারের আইন-শৃঙ্খলার কাজে তিনি রত ছিলেন এবং দুষ্কৃতির গুলিতে নিহত হয়েছেন। তার বাড়িতে মহামান্য রাজ্যপাল গেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী গেছেন, তার মেয়ের চাকরি ঘোষণা করেছেন এবং ওই পরিবারের জন্য সাহায্য ঘোষণা করেছেন। সুতরাং তার নাম এই তালিকায় থাকা উচিত ছিল বলে আমি মনে করি। দ্বিতীয় বিষয় হচ্ছে, গার্ডেনরিচের ওই ঘটনা এবং ভাঙড়ের ঘটনা । সেই ঘটনার মধ্যে বিস্তারিত যেতে চাইছি না। তবে আমি মনে করি, এসব ঘটনার পরিপ্রেক্ষিতে বিশিষ্ট ব্যক্তি এমনকি বর্তমান সরকারের মন্ত্রী মহাশয়ের যে মন্তব্য তাতে আসল ঘটনাকে আড়াল করার চেষ্টা করা হচ্ছে। ভাঙড়ের ঘটনাকে কেন্দ্র করে যা বক্তব্য এবং এখানে যা বলা হচ্ছে, পত্র

পত্রিকায় আমরা সবাই দেখছি। সুতরাং প্রকৃত অপরাধীদের আড়াল করার একটা প্রচেষ্টা তাদের বক্তব্যের মধ্যে দিয়ে প্রমাণিত হয়।

[3.50–4.00 p.m.]

ছোট ঘটনা এই ধরণের বক্তব্য সরকারের শীর্ষ স্থানীয় যারা নেতা রয়েছেন তারা পেশ করেছেন। ফলে যারা মহিলাদের এই ধরণের শ্লীলতাহানী করছে, ধর্ষণ করছে, তাদের আপনারা উৎসাহিত করছেন এবং এই ঘটনাগুলিকে ছোট করে দেখানো হচ্ছে। তাদের বিরুদ্ধে কোন কঠোর ব্যবস্থা গ্রহণের কোন হুমকি সেইভাবে সরকারের তরফ থেকে দেওয়া হয় নি। সাংঘাতিক ঘটনার কথা বলি। হাসপাতালে রোগিনীকে অ্যানাসথেসিয়া করা হয়েছে। সেখানেও শ্লীলতাহানীর ঘটনা ঘটছে। বোবা মেয়ে, চিকিৎসা করাতে গিয়েছিল। সেখানে এই ঘটনা ঘটেছে। এর বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের কথা সেইভাবে উল্লেখ করা হয় নি। রাজ্যপাল মহাশয়ের ভাষণে এক হাজার নতুন বিদ্যালয়ের এবং ৬০,০০০ শিক্ষক নিয়োগের কথা বলা হয়েছে। এই বিষয়ে গতদিন আমি বলেছি। আজকে আমি বলতে চাই না। কিন্তু বিদ্যালয়ের এই অঙ্গনে যে অরাজকতা চলছে সেটা আপনারা দেখুন। রাজ্যটা জ্বলছে এবং বহিরাগতরা গিয়ে কলেজ নির্বাচনের মধ্যে ঢুকে পড়ে তারা হট্টগোল করে এই জিনিস করছে। ফলে ছাত্র সংসদ নির্বাচনে যে গণতান্ত্রিক অধিকার, সেই অধিকারকে অর্থাৎ সংসদ নির্বাচনকে পিছিয়ে দেওয়া হয়েছে। পরীক্ষায় গণ টোকাটুকি, মাইক বাজিয়ে প্রশ্নের উত্তর বলে দেওয়া এমন কি ফেল করাদের পাশ করাতে হবে, এই অন্যায় আবদার করে শিক্ষিকাদের ঘেরাও করে রাখা, এইসব জিনিস ঘটছে। এর থেকে সতর্ক থাকার দরকার আছে। আমি কৃষকদের আত্মহত্যার কথা বলতে চাই না। কারণ যে জিনিস বলেছি। পুলিশের গুলি চালনার ঘটনার ব্যাপারে বলি—এটা ছটি ঘটে গেছে। সম্প্রতি তেহট্ট, লোধাগ্রামের ঘটনার কোন উল্লেখ নেই। উত্তরসূরীদের ঋণের কথা বলেছেন। আগের সরকারের ঋণ ছিল ১ লক্ষ ৭৬ হাজার কোটি টাকা। সেই ঋণ বৃদ্ধি পেয়ে বর্তমান সরকারের আমলে হয়েছে দুল লক্ষ ২৬ হাজার কোটি টাকা। অতিরিক্ত ঋণ নিতে হচ্ছে সরকারকে। সেটা বৃদ্ধি পেয়ে হবে ২ লক্ষ ৪৭ হাজার কোটি টাকা। সুতরাং ঋণ নেবার ব্যাপারে এই বর্তমান সরকার কোন অংশে পিছিয়ে আছে তা বলা যাবে না। আর ধর্মঘট এটা গণতান্ত্রিক অধিকার। আমি শুধু এই প্রসঙ্গে অন্য আলোচনাতে বিস্তারিত না গিয়ে একটা কথা বলব আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ধর্মঘটের বিরোধিতা করেছেন। আবার কিছু কিছু ছুটি ঘোষণা করার কথা বলছেন। এই ছুটি ঘোষণার ফলে কর্মদিবস নষ্ট হবে কিনা সেটাও ভাবার বিষয়। নির্বাচনের আগে আমরা একটা শ্লোগান শুনেছিলাম দলতন্ত্র নয় গণতন্ত্র। কিন্তু আমরা কি দেখছি? শুধু উত্তর ২৪ পরগণাতে দেখুন ঘরছাড়া ১৪২১। কালকে তার তালিকা ডি এমের কাছে পেশ করা হয়েছে। আর খুন হয়েছেন ১৮ জন। হাড়োয়া, মিনাখা, রাজারহাট এইসব জায়গাতে হচ্ছে। আমরা গণতন্ত্র চাই। দলতন্ত্র নয়। অথচ উত্তর ২৪ পরগণার জেলা পরিষদের সভাধিপতির ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছিল। গতকাল কোর্ট কি রায় দিয়েছেন আপনারা জানেন? এইভাবে ক্ষমতা কেড়ে নেওয়া যায় না। আর একটা ব্যাপারে বলি যে 'ডি' গ্রুপের নিয়োগ এর ব্যাপারে স্যাট যে রায় দিয়েছেন সেটা আপনারা নিশ্চয় লক্ষ্য করেছেন। আমি বলতে চাই যে বেকার যুবকদের নিয়োগ প্রক্রিয়া বাধাপ্রাপ্ত

হচ্ছে কিছু সরকারের গাজোয়ারি সিদ্ধান্তের ফলে। আর সরকার এমন কিছু বক্তব্য পেশ করেছেন.....। (এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানের ১৭৬ নাম্বার অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ রাজ্য বিধানসভার অষ্টম অধিবেশনে সম্মানীয় পশ্চিমবঙ্গের রাজ্যপাল বিগত ৮ই মার্চ এই সদনে যে ভাষণ দিয়েছিলেন তাকে পূর্ণাঙ্গভাবে সমর্থন করে আমার গুটিকয়েক প্রতিবেদন উপস্থাপন করছি। যেদিনটা আন্তর্জাতিক নারী দিবস হিসাবে খ্যাত হয়েছে, সেই পবিত্র দিনে রাজ্যপাল মহিলাদের সংরক্ষণের জন্য একটা ব্যবস্থার কথা ঘোষণা করেছেন যেখানে ৫০ শতাংশ মহিলারা আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। এটা একটা উল্লেখযোগ্য অবদান বলে আমরা চিহ্নিত করি এবং এর মধ্যে দিয়ে সমস্ত মহিলাদের প্রতি বর্তমান সরকারের দায়িত্বশীলতার যে চিহ্ন তারা তুলে ধরেছেন, একে উপেক্ষা করার কিছু আছে বলে আমরা মনে করি না। মহিলাদের জন্য গোটা পশ্চিমবঙ্গের প্রায় ৬৫টা ক্ষেত্রে যাতে মহিলাদের দ্বারা নিয়ন্ত্রিত থানা পরিচালিত হয়, তারজন্য ৬৫টা ক্ষেত্রে কথা ঘোষণা করলেন, ইতিমধ্যে ১০টা জায়গাতে মহিলাদের নেতৃত্বে আজকে থানা পরিচালিত হয়ে আসছে। এটা একটা উল্লেখযোগ্য অবদান বলে আমরা মনে করি। এজন্য রাজ্যপালের এই ভাষণকে আমরা স্বাগত জানাই। আপনি জানেন স্যার, যে জঙ্গল মহল নিয়ে দীর্ঘ দিন ধরে নানা নোংরা রাজনীতি চলে আসছিল, যারা বারবার করে বলবার চেষ্টা করছিলেন যে, জঙ্গল মহলে - প্রতিনিয়িতই পেপার-পত্রিকা দেখলে আমরা দেখতে পেতাম সেখানে রক্তক্ষয়ী এক অধ্যায় চলছে। আজকে সেই জায়গায় শান্তির পরিমণ্ডল তৈরী হয়েছে, সেখানে উন্নয়ন সংগঠিত হচ্ছে। কংসাবতী নদীর ওপর আমকোলাতে এবং সুবর্ণরেখা নদীর ওপরে সেতু নির্মাণ হয়েছে। তার মধ্যে দিয়ে যেসব সুযোগ-সুবিধা আমাদের সামনে উপস্থাপিত হয়েছে, জঙ্গল মহলের মানুষের কাছে গভীর নলকূপ বসানো হয়েছে। ক্ষুদ্র সেচ, গ্রামীন আবাসন, গৃহস্থালির বিদ্যুতায়ন - এই সমস্ত কাজগুলো সেখানে সংগঠিত হয়েছে। শালবনী, ঝাড়গ্রাম, নয়াগ্রাম, গোপীবল্লভপুর, পুরুলিয়ার ৫টি স্পেশালিটি হাসপাতাল স্থাপন করা হচ্ছে। এগুলোর মধ্যে দিয়ে যে জনমুখী চিন্তা-ভাবনা, নতুন সরকারের যে চিন্তা-ভাবনা - কেননা সেখানে এতদিন ধরে যে সংঘর্ষ চলছিল, যে মাওবাদীদের আচরণ চলছিল, সেখানে তো কেউ কোনোদিন যেতে পারতেন না। মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য যতক্ষণ দায়িত্বে ছিলেন, ঐ জায়গায় যাওয়ার সাহস দেখাতে পারেন নি। মাননী মুখ্যমন্ত্রী নির্বাচনের আগে এবং পরবর্তীকালে এই পর্যায়ে প্রায় ৯ বার সেই জায়গায় গিয়ে মানুষেরই বিশ্বাসটা তৈরী করতে পেরেছিলেন। সেই জায়গায় উপজাতি সম্প্রদায়ের মানুষের মধ্যে তাদের বাঁচা, তাদের বেঁচে থাকার জন্য যে যে রসদ দরকার, যে কর্মসংস্থানের দরকার, যে বাসস্থানের দরকার, তাদের দৈনন্দিন চাহিদাটা পূরণ করবার জন্য চেষ্টা করেছিলেন। তাই মাওবাদীরা বিগত দিনে অনেক চেষ্টা করে সরকারী দলে যারা দায়িত্ব পালন করতেন, তারা যেমনভাবে মাওবাদীদের সঙ্গে সম্পর্ক স্থাপন করে চলবার চেষ্টা করছেন, মমতা ব্যানার্জী কাজের মধ্যে দিয়ে, তার উন্নয়নের মধ্যে দিয়ে সেই সাধারণ মানুষগুলো - যারা পিঁপড়ের ডিম খেয়ে জীবন-যাপন করতো, তাদের টাকা -পয়সা নিয়ে সেদিনকার ডালিম পাণ্ডেরা-যারা অট্টালিকা তৈরী করেছিলেন,

তাদের ওপর থেকে মানুষের বিশ্বাসটা চলে গিয়েছিল। সেই জায়গা থেকে আস্থা ফিরে পেয়ে মানুষের কল্যাণ হওয়ার জন্য সেই এলাকার মানুষ আজকে একযোগে - জঙ্গল মহলের মানুষ আজকে সাধারণ মূল স্রোতে চলে এসেছে এবং বিপথগামী যারা ছিল, সেখান থেকে আজকে দলে দলে মূল স্রোতে ফিরে আসছে। এটাই জঙ্গল মহলের ক্ষেত্রে সবচেয়ে বেশি উল্লেখযোগ্য অবদান এবং নূতন সরকার এত বড় একটা অধিকার অর্জন করতে পেরেছে এই অল্প পরিসর সময়ের মধ্যে। ৩৪ টা বছর ধরে যারা দায়িত্ব পালন করে গেলেন, তারা তার ধারেও ঘেঁসতে পারেনি। মানুষের কাছে পৌঁছাতে পারেনি। এটাই সবচেয়ে বড় অ্যাচিভমেণ্ট, যেটা আজকে রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে সুন্দরভাবে প্রকটিত হয়েছে। সেই কারণেই আজকে আমরা এই প্রস্তাবকে, এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করি। আজকে আমরা দেখছি জঙ্গল মহল- পরবর্তি অধ্যায়ের বিভিন্ন জায়গায় যেভাবে - ০৭ থেকে ১০ সাল পর্যন্ত শ্রমদিবস যেভাবে নষ্ট হচ্ছিল, যেখানে ৭৩.৪ লক্ষ দিন নষ্ট হয়েছিল, আজকে বর্তমান দিনে ৫ হাজার ২০০ দিন মাত্র নষ্ট হয়েছে। এর মধ্যে দিয়ে যে কালচারটা তৈরি হচ্ছে, আজকে বিভিন্ন সময়ে সরকারে যারা দায়িত্বে থাকতেন, কাজ করবার নাম করে তারা ঐ অফিসে বসে অধিকাংশ সময় ক্যারাম খেলে বা অন্য কিছু করে কাটিয়ে দিতেন। কালচারটা নষ্ট হয়ে গিয়েছিল। ধর্মঘটের নাম করে ব্যক্তিগত স্বার্থকে চরিতার্থ করবার জন্য, দলের স্বার্থকে সিদ্ধ করবার জন্য চেষ্টা করতেন, আজকে তার জন্য যে কর্ম সংস্কৃতিটা যেখানে একেবারে শেষ হয়ে গিয়েছিল, তাকে আজকে নুতন দিগন্তের পথে নিয়ে আসতে পেরেছে, আজকে বাংলার উন্নয়ন সংগঠিত হয়েছে।

[4.00–4.10]

তাই আমরা মনে করি আজকে এই কর্মসংস্কৃতি ফেরানোর ক্ষেত্রে রাজ্যপালের যে চিন্তাভাবনা, তাঁর যে অভিভাষণ এখানে প্রকাশিত হয়েছে তাকে আমরা আন্তরিক ভাবে সমর্থন করি। আজকে আমরা দেখতে পাচ্ছি কৃষি ক্ষেত্রে যে ভাবে উন্নয়ন সংগঠিত হয়েছে, অনেকে বলতে চাইছেন যে এর কিছুই উন্নয়ন আমরা দেখতে পাই নি। আপনারা দেখবেন কি করে? দেখার মতো চোখ নেই, যদি দেখতে পেতেন তাহলে কৃষিক্ষেত্রে আজকে যদি সে ভাবে উন্নয়ন সংগঠিত না হতো তাহলে ভারত সরকার কি করে আজকে আমাদের নতুন ভাবে পুরষ্কারে পুরস্কৃত করলেন। এটা কি আপনারা একবার ভেবে দেখবেন না? আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত জায়গা পাওয়ার টিলার এবং অন্যান্য যে সমস্ত যন্ত্রপাতিগুলো থেকে গেছে যেখানে ১০ হাজার থেকে ৪৫ হাজার টাকা সাবসিডি দিয়ে কৃষকদের মধ্যে এটাকে প্রেরণ করার সুযোগ আজকে আমাদের সামনে এসেছে, সেই কাজ নিঃসন্দেহে আজকে সংগঠিত হচ্ছে। খাদ্য সরবরাহের ক্ষেত্রে যে টার্গেট তৈরী করা হয়েছে ২০.৫ লক্ষ মেঃ টন, সেই জায়গায় আজকে পৌঁছে যাওয়ার ক্ষেত্রে আমাদের কোন অসুবিধা হয়নি। যে সমস্ত ক্ষেত্রে আজকে ভুয়া রেশন কার্ড ছিল, ৭৭.২৫ লক্ষ, সেই ভুয়া রেশন কার্ডকে বাতিল করে দিয়ে নতুন করে রেশন কার্ড প্রত্যেকটি জায়গায় দেওয়া সম্ভব হয়েছে। সবচেয়ে বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়নের ব্যাপারে এ বছরে ৩ হাজার কোটি থেকে ৪ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। ১০০ দিনের কাজে ৩৪ বছর যেখানে আপনারা ১৭ দিনের বেশী

অতিক্রম করতে পারেন নি, সেখানে আজকে ৪৫ থেকে ৫০ দিনের কাজ করা সম্ভব হচ্ছে। প্রতিটি গ্রামপঞ্চায়েতে যে ভাবে কাজ চলছে, রাস্তাঘাট নির্মাণ হচ্ছে, আজকে নিজ ভূমি নিজ গৃহ থেকে আরম্ভ করে জল ধরো জল ভরো থেকে আরম্ভ করে রাস্তাঘাট থেকে সোসাল ফরেস্ট্রি থেকে বিভিন্ন ভাবে কাজের উন্নয়ন সংগঠিত হয়েছে। এর আগে তো কেন্দ্রীয় সরকারের টাকা বরাদ্দ ছিল, তারা রাজ্যে এতদিন পর্যন্ত এই কাজ করতে পারে নি কেন? ১৭ দিনের জায়গায় এখন ৩৪ দিন, ৫০ দিন হয়ে যাচ্ছে, তাকে কি করে আপনারা সমালোচনা করবেন যে এই নতুন সরকার আসার পরে কোন রকম কিছু কাজকর্ম করে নি। আজকে সেচের ক্ষেত্রে বিভিন্ন জায়গায় উন্নয়নশীল কাজকর্ম করা হয়েছে। আমরা জানি সুন্দরবনের প্রত্যন্ত যে সমস্ত জায়গায় আয়লা বিধ্বস্ত এলাকায় প্রায় ২০ কি-ঃমিঃ রাস্তা, বাঁধ তৈরী করার পরিকল্পনা করা হয়েছে। বিশেষ করে যারা মৎসজীবী তাদের বায়োমেট্রিক পরিচরপত্র প্রদানের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। DAT নামক-ডিসট্রেস এ্যালার্ট ট্রান্সমিটার যন্ত্র এটা যারা সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় মৎস্যজীবীরা মাছ ধরতে যায় তাদের ক্ষেত্রে এই DAT একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। তারা দুর্যোগে যখন পড়েন তার হাত থেকে বাঁচার জন্য এর মাধ্যমে তারা সুযোগ পেতে পারে। ১ হাজারের মতো আমরা এই DAT মৎস্যজীবিদের হাতে তুলে দেওয়া সম্ভব হয়েছে। আজকে গ্রামোন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী সড়ক যোজনাতে প্রায় ১৩ হাজার কি ঃ মিঃ রাস্তার মধ্যে প্রায় ৬ হাজার কিঃ মিঃ রাস্তার ইতিমধ্যেই কাজ শুরু হয়েছে। কেউ বলছেন আমরা জানতে পারি না। কিন্তু আমি জানি, আমি এই এলাকার বিধায়ক হিসাবে জানি ইতিমধ্যেই প্রায় ১০০ কিঃ মিঃ উপর রাস্তা প্রায় অর্ধেকটা হয়ে গেছে এবং তার পরের কাজের সুচনা করে দেওয়া হয়েছে। আজকে একের পর এক বিভিন্ন ভাবে কাজের মধ্যে দিয়ে বর্তমান সরকার একটা উন্নয়নশীল চিন্তাভাবনা নিয়ে এগিয়ে যাবার চেষ্টা করছে। আজকে স্বাস্থ্যের ক্ষেত্রে বিশেষভাবে উল্লেখ করা যায় শিশু মৃত্যুর হার অনেক পরিমাণ কমে গেছে। সবচেয়ে. উল্লেখযোগ্য একটা বিষয় হলো ফেয়ার প্রাইস মেডিসিন শপ্। নতুন সরকারের একটা উল্লেখযোগ্য কাজ। আজকে যাঁরা বামপন্থী বন্ধুরা যাঁরা বলবার চেষ্টা করেছেন যে আজকে আইনশৃংখলা একেবারে ভেঙ্গে পড়েছে, আমি তাঁদের উদ্দেশ্যে বলতে চাই আপনাদের বোধ হয় প্রথম মমতা ব্যানার্জীকে স্যালুট দেওয়া উচিত। আজকে দীর্ঘ ৩৪ বছর পরে যখন আমাদের মা মাটি মানুষের সরকার এসেছিল, সে সময় মানুষের মনের মধ্যে যে ক্ষোভ সঞ্চারিত হয়েছিল, আপনারা বিগত দিনে যে ভাবে অন্যায় অত্যাচার করেছিলেন নন্দীগ্রাম থেকে আরম্ভ করে সমস্ত জায়গা খুনখারাপী চালিয়ে এসেছিলেন, আজকে সেইদিন যদি মমতা ব্যানার্জী যদি ঘোষণা না করতেন যে কোথাও কোন রকম ভাবে বদলা নেওয়া চলবে না। তাহলে আজকের যে লীডাররা এখানে বসে আছেন, আপনাদের খুঁজে পাওয়া যেত না। এই কারণের জন্য মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আপনাদের সম্মান জানানো উচিত। ওই ছোটখাটো ঘটনাটাকে বড় করে না ধরে আগামী দিনে উন্নয়নের যজ্ঞে মমতা ব্যানার্জীর পাশে থেকে সহযোগিতা করুন। যিনি যে কোন মানুষের বিপদের সময় ছুটে যেতে পারেন সেই জন্য সেই মানুষের প্রতি আস্থ জ্ঞাপন করুন। (এই সময় মাইক অফ্ হয়ে যায়)।

[4.10–4.20]

~~Shri Ali Imran Ramz~~: Honourable Speaker Sir، عزت مآب گورنر شری ایم کے نرائنن کے اس address کئے ہوئے دستاویز کو جو سرکار کی طرف سے اس ہاؤس میں پیش کیا گیا ہے اس کو نہ تو میں حمایت کر سکتا ہوں اور نہ ہی اس پر کچھ بول سکتا ہوں۔ کیونکہ یہ نہ پورا ہونے والا سپنا سرکار کی طرف سے بنگال کے لوگوں کو دکھایا گیا ہے۔ جو سپنا کبھی پورا نہیں ہوگا۔ سر میں چند باتیں آپ کے سامنے لانا چاہتا ہوں کہ ہماری عزت مآب وزیر اعلیٰ شریمتی ممتا بنرجی اور سرکار کے تمام وزراء اور ایم ایل اے چلا چلا کے یہ بات کہہ رہے ہیں کہ لفٹ فرنٹ کی ۳۴ سالہ سرکار نے بنگال پر ۱۸۶ کروڑ روپئے کا قرض لادھ دیا ہے۔ اور ۱۸۶ کروڑ کے قرض سے آپ سب دبے جا رہے ہیں۔ بوجھ کے تلے کمر تیڑا ہوتا جا رہا ہے۔ یہ آپ لوگ کہہ رہے ہیں۔ لیکن بیس مہینے میں آپ کی سرکار نے ۱۸۶ کروڑ روپئے کے قرض کو بڑھا کر ۲۴۷ کروڑ کر دیا ہے۔ جو بیس مہینے میں sixty one thousand crores کا لون آپ لوگوں نے لیا ہے۔ بام پنتھیوں نے نہیں۔ ۳۴ سال میں جتنا لون ہملوگوں پر تھا اُس کا ادھا لون آپ لوگوں نے بیس مہینے میں پورا کر دیا ہے۔ تو یہ آپ کی سرکار کی ترقی ہے یا اُس کی بربادی ہے یہ آپ لوگ خود فیصلہ کر سکتے ہیں۔

عزت مآب وزیر اعلیٰ ہمیشہ اقلیتوں کی بات کرتی ہیں۔ اور minority sector کی بات کرتی ہیں۔ پچھلے ۱۲-۲۰۱۱ کے بجٹ میں ہم لوگوں نے دیکھا کہ اُس میں اردو اکاڈمی کیلئے ۲۳ کروڑ روپیہ sanction کیا گیا تھا لیکن ۲۳ کروڑ میں اردو اکاڈمی کو پچھلے ایک سال میں کتنا روپیہ sanction کیا گیا صرف ۳ کروڑ روپیہ اور اقلیتی بچیوں کو سائیکل دیکر امام بھتہ دیکر یہ ثابت کرنے کی کوشش آپ لوگ کر رہے ہیں کہ مسلمان اور اقلیتی طبقے کی اس سے ترقی ہوگی۔ سائیکل بانٹنے سے یا خیرات بانٹنے سے کوئی بھی ایک سماج کا پچھڑا ہوا حصہ آگے نہیں آسکتا ہے۔ آپ لوگ اگر ترقی دیکھانا چاہتے ہیں۔ واقعی میں اقلیتی طبقے کو اوپر لانا چاہتے ہیں تو یہ امام بھتہ بند کیجئے، یہ سائیکل بانٹنے کا تماشہ بند کیجئے اور اردو اکاڈمی میں جو ۲۳ کروڑ روپئے دیا گیا تھا آج اردو اکاڈمی کا یہ demand ہے کہ اردو اکاڈمی کو صرف تین کروڑ روپئے دیکر اُس سے جھوٹا وعدہ کیا گیا ۲۳ کروڑ روپئے کا جو کہ آپ کی سرکار نے اور ہماری عزت مآب وزیر اعلیٰ نے کیا تھا۔ اور یہ ہملوگ دیکھ رہے ہیں کہ آج اردو کے بچوں کو اسکول میں کتابیں نہیں مل رہی ہیں۔ کتاب print کر کے اُن کے پاس پہنچایا نہیں جا رہا ہے۔ کیونکہ جو سیکنڈری بورڈ ہے وہاں سے کتاب publish کر کے اسکولوں میں بھیجا نہیں جا رہا ہے۔ میرا یہ مانگ ہے کہ اردو کے بچوں کو کتاب بھیجنے کا اور اُس کو چھاپنے کی ذمہ داری اردو اکاڈمی کو دی جائے تا کہ کتاب صحیح طریقے سے چھپے اور صحیح طریقے سے تقسیم ہو سکے۔ تا کہ اُن بچوں کو تعلیم صحیح طریقے سے ملے۔ یہ ایک ضروری کام ہے اگر آپ minority sector کے لئے کچھ کرنا چاہتے ہیں تو

ساتھ ہی ساتھ میں بولنا چاہوں گا کہ ابھی آپ لوگوں نے ہر بیتر ے کو اپنانے کے بعد اب تھک گئے ہیں۔ کہ آپ لوگوں نے سینگور سے ٹاٹا

دبھگا دیا، آپ لوگوں نے جگہ جگہ پر بنگال لیڈ کا جو تماشہ ہم لوگوں نے دیکھا۔ تمام industralists کو لاکر وہاں پر جمع کیا گیا لیکن یہ ژ حاصل نہیں ہوا۔ آخیر میں اپنے گانے میں رابندر ناتھ ٹیگور جو مہان کوی ہیں اُن کی ایک گیت سے عزت مآب وزیر اعلیٰ نے پورے بنگال باسیوں کو سمجھا دیا کہ جتنے بھی صنعت کار آئے ہیں اُن سے ہمیں کچھ حاصل نہیں ہے اسلئے گانا گادیا!

যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে

معنی اُنکو اکیلا ہی لوٹنا پڑا کوئی صنعت کار ہمارے بنگال میں آنے کے لئے تیار نہیں ہے یہ بات انہوں نے سمجھا دیا۔

ساتھ ہی ساتھ میں کہنا چاہوں گا کہ جی ٹی اے جو ہے اُس کو لیکر ج پাহাড় হাসছে

کا ناٹک چلا پچھلے بیس مہینوں سے پہاڑ ہنس رہا ہے۔ اب تو ایسا ہنس رہا ہے کہ وزیر اعلیٰ بھی رو رہی ہیں۔ اور اب دیکھا جا رہا ہے کہ جس وقت سینگور، ننددی گرام کی جو تحریک چل رہی تھی۔ اُس وقت british قانون کے خلاف وزیر اعلیٰ بول رہی تھیں۔ کہ ۱۸۹۴ کا جو land reform act ہے۔ جو کہ برٹش سرکار کا بنایا ہوا ہے اُس قانون کو نہیں مانیں گی۔ ہمارے دیس میں نیا قانون بنانا ہوگا۔ ہمارے دیس کا قانون چاہئے۔ یہ سارا مانگ ہماری وزیر اعلیٰ کرتی تھیں۔ اور آج وہی برٹش کے divide and rule پالیسی کو گورکھا لینڈ کے اندولن کو روکنے کیلئے استعمال کیا گیا۔ وہاں پر گورکھا اور لیپچا کے درمیان پھوٹ ڈالنے کی کوشش، یہ گھٹیا اور گرا ہوا سیاست آج پورے بنگال کو آپ لوگ دیکھا رہے ہیں۔ اور یہ گھٹیا سیاست کا نمونہ ہم لوگ دیکھ رہے ہیں کہ آج گورکھا لینڈ اور لیپچا کے نام پر وہاں پر جو بٹوارہ کرنے کی کوشش کی جا رہی ہے۔ آپ نے اس میں لکھا ہے کہ گورکھا لینڈ میں دارجلنگ میں peacefully آپ لوگوں نے الیکشن کیا۔ وہاں پر گورکھا جن مکتی مورچہ کے علاوہ اور کسی پارٹی کو participate کرنے کا موقع نہیں دیا گیا سوائے ترنمول کے اُس میں بھی ترنمول کی عزت مآب وزیر اعلیٰ کو بھی جھکنا پڑا اور جھک کر اپنے تمام امیدوار کو withdraw کرنا پڑا اور صرف اپنا نام اور عزت رکھنے کیلئے، کیونکہ وہ ریاست کی وزیر اعلیٰ ہیں۔ صرف ایک امیدوار کو کھڑا ہونے کی اجازت دی گئی اس کے بعد آپ لوگ بولتے ہیں کہ وہاں پُر امن الیکشن ہوا democracy ہے وہاں پر جب عزت مآب وزیر اعلیٰ دارجلنگ جاتی ہیں۔ جس دفتر میں جا کر بیٹھتی ہیں، جس سرکٹ ہاؤس میں ٹھہرتی ہیں اُس کے اوپر لکھا ہوتا ہے گورکھا لینڈ، اُن کو شرم آنا چاہئے وہ جہاں جاتی ہے گورکھا لینڈ لکھا ہوا رہتا ہے اور بولتی ہیں ''بنگلہ آمار'' یہ عالم ہے اُن کا، ہم لوگ دیکھ رہے ہیں کہ آج ہم لوگ کے ریاست میں ریپ کی تعداد بڑھتا گیا law and order بگڑتا جا رہا ہے۔ ریپ کا victim جو ہے اُن کیلئے پولس جو crime کر رہا ہے rape is a serious crime بڑا کرائیم ہے۔ اُس کرائیم کو روکنے کیلئے پولس کوئی ایکشن نہیں لے لیکن جو victimise ہے جو لڑکی victim ہوگی، جو عورت victim ہوگی۔ اُس victim کو compensation دیا جائے گا۔ اگر ۱۸ سال سے کم عمر کی ہے تو تیس ہزار اور ۱۸ سال سے زیادہ ہے تو اُس کو بیس ہزار، یہ جو ریٹ طے کیا گیا ہے۔ یہ ریٹ کابینہ میں بیٹھ کے وزراء نے اور ہماری وزیر اعلیٰ نے طے کئے۔ اگر اس میں ہمارے کابینہ کے تمام منسٹر کا حمایت ہے تو میں شرم کے ساتھ کہنا چاہوں گا کہ آپ لوگوں کو پورے بنگال کی طرف سے لعنت دیا جائے گا تمام عورتوں کی طرف سے، ہمارے گھر کی

ماں بہنوں کی طرف سے اور آپ کی ماں بہنوں کی طرف سے، کیا آپ نے کابینہ میں بیٹھ کے عزت مآب وزیر اعلیٰ کی اس گھٹیا فیصلہ پر رہ بھری ہے۔ کہ آج اگر ہمارے گھر میں ہماری ماں بہن پر اس طرح کا کوئی حادثہ ہو تو میں سوال کرتا ہوں اس کابینہ کے تمام وزراء سے کہ آپ لوگوں کے گھر میں یا میرے گھر میں اس طرح کا کوئی حادثہ پیش آئے تو میں اُس کے خلاف قانوناً کاروائی چاہوں گا یا میری بیٹی کو بیس ہزار روپے دیکر کہوں گا کہ بیٹی تم کو تمہارا معاوضہ مل گیا یا میری پتنی کے ساتھ اس طرح کا حادثہ ہو تو کیا میں بولوں گا کہ ہم کو تیس ہزار روپیہ مل گیا یہ کہہ کر میں کہوں گا کہ تم خاموش ہو جاؤں۔ اگر اس میں آپ لوگوں کی رضامندی ہے تو یہ ہماری ریاست کی بدقسمتی ہے۔ ہماری دیس کی عورتوں کی بدقسمتی ہے۔ ہماری دیس کی بہنوں کی بدقسمتی ہے کہ ایسے لوگ ہمارے یہاں سیاسی رہنما بن کر بیٹھے ہوئے ہیں جن کے لئے ہماری ماں بہن کی عزت کی قیمت بیس ہزار اور تیس ہزار ہے۔ اس طرح کا کھورام لگا کر رکھا ہوا ہے۔

ساتھ ہی ساتھ میں کہنا چاہوں گا نوبت یہ ہے کہ کچھ دن پہلے میرے حلقہ چکلیہ میں ایک عورت مجھے ملی، عورت آکر بولتی ہے۔ کہ ہم لوگ کے بنگال میں پہلی تاریخ ہے جہاں اتنے سارے مہیلا منتری ہیں۔ مہیلا منتری ہے تو پہلے بھی تھیں۔ تو دیکھا یہ گیا کہ انہوں نے کہا کہ ہماری ریاست میں ابھی سبھی مہیلا منتری ہیں صرف وزیر اعلیٰ پروش ہیں باقی سب مہیلا، تو یہ عالم ہے ہماری ریاست کا

آپ لوگ employment bank کی بات کرتے ہیں۔ ہمارے وزیر صاحب یہاں موجود ہیں۔ employment banl میں جو ۳۵۰ سبجیکٹ کے زبان کو آپ لوگوں نے رکھا ہے اُس میں ہماری دیس کا جو راشٹریہ بھاشہ ہے "ہندی" اُس ہندی بھاشہ کو آپ لوگوں نے جگہ نہیں دیا ہے۔ کیوں یہ ہندی زبان سے آپ لوگوں کو اتنا پرہیز کیوں ہے؟ جو ہمارے دیس کا راشٹریہ بھاشہ ہے۔ اُس راشٹریہ زبان کو آپ لوگوں نے جگہ نہیں دیا۔ جانتے ہیں! میں کچھ دن پہلے بھوٹان گھومنے گیا ہوا تھا۔ رہنے جانے کا موقع نہیں ملا تاں۔ تو بھوٹان گیا تھا گھومنے، وہاں دیکھا ہوٹل میں گیا تو وہاں پر راجا رانی کی تصویر لگی ہوئی تھی۔ دکانوں میں دیکھا تو راجا رانی کی تصویر لگی ہوئی تھی۔ گھر پر گیا تو دیکھا وہاں پر لوگوں نے اپنے گھر میں بھی راجا رانی کی تصویر لگا رکھی ہے۔ بھائی کیوں؟ تو پتہ چلا کہ یہاں اگر تصویر نہیں ہاؤں گے تو جیل میں بند کر دیئے جاؤ گے۔ تو ہمیں یہ بات سُن کر ہماری ریاست کی وزیر اعلیٰ کا چہرہ یاد آ گیا۔ کیونکہ ہمارے جتنے بھی وزراء ہیں۔ وہ بھی اپنے اپنے دفتروں اور گھروں میں وزیر اعلیٰ کی تصویر لگاتے ہیں۔ اور جو نہیں لگاتے ہیں ہمارے عزت مآب سابق وزیر رابندرا ناتھ بھٹاچارجہ جی کا کیا حال ہوا اُس کو ہم لوگ دیکھتے ہیں۔

Mr.Speaker: শেষ করুন। Please Conclude

Shri Ali Imran Ramz: ساتھ ہی ساتھ میں کہنا چاہوں گا اسپیکر سر میں ایک منٹ کا ٹائیم لونگا میں بولنا چاہوں گا کہ اس honourable house میں جس طریقے سے ہمارے یہاں کی عزت مآب ممبر دیب ولینا محترم پر جس طرح حملہ کیا گیا۔ وہ اس ہاؤس کو بےعزت کیا گیا تھا۔ اور آپ اسپیکر ہونے کے ناطے آپ یہاں موجود تھے۔ تو یہ چیز سرکاری ایم ایل اے اور منتری کی طرف سے ہوا تھا۔۔۔۔۔۔۔۔۔۔۔۔(عزت مآب اسپیکر کی ہدایت پر اس حصے کو بعد کیا جاتا ہے)۔۔۔۔۔۔۔۔۔۔۔۔

:یہ سُنا ہوگا کیونکہ حقیقت سُننا چاہیئے (اس کے بعد مائیک بند ہوگیا)

শ্রী শুভ্রাংশু রায় : স্পীকার স্যার, পঞ্চদশ রাজ্য বিধানসভার অষ্টম অধিবেশনে রাজ্যপাল মহোদয়ের ভাষণে পূর্ণাঙ্গ সমর্থনে আমি কিছু বলতে চাই। মাননীয় স্পীকার স্যার, আজকে আমার প্রথম বক্তব্য। আমি অনেক কিছু শুনছি, বোঝার চেষ্টা করছি, কারণ শেখার কোন শেষ নেই। কিন্তু একটা জিনিস আজকে আমার জানতে ইচ্ছা করছে, আজকে গণতন্ত্র আইনশৃঙ্খলা নিয়ে সকলে অনেক কিছু বলছেন। কিন্তু বানতলার ঘটনা তো কেউ বলছেন না একবারও। একবারও বলছেন না, যে রিজুয়ানুর রহমান একজন হিন্দু মেয়েকে ভালবাসার জন্য তাঁকে সরিয়ে দেওয়া হল এই পৃথিবী থেকে। একবারও আমার জানতে ইচ্ছা করছে, যে রামজান আলি আমাদের প্রাক্তন বিধায়ক তাঁর স্ত্রী কেন আজকে জেলে রয়েছে। আমার জানতে ইচ্ছা করলে এগুলো। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়া, আমি যে পরিবেশে বড় হয়েছি, আমি ঠাকুমা দাদুর কাছে বড় হয়েছি। আমার ঠাকুমা ছিল, অবিভক্ত সি পি আই এর সক্রিয় সদস্যা। কিন্তু জীবিতকালে তার একটি আক্ষেপ থেকে গিয়েছিল। আমি যে বিধানসভা থেকে জিতে এসেছি, সেই বীজপুর বিধানসভার তিনি ভোটার ছিলেন। কিন্তু জীবিতকালে লাস্ট '৯১ সালের পর থেকে তিনি ভোট দিতে পারেননি। এটা ছিল গণতন্ত্রের নমুনা। ২০০৭সাল পর্য্যন্ত তিনি কিন্তু ভোট দিতে পারেননি। ২০০৯ সালের পর থেকে গণতন্ত্র প্রতিষ্ঠা হতে শুরু করে এবং তার অন্তিম পর্যায়ে পৌঁচেছে আমাদের মমতা ব্যানার্জীর এই সরকারে আমলে। গণতন্ত্র কি, তা এই নির্বাচনের মাধ্যম দিয়ে আমরা দেখতে পাচ্ছি। আজকে পাহাড় হাসছে। পাহাড়ে উন্নয়ন হচ্ছে। পাহাড়ে চারদিকের মানুষ হাসছে। শহরের উন্নয়ন হচ্ছে। মানুষ সেখানে পর্যটন ব্যবস্থায় যাচ্ছে কিন্তু। আমি খুব ভাল স্টুডেন্ট ছিলাম না। অলি গলিতে সাইকেল নিয়ে ঘুরে বেড়াতাম এবং কাগজ পড়তাম এবং সেই জন্যই মনে হয় আজকে এই বিধানসভায় এসেছি এবং বিধায়ক হয়েছি এবং রাজনীতি করছি। কিন্তু সেই দেওয়ালগুলো আমি অনেক সময় দেখতাম, কলজে দেব রক্ত দেব, পাহাড় রাঙাতে দেবনা, ওই লেখাটা থাকত, এবং তলায় ডি ওয়াই দিয়ে কি একটা লেখা থাকত। কিন্তু কোনদিনও দেখতাম না, পাহাড়ের উপরে গিয়ে কোন মন্ত্রী, কোন মুখ্যমন্ত্রী, এমন কি তৎকালীন প্রধানমন্ত্রীকে দেখিনি, যে পাহাড় পশ্চিমবাংলার অবিভক্ত অঙ্গ, সেটা বলতে দেখিনি। সেই সাহস দেখিয়েছে আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং পাহাড়ের বুকে দাঁড়িয়ে বলেছেন, দার্জিলিং পশ্চিমবাংলার অবিভক্ত অঙ্গ। এবং পাহাড় আমাদের সঙ্গে আছে, থাকবে এবং থাকবে। আমাদের আইনশৃঙ্খলার প্রশ্নেও কিন্তু আমাদের অনেক উন্নতি হয়েছে। হাওড়া, ব্যারাকপুর, বিধাননগর, আসানসোল, দুর্গাপুর, শিলিগুড়ি, পাঁচটি কমিশনারেট এর কাজ শুরু হয়েছে। মহিলাদের সুবিধার্থের জন্যে ৬৫টি মহিলা থানা মঞ্জুর করা হয়েছে। যার মধ্যে ১০টির কাজ শুরু হয়েছে। পুলিশ বাহিনীতে শক্তি বৃদ্ধি হয়েছে। ১০ হাজার শূন্যপদ পূরণের কাজ চলছে। আর সবচেয়ে যেটা উল্লেখযোগ্য ঘটনা, বিদ্যুৎ। বিদ্যুৎ এমন একটা জিনিস যার অনেকগুলো সেক্টর থাকে। এর উৎপাদন আর জেনারেশান সেক্টর। এবং আর একটা সেক্টার থাকে ডিস্ট্রিবিউশান সেক্টার। জেনারেশান থেকে ডিস্ট্রিবিউশানে যেতে গেলে প্রচুর পরিমাণ বিদ্যুৎ লস হোত আগে। যার জন্যে আমাদের কিন্তু বিদ্যুৎ খরচ প্রচুর পরিমাণে বেড়ে গিয়েছিল।

[4.20–4.30 p.m.]

সেটা আমরা পূরণ করতে পেরেছি। ২০১২-১৩ সালে নতুন সাতটি ৩৩ কেভি সাব-স্টেশন

বসিয়েছি। সেইজন্য আরো ৪০০ মেগাওয়াট বিদ্যুৎ ভরতি যাতে হয় সেই চেষ্টা আমরা করেছি। গবাদি পশুর উন্নয়ন এবং প্রজননের ক্ষেত্রে আমাদের সরকার জোর দিয়েছেন। মৎস চাষে আমাদের সরকার উৎসাহ প্রদান করছেন। আগে যে মৎস্য চাষ করা হত, সেখানে মৎস্য চাষের নামে খালি টাকা নয়ছয় করা হত। কিছু কিছু অঞ্চলে যেখানে মৎস্য চাষ করা হত সেখানে রঙিন মাছের নাম করে প্রচুর টাকা নয়ছয় করা হয়েছে। খালি মাছ এনে বিক্রি করা হয়েছে। সেখানে কোনো ডিম বা প্রজনেনর ক্ষমতা সম্পন্ন মাছ আনা হয়নি। আগামীদিনে গ্রামীন অর্থনীতিকি চাঙ্গা করবে এই সরকার। ক্ষুদ্র সেচে 'জল ধরো জল ভরো' স্লোগানকে সামনে রেখে বৃষ্টির জলকে সঞ্চয়ের উদ্দেশ্যে ৪৫,০০০ জলাশয় খনন করা হয়েছে। আগামী দিনে এই লক্ষ্যমাত্রা ৫০,০০০এ পৌঁছাবে। বর্ধমান, বীরভূম, পশ্চিম মেদিনীপুর, পরুলিয়া, হুগলী জেলাকে সেচ ব্যবস্থার একটি নেটওয়ার্ক তৈরি করা হবে। গণবন্টন ব্যবস্থায় আমার সরকার জোর দিয়েছে। পার্বত্য অঞ্চলের বন্ধ পরিত্যক্ত চা বাগান জঙ্গলমহলের পিছিয়ে পড়া মানুষগুলোকে দু টাকা কেজি দরে চাল দেওয়ার ব্যবস্থা করেছে এই সরকার। শিল্পের জন্য জমি কেড়ে নয়, পরিত্যক্ত জমিকে, অনাবাদী জমিকে শিল্পের উপযুক্ত করে শিল্পায়ন করা আমাদের সরকার এর প্রধান লক্ষ্য। ছোট ছোট শিল্পের সাথে বৃহৎ শিল্পকেও আমাদের রাজ্যে আহ্বান হচ্ছে। আমাদের মুখ্যমন্ত্রী বারবার সম্মেলন করেছেন শিল্পপতিদের সাথে। এখানে বলা হল - 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে।' শিল্পের ক্ষেত্রে যে জমির প্রয়োজন সেই জমি নিয়ে কৃষকদের মেরে যে সরকার আমাদের চরম দুর্নীতির দিকে এগিয়ে দিয়েছিল, তার থেকে মুক্তি দিয়েছে আজকে আমাদের এই সরকার। আজকে ঋণের কথা বলা হচ্ছে বারবার। গরীব মানুষের কাছে ঋণের কথা বলে আজকে আমাদের এই সরকার চরম অস্বস্তি তুলে ধরেছেন। তৎকালীন মুখ্যমন্ত্রী মহাকরণে দাঁড়িয়ে গরীব চাষীদের উদ্দেশ্যে বলেছিলেন তাদের ঋণ ফেরৎ দিয়ে দিচ্ছি। কিন্তু একবারেও জন্যও বলেনি যে কেন্দ্রের দেওয়া সেই ঋণের টাকা আমরা ফেরৎ দিয়ে দিচ্ছি। তাদের সূর্যোদয় যদি হত তাহলে সত্যিই পশ্চিমবঙ্গে সেদিন সুর্যোদয় হত। দুর্গাপুর, কলকাতা, শিলিগুড়ি ও শান্তিনিকেতনে শহরাঞ্চলীয় হাট তৈরি হচ্ছে বিপণনের জন্য। স্বাস্থ্য ব্যবস্থাকে উন্নত করার জন্য পরিকল্পনা করা হয়েছে। নতুন নতুন আই টি আই ডিগ্রি সম্পন্ন কলেজ করার চেষ্টা করা হচ্ছে। আজকে আইন শৃঙ্খলার কথা প্রচুর বলা হচ্ছে। আমার কাঁচড়াপাড়া কলেজ নিয়ে ২-৪টি কথা বলার ইচেছ হচ্ছে। তৎকালীন যে সরকার ছিলেন সেই আমলে দুজন প্রিন্সিপাল আমাদের কলেজে গিয়েছিলেন। কিন্তু কেন যে তাদের মেরে তাড়িয়ে দেওয়া হয়েছিল সেটা আমরা জানি না। সেই কলেজের ইউনিয়ন আমাদের ছিল না। সেই ইউনিয়নের ছেলেরাই তাদের মেরে তাড়িয়ে দিয়েছিল। এই সব কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি মেম্বারদের বলছি এটা ওর মেডেন স্পিচ। ও তো বললো যে এটা ওর প্রথম বলা। ও কাউন্সিলারও বটে। ডোন্ট আণ্ডার এস্টিমেট প্লিজ।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, গত ৮ই মার্চ রাজ্যপাল যে বক্তব্য পেশ করেছেন আমি সেই বিষয়ে ২-৪টি কথা বলবো। রাজ্যপাল আমাদের গোটা রাজ্যের মহিলাদের জন্য ৬৫টি মহিলা থানা মঞ্জুর করেছেন। তারমধ্যে ১০টি থানা শুরু হয়েছে। আমিও একজন মহিলা সদস্যা। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীও একজন মহিলা। তাই আমরা চাইবো আজকে আমাদের মহিলাদের নিরারপত্তার জন্য যে থানা তিনি মঞ্জুর করেছেন এই বিধানসভায় আমাদের

নিরাপত্তার জন্য তিনি যদি একটা ব্যবস্থা করেন তাহলে খুব ভালো হয়। আমরা দেখতে পাচ্ছি দিল্লিতে নারী ধর্ষণ হলে আমাদের মহিলা মুখ্যমন্ত্রী কলকাতায় রাস্তায় নেমে মিছিল করছেন। কিন্তু আমাদের রাজ্যে যখন নারী ধর্ষণ হচ্ছে তখন তিনি বলছেন সাজানো ঘটনা। আমাদের রাজ্যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের জন্য অনেক প্রকল্প ঘোষণা করেছেন।

আমাদের রাজ্যে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলাদের জন্য অনেক প্রকল্প ঘোষণা করেছেন—যেমন 'কন্যাশ্রী' প্রকল্প এবং 'আশা'-দের জন্য তেরোশো টাকা বরাদ্দ করেছেন। কিন্তু আমাদের রাজ্যে বিধবা ভাতা এবং বার্ধক্য ভাতা অনেক গরীব মানুষরা পাচ্ছে না। এর পরেও আমরা 'কন্যাশ্রী' প্রকল্পের জন্য কোথা থেকে টাকা দেব, সেটা যদি বলেন তাহলে খুব ভালো। আমার বিধানসভা এলাকায় ধান কেনা শুরু হয়েছে। আপনারা জানেন যে আমার বিধানসভা এলাকা হচ্ছে কৃষি প্রধান এলাকা। সেখানে কৃষকরা প্রচুর পরিমাণে ধান উৎপাদন করে। গত বছর আমাদের ঐ এলাকার কৃষকরা ধান বিক্রি করতে না পেরে ও ধানের ন্যায্যমূল্য না পেয়ে ছয়জন কৃষক আত্মহত্যা করেছিল। এবারেও আমাদের ঐ এলাকায় প্রচুর ধান উৎপাদন হয়েছে, কিন্তু তারা ঠিকমতো ধান বিক্রি করতে পারছে না। আলুর উৎপাদন এত হয়েছে যে রাখার জায়গা নেই। তাই আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, আলু রাখার ব্যবস্থা যদি করে এবং আলু চাষীরা যাতে আলুর ন্যায্যমূল্য পান তাহলে তারা উপকৃত হবে। আমরা দেখতে পাই শিশু শিক্ষা কেন্দ্রে গরীব বাচ্চারা পড়াশোনা করে, সেখানে এস. সি. এস. টি বাচ্চাদের পোশাক দেওয়া হয়। ওখানে ও বি সি. সংখ্যালঘু এবং গরীব বাচ্চারাও পড়াশোনা করে। তাহলে কেন সেই গরীব বাচ্চাদের মধ্যে দুটো ভাগ করা হল? কেন শুধু এস. সি, এস. টি বাচ্চাদেরকে পোশাক দেওয়া হবে এবং আদারস্ বাচ্চাদের পোশাক দেওয়া হবে না? এই রকম যদি করা হয় তাহলে আমার মনে হয় রাজ্যটা পিছিয়ে যাবে। আমি চাইব ঐ এস. এস. কে স্কুলগুলোতে সমস্ত বাচ্চাদেরকেই পোশাক দেওয়া হোক। আমাদের রাজ্য সরকার যুবকদের উৎসাহ দেওয়ার জন্য ক্লাবগুলোকে দু'লক্ষ টাকা করে অনুদান দিচ্ছেন। প্রায় ত্রিশ হাজার ক্লাব দু'লক্ষ টাকা করে অনুদান পেয়েছে। কিন্তু সেই টাকা খরচ হল কিনা সেটা কে দেখবে? আমার জেলা মুর্শিদাবাদ জেলা, সেই জেলার একটা ক্লাবও কিন্তু টাকা পেল না। তাহলে কি আমরা এটা ধরে নেব, শুধু তৃণমূলের ক্লাবগুলিকেই টাকা দেওয়া হল। মাননীয় রাজ্যপাল আমাদের রাজ্যের ৩৪১টি ব্লকের গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলি দিবা-রাত্রি খোলা রাখবেন বলেছেন। আমার বঁড়এা ব্লকে একটা বহু পুরোনো গ্রামীণ হাসপাতাল আছে। আমি বার বার বলেছিলাম সেখানে ডাক্তার নেই, নার্স নেই। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রীকে বলেছি, কিন্তু তার কোন সুরাহা এখনো পর্য্যন্ত হয়নি। দু'বছর কেটে গেল এখনও আমরা দেখতে পাচ্ছি বিগত চৌত্রিশ বছরে যা ছিল, এই দু'বছরে সেই একই অবস্থা রয়ে গেল। আমাদের রাজ্যে অনেক ICDS সেন্টার আছে। সেখানে বহু মহিলা কর্মরত। আশা প্রকল্পের জন্য রাজ্য সরকার বরাদ্দ করেছেন, কিন্তু ICDS প্রকল্পের জন্য কোন বরাদ্দ করা হল না। ২০১০ সালে কেন্দ্রীয় সরকার এই ICDS কর্মীদের জন্য ১৫০০ টাকা করে বরাদ্দ করেছিল, আজকে দু'বছর কেটে গেছে, নতুন সরকার এই প্রকল্পের জন্য কোন বরাদ্দ করল না। সাবিত্রী মিত্র যখন এই দপ্তরের মন্ত্রী ছিলেন, তখন তিনি ঘোষণা করেছিলেন এই ICDS কর্মীদের দুটো করে শাড়ী দেওয়া হবে। আজকে বাইশ মাস কেটে যাওয়ার পরেও একটা শাড়ীও তারা এখনো পর্য্যন্ত পেলেন না। এই সরকার কান্দি সাব-ডিভিশানে চারটি NBSTC -র বাস চালু করেছেন। বাসগুলোর অবস্থা এতটাই খারাপ প্রায় প্রতিদিনই বাসগুলো মাঝরাস্তায় খারাপ হয়ে যাচ্ছে। আমি

বার বার এই বিষয়টা মন্ত্রীমহাশয়কে বলেছি। NBSTC-র চেয়ারম্যান এখানে বসে আছেন, তিনি আমাদের ওখানে বাসগুলো চালু করেছিলেন বলে তাকে আমি ধন্যবাদ জানাই। জঙ্গলমহলে নতুন নতুন বাস দেওয়া হচ্ছে এবং বাসগুলো লসে রান করছে। অথচ আমাদের চারটে বাস, যেখান থেকে সবচেয়ে বেশী কালেকশান হচ্ছে, সেখানে কোন নতুন বাস দেওয়া হল না। এই বিষয়টি দেখার জন্য আমি অনুরোধ করব। পরিশেষে আমি একটা কথাই বলব, মাননীয়া মুখ্যমন্ত্রী নির্বাচনের আগে একটা শ্লোগান দিয়েছিলেন, 'বদলা নয়, বদল চাই'। কিন্তু আমরা কি দেখতে পেলাম, বদলের জায়গায় বদলাই হচ্ছে। আমরা দেখতে পাচ্ছি বিগত চৌত্রিশ বছরে কি হয়নি সেটাই এখানে আলোচনা হচ্ছে, দু'বছরে আমরা কি করতে পারব বা পাঁচ বছরে আমরা কি করতে চাই সেটা নিয়ে কোন আলোচনা হচ্ছে না।

[4.30–4.40pm.]

তাই আমি বলবো, আমাদের কান্দি সাবডিভিশানে যখন কিষাণ ক্রেডিট কার্ড বিলি করা হয় আমাদের সেখানকার বিধায়করা জানতে পারলো না। অথচ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের মুর্শিদাবাদ জেলায় একজন হারা মন্ত্রী আছেন তাঁকে নিয়ে সেই কিষাণ কার্ড বিলি করলেন। এটাই কি পরিবর্তন? যদি এইরকম পরিবর্তন হয় তাহলে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবো, আপনি একটু ভেবে দেখুন। ৩৪ বছর বামফ্রন্ট সরকার যেটা করেছিলো আপনারাও আপনার নিজের দলকে নিয়ে একই কাজ করছেন। আমরা ওরা এর মধ্যে এসে গেলো। আপনি সকল দলকে নিয়ে কাজ করছেন না। আমি তাই মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবো, আমাদের রাজ্যে এই ৩৪ বছরে কি হয়েছিলো সেটা না দেখে, আমরা আগামী দিনে কি করবো সেটা যদি উনি ভাবেন এবং বদলা না নিয়ে উন্নয়নের দিক দিয়ে এই রাজ্যটা যেন পিছিয়ে না যায় সেটা যদি দেখেন তাহলে আমার মনে হয় খুব ভাল হবে। ৩৪ বছরে এই রাজ্যটা শেষ হয়ে গিয়েছিলো। আমরা জোটে ভোট করেছিলাম। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন এই রাজ্যটাকে বদল করুন, উন্নয়ন করবো। বামফ্রন্ট সরকার ৩৪ বছরে যা করে নি আমরা ৫ বছরে করে সেটা দেখিয়ে দেবো। আমরা কিন্তু সেটাই চেয়েছিলাম। আমরা চেয়েছিলাম এই রাজ্যটা সন্ত্রাস মুক্ত হোক। আমি রাজ্যের বিষয়ে যাবো না, আমি শুধু আমার ব্লকের বিষয়টাই বলবো। আমি দেখলাম, আমার বিধানসভায় যে লোকগুলো বামফ্রন্টের হয়ে খাটলো, যে সন্ত্রাসকারীরা বামফ্রন্টের হয়ে ভোট করলো আর যখন রাজ্যে পরিবর্তন হয়ে গেলো তারপর দেখলাম সেই বামফ্রন্টের সন্ত্রাসবাদীরা তৃণমূলের ছত্রছায়ায় এসে দাঁড়ালো। আজকে আমরা যদি থানায় যাই—যেখানে আমরা ভেবেছিলাম নিরপেক্ষ প্রশাসন চলবে, নিরপেক্ষ বিচার আমরা পাবো। কিন্তু আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে রাজ্য বদল হওয়ার সঙ্গে সঙ্গে পুলিশরাও বদল হয়ে গেলো। তারাও তৃণমূলের হয়ে কাজ করতে শুরু করলো। সেখানকার সন্ত্রাসবাদীরা থানায় বসে তাদের ইচ্ছা মতো কাজ করছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবো, আপনি নিরপেক্ষ কাজ করুন। আপনার পুলিশ প্রশাসনকে বলুন তারা যেন নিরপেক্ষ কাজ করে। কারণ আমরা বামফ্রন্ট সরকারের আমলে প্রতিবাদ করেছি, আপনাদের সরকারের আমলেও প্রতিবাদ করবো। আমরা যতই জোটে ভোট করি না কেন যেটা অন্যায় সেটাকে অন্যায় বলবো, যেটা ন্যায় সেটাকে ন্যায় বলবো। তাতে যদি আপনারা ভেবে থাকেন যে আমরা বামফ্রন্টের সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করছি আপনারা কিন্তু ভুল করছেন। আমাদের দীর্ঘ ১২৫ বছরের পুরোনো দল। আমাদের কেন্দ্রীয় সরকার

আছেন। কেন্দ্রীয় সরকার যে রাজ্যকে বঞ্চনা করছেন এই কথা না বলে কেন্দ্রীয় সরকার কিভাবে এই রাজ্যটাকে সাহায্য করবে সেই কথা যদি আপনারা বলেন তাহলে কিন্তু এই রাজ্য উন্নয়নে আরও এগিয়ে যাবে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলবো, আপনি বদলা নিতে গিয়ে এই রাজ্যকে যেন পিছিয়ে না দেন। আমি বলবো ৩৪ বছর বামফ্রন্ট সরকার যা করে নি। আপনি ৫ বছরে সেটা করে দেখিয়ে দিন। তাহলে আবার আপনাদেরকে মানুষ দু হাত ভরে আশীর্বাদ করবে। আমি আমার বক্তব্য আর দীর্ঘায়িত করবো না, এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণ কর্তৃক প্রদত্ত যে ভাষণ এখানে উপস্থাপিত হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমি এই হাউসে কিছু বলতে চাই। গতকাল থেকে আজ পর্যন্ত বিভিন্ন বিধায়কের ভাষণ শুনেছি। বার বার বিরোধী বেঞ্চ থেকে একটা কথা উঠে আসছে যে এখানে এই বাইশ মাসের মধ্যে আইন শৃংখলা মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর উঠে গেছে, সন্ত্রাস হচ্ছে। ৩৪ বছর সন্ত্রাস কবলিত এলাকায়, আজকে কংগ্রেস বন্ধুরাও সেই বিরোধী রাজনৈতিক দলকে সমর্থন করে বক্তব্য রাখছেন। এখানে মাননীয়া বিধায়ক আছেন শান্তিপুরের। একটু আগে তিনি বক্তব্য রেখেছেন, তার দাদা মার্ক্সবাসী কমিউনিস্ট পার্টির হাতে খুন হয়েছিল। আমাদের ভাবতে আবাক লাগে আজকে যে কোন কারণে আমাদের মধ্যে রাজনৈতিক বিভাজন হতে পারে। কিন্তু ৩৪ বছরের সঙ্গে ২২মাসের সন্ত্রাসের তুলনা করছে। আমার বিধানসভার অন্তর্গত—যদি আমি বলি, আমি যখন ছাত্র রাজনীতি থেকে শুরু করেছিলাম আশির দশকে। যাদের হাত দিয়ে আমরা রাজনীতি করতাম, সরোজ ঘোষ, বিমল ঘোষ, বিমান সাহা, সুনীল বিশ্বাসের হাতে আমরা হাত ধরে রাজনীতি করেছি। চোখের সামনে, সেই সমস্ত নেতৃত্বকে আমরা হারিয়েছি। আমার পাশে যে নিলিমা নাগ বসে আছে। আমাদের ডিলিমিটেশান হওয়ার আগে রানাঘাট পূর্ব বিধানসভা কেন্দ্র-এর বিধায়ক ছিলেন। সমীর নাগ, মার্ক্সবাদী কমিউনিস্ট গুন্ডাদের হাতে খুন হয়েছেন। আমার নিজের যেখানে বাড়ি, আমার অঞ্চলে, আমরা ভুলে যাইনি যে রঞ্জন ভট্টাচার্য্যের—তখনকার দিনের মার্ক্সবাদী মাননীয় যিনি প্রধান ছিলেন, সিপিএমের সেই প্রধান আমাদের চোখের সামনে নিংরানী দিয়ে রঞ্জন ভট্টাচার্য্য -এর দুটো চোখ তুলে নিয়েছিল। আমরা একথা ভুলে যাইনি, আমরা ভুলে যাইনি যে ধানতলার কথা একটু আগে মাননীয় বিধায়ক বললেন, শুভ্রাংশু রায়। ধানতলায়—আজকে পার্কস্ট্রীট নিয়ে বড় বড় কথা বলছে, সামান্য তিলকে তাল করতে চাইছে। ধানতলায় যখন নিজেদের সিপিএমের নিজেদের গোষ্ঠী দ্বন্দে বলি হয়েছে নৃশংস বরযাত্রীর অধিকাংশ মেয়েরা। আর তারা বরযাত্রীতে যাচ্ছিল, নিজেদের মধ্যে গোষ্ঠী দ্বন্দ্ব—একটা সিপিএমের নেতাকে ওই আর এক সিপিএমের নেতা জব্দ করার জন্য রাতের অন্ধকারে মার্ক্সবাদী গুন্ডা, ক্যাডার বাহিনীকে পাঠিয়ে দিয়ে সেখানে বরযাত্রীদের থেকে মেয়েদের নিয়ে ওখানে যে স্কুল ঘরের মধ্যে একটার পর একটা ধর্ষণ করা হয়েছে। সকলের মায়ের সামনে মেয়েকে, মেয়ের সামনে মাকে একথাগুলি আমরা কিন্তু ভুলে যায়নি। আজকে সারা পশ্চিমবাংলায় যে রাজনৈতিক সন্ত্রাস করেছে, সেই সন্ত্রাসের বলি আমিও হয়েছি গত পঞ্চায়েত নির্বাচনের সময়। আমরা যখন নির্বাচনে গিয়ে, নির্বাচনের সময় দেখলাম ঠিক গত পঞ্চায়েত নির্বাচনে দশদিন আগে চার-চারজন সিপিআইএমের ক্যাডারটা, চারজন জলজ্যান্ত যুবককে, তরতাজা যুবককে প্রকাশ্যে দিনের বেলায় দু'টোর সময় খুন করল, প্রকাশে রাজপথে। পরে আমরা দেখলাম যেদিন পঞ্চায়েত নির্বাচন হয়, সেই নির্বাচনের আগের

রাতে হঠাৎ মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির ক্যাডাররা রাত দু'টোর সময় অতর্কিত আমার বাড়িতে হকির স্টিক, ন্যাপলা নিয়ে আমাকে খুন করার জন্য এগিয়ে এসেছিল। সেদিন পুলিশ প্রশাসন কিছুটা সতর্ক থাকার ফলে নির্বাচনে যখন তারা রানিং এ ঘুরছিলেন, নাইট ডিউটি থাকার ফলে সেদিনের মত আমি বেঁচে গেছি। আজকে সারা বাংলা ৩৪ বছরে যারা সন্ত্রাস করে ভোটে জিতে এসেছে, যারা গণতন্ত্রকে শেষ করেছে তাদের মধ্যে আজকে এই ২২ মাসের সন্ত্রাস—এই একটা ঘটনাকে নিয়ে বার বার এই সরকারকে ছোট করার কোন কারণ নেই। চলতে দিন দেখতে থাকুন, বাংলায় উন্নয়নকে আপনারা শেষ করেছেন, বাংলার অর্থনীতিকে বাংলার পরিবর্তন আসার পর, আমরা দেখেছি বাংলায় দুই লক্ষ হাজার কোটি টাকার দেনা দিয়ে—আপনারা বাংলা থেকে বাংলার মানুষ আপনাদেরকে ত্যাগ করেছে। আমরা যখন ক্ষমতার এলাম, আমরা দেখলাম একদিকে দার্জিলিং জ্বলছে, আর এক দিকে পশ্চিমাঞ্চলে বাঁকুড়া, বীরভূম, পশ্চিম মেদিনীপুর জ্বলছে। সেই রকম একটি অবস্থায় আমাদের নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দায়িত্ব নিয়ে বাংলার দার্জিলিং-কে যেমন শান্তি প্রতিষ্ঠা করার চেষ্টা করেছে। পশ্চিমাঞ্চলে আদিবাসী এলাকা—আপনারা দীর্ঘ ৩৪ বছর ধরে টিকে আছেন।

[4·40–4·50 p.m.]

এস.সি.এস.টি এবং মাইনরিটিদের ভোট নিয়ে মিথ্যা নাটক করেছেন। প্রতি বছর যাত্রা গানের মত পালা বদল হয় যেমন, আপনারা এক একটা নির্বাচনে এক-একটা ইস্যু তৈরি করে যাত্রা গানের পালার মত নাটকের পালা করেছেন। সিডিউলড কাস্ট, সিডিউলড ট্রাইব, অনুন্নত শ্রেণীর আর মাইনররিটি শ্রেণীর মানুষকে উন্নতির পথ না দেখিয়ে, অর্থনৈতিক উন্নতির কথা চিন্তা না করে, সামাজিক উন্নতির কথা চিন্তা না করে, শিক্ষার কথা চিন্তা না করে তাদেরকে নির্বোধ করার চক্রান্ত করে, তাদেরকে দিয়ে আপনার ভোট করে বারবার ক্ষমতায় থাকার চেষ্টা করেছেন। তাই পশ্চিমাঞ্চলের মানুষ যেখানে বুঝতে পেরেছে, আপনাদের লোকেরা কি ভাবে এত বড়লোক হচ্ছে, পশ্চিম মেদিনীপুরে আদিবাসীরা যখন বুঝতে শিখেছে, আজকে সেখানে তারা আন্দোলন করছে। আপনারা মাওবাদীর নাম নিয়ে, সি.পি. এম ক্যাডাররা সেখানে পৌঁছে গিয়ে আমাদের বিরোধি রাজনৈতিক দল তৃণমূল দলটাকে শেষ করবার চেষ্টা করেছিলেন। পারেননি। বাংলার মুখ্যমন্ত্রী পরিবর্তন হওয়ার পর অর্থনৈতিক, সামাজিক, শিক্ষা, স্বাস্থ্য সব দিক দিয়ে তাদের পাশে দাঁড়িয়ে আজকে সমস্ত আদিবাসীদের বি.পি.এল. তালিকায় দু'টাকা কিলো দরে চাল দিয়ে সেখানে মানুষের ক্ষত জায়গায় একটু তাদেরকে ভালোবেসে তাদের গণতন্ত্র ফিরিয়ে দিয়েছে। আজকে পশ্চিম মেদিনীপুরের মানুষ, বাঁকুড়ার মানুষ সেখানে হাসছে, আদিবাসীরা হাসছে। আমরা দেখেছি কৃষির কথা আপনারা বলেন। এখানে কংগ্রেসের বিধায়করা বলছেন সারের দাম বাড়িয়ে আপনারা কৃষকদের যে ক্ষতি করেছেন, ডিজেলের দাম বারবার বাড়িয়ে কৃষকদের যে ক্ষতি করেছেন, আপনারা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির যে সমস্ত বিধায়করা ছিলেন, তৎকালীন সময়ে আপনারা কৃষকদের জমি কাড়বার চক্রান্ত করেছিলেন। বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজকে সেখানে প্রতিবাদ করেছেন, আজকে সেখানে বাংলার কৃষকদের পাশে থাকার জন্য যেমন কিষাণ ক্রেডিট কার্ডের ব্যবস্থা করছেন, কিষাণ ক্রেডিট কার্ডে ৫০ হাজার টাকা লোন নিলে তারপর আবার ৫০ হাজার টাকা শোধ করলে তারপর আবার ৫০ হাজার টাকা, সাথে ইনস্যুওরেন্স। এই মহাজনী প্রথা আমাদের নেত্রী মমতা ব্যানার্জী তুলে দেওয়ার যে ব্যবস্থা করেছেন, কৃষকদের পাশে দাঁড়িয়েছেন, আগামীদিনে

কৃষকদের আর কাউকে আত্মহত্যা করতে না হয়, সেই ব্যবস্থা আমাদের নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী করেছেন। বিদ্যুৎ চালিত ট্রাক্টর, বিদ্যুৎ চালিত পাম্প সেট, সেই পাম্প সেটের যে আট হাজার টাকা নেওয়া হত, আট হাজার টাকা, আর বিদ্যুতে ছাড় দেওয়া হয়েছে। ট্রাক্টর, পাওয়ার ট্রিলার, ডিজেল ইঞ্জিন, ধান কাটার মেশিনের জন্য আজকে বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সেখানে ছাড় দিচ্ছে। প্রতিটি ব্লকে কিষাণ বাজার করার চেষ্টা চলছে। কিছু হয়েছে। আমরা গরীব মানুষদের জন্য আমার ঠিকানা নিজ ভূমি, নিজ গৃহ', ইতিমধ্যে 'নিজ ভূমি, নিজ গৃহ' ৪০ হাজার জমি প্রদান করা হয়েছে, ৩১ হাজার জমি খুব তাড়াতাড়ি পাবে। মহিলাদের কথা বারবার বলছিলেন। এখানে একজন বিধায়ক মহিলাদের কথা বলছিলেন। ৫০% মহিলাদের রিজার্ভেশান করা হয়েছে। সেখানে বাংলার বর্তমান মুখ্যমন্ত্রী মা-মাটি-মানুষের সরকারের মন্ত্রী মুখ্যমন্ত্রী। আপনারা ৫০ বছর করতে পারেননি। চাকুরিজীবি মাতৃকালীন ছুটি ১৮০ থেকে ৭৩০ দিন আমাদের মা-মাটি-মানুষের সরকারের নেত্রী করেছেন। 'আশা' কর্মীদের জন্য তের'শ টাকা ভাতা, ৪৫টি মহিলা আদালত, মহিলা থানা, মহিলা বিশ্ববিদ্যালয়, সমস্তরকম মহিলাদের সুযোগ-সুবিধা, আগামীদিনে মহিলাদের নতুন আশার আলো দেখিয়েছেন আমাদের নেত্রী মমতা ব্যানার্জী। তাই রাজ্যপালের এই বক্তব্য সঠিক, সময়োপযোগী এবং বাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর যে কাজ বাস্তবায়িত করেছেন সেটাই তুলে ধরেছেন। তাই আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অনন্ত দেব অধিকারী : অনারেবল ডেপুটি স্পীকার ম্যাডাম, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এই পঞ্চদশ রাজ্য বিধানসভায় গত ৮ই মার্চ অধিবেশনে প্রারম্ভিক যে ভাষণ দিয়েছিলেন, আমরা ভেবেছিলাম যে এই ভাষণের মধ্যে দিয়ে বর্তমান সরকারের আগামী এক বছরের যে পরিকল্পনা, যে দৃষ্টিভঙ্গী, তা পরিস্ফুট হয়ে উঠবে। কিন্তু আমরা দেখলাম যে, বর্তমানে রাজ্য সরকারের দেওয়া যে প্রতিশ্রুতি তার সঙ্গে রাজ্যপালের দেওয়া ভাষণের আদৌ কোন মিল নেই। বাস্তবে কোন মিল নেই। রাজ্যপালের মাধ্যমে ২০১৩-১৪ সালের যে উন্নয়নের ফিরিস্তি দিয়েছেন আমি উত্তরবঙ্গের ময়নাগুড়ির প্রতিনিধি হিসাবে বলতে চাই যে, গত আর্থিক বৎসরে সরকার যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছিল তার সিংহ ভাগই রূপায়ন করতে পারেননি। বর্তমান রাজ্যসরকার ব্যর্থ। এখানে প্রসঙ্গক্রমে উল্লেখ করতে হয় যে, আজকে পর্যটন মন্ত্রী তিনি আমাদের উত্তরবঙ্গেরই লোক অর্থাৎ মালদহের লোক কিন্তু তিনি তার সেই পর্যটন বাজেটের উপরে যখন বক্তব্য রাখলেন তখন আমার ধারনা হ'ল যে, উত্তরবঙ্গের যে ভৌগোলিক চিত্র সেই চিত্র সম্পর্কে তার আরও একটু পড়াশুনা বা ভৌগোলিক মানচিত্র সম্পর্কে তার আরও জানা দরকার। তিনি শুধু বলেছিলেন যে, এখানে গাজোলডোবায় একটি পর্যটন কেন্দ্র তুলে আনা হবে। কিন্তু উত্তরবঙ্গে এত প্রাচীন নিদর্শন, ঐতিহাসিক নিদর্শন রয়েছে যেগুলিকে কেন্দ্র করে আজকে শুধু পশ্চিমবঙ্গের নয়, গোটা ভারতবর্ষের বহু পর্যটক উত্তরবঙ্গের দিকে যাচ্ছে। অর্থাৎ, বিশেষ করে জলপাইগুড়ি এবং দার্জিলিং জেলায় যাচ্ছে। সেখানে কেন্দ্র করে কোন পর্যটনের উল্লেখ নেই। অথচ সেখানে জলপাইগুড়ি জেলায় রয়েছে সেই বিপ্লব তীর্থ বক্সাদুয়ার। যেখানে নেতাজি সুভাষচন্দ্রের মত মানুষকেও সেই জেলখানায় ব্রিটিশ আমলে ব্রিটিশরা আটক করেছিল। আজকে সেই বক্সাদুয়ারকে কেন্দ্র করে সেখানে বিরাট আকর্ষণীয় পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে। তার চিন্তা-ভাবনার মধ্যে নেই। আছে সেখানে জয়ন্তি পাহাড়, সেই জয়ন্তি পাহাড়ের মধ্যে যে মন্দির সেই মন্দিরকে কেন্দ্র করে সেই জঙ্গলের ভেতরে নদী পথ দিয়ে সেখানে সুন্দর পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে। কিন্তু আমাদের সরকার বা আমাদের পর্যটন

মন্ত্রী তার সেই ভৌগোলিক চিন্তা-ভাবনার মধ্যে তা নেই। এছাড়া আছে রাজাভাতখাওয়া যেটা একটি ঐতিহাসিক স্থান। সেখানে বহু মানুষ বাস করে। যারা সেখানে আজকে পরিশ্রুত পানীয় জল পান না। সেখানে ঝর্নার যে জল সেই ঝর্নার জল খেয়ে তাদেরকে বাঁচতে হয়। সেখানে আজ পর্যন্ত পানীয় জলের ব্যবস্থা হয়নি। এছাড়াও রয়েছে রাজাভাতখাওয়া সেখানে একটা পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে, সুন্দর জায়গা। সেখানে আমাদের এখানকার অনেক স্ট্যান্ডিং কমিটি ঘুরতে গিয়েছিলেন এবং সেই টিমের সঙ্গে আমিও ছিলাম। যেখানে কি সুন্দর পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে। কিন্তু আমাদের পর্যটনমন্ত্রী তার সেই ভৌগোলিক ধারনা নেই। আজকে সেখানে আছে জলদাপাড়া ফরেস্ট, সেখানে আছে গরুমারা ফরেস্ট যেগুলো হচ্ছে আন্তর্জাতিক ফরেস্ট, ন্যাশনাল পার্ক। সেগুলোকে কেন্দ্র করে সেখানে আকর্ষণীয় পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে। আমাদের পর্যটনমন্ত্রীর ভৌগলিক ধারণাই নেই। তিনি সেই উত্তরবঙ্গের অধিবাসী হতে পারেন, বাসিন্দা হ'তে পারেন কিন্তু উত্তরবঙ্গ সম্পর্কে যদি তার ভৌগোলিক ধারণাই না থাকে তাহলে উত্তরবঙ্গের সামগ্রিক উন্নয়নের চিন্তা-ভাবনা বা আগামীদিনের পরিকল্পনা তিনি করবেন কী করে? আজকে আমরা দেখলাম যে বক্সাপার্বত্য অঞ্চলে প্রায় ২৮টি ঐ ফরেস্ট ভিলেজ আছে। অর্থাৎ, পাহাড় এলাকা সংলগ্ন বস্তি এলাকা আছে। আজকে সেখানে তারা পরিশ্রুত পানীয় জল না পাওয়ার ফলে তাদেরকে বিভিন্ন পেটের অসুখে ভুগতে হচ্ছে। আজকে মুখ্যমন্ত্রী নিজে উত্তরবঙ্গে সভা করতে গিয়ে বলেছিলেন যে, উত্তরবঙ্গকে সুইজারল্যান্ড করবেন কিন্তু তিনি তার ধারে কাছে পৌঁছাতে পারেননি। আজকে রাস্তা-ঘাটের বেহাল দশা। আজকে কয়েকটি চা বাগান পাঁচ-সাত বছর ধরে বন্ধ এবং প্রায় দু'বছরে ৩৫ জনের মত শ্রমিকের মৃত্যু ঘটেছে। সেই চা বাগানগুলি থেকে আজকে প্রায় দু'শো কোটি টাকা মালিক পক্ষ শ্রমিকের পি.এফ আত্মসাৎ করেছে। সেই সমস্ত মালিকদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে জনসভা করে বলেছিলেন এবং সরকারী ভাবে বিভিন্ন পত্র-পত্রিকা এবং মিডিয়ার মাধ্যমে প্রকাশ পেয়েছিল যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ারকে অতিসত্ত্বর আলাদা জেলা বলে ঘোষণা করা হবে। আমরা দেখলাম, সেটা আজ পর্যন্ত প্রশাসনিক স্তরে এক বিন্দু, এক চুলও এগোয়নি।

তৃণমূল দলের পক্ষ থেকে বলা হচ্ছে আগামীদিনে ময়নাগুড়ি, ফালাকাটা এবং জায়গাঁকে পৌরসভা ঘোষণা করা হবে। কিন্তু আমরা দেখছি বাজেট পরিকল্পনায় তার কোন উল্লেখ নেই, তার কোন দিশা নেই। আজকে উত্তরবঙ্গের একমাত্র যানবাহন NBSTC , নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন। আজকে তার বেহাল দশা। এর শ্রমিক-কর্মচারীরা আজকে পেনশন পাচ্ছেন না, নিয়মিত বেতন পাচ্ছেন না। এর ফলে অনেক শ্রমিকের মৃত্যু পর্যন্ত ঘটে গেছে। ধন্যবাদ।

[4·50–5·00 p.m.]

শ্রী আশুতোষ মুখার্জী : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মহামান্য রাজ্যপাল মহাশয় শ্রী এম.কে নারায়ণন যে ভাষণ রেখেছেন তার সমর্থনে আমি কিছু বক্তব্য এই বিধানসভায় পেশ করছি।

আজকে মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন তা অত্যন্ত নিরপেক্ষ এবং খুব

স্বচ্ছ দৃষ্টিভঙ্গী নিয়ে সরকারের যে সাফল্য, সেই সাফল্য তিনি তুলে ধরেছেন। সাথে সাথে প্রাসঙ্গিকতায় আমি যে কথাটা বলতে চাই এই বিধানসভায়, আজকে গত ৩৪ বছরে পশ্চিমবাংলায় শুধু সন্ত্রাসই নয়, পশ্চিমবাংলা শুধু অর্থনৈতিক দিক থেকে দেউলিয়া নয়, সারা পশ্চিমবাংলায়, আমরা গ্রামাঞ্চলের ছেলে ৭০ ভাগ মানুষ গ্রামে বাস করে, গান্ধীজী বলেছিলেন 'গ্রাম উন্নয়ন না হলে সারা ভারতবর্ষের উন্নতি হতে পারে না'। আমরা দেখেছি গ্রামাঞ্চলে সি.পি.এমের সন্ত্রাস, আর শুধু সন্ত্রাস নয় এক এক করে মানুষের সমস্ত মৌলিক অধিকার খর্ব করা হয়েছিল। গ্রামে যারা সি.পি.এম করত না, যারা অন্য কোন দল করত তাদের সরকারী কাজে যোগ দেওয়ার ক্ষেত্রে তারা বাধা দিত। আমরা দেখেছি পুকুর লুঠ। আমরা দেখেছি সমস্ত গরীব, প্রান্তিক চাষীদের ওপর একের পর এক দমনপীড়ন নীতির মাধ্যমে সি.পি. এম সারা পশ্চিমবাংলার গণতান্ত্রিক কণ্ঠকে রুদ্ধ করে দিয়েছিল। তাদের ভাষাকে স্তব্ধ করে পশ্চিমবাংলার ক্ষমতা দখল করেছিল। একটা সময় এসেছে যখন আমরা দেখছি বিধানসভায় বাদ-প্রতিবাদ হচ্ছে। কিন্তু আমরা সেদিন লক্ষ্য করেছিলাম গ্রামের মানুষ ভাষা হারিয়েছিল, তখনকার সরকারের কাছে তাদের কোন চাওয়া-পাওয়া ছিল না। তারা কী ভাবে তাদের নিজেদের জীবনকে সুরক্ষিত করবে সেই ব্যাপারে তারা ব্যস্ত ছিল। এমন একটা পরিবেশ পশ্চিমবাংলায় তৈরী করা হয়েছিল যে পরিবেশের মধ্যে দিয়ে মানুষের যেটুকু ছিল সেটুকুও আগামীদিনে থাকবে কিনা তার কোন নিশ্চয়তা ছিল না। এইরকম অবস্থার মধ্যে সারা পশ্চিমবাংলায় ৩৪ বছর শাসন ক্ষমতায় ছিল তাঁরা।

আজকে আমাদের নেত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক পরিবেশ তৈরী হয়েছে। পশ্চিমবাংলার মানুষের মুখে ভাষা ফুটেছে। এমন আন্তরিক মুখ্যমন্ত্রী আর কখনও পশ্চিমবাংলার জনগণ দেখেনি। আমরা যখন আজকে এখানে বক্তব্য রাখছি সেই সময় দেখছি বাংলার জননেত্রী, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, মাওবাদী এলাকায়, পশ্চিম-মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়ার মাওবাদী অধ্যুষিত এলাকায় গিয়ে তাদের উন্নয়নের খোঁজ খবর নিচ্ছেন। আর, পশ্চিমবাংলার অনেক বিধানসভার সদস্য আছেন, আমরা দেখেছি গত দু'দুটো নির্বাচন, যারা এখানে আজকে বড় বড় ভাষণ দিচ্ছেন, আপনারা মাওবাদী, মাওবাদী করে পশ্চিমবাংলার মানুষকে আতঙ্কিত করে, পশ্চিমবাংলায় নির্বাচনি বৈতরণী পার হয়েছেন। মানুষ যখন আপনাদের কাছে উন্নয়নের জন্য বলতে গেছে, মানুষ যখন রাস্তার জন্য কোন কথা বলতে গেছে, মানুষ যখন পানীয় জলের কথা বলতে গেছে, মানুষ যখন হাসপাতালের কথা বলতে গেছে, তাদের মৌলিক অধিকারের কথা বলতে গেছে তখন আপনারা বলেছেন আমরা মাওবাদী সমস্যার সমাধান করছি।

আজকে ওই সমস্ত দরিদ্র পীড়িত এলাকায় মাওবাদীরা দিনের পর দিন যেভাবে খুন, জখম করছে তাতে পশ্চিমবাংলার সর্বস্তরের মানুষকে লড়াই আন্দোলনে যোগ দিতে হবে। আপনারা দেখুন গত ২ বছরে পশ্চিমবাংলার সেই মাওবাদী এলাকায় আজকে উন্নয়নের জোয়ার, সেখানকার মানুষ রাস্তাঘাট, হাসপাতাল থেকে আরম্ভ করে সমস্ত উন্নয়নের সুযোগ পেয়েছে। একে পশ্চিমবাংলায় শান্তি বলে না তো কাকে শান্তি বলে? শান্তির পরিভাষাটা কি আমি তা বুঝতে পারি না। তাই পশ্চিমবাংলার মানুষকে আজকে চিন্তা করতে হবে আমরা যে উন্নয়নের কথা বলছি—শুধু কয়েকটা বিচ্ছিন্ন ঘটনা দিয়ে আজকে আপনারা এই আন্তরিক মুখ্যমন্ত্রীকে সমালোচনা করার চেষ্টা করেছেন। আপনাদের মনে পড়ে বিরাটী, ধানতলা-প্রাক্তন মুখ্যমন্ত্রীকে যখন প্রশ্ন করা হয়েছিল, ধর্ষণের পর

ধর্ষণের ঘটনা ঘটছে আপনি কি বলেন? তখন তিনি বলেছিলেন এমন ঘটনা তো কতই বা ঘটে, পশ্চিমবাংলার একজন তৎকালীন মুখ্যমন্ত্রী সেদিন উত্তর দিয়েছিলেন। আবার দেখেছিলাম ১৪ই মার্চ নন্দীগ্রামে এক গণ জমায়েতের উপরে গুলি চলেছিল। তখন আর এক প্রাক্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন they are paid by their own coin. আজকে লজ্জা করে না এই ধরনের কথা বলতে আপনাদের? আজকে মুখ্যমন্ত্রীর যে আন্তরিকতা আমরা দেখেছি আমাদের জীবদ্দশায় এই উন্নয়নের আন্তরিকতা আর কখনও আমরা লক্ষ্য করিনি। পশ্চিমবাংলার গ্রামীন জনগণের আর্থ এবং সামাজিক পরিকাঠামোর পরিবর্তন করতে পারে কেন্দ্রীয় সরকারের একটা স্কিম NREGA। পশ্চিমবাংলায় ৩৪ বছর আপনারা ক্ষমতায় ছিলেন, আজকে পশ্চিমবাংলায় গরীব মানুষের কথা আপনারা বলেন, আপনারা বলেন মেহনতী মানুষের সরকারের কথা, পশ্চিমবাংলার নেত্রী মমতা ব্যানার্জী কেন্দ্রীয় সরকারকে বলেছিলেন আমাদের গ্রামের গরিব মানুষরা অপুষ্টিজনিত রোগে ভোগে, তারা সঠিকভাবে খেতে পায় না। তারা ১০০cft মাটি কাটতে পারবে না। এই মাটিটা আপনাদের কমাতে হবে। তিনি লড়াই করে বললেন না, পশ্চিমবঙ্গে ৫৯cft মাটি কেটে তারা ১৪৭ টাকা পাবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে তিনি সেই অনুমোদন আনলেন। আজকে পশ্চিমবাংলায় শুধু পরিকল্পনা রূপায়ণ এবং সেই রূপায়ণটা উন্নয়ন, গ্রামের গরীব মানুষের আর্থ সামাজিক পরিকাঠামোর উন্নয়ন না হলে পশ্চিমবাংলার উন্নয়ন হয় না।। তাই তিনি সেদিন এটা করলেন। আপনারাও ক্ষমতায় ছিলেন তখন কত ছিল? ১১দিন গড় ছিল। আজকে সেই গড়টা বাঁকুড়া জেলায় ৫০ দিন, সারা পশ্চিমবাংলায় সেই গড় ৩৪ দিনে ঠেকেছে। উন্নয়ন হয়নি? বাংলার কৃষিতে বিপ্লব হয়েছে। বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলা খরা অধ্যুষিত এলাকা। এই এলাকায় ছোট ছোট খাল-বিলগুলো সংস্কার করলে একটা ব্যাপক এলাকায় চাষবাস হত। আপনারা বলতে পারবেন গত ৩৪ বছরে সেই খাল বিলে এক কোদাল মাটি আপনারা সংস্কার করেছেন? করেননি। আজকে পশ্চিমবাংলায় এই সরকার ক্ষমতায় আসার পর সেই সমস্ত খাল, বিলে নতুন করে সংস্কার হয়েছে, হচ্ছে, চলছে। এখুনি এখুনি সব কিছু করা সম্ভব না। Rome was built not in a day, তাই আপনাদের মনে রাখতে হবে আস্তে আস্তে উন্নয়নের গতি, পরিকল্পনা উন্নয়ন, একসঙ্গে সব উন্নয়ন হয় না। আস্তে আস্তে সেই উন্নয়ন হয়। আমরা দেখেছি বাঁকুড়া, পুরুলিয়া, মেদিনীপুর জেলায় পানীয় জলের একটা বিরাট সমস্যা ছিল। PHE-র মাধ্যমে ১১শো কোটি টাকা স্যাংশানে সেখানে একটা ব্যাপক কর্মযজ্ঞ শুরু হয়েছে। আমরা যা লক্ষ্য করতে পারছি। তাই আস্তে আস্তে পশ্চিমবাংলায় এই যে অগ্রগতি কৃষি থেকে শিল্প, শিল্প থেকে স্বাস্থ্যকে একটা ধ্বংসস্তূপে পরিণত করেছিলেন। আজকে আস্তে আস্তে সেই সমস্ত ধ্বংসস্তূপ থেকে উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। আপনাদের হিংসা হচ্ছে, হিংসা হওয়াটা স্বাভাবিক। কারণ পশ্চিমবাংলার মানুষ এতদিন কেবল আপনাদের বক্তৃতা শুনেছে, তত্ত্ব শুনেছে। আজকে তারা বাস্তবে দেখছে অগ্রগতি কতটা, তুলনা করবে। আপনারা বিধানসভায় বসে বড় বড় কথা বললে হবে না, কারণ গ্রামের মানুষ আজকে বাস্তব তুলনাটা করবে।

গত ২ বছরে তারা ৩৪ বছরের তুলনা করছে। তাই পশ্চিমবাংলা যেভাবে এগিয়ে যাচ্ছে মমতা ব্যানার্জীর নেতৃত্বে। আজকে আমরা সন্ত্রাস যে সন্ত্রাসের বিরুদ্ধে একদিন বাংলার অবহেলিত, বঞ্চিত মানুষকে এনে মমতা ব্যানার্জীর নেতৃত্বে যে লড়াই শুরু হয়েছিল সেই লড়াইয়ে আমরা নতুন সূর্য আনবোই এই শপথ নিয়ে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5·00–5·10 p.m.]

সেখ আমজাদ হোসেন : মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়া, মাননীয় রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে যে ভাষণ পাঠ করেছেন তাকে তো সমর্থন করা যায় না এই রকমটা বিষয় নয় কিন্তু তার মধ্যে যা বক্তব্য সেটাকে সমর্থন করা যাবে এই রকম জায়গাটাও নেই। যে ভাষণ তিনি রেখেছেন এটা তাঁর ভাষণ না বলে এটা সরকারের লিখে দেওয়া ভাষণ তিনি পাঠ করেছেন। একচুয়ালি ম্যাডাম It is Hon'ble Governor's compulsion to the Indian constitution. Indian constitution-র প্রতি তার বাধ্যবাধকতার জায়গা থেকে তিনি এই ভাষণকে পাঠ করেছেন। এটা অন্যান্য স্টেটেও হয়, এখানেও হয় তাই তিনি করেছেন। সরকার অনেক পরে—প্রথম মানুষ, তারপর রাষ্ট্র তারপরে তার সরকার। এখানে কেমন মানুষ, কেমন রাষ্ট্র আর তার কেমন তত্ত্বাবধান করছে এই সরকার যে এমন একটা ভাষণ রাজ্যপালকে দিয়ে পাঠ করালো যে ভাষণটির মধ্যে যা রাজ্যের সবচেয়ে প্রধান এবং অন্যতম বিষয় সেই আইন শৃঙ্খলার বিষয়টাই এখানে উল্লেখ রইল না। এইরকম একটা ভাষণের নামে কিছু অসংলগ্ন কথাবার্তা রাজ্যপালকে দিয়ে পাঠ করিয়ে নেওয়া হল। কারণ আমরা ভুলে যাই নি, গোটা বাংলার মানুষ ভুলে যায় নি, রাজ্যপাল নিজেও ভুলে যায় নি। একরাশ যন্ত্রনা বুকে চেপে রেখে রাজ্যপাল সংবিধানের প্রতি বাধ্যবাধকতার জায়গা থেকে এটা করলেন। কারণ এই রাজ্যপালকে বলতে হয়েছে, "এটা সরকার নয় গুন্ডারাজ চলছে।" এই রাজ্যপালকে বলতে হয়েছে, By joke I am "insafe." এই রাজ্যপালই বলেছিলেন। একরাস যন্ত্রনা বুকে চেপে রেখে এই ভাষণ, কিছু অসংলগ্ন কথাবার্তা পাঠ করালেন। যে গনতন্ত্রের কথা বলা হচ্ছে, যা আমার দেশের যা ডেমোক্রেসি-ডেমোক্রেসি বলতে আমরা যা বুঝি যেটা বুৎপত্তিগতভাবে এসেছে গ্রীক শব্দ থেকে। "ডেমোস" আর "ক্যারাডস"—"ডেমোস" মিনস্ জনগন আর "ক্যারাজস্"—সরকার। সরকারের জনগনের প্রতি যে দায়বদ্ধতা তাই ২২ মাস ধরে ছত্রে ছত্রে ফুটে উঠেছে। ২২ মাস ধরে জনগনের প্রতি, জনগনের দ্বারা নির্বাচিত একটা "ক্যারাডস্" তার কি ভূমিকা থাকার কথা ছিল, আর কি ভূমিকা পালন করলো। তার দাঁত, নখ বেরিয়ে পড়েছে। এমন ডেমোক্রেসি গড়ে উঠেছে যে আমরা দেখতে পাচ্ছি, এই ডেমোক্রেসির ঠেলায় অম্বিকেশ মহাপাত্রকে দেখতে পেয়েছি। এই গনতন্ত্রের ঠেলায় দেখতে পেলাম শিলাদিত্য চৌধুরীকে। এই গনতন্ত্রের ঠেলা পেল সি.এন.এন. চ্যানেলে বসে মাননীয়া মুখ্যমন্ত্রীর দ্বারা একজন উচ্চশিক্ষিতা, শিক্ষা গ্রহন করতে গেছে এক ছাত্রী তানিয়া ভরদ্বাজ। আমরা দেখলাম গত পরশুদিন মুখ্যমন্ত্রীর শিক্ষায় একেবারে নিজেকে প্রকৃত শিক্ষিত করে তুলেছেন আর এক মাননীয় সরকারের মন্ত্রী। দেখলাম প্রতাপ নস্করকে গনতন্ত্রের ঠেলা কেমন দিলেন ১৬ বিঘা, মহেশতলাতে। কোন গনতন্ত্র নয় ম্যাডাম, এখানে ব্যক্তিগত আনুগত্যটাই প্রধান বিষয়। ব্যক্তিগত আনুগত্য না দেখাতে পারার দরুন গনতন্ত্রের এমন ধাক্কা খেতে হয়েছে। সরকারের এখানে যাদের পারমানেন্ট পোষ্ট আছে আই.এ.সে., আই.পি.এস. অফিসার—দময়ন্তী সেন, পচনন্দাকেও পর্যন্ত এই গনতন্ত্রের ঠেলা খেতে হয়েছে। আমরা দেখতে পেলাম ম্যাডাম, বামপন্থী শুধু নিচু তলার কর্মী, নেতা নয় আমরা দেখতে পেলাম আমাদের এই বিধানসভাকে একদিন আলোকিত করেছেন হুগলী জেলার সম্পদ, পশ্চিমবঙ্গের বামফ্রন্টের প্রাক্তন শিক্ষামন্ত্রী সুদর্শন রায় চৌধুরী যিনি বর্তমানে হুগলী জেলার কমিউনিষ্ট পার্টির সেক্রেটারি, জাঙ্গিপাড়াতে মিটিং করতে গেলেন তার জীবন সংশয় দেখা গেল।

ম্যাডাম, জীবন সংশয় দেখা গেল কমিউনিস্ট পার্টির বাঁকুড়া জেলার সম্পাদকের। জীবন সংশয় দেখা গেল দক্ষিণ ২৪ পরগনায় কমিউনিস্ট পার্টির জেলা সম্পাদকের। আমরা দেখতে পেলাম মুন্নাভাইকে। আমরা দেখতে পেলাম আরাবুলকে এবং তাদের বাঁচানেওয়ালা মন্ত্রীদেরও দেখতে পেলাম। তাদের কি চোখ! তাদের কি ভাষা! তাদের মোবাইলের কি ভাষা গোটা বাংলার মানুষ লক্ষ্য করছে ম্যাডাম। ম্যাডাম, গোটা বাংলার আইনশৃঙ্খলা ভেঙ্গে পড়েছে। তাই সেই ডেমোক্রেসি, আর এই ডেমোক্রেসি, এই ডেমোক্রেসিতেই ম্যাডাম অত্যন্ত নির্লজ্জের মত দেখলাম। যে কোর্ট যখন বলে ধর্মঘট করা যাবে না তখন আমি যদি সরকারে না থাকি,কোর্ট বারণ করলেও আমি ধর্মঘট করব। আর আমি যদি সরকারে থাকি তাহলে কোর্ট যাই বলুক আমি ধর্মঘটকে রুখব ম্যাডাম। অর্থাৎ ইফ আই এ্যাম ইন অপোজিশান আই উইল ডু ইট। আর ইফ আই এ্যাম ইন পাওয়ার আই উইল রেজিস্ট ইট। ম্যাডাম, গণতন্ত্র ফেটে পড়েছে। দেখতে পাচ্ছেন আপনি প্রত্যেকদিন। ম্যাডাম, গোটা বাংলার মানুষ দেখেছে এই রকম গণতন্ত্রের নমুনা। অথচ এই মা মাটি মানুষ ওয়ালারা, এই মা মাটি মানুষওয়ালাদের স্লোগান ছিল 'বদলা নয়, বদল চাই'। মুখে এক আর কাজে আর এক। মুখ্যমন্ত্রী নিজে সভা করছে বিনা অনুমতিতে। আমরা দেখেছি আজকে যিনি মুখ্যমন্ত্রী, যখন বিরোধী দলনেত্রী ছিলেন কত ওসির টুপি খুলে নিয়েছেন। কত থানার ওসিকে চেয়ার থেকে তুলে নিয়ে চেয়ারে বসে পড়েছেন। কত থানায় গরু-ছাগল নিয়ে গিয়ে ঢুকিয়ে দিয়েছেন। আমরা দেখতে পেয়েছি এই মুখ্যমন্ত্রীকে। গোটা বিশ্বের বিস্ময়, গোটা পৃথিবী অবাক হয়ে গেছে। আমরা জানি মুখ্য সচিবকে, স্বরাষ্ট্র সচিবকে মুখ্যমন্ত্রী রাইটার্সে বসে নির্দেশ দিতে পারেন। কিন্তু পাবলিক ডায়াসে ম্যাডাম, পাবলিক মঞ্চে গিয়ে, সেখানে ডেকে আমলাদেরকে ডেকে বলানো হচ্ছে কী এইটা করেছি তো? সে বেচারা নিজেদের চাকরি বাঁচাবার তাগিদে কি বলবে? তারা বলছেন ইন প্রসেস, আন্ডার প্রসেস। এই সব ভাষা তো আমরা সকলেই বুঝি, আপনারাও বোঝেন, আমরাও বুঝি ইন প্রসেস আর আন্ডার প্রসেস কোথায় থাকে। ম্যাডাম, আমরা লক্ষ্য করলাম কেউ কেউ ভাবছে এখনও রামায়ণ, মহাভারতের যুগ আছে। এতো রামায়ণের যুগে দেখা গেছে রামচন্দ্র ছদ্মবেশে ঘুরে বেড়াচ্ছে জনগন কেমন আছে দেখার জন্য। এটা আমরা দেখেছি মোগল সম্রাট নাসিরউদ্দিন শাহকে ঘুরে দেখতে কেমন আছে জনগন। কিং সলোমনকে দেখেছি ছদ্মবেশে নিজের কর্মচারীদের উপর আস্থা নেই, ঘুরে বেড়াচ্ছে, কেমন আছে জনগন দেখার জন্যে। তার একটা ড্রামাটিক কপি, একটা রেপ্লিকা আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায়। একদিন বাজারে গেলাম, একদিন ওষুধের দোকানে গেলাম, একদিন হাসপাতালে গেলাম, এ দিয়ে ড্রামা হতে পারে ম্যাডাম, এদিয়ে মূল্যবৃদ্ধি আটকাতে পারেনা। এদিয়ে খুন আটকাতে পারেনা। এদিয়ে তাপস চৌধুরীর মৃত্যুকে আটকানো যায়না। ম্যাডাম, এদিয়ে ধর্ষণকে আটকানো যায় না। আপনি বলেছেন ম্যাডাম, রাজ্যপালকে দিয়েই অসংলগ্ন কথা বলাবেন—যে আজ ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস। কেন, কেন ম্যাডাম? এতো এমন হচ্ছে যে যেদিকেই মাইকেল ক্লার্ক ছক্কা আর চৌকা লাগাচ্ছে, সেদিকেই ধোনি একটা করে ফিল্ডার লাগাচ্ছে। টিমটা কি ১১ জন থেকে ১১১ জনের করে দেবে নাকি? তাহলে পরে মহিলা, নারী, আবালক, আর নারী—খেলা বাড়াবার দরকার পড়ছে কেন এত? আমাদের রাজ্যে বিধবা ভাতা বন্ধ, প্রতিবন্ধী ভাতা বন্ধ, বার্ধক্য ভাতা বন্ধ। সেখানে দাঁড়িয়ে সেই ভাতা সরকার দিতে পারছে না। আমার মা-বোনের ইজ্জতের গ্যারান্টি দিতে পারছে না। ওই সমাজ বিরোধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে পারছে না। আর সরকার প্রতিবন্ধী ভাতা না দিতে পারুক, নতুন ভাতা চালু করে দিল,

ধর্ষণ ভাতা দেব। এ এক খেলা চলছে ম্যাডাম। কি ভয়ংকর অবস্থা চলছে। আইনশৃঙ্খলা—এমন লজ্জাহীন অবস্থা ম্যাডাম, এমন লজ্জাহীন অবস্থা তদন্ত করতে ভয় পাচ্ছে গার্ডেনরিচ কান্ডে। পাছে যদি মৌচাকে ঢিল পড়ে যায়, ববি সাহেব যদি ফেঁসে যান, তার জন্য তদন্তটাও হচ্ছে না ম্যাডাম।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটা বিচারাধীন আছে, এই গার্ডেনরিচ কান্ডটা বাদ যাবে।

শ্রী শেখ আমজাদ হোসেন : আমি বলি কি ম্যাডাম, আমরা দেখেছি ম্যাডাম, বলি কি যে গঙ্গায় প্রতিমার বিসর্জনের পরে আমরা দেখি ওপরে লপর চপর ভিতরে খড়ের গাদা, গঙ্গার জলে লপর, চপর ধুয়ে গেলে খড় বেরিয়ে পড়ে। এই মা মাটি মানুষওয়ালাদের যা স্লোগান সব খসে পড়েছে। তার আসল চেহারা দাঁত, নখগুলো এবার বেরিয়ে পড়েছে। প্রমাণ হয়েছে, রেজিনগরে, মালদাতে প্রমাণ হয়েছে, প্রমাণ হয়েছে................

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

[5.10–5.20 p.m.]

শ্রীমতী ফিরজা বেগম : ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুসারে পশ্চিবঙ্গে পঞ্চদশ বিধানসবার অষ্টম অধিবেশনে রাজ্যপালের ভাষণ আর সেই ভাষণের উপর আমি কিছু বিষয় নিয়ে আলোকপাত করতে চাইছি। রাজ্যপাল যেদিন এখানে ভাষণ দিয়েছিলেন এই পবিত্র সভায় সেদিন ৮ই মার্চ। সেদিন ছিল বিশ্ব নারী দিবস। তিনি বলেছিলেন আমার সরকার লিঙ্গ সমতা রক্ষা এবং সেই সঙ্গে মহিলাদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ণ এবং তাদের সর্বাঙ্গীণ বিকাশের প্রতি দায়বদ্ধ, খুব ভাল কথা। একবিংশ শতাব্দীতে দাড়িয়ে মহিলারা যখন মহাকাশে থাকছেন, মহিলারা যখন যুদ্ধ জাহাজ চালাচ্ছেন সেই সময় মহিলাদের সর্বাঙ্গীণ বিকাশ খুবই স্বাভাবিক। কিন্তু পাশাপাশি আমরা অত্যন্ত পরিতাপের সঙ্গে লক্ষ্য করছি একের পর এক পার্কস্ট্রীট কান্ড থেকে শুরু করে মহিলাদের উপর কাটোয়া কান্ড, একের পর এক যে ধর্ষণের কান্ড চলেছে সেখানে আমরা পরিতাপের সঙ্গে লক্ষ্য করলাম যখন আমরা দেখলাম যে, আমাদের পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী একজন মহিলা মুখ্যমন্ত্রী। তিনি যখন পার্কস্ট্রীট কান্ডের পরে বলেন এগুলি সাজানো ঘটনা, সরকারকে কালিমালিপ্ত করবার জন্য এইগুলি করা হচ্ছে, তখন অত্যন্ত দুঃখ লাগে। মহিলাদের ইজ্জতের দাম যখন ২০ হাজার টাকা এবং ৩০ হাজার টাকা নির্ধারণ করা হয় তখন মহিলা হিসাবে আমি লজ্জা পাই। আমি একজন মহিলা সেই কারণেই যখন একজন মাননীয়া মুখ্যমন্ত্রী মহিলা তখন তার কাছ থেকে মহিলাদের বিষয়ে আরো বেশি সংবেদনশীলতা আর একটু সহানুভূতি আমরা আশা করেছিলাম। সেই জায়াগায় দাড়িয়ে আমরা দেখতে পাচ্ছি আজকে বাংলার মহিলারা আতঙ্কিত। তারা এখন রাত্রিবেলা বাড়ি থেকে বেরতে ভয় পান। এই কোলকাতা শহরের মহিলারা এবং আমি নির্দ্বিধায় বলতে পারি আমার ঘরের মা বোনেরা বেরলে তারা যে সুস্থভাবে ফিরে আসবে একথা আমরা ভাবতে পারি না। একজন মহিলা যখন ধর্ষিতা হয় তাকে মুখ ঢেকে আদালতে যেতে হয়। আমরা দেখালাম পার্কস্ট্রীট কান্ডের ১৩ মাস অতিক্রান্ত হল কিন্তু এখনো পর্যন্ত চার্জশিট দাখিল হল না। আমরা এগুলি লক্ষ্য করছি। তাকে মুখ ঢেকে আদালতে যেতে হচ্ছে। আমি এই পবিত্র হাউসে আমার সমস্ত colleagues-দের কাছে আমার প্রশ্ন একজন মহিলা যখন ধর্ষিতা হয় তখন সে মানসিকভাবে বিধ্বস্ত হয়। তাকে ধর্ষিতা না বলে তাকে কেন আমরা বলি না তিনি আক্রান্ত

হয়েছেন। রাস্তাঘাটে যখন কোন মানুষের অ্যাকসিডেন্ট হয় তখন তাকে আক্রান্ত হয়েছে বলে তার পাশে দাড়ায়। কিন্তু একজন মহিলা তার সর্বস্ব খুইয়ে, তার সম্মান খুইয়ে, তার সামাজিক মর্যাদা খোয়াতে বসেন তখন কেন তার পাশে আক্রান্ত হিসাবে দাড়ায় না বা তাকে কেন আমরা সেইভাবে treat করি না। তাই আমার লজ্জা হয় যে আমরা একবিংশ শতাব্দীতে এসেও এখনো মহিলাদের সুরক্ষিত করতে পারি নি। মহিলাদের সুরক্ষিত করতে পারেনি তার আরো জাজ্বল্য উদাহরণ বিগত অধিবেশনে আমাদের চোখের সামনে এখানে দেখে গেলাম এখানে মহিলাদের নিরাপত্তা কতটা সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। আজকে আমার বিরোধীপক্ষের colleagues-রা বলছেন যে, গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে। গণতন্ত্রের নামে কি কি প্রতিষ্ঠিত হচ্ছে যেগুলি ভাল কাজ আমার পূর্ববর্তী বক্তা প্রতিমা আমার ছোটবোন বলেছেন। যে আমরা সাপোর্ট করব কিন্তু যেগুলি হচ্ছে না সেগুলির অবশ্যই সমালোচনা করব। আমরা দেখতে পাই বাম আমলে যখন লাঠিগুলি দিয়ে কাজ হয়নি বিগত ৩৪ বছরে—আমার বিরোধীরা বলছেন বিগত ৩৪ বছরে অবশ্যই আমরা সিঙ্গুর, নন্দীগ্রাম, নেতাই, সূচপুর, বামতলা, ধানতলা কোনটাই ভুলিনি। কিন্তু তারমানে এই নয় ২২ মাসে যে কাটোয়া কান্ড আমার ৩ বছরের শিশুও যেখানে রক্ষা পায় না, আমার বারাসত কান্ড, পার্কস্ট্রীট কান্ড এগুলিকে ভুলে যাব? বিগত দিনে যে ঘটনা ঘটেছে তারই পুনরাবৃত্তি আগামী দিনে ঘটবে এটাতো কোন কথা নয়। গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য প্রয়োজন গণতান্ত্রিক মানসিকতা। যেখানে আমার মুখ্যমন্ত্রী বলছেন বিরোধীদের অনেক বেশি বেশি করে সময় দিতে হবে।

সেই জায়গায় দাঁড়িয়ে বিরোধীদের সমালোচনা শুনবার যে ক্ষমতা, সেই ক্ষমতাটুকু বোধহয় বাড়ানো প্রয়োজন। আমরা ধর্ষকের শাস্তি চাওয়া—হেনস্থার পরিবর্তে আমরা যখন দেখেছিলাম আমিরুল ইসলামের ঘটনা, তিনি যখন ৩রা ডিসেম্বর কড়েয়া থানার সামনে তারই এক প্রতিবেশী বোনের ধর্ষকের শাস্তি চেয়ে গায়ে আগুন লাগিয়েছিলেন, আমরা দেখিনি সেখানে কোন মানবিক মুখ সরকারের পক্ষ থেকে তাকে সাহায্য করেছে। আমরা একের পর এক গণতন্ত্র লুণ্ঠিত হতে দেখছি। তেহট্টের মৃত্যু, ৮ই আগস্ট ২০১২ শিলাদিত্য চৌধুরী শুধু প্রশ্ন করেছিলেন—'সারের দামটা নিয়ে বলুন।' আপনারা বলছেন বর্তমানে আমরা রাইট টু ইনফরমেশান অ্যাক্ট, রাইট টু এডুকেশান অ্যাক্ট, আরও অ্যামেন্ডমেন্ট আসছ, একের পর এক আমরা দেখতে পাচ্ছি। সেই জায়গায় দাঁড়িয়ে কেউ যদি প্রশ্ন করে তাকে মাওবাদী আখ্যা দিয়ে অ্যারেস্ট করে দেওয়া কোন্ গণতন্ত্র আমার অন্ততঃ জানা নেই। বিগত কয়েকদিন আগেও একই ঘটনার পুনরাবৃত্তি হতে চলেছিল প্রতাপ নস্করের ক্ষেত্রে, যাইহোক তিনি বেঁচে গিয়েছেন। আমরা পরবর্তীকালে রাজ্যপালের ভাষণে দেখেছি স্কুল, কলেজের পড়াশুনার মান উন্নয়নের ক্ষেত্রে—অবশ্যই স্কুল, কলেজ অনেক প্রতিষ্ঠিত হবে। আমরা বর্তমান বাজেটে দেখলাম ৩০টা নতুন কলেজ প্রতিষ্ঠিত হবে, খুব ভাল কথা। আমরা দেখলাম নজরুল ইসলাম ইউনির্ভাসিটি এবং কুচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় গঠিত হবে। কিন্তু আমার জেলা মুর্শিদাবাদ, আমি মুর্শিদাবাদের রাণীনগরের বিধায়িকা, আমি সেখানে মুর্শিদাবাদ জেলায় ১৮৫৩ সালে প্রতিষ্ঠিত বহরমপুর কে. এন কলেজ-এর আগেও বলেছি, এই কলেজ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের আদলে গঠিত। ইতিহাসে এই কলেজের একটা বিশেষ জায়গা আছে। এই কলেজের ছাত্র মাস্টারদা সূর্য সেন থেকে শুরু করে বহু জ্ঞানী, গুণী, আচার্য, উপাচার্য এই কলেজের ছাত্র আছে, সেই হেরিটেজ কলেজকে বারবার মুর্শিদাবাদ জেলাবাসীর পক্ষ থেকে আমরা বিশ্ববিদ্যালয়ে উন্নীত করবার জন্য আবেদন জানিয়েছি। আমি বর্তমান সরকারের কাছে আবারও আবেদন জানাচ্ছি, ওখানে বিশ্ববিদ্যালয়

প্রতিষ্ঠিত হলে মুর্শিদাবাদ জেলা, যেখানে বারবার করে বলা হচ্ছে সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য প্রচুর কাজ করছে বর্তমান সরকার। আমি সেই সংখ্যালঘু সম্প্রদায়ের ঘরেরই একটি মেয়ে। সংখ্যালঘু সম্প্রদায়ের বাস পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় সবচাইতে বেশি। ৭২ লক্ষ মানুষের মধ্যে ৫১ লক্ষ মানুষ সেখানে মাইনরিটি মুসলিম কমিউনিটির মানুষ, সেই জেলায় শিক্ষার উন্নয়ন যদি করতে হয়, সংখ্যালঘুদের জন্য যদি উন্নয়ন করতে হয়, শুধুমাত্র ভাতা দিয়ে হবে না। ইমাম ভাতা আর মহাজ্জেন ভাতা দিয়ে হবে না। সংখ্যালঘুদের উন্নয়ন করতে গেলে তাদের মানবিক দিকগুলোও লক্ষ্য করতে হবে। সংখ্যালঘুদের উন্নয়ন করতে গেলে তার বেসিক উন্নয়ন করতে হবে। তাদের শিক্ষায়, স্বাস্থ্যে—তার ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট করতে হবে। তাই সেই জায়গায় দাঁড়িয়ে মুর্শিদাবাদ জেলায় যেখানে আমরা দেখছি পুরুলিয়া বা মেদিনীপুরে এক হাজার জন পিছু একটা করে বিদ্যালয় আছে, সেখানে মুর্শিদাবাদ জেলায় প্রায় ১৫০০ থেকে ১৬০০ নাগরিক পিছু একটা বিদ্যালয়। তাই বর্তমান সরকারের কাছে আমার আরও একটি কথা বলবার আছে যে, মুর্শিদাবাদ জেলায় আরোও বেশি বেশি করে বিদ্যালয় স্থাপন করুন। মাদ্রাসা ১০ হাজার বিদ্যালয় আপনারা রেকগনেশান দেবেন বলেছেন—খুব ভাল কথা। কিন্তু আমি নিজে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের ঘরের মেয়ে হয়ে বলছি, সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নতি করতে গেলে শুধুমাত্র মাদ্রাসা করে হবে না। আপনারা সাধারণ বিদ্যালয় প্রতিষ্ঠিত করুন। সাধারণ বিদ্যালয়ের মধ্যেই সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা প্রতিযোগিতায় বেড়ে উঠুক। তবেই হবে আমাদের সাম্প্রদায়িক সম্প্রীতির সুস্পষ্ট উদাহরণ। মহাজ্জেন ভাতা, ইমাম ভাতা দিয়ে আর একদিকে আমরা সেই সাম্প্রদায়িকতাকে উস্কে দিচ্ছি না তো? একজন গরীব কৃষক মুসলমানের সঙ্গে একজন গরীব হিন্দু কৃষকের কি পার্থক্য আছে আমার জানা নেই। আমার মনে হয় একজন গরীব হিন্দু কৃষক এবং একজন গরীব মুসলমান কৃষক একই সম্প্রদায়ভুক্ত। সেখানে তার বন্ধু হতে পারে না কখনই একজন জোতদার মুসলমান। তাই মুসলমান সম্প্রদায়ের উন্নতি করতে গেলে মুসলমান সম্প্রদায়ের ইনফ্রাস্ট্রাকচারাল ডেভেলপমেন্ট করতে হবে—একথা আমি সুস্পষ্টভাবে বলতে চাই। আমরা আলাদা করে আলাদা মাদ্রাসা শিক্ষার এডুকেশান খুব একটা কাম্য নয় বলে আমি মনে করি। বিদ্যালয়গুলির ক্ষেত্রে বলি, বিদ্যালয়গুলো খুব ভাল কথা—বর্তমান সরকার ৫০০ বিদ্যালয়কে সেকেন্ডারী থেকে হায়ার সেকেন্ডারীতে আপগ্রেডেড করেছেন। কিন্তু ঘটনা হচ্ছে—বাস্তব অবস্থা হচ্ছে এই যে, এক বছর হয়ে গেল, ইলেভেনের পরীক্ষাও চলছে, আগামী ২৩শে মার্চ পরীক্ষা শেষ হবে—

[5.20–5.30 p.m.]

তার মধ্যে ১১ ক্লাস শেষ হয়ে গেল, এখনও পর্যন্ত কোন শিক্ষকের পারমিশান লেটার বিদ্যালয় গুলিতে পৌঁছোয়নি। তাই বিদ্যালয়গুলোর উন্নতি করতে গেলে, মানবসম্পদ গঠিত করতে হলে আরো বেশি করে এই কাজের দ্রুততা আনতে হবে এবং শিক্ষক নিয়োগের ব্যবস্থা সুস্পষ্ট করলে ভালো হয়। ২০১১ সালের ১৩ মে এই সরকার আসার পর ১১ সাল অতিক্রান্ত হয়েছে, ১২ সাল অতিক্রান্ত হয়েছে, ১৩ সালও অতিক্রান্ত হতে চলেছে। ৪৫ হাজার শিক্ষক-এর যে পোস্ট, সেই পোস্টে এখনও পর্যন্ত একটি শিক্ষকও নিয়োগ হয়নি। ফলে বিদ্যালয়গুলো শিক্ষক হিনতায় ভুগছে। ছাত্র-শিক্ষকের অনুপাত, আমার জেলা মুর্শিদাবাদে কোন স্কুলে দেড় হাজার স্টুডেন্ট, কোন স্কুলে আড়াই হাজার, তিন হাজার, সাড়ে তিন হাজার স্টুডেন্ট আছে। কলেজগুলোর অবস্থাও

তথৈবচ। আমার বিধানসভা রাণীনগর দুটো ব্লক নিয়ে গঠিত, রাণীনগর ওয়ান এবং রাণীনগর টু। একমাত্র রাণীনগর ওয়ান ইসলামপুরে একটি কলেজ আছে। সেই কলেজে সাড়ে চার হাজার স্টুডেন্ট পড়াশোনা করে। সেই এলাকায় প্রায় দুই লক্ষ মানুষের বাস। একটি মাত্র কলেজ। সেই কলেজে মাত্র চার জন পার্মানেন্ট শিক্ষক আছেন, প্রিন্সিপাল নেই। কলেজগুলো শিক্ষক না থাকার জন্য ধুঁকছে। সেখানকার মানবসম্পদ উন্নয়ন ঠিকঠিক গঠিত হচ্ছে না। সেখানে যে পার্টটাইম টিচার আছে, তাদেরকে পার্মানেন্ট করা হয়েছে। তাদের ৬০ বছরের চাকরি নির্দিষ্ট হয়েছে ঠিকই কিন্তু সেই পার্টটাইম টিচারদের বা গেস্ট লেকচারারদের যে প্যাকেজিং সিস্টেম, তাদের যে পে প্যাকেজ সিস্টেম, পার্মানেন্ট টিচারদের মত পে প্যাকেজগুলো ঠিকঠাক সময় পৌচোচ্ছে না। সেকেন্ডারি স্কুলগুলোতে যে প্যারাটিচার আছে, বিগত অধিবেশনে, প্রায় ৭-৮ মাস আগে তাদের অনারিয়াম ৩৫ পার্সেন্টি ইনক্রিজ করার কথা ঘোষণা করা হয়েছিল। এই বাজেটে বা রাজ্যপালের ভাষণে তার কোন উল্লেখ নেই। এগুলো একটু যদি সহানুভূতির সঙ্গে দেখা হয় আমার মনে হয় ভালো হবে। আমার মুর্শিদাবাদ জেলায়, আমি আজকে মেনশানেও রেখেছিলাম, ২০০০-২০১০ সালে বিগত বামফ্রন্টের সময়ে একটি গার্লস কলেজ স্যাংসান হয়েছিল। তার অর্ডার নম্বরও বলেছি ১৪.১২.২০১০ সালে। সেখানকার মানুষ, খেটে খাওয়া মানুষ, মাইনরিটি সম্প্রদায়ের মানুষ ৭৫ লক্ষ টাকা নিজেদের থেকে চাঁদা তুলে কয়েক একর জমি কিনে রেখেছে। সেই সময় আর্থিক বাজেটে ৩ কোটি টাকা স্যাংসানও হয়েছিল। কিন্তু বর্তমান বাজেটে সেই কলেজটির কোন নাম উল্লেখ নেই। আমি এই সরকারের কাছে অনুরোধ করব এই কলেজটি স্থাপন করবার জন্য। আপনারা সহানুভূতির সঙ্গে হাত বাড়িয়ে দেবেন, সেখানকার সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ অনেক বেশি উপকৃত হবে। কলেজে কলেজে যে গন্ডগোল চলছে, সেই গন্ডগোল গুলোর ক্ষেত্রে আমরা দেখতে পেলাম ল অ্যান্ড অর্ডার ভায়োলেট হচ্ছে। হরিমোহন ঘোষ কলেজে দেখতে পেলাম যাদের হাতে অস্ত্র থাকার কথা নয়, তাদের হাতে অস্ত্র। আমরা ভিডিও ফুটেজে দেখেছি, আপনারা সকলে দেখেছেন। অথচ যাদের হাতে অস্ত্র থাকার কথা তারা নিরস্ত্র হয়ে ঠুটো জগন্নাথের মত পুলিশ প্রশাসনের লোক দাঁড়িয়েছিল। তার ফলশ্রুতি হিসেবে দেখেছি তাপস চৌধুরীর মৃত্যুর ঘটনা। তার প্রেক্ষাপটে কলেজগুলোতে নির্বাচন বন্ধ করে দেওয়া হয়েছে। এটা মনে হয়না কোন গণতান্ত্রিক সরকারের সুস্পষ্ট উদাহরণ। মাইনরিটি সম্প্রদায়ের বাস মুর্শিদাবাদ জেলা। এখানে মাইনরিটি সম্প্রদায় ম্যাকসিমাম। প্রায় ৭২ পার্সেন্টি মাইনরিটি সম্প্রদায়ের মানুষ মুর্শিদাবাদে বাস করে। মুশলিম সম্প্রদায়ের উন্নয়ন যদি সত্যি করতে হয়, মুসলমান সম্প্রদায়কে ভোট ব্যাঙ্ক হিসেবে ব্যবহার করবেন না। সেকিউলার পার্টি ভোটে জিততে পারে না মুসলমানদের ভোট ছাড়া। হিন্দুত্বের আস্ফালনের জন্য মুসলমানরা ব্লক ভোটিং-এ বিশ্বাসী। এই ভোট ব্যাঙ্ককে তুষ্ট করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী ইমাম ভাতা দিন, কিন্তু বিষয়টি হল এই জায়গাটা আবার সাম্প্রদায়িকতাকে উস্কে দিচ্ছে। শিল্পায়নের কথা বলেছেন। আমরা লক্ষ্য করছি বর্তমানে যে শিল্প নীতি ঘোষনা করা হয়েছে, জমি না পাওয়ার ফলে এখানে বড় শিল্প আসছে না। অথচ হাজার হাজার একর জমি যেগুলো বিগত দিন থেকে পড়ে আছে, মালিকরা যেগুলো অধিগ্রহণ করে আছে, এই সরকারের ভূমি দপ্তর ইচ্ছা করলেই সেগুলোকে অধিগ্রহণ করে নোটিশ করে সেগুলো যদি নিলামে বিক্রি করতে পারতেন, বর্তমান সরকারের যে আর্থিক সঙ্কট, সেই সঙ্কট থেকে অনেকটাই বেরিয়ে আসতে পারতেন। কিন্তু কি কারণে বা কার অঙ্গুলি হেলনে এখনও পর্যন্ত সেই ভূমি অধিগ্রহণ করছেন না আমার জানা নেই। ধন্যবাদ।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ৮ ই মার্চ পশ্চিমবঙ্গ বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করে এবং, গত ২২ মাসে এই রাজ্যে মা-মাটি-মানুষের সরকার যে উন্নয়নমূলক কাজগুলো করেছে এবং যে কাজের প্রতিফলন মহামান্য রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে তার উপর দু-চারটি কথা বলব। আমি কুচবিহারের মানুষ, উত্তরবঙ্গের মানুষ, আমি আমার স্বল্প সময়ের মধ্যে তাই কুচবিহার এবং উত্তরবঙ্গের মধ্যেই আমার বক্তব্য সীমিত রাখব।

গত ১৮ মাসের মধ্যে রাজ্যের মা-মাটি-মানুষের সরকার কুচবিহার জেলায় একটা ইউনিভার্সিটি স্থাপন করতে চলেছে—পঞ্চানন ইউনিভার্সিটি। শুধু তাই নয়, উত্তরবঙ্গের জলপাইগুড়িতে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের আরও একটা ক্যাম্পাস তৈরী হচ্ছে। কুচবিহার জেলায় ইতিমধ্যে দুটো কলেজ এবং দুটো পলিটেকনিক কলেজ হবে, তার কাজও শুরু হয়ে গেছে এবং দ্রুত গতিতে এগিয়ে চলেছে। আমি বলতে পারি, বামপন্থী বন্ধুরা যদি আরও একশো বছরও রাজ্যের ক্ষমতায় থাকত, তাহলেও কুচবিহার জেলায় আমরা একটা ইউনিভার্সিটি, দুটো কলেজ, দুটো পলিটেকনিক কলেজ পেতাম না। শুধু তাই নয়, এই জেলা সংখ্যালঘু অধ্যুষিত জেলা। এই জেলার সংখ্যালঘু মানুষের সার্বিক উন্নয়নের লক্ষ্যে ১ লক্ষ ৬৭ হাজার টাকার একটা করে ঘর দেওয়া হচ্ছে সংখ্যালঘু মানুষদের। এবং, মৎস্যজীবী মানুষদেরও ১ লক্ষ ৬৭ হাজার টাকার ঘর করে দিয়ে তাদের মাথা গোঁজার ব্যবস্থা করেছে এই সরকার। কুচবিহার জেলায় ২৩ টা মাদ্রাসা আছে, সেখানে ৪ টে নতুন ঘর, পানীয় জলের ব্যবস্থা, টয়লেট, বাথরুমের ব্যবস্থাও করা হচ্ছে। ইতিমধ্যে আপনারা জানেন সংখ্যালঘু সম্প্রদায়ের মেয়েরা, বিশেষ করে মাদ্রাসায় পড়াশোনা করা মেয়েরা যাতে পড়াশোনায় আরও উৎসাহ পায়, কম বয়সে পড়াশোনা ছেড়ে না দেয় এবং উচ্চ শিক্ষায় শিক্ষিত হবার জন্য অনুপ্রাণিত হয় সেইজন্য তাদের একটা করে সাইকেল দেওয়া হচ্ছে। ১২২৪ টাকা স্টাইপেন্ড, আড়াইশো টাকা করে ইন্সেনটিভ, ছাত্র-ছাত্রীদের ড্রেস কেনার জন্য ৪০০ টাকা দেওয়া হচ্ছে ক্লাস ৮ পর্যন্ত।

স্যার, আমাদের বিরোধী বন্ধুরা প্রায় সারাদিনই ধর্ষণ, সন্ত্রাসের কথা বলে গেলেন। আমাদের কুচবিহার জেলায় নার্স বর্ণালী দত্তকে ধর্ষণ করে খুন করা হয়েছে বিগত বামফ্রন্টের আমলে। ঘোকসাডাঙাতে রুণু দাস ধর্ষিতা হয়েছেন। এসব কথা তো আমাদের বামপন্থী বন্ধুরা একবারও বললেন না। নার্স বর্ণালী দত্তের ধর্ষকরা এখনও রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, এখনও সেই ঘটনার কোন চার্জশিট দেওয়া হয়নি এবং কোন দোষীকে ধরাও হয়নি। আমি ভেবেছিলাম বামপন্থী বন্ধুরা হয়ত এই বিষয়ে দু-চারটে কথা বলবেন।

[5·30–5·40 p.m.]

আমি যে কথাটা বলতে চাইছি সেটি হল এই বাইশ মাসের মধ্যে এই মা মাটি মানুষের সরকার সারা রাজ্য সহ কুচবিহার উত্তরবঙ্গেও সার্বিক উন্নয়ন ঘটিয়েছে। সংখ্যালঘু মানুষের উন্নয়ন হচ্ছে। এখানে ইমাম ভাতার কথা, মোয়াজ্জেন ভাতার কথা অনেকেই বললেন। মুর্শিদাবাদের সদস্য এই কথা বললেন। আমার জেলার সদস্য শ্রী উদয়ন গুহ তার বাজেট বিতর্কে যে কথাগুলি বলেছেন সেগুলি আমি শুনেছি। তিনিও আশংকা প্রকাশ করেছেন যে সংখ্যালঘু মানুষদের ইমামভাতা দিলে

নাকি সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হবে। আমি অনুরোধ করব ওঁনাকে আপনার বিধানসভা দিনহাটা হচ্ছে কুচবিহার জেলার মধ্যে সবচেয়ে বেশী সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চল, ৩৭% সংখ্যালঘু মানুষের বাস। সেখানে যেকোন একটা সভায় গিয়ে যদি দাঁড়িয়ে এই কথাটা বলতে পারেন যে সংখ্যালঘুদের জন্য যে ইমামভাতা মোয়াজ্জেন ভাতা দেওয়া হয়েছে, তাতে সাম্প্রদায়িক সম্প্রীতি ক্ষুন্ন করা হয়েছে, আমি তাঁকে ধন্যবাদ জানাব এই সভার মধ্যে। প্রয়োজনে তাঁকে একটা মালাও আমি পরিয়ে দেব। এই অবস্থাতে শুধু সমালোচনা নয়, যে কাজগুলি হয়েছে আমি মনে করি সেই কাজগুলির মূল্যায়ন হওয়া উচিত। উদয়ন বাবু এখানে রয়েছেন ফরোয়ার্ড ব্লকের সদস্য। তাঁর পরলোকগত পিতৃদেব প্রায় ২৫ বছরের বেশী সময় ধরে মন্ত্রী ছিলেন দিনহাটাতে। এখানে কেশববাবুও সেদিন গান গাইলেন। আমি কুচবিহারের মানুষ। রাজবংশী ভাষায় ভাওয়াইয়া গান, যে গানের মর্মার্থ অনেকেই বুঝতে পারেন নি, আমি যেহেতু কুচবিহারের মানুষ, আমি বুঝেছি। তিনি যে কথাটা বলতে চেয়েছিলেন, বোঝাতে চেয়েছিলেন—সেটি হল তাদের ভুলিয়ে ভালিয়ে ডেকে আনা হয়েছিল। ভুলিয়ে ভালিয়ে তাদের সমর্থন নেওয়া হয়েছিল। মানুষকেও ভুলিয়ে ভালিয়ে নিয়ে আসা হয়েছে আমাদের সাথে। কিন্তু আমরা তাদের জন্য কিছু করিনি, তাদের আমরা ঠকিয়েছি।" কিন্তু কেশব বাবু যে বিধানসভা থেকে জিতে এসেছেন আমাদেরই সমর্থনে, সেই সিতাই বিধানসভায় আদাবাড়ি ঘাট, পাশেই সাগরদীঘি ঘাটে একটা সেতু নির্মাণ হচ্ছে, যে সেতু নির্মাণের কথা বলে একটানা ৩৪ বছর বামপন্থী বন্ধুরা ৩৫ বার শিলন্যাস করেছেন, ৩৫টি নারকেল ফাটিয়েছেন। একটাও ওখানে ইঁট গাঁথা হয়নি। পাথর পোঁতা হয়নি। আমাদের সরকার দশ মাসের মাথায় উত্তরবাংলার মধ্যে সবচেয়ে বড় সেতু একশো আড়াই কোটি টাকা যেখানে খরচ হচ্ছে, যার কাজ শুরু হয়ে গেছে দশ মাসের মাথায় এবং আঠারোটি পিলার উঠে গেছে, সেই কথাটি কিন্তু একেবারে বললেন না। না বামপন্থী বন্ধুরা বললেন, না কেশববাবু যে বিধানসভা কেন্দ্র থেকে জিতে এলেন আমাদের সমর্থনে তিনি বললেন! এই হচ্ছে অবস্থা। শুধু তাই নয়, কুচবিহার জেলাতে একটা হেরিটেজ রোড হচ্ছে। কুচবিহারে ১৯৪৯ সালের আগে রাজার আমল ছিল। সেখানে স্বাধীনতা আন্দোলন হয়নি। সেখানে বৃটিশরা ছিল না। সেই রাজা মহারাজারা যে রাস্তা দিয়ে শিকারে যেতেন, রাজকার্য চালাতে যেতেন, সেই হেরিটেজ রোড, সেই তিরিশ কিলোমিটার হেরিটেজ রোডের কাজ শুরু শুরুই হয়নি, আট কিলোমিটারের মত রাস্তা ইতিমধ্যে কমপ্লিট হয়ে গেছে। তিনটি ব্রীজ হবে তার কাজ শুরু হয়ে গেছে। এটা হয়ে গেলে কুচবিহার থেকে আসামের সঙ্গে যোগাযোগকারী একটি রাস্তা তৈরী হয়ে যাবে। নিশিগঞ্জ এবং ঘোকশাডাঙ্গার দুটো কলেজের কাজ দ্রুত গতিতে চলছে। দুটো পলিটেকনিক কলেজ একটা তুফানগঞ্জের চামটা এবং আর একটি মাথাভাঙ্গাতে। এটার কাজ শুরু হয়ে গেছে। তিনটি বাজার হচ্ছে—কিষাণবাজার। যার কথা আপনারা বলছেন যে চোখে দেখতে পাচ্ছেন না। বামপন্থী বন্ধুরা বলছেন এই কয়দিন আমরা শুনছি। তারা নাকি কিছুই দেখতে পাচ্ছেন না। আচ্ছা আপনারা দেখবেন কিভাবে বলুন তো! ওই যে ভোটটা করে বাড়ীতে ঢুকেছেন, তারপরে আর গেছেন? যাদের কাছ থেকে ভোট নিয়ে এসেছেন, গ্রামে গঞ্জের মানুষের কাছে গেছেন একবারের জন্য? ওই যে ব্রীজ হচ্ছে, রাস্তা হচ্ছে, সেতু হচ্ছে এত উন্নয়ন হচ্ছে, আপনারা দেখবেন কেমন করে। আপনারা তো আর যান নি সেখানে। ওই যে আপনাদের কেউ গো হারা হেরে বসে গেছেন, ওই যে তৎকালীন মুখ্যমন্ত্রী থেকে শুরু অর্ধেকের বেশী মন্ত্রী। আর যাবা আছেন, তারা তো আর সেইমুখো হননি। খুব বেশী হলে রেলস্টেশন থেকে কোলকাতা, কোলকাতা থেকে বিধানসভা, আবার সেম রোডে

গিয়ে বাড়িতে ঢোকা। না একবার বাজারে যাচ্ছেন, না কোন বস্তিতে যাচ্ছেন না আপনাদের নিজস্ব বিধানসভা এলাকাতে যাচ্ছেন । আপনারা উন্নয়নটা দেখবেন কেমন করে। আপনারা কিছুতেই দেখতে পাবেন না। একবার চক্ষু মেলিয়া দেখুন না। একটু ঘুরে ফিরে দেখুন না। গ্রামে গঞ্জে যান না, আপনারা সেখানে গিয়ে দেখুন না কেমন করে উন্নয়ন হচ্ছে। কুচবিহার সহ উত্তরবঙ্গের ছটি জেলার ১০ লক্ষ মানুষ এর আগে প্রত্যেক বছর ভিন রাজ্যে যেত। রাজস্থান, গুজরাট, হরিয়াণা দিল্লিতে মজুর খাটতে। অনেক মানুষ মারাও যেত। আর এই দু বছরও হয়নি বাইশ মাসের মধ্যে ১০ লক্ষের মধ্যে ৭ লক্ষ হয়েছে। ৩ লক্ষ মানুষ কমে গেছে ভিন রাজ্যে যাওয়ার।

মানুষ এখন নিজের গ্রামে নিজে কাজ করছে। সেখানে ১০০ দিনের কাজ ভালো হচ্ছে। পানীয় জলের ব্যবস্থা হয়েছে, রাস্তা-ঘাট হচ্ছে, ব্রীজ হচ্ছে, স্কুল হচ্ছে, কলেজ হচ্ছে, আই.সি.ডি.এস. এর কেন্দ্র হচ্ছে। আই. সি.ডি. এস. বলতে কিছুই ছিল না। সবই তো লুটে পুটে খাচ্ছিলেন। এবার রেকর্ড সংখ্যক ধান সংগ্রহ করা হয়েছে কোচবিহার জেলায়। সাংস্কৃতিক ক্ষেত্রেও আমাদের সরকার ফুলতি গিদালিকে বঙ্গবিভূষণ উপাধিতে ভূষিত করে সম্মানিত করেছেন। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে গিয়ে তাঁকে সম্মান প্রদান করেছেন। এমন ভাবনা আপনাদের আগে ছিল? কোনোদিন ভেবেছিলেন? শুধু মিছিল-মিটিং, মারামারি-খুনোখুনি এই করেই ৩৪ বছর কাটিয়ে দিয়েছেন। উন্নয়নটা করবেন কেমন করে? তবে আমি বলব, সারা রাজ্যে একবার ঘুরুন, গ্রামে-গঞ্জে ঘুরুন, তাকিয়ে দেখুন। উন্নয়ন হচ্ছে, উন্নয়নটা দেখবেন আর লুচির মতো ফুলবেন। ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ সভাপতি মহাশয়। আমি রাজ্যপালের ভাষণের ওপরে বলার আগে দুটি কথা বলতে চাই, গতকাল এই মহতি বিধানসভায় রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা করার সময় শাসক দলের বিধায়িকা আমার নামে যে অসত্য সংবাদ পরিবেশন করেছেন, ওঁনাকে আমি বিধানসভার সকলের সামনে চ্যালেঞ্জ জানাচ্ছি, সাহস থাকলে আপনি আমার চ্যালেঞ্জ গ্রহণ করুন এবং আপনার সত্যতা আপনি প্রমাণ করুন।

ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণ কর্তৃক ৮ই মার্চ ২০১৩, যে ভাষণ এই মহতি সভায় রেখেছেন, তার বিরোধিতা করে কিছু বলতে চাই। পশ্চিমবঙ্গে তৃণমূল সরকার ক্ষমতায় আসার পর থেকে নৈরাজ্যের রমরমা। বিরোধী কর্মী ও নেতাদের বিরুদ্ধে অজস্র মিথ্যা মামলা আইনের শাসনের ধারণাকে ধূলায় লুটিয়ে দিয়েছে। খুন, সন্ত্রাস, জরিমানা, বাড়ি থেকে উৎখাত, কর্মসংস্থান থেকে উৎখাত, বর্গাদার উচ্ছেদ নিত্য নৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে। জমানা বদলের পর এখনো পর্যন্ত সি.পি.আই.(এম) ও অন্যান্য বামপন্থী দলের ৮৫ জনকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে। সন্ত্রাসের শিকার হয়ে আত্মহত্যার পথ বেছে নিয়েছে ১২জন। তৃণমূলের ভৈরব বাহিনীর হাতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৫ হাজার ৮৩৭ জন। বামপন্থী দলগুলির ৪২ হাজার ৭২৯ জন কর্মীকে বাড়ি থেকে উচ্ছেদ হতে হয়েছে। ৬৫১টি পার্টি অফিস লুঠ ও দখল করা হয়েছে। ট্রেড ইউনিয়ন ও গণ সংগঠনের ২২৪টি পার্টি অফিস দখল করা হয়েছে। কলেজগুলিতে ৯৪টি সংসদ অফিস জবর দখল করা হয়েছে। মিথ্যা, সাজানো মামলাতে গ্রেফতার করা হয়েছে ৩ হাজার ৩৪৫জনকে। মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা নিয়ে একটি শব্দও বললেন না! সত্যিই দুঃখের। এই ২১ মাসের পরিবর্তনের সরকার ৬বার গুলি চালিয়েছে

বিক্ষোভরত মানুষের ওপরে, কোথাও বিসর্জনের শোভাযাত্রায়। মৃত্যু হয়েছে ৫ জনের। এর মধ্যে দু'জন মহিলা এবং একজন পঞ্চম শ্রেণীর ছাত্রী। কিন্তু নজিরবিহীন ঘটনা হ'ল প্রকাশ্য রাস্তায় গুলি চালিয়ে পুলিশকেই খুন করা হল! অম্বিকেশ মহাপাত্র কিংবা শিলাদিত্য চৌধুরী কিংবা তানিয়া ভরদ্বাজ। এইসব গল্প এখন সংবাদ মাধ্যমের কাছে পুরোনো হয়ে গেছে। হাতের সামনে পাকা উদাহরণ হ'ল হলদিয়া। দিনের বেলায় লাঠি-সোঁটা নিয়ে হামলা চালালেন, হলদিয়া পৌরসভার ভেতরে ভাঙচুর করলেন। টেলিভিশনের পর্দায় আমরা সেই ছবি দেখলাম পৌরসভার তরফ থেকে অভিযুক্ত করা হ'ল কাউন্সিলার সহ একাধিক তৃণমূলীর বিরুদ্ধে। এর চব্বিশ ঘন্টার মধ্যে গোবর লেপা উঠানে অক্ষত মাটির বাড়িতে আগুন লাগানোর অভিযোগে যুদ্ধকালীন তৎপরতায় গ্রেফতার করা হ'ল বামফ্রন্টের দুই কাউন্সিলারকে। অথচ ১৪ই মার্চ হলদিয়া বাজেট অধিবেশনের দিনে পুলিশের সঙ্গে দাঁড়িয়ে খোস মেজাজে গল্প করছেন ভাঙচুরের ঘটনায় অভিযুক্ত তৃণমূল নেতা। অথচ অধিবেশনে ঢুকতে পারছেননা বামফ্রন্টের নির্বাচিত কাউন্সিলাররা। এই সরকারের মহিলা মুখ্যমন্ত্রী হয়ে সবচেয়ে বেশি আক্রান্ত মহিলারাই হয়েছেন। তৃণমূলের জমানায় নারী নির্যাতন পশ্চিমবঙ্গে প্রথম স্থান পেয়েছে। এই লজ্জাজনক পরিস্থিতির দিকে রাজ্যকে ঠেলে দিয়েছে তৃণমূলের সরকার। ন্যাশনাল ক্রাইম ব্যুরো রিপোর্ট তৈরী করে রাজ্য সরকারের পাঠানো তথ্যের ভিত্তিতে। এই হিসেবেই সারা দেশে মহিলাদের ওপর অত্যাচার শতকরা ১২.৭ ভাগ ঘটনা ঘটেছে পশ্চিমবঙ্গে।

কলকাতার বুকে মহিলা অপহরণের ঘটনা বিগত বামফ্রন্টের তুলনায় চারগুণ বেড়ে গেছে। ২০১২ সালে ৫ই ফেব্রুয়ারী পার্ক স্ট্রীটের ঘটনা সকলেই জানেন। ১৬ই ফেব্রুয়ারী মুখ্যমন্ত্রী বললেন সাজানো ঘটনা। এ রাজ্য সরকারকে সুপ্রীম কোর্টের সমালোচনার মুখে পড়তে হয়েছে। কিন্তু তবুও শাসক দলের কর্তাব্যক্তিরা মানছেন না। তৃণমূলের সাংসদ ২৮ ডিসেম্বর ২০১২ টিভি চ্যানেলে বললেন পার্কস্ট্রীটের ঘটনা হচ্ছে ধর্ষণের ঘটনা নয়। ওটা হচ্ছে টাকার ঘটনা বারাসাত যখন সাম্প্রতিক কালে অপরাধীদের স্বর্গরাজ্য হয়ে উঠেছে তখন গত ২৮শে জুলাই ২০১২ তৃণমূলের বিধায়ক বলছেন সাংবাদিক বন্ধুদের মেয়েদের পোষাক কতটা ইভটিজিং -এর কারণ তার ব্যাখ্যা দিতে শুরু করেন। মহিলাদের বিরুদ্ধে জঘন্য অপরাধের মোকাবিলা ও অপরাধীদের শাস্তি দেবার ব্যবস্থা করা দূরের কথা, নানাবিধ বিবৃতি দিয়ে শাসক দল ও সরকারের উচ্চপদে থাকা ব্যক্তিরা আসলে তদন্তকে প্রভাবিত করতে চাইছেন, উদ্দেশ্য অপরাধীদের আড়াল করা। বিধায়ক যখন মহিলাদের পোষাক নিয়ে এত কথা বলছেন, তখন মহিলাদের পণ্য করার সাধারণ অভিযানের শরীক হয়ে তৃণমূলের মাতব্বরদের আয়োজিত জলসায় চলছে স্বল্পবাস মহিলাদের উদ্দাম নৃত্য। টিভি চ্যানেলে এও দেখা গেছে যে উদ্দাম নৃত্যতালের উদ্দেশ্যে টাকার নোট ছুঁড়ে দিচ্ছে উপস্থিত তৃণমূলের নেতা ও কর্মীরা। রাজ্যপালের ভাষণে রাজ্য সরকারের ঘোষিত ধর্ষক নামক ভাতার কথার উল্লেখ নেই। লজ্জার বিষয় এই সরকার নাবালিকাকে ধর্ষণ করলে ৩০ হাজার টাকা, প্রাপ্তবয়স্ক ধর্ষণ করলে ২০ হাজার টাকা, আর ধর্ষিতা হয়ে যদি মারা যান তাহলে ২ লক্ষ টাকা। মাথা হেঁট হয়ে যাচ্ছে। মহিলা মুখ্যমন্ত্রীর জানা নেই কি ভাবে কোন যুক্তিতে কোন মূল্যবোধে এই ধরনের ব্যবস্থা রেট ঠিক করা হয় কেউ বুঝতে পারছে না। ব্যর্থ সরকারের মুখ্যমন্ত্রী বলছেন না কিভাবে নির্যাতনের হাত থেকে মা-বোনেরা রক্ষা পাবেন। মুখ্যমন্ত্রী বলছেন দলের ভাইয়েরা নাকি দেখবেন মহিলাদের। তাহলে পুলিশের কাজ কী? মন্ত্রী বলছেন মহিলারা ক্যারাটে শিখুন, আত্মরক্ষার দাওয়াই। পুলিশ কী করবে প্রশ্ন উঠছে। কর্মসংস্কৃতি ফিরিয়ে আনার কথা বলছেন? ধর্মঘট করলেও কান কেটে নিচ্ছেন। ১০ লক্ষ বেকারের

চাকরীর কথা বলছেন, আর রাজ্য বিধানসভায় বলছেন ১৮৯৯ জন চাকরী পেয়েছেন। আসানসোলে পুলিশ কমিশনারেট গঠন করা হয়েছে। আমরা ভেবে ছিলাম আসানসোলবাসী হিসাবে আমরা হয়তো ভালো আইনী সুযোগসুবিধা পাবো। কিন্তু আমরা দেখলাম ৫ই জুলাই ২০১১ নির্গুণ দুবে খুন হলো, আজ পর্যন্ত কোন কিনারা হলো না, লজ্জার বিষয়। অর্পণ মুখার্জী ১০ই মে ২০১২ সকালে মর্নিংওয়াক করতে গিয়ে তৃণমূল দুষ্কৃতিদের দ্বারা খুন হলো, এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হলো না। লজ্জার বিষয়। পুষ্পাঠাকুর বার্নপুরে ক্লাস টু-তে পড়ে, একটা গরীব ঘরের মেয়ে, সেই মহিলা তার বাচ্ছাকে স্কুলে পৌঁছে দিয়ে এসেছিলেন, কিন্তু যখন আনতে গেলেন বাচ্ছাটাকে পেলেন না। তাকে ধর্ষণ করে তার স্কুলের পিছনের নালাতে ফেলে দেওয়া হলো। লজ্জাজনক ঘটনা। গত ১.১২.২০১২ তারিখে এই তৃণমূলের গুন্ডারা রাত পৌনে ১২টার সময় আমাকে ফোনে হুমকী দেয় প্রাণ নাশের। আমি অভিযোগ করেছিলাম, কিন্তু তার কোন প্রতিকার হয়নি। ৪ তারিখে আমাদের স্পীকার মহাশয়কে আমি চিঠি দিয়ে ছিলাম, কিছু হয় নি। ১০ই ডিসেম্বরের ঘটনা লজ্জাজনক ..... (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল্ স্পীকার স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবাংলার মহামান্য রাজ্যপাল এম.কে.নারায়ণন প্রদত্ত ভাষনে বাংলার মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে গোটা বাংলা জুড়ে যে সাফল্যের ক্ষতিয়ান তুলে ধরেছেন, আমি সেই কারণে মহামান্য রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

অনারেবল স্পীকার স্যার, আমরা দেখতে পাচ্ছি বাম বিধায়ক বন্ধুরা তার সঙ্গে আমাদের জাতীয় কংগ্রেসের বিধায়ক বন্ধুরা কণ্ঠে কণ্ঠি মিলিয়ে বলছেন পশ্চিমবাংলায় নাকি আইন শৃঙ্খলার অবনতি ঘটেছে। পশ্চিমবাংলায় নাকি মায়েরা ধর্ষিতা, লাঞ্ছিতা, অপমানিতা হচ্ছে। আমি তাদের কাছে প্রশ্ন করতে চাই, যারা দীর্ঘ ৩৪ বছর ক্ষমতায় থাকার পরেও যেখানে বাংলার মাটিতে দাঁড়িয়ে বানতলা, বিরাটী ধানতলা যে জায়গাতে দাঁড়িয়ে মরিচঝাঁপির উৎবাস্তু কলোনির উপরে নির্মম অত্যাচারকে যারা সংগঠিত করেছিলেন, যারা সেদিনকার বিজন সেতুতে প্রকাশ্য দিবালোকে যারা আনন্দমার্গীদের পুড়িয়ে খুন করেছিলেন, যারা আজকে পশ্চিম মেদিনীপুরে সবং, পিংলা থেকে গড়বেতা, ছোট আঙরিয়ার ঘটনাকে সংগঠিত করে পরবর্তীকালে সিঙ্গুর, নন্দীগ্রামের মাটিতে যে গণহত্যাকে সংগঠিত করেছিলেন, যারা ২০০৭ সালে ১০ই নভেম্বর যখন বাংলার মায়েরা সন্ধ্যার সময় প্রদীপ জ্বালিয়ে তুলসি মঞ্চে তার পরিবারের মঙ্গল কামনায় ব্যস্ত ছিল তখন পশ্চিমবাংলার মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি হার্মাদ বাহিনীরা যে নির্মম অত্যাচারকে সংগঠিত করেছিল, যে মায়েদের উপর শ্লীলতাহানী করেছিল তারা কি এত তাড়াতাড়ি পশ্চিমবাংলার মাটিতে দাঁড়িয়ে নতুন করে বাংলার মাটিতে নাকি নারীরা নির্যাতিতা হচ্ছে, ধর্ষিতা হচ্ছে বলছে। হ্যাঁ, বন্ধু দু-একটি ঘটনা ঘটেছে অস্বীকার করার কোন উপায় নেই। কিন্তু আজকে দিল্লীতে যে ঘটনা সংগঠিত হচ্ছে সারা ভারতবর্ষের বিভিন্ন জায়গাতে যেভাবে মায়েরা ধর্ষিতা হচ্ছে তার জন্য কিছু নিশ্চয়ই সেই জায়গাতে কিছু দুষ্কৃতিকারীরা সেই জায়গাতে আছে। সেটার থেকে নিশ্চয়ই আমাদের সবাইকে ব্যবস্থা নিতে হবে।

যারা আইনের কথা বলছে আমি তাদের কাছে প্রশ্ন করতে চাই। যারা বাংলার মাটিতে দাঁড়িয়ে বিগত ৩৪ বছর ধরে যারা মানুষের গণতান্ত্রিক অধিকারকে কেড়ে নিলেন, যারা রিগিং, সন্ত্রাস, ছাপ্পা ভোট করে যারা আজকে ৩৪ বছর ক্ষমতায় আসীন হয়েছেন তাদের মুখে নতুন করে গণতন্ত্রের কথা বলা যায় না। এটাই আমি বলতে চাই। যেনে রাখুন বামপন্থী বিধায়ক বন্ধুরা যারা একদিন বলেছিলেন তাদেরই কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে চাই—যারা ৭০ দশকে, আজকে রেজ্জাক সাহেব নেই, সুভাষবাবুরা নেই, আজকে সূর্যকান্তবাবুরা নেই যারা ৭০ দশকে তেভাগা আন্দোলন, তেভাগা আন্দোলন চন্দনপেড়ির মাটি আমার বিধানসভা ক্ষেত্র চন্দনপেড়ির মাটিতে দাঁড়িয়ে যারা সেদিন হল্লাবাতাসীকে সামনে রেখে যারা ৭৭ সালে ক্ষমতায় আসিন হয়েছিলেন। আজকে দয়া করে বলবেন, আজকে দয়া করে বলবেন বামপন্থী বন্ধুরা আজকে আপনাদের কণ্ঠে সেই কৃষকের গান নেই। যারা কৃষকের গান গাইতে গাইতে, যারা শ্রমিকের গান গাইতে গাইতে ক্ষমতায় এসেছিলেন। আর ৩৪ বছর দাঁড়িয়ে কৃষকের পেটে লাঠি মেরে, শ্রমিকের পেটে লাথি মেরে আজকে ৫৬ হাজার কল-কারখানা বন্ধ করে, ১৩ লক্ষ শ্রমিক আজ অনাহারে, অনিদ্রায় দিন কাটাচ্ছে। আজকে কৃষকদের সেই জায়গাতে দাঁড়িয়ে কৃষকের হাতে আপনারা কি দায়িত্ব তুলে দিয়েছেন? বলবেন কমরেড বন্ধুরা, বলবেন বামপন্থী বন্ধুরা আজকে সুভাষবাবু রেজ্জাক সাহেবরা যারা বলছেন আইনের শৃঙ্খলা নেই, রেজ্জাক সাহেব বলবেন আমি ঐ এলাকরাই বিধায়ক। দক্ষিণ ২৪ পরগণা জেলার আগেও বিধায়ক ছিলাম। বিগত দিনে পঞ্চায়েত নির্বাচন আপনারা করতে দিতেন? আমাদের পঞ্চায়েত নির্বাচনে নিমিনেশান করতে দেননি ৫৭ হাজার বুথে। আপনারা বলুন পশ্চিম মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া বুকে হাত দিয়ে বলুন বামপন্থী বন্ধুরা। সেদিন আপনারা আমাদের দলের লোকেদের নমিনেশান করতে দেননি। আজকে যারা মঙ্গলকোট, নেতাইয়ের ঘটনাকে সামনে রেখে যে নারকীয় হত্যালীলাকে নন্দীগ্রামের মাটিতে সংগঠিত করেছিলেন যা জালিয়ানবাগ হত্যাকাণ্ডকে হার মানিয়ে গেছে, হার মানিয়ে গেছে। তাইতো আজকে বলতে চাই বন্ধু-বিচারের বানী নিরবে নিভৃতে কাঁদে। অত্যাচার শেষ কথা বলে না বন্দুকের নল শেষ কথা বলে না। শেষ কথা বলে বাংলার পবিত্র জনগণ আর সেই জনগণের আশীর্বাদ দু হাতে পাথেয় করে বাংলার মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আজকে মানুষের পাশে থেকে উন্নয়ন করছেন। উন্নয়ন কিন্তু আকাশে বাতাসে হয় না। উন্নয়ন হয় মাটিতে। আর তাই বামপন্থী বন্ধুরা উন্নয়ন আপনারা দেখতে পারছেন না। চোখে আপনারা ঠুলি পরেছেন তাই আপনারা দেখতে পারবেন না, পারছেন না বন্ধু। আপনাদের কাছে বলতে চাই বন্ধু ভারতবর্ষের সংবিধানে একটা কথা লেখা আছে। আপনারা জানেন আমাদের পাঁচটি মৌলিক অধিকার। সবার জন্য চাই স্বাস্থ্য, সবার জন্য চাই শিক্ষা, চাই অন্ন, বস্ত্র, বাসস্থান। আর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ভারতের এই পবিত্র সংবিধানকে মর্যাদা দিয়ে এই পাঁচটি বিষয় তিনি সবচেয়ে গুরুত্ব আরোপ করেছেন।

[5·50–6·09 p.m.]

তাই স্বাস্থ্যে এসেছে একটি বৈপ্লবিক পরিবর্তন, শিক্ষার ক্ষেত্রে এসেছে একটি বৈপ্লবিক

পরিবর্তন। তা আজকে আপনারা দেখেছেন। যে গরিব মানুষগুলি যাদের আজকে নিজেদের বাসস্থানের জন্য জমি ছিল না। আজকে তাদের নিজ ভূমি নিজ গৃহ প্রকল্পে ঘর করে দিয়ে হাতে তাদের জমির দলিল তুলে দিয়ে তাদের আজকে ইন্দিরা আবাসন প্রকল্প, আমার ঠিকানা, গীতাঞ্জলী এবং অধিকার প্রকল্পের মধ্য দিয়ে তাদের বাসস্থানের জায়গাটুকু করে দেওয়া হয়েছে। আপনারা জানেন বামপন্থী বন্ধুরা, আপনারা জানেন আমাদের দক্ষিণ ২৪ পরগণা জেলা, যেকথা আপনাদের বলেছিলাম, জ্যোতি কলোনী করেছিলেন। জ্যোতি কলোনীতে ৬৪টি মানুষ দীর্ঘ ৩৪ বছরে আপনাদের ক্ষমতাসীন করেছিল আপনারা তাদের একটা পাট্টা দিতে পারেননি। আর আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গত ২৪ তারিখে তিনি বকখালিতে গিয়েছিলেন, এবং সেই জ্যোতি কলোনীর মানুষের কাছে গিয়েছিলেন। তাই তো আজকে আমি মনে করি যে, তিনি যে জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে নিয়ে, মন্ত্রীসভার সদস্যদের সঙ্গে নিয়ে আজকে যে বিভিন্ন গ্রাম গঞ্জে পৌঁছে যাচ্ছেন, মানুষের সঠিক কথাটা তিনি তাদের কাছ থেকে শুনছেন, এবং পরবর্তীকালে তিনি তার ব্যবস্থা নিয়েছেন। ২৬ তারিখে ফিরে আসার পরে গত ৯ তারিখে সেই ৬৪টি সেই জ্যোতি কলোনীর মানুষ, তার মধ্যে ৫৪ জন আপনাদের দলের, তারা তৃণমূল কংগ্রেস দল করেনা এখনও পর্যন্ত, তাদের হাতে কিন্তু পাট্টা তুলে দেওয়া হয়েছে। একথা আমি আপনাদের কাছে দায়িত্ব নিয়ে বলতে পারি। বলবেন। আমি আজকে সেই জায়গাতে ফিরে আসছি আমার জেলা নাম তার দক্ষিণ ২৪ পরগণা জেলা। ভারতবর্ষের যে ৮৪টি জেলা পিছিয়ে পড়া জেলা হিসাবে চিহ্নিত, আমাদের পশ্চিমবাংলার তিনটি জেলা নাম তার জলপাইগুড়ি, নাম তার মুর্শিদাবাদ আর একটা হচ্ছে দক্ষিণ ২৪ পরগণা। বলবেন বামপন্থী বন্ধুরা এই দক্ষিণ ২৪ পরগণা জেলা থেকে আজকে ৩৪ বছরে আপনাদের দলের দু'জন মুখ্যমন্ত্রী ছিলেন। কিন্তু তা সত্ত্বেও এই জেলা পিছিয়ে পড়া জেলা হিসাবে চিহ্নিত হয় কি কারণে। বলুন আপনারা? যে সুন্দরবন এলাকা দক্ষিণ ২৪ পরগণার মধ্যে পড়ে। দক্ষিণ ২৪ পরগণার ২৯টি ব্লক আছে। সেই ২৯টি ব্লকে আজকে ২২মাসের একটি সরকার দায়িত্ব পাওয়ার পরে আজকে যখন আমাদের মা-মাটি-মানুষের সরকার নানান উন্নয়নমূলক খতিয়ান মাননীয় রাজ্যপালের প্রদত্ত ভাষণের মধ্যে রয়েছে। একদিকে রয়েছে শিক্ষা, একদিকে রয়েছে স্বাস্থ্য, একদিকে রয়েছে কৃষি, সেচ এবং বিদ্যুৎ। এই ব্যবস্থাগুলোকে মিলিয়ে যে উন্নয়ন হচ্ছে আজকে আপনারা ভাবতে পারবেন না। মানুষ তাই ভাবছে আজকে অল্প সময়ের মধ্যে এই জেলার কিভাবে উন্নয়ন হচ্ছে। বসে আছেন মাননীয় বিদ্যুৎমন্ত্রী, তিনি ছিলেন আমাদের পশ্চিমবঙ্গ সরকারের হোম সেক্রেটারি ছিলেন, মুখ্য সচিব ছিলেন। আমাদের জেলার তিনি জেলা শাসক ছিলেন। পশ্চিমবাংলার শেষ প্রান্ত সাগরদ্বীপ সেই সাগরদ্বীপ ৬৫ বছর স্বাধীনতার পরেও এই মা-মাটি-মানুষের সরকার আসার পরে আমাদের সাগরদ্বীপের মানুষ ২৪ ঘন্টা বিদ্যুৎ পাচ্ছে। এই সাফল্য কিন্তু আপনারা দেখতে পাবেন না বন্ধু। আজকে যখন সুন্দরবন এলাকায় যখন পিছিয়ে পড়া সুন্দরবনের একদিকে গোসাবা, অন্যদিকে সাগরকে ঘিরে যখন একটা উন্নয়নের বার্তা চলছে। যখন আজকে সুন্দরবনের বিভিন্ন গ্রাম গঞ্জে বি আর জি এফের টাকাতে মোরাম রাস্তাগুলো হচ্ছে, যখন সেচ ব্যবস্থার নতুন করে পরিবর্তন আনার চেষ্টা হচ্ছে, আয়লায় ক্ষতিগ্রস্ত নদীর বাউন্ডারি বাঁধগুলোকে যখন পার্মানেন্ট করবার জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা আগের সরকার আপনারা

১৫ মাস খরচ করে দিয়ে যেতে পারেন নি, আজকে আমাদের মা-মাটি-মানুষের সরকার দায়িত্ব পাওয়ার পরে যখন সেই জমির সমস্যার সমাধান করে একের পর এক আমরা যখন সেই নদী বাউন্ডারি বাঁধ পুনর্গঠনের ব্যবস্থা করছি তখন তো আপনারা দেখতে পাবেন না। আজকে আপনারা জেনে আনন্দিত হবেন, জেনে আনন্দিত হবেন বন্ধু, আমাদের দক্ষিণ ২৪ পরগণা জেলায় আজকে বারুইপুর, আজকে সেখানে পলিটেকনিক কলেজ হচ্ছে। ডায়মন্ডহারবারে পূর্ব ভারতের মধ্যে একটা মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা হচ্ছে।

আজকে ৫টা আই টি আই কলেজ তৈরী হচ্ছে। আজকে যে সুন্দরবনকে ঘিরে আপনারা জানেন, যে আন্তর্জাতিক মেলা গঙ্গাসাগর, সেই আন্তর্জাতিক কপিলমুনির মন্দিরকে ঘিরে আমাদের মা-মাটি-মানুষ এর সরকারে দায়িত্ব পাওয়ার পরে আজকে বিশ্বব্যাঙ্কের টাকায়, আজকে সেই কপিল কমপ্লেক্স গড়ে উঠছে। সেখানে কপিল কমপ্লেক্স শুধু নয়, মেডিটেসান সেন্টার থেকে শুরু করে সেখানে রাস্তাঘাট এবং আপনারা যদি যান, আপনারা নিজেরা দেখবেন চলুন না, বামপন্থী বন্ধুরা, বিধায়ক বন্ধুদের আপনাদের আমি সঙ্গে করে নিয়ে যাব, দেখবেন, যেটা আপনারা জিজিয়া কর বসিয়েছিলেন, আমাদের যারা ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে যারা মকর সংক্রান্তিতে পূণ্য স্নান করতে আসে, তাদের উপরে আপনারা পাঁচ টাকা করে জিজিয়া কর বসিয়েছিলেন। আর আমার মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেওয়ার পরে তিনি সেই পিলগ্রিমেজ ট্যাক্সটাকে তিনি উইথড্র করে নেন। এবং সেখানেও কীভাবে কী হচ্ছে, দয়া করে দেখে আসবেন চলুন। তাই তো আজকে দেখা যাচ্ছে, আজকে যখন ঝড়খালি থেকে শুরু করে সুন্দরবনের বিস্তীর্ণ এলাকা বকখালি থেকে শুরু করে সাগরে যখন পর্যটন বান্ধব শিল্প গড়ে তোলবার চেষ্টা হয়েছে। তাই আজকে সাগর, আজকে বকখালি মিলে ডেভেলপমেন্ট অথরিটি তৈরী হয়েছে। যা গতকাল আমাদের আর্বান দপ্তরের মাননীয় মন্ত্রী যা বিল পাস করলেন। আপনারা তো করেননি। আপনারা তো করেননি। আপনারা তো একবারও ভাবেননি যে আজকে বকখালি, আজকে ঝড়খালি কী বকখালী, কি সাগরকে নিয়ে তো আপনারা ভাবেননি। যেখানে সুন্দরবনে ৭৭৮ কিমি নদী বাউন্ডারী বাঁধ, সেই জায়গাতে কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা আপনারা বাস্তবায়িত করে যেতে পারলেন না। আপনাদের রাজত্বে, ঘোড়ামারা বলে একটা দ্বীপ আছে, মৌসুনী বলে একটা দ্বীপ আছে, সেই দ্বীপগুলিকে নো ম্যানস জোন হিসাবে ঘোষণা করে দিয়েছে আপনাদের বামফ্রন্ট সরকার। আর আবার যদি ক্ষমতায় আসতেন, সেই এলাকার লোকগুলোকে নিয়ে গিয়ে আপনারা কোন জায়গায় তাদের পুনর্বাসনের ব্যবস্থা করতেন। সেই পরিকল্পনা করেননি। আর আমাদের যখন মা মাটি মানুষের সরকারে মুখ্যমন্ত্রী দায়িত্ব পাওয়ার পর তিনি আমাদের বিধায়ক, আমাদের মন্ত্রী পরিষদের সদস্যদের সাথে আলোচনা করে সেই জায়গাতে নো ম্যানস জোন ঘোষণাকে উইথড্র করে নিয়ে সেখানটায় আজকে রূপ দেয় ত্বরান্বিত করেছেন নদী বাউন্ডারী বাঁধের ব্যবস্থা করেছেন। মানুষের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। তাদের সেখানে সেচ ব্যবস্থা করেছেন। তাদের বাড়ীতে বাড়ীতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার চেষ্টা করেছেন। আমাদের মাননীয় বিদ্যুৎমন্ত্রী আছেন, অচিরাচরিত দপ্তরের মাধ্যম দিয়ে আজকে মৌসুনী দ্বীপের প্রায় সাড়ে চার হাজার পরিবার আজকে ঘোড়ামারা দ্বীপের প্রায় ১২০০ পরিবারকে হোম লাইটিং সিস্টেমে

কেন্দ্রীয় সরকারের নাইন্টি পারসেন্ট সাবসিডিতে তাদের বাড়ীতে আজকে বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। আজকে সেই উদ্যোগ আপনারা দেখতে পাবেন না। তাই আজকে আমার বক্তব্যকে দীর্ঘায়িত না করে শুধু একটাই কথা বলব, কবির ভাষায় বলব, উদয়ের পথে শুনি কার বাণী, ওরে নিঃশেষে প্রাণ করিবে যে দান, ওরে ক্ষয় নাই, ওরে ক্ষয় নাই। তাই আজকে, সেই জায়গাতে দাঁড়িয়ে বলি, বাংলার মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী, তাঁকে যতই আপনারা কালিমালিপ্ত করবার চেষ্টা করুন না কেন করতে পারবেন না। টাইমস অফ ইন্ডিয়া ম্যাগাজিন পত্রিকাতে আজকে তিনি শ্রেষ্ঠত্ব মুখ্যমন্ত্রী হিসাবে তাঁকে স্বীকৃতি দিয়েছে, আজকে আপনারা তাকে যতই কালিমালিপ্ত করবার চেষ্টা করুন না কেন, আপনারা তা করতে পারবেন না।

শ্রী ধীরেন বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাংবিধানিক নিয়ম অনুসারে ১৭৬ নম্বর ধারা অনুসারে মহামান্য রাজ্যপাল অষ্টম অধিবেশনের প্রাক্কালে যে ভাষণ রেখেছেন, সেই ভাষণের পরিপ্রেক্ষিতে সরকার পক্ষের যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব, সেই প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে রাজ্যপালের সেই ভাষণের বিশেষ করে রাজ্যপাল রাজ্য সরকারের কিছু অসত্য অসংলগ্ন কথাবার্তা এই রিপোর্টের মধ্যে তিনি পাঠ করেছেন। আমি উদাহরণস্বরূপ বলতে পারি, যেখানে রাজ্যপাল নিজেই বলছে আমি ভাগ্যবান যে আমি নিরাপদে আছি। তাহলে কারা নিরাপদে নয় স্যার, আপনি বুঝতে পারছেন। পশ্চিমবাংলার যারা গ্রাম অঞ্চলে বাস করে সাধারণ মানুষ, যারা প্রতিনিয়ত সেই গ্রাম অঞ্চলের রুজি রোজগার এর জন্য যারা সারা দিন কাজকর্ম করে সেখানে এক দিকে পুলিশি নির্যাতন, আর অন্যদিকে আপনাদের সরকার পক্ষের ভৈরব বাহিনী।

তোলাবাজরা প্রতিনিয়ত সেইসব সাধারণ মানুষের ওপরে অত্যাচার নামিয়ে নিয়ে আসছে। তারা আর নিরাপদে নেই। আপনাকে আমি আরো একটা তথ্য দিয়ে বলতে চাই। কিছুদিন আগে বিশেষ করে স্কুল পরিচালন কমিটির নির্বাচনগুলো সংঘটিত হচ্ছিল। কলেজে কলেজে ছাত্র সংসদের যে নির্বাচন সংঘটিত হচ্ছিল, তারপর কো অপারেটিভের যে নির্বাচন হচ্ছিল সব জায়গায় বামপন্থীদের নির্বাচন সংঘটিত হচ্ছিল, তারপর কো অপারেটিভের যে নির্বাচন হচ্ছিল সব জায়গায় বামপন্থীদের নির্বাচনে দাঁড়াতে দেয়নি আপনাদের সেই ভৈরব বাহিনী, আপনাদের সেই তোলাবাজ বাহিনী। স্যার নিরাপদে নেই সাধারণ মানুষ। পশ্চিমবাংলার মানুষ নিরাপদে নেই। আমি আরো বেশি করে এই কথাটা বলতে চাই যে পঞ্চায়েতী ব্যবস্থা বিগত বাম সরকারের একটা অন্যতম প্রধান সাফল্যের চাবিকাঠি ছিল। সেই পঞ্চায়েত ব্যবস্থায় আজ নির্বাচিত যারা সদস্য, তারা গণতান্ত্রিকভাবে কাজ করতে পারছে না। আজকে উত্তর ২৪ পরগণা, নদীয়া, মুর্শিদাবাদের সভাধিপতিদের ক্ষমতা খর্ব করে নেওয়া হল। সেখানে কাদের ক্ষমতা দেওয়া হল—আমলাদের। আমি সব নির্বাচিত সদস্যদের উদ্দেশ্যে বলতে চাই যে আপনারাও বিধায়ক আছেন। যদি আপনারা আপনাদের এলাকায় স্বাধীনভাবে কাজ করতে না পারেন, সেখানে যদি আমলারাই সবকিছু কাজ করে তাহলে আগামীদিনে জনপ্রতিনিধিদের গুরুত্ব কমে যাবে। আমি স্যার এইজন্য এই কথাটা বলতে চাইছি যে পঞ্চায়েতের মাধ্যমে আজকে একশো দিনের কাজ রূপায়ণ হচ্ছে। এটা খুব ভালো কথা। সেখানে আমাদের থেকে আপনারা অনেক বেশি, প্রায় ৩৪ দিনের বেশি কাজ একশো দিনের জায়গায় করতে

পেরেছেন। কিন্তু আমি ভালো করে তদন্ত করতে বলবো যে কাজ হয়েছে সেখানে কি সম্পদ সৃষ্টি হয়েছে? মুখ্যমন্ত্রীর ঘোষণা 'জল ধরো, জল ভরো', পুকুরের গভীরতা যদি না বাড়ে, আয়তন না বাড়ে তাহলে কোথায় জল ভরবেন? আজকে এই পঞ্চায়েতের একশো দিনের কাজ করতে গিয়ে কিছু মধ্যসত্ত্বভোগী আপনাদের মদতে সেখানে আজকে গজিয়ে উঠেছে, পঞ্চায়েতরাজ গজিয়ে উঠেছে। জব কার্ড হোল্ডারদের জব কার্ডগুলো তারা নিয়ে নিচ্ছে এবং বলছে কাজে যেতে হবে না। সেখানে মাষ্টার রোলে তাদের সমস্ত এন্ট্রি করে দিয়ে তাদের টাকা তুলে ঘরে বসে যার জব কার্ড নিয়ে গিয়েছিল তাকে ঘরে কিছু টাকা পৌঁছে দিচ্ছে। এই হচ্ছে আপনাদের পঞ্চায়েতের কাজ, কন্ট্রাক্টার, তোলাবাজদের কান্ড কারখানা। আমি ভাবতে বলবো এইজন্য যে এরা যেভাবে আজকে শ্রম দিবসের নাম করে, যাদের প্রকৃত সেখানে হক, দিন মজুর, ক্ষেত মজুর, যাদের একশো দিনের কাজ করার কথা ছিল তারা সেখানে বঞ্চিত হচ্ছে স্যার। মধ্যসত্ত্বভোগীরা সেই টাকা ভোগ করছে। এটা আমি উদাহরণ দিয়ে বলতে পারি, আমার বিধানসভা এলাকায় মহম্মদবাজার গ্রাম পঞ্চায়েত। এগারো জনের নামে ওয়ারেন্ট হল। কেন? তারা পুকুর চুরি করেছিল। পুকুরের এগেনষ্টে যে টাকা এ্যালোটমেন্ট হয়েছিল পুকুরে এক চৌকোও মাটি কাটা হল না, সেই টাকা তাদের পকেটস্থ হয়েছিল। তৃণমূল সেই পঞ্চায়েত পরিচালনা করছে। এখনো প্রধানের বিরুদ্ধে ওয়ারেন্ট রয়েছে। আপনাদের পুলিশ সরকারের পুলিশ তাকে ধরছে না। এর থেকে লজ্জার কথা আর কি আছে। দেউটা গ্রাম পঞ্চায়েত সেখানে আমাদের কোনো প্রতিনিধি নেই। আমি অন রেকর্ড বলতে চাই, সেখানে বিগত গ্রাম পঞ্চায়েতের সেই প্রধান তার অন্যান্য সদস্যদের বিরুদ্ধে অভিযোগ করলো যে সেখানে কাজ হয়নি। তাদের সেই অভিযোগের ভিত্তিতে এখনো সেখানে কেস চলছে, তার কোনো বিহিত ব্যবস্থা হল না। এইজন্য আমি বলতে চাই পঞ্চায়েতের মাধ্যমে যে কাজ হচ্ছে সেখানে দুর্নীতি বাসা বাঁধছে। সেখানে তোলাবাজরা বেশি বেশি করে সক্রিয় হচ্ছে এবং সেখানে পঞ্চায়েতরাজ গড়ে উঠছে। সেইসঙ্গে আমি আরো একটা কথা বলতে চাই, আজকে চাষীদের জন্য খুব দরদ আপনাদের উথলে উঠছে। কিন্তু সেই চাষীদের ১২৫০ টাকা ঘোষিত দাম—খাদ্যমন্ত্রী আমাদের কাছে লিষ্ট চাইলেন। সেই লিষ্টটা চাওয়া হল। খাদ্যমন্ত্রীকে সেই লিস্ট দেওয়া হল। কিন্তু কোথায় ধান কেনা হল? ধান কেনার কোন ব্যবস্থা হল না। ফসলের ন্যায্যদাম না পেয়ে আজকে আশি জন কৃষক আত্মহত্যা করেছে। আজকে সেখানে আপনারা বলছেন কুড়ি লক্ষ টন চাল সংগ্রহ হয়েছে। কোথা থেকে সংগ্রহ হল? মিল মালিকদের কাছ থেকে সেই লেভির চাল সংগ্রহ হচ্ছে। যারা মধ্যস্বত্বভোগী, যারা আড়তদার তারা কৃষকদের কাছ থেকে ৯০০ টাকা বা ১০০০ টাকা দাম দিয়ে ধান কিনে মিল মালিকদের কাছে পাঠাচ্ছে। মিল মালিকরা কেন লেভির চাল দেবে না। তারাতো বেশী বেশী করে চাল দেবে। আজকে রাজ্য সরকার বলছে আমাদের সমস্ত চাল সংগ্রহ হয়েছে। ধান কেনার জন্য যে শেল্টারগুলো হল সেখানে প্রকৃত যে দাম ঘোষিত হয়েছে, সেই দামে ধান কেনার ব্যবস্থা করা হোক। আজকে দ্রব্যমূল্য দিন দিন বাড়ছে। আজকে পাঁচশো টাকা নিয়ে বাজারে গেলে আপনার ঝোলা ভর্তি হবে না। পেট্রোল,ডিজেল—যেখান থেকে আপনারা বহিঃশুল্ক পান, সেখান থেকে যদি কৃষকদের রিলিফ দিতেন তাহলে আজকে ভালো হত। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে বিদ্যুতের

মাশুল বাড়ছে, পেট্রোল-ডিজেলের দাম বাড়ছে, জিনিসপত্রের দাম বাড়ছে। আজকে মানুষ বেশী করে পণ্যের সঙ্গে যুক্ত হয়ে যাচ্ছে। মানুষ আজকে বেশী করে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকে পরিণত হচ্ছে। যদিও সেই অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য 'সাঁসপাও' যেটা বামফ্রন্টের আমলে সূচনা হয়েছিল, আজকে সেই অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকরা কেন নূন্যতম মজুরি পাবে না। কেন তাদের দশ হাজার টাকা বেতন? আজকে আমাদের এম এল এ -রা হাজির দিলেই এক হাজার টাকা বেতন প্রতিদিন পেয়ে থাকি। সেই জায়গায় একজন দিন মজুর, যারা একশো দিনের কাজ করছে তাদের মজুরি যা, সেই টাকা দিয়ে তাদের দিন চলবে কি করে। আমাদের এক হাজার টাকায় চলছে না, তাহলে সেই দিন মজুরদের চলবে কি করে? MWI কেন ব্লকে ব্লকে পোস্টিঙ হচ্ছে না? আমি বলতে চাই দিন মজুর, ক্ষেত মজুর, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের মজুরি যাতে নিশ্চিত হয় সেই ব্যবস্থা করবেন। আমি শেষে যে কথাটা বলতে চাই, সেটা হচ্ছে আইন-শৃঙ্খলার প্রশ্ন। আজকে লোবা গ্রামে যে গুলি চলল, সেই ব্যাপারে তদন্ত কমিটি হল। কিন্তু আজও পর্য্যন্ত তার রিপোর্ট প্রকাশ হল না কেন? পুলিশ গুলি চালিয়েছে, সেখানে মুখ্যমন্ত্রী সঙ্গে সঙ্গে ও.সি -কে ট্রান্সফার করে দিল। সেই জায়গায় কেন আজকে তদন্তের রিপোর্ট প্রকাশ হল না? আজকে গুন্ডাবাজ, তোলাবাজ ভৈরব বাহিনীরা যে কাজ করছে ....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

Adjournment

The House was adjourned at 6.09 p.m. till 11 a.m. on Wednesday, the 20th March, 2013.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday. the 20th March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Minister. 06. Ministers of State and 194 Members

[11.00—11.10 a.m.]

OBITURAY

Mr. Speaker : Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Bishnu Let, former Member of West Bengal Legislative Assembly who breathed his last on the 18th March, 2013 at Rampurhat Sub-divisional hospital, Birbhum following cerebral haemorrhage. He was 58.

Born on the 1st Junuary, 1956 at Mahula, Mayureswar in Birbhum district, Shri Let started his political career through his involvement in peasant's movement. He was elected a member of Birbhum Zilla Parishad.

Shri Let was elected to the West Bengal Legislative Assembly from 290-Mayureswar (SC) Birbhum Assemble Constituency first in the bye-election is 1998 and then in the General Election in 2001 as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Let, the State has lost a seasoned politician.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood for 2 minutes as a mark of respect to the deceased)

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family.

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, আপনাদের অবগতির জন্য জানাই গতকাল বিধানসভার অধিবেশন শেষ হওয়ার পরে কিছু প্রতিবন্ধী মানুষ তাঁরা আমার কাছে এসেছিলেন, যারা ব্লাইন্ড সেন্ট পার্সেন্ট প্রতিবন্ধী। তাঁরা আমার কাছে আবেদন করেছেন তাঁদের বক্তব্যর একটা কপি যেন সমস্ত বিধায়কদের কাছে দেওয়া হয়। আমি বিধানসভার সমস্ত পরিষদীয় দলের যারা নেতা রয়েছেন তাঁদের ঘরে পাঠিয়ে দিয়েছি। কালকেও কিছু কিছু সদস্যকে দিতে পেরেছি। আপনারা দয়া করে একটু দেখে নেবেন।

Starred Questions
(to which oral answers were given)

শিল্পক্ষেত্রে বেসরকারী পুঁজি বিনিয়োগ

*৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৪) ডাঃ সূর্য্যকান্ত মিশ্র ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১/৩/২০১২ থেকে ৩১/১২/২০১২ পর্যন্ত রাজ্যের শিল্পক্ষেত্রে বেসরকারী পুঁজি বিনিয়োগের প্রকৃত পরিমাণ কত (শিল্পভিত্তিক হিসাব) ; এবং

(খ) তার মধ্যে এ পর্যন্ত কত পুঁজি বিনিয়োজিত হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মাননীয় পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধিদলনেতা সূর্য্যকান্ত মিশ্রের উত্থাপিত উত্তরে জানাই : (ক) উক্ত সময়ে মোট পুঁজি বিনিয়োগের পরিমাণ ৮৫০৭.৭২ কোটি (আট হাজার পাঁচশত সাত কোটি বাহাত্তর লক্ষ) টাকা। তন্মধ্যে

প্ল্যাস্টিক ও পলিমার ক্ষেত্রে	:	২২৭৬.২৪ কোটি টাকা
খাদ্য ও পানীয় ক্ষেত্রে	:	২৬৬.২৮ কোটি টাকা
বস্ত্র শিল্পে	:	৫৭১.২১ কোটি টাকা
সিমেন্ট ও সিমেন্টজাত দ্রব্য	:	২২৮৪.৬১ কোটি টাকা
লৌহ ও লৌহ ইস্পাত শিল্পে	:	১২০৬.৬২ কোটি টাকা এবং
অন্যান্য ক্ষেত্রে	:	১৯৮২.১৪ কোটি টাকা।

(খ) এর মধ্যে ২১০৮.১৪ কোটি (দুই হাজার একশত আট কোটি চোদ্দ লক্ষ) টাকা বিনিয়োজিত হয়েছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, মাননীয় মন্ত্রীর কাছে একটা প্রশ্ন করছি যে, যেটা একটু বুঝতে অসুবিধা হচ্ছে, সেটা যদি উনি বলেন—যে রাজ্যপালের ভাষণের উপরে আমরা যেটার উপরে আলোচনা করছি, সেখানে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে বলা আছে

২০১১ সালের মে মাস থেকে আমার সরকার ৩.১৪ লক্ষ কর্মসংস্থান সম্ভাবনা সহ, ১.১২ লক্ষ কোটি টাকা মূল্যে বিনিয়োগের প্রস্তাব পেয়েছে। এটা হচ্ছে 1.12 lakh crores, যেটা প্রস্তাব। তারপর এবারে বাজেটের সময় যে আমরা আলোচনা করলাম, সেখানে আমাদের Economic Review-তে Table 6.2 দেওয়া হয়েছে, ২০১২ সালে number of units, industrial projects implemented- West Bengal-এ —তাতে বলা হয়েছে number of units হচ্ছে 12। Investment capitalizes ৩১৪.২৪ কোটি টাকা direct employment আমি যাচ্ছি না ২০৫২ জন হবে। ফলে এই যে অসংগতি একটা হচ্ছে, বিরাট রকমের একটা অসংগতি ৩১২ কোটি টাকা হচ্ছে investment capitalized আর এটার source হচ্ছে department of Commerce & Industry, Government of West Bengal নিচে লেখা আছে। আর মাননীয় মন্ত্রী বলছেন, ২১০৮, আর যেটা ৮৫০৭ বলছেন আমি সেটা পড়লাম Governor-s Address-এ। এর কোনটার সঙ্গে কোনটা মিল হচ্ছে না। এ সবই সাজানো প্রশ্ন কোনটা ঠিক বুঝে উঠতে পারা যাচ্ছে না।

শ্রী পার্থ চ্যাটার্জী : বিষয়টি আমার নজরে এসেছে, এমন নয় যে নজরে আসেনি, এর মধ্যে ওনার মত আমারও নজরে এসেছে। কিন্তু বিভাগীয় যে পরিসংখ্যান এবং বিভাগীয় যে— কোথায় একটা সমন্বয়ের নিশ্চয় অভাব আছে। এ বিষয়ে কোন সন্দেহ নেই, একটা সমন্বয়ের অভাব হয়েছে এবং সে দায়িত্ব আমারও। তার কারণ সমন্বয় যদি ঠিক মত না থাকে, তবে আমার দায়িত্ব আমি এড়িয়ে যেতে পারি না। আবারও আমি আনপাকে জানাচ্ছি যেটা বাজাটে গত বাজেট ড. অমিত মিত্র, বাজেট পেশ করার সময় বলেছেন, আবার পড়ি সেটা ২০১১ সালের মে থেকে এ পর্যন্ত মোট প্রস্তাবিত বিনিয়োগ ২৫৭টি, প্রস্তাবিত বিনিয়োগের পরিমাণ ১,১২,৭৬৯.৩৬ কোটি এবং তিন লক্ষ চৌদ্দ হাজার দুইশো চুয়াত্তর জনের মোট কর্মসংস্থানের সম্ভাবনা রয়েছে।

সুতরাং এই প্রশ্নের মধ্যে আর একটা প্রশ্ন আপনি করেন আমি তারও উপর দিয়ে দিতে পারি। আপনি মনে করেন যে, এর মধ্যে কি হয়েছে, সেটাও আপনাকে জানিয়ে দিতে পারি।

[11.10--11.20 a.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : সেটাই তো আপনি জানিয়েছেন বিনিয়োগ যেটা হয়েছে আর কি। ঠিক আপনি এটার মধ্যে কোন ফিগারটা স্ট্রিক করছেন, আদৌ কোনটা স্ট্রিক করছেন না, পরে আনবেন, সেটা আপনি বলে দিন।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি মাননীয় বিরোধী দলের নেতাকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানাতে চাই, আমাদের বিভাগের যে রিপোর্ট মাননীয় অর্থমন্ত্রী চেয়েছিলেন বাজেটে, আমি সেই রিপোর্ট দিয়েছি এবং I stick to that।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : তাহলে ৩১২ কোটি টাকা হবে আপনি যদি সেটাই স্ট্রিক করেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি বাজেট ভাষণের কথা বলেছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : Stick, very much part of the exercise।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি বোধ হয় তখন অন্যমনস্ক ছিলেন, আমি বলেছি কোথাও সমন্বয়ের অভাব আছে। কিন্তু বাজেটে ড. অমিত মিত্র যে ভাষণে পাঠ করেছেন আই স্টান্ড বাই এবং আমি তাকে সমর্থন করি, সেটাই সত্যি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি যখন গত সেশনে এখানে মাননীয় মন্ত্রীকে প্রশ্ন করেছিলাম, সেটা ২০১১-১২-র আর্থিক বছরে ফেব্রুয়ারী মাস পর্যন্ত, আমি জানতে চেয়েছিলাম যে বিনিয়োগের পরিমাণ কত? সেটার তখন আপনি উত্তর দিয়েছিলেন ৮০ হাজার কোটি টাকা প্রায়। প্রায় কথাটা আপনি ব্যবহার করেছিলেন। তারপর আমি জিজ্ঞাসা করেছিলাম কতগুলো বাস্তবায়িত হয়েছে? ১৪টি আপনি বলেছিলেন প্রকল্প তৈরীর কাজ শুরু হয়েছে। কত কর্মসংস্থান হয়েছে? সেটা বলেছিলেন যে রূপায়ণের পথে, সুতরাং বাণিজ্যিক উৎপাদন শুরু হলে জানা সম্ভব। তার মানে বাণিজ্যিক উৎপাদন তখন শুরু হয় নি। আপনি কি এখন বলতে পারেন গত বছর যে ১৪টা আপনি কাজ তৈরীর কথা বলেছিলেন, এগুলো রূপায়ণের পথে, উৎপাদন শুরু হয় নি, হলে তখন জানা যাবে। এখন কি জানা গেছে এক বছর পরে?

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রশ্নটা কি? প্রশ্নটা একটু বলুন, কি জানতে চান।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : প্রশ্নটা ছিল— ২০১১-১২ আর্থিক বছরে ফেব্রুয়ারী মাস পর্যন্ত বছরের কথা বলছি—২০১১-১২ আর্থিক বছরে ফেব্রুয়ারী মাস পর্যন্ত রাজ্যে শিল্প ক্ষেত্রে আর্থিক বিনিয়োগের পরিমাণ কত, শিল্প সংস্থার নাম সহ। আপনি জবাব দিয়েছিলেন ৮০ হাজার কোটি টাকা। দিয়ে বলেছিলেন প্রায়, উইথ ইন ব্রাকেট। তারপর আমি বলেছিলাম যে উক্ত শিল্পগুলোর মধ্যে কতগুলো বাস্তবায়িত হয়েছে। আপনি জবাব দিয়েছিলেন ১৪টি প্রকল্পের কাজ শুরু হয়েছে। তারপর যেটা ছিল, উক্ত শিল্প সংস্থাগুলিতে কত সংখ্যক কর্মসংস্থান হয়েছে শিল্প ভিত্তিক। আপনি জবাব দিয়েছিলেন—প্রকল্পগুলো রূপায়ণের পথে। বাণিজ্যিক উৎপাদন শুরু হলে জানা সম্ভব। আমি জিজ্ঞাসা করছি এক বছর পরে সেগুলি যে রূপায়ণের পথে ছিল কটা রূপায়িত হয়েছে? তখন পর্যন্ত রূপায়িত হয় নি। কাজেই আপনি কর্মসংস্থানের হিসাব দিতে পারেন নি। কটা রূপায়িত হয়েছে এবং সেটাতে কত কর্মসংস্থান হয়েছে? নাকি ওই ১৪টাই ঘুরিয়ে ফিরিয়ে আবার এখন আপনি দেখাতে চাইছেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : বাংলায় বলছেন তো, বুঝতে কষ্ট হচ্ছে না। (বিরোধি দলের নেতা মাননীয় ডাঃ সূর্য্যকান্ত মিশ্র রোজ টু স্পীক) আমি তো আবার জবার দিচ্ছি। ও জবাবগুলো আমরাও জানি। আমি জেনেই বলছি এখানে। যখন প্রথম সরকার এল, প্রথমে সরকারে এসে দেখল কি? দেখল যে আই. ই. এম যেটাকে বলেন, সেটা ৪ হাজার ১০টি আপনারা শুরু করেছিলেন। লোম বাছতে বাছতে দেখা গেল ৮৩৩টি বাস্তবায়িত হয়েছে বলে দাবি করেছেন। তার তদন্ত চলছে আছে কিনা আদৌ। এটা একটা সময় চলে গেল। এরপরে আমি আপনার প্রশ্নের উত্তরে আসছি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ১৬ হাজার কোটি টাকা আমরা বিনিয়োগ করেছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : একটা লিস্ট দিয়ে দেবেন আমাকে। ঠিক আছে, একটা লিস্ট দিয়ে দেবেন। আমি তো আপনাকে অনেকবার বলেছি আপনি - আমি বিধানসভার মধ্যে বলছি—

(মাননীয় সদস্য শ্রী এস.এম.সাদি রোজ টু স্পীক)

মিঃ সাদি, আমি যখন দাঁড়িয়ে কথা বলছি তখন আমাকে একটু বলতে দিন। আমাকে একটু বলতে দিন। .... (গোলমাল)....... (এই সময় মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয় নিজের সিটে বসে পড়েন।)

মিঃ স্পীকার : ঠিক আছে, ঠিক আগে। মন্ত্রী তো উত্তর দিচ্ছেন, আবার কেন? উনি তো উত্তর দিচ্ছেন।

(বিরোধি দলের নেতা মাননীয় ডাঃ সূর্য্যকান্ত মিশ্রকে উদ্দেশ্য করে বলেন) আপনি বলুন ওদের ইন্টারাপ্ট না করতে, যখন মাননীয় মন্ত্রী উত্তর দিচ্ছেন। ....(গোলমাল)........ মাননীয় মন্ত্রী উত্তর দিচ্ছেন, ওনার উত্তরটা শুনে নিন। ....(গোলমাল)...........

শ্রী পার্থ চ্যাটার্জী : ইতিমধ্যেই মোট তখন ১৪টি বলেছিলাম, ২৮টি সংস্থায় মোট ১১ হাজার ২৩৭ জানের কর্মসংস্থান হয়েছে। নামগুলো যদি বলতে বলেন, কিছু নাম আমি বলে দিই।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নামগুলো বলতে হবে না, আমাকে একটা তালিকা দিয়ে দিলেই হবে।

শ্রী পার্থ চ্যাটার্জী : এই তো দিলাম আপনাকে। আরেকটা ২৫৭ টির তালিকাও আপনাকে তৈরি করে দিয়ে দেব।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করছি। ০১.০৩.২০১০ থেকে ৩১.০৩.২০১১ পর্যন্ত আমাদের এই রাজ্যে কত শিল্প বিনিয়োগ হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : লাস্ট ইয়ারে, আমি একটু আগেই আপনাকে বলছিলাম যে আমরা যখন সরকারে আসলাম, কে কি কাজ করে গেছেন সেই সমালোচনা না করে দপ্তরের যা তথ্য আছে, সেই ভিত্তিতে বলছি যে— একটা বই ছাপানো হত, ২০১১-এ দেখবেন একটা বই ছাপিয়ে ছিলেন বিগত সরকারের বাণিজ্য, শিল্প বাণিজ্য দপ্তর। তাতে একবারে নাম দিয়ে দিয়ে, নাম দিয়ে দিয়ে ফলাও করে বলা হত। তারপর সেগুলোকে বাতিল করে দেওয়া হল। বাতিল করে দিয়ে নিয়ে আসা হল বছরে বছরে, কাগজে-কলমে। আমরা সরকারে যখন বলছিলাম, অনেকে চিৎকার করছেন তাদেরকেও আমি সাপ্লাই করে দিতে পারি আপনার সামনে যে ৪ হাজার ৭১০টি শিল্পের অনুমোদন কেন্দ্রীয় সরকার - হলদিয়া দেয় না কেন্দ্রীয় সরকার, মিৎসুবিসি করতে দেরি করেছে — তাহলে আই.ই.এম-টা করল কে? আই.ই.এম টা এনে, প্রথমে বলা হল ১৩১০টি, তারপর দেখা গেল ৮৩৩টি এবং ৮৩৩টির মধ্যে এখনও খুঁজে বেড়াচ্ছি। আপনি তো শুধু এক বছর খুঁজছেন। আমি ১৯৯১ থেকে ২০১১-র মার্চ পর্যন্ত খুঁজে বেড়াচ্ছি যে কোথায় শিল্প আছে, নিরুপম বাবু এবং সূর্য্যবাবু আমাদের দেখিয়ে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : নিরুপমবাবুর নাম এখানে বলা যায় না। কিন্তু আমি আবারও কনস্ট্রাক্টিভলি বলছি। আমি ওঁকে প্রস্তাব দিয়েছিলাম। এখনও বলছি আপনি ডেট করুন। নিরুপম সেন, আমাকে যদি দরকার হয় থেকে আপনার ডিপার্টমেন্ট থেকে কোথায় কি বুঝতে যদি না পারছেন, আমরা সব রকম সহযোগিতা করব। কিন্তু লোম বাছতে বাছতে স্যার টাক ফেলে দেবেন না।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি আপনার প্রস্তাবে গিয়ে I am playing to the gallery এটা রাজী আছি। কিন্তু বাস্তবটা নিয়েও বলতে হবে। পেছনে অফিসাররা বসে আছেন। যে অফিসাররা নিরুপমবাবুকে সাহায্য করেছেন, তারাই বসে আছেন। কোন অফিসার বদল হয় নি।

শ্রী কেশব চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শিল্পমন্ত্রী একটু আগে বললেন আমাদের পশ্চিমবাংলায় ৮০ হাজার ৫৬০.৭২ কোটি টাকা বিনিয়োগের চেষ্টা হচ্ছে, বিভিন্ন জায়গায় করা হচ্ছে। আমার বক্তব্য হল— এই পশ্চিমবঙ্গের মধ্যে কোচবিহার জেলায় বামফ্রন্ট আমলে 'চকচকা' নামক একটা জায়গায় শিল্প এলাকা বলে ঘোষণা করা হয়েছিল। তাতে এখন কুকুর ছাগলে আজেবাজে কাজ করে। কিছুই করা হয় নি। এই প্রায় ২২ মাসে এখনকার সরকার সেখানে কত টাকা বিনিয়োগ করেছে? বিশেষ করে ওখানে পাট খুব ভাল হয়। পাট শিল্পের উপর কিছু করার কথা কি ভাবছেন? এটা আমার জানার বিষয়।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি সঠিক প্রশ্নই করেছেন। আপনারা জানেন যে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় পাট শিল্পকে বাঁচানোর জন্য এবং বস্ত্র শিল্পকে বিশেষ করে গুরুত্ব দেওয়ার জন্য নিজেই এগিয়ে যাচ্ছেন। 'চকচকা'-য় ইতিমধ্যেই আমাদের দপ্তর ঠিক করেছে যে জুটের নানা ধরণের ব্যবহার এবং রিসার্চ ওখানে করবে। এই জমিতেই করা হবে। অলরেডি আমরা আমাদের প্রকল্প হাতে নিয়েছি WBIIDC তার কাজ শুরু করবে।

[11.20–11.30 a.m.]

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, হলদিয়ায় প্রায় কুড়ি হাজার কোটি টাকার তেল শোধনাগারের প্রকল্প ছিল - ক্যালস রিফাইনারের। ২০১১ সালের মার্চ মাসের আগেই সেই কাজ শেষ হয়ে গেছে। এই প্রকল্পটি এখন কি পর্যায়ে আছে, মন্ত্রীমশায় জানাবেন কি?

শ্রী পার্থ চ্যাটার্জী : তেল শোধনাগারটি কি রাজ্য সরকারের? আমি বুঝলাম না, প্রশ্নটা কি আমি বুঝতে চাইছি। যদি আপনি এ বিষয়ে জানতে চান তাহলে জেনে আমি উত্তরটা দিতে পারি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মশায়, আপনার মাধ্যমে শিল্পমন্ত্রীর কাছে প্রশ্ন করছি যে, নয়াচর নিয়ে আগের সরকার অনেক কথা বলেছিলেন এবং সেখানে নতুন শিল্প গড়ে তোলার কথা হয়েছিল। আমি আপনার কাছে জানতে চাইছি, বিগত দু'বছরে নয়াচরে কোন নতুন শিল্প গড়ে উঠেছে কিনা, যদি না গড়ে উঠে থাকে তাহলে কোথায় প্রতিবন্ধকতা আছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক এবং গভর্নমেন্ট চিফ্ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায়ের প্রশ্নের উত্তরে জানাই, নয়াচরে কেমিক্যাল-হাব হবে না। এটা আমরা আমাদের রাজনৈতিক সিদ্ধান্ত ছিল যেটা সরকারে এসে আমরা সংশ্লিষ্ট সংস্থাকে বলি যে, কেমিক্যাল-হাব আপনারা করতে পারবেন না। তারা আমাদের কাছে লিখিত ভাবে দেয় যে, আমরা কেমিক্যাল-হাব করবো না, আমরা কেমিক্যাল-হাবের মধ্যে নেই। তারা তিনটি প্রস্তাব দিয়েছিলেন— একটি হচ্ছে পাওয়ারের, একটি হচ্ছে ইকো-ট্যুরিজমের, একটি হচ্ছে মৎস এবং ইন্ডাস্ট্রিয়াল পার্কের। কিন্তু, কোনোটায় সম্ভব হচ্ছে না এই কারণে যে, কেন্দ্রীয় সরকারের নিষেধাজ্ঞা পরিবেশ সম্পর্কে আছে। এই বিধানসভায় সদস্যরা যাকে পাশ করিয়ে ছিলেন। বার বার মুখ্যমন্ত্রী বলার

সত্ত্বেও, বার বার আমি এবং পরিবেশ মন্ত্রী তার সঙ্গে দেখা করার সত্ত্বেও এখনও পর্যন্ত সেই পরিবেশের উপরে নিষেধাজ্ঞা হলদিয়ার বুকের উপরে চেপে বসে আছে। তা কিন্তু হচ্ছে না এবং সব চেয়ে বড় কথা হচ্ছে যে, আমরা নিজেরাও একটু অবাক হলাম যে, যখন ২০১০-এ এই পরিবেশের উপর নিষেধাজ্ঞা দিল তখন তৎকালীন সরকার কি করে তাদের - তাদের সঙ্গে তো ভাব ছিল, তৎকালীন সরকার কি করে হজম করে বসে ছিলেন আমি জানি না। আমাকে বিরোধী দলনেতা একবার বললেন, চিঠির কপি-টপি দেবেন, আমি চিঠির কপি-টপি খুঁজে পেলাম না। আমরা যে সমস্ত চিঠির কপি-টপি দিয়েছি তার যদি একটা বাঞ্চ দরকার হয় আমরা শোভনবাবু সহ বিরোধী দলনেতাকেও দিয়ে দেব। কেন, বিরোধী দলনেতা তার বিরোধী দল হিসাবে নানা কারণে সেদিনকে তখন সভায় থাকেননি। কিন্তু তাদের উপস্থিতি থাকলে ভালো হ'ত এবং এই ব্যাপারটা আবার বলছি, হলদিয়ায় প্রায় ২৬ হাজার কোটি - এই তো একটা নতুন প্রস্তাব, ২৬ হাজার কোটি টাকার প্রস্তাব আমাদের কিন্তু ওখানে পড়ে রয়েছে। যে প্রস্তাবকে বাস্তবায়ীত করা সম্ভব হচ্ছে না। এই জন্য ছোট ছোট আছে। বাস্তবায়ীত করা সম্ভব হচ্ছে না যেহেতু পরিবেশ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের একটা নিষেধাজ্ঞা রয়েছে। এর থেকেও একটা খুব দায়িত্ব নিয়ে আজকে বিধানসভায় বলছি, যে পরিবেশ সূচকের উপরে নির্ভর করে পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হচ্ছে তার থেকে অনেক উচ্চতার পরিবেশ সূচক অন্যান্য রাজ্যে থাকার সত্ত্বেও তাদের ক্ষেত্রে কিন্তু নিষেধাজ্ঞা নেই। আমাদের ক্ষেত্রেই নিষেধাজ্ঞা আছে। আমি দলমত নির্বিশেষে সকলকে অনুরোধ করবো যে, হলদিয়ার এই শিল্পায়নের পক্ষে যারা গলা ফাটাচ্ছেন সবাই মিলে অন্ততঃ এই নিষেধাজ্ঞা যাতে তুলে নেওয়া যায় তার ব্যবস্থা করবার জন্য বলা উচিৎ। আমরা বিধানসভায় পাশ করিয়েছি। আর দ্বিতীয়তঃ বলবো যে, পরিবেশ রক্ষা করবার জন্য যে সমস্ত সিদ্ধান্ত তারা জানতে চেয়েছিলেন আমাদের পরিবেশ দফতর সমস্তটাই অন্ততঃ হলদিয়ার ক্ষেত্রে করেছে। কিছুটা হয়তো আসানসোলের ক্ষেত্রে পিছিয়ে আছে সেটা আমরা চেষ্টা করছি। কিছুটা হয়তো জালান ইন্ডাস্ট্রি সেখানে করা সম্ভব নয়, আমরা সেটাও জানিয়েছি। হলদিয়ার ক্ষেত্রে কিন্তু এটা করা সম্ভব। এতে রাজনৈতিক গোঁ ধরে না রেখে রাজ্যের সমস্ত স্বার্থে সকলকে এক হয়ে কথা বলার দরকার আছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি। উনি যেহেতু আমার নাম নিয়ে বলেছেন তাই আমার reciprocate করা উচিত। আমি বলেছি, 'রাজ্যের স্বার্থে একসঙ্গে যাব, দিল্লীতে যেতে বলেন যাব, যেখানে বলবেন, ১০০ বার যাব। কিন্তু এটা বলবেন না, গোলমাল করে দেবেন না, ২০১০-এ আমাদের সঙ্গে ওঁদের সম্পর্ক এত ভালো ছিলনা যে রকম আপনার সঙ্গে ছিল। ২০০৯-এ .....(নয়েজ)....এটাও গুলিয়ে ফেলবেন না। সব গোলাচ্ছেন আপনি এখন। বিষয়টা এখানে শেষ করে দিন।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন রাখছি। স্যার, শিল্প করতে গেলে সাধারণ ভাবে কতগুলো বিষয় দরকার হয়। যেমন— বাজার, আইন-শৃঙ্খলা, সরকারের স্থায়িত্ব, দায়িত্বশীল ট্রেড ইউনিয়ন আর জমি-নীতি। এই প্রশ্নে মাননীয় মন্ত্রী মহাশয় আপনার উপদেষ্টা অধ্যাপক রায় যে বক্তব্য পেশ করেছেন তা সাংবাদিকদের মাধ্যমে জেনেছি। আপনি কী এই বক্তব্যের সঙ্গে সহমত আছেন?

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি এমন একজনের নাম করলেন এই হাউজের সদস্য নন।

রুগ্নশিল্প চালু রাখার জন্য গৃহীত পরিকল্পনা

*৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রুগ্নশিল্পগুলিকে চালু রাখার জন্য কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাচ্ছি—

১. রুগ্ন / বন্ধ / এবং দুর্বল কারখানাগুলির বিষয়ে সার্বিক সমীক্ষার উদ্দেশ্যে একটি স্বাধীন উপদেশদাতা সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে এবং খুব শীঘ্রই ওই সংস্থার প্রতিবেদন পাওয়া যাবে বলে আশা করা হচ্ছে।

২. যোগ্য শিল্পসংস্থাগুলির মধ্যে যেগুলির পুনরুজ্জীবন প্রকল্প বি. এই. আফ. আর.-এর অনুমোদন লাভ করেছে, সেগুলির ক্ষেত্রে প্রাপ্য সুযোগ সুবিধা ও ছাড় প্রদানের বিষয়ে এই সরকার নীতিগত ভাবে সম্মত হয়েছে।

৩. নতুন শিল্পস্থাপনে বিনিয়োগে ইচ্ছুক শিল্পোদ্যোগীদের নতুন শিল্পের সাথে সাথে একটি বন্ধ কারখানা অধিগ্রহণের বিষয়ে বিবেচনা করবার জন্য আবেদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৪. সরকার প্রত্যাশা করে যে, শিল্পের উপযোগী অবস্থা সৃষ্টির মাধ্যমে নতুন বিনিয়োগকারীরা আকৃষ্ট হবেন ও একই সাথে উপযুক্ত সময়ে পুনরুজ্জীবনের সম্ভাবনাসম্পন্ন রুগ্ন / বন্ধ কারখানাগুলি অধিগ্রহণ করে পুনরুজ্জীবিত করবেন।

৫. রাজ্য সরকার বন্ধ ও রুগ্ন শিল্পগুলির পরিচালনার জন্য নতুন বিনিয়োগকারীদের উদ্যোগী হওয়ার আহ্বান জানাচ্ছে। মহামান্য উচ্চ আদালতের অনুমোদন সাপেক্ষে এই ধরনের কিছু বন্ধ কারখানা অধিগ্রহণের বিষয়ে কিছু নবোদ্যোগী আগ্রহ প্রকাশ করেছেন।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মহোদয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। গত দু'টি আর্থিক বছরে কতগুলো শিল্প পুনরুজ্জীবিত হয়েছে?

[11.30–11.40 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : পুনরুজ্জীবিত হয়েছে এই পর্যন্ত ৩৯টি। বি.আই.এফ.আর.-এ বহিষ্কৃত শিল্পের সংখ্যা প্রায় ৭, বি.আই.এফ.আর. কর্তৃক পুনরুজ্জীবন প্রকল্প যা রূপায়িত হচ্ছে তার সংখ্যা হচ্ছে প্রায় ৩৮, বি.আই.এফ.আর. এর সিদ্ধান্তের উপর নির্ভর করে আছে ১০৯টি, বি.আই.এফ.আর. বন্ধের জন্য সিদ্ধান্ত নিয়েছেন অথবা হাইকোর্টের শুনানির অপেক্ষায় আছে ৯০টি, বি.আই.এফ.আর. এর সিদ্ধান্ত অনুযায়ী শুনানি বাতিল হয়েছে ৪৪টি, কারখানাগুলির রেজিস্টারড অফিস কলকাতায়, কিছু কারখানার অন্ধ্রপ্রদেশে বা অন্য প্রদেশে, মোট কর্মচারীর সংখ্যা ১ লক্ষ ৭৭ হাজার। আপনি যদি দ্বিতীয় প্রশ্ন করেন আমরা কি অ্যাকশান নিয়েছি এব্যাপারে? সেটা অন্যদিন আপনাকে বলবো।

শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা : মাননীয় স্পিকারের মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন মন্ত্রী মহোদয়ের কাছে শিল্প চালু করার ক্ষেত্রে সরকার কি কি ইনসেনটিভ দিয়ে থাকে?

শ্রী পার্থ চ্যাটার্জী : প্রচলিত যে সমস্ত ইনসেনটিভগুলো রুগ্ন শিল্পের জন্য আছে - রুগ্নতা হলেই রিলিফ আন্ডারটেকিং আমরা কেস টু কেস বেসিসে দেখে দিই। অনেককে এই কারণে দেওয়া হয় যাতে একে বি.আই.আর.এ রেফার করা না হয়। এছাড়া উৎসাহভাতা তো আছেই। আমাদের পরিষ্কার ঘোষণা দুটো। আমি সকলকেই আজকে আবার মনে করিয়ে দিই যে, নতুন শিল্পের সংগে আমাদের এই বন্ধ হয়ে যাওয়া শিল্পগুলো থাকে কেননা এখানে স্কিলড লেবার, চিফ লেবার— আমাদের প্রশিক্ষিত শ্রমজীবী মানুষের সংখ্যা বেশি। তাদেরকে কাজে লাগানো যায়, জমিকে কাজে লাগানো যায়, ফলে একটা নতুনের সংগে একটি যদি পুরোনো কারখানা তারা নেন, এমনকি নতুন এবং পুরোনো সংমিশ্রণ করে সেই জমিতেই করেন, তাহলে সরকার সর্বতোভাবে সবরকম সাহায্য দেবে।

শ্রী আনিসুর রহমান : আজকে মনে হচ্ছে পার্থবাবুর মানসিক প্রস্তুতি নেই।

.....(গোলমাল)....

মিঃ স্পীকার : আপনি প্রশ্ন করুন, টিকা-টিপ্পনির দরকার নেই, আপনি প্রশ্ন করুন।

শ্রী অনিসুর রহমান : যাইহোক আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে জানতে চাইছি কেন্দ্রীয় সরকার যে চটের ব্যবহার কমিয়ে দিয়েছে আমি তার কারণ জিজ্ঞেস করেছিলাম। বলল যে চট নাকি পাওয়া যাচ্ছে না। অথচ চাষিরা পাটের দাম পাচ্ছে না। আমি জানতে চাইছি আমাদের রাজ্যে এখন কটি চটকল বন্ধ আছে? সেই বন্ধ চটকল খোলার ব্যাপারে কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : এখন পর্যন্ত আমাদের এই খোলার উদ্যোগ নেওয়ায় মোটামুটি সবকটাই খুলেছে, তিনটে বন্ধ আছে।

ডাঃ নির্মল মাজি : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি রাজ্যের শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে প্রথমেই অভিনন্দন জানাই। রাজ্যের শিল্প ক্ষেত্রে অভূতপূর্বভাবে বেসরকারী পুঁজি নিয়োগের ব্যাপারে যে আন্তরিক প্রয়াস নিয়েছেন এবং রুগ্ন শিল্পগুলিকে চালু করার ব্যাপারে যে ঐকান্তিক প্রচেষ্টা জারি রেখেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, তাকে সাধুবাদ জানাচ্ছি তার প্রশংসনীয় উদ্যোগের জন্য। আমি মাননীয় শিল্প মন্ত্রীকে প্রশ্ন করছি যে আপনি যেদিন পরিবর্তনের সরকারের শিল্পমন্ত্রী হিসাবে দায়িত্ব নিলেন সেদিন অবধি রাজ্যের পূর্বতন সরকারের অকর্মন্য, ঔদাসিন্য এবং অপদার্থতার জন্য কতগুলো শিল্প কারখানা লে অফ, লক-আউট, ছাঁটাইয়ের ফলে বন্ধ হয়েছিল এবং উলুবেড়িয়ার শিল্পাঞ্চল ধুঁকছিল, আপনি উলুবেড়িয়ার ব্যাপারে কি মহতী উদ্যোগ নিয়েছেন যদি একটু বলেন?

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষের মাধ্যমে মাননীয় বিধায়ককে বলি প্রশ্নটি আমার দপ্তর সম্পর্কিত নয়। শ্রম দপ্তরের মন্ত্রী এখানে বসে আছেন, তিনি উত্তর দিতে পারবেন। .....(এই জায়গায় মাননীয় স্পিকার মহোদয়ের নির্দেশক্রমে বাদ দেওয়া হয়েছে)....... তারা পাঁচলাতে আই.টি.সি.কে জমি দিতে পারেননি, একটা পতাকা তুলে বসেছিলেন। তারা উলুবেড়িয়াতে নতুন গারমেন্ট ফ্যাক্টরির

জন্য জায়গা নেওয়ার ব্যবস্থা করতে পারেননি। হাওড়াকে মেরে ফেলার পর, আজকে নতুন করে হাওড়াকে উজ্জীবিত করবার লক্ষে আমাদের ওখানে ফাউন্ড্রি পার্ক থেকে শুরু করে, রবার পার্ক থেকে শুরু করে, জেমস অ্যান্ড জুয়েলারী এবং জরি পার্ক থেকে শুরু করে প্রত্যেকটাই আমরা হাওড়ায় এবং পাঁচলায় ফুডপার্ক আই.টি.সি. করছে, তারা জমি নিয়েছে এবং বেশ বড় আকারেই তারা আসছে।

সুতরাং ওখানে আমরা থেমে থাকবো না, আমরা এগিয়ে যাবো। যারা পিছনের টানে টানবে নিজেদের অক্ষমতা দেখাবার প্রকাশ করছেন তারা অক্ষমতাই দেখান।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় শিল্প মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আপনি উত্তরের ৫ নম্বরে বলেছেন যে, উচ্চ আদালতের অনুমোদন সাপেক্ষে এই ধরনের কিছু বন্ধ কারখানা অধিগ্রহণের বিষয়ে কিছু নব উদ্যোগী আগ্রহ প্রকাশ করেছেন। সেই নব উদ্যোগী কারখানাগুলির নাম জানাবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি তো জানেন যে ব্যবসা সংক্রান্ত বিষয়টি যতক্ষন না-ছবি তোলার জন্য অবশ্য আপনাদের সরকার এইগুলো করতো, আমরা করি না। কেন না যখনই কিছু হবে এই কমপিটিটিভ প্রতিযোগিতার মার্কেটে একেবারে এই রাজ্যে এসে অন্যরাও হানা দিচ্ছে। ইতিমধ্যে আমরা ৬টি এই রকম উদ্যোগপতির সঙ্গে কথা বলেছি। তারমধ্যে ডি.সি.পি.এল. আছে এবং সবচেয়ে বড়কথা Mining and Allied Machinery যেটা সরকার চলে যাওয়ার আগে শুধুমাত্র মৌখিক কথা বলে গিয়েছিলেন সেই Mining and Allied-এর ব্যাপারে আমরা নিজেরা জমি হস্তান্তর করেছি। ১৯৪ একর এই পুরানো কারখানাটির জমি হস্তান্তর করে নতুন কোম্পানী হচ্ছে Bharat Earth Movers, Coal India এবং Damodar Valley Corporation. এই তিনটি মৌখিকভাবে তখন বলা হয়েছিল কিন্তু এখন আমরা সেইগুলোর মিটিং করে বাস্তবায়িত করবার চেষ্টা করছি এবং দুটি বোর্ড মিটিংয়ে তাদের সংশ্লিষ্ট দপ্তর তারা অনুমোদন দিয়েছে, তৃতীয়টির জন্য অপেক্ষা করছি। আর নতুন পাঁচটি যারা নিচ্ছেন তাদের মধ্যে যারা আছেন তাদেরকে আমরা আগে বলেছি যে আপনারা কি শর্তে নিতে চান? শ্রমিকরা যারা এখনও বেঁচে আছে, এখনও কাজ করতে চান তাদের নেবেন কি না এবং কি ধরনের প্রোডাক্ট করতে চান, তাদের কি ব্যাকগ্রাউন্ড আছে। প্যান্টজামা পরে চলে আসলে তো আর ছবি তোলা যাবে না। তারজন্য তাদের ব্যাকগ্রাউন্ড জানতে বলেছি এবং এটার দায়িত্ব দিয়েছি একটি পেশাদারি সংস্থাকে তারা রিপোর্ট দাখিল করবার পর এটার ব্যবস্থা নেওয়া হবে।

শ্রী কে. পি. সিং দেও : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন। পুরুলিয়া জেলায় Balaji Industries দু-দুবার শিল্যানাস করেছে ওখানে একটা ইন্ড্রাস্ট্রিরা। হায়াত রিজেন্সীতে স্যার বিরাট ভলভো বাস নিয়ে গিয়ে ভোজও হয়েছে, তার অবস্থাটা কি স্যার, একটু বলবেন। Balaji Group of Industries রুগ্ন না চালু আছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ক কে.পি.সিংদেও এই কথা বলছেন, বিরোধী দলনেতা বলেছিলেন এরা ঘুরে বেড়াচ্ছে আমি বলেছিলাম এদেরকে আমার কাছে পাঠিয়ে দিন। আমিও আপনাকে বলছি এরা কোথায় ঘুরে বেড়াচ্ছে, কেন করছে না, আমরা লীজ

চুক্তি নিয়ে বসে আছি, কেন আসছে না, ব্যাংকের দুয়ারে কেন যাচ্ছে না—এক্ষুনি এই লোকগুলোকে পাঠিয়ে দেওয়া হোক আমাদের কাছে। যারা তাদের জমি দিয়েছিলেন, যারা তাদের কোল ব্লক দিয়েছিলেন, তারা তাদের নানা রকম সাহায্য করেছিলেন। তাদের তো কিছু কিছু প্রতিনিধি এখানে আছে। তাদের এই প্রতিনিধিদের নিয়ে আমার কাছে একদিন আসুন। তাকে আমি খুঁজে পাচ্ছি না, তাকে খুঁজে বার করতে হবে।

..... (এই সময় মাননীয় বিরোধী দলনেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র কিছু বলতে উঠে দাঁড়ান।)

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : আপনার নাম বলেনি, বিরোধী দলনেতা বলে নি। বিরোধী দলনেতা বলেন নি উনি। আমি দেখে নেবো, যদি থাকে আমি এক্সপাঞ্জ করে দেবো, আমি বাদ দিয়ে দেবো।

ড. তরুণকান্তি নস্কর মাননীয় অধ্যক্ষের মধ্যে দিয়ে মাননীয় শিল্পমন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অতিরিক্ত প্রশ্ন, এই পর পর দুটি প্রশ্নের উনি যে ডিটেলস্ উত্তর দিয়েছেন। তারমধ্যে মূলতঃ আছে বেসরকারী উদ্যোগে যে বিনিয়োগ সেই কথাটা এই দুটো উত্তরের মধ্যে আছে। আমি যেটা মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, সরকারী উদ্যোগে কোথায়ও বিনিয়োগ হচ্ছে কি না? সেটা যদি হয়ে থাকে কোথায়, কোথায়, বা নতুন কোন কলকারখানা সরকারী উদ্যোগে হয়েছে কি না য়ার মধ্যে দিয়ে কর্মসংস্থান হতে পারে—এটার যদি একটু উত্তর দেন।

[11.40–11.50 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকারী উদ্যোগে এবং আধা সরকারী উদ্যোগের যথেষ্ট পুঁজি এখানে এসেছে। আমি আর আলাদা করে যেহেতু চাননি বলে উত্তর দিইনি। সেটা দিলেই বলবে যে এটা তো ওরা করছে, স্টিল অথরিটি অফ ইন্ডিয়া করেছে। রেল এখানে ১৬টি কারখানা সহ বিভিন্ন ধরনের প্রজেক্ট এই রাজ্যে করছে। ডানকুনি, কাঁচরাপাড়া থেকে শুরু করে এমনকি জেলিংহামে পর্যন্ত, তারা এই জিনিস করছে। ইন্ডাস্ট্রিয়াল পার্ক করছি আমরা একসঙ্গে। সুতরাং আপনি যদি একটা তালিকা চান, আপনি আমার থেকে একটা তালিকা সংগ্রহ করে নেবেন এবং এটা গতবারও আমরা জানিয়েছিলাম যে সেল করছে ২৬ হাজার কোটি টাকা দিয়ে। আমরা জানিয়েছিলাম যে বেসরকারী উদ্যোগ নয়, সরকারী উদ্যোগ, বান স্ট্যান্ডার্ডের একটা প্রশ্ন আছে। বান স্ট্যান্ডার্ড সঙ্গে নিয়ে আমরা পূর্ব মেদিনীপুরে কাজ করছি, রেল আছে। সুতরাং অনেকগুলি বিশেষতঃ স্টিল অথরিটি অফ ইন্ডিয়াই মূলতঃ সবচেয়ে বেশি বিনিয়োগ এই রাজ্যে করেছেন।

ডঃ তরুণ কান্তি নস্কর : রাজ্য সরকারী উদ্যোগ, রাজ্য সরকারী।

শ্রী পার্থ চ্যাটার্জী : সরকারী উদ্যোগ বলেছিলেন। পাওয়ার প্ল্যান্টে-পাওয়ার প্ল্যান্টে তো কয়েকশো কোটি টাকার ইনভেস্টমেন্ট হচ্ছে, কয়েক হাজার কোটি টাকার। সাগরদিঘিতে হচ্ছে, হাজার মেগাওয়াট। আপনার পাশের লোক বসে আছেন। আপনি যদি সমস্তটার একটা ইনভেস্টমেন্টের চিত্র চান সেটা আলাদা আলাদা করে দেওয়া যাবে।

শ্রী অজয় দে : মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন— উনি বেসরকারী

বনিয়োগের কথা বলেছেন সূর্য্যবাবুর প্রশ্নের উত্তরে যে ৮৫০০ কোটি টাকা, আমার একটা পরে কোশ্চেন ছিল, যদি বলেন, পারমিশান করেন তাহলে একটা কথা বলব। সম্প্রতি হলদিয়াতে বেঙ্গল লিডস হয়েছে। আপনি মোটামুটি বলেছেন যে ১৩টি বৃহৎ শিল্প এসেছে।

শ্রী পার্থ চ্যাটার্জী : আপনি যদি চান তাহলে উত্তর দেব। আপনার একটা প্রশ্ন অলরেডি টেবিলড হয়েছে।

শ্রী অজয় দে : আমি যাচ্ছি না ওই প্রশ্নে। ওইখানে আলাদা করে যে প্রস্তাবটা এসেছে বিনিয়োগের, সেটা কি কি ধরনের প্রস্তাব এবং কোথায় কোথায়, এখন কি পর্যায়ে আছে?

মিঃ স্পীকার : আমি দুটো কোশ্চেনকে ক্লাব করে দিয়েছি। Both the questions are clubbed. Starred question No. 90 is clubbed with starred question No.

"বেঙ্গল লিডস্" সম্মেলন

*৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১) **শ্রী অজয় দে ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সম্প্রতি হলদিয়ায় অনুষ্ঠিত "বেঙ্গল লিডস্" সম্মেলনে কতজন শিল্পপতি অংশগ্রহণ করেছিলেন ;

(খ) উক্ত সম্মেলনে বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে বিনিয়োগের কতগুলি প্রস্তাব এসেছে ; এবং

(গ) প্রস্তাবিত আর্থিক বিনিয়োগের মোট পরিমাণ কত?

শ্রী পার্থ চ্যাটার্জী : (ক) ৭২টি বেসরকারী / রাজ্য সরকারী দপ্তর / রাষ্ট্রায়ত্ত সংস্থা (বেসরকারী : ৩৯, সরকারী : ২২, রাষ্ট্রায়ত্ত : ১১) অংশগ্রহণ করেছিল। ৬০০ জনেরও বেশী শিল্পপতি/উদ্যোগপতিগণ উদ্বোধন, প্যানেল ডিসকাশন (১২টি), প্রদর্শনী এবং সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিলেন।

(খ) উক্ত সম্মেলনে ১৩টি বৃহৎ শিল্পে বিনিয়োগের প্রস্তাব এসেছে।

(গ) প্রস্তাবিত আর্থিক বিনিয়োগের মোট পরিমাণ ১৭৩০ কোটি টাকা।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মূলতঃ সি. বি. এমের উপরে-কোল গ্যাস, মিথেনের উপরে প্রস্তাব এসছে। আমাদের বন্দর - যে দুটো বন্দর তৈরি হচ্ছে, একটি সাগরে অপরটি রসুলপুরে। রসুলপুরের ব্যাপারে বহু আগ্রহ, রাজ্য সরকার নিজেই এগিয়ে এসে করছেন, আগ্রহ প্রকাশ করেছেন এবং ইতিমধ্যেই যা ট্রানজাকশান এ্যাডভাইসার অ্যাপোয়েন্টমেন্ট করবার প্রক্রিয়াটা শেষের পথে। এছাড়াও ইন্ডাস্ট্রিয়াল পার্ক তৈরি করার ক্ষেত্রে অনেকে আগ্রহ প্রকাশ করেছেন, প্রায় দশজন এরকম দিয়েছেন। আমি সেদিন তেরো বলছিলাম, আজকে হয়তো সংখ্যাটা একটু বাড়বে এবং সিমেন্ট কারখানা - সিমেন্ট কারখানার জন্যও বেশ কয়েকটি প্রস্তাব এসছে। আমি বুঝতে পারছি না যে স্টিলেরও বেশ কিছু প্রস্তাব ছোট কারখানা তৈরি করবার প্রস্তাব আছে। যদিও তাদের সমস্যা হচ্ছে কোল পাওয়ার, কয়লা পাওয়ার এবং জল পাওয়ার। এই দুটোর সমস্যা কিন্তু দেখা

দিচ্ছে! আর একটা হচ্ছে বিদ্যুৎ। বিদ্যুতের উপরে - পাওয়ারের উপরেও এসছে। আর তৃতীয় হচ্ছে পর্যটন। এখানে আমাদের পর্যটনের উপরে যথেষ্ট, ইনফ্রাস্ট্রাকচারের উপরেও আসছে। হাসপাতাল - হেলথ কেয়ার আপনারা জানেন যে বেঙ্গল লিডস টুতে আমরা ভাগ করে দিয়েছিলাম।

আই.টি. সেক্টরে প্রচুর প্রস্তাব এসছে যা জমি সংক্রান্ত নয়। ওরা place চেয়েছে। কোথায়ও কোথায়ও জমি চেয়েছে। এই প্রস্তাবগুলি বাস্তাবায়িত হলেই কর্মসংস্থান হবে। আগের সরকারের মতন আমরা ফাঁপানো জিনিস নিতে চাই না। কারণ আপনি সই করে যদি এগোন—একটা কথা বলি আগের সরকারের নীতির সঙ্গে এই সরকারের নীতির পার্থক্য হচ্ছে এটাই যে আমরা নির্দিষ্ট মাইলস্টোন করে দিয়েছি অর্থাৎ তুমি এই চেকলিস্টের মতন করে এস। ডি.পি. আর. দাও, কত দিনের মধ্যে করবে বল, কি ধরনের ম্যানপাওয়ার চাই বল, কতটা জমি নেবে বল। Financial disclosure তোমাকে দিতে হবে। এটা দেওয়ার পর আমরা বুঝব।

শ্রী অজয় দে : MOU সই হয়েছে?

শ্রী পার্থ চ্যাটার্জী : MOU সই হয়েছে। কয়েকজন পালিয়ে বেড়াচ্ছে দেখছেন তো। আগের চুক্তি হওয়া পর্যন্ত তাদের ২৫৭টির মধ্যে আমাদের রেডি আছি। আমাদের ছোট ছোট যেগুলি হচ্ছে সেগুলি এগোচ্ছে, আবার বড়গুলি এগোচ্ছে। বড়গুলির আবার নানা রকম সমস্যা। আমরা দেখছি যত শীঘ্র সম্ভব এখন বোধহয় ১৭৪টার মতন আমরা সই করেছি ছোট বড় মিলিয়ে। কিন্তু আমাদের এই টার্গেটটা নিয়ে যেতে হবে ২৫৭-এ। যতটুকু করেছি ততটুকুই নিয়ে যেতে হবে। যা প্রস্তাব এসছে তা সই করতে হবে।

৮৬। Held over.

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আমাকে একটা চিঠি দিয়ে গেছেন কালকে। হেল্ড ওভার ওটা দেওয়া আছে ওখানে। ওটার জবাব উনি পরে দেবেন। আমি তো বলেছি উনি উত্তর দিয়ে দেবেন।

যুব সম্প্রদায়ের শারীরিক ও মানসিক উৎকর্ষসাধন

*৮৭। (অনুমোদিত প্রশ্ন *৪৪৯) **শ্রী জ্যোতির্ময় কর :** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

যুব সম্প্রদায়ের শারীরিক ও মানসিক উৎকর্ষসাধনে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/ হচ্ছে?

শ্রী অরূপ বিশ্বাস : যুব সম্প্রদায়ের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে যুবকল্যাণ বিভাগ গৃহীত পদক্ষেপগুলি হল—

১. স্বল্প ব্যয়ে ছাত্র-যুবদের কম্পিউটার প্রশিক্ষিত করে তোলার জন্য বিভিন্ন বেসরকারি সংস্থার সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্যের সব ব্লক, পুরসভা, পৌর নিগম ও বোরোতে ন'শোর বেশি যুব কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে।

২. যুবক-যুবতীদের কর্মসংস্থানের লক্ষ্যে প্রস্তুত করার ভাবনা থেকেই রাজ্যের বিভিন্ন প্রান্তে ২০টি বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র চালু আছে। বর্তমানে মোট ২২টি বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

৩. ভ্রমণ মানসিক বিকাশের পক্ষে অত্যন্ত সহায়ক। তাই যুবক-যুবতীদের স্বল্প ব্যয়ে ভ্রমণে উৎসাহিত করতে বর্তমানে রাজ্যে যে ২৩টি যুব আবাস আছে সেগুলির সবকটিতেই মেরামতি ও সংস্কারের কাজ শুরু হয়েছে। এ ছাড়াও আরও বেশি কিছু স্থানে নতুন যুব আবাস নির্মাণের ব্যবস্থা করা হচ্ছে।

৪. পর্বতারোহণ ও রোমাঞ্চক ক্রীড়ায় ছাত্র-যুবদের উৎসাহিত করার লক্ষ্যে গঠিত 'ওয়েস্ট বেঙ্গল মাউন্টেনীয়ারিং অ্যান্ড অ্যাডভেঞ্চার স্পোর্টস ফাউন্ডেশান' নামে যুব কল্যাণ বিভাগের অধীনস্থ একটি সংস্থা নিয়মিত নানা ধরনের কর্মসূচি গ্রহণ করে থাকে। কাবাডি ও তীরন্দাজি —এই দুই গ্রামীণ ক্রীড়ার উন্নয়নের লক্ষ্যে স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়ার সঙ্গে যৌথ উদ্যোগে 'প্রতিভার সন্ধানে' শীর্ষক এক অভিনব কর্মসূচি গ্রহণ করা হয়েছে। স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া দুটি খেলাতেই অনূর্ধ ১৬ বছর, ১৫ জন বালক ও ১৫ জন বালিকা হিসাব ৩০ × ২ = ৬০ জন চূড়ান্ত বাছাই খেলোয়াড়কে তাদের সল্টলেকের আবাসিক শিবিরে রেখে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের উপযোগী করে তুলতে বিশেষ প্রশিক্ষণ দেবেন।

৫. ক্রীড়াক্ষেত্রে পিছিয়ে পড়া এই বাংলায় খেলাধুলার উন্নতিকল্পে রাজ্যের স্কুল, কলেজ, ক্লাব, সংগঠন ও বিভিন্ন স্ব-শাসিত সংস্থার অধীনস্থ খেলার মাঠের উন্নতিসাধনের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

৬. রাজ্যের সমস্ত ব্লক/পুরসভা/পৌরনিগম/বোরো এলাকার ক্লাব/সংগঠনগুলিকে তাদের চাহিদা অনুযায়ী বিভিন্ন ক্রীড়াসামগ্রী কেনার জন্য প্রত্যেক জেলার জেলাশাসকদের এবং পৌর নিগমগুলির ক্ষেত্রে কমিশনারদের নির্দিষ্ট হারে অর্থ বরাদ্দ করা হয়েছে। এই অর্থ বরাদ্দের হার নিম্নরূপ :

প্রতি ব্লক/পুরসভা পিছু ২ লক্ষ টাকা

কলকাতা পৌর নিগমকে ১৫ লক্ষ টাকা

এবং অন্যান্য পৌর মিগমগুলিকে ৪ লক্ষ টাকা।

৭. যুবকদের শরীরচর্চার উন্তিবিধানের লক্ষ্যে রাজ্যের বিভিন্ন সংস্থা, স্কুল, কলেজ, ক্লাব-সংগঠন ও স্ব-শাসিত সংস্থাকে মাল্টিজিম স্থাপন ও আনুষঙ্গিক নানা সরঞ্জাম ক্রয়ের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে।

৮. বিভিন্ন খেলাধুলা আয়োজনের সুবিধার্থে বিভিন্ন সংস্থা, স্কুল, কলজে, ক্লাব-সংগঠন ও স্ব-শাসিত সংস্থাকে মিনি ইন্ডোর গেমস কমপ্লেক্স নির্মাণের জন্য দু কিস্তিতে সর্বোচ্চ কুড়ি লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা প্রদানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এক্ষেত্রে সরকারি অনুদান এবং সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব লগ্নির অনুপাত এরকমঃ স্কুল ও কলেজ ও সরকারি সংস্থার ক্ষেত্রে অনুপাতের হার ৯০:১০ এবং অন্যান্য ক্লাব-সংগঠন প্রভৃতির ক্ষেত্রে অনুপাতের হার ৮০:২০।

৯. যুবসমাজের মধ্যে বিজ্ঞানচেতনা ও কু-সংস্কার বিরোধী মানসিকতার প্রসার ঘটানোর লক্ষ্যে এই বিভাগ প্রতি বছর 'ছাত্রদের বিজ্ঞানবিষয়ক আলোচনা' এবং 'বিজ্ঞান মেলা' নামক দুটি কর্মসূচি পালন করে থাকে। এই দুটি ক্ষেত্রেই সহযোগী সংস্থার ভূমিকায় থাকে ন্যাশনাল কাউন্সিল অফ

সায়েন্স মিউজিয়াম এবং বিড়লা ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড টেকনোলজিক্যাল মিউজিয়াম। এছাড়াও বিজ্ঞান চেতনার প্রচার ও প্রসারের লক্ষে কাজ করে চলা বিভিন্ন বিজ্ঞান ক্লাবকে যুবকল্যাণ বিভাগ আর্থিক সহায়তা প্রদান করে থাকে।

১০. রাজ্যজুড়ে ত্রিস্তর ছাত্র-যুব উৎসব, যার রাজ্যস্তর সাংস্কৃতিক প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারীরা ভারত সরকার আয়োজিত জাতীয় যুব উৎসবে অংশগ্রহণের সুযোগ পান। এ বছর বিবেকানন্দের জন্মের সার্ধশতবর্ষ স্মরণে এই উৎসবকে 'বিবেকছাৎর-যুব উৎসব' নামে অভিহিত করা হয়।

১১. সংগীতের ক্ষেত্রে যুব প্রতিভা অন্বেষণের লক্ষে এই বিভাগ বাংলা সংগীত মেলা আয়োজনের কর্মসূচিও পালন করে থাকে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী অনেক লেনদি স্টেটমেন্ট এটা। আপনি সাপ্লিমেনটারি করুন। কারণ আপনার তিন পৃষ্ঠার স্টেটমেন্ট এটা। এখানে সাপ্লিমেনটারি করুন।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় মন্ত্রী যেখানে আপনি শেষ করলেন 'প্রতিভার সন্ধানে'-এই কর্মসূচীটা কি যদি একটু বিস্তারিত বলেন।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, ৩৪ বছর এই বাংলায় বাম শাসনকালে ক্রীড়াক্ষেত্রে আমরা পিছিয়ে পরেছিলাম। এবং বহু প্রতিভা তারা কোন রকম সরকারী সাহায্য ছাড়াই তারা পিছিয়ে পরেছিল। তাই স্যার আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়......

মিঃ স্পীকার : অসিতবাবু, আপনি ওখানে দাঁড়িয়ে প্রেসের সঙ্গে কথা বলবেন না প্লিজ। আপনি একজন সিনিয়র বিধায়ক, ইউ আর নট সাপোজ টু টক। আপনি নর্মসটা জানেন।

[11.50 a.m.–12.00 noon]

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি উদ্যোগ নিয়েছিলেন যাতে বাংলার কোন প্রতিভা সরকারী সাহায্যের অভাবে নষ্ট না হয়ে যায়। তাই আমরা দুটি গ্রামীণ ক্রীড়া, কবাডি এবং তীরন্দাজি, এই দুটি ক্ষেত্রে স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া (সাই)-র সঙ্গে যৌথ উদ্যোগে এবং কবাডি অ্যাসোসিয়েশান এবং আচারি অ্যাসোসিয়েশানের সহযোগিতায় সমস্ত জেলায় এক মাস ব্যাপি আবাসিক ক্যাম্প করি। যেখান থেকে ৫৯০ জন কাবাডী এবং ২৭৩ জন তীরন্দাজী খেলোয়াড়কে নিয়ে এসে সেখানে সাইয়ের সিলেক্টাররা ছিলেন, স্পটাররা ছিলেন, প্রাক্তন ভারতীয় খেলোয়াড়রা ছিলেন, সেখান থেকে কাবাডীতে ১২-১৬ বছরের ১৫ জন বালক এবং ১৫ জন বালিকা এবং আর্চারীরা জন্য ১২-১৫ বছরের ১৫ জন বালক এবং ১৫ জন বালিকা নিয়ে মোট ৬০ জনকে সাইয়ে ভর্তী করেছি, যাদের লেখাপড়া, থাকা, খাওয়া এবং জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সাই তাদের পৌছে দেবে। এটা একটা অভিনব কর্মসূচী, যেটা মা-মাটি-মানুষের সরকার গ্রহণ করেছে।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাই, আপনি যখন শপথ নিলেন-দায়িত্ব নিলেন, তার আগে এই দপ্তরের অবস্থাটা কি ছিল যদি দয়া করে বলেন।

শ্রী অরূপ বিশ্বাস : সেটা আমার বামপন্থী বন্ধুরাই বলতে পারবেন। এই দপ্তরের বাজেট ছিল মাত্র ২০ কোটি টাকা এবং লাস্ট ১০ বছরে কখনই সেটা ৩ কোটি টাকা অতিক্রম করেনি, তারা খরচ করতে পারেননি। আমি অভিনন্দন জানাই মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে, যিনি প্রথম বছরে বাজেট ১০০ কোটি টাকা করেছেন এবং এবারেও অভিনন্দন জানাই অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে যে, সেই বাজেটকে তারা ১২০ কোটি টাকা করেছেন, যাতে যুব সম্প্রদায়ের উন্নয়নে এই দপ্তর কাজ করতে পারে।

শ্রী বিরাম মান্ডী : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন - মাননীয় মন্ত্রী কিছু ক্লাবকে ১ কোটি, কিছু ক্লাবকে ২ লক্ষ, কোন ক্লাবকে ২৫ হাজার, ২০ হাজার, ১০ হাজার, ১৫ হাজার টাকা দিয়েছেন—সেখানে জঙ্গলমহল এলাকায় অনেক ক্লাব আছে, যেখানে তীরন্দাজী প্রতিযোগীতা করে এবং তীরন্দাজীর সাথে অনেক পুরুষ এবং মহিলা যুক্ত আছেন। সেখানে কতগুলো তীরন্দাজী ক্লাবকে এই ধরণের টাকা দিয়েছেন বললে খুশী হব।

শ্রী অরূপ বিশ্বাস : আমি মাননীয় সদস্যকে জানাই যে, পশ্চিম মেদিনীপুরে দুটো আবাসিক ক্যাম্প হয়েছিল এক মাসে। যেখানে আমরা মাইক নিয়ে গ্রামে-গ্রামে প্রচার করেছিলাম। সেখান থেকে ছেলেমেয়েদেরকে নিয়ে এসে তাদের থাকা, খাওয়া এমনকি জার্সি, ট্র্যাকসুট দিয়ে তাদেরকে আমরা প্রশিক্ষিত করেছি। আপনাকে জানাই যে, জঙ্গলমহল থেকে আজ পর্যন্ত কোন ক্লাব আর্চারীর জন্য কোন টাকা আমাদের কাছে চাননি। ফলে এটা একটা অভিনব কর্মসূচী, যেটা আপনারা করতে পারেননি সেটা আমাদের সরকার করছে। আর একটা কথা বললেন—কোন ক্লাবকে ২ লক্ষ টাকা, কোন ক্লাবকে ২০ হাজার টাকা, কোন ক্লাবকে ৫ হাজার টাকা-এইরকম কোন টাকা আমাদের দেওয়া হয় না। তাই মাননীয় সদস্য যদি একটু জেনে প্রশ্ন করেন তাহলে খুব ভাল হয়। ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার জীজ্ঞাস্য মুর্শিদাবাদ জেলার হাজারদুয়ারীতে একটা অতিথিনিবাস আছে যুব কল্যাণ দপ্তরের। সেই অতিথিনিবাসটির অবস্থা অত্যন্ত করুণ। একটা বৃহৎ বাড়ি রয়েছে অথচ তার কোন ইনফ্রাস্ট্রাকচার নেই, থাকার কোন ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রী এই সম্পর্কে কিছু কি ভাববেন সেই অতিথিনিবাসটি চালু করার বা সঠিকভাবে পরিচালনা করার বা ভ্রমণপিপাসু যারা যাবে তাদের জন্য সঠিকভাবে ব্যবস্থা করার?

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য আপনাকে জানাই, আপনি জানলে খুশি হবেন যে, লালবাগে আমাদের একটা যুবআবাস ছিল, যেটা ভগ্নপ্রায়। বিগত ৩৪ বছরের অবক্ষয়ের মত ওটারও অবস্থা এক। এখন ওটাকে আমরা রিপেয়ার করছি এবং আমরা লালবাগের পাশে ১ একর জমির উপরে আর একটি নতুন যুব আবাস তৈরীর পরিকল্পনা করছি।

শ্রী সুজিত বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে যুব কল্যাণ দপ্তরের মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন যে, বিগতদিনে বিগতসরকারের আমলে যুব কল্যাণ দপ্তর থেকে কিছু স্পোর্টস সামগ্রী বিভিন্ন ক্লাবগুলোকে দিত - যদিও সেগুলো খুব নিকৃষ্ট মানের। কিন্তু বর্তমান সরকারের মন্ত্রীকে আমি প্রশ্ন করছি রাজ্যের বিভিন্ন যে ক্লাবগুলো আছে, সেই ক্লাবগুলোকে এই ধরণের স্পোর্টসয়ের সমস্ত সামগ্রী এবং বিশেষ করে যারা পাহাড়ে যায়, ট্রেকিংয়ে যায়, তাদের জন্য এই সরকার কি ব্যবস্থা নিয়েছে, এই যুব কল্যাণ দপ্তর কি ব্যবস্থা নিয়েছে সেটা আমি জানতে চাই।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই যে, আগে বাম জমানায় একটা আমরা-ওরা সম্পর্ক ছিল। আমরা হলে পেতাম, আর ওরা হলে কখনও কিছু পেত না। যে সামগ্রী এখান থেকে কেনা হত তারমধ্যে অনেককিছু স্বচ্ছতার অভাব ছিল।

ফলে যখন ক্রীড়া সামগ্রীগুলো এখান থেকে গিয়ে বিভিন্ন ক্লাবের কাছে পৌঁছোতো, তখন সেই সামগ্রীগুলো খেলার উপযুক্ত থাকত না। সেই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন যে কেন্দ্রীয় ভাবে কোন কিছু কেনা যাবে না। তাঁর নির্দেশে আমরা গত বছর থেকে একটা পার্চেস্ কমিটি করেছি ডি.এম কে সামনে রেখে। আমরা কি করেছি? প্রত্যেক ব্লক, মিউনিসিপালিটিকে ২ লক্ষ টাকা করে, কর্পোরেশনগুলোকে ৪ লক্ষ টাকা এবং কলকাতা পৌরসভার ১৫টি বরোকে ১ লক্ষ করে ১৫ লক্ষ টাকা আমরা দিয়েছি। যে পার্চেস কমিটি করা হয়েছে তার সদস্য হচ্ছে ডি.এম এবং সমস্ত স্থানীয় বিধায়ক, তাদের নিয়ে। ডিস্ট্রিবিউশন কমিটি কি হয়েছে? সেখানে থাকবেন বি.ডি.ও, সমস্ত বিধায়ক এবং আমার দপ্তরের বি.ওয়াই.ও। সমস্ত ক্লাবের প্রতিনিধিরা তাদের স্থানীয় বিধায়ককে তাদের খেলার সরঞ্জাম অনুযায়ী তারা চাইবেন, সেই ভাবে দেবে। স্যার, এই ভাবে একটা স্বচ্ছতা আনার চেষ্টা করেছি যাতে ক্রীড়া সামগ্রী সমস্ত ক্লাবের কাছে পৌঁছোয়।

চাচোঁল পৌরসভা স্থাপন

*৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) শ্রী তজমূল হোসেন : ৪ঠা সেপ্টেম্বর, ২০১২ তারিখে মৌখিক উত্তরের জন্যে প্রশ্নাবলীর ২১ তম তালিকায় প্রকাশিত তারকিত প্রশ্ন নম্বর ১০৮৪ উত্তরের পরিপ্রেক্ষিতে পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চাঁচোল পৌরসভা স্থাপনের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে।

শ্রী ফিরহাদ হাকিম : বিষয়টি রাজ্য সরকারের সক্রিয় বিবেচনাধীন।

নতুন পৌরসভা গঠন

*১০০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৯) **শ্রী আনিসুর রহমান :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জুলাই, ২০১২ থেকে ৩১শে অক্টোবর, ২০১২ পর্যন্ত রাজ্যে মোট কয়টি নতুন পৌরসভা গঠন করা হয়েছে (জেলাগত তালিকা সহ)?

শ্রী ফিরহাদ হাকিম : এই সময়কালে রাজ্যে কোন নতুন পৌরসভা গঠিত হয় নাই।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন বিগত সরকারের সময় এই পৌরসভা ঘোষিত হয়েছিল আপনি জানেন এবং আপনাকে আমি বার বার বলেছি। আপনি বলেছেন যে অবিলম্বে করা হবে। তাও আপনি আজকে উত্তর দিচ্ছেন এটা বিচারাধীন। এই পৌরসভাটির বাস্তবরূপ হওয়ার জন্য কতদিন সময় লাগবে এবং না হওয়ার কারণটা কি?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, সত্যি কথা বলতে কি অনেকগুলো পৌরসভা যেমন চাঁচল, ডোমকল, এই পৌরসভাগুলোর ব্যাপারে আমরা সিরিয়াসলি বিচার করছি যাতে এই পৌরসভাগুলো হয়। গভর্নর কনসেন্টে এই পৌরসভাগুলো দিয়ে দেওয়া হয়েছে। কারণ একটাই সেটা হল আপনারা

আর্থিক দিক থেকে রাজ্যটাকে ডুবিয়ে দিয়ে গেছেন। নতুন পৌরসভা তৈরি করতে গেলে তার একটা বড় ইনফ্রাস্ট্রাকচারে খরচা হয়। আমরা খুব সিরিয়াসলি ভাবছি যাতে যে পৌরসভাগুলো ওখানকার এলাকার মানুষের জন্যে কাজে লাগবে, যে পৌরসভাগুলো দরকার সেগুলো আমরা করব। কিন্তু সেটা শুধু চাঁচল বা ডোমকল নয়, আরো অনেকগুলো পৌরসভা এর মধ্যে রয়েছে, সেগুলো আমাদের করতে হবে।

শ্রী আনিসুর রহমান : স্যার, একটা ছোট্ট প্রশ্ন এখন থেকে আড়াই বছর আগে আমাদের মুর্শিদাবাদ জেলায় নতুন একটা মহকুমা হয়েছে, নাম ডোমকল। সেখানে পৌরসভা হয়ে গিয়েছে, নোটিফিকেশন হয়ে গিয়েছে, রাজ্যপাল নিয়ে গিয়ে সার্টিফিকেট কপি, নোটিফিকেশন কপি তুলে দিয়ে এসেছেন। আড়াই বছর হয়ে সব রেডি হয়ে পড়ে আছে, আপনি করছেন না কেন আমি বুঝতে পারছি না। কি কারণ? টাকা তো আছে। এটা খুব দুর্ভাগ্যের ব্যাপার।

শ্রী ফিরহাদ হাকিম : আপনাকে আমি জানাই এটা না হওয়ার কোন কারণ নেই। যেহেতু আমাদের এতবেশি ফাইনানসিয়াল ইনস্টেবিলিটি ছিল, রাজ্যটাকে আপনারা ডুবিয়ে দিয়ে গেছিলেন, সেটাকে ঠিকঠাক করে, একটু সময় নিশ্চয়ই লাগছে কিন্তু নিশ্চিতভাবে করব।

শ্রী তজমুল হোসেন : স্যার, এই যে চাঁচল পৌরসভা আপনি করবেন, কোন কোন এলাকা এবং কোন এরিয়া মিলে করবেন দয়া করে জানাবেন কি?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, উনি ভালো করে জানেন যে চাঁচল পৌরসভা আমাদের যেটা হবে সেটা চাঁচল ব্লকে। ওখানকার ডিটেলস মৌজা এবং জে. এল নাম্বার আমি আপনাকে লিখিত ভাবে জানিয়ে দেব।

Starred Questions
(to which answer wee laid on the table)

নন্দীগ্রামে শিল্প স্থাপন

*৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭৩) **শ্রীমতী ফিরোজা বিবি :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দীগ্রামে, রাজ্য সরকারের পক্ষ থেকে কোন কল-কারখানা স্থাপনের পরিকল্পনা আছে কিনা ; এবং

(খ) যদি থাকে তাহলে তা কতদিনে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না। প্রসঙ্গত উল্লেখ্য যে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রেলমন্ত্রী থাকাকালীন নন্দীগ্রামের জেলিংহাম-এ ওয়াগন কম্পোনেন্ট প্রস্তুতকারক ইউনিট স্থাপনের প্রস্তাব করেছিলেন, সেই কারখানাটির পরিকাঠামো তৈরীর কাজ চলছে।

(খ) প্রযোজ্য নয়।

এইচ.আই.টি.-র জমি বেদখল

*৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৪) **শ্রী অশোক ঘোষ :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর হাওড়া বিধানসভা এলাকায় 'হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট'-এর মালিকানাধীন জমি বেদখল হয়েছে ;

(খ) সত্যি হলে, কোথায় কোথায় কত পরিমাণ জমি বেদখল অবস্থায় আছে; এবং

(গ) ঐ জমি দখলমুক্ত করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

হ্যাঁ, উত্তর হাওড়া বিধানসভা কেন্দ্রের মধ্যে হাওড়া উন্নয়ন সংস্থার কিছু জমি বেআইনিভাবে দখল হয়ে আছে।

উত্তর হাওড়ায় উন্নয়ন সংস্থার উন্নয়ন স্কিম নং-৬ এবং স্কিম নং ১১, এই দুটি স্কিম বর্তমান আছে। এর মধ্যে স্কিম নং-৬ তে দখলীকৃত জমির প্রায় সবটুকুই স্কিমের অন্তর্ভুক্ত বিভিন্ন উন্নয়নমূলক কাজে ইতিমধ্যেই ব্যবহৃত হয়েছে। বাকি ১২৩ (পার্ট), নস্করপাড়া রোডস্থ ০.৪১৩২ একর ফাঁকা জমি অব্যবহৃত রয়েছে, যেটি প্রস্তাবিত বি. এস. ইউ. পি. (বস্তি উন্নয়ন প্রকল্প) প্রকল্পের জন্য নির্ধারণ করা আছে। উল্লেখ্য, উক্ত জমির মধ্যে ০.০৩৩১ একর (কম, বেশী) জমিতে বেআইনি দখলদার দ্বারা নির্মিত টালির ঘর, ঝুপড়ি ইত্যাদি আছে যা দখলমুক্ত করা হবে।

অপর স্কিম অর্থাৎ, উন্নয়ন স্কিম নং-১১ তে ৭.৭ একর (কম, বেশী) জমি ইতিমধ্যেই দখল করে স্কিমে প্রকল্পিত বিভিন্ন উন্নয়নমূলক কার্যে ব্যবহৃত হয়েছে। বাকি যে সমস্ত জমিগুলি মামলার কারণে এখনও করা যায় নি সেগুলি উল্লেখ করা হল ঃ

(ক) ২৬, ম্যাকেঞ্জি লেন।

(খ) ১/১, হরদত্ত রাই চামারিয়া রোড।

(গ) ১৩৭, ১৪৭, ১৪৭এ, ১৪৮, ১৪৮/১, ১৫০, ১৫০এ, ১৫০/১, ১৫২/২, ১৫২/২/১, ১৫২/৩/৩, ১৫২/৩/৬, ১৫২/৩/৭ এবং ১৫২/১০/১ সালকিয়া স্কুল রোড।

এর মধ্যে ১৪৭, ১৪৭এ, ১৪৮ সালকিয়া স্কুল রোড, এই সম্পত্তিগুলি যৌথভাবে "ঘাসবাগান স্পোর্টিং ক্লাব" দ্বারা বেআইনিভাবে দখলীকৃত রয়েছে। ক্লাবটি ওই জমি রেলিং দিয়ে ঘিরে খেলার মাঠে পরিণত করেছে এবং বেআইনিভাবে ক্লাবের ঘর তৈরী করেছে যদিও ওইস্থানে ওই ধরণের কিছু করার প্রস্তাব উন্নয়ন স্কিমে নেই।

এমতবস্থায়, যতদিন না পর্যন্ত উক্ত জমি সংক্রান্ত মামলাগুলি নিষ্পত্তি হয় ততদিন ওই সকল সম্পত্তিগুলি দখলকরা বা কোনরূপ উন্নয়নমূলক কাজে ব্যবহার করা সম্ভব নয়।

বন্ধ চা বাগান

*৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮) **শ্রী নর্মদা চন্দ্র রায় :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বন্ধ হয়ে যাওয়া ঢেকলাপাড়া, দলমোর ও লিংটোন চা-বাগানের শ্রমিক সংখ্যা কত (চা-বাগানওয়ারী তালিকা সহ) ; এবং

(খ) উক্ত চা-বাগানগুলি খোলার বিষয়ে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে/হচ্ছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

কে) বন্ধ হওয়া ৩টি চা বাগানের শ্রমিকসংখ্যা নিচের ছকে দেওয়া হ'ল ঃ

ক্রমিক নং	চা বাগানের নাম	বন্ধ হওয়ার তারিখ	বন্ধ হওয়ার সময় শ্রমিকসংখ্যা
১.	ঢেকলাপাড়া	১১.০৩.২০০৬	৬০২
২.	দলমোর	২৯.০৭.২০১২	১২৩৪
৩.	রিংটং	০১.০১.২০০৮	৩৩৩

(খ) বন্ধ হওয়া চা-বাগানগুলি খোলার ব্যাপারে শ্রমদপ্তরের উদ্যোগ ঃ

১. ঢেকলাপাড়া চা বাগানের বিষয়টি মহামান্য কোলকাতা উচ্চ ন্যায়ালয়ের বিচারধীন থাকায়, ২০০৬ সালের পর থেকে শ্রমদপ্তর কোনো ত্রি-পাক্ষিক বৈঠক ডাকতে পারে নি।

২. দলমোর চা বাগান খোলার ব্যাপারে সহ শ্রম মহাধ্যক্ষ, উপ শ্রম মহাধ্যক্ষ এবং যুগ্ম শ্রম মহাধ্যক্ষ'র দপ্তরে ২৩.০৭.২০১২, ০৭.০৮.২০১২, ১৬.০৮.২০১২, ২৯.০৮.২০১২, ১৯.০৯.২০১২, ০৯.১১.২০১২ এবং ১২.০২.২০১৩ তারিখে ত্রি-পাক্ষিক বৈঠক আহ্বান করা হয়েছিল, কিন্তু ঐ বৈঠকগুলিতে কোনো সমাধানসূত্রে পৌছানো যায় নি। আগামী ২৫.০৩.২০১৩ তারিখে যুগ্ম শ্রম মহাধ্যক্ষ'র দপ্তর ত্রি-পাক্ষিক মীমাংসা বৈঠক আবার ডাকা হয়েছে।

৩. রিংটং চা বাগান খোলার ব্যাপারে সহ শ্রম মহাধ্যক্ষ এবং যুগ্ম শ্রম মহাধ্যক্ষ'র দপ্তরে ২৪.০৭.২০০৮, ০৩.০৯.২০০৮, ২৭.০৪.২০০৯, ১৩.১০.২০০৯, ১২.১২.২০১১, ২৯.০৩.২০১২, ০৮.০৪.২০১২, ১৮.০৪.২০১২, ১৭.০৫.২০১২ এবং ০৪.০৬.২০১২ তারিখে ত্রি-পাক্ষিক বৈঠক আহ্বান করা হয়েছিল, মহামান্য কোলকাতা উচ্চ ন্যায়ালয়ের আদেশ অনুসারে পশ্চিমবঙ্গের শ্রম মহাধ্যক্ষর উপস্থিতিতে বিগত ১০।১০।২০১২ তারিখে শিলিগুড়িতে একটি ত্রিপাক্ষিক বৈঠকের আয়োজন করা হয়েছিল। ওই বৈঠকে কোন মীমাংসাসূত্র পাওয়া যায়নি। সরকার বিষয়টি দেখছেন এবং যথাসময়ে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

বর্ধমান জেলায় শিল্প স্থাপনে জমি অধিগ্রহণ

*৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে বর্ধমান জেলায় শিল্প স্থাপনের জন্য জমি অধিগ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে, কোন্ কোন্ ব্লকে জমি অধিগ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ; এবং

(গ) উক্ত ক্ষেত্রে সম্ভাব্য অধিগৃহীত জমির পরিমাণ কত?

শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) বর্তমান সরকারের আমলে শিল্প স্থাপনের জন্য জমি অধিগ্রহণের পরিকল্পনা গ্রহণ করা হয় নি।

(খ) প্রযোজ্য নয়।

(গ) প্রযোজ্য নয়।

কম্‌প্যাশনেট গ্রাউন্ডে নিয়োগ

*৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১) **শ্রী নেপাল মাহাত :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিভিন্ন সরকারী দপ্তরে কম্‌প্যাশনেট গ্রাউন্ডে নিয়োগের প্রক্রিয়া বন্ধ রাখা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, তার কারণ কি?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :—

(ক) বিভিন্ন সরকারী দপ্তরে কমপ্যাশনেট গ্রাউন্ডে নিয়োগের প্রক্রিয়া বন্ধ রাখার জন্য কোন আদেশনামা শ্রম দপ্তর থেকে প্রকাশিত হয়নি।

(খ) উপরোক্ত উত্তরের প্রেক্ষিতে এই অংশটি অপ্রয়োজনীয়।

এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথীভুক্তকরণ

*৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৬) **শ্রী রামেশ্বর দলুই :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৫ই ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে কতজন বেকার যুবক যুবতী এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথীভুক্ত করেছে (জেলাওয়ারী তথ্য সহ)?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১৫ই ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নাম নথীভুক্ত বেকার যুবক-যুবতীদের সংখ্যা—৮৯,৭৬৭ জন। জেলাওয়াড়ী হিসাব নিম্নে দেওয়া হল—

ক্রমিক সংখ্যা	জেলার নাম	এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথীভুক্ত বেকারের সংখ্যা
(১)	কলকাতা	৩৬,৬৫২
(২)	নদিয়া	৬,১১৭
(৩)	মুর্শিদাবাদ	২,৯৫৮
(৪)	মালদা	৯৬৮

ক্রমিক সংখ্যা	জেলার নাম	এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথীভুক্ত বেকারের সংখ্যা
(৫)	দক্ষিণ দিনাজপুর	১,৩৫৫
(৬)	দার্জিলিং	৪৫০
(৭)	জলপাইগুড়ি	১,৪৪৪
(৮)	বীরভূম	১,৫৯১
(৯)	বর্ধমান	৭,২৩৭
(১০)	বাঁকুড়া	২,৭২০
(১১)	পুরুলিয়া	১,২৫০
(১২)	হুগলী	৬,৩৭৪
(১৩)	হাওড়া	৩,১৯৭
(১৪)	কোচবিহার	১,৪৪৮
(১৫)	উত্তর ২৪ পরগনা	৬,২৯২
(১৬)	দক্ষিণ ২৪ পরগনা	৩,৪৫৫
(১৭)	পশ্চিম মেদিনীপুর	৩,৭৯৫
(১৮)	পূর্ব মেদিনীপুর	১,৬৯৩
(১৯)	উত্তর দিনাজপুর	৭৭১
	মোট	৮৯,৭৬৭

কলকাতা শহরের সৌন্দর্যায়ন

*৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৭) **শ্রী শাহাজাহান চৌধুরী :** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরের সৌন্দর্যায়নের উদ্দেশ্যে নীল সাদা রঙ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কি ; এবং

(গ) এক্ষেত্রে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) সেতু ও উড়ালপুলগুলির নীল ও সাদা রং হয়েছে ও হচ্ছে।

(গ) ২৯,২৭,৫২৪ টাকা।

রাজ্যে বিদ্যুৎবিহীন মৌজা

*৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৯) শ্রী ঈদ মহম্মদ : বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে বিদ্যুৎবিহীন মৌজার সংখ্যা কত?

বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

রাজ্যে ১৪৮টি জনবসতিপূর্ণ মৌজা আছে যেখানে গ্রীড-এর মাধ্যমে বিদ্যুৎ পৌছায়নি।

ই.এস.আই. হাসপাতালে চিকিৎসালব্ধ রোগীর সংখ্যা

*৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮২৬) শ্রী মনোজ চক্রাবর্তী : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১লা জানুয়ারী, ২০১২ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়ে মোট কতজন রোগী রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলিতে চিকিৎসা লাভ করেছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

১লা জানুয়ারী ২০১২ থেকে ৩১শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত সময়ে মোট ১৫,৯১,০৭৯ (পনের লক্ষ একানব্বই হাজার উনআশি) জন রোগী রাজ্যের ই.এস.আই.হাসপাতালগুলিতে চিকিৎসা লাভ করেছে।

নথিভুক্ত ঠিকাদারের সংখ্যা

*১০১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৫৯) শ্রী অশোক রায় : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩২শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত ঠিকাদারের সংখ্যা কত ;

(খ) ২০১২-১৩ অর্থবর্ষে ৩১শে জানুয়ারী, ২০১৩ পর্যন্ত কতগুলি ঠিকাদারি সংস্থা নথিভুক্ত হয়েছে ; এবং

(গ) নথিভুক্ত ঠিকাদাররা কি প্রতি বছর তাদের লাইসেন্স পুনর্নবীকরণ করে থাকেন?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ৩১শে জানুয়ারী ২০১৩ সাপেক্ষে রাজ্যে নথিভুক্ত ঠিকাদারের সংখ্যা ৮৬৩৮।

(খ) ২০১২-১৩ অর্থবর্ষে ৩১শে জানুয়ারী ২০১৩ পর্যন্ত ২২৫১ ঠিকাদারি সংস্থা নথিভুক্ত হয়েছে।

(গ) নথিভুক্ত ঠিকাদারেরা প্রতি বছরে তাদের লাইসেন্স পুনর্নবীকরণ করে থাকেন প্রতিষ্ঠানের কার্যের প্রয়োজনমত।

Unstarred Questions
(to which written answer were laid on the Table)

নতুন পর্যটনকেন্দ্র স্থাপন

১।(অনুমোদিত প্রশ্ন নং ২০০) শ্রী কল্লোল খাঁ : পর্যটন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৫ই ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থবর্ষে সরকার রাজ্যে কতগুলি নতুন পর্যটনকেন্দ্র গড়ে তুলেছে (স্থান উল্লেখসহ জেলাভিত্তিক তথ্য) : এবং

(খ) নদীয়া জেলার বেথুয়াডহরী অভয়ারণ্য কেন্দ্রীক পর্যটন প্রকল্প বাস্তবায়নের কাজটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উক্ত সময়ে রাজ্যে নিম্নলিখিত নতুন পর্যটনকেন্দ্র গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

জেলা	পর্যটনকেন্দ্রের নাম
হুগলী	ফুরফুরা শরীফ, হংসেশ্বরী মন্দির, কাজী জাফরখান দরগা
পুর্ব মেদিনীপুর	উদয়পুর সৈকত, দীঘা
দক্ষিণ ২৪ পরগনা	পাথর প্রতিমার রামগঙ্গা, গোবর্ধনপুর
দক্ষিণ দিনাজপুর	গঙ্গারামপুর, মহীপাল দীঘি
উত্তর দিনাজপুর	বিন্দোলের ভৈরবী মন্দির, বদর কালীবাড়ী, উত্তর দিনাজপুর সংগ্রহশালা
বর্ধমান	খন্ডঘোষ-এ স্বাধীনতা সংগ্রামী বটুকেশ্বর দত্তর জন্মস্থান
পুরুলিয়া	জয়চন্ডীপাহাড়, পাকবিদরা, তেলকুপীঘাট
বাঁকুড়া	ছাতনা
জলপাইগুড়ি	বাতাবাড়ী, গাজলডোবা, মুর্তি, ডুয়ার্স মেগা ট্যুরিজিম
দার্জিলিং	কার্শিয়াং-এর ঈগলস ক্রেইগ, গয়াবনী, গিদ্ধাপাহাড়ি পাহাড়, দার্জিলিং-এ লামহাটা, কালিম্পং-এ অর্কিড স্যাংচুয়ারী ও কয়েকটি পর্যটক স্থল।
মালদহ	কয়েকটি পর্যটক স্থল।

(খ) উক্ত প্রকল্পের ৮৫ শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে।

গভীর ও অগভীর নলকূপের রক্ষণাবেক্ষণ

২। (অনুমোদিত প্রশ্ন নং ২৩৯) **শ্রী অসিত মিত্র** ঃ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গভীর ও অগভীর নলকূপের রক্ষণাবেক্ষণে সরকার কি কি ব্যবস্থা নিয়েছে/নিচ্ছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা স্থাপিত ও পরিচালিত গভীর ও অগভীর নলকূপের রক্ষণাবেক্ষণে দপ্তর যে যে ব্যবস্থা নিয়েছে বা নিচ্ছে সেগুলি নিম্নরূপ ঃ

(১) ত্রয়োদশ অর্থ কমিশনের অর্থানুকূল্যে পরিকল্পনা বহির্ভুতখাতে বিভিন্ন পুরানো ক্ষুদ্রসেচ প্রকল্পের সংস্কার, আধুনিকীকরণ ও সম্প্রসারণের কাজ চলছে।

(২) দপ্তরের অন্যান্য প্রোগ্রামেও গভীর ও অগভীর নলকূপগুলির বাৎসরিক রক্ষণাবেক্ষণের কাজ চলছে।

(৩) যে প্রকল্পগুলিতে সাময়িকভাবে যান্ত্রিক বা বৈদ্যুতিক গোলযোগ হয়েছে, বিভাগীয় উদ্যোগে বা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানী লিমিটেডের (WBSEDCL) সঙ্গে যৌথ উদ্যোগে সেই সমস্ত প্রকল্পের মেরামতির কাজ যথাসম্ভব দ্রুততার সাথে করা হচ্ছে।

(৪) যে সমস্ত প্রকল্পের বৈদ্যুতিক তার, ট্রান্সফর্মার চুরি বা পুড়ে যাওয়ায় অকেজো হয়েছে সেগুলির সংস্কার করার জন্য WBSEDCL-এর সঙ্গে যোগাযোগ করা হয়েছে।

(৫) যে সমস্ত নলকূপে উপর্যুপরি চুরির ঘটনা ঘটে সেখানে রক্ষণাবেক্ষণের দায়িত্ব উপকৃত চাষীদের উপর ন্যস্ত করে তারপর পুনঃসংযোজন বা পুনঃস্থাপন করা হচ্ছে।

(৬) যে সমস্ত নলকূপ বুজে যাওয়া এবং Parted হওয়ার জন্য পরিত্যক্ত হয়েছে সেই সমস্ত প্রকল্পগুলি বিভিন্ন প্রোগ্রামে পুনঃখননের কাজ করা হচ্ছে।

(৭) রাজ্য সরকারের নীতি অনুসারে, জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ দ্বারা রূপায়িত নতুন ক্ষুদ্র সেচ প্রকল্পগুলিকে চালনা, রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য ক্ষুদ্রসেচ প্রকল্প পরিচালন কমিটির হাতে তুলে দেওয়া হচ্ছে। যার দ্বারা উপকৃত চাষীভাইদের সক্রিয় অংশগ্রহণ সুনিশ্চিত করা হচ্ছে।

আই.সি.ডি.এস. কর্মীদের বেতন বৃদ্ধি

৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৩) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আই.সি.ডি.এস. কর্মীদের বেতন বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

শিশু বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

পঞ্চায়েত স্তরে খেলাধুলার উন্নতির জন্য প্রশিক্ষণ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭১) শ্রী সুনীল কুমার মণ্ডল : ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পঞ্চায়েত স্তরে খেলাধুলার উন্নতির জন্য গ্রাম্য তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দেওয়ার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কি?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ, পঞ্চায়েত স্তরে খেলাধুলার উন্নতির জন্য গ্রাম্য তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দেওয়ার পরিকল্পনা সরকার ইতোমধ্যেই গ্রহণ করেছে।

(খ) পঞ্চায়েত যুব ক্রীড়া ও খেল অভিযান (পাইকা) এর মাধ্যমে পঞ্চায়েত স্তরে ১০টি ক্রীড়া বিভাগের উপর প্রশিক্ষণ দেওয়া হয়। এছাড়া, ৪৪৯ জন ক্রীড়াশ্রী নিযুক্ত হয়েছেন, যারা গ্রাম্য তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দেন।

পাইকার অন্তর্ভুক্ত এইরকম ৩৬৯টি প্রশিক্ষণ কেন্দ্র আছে। এছাড়া, পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পর্ষদের মাধ্যমে সমস্ত জেলাগুলিতে মোট ১২৯টি ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে।

এছাড়াও, বাঁকুড়ার খাতড়ায়, পুরুলিয়ায় এবং ঝাড়গ্রামে একটি করে স্পোর্টস অ্যাকাডেমি তৈরী করা হচ্ছে, যেখানে গ্রাম্য তরুণতরুণীদের প্রশিক্ষণ দেওয়া হবে।

সুন্দরবন উন্নয়ন সংক্রান্ত পরিকল্পনা

৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৫) শ্রী সুনীল কুমার মণ্ডল : সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০১২-১৩ আর্থিক বছরে সরকার সুন্দরবন এলাকায় উন্নয়নে কি কি পরিকল্পনা গ্রহণ করেছে?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২০১২-১৩ আর্থিক বছরে সরকার সুন্দরবন এলাকার উন্নয়নে যে পরিকল্পনাগুলি গ্রহণ করেছেন তা নিম্নরূপ—

২০১২-১৩ আর্থিক বর্ষের প্রস্তাবিত কর্মসূচি :

(ক) সুন্দরবনের বিশেষত দ্বীপাঞ্চলের যোগাযোগ পরিকাঠামো নির্মাণ ও উন্নয়নেই অধিকতর গুরুত্ব দেওয়া হবে। গুরুত্বপূর্ণ স্থানে নতুন সেতু নির্মাণ করে দ্বীপ এলাকার সঙ্গে মূল ভূ-খণ্ডের যোগসূত্র স্থাপন করা হবে। রাজ্য ও জেলা সড়কের সঙ্গে প্রত্যন্ত গ্রামীণ এলাকাকে সংযুক্ত করার জন্য গ্রামীণ সড়কের ব্যাপক প্রসার ঘটানোর ব্যাপারে এই দপ্তর যত্নবান হবে।

(খ) সেচ পরিকাঠামো যেমন বৃষ্টির জল সংরক্ষণ এবং সেচ ও নিকাশী খাল সংস্কার প্রভৃতির মাধ্যমে ক্ষুদ্র সেচের সম্প্রসারণ ঘটানো হবে। ইতিমধ্যে অনুমোদিত প্রকল্পগুলিকে স্বচ্ছতার সঙ্গে সম্পন্ন করার উপর এই দপ্তর জোর দেবে।

(গ) নিকাশী ব্যবস্থার সংস্কার ও সুসংহত উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদী, পরিকল্পনা প্রণয়নে

আমার দপ্তর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে। সুন্দরবনের নিকাশী নদীর জোয়ার-ভাটার উপর নির্ভরশীল। এক্ষেত্রে নদীবাঁধ ও নদীর নাব্যতা, পলি জমার সমস্যা প্রভৃতিকে সামনে রেখে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করা হবে।

(ঘ) সুন্দরবনের সুদীর্ঘ নদীবাঁধ সংস্কার ও পুনর্নির্মাণের দায়িত্ব সেচ ও জলপথ দপ্তরের উপর ন্যস্ত। কিন্তু এই এলাকার যাবতীয় উন্নয়ন এবং অধিবাসীদের জীবন ও জীবিকা এই নদীবাঁধের স্থায়িত্বের উপর একান্তভাবে নির্ভরশীল। রাজ্য সরকারের সেচ ও জলপথ দপ্তরের সঙ্গে নিবিড় যোগাযোগ রেখে নদীবাঁধের সমস্যা নিরসনে সুন্দরবন বিষয়ক দপ্তর কাজ করবে।

(ঙ) বিদ্যুৎ সম্প্রসারণ-এর ক্ষেত্রে সময়সীমাভিত্তিক কর্মসূচি রূপায়ণের জন্য বিদ্যুৎ দপ্তর এবং WBSEDCL-এর সঙ্গে নিরন্তর মূল্যায়ণ ব্যবস্থা গড়ে তোলা হবে। যে সকল দ্বীপাঞ্চল এখনো প্রচলিত বিদ্যুৎ সম্প্রসারণ প্রকল্পের আওতায় আসেনি সেগুলির ক্ষেত্রে নদী অতিক্রম করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হবে। যে সমস্ত দ্বীপে অদূর ভবিষ্যতে প্রচলিত বিদ্যুৎ সংযোগ সম্ভব হবে না, সেই সকল গ্রামে সৌরবিদ্যুৎ স্থাপনের প্রকল্প রূপায়ণ করা হবে।

(চ) পানীয় জল সমস্যা এখনো সুন্দরবনের অন্যতম সমস্যা। ভূ-গর্ভস্থ জলস্তর ও তার পরিমাণের উপর ভিত্তি করে নলকূপ স্থাপনের প্রকল্প গৃহীত হবে। প্রাকৃতিক দুর্যোগ বিশেষত সামুদ্রিক প্লাবনের বিষয়টি মাথায় রেখে দ্বীপ এলাকায় নিরবচ্ছিন্ন পানীয়জল সরবরাহ সুনিশ্চিত করার জন্য প্রয়োজনীয় প্রকল্প গ্রহণের জন্য অর্থ বরাদ্দ করা হবে। এক্ষেত্রে রাজ্য সরকারের জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের সঙ্গে সমন্বয় গড়ে তোলা হবে।

(ছ) ইতিমধ্যে গৃহীত প্রকল্পগুলির সমাপ্তি এবং যথাযথ ব্যবহার সুনিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

(জ) সিভিল ওয়ার্কস কার্যক্রম ব্যতীত কৃষি সম্প্রসারণ, সামাজিক বনসৃজন ও মৎসচাষ-এর ক্ষেত্রে চালু প্রকল্প রূপায়ণ ছাড়াও নতুন নতুন উপযোগী প্রকল্প গ্রহণ করা হবে। এই সব প্রকল্পের মূল উদ্দেশ্য হবে কৃষি ও কৃষি সহযোগী বৃত্তির সুসংহত বিকাশ ঘটিয়ে কৃষক পরিবারের আয় বাড়ানো, অতিরিক্ত শ্রমদিবস সৃষ্টি করা, ফসলের ন্যায্য দাম যাতে উৎপাদক পায় তা নিশ্চিত করা, সুন্দরবনের জমিতে শস্য চাষের নিবিড়তা বৃদ্ধি করা প্রভৃতি। এক্ষেত্রে বিশেষজ্ঞ, কৃষি, বিশ্ববিদ্যালয় এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতা ও সুপারিশ গ্রহণ করা হবে। রাজ্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরসমূহের এবং জেলা পরিকল্পনা বিভাগের মধ্যে সমন্বয় সাধন করে সুন্দরবনের কৃষি নির্ভর অর্থনীতিতে পরিবর্তন আনতে বর্তমান সরকার সর্বোচ্চ গুরুত্ব প্রদান করবে।

(ঝ) সুন্দরবনের অতুলনীয় প্রাকৃতিক সৌন্দর্য এবং এর জীববৈচিত্র্যকে দেশী ও বহিরাগত ভ্রমণ বিলাসীদের নিকট আকর্ষণীয় করে তুলতে সরকার ঐতিমধ্যে সবিশেষ গুরুত্ব আরোপ করেছে। পরিবেশের ভারসাম্য অক্ষুণ্ণ রেখে পরিবেশ-বান্ধব ভ্রমণ এবং কৃষিজ বিপণন ব্যবস্থা গড়ে তুলতে রাজ্য সরকার-এর সংশ্লিষ্ট দপ্তর পরিকল্পনা প্রণয়নে ইতিমধ্যে সচেষ্ট হয়েছে। সুন্দরবন বিষয়ক দপ্তর চিহ্নিত ভ্রমণের উপযোগী স্থানগুলির জন্য প্রয়োজনীয় পরিকাঠামো নির্মাণের প্রকল্প গ্রহণ করবে। এর ফলে স্থানীয় অধিবাসীদের কর্মসংস্থান ও আয়ের সুযোগ সৃষ্টি করা সম্ভব হবে।

(ঞ) সুন্দরবনের প্রাকৃতিক পরিবেশ ও অত্যন্ত সংবেদনশীল বাস্তুতন্ত্রের সুরক্ষার জন্য এই এলাকার জনসাধারণ, ছাত্র-ছাত্রী ও পঞ্চায়েত কর্তৃপক্ষের মধ্যে সচেতনতা সৃষ্টির ধারাবাহিক ও সুসংহত কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট সকল পক্ষ যেমন—রাজ্য প্রশাসন, পঞ্চায়েত, বিদ্যালয়মাদ্রাসা ও মহাবিদ্যালয়, স্বেচ্ছাসেবী সংস্থা প্রভৃতিকে যুক্ত করে এই সচেতনতা সৃষ্টিকে অন্যতম আন্দোলন হিসাবে গড়ে তোলার লক্ষ্যে সুন্দরবন বিষয়ক দপ্তর কাজ করবে। অবিন্যস্ত উন্নয়ন প্রকল্প গ্রহণ করে সুন্দরবনের বাস্তুতন্ত্র এবং এর জীববৈচিত্র্যের উপর ক্ষতিকর প্রভাব যাতে না পড়ে সেজন্য এই দপ্তর সচেষ্ট থাকবে।

প্রসঙ্গত উল্লেখ্য ভারতীয় যোজনা আয়োগের সুপারিশক্রমে বিশ্বব্যাঙ্ক সুন্দরবন এলাকার সর্বাঙ্গীন উন্নয়ন ও পরিবেশ সংরক্ষণ বিষয়ে একটি সুসংহত পরিকল্পনা প্রণয়নের কাজ হাতে নিয়েছে। এটিই সম্ভবত সুন্দরবনের জন্য বিশেষজ্ঞ সংস্থা কর্তৃক প্রস্তুত প্রথম সুসংহত পরিকল্পনা (Master Plan বা Integrated Plan)। আশা করা যায় এই পরিকল্পনাটি পাওয়া গেলে সুন্দরবনের জন্য প্রয়োজনীয় বিনিয়োগ এবং কর্ম-পরিকল্পনার অভিমুখ নির্ধারণে পথনির্দেশ পাওয়া যাবে।

অনুমোদিত উদ্বাস্তু কলোনি

৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩২১) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে কত সংখ্যক অনুমোদিত উদ্বাস্তু কলোনি আছে;

(খ) উক্ত কলোনী সমূহের সার্বিক পরিকাঠামো কিরূপ ;

(গ) উক্ত পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে কোন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি; এবং

(ঘ) হয়ে থাকলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

শরণার্থী ত্রাণ ও পুর্নবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে অনুমোদিত উদ্বাস্তু কলোনির সংখ্যা নিম্নরূপ : (১) কেন্দ্রীয় সরকার অনুমোদিত কলোনির সংখ্যা ১৫৩৪। (২) রাজ্য সরকার অনুমোদিত কলোনির সংখ্যা ১০৪৪। (৯৯৮ গ্রুপ-৯৯৮ এবং স্পেশাল-গ্রুপ-৪৬)

(খ) উক্ত কলোনিসমূহের মধ্যে কিছু কিছু কলোনির সার্বিক পরিকাঠামো ভালো হলেও বেশীরভাগ কলোনির সার্বিক পরিকাঠামোই অনুন্নত অবস্থায় ছিল।

(গ) উক্ত পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে রাজ্য সরকারের পক্ষ থেকে সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

(ঘ) উক্ত পরিকল্পনা অনুযায়ী কলোনিগুলির রাস্তা নির্মাণ, শৌচাগার নির্মাণ, পয়ঃপ্রণালী নির্মাণ ও পানীয় জল সরবরাহের ব্যবস্থা ইত্যাদি উন্নয়নমূলক কাজ করা হচ্ছে।

প্রাণীবন্ধু নিয়োগের পরিকল্পনা

৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩২৭) শ্রী সুনীল কুমার মণ্ডল : প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১২-১৩ অর্থবর্ষে প্রাণীবন্ধু নিয়োগের কোনো পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কীরূপ?

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) আছে। ইতিমধ্যে বর্তমানে ২০১২-১৩ অর্থবর্ষে প্রাণীবন্ধু প্রশিক্ষণপ্রাপ্ত ৪৯ (উনপঞ্চাশ) জনকে স্বনিযুক্তি প্রকল্পে নিয়োজিত করা হয়েছে।

(খ) স্বনিযুক্তি প্রকল্পে প্রাণীবন্ধু অন্তর্ভুক্ত করার নিয়ম হল :

(১) ১৮-৪৫ বছর বয়স হতে হবে।

(২) যে গ্রাম পঞ্চায়েতের/পুরসভার জন্য প্রাণীবন্ধু নিয়োজিত করা হবে তাঁকে সেই গ্রাম পঞ্চায়েতের/পুরসভার বাসিন্দা হতে হবে।

(৩) মাধ্যমিক পাশ করতে হবে।

(৪) নিয়োজিত হওয়ার জন্য ব্লক/পুরসভা স্তরের কমিটির মনোনয়ন লাগবে।

স্থানীয় প্রয়োজন ভিত্তিক খাদ্যপ্রক্রিয়াকরণ শিল্প

৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮১) শ্রী নির্মল ঘোষ : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জেলাভিত্তিক প্রয়োজনানুযায়ী খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গঠনে, চলতি আর্থিক বছরে এ পর্যন্ত সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে/করছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : জেলাভিত্তিক খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের উন্নয়নে বাস্তব প্রয়োজনের উপর ভিত্তি করে পরিকল্পনা গ্রহণের পরিপ্রেক্ষিতে জেলা ওয়াড়ি একটি নির্দিষ্ট ডেটাবেস থাকার লক্ষ্যে এই দপ্তর ইতিমধ্যেই একটি নামী বেসরকারী সংস্থার মাধ্যমে রাজ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প সমীক্ষার কাজ সম্পন্ন করেছে। আশা করা যায় এই সমীক্ষার রিপোর্ট পরিকল্পনা গ্রহণে উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করবে। তাছাড়া, দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশনের অধীন বিভিন্ন প্রকল্প চলতি আর্থিক বছরে রূপায়ণের মাধ্যমে প্রয়োজনানুযায়ী খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প গঠনের প্রক্রিয়া ত্বরান্বিত হবে।

কর্ম বিনিয়োগ কেন্দ্র

৯। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৬) শ্রী পুলক রায় : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্য কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা কত ; এবং

(খ) ব্লক স্তরে কর্মবিনিয়োগ সহায়ক কেন্দ্রের সংখ্যা কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্য কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা-৭১।

(খ) ব্লক স্তরে কর্মবিনিয়োগ সহায়ক কেন্দ্রের সংখ্যা-৫২।

রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৪০২) **শ্রীপুলক রায় :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর, ২০১০ সাপেক্ষে রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত ছিল ; এবং

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা কত?

উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে ডিসেম্বর, ২০১০ সাপেক্ষে রাজ্যে উচ্চশিক্ষা দপ্তরের অধীনে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ছিল মোট ১৪(চোদ্দটি)। সেগুলি হল যথাক্রমে—

(১) কলকাতা বিশ্ববিদ্যালয়

(২) যাদবপুর বিশ্ববিদ্যালয়

(৩) বর্ধমান বিশ্ববিদ্যালয়

(৪) কল্যাণী বিশ্ববিদ্যালয়

(৫) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

(৬) রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

(৭) বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, মেদিনীপুর

(৮) নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়

(৯) পশ্চিমবঙ্গ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(১০) বেঙ্গল ইঞ্জিনীয়ারিং অ্যান্ড সায়েন্স বিশ্ববিদ্যালয়, শিবপুর

(১১) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, বারাসত, উত্তর ২৪ পরগনা

(১২) গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়, মালদা

(১৩) সিধো-কানহো-বিরসা বিশ্ববিদ্যালয়, পুরুলিয়া

(১৪) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে এই দপ্তরের অধীনে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়ে হয়েছে মোট ১৮(আঠারোটি)। ২০১০ সালের পর স্থাপিত বিশ্ববিদ্যালয়গুলি হল যথাক্রমে—

(১) কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়

(২) কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, আসানসোল, বর্ধমান

(৩) টেকনো ইন্ডিয়া বিশ্ববিদ্যালয়, পশ্চিমবঙ্গ

(৪) ডায়মন্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়, দক্ষিণ ২৪ পরগনা।

আর্সেনিকযুক্ত পানীয় জল

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৬) **শ্রী পুলক রায় :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যের কোন্ কোন্ ব্লকে পানীয় জলে আর্সেনিকের সন্ধান পাওয়া গেছে; এবং

(খ) উক্ত বিষয়ে সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে রাজ্যের ৩৪১ (তিনশত একচল্লিশ) ব্লকের মধ্যে ৬৯ (উনসত্তর)টি ব্লককে চিহ্নিত করা হয়েছে, যাহার ভূ-গর্ভস্থ জল মাত্রাতিরিক্ত আর্সেনিকের দ্বারা সংক্রামিত।

(খ) রাজ্য সরকার ২৭৫০ (দুই হাজার সাতাশ পঞ্চাশ) কোটি টাকা ব্যয়ে ৩৩৮(তিনশত আটত্রিশ)টি ভূ-গর্ভস্থ জলসরবরাহ প্রকল্প ও ১২ (বারো)টি ভূ-পৃষ্ঠ জলসরবরাহ প্রকল্পে একটি মহাপরিকল্পনার অন্তর্গত আর্সেনিক প্রশমণ কার্য পরিকল্পনার কাজ শুরু করেছে। রাজ্য সরকারের দ্বারা গৃহীত সমস্ত প্রকল্পের কাজ ২০১৪ (দুই হাজার চোদ্দ) সালের মধ্যে শেষ হবে বলে আশা করা যায়।

ফুড প্রসেসিং ইউনিট

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪০৯) **শ্রী পুলক রায় :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যের ফুড প্রসেসিং ইউনিটের সংখ্যা কত ; এবং

(খ) নতুন ইউনিট স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সদ্য সমাপ্ত সমীক্ষা অনুযায়ী ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যের অতি ক্ষুদ্র, ক্ষুদ্র, মাঝারী ও বৃহৎ শিল্পে ফুড প্রসেসিং ইউনিটের সংখ্যা প্রায় ১৪৬৩১টি।

(খ) জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশনের আওতায় দ্বাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই দপ্তর বিভিন্ন প্রকল্প রূপায়ণের মাধ্যমে নতুন ফুড প্রসেসিং ইউনিট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে।

নতুন পর্যটক আবাস

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৩) **শ্রী পুলক রায় :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যের সরকারী পর্যটক আবাসের সংখ্যা কত ; এবং

(খ) নতুন পর্যটক আবাস স্থাপনের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) উক্ত সময় পর্যন্ত রাজ্যের সরকারী পর্যটক আবাসের সংখ্যা ৩৭টি।

(খ) নতুন পর্যটক আবাস স্থাপনের পরিকল্পনা নিম্নরূপ—

(১) দঃ ২৪ পরগণা জেলার পাথরপ্রতিমার রামগঙ্গা ও গঙ্গাসাগর।

(২) জলপাইগুড়ি জেলার মূর্তি ও বাতাবাড়ী।

(৩) দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর।

(৪) হুগলী জেলার ফুরফুরা শরীফ-এ মুসাফিরখানা।

ভেষজ উদ্ভিদ চাষের প্রসার ও বিপণন

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪৬) **শ্রী জ্যোতির্ময় কর :** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ভেষজ উদ্ভিদ চাষের পরিক্ষেত্রকে বিস্তৃত করতে সরকার সবিশেষ আগ্রহী; এবং

(খ) সত্যি হলে, ভেষজ চাষের প্রসার ও বিপণনের ক্ষেত্রে সরকার কী কী পরিকল্পনা নিয়েছে/নিচ্ছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) রাজ্য সরকার ভেষজ চাষের প্রসারের জন্য জাতীয় ভেষজ উদ্ভিদ মিশন প্রকল্পে অন্তর্ভুক্ত বিভিন্ন কর্ম পরিকল্পনা যেমন—

(১) আদর্শ নার্শারী তৈরী করা।

(২) ছোট নার্শারী তৈরী করা।

(৩) বিভিন্ন প্রজাতির ভেষজ গাছের চাষের এলাকা বাড়ানো।

(৪) ফলনোত্তর ভেষজ গাছের পরিচর্যার জন্য ড্রাইং শেড ও মজুত ঘর তৈরী করা।

(৫) প্রাথমিক প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা।

(৬) ভেষজ চাষের সঙ্গে যুক্ত চাষী ভাইদের প্রশিক্ষণের ব্যবস্থা।

বিপণনের ক্ষেত্রে জাতীয় ভেষজ উদ্ভিদ মিশনের প্রকল্পে—

(১) গ্রামীণ বাজার স্থাপন।

(২) জেলা বাজার স্থাপন-এর পরিকল্পনা আছে।

ভূ-পৃষ্ঠস্থ জলের সাহায্যে কৃষির সম্প্রসারণ

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬২) **শ্রী জ্যোতির্ময় কর :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার ভূ-পৃষ্ঠস্থ জলের সাহায্যে কৃষির সম্প্রসারণের উদ্যোগ নিয়েছে ; এবং

(খ) সত্যি হলে—

(১) বর্তমান আর্থিক বছরে ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে সংশ্লিষ্ট দপ্তরের উদ্যোগে রাজ্যে কতগুলি জলাশয় খনন করা হয়েছে ; ও

(২) এর দ্বারা কি পরিমাণ জমি সেচ সেবিত করা গিয়েছে?

জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ সত্যি।

(খ) (১) ২০১২-২০১৩ আর্থিক বছরে ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্য জল অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের উদ্যোগে রাজ্যে বিভিন্ন প্রোগ্রামে ১৪টি জলাশয় খনন ও ৩২টি জলাশয় পুনর্খনন সর্বমোট ৪৬টি প্রকল্পের কাজ শেষ হয়েছে এবং ৩৮টি জলাশয় খনন ও ২৬টি জলাশয় পুনর্খনন সর্বমোট ৬৪টি প্রকল্পের কাজ চলছে।

(২) এর দ্বারা অতিরিক্ত ৭৯৩ হেক্টর জমিতে সেচ সম্ভাবনা সৃষ্টি করা গেছে এবং বাকী কাজগুলি শেষ হলে আরও ৫৬৮ হেক্টর সেচ সম্ভাবনা সৃষ্টি হবে।

বিদ্যালয়ের পরিকাঠামো উন্নয়ন

১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৭) **শ্রী জ্যোতির্ময় কর :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যালয়গুলির পরিকাঠামোগত উন্নয়নের জন্য সরকার সতর্ক ; এবং

(খ) সত্যি হলে, এ সম্পর্কে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) সত্যি।

(খ) সর্বশিক্ষা অভিযানের মাধ্যমে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ, এছাড়া উচ্চমাধ্যমিকে উন্নীত বিদ্যালয়গুলিতে ল্যাবরেটরি গ্র্যান্ট, লাইব্রেরি গ্র্যান্ট, রাজ্য সরকারের পরিকল্পনা খাত থেকে ক্যাপিটাল গ্র্যান্ট ইত্যাদি দেওয়া হয়ে থাকে।

পাথরপ্রতিমা ব্লকের গোবর্ধনপুরে পর্যটনকেন্দ্র স্থাপন

১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৮) **শ্রী সমীর কুমার জানা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাথরপ্রতিমা ব্লকে গোবর্ধনপুর পর্যটনকেন্দ্র গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ সত্যি।

(খ) গোবর্ধনপুরে একটি সমুদ্রসৈকত পর্যটনকেন্দ্র গড়ে তোলার উদ্দেশ্যে ইতিমধ্যেই একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে বিবেচনার জন্য পাঠানো হয়েছে এবং আশা করা যায় যে প্রস্তাবটি কেন্দ্রীয় আর্থিক অনুদান (Central Financial Assistance) হিসাবে অনুমোদন পাবে।

আগামী আর্থিক বছরে পরিকল্পনাটি হাতে নেওয়া যাবে বলে আশা করা যায়। এছাড়া গোবর্ধনপুরে বেশকিছু ঐতিহাসিক প্রত্ন সামগ্রীর নিদর্শন পাওয়া গেছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের পুরাতত্ত্ব বিভাগ জায়গাটি দেখে এসেছেন। তারা গোবর্ধনপুরকে প্রত্নতাত্ত্বিক অনুসন্ধানের জন্য চিহ্নিত করেছেন। ভারতীয় প্রত্নতাত্ত্বিক অনুসন্ধান সংস্থার (Archeological Survey of India) একটি গবেষক দলও বর্তমান মাসে গোবর্ধনপুরে অনুসন্ধানের জন্য যাবেন বলে স্থির হয়েছে। এই অনুসন্ধান সফল হলে গোবর্ধনপুরকে প্রত্নতাত্ত্বিক আকর্ষণ কেন্দ্র হিসাবেও গড়ে তোলা যাবে।

২০১৩ সালে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা

১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬২৫) **শ্রী সমীর কুমার জানা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৩ সালে মাধ্যমিক পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা কত ; এবং

(খ) মোট পরীক্ষা কেন্দ্রের সংখ্যা কত?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ২০১৩ সালে মাধ্যমিক পরীক্ষার্থীর সংখ্যা ১০৩৬৬৫৯ জন।

(খ) পরীক্ষা কেন্দ্রের সংখ্যা ২৫৭১টি।

আর্থিক অনুদানপ্রাপ্ত ক্লাবের সংখ্যা

১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৯) **শ্রী শাহাজাহান চৌধুরী :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে যে সমস্ত ক্লাবগুলিকে অনুদান হিসাবে ২,০০,০০০ টাকা করে দেওয়া হয়েছে তার সংখ্যা কত (জেলা ও ব্লকের নামের তালিকা সহ)?

ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে যে সমস্ত ক্লাবগুলিকে অনুদান হিসাবে ২,০০,০০০ টাকা করে দেওয়া হয়েছে তার সংখ্যা হল—১৬১৪। জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপ :

বাঁকুড়া	৯২
বর্ধমান	৫৩
বীরভূম	৭২
কোচবিহার	৩০
দার্জিলিং	১৬
পূর্ব মেদিনীপুর	১৩৫
হুগলী	১৩৭
হাওড়া	১৩৮

জলপাইগুড়ি	৫৩
কলকাতা	৮৬
মালদা	৫৭
মুর্শিদাবাদ	৫
নদীয়া	১০৭
উত্তর ২৪ পরগনা	২৯০
উত্তর দিনাজপুর	১০
পুরুলিয়া	৫৩
দক্ষিণ ২৪ পরগনা	১৫৫
দক্ষিণ দিনাজপুর	৫০
পশ্চিম মেদিনীপুর	৭৫

সমস্ত জেলায় প্রায় ২০০টি ব্লকের অন্তর্গত ক্লাবগুলিকে আর্থিক অনুদান দেওয়া হয়েছে।

মাড়গ্রামে জলাধার নির্মাণ

২০। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১) **শ্রী অসিত কুমার মাল** : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট ২ নং ব্লকের অধীন মাড়গ্রামে জলাধার নির্মাণের জন্য কি পরিমাণ অর্থ মঞ্জুর করা হয়েছে ; এবং

(খ) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) রামপুরহাট ব্লক নং ২-এর মাড়গ্রাম নলবাহিত জলসরবরাহ প্রকল্পের জন্য উচ্চ জলাধার তৈরীর একটি উন্নয়ন প্রকল্পের DPR (Detailed Project Report) বর্তমানে তৈরীর পর্যায়ে রয়েছে। প্রকল্পটি প্রশাসনিক অনুমোদন পাবার পরেই প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হবে।

(খ) প্রকল্পটির কাজ প্রশাসনিক অনুমোদন পাবার ঠিক পরই শুরু হবে।

বিজ্ঞান মেলা

২১। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৪) **শ্রী অখিল গিরি** : বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ভক জানাবেন কি—

সরকার বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার প্রসার ও মনোন্নয়নের লক্ষ্যে রাজ্যের বিদ্যালয়গুলিতে বিজ্ঞান মেলার আয়োজন করার ব্যাপারে কোনো পরিকল্পনা গ্রহণ করেছে কি?

বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : রাজ্যের বিদ্যালয়গুলিতে বিজ্ঞান মেলার আয়োজনের কোনো পদক্ষেপ বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের হাতে বর্তমানে নেই।

তবে বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের অধীনস্থ সংসদ "বঙ্গীয় বিজ্ঞান উদ্যোগ" নামে একটি নতুন কার্যক্রম গ্রহণ করেছে। এই কার্যক্রমের একটি অংশ হ'ল জেলাভিত্তিক বিজ্ঞান শিক্ষা শিবিরের আয়োজন করা। সম্প্রতি হুগলী জেলার বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধীনস্থ শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা (DIET)-র সহযোগিতায় তিন দিন ব্যাপী বিজ্ঞান শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীকালে রাজ্যের সব জেলায় এইরকম কার্যক্রম নেওয়া হবে।

এছাড়া যদি কোনো বিদালয় বা স্বেচ্ছাসেবী সংস্থা নিজস্ব তত্ত্বাবধানে কমপক্ষে ৫ (পাঁচটি) বিদ্যালয়কে নিয়ে এইরূপ বিজ্ঞান শিক্ষা শিবিরের আয়োজন করতে চায়, সেক্ষেত্রে অনুমোদিত হলে, তার জন্য আর্থিক অনুদান সংসদ বহন করবে।

উপকূলবর্তী এলাকায় লবণমুক্ত পানীয় জল প্রকল্প

২২। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩১) **শ্রী অখিল গিরি :** জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের উপকূলবর্তী এলাকায় লবণমুক্ত পানীয় জল উৎপাদনের কোন প্রকল্প ইতিমধ্যে গৃহীত হয়েছে ;

(খ) সত্যি হলে, কোথায় ; এবং

(গ) কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) এটা সত্যি যে, রাজ্যের উপকূলবর্তী এলাকায় পানীয় জল সরবরাহের জন্য রাজ্য সরকার লবণমুক্ত করণের প্রকল্প গ্রহণ করেছে।

(খ) পূর্ব মেদিনীপুর ও উত্তর চব্বিশ পরগনা জেলায় এইরকম ২(দুই)টি জল সরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।

(গ) উভয় প্রকল্পের DPR (Detailed Project Report) প্রস্তুতির পর্যায়ে রয়েছে এবং প্রশাসনিক অনুমোদনের ঠিক পরেই তা খুব শীঘ্রই কার্যক্ষেত্রে গ্রহণ করা হবে।

যুব সম্প্রদায়ের মধ্যে মনীষীদের আদর্শ প্রচার

২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭৪০) **শ্রী অখিল গিরি :** যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, যুব সম্প্রদায়ের মধ্যে মনীষীদের আদর্শ প্রচারের উদ্দেশ্যে সরকার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, মাতঙ্গিনী হাজরার আদর্শ প্রচারের ক্ষেত্রে সরকারের পরিকল্পনা কি?

যুবকল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় ঃ (ক) হ্যাঁ সত্যি।

(খ) মাতঙ্গিনী হাজরার আদর্শ প্রচারের জন্য সরকার চিন্তাভাবনা করছে।

সবং ও পিংলা ব্লকের কারিগরী কলেজ

২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫১) ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার সবং ও পিংলা ব্লকে কারিগরী কলেজ প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) (১) সত্যি হলে, তা কোন্ কোন্ স্থানে ; ও

(২) ঐ পরিকল্পনার বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

কারিগরী শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) হ্যাঁ।

(খ) (১) সবং-এর লকস্যা মৌজায় ও পিংলার ক্ষেত্রে জমি নির্ধারণের প্রচেষ্টা চলছে।

(২) অর্থ বরাদ্দ হয়নি।

সবং ও পিংলা ব্লকে পানীয় জল সরবরাহ প্রকল্পের সংখ্যা

২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬০) ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে পশ্চিম মেদিনীপুর জেলার সবং ও পিংলা ব্লকে কত সংখ্যক পানীয় জল প্রকল্প মঞ্জুর করা হয়েছে ;

(খ) এই প্রকল্পগুলির জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দকৃত হয়েছে ;

(গ) কত সংখ্যক প্রকল্পের কাজ শেষ হয়েছে ; এবং

(ঘ) কত সংখ্যক মানুষ এর ফলে উপকৃত হবে বলে আশা করা যায়?

জনস্বাস্থ্য কারিগরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ১.৪৫ (এক লক্ষ পঁয়তাল্লিশ হাজার) লক্ষ বসবাসকারী মানুষকে (২০০১ সালের আদমসুমারী অনুযায়ী) সুবিধা দেবার জন্য সবং ব্লকে ১৫ (পনের)টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে যার নির্ধারিত মূল্য (Estimated Cost) ৫৪.৩৮ কোটি (চুয়ান্ন কোটি আটত্রিশ লক্ষ) টাকা। একইভাবে, ০.৬৪ (চৌষট্টি হাজার) লক্ষ বসবাসকারী মানুযকে (২০০১ সালের আদমসুমারি অনুযায়ী) সুবিধা দেবার জন্য, ২৩.২২ (তেইশ কোটি বাইশ লক্ষ) কোটি টাকা খরচে ৬(ছয়)টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে পিংলা ব্লকে।

(খ) সবং এবং পিংলা ব্লকে নলবাহিত জল সরবরাহ প্রকল্পের জন্য যথাক্রমে ২৯.৯৮ (উনত্রিশ কোটি আটানব্বই লক্ষ) কোটি ১০.৯৫ (দশ কোটি পঁচানব্বই লক্ষ) কোটি টাকার তহবিল অনুমোদন করা হয়েছে।

(গ) সবং ব্লকে ৩ (তিন)টি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ শেষ করা হয়েছে।

(ঘ) সবং ব্লকের ১৮,৯৯৪ (আঠারো হাজার নয়শত চুরানব্বই) জন অধিবাসী (২০০১ সালের আদমসুমারি অনুযায়ী) এর থেকে উপকৃত হচ্ছেন। অবশিষ্ট প্রকল্পগুলির কাজ শেষ হবার পর আরো ১.২৬ (এক লক্ষ ছাব্বিশ হাজার) লক্ষ বসবাসকারী মানুষ (২০০১ সালের আদমসুমারি অনুযায়ী) এর থেকে উপকৃত হবেন। পিংলা ব্লকের সমস্ত নলবাহিত জলসরবরাহ প্রকল্পের কাজ পরিসমাপ্তির পর ৬৪,১৭৬ (চৌষট্টি হাজার একশত ছিয়াত্তর) জন বসবাসকারী মানুষ এর থেকে উপকৃত হবেন।

দুগ্ধের মূল্য বৃদ্ধি ও দুগ্ধ উৎপাদনে সরকারি সাহায্য

২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬৮) **শ্রী আবু তাহের খান :** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দুগ্ধ উৎপাদনের জন্য দুধের দাম বৃদ্ধির কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, তা কি হারে কবে থেকে কার্যকর হবে বলে আশা করা যায় ; এবং

(গ) দুগ্ধ উৎপাদকদের জন্য কি ধরনের সরকারি সাহায্যের ব্যবস্থা আছে?

প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) গত ১/১২/১২ থেকে দুগ্ধ উৎপাদকদের জন্য কিলো প্রতি দুধের দাম ২ টাকা বাড়ানো হয়েছে। তাই এই মুহূর্তে দুধের দাম বাড়ানোর কোন পরিকল্পনা সরকারের নেই।

(খ) এই প্রশ্ন অপ্রযোজ্য।

(গ) দুগ্ধ উৎপাদকদের আর্থিক সাহায্য ছাড়াও সময়ে সময়ে নিম্নলিখিত সহায়তা করা হয়ে থাকে। যথা—

(১) Women Dairy Co-operative Project—এই প্রকল্পের দ্বারা মহিলাদের আর্থিক এবং সামাজিক সক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে।

(২) Integrated Dairy Development Project (IDDP)—এই প্রকল্পের মাধ্যমে পাহাড়, Non-Operation Flood অঞ্চল এবং অনুন্নত অঞ্চলে Primary Society সৃষ্টি করে দুধ উৎপাদন এবং সংগ্রহ করা হয়।

(৩) Clean Milk Production Project (CMP)—এই প্রকল্পে দুগ্ধ উৎপাদকদের দুধের গুণগত মান নির্ণায়ক যন্ত্রপাতি, দুগ্ধ শীতলীকরণ যন্ত্র সরবরাহ এবং সদস্য/সদস্যাদের প্রশিক্ষণ দেওয়া হয়।

(৪) Rashtriya Krishi Vikas Yojona (RKVY)—এই প্রকল্পের অন্তর্গত National Mission for Protein Supplement (NMPS) Schemes বাস্তবায়িত করা হচ্ছে। এছাড়া Cryogenic পাত্র কেনা, স্বয়ংক্রিয় দুগ্ধ সংগ্রহ যন্ত্র ও দুগ্ধ শীতলীকরণ যন্ত্র কেনা, বহরমপুর ডেয়ারীর সম্প্রসারণ, কেন্দ্রীয় পরীক্ষাগার স্থাপন, বহরমপুর এবং মাটিগাড়ার

গো-খাদ্য প্রস্তুতির আধুনিকীকরণ এবং বর্ধমান, উত্তর দিনাজপুর ও হাওড়া দুগ্ধ সমবায়গুলির পরিকাঠামোর উন্নতি সাধন করা হয়েছে।

(৫) কৃত্রিম প্রজননের ব্যবস্থা সংক্রান্ত সহায়তা, তরল Nitrogen, Cryocans ও হিমায়িত গো-বীজ ভর্তুকিতে প্রদান।

(৬) সুলভ মূল্যে টিকাকরণ ও কৃমিনাশক ঔষধ প্রদান।

(৭) ভর্তুকিতে গোখাদ্য প্রদান।

(৮) বিনামূল্যে দুগ্ধ পাত্র ও স্বাস্থ্যবিধান রক্ষার সরঞ্জাম প্রদান।

(৯) গোখাদ্য বীজ প্রদান।

(১০) গবাদিপশু ক্রয়ের জন্য অনুদান প্রদান।

মুর্শিদাবাদ জেলায় মিড-ডে মিল প্রকল্প

২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৭) **শ্রী মনোজ চক্রবর্ত্তী :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় কত সংখ্যক বিদ্যালয়ে মিড-ডে মিল প্রকল্প চালু আছে ; এবং

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে কত সংখ্যক ছাত্রছাত্রী উক্ত প্রকল্পের সুযোগ পাচ্ছে?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে মুর্শিদাবাদ জেলায় ৫০৭৫টি প্রাথমিক বিদ্যালয় ও ৮২৭টি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল প্রকল্প চালু আছে।

(খ) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে প্রাথমিকে ৬,১১,৮০০ জন এবং উচ্চ প্রাথমিকে ২,৩৯,৭৩২ জন ছাত্রছাত্রী উক্ত প্রকল্পের সুযোগ পাচ্ছে।

নদীয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়

২৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪০) **শ্রী অজয় দে :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে নদীয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত?

(খ) তন্মধ্যে একজন শিক্ষক/শিক্ষিকা বিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা কত ; এবং

(গ) ঐ সকল বিদ্যালয়গুলিতে শিক্ষক/শিক্ষিকার সংখ্যা বৃদ্ধি করার কোনো পরিকল্পনা সরকারের আছে কি?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : (ক) বর্তমানে নদীয়া জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ২৬১৬।

(খ) যে সব প্রাথমিক বিদ্যালয় একজন শিক্ষক/শিক্ষিকা বিশিষ্ট ছিল, সম্প্রতি সেখানে অতিরিক্ত শিক্ষক দেওয়া হয়েছে।

(গ) শিক্ষার অধিকার আইন, ২০০৯ অনুসারে শিক্ষক -ছাত্রের সংখ্যা ১ : ৩০ অনুপাতে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। পরীক্ষাপর্ব শেষ হলে শিক্ষক/শিক্ষিকার সংখ্যা বৃদ্ধি পাবে।

সুন্দরবনে নোনাজল নিষ্কাশন

২৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬২) **শ্রীজয়ন্ত নস্কর :** সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০০৯ সালে আইলা বিধ্বস্ত সুন্দরবনে নোনাজল নিষ্কাশনের কাজে বহু আর্থিক অনিয়ম হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এই ক্ষেত্রে গৃহীত পদক্ষেপগুলি কী কী?

সুন্দরবন বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এ ব্যাপারে সুন্দরবন বিষয়ক দপ্তরের কাছে সুনির্দিষ্ট কোন অভিযোগ নেই। কিন্তু মাননীয় বিধায়ক শ্রীজয়ন্ত নস্কর, শ্রীমতি দেবশ্রী রায় এবং শ্রীজয়দেব হালদার-এর অভিযোগের পরিপ্রেক্ষিতে সুন্দরবন বিষয়ক দপ্তরের পক্ষ থেকে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

নতুন সুসংহত শিশু বিকাশ কেন্দ্র

৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৬) **শ্রীমতী ফিরোজা বিবি :** শিশুবিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পূর্ব মেদিনীপুর জেলায় নতুন সু-সংহত শিশু বিকাশ কেন্দ্র স্থাপনের বিষয়ে সরকারের পরিকল্পনা কি?

শিশু-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : এই মুহূর্তে কোনো পরিকল্পনা নেই।

মিড-ডে মিল

৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১০২৯) **শ্রীস্বর্ণ কমল সাহা :** বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে মোট কতগুলি বিদ্যালয়ে মিড-ডে মিল চালু আছে (জেলাওয়াড়ী হিসাব সহ)?

বিদ্যালয় শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় : ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে মোট ৭০,৩৫৬ প্রাথমিক (এস.এস.কে./মাদ্রাসা সহ) ও ১৩,২৯১টি উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে মিল চালু আছে (জেলাওয়াড়ী হিসাবে নীচে দেওয়া হল)।

Mid Day Meal Programme

Coverage of Primary Schools & Enrollment 2012-13

Sl. No.	Name of the District	Schools	Eligible Enrollment	Covered School	Covered Enrollment	% of coverage Schools	% of coverage Enrollment
1	2	3	4	5	6	7	8
1.	Bankura	4050	353185	4047	234494	100%	66%
2.	Brirbhum	3779	380580	3763	365667	100%	96%
3.	Burdwan	6306	771706	6204	644758	98%	84%
4.	Couchbehar	2562	281251	2562	281257	100%	100%
5.	D/Dinajpur	1886	150424	1886	150424	100%	100%
6.	U/Dinajpur	2499	447667	2492	446170	100%	100%
7.	DGHC	1312	65267	1312	65267	100%	100%
8.	Hooghly	3408	342840	3389	326908	99%	95%
9.	Howrah	2456	372221	2456	362221	100%	100%
10.	Jalpaiguri	3152	482044	3126	477233	99%	99%
11.	Kolkata	1550	167986	1438	153319	93%	91%
12.	Malda	2618	499060	2583	499060	99%	100%
13.	Murshidabad	5164	896340	5075	611800	98%	68%
14.	E/Midnapur	5768	547030	6734	465208	99%	85%
15.	W/Midnapur	7234	562489	7234	583037	100%	102%
16.	Nadia	3385	493627	3385	467112	100%	95%
17.	N/24 Pgs	4731	526665	4579	511465	97%	97%
18.	S/24 Pgs	5012	848583	4913	832925	98%	98%
19.	Purulia	3510	352697	3498	352297	100%	100%
20.	Siliguri	680	85760	680	84648	100%	99%
	Total	71062	8637422	70356	7925264	99%	92%

Primary Schools including SSK. AJE & EGS centres, NCLP Schools, Madrasha etc.

[20th March, 2013]

Mid Day Meal Programme

Coverage of Upper Primary Schools & Enrollment 2012-13

Sl. No.	Name of the District	Eligible		Covered		% of coverage	
		Schools	Enrollment	School	Enrollment	Schools	Enrollment
1	2	3	4	5	6	7	8
1.	Bankura	833	180237	831	125515	100%	70%
2.	Brirbhum	684	185414	670	175415	98%	95%
3.	Burdwan	1005	347923	952	313787	95%	90%
4.	Coochbehar	625	216669	625	216669	100%	100%
5.	D/Dinajpur	278	132137	278	132137	100%	100%
6.	U/Dinajpur	399	350347	392	154954	98%	44%
7.	DGHC	198	31031	198	31031	100%	100%
8.	Hooghly	717	345430	659	314658	92%	91%
9.	Howrah	664	209664	664	209664	100%	100%
10.	Jalpaiguri	743	189320	703	179806	95%	59%
11.	Kolkata	564	181000	504	161498	89%	89%
12.	Malda	438	243777	432	243777	99%	100%
13.	Murshidabad	1043	408777	827	239732	79%	59%
14.	E/Midnapur	1021	280944	1021	238569	100%	85%
15.	W/Midnapur	1282	310118	1282	310118	100%	100%
16.	Nadia	766	299515	762	240207	99%	80%
17.	N/24 *Pgs*	*1165*	*573274*	780	463846	67%	81%
18.	S/24 Pgs	1069	376733	929	321656	87%	85%
19.	Purulia	708	146012	670	145750	95%	100%
20.	Siliguri	112	64789	112	63204	100%	98%
	Total	14314	5073111	13291	4281993	93%	84%

[12.00 noon–12.10 p.m]

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received six notices of Calling Attention on the following subjects, namely :-

Subject		Name
(i) Progress of construction of ITI building in Joynagar Block-II	:	Dr. Tarun Kanti Naskar
(ii) Deplorable condition of road from Harishchandrapur High School to Fatepur	:	Shri Tajmul Hossain
(iii) Construction of a now road from Saota Bus Stand to Dheria under Pradhan Mantri Gram Sadak Yojana	:	Shri Sahajahan Choudhury
(iv) Urge for Increase in frequency of A.C. Bus Service between Durgapur and Kolkata	:	Shri Sunil Kumar Mondal
(v) Urge for repairing of Drinking Water Supply Scheme at Kandra in Ketugram Block-I	:	Shri Sheikh Sahonawez
(vi) Urge for ensuring service of a Gyaenocologist in Purbasthali Rural Hospital under Purbasthali Block-II	:	Shri Tapan Chatterjee

I have selected the notice of Shri Tapan Chatterjee on the subject of urge for ensuring service of a Gyaenocologist in Purbasthali Rural Hospital under Purbasthali Block-II.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য : স্যার, আমি এক সপ্তাহের মধ্যে দিয়ে দেব।

Mr. Speaker : Now, I call upon the Minister-of-State for the Public Health Engineering Department to make a statement on the subject of non-implementation of Drinking Water Supply Scheme in Mankar-Budbud area under Galsi Assembly Constituency. (Attention called by *Shri Sunil Kumar* mondal on the 14th March., 2013).

শ্রী পুন্ডরীকাক্ষ সাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে, মাননীয় বিধায়ক শ্রী সুনীল কুমার মন্ডল মহাশয় কর্তৃক ১৪.০৩.২০১৩ তারিখে বিধানসভায় উত্থাপিত দৃষ্টি আকর্ষণী নোটিশের উত্তর দিচ্ছি—

মানকর বুদবুদ এবং তার সংলগ্ন এলাকার জল সরবরাহ প্রকল্প অনুমোদিত হয়েছে। ৬৬৪ লক্ষ (ছয় কোটি চৌষট্টি লক্ষ) টাকা অনুমতি ব্যয়ে (Dstimated cost) ৬ (ছয়)টি মৌজার ৪০,৬০৯ (চল্লিশ হাজার ছয় শত নয়) জন অধিবাসীকে উপকৃত করার লক্ষ্যে একটি বিস্তারিত প্রকল্প তথ্য (D.P.R.) তৈরী হয়েছে।

এই প্রকল্পের কাজ শীঘ্রই আরম্ভ হবে। ঐ অঞ্চলে মানকর জলসরবরাহ প্রকল্প নামে একটি পুরাতন প্রকল্প ১৯৮৩-৮৪ সালে ২০,১০২ (কুড়ি হাজার একশত দুই) জন অধিবাসীর জন্য ২৫.৭৯ লক্ষ (পঁচিশ লক্ষ উনআশি হাজার) টাকা অনুমোদিত খরচে চালু করা হয়েছিল। প্রকল্পটি কার্যকরণ এবং রক্ষণাবেক্ষনের (Operation & Maintenance) জন্য গলসি-১ নং পঞ্চায়েত সমিতিকে হস্তান্তর করা হয়েছিল। জানা গেছে যে, পঞ্চায়েত সমিতি কর্তৃপক্ষ বিদ্যুতের বিল না মেটানোয় ঐ প্রকল্পে সরবরাহ বন্ধ হয়ে গেছে। সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতিকে উক্ত বিদ্যুৎ পুনঃসংযোগ করার জন্য ও জলসরবরাহ চালু করার জন্য জানানো হয়েছে।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয় মন্ত্রী মহাশয় যে সংখ্যাটা বললেন ঠিক আছে। আমরা B.L.L.R.O., A.D.M. ইত্যাদিদের কে নিয়ে জায়গাটা ঠিক করে দিয়েছি। শুনেছি কন্ট্রাক্ট হয়েছে। কিন্তু কাজটা এখনও শুরু হয়নি। কাজ শুরু করতে অসুবিধাটা কোথায়?

শ্রী পুন্ডরীকাক্ষ সাহা : আপনি যে প্রশ্ন করেছিলেন সেখানে এর উল্লেখ রয়েছে। শীঘ্রই আরম্ভ হচ্ছে।

LAYING OF PEPORTS AND ACCOUNTS

The Audit Reports on the Accounts of the West Bengal Building and Other Construction Workers Welfare Board for the years 2008-2009 and 2009-2010

Shri Purnendu Basu : I beg to lay the Audit Reports on the Accounts of the West Bengal Building and Other Construction Workers Welfare Board for the years 2008-2009 and 2009-2010.

MENTION CASES

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুরুতেই একটা কথা বলেছেন যে, দৃষ্টিহীন এবং প্রতিবন্ধীদের সমস্যা নিয়ে আপনার কাছে কাল এসেছিলেন, আমি সেই সংক্রান্ত একটি বিষয়ে মাননীয়া সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বি পি এল তালিকাভুক্ত প্রতিবন্ধীদের মাসিক যে ডিসেবল পেনশন দেওয়া হয়, তার পরিমাণ মাত্র ৭৫০ টাকা। এই ভাতা বাড়িয়ে অন্তত ১৫০০ টাকা করা হোক। প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের যে বৃত্তি দেওয়া হয়, তার পরিমাণ দুশো তিনশো টাকা। অথচ কেন্দ্রীয় সরকারের ওই বৃত্তির পরিমাণ এক হাজার টাকা। ফলে উক্ত বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবি করছি। দৃষ্টিহীন সকল স্তরের সরকারী কর্মচারীরা ৪০০ টাকা কনভিয়েন্স্ অ্যালাউন্স পান। তাহলে সরকারী সাহায্যপ্রাপ্ত স্কুল কলেজের প্রতিবন্ধী শিক্ষকরা পাবেন না কেন। রাস্তা পার হওয়ার সময়ে দৃষ্টিহীনরা উপরে সাদা এবং নীচে লাল চিহ্ন দেওয়া আছে এই রকম লাঠি তুললে গাড়ি দাঁড়িয়ে যায়। একে হোয়াইট কেন্ 'ল' বলে। অন্য সব রাজ্যে এই আইন থাকলেও এই রাজ্যে কিন্তু এই আইন নেই। এই আইন এই রাজ্যে থাকা উচিত বলে আমাদের মনে হয়েছে। বেসরকারী কিন্তু বাণিজ্যিক নয়, দৃষ্টিহীনদের জন্য গড়ে ওঠা এমন শিক্ষা প্রতিষ্ঠানকে সরকারী সাহায্যদানের আবেদন করছি এবং মেডিক্যাল কলেজ থেকে দৃষ্টিহীনদের জন্য সার্টিফিকেট দেওয়ার পদ্ধতিকে সরল করার আবেদন জানাচ্ছি।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে রক্তস্নাত জঙ্গলমহলে বর্তমানে মা-মাটি-মানুষের সরকারের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে শান্তি প্রতিষ্ঠা হওয়ার পরে সেই এলাকাতে উনিশ মাসে এক বিশাল কর্মযোগ্য শুরু হয়েছে। সেই এলাকায় পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের খাদ্যমন্ত্রী মাননীয় জ্যোতিপ্রিয় মল্লিক মহাশয়ের উদ্যোগে লক্ষ লক্ষ রক্তস্নাত আদিবাসী পরিবারকে দু-টাকা কেজিদরে চাল এবং গম আটা সরবরাহের মাধ্যমে সেই এলাকার মানুষের খাদ্য সরবরাহের যে ব্যবস্থা করেছিল বর্তমান কেন্দ্রীয় সরকার রাজনৈতিক দৃষ্টিভঙ্গীতে উদ্দেশ্যপ্রণোদিতভাবে সেটা বন্ধ করে দেবার যে ষড়যন্ত্র করেছে, আমরা তার তীব্র প্রতিবাদ জানাই। আমরা মনে করি পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারকে এই চুড়ান্ত নীতি প্রতিহত করতে পারবে না। মা-মাটি-মানুষের সরকারের আমাদের জনপ্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমাদের রাজ্যের খাদ্যমন্ত্রী সিদ্ধান্ত নিয়েছেন যে জঙ্গলমহলের পিছিয়ে পড়া শ্রমিক এবং চা শিল্পের সঙ্গে যুক্ত পিছিয়ে পড়া শ্রমিক এবং সিঙ্গুরের ইচ্ছুক কৃষকদের জন্য দু-টাকা কেজিদরে চাল এবং আটার ব্যবস্থা করবেন এবং আমরা তাঁকে ধন্যবাদ জানাই। কেন্দ্রীয় সরকারের এই চরম ঔদ্ধত্যপূর্ণ নীতি ও এই অসহযোগিতার আমরা তীব্র প্রতিবাদ করছি।

শ্রী শাহাজাহান চৌধুরী : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৮ই মার্চ বেসরকারী বিশ্ববিদ্যালয় টেক্নো ইন্ডিয়াতে সারাদিন ধরে রাত ভোর পর্যন্ত ছাত্ররা ঘেরাও করে রাখে। কারণ ওখানে কলেজকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কারণ প্রতি বছর ক্যাম্পাসিং এর মাধ্যমে প্রায় ৭০-৮০% ছাত্রছাত্রী চাকরী পান। কিন্তু এবারে ৫০% এর মত চাকরী পেয়েছেন। ৪০০ জনের মধ্যে ২৩৩ জনের চাকরী হয় নি। সেইজন্য এই ব্যাপারে অতি সত্ত্বর যেন ছাত্রছাত্রীরা ক্যাম্পাসিং এর মাধ্যমে চাকরী পায়, প্রতি বছর যেমন পায়, সেইভাবে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12.10–12.20 p.m.]

শ্রী বাসুদেব খাঁ : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আপনার মাধ্যমে আমি কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিগত সরকারের সময়ে জেলখানার নাম পরিবর্তন করে এখন তার নামকরণ করা হয়েছে সংশোধনাগার, যাতে সাধারণ সাজাপ্রাপ্ত আসামীরা তাদের নিজেদের সংশোধন করতে পারে। কিন্তু পরিবর্তনের সরকার জেলখানার ভিতরে কি পরিবর্তন হয়েছে, তার কি কোন খোঁজ খবর রাখছেন? আমি জানি না। জেলখানার ভিতরে যারা সারা জীবন সাজাপ্রাপ্ত আসামী আছেন, যারা যাবৎজীবন দন্ড প্রাপ্ত হয়েছেন, তাদের প্যারোলে মুক্তির জন্য তারা এক বছরের মধ্যে ৭ বার পেয়েছে. আবার ১০ বছর যারা সাজাপ্রাপ্ত আছে, দেখা যাচ্ছে যে, তারা বারবার আবেদন করেও তারা কোনোভাবে প্যারোল পাচ্ছে না। এমনকি যাদের বাবা-মা, বাড়ির আত্মীয়-স্বজন মারা গেছে, তাদের তিনদিনের মতো প্যারোল দেওয়া হচ্ছে, যেতে-আসতেই সময় কেটে যাচ্ছে। তাই আমি কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই বৈষম্য দূর হয়। ধন্যবাদ।

শ্রী তজমূল হোসেন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হরিশচন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ২ নম্বর ব্লকের অধীন মশান্তবাজার ব্লক প্রাথমিক হাসপাতালটি বেহাল অবস্থায় আছে। এখানকার ৯০% লোক এই হাসপাতালটির ওপর নির্ভরশীল। এই হাসপাতালটিতে বর্তমানে এখন বাউন্ডারি নেই, তাছাড়া চতুর্থ শ্রেণীর কর্মীর অভাবে হাসপাতালটি সব সময় অপরিচ্ছন্ন অবস্থায় থাকে। এছাড়া ডাক্তার ও নার্সদের আবাসনগুলো ভগ্নপ্রায়। তাই বহিরাগত ডাক্তাররা এখানে বেশিদিন থাকতে চায় না। আরেকটা সমস্যা হ'ল, রোগীর তুলনায় শয্যা কম। তাই আপনার মাধ্যমে আমি বলতে চাই যে, রাজ্যে যখন স্বাস্থ্য পরিষেবা চরম শিখরে পৌঁছেছে, এই হাসপাতালটি রুগ্ন অবস্থায় রয়েছে। অবিলম্বে এই হাসপাতালটিকে দেখার জন্য মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী আছেন, ওঁনাকে আমি এই মশান্তবাজার হাসপাতালটি সম্পর্কে বলেছিলাম — একটু যত্নসহকারে আপনি গুরুত্ব দিন। হরিশচন্দ্রপুর ২ নম্বর ব্লকের অধীন মশান্তবাজার হাসপাতালটি ....(এই সময় মাইক অফ করে দেওয়া হয়)

শ্রী বিরাম মান্ডি : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এম.জি.এন.আর.জি.এ. প্রকল্পে ৩ হাজার কোটি টাকা খরচ করেছেন এবং ভারতে এক নম্বর হয়ে গেছেন। যে গ্রাম পঞ্চায়েতে একজন তৃণমূলের পক্ষ থেকে নির্বাচিত, তিনি হয়ে গেছেন প্রধান। যে গ্রাম পঞ্চায়েতে সবাই সি.পি.এম. এর পক্ষ থেকে নির্বাচিত, সেখানেও তৃণমূলের প্রধান। গ্রামোন্নয়ন দপ্তরের কাজ চলছে দুর্বার গতিতে। ৫ জন মানুষ ৫ হাজার জনের কাজ করছেন। একটা জে.সি.পি., চারটি হাইড্রোলিক ট্রাক্টর ৫ দিনে ৫ টা রাস্তা, ৫ টা 'জল ধরো জল ভরো' কর্মসূচীতে পুকুর কাটছেন। যাদের কাজ করার কথা, তারা আড়াল থেকে লুকিয়ে দেখছেন। ওদের সামনে গিয়ে কেউ শিলাদিত্য চৌধুরী, প্রতাপ নস্কর, গোপাল মাঝি এবং তাপস চৌধুরী হতে চাইছেন না। পাহাড় হাসছে, হাসতে হাসতে সরকারকে দু'বার হলুদ কার্ড দেখিয়েছে। তেমনই জঙ্গলমহলে গতকাল বীনপুরে আমাদের সরকারকে হলুদ কাগজে নোটিশ ধরিয়ে দিয়েছে। ...... (এই সময় মাইক অফ করে দেওয়া হয়)

ম্যাডাম ডেপুটি স্পীকার : অনারেব্‌ল্‌ মেম্বার্স, আপনারা যে পয়েন্ট দেবেন, সেই পয়েন্টের বাইরে কিছু বললে সেটা প্রসেডিংস-এ যাবে না। এটা আগেই বলে দেওয়া হয়েছে।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয়া ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলাসহ সারা রাজ্যে ২০ লক্ষের বেশি বিড়ি শ্রমিক আছে। পুরুলিয়া জেলার বিড়ি শ্রমিকরা বর্তমানে ৮০ টাকার কম মজুরি পায়। এই মজুরি দিয়ে বিড়ি শ্রমিকদের সংসার চালানো খুব কঠিন হয়ে পড়েছে। এই বিষয়ে বামপন্থী শ্রমিক সংগঠন, ডানপন্থী শ্রমিক সংগঠন, মালিকপক্ষ, জেলা শাসককে জানিয়েও কোনো মজুরি বৃদ্ধি হয় নি। সাথে সাথে আরো জানাই যে, বিড়ি শ্রমিকদের গৃহ নির্মাণ প্রকল্প বন্ধ হয়ে গেছে এবং বিড়ি শ্রমিকদের ছেলে-মেয়েরা পড়াশুনার সময়কালে যেসব সুযোগ-সুবিধা পেতো, সেটাও বন্ধ হয়ে গেছে। এই বিষযে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান সরকার স্বাস্থ্য ব্যবস্থা ঢেলে সাজানোর জন্য অনেকগুলি পরিকল্পনা নিয়েছেন। জেলায় জেলায় মডেল হাসপাতাল, সুপার স্পেশ্যালিটি হাসপাতাল— স্থাপন করার পরিকল্পনা নিয়েছেন। কিন্তু আমরা যা দেখছি স্বাস্থ্যের বেহাল অবস্থা, গ্রামাঞ্চল থেকে রোগীরা কলকাতা বা জেলা হাসপাতালগুলিতে এলে মাসের পর মাস খালি ভর্তি হওয়ার ডেট পায়, কিন্তু ভর্তি হওয়ার বেড পায় না। আমি যেটা বলতে চাইছি, আমার বিধানসভা এলাকার অন্তর্গত ভাতকুন্ডা গ্রামে একটি উপস্বাস্থ্যকেন্দ্র আছে। সেই কেন্দ্রটিতে একজন মাত্র ডাক্তার সপ্তাহে তিনদিন আসেন, একজন ফার্মসিস্ট এবং একজন নার্স আছেন। আমি বলতে চাই এটি জঙ্গলের ভিতরে অবস্থান করছে, ২০ থেকে ২২ খানা গ্রামের মানুষ এই হাসপত্রাতালটির উপর নির্ভরশীল। অনেক দিন আগে এখানে ১০ খানা বেড চালু ছিল এবং রোগী ভর্তি থাকতো। আমি দাবি জানাচ্ছি সেই বেডগুলি চালু করা হোক এবং ওই হাসপাতালটিকে ৫০ বেডের অনুমোদন দেওয়া হোক। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীলভদ্র দত্ত : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি কারিগরী শিক্ষা দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি, আমার ব্যারাকপুর শিল্পাঞ্চলে প্রচুর শিল্প কারখানা আছে। কিন্তু সেখানকার ছেলেমেয়েদের কারিগরী শিক্ষায় শিক্ষিত হওয়ার মত প্রতিষ্ঠান নেই বললেই চলে। তাই আমাদের ওই এলাকায় একটি কারিগরী কলেজ করা যায় কিনা সে বিষয়ে ভাবনা-চিন্তা করার জন্য আপনার মাধ্যমে আমি মাননীয় কারিগরী শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়া, আমি একটি বিশেষ ক্ষেত্র যেখানে বামফ্রন্ট সরকারের ব্যর্থতা, সেটার একটি বহিঃপ্রকাশ মোহিনী কটন মিল। প্রায় ২৫০০ লোক সেখানে চাকরী করতো আজকে ২০ বছরের বেশি এই কারখানায় প্রায় ১৫০০ লোক মারা গিয়েছে। তাদের পরিবার আজও তাদের গ্র্যাচুইটী, তাদের প্রভিডেন্ট ফান্ড, তাদের যে পাওনা সেটা পায় নি। কারখানাটি কেন্দ্রীয় সরকার একসময় অধিগ্রহণ করেছিল, পরে সেটা ডি-নোটিফাই করে রাজ্য সরকারকে দেয়। রাজ্য সরকার সেই কারখানাটি চালাতে অসম্মত হওয়ায় আজকে ২৫০০ লোকের মধ্যে ১৫০০ শ্রমিকেরও বেশি তারা মৃত্যুমুখে পতিত হয়েছে। আমি আপনার মাধ্যমে বিশেষ করে শ্রমমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই যে বন্ধ কারখানা রয়েছে এবং সেই কারখানার শ্রমিকরা আজকে মৃত্যুমুখে, তাদের তো কোন দোষ নেই। তারা তাদের জীবনের ৩০ বছর-৪০ বছর চাকরী করেছে। তাদের জীবনের যে শেষ সম্বলটুকু, এইটুকুর জন্য তারা যাতে

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এবং শ্রমিকরা যাতে ন্যায্য পাওনা পায় তার জন্য ব্যবস্থা করে এটাই আপনার মাধ্যমে আজকে আমার নিবেদন।

শ্রী অসিত মিত্র : ম্যাডাম, আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। Essential Commodities Supply Corporation 1974, যখন সিদ্ধার্থবাবু এখানকার মুখ্যমন্ত্রী ছিলেন তখন Essential Commodities Supply Corporation তৈরী হয় এবং সেটা হয়েছিল সাধারণ মানুষের জন্য যাতে বন্টন ব্যবস্থা ঠিক থাকে। ম্যাডাম, এই কর্পোরেশনে বর্তমানে die-in-harness-এ প্রায় ২৮ জন এমপ্লয়ী আছেন — মাননীয় মন্ত্রী সুব্রতবাবু এক সময় দায়িত্ব নিয়েছিলেন ওখানকার ইউনিয়নের। ওখানে ২৮ জন কর্মচারী আছেন, যারা daily wage-এ মাহিনা পান। তাদের এখনও পর্যন্ত চাকরী হয় নি die-in-harness-এ। ২৪৩ টাকা পান যারা সি গ্রুপের কর্মচারী, ডি গ্রুপের কর্মচারী ২৩০ টাকা। আমি আপনাকে এটাও বলছি ১৩ জন কর্মচারী আছেন যাদের এখনও পর্যন্ত এমবার্গোর জন্য তারা die-in-harness-এর কবলে আছেন, কিন্তু তাদের এখনও চাকরী হয় নি। আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি এদের স্থায়ী চাকরীর বন্দোবস্ত করা হোক। বর্তমানে যারা করছেন এবং যে ১৩ জন আটকে আছেন তাদের চাকরী দেওয়ার বন্দোবস্ত করা হোক, নতুবা তাদের সাংসারিক অবস্থা খুব বিপর্যস্ত অবস্থার মধ্যে থাকবে।

শ্রী আবু তাহের খান : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রেজিনগর নতুন বিধানসভা কেন্দ্র হয়েছে, সেই বিধানসভায় নারকেলবাড়ী একটা ঘাট আছে, সেই ঘাটের উপরে সেতু অত্যন্ত প্রয়োজন। কারণ ওই নতুন বিধানসভা কেন্দ্র তথা ব্লকে একমাত্র যাতায়াতের রাস্তা সেটাই। এপাড়ে ব্লক ১০ টা অঞ্চল, এপার-ওপার নিয়ে সাংঘাতিক সমস্যা হয়। আর সেই সেতুর জন্য প্রায় এক ঘন্টা অপেক্ষা করতে হয় মানুষকে। তাই মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেই সেতুটি নির্মাণ করা হয়।

[12.20–12.30 p.m]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : ডেপুটি স্পীকার ম্যাডাম, ইংরাজী ২০১০-১১ আর্থিক বছরে আমার বিধানসভার সাগর ব্লকে মিত্তিগঞ্জনগর ফেরিঘাট হইতে কচুবেড়িয়া গঙ্গাসাগর পি.ডব্লু.ডি. রোড পর্যন্ত ১৫ কিলোমিটার রাস্তাটি করার জন্য টেন্ডার করা হয়েছে এবং ইতিমধ্যে টেন্ডারের যিনি কন্ট্রাক্টর তার নিয়োগও হয়েছে। অনতি বিলম্বে রাস্তাটির কাজ যাতে শুরু করা যায় আপনার মাধ্যমে মাননীয় পূর্ত সড়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে প্রধানমন্ত্রীর সড়ক যোজনায় খুব রাস্তার কাজ হচ্ছে বা হয়েছে। কিন্তু এই রাস্তাগুলি অল্প দিনের মধ্যে নষ্ট হয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রীর দপ্তর থেকে এর রিপেয়ারিং বাবদ কোন টাকা ধরা নেই। পূর্ত দপ্তর বলছে এ কাজ আমরা দেখব না। পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত দপ্তর এই কাজটা দেখভাল করে। তাদের নির্দেশে সেটা হয়তো ঠিক হয়। অথচ জেলা পরিষদকে বলা হলে এই কাজ করার জন্য জেলা পরিষদ বলে আমাদের

হাতে কোন ফান্ড নেই। যার ফলে রাস্তাগুলো অকেজো হয়ে যাচ্ছে। মানুষের চলাচলের অযোগ্য হয়ে যাচ্ছে। যানবাহন চলতে পারছে না। প্রচন্ড অসুবিধা হচ্ছে। সেই জন্য আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই রাস্তা রিপেয়ারিং বা মেন্টেনেন্স করার জন্য একটা নির্দিষ্ট পদ্ধতি বা ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয় মন্ত্রী এর উত্তর দেবেন।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, মাননীয় সদস্য এখনই রাস্তার কথা বললেন এটা ঠিক নয়। কারণ রাস্তা তৈরী হলে, যে তৈরী করে এখন তার দায়িত্ব ৫ বছর মেন্টেনেন্স করা। এবং তারপর আমরা এটা পুরানো মন্ত্রীরা রয়েছেন জানেন, তারপরে আমরা সেটা জেলা পরিষদকে দিয়ে দিই। বিশেষ করে পি.এম.জি.এস.ওয়াই. রাস্তা হলে। আর সেখানেও আমাদের ১৫% পার কস্ট্ ধরা হয় ফর মেন্টেনেন্স। যদি কোন অসুবিধা থাকে তা সত্ত্বেও জানাতে পারি।

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বিধানসভা নির্বাচনের আগে এবং পরে পশ্চিমাঞ্চল বনাঞ্চল এলাকায় বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রী অজস্র এবং অশেষ, ভুরিভুরি কাজের প্রতিশ্রুতি দিয়েছিলেন। যেমন — ঝাড়গ্রাম মহকুমা হাসপাতালকে জেলা হাসপাতালে উন্নীতকরণ করার ঘোষণা করেছিলেন কিন্তু বর্তমানে সেটা সাইন হয়ে রয়ে গেছে। আমার বিধানসভা এলাকা এঁঠেলা থেকে এড়গোদা পর্যন্ত পি.এম.জি. রাস্তার ২৭ কিলোমিটার ২৬.০৮.২০১২ থেকে ২৭.০৮.২০১৩ তারিখে শেষ হওয়ার কথা কিন্তু এখনও পর্যন্ত শুরু হয় নি। একশো দিনের কাজের যে শ্রমদিবস তৈরী করার কথা কোন অগ্রগতি হয় নি আমার বিধানসভা এলাকায়। বীনপুরে আই.টি.আই. কলেজ হওয়ার ঘোষণা করেছিলেন কিন্তু এখনও কোন কাজ হয় নি। জঙ্গলমহলে খাল-বিল এবং ছোট নদীর উপর যে চেকড্যাম্প, ব্রীজ এবং কালভার্ট তৈরী করার এবং 'জল ভরো জল ধরো' যে স্লোগানের ডাক দিয়ে তার বাঁধ বা পুকুর সংস্কার করার কাজ এখনও আমার বিধানসভা এলাকায় অগ্রগতি হয় নি। এই যে পশ্চিমাঞ্চলের শ্রমদিবস, যে শ্রমদিবস কাজের মানুষ কাজের মাধ্যম করে শ্রমদিবস না করে আজকে বড় মেশিন যেটা আমরা এলাকায় হাতিশুঁড় (জি.সি.পি.) বলি সেই কাজ দিয়ে জি.সি.পি. দিয়ে মাটি খোঁড়াচ্ছে অথচ ভিন রাজ্যে বিভিন্ন খেত মজুর, শ্রমিকরা কাজের সন্ধানে চলে যাচ্ছেন। এটা আমি বলব, যে শিলান্যাস এবং প্রতিশ্রুতি নয় বাস্তবে কাজে রূপায়ণের দাবী রাখছি। ধন্যবাদ।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে। আমাদের পুরসভা রাণাঘাট পুরসভায় স্বর্ণ জয়ন্তী স্ব-রোজগার যোজনার প্রকল্পে ২০১০-২০১১ সালে লোন অ্যাপ্লিকেশান স্পনসর্ড করেছিল এস.বি.আই রাণাঘাট ব্রাঞ্চে। এবং তারপর জয়েন্ট ইন্সপেক্শান হয়েছিল, ব্যাঙ্ক থেকে স্যাংশান দেওয়া হয়েছিল। তার ভিত্তিতে আমরা সুডার কাছে আর্বান ডেভেলপমেন্ট এজেন্সি নোডাল এজেন্সি তার কাছে আমরা সাবসিডি ক্লেম করি এবং সাবসিডির টাকাও আসে। পর্যায়ক্রমে ৫.২৮ লাখ এসেছে ২.৬.১১ তে এবং ৭.৩০ লাখ এটা এসেছে ২৮.৬.১১তে। কিন্তু অদ্ভুতভাবে তারা লোন স্যাংকশান করল, ডিসবার্সমেন্টের সময়, out of ১০৭, ৫৬ কেস তারা ডিসবার্স করল। এখনও ৫১ টা কেস তারা ডিসবার্স করে নি। অথচ সাবসিডির টাকা এখনও তাদের কাছে till

today পড়ে আছে। এছাড়াও ২০১১-১২তে আমরা আরো ২৩টা application sponsored করি। তারা joint inspectin করে এবং সাবসিডির টাকা তারা ক্লেইম করে, আমরা সাবসিডির টাকা জমাও নিই ২.২২ লাখ। Out of that ১২ টা কেস তারা ডিসবার্স করেছে। এখনও ১১ টা কেস তারা করে নি এবং ওই ১১ টা কেসের যে সাবসিডির অ্যামাউন্টটা আছে সেই চেক অ্যামাউন্টটা ১.৩৭ লাখ সেটা আমাদের কাছে রিফন্ড দিল। আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার এটাই বলা যে ব্যাঙ্ক এতদিন ধরে কিভাবে সাবসিডির টাকাটা আটকে রাখল এবং স্যাংশান অনুযায়ী আমরা তাদের কাছে সাবসিডির টাকা পাঠিয়েছি। তৎসত্ত্বেও তারা ডিসবার্স না করে ২০১১-১২ সালের সাবসিডির ১.৩৭ লাখ টাকার চেক সেটা কেন রিফান্ড দিল? ধন্যবাদ।

শ্রী সমরেন্দ্র নাথ ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারের ফাটকাবাজি বাড়ছে এবং নাইট্রোজেন ঘটিত সারের দাম এত বেড়ে গেছে, সংশ্লিষ্ট অন্য সারের দামও বাড়ছে। বাড়ছে, কৃষিতে উৎপাদন নাই, কিন্তু বিক্রয়মূল্য কমে যাচ্ছে। ফলে চাষীর মাথায় হাত। সেই সঙ্গে প্রাকৃতিক বিপর্যয় যেমন, পান-চাষী অত্যধিক শীতে পান পড়ে গিয়েছে। স্ট্রবেরী-চাষীরা যারা সখ করে স্ট্রবেরী আবাদ করেছিল, তারা দাম পাচ্ছে না। এমন পরিস্থিতিতে আমার মনে হয় কৃষি ও কৃষক সম্বন্ধে এই সরকারের অধিক ভাবা উচিত। মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি প্রস্তাব রাখছি, কৃষিক্ষেত্রে ভর্তুকি চালু করা হোক। কৃষকের ফসলের লাভজনক সহায়ক মূল্য নির্ধারণ করা হোক। এবং কৃষিপণ্যকে ক্রয় করার ব্যাপারটা সুনিশ্চিত করা হোক। ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মন্ডল : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গলসি বিধানসভার কাঁকসা ব্লকের কাঁকসা ৩ নম্বর কলোনী এবং বাজার থেকে গোবিন্দপুর যাওয়ার রাস্তাটা প্রচন্ড খারাপ এবং এটির অধিকাংশ আদিবাসী অধ্যুষিত এলাকা, তপশিলী অধ্যুষিত এলাকা, এবং বিভিন্ন ছেলেমেয়েরা স্কুল-কলেজে যেতে গিয়ে দুর্ঘটনার কবলে পড়ছে। যাতে এই রাস্তাটি পাকা রাস্তায় পরিণত করা যায়, তারজন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সমীর কুমার পোদ্দার : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার বিধানসভার অন্তর্গত রাণাঘাট দু নম্বর ব্লকের পানিখালি প্রীতিলতা কলেজ ২০০৭ সালে বিগত সরকার অনুমোদন করেন। কিন্তু অনুমোদনই সার। সেখানে এখনও পর্যন্ত বিদ্যুতের ব্যবস্থা নেই, বিল্ডিং-এর ব্যবস্থা নেই, পানীয় জলের ব্যবস্থা নেই। পাশের একটা স্কুলে ক্লাস হয়। যদিও বর্তমান মা-মাটি-মানুষের সরকার গত বছর, সেটা ছিল ওমেন্স কলেজ, সেটাকে কো-এড করে ছেলেমেয়েদের একসঙ্গে করেছে। কিন্তু আমি সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এরকম একটি কলেজ যেখানে অনুমোদন করেছে, ২০০৭ সাল থেকে চলছে, সেটি পরিকাঠামোর অভাবে কলেজটিতে ছাত্রছাত্রী আসতে চাইছে না। শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, G.B. গঠন করে কলেজটিতে যাতে তার পরিকাঠামোর উন্নয়ন করা যায় এবং কলেজটাকে যাতে বাঁচানো যায় সেই ব্যবস্থা করার জন্য। ধন্যবাদ।

[12.30–12.40 p.m]

শ্রী ধীরেন বাগদী : ধন্যবাদ ম্যাডাম। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর কাছে দাবি রাখছি যে আমার বিধানসভা ক্ষেত্রসহ গোটা বীরভুম জেলায় বিদ্যুৎ কানেকশানের কাজ বন্ধ

হয়ে আছে। ডিপার্টমেন্ট থেকে যেসব যন্ত্রপাতি সাপ্লাই দেওয়া হয়, সেটা ঘাটতি থাকার জন্য সেই কানেকশান হচ্ছে না। আপনি জানেন এই সময় স্যালো, সাব মার্সিবেলগুলোর কানেকশান বন্ধ হয়ে রয়েছে। এই গ্রীষ্ম মরসুমে যদি কানেকশান করা না হয় তাহলে ডোমেস্টিক কানেকশান থেকে স্যালো, সাব মার্সিবেল সব গ্রাহকরাই ক্ষতিগ্রস্ত হবে। জরুরী ভিত্তিতে ডিপার্টমেন্টের যে যন্ত্রপাতিগুলো সরবরাহ করা দরকার সেগুলো সরবরাহ করে এই কাজকে ত্বরান্বিত করা হোক। ধন্যবাদ।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত এলাকায় একদিকে ভাগীরথী নদী, একদিকে খড়ে নদী। গঙ্গার এই ভাঙনের ব্যাপারে আমি আগেও পবিত্র বিধানসভায় উত্থাপন করেছিলাম। সেইসময় সেচমন্ত্রী ছিলেন মানস ভূঞ্যা। সামান্য কিছু বাঁশের খাঁচা দিয়ে ভাঙন রোধ করা হয়েছিল। কিন্তু কিছুই হয়নি। তখন শুনেছিলাম যে এবারে দিল্লী থেকে টাকা এনে ব্যবস্থা হবে। কিন্তু কিছুই হয় নি। পাটুলি, দামপাল, যজ্ঞেশ্বরপুর, ঝাউডাঙা, নওপাড়া, কুটুরিয়া ও গঙ্গাধরপাড়া এইসমস্ত এলাকায় গঙ্গার বিভীষিকা ভাঙনের ফলে অনেক জমি নষ্ট হয়ে যাচ্ছে, অনেক স্কুল বাড়ি নষ্ট হয়ে যাচ্ছে। অথচ আমাদের আগের মাননীয় মন্ত্রী এই ব্যাপারে মনিটরিং কমিটির মিটিং করেছিলেন। উনি ভালো ভালো গল্প করতেন। কিন্তু কাজের কাজ কিছুই হয় নি। সুতরাং বর্তমান মা-মাটি-মানুষের সরকারের সেচমন্ত্রী রাজীববাবুকে অনুরোধ করবো যাতে আমার এলাকায় গঙ্গার ভাঙন রোধ করা যায় এবং যাতে এইসমস্ত স্কুল, ব্যবসায়ীক প্রতিষ্ঠান, রাস্তাঘাট রক্ষা করা যায়। বর্ষাকালে ভাঙন রোধ না করে যখন গঙ্গার জল কম থাকবে তখন বাঁধালে উপকার হবে। আমরা দেখেছি ৩৪ বছর বাম সরকারের আমলে গঙ্গা বাঁধানো হত কোন্ সময় — যখন গঙ্গার জল বাড়তো, সেইসময় পাথর পড়তো, কোনো হিসেব পাওয়া যেত না। এইসমস্ত বিষয়গুলো সাধারণ মানুষ যাতে জানতে পারে সেই ব্যবস্থা করবেন এবং যাতে গঙ্গার ভাঙন রোধ করা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আমাদের পশ্চিমবাংলার লক্ষ লক্ষ ছাত্রছাত্রী এবং লক্ষ লক্ষ অভিভাবক অভিভাবিকা তারা ভীষণভাবে উদ্বিগ্ন। উদ্বিগ্ন এই কারণে যে আমাদের রাজ্যে প্রাথমিক থেকে শুরু করে বিশ্ববিদ্যালয় সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে একটা বিরাট সংখ্যক শিক্ষকের পদ খালি হয়ে আছে। তার সংখ্যা প্রায় ৬০-৭০ হাজার। প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, বিশ্ববিদ্যালয় সব মিলিয়ে প্রায় ৬০-৭০ হাজার শিক্ষকের পদ খালি। এমন ঘটনা ঘটেছে, আমাদের ওখানে একটা কলেজ রয়েছে — সেখানে আড়াই বছর আগে - আজ পর্যন্ত একজনও শিক্ষক দেওয়া হয় নি। আড়াই বছর বালিকাদের একটা মহাবিদ্যালয় মানে গার্লস কলেজ চলছে একজন শিক্ষক নেই। লোকের কাছে চাঁদা নিয়ে, পয়সা নিয়ে কোনোরকমে চালাতে হচ্ছে। এটা খুবই দুর্ভাগ্যের। এই দু বছরের মধ্যে এই সরকার কোনো স্তরে একজন শিক্ষকও নিয়োগ করতে পারে নি। প্রাথমিকে হয় নি, মাধ্যমিকে হয় নি, কলেজে হয় নি, ইউনিভার্সিটিতে হয় নি। একজন মাত্র মন্ত্রী তাকে একদম প্রাইমারি থেকে আরম্ভ করে ইউনিভার্সিটি দেখতে হচ্ছে, এটা অসম্ভব ব্যাপার। আমাদের সময় ছজন মন্ত্রী ছিলেন। আজকের দেখার অভাবে গুরুত্ব পাচ্ছে না, মামলা মোকদ্দমা হয়ে যাচ্ছে। যার ফলে ছেলেরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। ছাত্রছাত্রীদের পড়াশুনা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে বলতে চাই অবিলম্বে ব্যবস্থা নিন যাতে সমস্ত স্কুলে, সমস্ত কলেজে, সমস্ত ইউনিভার্সিটিতে শিক্ষক দেওয়া যায় নাহলে পড়াশুনা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। ধন্যবাদ।

শ্রীমতী দেবলীনা হেমব্রেম : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে পরিবর্তনের সরকার দু'বছর হল ক্ষমতায় এসেছে। আমাদের বামফ্রন্ট সরকারের আমলে প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা এবং বার্ধক্য ভাতা চালু ছিল। আমরা খবর নিয়ে দেখেছি এইসব ভাতার ব্যাপারে বিভিন্ন জেলায় বিভিন্ন রকম অবস্থা হয়ে আছে। আজকে অনেক জেলায় এইসব ভাতার টাকা দীর্ঘদিন ধরে প্রাপকরা পাচ্ছে না। যেমন— আমাদের জেলায় এগারো মাস যাবৎ এইসব ভাতার টাকা প্রাপকরা পাচ্ছে না। আমি আপনার মাধ্যমে বর্তমান রাজ্য সরকারের কাছে দাবি করছি এবং আবেদন করছি এই প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা এবং বার্ধক্য ভাতা যাতে নিয়মিত প্রদান করা হয়।

শ্রী শেখ শাহানওয়াজ : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমার কেতুগ্রাম বিধানসভা এলাকায় মৌগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চরসুজাপুর থেকে চরকুঠুরিয়া গ্রাম যেটা গঙ্গা নদীর ওপারে একেবারে নদীয়া ডিস্ট্রিক্টের ধারে অবস্থিত। ওখানে যোগাযোগ ব্যবস্থা খুবই খারাপ। ২০১১ সালের বন্যায় এলাকাটি খুব ক্ষতিগ্রস্ত হয়েছিল। বন্যা বিধ্বস্ত এলাকায় রাস্তাঘাটের কোন ব্যবস্থা পূর্বতন সরকার করে নি। গ্রাম এলাকায় বর্ষাকালে এক কোমর কাদা হয়। বর্তমানে এই সরকারের আমলে কিছু রাস্তার কাজ হয়েছে। বর্তমানে যোগাযোগের যা অবস্থা তাতে চরসুজাপুর থেকে নদীয়ার কালিগঞ্জ বিধানসভা পর্যন্ত পাঁচ কিলোমিটার রাস্তা যদি পূর্ত দপ্তর নির্মাণ করে দেয় তাহলে ভালো হয়। বর্তমানে কেতুগ্রাম ব্লকে আসতে ঐ এলাকার মানুষকে কুড়ি কিলোমিটার পথ অতিক্রম করতে হয় এবং গঙ্গা পেরিয়ে আসতে হয়। এই ব্যাপারে আমি মাননীয় পূর্ত মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে এই রাস্তাটি নতুন করে নির্মাণ করা হয়। ঐ এলাকার লোকরা যাতে বাজার, স্কুল-কলেজে যেতে পারে তার জন্য আমি রাস্তাটি নতুন করে নির্মাণ করার দাবি জানাচ্ছি।

শ্রী নেপাল মাহাত : ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় টেক্‌নিক্যাল এডুকেশন মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, West Bengal Vocational Act, ২০০৫ সালে তৈরী হয় এবং তার বেসিসে পশ্চিমবাংলার বিভিন্ন স্কুলে এই ভোকেশানাল কোর্স চালু হয়। সেখানে অনেক ছেলে-মেয়েরা কর্মরত। এখন যেটা আইডেন্টিফাই হয়েছে, ভোকেশানাল অ্যাক্টের পরে একটা রুলস্ তৈরী হওয়ার কথা, যে রুলসের ভিত্তিতে vocational institute-গুলো চলবে বা তাদের নিয়ম-কানুন বাধা হবে। বামফ্রন্টের আমলে এই রুলস্‌টা তৈরী হয়েছে। আজকে সাত বছর হয়ে গেল, এই ব্যাপারে আগের সরকারও কিছু করেন নি, এখনও কিছু রুল তৈরী হয় নি। বিনা রুল, বিনা আইনে ডিপার্টমেন্ট চলছে, কোটি কোটি টাকা খরচ হচ্ছে। আজকে বেকার যুবক-যুবতীদের ভবিষ্যৎ অন্ধকার। পুরো বিষয়টি একেবারে আজেবাজে জায়গায় চলে গিয়েছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বিষয়টি সিরিয়াসলি দেখতে অনুরোধ করছি। বিধানসভায় যখন কোন অ্যাক্ট হয়, তখন তাতে পরিষ্কার লেখা থাকে কাজ শুরু হবে তখনই যখন রুলস্‌টা তৈরী হবে। এই বিষয়টি দেখার জন্য আমি অনুরোধ করছি, তা না হলে সারা পশ্চিমবঙ্গে এই vocational institute -গুলোতে যেভাবে দুর্নীতে হচ্ছে, যেভাবে টাকা-পয়সা নষ্ট হচ্ছে সেটা কোনভাবেই বন্ধ করা যাবে না।

শ্রী অশোক ঘোষ : ডেপুটি স্পীকার ম্যাডাম, পশ্চিমবঙ্গ সরকার 'আমরা', 'ওরা' রাহু মুক্ত

হয়েছে। কিন্তু আমার বিধায়ক এলাকা উন্নয়ন প্রকল্পের টাকা আমি খরচ করতে পারছি না। সেখানে বসে আছেন হাওড়া কর্পোরেশানের মেয়র সমেত সিপিএমের কাউন্সিলাররা, তারা সেখানে আমাদের কোন কাজ করতে দিচ্ছেন না। সেখানে 'আমরা', 'ওরা' চলছে। আমি দুটি প্রকল্পের কথা বলছি, যার জন্য আমি অলরেডি টাকা দিয়েছি। তার মধ্যে একটি হল ত্রিফলা আলো, এর জন্য কুড়ি লক্ষ টাকা আমি দিয়েছি। ছয় মাস আগে এই প্রকল্পটি আমি জমা দিয়েছি। জেলা শাসক স্যাংশানড্ করে দিয়েছেন, কিন্তু মেয়র কাজের কোন টেন্ডার ডাকছেন না, কাজটা করতে দিলেন না। হাওড়ার সর্বশ্রেষ্ঠ বাজার হচ্ছে, হরগঞ্জ বাজার। সেখানে একটা পে-অ্যান্ড ইউজ টয়লেটের জন্য আমি দশ লক্ষ টাকা দিয়েছিলাম। সেটাও উনি স্যাংশানড্ দিচ্ছেন না। স্যাংশানড্ দেওয়া তো দূরের কথা, ভদ্রতার খাতিরে একটা চিঠি দিয়েও আমাকে উত্তর দিচ্ছেন না। সেই ভদ্রতাও উনি দেখাচ্ছেন না। ম্যাডাম আপনার কাছে আমি অনুরোধ করছি, আপনি পৌরমন্ত্রীকে বলুন, ইমিডিয়েট তার সঙ্গে কথা বলে ব্যবস্থা নিতে। এই রকম খামখেয়ালিপনাতো চলতে পারে না। আর তো চার পাঁচ মাস বাদে ইলেকশান। হয়তো সেই জন্যেই গা এলিয়ে দিয়েছে। তো যাই হোক, পাঁচ মাস বাদে থাকবে কি থাকবে না জনগণ বিচার করবে। কিন্তু আমার এলাকার কাজটা বিশেষ করে এপ্রিল মাস এসে যাচ্ছে। মার্চের কোটায় টাকা — আমি কাজ না করাতে পারলে নেক্সট টাকাটা দিতে পারবো না। আমি আপনার মাধ্যমে সেই অনুরোধ পৌরমন্ত্রীর কাছে করলাম।

[12.40–12.55 p.m.]

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে সুন্দরবন উন্নয়ন দপ্তরের মন্ত্রী এবং পর্যটন দপ্তরের মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবনের মানুষের সঙ্গে কলকাতার সরাসরি যোগাযোগ করার জন্যে ইতিমধ্যে বামফ্রন্ট সরকার কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছিল। তার কিছু বাস্তবায়িত হয়েছিলো এবং কিছু অসম্পূর্ণ ছিলো। সেই কাজটা করার জন্যে সন্দেশখালি বিধানসভা কেন্দ্রে তিনটি ব্রীজ করার কথা ছিলো এবং তার অর্থ বরাদ্দও ছিল। বালি নদীর উপরে জেলিয়াখালি এবং দুর্গা মন্ডপ ব্রীজটি এখনো পর্যন্ত উদ্বোধন করার পরেও কেন হস্তক্ষেপ করা হচ্ছে না? বিষয়টি আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে সঙ্গে বেতনী নদীর উপরে ন্যাজাট এবং কালিনগর এই দ্বীপ এলাকা সংযুক্ত করার জন্য ব্রীজটা করার সিদ্ধান্ত ছিলো। রামপুর এবং জেলিয়াখালি — রামপুর নদীর ওপরে ব্রীজটা করার জন্যে সিদ্ধান্ত ছিল। অর্থ বরাদ্দ থাকা সত্ত্বেও সরকারের এই নিষ্ক্রিয়তা, নিরুৎসাহ এবং অবহেলা করার জন্যেই সুন্দরবন এলাকার মানুষ বঞ্চিত হচ্ছে। বিষয়টি আমি গুরুত্বসহকারে দেখার জন্যে অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী পূর্ণচন্দ্র বাউরী : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা রঘুনাথপুর ২৪৬, তপশীল। আমার বিধানসভা কেন্দ্রের আদ্রা-রঘুনাথপুর ব্লক এক নম্বর, সেই আদ্রায় প্রচুর হিন্দি ভাষাভাষী লোক বসবাস করে, সেখানে প্রচুর ছাত্রছাত্রী থাকলেও, সেখানে হাই স্কুলের (হিন্দি হাই) — এর কোন বন্দোবস্ত নেই, তাই কাছে যাতে এখানে হাইস্কুল স্থাপন করা যায় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অসিত কুমার মাল : ম্যাডাম, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

দয়া করে যদি স্বাস্থ্যমন্ত্রী আমার কথা একটু শোনেন। গত রবিবার মাননীয়া বীরভূম লোকসভা কেন্দ্রের এম.পি. একটা অনুষ্ঠানে গিয়েছিলেন নলহাটি দু নম্বর ব্লকের শীতলগ্রাম গ্রাম পঞ্চায়েতে রাজীব ভবন উদ্বোধন করতে। আমিও সঙ্গে ছিলাম। অনুষ্ঠানটা শেষ করেই যখন নামলাম, তার আগেই উনি চলে গিয়েছিলেন ট্রেন ধরবেন বলে, পার্লামেন্ট চলছে। তখন দেখলাম প্রচুর লোক সেখানে জমায়েত হয়েছে। আমি ভাবলাম যে আমাদের এই অনুষ্ঠানটা খুব তাড়াতাড়ি শেষ হয়ে যাওয়ার ফলে তারা দেখতে পেলো না। কিন্তু যখন গেলাম তখন একরকম ঘেরাওয়ের মত পরিস্থিতি তৈরী হয়েছে। তারা বললেন আপনার অনুষ্ঠান দেখতে আসি নি। আপনারা এখানে এসেছেন জেনে আমরা সমস্ত লোক ছুটে এসেছি। শীতলগ্রাম গ্রাম পঞ্চায়েত প্রায় ২৪ খানা গ্রাম মিলে, ব্রাহ্মণী নদীর তীরে দারাশিমূল, কল্যাণপুর, কামালপুর, টিটি নগর, সাহেব নগর এই সমস্ত গ্রামের তপশীলি এবং পিছিয়ে পড়া মানুষের বাসের জন্য সরকার একটা প্রাইমারি হেলথ্ সেন্টার এখানে করেছিল। আজকে সেই হেলথ্ সেন্টারে রোগী ভর্তি হয় না, ডাক্তার থাকে না। কন্ট্রাকচুয়াল ডাক্তার আসে সপ্তাহে দু দিন কিম্বা তিন দিন, এক ঘন্টা থেকে চলে যায়। ওষুধের কোন ব্যবস্থা হয় না। আপনারা এ ব্যাপারে কি করছেন সেটা বলুন, এ কথা শোনার পরেই আমি বলেছি যে নিশ্চয়, বর্তমান সরকার আমাদের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান করেছেন। আমরা প্রতি নিয়ত, প্রতি দু মাস তিন মাস পর পর সেই মিটিংয়ে যাই এবং সেখানে আমরা যে রিকুইজিশানগুলো করি যে ওষুধ চাই, ডাক্তার চাই, কিছুটা ইনফ্রাস্ট্রাকচার চাই, কিন্তু সেগুলোর কোন ব্যবস্থাই করতে পারছি না। যার ফলে সেই মিটিংয়ে যাওয়াটাও অনর্থক হয়ে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীকে বলবো যদি উঠে দাঁড়িয়ে একটু বলেন বিশেষ করে শীতলগ্রাম, ভদ্রপুর, মাঠগ্রাম, যেসমস্ত প্রাইমারী হেলথ্ সেন্টারগুলো সেখানে আছে সেগুলোর পরিকাঠামো এবং ডাক্তার যাতে থাকে এবং সেখানে যাতে রোগী ভর্তি হওয়ার ব্যবস্থা থাকে, কিছু মিনিমাম ওষুধটা যাতে সেখানে পাওয়া যায়, তাহলে জেলা এবং মহকুমা হসপিটাল এবং রাজ্যের হসপিটালে ভীড়টাও কমবে এবং জনগণের বিশেষ করে যারা গ্রামাঞ্চলে বসবাস করে তাদের অনেক উপকার হবে। আমি মাননীয়া ম্যাডামকে বলবো যে মন্ত্রী এখানে উপস্থিত আছেন, উনি বিধানসভাটা খুব ভাল করেন, যদি দয়া করে এ ব্যাপারে একটা কথা বলেন তাহলে আমি রাইটার্সে গিয়ে এর ডিটেলস্, বা স্বাস্থ্য ভবনে গিয়ে আপনাকে লিখিত দেব। দু তিনটে হসপিটালের খুব ভয়াবহ অবস্থা। এখানে মাননীয় প্রাণীসম্পদ মন্ত্রী আছেন, মাঠগ্রাম সেখানেও আমরা একই মঞ্চে ছিলাম। বহু জনগণ আমাদেরকে ঘিরে দাবী রেখেছে হসপিটালটাকে গিয়ে একটু দেখে আসুন। আমি তাই আপনার মাধ্যমে বলতে চাই। আমি তাই আপনার মাধ্যমে বলি, শীতলগ্রাম, ভদ্রপুর এবং মাঠগ্রাম প্রাইমারি হেলথ সেন্টারে যাতে ডাক্তার থাকে এবং বিশেষ করে রোগী ভর্তির ব্যবস্থাটা থাকে এবং ন্যূনতম ওষুধের ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ শুধু করছি না, যদি দয়া করে এই ব্যাপারে এক সেকেন্ড আপনারা প্রতিক্রিয়া জানান ভাল হয়।

শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া ডেপুটি ম্যাডাম, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই, যে আমাদের রাজ্যে প্রাইমারি হেলথ্ সেন্টারে কি অবস্থা ছিল, সেটা আপনার নিশ্চয় জানা আছে। ৯১৩ টি প্রাইমারি হেলথ্ সেন্টার, যে হেলথ্ সেন্টারগুলিতে আমি নিজে বেশ কয়েকটি জায়গায় গিয়ে দেখেছি — তার জানলা নেই, দরজা নেই, আর কোন পরিকাঠামো নেই। আপনি নিশ্চয় আমার সঙ্গে সহমত হবেন যে আমাদের এই অসম্পূর্ণ এবং এই ধরনের বেহাল

স্বাস্থ্য ব্যবস্থা থেকে তাকে উন্নত করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী তিনি যথেষ্ট গুরুত্ব দিয়ে দৃষ্টি নিক্ষেপ করছেন। একথা সত্যি যে বেশ কিছু জায়গায় এখনও এই ধরনের অবস্থায় পড়ে রয়েছে প্রাইমারি হেলথ্ সেন্টার। কিন্তু আমাদের দিক থেকে কোন রকমের চেষ্টার অভাব নেই এই পরিকাঠামোকে ঠিক করবার জন্য। কিন্তু কতকগুলি যে বাধা থাকে আপনারা নিশ্চয় জানা রয়েছে — একদিকে পয়সা, অন্য দিকে ইনফ্রাস্ট্রাকচার তৈরী করে সেখানে ডাক্তার — নিয়োগ করার জন্য যে প্রক্রিয়া দরকার সেটা এখনও একটু সময় লাগবে। এরও একটা কারণ আছে। দীর্ঘদিন ধরে কোন জায়গায়, কোন স্থানেই, কোন নিয়োগ হয় নি। কোন নিয়োগ হয় নি ডাক্তারে, কোন নিয়োগ হয় নি নার্সিং স্টাফের। সুতরাং, এই নিয়োগ না হওয়ার ফলে এবং বছরে মাত্র ১৩৫৫ টি বেরোয় এখন যার সিট আমরা বৃদ্ধি করেছি ১৯০০য়। চার বছর পরে তার ফল পাব। সেই কারণে আজকে ডাক্তার কম আছে। বিগত সরকারের সময় মানসিকতা যে ডাক্তারদের তৈরী করে দিয়ে গেছেন, যার জন্য আপনি বলছেন, সপ্তাহে দুইদিন আসে। আমরা কিন্তু একটা ক্লোজ ভিজিল্যান্স রাখছি, মনিটর করছি, যতদূর সম্ভব আমরা এই মনিটর করার জন্য সকলে সচেষ্ট আছি। আমার দপ্তর সচেষ্ট আছে এবং আমরা আশা করছি যে, আগামী দিন আমরা এই পরিকাঠামোগুলিকে ঠিক করে এবং আপনাদের যে এলাকাগুলি বললেন যা যা কাজ করার দরকার আমরা আগামীদিন নিশ্চয় সেটা করতে পারব।

শ্রী রামেশ্বর দলুই : ম্যাডাম আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী—মুখ্যমন্ত্রী—অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২০০৬ সাল থেকে ২০১১ সাল পর্যন্ত পশ্চিম মেদিনীপুর জেলাসহ রাজ্যের বিভিন্ন প্রান্তে মাওবাদীদের আক্রমণে কয়েকশত মানুষ মারা গিয়েছিলেন, খুন হয়েছিলেন — তার মধ্যে ডাক্তার, নার্স থেকে শুরু করে সমাজের সব অংশের মানুষ, শিক্ষক, ছাত্র ইত্যাদি। যদিও অধিকাংশটাই ছিল বামপন্থী কর্মী। কয়েকশত বামপন্থী কর্মী তারাও খুন হয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের ও রাজ্য সরকারের প্রকল্প আছে এবং প্যাকেজ ঘোষিত হয়েছিল যে পরিবারদের আর্থিক সহায়তা দেবেন, পরিবারদের চাকরী দেবেন। এই স্বজনহারা অসহায় মানুষ তারা মেদিনীপুর জেলায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, পশ্চিম মেদিনীপুরের ডি.এম.-এর কাছে তারা ডেপুটেশান দিয়েছেন, স্মারকলিপি দিয়েছেন — এই রকম ১৫০ টি পরিবার যারা কোন প্রকারে আর্থিক সাহায্য পাননি বা চাকরীর সুযোগ পাননি। আমি আবেদন করব ম্যাডাম আপনার মাধ্যমে মন্ত্রীসভার অনেক সদস্য আছেন — সহানুভূতির সঙ্গে বিষয়টি দেখতে। তারা অসহায় মানবিক দিক দিয়ে সকলেই এটা সর্বসম্মত যে সর্বদলীয়, সব ধরনের মানুষ তার মধ্যে আছেন। আমি তাদেরই জন্য বলব যে অসহায় পরিবারগুলোর পাশে দাঁড়ান। কেন্দ্রীয় সরকারের টাকা তারা যাতে পান এবং রাজ্য সরকারের ঘোষিত মাননীয়া মুখ্যমন্ত্রী যে প্যাকেজ ঘোষণা করেছেন সেটাও যাতে পান সেটা দেখবেন। দুর্ভাগ্যের বিষয় আমরা দেখছি ৩০২ ধারায় যাদের বিরুদ্ধে মামলা, রাষ্ট্রদ্রোহীতার মামলা আছে, তাদের পুরস্কৃত করা হচ্ছে, অথচ অসহায় পরিবারগুলোকে দেখা হচ্ছে না। যাতে দেখা হয় তার আবেদন জানিয়ে আমার কথা শেষ করছি, ধন্যবাদ।

শ্রী কে. পি. সিং দেও : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি জলসম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার পুরুলিয়া ব্লক (২), জি.পি পিঞ্জরা, তার অধীনে যমুনা জোড় বাঁধ একটা বড় জল সরোবর আছে যেখানে প্রায় দেড়শো দুশো একর জমিতে জল সেচের কাজে লাগে এবং পুরুলিয়া শহরের দ্বিতীয় লাইফ লাইন। এর যাতে সংস্কার করা হয়

ভাল ভাবে — পুরুলিয়া জেলা খরা প্রবণ এলাকা, ড্রট প্রণ এরিয়া, গরম আসছে — দ্রুততার সাথে যাতে জোড় বাঁধটি সংস্কার করা হয় তার জন্য মাননীয় জলসম্পদ উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

ZERO HOUR

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, জঙ্গলমহলে শান্তি ফেরাবার অন্যতম পদক্ষেপ ছিল ২ টাকা কে.জি করে গরীব মানুষদের ভেতরে চাল দেওয়া। এর জন্য কেন্দ্রীয় সরকার কিছু আর্থিক সাহায্য করতেন। কিন্তু খুব দুর্ভাগ্যের বিষয়, গত কাল জানতে পারলাম যে কেন্দ্রীয় সরকার সেই আর্থিক সাহায্য করা বন্ধ করে দিচ্ছেন, চিঠি দিয়ে জানিয়ে দিয়েছেন। তাহলে কি এই জঙ্গল মহলকে অশান্ত করার দিকে রাজনৈতিক কারণে কেন্দ্রীয় সরকার এই কাজ করছেন? সামান্য ৪০-৪২ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিতে পারেন না? এর জন্য কেন্দ্রীয় সরকার, জঙ্গলমহল আবার অশান্ত হলে বামপন্থীদের সুবিধা হয় সবাই জানে, কিন্তু আমি অবাক হয়ে যাচ্ছি যে কেন্দ্রীয় সরকার কেন এই পদক্ষেপ নিয়েছেন? এর আমি তীব্র প্রতিবাদ করি এবং অবিলম্বে এই টাকা যাতে দেওয়া হয় তার ব্যবস্থা নেওয়ার জন্য আমি দাবি করছি। যদিও আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে ওই টাকা বন্ধ করে দিলেও গরীব মানুষের দু-টাকা কে.জি চালের বরাদ্দ বন্ধ হবে না, পিঁপড়ের ডিম খেয়ে বাঁচার অবস্থায় জঙ্গলমহলের মানুষকে আর নিয়ে যাওয়া যাবে না, কোন অবস্থাতেই যাবে না। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, আপনার মাধ্যমে আমি রাজ্যের শিক্ষামন্ত্রী এবং পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন গত ১৩ই মার্চ উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে। প্রশাসনের দায়িত্ব উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হলে এই সময় পরীক্ষা হলে, যেখানে সেন্টার হয়েছে সেখানে যাওয়ার জন্য পরিবহণ দপ্তর তার ব্যবস্থা করে। গত কালকে দেখলাম ম্যাডাম, খুব দুর্ভাগ্যজনক, গত কাল পশ্চিম মেদিনীপুরে পরীক্ষার্থীরা বাসের অভাবে পরীক্ষা হলে যেতে পারে নি, লরি করে যেতে হয়েছিল। তাহলে তাদের মানসিক অবস্থা কি রকম হয়? এই রকম একটা অবস্থা বাংলা জুড়ে পরীক্ষার্থীরা যারা, তারা পরীক্ষা হলে যেতে পারছে না পরিবহণের অভাবে। সেখানকার প্রশাসন সমস্ত গাড়িগুলো তুলে নিয়েছে একটা জনসভা করার জন্য। আমি মনে করি বাংলার শিক্ষার্থীদের কাছে অত্যন্ত দুর্ভাগ্যজনক। এই বিষয়টি তদন্ত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আবেদন রাখছি। ধন্যবাদ ম্যাডাম।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং সরকার পক্ষ থেকে অবিলম্বে একটা প্রতিক্রিয়া যাতে আমাদের হাউসকে বলা হয় তার জন্য আবেদন করছি। সেটা হচ্ছে যে, এই মুহূর্তে ধাপার শাঁখতলা বস্তি এলাকায় সেখানে রাস্তা সম্প্রসারণের জন্য, কিছু এনক্রোচমেন্ট সরানোর উদ্দেশ্যে পুলিশ পাঠানো হয়েছিল এবং সেখানে কোন একটা সংঘর্ষ গোলমাল হয়েছে এবং ইতিমধ্যে একজনের প্রাণহানি হয়েছে, একজন মারা গিয়েছে। অসমর্থিত সংবাদ হচ্ছে যে, আরো একজন গুলির আঘাতে আহত হয়ে মারা গেছে এবং ব্যাপক গোলমাল চলছে। বলা হচ্ছে — আমি যা দেখছি — এটা দুটো গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ হচ্ছে সেখানে। রাস্তাঘাট ইত্যাদি বন্ধ করে দেওয়া হচ্ছে। শাসক দলের একজন বিধায়ক, আর একজন কাউন্সিলার—এই দুই গোষ্ঠী দু'দিকে থেকে তারা এই ঘটনায় নেতৃত্ব দিচ্ছেন। আমি অবিলম্বে এই বিষয়ে সরকারকে হস্তক্ষেপ করে, যেহেতু এখন হাউস চলছে, আমাদের আশ্বস্ত

করবার জন্য, হাউসকে আশ্বস্ত করবার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে তা যাতে রিসেসের পরে বলেন তার জন্য আবেদন করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি আপনার জ্ঞাতার্থে জানাই, মাননীয়া মুখ্যমন্ত্রীর গোচরে এটা এসেছে। তিনি নির্দেশ দিয়েছেন আমাদের দমকলমন্ত্রী শ্রী জাভেদ খানকে ওখানে পৌঁছানোর জন্য। মাননীয় জাভেদ খান ওখানে যাচ্ছেন। সরেজমিনে সেটি দেখে এসে আফটার রিসেস তিনি বা তাঁর মাধ্যমে কোন খবর আমাদের সিনিয়ার মিনিস্টারকে দিয়ে হাউসকে অবহিত করবেন।

(At this stage the House was adjourned till 1.45 p.m.)

[1.40–2.00 p.m.]

(After recess)

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

ড. আশীষ ব্যানার্জী : স্যার, মাননীয় রাজ্যপাল তার ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রশ্ন এসেছে তার প্রতি পূর্ণ সমর্থন জানাই। স্যার, বামফ্রন্টের আমলে নির্বাচনগুলো একটি ক্ষেত্রেও সুষ্ঠভাবে হ'ত না। কারও বাড়িতে কাপড়ের থান পাঠিয়ে দেওয়া হ'ত, সাদা কাপড়ের থান। পাঠিয়ে দিয়ে বলা হ'ত, ভোট দিতে গেলে এই পরিণতি হবে। ভোট দেওয়ার অপরাধে হাত কেটে দেওয়া হয়েছে, চোখ অন্ধ করে দেওয়া হয়েছে। মনোনয়ন পত্র তুলতে দেওয়া হ'ত না প্রার্থীদের। একটা reign of terror চলছিল। সন্ত্রস্ত বাংলাকে মুক্ত করলেন যে নারী, গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করলেন এই বাংলার এই মহিয়সী নারী, রক্তাক্ত দিনের অবসান ঘটালেন যে সবলা তিনি মমতা বন্দ্যোপাধ্যায়। তাই রাজ্যপালের ভাষণে যে বলা হয়েছে, শান্তিপূর্ণ স্বাধীন ও নিরপেক্ষ ভোট গ্রহণ সুনিশ্চিত করার মাধ্যমে গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি আরও একবার তাদের আস্থা প্রকাশ করেছেন, তার যৌক্তিকতা রয়েছে। তা সঙ্গত এবং সেই জন্যই মাননীয় রাজ্যপালের ভাষণের প্রতি যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। যে দিন মাননীয় রাজ্যপাল এই ভাষণ দিয়েছেন সেদিন ছিল স্যার, ৮ই মার্চ, সেদিন ছিল আন্তর্জাতিক নারী দিবস। বিশ্বের নারীর অন্তরের কথা ছিল সেদিন —

'নারীকে আপন ভাগ্য জয় করিবার কেন নাহি দিবে অধিকার,

এ বিধাতা নত করি মাথা,

পথপ্রান্তে কেন রব জাগি,

ক্লান্ত ধৈর্য্য প্রত্যাশার পূরণের লাগি, দৈবাগত দিনে'।

এই সরকার তাই নারী কল্যাণের দিকগুলি এ দিনই উল্লেখ করেছেন। পঞ্চায়েতে মহিলাদের সংরক্ষণের পরিসীমা বৃদ্ধি, মহিলা সরকারী কর্মচারীদের জন্য সন্তান পরিচর্যার জন্য ৭৩০ দিন পর্যন্ত ছুটি — এই সমস্ত। স্যার, জঙ্গলমহলে হিংসা আর হত্যার পরিবেশকে মাননীয়া মুখ্যমন্ত্রী শান্তি আর উন্নয়নের পরিবেশে রূপান্তরিত করেছেন। দিনের পর দিন বামফ্রন্টের অধগতিশীল সরকার মানুষকে চূড়ান্ত দারিদ্রের পথে ঠেলে দিয়েছিলেন। অনাহার, বুভুক্ষা সেখানকার নিত্যদিনের সঙ্গী ছিল। কোন দিশার জন্য ওরা এই বামফ্রন্ট হন্নে হয়ে ঘুরে বেড়াচ্ছেন বিধানসভায় আমরা বুঝতে পারি না। কোন্

দিশা তারা চৌত্রিশ বছর ধরে জঙ্গলমহলের মানুষকে দেখালেন সেটাও আমরা বুঝতে পারি না। কেন জঙ্গলমহলের মানুষকে দিনের পর দিন অনাহারে থাকতে হ'ল, পিঁপড়ের ডিম খেয়ে জীবন ধারণ করতে হ'ল, তার জীবন ধারণের পথ খুঁজতে হ'ল, কোন্ দিশা তারা বামফ্রন্টের যুগযুগান্তরে দেখালেন সে দিশা আমরা বুঝতে পারি না। মাননীয়া মুখ্যমন্ত্রী জঙ্গলমহলের মানুষকে সেই দিশা দেখান নি, দেখালেন এক নতুন দিশা যেখানে জঙ্গলমহলের মানুষ জীবনের অর্থ খুঁজে পায়, বাঁচার রসদ পায়, অনাহারের হাত থেকে বাঁচতে পারে। সেই জন্যই দেখালেন — (১) একের পর এক উন্নয়নের কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করা হয়েছে। (২) সকল উপজাতি মানুষকে বিপিএল বলে গণ্য করে দু'টাকা কেজি দরে চাল দেওয়া হয়েছে। (৩) শিল্প প্রশিক্ষনের ব্যবস্থা করে স্বনির্ভর করে তোলা হয়েছে। (৪) পলিটেকনিক এবং নার্সিং ট্রেনিং-এর ব্যবস্থা করা হয়েছে। (৫) নতুন নতুন সেতু নির্মাণ করে যোগাযোগ ব্যবস্থা উন্নত করা হয়েছে। (৬) পানীয় জলের ব্যবস্থা করা হয়েছে। (৭) গ্রামীণ বিদ্যুতায়ণ করা হয়েছে। (৮) আই.সি.ডি.এস চালু করা হয়েছে। (৯) বাজার নির্মাণ করা হয়েছে। (১০) আদিবাসীদের জন্য হোস্টেল নির্মাণ করা হয়েছে। (১১) মাল্টি-স্পেশ্যালিটি হাসপাতাল নির্মাণ করা হচ্ছে। (১২) ১১ হাজারেরও বেশি উপজাতিভূক্ত মেয়েদের সাইকেল বিতরণ করা হয়েছে। আর, দারিদ্র, বুভুক্ষা, ক্ষুধার অবসান দেখে খেলার মাঠে জঙ্গলমহলের ছেলে-মেয়েরা অংশ নিচ্ছে। প্রায় ২২ হাজার ছেলে-মেয়ে অংশগ্রহণ করেছেন। তাদের মুখে হাসি ফুটেছে। তারা এতদিন বাঁচার অর্থ খুঁজে পায় নি। বামফ্রন্টের আমলে তারা অনুভব করেছে 'ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়, পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি'। তারা সেদিন জীবনের অর্থ কিছু খুঁজে পায় নি। ১৯৭৭ সালে যে বামফ্রন্ট এসেছিল ২০১১তে বিদায় নেবার সময় কী অনুভব করল — যদি বামফ্রন্টের লোকেদের স্যার অনুভূতি বলে কোন জিনিস থাকে — কী করলো শেষকালে? "শেষে দেখিব পড়ি রহিল রূপ যৌবন, ফুলের মত খসিয়া হায় বসন্ত বায়ু মিছে চলে গেল শুষিয়া, সেই যেখানে জগৎ ছিল এককালে, সেইখানে আছে বসিয়া"। সেইখানেই চক্রে চক্রে পাক দিলেন। বামফ্রন্ট অচলায়তনে সাধনার মত একই চক্রে চক্রে পাক দিয়েছে, কোন গতি নেই, একটুও এগোয় নি। 'গুরু এলেন, অচলায়তনকে ভাঙলেন, নতুন সাধনার সূত্রপাত হল'। মমতা বন্দ্যোপাধ্যায় এলেন বামফ্রন্টের অচলায়তনকে ভাঙলেন, নতুন বাংলা গড়ার সাধনার সূত্রপাত করলেন তাই জঙ্গলমহল হাসছে যতই আপনারা আপনাদের কথা বলুন না কেন। হাসছে পাহাড়ও। তাই পর্যটক উপচে পড়ছে। সকলের জন্য সড়কের উন্নয়ন, পানীয় জলের কষ্ট দূরীকরণ, চা-শিল্পের পুনরুজ্জীবন — এ সবের প্রতি বামফ্রন্ট সরকার কোনদিন নজর দেয় নি। পাহাড়ের এইসব সমস্যার সমাধান করার লক্ষে সেখানে গিয়ে মমতা ব্যানার্জী, মা-মাটি-মানুষের সরকার অগ্রণী ভূমিকা গ্রহণ করেছে। স্যার, বাজেট বক্তৃতায় শুনছিলাম আর খুব দুঃখ হচ্ছিল, 'পুলিশ সম্বন্ধে কোন কথা নেই কেন' বামফ্রন্টের নেতারা এই সব কথা বলছিলেন। মানীয় রাজপাল ওঁদের সেই দুঃখ মোচনের ব্যবস্থা করেছেন।

স্যার, আইন-শৃঙ্খলা বলে যারা চিৎকার করছেন তারা একটু ক্রাইম রিপোর্ট-টা দেখুন। ২০১৩ সালে crime and safety report প্রকাশ হয়েছে। কোথা থেকে আপনারা হিসাব দিচ্ছেন কে জানে। কেউ কেউ বলছেন 'এত হয়ে গেছে'। স্যার, এখনও পর্যন্ত ২০১২ সালের ক্রাইম রিপোর্ট ইন্ডিয়ার প্রকাশ হয় নি। আমি যে রিপোর্ট বলছি সেটা 'United States, Department of State, Osak, Bureau of Diplomatic Security' প্রদত্ত। তাঁরা

কী লিখছেন কোলকাতার ক্রাইম সম্পর্কে? 'Crime is relatively low for a major metropolitan city with over 15 million inhabitants.' এবং বলছেন 'most of the crime is generally non-violent, petty crime, specially theft of personal property is common.' তাহলে কেন চিৎকার করছেন? কেন বললেন না 'আইন-শৃঙ্খলার পরিস্থিতি সন্তোষজনক ?'

এবার ২০১০ সাল, আপনারা যখন ছিলেন। ২০১০ সালের ক্রাইম রিপোর্ট বলি। রেপ-২,৩১১। Kidnapping and abduction ২,৭৬৪। Dowry death ৫০৭। খুন-ডাকাতির কথা আর পুনরাবৃত্তি করছি না। Violent incident ২০১০-এ কত? ৪৫৩। ২০১২-তে কত? ১৬। ১৬ যখন আমরা ক্ষমতায়। Civilian killing. ২০১০-এ কত? ২২৫। ২০১২-তে কত? শূন্য। একটাও নয়। পুলিশী ব্যবস্থার উন্নয়নে এই সরকার এক সদর্থক ভূমিকা গ্রহণ করেছে। ৫টা পুলিশ কমিশনারেট গঠন করা হয়েছে। কোলকাতা পুলিশ সিটি ওয়ান টহলদারি ব্যবস্থা করেছে। আরেকটা, গোয়েন্দা নজরদারি ব্যবস্থা চালু করেছে। পুলিশের সহায়তা দান সংক্রান্ত পোস্টগুলো দিন-রাত পরিষেবা দান করছে। আর, মহিলাদের জন্য হেল্প লাইন চালু হয়েছে। ৬৫ টি মহিলা থানা মঞ্জুর করা হয়েছে। ১০ টি থানা কাজ শুরু করেছে। পুলিশে আপনারা নিয়োগ করতেন না, পুলিশের সংখ্যা কমিয়ে হার্মাদ-দের সংখ্যা বৃদ্ধিতে বামফ্রন্ট সরকার অগ্রণী ভূমিকা গ্রহণ করেছিল। কিন্তু মমতা ব্যানার্জীর সরকার হার্মাদ সংখ্যা নিঃশেষ করে পুলিশ বাহিনীর সংখ্যা বৃদ্ধি করেছেন। তাই পুলিশে প্রায় ৪০ হাজার পদ পূরণ করা হয়েছে। বামফ্রন্টের বক্তারা মাঝে মাঝেই দিশা দেখতে পাচ্ছেন না বলে বলছেন। স্যার, আমি অনুরোধ করব, এঁদের চক্ষু শিবিরে পাঠাবার ব্যবস্থা করুন।

স্যার, এঁরা মাঝে মাঝে কবিগুরুর কবিতা, গানের তাৎপর্য অনুধাবন করতে পারেন না। রবীন্দ্রনাথ গেয়েছিলেন 'যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে'। এতবড় আত্মপ্রত্যয়, এতবড় আত্মশক্তি উদ্বোধনের গান কটা আছে? মমতা বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠ থেকে সেই আত্মপ্রত্যয়ের গান বারংবার, বারংবার ঘোষিত হয়। আমরা বলি জনসাধারণের অভিযোগ, আপনারা তো দূরে থাক — বামফ্রন্টের আমলে বহুবার চিঠি দেওয়া সত্ত্বেও বিরোধী এম.এল.এ.দের একটা চিঠিরএ জবাব দেওয়া হত না। আপনাদের আমলে দুর্নীতিগ্রস্তরা চিৎকার করে গাইতেন 'আমরা ঘুষ খাই আনন্দে, মোদের চলা ফেলা বাঁচা মরা, শুধুই ঘুষের গন্ধে,' 'ঘুষের টাকা আসলে ঘরে, তবেই মোদের মাথা নড়ে, তবেই মোরা জেগে উঠি, দেশসেবার গন্ধে'। অর্থাৎ 'ঘুষ মেব জয়তে'। এই ছিল আপনাদের আমলের রাজনীতি, এই ছিল আপনাদের চলাফেরা। বাজেট বক্তৃতায় ড. অমিত মিত্র দেখিয়েছেন কি করে মা-মাটি-মানুষের সরকারের নেত্রী মমতা ব্যানার্জী ব্রাত্য বসুর কথা শুনছেন, আর বিকেলে আবার তা নিয়েই প্রশ্ন করছেন। তিনি প্রশ্ন করলেন, মাননীয় রাজ্যপালের ভাষণ দিতে গিয়ে মাধ্যমিকের পদগুলো কখন পূরণ হবে? স্যার, গোটা বাংলা জানে মাধ্যমিক শিক্ষকদের জন্য নিয়োগ প্রক্রিয়া শুরু হয়ে গেছে। একটি পর্যায় TET - Teacher Eligibility Test-এর রেজাল্ট আউট হয়েছে। ডঃ অশোক মিত্র সেদিন এই উত্তর দিলেন। স্যার, সোহরাব সাহেব বললেন, শিক্ষকরা স্কুলে বসে মদ খাচ্ছেন। স্যার, আমি একটা অনুরোধ করবো যে মদ খাবে, তারজন্য পুলিশ আছে। বামফ্রন্টের সঙ্গে তফাৎ — মদ খেলে বামফ্রন্টের লোক আবার তাকে একটা মদের বোতল এগিয়ে দিতেন। আর এখন তফাৎটা হচ্ছে মদ খেলে পুলিশ তাকে ধরে অ্যারেস্ট করবেন। তফাৎটা

এখানেই, করছেন তাই। পজিটিভ দিশা আনুন — কই কারো মুখে তো শুনলাম না ন্যায্য মূল্যের দোকান হয়েছে, মাননীয়া মুখ্যমন্ত্রী একটা বৈপ্লবিক কাজ করেছেন। দরিদ্র, মধ্যবিত্ত মানুষের প্রভুত উপকার সাধন করলেন। স্যার, সেদিন রামপুরহাটে উদ্বোধনে ছিলাম। দেখলাম ওষুধ কিনছেন মানুষ, ভীড়ে ভীড়াক্কার। একটা ওষুধের দাম ১৭২ টাকা হল, আর সেটা মানুষ পেলেন কত টাকায়? ৮০ টাকায়। ৫৩.৩৬ পারসেন্ট ডিসকাউন্ট দিয়ে তারা ওষুধ দিচ্ছেন, গরীব মানুষের এই উপকারের দিশা ওরা দেখতে পাচ্ছেন না? হাসপাতালগুলিতে শয্যার সংখ্যা বৃদ্ধি চোখে পড়ছে না? অনগ্রসর জেলাগুলিতে ৩৪ টি মাল্টি স্পেশ্যালিটি হাসপাতাল ও সুপার স্পেশ্যালিটি হাসপাতাল নির্মাণের কাজ চলছে। ওরা দেখতে পাচ্ছেন না? সদ্যোজাত রুগ্ন শিশুর জন্য SNSU ইউনিট আপনাদের ৩৪ বছর রাজত্বকালে কটা ছিল? একটু লজ্জা করুন। ২০১০-১১ সালে ছিল ৬ টা। আর মমতা ব্যানার্জী আসার পর ১১-১২ তে হল কটা? ২০ টা। এখন কটা? ২৬ টা। এবছর লক্ষ্যমাত্রা কটা? ৪০ টা। শিশু মৃত্যুর হার কমেছে। ১০ টা নতুন মাদার অ্যান্ড চাইল্ড কেয়ার হাব তৈরী হচ্ছে। এসব বামফ্রন্টের দিশাতে নেই। মেডিক্যালে আসন সংখ্যা বৃদ্ধি পেয়েছে। স্যার, আমি শুধু বলবো আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সংস্কৃতি জগতে একটা আলোড়ন এনে দিয়েছেন। আপনাদের এক মুখ্যমন্ত্রী চন্দনকে দেখেছেন, আর এক মুখ্যমন্ত্রী নন্দনকে দেখেছেন। আর আমাদের মুখ্যমন্ত্রীর কন্ঠে নন্দন নেই, চন্দন নেই, তাই গীত হয় 'বঙ্গ আমার, জননী আমার, ধাত্রী আমার, আমার দেশ'। আর এই বঙ্গের যে দুর্দশা আপনারা ৩৪ বছর ধরে করে গেছেন, যে দুর্দশায় আক্রান্ত করে গেছেন, গোটা বাংলার যুবসমাজকে শেষ করে দিয়েছেন, যে বাংলার যুবসমাজ যাদের মনে শান্তি নেই, সান্ত্বনা নেই, সারা দেহে ক্লান্তি, উদরে ক্ষুধা, কন্ঠে তৃষ্ণা, জীবনে এক বিচিত্র অস্বস্তি। সেই অস্বস্তির জ্বালা নিয়ে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দরজায় দরজায় ঘুরেছেন, আজ এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক গঠিত হবার পর বাংলার যুবসমাজ একটা দিশা দেখছেন, জীবনের একটা বাঁচার পথ দেখছেন, একটা আলো দেখছেন। স্যার, আমি শেষ করার আগে একটি কথা বলবো, বামফ্রন্ট ফেল করে গেছে। স্যার, একটা ছোট্ট কাহিনী — একটি ছেলে প্রতিবার পরীক্ষা দিত, যেবার পরীক্ষা দিত সেবারেই ফেল করত। তারপরের বারে পরীক্ষা দিল ফেল করলো। যখনই ঘরে ঢুকতো মা ছেলের মুখ দেখেই বুঝতে পারতো যে ছেলে ফেল করেছে। এইভাবে তৃতীয় বারের সময়, তৃতীয়বার যখন পরীক্ষা দিচ্ছে তখন দেখছে ছেলের হাসি হাসি মুখ। বললেন কি ব্যাপার, ছেলে হাসছে তাহলে ছেলে পাশ করেছে। ছেলেকে বললো তুই তো পাশ করেছিস? সে বললো পাশ তো পাশ ফেল নিয়ে টানাটানি। মাস্টার মশাইকে জিজ্ঞাসা করলেন, কি হয়েছে ছেলের রেজাল্ট? বললো, ও আপনি ছেলেক জিজ্ঞাসা করুন। আবার ছেলে জিজ্ঞাসা করলো বাবা, আরে কি হয়েছে। ছেলে বললো, পাশ তো পাশ ফেল নিয়ে টানাটানি। বললো, সে তো বুঝলাম কিন্তু ব্যাপারটা কি? বললো, ব্যাপারটা হচ্ছে মাস্টার মশাইরা ঠিক করেছিলেন তিন বছর যারা পর পর ফেল করেছে তাদের এবার এক ক্লাস নামিয়ে দেবে। তা সেটা হাতে-পায়ে ধরে আটকে দিয়েছি। স্যার, পঞ্চায়েতের পর এই বামফ্রন্টের পাশ তো পাশ ফেল নিয়ে টানাটানি হবে আপনারা জেনে রাখুন। লোকসভায় ফেল করেছে, বিধানসভায় ফেল করেছে আর পঞ্চায়েতে তৃতীয়বার ফেল করে আপনাদের পাশ তো পাশ ফেল নিয়ে টানাটানি হবে। আমি বলবো রাজ্যপালের যে প্রস্তাব তাকে সমর্থন করুন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ্ : মাননীয় স্পীকার স্যার, ভারতের সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিবঙ্গের রাজ্যপাল এম.কে.নারায়ণন ৮ই মার্চ যে প্রদত্ত ভাষণ দিয়েছেন সেই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলতে চাই।

সেই কথা বলার আগে এখনই আমাদের মাননীয় সদস্য আশীষবাবু বললেন — অসত্যের কথা কোন জায়গায় চলে গেছে। গল্পের গরুকে গাছে চড়াচ্ছেন। এরা তো গোয়েবেসকেও তো হার মানাবে। আমি এবার আমার বক্তব্য শুরু করছি। এই যে তাপস চৌধুরী একজন পুলিশ কর্মী গার্ডেনরিচ হরিমোহন কলেজে দায়িত্ব থাকার সময় দুষ্কৃতীরা তাকে গুলি করে মারে। আমি বুঝতে পারলাম না তার নাম শোক জ্ঞাপনে নেই কেন? মহামান্য রাজ্যপাল শোক জ্ঞাপন করে এসেছেন তার বাড়িতে গিয়ে। মুখ্যমন্ত্রী শোক জ্ঞাপন করে এসেছেন তার বাড়িতে গিয়ে অথচ রাজ্যপালের ভাষণের সময় শোক জ্ঞাপনে তাঁর নাম নেই। আমাদের রাজ্য বিধানসভার যে পরম্পরা আছে সেই পরম্পরাকে বিসর্জন দেওয়া হয়েছে। আমাদের রাজ্য বিধানসভার এটাই নিয়ম সেটা হল এই যে, রাজ্যপালের ভাষণের পর তার উপর বিতর্ক হয়। তারপরে বাজেট অধিবেশন হয়। কোন কারণে এটা করা হল না? রাজ্যপালের ভাষণের পরে অর্থ বাজেট পড়ে দেওয়া হল। আমাদের বোধগম্য হচ্ছে না। আমরা দেখলাম ১১ই ডিসেম্বর এখানে চিটফান্ড নিয়ে আলোচনার জন্য Adjournment motion আনা হয়েছিল। আমাদের বলতে দেবে না, তার জন্য আমাদের সদস্যা দেবলীনা হেমব্রম যখন ওয়েলে নেমে স্পীকারের কাছে দাবী জানাচ্ছে তার চুলের মুঠি ধরে—এটা গণতন্ত্রের পীঠস্থান — গণতন্ত্রের পীঠস্থান হচ্ছে পশ্চিমবঙ্গের বিধানসভা, সেখানে তার চুলের মুঠি ধরে — বেধড়ক মারধোর করে নিচে ফেলে দেওয়া হল। পরবর্তী ক্ষেত্রে গৌরাঙ্গ চ্যাটার্জী তাঁকে বাঁচাতে গেলে তাঁকেও মারধোর করা হল। তাঁর মাথায় আঘাত লাগলো। হসপিটালে গেলে হসপিটাল থেকে তাঁকে ছেড়ে দেওয়া হল। কোন অদৃশ্য কারণে তাঁকে ছেড়ে দেওয়া হল। আজ তিনি CMRI-তে ভর্তি হয়েছেন এইসব কারণে। আমি যে কথাটা বলতে চাইছি, রাজ্যপালের ভাষণের মধ্যে কলকাতাকে লন্ডন এবং গোয়াকে সুইজারল্যান্ড বানানো হবে সেই কথা লেখা নেই। দুই বছর পার হয়ে গেল কলকাতা লন্ডন হল না, গোয়া সুইজারল্যান্ডও হল না। আমরা ভেবেছিলাম রাজ্যপালের ভাষণের মধ্যে দেখবো। আইন শৃঙ্খলার প্রশ্নে আসি। আইন শৃঙ্খলার প্রশ্নে কলকাতা হাইকোর্টের বিচারপতি বলছেন, রাজ্য জ্বলছে। ....(গোলমাল)...........বারবার কলকাতা হাইকোর্টের কাছ থেকে ধমক খাচ্ছে এই সরকার। আইনশৃঙ্খলার প্রশ্নে কোলকাতা হাইকোর্টের বিচারপতি বলছেন রাজ্য জ্বলছে। মানবাধিকার কমিশনের চেয়ারম্যান, প্রাক্তন বিচারপতি খেদ করে বলেছেন তাঁর সুপারিশ মানা হচ্ছে না। রাজ্যপাল বলছেন যে চারদিকে শুধু গুন্ডামি চলছে। এই সরকার প্রতিটা আদালতেই ধমক খাচ্ছে। অথচ দেখা গেল রাজ্যপাল যে কথা বলেছেন, রাজ্যপালের ভাষণের মধ্যে সে কথা নেই। ১৩ই মে ২০১২ এর ডিসেম্বর থেকে খুন হয়েছে আমাদের ৮২ জন কর্মী, যেদিন থেকে সরকার গঠন হয়েছে। দূরবীণে দেখতে পাচ্ছেন না, অনুবীক্ষণে দেখতে পাচ্ছেন না অথচ আমরা দেখতে পাচ্ছি ১৩ই মের পর থেকে ২০১২এর ডিসেম্বর পর্যন্ত খুন হয়েছে ৮২ জন বামপন্থী কর্মী। জরিমানা আদায়ের টাকা দিতে না পারার কারণে আত্মহত্যা করতে বাধ্য হয়েছেন ১২ জন বামপন্থী কর্মী। ধর্ষণের শিকার হয়েছেন ১৫০ জন মহিলা। তালিকায় ৫ বছরের শিশু থেকে ৬০ বছরের উর্ধ্বে প্রৌঢ়া পর্যন্ত আছে। এই সময়ে শ্লীলতাহানির শিকার হয়েছে ৫২১ জন। শারীরিকভাবে নিগৃহীত হয়েছেন ১২৪ জন মহিলা। অথচ মহিলা থানা হয়েছে বলে গর্ব করা হচ্ছে। আর মহিলা থানায় যখন মহিলারা যাচ্ছেন তখন মহিলা থানার অফিসার এই কথা বলছে, আমাদের কোন পরিকাঠামো নেই। তৃণমূলের হামলায় এই সময়ে জখম হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৫৭৪৩ জন কর্মী। বিভিন্ন জেলায় ৪২,৭৪৪ টি ঘরবাড়ি পুড়িয়ে দেওয়া হয়েছে। ২৯৮১

জনের বাড়িতে নির্বিচারে হামলা চালানো হয়েছে, অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে। বামপন্থী কর্মীদের কাছ থেকে ২৮ কোটি টাকা আদায় করা হয়েছে। বর্গাদার, পাট্টাদার প্রতিদিন উচ্ছেদ হচ্ছে। আর কংগ্রেসের কাছ থেকে আমরা গণতন্ত্র শুনতে চাই না। ১৯৭২ সালে সন্ত্রাসের কথা আমরা জানি। পাইপগান, পিস্তল, উন্মুক্ত তরবারি নিয়ে মানুষের গণতন্ত্রের অধিকারকে কেড়ে নিয়েছিল। তারা সেদিন ভোট কেন্দ্রে কাউকে ভোট দিতে দেয় নি। তারা সাজানো বিধানসভা তৈরী করেছিল, সাজানো মন্ত্রীসভা তৈরী করেছিল। এই সাজানো বিধানসভা, সাজানো মন্ত্রীসভা তৈরী করে হাজার হাজার মানুষকে সেদিন খুন করিয়েছিল। গোর্খাল্যান্ড নিয়ে খুব বড় বড় কথা বলা হচ্ছে। গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন শান্তিপূর্ণভাবে হয়েছে বলে সরকার দাবী করছেন। সত্যি কথা — তাই কি হয়েছে? বিরোধীরা দাঁড়াতে পেরেছিল সেখানে? বিরোধী সদস্যদের কাউকে সেখানে দাঁড়াতে দেওয়া হয় নি। অথচ দাবী করা হচ্ছে বুঝি খুব ভাল নির্বাচন হয়েছে। ধর্মঘট নিয়ে ব্যঙ্গ করা হয়েছে। ধর্মঘট হচ্ছে শ্রমিক শ্রেণীর একটা অধিকার, ন্যায্য অধিকার। এই অধিকারকে কেউ কেড়ে নিতে পারবে না। ধর্মঘট ডাকার কারণে যারা শ্রমদিবস নষ্ট হয় বলে, তারা ঠিক বলে না। সরকার সমস্ত দমনমূলক নীতি নিয়ে চলে। তবুও ধর্মঘটের অধিকার কেড়ে নিতে পারবে না। সরকার পক্ষ থেকে ধর্মঘট নিয়ে, পুলিশ নিয়ে ধর্মঘট ভাঙা হচ্ছে। নিতান্ত আমোদ-প্রমোদ করার জন্য ধর্মঘট করে না শ্রমিক শ্রেণী। কোন এক সকালে ঘুম থেকে উঠে মনে করল যে আমি ধর্মঘট করব, তা হয় না। একটা ধর্মঘটের পটভূমিকা থাকে। দীর্ঘদিনের প্রতিটি প্রচার, প্রস্তুতি থেকে আরম্ভ করে, ছোট-বড় সভা থেকে আরম্ভ করে, শোভাযাত্রা থেকে আরম্ভ করে — এইগুলি তারা করে থাকে। তারপর তারা ধর্মঘট করে। দুষ্কৃতিকারীদের শাসানি, মালিকের শাসানি, সরকারের শাসানি, সরকারের বন্দুক — সমস্ত কিছুকে উপেক্ষা করে তারা ধর্মঘট করে থাকে। সারা দুনিয়ায় শ্রমিক শ্রেণীরা কারখানা ছেড়ে রাস্তায় নামে। ধর্মঘট — তার অধিকারকে বজায় রাখার জন্য, তার অধিকারকে পাবার জন্য। আমরা দেখছি এই সময়ে ইউরোপে বড় বড় ধর্মঘট হচ্ছে। আমেরিকায় ওয়ালস্ট্রিট ভবল করে নিয়েছে যুবকরা। সেখানেও ধর্মঘট হচ্ছে। আর এখানে ধর্মঘট নিষিদ্ধ করার চেষ্টা চালানো হচ্ছে। সরকার জাতি সত্ত্বাটাকে উসকে দিচ্ছে। কখনও বলছে পরম পুজো, ছট পুজো, ঘেটুপুজো — ইত্যাদিতে ছুটির ব্যবস্থা করবে। এটা কি কর্মসংস্কৃতি? আমার মনে পড়ছে গ্রামে-গ্রামে, পাড়ায়-পাড়ায় কিছু মস্তানবাহিনী থাকে, এইসব পুজো করে। এইসব করে তারা ছেলেদের হাতে রাখে। কেউ কোন কিছুতে যদি প্রতিবাদ করে থাকে তাহলে তাকে আক্রমণ করা হয়। সেই সবের জন্যই এই কাজ করা হচ্ছে বলে আমার ধারণা। মাটি উৎসব — মাটি উৎসবটা তো একটা তামাশা, নিষ্ঠুরতা। যখন সরকারী কর্মচারীরা মাইনে পাচ্ছে না, যখন বাস কর্মচারীরা পেনশানের টাকা পাচ্ছে না, যখন চা বাগানের কর্মীরা আত্মহত্যা করছে তখন মাটি উৎসব করছে। আর কি বলছে? আপনারা ভাল থাকুন, পিঠে পুলি খান। ভাবুন তো, এর থেকে তামাশা কি হতে পারে আমরা বুঝতে পারছি না। তৃণমূল ইস্তাহারের ৪২ নম্বর পাতায় ঘোষণা ছিল আমাদের সব কিছু ছিল। আমাদের নাসা থেকে ভাষা সর্বত্রই ফুটুক বাংলার মাটিতে মা-মাটি-মানুষের ফুল।

[2.10–2.20 p.m.]

আসুক নতুন ভোর। মাত্র ২১ মাস নতুন ভোর, অমাবস্যার রাতের চেয়ে ঘন অন্ধকার হয়ে এসেছে, মুখ ঢাকছে। ট্রিগার হ্যাপি হয়ে গেছে। ইতিমধ্যেই পুলিশ গুলি চালিয়েছে ৬ বার।

মানুষ মেরেছে আর বলছে ভাল আছে। পরিসংখ্যান বলছে ২১ মাসে ৮১ জন কৃষক আত্মহত্যা করেছে। ফসলের দাম না পেয়ে দেনার দায়ে আত্মহত্যা করেছে। কৃষক সার মূল্য পাচ্ছে না। গত দেড় বছরে এক ধাক্কায় ১৫ শতাংশ জমির চাষ কমে গেছে। পাটের অবস্থা তথৈবচ। আর রাজ্যসরকার আত্মহত্যার কথা অস্বীকার করছে, ভাবতে পারেন? কোন রাজ্যসরকার আত্মহত্যার কথা অস্বীকার করে না। এই সরকার আত্মহত্যার কথা অস্বীকার করছে, ভাবতে পারেন? শুধু তাই নয়, তাদের জন্য ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না। বিষ মদ কাণ্ডে ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে অথচ কৃষক আত্মহত্যায় ক্ষতিপূরণ দেওয়া হচ্ছে না। হনুমান টুপি পরে রাতের অন্ধকারে তারা গিয়েছিল, শিল্পনগরী থেকে তাদের তাড়িয়েছে। শিল্প সম্মেলন হয়েছে আর সেই শিল্প সম্মেলনে কি হয়েছে জানি না। ২০ কোটি টাকা সেখানে খরচ করা হয়েছে। যখন মন্ত্রীকে জিজ্ঞাসা করেছে সাংবাদিকরা বলেছেন আপনারা অপেক্ষায় থাকুন .....(গোলমাল)..... আমাদের সময় রাজ্যে ৯ হাজার কোটি টাকা শিল্প বিনিয়োগ হয়েছিল। শিল্পে বলা হয়েছিল বন্ধ শিল্প কারখানা খুলব, কোথায় বন্ধ শিল্প কারখানা খুলেছে ....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী পুলক রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই অধিবেশনের প্রারম্ভে মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করি এবং তার সমর্থনে আমি এই পবিত্র সদনে দু-চার কথা বলতে চাই। আপনারা সবাই আমার সঙ্গে একমত হবেন যে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মা-মাটি-মানুষের আশীর্বাদ নিয়ে যে অবস্থার মধ্যে এই রাজ্যের দায়িত্ব নেন ভারতবর্ষের অন্য যে কোন অঙ্গ রাজ্যের সঙ্গে তার তুলনাই চলে না। একটানা ৩৪ বছর এক স্বৈরতান্ত্রিক সরকারের পতনের পর আমাদের নেত্রীকে এই রাজ্যের দায়িত্ব নিতে হয়। রাজ্যে ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা দেনা, জঙ্গলমহলে বিস্তৃর্ণ এলাকায় শুধু মারামারি, খুনোখুনি, মানুষের নিরাপত্তার অভাব, পাহাড় ও সমতলে মানুষের মধ্যে অবিশ্বাস। শিক্ষার অরাজকতা, হাজার হাজার কলকারখানা বন্ধ, শিক্ষিত বেকাররা আত্মহত্যা করছে। আপনাদের নিশ্চয়ই জানা আছে পি.টি.টি.আই শিক্ষণ প্রাপ্ত সাতজন ছাত্র বিগত সরকারের আমলে আত্মহত্যা করেছে। এই অবস্থায় আমাদের নেত্রী রাজ্যের দায়িত্ব নেওয়ার পর জঙ্গলমহল শান্ত, পাহাড়ে অসংখ্য পর্যটক যাচ্ছে। আমি প্রথমেই বলি যে, রাজ্যপালের এই ভাষণের মধ্যে, এই বইটার মধ্যেই এই সরকার কি করেছেন তার সমস্ত কিছু উল্লেখ আছে। আমি প্রথমেই আমাদের রাজ্যের সম্মানীয় দক্ষ অর্থমন্ত্রী অমিত মিত্রকে সম্মান জানাই, শ্রদ্ধা জানাই তার দৃঢ় পদক্ষেপে বিগত দিনের ২১ হাজার কোটি রাজস্বটা ২ বছরে বেড়ে ৩২ হাজার কোটি টাকা দাঁড়িয়েছে। এটা একটা গ্রেট অ্যাচিভমেন্ট বলে আমার নিজের মনে হয়। আমাদের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে শ্রমদিবস — আমাদের সরকারের একটা প্রধান সাফল্য হল ধর্মঘটের কারণে — এদের আমলে ধর্মঘটের কারণে শ্রমদিবস নষ্ট হওয়ার পরিমাণ ২০১০ সালে ৮০ হাজার থেকে রেকর্ড পরিমাণে হ্রাস পেয়ে ২০১১ সালে ১০ হাজার এবং ২০১২ সালে মাত্র ৫ হাজার ২০২-তে এসে দাঁড়িয়েছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আমাদের সরকার হারানো কর্মসংস্কৃতি ফিরিয়ে আনতে সক্ষম হয়েছে এবং সব কর্মদিবসে কর্মীদের উপস্থিতির হার একথা প্রমাণ করে। আমাদের রাজ্য কৃষি প্রধান। আমাদের রাজ্যে আমাদের সরকার সুবিধেয় অবস্থানের ফলে কোন কৃষককে তার ইচ্ছার বিরুদ্ধে তার জমির অধিকার থেকে বঞ্চিত করা যাবে না। আমাদের সরকার জমির ব্যবহার ও জমি বন্টনের একটি নীতি চূড়ান্ত করেছে এবং জমি ব্যাঙ্ক-এর আকারে লভ্য জমি সংক্রান্ত একটি তথ্য ব্যাঙ্ক গড়ে তুলেছে। নিজ গৃহ নিজ ভূমি প্রকল্পের অধীনে

প্রায় ৪০ হাজার পরিবারকে জমি প্রদান করা হয়েছে। আরো ৩১ হাজার পরিবারকে জমি বিতরণের বিষয়টি প্রস্তুত রয়েছে। প্রায় ১৭ হাজার ভূমিহীন অন্যান্য উপযুক্ত ব্যক্তিকে খাস কৃষি জমি বিতরণ করা হয়েছে। আমরা আনন্দিত বাংলার মানুষ হিসাবে যে, আমাদের ২০১২-'১৩ সালে কৃষক নির্ভর এই রাজ্যে প্রায় ৮ লক্ষের বেশি উপকারভোগীকে কিশান ক্রেডিট কার্ডের আওতায় আনা হয়েছে। আমরা ধন্যবাদ জানাই মা-মাটি-মানুষের সরকারের মাননীয় কৃষিমন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। আমরা গর্বিত আমাদের রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী মাননীয় সুব্রত মুখোপাধ্যায় বসে আছেন। পঞ্চায়েত ব্যবস্থাটাকে এলোমেলো করে দে মা লুটেপুটে খাই — দীর্ঘ ৩৪ বছর ধরে এলোমেলো করে লুটেপুটে খেয়েছে। আজকের দিনে দাঁড়িয়ে আমাদের সরকার মাননীয় পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখার্জীর নেতৃত্বে আজকে পঞ্চায়েতের কাজে গতি এসেছে। আমরা ১০০ দিনের কাজ থেকে শুরু করে প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনা থেকে শুরু করে সর্বক্ষেত্রে ভারতবর্ষের অন্যতম রাজ্যের দিকে এগিয়ে চলেছি। আমরা গর্বিত, আমাদের রাজ্যে পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখার্জীকে বিশ্বব্যাঙ্ক ভূয়সী প্রশংসা শুধু নয়, ওয়াশিংটনে যাওয়ার আমন্ত্রণ জানিয়েছে। বামপন্থী বন্ধুরা এতে আপনারা সাম্রাজ্যবাদের গন্ধ পাচ্ছেন কিনা আমরা জানতে চাই। আমরা বলতে এসেছি। স্বাস্থ্য— স্বাস্থ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী, আমাদের নেত্রী আমাদের স্বাস্থ্যে সুপার স্পেশ্যালিটি হসপিটাল, নার্সিং ট্রেনিং কলেজ, হাসপাতালে বেড বৃদ্ধি, মেডিকেলে ছাত্রদের বেড বৃদ্ধি — আমরা এই জায়গায় যেতে চাইছি না, শুধু একটা ছোট্ট উদাহরণ দিতে চাই, আমাদের ১৪২ টা জীবনদায়ী ওষুধ সর্বাধিক খুচরো মূল্যের চেয়ে ৪৮ থেকে ৬৭ শতাংশ কম মূল্যে বিক্রয়ের ব্যবস্থা করার জন্য সরকারী-বেসরকারী অংশীদারদের মাধ্যমে ন্যায্যমূল্যে দোকান চালু করার মত উদ্ভাবনী পদক্ষেপ নেওয়ার বিষয়টি সারা দেশে প্রভূত প্রশংসা অর্জন করেছে। ভারতবর্ষের প্রধানমন্ত্রীও সেটাকে সমর্থন জানিয়ে আগামীদিনে ভারতবর্ষের মধ্যে এটাকে করার চিন্তা-ভাবনা করেছেন। ইতিমধ্যে ১৯ টি চালু হয়েছে এবং তারপরে আরও ৪ টি নিয়ে আমাদের ২৩ টি ইতিমধ্যেই চালু হয়েছে এবং আগামীদিনে আরও চালু হবে। শিক্ষা — আমরা একটা সময় নিজেরা ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত ছিলাম। অনেকে এখানে ছাত্র রাজনীতির সাথে যুক্ত ছিল। এস.এফ.আই. বলত শিক্ষা, আনে চেতনা, চেতনা আনে বিপ্লব, বিপ্লব আনে মুক্তি। ৩৪ বছরের বাম শাসনে এস.এফ.আই. শিক্ষাটাকে কোথায় পাঠিয়েছিলে আমি বললে আপনারা লজ্জা পাবেন, তাই নতুন করে আপনাদের স্মৃতিতে এনে নতুন করে উস্কে দিতে চাই না। শুধু একটা কথা বলি, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সুদৃঢ় নেতৃত্বে, আমাদের শিক্ষামন্ত্রী ব্রাত্যবসুর নেতৃত্বে ২১ মাসের সরকার দু-দুখানা বিশ্ববিদ্যালয় — বর্ধমানে কাজী নজরুলের নামে বিশ্ববিদ্যালয় এবং কোচবিহারে পঞ্চানন বর্মার নামে বিশ্ববিদ্যালয় ২০১৩- '১৪ শিক্ষাবর্ষে চালু হবে। তার চেয়েও বড় কথা, আমরা মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ জানাই, পূর্বাঞ্চলের কোন রাজ্যে মহিলা বিশ্ববিদ্যালয় নেই। এই বাংলায় ডায়মন্ড হারবারে বিশ্ববিদ্যালয় চালু হচ্ছে। আপনারা দেখতে থাকুন। আমি শেষে আসি আইন-শৃঙ্খলায় — আমি নতুন বিধায়ক, আমরা শুনছিলাম এনারা আইন-শৃঙ্খলা নিয়ে বলছিলেন যে, এই বইয়ে নেই কেন? প্রকৃতপক্ষে আইন-শৃঙ্খলা এই বাংলায় ২০১১-এর পর থেকে আইন-শৃঙ্খলার কোন সমস্যা নেই, তাই আইন-শৃঙ্খলা নিয়ে লেখা হয় নি। রাজ্যপাল আপনি ঠিক লিখেছেন। আমরা রাজ্যপালকে ধন্যবাদ জানাই। যদি আপনি ক্যাটাগরীক্যালি দেখেন, তাহলে আমাদের আইন-শৃঙ্খলার থেকে দিল্লী, রাজস্থান, মধ্যপ্রদেশ সব জায়গায় পিছিয়ে আছে। আমরা বলি, আজকে আইন-শৃঙ্খলার কথা কাদের

মুখে — এক একটা কঙ্কাল সামনে বসে আছে, নিজেদের বসতে লজ্জা লাগে, জীবন্ত মানুষদের মাটিতে পুঁতে দিয়েছে, তাদের দলের লোকেরা আইন-শৃঙ্খলার কথা বলে। আজকে লজ্জা লাগে, তারা আইন-শৃঙ্খলার কথা বলে। আমরা বলি আপনাদের কাছে, আইন-শৃঙ্খলার দু-একটা উদাহরণ দিই। বিগত দিনে লোকসভা, পৌরসভা, পঞ্চায়েত, বিধানসভা — যে নির্বাচনই হোক সবেতেই হয় রিগিং হয়েছে, নয় ভোট লুঠ হয়েছে। এই সরকারের আমলে তিন-তিনটে উপনির্বাচন গেল, কোন অশান্তি হয় নি, বিরোধীরাও কোন অভিযোগ জমা দেন নি। প্রমাণ হয়ে গিয়েছে এই সরকার শান্তিতে বিশ্বাস করে। আজকের দিনে দাঁড়িয়ে আমি বামপন্থী বন্ধুদের কাছে একটা ছোট্ট উদাহরণ দিতে চাই।

[2.20–2.30 p.m.]

বামফ্রন্টের আমলে ১৯৭৭-২০০৯ অবধি রাজনৈতিক হত্যা হয়েছে ৫৪ হাজার ৪০৮ জন। শুধু তৃণমূল কর্মীরা নয়, কংগ্রেসের অনেক কর্মী গেছে, যারা বসে সি.পি.এম-এর সঙ্গে হাত মেলাচ্ছেন, ফরওয়ার্ড ব্লকের অনেক কর্মী খুন হয়েছে, আর.এস.পি কর্মী খুন হয়েছে এই সি.পি.এম. জহ্লাদদের হাতে। আপনারা প্রতিবাদ করবেন না? এর মধ্যে মাটের তলাটা ছেড়ে দিতে হবে। এখনও অনেক বেরোচ্ছে, কঙ্কাল বেরোচ্ছে, যেগুলো নন্দীগ্রাম থেকে লাশ পাচার করে দিয়েছিলেন। সেগুলো যদি ধরি তাহলে সেটা অনেক বাড়বে হেদায়েতুল্লাহ্ বাবু। ১৯৭৭-০৯, ধর্ষণের কথা বলছিলেন, ৭৭ হাজার ৬০০ জন মহিলা ধর্ষিত হয়েছে ৩৪ বছর বামফ্রন্টের আমলে। আপনাদের বলার অধিকার নেই, আপনাদের বলার অধিকার নেই। ২০০২-০৬ অবধি ৬০ হাজার জন নারী পাচার হয়েছে বাংলায়। ২০০৮ সালে ২২৬৩ টি টা ও ২০০৯ সালে ২৩৩৬ টি ধর্ষণ, কিডন্যাপ হয়েছে ২৭৫০ জন। খোঁজ যদি জানতে চান দৈনিক স্টেটস্‌ম্যান, ৩১.১২.২০১০। আমরা বিধানসভার নতুন বিধায়ক। আবার কংগ্রেসের অনেক বন্ধুরা বলছিলেন আইন-শৃঙ্খলা নিয়ে। আপনাদেরকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই ১৬ ডিসেম্বর ২০১২ দিল্লীতে ধর্ষিতা হয়েছিল দিল্লীর তরুণী। দিল্লীর সরকার কংগ্রেসের। দিল্লীর প্রধানমন্ত্রী মনমোহন সিংহ। শুধু পশ্চিমবাংলা নয়, পৃথিবীর কাছে ভারতবর্ষের মাথা হেঁট হয়ে গিয়েছিল। তার জন্য আপনারা কি বলবেন। আমরা প্রশ্ন করতে চাই কারা আইন-শৃঙ্খলার কথা বলছেন? গত ৭ তারিখে মুর্শিদাবাদে ভারতবর্ষের মন্ত্রী দাঁড়িয়ে থেকে জেলাশাসক অফিস ভাঙচুর করছে। সাংবাদিকরা প্রশ্ন করলে বলছে আমরা আবার করব। আপনাদের কাছে আমরা নতুন করে আইন-শৃঙ্খলা ....(এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয় উপাধ্যক্ষ মহোদয়া, ভারতের সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এখানে সে নিয়ে দু চারটি কথা বলতে চাই। আমরা জানি ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবস। নারী দিবসের প্রাক্কালে দাঁড়িয়ে রাজ্যপাল লিখছেন, আমার সরকার লিঙ্গ সমতা রক্ষা এবং সেই সঙ্গে মহিলাদের সামাজিক, অর্থনৈতিক ক্ষমতায়ন এবং তাদের সর্বাঙ্গীন বিকাশের প্রতি দায়বদ্ধ। ম্যাডাম স্পীকার, আপনি নিশ্চয়ই জানেন যে লিঙ্গ বৈষম্য রক্ষা করার জন্যে ভারতবর্ষের সরকার ২০০৫-০৬ সাল অর্থ বর্ষ থেকে, আজকের শাসক দল আপনারা সাথে ছিলেন, সেদিন থেকে শুরু হয় ভারতবর্ষের জেন্ডার বাজেটিং। পৃথিবীর উন্নত দেশগুলো সেই জেন্ডার বাজেটিং শুরু করে অনেক আগে থেকেই। লিঙ্গ বৈষম্য কমাতে হবে। জেন্ডার বাজেটিং শুরু হয়েছে। মাননীয় রাজ্যপাল সে

কথাই বলেছেন। আমি শুধু বলি শুধুমাত্র এ বছরে জেন্ডার বাজেটিং-এর লক্ষে, লিঙ্গ সমতার লক্ষে ভারতবর্ষের সরকার শুধুমাত্র মহিলাদের উন্নয়নের জন্যে কেন্দ্রীয় বাজেটে ৯৭ হাজার ১৩৪ কোটি টাকা বরাদ্দ করেছেন। তার একটা অংশ পশ্চিমবঙ্গে নিশ্চয়ই আসবে। ভারতবর্ষের সরকার বাচ্চাদের উন্নয়নের জন্যে সর্বক্ষেত্রে ৭৭ হাজার ২৩৬ কোটি টাকা বরাদ্দ করেছেন। জেন্ডার বাজেটিং শুরু হয়েছে। খুব স্বাভাবিকভাবেই নারীদের সম্মান রক্ষা, নারীদের আমরা সম্মান করি, মা হিসেবে জ্ঞান করি। খুব স্বাভাবিকভাবেই মাননীয় সদস্য দিল্লী রেপের কথা উল্লেখ করেছেন। নিশ্চয়ই বলব। তার আগে শুধু বলি একটা ধর্ষণ একটা পৃথিবীর রাষ্ট্রযন্ত্রকে ক্ষমতাচ্যুত করতে পারে। উইলিয়াম সেক্সপিয়র একটা কবিতা রচনা করেছিলেন ১৫৯৪ সালে, সেই কবিতাটার নাম ছিল The Rape o Lukris আমরা রোম্যান সাম্রাজ্যের কথা জানি। আড়াই হাজার বছর আগে লিউক্রিস নামে এক মহিলা, তাকে ধর্ষণ করে সেখানকার রাজা তারপুইন, তার ছেলে সম্রাট তারপুইন। তারপুইনের বিরুদ্ধে প্রতিবাদ সংগঠিত হ'ল। রাজার ভাইপো লুসিয়াস ব্রুটাস আন্দোলন সংগঠিত করল। তারপর রোমান সাম্রাজ্যের সমস্ত মানুষ প্রতিবাদে সামিল হ'ল, রাজতন্ত্র থেকে রাজা তারপুইনকে ক্ষমতাচ্যুত করা হ'ল এবং রাজতন্ত্র থেকে প্রজাতন্ত্রে রোমান সাম্রাজ্য গঠিত হ'ল। এটা একটা ধর্ষণের ঘটনা পৃথিবীর ইতিহাসে। ভারতবর্ষের ধর্ষণের ঘটনা বেড়ে যাচ্ছে, এই বিষয়ে সন্দেহ নেই। এই ফেডারেল স্ট্রাকচারে কেন্দ্রের কিছু দায়-দায়িত্ব থাকে, রাজ্যের কিছু দায়-দায়িত্ব থাকে এবং সেই সরকারের জোট সঙ্গী হিসাবে, সেই সরকারের অংশীদার হিসাবে যখন আমরা আছি, তখন তার ভালো-মন্দের দায়-দায়িত্ব শাসক তথা সরকারের আছে। এই জায়গায় দাঁড়িয়ে দিল্লীর ধর্ষণের কথা বলা হয়েছে। এটা ঠিক যে, এই ঘটনাকে কেন্দ্র করে গোটা ভারতবর্ষ উত্তাল হয়েছে, রাজধানী দিল্লী উত্তাল হয়েছে, কেন্দ্রের সরকার, রাজ্যের সরকার পার্থক্যটা দেখানো হচ্ছে। আমরা দেখেছি অধিক রাত্রে প্রধানমন্ত্রীকে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলতে, আমরা দেখেছি National Development Council এর Chairman সোনিয়া গান্ধীকে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলতে, আমরা দেখেছি সাংসদ রাহুল গান্ধীকে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলতে। কথা দিয়েছিলেন এবং সমস্ত ধর্ষণকারী গ্রেফতার হয়েছে। ভারতবর্ষের সমস্ত রাজনৈতিক দলগুলো বলেছিল কঠোর শাস্তির ব্যবস্থা করতে হবে। অর্ডিনান্স জারি হয়েছে, আজকে বিচার শুরু হয়েছে। আপনারা আজকে যে কথা বলছেন, উত্তরপ্রদেশ বিধানসভায় দাঁড়িয়ে ভারতের রাষ্ট্রপতি তাঁর ভাষণে মনে করিয়ে দিয়েছেন, (উত্তরপ্রদেশ বিধানসভায় রাষ্ট্রপতিকে আমন্ত্রণ জানানো হয়েছিল) বলছেন— আমাদের লজ্জা ভারতবর্ষে আমাদের পরিবারের এ সদস্যাকে আমরা রক্ষা রতে পারছি না, গোটা পৃথিবীর কাছে আমাদের মাথা হেঁট হয়ে যাচ্ছে। —একথা বলছেন কে? ভারতবর্ষের রাষ্ট্রপতি। তার পরের অবস্থা জানেন আপনারা, আজ ফার্স্ট ট্রাক কোর্টে বিচার চলছে। আর আমরা যদি এখানে বলি পার্ক স্ট্রীটের ধর্ষণ থেকে শুরু করে এক একটা ধর্ষণের ঘটনা, বা কোন সাংসদ যদি বলেন— খদ্দেরের সঙ্গে সম্পর্ক তৈরী করা — কেউ তাকে নাইট ক্লাবে যাবার জন্য কটাক্ষ করেন, সেখানে আমাদের দায় আছে, দায়িত্ব আছে। মানুষ আমাদের পাঠিয়েছেন এই আইনসভায়, সেই আইন যাতে সঠিকভাবে কার্যকরী হয়। কিন্তু সেইসব ধর্ষণকারী এখনও গ্রেফতার হয় নি। সেইসব ধর্ষণকারী গ্রেফতার হোক, স্বাভাবিকভাবেই আমরা এটা বলি, সমালোচনা করি সরকারের, কেন না গণতান্ত্রিক ব্যবস্থায় আমাদের সেই অধিকার আছে। আমরা সরকারকে সজাগ করে দিতে চাই তার ভুলের দিকগুলো সম্পর্কে। সরকারের কাজ হচ্ছে রাজধর্ম পালন করা। সেই রাজধর্ম পালন করার যে ইতিহাস আমাদের প্রাচীন

চিন্তানায়করা বলতেন — সেই শাসন হচ্ছে সর্বোত্তম শাসন, যে সবচেয়ে কম শাসন করে। কৌটিল্যের অর্থশাস্ত্র সম্বন্ধে যে কথা বলা আছে, আমরা সেইগুলো দেখতে পাই। কেন্দ্রীয় সরকার হোক বা রাজ্য সরকারই হোক, নিশ্চয় আমাদের তার সমালোচনা করার অধিকার আছে, আমরা সমালোচনা করব। রাজধর্ম পালন করা, সুশাসন করা, এটা সরকারের দায় এবং দায়িত্বের মধ্যে পড়ে। কৌটিল্যের অর্থশাস্ত্রে বলা হয়েছে, রাজার কাজ হচ্ছে মানুষের জন্য শান্তি-শৃঙ্খলা বজায় রাখা।

[2.30–2.40 p.m.]

মানুষ নিশ্চিন্তে ঘুমাবে। জনগণের মঙ্গল, মানুষের মঙ্গল, এটাই রাজা কামনা করবে। জনগণের শান্তি মানুষ কামনা করবে। খুব স্বাভাবিকভাবে একদিকে যেমন কৌটিল্যের অর্থশাস্ত্রে বলে দেওয়া আছে — নিজের স্বার্থ ত্যাগ করে প্রজাদের স্বার্থে নিরপেক্ষভাবে কাজ করতে হবে। উন্নয়নের ক্ষেত্রে রাজার গুণাবলীর ক্ষেত্রে বলা হয়েছে সেই রাজা, যে রাজা নেতৃত্ব দেবার ক্ষমতা রাখবেন, যে রাজা সমস্ত মন্ত্রীসভার মন্ত্রীদের নিয়ে সিদ্ধান্ত নেবেন, যে রাজা বিদ্যান ব্যক্তিদেরকে সাথে নিয়ে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করবেন, শুধু তাই নয় সেই কৌটিল্যের অর্থশাস্ত্রে বলছে যে সিদ্ধান্ত গ্রহণ হবে, সেই সিদ্ধান্ত মানুষের কাছে পৌঁছে দেবার দায়িত্ব সেই রাজাকেই দেখতে হবে। খুব স্বাভাবিকভাবে রাজার কাজ কি? তাঁর কাজ হল সেই এলাকার সমস্ত মানুষের শিক্ষার ব্যবস্থা করতে হবে। রাস্তার উন্নতি করতে হবে। সেচের ব্যবস্থা করতে হবে। শিল্পের পরিকাঠামো গড়তে হবে। এই রকম অসংখ্য কথা কৌটিল্যের অর্থশাস্ত্রে বলা আছে। কিন্তু আমরা পশ্চিমবঙ্গের দিকে তাকিয়ে কি দেখছি? আমরা সেই সুফল কি সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারছি? আমি দু একটি বিষয়ে এ নিয়ে অবতারণা করব। অবতারণা করার আগে শুধু এটুকুই বলব যে, এখানে মাননীয়া মন্ত্রী ছিলেন চলে গেলেন। আমাদের রাজ্যে যে ধর্ষণের ঘটনাগুলি ঘটছে, সেই ধর্ষণের বিচার হচ্ছে না। বলছেন ফার্স্ট ট্রাক কোর্টের সংখ্যা কম। শুধু ফার্স্ট ট্রাক কোর্টের সংখ্যা কম নয়, তার সাথে সাথে এই স্বাস্থ্য দপ্তরকে বলব যে ফরেনসিক ল্যাবরেটরীর সংখ্যাও কম। পশ্চিমবঙ্গে মাত্র দুটো আছে — একটা জলপাইগুড়িতে এবং একটি কোলকাতাতে। এবং ধর্ষণের ক্ষেত্রে যেটা সবচেয়ে জরুরী সেটা হল সিমেন, স্পার্ম ব্লাড গ্রুপিং সেগুলি করার দরকার। বিচার ব্যবস্থার যেটা অঙ্গ। আমরা পরিকাঠামোতে কি দেখি? দেখি একজন টেকনিশিয়ান, একজন ক্লার্ক, একজন গ্রুপ ডি কর্মচারী। স্বাস্থ্য দপ্তরকে অনুরোধ করব যে সেই রিপোর্টগুলি যাতে দ্রুত কোর্টে পৌঁছায়। তা না হলে ধর্ষণের বিচার হবে না পশ্চিমবঙ্গে। আমাদের বাড়ীর মা বোনেরা ধর্ষণের বিচার পাবে না এই পশ্চিমবঙ্গে। এইদিকে নজর দেবার জন্য আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য দপ্তরকে বলতে চাই। খুব স্বাভাবিকভাবেই দুটি ঘটনার ব্যাপারে উল্লেখ করব। আমরা কয়েকদিন ধরে দেখছি এবং পশ্চিমবঙ্গের সাধারণ মানুষ সেখানে বঞ্চিত হচ্ছে। একটা হচ্ছে রাজ্যের বিভিন্ন দপ্তর থেকে কোটি কোটি টাকা লুণ্ঠন হয়ে যাওয়ার ঘটনা। এই ব্যাপারে কয়েকদিন ধরে দেখছি কাগজে। সরকারপক্ষের কাছে দাবী রাখব এই বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন। এখানে এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বিবৃতির দাবী জানিয়েছি। কারণ রাজ্যের কোষাগারের টাকা, সে সমবায় দপ্তর হতে পারে, সে বিত্ত নিগম হতে পারে। সেই টাকা কি করে ফিক্সড্ ডিপোজিটের নাম করে আত্মসাৎ হয়ে যাচ্ছে। আমি জিজ্ঞাসা করব ওঁনাকে। উত্তর দেবার সময়ে নিশ্চয় বলবেন যে স্টেট কো অপারেটিভ

ব্যাঙ্ক থেকে ইউকো ব্যাঙ্ক হেস্টিংসে ব্রাঞ্চে ২০ কোটি টাকা সেখানে ফিক্সড় ডিপোজিট হয়েছিল। তার অস্তিত্ব খুঁজে পাওয়া যাচ্ছে না। ইন্ডিয়ান ওবারসীজ ব্যাঙ্ক হাজরা ব্রাঞ্চ, সেখানে ২০ কোটি টাকার হিসাব পাওরা যাচ্ছে না। ফিক্সড় ডিপোজিট খুঁজে পাওরা যাচ্ছে না। পাঞ্জাব ন্যাশানাল ব্যাঙ্ক তাদের হিসাব খুঁজে পাওয়া যাচ্ছে না। রাজ্যের বিত্ত নিগম থেকে ১২০ কোটি টাকা সেখান থেকেও চলে গেল কোথায় আমরা জানতে চাইব না? আমরা বিরোধীপক্ষ আমরা জানতে চাইব না এখানে সরকারের কি ভূমিকা? কতজন গ্রেফতার হলেন সেই বিত্ত নিগমের যারা বোর্ডের দায়িত্বে আছেন? কতজন গ্রেফতার হলেন যারা সেই সমবায়ের দায়িত্বে আছেন? আমরা এটা জানতে চাইছি আপনাদের কাছে। খুব স্বাভাবিকভাবে বলছি পশ্চিমবঙ্গ একটি গরীব পরিবার। এই পশ্চিমবঙ্গ একদিন স্মল সেভিংসে ভারতবর্ষের এক নম্বর জায়গায় ছিল। আজকে সেই স্মল সেভিংসের আমানতের পরিমাণ কমে যাচ্ছে কেন? আমরা দেখছি টি ভি তে অসংখ্যা অ্যাডভার্টাইজমেন্ট। কিছু নব্য বাবুরা কোর্ট টাই পরে নিয়ে তারা টি ভি তে বলছে কি কি ব্যবসা করছে। হোটেল, আবাসন, রিসর্ট, শিল্প থেকে শুরু করে এমন একটা বিষয় বলা হচ্ছে মনে হচ্ছে যেন এই নব্য ব্যবসায়ীরা তারা অনেক কিছু করবে — টাটাকে জিন্দালকে বিড়লাকে পিছনে ফেলে এগিয়ে নিয়ে যাবে আমাদের রাজ্যটাকে। আর আমরা কি দেখছি? গ্রামবাংলার প্রত্যন্ত এলাকার মানুষ সেইসব দালাল, মালিকদের খপ্পরে পড়ে গরীব মানুষরা সেই টাকা রাখছে চিটফান্ড নামক সেই জায়গায়। সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন? নিশ্চয় সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি দাবী জানাবো আপনাদের কাছে। আমরা ৩৪ বছর অতিক্রম করেছি। এখানে ডানদিকের বন্ধুরা আছেন। আমি মরীচঝাঁপির কথা আপনাদেরকে বলব না। আপনারা ৩৪ বছরে এই পশ্চিমবঙ্গকে পিছিয়ে দিয়েছেন। ১৯টি জেলার মধ্যে ১১টি জেলাকে পশ্চিমবঙ্গে পিছিয়ে পড়া জেলা হিসেবে আপনারা চিহ্নিত করে দিয়েছেন। আমি মরীচঝাঁপির কথা বলছি না যে, মরীচঝাঁপির কথায় আপনারা উৎসাহিত হলেন কোথা থেকে? শুধু এই কথা বলতে চাই আপনাদেরকে, কম্বোডিয়ার পল পট ১৫ লক্ষ মানুষকে হত্যা করেছিল সেই সময়, যেই সময় মরীচঝাঁপি ঘটে। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, ভারতবর্ষে কংগ্রেস যখন স্বাধীনতা আন্দোলনে ঝাঁপায়, একদিকে হিটলার, একদিকে স্ট্যালিন — কখনো যৌথ খামারের নামে, কখনো হিটলারের বন্ধু বলে পোল্যান্ডবাসীদেরকে — খুন করেন নি আপনারা? আপনারা খুন করেন নি? একটার পর একটা খুনের ঘটনা আপনারা ঘটিয়ে গেছেন এই পশ্চিমবঙ্গে। তাই আপনাদের কাছ থেকে নতুন কিছু পাওয়ার আশা পশ্চিমবঙ্গের মানুষের নেই। নতুন সরকারের কাছে আমরা অনুরোধ করেছিলাম, আমরা জানিয়েছিলাম — বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে আমরা বঞ্চিত হচ্ছি। এমপ্লয়মেন্ট — খুব স্বাভাবিকভাবেই এমপ্লয়মেন্টের নামে আমরা কি দেখছি? ১০ লক্ষ বেকার যুবকের চাকরী হয়ে গেছে। আমাদের পশ্চিমবঙ্গে ১০ লক্ষ চাকরী দিয়েছেন কোথায় জানি না, আমি শুধু সরকারের কাছে অনুরোধ করব, রাজ্যে প্রচুর ক্যাজুয়াল কর্মী এই মুহূর্তে বিভিন্ন দপ্তরে আছে। সেই সংখ্যাটি প্রায় ১৫ হাজারের মত। তারা দেড় হাজার থেকে দু'হাজার টাকা — মিনিমাম্ ওয়েজ্ — শ্রমমন্ত্রী আছেন এখানে, দেড় হাজার, দু'হাজার টাকায় তারা কাজ করে। তাদেরকে পার্মানেন্ট করার জন্য এর আগে আপনারা অর্ডার দিয়েছিলেন। চিফ্ সেক্রেটারী অর্ডার করেছিলেন। কিন্তু সেই সিদ্ধান্ত এখনো ঝুলে আছে। খুব স্বাভাবিকভাবেই আমরা সেই জায়গায় তাদের চাকরী দেওয়ার দাবী রাখছি এই সভা থেকে .....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

শ্রীমতী মঞ্জু বসু : অনারেব্‌ল ডেপুটি স্পীকার মহোদয়া, প্রথমেই আমাকে এখানে বলার অনুমতি দেওয়ার জন্য ধন্যবাদ জানাই। ম্যাডাম, গত ৮ই মার্চ ২০১৩ আন্তর্জাতিক নারী দিবসে আমাদের ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণের মাধ্যমে ২০১৩-১৪ সালের যে বাজেট অধিবেশনের সূচনা হয়, তাকে সম্পূর্ণরূপে সমর্থন জানিয়ে স্বল্প সময়ে আমার বক্তব্য সংক্ষিপ্তাকারে উপস্থাপন করছি। ম্যাডাম, আমরা সকলেই জানি যে, দীর্ঘ ৩৪-৩৫ বছর ধরে স্বৈরাচারী, অপদার্থ বামফ্রন্ট সরকার সোনার পশ্চিমবঙ্গকে ধ্বংস করেছিল। মুক্তিকামী ৯ কোটি বঙ্গবাসী গণতান্ত্রিক অধিকার ফিরে পেয়ে সরকারের পরিবর্তন আনল গত ২০১১ সালের ১৩ই মে বিধানসভা নির্বাচনে। আর ২০ শে মে বাংলার জনগণমন অধিনায়িকা, অবিসংবাদী মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জীর নেতৃত্বে অর্থাৎ মুখ্যমন্ত্রীত্ব গঠিত হ'ল তৃণমূল কংগ্রেস পরিচালিত "মা-মাটি-মানুষের সরকার ।" একদিকে শূন্য রাজকোষ, পাহাড় প্রমাণ ঋণের বোঝা মাথায়, অন্যদিকে সন্ত্রাস — এই কঠিন পরিস্থিতির উপর দাঁড়িয়ে শাসনভার গ্রহণ করে যাত্রা শুরু করলেন আমাদের গর্বের বাংলার প্রথম মহিলা মুখ্যমন্ত্রী। 'বদলা নয়, বদল চাই' এই আপ্তবাক্যে অবিচল ও দৃঢ় সংকল্পবদ্ধ, সাহসী, নিজ উদ্ভাবনী শক্তিতে ভরপুর, বাংলা মায়ের কল্যাণী প্রতিমা — মাত্র ২০ মাসের মধ্যে, যা অতি নগণ্য সময়, যে বিপুল কৃতিত্ব ও সাফল্য লাভ করেছেন, তারই প্রতিচ্ছবি মহামান্য রাজ্যপালের তথ্যভিত্তিক — তাতে কোনো প্রশ্নের অবকাশ নেই — ভাষণের প্রতি ছত্রে ছত্রে দেখতে পাই। ম্যাডাম, আজ থেকে প্রায় ১২৫ বছর আগে স্বামী বিবেকানন্দ উপলব্ধী করেছিলেন, ভারতবর্ষ যখন ব্রিটিশের পদানত ভারতবাসীর দুর্দশা ও অধোগতির কারণ হ'ল চরম দারিদ্র ও অশিক্ষা। তিনি বলেছিলেন, "খালি পেটে ধর্ম হয় না"। অর্থাৎ দারিদ্র ঘোচাতে না পারলে কোনো জাতির উন্নতি হয় না। এই দর্শনের ওপর ভিত্তি করেই আমাদের মুখ্যমন্ত্রী জঙ্গলমহল অঞ্চলে হিংসা ও হত্যাকান্ডের সার্বিক অবসান ঘটিয়ে শান্তি ও উন্নয়নের পরিবেশ এনেছেন। এনেছেন পরিকাঠামোগত উন্নয়ন, শিক্ষা সংক্রান্ত সুযোগ-সুবিধা, দক্ষতার বিকাশ, সাধারণ কর্মসংস্থানের সুযোগ ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত ব্যবস্থাদির উপর বিশেষ গুরুত্ব প্রদান করে এই অঞ্চলের সাধারণ মানুষেকে সমাজের মূল স্রোতে নিয়ে আসা সম্ভবপর হয়েছে।

[2.40–2.50 p.m.]

আমরা দেখতে পাই জঙ্গলমহলের সমস্ত উপজাতিভুক্ত পরিবার দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারের স্তরভুক্ত বলে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে তারা কেজি প্রতি ২ টাকা দরে চাল পাচ্ছেন। ২০১২-১৩ সালে উপজাতিভুক্ত মেয়েদের মধ্যে ১১০০০-র বেশি সাইকেল প্রদান করা হয়েছে। আমরা দেখতে পাই শালবনী, ঝাড়গ্রাম, নয়াগ্রাম, গোপীবল্লভপুর ও পুরুলিয়াতে ৫ টি মাল্টি স্পেশ্যালিটি হসপিটাল স্থাপন করা হয়েছে। এবং অত্যন্ত আনন্দের কথা এই প্রথম জঙ্গলমহল ফুটবল ক্লাব ২০১২তে রেকর্ড সংখ্যক খেলোয়াড় যারা সংখ্যায় প্রায় ২২ হাজার অংশগ্রহণ করেছেন। ম্যাডাম, যে অশান্তির আগুন বাংলার অবিচ্ছেদ্য অংশ দার্জিলিং-এ জিইয়ে রেখেছিল এই বামফ্রন্ট সরকার। সেই জায়গায় আমরা দেখতে পাই ২০১২ সালে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন শান্তিপূর্ণ নির্বাচনের আয়োজন করতে সমর্থ হয়েছে। তাই আজকে বাংলার যে পর্যটনক্ষেত্র দার্জিলিং সেখানে আবার হাসি, বাংলার যে আন্তর্জাতিক পর্যটনক্ষেত্র ২০১২ সালে সেখানে রেকর্ড পরিমাণ পর্যটক এসে ভিড় করেছেন, এটা অত্যন্ত আনন্দের কথা, হিংসার

কথা নয়। জ্বালা ধরছে বিরোধীদের। চা শিল্পে পুনরুজ্জীবন ঘটেছে এবং আন্তর্জাতিক চা শিল্পে তার মান বেড়েছে এবং আর্থসামাজিক ব্যবস্থার উন্নয়ন ঘটেছে। আমরা শহরাঞ্চলে দেখতে পাই পুলিশী ব্যবস্থা উন্নতি সাধনে আমাদের সরকার তৎপর হয়েছেন, তাই এ পর্যন্ত এ রাজ্যে মোট ৫ টি কমিশনারেট স্থাপন হয়েছে এবং আরও একটা দার্জিলিং জেলায় শিলিগুড়িতে কমিশনারেটের কাজ শুরু হয়েছে। ম্যাডাম, আমি আরও বলতে চাই সবচেয়ে বড় কথা হচ্ছে নারী জাতি, আমাদের পুরুষ শাসিত সমাজে বিশেষ করে বামফ্রন্ট সরকারের সময়ে নারী ছিল অবহেলিতা, উপেক্ষিতা, ধর্ষিতা এবং নিরাপত্তাহীন। নারী শক্তিই হচ্ছে আসল শক্তি। বিশ্বজননী শ্রী শ্রী মা সারদা শিক্ষা দিলেন নারী জাতির মর্যাদা দিতে হবে। কারণ একপক্ষ বিশিষ্ট পক্ষী যেমন উড়তে পারে না, তেমনি নারীর মর্যাদা রক্ষা ছাড়া জগতের উন্নতি হয় না। তাই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেই পথেই গেলেন, মহিলাদের জন্য তিনি সরকারে এসেই প্রথমে মহিলা কর্মচারীদের জন্য ৭৩০ দিন পর্যন্ত সন্তান পরিচর্যাজনিত ছুটি মঞ্জুর করলেন। তিনি আরও করলেন, এই বছর পঞ্চায়েতীরাজ সংস্থাগুলিতে সংরক্ষণের পরিসীমা বাড়িয়ে মহিলাদের জন্য ৫০% করেছেন। শুধু তাই নয়, মহিলাদের জন্য দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে উত্তর-পূর্ব ভারতে এই প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে। নারীদের জন্য সারা রাজ্যে ৬৫ টি মহিলা থানা মঞ্জুর করা হয়েছে এবং ইতিমধ্যেই আমরা জানি জেলা ও দায়রা বিচারকের অধীনে ৪৫ টি মহিলা আদালত স্থাপন হয়েছে। আজকে শুধু তাই নয় মহিলাদের স্বাস্থ্য পরিষেবা এবং পুলিশ বিভাগে প্রায় ২ লক্ষ ব্যক্তিকে কর্মী হিসাবে নিয়োগ করা হয়েছে। এবং তিনি নতুন নতুন উদ্ভাবনী শক্তিতে কাজ করেছেন, কর্মসংস্থানাদি বাড়িয়েছেন। কৃষিক্ষেত্রে বিপুল পরিবর্তন এসেছে এবং স্বাস্থ্যক্ষেত্রে আমূল পরিবর্তন এসেছে। আমরা রাজ্যের স্বাস্থ্যক্ষেত্রে দেখতে পাই ১৪২ টি জীবনদায়ী ওষুধ সর্বাধিক খুচরো মূল্যের চেয়ে ৪৮ থেকে ৬৭% কম মূল্যে বিক্রয়কেন্দ্রে বিক্রয়ের ব্যবস্থা করেছেন। শুধু তাই নয় ৩০ টি সদ্যজাত রুগ্ন শিশু পরিচর্যা ইউনিট SNCU এবং ১০৮ টি সদ্যজাত রুগ্ন শিশুর জন্য স্থিতিশীলতা ইউনিট SNSU বর্তমানে চালু হয়েছে এবং MBBS পাঠক্রমে ভর্তি সংখ্যা ১৩৫৫ থেকে বাড়িয়ে ১৯০০ করা হয়েছে। ম্যাডাম, আরও কিছু বলার ছিল, কিন্তু সময় এত কম, শুধু এই কথাই বলতে চাই। বিরোধীদের এত উন্নয়ন এবং বাংলার হৃতগৌরব ফিরিয়ে আনতে আমাদের মুখ্যমন্ত্রী যে সদা সচেষ্ট, যে কঠিন পরিশ্রম করে চলেছেন এবং অল্প দিনে যা দেখিয়েছেন তা আগামী দিনে তিনি যে কোন জায়গায় পৌঁছবেন তাই ভেবে তারা আজকে বিস্মিত, হতবাক। তাই তারা বিরোধীতার জন্য বিরোধীতা করছেন। যদিও বিরোধীদের আর কোন জায়গা নেই তবুও এই হাউসকে গরম করার জন্য তারা বিরোধীতা করছেন। আমি দেখেছি দুদিন আগে কংগ্রেসের বন্ধুরা ব্যঙ্গ করেছেন। যে সব উন্নয়ন হচ্ছে তা বলেছেন কেন্দ্রীয় প্রজেক্টের টাকায়। বলি বন্ধু আপনাদের তো বন্ধু সরকার বামফ্রন্ট সরকার দীর্ঘ ৩৪ বছর ধরে ছিল কিন্তু তারা কেন পারে নি সেই সমস্ত মিড ডে মিলের ....(মাইক অফ)।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মহামান্য রাজ্যপাল মহোদয় পঞ্চদশ অধিবেশনের অষ্টম সভায় যে ভাষণ এখানে রেখেছিলেন, সেই প্রদত্ত ভাষণের উপরে আজকে তৃতীয় দিন বিতর্ক চলছে। আমার যেহেতু সময় খুব কম আমি মহামান্য রাজ্যপাল মহোদয়ের ভাষণের উপরে কয়েকটি বিষয় এখানে উপস্থিত করছি। আমি শুনছিলাম আমাদের সরকার পক্ষের প্রথম যিনি আজকে এই বিতর্কের সূত্রপাত করেছিলেন তিনি বলছিলেন, আমি প্রথমেই বলতে চাই সেটা

হচ্ছে মহামান্য রাজ্যপাল মহোদয় যে ভাষণ এখানে করেছিলেন তার প্রদত্ত ভাষণে এই বর্তমান সরকারের এই দুই বছর সময় কালের মধ্যে যে ঘটনাগুলি এখানে ঘটেছে সেই ঘটনাসমূহ তার সঙ্গে কোন সংগতি নেই। অর্থাৎ আইন-শৃঙ্খলার প্রশ্নে যে ঘটনাগুলি ঘটে গিয়েছে মহামান্য রাজ্যপালের ভাষণে তা নেই। আমরা এখানে দেখলাম যে আজকে সারা পশ্চিমবাংলা জুড়ে যেভাবে আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে, যেভাবে নারী ধর্ষণ এবং সম্ভ্রম হচ্ছে প্রতিদিন তা বাড়ছে। যেভাবে আজকে পরিবহণ কর্মীদের স্বেচ্ছায় অবসর নিতে বাধ্য করা হচ্ছে, তাদের বেতন ভাতা ক্রমশ আজকে বন্ধ হয়ে পড়ছে। উত্তরবঙ্গের যে চা বাগান সেই চা বাগানের শ্রমিকরা তারা আজকে দিনের পর দিন সেখানে অনাহারে তাদের জীবন যাচ্ছে। একটার পর একটা চা বাগান বন্ধ হয়ে যাচ্ছে। এই যে ঘটনাগুলো এই ঘটনাগুলো সঠিকভাবে এখানে উপস্থিত করা হয় নি। আজকে আইন-শৃঙ্খলা আপনারা বলছেন, যে আইন-শৃঙ্খলার প্রশ্নে আমাদের রাজ্যে এখন অবস্থান ভালো। তাহলে প্রশ্ন করি, যে আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে নির্বাচন কমিশন তিন দিনে সারা রাজ্য জুড়ে তিন দিনে, তিন দফায় কেন্দ্রীয় সামরিক বাহিনী, আধা সামরিক বাহিনী বা সেনা বাহিনী নিয়ে যে ভোট করাবার কথা বলছেন, কেন বলছেন? বলছেন এই কারণে, যে রাজ্যের আইন-শৃঙ্খলার সাংঘাতিকভাবে অবনতি হয়েছে। এখন আপনারা এটাকে মেনে নিতে চাইছেন না। কেন মেনে নিতে চাইছেন না? যে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী দিয়ে যদি এখন তিন দফায় রাজ্যে ভোট হয় তাহলে আপনাদের এই যে দু'বছরের কার্যকলাপের ফলে বাংলার মানুষ যে মুখ ফিরিয়ে নিয়েছে, সেই নির্বাচনে আপনারা জয়যুক্ত হতে পারবেন না। এবং সেই জন্যে সেখানে আপনারা এক দফায় ভোট চাইছেন। শেষে আপনারা দুই দফা বলছেন এবং কেন্দ্রীয় সামরিক বাহিনীর সাহায্য ছাড়াই। কেন এটা করছেন? যাতে আপনারা সেখানে পঞ্চায়েতে অবাধ ও সুষ্ঠ ভোট করতে দেবেন না। এখন সেই সঙ্গে আর একটা বিষয় বলি সেটা হচ্ছে, এই যে আপনারা সমস্ত জায়গাতে বলছেন উন্নয়নের জোয়ার। আমি বলি আজকে শুধু গত ৩৪ বছরে আপনারা ১১ মাস পেরিয়ে গেলেন। পরিকল্পনা খাতে ২৩ হাজার ৩৮৫ কোটি টাকা বরাদ্দ ছিল। আজকে সেই দপ্তরের টাকা পরিকল্পনা খাতে আপনারা খরচ করতে পারছেন না। আপনারা পারছেন না স্বাস্থ্যক্ষেত্রেও।

[2.50–3.00 p.m.]

আমি এখানে দায়িত্ব নিয়ে বলতে পারি যে আজকে দক্ষিণ দিনাজপুর জেলায় কি হাল স্বাস্থ্য পরিষেবার। সেখানে ভিটামিন A আজকে দক্ষিণ দিনাজপুর জেলা হাসপাতালে নেই। জেলা হাসপাতালে নেই, তারা ভিটামিন A পাচ্ছে না, দায়িত্ব নিয়ে বলছি, খোঁজ নেবেন। এই তো হচ্ছে সরকার। না উন্নয়নে, না আইন-শৃঙ্খলায়। আর সবশেষে বলছি যে, আজকে সারা রাজ্যে যেভাবে নারী ধর্ষণ, এই গত তিন বছরে প্রায় ৭০০০-এর উপরে মামলা হয়েছে। আপনারা দু'বছর। আজকে বলুন তো কতগুলো অভিযোগকারীর বিরুদ্ধে আপনারা শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন? আপনারা তো বন্ধ করে দিয়েছেন। কেন্দ্রীয় যে ব্যুরো সেই ব্যুরোতে আপনারা রিপোর্ট পাঠানো বন্ধ করে দিয়েছেন। কেন বন্ধ করেছেন? দিনের পর দিন যেভাবে নারী সম্ভোগ হচ্ছে আর একটার পর একটা নারী ধর্ষণের ঘটনা ঘটছে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া তো দূরের কথা আপনারা রিপোর্ট পর্যন্ত কেন্দ্রীয় ব্যুরোতে পাঠানো বন্ধ করে দিয়েছেন। এতে আপনাদের সরকারের লজ্জায় মাথা হেঁট হয়ে যাবে বলে। আর সরকার কিভাবে ...

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী কল্লোল খাঁ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আপনার মাধ্যমে ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন, ৮ই মার্চ, ২০১৩ সালে এই পবিত্র বিধানসভায় তাঁর বক্তব্য পেশ করেছিলেন। আমি কয়েকটি কথা বলে শেষ করতে চাই যে, পশ্চিমবাংলার ৩৪ বছরের শাসন ব্যবস্থায় ২২ বছরে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর রাজত্ব এবং কলঙ্কময় মুখ্যমন্ত্রী কমরেড বুদ্ধদেব ভট্টাচার্য্যের ৩০ বছরের রাজত্ব। এই সার্বিক ৩২ বছরের বামফ্রন্ট সরকার বাংলার সাড়ে ৯ কোটি মানুষকে অন্ধকার কারাগারে বন্দী করে রেখে সার্বিক দুর্নীতির পাহাড়ে উপরে বসে পশ্চিমবাংলার অর্থনীতিকে ধ্বংস করে আজকে পশ্চিমবঙ্গকে শ্মশানে পরিণত করেছে। আমরা ২০০১ সালে নদীয়া জেলার বিধায়ক হিসাবে বিরোধী দলে তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি ছিলাম। আমরা দীর্ঘ দশ বছর এবং ২২ বছরের শাসনকালে পশ্চিমবাংলার ওই নারকীয় সন্ত্রাস এবং যে আর্থিক দুর্নীতির পাহাড়ের উপরে বসে পশ্চিমবঙ্গকে ঋণগ্রস্থ করে। আজকে ৩৪ বছরে পশ্চিমবঙ্গের সার্বিক উন্নয়নের ব্যর্থতাকে সঙ্গে নিয়ে বাংলায় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষের কাছে আবেদন করেছিলেন যে, বাংলার মা-মাটি-মানুষকে সঙ্গে নিয়ে ৩৪ বছরের এই অপশাসন, বাংলার মা আজ ধর্ষিতা, বাংলার সার্বিক উন্নয়ন ব্যর্থ। যেখানে শিল্প নেই, কৃষিক্ষেত্রে কৃষকদের মুখে হাসি নেই, আজকে বেকারত্বের জ্বালা জোড়াবার জন্য কোনো কর্মসংস্থানের ব্যবস্থা নেই। সেচ ব্যবস্থা আজকে সঙ্গীন। সার্বিকভাবে সামগ্রিক দৃষ্টিকোণ থেকে পশ্চিমবাংলার কর্মসংস্কৃতিকে নষ্ট করে ৩৪ বছরের শাসন ব্যবস্থায় এক নজিরবিহীন শাসন কায়েম করেছিল। আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার আপামর জনগণের কাছে, সর্বধর্ম সমন্বয়ের মানুষের কাছে আবেদন করেছিলেন যে ২০১১ সালে বাংলার মানুষ আপনারা পরিবর্তন আনুন। আমরা বদলা চাই না বদল চাই। তার ফলে পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকার আজকে ২২ মাসে অতিবাহিত হচ্ছে। বাংলার সেই ২২ মাসে এত আর্থিক অনটনের ভেতর দিয়েও আজকে মা-মাটি-মানুষের সরকার জ্বলন্ত পাহাড়ে তাদের গণতন্ত্রের মৌলিক অধিকারকে ফিরিয়ে দিয়ে, সেই এলাকার কৃষ্টি সংস্কৃতিকে সঙ্গে নিয়ে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শান্তি ফিরিয়ে সেই এলাকার মানুষের কাছে পর্যটনকে আরো উদ্দীপ্ত আকার দিয়ে এসেছেন এবং সেখানে কর্মযজ্ঞ চলছে। সারা উত্তরবঙ্গে চা শিল্প থেকে শুরু করে সেই এলাকার পিছিয়ে পড়া মানুষদেরও আজকে উত্তরবঙ্গের সার্বিক উন্নয়ন — সমস্ত মানুষের কাছে এত আর্থিক অনটনের মধ দিয়েও পৌঁছাচ্ছে। আমরা পাহাড় থেকে সাগর, সাগর থেকে জঙ্গল। জঙ্গলমহলের সেই বিভীষিকাময় — আজকে কঙ্কালরাজ্যের নায়ক এখানে বসেছিলেন — আমরা দেখেছিলাম প্রত্যেকদিন মাটি খুঁড়লেই কঙ্কাল বেরোয়। আজকে সেই কঙ্কালরাজ দশ বছর ধরে — আমরা দেখেছিলাম বিরোধী দলের শাসন ব্যবস্থায় এই পবিত্র সদনে বাংলার মানুষের কণ্ঠরুদ্ধ করে দেওয়া হয়েছিল। বাংলার মানুষের চাহিদা আমরা বলার চেষ্টা করেছিলাম। আমরা জানি এই পবিত্র বিধানসভাতেও তার ব্যপ্তি ছিল না, সেখানে একদলীয় শাসন ব্যবস্থা কায়েম হয়েছিল। ২০১১ সালে মানুষের রায়ে, তাদের পরিবর্তনের ডাকে মা-মাটি-মানুষের সরকার আজকে ক্ষমতায় আসীন হয়েছে। সার্বিক দৃষ্টিকোণ থেকে আজকে আমরা দেখতে পাচ্ছি ত্রিস্তর পঞ্চায়েতের মানুষের ভেতরে যে জনজাগরণ জেগেছে, যে কর্মকান্ডের সূচনা হয়েছে, গ্রামীণ এলাকায় পরিকাঠামোকে উন্নয়ন করার, সার্বিক দৃষ্টিকোণ থেকে কৃষি ক্ষেত্রে আজকে কৃষকদের মুখে হাসি। তবুও আজকে কেন্দ্রীয় সরকারের ডিজেল, পেট্রোল এবং সার্বিক কৃষি পণ্যের ওপরে যে ব্যভিচার চলছে, যে অন্যায় অবিচার

চলছে, যে দমন নীতি চলছে তার বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস বাংলার কৃষক সমাজকে নিয়ে প্রতিবাদ করেছে। আমরা এই পবিত্র সদনেও আজকে এই কৃষক সমাজের পাশে দাঁড়িয়ে এখনো কেন্দ্রীয় সরকারের এই দমন নীতির বিরুদ্ধে প্রতিবাদ করি। আজ পর্যন্ত ৩৪ বছরের শাসন ব্যবস্থায় বামপন্থীরা কৃষকদের গালভরা বুলি দিয়ে, তাদের বঞ্চিত করে একদলীয় শাসন ব্যবস্থার ক্ষমতায় আসীন ছিলেন। সাধারণ মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ পর্যন্ত করতে পারত না। তার প্রমাণ, '১১ সালে মানুষ নির্বিঘ্নে ভোট দিয়েছে এবং আজকে বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মা-মাটি-মানুষের সরকার কৃষি ক্ষেত্রে, শিল্পের ক্ষেত্রে সুশাসন আনার চেষ্টা করছে। এটা প্রমাণিত। বাংলার মানুষ দু-হাত ভরে বলছে যে মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার মানুষকে মুক্তি দিয়েছে, আমরা নিঃশ্বাস-প্রশ্বাস সুস্থভাবে নিতে পারছি এবং গণতন্ত্র প্রতিষ্ঠা হওয়ার জন্য মৌলিক অধিকারকে, গ্রামীণ এলাকার পরিকাঠামোকে শক্তিশালী করার যে প্রয়াস নিয়েছে তাকে আমরা স্বাগত জানাই। আমরা ৩৪ বছরের শাসন ব্যবস্থায় দেখেছি —আমরা ছিলাম দশ বছর — সেখানে বেকারত্বের জ্বালা। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নাম করে সেখানে লক্ষ লক্ষ বেকার ভাইদের চোখের জল মোছাবার জন্য আমরা বামফ্রন্ট সরকারকে দেখি নি। আজকে বর্তমান মা-মাটি-মানুষের সরকার সেই বেকারত্বের জ্বালা মেটানোর জন্য তাদের কর্মসংস্থান করার ব্যবস্থা করেছে। ৩৪ বছরের শাসন ব্যবস্থায় যে স্বাস্থ্যের কথা বলা হয়েছে সেটা ভগ্নদশায় পরিণত হয়েছে। আজকে স্বাস্থ্য ব্যবস্থাকে পুনরুদ্ধার করার জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সার্বিক প্রয়াস চালাচ্ছেন। সাধারণ মানুষের আস্থা, বিশ্বাস পশ্চিমবাংলার মা-মাটি-মানুষের সরকারের প্রতি রয়েছে। আমরা গ্রামীণ এলাকার বিধায়ক, আমরা অনুভব করছি — ৩৪ বছরের শাসন ব্যবস্থায় আজকে পশ্চিমবঙ্গকে শ্মশানে পরিণত করে দিয়ে - বলার অধিকার তাদের যে আছে সেটা বন্ধ করে দেওয়া হয়েছে। পশ্চিমবাংলার কর্মসংস্কৃতিকে নষ্ট করে দিয়ে হোপ'৮৬এ আমরা প্রাক্তন মুখ্যমন্ত্রীকে দেখেছিলাম অর্ধনগ্ন নৃত্য তিনি বসে দেখছেন। বাংলার নবজাগরণকারী মুখ্যমন্ত্রী তিনি আজকে সার্ধ শতবর্ষে বিবেকানন্দ, রবীন্দ্রনাথ, কাজী নজরুল ইসলাম সহ সলিলবাবু থেকে উত্তমকুমার এদের যে কৃষ্টি, সংস্কৃতি সেটা বাংলার সাধারণ মানুষের কাছে নব জাগরণ এনেছেন। এই দৃষ্টান্ত আপনারা শিখুন এবং জানুন। এই বলে পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপালের বক্তব্যকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ, নমস্কার।

[3.00–3.10 p.m.]

শ্রী নিরাপদ সর্দার : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন যে ভাষণ গত ৮ই মার্চ এই হাউসে উপস্থিত করেছেন, এই ভাষণের ওপরে আমি ২-১ টি কথা বলতে চাই। কথা বলার আগে আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশান এবং সংশোধনীগুলো দেওয়া হয়েছে সেগুলোকে সমর্থন করেই আমি আমার বক্তব্য উপস্থিত করছি। ম্যাডাম, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন, ক্ষমতায় আসলে আমরা একটা ছোট্ট সরকার তৈরী করব, একটা ছোট, সুখের মন্ত্রীসভা তৈরী করবো। সেই মন্ত্রীসভা তৈরী করতে গিয়ে আমরা দেখলাম যে, আমাদের ভারতবর্ষের যত রাজ্য আছে তার মধ্যে সর্ববৃহৎ মন্ত্রীসভা তৈরী করা হয়েছে এবং পছন্দমত সব ব্যক্তিকে সেকানে জায়গা দেওয়া যায় নি। তারপরেও আমরা দেখেছি মাথার উপরে একজনকে এবং পশ্চাদদেশে আরেকজনকে প্যালা দিয়ে সরকার তৈরী করা হল। এই এতবড

মন্ত্রীসভা হওয়া সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি 'পদ' হচ্ছে একটি বাকিরা হচ্ছে সব 'বিপদ'। তিনি বিরোধীদলকে বলেছিলেন দশ বছর চুপ করে বসে থাকতে হবে, কোন কথা বলা চলবে না। আমরা সেদিনেই বুঝেছিলাম, আক্রমণ শুধু বামপন্থীদের উপরে নয়, এই আক্রমণ নেমে আসবে আস্তে আস্তে সাধারণ মানুষের উপরে। বলতে না বলতেই সেই আক্রমণ দেখা গেল মাননীয় মন্ত্রী ব্রাত্য বসুর উপরে নেমে এসেছে। ২৮শে ফেব্রুয়ারী যে ধর্মঘট হয়েছিল, তাতে তিনি বলেছিলেন ধর্মঘটে কে অংশগ্রহণ করবে, কে করবে না সেটা তাদের ব্যক্তিগত বিষয়। এই কথা বলার সঙ্গে সঙ্গে তাকে রাইটার্স বিল্ডিঙে ডাকা হয়েছিল। তাকে রাইটার্স বিল্ডিঙে ডেকে এমন অবস্থা করা হয়েছিল, তারপরে তিনি ব্রাত্য হয়ে মাথা নীচু করে রাইটার্স বিল্ডিং থেকে বেরিয়ে যান। তার পিছনে পিছনে ছুটে গেছেন সাংবাদিক বন্ধুরা, কিন্তু হাজার চেষ্টা করেও তার মুখ দিয়ে কেউ 'রা' বার করতে পারেন নি। এই হচ্ছে আজকে আমাদের রাজ্যের অবস্থা। এই জায়গায় দাঁড়িয়ে বলতে চাই, আজকে মন্ত্রীরা ভয়ে ভয়ে ছুটছে। মুখ্যমন্ত্রীর ভয় সিপিএম-এর ভূত তাকে তাড়িয়ে বেড়াচ্ছে, আর অন্যদিকে মন্ত্রীরা মুখ্যমন্ত্রীর ভয়ে কাজ করতে পারছে না। এই হচ্ছে আমাদের রাজ্যের প্রকৃত চেহারা। আমাদের রাজ্যের যারা দুষ্কৃতিকারী তাদের পুলিশ ধরতে পারছে না। কারণ যারা মুখ্যমন্ত্রীর আত্মীয়-পরিজন হবে তাদের অ্যারেস্ট করা যাবে না। আমরা কদিন আগে দেখলাম খিদিরপুরে মাননীয়া মুখ্যমন্ত্রীর ভাইপো পুলিশকে চড় মেরে রেহাই পেয়ে গেল। চারিদিকে যখন মানুষ হৈ চৈ শুরু করল তখন বাধ্য হয়ে পুলিশ তাকে অ্যারেস্ট করল। এদিকে আপনাদের দলের পক্ষ থেকে বলা হচ্ছে, মুখ্যমন্ত্রীর বাড়ির লোক হলেও কাউকে রেয়াত করা হবে না। অদ্ভুত ব্যাপার, মুখমন্ত্রীর আত্মীয়-স্বজনরা যদি কেউ খারাপ কাজ করে থাকে তাহলে তাকে পুলিশ অ্যারেস্ট করতে পারবে না! তারজন্য মুখ্যমন্ত্রীর পারমিশান নিতে হবে? সেই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখছি সারা রাজ্য জুড়ে সাংঘাতিকভাবে গণতন্ত্রের উপরে আক্রমণ নেমে আসছে। আমি যদি একটি তথ্য আপনাদের সামনে তুলে ধরতে পারি তাহলে দেখবেন শপথ নেওয়ার পনেরো দিনের মধ্যে বিরোধীদের ১২ জনকে খুন করা হয়েছে, ৪২৫ জনকে আহত করা হয়েছে, শ্লীলতাহানি এবং দৈহিক আক্রমণ শতাধিক ছাড়িয়ে গেছে, ৪১২ টি পার্টি অফিস ভাঙচুর করা হয়েছে। ১৫৭ টি অফিসে তালা বন্ধ করে অফিস কর্মীদেরকে তাড়িয়ে দেওয়া হয়েছে এবং কলেজে ছাত্র সংসদ আটটি দখল করা হয়েছে। এই সময়কালের মধ্যে আক্রমণ আরও তীব্র থেকে তীব্রতর হয়েছে। পরবর্তী এক বছরের মধ্যে আমরা দেখতে পেলাম আপনাদের নন্দী-ভৃঙ্গীর দল সারা রাজ্য জুড়ে আমাদের পার্টি অফিসগুলির উপরে আক্রমণ করল। এই সময়ের মধ্যে ঘরছাড়া হয়েছে ৪০,১২৪ জন, অফিস দখল করা হয়েছে ৬২৭ টি। আজকে অন্য রাজনৈতিক দলগুলো সম্মেলন করতে পারে নি। ২১৬ টি ইউনিয়ন অফিস দখল করে নেওয়া হয়েছে। ৮৪ টি ছাত্র সংসদ ভেঙে দেওয়া হয়েছে অথবা দখল করে নেওয়া হয়েছে। এই জায়গাটায় দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি রায়তি জমির চাষ করতে পারে নি ৯২২২ একর জমি। বর্গাদার, পাট্টাদারদের উচ্ছেদ করে দেওয়া হয়েছে ৯৪০৪ জনকে। এই সময় কালের মধ্যে আমরা দেখতে পাচ্ছি আজকে আমাদের রাজ্যে কৃষক আত্মহত্যা করছে। আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি আজকে সারা রাজ্য জুড়ে কৃষক আত্মহত্যা করছে। আমাদের বামফ্রন্ট সরকার যখন ছিলো, বার বার কেন্দ্রীয় সরকার নীতি বদলানো সত্ত্বেও, বারে বারে কৃষকদের সামনে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার, তার কৃষকদেরকে রক্ষা করেছে। তাই ঐ সময়ে আমরা একজন কৃষককেও আত্মহত্যা করতে দেখি নি, সারা দেশ জুড়ে যখন ২ লক্ষের বেশি কৃষক আত্মহত্যা করেছে। আমাদের রাজ্যের কৃষকরা আজকে

জান লড়িয়ে দিয়ে, কৃষিতে উৎপাদনে বৃদ্ধি ঘটিয়ে এক নম্বর জায়গা দখল করেছে। ১৯৭৭ সালে আমরা যখন সরকারে আসি তখন খাদ্য উৎপাদনে আমরা পিছিয়ে ছিলাম। মাত্র ৪৯ লক্ষ মেট্রিক টন খাদ্য উৎপাদন হতো। ২০১০-২০১১ সালের মধ্যে সেই খাদ্য উৎপাদনের বৃদ্ধি ঘটে আজকে ১৪০ লক্ষ মেট্রিক টন উৎপাদনে দাঁড়িয়েছে। তাই আজকে আমাদের রাজ্য খাদ্য উৎপাদনে এক নম্বর জায়গায় গেছে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি উদ্বেগের সঙ্গে, লজ্জার বিষয়, সারা দেশের মানুষ আমাদের দিকে তাকিয়ে আছে, গণতান্ত্রিক আন্দোলনের রাজ্য — সেই জায়গায় বিরোধী দলনেতা রাস্তার উপর দাঁড়িয়ে প্রেস মিট করছে। এ লজ্জা কোথায় রাখবেন? আজকে বিরোধী দলনেতাকে মাননীয় দায়িত্বশীল মন্ত্রী তিনি বলছেন কি না প্রকাশ্য জনসভাতে ঘুঙুর পরিয়ে তিনি নাচাবেন। এ লজ্জা আমাদের নয়, এ লজ্জা সারা রাজ্যের। এ লজ্জা সারা ভারতবর্ষের মানুষের। এ লজ্জা হচ্ছে রাজ্যের মানুষের, এ লজ্জা রাখার জায়গা নেই। এই জায়গাটায় দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি আমাদের বামফ্রন্ট সরকার যখন ১ লক্ষ ৩০ হাজার আদিবাসীদের বার্ধক্য ভাতা চালু করে সারা ভারতবর্ষের মধ্যে দৃষ্টান্ত স্থাপন করেছিলেন আর এই নতুন সরকার বাইশ মাসে আসার মধ্যে দিয়ে এই আদিবাসীদের বার্ধক্য ভাতা অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে। এর জন্য কোন চিন্তা নেই, এর জন্য কোন ভাবনা নেই এই সরকারের। আজকে আমরা গ্রামে-গঞ্জে যাচ্ছি ম্যাডাম, মানুষ বলছে, বর্গাদার, পাট্টাদার বলছে হাত ধরে টানছে আর বলছে যে এই রকম পরিবর্তন আমরা চাই নি। যে পরিবর্তনের ফলে আমার বর্গা জমিটা চলে যাবে। পাট্টাদার বলছে এই রকম পরিবর্তন চাই নি যে পরিবর্তনের ফলে পাট্টা জমিটা চলে যাবে। মা, বোনেরা হাত ধরে বলছে আমরা এই রকম পরিবর্তন চাই নি যে পরিবর্তনের ফলে আমাদের ইজ্জত নিলাম হয়ে যাবে। ম্যাডাম, আজকে এই সরকারটা এই অবস্থায় চলছে। আমি আপনার কাছে অনুরোধ করতে চাইছি, এই সময় কালের মধ্যে আজকে আমাদের মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যে কথাগুলো বলেছেন এবং আমি এই সময় কালের মধ্যে যে কথা উপস্থিত করলাম তার একটিও উপস্থাপন করা হয় নি। তাই আমি বিরোধীতা করে আমার কথা আমি এখানেই শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে মাননীয় রাজ্যপাল ৮ই মার্চ ২০১৩ তে যে ভাষণ দিয়েছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে একটা গণতান্ত্রিক পরিবেশের কথা উনি বলেছেন এবং আমাদের সরকার নির্বাচিত হয়েছে সেই গণতান্ত্রিক পরিবেশে। আপনি শুনলে আশ্চর্য হবেন ম্যাডাম, গতকাল আমার বন্ধু, বিধায়ক সুজিত বাবু বলছিলেন নির্বাচনের কথা। আমি বসে হাসছিলাম। আজকে সেই গণতান্ত্রিক পরিবেশ না থাকলে, আমি নিজে এই বিধানসভায় আজকে এখানে এসে বক্তব্য রাখতে পারতাম না। আজকে আমরা দেখেছি, আমার ওখানে ভোট হয়েছে। হাওড়া স্টেশান এলাকায়, আপনি জানেন, আগে বিধায়ক ছিলেন এনাদের বন্ধু। আমি গুন্ডা, সমাজবিরোধী বলব না। হাওড়া স্টেশান এলাকায় শুধু নয়। সমস্ত কনস্টিটিউয়েনশিতে সমাজ বিরোধীদের জড়ো করে, ছাপ্পা মেরে, আমাদের এজেন্টদের বের করে — আমাদের মার্জিন হতো ৭২ হাজার ৭৩ হাজার এবং সেখানে, আমি রেকর্ড দেখিয়ে দেবো যদি কেউ চান। তখন আমরা কংগ্রেস করতাম, ৮৬ সালে। কংগ্রেস পেতো ৩,৪, সি.পি.এম. পেতো হাজার। প্রতিটা বুথে ৯০০, ৭০০ সি.পি.এম., আর ২০, ২২ কংগ্রেস। এই গণতান্ত্রিক পরিবেশ এনারা আমাদের উপহার দিয়েছিলেন। এখন সেই পরিবেশের মধ্যে এবারের নির্বাচনে আমরা

জিতেছি। সুষ্ঠভাবে নির্বাচন হয়েছে। আমাদের বন্ধুরা এসেছেন। মা-মাটি-মানুষের সরকার হয়েছে এবং এই সরকার, আজকে আমি গর্ববোধ করছি যে — চিত্ত যেথা ভয় শূন্য উচ্চ যেথা শির।

[3.10–3.20 p.m.]

এই অবস্থায় দাঁড়িয়ে আমি এখানে বক্তব্য রাখছি, আমার গর্বিতবোধ হচ্ছে আমরা যে সরকার দিয়েছি, পশ্চিমবঙ্গের মানুষের সেবার সেই সরকার নিয়োজিত আছে। যেহেতু মুখ্যমন্ত্রী সমস্ত ক্যাবিনেটকে তুলে নিয়ে গিয়ে জেলায় জেলায় পরিশ্রম করে কাজ করছেন আজকে সেই মুখ্যমন্ত্রী, আজকে আমাদের বিধানসভায় দৃষ্টান্তস্বরূপ — পশ্চিমবঙ্গ, ভারতবর্ষের কথা বলছি না, ভারতবর্ষের কথা ছেড়ে দিন। পশ্চিমবঙ্গের আগে এই ধরনের কোন মুখ্যমন্ত্রী পাওয়া যায় নি। এর আগে আমরা দেখেছি, পাহাড়ে যখন গন্ডগোল হল, পাহাড় বিচ্ছিন্ন হওয়ার চেষ্টা হল। মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু একবার সাহস করে যেতে পারলেন না সেখানে। রাজীব গান্ধীকে দিল্লী থেকে ছুটে আসতে হল — 'হাত ধরে মোরে নিয়ে চল সখা'। সেই রাজীব গান্ধী জ্যোতিবাবুকে হাত ধরে পাহাড়ে নিয়ে গেলেন। উনি দেখলেন, তারপর কি হল? এলেন আর এক বুদ্ধবাবু। ক'বার গেছেন সেখানে? আজকে গায়ে জ্বালা ধরেছে — সেই পাহাড় আজ শান্ত। পর্যটকরা যাচ্ছে। এখানে কয়েকজন পাহাড়ের এম.এল.এ., এলেন কি এলেন না - সেই ব্যাপার নিয়ে আনিসুর সাহেব তাতে দুঃখ করছিলেন, দুঃখ তো হবেই। কাঠিটা তো ভাল দিতে জানেন। চেষ্টা করেছেন শিলিগুড়ির থেকে বসে ওদের অশোক ভট্টাচার্য, এই রকম একটা কাঠি দিয়ে আবার কিভাবে শান্ত দার্জিলিং-কে অশান্ত করা যায়। সেই ব্যাপারে আমার মনে হয় সে গুড়ে বোধহয় বালি হয়ে গেছে। জঙ্গলমহলের কথা আমরা তো বলেছি, আজ জঙ্গলমহলের কি অবস্থা ছিল? সমস্ত জঙ্গল সাফ। এনাদের দেখা জঙ্গল, এনাদের সৃষ্টি করা জঙ্গল, সে আজকে সাফ হয়ে গিয়েছে। আজকে সেই জঙ্গলে মানুষ হাসছে, খেলছে, ছেলেরা ফুটবল খেলছে, নতুন করে প্রাণের সঞ্চার হয়েছে। ভাল লাগে না, এদের ভাল লাগে না। এই দেড় বছরে এত ছটফট করছে যে ভাবছে আমরা আবার এসে যাই। মাছকে জল থেকে তুললে যা হয়, ছটফট করে আবার জল চায়। আজকে সেই অবস্থাতে এরা ভাল দেখতে পারছে না কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, প্রশাসন, তথ্যপ্রযুক্তি, পর্যটন, সংখ্যালঘু উন্নয়ন, ক্রীড়া ক্ষেত্র, লোক সংস্কৃতি ক্ষেত্র — প্রতিটি পদক্ষেপে আমাদের সরকার যে ভাবে এগিয়ে চলেছেন, মানুষের আশীর্বাদ নিয়েই। এটা এদের সহ্য হচ্ছে না। সহ্য হবে না। সহ্য না হলে উপায় নেই থাকতে হবে। এখনও বেশ কিছু বছর অপেক্ষা করে ধৈর্য্য ধরে থাকতে হবে এবং ওইখানে দাঁড়িয়ে চেঁচামেচি করতে হবে, এছাড়া আপনাদের আর কোন রাস্তা দেখছি না। আজকে আমি যে কথা বলছিলাম, যে আমাদের পুলিশ কমিশনারেট, পাঁচটা পুলিশ কমিশনারেট হয়েছে, ৪৫ টা মহিলা থানা হয়েছে। আমার বন্ধুরা এর আগে আপনাদের বলে গিয়েছিলেন, সভাতে। সেগুলোর মাধ্যমে নতুন করে প্রভাব বৃদ্ধি করতে চাইছি না। শুধু একটা কথা আমি মনে করিয়ে দিতে চাইছি এরা আইন-শৃঙ্খলার কথা না পেয়ে নাকি দুঃখ হয়েছে এদের, বাজেটে নেই কেন? আইন-শৃঙ্খলা থাকা উচিত ছিল। এদের দুঃখ হয়েছে, কেন আমাদের অর্থমন্ত্রীর আগে সেই আলোচনা হবে না, কেন আগে বাজেট ভাষণ আলোচনা হবে। দুঃখ কিসে, কি তাতে মহাভারত অশুদ্ধ হয়ে গেল যে অর্থমন্ত্রীর আগে সেই ভাষণই পড়তে হবে। আজকে রাজ্যের আইন-শৃঙ্খলার কথা যারা বলছেন। আমি শুধু তাদের একটা কথা জিজ্ঞাসা করি, ধর্ষণ, ধর্ষণ করে চিৎকার করছেন। আমি খুব জোরের সঙ্গে বলছি,

আজকে কোন ভদ্রলোকের বাড়িতে আপনার আমার বাড়ি থেকে কোন মহিলা রাত্রির দু'টোর সময় বারে থেকে বেরোয়? বন্ধুদের সঙ্গে। কেউ পারে? কেউ পারে? পারলে বুকে হাত দিয়ে বলুন তো, যে আমাদের মহিলারা রাত্রির দু'টোর সময় বেরোতে পারে? সেইখানে গিয়ে আজকে যদি আক্রান্ত হন, সেখানে গিয়ে আজকে যদি ধর্ষিতা হতে চান — দোষটা সরকারের, দোষটা সরকারের? আজকে দিল্লীর কথা বলছিলেন বন্ধু অপূর্ব। দিল্লীতে আসামীকে ধরা হল, দিল্লীতে ধর্ষণকান্ড-এ রেকর্ড হচ্ছে দিনের পর দিন। দিল্লীতে আসামীকে ধরা হল — লজ্জার কথা আমি কংগ্রেস বন্ধুদের বলছি সেই আসামী গলায় দড়ি দিল। তিহার জেলে, প্রধান আসামী। কেন? পশ্চিমবাংলার ক্ষেত্রে এটা দেখা যায় নি। আজকে এই অবস্থা স্যার, আমি আপনাকে শুধু একটা কথা বলতে চাইছি যে আমরা বার বার এই সরকারের কাছে যে দাবি করেছি, যে কথা বলেছি, আজকে সরকার প্রতিটি পদক্ষেপে সেই ভাবে তারা এগিয়ে যাচ্ছে। এদেরকে একটু সবুর করতে হবে। আপনারা করেছেন কি? ভান্ডার তো ফাঁকা করে গেলেন, লাগে টাকা দেবে গৌরী সেন। খরচা করে ফাঁকা করে দিয়ে চলে গেলেন। জানতেন অবশ্য আপনারা। শেষের দিকে থাকছেন না আপনারা। শেষের দিকে আপনারা থাকছেন না তাই সেই অবস্থা দেখে আপনারা বসে ছিলেন অন্ধ ধৃতরাষ্ট্র সেজে। আর ব্রাত্য বসুর জন্য নিরাপদবাবুর খুব দুঃখ হচ্ছে। আপনাদের দলের নিরাপদবাবু ব্রাত্য বসুর জন্য খুব দুঃখ প্রকাশ করছিলেন, ব্রাত্য বসুকে না কি মুখ্যমন্ত্রী ধমক দিয়েছেন। আমি একটা কথা বলি, আমি জানি না সেই ঘটনার সময় আপনি ছিলেন কিনা, বুদ্ধবাবুর কথা মনে আছে? বিনয় চৌধুরীর কথা মনে আছে? ঠিকাদারদের সরকার, চোরের সরকারের সঙ্গে থাকি না। ঠিকাদারদের সরকার, চোরের সরকার। আর বুদ্ধবাবু কি বলে গেলেন? চোরেদের ক্যাবিনেটে থাকে নাকো বুদ্ধ। গট গট করে হেঁটে চলে গেছেন রাইটার্স থেকে। আবার পরের দিন পেছনের দরজা দিয়ে কান মুলে ফিরে এলো বুদ্ধ। এই বুদ্ধ আপনাদের দলের মুখমন্ত্রী ছিলেন অনেক দিন। পশ্চিমবাংলার কলঙ্ক, পশ্চিমবাংলার কলঙ্ক। আজকে আপনারা উৎসবের কথা বলেন। আমাদের মুখ্যমন্ত্রী পশ্চিমবাংলায় জোয়ার এনেছেন, জোয়ার। বাঙালীর মনে একটা প্রেরণা জুগিয়েছেন। শুধু নজরুল বিবেকানন্দ নয়। আপনারা কি করেছেন? যখন লক্ষ লক্ষ বেকার ছেলে চাকুরীর জন্য ছটফট করছে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে দরজায় গিয়ে মাথা খুঁড়ছে, তখন সুভাষ চক্রবর্তী বললেন, এই সব চেয়ো না আমার কাছে, যুবভারতী চলো, ওখানে গিয়ে মিঠুন হেমামালিনীর নাচ দেখ, চাকুরী-বাকুরী আমাদের কাছে চেয়ো না। এটা উৎসব, এটা উৎসব হয়েছিল? আর এখানে কাকে নিয়ে হচ্ছে? হোপ ৮৬ ভুলে গেলেন এতো তাড়াতাড়ি? আজকে আমরা বেঁচে আছি কাদের জন্য জানেন? একটা চ্যানেল আছে, সারা বাংলা জাগে, আর ২৩ ঘন্টা না ২৪ জাগছে, তাদের জন্য বেঁচে আছে। মুখে পাওডার মেখে সঙ সেজে নির্বোধগুলো ওখানে বসে কিছু তারা ছটফট করে। আপনাদেরকে দেখায়, এ ছাড়া কিছু নেই। এ ছাড়া আপনাদের মূলধন কিছু নেই দেবার। আজকে আমরা গর্বের সঙ্গে বলছি, আপনাদের কৃষি আপনাদের হাত থেকে কেড়ে নিয়েছি, রাস্তাঘাট, ওটাও আমরা কাজ করছি। শিল্প আমরা করছি। সেটাও আমরা কেড়ে নিয়েছি। শুধু একটা কথা বলে আমি এখানে শেষ করছি সেটা হচ্ছে এই, স্যার, এদের অবস্থা দেখে একটা কথা মনে পড়ছে। এই দলটির পরাজয়ের পর এমন অবস্থা হয়েছে যে একদম মাথা খারাপ হয়ে গিয়েছে। স্যার, ছোট্ট একটা ঘটনা বলি। ধনঞ্জয় চ্যাটার্জীর ফাঁসি হলো স্যার।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী — জয়া, তিনিও বেরলেন তার ফাঁসির দাবীতে। ফাঁসি হলো, উপরে গেল। যমরাজ, বিচার করছে, বিচারে বলছে তোমাকে আবার ফাঁসি দিলাম। সে বললো কেন, কি অন্যায় করলাম, কি অন্যায় আছে? এবার ফাঁসি দেবার পরে ধনঞ্জয়বাবু হাতজোড় করে যমরাজকে বলছে যে আমাকে একটা সুযোগ দিন, আমি স্বর্গটা দেখবো, আমি তো নরকের কীট। যমরাজ রাজি হলেন। বলে তাকে স্বর্গ দেখতে পাঠালেন একজনকে সঙ্গে দিয়ে। যাচ্ছে যখন দেখলো একটা ঘন্টা বাঁধা আছে, তার নিচে একটা খাতা আছে। ঠং করে ঘন্টা বাজলো যখন সে পাশ করলো। বললো এটা কি, এটা বাজলো কেন? বলছে এটাতে মিথ্যে কথা যারা বলে তোমার ওখানে নরকে তাদের বিরুদ্ধে একটা পাপ জড়ো হয়। বলে, এটা বাজলো কেন? বলছে, এটা এমন কিছু নয়, হিন্দু ঘরের একজন মহিলা মাছ খেয়ে ফেলেছে, লোভ সামলাতে পারে নি। তার জন্য একটা পাপ হলো। তারপর ঢং ঢং ঢং করে বাজছে। তারপর বলছে, এটা কি হলো? এটা বাজছে কেন? এটা বড়বাজারের মাড়োয়াড়ী ইনকাম ট্যাক্সের অফিসার এসেছে, গণেশ উল্টে দিয়েছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী সৌমিত্র খাঁ : ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম.কে.নারায়ণন যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের বিরোধীতা করে কিছু বক্তব্য রাখছি। আমার প্রথমেই ভয় হচ্ছে হয়ত আপনারা বলবেন, চিৎকার করে উঠবেন আমার ডানপন্থী সিপিএম রা বলতো, দিতে হবে, করতে হবে, কেন্দ্রীয় সরকার দিচ্ছে না। রাস্তায় নেমে দেখতাম, করতে হবে, দিতে হবে এই স্লোগান ধরে ওরা ৩৪ বছর চললো।

[3.20–3.30 p.m.]

আপনারা শুরু করলেন হয়েছে, এই কথা দিয়ে শুরু করেন নি। আপনারা শুরু করছেন করব, করবে, শিলান্যাস হয়েছে, কাজ হবে এই ধারাগুলো দেখছি। আমি একজন যুবক বিধায়ক হিসাবে জিজ্ঞাসা করতে চাই আপনারা এই চিৎকার করছেন, নিশ্চয়ই আপনারা চিৎকার করবেন। কারণ আপনাদের একটাই ক্ষমতা আছে। আপনারা বলেছেন যে পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠভাবে হবে। আপনারা এই বিধানসভায় দেখিয়েছেন পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, মালদা, নলহাটি — এই তিনটি বিধানসভায় উপনির্বাচন হয়েছে, শান্তি শৃঙ্খল ভাবেই হয়েছে। আমি স্বীকার করছি। কিন্তু জেনে রাখবেন সেই শান্তি শৃঙ্খল নির্বাচন হয়েছে শুধুমাত্র কেন্দ্রীয় বাহিনী এবং ওখানে কংগ্রেসের বিধায়করা সাহায্য করেছিল বলেই। আজকে তাই জায়গাগুলোতে শান্তিপূর্ণ নির্বাচন হয়েছে। আপনারা তো বড় বড় কথা বলছেন। আমি শুধু এইটুকুই বলব কেন্দ্রীয় বাহিনী থাকলে গ্রাম পঞ্চায়েতের সেটা হবে শক্তি। আপনারা শান্তির কথা বলছিলেন। তাহলে আপনাদের এত ভয় কিসের? আপনারা কেন্দ্রীয় বাহিনী দিতে ভয় করছেন? আপনারা কেন ভয় করছেন? আমরা তো বলছি যে আপনারা অনেকেই আছেন, আমরা দেখেছি এই জাতীয় কংগ্রেসের হয়ে অনেকে বড় হয়েছেন। আমরা মা বলে মানি। জাতীয় কংগ্রেস থেকে এখানে অনেকে এসেছেন। অনেকে পরবর্তীকালে বিধায়ক, এম.পি. হয়েছেন। আজকে আমি জঙ্গলমহলে বাঁকুড়া জেলার কোতুলপুর বিধানসভার বিধায়ক। আমি জিজ্ঞেস করতে চাই একটাই কথা, যদি সত্তার কথা হয়, তাহলে বাঁকুড়া জেলার কালীনাথপুরে যে কয়লাখনিগুলো অবৈধভাবে চলছে, গোটা রাজ্যে, বাঁকুড়ার কোলিয়ারীগুলো

অবৈধভাবে চলছে, তাহলে স্বরাষ্ট্রমন্ত্রী জবাবে বলুক যে কয়লাখনিগুলো চলছে না দু নম্বরী ভাবে, বে-আইনী কয়লাখনি চলছে না। আপনারাই বলুন এটাই যদি সততার প্রমাণ হয়। আর আমি জানতে চাই এই জঙ্গলমহলের ব্যাপারে, এই জঙ্গলমহলের কথা বলছেন। কিন্তু জঙ্গলমহলে আমরা দেখছি — আপনারা নিশ্চয়ই চিৎকার করবেন দিদি, আপনারা আমার সিনিয়র, নিশ্চয়ই আপনারা চিৎকার করবেন — কিন্তু একটা কথা বলি যে জঙ্গলমহলের কথা বলছেন, এখানে যারা জঙ্গলমহলের প্রতিনিধি আছেন, তারা বুকে হাত দিয়ে বলুন তো যে জঙ্গলমহলে যদি কেন্দ্রীয় বাহিনী না তাকে আপনারা অবাধে বিচরণ করতে পারবেন। এই কথাটা আপনারা বলুন। আমি সেদিন জানব যে কেন্দ্রীয় সরকারের সহযোগিতা নেই। অনেকেই অনেক কথা বলছেন। আমরা কি দেখছি? রায়গঞ্জ, রায়পুর থেকে শুরু করে প্রত্যেক জায়গায় মাওবাদীর বিচরণ বাড়ছে দেখতে পাচ্ছি। আজকে আপনারা প্রত্যেক জায়গায় গিয়ে কি বলছেন জানেন? সত্যিই খারাপ লাগে। আপনারা যারা জঙ্গলমহলের বিধায়করা আছেন, আপনাদের নীচু স্তরের কর্মীরা কি বলছেন জানেন? আদিবাসী ভাইদের বলছে। আমি গিয়েছিলাম। আমি গ্রামে গিয়ে রাজনীতি করি। বলছে, আপনারা কেউ তৃণমূল ছেড়ে অন্য কোন দল করতে পারবে না। যদি তা করা হয় তাহলে কিন্তু তাদেরকে আবার করাবে। তারজন্যই জঙ্গলমহলে বীনপুরে লোক হয় নি। কারণ আদিবাসী মানুষরা চায় শান্তি শৃঙ্খলা। আজকে আপনাদের বলছি বেশি দিন যেতে হবে না। আপনারা বলছেন শান্তি শৃঙ্খলার কথা, শহরাঞ্চলে নিরাপত্তার কথা। তাহলে একজন যুবক হিসাবে বলি গার্ডেনরীচে কেন ঘটনাটা ঘটল? আজকে টি.ভি খুলে দেখতে পেলাম অধীর মাইতি বলে আপনাদের দলের কে একজন মারা গেছেন। তাহলে কেন হচ্ছে? আপনারা জবাব দিন। আজ দিদি বলছেন, কলেজে ভোট করতে পারছেন না শান্তি শৃঙ্খলভাবে। কেন? নির্বাচন তো আমরাও চাই। আমাদের প্রতিনিধিরা গ্রাম পঞ্চায়েতে দাঁড়ালে কেটে দেওয়া হবে বলছে। কেন বলছে? আমি আসছি অন্য কথায়। আমি আসছি শুধুমাত্র আপনাদের কথাতেই। আপনারা উন্নয়নের কথা বলছেন। নিশ্চয়ই আমি বলব কিছু কিছু জায়গায় রাস্তাঘাট হয়েছে। নিশ্চয়ই আপনারা উন্নয়ন করেছেন। কিছু কিছু জায়গায় করেছেন আমরা অস্বীকার করছি না। কিন্তু বামফ্রন্টের জুতোটা যদি রাস্তায় পড়ে থাকে, সেই জুতোটা যদি পড়ে নেন তাহলে কিন্তু আপনারা ভাল থাকবেন না। কারণ একটা কথা মনে রাখবেন আমরা গণতন্ত্রের ভারতবর্ষে বাস করি। আজকে হয়ত আমাদের দমিয়ে দেবেন, আপনাদের গলার জোর আছে। কিন্তু একটা কথা মনে রাখবেন এরা ২০০৬, ২৩৫ টা সিট পেয়েছিল। তখন বলেছিল ওরা ত্রিশ। ঠিক সেই ভাবে আপনারাও বলেছেন, আপনারা ১৮৬, আপনারা চিন্তা করে দেখবেন ২০০৬-২০১১ মাত্র ৫ বছর ছিল, ২০১১-১৬ বেশি দুর নয় বন্ধু।

আপনারা লক্ষ্য করে দেখুন, আপনারা লক্ষ্য করে দেখুন, যে বীনপুরে এত বড় সভা, মুখ্যমন্ত্রীর সভা সেখানে কোন লোক পাওয়া যায় নি। সেটা আপনাদের নিশ্চয় লোক বাড়ছে না বন্ধু। আপনারা ক্ষমতার অহংকার দেখাবেন না। আজকে একটা কথা বলি, আপনারা নিশ্চয় পশ্চিমবঙ্গের কিছু আই.টি.আই. কলেজ এবং ইঞ্জিনিয়ারিং কলেজ খুলছেন। আমি স্বীকার করি সে কথা। কিন্তু, পশ্চিমবঙ্গে আপনার বাড়ির ছেলেরা ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং যখন পড়ে তখন তাদেরকে পশ্চিমবঙ্গে কেউ কাজ দেয় না। তাদের কাজ করতে যেতে হয় কংগ্রেসের কোন রাজ্যে, হয় দিল্লী, না হয় হরিয়ানা। সেই দিকটা আপনারা চিন্তা করে দেখুন যে, তাতে পশ্চিমবঙ্গ এগিয়ে যাচ্ছে, না পশ্চিমবঙ্গ পিছিয়ে যাচ্ছে। উনত্রিশ হাজার ইঞ্জিনিয়ার পাশ হয়, কিন্তু ইঞ্জিনিয়াররা এই রাজ্যে কাজ

পায় না। আপনারা চিন্তা করে দেখুন। এই বামফ্রন্টের মত চলবেন, না সত্যি ইঞ্জিনিয়ার ছেলেদের কাজ দেওয়ার জন্য শিল্প গড়বেন। আমরা বলছি, একটা বুথে নয়, প্রতিটি বুথে আমি নিজে দেখেছি, ৫৬ হাজার যে বুথ আছে। জেলায় যে ৫৯ হাজার বুথ আছে সেই বুথে প্রতিটা ছেলে কাজ পায় নি। আপনারা বলছেন, ১০ লক্ষ কাজ দিয়ে দিয়েছি। আপনাদের অনুরোধ করছি, মাননীয় শিল্পমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি স্যার, যে পশ্চিমবঙ্গে শিল্প আসুক। কারণ শিল্প না এলে কোন ভাবে উন্নতি করা যায় না। কারণ, দিনের পর দিন ইঞ্জিনিয়ারিং-এ ছেলের সংখ্যা বাড়ছে, ডাক্তারি ছেলের সংখ্যা বাড়ছে। আরও উন্নতি হচ্ছে। তাদের কথা চিন্তা করুন। শুধু রাজনীতির জন্য আখড়া করে এই জমি নীতি নিয়ে চলবেন না। এই জমি নীতি নিয়ে চলবেন না। একটা কথা বলি, আপনারা চলচ্চিত্র শিল্প বলছেন, আমি চলচ্চিত্র শিল্প নিয়ে বলতে চাই — যাত্রাশিল্প, গ্রামে আর যাত্রা হচ্ছে না, কেন জানেন? এই যাত্রাশিল্পীরা আর যাত্রা করতে পারছেন না, কেন জানেন? কারণ ওখানে পুলিশ এত টাকা নিচ্ছে, পুলিশ সঙ্গে থাকার জন্য এত টাকা নিচ্ছে যে ওখানে গ্রামের লোকেরা যাত্রা করতে পারছে না। তাই এটা চিন্তা করে দেখুন। আপনারা সত্যি কি এটা সসতা নিয়ে চলছেন? না, আমরা শুধু মাত্র দেখব যে, বাঁকুড়া জেলায় — আমি একটা দাবীও রাখি, এই জায়গা থেকে ....(এই সময় বক্তার মাইক বন্ধ হয়ে যায়)

Statement Under Rule 346

Mr. Speaker : Hon-ble members, Hon-ble Minister, Shri Partha Chatterjee has sought for my permission to make a statement before this House under rule 346 of Rules of Precedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. I accord permission to him. Hon-ble Minister, please.

শ্রী পার্থ চ্যাটার্জী : আজকে যখন বিজনেস অ্যাডভাইজারি কমিটির মিটিং চলছিল সেই সময় উপস্থিত বিধায়করা — তার একটা বিষয় নিয়ে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং বিরোধী দলনেতাও বলেছিলেন ঘটনা সম্পর্কে খবর নেওয়ার। ইতিমধ্যেই উপাধ্যক্ষ নিজে এখানে এই মহতি সভায় জানিয়েছিলেন, ধাপায় যে ঘটনাটা ঘটেছে সে সম্পর্কে জাভেদ খানকে সেখানে যেতে বলা হয়েছে। এখনও মন্ত্রী জাভেদ খান আসেন নি। ইতিমধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে আমার কথা হয়েছে। প্রশাসন স্তরে পুলিশ কর্তাদের সাথেও আমার কথা হয়েছে। যদিও এখনও তদন্ত চলছে। সমগ্র বিষয়টি এখন আমার সরকারের কাছে লিখিত ভাবে আসেনি। কিন্তু যেহেতু বিধানসভা চলছে, বিধানসভার বিধায়করা যখন জানতে চেয়েছেন, তাদের উদ্দেশ্যে যতটুকু জেনেছি প্রশাসনের তরফ থেকে সেইটুকু বলছি, বাদবাকি পূর্ণাঙ্গ রিপোর্ট আসলে আমি নিশ্চয়ই সংশ্লিষ্ট দপ্তরকে বলবো সেটা বলার বা আমাকে দায়িত্ব দিলে আমি সেটা বলব। আজ আনুমানিক বেলা ১১টা নাগাদ ধাপার মাঠ পুকুর সংলগ্ন একটা খাটাল, জমি মাপ-ঝোক করা নিয়ে দুই দলের মধ্যে বচসা হয়। বচসা থেকে অশান্তির চেহারা নেয়। এতে অধীর মাইতি অসুস্থ বোধ করলে, তাকে এন.আর.এস. -এ নিয়ে যাওয়া হ'লে তাকে মৃত বলে ঘোষণা করা হয়। সন্দীপ উপাধ্যায় বলে এক ব্যক্তি আহত হন। সমগ্র অঞ্চলে এর পরে পুলিশ যায় এবং উত্তেজনা প্রশমন করতে সমর্থ হয়। বর্তমান অবস্থা পুলিশের সম্পূর্ণ নিয়ন্ত্রনে আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

ইতিমধ্যেই পুলিশকে এই ঘটনার সঙ্গে জড়িত সমস্ত দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করবার নির্দেশ দিয়েছেন। বিষয়টি নিয়ে তদন্ত চলছে। এছাড়াও, যিনি অসুস্থ আছেন তার ক্ষেত্রেও যাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া যায়, যদি আইনের বিধানে তিনি দোষী হন তাহলে যে রকম ব্যবস্থা থাকবে তেমনি আবার তিনি অসুস্থ বোধ করেন বলে তার অসুস্থতা সম্পর্কেও সরকার বা প্রশাসন খোঁজ-খবর নিচ্ছে। এই বিষয়টি নিয়ে তদন্ত চলছে। তদন্ত শেষে প্রশাসন যথাযথ ব্যবস্থা নেবে।

...... (At this stage, Leader of Opposition, Dr. Surjya Kanta Mishra, rose to speak something).......

.....(Noise)......

[3.30–3.40 p.m.]

Mr. Speaker : No question can be raised on a statement made by the Minister under Rule 346, ...(noise)...... Please, please. You may raise the matter, but on the statement under Rule 346 no question can be raised, not even a clarification. You have to give notice separately under appropriate Rule.

শ্রী বিশ্বজিৎ দাস : স্যার, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পঞ্চদশ বিধানসভার অষ্টম অধিবেশনে পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল এম.কে.নারায়ণন ৮ই মার্চ যে ভাষণ এই পবিত্র বিধানসভায় দিয়েছিলেন সেখানে দাঁড়িয়ে কয়েকটা কথা বলবার চেষ্টা করছি। ৩৪ বছর বাদে বাংলায় মা-মাটি-মানুষের সরকার গঠিত হয়েছে। গত ৩৪ বছর পশ্চিমবাংলায় আইনের কোন শাসন ছিল না। পশ্চিমবাংলায় গণতন্ত্র বলে কিছু ছিল না। পাহাড়ে আগুন জ্বলছিল। পাহাড়ে মানুষ যেতে পারত না। জঙ্গলমহলে প্রতিদিন মানুষের মৃত্যুর মিছিল দেখতে পেতাম। এমন একটা সময়ে বাংলার মুখ্যমন্ত্রী হয়ে মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় পাহাড়ে শান্তি ফিরিয়ে আনলেন, জঙ্গলমহলের মানুষের সুস্থ জীবনযাপনের ব্যবস্থা করলেন। বামপন্থীরা যে মানুষদের হাতে অস্ত্র তুলে দিয়েছিল এবং সেইখানে দাঁড়িয়ে যে অনুন্নয়নের পরিবেশ তৈরী হয়েছিল, মানুষ অনাহারে দিনযাপন করত তাদের খাবার ব্যবস্থা করলেন। আস্তে আস্তে সেই এলাকায় স্কুল-কলেজ থেকে শুরু করে, সেখানকার ছেলে-মেয়েদের কাজের ব্যবস্থা করলেন। সেখানে আজকে শান্তি ফিরে এসেছে। এমনই একটা সময় বামপন্থীরা শুরু করলেন যে "আইন-শৃঙ্খলা বলে কিছু নেই"। সেইখানে দাঁড়িয়ে আমরা, বাংলার মা-মাটি-মানুষের সরকার, বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, ওঁরা যে পশ্চিমবাংলাকে একটা দেউলিয়া সরকারে পরিণত করেছিল সেখান থেকে তুলে আনবার জন্য তিনি দিন-রাত পরিশ্রম করছেন। তাই আমরা যেমন দেখতে পাচ্ছি মহিলাদের ক্ষেত্রে, অনেক বন্ধুরা এখানে বলছিলেন, তাদের একটু একটু করে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য, ৫০ পারসেন্ট মহিলা সংরক্ষণ সংক্রান্ত বিল আনলেন। সেই বিলের মধ্যে দিয়ে গ্রাম-পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদে আজকে সমান ভাবে তারা নেতৃত্ব দিতে পারবেন। যে মহিলাদের কম বয়সে বিবাহ দিতে হত, স্কুলে যাওয়ার ক্ষেত্রে আপত্তি থাকত, তাদের ক্ষেত্রে, মহিলাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন ১৮ বছর বয়সের কন্যা অবিবাহিত থাকলে, সে যদি

পড়াশোনা করতে চায় তবে রাজ্য সরকার তাকে এককালীন ২৫ হাজার টাকা অনুদান দেবে এবং দ্বাদশ শ্রেণী পর্যন্ত পড়াশোনার জন্য প্রতি বছর ৫০০ টাকা করে অনুদান দেবে। পূর্ব-ভারতে প্রথম মহিলা বিশ্ববিদ্যালয় স্থাপন করা হচ্ছে। রাজ্য সরকার মহিলাদের জন্য মহিলা থানা ও আদালত করবার পরিকল্পনা নিয়েছে। আবার, মহিলাদের এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সাইকেল বিতরণ করছেন। সংখ্যালঘু মাদ্রাসা ছাত্রীদের জন্য সাইকেল বিতরণ করছেন। তাদের অনেক দূর থেকে স্কুলে আসতে অসুবিধা হত সেই কারণে তাদের সাইকেল বিতরণ করা হয়েছে। সংখ্যালঘুদের এগিয়ে নিয়ে যাবার জন্য একগুচ্ছ প্রকল্প ঘোষণা করেছেন। অনেক বন্ধুরা বলছিলেন, ইমাম ভাতা এগুলো দেওয়া হচ্ছে কেন? এই কারণে — মাদ্রাসায় যে শিক্ষিকারা আছেন, মাদ্রাসায় যে ছাত্রছাত্রীরা পড়াশোনা করেন তাদেরকে আরো বেশি করে আগ্রহ করে, তাদেরকে সমাজের মূলস্রোতে মানুষের মত মানুষ করবার জন্য তাদের চেষ্টা থাকে। সংখ্যালঘু মানুষদের নিয়ে দীর্ঘ ৩৪ বছর শুধু রাজনীতি করে গেছেন, সংখ্যালঘু মানুষদের কথা ভাবেন নি। আজকে ভাবছেন বাংলার মুখ্যমন্ত্রী, বাংলার মা-মাটি-মানুষের সরকার। আইন-শৃঙ্খলার কথা বলছিলেন। আইন-শৃঙ্খলার কথা বলতে হয় — তখন ১৯৯০ সাল, বাংলার মুখ্যমন্ত্রী তখন বিরোধী নেত্রী, ১৯৯০ সালের ১৬ই আগস্ট হাজরার মোড়ে বাসভাড়া বৃদ্ধি নিয়ে একটি মিছিল করেছিলেন। সেই শান্তিপূর্ণ মিছিলের উপর লালু আলম আজকের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপরে আক্রমণ করেছিলেন, তার মাথায় ৩২ টা সেলাই পড়েছিল। তিনি হাসপাতালে ছিলেন। ক'জন বামপন্থী নেতারা সেদিন দেখতে গিয়েছিলেন? আজকে আপনারা আইন-শৃঙ্খলার কথা বলছেন। ১৯৯৪ সালে গার্ডেনরীচে শেখ আজাদ পুলিশের লকআপে মারা যায়, তার স্ত্রী তখন অন্তঃসত্ত্বা ছিলেন। আজকের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তখন বিরোধী নেত্রী ছিলেন। তিনি তার বাড়িতে দেখা করতে গিয়েছিলেন। গাড়ি চালাচ্ছিলেন আজকের আমাদের স্পীকার সাহেব। আপনাদের একটু মনে করিয়ে দিই সেই গাড়িতে ছিলেন আজকের ডেপুটি স্পীকার সোনালি গুহ মহাশয়া এবং একজন আনন্দবাজার পত্রিকার সাংবাদিক — রোহিত বোস। সেই গাড়িতে আক্রমণ করেছিলেন। তখন সি.পি.এমের কুখ্যাত সমাজবিরোধী মোক্তার বাহিনী। আনন্দবাজারের সাংবাদিক রোহিত বোস সংজ্ঞাহীন হয়ে লুটিয়ে পড়েছিলেন। পরবর্তীতে আজকের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দীর্ঘদিন হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন, মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়েছিলেন। কংগ্রেস বন্ধুরা বলছিলেন তৃণমূল কংগ্রেসে সমাজবিরোধীরা ভরে গিয়েছে। আজকে বলি সেই মোক্তার কাদের দলে আছেন? সেই কংগ্রেস দলে আছেন। মরীচঝাঁপিতে আপনারাই গণহত্যা করেছিলেন। কি কথা বলবেন আপনারা? মরীচঝাঁপিতে নিরীহ মানুষদের উপর আপনারা গণহত্যা করেছিলেন। বিজন সেতুতে ১৯ জন আনন্দমার্গীকে কারা পুড়িয়ে মেরেছিলেন? আইন-শৃঙ্খলার কথা বলছেন আজকে? একবার ভেবে দেখুন আপনাদের শাসনকালে বিজন সেতুতে ১৯ জন আনন্দমার্গীকে আপনারাই পুড়িয়ে মেরেছিলেন। নানুরে সুচপুরে ১১ জন সংখ্যালঘু মানুষকে কুপিয়ে কুপিয়ে, খুঁচিয়ে, চোখ তুলে হত্যা করেছিলেন। আপনারা কি কথা বলবেন আজকে? আইন-শৃঙ্খলার কথা বলছেন? সেদিন সুশান্তবাবু এখানে বলছিলেন ১০ বছর বাংলার মুখ্যমন্ত্রী বলেছেন চুপ করে থাকতে। তিনি আর চুপ করে থাকতে পারছেন না, তাই কথা বলছেন। এমন কি ঘটনা ঘটেছে পশ্চিমবাংলায়? ৩৪ বছর শাসনকালে আপনারা যে কাজ করেছেন সেই কেশপুরের আকাশে বাতাসে এখনও আমার তৃণমূল কংগ্রেস কর্মীর কবর থেকে মৃত্যুর কান্না ভেসে ওঠে। আপনারা কি বলবেন? কেশপুরের সেই ঘটনা আপনি এখানে বলেছেন, আপনি তখন ওখানকার

বিধায়ক ছিলেন। নিতাইয়ে গণহত্যা হয়েছে — স্যার এক মিনিট — আমার কংগ্রেস বন্ধুরা এখানে বলছিলেন, ধর্ষণ নিয়ে কথা। কংগ্রেসের একজন বিধায়ক বলেছিলেন, পার্ক স্ট্রীটে ধর্ষণ হয়েছিল। দিল্লীতে বাসের মধ্যে ধর্ষণ হয়েছিল। সেই ঘটনার জন্য ভারতবর্ষের প্রধানমন্ত্রী মনমোহন সিং .....(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

[3.40–3.50 p.m.]

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের ভাষণের উপর কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার মধ্যে দিয়ে আলোকপাত করছি। এই অল্পসময়ের মধ্যে এই গুরুত্বপূর্ণ আলোচনাটা আপনার কাছে তুলে ধরছি। ঘটনাটি যদি সত্যি হয় তাহলে একটা মানুষের স্বাভাবিক জীবনের উপর চাপ পড়বে। সেই জন্য আপনার কাছে এবং এই বিধানসভার সদস্যরা আছেন তাদের কাছে আমি আবেদনটা রাখছি এটা দেখার জন্য। আজকে রাজ্যপালের ভাষণে উন্নয়ন বিষয়ে লেখা রয়েছে, বিভিন্ন উন্নয়ন হচ্ছে। তারসঙ্গে গুরুত্বপূর্ণ বিষয়ে আপনারা লিখেছেন যে ন্যায্য মূল্যের যে ওষুধগুলোর জন্য দোকান খোলা হয়েছে তার জন্য মানুষের উপকার হচ্ছে। একটা তথ্যচিত্র আপনাদের কাছে রাখছি। বিষয়টি বিবেচনা এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমার পক্ষ থেকে আবেদন জানাবো। একটি ওষুধের দাম দেখুন, "সেপ্টিসেমিয়ার ইঞ্জেকশান (৪০০ এম.জি.)"— ন্যায্য মূল্যের দোকানে বিক্রি কত হচ্ছে? ৬৫০.২০ পয়সা, ছাড় কত দিচ্ছে? ২১২.৮৭ পয়সা। আমরা পাচ্ছি কত? ৪৩৭.২৩ পয়সায়। আর বাজারে পাওয়া যাচ্ছে কত? ১৯৯.৩৬ পয়সায়। ঐ ন্যায্য মূল্যের দোকান লাভ করল কত? ২৩৭.৯৭ পয়সা। এটা আমাদের ক্ষেত্রে উপকার হচ্ছে না লাভ হচ্ছে? এটা একটা ইঞ্জেকশানের কথা বললাম। আবার একটা বলছি, "অ্যামিক্যাসিন অ্যান্টিসেপ্টিক ইঞ্জেকশান (৫০০ এম.জি.)"— দাম কত? ৯০ টাকা, ছাড় কত দিচ্ছে? ২৪.৪৭ পয়সা। আমরা পাচ্ছি কত? ৬৫.৫৩ পয়সা। বাজারে বিক্রি হচ্ছে কত? ১৬.৫০ পয়সা। কত লাভ করলো? ৪৯.০৩ পয়সা। আমাদের কি লাভ হচ্ছে? আমাদের কি উপকার হচ্ছে? ন্যায্য মুল্যের যে দোকান হচ্ছে আমাদের কি লাভ হচ্ছে? আমি এটা দেখতে অনুরোধ করবো। এটা ইঞ্জেকশানে গেল। আর একটা বলছি, "প্র্যান্টোপ্রাজল ক্যাপসুল (৪০ এম.জি.)"— এর দাম কত? ১১০.৩০ পয়সা। ছাড় কত? ৩৬.৫৪ পয়সা। আমরা ছাড় দিয়ে পেলাম কত? ৭৩.৭৬ পয়সায়। বাজারে দাম কত? ১৪.৩৪ পয়সা। লাভ কত হল ন্যায্য মূল্য দোকানদারের — ৪৯.৪২ পয়সা। আমার মনে হয় স্যার একটা বড় চক্র চিটফাণ্ডের মত। চিটফাণ্ডের কথা যে আমরা বলছি, এই সরকার চিটের সঙ্গে যুক্ত হয়ে গেল। যারা বড় বড় জোতদার, আমরা যারা শিল্পপতিদের বিরুদ্ধে বলছি, চিট ফাণ্ডের কথা বলছি, আর আমরা যারা তোলাবাজিদের কথা বলছি আজকে তোলাবাজি, চিটফাণ্ডের সাথে আমাদের সরকার যুক্ত হয়ে গেল। এটা ভাবতে আমরা অনুরোধ করবো। আমি ভাবতে আরো অনুরোধ করবো আজকে মানুষের সুবিধা-অসুবিধা, জীবন-জীবিকার ব্যাপারে স্যার, এটা দেখতে বলবো। আমি অনুরোধ করে বলবো একজন বিধায়ক হিসাবে স্যার এটা দেখতে। দ্বিতীয়তঃ হল, এর সঙ্গে আর একটা দিক জড়িয়ে আছে এই দোকানগুলো বিভিন্ন এলাকায়, বিভিন্ন হাসপাতালে হচ্ছে স্যার। আমাদের এস.এস.কে.এম. হাসপাতালে একটা দোকান হয়েছে, তার ছাড় আবার আলাদা হয়েছে। আবার ধরুন, আমাদের মেদিনীপুরে মেডিকেল আছে সেখানে দোকান হচ্ছে, তার ছাড় আলাদা আছে। উত্তরবঙ্গে মেডিকেলে দোকান হয়েছে তার ছাড় আলাদা হয়েছে। কোথায়

৫১%, কোথায় ৫২%, কোথায়ও আবার ৪৫% এবং কোথায়ও আছে আবার ৬১%। আমি এগুলো দেখতে অনুরোধ করবো। যদি হয়ে থাকে এই রকম দোকান তাহলে আমি বলবো খুব ভাল। যদি না হয়ে থাকে, যদি চিট ফান্ডের সাথে এই রকম যুক্ত হয়ে থাকে আমি বলবো ইমিডিয়েট আমাদের বামফ্রন্টের বিধায়কদের অনুরোধ করবো যে আন্দোলন করে এই সমস্ত দোকানগুলো যারা চিটফান্ডের মত ব্যবসা জুড়েছে তাদের বিরুদ্ধে আন্দোলন করা দরকার আমি মনে করি। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় স্যার। আর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলবো, আমরা বেশিরভাগই চাষীর ঘরের ছেলে। গোটা কৃষক সমাজ সমাজকে বাঁচায়, গোটা কৃষক সমাজ দেশকে বাঁচায়। ধান কেনার ব্যাপারে আপনারা জানেন, ধান যাতে ন্যায্য দামে বিক্রি হয় তারজন্য সরকার ব্যবস্থা করেছেন। তা সত্ত্বেও চাষীর ঘর থেকে ধান বিক্রি হয় নি স্যার। আর একটি গুরুত্বপূর্ণ বিষয় স্যার, আলু চাষ। এখন আলু উঠছে, আমিও একজন চাষীর ঘরের ছেলে। আমাদের আলু আছে, আলু তোলা হচ্ছে। এক বিঘায় এক কুইন্টাল আলুতে যে হিসাব বলছে স্যার। স্যার, আমি আপনাকে একটা তথ্য দিচ্ছি। সেটা হচ্ছে যে এক কুইন্টাল আলু তুলতে আমাদের খরচা হয়েছে তিনশো টাকা আর বিক্রি হয়েছে, আমি শুনলাম, টেলিফোনে যোগাযোগ করলাম যে ৩৭০ টাকা কুইন্টাল হিসাবে বিক্রি হচ্ছে, আজাকের বাজারে। আমাদের খরচা হয় ৪৯০ টাকা, এক কুইন্টাল আলু তৈরী করতে। এই সারের যা দাম, লেবারের যা দাম, আমাদের নিজেদের পরিশ্রম তো দূরের কথা, লেবার দিয়ে যদি করা হয়, এই সমস্ত দাম, খরচ করে এক কুইন্টাল আলু তুলতে খরচ হয় ৪৯০ টাকা। আর যদি কোন রকমে ৫০০ টাকায় আলু বিক্রি হয় তাহলে কৃষকের হতে দশ টাকা থাকে। আর আজকে আলু বিক্রি হচ্ছে ৩৭০ টাকায়। কৃষকরা যেমন ধানের দাম পাচ্ছে না, তেমনি এই হাউসে আলুর দামের কথা বললেও আলু কিন্তু ন্যায্য মূল্যে বিক্রি হচ্ছে না, কৃষকরা দাম পাচ্ছে না। আরও অনেক কথা রয়েছে। তার আগে চুপিচুপি, কানে কানে একটি কথা বলি। কেন না অনেক তো পরিবর্তন হল, অনেক কিছু হল। সরকারের বয়স এখনও দু'বছর হয় নি। তাই কত পরিবর্তন আমাদের এখানের মধ্যেও হয়ে গেল। একবার এই চেয়ার থেকে আর একবার ঐ চেয়ারে, আবার ঐ চেয়ার থেকে এই চেয়ারে। একবার মন্ত্রী হল। আবার বাইরে নির্বাচনে দু'জন বোল্ড আউট হয়ে গেল। তাই কত পরিবর্তন ঘটল। এই পাঁচ বছরে আরও কত পরিবর্তন ঘটবে। তাই আমি আমাদের সরকারী পক্ষের সদস্যদের বলি যে এই সমস্ত মিথ্যে প্রতিশ্রুতি মানুষের কাছে না বলে ভাল করে চলার চেষ্টা করুন। না হলে কিন্তু পাঁচ বছরের আগেই বোল্ড আউট হয়ে যাবেন। তখন চোখে-কানে দেখতে পাবেন না। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী সব্যসাচী দত্ত : মাননীয় স্পীকার স্যার, রাজ্যপালের ভাষণের উপরে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু কথা বলছি। আপনি আমাকে বলার সুযোগ দিয়েছেন তার জন্য আমি কৃতার্থ। প্রথমেই জানাই যে রাজ্যপালের ভাষণে যারা মারা গেছেন, তাদের আত্মার শান্তি কামনা করে এবং তাদের পরিবারকে সমবেদনা জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। যারা মারা গেছেন তাদের প্রত্যেকেই এবং আপনারা জানেন গত কয়েকদিন ধরেই রাজ্যপালের ভাষণের উপর বক্তব্য শুনছিলাম। বিরোধী দলের লোকেরাও বলছেন, সরকার পক্ষের লোকেরাও বলছেন। আমি নতুন বিধায়ক, শুধু এইটুকু বলতে পারি যে এক কথা বারবার বলে সময় নষ্ট না করে শুধু দু'চার কথা বলি যে আজকে যে জিনিসের উপরে, মানুষের সংবিধানের উপরে সরকার দাঁড়িয়ে আছে, সেটা হচ্ছে ফান্ডামেন্টাল রাইট। রাইট টু লাইফ অ্যান্ড রাইট টু প্রপার্টি। মহামান্য রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন, স্বীকার

করেছেন যে এই সরকার ফান্ডামেন্টাল রাইট — রাইট টু লাইফ অ্যান্ড রাইট টু প্রপার্টির ওপরে পূর্ণ আস্থা রেখেছেন এবং তিনি দেখিয়েছেন যে আমরা কিভাবে আজকে সেই অশান্ত জঙ্গলমহলাকে শান্ত করে এই সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে মানুষের জীবনে শান্তি ফিরিয়ে এনেছেন। সেখানে রাইট টু লাইফ এস্টাবলিশ করেছেন এবং রাইট টু প্রপার্টি এস্টাবলিশড করার চেষ্টা করেছেন। আজকে এটা বলতে বাধ্য হই যে আজকে যে পাঁচটা জিনিসের উপরে রাজ্যপালের ভাষণ মুল জায়গায় দাঁড়িয়ে আছে, সেটা হচ্ছে যে, এই সরকার ঠিক করেছে যে সবাইকে শিক্ষা দেবেন। সবার হাতে কাজ, সর্বমুখে ভাত, সবার মাথার উপরে প্রাসাচ্ছাদন এবং সবাইকে ..

(গোলমাল)

আপনি ডিসটার্ব করতে পারেন। আপনার এটা স্বভাব। আপনি চালিয়ে যান। আমরা শিখছি আপনারা যা শিখিয়েছেন, তাই হয়তো আগামী দিনে শিখতে হবে। কিন্তু আপনার ডিস্টারবেন্সে আমার কিছুই হবে না। আপনি চালিয়ে যান এবং আপনাকে তারজন্য ধন্যবাদ জানাই যে আপনি ডিস্টারবেন্স করছেন। বিদ্যুৎ সবার জন্যে। তাই মাননীয় রাজ্যপাল যে সব বলেছেন, তার ওপরে আমি আমার সেই পুরনো বক্তব্য না রেখে আমি কিছু নতুন আইডিয়া, ইনোভেটিভ আইডিয়া আপনাদের সামনে তুলে ধরতে চাই।

[3.50–4.00 p.m.]

আমি ১১৫ রাজারহাট নিউটাউন বিধানসভা কেন্দ্রের অন্তর্ভুক্ত নির্বাচিত বিধায়ক। যে বিধানসভা কেন্দ্রের ৪৫ শতাংশ minority ভোটার এবং ২৭ শতাংশ scheduled caste/ scheduled tribe ভোটার আছেন। এই বিধানসভা কেন্দ্রের অদ্ভুত এক চরিত্র যেটা urbanisation আছে পঞ্চায়েত এরিয়ায় বড় বড় অট্টালিকা গড়ে উঠছে আর মিউনিসিপ্যাল এরিয়ায় slum মানে বস্তি, ঝুপড়ি তৈরী হয়ে আছে। বলতে কোন দ্বিধা নেই যে আজকে আমি আমার বিধানসভা কেন্দ্রের প্রতিটি নাগরিকের তরফ থেকে প্রতিটি জনগণের তরফ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। যে শুধু একটা বিধানসভা কেন্দ্রের উনি আজকে ১ বছর ১০ মাসের মধ্যে কি কি দিতে পেরেছেন তারজন্য আমি কৃতার্থ এই বিধানসভার কাছে। মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে যেখানে শুধু আমরা দেখেছিলাম যেতে গেলে দেখা যেত খাল একটা পড়ে আছে সেখানে উনি ইকো ট্যুরিজম পার্ক করে দিয়েছেন। এখানে নগরায়ণ দপ্তরের মন্ত্রী বসে আছেন। কোন কাউকে বেচে দেন নি, কোন প্রোমোটারের হাতে দিয়ে দেন নি, এই সরকার এত দেনা থাকা সত্ত্বেও ইকো ট্যুরিজম পার্ক তৈরী করে দিয়েছে। আলিয়া ইউনিভার্সিটি হচ্ছে, আলিয়া ইউনিভার্সিটির কাজ খুব দ্রুততর হচ্ছে। আমি বেশ কিছুদিন ধরে দেখছিলাম আমার সতীর্থ বিধায়করা বলছেন শুধু ভিত্তিপ্রস্তর নয় কাজ করে দেখান। আমি তাই বলতে পারি আমার বিধানসভা কেন্দ্রে ভিত-পুজো হয় নি। আলিয়া ইউনিভার্সিটির কাজ কিন্তু দ্রুততার সঙ্গে হচ্ছে এবং আগামী বছরেই আলিয়া ইউনিভার্সিটি সেখানে শুরু হয়ে যাবে। এখানে যারা minority-র লোক আছেন তারা জানেন যে, হজ হাউস একটি বিগত দিনে ছিল। যে হজ হাউসে যারা হজ করতে যান, হজযাত্রী এবং তাদের সঙ্গে যারা যান তারা নামাজ পড়ার জন্য এবং নামাজের আজে অজু করার জন্য সামান্য জলটাও পেতেন না। সেইজন্য মাননীয়া মুখ্যমন্ত্রী হজ হাউসের জমি দিয়েছেন এবং সেই হজ হাউসের জমিতে কাজ

শুরু হয়েছে। সেখানে মানুষ সুস্থভাবে নামাজ পড়তে পারবেন এবং সেখানে নামাজ পড়ার আগে তাদের ধর্মের জন্য যে কার্যকলাপ, অজু করে নামাজ পড়া সেটা করতে পারবেন। মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি আবার ধন্যবাদ জানাই আপনার মাধ্যমে এবং হাউজের মাধ্যমে যে St. Xavier's college সেটা ইউনিভার্সিটিতে রূপান্তরিত হয়েছে এবং সেই St. Xavier's ইউনিভার্সিটিকে উনি জমি দিয়েছেন রাজারহাট নিউটাউনে। তারজন্য আমরা কৃতজ্ঞ এবং রাজারহাটবাসী তারজন্য কৃতার্থ ওনার কাছে। প্রেসিডেন্সিকেও উনি জমি দিয়েছেন। সেটা রাজ্যপালের ভাষণে প্রতিফলন হয় নি কিন্তু তারজন্যও আমরা কৃতার্থ। শুধু এইটুকু বলি আজকে পশ্চিমবঙ্গকে অন্যান্য রাজ্যের সামনে তুলে ধরার জন্য international financial hub-এর মতন একটা বিশেষ জায়গা উনি চিহ্নিত করেছেন। যার জমি শুধু দেওয়ার জন্য দেওয়া নয় সেখানে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে এবং তার expression of interest এখানে নগরায়ণের মন্ত্রী বসে আছেন, তার expression of interest float করে দেওয়া হয়েছে। যে expression of interest থেকে ভারতবর্ষ তথা পৃথিবীর সামনে পশ্চিমবঙ্গকে তুলে ধরা যাবে এটার জন্য আমরা গর্বিত পশ্চিমবঙ্গবাসী হিসাবে। আমি তাই আপনাদের জানার জন্য, আপনাদের জ্ঞাতার্থের জন্য জানাচ্ছি যে পশ্চিমবঙ্গে নিউটাউনে বিধানসভা কেন্দ্রে HIDCO অঞ্চলকে গ্রীন সিটি কেন্দ্রীয় সরকার declare করেছেন। সেখানে যদি এইটুকু আন্তর্ভুক্ত করা যায়, এটুকু আমি অনুরোধ করব যে, গ্রীন সিটি declare করেছে সেই গ্রীন সিটিকে যদি গ্রীন বিল্ডিংয়ে mandatory করতে পারি বা বাধ্যতামূলক করতে পারি। যদি গ্রীন বিল্ডিং করা যায় সেখানে শুধুমাত্র পার্মানেন্ট পলিউশান ফ্রি জায়গা হবে এবং গ্রীন সিটিকে কার্যকরী করার জন্য শুধুমাত্র কেন্দ্রীয় সরকারের প্রকল্প বলে আমরা বসে থাকি নি সেখানে গ্রীন সিটির জন্য ডি.পি.আর তৈরী করে কেন্দ্রীয় সরকারকে আমরা দিয়ে দিয়েছি। এবং কেন্দ্রীয় সরকার সেটা যখনই কার্যকরী করবেন আমি অনুরোধ করবো নগরায়ণ মন্ত্রীকে যে, HIDCO অঞ্চলে যে সমস্ত বড় বড় বাড়ি হচ্ছে সেকানে যারা এই বিষয়ে বিদ্বান, যারা এই বিষয়ে বিশেষভাবে কাজ করেছেন তাদের নিয়ে একটা কমিটি গড়া হয়েছে, এবং সেই গ্রীন সিটিতে গ্রীন বিল্ডিং mandatory করা যায় কি না সেটা যদি দেখেন তাহলে আমি কৃতার্থ থাকব। বলতে আজকে সত্যি করে ভাল লাগছে যে, আজকে বায়ো ফার্টিলাইজার নিয়ে রাজ্যপালের ভাষণে যেটা দেখলাম আমরা সেটা সত্যিই বাস্তব। যে জমির উপর কেমিক্যাল ফার্টিলাইজার বার বার করে ইউজ করা হয় — এখানে অনেকে বলছিলেন চাষের জমি, চাষী আমরা, কেমিক্যাল ফার্টিলাইজার ইউজ করলে সেটা ভাল হয় না কিন্তু বায়ো ফার্টিলাইজার ইউজ করলে অনেক ভাল হত। এতক্ষণ আপনারা বলে যাচ্ছেন অনেক কিছু — আইন-শৃঙ্খলা, আইন-শৃঙ্খলা, আইন-শৃঙ্খলা — আইন-শৃঙ্খলা সত্যি আছে। তা না হলে এখানে দাঁড়িয়ে আজকে আমরা বিধায়ক হয়ে আসতে পারতাম না। আজকে তাই এখানে বিধায়ক হয়ে এসেছি আইন-শৃঙ্খলা আছে বলেই। আজকে যে তিনটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন হল, সেই তিনটি বিধানসভা কেন্দ্রে বিগতদিনে কোনদিন দেখি নি যে কোন বিধানসভা উপনির্বাচনে শাসকদল ছাড়া অন্য কেউ জিতেছে। একমাত্র এই বিধানসভায় দেখলাম ৩ টি উপনির্বাচনে ৩ টি দল জিতে এসেছে। এটা আইন-শৃঙ্খলার সবথেকে বড় উদাহরণ। বলতে পারেন কেন্দ্রীয় বাহিনী ছিল, বিগত দিনেও ২০০১ সালে, ২০০৬ সালে কেন্দ্রীয় বাহিনী দেখেছি তারা কখনও ইলেকশানের আগের দিন অবধি প্রচার .....

(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী তোয়াব আলী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে মহামান্য রাজ্যপাল গত ৮ই মার্চ এখানে যে সৎ ভাষণ দিয়েছেন, সেই ভাষণ সম্পর্কে কয়েকটি কথা আমি বলতে চাই। প্রথমে আমাদের পক্ষ থেকে, আমাদের বিরোধী দলের পক্ষ থেকে কাটমোশান — তার সমর্থন করা হয়েছে। কারণ এই রাজ্যে প্রকৃত যা ঘটছে, যা সত্য তার উল্লেখ এই ভাষণে নেই। যা হয়নি, যা কল্পনার মধ্যে আছে অথবা বিগত দিনে কর্মসূচী বা চলমান প্রকল্পে কিছু নাম বদলে, কিছু রং বদলে নিজের সাফল্যের ঢাকঢোল পেটানো হচ্ছে। তার প্রকৃত সত্যের প্রতিফলন এই ভাষণে ঘটে নি। তাই এই সত্যের কয়েকটি বিষয় আমি উল্লেখ করতে চাই। প্রথমে বলি, গণতন্ত্রের কথা বললেন কল্লোল বাবু, অশোক বাবু — যারা বাম জমানায় এম.এল.এ. হয়েছেন। গণতন্ত্র না থাকলে এটা হত না। যারা গণতন্ত্রের কথা বলেন অথবা দলতন্ত্রের অভিযোগ তোলেন, বদলা নয় বদল চাই বলে ক্ষমতায় এলেন। এই ২ বছরে রাজ্যের গণতন্ত্র হাল কি? বামফ্রন্ট সরকার বলেছিলেন নির্বাচিত হওয়ার পরে গণতান্ত্রিক ব্যবস্থায় রাইটার্স বিল্ডিংয়ে বসে সরকার চলবে না একেবারে তৃণমূলে নিয়ে যাওয়া হবে। এইজন্য পঞ্চায়েতী ব্যবস্থা, পৌরসভা ব্যবস্থা করেছিলেন যা প্রকৃতপক্ষে মানুষ তার উন্নয়নের প্রকৃত দিশা, প্রকৃত চেহারা বাস্তবতা দেখেছিলেন। সেই ক্ষমতায় আসার পরে প্রথম কি করলেন? এই পঞ্চায়েতী ব্যবস্থাটাকে ভেঙে দিলেন। কোথাও জবর দখল করলেন, কোথাও কাজ করতে বাধা দিলেন। আর সরকার স্বয়ং জেলাপরিষদের ক্ষমতা কেড়ে নিয়ে ক্ষমতা দিলেন ডি.এম-দের। মুখ্যমন্ত্রী জেলায়-জেলায় ঘুরছেন মন্ত্রীদের নিয়ে। একজন লোক, বাকি পঞ্চায়েতের কোন স্তরের কোন মানুষকে, কোন পদাধিকারীকে ডাকছেন না। এটাই গণতন্ত্রের নমুনা? ভেঙে দিলেন পঞ্চায়েতকে আপনারা — তৃণমূল স্তরের এই ব্যবস্থাকে। গণতন্ত্রের কথা বলছেন? ভোট করা যায় নি। এতোদিন ভোট হয়েছে জিতেছেন তো এতো বড় পঞ্চায়েত। গত ৮ সালে তো পঞ্চায়েত ভোট হয়েছে, দুটো জেলাপরিষদ আপনারা পেয়েছেন, দুটো কংগ্রেস পেয়েছে। প্রকৃত ভোট না হলে কি হত? ভোট হয় নি? কিন্তু ক্ষমতায় আসার পরে এই সমস্ত ক্ষমতাকে আপনারা কেড়ে নিলেন। আমাদের স্লোগান ছিল রাইটার্স বিল্ডিংস থেকে নয়, নীচের স্তর থেকে গণতন্ত্র প্রতিষ্ঠা হবে, কাজ করবে, উন্নয়নের কাজ। এখনকার স্লোগান কি? গ্রামস্তর নয়, পঞ্চায়েত নয়, উন্নয়ন হবে সি.এম. টু বি.ডি.ও.। বি.ডি.ও.-র সঙ্গে সরাসরি যোগাযোগ করবেন সি.এম.।

[4.00—4.10 p.m.]

গণতন্ত্রকে তৃণমুল স্তরে নয়, গণতন্ত্রকে বিকেন্দ্রীকরণ নয়, গণতন্ত্রকে ব্যক্তির হাতে প্রতিষ্ঠিত করবার এই জায়গাটাতে আপনারা গণতন্ত্রকে নিয়ে গেলেন। আর আপনারা বলছেন গণতন্ত্র ছিল না। গণতন্ত্রের গল্প করছেন। গণতন্ত্রের মূল দিশা, মূল দৃষ্টিভঙ্গী কোন দিকে আপনারা নিয়ে যাচ্ছেন? যেখানে আপনাদের আমলে গণতান্ত্রিক পদ্ধতিতে ভোট করতে দেবেন নি, তবুও মানুষ ভোট দিল হলদিয়াতে, নির্বাচিত করল। সেই পৌরসভাকে কাজ করতে দিচ্ছেন না, গুন্ডাগিরি করছেন। হাইকোর্ট যখন নির্দেশ দিল মিটিং করার, তরপরেও আপনারা সেই মিটিং যাতে না হয় তা বাঞ্চাল করার চেষ্টা করছেন। ধুলিয়ান পৌরসভায় কংগ্রেস থেকে তৃণমূলে গেল, জনগণের রায়, জনগণের রায়কে আপনারা বাঞ্চাল করে দিলেন। সমস্ত সমবায়-এর পরিচালন কমিটিগুলো ভেঙে দিলেন। কলেজের নির্বাচন বন্ধ করলেন। এম.এস.কে., এস.এস.কে.-এর সমস্ত নির্বাচিত কমিটি ভেঙে

দিলেন। আই.সি.ডি.এস. -এর যে গণতান্ত্রিক কমিটি ছিল, সেই কমিটিকে ভেঙে দিয়ে সমস্ত ক্ষমতাকে কুক্ষিগত আপনারা করলেন। আইন-শৃঙ্খলার কথা আমি বলতে চাই না। কি বলছেন উন্নয়নের ব্যাপারে। শিল্পে এখন বন্যা বইছে। রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তাতে ১ লক্ষ ১২ হাজার কোটি টাকার প্রস্তাব, আজকে কি উত্তর দিয়েছেন? ৮ হাজার। কোনটা সত্যি? রাজ্যপালের ভাষণে যেটা আছে সেটা, না আজকে যে উত্তর দিয়েছেন মাননীয় মন্ত্রী সেটা? আপনি বলবেন। তাহলে ভাষণ স্বাভাবিক কারণে প্রকৃত নয় আপনাকে বলতে হবে। কাজেই কি চলছে? এই হচ্ছে অবস্থা। আপনারা শিল্পায়ন কি করবেন? কোনো দিশা আছে? হলদিয়াতে শিল্প করবার কিংবা দুর্গাপুরে, যা নিয়ে আপনারা গর্ব করেন, তার মত প্রকল্প করবেন? না। তা নেই। কোনো প্রকল্প নেই। কোনো সদিচ্ছা নেই। জমি নীতি নেই, শিল্প নীতি নেই। এই হচ্ছে অবস্থা। চালু প্রকল্পগুলোর কাজ করছেন না। আবার যা আছে তাকে তাড়াচ্ছেন। হলদিয়ায়, এ.বি.জি-কে তাড়িয়ে দিলেন। এখন তো শুনছি টটাকে নিয়ে আসবেন। যে টাটার লবণ পোড়ালেন ধর্মতলায়, এখন তার পায়ে পড়ছেন হলদিয়াতে চলো। মস্তানিরাজ চলছে গোটা হলদিয়াতে, গুন্ডামি চলছে। স্বাভাবিক কারণে শিল্পপতিরা আর এখানে শিল্প করতে আসতে চায় না। রাস্তাঘাটের অবস্থা কি? মন্ত্রী কি উত্তর দিয়েছেন? এক বছরে ৫ কিলোমিটার। এন.এইচ.এ-র অবস্থা দেখেছেন, আপনারা কোন উদ্যোগ নিচ্ছেন না। পরিবহণ ব্যবস্থা ধ্বংসের মুখে এনে ফেলেছেন। এখন কর্পোরেটরা বাস চালাবে। মন্ত্রীর একজন ঘনিষ্ঠ, তাকে দায়িত্ব দিয়েছেন। আর কোন কর্পোরেট এখানে আসবে না। স্থলপথ ধ্বংস করলেন, জলপথকে ধ্বংস করলেন, এখন আকাশপথের স্বপ্ন দেখাচ্ছেন। আকাশে ওড়বার। এই হচ্ছে পরিবহণ ব্যবস্থা। এখন্ প্রকল্প নতুন নেই, দিশা নেই কিন্তু শিলান্যাস চলছে। শিলান্যাসের বন্যা বইছে। এই জন্যে বাংলার অনেকে বলছেন এক কালে অনেকে নাম দিয়েছিলেন অগ্নিকন্যা, এখন বলছেন শিলাদি। এক কালে নাম ছিল অগ্নিকন্যা, যেহেতু প্রশ্ন করা যাবে না, প্রশ্ন হলে জেলে যেতে হবে। শিলাদিতা, প্রতাপ নস্কর, অম্বরেশ মহাপাত্রকে দেখেছে। এই জন্য কেউ আবার আক্রোশ ব্যানার্জী বলে ডাকছে, আর অগ্নিকন্যা নয়। এই হচ্ছে শিল্পায়ন, এই হচ্ছে আপনাদের অবস্থা। গ্রাম উন্নয়নের কথা বলছেন। যে জমি বিলি হয়েছিল, যে সেচ ব্যবস্থার অগ্রগতি হয়েছিল, যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়েছিল, আজকে এক ছটাক পেরেছেন? ২০ হেক্টর জমি সেচ এলাকায় আসতে পারত, কেন্দ্রীয় সরকারের ২২২ কোটি টাকা ফেরত চলে গেল। আপনাদের সেচ নীতি, কৃষির প্রতি আগ্রহ নেই বলে এই টাকা ফেরত গেল। (এই সময় মাইক অফ হয়ে যায়)

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Mr. Speaker : I beg to present the 33rd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business for the 21st and the 22nd March, 2013, as follows :

21.3.2013, Thursday:	(i) The West Bengal State Health Service (Amendment) Bill, 2013
	(Introduction, Consideration and Passing)... $\frac{1}{2}$ hr

(ii) The West Bengal School Service Commission (Amendment) Bill, 2013

(Introduction, Consideration and Passing)... $\frac{1}{2}$ hr

(iii) The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013

(Introduction, consideraton and Passing)...

2 hrs

(iv) The Presidency University (Amendment) Bill, 2013

(Introduction, Consideration and Passing)...

1 hr

(v) The West Bengal Co-operative Societies (Amendment and Validation) Bill, 2013

(Introduction, Consideration and Passing)...

2 hrs

(vi) The West Bengal Co-operative Societies (Scond Amendment) Bill, 2013

(Introductin, Consideration and Passing)

22.3.2013, Friday: (i) Discussin on Governor's Address ..... 1 hr

N.B. (i) There will be no Mentin case on 21.3.2013.

(ii) The House will sit and 11.15 hrs. on the 22nd March, 2013 and there will be no Questins for Oral Answer and Mention Case on that day.

MOTION

Mr. Speaker : In the meantime, I have received a Notice from the Hon'ble Minister, Smt. Chandrima Bhattacharya. I read the text of the Notice.

'With reference to the above Notice, I like to submit that I do

not intend to introduce The City Civil Court (Amendment) Bill, 2013 (Bill No. 8 of 2013) in the current session of the West Bengal Legislative Assembly.'

Therefore, this Bill will not be taken for consideration, introduction and passing.

Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৩৩তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, সেটা গ্রহণের জন্য সভায় উপস্থাপিত করছি।

Mr. Speaker : Now, I put to vote the Motion. As many as are of that opinion will please say Aye. As many as are of the contrary opinion will please say, No. Ayes have it, Ayes have it.

The Motion is adopted.

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, বিগত ৮ই মার্চ পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল আমাদের এই পবিত্র বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, আমি তাকে সর্বোতভাবে সমর্থন করছি।

আমাদের দু-একজন বামপন্থী বন্ধু অভিযোগ করেছেন যে, তাঁর এই ভাষণটা সরকার পক্ষের লেখা। এর মধ্যে অন্যায় তো কিছু নেই। এটাই তো রীতি এবং এই রীতি আমাদের সংবিধান কর্তৃক স্বীকৃত। শুধুমাত্র পশ্চিমবঙ্গেই নয়, আমাদের দেশের সমস্ত রাজ্যে, পার্লামেন্টে, সর্বত্রই এই রীতি আছে। সুতরাং এসব নিয়ে আলোচনা করাটা একেবারেই অবান্তর।

স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে ঋণগ্রস্থ পশ্চিমবঙ্গের একটা উন্নয়নের চিত্র দেখতে পাচ্ছি। দীর্ঘ ৩৪ বছরের বাম অপশাসনে আমাদের পশ্চিমবঙ্গ একেবারে শ্মশানে পরিণত হয়েছিল এবং আমরা দেখতে পাচ্ছি যে কি করে ধীরে ধীরে এর পুনরুজ্জীবন, পুনরুত্থান আরম্ভ হয়েছে। ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা ঋণের বোঝা, ৫৬ হাজার কলকারখানা বন্ধ, এই অবস্থাতেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একটা দেউলিয়া সরকার পরিচালনা করবার দায়িত্বভার নিজের হাতে নিলেন। এবং এর পরেও দেখলাম আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে দৃপ্ত পদে আমাদের পশ্চিমবঙ্গ এগিয়ে চলেছে উন্নয়নের পথে। আমাদের বামপন্থী বন্ধুরা এসব সহ্য করতে পারছেন না, তাই সবসময় সমালোচনা করছেন। বাংলায় একটা কথা আছে — শকুনের দৃষ্টি সবসময় থাকে ভাগাড়ের দিকে। আসলে আমাদের মন্দটা কোথায়, খারাপটা কোথায় এটাই তারা সবসময় অনুসন্ধান করছেন। এর মধ্যে অপরাধ কিছু নেই। আপনারা বিরোধী পক্ষ, আপনারা একশোবার সমালোচনা করবেন, ভুল ত্রুটি ধরিয়ে দেবেন। কিন্তু একটা কিছু হলেই হৈ চৈ বাধিয়ে দেবেন — এই জিনিসটা বাঞ্ছনীয় নয়। আমার হাতে একটা কাগজ আছে। আপনারা কতগুলি সংশোধনী দিয়েছেন। এতে কি আছে? এতে বক্তব্য শুধু একটাই — এটা নেই, ওটা নেই, শুধু নেই, সবই নেই নেই নেই। কোনটা আছে

সেই কথাটা বলুন! শুধু নেই আর নেই। হ্যাঁ, এরমধ্যে অনেক কিছুই তো নেই। এরমধ্যে সি পি এমের এক মন্ত্রী পঞ্চায়েত অফিস আক্রমণ করেছেন তার কথা নেই। এইমধ্যে নেই যে মেদিনীপুরের এক সি পি এম নেতা এখন ওর বিরুদ্ধে অস্ত্র কেলেংকারীর অভিযোগ উঠেছে। এরমধ্যে নেই [***] এর কথা। ওঁনার বিরুদ্ধে এনায়েতপুর অঞ্চলে অস্ত্র আমদানী করার অভিযোগ উঠেছে।

মিঃ স্পীকার : [***]

[4.10–4.20 p.m.]

শ্রী জীবন মুখোপাধ্যায় : এই সবের উল্লেখ নেই। আমাদের বামপন্থী বন্ধুরা বলছেন যে—পশ্চিমবাংলায় নাকি কোন আইনের শাসন নেই, আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছে, চুরি, ডাকাতি, রাহাজানি নাকি বৃদ্ধি পেয়েছে, নারী নির্যাতন অহরহ হচ্ছে, পুলিশ যেখানে সেখানে গুলি চালাচ্ছে, সীমাহীন নৈরাজ্য চলছে, পশ্চিমবঙ্গে। আমাদের একজন প্রাক্তন মন্ত্রী বিধায়ক উনি অভিযোগ আনলেন যে — পশ্চিমবঙ্গে আইনের শাসন নেই, তোলাবাজি চলছে, খুনখারাপি চলছে, টুকলির সাপ্লাই দিচ্ছে নাকি পশ্চিমবঙ্গের মানুষজন। আজকে তিনি এখানে আসেন নি। তার কথা শুনে মনে হচ্ছে স্বর্গ থেকে একেবারে যেন দেবদূত নেমে এসেছেন। একেবারে দেবশিশু নেমে এসেছেন স্বর্গ থেকে। এত গোলমাল যেন আগে কখনো হয় নি। আমি তাকে প্রশ্ন করি—আপনি তো বললেন আরাবুল খুব খারাপ লোক। কিন্তু আপনার বিরুদ্ধে কতগুলি খুন এবং রাহাজানির অভিযোগ আছে? আপনি তার কি উত্তর দেবেন। আপনি কি বলবেন যে সি পি এমের পঞ্চায়েত সমিতির সভাপতি আস্থারুল আলম কেন মারা গেল? আপনি কি বলবেন কংগ্রেসের হাসান নস্করকে কে হত্যা করল? আপনি কি বলবেন তৃণমুল নেতা মাণিক পাইককে কে হত্যা করল? আপনি বলুন তো ১৯৮১ সালের ৩ রা অক্টোবর ভাঙরে বাকিটি গ্রামে কংগ্রেস করার অপরাধে তিনভাই সুকুর আলি, ওহাদ আলি ও ওয়াজেদ আলিকে কে দাঁড়িয়ে থেকে খুন করেছে? অভিযোগের তীর আপনার দিকে। অভিযোগের তীর আপনার দিকে। অপরাধ করলে আরাবুলকে গ্রেপ্তার করা হয়। বিচার হয়। হাজতে যায় সে। আপনাদের আমলে হয়েছে কি? আপনি তো দিব্যি মন্ত্রীত্ব করে বেড়িয়েছেন। আসলে আমাদের মা-মাটি-মানুষের সরকারের শাসনব্যবস্থার বৈশিষ্ট্যই হচ্ছে অন্যায় করলে তিনি যত বড় নেতাই হন, শাস্তি তাঁর হবেই? এখন দল বলে কিছু নেই। এটাকে আমরা রাজধর্ম বলছি। এরমধ্যে অন্য কিছু নেই। আপনারা ধর্ষণ ধর্ষণ করে একেবারে মাত করে দিচ্ছেন। বাজার একেবারে মাত হয়ে গেল। বানতলা আপনাদের আমলে। ধানতলা আপনাদের আমলে। খোকশাডাঙ্গা আপনাদের আমলে। নদীয়ায় দীপালি বসাক, ফুলবাগানের নেহার বানু, সিঙ্গুরের তাপসী মালিক, নন্দীগ্রামের রাধারাণী আইচ, লালগড়ের নির্যাতিত মায়েরা এরা কোথায়? কখন ঘটেছে এই সমস্ত অত্যাচারগুলি? ফুলবাগান থানার কনস্টেবল আপনাদের দয়ায় নীলকমল, লালকমল এদের কি হল? স্যার, আমার কাছে একটি পরিসংখ্যান আছে। ২০১০ সালে নারী নির্যাতনে অন্ধ্র ছিল এক নাম্বারে। পশ্চিমবাংলার স্থান ছিল তৃতীয়। স্যার, আমাদের সরকারের সর্বশ্রেষ্ঠ অবদান হচ্ছে শান্তি প্রতিষ্ঠা করা রাজ্যের মধ্যে। একটা অশান্তির মধ্যে খুন হত্যাকান্ড রাহাজানি ধর্ষণ সীমাহীন নৈরাজ্য এই রকম একটা অবস্থায় আমাদের মা-মাটি-মানুষের সরকার ক্ষমতাতে এসেছিল। আজকে আমাদের সরকারের সর্বশ্রেষ্ঠ ব্যবস্থা হল শান্তি পরিতিষ্ঠা করা। কঙ্কাল কান্ডের নায়ক আজকে সুবোধ

*** 'অধ্যক্ষের আদেশ ক্রমে বাতিল'

অধ্যক্ষের আদেশক্রমে নামটা বাতিলবালকে পরিণত হয়েছে। তপন সুকুর এদের অস্তিত্ব আজকে আর নেই। একটু আগে আমাদের এক বন্ধু এক অভিযোগ আনলেন যে,"দেশে যদি এতই শান্তি থাকে আপনাদের অবস্থার যদি এতই উন্নতি হয় তাহলে পঞ্চায়েত নির্বাচনে কেন্দ্রীয় বাহিনীতে আপনাদের এত আপত্তি কোথায়!" আমরা মনে করি একদিনে এখানে ইলেকশান করবার মত যোগ্যতা আমাদের সরকারের আছে। আমাদের পুলিশ বাহিনী এখানে শান্তি রক্ষায় সক্ষম। এইজন বাইরে থেকে পুলিশ আনবার কোনো দরকার নেই। আপনারা ঐ পঞ্চায়েত ভোটে একেবারে চলে যাবেন। সুতরাং অভিযোগ আনবেন, আপনারা মিথ্যে কথা বলবেন এবং মিথ্যে অপপ্রচার — এগুলো হবেই আপনাদের। আমার হাতে বন্ধু বই আছে একটা। বইটার নাম হচ্ছে — "কোন পথে পশ্চিমবঙ্গ"। বইটা প্রকাশ করেছিলেন বামফ্রন্ট কমিটি, পশ্চিমবঙ্গ। এ বইটা নজরে এলো আমার। হেডিং হচ্ছে, "কোন পথে পশ্চিমবঙ্গ"। কোন পথে এগোচ্ছে পশ্চিমবঙ্গ। প্রকাশ করা হয়েছে এক বছর আগে, সময়টা হচ্ছে জুন মাস ২০১২। এক বছর প্রায় হয়ে এলো। তা, এতে আছে কি? আমি মনে করলাম, কোন পথে এগোচ্ছে পশ্চিমবঙ্গে — ডানদিকে, বাঁদিকে, উপরে না নীচে — একটু দেখি বইটা। আগা-গোড়া অসত্য ভাষণ। আগা-গোড়া অসত্য ভাষণ। হাসি পাবে শুনলে। আমি এক-আধটি স্যাম্পেল্ আপনাদের সামনে তুলে ধরছি, আমার বামপন্থী বন্ধুদের বক্তব্যের এক-আধটি স্যাম্পেল্। বেশি কথা বলব না, হাসি পাবে আপনাদের। এই বইএর ৯ পাতায় লিখছেন যে, "জোট সরকার ক্ষমতায় আসার পর থেকে ৩১শে মে ২০১২ পর্যন্ত ৫ হাজারেরও বেশি বামফ্রন্ট কর্মী সমর্থক আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এদের মধ্যে অধিকাংশের আঘাত গুরুতর। অনেকে সারা জীবনের মতো পঙ্গু হয়ে গেছেন। এই সময়কালে খুন হয়েছেন ৬৭ জন। তৃণমূল কংগ্রেস ক্ষমতায় আসার পর ৬১৫ টি সি.পি.এম অফিস জোর করে দখল করা হয়েছে। ২১৮ টি বামপন্থী ট্রেড ইউনিয়ন এবং গণসংগঠনের অফিস দখল করা হয়েছে। ৮৪ টি নির্বাচিত বামপন্থী ছাত্র ইউনিয়নের ঘরে নির্বাচিত প্রতিনিধিদেরকে ঢুকতে দেওয়া হচ্ছে না।" অবস্থা বুঝুন! আমরা শুনিনি এগুলো। আর কি বলছে? আরো বলছে—শুনুন, "৪০ হাজার ১২৪ জন বামপন্থী কর্মী ঘর ছাড়া হয়ে আছেন। তাদের ওপর বিপুল পরিমাণে জরিমানা আদায় করা হচ্ছে, যা টাকার অঙ্কে কমপক্ষে ২৭ কোটি টাকা।" এই সমস্ত অনেক কিছু আছে বন্ধু, অনেক কিছু আছে। সুতরাং বন্ধু বসে বসে অপপ্রচার বন্ধ করুন, সারা পশ্চিমবাংলায় কর্মযজ্ঞ শুরু হয়েছে, উন্নয়নের কর্মযজ্ঞ আরম্ভ হয়েছে। উন্নয়নের কাজে সামিল হোন। হাসপাতাল তৈরী হচ্ছে, স্কুল-কলেজ তৈরী হচ্ছে, রাস্তা-ঘাট তৈরী হচ্ছে .... (এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

[4.20–4.30 p.m.]

Shri Sunil Kumar Tirkey : Respected speaker साहब, आपके माध्यम से मै आनरेबल गर्वनर का स्पीच जो हुआ है 8 तारिख को उसके उपर कुछ बाते मै कहना चाहता हूँ। मै अपनी बात बंगला मे रख सकता था लेकिन चुकि थोडी सी दिक्कत होती है मुझे, सही बात जो मै करना चाहता हूँ वो नही कह पाउ इसलिए मैं हिन्दी मे कह रहा हूँ। सबेस बडी बात ये है कि गर्वनर साहब की स्पीच में बहुत कुछ बातें लिखी गइ है और यहाँ चर्चा का विषय भी रहा है, लेकिन मुझे ताजुब्ब इस बात की लगती है कि कही पर देखा कि जंगल के बारे मे बहुत सारी बाते है। पहाड के बारे मे बहुत सारी बाते है और

सारे इलाके के बोर मे बहुत सारी बाते है लेकिन मैने कही पर भी कोइ स्पीच तराई के बारे मे, उनके आर्थिक स्थिति के बारें मे, उनको कैसे क्या करना है। या उनके सामाजिक स्तर को कैसे बढाना है। इसके बारे मे कहीं कुछ लिखा हुआ नहीं है। तो चुकि मै एक tribal constituency से निर्वाचित होकर आया हूँ। तो मेरा ये जबाबदेही बन जाता है कि लोगों के पास कि कल मुझे कह सकते है कि आपको हमलोग यहाँ से चूनकर भेजे है तो आपने हमारी बात रखी कि नहीं। सबालव ये है कि आज हम जब भी सोचते है - आपको शायद मालुम नही कि हम एक एसे constituency से आता हू जो बिल्कुल ही backward है। एक तरफ नेपाल वोर्डर, एक तरफ Bangladesh border, एक तरफ बिहार वोर्डर। इन सब वोर्डरों को लेकर ये constituence है। और आपलोग जानते है कि वोर्डर मे जो आते है लोग - वो किस तरह के लोग होते है। वो काफी गरीब है। इनके गरीबी का बयान मै नही कर सकता हूँ। लेकिन यहाँ हमारे जो आदिवासी है उनेक साथ समस्या ये है कि उनकी जमीन जो उनका बाप-दादा का था वो जमीन इनसे धोखा धडी करे ले लिया गया है। आज बे कहते हुए मुझए कोइ हिचक नही हे कि इसके पूर्व जो हमारी सरकार थी - बंगाल की सरकार ये सब उन्ही के कारण हुआ है। मुझे ये सोचकर ताजुब लगता है कभी-कभी कि जो हमारी पहले की सरकार थी वामफ्रन्ट सरकार वो जमीन-आन्दोलन को लेकर सरकार मे आये थे। लेकिन बाद में देखा गया कि उन्ही के लोगों के द्वारा जमीन को लेकर वेआइनी नरीके से काम कर रहे है मुझे अफसोस है। अभी हमलोग देश्बे है कि हमारे इलाके में बहुत सारी जमीने जो आदिवासी की जमीन है - वो गैर आदिवासियों के नाम मे हो गया है जो कि हो नहीं सकता है। ये सब हुआ सिर्फ उनके राजनीति के लिए नही बल्कि सरकारी machinery भी उनके साथ काम की है। तो मै चाहुंगा कि सरकार इस ओर भी ध्यान दे। जिससे कि चुकि अभी तक इस ओर किसी की ध्यान नही गया है। और नहीं किसी ने कुछ किया तो सरकार अगर चाहे तो उनके मदद के लिये आगे बढ सकती है। और सबसे बडी बात ये है कि जब भी हम उन्नयन की बात करते हैं तो उन्नयन हमीशा शुरुआत होती है शहर से। जबकि हमारे महान्ता गांधी का कहना कि अगार सही मायने से देश का उन्नति अगर चाहते हो तो उन्नयन का काम गाँव से शुरू करें। लेकिन आज तक कही पर भी ये नही दिखाया गया है कि उन्नयन का काम गाँय से शुरू किया गया है। हमारे यहाँ आज बहुत सारी super specialty hospital की बात हो रही है होने की बात हो रही है लेकिन देखा गया है कि गाँवों मे बहुत सारे जो primary health centre है rural hospital है वो यू ही पडे हुए है। तो वहाँ पर हमलोग चाहेगे super specialty hospital खोलेंगे तो यहाँ पर देखा गया है कि यहाँ पर मरीज मर रहे है, इसका फायदा क्या है। तो आज हमारे इलाके मे मै अपने इलाके की बात करता हूँ मेरे इलाके मे वहाँ पर एक हाँस्पीटल complete structure का जहाँ six beaded हाँस्पीटल था, nurse quarter था, doctor का quarter था, वहाँ रसोइ घर था, वहाँ पर dispensary था आज वहाँ सिर्फ dispensary है लेकिन मै वधाई देता हूँ उस lady doctor को जो आज भी वहाँ पर आती है मरीज देखने को लेकिन मुझे अफसोस है कि आज तक उस ओर किसी का नजर नही गया है। पढाई-लिखाई के मामले मे मै कहता हूँ आज मेरा इलाका 35 से 40 प्रतिशत हिन्दी बोली बोलते है और उनके लिये जो भी स्कुल

है, सरकारी स्कुल जो एक-एक करके जहाँ कि बच्चें पढ़ते है लेकिन जहाँ पर एक स्कुल मे एक हजार होने चाहिये वहाँ पर 23 सौ-24 सौ बच्चें पढ़ते है तो इस ओर भी सरकार का ध्यान देना चाहिये कि ठीक हे कहाँ हमलोग इतने बडे-बडे विश्वविधालय की बात कर रहे है तो इन ब्लॉक को भी इन छोटे से ब्लॉक के उपर भी ध्यान दे ताकि यहाँ के बच्चें भी आगे बढ़ सकें। मेरें पास समय की कमी है नही तो इसके बारे मे बहुत कुछ बोल सकते थें। Thank You ।।

শ্রী রফিকুর রহমান : মাননীয় স্পীকার মহাশয়, গত ০৮.০৩.২০১৩ তে মাননীয় রাজ্যপাল এই সভায় যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণকে সমর্থন করে এই সভায় বক্তব্য রাখছি। এ ভাষণকে এই জন্যই সমর্থন করব, মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছিলেন সেই ভাষণের মধ্যে বাংলার মা-মাটি-মানুষের সরকার এবং তার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বাংলায় যে উন্নয়নের সূচনা করেছেন, বাংলায় যে কর্মযজ্ঞ সূচনা করেছেন, বাংলায় যে উন্নয়নের মিছিল সূচনা করেছেন সেই মিছিলের প্রতিচ্ছবি এই ভাষণের মধ্যে আছে। তাই এই ভাষণকে আমি সমর্থন করি। উনি দীপ্তকন্ঠে ঘোষণা করেছেন, এই সরকার ২২ মাসে বাংলার দুটি মূল সমস্যা জঙ্গলমহল এবং দার্জিলিং যেটাকে শান্ত করে মূলস্রোতে ফিরিয়ে এনে বাংলার উন্নয়নের যে প্রতিবন্ধকতা সেটা বন্ধ করেছেন। ফিরিয়ে এনেছেন কি ভাবে? অস্ত্র দেখিয়ে নয়, বন্দুক দেখিয়ে নয়। তাদের মূলস্রোতে ফিরিয়ে এনেছেন শুধুমাত্র কর্মযজ্ঞ দিয়ে। শুধু উন্নয়নের বার্তা দিয়ে নয়। তিনি ফিরিয়ে এনেছেন উন্নয়নকে প্রতিশ্রুত করে, বাস্তবায়িত করে, জঙ্গলমহলের মানুষের খাদ্যের সুনিশ্চিতিকরণ করে। এবং এই এলাকার সমস্যা বুঝতে পেরে কলেজ স্থাপন থেকে শুরু করে, গ্রামীণ এলাকার পরিকাঠামো উন্নয়ন ও সমস্ত বাস্তবায়ন এই ২২ মাসে মমতা বন্দ্যোপাধ্যায় করা শুরু করেছেন। তাই জঙ্গলমহলের মানুষ বুঝতে পারছেন মমতা বন্দ্যোপাধ্যায়ই উন্নয়নের পথ। বাংলার মা-মাটি-মানুষের সরকারই জঙ্গলমহলের উন্নয়ন ঘটাতে পারে তাই তারা অস্ত্র ছেড়ে আজ মূলস্রোতে ফিরে এসে বাংলার মা-মাটি-মানুষের সরকারের উন্নয়ন যজ্ঞে আত্মনিয়োগ করেছে। রাজ্যপাল তার ভাষণে ঘোষণা করেছেন দীর্ঘ ৩৪ বছরের অপশাসনে বামপন্থী সরকাররা দার্জিলিংয়ে যে সমস্যার সৃষ্টি করেছিলেন, যে দুঃসহ অবস্থার সৃষ্টি করেছিলেন, যে রক্তক্ষরণ আন্দোলন হচ্ছিল মমতা বন্দ্যোপাধ্যায় একই ভাবে সেই দার্জিলিংয়ের সমস্যার সমাধান করে দার্জিলিংয়ে গণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি করে দার্জিলিংয়ের মূল শিল্প পর্যটন শিল্পকে পুনরুজ্জীবন করে মানুষকে সামাজিক করে তুলেছেন। সেখানে গণতান্ত্রিক পরিবেশে জি.টি.এ. প্রতিষ্ঠিত করে, নির্বাচিত করে উন্নয়নকে তরান্বিত করছেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার বাংলার কৃষকদের স্বার্থে যে উন্নয়নের কথা ঘোষণা করেছেন রাজ্যপালের ভাষণে তার প্রতিফলন ঘটেছে। আমরা দেখেছি ৩৪ বছরে বাংলার বামপন্থী সরকার বাংলার কৃষকদের জন্য উন্নয়নের কোন পরিকল্পনা নেন নি। আমি ও কৃষকের ছেলে। আর একজন কৃষকের ব্যাটা আমার সামনে বসে থাকে, আজ থাকলে প্রশ্ন করতাম, যে আমিও কৃষকের ব্যাটা হে বামপন্থী, দীর্ঘদিনের মন্ত্রী আপনি প্রশ্নের জবাব দিয়ে যান। ১৯৭২ সালে বাংলার মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায় বলেছিলেন, বাংলার কৃষকদের কৃষিক্ষেত্রে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য মাত্র এক হাজার টাকা লাগবে। তোমরা কৃষক দরদী সরকার তোমরা ৩৪ বছরে সেটা কোথায় নিয়ে চলে গিয়েছিলে? আমি কৃষকের ছেলে আমি খব ভালো জানি কোথাও দেড় লক্ষ, কোথাও আড়াই লক্ষ টাকা লাগত। মা-মাটি-মানুষের সরকার

প্রতিজ্ঞাবদ্ধ তাই সিদ্ধান্ত নিয়েছে কৃষকের জমিতে প্রায় বিনা পয়সায় আমরা বিদ্যুৎ পৌঁছে দেব। সেটা রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে তাই আমি এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করি। এই জন্যেই সমর্থন করি। তিনি বলেছেন, বাংলার মানুষের খাদ্যের সরবরাহ সুনিশ্চিত করার জন্য খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেছে।

[4.30–4.40 p.m.]

যেটা ৩৪ বছরের বামপন্থী সরকার কোনোদিনই পারে নি। আমাদের যে খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল তার চাইতে অনেক বেশি আমরা সংগ্রহ করেছি। অর্থাৎ মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার যে উন্নয়ন সূচনা করেছেন সেই উন্নয়নের মিছিল যাতে গন্তব্যস্থলে পৌঁছয়, আমার সামনে যে সমস্ত বিরোধী দলের সদস্যরা আছেন তাদের কাছে আবেদন করবো প্রতিবাদ নয়, প্রতিরোধ নয়, দেখুন আপনাদের ৩৪ বছরের অপশাসনের পর মমতা বন্দ্যোপাধ্যায় বাংলায় ক্ষমতায় এসে তার মা-মাটি-মানুষের সরকারকে নিয়ে বাংলার উন্নয়নের জন্য যে বার্তা, যে কর্মযজ্ঞের সূচনা করেছেন আপনারা সেই মিছিলে অংশ না নিলেও,অন্তত হাততালি দিয়ে বলুন মা-মাটি-মানুষের সরকারের এই প্রচেষ্টাকে আমরা সমর্থন করি। আমি বিশ্বাস করি বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়, বাংলার মানুষ যদি মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারকে মা-মাটি-মানুষের সরকারকে একটা নির্দিষ্ট সময় দেয় বাংলার উন্নয়নের জন্য এবং যে সমস্ত উন্নয়নের পরিকল্পনা বাংলার মানুষের জন্য বাংলার মা-মাটি-মানুষের সরকার সূচনা করেছেন তা শেষ করে দেওয়ার সুযোগ বাংলার মানুষ যদি মমতা বন্দ্যোপাধ্যায়কে দেয়, আমার বিশ্বাস আগামী কয়েক বছরের মধ্যে বাংলাকে মাতৃভূমির সামনে মমতা বন্দ্যোপাধ্যায় নূতনভাবে গড়ে তুলবেন নূতনভাবে পরিচয় করিয়ে দেবেন। সেই দিনের জন্য আমরা অপেক্ষা করছি। তাই বিরোধীদলের সদস্যদের বলব মমতা বন্দ্যোপাধ্যায় যে উন্নয়নের সূচনা করেছেন সে উন্নয়নকে আপনারা সমর্থন করুন। আপনারা কি করেছিলেন ৩৪ বছরে? বাংলার স্বাস্থ্য ব্যবস্থাটাকে কোন জায়গায় নিয়ে চলে গিয়েছিলেন? এই ৩৪ বছরে বাংলার স্বাস্থ্য ব্যবস্থাটাকে একেবারে ভেঙে ফেলেছিলেন। বাংলার হাসপাতালে বাংলার গরীব মানুষের চিকিৎসার ব্যবস্থা হত না। তাই ৩৪ বছরে পাড়ায়-পাড়ায় আমরা দেখেছি নার্সিংহোম গজিয়ে উঠেছে। এবং আমরা দেখেছি ৩৪ বছরে বাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছিল। মমতা বন্দ্যোপাধ্যায় ২২ মাস ক্ষমতায় এসে শুধু হাসপাতালের শয্যা বৃদ্ধি করে নয়, মেডিক্যাল কলেজে আসন বৃদ্ধি করে নয়,মমতা বন্দ্যোপাধ্যায় সারা পশ্চিমবাংলায় ৩৪ টি super speciality hospital -এর সূচনা করেছেন। সূচনা করেছেন বাংলার প্রতিটি হাসপাতালে ন্যায্য মূল্যে ওষুধের দোকান প্রতিষ্ঠিত করে বাংলার গরীব রোগীদের চিকিৎসার খরচ কমিয়ে এনেছেন। মমতা বন্দ্যোপাধ্যায় চেষ্টা করছেন বাংলার স্বাস্থ্য ব্যবস্থাটাকে পুনরুজ্জীবিত করার। তাই এই সরকার আগামীদিনে নতুন বাংলা — বাংলার মানুষকে উপহার দেবে এই বিশ্বাস আমরা করি, এই বিশ্বাস আমরা রাখি। তাই আজকে বিরোধীদলে যারা বসে আছেন তাদের কাছে আর একবার বলি, আপনারা শুধু বিরোধীতার জন্য বিরোধীতা করবেন না। আমি দেখেছি দীর্ঘক্ষণ ধরে আলোচনা চলছে, দীর্ঘক্ষণ ধরে রাজ্যপালের ভাষণের উপর বলছেন, কিন্তু রাজ্যপালের ভাষণের প্রকৃত বিরোধীতা কেউ করতে পারছেন না। রাজ্যপালের ভাষণে রাজ্যপাল যে কথা বলেছেন, যে বিবৃতি রাজ্যপাল দিয়েছেন সেই বিবৃতির প্রতিটাই সত্য। তাই কোনো বিবৃতিকে প্রতিরোধ করতে পারছেন না। কারণ মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার সত্যিকারই বাংলায় উন্নয়নের সূচনা করেছেন। দীর্ঘ বক্তব্য রাখার অবকাশ এখানে নেই, শুধু বলব বাংলার মানুষের কাছ থেকে

উন্নয়নের জন্য আপনারা ৩৪ বছর নিয়েছেন, ৩৪ বছর বাংলার মানুষের কাছ থেকে কেড়ে নিয়ে যদিও ভোট আপনারা করেন নি....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী বিজয় বাগদী : মাননীয় সভাপতি মহোদয়, মহামান্য রাজ্যপাল গত ৮ তারিখে মহতী বিধানসভায় যে বিবৃতি উপস্থাপন করেছেন এবং আমাদের বিরোধীদলের পক্ষ থেকে যে সমস্ত সংযোজনী আনা হয়েছে তার সমর্থনে এবং রাজ্যপালের এই বিবৃতির বিরুদ্ধে আমি কিছু কথা বলতে চাই। স্যার, দু দিন ধরে আলোচনা চলছে। ৩৪ বছরের আমাদের সাফল্য এবং উন্নয়নের স্বপ্ন আমাদের শাসক দলের বন্ধুদের তাড়া করে বেড়াচ্ছে। কথায় কথায় তারা সেই ৩৪ বছর টেনে আনছেন। আমি প্রথমেই তাদের কাছে বলতে চাই, আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাই, এই কথাটা আমরা সকলেই জানি যে পশ্চিমবাংলার জনগণের আর্থিক সঙ্গতিটা কোন্ জায়গায় ছিল, দীর্ঘ ৩৪ বছরে কোথায় এসে পৌঁচেছে। তার কারণ বামফ্রন্টের ভূমি সংস্কার, গরীব মানুষদের মধ্যে জমি বিলি বন্টন, সেচের ব্যবস্থা। এইসব ব্যবস্থার মাধ্যমে প্রভূত গ্রামীণ উন্নয়ন হয়েছে, গরীব মানুষদের আর্থিক সঙ্গতি বেড়েছে। তারপরে কি দেখলাম— সুচারুভাবে ও নিবিড়ভাবে গ্রাম পঞ্চায়েত ব্যবস্থায় মানুষকে যুক্ত করে গ্রামোন্নয়নের কাজ, রাস্তাঘাট, পানীয় জলে, মানুষের চলার রাস্তা, বিদ্যুৎ এইসবের প্রভূত উন্নয়ন হয়েছে। এরপরে মানুষ বেশি বেশি উন্নয়নের স্বার্থে আপনাদের ঝুড়ি ঝুড়ি প্রতিশ্রুতি, বিপিএল তালিকা করে দেবো, গরীব মানুষদের ঢালাও ভাবে বাড়ি ঘর করে দেবো, এইসব প্রতিশ্রুতি মানুষের কাছে দিয়ে আপনারা পশ্চিমবাংলার ক্ষমতায় এলেন। আপনারা কি বলেছিলেন — বদলা নয় বদল চাই। আমরা ২০ মাসে কি দেখলাম। কত বামপন্থী কর্মী আপনাদের ভৈরব বাহিনী দ্বারা আক্রান্ত হলেন, কত পার্টি অফিস দখল করে নেওয়া হল, কত মহিলা ধর্ষিতা হলেন, আজকে আইন-শৃঙ্খলা কোন্ জায়গায় গিয়ে পৌঁচেছে, আজকে পুলিশের ভূমিকা কি। আমার পাশের জেলা বর্ধমান, সেখানকার মন্ত্রী আছেন, আজকে আমরা কি দেখছি, গোটা বর্ধমান, বীরভূমে আমাদের বর্ডার এলাকায় কয়লা মাফিয়াদের দৌরাত্ম্য বেড়েছে। আজকে সেই জায়গাগুলোতে কয়লা মাফিয়াদের রাজত্ব কায়েম হয়েছে। সেখানে আইন-শৃঙ্খলা আজ অবনতির পথে। সেখানে ডাকাতি, রাহাজানি বাড়ছে। পুলিশ মাফিয়াদের সঙ্গে হাত মিলিয়ে তাদের কাছ থেকে তোলা আদায় করছে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বর্ধমান জেলায় গিয়ে কি বললেন — সমস্ত এই ধরনের কয়লা বন্ধ করে দেওয়া হবে। আজকে সেই জায়গায় ট্রাক ট্রাক কয়লা পাচার হচ্ছে। আবার কি দেখছি — সেই জায়গায় পুলিশের কোনো ভ্রূক্ষেপ নেই। গ্রামের ছেলেমেয়েরা যারা হয়তো দৈনন্দিন বাজার করার জন্য যাচ্ছে, তাদের বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও তারা যখন প্রতিবাদ করছে যে এই কয়লার গাড়িগুলো আমরা পারাপার করতে পারছি না কেন, তখন কি করছে এই সরকারের পুলিশ — তাদের বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও তাদের সেই কাগজ নিয়ে সেই প্রতিবাদী ছেলেদের বিরুদ্ধে কেস দিয়ে মোটর সাইকেলগুলো থানায় নিয়ে চলে যাচ্ছে। এই অবস্থা সৃষ্টি করেছে। আজকে রাতের অন্ধকারে দেখছি যে মাফিয়ারা থানায় বসে মিটিং করছে। আমরা যখন নেতারা গিয়ে ঘটনার কথা বলি আমার এলাকায় বেঙ্গল এম্পটা সেখানে কয়লা উত্তোলনের কাজ করার জন্য চাষীদের কাছ থেকে জমি নিয়েছিল।

[4.40–4.50 p.m.]

আমরা তখন তার প্রতিবাদ করেছিলাম, কারণ তারা চাষীদের কাছ থেকে জলের দামে জমি নিচ্ছিল। সেই জায়গাতে তারা যখন কাজ শুরু করল তখন প্রথমদিকে আমাদের সরকার ছিল ক্ষমতায়। ওরা তখন ক্ষমতায় ছিল না, তাই তারা তখন ওখানে কাজ বন্ধ করে দিয়েছিল। পরবর্তীকালে যখন এই সরকার ক্ষমতায় আসল তখন তারা বলল, না ঐখানে কাজ চলবে। ওখানে আবার ওদের বিবদমান দুই গোষ্ঠী আছে। একটা গোষ্ঠী তারা ওদের সঙ্গে সহযোগিতা করছে, ওদের হয়ে দালালি করছে এবং মানুষকে তারা জমি দিতে বাধ্য করাচ্ছে। অপর গোষ্ঠী JCB মেশিন আটকে রেখেছিল। সেই মেশিন উদ্ধার করার জন্য আমরা দেখতে পেলাম গত ১৭ তারিখে পুলিশি অভিযান হল। চোর, ডাকাত ধরার জন্য পুলিশ নয় — শাসকদলের কোন নেতার ঐ মেশিনটা ছিল, সেটাকে উদ্ধার করতে হবে, তাই সমস্ত থানার পুলিশ এবং এস.পি-দের নির্দেশ দেওয়া হল এবং ভোর রাত্রে তারা ঐ মেশিন উদ্ধার করতে গেল, ...(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী স্বপন কান্তি ঘোষ : মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপালের বক্তব্যকে সমর্থন করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার খুব ছোট থেকেই সন্ত কবীরের দোঁহা পড়ার সৌভাগ্য আমার হয়েছিল। এই বিধানসভায় প্রবেশ করার পর আমার মাথায় প্রিয় দোঁহাগুলোর ঘুরপাক খেতে শুরু করল। এই দোঁহার বাংলা তর্জমা করলে দাঁড়ায়, "আমরা যদি নীলাকাশকে কাগজের পৃষ্ঠা হিসাবে ধরি, আমরা যদি সমুদ্রের জলকে কালি হিসাবে ধরি, আমরা যদি জঙ্গলের সমস্তগাছপালাকে কলম হিসাবে ধরি", তাহলে 'ধরি' নামের মাহাত্ম্য লিখে শেষ করা যাবে না। কিন্তু কেন বিধানসভায় বারবার এই দোঁহাটির কথা মনে পড়ে। আবার পুনরায় বলি, "আমরা যদি নীলাকাশকে কাগজের পৃষ্ঠা হিসাবে ধরি, আমরা যদি সমুদ্রের জলকে কালি হিসাবে ধরি, আমরা যদি জঙ্গলের সমস্ত গাছপালাকে কলম হিসাবে ধরি", চৌত্রিশ বছরে বামফ্রন্ট সরকারের অপশাসনকে লিখে আমরা শেষ করতে পারব না। সারা পশ্চিমবাংলায় ঐ সময় অনেকগুলি গণহত্যা হয়েছে। কিন্তু কোন ঘটনার কথাই সেই সময় রাজ্যপালের ভাষণের মধ্যে উল্লেখ করা হয় নি সেটা আমরা সবাই জানি। আমি দু-তিনটি গণহত্যার কথা বলব, যে গণহত্যার কথা আমরা সকলেই জানি। এর কিছু তথ্য আমি এই হাউসকে জানাতে চাই। সাঁইবাড়ি হত্যাকান্ডের কথা সবাই আপনারা জানেন। ২০০৭ সালের আগস্ট মাসে কলকাতা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল সুপ্রীম কোর্টকে জানাচ্ছে, ১৯৭০ সালের সেভেনটিনথ্ মার্চ বর্ধমান শহরে তেলমারাই রোডের সাঁইবাড়ি হত্যাকান্ডের দলিল, রেকর্ড এবং পেপারস মহামান্য হাইকোর্টের মহাফেজখানা থেকে লোপাট হয়ে গেছে। একথা রাজ্যপালের ভাষণের মধ্যে তখন কিন্তু উল্লেখ ছিল না। আনন্দমার্গী গণহত্যা সম্বন্ধে বলতে গিয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী এটাকে বিচ্ছিন্ন ঘটনা বলেছিলেন। রাজ্যের তৎকালীন মুখ্যসচিব অমিয় কুমার সেন বলেছিলেন, এই ঘটনা পূর্ব পরিকল্পিত ও ছকে বাঁধা এবং অনেকদিন ধরেই ঠান্ডা মাথায় ভাবনা-চিন্তা করে এই হত্যাকান্ড ঘটানো হয়েছিল। তৎকালীন সি.পি.এম.-এর রাজ্য সম্পাদক প্রমোদ দাশগুপ্ত বলেছিলেন জনগণ এই মারণ যজ্ঞ চালিয়েছেন। জনগণ আনন্দমার্গীর সদস্যদের ছেলেধরা হিসাবে হাতে নাতে ধরে ফেলেছিলো বলে ক্রুদ্ধ হয়ে এই হত্যাকান্ড ঘটিয়েছিলেন। প্রমোদবাবুর ছেলেধরা তত্ত্বকে নস্যাৎ করে 3rd May কলকাতার তৎকালীন নগরপাল নিরূপম সোম এবং চব্বিশ পরগণার তদানীন্তন এস.পি. সদানন্দ চক্রবর্তী সংবাদ মাধ্যমকে জানান কলকাতা ও চব্বিশ পরগণার

কোন থানায় ছেলেধরার কোন ডায়রি ছিলো না এবং কোন স্কুল থেকে কোন ছেলেমেয়েও হারায় নি। এসব কথা রাজ্যপালের ভাষণে তারা কোনদিনই খুঁজে পান নি। করণদা থেকে — হরিহরপাড়া থেকে এগুলো নতুন করে কিছু বলার আর নেই। আমরা শুধু বলবো, যে ১৯৯৩ সালে কানোরিয়া জুট মিলে যে আন্দোলন হয়েছিলো সেখানে ভিখারী পাসোয়ান নামে এক শ্রমিককে পুলিশ তুলে নিয়ে গিয়ে, তারপরে আর তার কোন খোঁজ খবর পাওয়া যায় নি। সেই সময়ে তৎকালীন রাজ্যপালের ভাষণে এ কথা ওনারা কখনো বলেন নি। স্যার, ১৯৯৩ সালে জয়নাল আবেদিন সাহেব এই বিধানসভায় তাঁর বক্তব্যে বলেছিলেন যে ৭৮ জনের পুলিশ লকআপে মৃত্যু হয়েছে এবং সে কথা রাজ্য সরকার স্বীকারও করে নিয়েছিলেন। মাননীয় সদস্য জয়নাল আবেদিন সাহেব কাট মোশান এবং অ্যামেন্ডমেন্ট দিয়েছিলেন কিন্তু তার কোন সদুত্তর পাওয়া যায় নি। মাননীয় সদস্য আরও বলেছিলেন যে — এর কোন প্রতিকার হয়েছে কিনা? কারা মারা গিয়েছে তা চিহ্নিত হয়েছে কিনা? কি কারণে এদের মারা হয়েছে সে কথা জানাবার জন্য তিনি বলেছিলেন কিন্তু তিনি কোন স্পষ্ট উত্তর পান নি এবং তিনি এম.এল.এ.-দের নিয়ে মাননীয় স্পীকারের নেতৃত্বে তিনি একটা তদন্ত কমিশন চেয়েছিলেন। তার কোন সদুত্তর সরকারের পক্ষ থেকে জানানো হয় নি। এগুলো কিন্তু রাজ্যপালের ভাষণে কথানোই উঠে আসে নি। স্যার, আমরা জানি, শ্রী শ্রী রামকৃষ্ণদেব একটা কথা বলতেন যে — তুমি একটা পাত্রের মধ্যে দুধ এবং জলকে মিশিয়ে দাও, দেখবে হাঁসটি দুধটিকে খাবে এবং জলটি পড়ে থাকবে। স্যার, আমার মনে হয়, আমার বিরোধী বন্ধুরা যে পাত্রে জল এবং দুধ মিশিয়ে দেবেন তাঁরা জলটি খাবেন আর দুধটিকে ফেলে রাখবেন। কারণ এই দু বছরও হয় নি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই উন্নয়ন যজ্ঞকে, তার কোন ভাল, তার কোন ইতিবাচক দিককে তারা খুঁজে পেলেন না। তাঁরা বার বার কি হয় নি, কি পাই নি এই নিয়েই তাঁদের প্রশ্নগুলো তুলেছেন। তাই বলি, যে আগামী দিনে, আমার শিল্প নিয়ে বলার ছিলো, আর যদি দু মিনিট দেন। আমাদের শিল্প নিয়ে অনেক কথা বলা হচ্ছে। মাত্র দেড় বছর হয়েছে এবং সেখানে বার বার তারা শিল্পের কথা আলোচনা করছেন। ২০১১ সালে বুদ্ধদেব ভট্টাচার্যের — একটি সাইকেলকে আমাদের ধরিয়ে দিয়ে গেছেন, যে সাইকেলটির টায়ার ফাটা, স্পোক ভাঙা, সিট নেই। তাই আমাদের মুখ্যমন্ত্রী চান যে সেই সাইকেলটিকে ঠিক ভাবে রিপেয়ার করে, আমাদের শিল্প সম্ভাবনাকে তিনি এগিয়ে নিয়ে যাবেন এবং সেক্ষেত্রে আমার বন্ধুরা যেভাবে হতাশায় ভুগছেন এবং ভুল বকছেন সেটা বোধহয় আরও বেড়ে যাবে এবং আগামী দিনে সাইক্রিয়াট্রিস্ট-এর কাছে তাদেরকে দেখাতে হবে। এই বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় চেয়ারম্যান স্যার, ৮ই মার্চ আন্তর্জাতিক নারী দিবসে আমাদের মহামান্য রাজ্যপাল তার যে ভাষণ রেখেছেন একটা বড় ভুল হয়ে গেছে স্যার। এই বড় ভুলটা হচ্ছে তিনি বলতে ভুলে গেছেন তার সরকার এক বছরে ৯৯ ভাগ কাজ করে দিয়েছে। এইটা স্যার, আমি আপনাকে বলছি। স্যার, রাজ্যপালকে দিয়ে আরোও একটা বিবৃতি পড়ানোর দরকার ছিল যে আমার সরকারের মাথার ওপরে দুই লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা, তারপরেও আমার সরকার এক বছরে ৯৯ ভাগ কাজ করে দিয়েছে। আমি ভাবতে পারছি না স্যার, সরকারের মাথাটা বোধহয় একটুখানি এধার-ওধার হয়েছে বলে মনে হচ্ছে। আমি ভাবতে পারি না, কি করে বলে?

কোন আক্কেল বলে? আমার মনে হচ্ছে সরকারের আক্কেল দাঁত বোধহয় ওঠে নি। বলে কি করে স্যার। যে সরকারের মাথার উপর দুই লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা, যে সরকার নিজে বলছে আমাকে নিলামে কেউ কিনবে না, সেই সরকার বলছে— আমি ৯৯ ভাগ কাজ করে দিয়েছি। আমার খুব ভাল লাগছে আজকে। আমাদের ছাত্র-যুব জীবনের নেতা সামনে বসে আছেন সুব্রত মুখোপাধ্যায়। সেই দিনটা আমি খুব মিস্ করেছিলাম আমি। উনি চাদর নিয়ে, চাদরের ভেতর থেকে একটি টেপ নিয়ে বাজাচ্ছিলেন 'চোলি কে পিছে ক্যা হ্যায়। ' আজ জানতে চাই পরদেকি পিছে ক্যা হ্যায়? চশমা উতারো, ফির দেখ ইয়ারো, চশমা উতারো, ফির দেখ ইয়ারো। স্যার, দশ লক্ষের হিসাবটা খুঁজে পাচ্ছি না স্যার। এখানে নাম বোধহয় পড়া যাবে না স্যার। পি.সি. সরকারকে নিয়ে এলে বোধহয় জানতে পারা যেত — দশ লক্ষ চাকরী কোথায় হয়েছে স্যার? আমরা তো দেখতে পাচ্ছি না। তাই একটা জায়গায় বিধানসভার প্রাণপুরুষ, জ্ঞান সিং সোহন পাল একটি প্রশ্ন করেছিলেন, তাতেই সরকারের বেলুন চুপসে গেছে। একটা প্রশ্ন, দ্য টোটাল নাম্বার অফ রেজিস্টার্ড আনএমপ্লয়েড? বলা হয়েছিল যে ৭২ লাখ। চাকরী হয়েছে কত? ১৮৯৯। আজকে তাই আমি বলতে চাই স্যার, কোন জায়গায় দাঁড়িয়ে এই সরকার। স্যার, মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, उम्र भर ए गालिब ये भूल करता रहा, धुल चेहरे पर और आइना साफ करता रहा, आपने ठीक ही बोला–आपने ठीक ही बोला आइना साफ है लेकिन आप पूछ्ये आपका पार्टी साफ है तो हम बोलता है, देखिये बाते कम काम ज्यादा करो जिओ तो एसे जियो दुनिवा सोचे कोई जिन्दा है मरो तो एसे मरो कि दुनिवा याद करे कि कोई महरकर भी जिन्दा है इन्दिरा गाँधी माफिक........। ইন্দিরা গান্ধী নেই The song has ended but the melody lingers on. ইন্দিরা গান্ধী চলে গেছেন, এখনও তার কাজ বেঁচে আছে। তাই আমি বলতে চাই স্যার, এই সরকার একটা নিষ্কর্ম সরকার, এই সরকার একটা ব্যর্থ সরকার, In all respect। শুধু কথার ফুলঝুড়ি, শুধু মিথ্যের বেসাতি, শুধু অসত্য-এর বেসাতি। শুধু এই জায়গায় একটা সরকার দাঁড়িয়ে আছে। আমি বলতে চাই, ম্যাডাম, আমি বলতে চাই তৃণমূলের এক মন্ত্রী তার আর এক মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছেন, তৃণমূলের এক মন্ত্রী, প্রাক্তন এক মন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছেন। আমি এই সদনে বলতে চাই তদন্ত হোক। আমি এই সদনে বলতে চাই তদন্ত হোক। আমি বলতে চাই তদন্ত হোক। তদন্ত হওয়ার প্রয়োজন আছে। তদন্ত করুন, আমি চাই তদন্ত করবেন। আমি বলি স্যার, এখানে একজন যোগ্য প্রাক্তন মেয়র বসে আছেন। প্রাক্তন যোগ্য মেয়র। ইদানীংকালের যতগুলো মেয়র হয়েছেন আমাদের সব থেকে ভাল মেয়র কাজের মানুষ সুব্রত মুখোপাধ্যায়। কাজের মানুষ ছিলেন। এখন কখন কখন শোনা যায় এখনকার মেয়রকে নাকি জলে ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হয়। তাতেও তিনি আনন্দ পান। লজ্জার ব্যাপার লজ্জার ব্যাপার। কোন জায়গায় দাঁড়িয়েছে, কোন জায়গায় দাঁড়িয়েছে স্যার। আগে শুনতাম লোকে পশ্চিমে হাওয়া খেতে যেত। এখন বাংলার মুখ্যমন্ত্রী উত্তরে হাওয়া খেতে যান। আপনি উত্তরে হাওয়া খেয়ে বেড়াচ্ছিলেন। উত্তরে হাওয়া খেতে যাচ্ছিলেন ম্যাডাম। উত্তরে হাওয়া খেতে খেতে .....(গোলমাল) ম্যাডাম, ওনাদের না চেঁচালে ওনাদের চাকুরী-বাকুরী থাকবে না। চেঁচাতে হবে, আমি দুঃখ পাচ্ছি না, কষ্ট পাচ্ছি না।

(গোলমাল)

ম্যাডাম, আমি বলছিলাম মুখ্যমন্ত্রী যাচ্ছেন। ম্যাডাম আমার টাইম দেবেন প্লিজ। ম্যাডাম, মুখ্যমন্ত্রী উত্তরে যাচ্ছেন। এমন সময় আস্তে আস্তে তাঁর কাঁচের উপর কর্পোরেশনের নোংরা এসে পড়লো। চোলি কে পিছে ক্যা হ্যায়, বলছি না। চোলি কে পিছে বলতে গেলে ত্রিফলা বলতে হবে, চোলি কে পিছে বলতে গেলে ...(গোলমাল) আজকে কোন জায়গায় গেছে বুঝতে পারছেন। এমন জায়গায় গেছে মুখ্যমন্ত্রীর কাঁচের উপরে কর্পোরেশনের নোংরা পড়ে গেছে। তাই 'লাগা চুনরি মে দাগ ছুপাও ক্যায়সে' চুনরিমে দাগ লাগাও, ছুপাও ক্যায়সে। আজকে ক্যালকাটা কর্পোরেশনের দুর্নীতি সব জায়গায়। আমি বলছি না, স্বয়ং মুখ্যমন্ত্রী বলছেন টাকা দিলে লাইসেন্স পাই, টাকা দিলে পারমিট পাই। আমি বলছি না, স্বয়ং মুখ্যমন্ত্রী বলছেন স্যার। কোন জায়গায় দাঁড়িয়ে বলুন। history repeats itself, পাহাড় হাসছে 1জি. 1জে.এম শূন্য। পাহাড় হাসছে, history repeats itself, পাহাড় হাসছে। যাকে পার্কস্ট্রীট কান্ডে তাড়িয়ে দিয়েছিলেন তাকে দার্জিলিং-এ পাঠিয়ে তিনি হাসছেন বিস্ময়ের মুখে, মুখ্যমন্ত্রী বিস্ময় ভাবে তাকিয়ে আছেন। পার্ক স্ট্রীট কান্ডের যে নায়িকাকে তাড়িয়ে দিয়েছিলেন আর এক নায়িকা তার কাছ থেকে পুরস্কার বিতরণ করছেন, এই জায়গায় দাঁড়িয়ে সরকার। কোন জায়গায় দাঁড়িয়ে! এই ছবিটা একটু দয়া করে দেখুন। (এই সময় একটি কোন সংবাদপত্রকে তুলে ধরা হয়) (গোলমাল) ভাই চিৎকার করুন, না হলে চাকুরী থাকবে না। এই সরকার কোন জায়গায় দাঁড়িয়ে দেখুন, মাননীয়া মুখ্যমন্ত্রীর পায়ে ধরছে মা, মা আকুতি করে কাঁদছে, পুলিশ কমিশনার মাথা নিচু করে দাঁড়িয়ে আছেন, গার্ডেনরীচ কান্ডে। কোন জায়গায় দাঁড়িয়ে আছে সরকার। কোথায় ছিল, যখন পুলিশ অফিসার গুলি খেয়ে লুটোপুটি খাচ্ছে, তখন বাংলার মুখ্যমন্ত্রী, তখন বাংলার পুলিশমন্ত্রী ওই গায়ক নচিকেতার গানের সঙ্গে হাততালি দিয়ে তাল মেলাচ্ছেন, পরের দিন দীঘার সি-বীচে ঘুরে এসে ৫৪ ঘন্টা পরে সেই পুলিশ অফিসারের বাড়িতে যায়। এর থেকে লজ্জার, এর থেকে ধিক্কারের কি হতে পারে? কোন জায়গায় দাঁড়িয়ে। সে দিন দেখতাম ওখানকার বন্ধুরা বলতো ওদের ছেলে মেয়েরা বলত যে আমার বাবা আর সি.পি.এম. করবে না, আমার বাবা আর সি.পি.এম. করবে না। ...(গোলমাল) .. (ট্রেজারি বেঞ্চের দিকে তাকিয়ে বলেন).. লগে রহ মুন্না ভাই, লগে রহ মুন্না ভাই। মুন্না ভাই-এর মেয়ে বলছে, আমার বাবা আর তৃণমূল করবে না, আমার বাবা আর তৃণমূল করবে না। কোন জায়গায় দাঁড়িয়ে আছে সরকার! এর নাম সরকার চালানো হচ্ছে?

[5.0–5.10 p.m.]

সরকার চালানো হচ্ছে, না? আমি বলি — সজন রে ঝুট মাত বোল, খুদাকে পাশ জানা হ্যায়। উহা না হাতি হ্যায় না ঘোড়া হ্যায়। উহা পয়দল হি জানা হোতা হ্যায়। সজন রে ঝুট মাত বোল। ঝুট বোলকার বেইনসাফি মাত করো, ইনসাফ কা তরাজু ঠিক সে রহনা চাহিয়ে। রাজধর্ম পালন করো, রাজধর্ম পালন করার দরকার আছে মানুষের স্বার্থে। কোন্ জায়গায় দাঁড়িয়ে আছে অসত্য বলে? অসত্য প্রতিশ্রুতি দিয়ে মানুষকে একদিন দুদিন ভুল বোঝানো যায়, চিরকালের জন্য বোঝানো যায় না। এতগুলো কমিশন বসেছে, কারোর ঘর নাই, বসার জায়গা নাই, টেবিল নাই, চেয়ার নাই। কোন্ জায়গায় দাঁড়িয়ে এই সরকার? আমি বলতে চাই যে, আগে মুখ্যমন্ত্রী সি.আই.ডি. তদন্ত করত। কোন্ জায়গায় দাঁড়িয়ে। ভুল রাজনীতির অপমৃত্যু হয়। আমি দেখেছি বাংলা কংগ্রেসের মুখ্যমন্ত্রী অজয় মুখার্জীকে। সেই বাংলা কংগ্রেস আজকে কর্পূরের মত উবে গেছে। তৃণমূল দলটা

থাকবে তো আগামী দিনে? ভাবতে বলছি। প্রত্যেককে ভাবতে বলছি। আজকে ভাবতে আমার অবাক লাগে। কোথায় গেল বিধান পরিষদ? বিধান পরিষদ করবেন বলেছিলেন। আজকে আমার ভাবতে লজ্জা লাগে। মন্ত্রীর মতো মন্ত্রী! মন্ত্রীর মুহুরী পার্লামেন্টের সেক্রেটারী। ধিক্কার! ধিক্কার! মন্ত্রীর মুহুরী পার্লামেন্টারী সেক্রেটারী! কোন্ জায়গায় দাঁড়িয়ে সরকার? যে সরকার প্রতি মাসে ধার করে মাইনে দেয়, যে সরকারের মাথার উপরে ঋণের বোঝা। কোটি কোটি টাকা শুধু উৎসব, মোচ্ছাব, ... (গোলমাল).......(ট্রেজারি বেঞ্চের দিকে তাকিয়ে বলেন).... লাগ রাহো মুন্না ভাই, খেলা, মেলা, উৎসব। আজকে বলছে, ঢেঁকিতে নাকি এক কোটি চাকরী হবে। এ তো মাথা খারাপ হলেও বলে না। ঢেঁকি! স্বর্গে গিয়ে ঢেঁকি ধান ভাঙবে? ঢেঁকিতে নাকি এক কোটি চাকরী হবে। কোন্ জায়গায় দাঁড়িয়ে এই সরকার আছে? আগে বুঝুন, ভাল করে ভাবুন। যে কথা বলছি, রেজিনগরে তৃতীয় তৃণমূল, এই বাজারে নলহাটিতে তৃতীয় তৃণমূল, সেই দায়িত্ব নিয়ে বলছি এই সরকারটা আগামী দিনে থাকবে না, থাকবে না, থাকবে না, লিখে রাখুন। পেন দিয়ে, তারিখ দিয়ে, সময় দিয়ে লিখে রাখুন। তাসের ঘরের মত ভেঙে চুরমার হয়ে যাবে। কত মন্ত্রীর দপ্তর এই এক বছরে চেঞ্জ করতে হয়েছে। একটা মন্ত্রী বলুন, একটা মন্ত্রী সামনে বসে আছে। তার প্রথমে পূর্ত দপ্তর ছিল, দেওয়া হল মৎস্য দপ্তর। হটিয়ে দেওয়া হল মৎস্য দপ্তর থেকে। তারপর দেওয়া হল ফুড প্রসেসিং দপ্তরে আমাদের জেলার এক মন্ত্রীকে। আরেক মন্ত্রী ছিলেন পঞ্চায়েতে। আমাদের নেতা সুব্রত মুখোপাধ্যায় তার তো রাইটার্সে ঢোকারই পারমিশান ছিল না। দেখল অপদার্থ মন্ত্রীসভা সুব্রত মুখোপাধ্যায় ছাড়া চলবে না। আবার সুড়সুড় করে তাকে ঢোকাতে হল। কোন্ জায়গায় দাঁড়িয়ে সরকার? সরকার চলছে? সরকার? সরকার না বেকার? কোন্ জায়গায় সরকার, না বেকার? আমি, ম্যাডাম, আমার শেষ কথা বলি। এই সরকার যে প্রতিশ্রুতি দিয়েছে, যে গল্পের ফুলঝুরি উড়িয়ে দিয়েছে, যে ভাবে ঘোষণা করেছে আমেরিকা সাম্রাজ্যের পাঁচটা বছরের টাকা যদি লগ্নি করা হয় এই রাজ্যে, তাও কোন কিছু হবে না। তাও হবে না এই সরকারের। শুধু ঘোষণা, শুধু জালিয়াতি, শুধু মিথ্যে কথা, শুধু মিথ্যে ভাষণ — সব করে দিলাম। কি করেছে এই সরকার? যে সরকার একটা জায়গায় দাঁড়িয়ে শুধু জালিয়াতি করেছে। জয়রাম রমেশ টাকা দিচ্ছে, রাস্তা হচ্ছে। অনেক ভেটারেন মানুষ সুব্রত মুখোপাধ্যায়, জানেন কি করে টাকা আনতে হয়। জানেন কি করে টাকা আনতে হয়। অনেক বড় কানেকশান আছে। জানেন কি করে টাকা আনতে হয়। তাই সরকার চলছে। একশো দিনের কাজ, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা, এন.আর.ই.জি.এ-সমস্ত কিছু কেন্দ্রীয় প্রকল্পের টাকা, নিজের নাম করে চালানো হচ্ছে। কাজের বেলায় কাজী, কাজ ফুরালেই [***]...... পাজি। কার ছবি বুকে করে ভোট করতে হয়েছিল, কার ছবি নিজের বুকে করে ভোট করতে হয়েছিল? কাজের বেলায় কাজী, কাজ ফুরালেই [***]...... পাজি—না? কার ছবি? হ্যাঁ, হ্যাঁ, সেদিন বলেছিল, আমার ছবি বুকে নিয়ে ভোটে জিতে কংগ্রেস মাতব্বরি করছে। পারবে আমার ছবি বাদ দিয়ে? হ্যাঁ, আমাদের জেলায় ছবি লাগে নি। আমরা [***]..... নেতৃত্বেই জিতে এসেছি। এ কার ছবি? ছবি ঝুলাকে — .... ছবি নিয়ে সরকার করতে হচ্ছে।

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এই নামগুলো বাদ যাবে।

শ্রী মনোজ চক্রবর্তী : এই সরকার অপদার্থ সরকার, নিষ্কর্মা সরকার, ত্রিফলা জোচ্চুরির সরকার, এই সরকারের যে প্রস্তাবিত বাজেট তাকে সমর্থন করছি না। রাজ্যপালের ভাষণের বিরোধীতা করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি রিপিট করছি, যারা এই সদনের কেউ নন যতই তাদের ছবি দেখিয়ে বক্তৃতা দেওয়া হোক ....(গোলমাল) ..... প্লীজ লেট মি সে — তাদের নাম বাদ যাবে। তারা এই সদনের কেউ নন।

ড. তরুণ কান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, রাজ্যপালের ভাষণের উপরে আজকে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব — সেই প্রস্তাবের উপর বলতে আমার প্রথমেই ২০০৭ সালে নন্দীগ্রামে সন্ত্রাসের পরে তৎ-কালীন রাজ্যপাল যে কথা বলেছিলেন — হাড়হিম করা সন্ত্রাস, সেই হাড়হিম করা কথা কিন্তু তিনি পরবর্তীকালে কোন ভাষণে এই সদনে এসে বলতে পারেন নি। ঠিক তেমনই বর্তমান রাজ্যপাল তিনি বাইরে বিশেষ করে আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ে যে সমস্ত কথা বলছেন, কলেজে কলেজে সন্ত্রাস নিয়ে যে সমস্ত কথা বাইরে বলেছেন, ভাঙর এবং গার্ডেনরীচ কান্ডের পরে যে সমস্তগুলি তিনি বলেছেন - সে কথাগুলি কিন্তু তিনি এখানে এসে বলতে পারলেন না। আজকে যারা বিরোধীতা করছেন রাজ্যপালের ভাষণের তারা কিন্তু তখন এই হাড়হিম করা সন্ত্রাস নিয়ে বলতে না পারার জন্য তৎকালীন রাজ্যপালকে সমালোচনা করেন নি। তাহলে বিষয়টা কি এরকম দাঁড়াবে, যে যারা সরকারে থাকবে রীতি অনুযায়ী তারা সরকারের বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বলিয়ে নেবেন এবং রাজ্যপাল যে কথা বাইরে বলেন, যেটাকে সত্য বলে মনে করেন তার মত করে সে কথাগুলো তাঁর মত করে এখানে বলতে পারবেন না। এটাই কি বরাবর চলতে থাকবে? এবং পার্লামেন্টারি অপোজিশান হিসাবে বিধানসভায় আছি ফলে অপোজ করতে হবে। তখন এক রকম কথা বলব, এখন এক রকম কথা বলব — এটা যদি চলতে থাকে তাহলে নীতির রাজনীতি কোথায়? আজকে যারা এখানে বললেন কিছুক্ষণ আগেই শুনলাম যে, আজকের সরকার এমন কি আত্মহত্যা যারা করছেন সে কথাগুলো তারা স্বীকার করতে পারছেন না। এটা যেমন সত্যি ঠিক তেমনি আমরাসোলে যারা আত্মহত্যা করেছিল তখন কি ঘটেছিল, তখনকার সরকার কি বলেছিল — সে কথাগুলি কিন্তু মনে রাখা দরকার। ফলে আজকে পার্লামেন্টারি অপোজিশানের জন্য অপোজিশান এটাই যদি চলতে থাকে তাহলে নীতির রাজনীতি কিন্তু সত্যি কোথাও স্থান থাকে না। এটা কিন্তু বোঝা দরকার। আজকে নতুন যারা অপোজিশানে এসেছে তারা সরকারের বিরোধীতা করছেন কিন্তু সেপ্টেম্বর পর্যন্ত তারাও কিন্তু সেই সরকারকে সমর্থন করে এসেছে। ফলে তাদের তো দায়িত্ব নিতে হবে। তারা যদি দায়িত্ব না নিয়ে হাত ধুয়ে ফেলেন তাহলে সেটাও কি নীতির রাজনীতি হবে? এটাকে তাদেরকে একটু ভাবতে বলব। আজকে আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ে যে ঘটনা ঘটছে — এই যে ন্যাশনাল ক্রাইম ব্যুরোর রিপোর্ট এটা নিয়ে বলা হচ্ছে। আজকের সরকার বিরোধীতা করছেন।

[5.10–5.20 p.m.]

আমি তখন এই বিধানসভার সদস্য ছিলাম না কিন্তু আমি পেপারে দেখেছি, মিডিয়াতে

দেখেছি "National Crime Bureau"-র রিপোর্ট নিয়ে তৎকালীন সরকারও বিরোধীতা করেছিল। তাঁরা বলেছিল 'এগুলো সবই বানানো কথা। এগুলো একেবারেই এ রাজ্যের পক্ষে সত্য নয়।' একথাগুলো তখন বলা হয়েছিল। যাই হোক, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে আমি বলতে চাই, পুলিশ কমিশনারেট বাড়ছে কিন্তু আইন-শৃঙ্খলা পরিস্থিতির কী কোন উন্নতি হচ্ছে? এই কথাটা আমি বর্তমান সরকারকে ভাবার জন্য বলছি। বলছি, মহিলা থানার বৃদ্ধি হচ্ছে কিন্তু মহিলাদের ওপর অত্যাচার কমছে কিনা, সেটা আটকানো যাচ্ছে কিনা আপনারা ভেবে দেখুন। জঙ্গলমহলে হত্যাকান্ড বন্ধ হয়েছে। কিন্তু বলুন তো পুলিশী যে অত্যাচার, সাধারণ মানুষের ওপর যে অত্যাচার, সেই সি.পি.এম-এর সময়ে হত, সেই অত্যাচার কি এখনও বন্ধ হয়েছে? ছত্রধরদের তখন যে ভাবে অ্যারেস্ট করা হয়েছিল, তাঁরা কিন্তু এখনও জেলের মধ্যে পচছে। এটাও কিন্তু ভাবা দরকার। ফার্স্ট ট্রাক কোর্ট বাড়ছে। মহিলা আদালত বাড়ছে। কিন্তু তার সঙ্গে দেখুন মানবাধিকার কমিশনের সুপারিশ কিন্তু কার্যকর হচ্ছে না। এটা ভাবা দরকার। স্টাফ সিলেকশন কমিশনের কাজের কথা বলা হয়েছে। কিন্তু পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী গ্রুপ-ডি পদে চাকরী দেওয়া হল না এবং তার মধ্যে দিয়ে আদালতে গিয়ে সরকারের হাত পুড়লো। এটাও কিন্তু ভাবা দরকার। আজকে মাননীয় মন্ত্রীর কথা এবং মাননীয় রাজ্যপালের কথার মধ্যে ফারাক থাকছে। ধর্মঘটের কারণে নয় লকআউটের ফলেই যে বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে সেটাও কিন্তু মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে, তার একটা কন্ট্রাডিকশান আছে। এ কথাটা ভাবা দরকার। 'গীতাঞ্জলী' প্রকল্প, ছাত্রছাত্রীদের বৃত্তিদানকে স্বাগত জানিয়ে পাশাপাশি এদের জীবিকার সুরক্ষার দাবী করছি। ব্লক হাসপাতাল এবং পি.এইচ.সি-গুলোর পরিকাঠামোর উন্নতি হওয়া দরকার যাতে রোগীদের কথায় কথায় শহরের হাসপাতালে দৌড়তে না হয়। এটা ভাবা দরকার।

(এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ ছিন্ন হয়ে যায়।)

শ্রী সুশান্ত বেসরা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, ৮ই মার্চ মহামান্য রাজ্যপাল সরকারের তৈরী করা যে বক্তব্য এখানে পেশ করেছেন সেই বক্তব্যকে আমি সম্পূর্ণরূপে সমর্থন করতে পারছি না। তার কারণ আছে। এখানে চিরাচরিত প্রথাকে ভেঙে আমরা দেখতে পেলাম মহামান্য রাজ্যপালের ভাষণের ওপর প্রপার আলোচনা না হয়ে আগে তাড়াহুড়ো করে বাজেট পেশ করা হল এবং কী কারণে মহামান্য রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা অনেক পরে শুরু করা হল। আজকে ২০শে মার্চ। গত ৮ই মার্চ এখানে মহামান্য রাজ্যপাল ভাষণ দিয়েছিলেন। মনে হচ্ছে ম্যাডাম এই মরা পিচে আর বল করা যাচ্ছে না এবং তাই আলোচনায় সেই রেশও নেই। আমি বলছি কেন সমর্থন করতে পারছি না। মহামান্য রাজ্যপাল এই পুস্তিকা থেকে যে ভাষণ পাঠ করেছেন, আমি খুঁটিয়ে পড়ে দেখেছি, প্রায় ১৯ টা পৃষ্ঠা আছে কিন্তু কোথাও আইন-শৃঙ্খলার উল্লেখ পেলাম না, কোথাও উল্লেখ পেলাম না পুরুলিয়ার সিধু-কানু বিশ্ববিদ্যালয়ের কথা, কোথাও উল্লেখ পেলাম না জঙ্গলমহলের আদিবাসী মানুষের কথা। তাই আমি মহামান্য রাজ্যপালের বক্তব্যকে সমর্থন করতে পারছি না। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন 'পাহাড় হাসছে,' 'জঙ্গলমহল হাসছে'। আর, সমতলে কী হচ্ছে? আমরা সকলেই জানি সমতলে আর্তনাদ ছাড়া আর কিছুই হচ্ছে না। আর, যদি সত্যি করে পাহাড় হাসে তাহলে পাহাড়ের বন্ধুদের আসন শূন্য কেন? আমি বলতে চাইছি 'পাহাড়ে যখন মুখ্যমন্ত্রী খাচ্ছেন ধমক তখন তিনি সমতলে দেওয়ার চেষ্টা করছেন চমক',

'কোলকাতার গার্ডেনরীচে যখন চলছে গুলি তখন তিনি দীঘায় দাঁড়িয়ে দিচ্ছেন হাততালি'। গার্ডেনরীচের ঘটনা আমরা সকলেই জানি। সেই [***] আমরা দেখেছি। আরেকটা [***] আমাদের বাংলায় আমদানী হয়েছে। গার্ডেনরীচের মূল ঘটনার নায়ক কে? [***] এখানে একটু আগে বসেছিলেন। এখন বাইরে চলে গেছেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : গার্ডেনরীচের ব্যাপার-টা under jurisdiction আছে। এই লাইন-টা গার্ডেনরীচ বাদ যাবে।

শ্রী সুশান্ত বেসরা : ম্যাডাম, আমরা দেখতে পাচ্ছি একের পর এক ধর্ষণ হচ্ছে। পার্ক স্ট্রীটের ঘটনার কথা আমরা জানি। আমরা জানি কাটোয়ার ঘটনা। পার্ক স্ট্রীটে যখন ঘটনা ঘটলো তখন প্রশাসন তার পাশে না দাঁড়িয়ে বলল 'এটা সাজানো ঘটনা, সরকারকে কালিমালিপ্ত করার একটা চক্রান্ত'। এটা আমাদের লজ্জা, রাজ্যবাসী হিসাবে এটা আমাদের মাথা নিচু করে। তারপরে যখন কাটোয়ার ঘটনা ঘটল, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন কি? তিনি বামপন্থী সমর্থক, তার স্বামী নাকি সিপিএমকে সমর্থন করতো। এটা কি সত্যি? আমরা জানি যে বিধবা মহিলা ধর্ষিতা হয়েছেন, তিনি আর্তনাদ করে মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলেছিলেন আপনি আমার বিচার দিতে না পারেন অন্তত ধর্ষিতা মহিলাকে আর অপমান করবেন না। এটা আমরা বাংলায় দেখছি একটা অরাজকতা। আমরা দেখতে পাচ্ছি গণতন্ত্রের কথা। পরিবর্তনের পরে এই সরকার যখন এখানে আসে আমরা তাঁদের বক্তব্য শুনেছিলাম। নির্বাচনের পরে দলতন্ত্র নয়, গণতন্ত্র চাই। বদলা নয়, বদল চাই। কিন্তু আজকে বাস্তবে কি দেখতে পাচ্ছি আমরা? আজকে দলতন্ত্র কেন, গণতন্ত্রকে ধূলিস্যাৎ করি দলতন্ত্রে - আজকে কলেজে জলতন্ত্র পর্যন্ত চলছে। শিক্ষা সেলের একজন শিক্ষক স্কুলের ভিতর মদের আসর বসিয়েছেন। এটা কি দলতন্ত্র? এটা কি গণতন্ত্র? তাই আমি বলতে চাইছি এটা দলতন্ত্র - গণতন্ত্র নয়, এটা স্কুলে চলছে একেবারে জলতন্ত্র। এটা আমাদের লজ্জা শিক্ষা জগতের ক্ষেত্রে। আজকে আমি বলতে পারি জঙ্গলমহলের কথা। আজকে আমাদের জঙ্গলমহলের প্রতিনিধি সম্মানীয় আমার বন্ধু বসে আছেন। উনি এর আগে অনেক কথা বলেছেন—জঙ্গলমহল নাকি খুব হাসছে। সত্যিই তো হাসছে, মানুষ হাসছে। আপনারা কাঁদিয়েছিলেন। সারা জঙ্গলমহল — বাঁকুড়া, পুরুলিয়ায় প্রায় ৩৮৮ জন বামপন্থী সমর্থককে মাওবাদীর সঙ্গে হাত মিলিয়ে তৃণমূলের জল্লাদ বাহিনীর দ্বারা খুন হতে হয়েছিল, তার জন্য তখন কান্নাকাটি করেছিল। আর আজকে আমরা দেখতে পাচ্ছি জঙ্গলমহল নাকি হাসছে। বামপন্থীদের যে কর্মসূচী ছিল ২ টাকা কেজি দরে চাল, সাইকেল বিতরণের কর্মসূচী সেটাকে আবার আপনারা পুনরায় চালু করেছেন। বলছেন এটা আমাদের কর্মসূচী। আপনি সেদিন বললেন ২০০৮ সালের কথা। আজকে আমি মনে করিয়ে দিই আপনারা একেবারে ভুলে গেছেন। ভুলে গেছেন সেই ঝর্ণা মান্ডির কথা, ভুলে গেছেন সেই সুমনা মান্ডির কথা। রাতের অন্ধকারে গায়ে পেট্রোল ঢেলে তাদেরকে খুন করা হয়েছিল। আজকে আপনি ভুলে গেছেন সালুক সোরেনের কথা। যে সালুক সোরেনকে খুন করে খোলা আকাশের নীচে তিনদিন পড়ে থাকতে হয়েছিল, কারো সেদিন সাহস ছিল না তার দেহে হাত দেওয়ার জন্য। সৎকারের সময় সেদিন সেখানে যেতে দেন নি। আমরা ভুলে যাই নি সেই ছবি মাহাতোর কথা। আমরা ভুলে যাই নি সেই অনিমা বেসরার

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

কথা। যে ছবি মাহাতোকে টি.এম.সি.র জল্লাদ বাহিনী একের পর এক ধর্ষণ করে অজ্ঞান অবস্থান মাটি চাপা দিয়েছিল সেই কাহিনী আমরা ভুলতে পারি নি। আজকে দেখছি জঙ্গলমহলে আপনাদের জনসমর্থনে ভাটা পড়েছে। গতকাল মাননীয়া মুখ্যমন্ত্রী বীনপুরে জনসভা করেছেন, কত মানুষ হয়েছে? জঙ্গলমহলের মানুষ যদি মাননীয়া মুখ্যমন্ত্রীর ফলশ্রুতিতে হাসত তাহলে সেখানে প্রমাণিত হত জঙ্গলমহলের মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রীর, মা-মাটি-মানুষের সরকারের পাশে বসে আছে। কিন্তু আমরা দেখলাম সেখানে একটাও মানুষ নেই। মাত্র গুটি কয়েক মানুষকে নিয়ে মুখ্যমন্ত্রী সেখানে জনসভা করছেন। তারপরে আজকের ঝিলিমিলির জনসভা? ঝিলিমিলির জনসভায় ২ হাজার মানুষ আছেন। সেখানে তিনি বলছেন ১০০ দিনের কাজ হয়েছে। কোথায় কাজ হয়েছে আমরা তো দেখতে পাচ্ছি না। যেখানে ১০০ দিনের কাজ হয়েছে সেইখানে টি.এম.সি.রা কি করেছে? যব কার্ডে নিজেদের নাম করে প্রত্যেক জায়গাতে চুরি করেছে। আমার পাশের একটা পঞ্চায়েত আছে। সেখানে তৃণমুলের নেতারা নিজেদের কার্ডে নাম এন্ট্রি করে হাজার হাজার টাকা তুলেছে। এটাই তো ১০০ দিনের কাজ হয়েছে, এটাই উন্নয়ন হয়েছে, এটাই আমরা দেখতে পাচ্ছি। —ম্যাডাম এক মিনিট— আমি একটা কথা বলে শেষ করবো। ম্যাডাম, আমরা গর্বিত হয়েছি এই হাউসে, আমি গর্বিত। বিধানসভাতে আমরা একজন সাপ বিশেষজ্ঞকে পেয়েছি। তাই আমি বলতে চাই, আমাদের মাঝে পেয়ে আমি খুব গর্বিত। সেই জ্যোতিপ্রিয়বাবুর মতন প্রতিভাবান ব্যক্তিকে এই বাংলায় আটকে রাখা আমাদের মনে হয় শুভ কাজ হবে না। তাই আমি বলতে চাইছি এইরকম প্রতিভাবান ব্যক্তিকে, সাপ বিশেষজ্ঞ মানুষকে বাংলায় আটকে না রেখে অন্তত আফ্রিকার গহন জঙ্গলে তাকে পাঠালে আমাদের রাজ্যের অনেক উপকার হবে। হাউসে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী আবিররঞ্জন বিশ্বাস : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মহামান্য রাজ্যপাল ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুযায়ী পশ্চিমবঙ্গের এই বিধানসভার অধিবেশনে যে ভাষণ প্রদান করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং এই বিষয়ে কিছু তথ্য তুলে ধরছি।

[5.20–5.30 p.m.]

আমার এখানে বিরোধীদের বক্তব্যগুলো শুনে মনে হচ্ছে শেক্সপিয়ারের একটা কথা। "ম্যাকবেথে" উনি বলেছিলেন, "what insane roots have we taken that takes reason prisoner." এর বাংলাটা করলে দাঁড়ায় কি এমন চিত্তাঘাতী মূল বা শেকড় আমরা গ্রহণ করেছি যা আমাদের কান্ডজ্ঞানকে বিলুপ্ত করছে। বার বার কিছু কথা ভেসে আসতে শুনছি বিরোধী বেঞ্চ থেকে। কখনও বলছেন বিরোধীতার জন্য বিরোধীতা নয়, আবার এটা দেখছি যে বিরোধিতা সমানেই চলছে। কখনও বলা হচ্ছে রাজ্যপালের ভাষণ শূন্যসার। কখন বলা হচ্ছে দিশাহীন ইত্যাদি ইত্যাদি। আবার বলা হচ্ছে সমর্থন করতে পারছেন না ওনারা। আমার সব দেখেশুনে মনে হচ্ছে, রাজ্যপালের ভাষণটা পড়ে এনারা কি কোন শেকড় গ্রহণ করেছেন? যে শেকড়ের প্রভাবে এনাদের কান্ডজ্ঞানগুলো লোপ পেয়েছে। আমরা এর আগে দেখেছি, আলিমুদ্দিন স্ট্রীটের প্রভাবে এই রকম অনেক ঘটনা ঘটেছে। জানি না শেকড়টা আলিমুদ্দিন থেকে এসেছিল কি না। যাই হোক, কান্ডজ্ঞান লোপ পাওয়ার নিদর্শন সম্পূর্ণরূপে পদে পদে বিদ্যমান। আমরা জানি ডেপুটি স্পীকার ম্যাডাম, এর পূর্বে বামফ্রন্টের দীর্ঘ বেহিসাবী খরচ এবং আর্থিক অনাচারের ফলে ২ লক্ষ ৩ হাজার

কোটি টাকার একটা বিরাট ঋণের ফাঁদ তৈরী হয়েছিল এবং আমাদের এই যে নতুন সরকার, মা-মাটি-মানুষের সরকার এই সরকারের কিন্তু এই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণের কাঁটার মুকুট মাথায় নিয়ে তার অভিষেক ঘটে। যে পথ তাকে চলতে হয়েছে তা কিন্তু কোন অবস্থাতে কুসুমাস্তীর্ণ ছিল না বরঞ্চ সেটা কণ্টকাকীর্ণ ছিল। আমরা দেখেছি মাননীয় অর্থমন্ত্রী এখানে তার ভাষেণে বলেছেন এক বছরে যেখানে আমার বিগত সরকার, বামফ্রন্ট সরকার ২১ হাজার কোটি টাকা আদায় করতে পারছিল সেখানে আমাদের সরকার আসার পরে আমরা দেখছি আর.বি.আই. ২৫ হাজার কোটি টাকা বছরের প্রথমেই ডায়রেক্টলি কেটে নিচ্ছে। সেখান থেকে উত্তরণের জন্য দেখেছি মাননীয় মুখ্যমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে আমাদের সরকার কিছু ট্যাক্স রিফর্মসের ব্যবস্থা করেছে, এর সুফল আমরা পাচ্ছি। আমার এটা দেখে স্বামী বিবেকানন্দের কথা মনে পড়ে যাচ্ছিল। উনি বলেছিলেন, "Take risks in your life, if you win, you can lead, if you lose you can guide" যাইহোক, আমরা ট্যাক্স রিফর্মসের স্বদর্থক দিকগুলি দেখেছি। তার পজেটিভ রেজাল্টগুলো আমরা পেতে শুরু করেছি। আমরা ২৫% হারে বৃদ্ধিকে টার্গেট করেছিলাম আমাদের গ্রোথকে, সেখানে আমাদের ৩১ হাজার কোটি টাকা বার্ষিক রাজস্ব আদায়ের কথা ছিল কিন্তু রিভাইজড্ এস্টিমেট বলছে এই বৃদ্ধি ঘটেছে ৩০% হারে। অর্থাৎ কিনা আমরা ৩২ হাজার কোটি টাকার রাজস্ব আদায়কে ছাড়িয়ে যাব। সবদিকে ভারতের চেয়ে অ্যাভারেজ গ্রোথে কিন্তু আমরা এগিয়ে আছি। তাই সর্বক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ইতিবাচক পরিবর্তন, সততা ও স্বচ্ছতা। রাজ্যপাল এই সরকারের উৎকর্ষের পথের পথিক এবং এই উৎকর্ষকে সরকার অভ্যাসে পরিণত করেছে। তাই রাজ্যপাল সরকারের যথার্থ ছবি ফুটে ওঠে গ্রীক দার্শনিক অ্যারিস্টটলের কথায়, "We are what we repeatedly do, "Excellence" therefore is not an Act but a habit." আমরা এই ভাষণে, যেটা আমাদের সামনে আছে সেখানে ইতিবাচক অনেক কিছু দেখতে পাচ্ছি কিন্তু দুর্ভাগ্যের ওরা দেখতে পাচ্ছে না। আমি প্রথমেই যদি শুরু করি, মহিলাদের বিষয়ে এই হাউসে অনেক চিন্তা ব্যক্ত করা হয়েছে। মহামান্য রাজ্যপাল মহিলাদের বিষয়ে কি বলেছেন একটু দেখি আমরা। উনি বলছেন, মহিলাদের সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়ন এবং তাদের সর্বাঙ্গন বিকাশের প্রতি আমরা দায়বদ্ধ। আমার সরকার মহিলাদের জন্য পঞ্চায়েতীরাজ সংস্থাগুলিতে সংরক্ষণ পরিষেবা বৃদ্ধি করেছেন এবং মহিলা কর্মচারীদের জন্য ৭৩০ দিন পর্যন্ত সন্তান পরিষেবার জন্য ছুটি মঞ্জুর করেছেন। এখানে রাজ্যপালের ভাষণে দেখেছি, ৬৫ টি মহিলা থানা হওয়ার উল্লেখ করেছেন তারমধ্যে ১০ টি ফাংশানাল এই মুহূর্তে। মহিলাদের বিরুদ্ধে সংগঠিত অপরাধের মামলাগুলো দ্রুত নিষ্পত্তির জন্য ৪৫ টি মহিলা আদালত স্থাপনের কথা বলা হয়েছে। আমরা এছাড়াও দেখেছি মহিলাদের অধিকার রক্ষায় আমার সরকার, আমার সরকার মূলতঃ অধিকার রক্ষায়, নারীর ক্ষমতায়নে সক্রিয় থেকেছে। পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানগুলোতে সংরক্ষণ কমপক্ষে এক তৃতীয়াংশ থেকে বাড়িয়ে অর্ধেক করা হয়েছে। এই আরও যেখানে বলব — টাইম অত্যন্ত সংক্ষিপ্ত, শুরু করলাম না লাল আলো জ্বলে গেল। যাই হোক, যেখানেই বলব, এইখান থেকে শুরু করে যদি আমরা বলি, আমরা জানি কবিগুরু 'অপমানিত' কবিতায় বলেছিলেন

'যারে তুমি নীচে ফেল, সে তোমারে বাঁধিবে যে নীচে
পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।

অজ্ঞানের অন্ধকারে আড়ালে ঢাকিছ যারে
তোমার মঙ্গল ঢাকি গড়িছে সে ঘোর ব্যবধান
অপমানে হতে হবে তাহাদের সবার সমান'।

তাই মহামান্য রাজ্যপাল এস.সি, এস.টি এবং ও.বি.সিদের জন্য যে কথাগুলো এখানে উল্লেখ করেছেন, সেগুলো আমি ওনাদের ভাল করে পড়ে দেখতে বলব। আমরা যদি দু'নম্বর পাতায় আসি— জঙ্গলমহল — আদিবাসীদের সম্পর্কে আমার কলিগ কিছু দেখতে পান নি, দুর্ভাগ্যের। যাইহোক, আমার অনেক কিছু বলার ছিল, সময় সংক্ষিপ্ত। আমি সর্বান্তকরণে রাজ্যপালের এই ভাষণকে সমর্থন জানিয়ে শেষ করছি, ধন্যবাদ।

শ্রী অনিসুর রহমান : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, এটা আমাদের সাংবিধানিক একটা বাধ্যবাধকতা আছে যে যখন আমাদের রাজ্যপাল এখানে আসেন, বক্তৃতা করেন, তখন তাঁকে আমাদের ধন্যবাদ জানাতে হয়। এটা আমাদের একটা নিয়ম হয়ে আছে। সেই নিয়ম অনুসারে আমরা এটা করে থাকি। ধন্যবাদ প্রস্তাব পাঠ করা হয়েছে। আমরা কতকগুলো বিষয় যুক্ত করার জন্য বলেছি। গৃহীত হলে নিঃসন্দেহে আমরা তাকে সমর্থন জানাব। কিন্তু আমি একটা বিষয় প্রথমে বলতে চাই, আমাদের বিধানসভার বয়স হল বোধহয় ৭৫ বছর। কেননা কিছুদিন আগে আমরা একটা অনুষ্ঠান করলাম ৭৫ বছরের। এই যে বিধানসভায় মাননীয় রাজ্যপাল আসছেন, এটা সংবিধানের বাধ্যবাধকতা। তাঁকে ধন্যবাদ জানানোও বাধ্যবাধকতা এবং সেটা কখন হয়, কিভাবে হয় সেটা আমরা সবাই জানি। আমার বাড়ীতে কোন আত্মীয় আসলে তাকে খাইয়ে দাইয়ে যদি বলি 'তুমি দাঁড়িয়ে থাক, পরে তোমাকে বিদায় করব', এটা কখনই কেউ করে না। আর আমরা কি করলাম? রাজ্যপালের ভাষণ হয়ে যাওয়ার পরে আমরা তাঁকে আটকে দিয়ে বললাম 'তুমি দাঁড়াও, আমার অন্য কাজকর্ম সারি, তারপর তোমাকে বিদায় করব'। এটা রাজ্যপালের প্রতি অপমান। আমি মনে করি এই কারণে, যে কারণে এটা বন্ধ করা হল, যে কারণে এটা বন্ধ করা হল,সেই কারণটা কি? যে কারণে এটা বন্ধ করা হল সেটা হচ্ছে পঞ্চায়েত ভোট। পঞ্চায়েত ভোটের ডেট ঠিক করে কে? পঞ্চায়েত ভোটের ডেট ঠিক করে সরকার। আজ পর্যন্ত ঘোষণা হল না। তখন একটা ভাব দেখে মনে হল যেন ....(গোলমাল)

তাহলে ম্যাডাম আমি বলব না।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি তো বি.এ. কমিটিতে ছিলেন। আনিসুর রহমান সাহেব প্লিজ, আই অ্যাম অল মাই লেগ। সেটা হচ্ছে বি.এ কমিটিতে লিডার অফ দি অপোজিশান থেকে শুরু করে সর্বদলের প্রতিনিধিরা ছিলেন। সেই কমিটিতে আমিও ছিলাম। আপনার লিডার অফ দি অপোজিশান যদি আপত্তি জানাতেন সেটা 'নোট অফ ডিসেন্ট' হয়ে যেত।

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : ম্যাডাম, প্লিজ, আমাকে একটু বলতে দিন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি ছিলাম, আমি জানি তো।

শ্রী আনিসুর রহমান : আই অ্যাম নট প্রেজেন্ট দেয়ার।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি শুনুন, আমি আপনাকে অসত্য কথা বলছি না। বি.এ কমিটির মিটিংয়ে, আনিসুর রহমান সাহেব, আপনি প্রবীণ মেম্বার। আমি আপনাকে...

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : আগে শুনুন কি বলছি আমি। আমি বলছি যে যে কারণে পিছিয়ে দেওয়া হল, সেই কারণটা হচ্ছে পঞ্চায়েত ভোট। পঞ্চায়েত ভোট ঘোষণা করেন কে? সরকার। কবে ঘোষণা করবেন সেটা তারা জানেন। সরকারের সঙ্গে কথা বলে রাজ্যপাল এটা করেন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটা আপনি হাউসকে মিসগাইড করছেন। আপনি পরের দিন গিয়ে...

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : কোন প্রয়োজন ছিল না। এর কোন প্রয়োজন ছিল না। সবটাই তো হয়ে গেল।

ম্যাডাম ডেপুটি স্পীকার : সেদিন আপনার লিডার অফ দি অপোজিশান সহ কংগ্রেসের পরিষদীয় দলনেতা, আর.এস.পির পরিষদীয় দলনেতা, সমস্ত দলের প্রতিনিধিরা ছিলেন। সেদিন কেউ কোন আপত্তি তোলেন নি।

শ্রী আনিসুর রহমান : আপত্তির ব্যাপার না, আমি বলেছি যে কারণে বন্ধ করলাম, সেই কারণ হল পঞ্চায়েত ভোট ঘোষণা হবে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এই কারণটা হয়তো আপনার মস্তিষ্ক প্রসূত হতে পারে। সেদিন কিন্তু সবাই মেনে নিয়েছিলেন।

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : তাহলে আমি বসছি।

(ভয়েস : পঞ্চায়েত ভোটের জন্য পিছানো হয়েছে, এটার কি কোন রেকর্ড আছে?)

শ্রী আনিসুর রহমান : তাই তো আমি শুনেছি। আর কি কারণ তাহলে? যদি পঞ্চায়েত ভোট কারণ না হয় তাহলে কি কারণে বন্ধ করলাম? কেন বন্ধ করলাম? তাহলে কেন বন্ধ করলাম? এই ৭৫ বছরে একবারও হয় নি। ৭৫ বছরে একবারও বন্ধ হয় নি। আমাকে বলতে না দিলে আমি বসে পড়ব।

(গোলমল)

[5.30–5.40 p.m.]

(noise)

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনি যে কথাটা বলছেন সেটা পুরোটাই আপনার মস্তিষ্কপ্রসূত। আমি তো ছিলাম। B.A. Committee-র মিটিংয়ে। উনি ছিলেন না কিন্তু leader of the

Opposition তো ছিলেন। তিনি note of dissent দিতে পারতেন, তিনি note of dissent দিতে পারতেন।

(noise)

শ্রী আনিসুর রহমান : ইন্ডিভিজুয়াল মেম্বারের রাইট আছে বলার। আপনি জানেন না এটা তাহলে, একটু পড়ে দেখবেন ইন্ডিভিজুয়াল রাইট আছে ....(গোলমাল)..... আপনারা বলতে না দিলে বলব না ....(গোলমাল)..... আমি বলেছি যে আমরা যে কারণটা শুনেছিলাম তাহলে পঞ্চায়েত ভোটের জন্য এটা পরিবর্তন করা হয়েছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : (noise) আপনি শুনেছিলেন। আনিসুর সাহেব আপনি বলুন....(গোলমাল).... মিঃ অরূপ বিশ্বাস please let me say. আমি সেই B.A. Committee-র মিটিংয়ে ছিলাম। আপনি শুনুন প্লিজ একটু ধৈর্য্য ধরে। সেদিন leader of the Opposition ছিল, সমস্ত দলের প্রতিনিধিরা ছিলেন। কোথায়ও পঞ্চায়েত ভোটের জন্য এটাকে পিছিয়ে দেওয়া হল এই কথাটা একবারের জন্যও উল্লেখ হয় নি। তাহলে উনি note of dissent দিতে পারতেন। সেটা নিশ্চয়ই Hon-ble Speaker নেতৃত্বে গ্রহণ করতাম। কিন্তু কোথায়ও পঞ্চায়েতের কথা বলা হয় নি। পরের দিন আপনি এবং কংগ্রেসের একজন সদস্য গিয়ে চিৎকার চেঁচামেচি করেছেন স্পীকারের ঘরে। মতানুবাদ আপনারা প্রকাশ করেছেন। এটা আপনার পুরোটাই মস্তিষ্কপ্রসূত যে, Panchayat election -এর জন্য এটা পিছিয়ে দেওয়া হয়েছে এটা একদমই নয়।

শ্রী আনিসুর রহমান : আমি বলেছি যে, আমার কাছে report হয়েছে যে পঞ্চায়েত ভোট ঘোষণা হতে পারে .....

ম্যাডাম ডেপুটি স্পীকার : Leader of the Opposition জিজ্ঞাসা করেছিলেন যে, 'Governor-s Address'-এ Chief Minister reply দেবেন তো?

শ্রী আনিসুর রহমান : আমি তাহলে ভুল শুনেছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : হ্যাঁ, আপনি ভুল শুনেছেন।

শ্রী আনিসুর রহমান : এবার second হচ্ছে যে, এই record -টা ভাঙলাম এই ভাঙার বাস্তব প্রয়োজনটা কি ছিল? ৭৫ বছরে হয় নি, এটা হল এক নম্বর .....(noise).... দুই নম্বর হল আমাদের সমস্ত কাজকর্ম সারা হয়ে যেত, ঠিক টাইমে আমরা করতে পারতাম। আগে আমরা রাজ্যপালকে ধন্যবাদ জানিয়ে আমাদের যত programme ছিল সব করতে পারতাম, এটা হচ্ছে বাস্তব। স্বীকার করুন আর নাই করুন এটাই ঘটনা। এইজন্য আমরা বলতেই পারি। second হচ্ছে যে, আমাদের যিনি মুখ্যমন্ত্রী তিনি নিঃসন্দেহে অনেক জ্ঞানের অধিকারী। অনেক যোগ্যতা, ক্ষমতা আছে এ ব্যাপারে কোন সন্দেহ নাই। Writers-এ বসতে পারেন, রান্নাঘরে যেতে পারেন, তিনি helicopter-এ ঘুরতে পারেন, রাস্তায় হাঁটতে পারেন এ ব্যাপারে তার বিরাট ক্ষমতা আছে আমি সেটা জানি .....(গোলমাল).... আমাদের পশ্চিমবাংলায় তিনি ব্যতিক্রমী .....(গোলমাল)..... তিনি ছবি আঁকতে পারেন, তিনি সব কাজ করতে পারেন এই ক্ষমতা আছে তাতে কোন সন্দেহ নাই। কিন্তু

অনেক সময় অনেক বারা জ্ঞানী থাকেন তাদেরও কান্ডজ্ঞানের অভাব হয়ে যায়। ইতিহাসে একজন আছেন তার নাম মহম্মদ বিন তুঘলক, মহম্মদর সোহরব তুঘলক। সে বিতর্কিত একজন লোক। তার নামে কথা আছে সে নাকি হঠকারী এবং খামখেয়ালি। আবার ইতিহাসে অনেক ঐতিহাসিক বলেছেন তার মতন পণ্ডিত জ্ঞানী লোক কেউ ছিল না। কিন্তু তার জ্ঞান ছিল কিন্তু কান্ডজ্ঞান ছিল না। আজকে আমাদের মুখ্যমন্ত্রী অনেক জ্ঞানের অধিকারী কিন্তু আমি বলছি কিছু কান্ডজ্ঞানের অভাব আছে এবং সেই কান্ডজ্ঞানের খেসারত আপনাদেরকে দিতে হবে .....(গোলমাল).... আপনাদের ছোট্ট একটা টাটকা ঘটনা বলব। কালকে উনি বক্তৃতা করতে গিয়েছিলেন জঙ্গলমহলে। কি বলে এলেন? আপনারা দয়া করে শুনুন, ১০০ দিন করে কাজ হয়ে গেছে ....(গোলমাল)..... এবার দুশো দিন করে কাজ হবে। সুব্রতবাবু দয়া করে কাগজটা খুলে দেখুন। এই যে আটটা block যেটা জঙ্গলমহলে পড়ে, এক নম্বর ঝাড়গ্রাম, দুই নম্বর Binpur 1, তিন নম্বর Binpur 2, চার নম্বর Gopuballavpur 1 .....(গোলমাল)......Gopiballavpur 2, তারপরে নয়াগ্রাম এই আটটা block আছে। Report-টা শুনুন না ...(গোলমাল)..... বলতে না দিলে বলে দিন আমি বলব না। সবইতো কেড়ে নিয়েছেন কি আছে আমাদের আর। আমি বলছি এই যে বলে এলেন যে, ১০০ দিন করে কাজ হয়ে গেছে এবার ভাইয়েরা ২০০ দিন কাজ করুন। কত দিন করেছে? ঝাড়গ্রাম— কাজ করেছে ২২ দিন, লজ্জা পাওয়া উচিৎ। মুখ্যমন্ত্রী ওখানে বক্তৃতা করছেন। তারপরে শুনুন, Binpur 1- ২৪ দিন, তারপরে Binpur 2—২৬ দিন। তারপর গোপীবল্লভপুর— ২৩ দিন। সবগুলো দেখুন - ২৩, ২৪, ২২। আমাদের সময়ে শুনুন, এই যে ২০০৯-'১০এ ঝাড়গ্রামে করেছিল ২৬ দিন, ওটা কমে হয়েছে ২২ দিন। তারপর বীনপুর - ১ এ ছিল ২৫ দিন, ওটা কমে হয়েছে ২২ দিন। তারপর বীনপুর - ২, এটা ছিল ৫০ দিন, কমে হয়েছে ২৬ দিন। আমার প্রশ্ন এখানে নয়। আমার প্রশ্ন হচ্ছে একটাই। মুখ্যমন্ত্রী ওখানে বলে এলেন যে, ১০০ দিন কাজ করে ফেলেছেন, এবারে ২০০ দিন লাগবে। এতো বড় মিথ্যে কথা বললেন। এইজন্য বলছি যে, ওনার জ্ঞান আছে কিন্তু কান্ডজ্ঞানের অভাব আছে। দ্বিতীয় একটা দেখবেন এই যে সুব্রতবাবু — আমি অবাক হয়ে যাই যে, এতো যন্ত্রের ব্যবহার সত্ত্বেও এইরকম অসত্য কথা বলেন কেন? উনি কি লিখেছেন? উনি রাজ্যপালকে দিয়ে বলালেন যে, আমাদের ১০০ দিনের কাজে ১৮ কোটির উপরে শ্রম দিবস সৃষ্টি হয়ে গিয়েছে। কোথায় পেলেন?

(গোলমাল)

.... (At this stage Left Front members rose to speak) ....

ম্যাডাম ডেপুটি স্পীকার : প্লিজ টেক ইওর সিট, প্লিজ টেক ইওর সিট।

.....(At this stage Hon'ble Minister, Shri Subrata Mukherjee rose to say something) .....

(গোলমাল)

শ্রী আনিসুর রহমান : চিৎকার করবেন না। চিৎকার করবেন না। আমি জানি আপনি কোন্ সময়ের মন্ত্রী। আপনি এখানে লিখে দিয়েছেন, রাজ্যপালকে দিয়ে লিখিয়েছেন ১৮ কোটি পার হয়ে গিয়েছে। আর আমার কাছে আজকের রিপোর্ট আছে গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার স্ট্যাটিসটিক্স।

ওয়েবসাইট খুলে দেখুন। সেখানে লেখা আছে, এই যে ২০১২-'১৩ তে কাজ হয়েছে ১৬ কোটি শ্রম দিবস। আর মাথাপিছু কাজ হয়েছে, পরিবার পিছু কাজ হয়েছে ২৯.৯৬। যদি মিথ্যে হয় আমি এখান থেকে এখনই চলে যাব। বলুন? আজেবাজে কথা বলবেন না। এইরকম অসত্য কথা বলবেন না। এই জিনিস করে যাচ্ছেন। এই যে বলছেন বিরাট সাফল্য করেছেন। আমি শুধু বিনীতভাবে বলব ....

(গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পীকার : বসুন, বসুন।

.......(At this stage Hon'ble Speaker took the Chair).......

মিঃ স্পীকার : প্লিজ বসুন। আপনারা বসুন।

শ্রী আনিসুর রহমান : আমি বললাম যে রাজ্যপালের ভাষণে লেখা আছে ১৮ কোটির উপরে শ্রমদিবস হয়েছে। আর আজকে আমি এক্ষুনি নেট থেকে বের করলাম গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ওয়েবসাইট — তাতে আছে ১৬ কোটি ২৮ লক্ষ শ্রমদিবস হয়েছে।

(তুমুল গোলমাল)

মিঃ স্পীকার : আপনি ডেটটা বলুন। কোন্ ডেটের রিপোর্ট? আপনি আমার কাছে কপিটা দিয়ে যান।

শ্রী আনিসুর রহমান : এবারে মাননীয়া মুখ্যমন্ত্রী সরকার হওয়ার পরে এখানে এসেছিলেন — এই বিধানসভায়। তিনি কতগুলো ভাল-ভাল কথা বলেছিলেন, আমার চিরকাল মনে থাকবে। তিনি বলেছিলেন — এই বিধানসভা হচ্ছে গণতন্ত্রের মন্দির, মসজিদ। তিনি নিজে বলেছিলেন। এবং এখানে এ কথা বলেছিলেন যে বিরোধীদের সম্মান, মর্যাদা সব থেকে বেশি দিতে হবে। স্পীকারকে বলেছিলেন যে প্রয়োজনে আমাদের সময় কমিয়ে দেবেন, দরকার হলে বিরোধীদের সময় দেবেন। কিন্তু আমরা এখন দেখছি সেই গণতান্ত্রিক অধিকার খর্বিত হচ্ছে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার ছিল ঠিক।

[5.40–5.50 p.m.]

মিঃ স্পীকার : আমি এটা দেখেছি। এখানে লেখা রয়েছে Mahatma Gandhi NREGA outcome, physical employment for the financial year 2012-2013, up to month, month এরপর আর কিছু বলা নেই। কোন month বলা নেই।

শ্রী আনিসুর রহমান : আমি তো বললাম আজকে বেরিয়েছে ১৬ কোটি শ্রমদিবস হয়েছে। রাজ্যপালের ভাষণে লেখা আছে ১৮ কোটি পার হয়ে গিয়েছে।

মিঃ স্পীকার : আপনি যেটা দিয়েছেন ওতে কোন মাস অবধি উল্লেখ করা নেই।

শ্রী আনিসুর রহমান : যদি এটা অসত্য হয় আমি উইথড্র করে নেব। পরীক্ষা করুন।

মিঃ স্পীকার : লেখা নেই, লেখা নেই। আমি দেখেছি ভালো করে এটা, কোন মাস পর্যন্ত করা আছে দেওয়া নেই।

শ্রী আনিসুর রহমান : ২০১২-১৩ আছে।

মিঃ স্পীকার : আপনি ভালো করে দেখুন। প্লিজ আমাকে যখন ডকুমেন্টটা দিয়েছেন আমাকে বলতে দিন। এখানে বলা রয়েছে for the financial year 2012, up to month তাহলে মান্থ শব্দটা বলা থাকত না। মান্থে-এর পর কোন মাস বলা নেই। বাকিটা আপনি বলুন

শ্রী আনিসুর রহমান : এবার সেকেন্ড বিষয় হচ্ছে মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে এসে বললেন যে, "আজকের দিন এই নতুন বিধানসভা একটা নতুন সকাল নিয়ে আসবে বলে আমি মনে করি। বিধানসভা হচ্ছে গণতন্ত্রের মন্দির,গণতন্ত্রের মসজিদ, গণতন্ত্রের গুরুদুয়ারা। এর সম্মান দিতে হবে, সম্মান রক্ষা করতে হবে।" কিন্তু আমরা বারে বারে দেখছি এখানে এই গণতন্ত্রের মন্দিরে, মসজিদে গণতন্ত্র বারে বারে ধর্ষিত হচ্ছে, গণতন্ত্র ভূ-লুণ্ঠিত হচ্ছে। আমরা মনে করি এটা আপনাদের পক্ষে ক্ষতিকারক। এ কথা আমরা জানি যে আমাদের একজন মন্ত্রী মহাশয় তার এই সামনের সিটে মমতা ব্যানার্জীর ছবি ভালো করে বেঁধে রেখে দিয়ে ঘুরে বেড়ান। তা আমি জানি। এই সম্মান দেখান আমার আপত্তি নেই। কিন্তু আমরা বলছি গণতন্ত্রে আমাদের যে অধিকারগুলো আছে, সেই অধিকারগুলো কেন খর্বিত হবে? কেন লঙ্ঘিত হবে? আমরা যে সংবিধান মেনে চলি, তাতে ৪-৫ টা গুরুত্বপূর্ণ পিলার যেগুলো আছে, pillar of the constitution, তার মধ্যে একটা হচ্ছে democracy, একটা হচ্ছে secularism. আজকে আমাদের democracy র হাল কি? সেই democracyর হাল হচ্ছে আমাদের পশ্চিমবাংলায় ১৮ টি জেলাপরিষদ, এরা হচ্ছে স্থানীয় সরকার। সাংবিধানিক স্বীকৃতি পেয়েছে এরা। যে সংবিধানের নিয়মে মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হয়েছে, যে সংবিধানের নিয়মে আপনারা মন্ত্রী হয়ে বসে আছেন, সেই সংবিধানের নিয়মে আমার সভাধিপতি হয়েছে, সেই সংবিধানের নিয়মে আমার কর্মাধ্যক্ষ হয়েছে, সেই সংবিধানের নিয়মে আমার সভাপতি হয়েছে। আপনারা কি করছেন? তাদের ক্ষমতা কেড়ে নাও। কত লড়াই সংগ্রাম করতে করতে পঞ্চায়েত সমিতি নাম করা হয়েছে বি.ডি.ও অফিসের, কত লড়াই সংগ্রাম নিয়ে এগুলো হয়েছে, আপনারা তা নাম করে দিচ্ছেন কোথায়? সমস্ত ভেঙে দেওয়ার চেষ্টা করছেন। এগুলো গণতন্ত্রের পক্ষে যদি মঙ্গল হয় এর এক দিন বিচার হবে। এক দিন বিচার হবে ডেভলাপমেন্টের নামে আপনারা কি করতে চাইছেন। আজকে আপনারা সেগুলো শেষ করে দিতে চাইছেন। আর দ্বিতীয় যেটা করছেন যে আমাদের ধর্মনিরপেক্ষতার নীতিকে নষ্ট করে দিচ্ছেন। ধর্মনিরপেক্ষতা কাকে বলে? আমি মন্দিরে গিয়ে পুজোও করব, মসজিদে গিয়ে নামাজও পড়ব, আমি ঈদের মাঠেও যাব, আমি সব মাঠে গিয়ে করব -- রাষ্ট্র করতে পারে না। ব্যক্তি আলাদা ভাবে করতে পারে। রাষ্ট্র সবসময়— ধর্মনিরপেক্ষতার মানে হচ্ছে রাষ্ট্র দূরে থাকবে। আর আমরা রাষ্ট্রের সব পরিচয় নিয়ে আজকে ধর্মের নামে কি করতে যাচ্ছি? ভোট নিতে হবে। মুসলমানদের ভোট নিতে হবে, তার জন্য মুসলমানদের কথা বল। হিন্দুর ভোট নিতে হবে তার জন্য হিন্দুর কথা বল। এটা রাষ্ট্রের চরিত্র হবে? আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ। আমাদের রাষ্ট্রের যিনি রাষ্ট্রনায়ক, ধর্ম থেকে দূরে থাকতে হবে। আজকে আমরা বলছি ইমাম ভাতা দাও। মানে কি? আজকে বলছি ইমাম ভাতা দাও, কালকে বলব পুরোহিত ভাতা দাও। ধর্মের নামে এ জিনিস চলবে এ কখনও হতে পারে? আজকে সেই জিনিস করার চেষ্টা হচ্ছে। আমি বারেবারে আপনাকে বলতে চাই, আজকে আপনারা ক্ষমতায় আছেন, কালকে আপনারা থাকবেন না, আমরা ছিলাম, এখন আমরা নেই, এটাই নিয়ম। যত ভালো দলই হোক না কেন,

কোনদিন পার্লামেন্টারি ডেমোক্রেসিতে এক দল চিরকাল থাকে না। আমেরিকায় নেই, ইংলন্ডেও নেই, কোন দেশেই নেই। যত ভালো দলই হোক পরিবর্তন হবেই। এটাই নিয়ম। আপনারা পারেন নি, আমরা এতদিন ছিলাম, এটা আশ্চর্য্য, এটা অস্বাভাবিক, স্বাভাবিক নয়। আর স্বাভাবিক হচ্ছে পরিবর্তন হওয়া। আর পরিবর্তন যখন হবে তখন আপনাদের দায়িত্ব পালন করতে হবে। আজকে সেই ব্যবস্থা ভেঙে দিয়ে যা করতে চাইছেন তাতে আগামী দিনে প্রতিপদে ঠকতে হবে। আজকে মেদিনীপুর পূর্ব, আর ২৪ পরগণা দক্ষিণ, এই যে জেলা পরিষদ, জেলা সরকার কার দখলে ছিল? একটা নাম করে বলুন তো একটাও অপরাধ করেছি আমরা। দক্ষিণ ২৪ পরগণায় আমি চার বার গেছি, দেড় বছর দপ্তরে ছিলাম, চার বার গেছি। দশবার গেছি পূর্ব মেদিনীপুরে। একজনও কেউ বলতে পারবে না যে একটা কোন অবিচার, একটা কোন ধমক দেওয়া, একটা ভয় দেখানো হয়েছে। বলুন। আজকে পার্থ বাবু নেই, সুব্রত বাবুরা আছেন, চারবার মিটিং হয়েছে, সব ভি.ডি.ও. রেকর্ড করা আছে। কি আপনারা বলেছেন সব ছবি আছে। আমার কথা হচ্ছে এটাই, আজকে আমরা বলতে চাই, আমরা আজকে এখানে আছি, কালকে থাকব না, কিন্তু পশ্চিমবাংলা থাকবে, পশ্চিমবাংলার মানুষ থাকবে, ভারতবর্ষের সংবিধান থাকবে, তার নীতি থাকবে, একে রক্ষা করা আমাদের দায়িত্ব। আজকে ব্যক্তি পূজার নামে যদি এই নীতি ভেঙে দিই, তাহলে বাংলার মানুষের কাছে কৈফিয়ত দিতে হবে। এটা আমি ঠাট্টা করে বলেছিলাম সুব্রত বাবুকে, এটা শুনতে আমাদের লজ্জা লাগছে, আজকে ৩৪ বছরে ৮ বার পঞ্চায়েত ভোট হয়েছে, ৮ বার হয়েছে মিউনিসিপ্যালিটির ভোট, মোট ষোলোটা ভোট, আর একটা মাত্র ভোট করতে আজ এক বছর ধরে সুব্রত বাবুরা হালে পানি পান না। আমি ঠাট্টা করে বলেছিলাম, ৭৩ সালে সুব্রতবাবু মন্ত্রী ছিলেন, আইনের বই তৈরী করেছিলেন, কিন্তু ভোট করতে পারেন নি। সুব্রতবাবু এবারে যখন মন্ত্রী হন তখন আমি আশংকা করে বলেছিলাম, বোধহয় সুব্রত বাবুর মন্ত্রীত্বে ভোট হবে না। এখন এই অবস্থা দেখে মনে হচ্ছে আমার আশংকাই সত্যি হচ্ছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : সকলের অনুমতি নিয়ে সভার সময় ২০ মিনিট বাড়িয়ে দেওয়া হ'ল।

শ্রী আনিসুর রহমান : আজকে এই জিনিস যদি ভেঙে করেন তাহলে আগামী দিনে আমাদের সবাইকে শিক্ষা নিতে হবে। রাজ্যপালকে ধন্যবাদ জানানোর ব্যাপারে তো আমাদের আপত্তি নেই। কিন্তু তিনি যা বলতে পারতেন, যা বলা উচিত ছিল, এ বাংলার যা আসল ছবি সেটা থাকা উচিত ছিল, কিন্তু সেটা হয় নি। কিন্তু তা সত্ত্বেও .... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, রাজ্যপালের ভাষণের উপরে শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় যে ধন্যবাদসূচক প্রস্তাব উত্থাপিত করেছেন, তার সমর্থনে আমার বক্তব্য উপস্থাপিত করছি।

মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, বিরোধী পক্ষের লিডার সহ কেউই এই পর্যন্ত মহামতি রাজ্যপালের সম্পর্কে, তাঁর নিরপেক্ষতা সম্পর্কে কোন প্রশ্ন তোলেন নি। এমনকি রাজ্যপালের কিছু মন্তব্যকে ক্যাপিটাল করে ওরা সরকার পক্ষকে আক্রমণ করার চেষ্টা করেছেন। কিন্তু মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যখন বললেন, my able Chief Minister, My dynamic Chief Minister, তখন ওদের গাত্রদাহ শুরু হ'ল। সত্যিই নরলোকে এক বিচিত্র জীব এরা। মাননীয়

উপাধ্যক্ষা মহোদয়, আনিসুর রহমান, মাননীয় অপোজিশান লিডার আছেন, আমরাও বিধানসভার সদস্য ছিলাম, ওদের মুখ্যমন্ত্রীকে কখনও কি আমরা কাণ্ডজ্ঞানহীন বলে বলেছি? এটা রুচির ব্যাপার, শালীনতার ব্যাপার, শিষ্টাচারের ব্যাপার। আমি কি বিরোধী দলের নেতাকে এ ভাবে বলতে পারি? আজকে প্রথমে বলি, যে বিষয়ের উপর ভিত্তি করে উনি বলছেন কেন্দ্রীয় সরকার, পঞ্চায়েত দপ্তরের কাজকর্মের ধারা এবং পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর নেতৃত্বে, মন্ত্রীসভা কার্যপদ্ধতির উপর মূল্যায়ন করে চলমান বর্ষে এক হাজার কোটি টাকা বাড়তি অনুমোদন দিয়েছে। জ্বালা! যন্ত্রণা! মাননীয় উপাধ্যক্ষা মহোদয়া, বর্তমান বছরে জানুয়ারী ২০১৩ পর্যন্ত সময়ে ১৫.৭৩ কোটি শ্রমদিবস সৃষ্টি করতে পেরেছে, যা বিগত সরকারের চেয়ে বেশি।

[5.50–6.00 p.m.]

মার্চ মাসের শেষে রাজ্যে কম বেশি আঠারো কোটি শ্রম দিবস সৃষ্টি হয়েছে। কোথা থেকে তথ্য পান? কে এদের দেন? এটা কল্পনা করা যায় না। মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, সার্বিকভাবে বিরোধীরা যা বলতে চেয়েছেন এই রাজ্যপালের ভাষণের উপরে তা হল এখানে নাকি আইনশৃঙ্খলার কথা নেই। আপনারা কাইন্ডলি দেখুন প্যারা (১০) দেখুন — হিংসা ও হত্যাকান্ডের সার্বিক অবসান ঘটিয়ে শান্তি ও পরিবেশের উন্নয়নের পরিবেশ এনেছে। সামাজিক নিরাপত্তা এসেছে। পেজ (৪) প্যারা (১৫) দেখুন, মানবাধিকার উন্নয়নে প্রতিষ্ঠার রাজ্য বিচার অ্যাকাডেমীর মধ্যে গণতান্ত্রিক অধিকার রক্ষার প্রচেষ্টার কথা বলা হয়েছে। পেজ (১৬) দেখুন, প্রশাসনকে মসৃণ করে প্রশাসনিক সংস্কার করে জন অভিযোগ সময়ে দ্রুত নিষ্পত্তি করে দুর্নীতি দমন ব্যবস্থাকে শক্তিশালী করার উপরে সার্বিক গুরুত্ব দেওয়া হয়েছে। তা সত্ত্বেও এরা বলছেন আইনশৃঙ্খলার কথা নেই। এদের কি [***] ছবি এঁকে নীচে লিখে দিতে হবে [***] তবে এরা বুঝবেন [***] (গোলমাল)

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : হোয়াট ইজ দিস? এটা কি হচ্ছে? (গোলমাল)

ম্যাডাম ডেপুটি স্পীকার : [***] কথাটা একসপাঞ্জ হবে। (গোলমাল)

শ্রী জ্যোতির্ময় কর : আপনারা শোনেন নি। (গোলমাল) আমি গরু বলি নি। সূর্যবাবু আপনি শোনেন নি। (গোলমাল) আমি গরু বলি নি। গরুর ছবি এঁকে গরু বলে দেখাতে হবে। তাহলে কাকে গরু বললাম? আপনারা কি বুঝছেন? আমি বলি নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসলে কি জানেন যাদের দেখতে নারী তাদের চলনই বাঁকা। আমি বলি কি "অবুঝকে বোঝাব কত, বুঝ নাহি আসে, ঢেঁকিকে বোঝাব কত নিত্য ধান ভাঙে।" সুতরাং এদের এই বুৎপত্তি নিয়েই এই সহিষ্ণুতা নিয়েই (ভয়েজঃ- আপনি নিজেকে বলুন) আমি নিজেকে নিয়েই এইকথা বলছি। সুতরাং বর্ষীয়ান সদস্য রেজ্জাক সাহেব নেই তিনি সিংহবিক্রমে ভাষণ দিয়েছেন। মন্ত্রী থাকার সময়ে তিনি যেকথা বলতে পারেন নি, মমতা বন্দ্যোপাধ্যায়ের রাজত্বে প্রাণখুলে তিনি কথা বলেছেন। চাষার ব্যাটা তো গেঁয়ো যোগী ভিখ পায় না। তাই ভিখ উনি পেয়েছেন। উনি একটা কথা বলেছেন ওঁর স্ব-পরিকল্পিত লাল তৃণমূল জ্বালাচ্ছে। আমি বলি কি মাননীয়া উপাধ্যক্ষা মহাশয়া, পাপ বাপকেও ক্ষমা করে না।

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

''ওঁর সৃষ্টি ওঁকেই গ্রাস করেছে। তাই আজকে এই হচ্ছে নিয়তির নিষ্ঠুর পরিহাস। মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া আসল ব্যাপারটা কি জানেন! একটা গান আছে— জ্বলে পুড়ে মরল রাধা।" তেমনি আমি জ্বলে পুড়ে মরল দাদা রাইটার্স হারানোর জ্বালায়। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়া, ডাঃ ভূঞ্যা বলেছেন। জল দেবার চেষ্টা করছেন। (ভয়েজঃ সাবজেক্টের উপরে বলুন) প্রেডিকেটই নেই, আবার সাবজেক্ট। বলার চেষ্টা করেছেন যে আমরা কেন্দ্রীয় মন্ত্রীসভা থেকে এলাম কেন। আমি খুব স্পষ্ট করে বলেছি আমাদের দায়বদ্ধতা পশ্চিমবঙ্গের মানুষের কাছে। মমতা বন্দ্যোপাধ্যায়ের স্ট্রেট সে ওয়েস্ট বেঙ্গলের কাছে, যাদের হয়ে তিনি লড়াই করেছেন, সংগ্রাম করেছেন তাদের কথনো তিনি ভুলতে পারেন না। মানুষের সঙ্গে তিনি কখনো বিশ্বাসঘাতকতা করতে পারবেন না। সারা জীবন তিনি বারবার বলছেন। ওরা মন্ত্রীত্ব ছাড়লেন কেন? আমরা মন্ত্রীত্ব ছাড়লাম প্রতিবাদে। ওঁরা মন্ত্রীত্ব ছাড়লেন কেন? আমরা ছাড়লাম বলে! প্রতিহিংসাতে করলেন! এখন বলছেন একসঙ্গে লড়াই! এই আপনাদের স্টেট? আপনাদের সেন্টার অ্যাট দ্য কস্ট অফ স্টেট। ইন্টারেস্টের ডিফারেন্সটা সেখানেই। মমতা বন্দ্যোপাধ্যায়ের কমিটমেন্ট, কমপালশান টু স্টেট। সুতরাং আজকে তাই আপনাদের কাছে বলতে চাই স্যার, কেউ কেউ বলছেন বিরাট তোলাবাজি চলছে। আমি বলি কি চালনি বোঝেন তো ম্যাডাম। চালনির অজস্র ফুটো। সে ছুঁচকে বলছে তোমার পিছনে কেন ফুটো। গ্রামাঞ্চলে গরু চুরি হত, গরু চোর কে? ছাগল চুরি হত, ছাগল চোর কে? মাছ চুরি হত, মাছ চোর কে? সম্পত্তি লুঠ হত, লুঠ করত কে? এই রকম লুঠ করতে করতে গণতান্ত্রিক ব্যবস্থায় গণতন্ত্রকে গণলুন্ঠন ব্যবস্থাতে রূপান্তরিত করলেন। খাদ্যমন্ত্রী ৭৭ হাজার ভুয়ো রেশনকার্ড বার করল। সুতরাং বর্তমান খাদ্য দপ্তর রাজ্যপালের ভাষণে বলেছে ই-গভর্নেন্স চালু করার চেষ্টা করছে। আপনারা বললেন, আমাদের মন্ত্রীরা নাকি মুখ্যমন্ত্রীর ইঙ্গিতে চলে। আনিসুর সাহেব বললেন, গাড়িতে ফটো রেখে চলে। আমরা তো মুখ্যমন্ত্রীর কথায় চলি। আপনারা তো আলিমুদ্দিনের কথায় চলতেন। গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় মন্ত্রী মুখ্যমন্ত্রীর কথায় চলবে — এটাই প্রেয় এবং শ্রেয়, নাকি আলিমুদ্দিনের ইঙ্গিতে চলবে — কোনটা? সুতরাং আপনারা যা বলছেন — মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, শুধু আমরা ফটো রাখি না, ফরোয়ার্ড ব্লক, আর.এস.পি.রাও রাখেন, লুকিয়ে রাখেন। কারণ, মমতা বন্দ্যোপাধ্যায় না এলে যাদের এখন ভাই ভাই বলছেন, তাদের গ্রাস করে নিতেন। মাতসন্যায় জানেন তো? পুকুরের বড় মাছ ছোট মাছকে খায়। আপনারাও গিলে খেতেন। নারীদের কথা বললেন। নারীদের কথা বললে এতো উৎসাহ, এতো হাততালি, এতো টেবিল চাপড়ানো ম্যাডাম, [***] কথা মনে আছে? [***] বড়বাজারের? ....(গোলমাল).........

ম্যাডাম ডেপুটি স্পীকার : যিনি এই সংসদের মেম্বার নন, তার নাম প্রসেডিংস-এ যাবে না।

শ্রী জ্যোতির্ময় কর : ....(গোলমাল)......... আচ্ছা বাদ দিলাম। মহিলা সমিতির সম্পাদিকা .... (গোলমাল) .... তখনকার মহিলা সমিতির সম্পাদিকা, মনে আছে অলিম্পিক খেলোয়াড় যার স্বামী, নাম ধরবো? .... (গোলমাল) .... ডাঃ মিশ্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য মানসী মুখার্জী কোথায়? পাওয়া গেছে? .... (গোলমাল) .... আছে? সুতরাং আজকের দিনে মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আর যাই হোক, আপনাদের মুখে মহিলাদের সেভ্ করার কথা শোভা

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'।

পায় না। ...... (গোলমাল) .... মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, মহিলাদের জন্য রাজ্য সম্পদ কেন্দ্র, মহিলাদের ক্ষমতা বিষয়ক স্বাধীকার, কিশোরী শক্তি যোজনা এবং অরক্ষ্যানেজ্গুলোতে যে সার্কিট, এইগুলো কি প্রমাণ করে না যে, আমাদের সরকার এবং রাজ্যপাল তার ভাষণে মহিলা এবং শিশুদের নিরাপত্তার বিষয়ে কত যত্নশীল। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, সংখ্যালঘু উন্নয়নের কোটা আপনাদের মুখে শোভা পায় না। সাচার কমিটির পরেও আপনারা বলবেন? তার পরেও আপনারা কুম্ভীরাশ্রু বর্ষণ করবেন? কিন্তু ২৪ লক্ষ ছাত্র-ছাত্রীকে সাড়ে তিনশো টাকা করে স্কলারশিপ দেওয়া হচ্ছে। ম্যাডাম, আমার সময় চলে যাচ্ছে কিন্তু। স্বনিযুক্তি প্রকল্প সাড়ে তিনশো কোটি টাকা। ১.৬ লক্ষ ছাত্রীকে বাইসাইকেল। অর্থ নিগম — এগুলো সব সরিয়ে নেওয়া হবে? বলুন না গ্রামে গিয়ে যে, এগুলো তুলে নিন। ম্যাডাম, কো-অপারেটিভ ব্যাঙ্কের কথা কংগ্রেসের পক্ষ থেকে তোলা হয়েছে কে চালায় স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কটা? ন্যাশনালাইজড্ ব্যাঙ্ক — কার অধীনে? সুতরাং আপনারা আকাশের দিকে থুথু ফেলে সেটা যে নিজের গায়েই ফেললেন, এটা আপনারা নিজের অলক্ষে বুঝতে পারেন নি। ম্যাডাম্ সর্বশেষ বলি, একটা পয়েন্ট বলতে দিন। এরা বলেছেন পঞ্চায়েত নির্বাচনের সন্ত্রাসের কথা। আমি মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী এই বিধানসভায়, এই রাজ্যপালের ধন্যবাদসূচক ভাষণের উপর যা বলেছিলেন একটু পড়ে দিই। আমরা তখন আর্তনাদ করছি পঞ্চায়েত নির্বাচনে। টিকিট দিতে পারি নি। প্রথমে সুভাষবাবুকে একটু দেখি, সুভাষবাবু কি বলেছিলেন শুনুন — উনি বক্তৃতা দিচ্ছেন ৭ই জুলাই ২০০৩ — "আমরা একটু স্মরণে রাখতে বলি একথাটা যে, সব ক্ষেত্রে সব জিনিস হয়না। আমার হাতের তালুতে কোনোদিন চুল গজাবেনা, তাই কংগ্রেসও কোনোদিন পশ্চিমবাংলায় আসবে না, আমরাও কোনোদিন ক্ষমতা থেকে যাব না।" হায় ভগবান, সুভাষবাবু, ঘুঘু দেখেছিলেন, ফাঁদ সেদিন দেখেন নি। সুতরাং আজকের দিনে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে আমরা যখন বলছি, সূর্যবাবু তখন পঞ্চায়েত মন্ত্রী। তিনি কতজন, কত হাজার দিতে পারেন নি, তার উত্তরে বলছেন, "আপনাদের হাঁটু ভেঙে গিয়েছে"— এটা স্যার, অ্যাসেম্বলি রেকর্ড, ৭ই জুলাই ২০০৬ — "আপনাদের পার্টি ভেঙে গিয়েছে, সেখানে মানুষের মধ্যে আর আপনাদের প্রভাব নেই। জনগণ থেকে বিশেষ করে গরীব মানুষের থেকে আপনারা বিচ্ছিন্ন হয়ে গেছেন।" আমি বর্ধমানে দেখেছি, নিরুপম আমাকে দেখালেন যে, আদিবাসীদের মধ্যে, সিডিউল কাষ্টদের মধ্যে কেউ আপনাদের প্রতিনিধি হতে চান না। গরীব মানুষেরা মাথা তুলে দাঁড়িয়েছে, তারা কংগ্রেসকে ফেরত আসতে দেবে না। কংগ্রেসকে নয়, তৃণমূল কংগ্রেসকে নয়, এই হচ্ছে পশ্চিমবাংলায় গরীব মানুষের মনোভাব। লক্ষ লক্ষ আপনারা নোমিনেশান দিতে পারলেন না। প্রাক্তন মুখ্যমন্ত্রী বিধানসভায় দাঁড়িয়ে স্পীচ্ দিলেন। আরো আছে, আরো কোটেশান আছে। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী বলছেন ৩টে উপনির্বাচন প্রমাণ করে দিয়েছে, এতদিন আপনারা ছিলেন হাইয়েস্ট ভোট, রেকর্ড পরিমাণ ভোট, আজকের নির্বাচনে বেড়েছে। আপনারা ৩৪ বছরে এত মানুষকে নিয়ে যেতে পারেন নি। এত শান্তিপূর্ণ ভাবে ভোট হয় নি। অহেতুক আশংকা করবেন না, নিজের আয়নায় নিজে যা করেছেন সেটা দেখে আপনারা আঁতকে উঠেছেন। আমরা যা করেছিলাম, এরা যদি তা করে, আমরা যা বলেছিলাম, এরা যদি তা বলে। আমাদের পথ আদর্শের পথ, মমতা ব্যানার্জীর পথ। আমরা এসব পথে যাবো না, আশ্বস্ত করতে পারি, ধন্যবাদ। আমাদের ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, নমস্কার।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আমার, বক্তৃতার মধ্যে কোন আসার উদ্দেশ্য ছিল না। এবং আমি জানি যে এই হাউসের নিয়ম অনুযায়ী যখন কোন বিতর্ক চলে যাঁরা লিস্টেড নয় তাঁরা সাধারণ ভাবে বলে থাকেন না। কিন্তু যেহেতু আনিসুর রহমান সাহেব প্রাক্তন মন্ত্রী এবং এই দপ্তরেরই ছিলেন এবং যেহেতু উনি দলের দিক থেকেও নেতৃস্থানীয়, একটা ভুল তথ্যের ভিত্তিতে এই হাউসকে মিস্‌লীড করছেন বলে আমি অন রেকর্ড সেটা জানিয়ে দিচ্ছি। সেটা হলো ডিসেম্বর ২০১২তে আমাদের ১৫ কোটি ১ লক্ষ শ্রমদিবস তৈরী হয়েছে। এবং আমাদের পারফরমেন্স দেখে গভর্নমেন্ট অফ্ ইন্ডিয়া তাদের লেবার বাজেটে ১৮ কোটি ৩৩ লক্ষ শ্রমদিবস ধার্য করেছে। আমাদের এই ১৫ কোটি ১ লক্ষ যদি এই রেসিও চলে তাহলে আমরা আর্থিক ডিসেম্বরের পর থেকে ডিসেম্বর অবধি, ডিসেম্বরের পরে জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ যেটা সব চেয়ে বেস্ট টাইম কাজের সেটা যদি আমরা যোগ করি, তাহলে আমরা ডেফিনিটলী ১৮.৩৩ ম্যানডেজে চলে যাবো, এতে কোন সন্দেহ নেই। এবং এটা অল্ টাইম রেকর্ড। আপনারা আপনাদের সময়ে লাস্টে মাত্র ৮ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার শ্রমদিবস তৈরী করতে পেরেছিলেন। সেইটা প্রায় জিওমেট্রিক হারে বেড়েছে, এটা আমি জানার জন্য বলছি। আর একটি কথা মাননীয়া মুখ্যমন্ত্রী অন্যায় বলেন নি। আর একটি আমি জানাই, অনেক রকমের আমি এই রাজনৈতিক জীবনে সমাজে চলতে গিয়ে জালিয়াতি দেখেছি। এই যে কাগজটা আপনাকে দিয়েছেন, আপনি যদি লক্ষ্য করেন সমস্ত টাইপগুলোর পাইকা এক রকম, অর্থাৎ যেখানে প্রিন্ট হয়েছে হার্ড কপি, আর শুধু ডেটটা ২০১২-১৩ সেটা আর এক রকমের। এটা খালি চোখেই দেখা যাবে, চশমা পড়তে লাগবে না। এবং এখানে আপনি আনিসুর সাহেব, আমার কথা শুনুন, এটা আমার কাছে একটা চ্যালেঞ্জ। আপনি এখানে দেখিয়েছেন ওয়েস্টবেঙ্গল ৩৪ নম্বরে, ম্যানডেজে আমাদের নাম্বার ২, টাকা পাওয়াতে আমাদের নাম্বার ২, টাকা খরচে আমাদের নাম্বার অল ইন্ডিয়াতে ৩। এর যদি ব্যতিক্রম হয় তাহলে আমি আপনার কাছে জানাচ্ছি প্রকাশ্য সভায় I will resign। আর আপনি ওকে বলুন যদি এটা জাল হয়, এটা যদি জালিয়াতি হয়, ৩৪ নম্বরে যদি এটা না থাকে, — মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি প্রিন্ট টাইপটা দেখেন, দেখবেন এই নাম্বারটা অন্য রকম ফিগারে করা। জালিয়াতিরও একটা লিমিট থাকে। I think he should be shamed। (হইচই)

ম্যাডাম ডেপুটি স্পীকার: আনিসুর সাহেব, আপনিও হাত তুলছেন, লিডার অফ্ দি অপোজিশানও হাত তুলছেন, কে বলবেন ঠিক করে নিন, একজন বলবেন। না, যে কোন একজন বলবেন। নো, আমাদের টাইম ২০ মিনিট বাড়িয়ে দিয়েছি, যে কোন একজন বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ম্যাডাম ডেপুটি স্পীকার, ম্যাডাম, মাননীয় সুব্রতবাবু ভালো করেই জানেন, মাননীয় অর্থমন্ত্রী এখন যেহেতু আপনি অনেক জিনিস কমপিউটারাইজ করছেন। ইনফরমেশান টেকনোলজি খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। MNREGA -তে প্রত্যেক দিন সব রাজ্যের সমস্ত পঞ্চায়েত বা যারা ইমপ্লিমেন্টিং এজেন্সী তাদের শেষ যা শ্রমদিবস তৈরী হয়েছে, যা পেমেন্ট হয়েছে, যা খরচ হয়েছে তা কমপিউটারে আপলোড করতে হয়। এর জন্য প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে ডাটা অপারেটর তাদের দেওয়া আছে। এবং অনেক আগে থেকেই। আমি যখন মন্ত্রী ছিলাম তখন থেকেই। আপনি আমাকে বলতে দিন। আপনাকে আজকে যখন এই তারিখে যখন একটা কম্পিউটার থেকে আমি ডাউনলোড করে একটা কিছু আপনাকে দেব তার মানে হচ্ছে এটাই ফিগার।

আর কোন ফিগার সারা দেশে কোথাও কেউ স্বীকার করে না। আপনার তৈরী করা হিসাবে চলে না। আপনাকে দেখতে হবে ন্যাশানাল ওয়েব সাইটে, ওইখানে আপনি আপলোড করবেন? আপনি যদি করে থাকেন আপনি আপলোড করবেন। আপলোড হয় নি আপনার। এটা আপনার অপদার্থতা। আপনি ভুল কথা, আপনি ভুল তথ্য দিচ্ছেন। আপনার তথ্যের কোন মূল্য নেই। এটা কাগজ ছিঁড়ে ফেলে দেওয়া যায়। এটাই আমি বলছি। আমি বলছি এটাই নিয়ম। আপনি পদত্যাগ যদি করতে হয় সৎ সাহস থাকে পদত্যাগ করুন। এখনই পদত্যাগ করুন। এখনই পদত্যাগ করুন।

.........(তুমুল হট্টোগোল)..........

Adjournmen

The House was then adjourned at 6.06 p.m. till 11 a.m. on Thursday, the 21st March, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday. the 21st March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 35 Minister, 6 Ministers of State 13 Parliamentary secretaries and 197 Members

[11.00–11.10 a.m]

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, Business Advisory Committee-র মিটিং গতকাল আমার চেম্বারে হয়েছে। বিভিন্ন পরিষদীয় দলের যাঁরা নেতৃত্ব দেন তাঁদের সবাই ছিলেন। এবং আমরা সর্বসম্মতিক্রমে একটা programme তৈরি করেছি। সেটা আমি হাউসে প্লেস করেছি। হাউসে সেটা অনুমোদন করা হয়েছে। কোনো আপত্তি কেউ জানান নি। হাউসের ভেতরের ব্যাপার যা আছে, আছে। Business Advisory Committee-র যে সিদ্ধান্ত সেটা নিয়ে আমি দেখলাম আজকে সংবাদপত্রে বেরিয়েছে। কেউ কেউ প্রেসে গিয়ে criticise করেছেন। আমার মনে হয় এটা না হওয়াই বাঞ্ছনীয়। তাতে আমাদের সততা সম্বন্ধেও বাইরের লোকের কাছে কিছুটা প্রশ্ন জাগে। আমার মনে হয় ভবিষ্যতে এই সম্পর্কে সতর্ক হওয়া উচিত।

Starred Questions
(to which Oral answers were given)

জেলা আদালতে বিচারপতির শূন্যপদ

*১০২। (অনুমোদিত প্রশ্ন নং *২২) **শ্রী অসিত মিত্র :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যের জেলা আদালতগুলিতে বিচারকের মোট শূন্যপদের সংখ্যা কত (জেলাওয়াড়ি তথ্য)?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়

বিধায়ককে জানাই। ৩১.০১.২০১৩ সাপেক্ষে রাজ্যে জেলা আদালতগুলি ও নিম্ন আদালতগুলিতে মোট শূন্যপদের সংখ্যা এইরূপ :

জেলা জজ	০৪
এ.ডি.জে. অর্থাৎ Additional District Judge এবং	
এফ.টি.সি. অর্থাৎ Fast Track Court	১৮
সিভিল জজ অথবা সি.জে.এম. অথবা এ.সি.জে.এম.	শূন্য
সিভিল জজ (জুনিয়র ডিভিশান)	০১

জেলাওয়াড়ি তথ্য আমাদের কাছে আছে। পর পর যদি পড়ে যাই — আপনাকে অলরেডি দেওয়া হয়েছে। এতে জেলাওয়াড়ি তথ্য আমরা দিয়ে দিয়েছি। এটাই জেলাওয়াড়ি। আপনি বললে অধ্যক্ষ মহাশয় আমি পুরোটা পড়ে দিতে পারি।

মিঃ স্পীকার : না। ঠিক আছে। আপনি তো দিয়েছেন জেলাওয়াড়ি। আপনি সাপ্লিমেন্টারি কোয়েশ্চেন করুন। জেলাওয়াড়ি দেওয়া আছে।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : জেলাওয়াড়ি তথ্য নিম্নলিখিত তিন পদালিতে :

১। জেলা আদালতগুলিতে শূন্যপদ

জজ, বেঞ্চ-৯ সিটি সিভিল কোর্ট, জজ, সি.বি.আই., কোর্ট নং-১, বিচার ভবন।
এ.ডি.জে., কোর্ট-১ বারাসত।

দক্ষিণ দিনাজপুর	জজ, স্পেশাল কোর্ট(ই.সি.অ্যাক্ট) কাম এডিজে, বালুরঘাট
	সিভিল জজ (সিনিয়র ডিভিসন)-শূন্য

ফার্স্ট-ট্রাক কোর্টের শূন্য পদের সংখ্যা

জেলা	**শূন্যপদ**
কোচবিহার (৩)	এ.ডি.জে.এফ.টি.সি.-১ সদর এডিজে, এফ.টি.সি.-৩, সদর এ.ডি, এফ.টি.সি-১ দিনহাটা
দার্জিলিং(১)	এ.ডি.জে, এফ.টি.সি-৩, শিলিগুড়ি
দক্ষিণ দিনাজপুর(১)	এ.ডি.জে. এফ.টি.সি, বালুরঘাট
হুগলি (২)	এ.ডি.জে, এফ.টি.সি-২, চন্দননগর। এ.ডি.জে, এফ.টি.সি-১, চুঁচুড়া।
জলপাইগুড়ি(৩)	এ.ডি.জে, এফ.টি.সি.-২, জলপাইগুড়ি এ.ডি.জে, এফ.টিসি.-৩, জলপাইগুড়ি এ.ডি.জে, এফ.টি.সি.-২, আলিপুরদুয়ার
মালদা (১)	এ.ডি.জে. এফ.টি.সি.-৩, মালদা

জেলা	শূন্যপদ
মুর্শিদাবাদ (৩)	এ.ডি.জে, এফ.টি.সি.-৪, জঙ্গিপুর এ.ডি.জে, এফ.টি.সি.-২, কাঁন্দি এ.ডি.জে, এফ.টি.সি.-১, লালবাগ
নদীয়া (১)	এ.ডি.জে, এফ.টি.সি. তেহট্ট
পূর্ব মেদিনীপুর (১)	এ.ডি.জে, এফ.টি.সি.-৩, তমলুক

জেলা	ফার্স্ট ট্রাক কোর্টের শূন্য পদ সংখ্যা
দক্ষিণ ২৪ পরগণা (১)	এ.ডি.জে, এফ.টি.সি.-৭, আলিপুর
পুরুলিয়া (১)	এ.ডি.জে, এফ.টি.সি.-২, পুরুলিয়া সিভিল জজ (জুনিয়র ডিভিসন)

জেলা	শূন্যপদ
বাঁকুড়া	জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ৬ষ্ঠ কোর্ট।

স্বাঃ-চন্দ্রিমা ভট্টাচার্য
(বিচার বিভাগের ভারপ্রাপ্ত রাষ্ট্রমন্ত্রী)

শ্রী অসিত মিত্র : আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন যে, কেন্দ্রীয় সরকারের নির্দেশ আছে যত তাড়াতাড়ি সম্ভব মামলাগুলো dispose of করা, নিষ্পত্তি করা। সেটাতো একটা ব্যাপার গেলই। তো শূন্যপদগুলো থাকার ফলে অনেক মামলা জমে যায়। এবং আমরা জানি যে, বিচারের নিষ্পত্তি হতে দেরি হয়। Justice delayed justice denied. আমি আপনাকে একটা কথা বলব যে, এই early dispose করার জন্য আপনি - judge-দের নিয়োগ করা শূন্যপদ পূরণ করা, এই ব্যাপারে রাজ্যসরকারের দায়বদ্ধতা কতখানি। এবং রাজ্যসরকার এই দায়বদ্ধতা পালন করার জন্য কতখানি অগ্রসর হয়েছেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই যে, procedure হচ্ছে PSC-র মাধ্যমে। High Courtর বিচারপতি ছাড়া, PSC-র মাধ্যমে appointment-টা আমরা দিই। কিন্তু তারপরে তার posting, removal, এবং transfer সমস্ত কিছুই High Court-র নির্দেশ অনুযায়ী হয় এবং সেটা High Court-ই করে থাকেন। এইক্ষেত্রে আমি মাননীয় বিধায়ককে জানাই যে, আমাদের নিয়োগে কোথাও কোনো শূন্য, কোথাও কিছু নেই। নিয়োগ শূন্য কোনো জায়গায় নেই। নিয়োগ হওয়া আছে কিন্তু যেগুলি শূন্যপদ আপনাকে বললাম, সেখানে posting যেটা দেবেন সেটা মহামান্য High Court দেবেন। সেই জায়গাগুলো শূনা রয়েছে। সুতরাং আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে কোনো জায়গায় কোনো খামতি নেই। এবং দ্রুত নিষ্পত্তি, এটা কেন্দ্রীয় সরকারের নির্দেশের ব্যাপার নয়। ব্যাপার হচ্ছে দ্রুত নিষ্পত্তি করতে রাজ্যসরকার আগ্রহী। আর আগ্রহী বলেই সমস্ত পদগুলিতে আমাদের নিয়োগ প্রক্রিয়া সম্পূর্ণ। কিন্তু posting-টা depend করে অনারেবল হাই কোর্টের উপর।

শ্রী অসিত মিত্র : ধন্যবাদ জানাচ্ছি মাননীয়া মন্ত্রীকে, তিনি বললেন যে এটা কি ভাবে হবে। কিন্তু যত তাড়াতাড়ি সম্ভব, এটা করা উচিত। যাতে করে মামলাগুলির নিষ্পত্তি তাড়াতাড়ি হয়। আমার স্যার, দ্বিতীয় প্রশ্ন, সেকেন্ড সাপ্লিমেন্টারী, যে বর্তমানে নারী ধর্ষণ একটা প্রতিদিনের ঘটনা ঘটেছে, আমাদের রাজ্য হয়ত অনেকটা এগিয়ে আছে, কিন্তু অন্যান্য জায়গাতেও হচ্ছে। এ ব্যাপারে দিল্লির সরকারের নির্দেশ, অতবড় জায়গাতেই Fast tract court এ এগুলিকে বিচার করার বন্দোবস্ত হচ্ছে, যাতে করে এটা Delayed না হয়। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি কি জানাবেন, বর্তমান রাজ্য সরকারের আপনার বিভাগ, কারণ নারী ধর্ষণের এই বিচার দ্রুত করার জন্যে তারা কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই আপনি যে কথা বললেন, যে আমাদের রাজ্য নারী নির্যাতনে একেবারে এগিয়ে গিয়েছে। এটা বাম আমলে এগিয়ে গিয়েছিল। কিন্তু এখন নারীদের বলার মতন ক্ষেত্র তৈরী হয়েছে। এবং মহিলারা নির্যাতিতা হলে সেখানে তারা তাদের অভিযোগ দায়ের করতে পারেন। আপনি শুনুন, আমি বলছি। আপনি বললেন, দিল্লিতে Fast Track Court এর মাধ্যমে বিচারের ব্যবস্থা করা হয়েছে, একটি মাত্র, একটি মামলা। যে মামলাটি আপনারা সবাই জানেন এবং সারা বিশ্বও জানে। দিল্লিতে যে মেয়েটি এই নির্যাতনের ফলে তাঁকে মৃত্যু বরণ করতে হয়েছিল। তাই ওটা ফাস্ট ট্রাক কোর্ট, শুনে রাখুন, আমাদের রাজ্যের সরকার Fast Track Court, আমাদের এখানে ১৫১ টি প্রেজেন্ট, চলছে। কিন্তু ব্রীজ মোহনের কেস অনুযায়ী, Honomable Supreme Court এর ডিরেকশান অনুযায়ী ৩১শে মার্চ, ২০১৩র মধ্যে যে, temporary nature এর courtগুলো আছে, সেগুলিকে পার্মানেন্ট করতে হবে। যে ক'টি পার্মানেন্ট হবে, সেটিই থাকবে। Temporary nature এর কোন থাকতে পারবে না। কেন্দ্রীয় সরকার ২০১২ থেকে আমাদের এই ফাস্ট ট্রাক কোর্ট চালাবার জন্য কোন অর্থও দেন না। সম্পূর্ণ নিজস্ব অর্থ বরাদ থেকে আমরা Fast Track Courtগুলি এক বছর ধরে চালিয়ে আসছি এবং cabinet ডিসিসান হয়ে গেছে। ৮৮ টি Fast Track Court out of 151, এই ৮৮ টি ফার্স্ট ট্রাক কোর্ট তাকে permanent feature দেওয়া হয়েছে অর্থাৎ তারা পার্মানেন্ট কোর্ট হিসাবে কাজ করবে এবং ২৪টিকে ADJ court হিসাবে রূপান্তরিত করা হয়েছে। অর্থাৎ যে পরিকাঠামো রয়েছে তার মধ্যে তাকে পার্মানেন্ট নেচার দেওয়া হয়েছে। আর ২৯টি কোর্টকে রেগুলার কোর্টে কনভার্ট করা হয়েছে। অর্থাৎ পুরো ১৪১টি কোর্ট আমরা রেখেছি। আর, আপনি মহিলা নিয়ে খুব চিন্তিত। এখন দেখছি যে পুরুষরাও খুব চিন্তা করছেন, বেশ ভালই লাগছে। যে এতদিন চিন্তা করেন নি, এখন করছেন। আমরা অনেক বানতলা, ধানতলা, অনেক কিছু দেখেছি, কোনদিন চিন্তা দেখি নি। শুনুন, আমি আগে প্রশ্নের উত্তর দিই। আমাদের ৮৮টি ফার্স্ট ট্রাক কোর্ট এর মধ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর দৃষ্টিভঙ্গীর জন্য সিদ্ধান্ত হয়ে গিয়েছে ৪৫টি ফার্স্ট ট্রাক কোর্টকে আমরা মহিলা ফার্স্ট ট্রাক কোর্ট হিসাবে চিহ্নিত করেছি। খালি কোন কোনটি হবে, সেটার জন্য হাইকোর্টে পাঠান হয়েছে। দেশের মধ্যে, দেশের মধ্যে, দিল্লি নয়, দেশের মধ্যে এই সিদ্ধান্ত প্রথম পশ্চিমবঙ্গের রাজ্য সরকার মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্ব নিয়েছেন।

শ্রী বাসুদেব খাঁ : স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। বিচারকের শূন্য পদের জন্য রাজ্য সরকারের তরফে দেখা যাচ্ছে, ইতিমধ্যেই বিচারাধীন অপরাধীদের মামলা তুলে নেওয়া হচ্ছে। এই কথা কি ঠিক? যদি ঠিক হয় তাহলে ২০১১-১২ ও ২০১২-১৩য় তার সংখ্যা কত?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আপনার প্রশ্নটা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে, মাননীয় বিধায়ককে জানাই, আপনার প্রশ্নটা বোধহয় সঠিক হল না। মানে, মানে বোঝা গেল না। শূন্যপদের সাথে, বিচারের মামলা তুলে নেওয়ার কি সম্পর্ক এটা আমি বুঝতে পারি নি। কিন্তু এই যে প্রশ্নটি আপনি করেছেন, সেটি মূল প্রশ্নের সঙ্গে তার কোন রিলেশান নেই। ফলে আপনি নতুন করে প্রশ্ন করলে, আমি নতুন করে উত্তর দেব।

[11.10–11.20 a.m.]

ড. সুখবিলাস বর্মা : ম্যাডাম, আপনি বললেন যে ফাস্ট ট্রাক কোর্টগুলোর জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট কোনো টাকা দেয় না। আপনার তো বাজেট হেডে ধরা আছে সেন্ট্রালি স্পনসর্ড স্কিম। আমি গত বছরে এটি উল্লেখ করেছিলাম চেঞ্জ করার জন্য। এই বছরও সেন্ট্রালি স্পনসর্ড স্কিম বাজেট হেডে দেওয়া আছে। এটা কি আপনি জানেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আপনার প্রশ্নটা আমি বুঝতে পারি নি। আপনি যদি দয়া করে আর একবার প্রশ্নটা করেন।

ড. সুখবিলাস বর্মা : আপনি বললেন যে এই ফার্স্ট ট্রাক কোর্টগুলো চালানোর জন্য আগে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিত। তারপরে বন্ধ করে দিয়েছে। সুতরাং ফাস্ট ট্রাক কোর্টের জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট এখন আর টাকা দিচ্ছে না। কিন্তু আপনার বাজেট হেডে এখনো সেন্ট্রালি স্পনসর্ড স্কিম দেখানো আছে। আমি গত বছর বলেছিলাম চেঞ্জ করুন, কিন্তু হয় নি। এই বছরও আছে সেটা কি আপনি জানেন? দ্বিতীয় নম্বর, মহিলাদের জন্য ৪৫টা ফাস্ট ট্রাক কোর্ট আপনারা করবেন। এত মহিলা জজ এই লেভেলে আছে কি?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : প্রথমত বলি, যে সেন্ট্রালি স্পনসর্ড স্কিম তার আন্ডারে ছিল, তাই বাজেটের মধ্যে ওটা বলা আছে। ব্রিজমোহনের কেসটা আপনি জানেন। তাতে আর কেন্দ্রীয় সরকারের অর্থ থেকে সেটা করাও যাবে না। ফলে আমরা করি নি, করছিও না। সুতরাং এখন আর বাজেটে রাখার কোনো— কি করে থাকবে — এই বছরে তো নতুন করে সেন্ট্রালি স্পনসর্ড স্কিম দেবে। সেটা একটু জানুন। তারপরে আপনি যেটা বললেন, ৪৫টি মহিলা কোর্ট, এত মহিলা আছে কিনা — আমার নিশ্চিত ধারণা মহিলা অনেক আছেন। আপনারা কেউ কোনোদিন সারা ভারতবর্ষে দেখতে পান নি, আমাদের রাজ্যের সরকার দেখতে পাচ্ছে। যেখানে থাকবে না, সেখানে মূল হল সিদ্ধান্ত। সেখানে যদি আপনি আপনার ফুড সিকিওরিটি বিল দেখেন, যে ফুড সিকিওরিটি বিলে আজকে মহিলাদের হেড অফ দ্য ফ্যামিলি করার একটা উদ্যোগ নেওয়া হয়েছে। সেখানে বলা হয়েছে, ১৮ বছরের যদি কোনো মহিলা সেই পরিবারে না থাকে তাহলে পুরুষটি থাকবেন,

১৮ বছরের মহিলা এসে গেলেই মহিলা হয়ে যাবে হেড অফ দ্য ফ্যামিলি। অনুরূপভাবে, যদি মহিলা জজ এই স্ট্যান্ডার্ডে না পাওয়া যায় তাহলে পুরুষ থাকবেন। সঙ্গে সঙ্গে যখনই মহিলা এখানে আসবেন তিনি হয়ে যাবেন আসল। কথা হচ্ছে সিদ্ধান্ত, আসল কথা হচ্ছে দৃষ্টিভঙ্গি যা ভারতবর্ষের মধ্যে এই রাজ্যের সরকার প্রথম দেখিয়েছেন।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়কে আমার অতিরিক্ত প্রশ্ন। অনেক কান্নাকাটি হচ্ছে। একসময় আমাদের জেলার আরামবাগে এক জজ সাহেবের চেম্বারে ঢুকে কেউ কেউ চড় মেরেছেন। বিচার নিয়ে অনেক কথা হচ্ছে। সারা ভারতবর্ষের কাগজেও বেরিয়েছে। আমি মন্ত্রী মহোদয়কে প্রশ্ন করতে চাই, তিনি যে শূন্য পদের সংখ্যা বললেন এই শূন্য পদ কবে থেকে তৈরি হয়ে আছে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : এই শূন্যপদ আগে থেকেই তৈরি হয়ে আছে। তবে কিছু কিছু সময় আবার মহামান্য হাইকোর্ট সেগুলিকে পূরণ করেন। এর পুরো তথ্য মহামান্য হাইকোর্টের কাছে থাকে। আজকে যে প্রশ্নটির উত্তর আমি মাননীয় বিধায়ক অসিত মিত্র মহাশয়ের প্রশ্নের জবাবে দিলাম, সেই উত্তরের জন্য আমাকে স্ট্যাটাসটা সংগ্রহ করতে হয়েছে হাইকোর্ট থেকে। কারণ হাইকোর্ট এটা মেন্টেন করেন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : স্পীকার স্যার, আমরা যে সমাজে বাস করি সেই সমাজে—

মিঃ স্পীকার : কোয়েশ্চেনটা করুন। কোয়েশ্চেনটা করুন।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : এটা কোয়েশ্চনই। এগুলো কোয়েশ্চেন রিলেটেড, নাহলে হবে না, এগুলো থাকবে — পশ্চিমবাংলার বামফ্রন্ট আমলেও ছিল।

মিঃ স্পীকার : কোয়েশ্চেনটা রেইজ করুন। এত ব্যাক গ্রাউন্ড বললে সময়টা অনেক চলে যায়।

শ্রী চৌধুরী মহঃ হেদায়েতউল্লাহ : এখন দেখা যাচ্ছে — এই ঘটনাগুলো — রেপ ঘটনা ঘটছে। কিন্তু আইনে কোনো ব্যবস্থা নেওয়া হচ্ছে না, সাজানো বলা হচ্ছে। যার জন্য ঘটনা বেড়ে যাচ্ছে। আমি মাননীয়া মন্ত্রী মহোদয়কে বলবো সঙ্গে সঙ্গে আইনের ব্যবস্থা নেওয়ার জন্য।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়ককে জানাই মূল প্রশ্নের সঙ্গে সংযোগ নেই এমন কোনো প্রশ্ন করেন তার উত্তর দেওয়ার কোনো দায়িত্ব এই সদনে আমার নেই। আপনি যে প্রশ্ন করছেন সেটা আপনি অত্যন্ত অন্যায় একটি প্রশ্ন করছেন। কারণ বিচার ব্যবস্থার দিকে আপনি আঙ্গুল তুলছেন। বিচার ব্যবস্থার প্রতি আমাদের সবার আস্থা আছে। বিচার ব্যবস্থার প্রতি আস্থা রাখুন। যথাযোগ্য বিচার সব জায়গায় হবে। মেয়েদের জন্য মাননীয় বিধায়ক এত কুমিরের চোখের জল এখন ফেলবেন না। আমরা বানতলায় আপনাদের দেখিনি, ধানতলায় দেখিনি, সুঁটিয়ায় দেখিনি, ধোকসাডাঙায় দেখিনি, বাসন্তীতে দেখিনি, সালানে দেখিনি। তাই আপনাদের চোখের জল আমাদের দরকার নেই। আমরা সীমিত শক্তি দিয়ে আমাদের অধিকার অর্জন করতে পারবো।

[11.20–11.30 a.m.]

দক্ষিণ ২৪ পরগণার পর্যটনশিল্পের উন্নয়ন

*১০৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪) **শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

দক্ষিণ ২৪ পরগণা জেলায় পর্যটনশিল্পের উন্নয়নে রাজ্য সরকার কী কী পদক্ষেপ নিয়েছে/নিচ্ছে?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী :

দক্ষিণ ২৪ পরগণা জেলায় পর্যটন শিল্পে উন্নয়নে রাজ্য সরকার নিম্নলিখিত পদক্ষেপ নিয়েছে/নিচ্ছে—কেন্দ্রীয় সরকার কর্তৃক অনুমোদিত প্রকল্প —

ক্রম নং	প্রকল্পের নাম	প্রকল্প ব্যয়	কাজের বিবরণ	বর্তমান অবস্থা
১	ডেভলপমেন্ট অফ সার্কিট ট্যুরিজিম ইন বকখালি, ফ্রেসারগঞ্জ এ্যান্ড সাগর আইল্যান্ড ইন সাইথ ২৪ পরগণা ডিস্ট্রিক্ট	৪৭০.৬৯ লক্ষ টাকা	সৌন্দর্যায়ন, নীচু দেওয়াল নির্মাণ, আলোকিতকরণ; আবর্জনা নির্বাহীকরণ ও পয়ঃপ্রণালী উন্নয়ন; পর্যটন সংক্রান্ত সরঞ্জামাদি স্থাপন; প্রকল্পের কারণে স্থানান্তরিত মানুষদের বাসস্থান নির্মাণ / পর্যটক তথ্য কেন্দ্র; নামফলক স্থাপন।	কাজ সম্পূর্ণ হয়েছে।
২	ডেভলপমেন্ট অফ ইকো-ট্যুরিজিম কমপ্লেক্স কাম ডেস্টিনেশন এ্যাট সজনেখালি সাউথ ২৪ পরগণা	৪৫৭.৬০ লক্ষ টাকা	সৌন্দর্যায়ন, পথ নির্মাণ, জেটি; আলোকিতকরণ (পরিবেশ বান্ধব যন্ত্র সহযোগিতায়); জলের যোগান এবং পয়ঃপ্রণালী তৈরী; নামফলক স্থাপন; পর্যটক অভ্যর্থনা কেন্দ্র; সুন্দরবন সম্পর্কিত ভাষ্য কেন্দ্র; পর্যবেক্ষণ মিনার নির্মাণ।	১৩৫.৬৭ লক্ষ টাকা খরচ হয়েছে। কাজ চলছে। কাজের গতি ত্বরান্বিত করার জন্য বাকী অর্থ বনবিভাগ পঃবঃ সরকারকে দেওয়া হবে।
৩	ডেস্টিনেশন ট্যুরিজিম প্রজেক্ট এ্যাট গঙ্গাসাগর, ২৪ পরগণা (সাউথ), ওয়েস্ট বেঙ্গল।	৫০০.০০ লক্ষ টাকা	স্থানীয় উন্নয়ন; স্থানীয় আলোকিতকরণ; জনস্বাস্থ্য উন্নয়ন; জনসাধারণের পথপার্শ্বস্থ সুবিধা নির্মাণ; নামফলক স্থাপন; পর্যটক সুবিধা; পর্যটন সংক্রান্ত পৌর পরিষেবা উন্নয়ন; পর্যটন সংক্রান্ত অন্যান্য কাজ	কাজ চলছে। কাজের গতি ত্বরান্বিত করার জন্য জনস্বাস্থ্য কারিগরী বিভাগ, পঃবঃ সরকারকে অর্থ দেওয়া হয়েছে।

ক্রম নং	প্রকল্পের নাম	প্রকল্প ব্যয়	কাজের বিবরণ	বর্তমান অবস্থা
৪	ডেস্টিনেশন ট্যুরিজিম প্রজেক্ট এ্যাট সুন্দরবন, ২৪-পরগণা (সাউথ)	৪৮৮.৫৩ লক্ষ টাকা	গদখালি এলাকার উন্নয়ন — স্থানীক উন্নয়ন; জনস্বাস্থ্য রক্ষা পদ্ধতির উন্নয়ন; পথপার্শ্বস্থ জনসুবিধা নির্মাণ; পর্যটক সুবিধা; পর্যটন সংক্রান্ত পৌর পরিষেবা উন্নয়ন; পর্যটন সংক্রান্ত অন্যান্য কাজ। পাখিরালয় এলাকার উন্নয়ন — স্থানিক আলোকিতকরণ; জনস্বাস্থ্য পদ্ধতির উন্নয়ন; নামফলক স্থাপন; পর্যটন সংক্রান্ত পৌরপরিষেবা উন্নয়ন; পর্যটন সংক্রান্ত অন্যান্য কাজ।	কাজ চলছে।
৫	ডেস্টিনেশন ট্যুরিজিম প্রজেক্ট এ্যাট ডায়মন্ডহারবার, ২৪-পরগনাস (সাউথ)	৫০০.০০ লক্ষ টাকা	স্থানীক উন্নয়ন; স্থানীক আলোকিতকরণ; জনস্বাস্থ্য রক্ষা পদ্ধতির উন্নয়ন; পথপার্শ্বস্থ জনসুবিধা নির্মাণ; নামফলক স্থাপন; পর্যটক অভ্যর্থনা কেন্দ্র; পর্যটন সংক্রান্ত পৌর পরিষেবা উন্নয়ন; পর্যটন সংক্রান্ত অন্যান্য কাজ.	কাজ চলছে।
৬	সুন্দরবন মেগা ট্যুরিজিম প্রজেক্ট			বিস্তারিত প্রকল্প প্রতিবেদন তৈরীর বরাত আই.এল এ্যান্ড এফ.এস কে দেওয়া হয়েছে।
৭	হেনরী আইল্যান্ড — বকখালি — ফ্রেসারগঞ্জ			বিস্তারিত প্রকল্প প্রতিবেদন তৈরীর বরাত বেঙ্গল এস.আর.আই.কে দেওয়া হয়েছে।
৮	গোবর্দ্ধন সী-বীচ্			বেঙ্গল এস.আর.আই প্রাথমিক প্রকল্প প্রতিবেদন পেশ করেছে।

রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত প্রকল্প —

১)	গঙ্গাসাগর পর্যটক আবাস সংস্কার	৯৭,৭৪,৬৮৬ টাকা	কাজ সম্পূর্ণ হয়েছে।
২)	ডায়মন্ড হারবার পর্যটক আবাস সংস্কার	৯৮,০১,২৪৩ টাকা	কাজ চলছে।
৩)	গঙ্গাসাগরে তীর্থযাত্রীদের জন্য আচ্ছাদন নির্মাণ	৫৬,৭৯,৭২৯ টাকা	কাজ সম্পূর্ণ হয়েছে।
৪)	গঙ্গাসাগরে সুলভ শৌচালয় নির্মাণ	২১১৫০০০ টাকা	ঐ
৫)	ভ্রাম্যমান শৌচালয় (গঙ্গাসাগর) স্থাপন	২৩২৮৭৫০ টাকা	কাজ সম্পূর্ণ হয়েছে।
৬)	সাগর দ্বীপ-এর কচুবেড়িয়ায় পি.ই.বি শেলটার নির্মাণ	৪৩৮৪৭৯৪ টাকা	কাজ সম্পূর্ণ হয়েছে।
৭)	গঙ্গাসাগরে কচুবেড়িয়া ও লট নং ৮ এ অভ্যর্থনা তোরণ নির্মাণ	১৩৩৩২৩৯৪ টাকা	কাজ চলছে।
৮)	গঙ্গাসাগর পর্যটক আবাস থেকে কপিলমুনি আশ্রম হয়ে সাগরবেলা পর্যন্ত রাস্তা নির্মাণ	১৬৬৪৫৪৮২ টাকা	কাজ চলছে
৯)	কপিলমুনি মন্দির আলোকিতকরণ	৫০৫৩২৭০ টাকা	অর্থ প্রদান করা হয়েছে।
১০)	গঙ্গাসাগরে ২৯টি দোকান নির্মাণ	৭৭,৮০,০০০ টাকা	কাজ চলছে।
১১)	পর্যটক আবাস নির্মাণসহ ১০ একর জমিতে পর্যটন উন্নয়ন		প্রকল্প প্রতিবিদন তৈরীর কাজের বরাত দেওয়া হয়েছে।
১২)	গঙ্গাসাগরে গাড়ী চলার রাস্তা ও গাড়ী রাখার স্থান আলোকিতকরণ	২৫,৬৩,০০০ টাকা	কাজ চলছে।
১৩)	গঙ্গাসাগর পর্যটক আবাস থেকে কপিলমুনি আশ্রম হয়ে সাগর পয়েন্ট পর্যন্ত গাড়ী চলার কংক্রীট রাস্তা নির্মাণ	২,৩৭,৫৭,০০০ টাকা	কাজ চলছে।
১৪)	গঙ্গাসাগরে ২০টি পর্যটক কুটীর ও ১০০ শয্যা বিশিষ্ট পর্যটক আবাস নির্মাণ	১২০০০০০০০ টাকা	কাজ চলছে।
১৫)	গঙ্গাসাগরে কপিলমুনি আশ্রমের নিকট ফুড কোর্ট নির্মাণ	১৩১০৫৫৭০ টাকা	কাজ চলছে।
১৬)	রামগঙ্গায় পর্যটক আবাস নির্মাণ	১৯৪২৬৭৬৬ টাকা	কাজ চলছে।
১৭)	হেনরী আইল্যান্ড, হলিডে আইল্যান্ড, সাগর আইল্যান্ড, জম্বুদ্বীপ, লেথিয়ান আইল্যান্ড, পাখিরালয়, রামগঙ্গা ইত্যাদি স্থানে পর্যটন উন্নয়নের জন্য তথ্য সংগ্রহের কাজ চলছে। পাথর প্রতিমা ব্লকে ময়ূরপঙ্খী নৌকা চালানোর প্রস্তাব বিবেচিত হচ্ছে।		

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবেল স্পীকার স্যার, মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর গোটা সুন্দরবনকে ঘিরে যে পর্যটন শিল্প গড়ে তোলবার পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছে তারজন্য আমি মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ জানাই। আমার অতিরিক্ত প্রশ্ন, এই সুন্দরবনকে কেন্দ্র করে পর্যটন শিল্প গড়ে তোলবার জন্য কেন্দ্রীয় সরকারের কোন সহায়তা আছে কিনা, থাকলে তা দয়া করে জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আমি যে অর্থের কথা বললাম তার সবটাই কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ইতিপূর্বে আপনি বলেছেন আমাদের পাথর প্রতিমা ব্লকের রামগঙ্গা এবং গোবর্ধনপুর, এই দুটি জায়গাতে পর্যটন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা নিয়েছেন। রামগঙ্গাতে ইতিমধ্যে কাজ চলছে। কিন্তু গোবর্ধনপুর সমুদ্র সৈকতে পর্যটন কেন্দ্র গড়ে তোলার যে পরিকল্পনা আপনার দপ্তর গ্রহণ করেছে, এইজন্য কোন প্রোজেক্ট রিপোর্ট তৈরী হয়েছে কি না জানাবেন। যদি হয়ে থাকে তবে তা কবে নাগাদ কার্যকরী হবে এবং এরজন্য কোন অর্থ বরাদ্দ করেছেন কিনা, এটা দয়া করে জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : এই ব্যাপারে আপনি আলাদা একটা লিখিত প্রশ্ন করলে আপনাকে আলাদাভাবে জানাতে পারতাম। তবে একটা কথা বলতে পারি, শুধু আমাদের দেশে নয়, গোটা সুন্দরবনকে সারা পৃথিবীর কাছে আকৃষ্ট করার জন্য আমরা বেশ কিছু পরিকল্পনা নিয়েছি। এখানে জেটি নির্মাণ, এখানে ক্রুজ, ভালো লঞ্চ ইত্যাদির ব্যবস্থা আমরা নিয়েছি। ঝড়খালিতে আমরা ৯৯৯ একর জমি পেয়েছি, আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় যা উল্লেখ করেছেন। এখানে হেলিপ্যাড তৈরী করাও হবে। রিসেন্টলি আপনারা দেখেছেন মাননীয় মুখ্যমন্ত্রী হেলিকপ্টার সার্ভিসের জন্য একটা মৌ চুক্তি করেছেন, সারা পশ্চিমবাংলায় এই পর্যটন শিল্প উন্নীত করার জন্য। তার সঙ্গে আরো অনেক কিছু হবে। তবে সুন্দরবনটা ওয়ার্ল্ড হেরিটেজের মধ্যে অন্যতম। আমরা সেই দৃষ্টিটা রেখেছি। ওখানে আরও সুন্দর সুন্দর জিনিস কি করা যায়, ইনফ্রাস্ট্রাকচার ডেভালপড় আরো কি করে করা যায়, তার দিকে আমাদের এই সরকার নজর দিয়েছে।

শ্রী রামেশ্বর দলুই : মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে একটা অতিরিক্ত প্রশ্ন করছি, গতকাল লিখিত প্রশ্নের উত্তর আমরা পেয়েছি, গতকালের তারিখে। মাননীয় মন্ত্রী যদি না পেয়ে থাকেন একটু দেখবেন তাতে পর্যটন কেন্দ্রের নাম — নতুন পর্যটন কেন্দ্রের নাম পূর্ব মেদিনীপুর জেলায় দীঘা উল্লেখ করা আছে। আমি যখন প্রাইমারী স্কুলের ছাত্র তখনও দীঘা পর্যটন কেন্দ্র। নতুন কিভাবে করবেন, এনিয়ে আমরা খুবই বিস্মিত এবং সভা বিভ্রান্ত। আমিও নিজে খুবই বিভ্রান্ত। আপনি যদি অনুগ্রহ করে বিষয়টা বলেন এই তালিকায় আছে। উত্তর দিয়েছেন দীঘা নতুন পর্যটন কেন্দ্র হবে। যদি অনুগ্রহ করে ব্যাখ্যাসহ একটু বলেন। ধন্যবাদ।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : আসলে উনি যে প্রশ্ন করেছেন সেই প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয় কিন্তু তাও আপনাকে বলছি। সারা পশ্চিমবাংলায় পর্যটনটা আকর্ষণীয় ভাবে গড়ে উঠবে। আমি কিছুদিন আগে দীঘায় ঘুরে এসেছি। দীঘা ওয়ান টাইম পর্যটন, মানে শুধু সমুদ্রে স্নান করে, আর তারপরে, বিকেলের পরে আর কোন দীঘায় জায়গা নেই। আমরা এটা টু টাইম আনতে

চাইছি। যারা সমুদ্রে স্নান করবে ঠিক আছে। কিন্তু সন্ধ্যার পর ওখানে open air park, open air beer bar, open air Restaurant, আপনার ভাল folk culture এর জন্য কিছু vessel বা barge দেখবেন এটা গোয়াতে আছে। vessel-এর মধ্যে ঘোরা, ওখানের folk culture ওখানে তাদের canteen আছে, ভাল Restaurant আছে। সেই জিনিসগুলোকে আমরা দীঘাতে আনার চেষ্টা করছি। অনেকগুলো ভাল ভাল ride। আমি গিয়েছিলাম ২৬শে ডিসেম্বর। দেখবেন motor glider আমি ওপেন করেছিলাম। এই motorএ চড়ে আপনি, আর parachute লাগিয়ে গোটা আকাশটা ঘোরা যাবে। আরও অনেক water sports আমরা চালু করছি। তবে এটুকু আপনাদেরকে নিশ্চিন্তে বলতে পারি, যে দীঘা আগামীদিনে গোয়া হবে না কিন্তু গোয়া টাইপের আকর্ষণীয় আমরা দীঘাকে করতে পারবো।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। স্যার, মাননীয় মন্ত্রী জানেন যে অযোধ্যায় একটা খুব ভাল পর্যটন কেন্দ্র হওয়ার সম্ভাবনা আছে। এবং ইতিমধ্যে, তৎকালীন মাননীয় মন্ত্রী রচপাল সিং সাহেব যে উত্তর দিয়েছিলেন যে প্রায় ৫ কোটি টাকা কেন্দ্রীয় সরকার মঞ্জুর করেছেন অযোধ্যাকে ডেভলপ করার জন্য। পরবর্তীকালে দেখা গেল সেই টাকা প্রায় এক থেকে দেড় বছর পর, পুরুলিয়ার ডি.এম.-এর ফান্ডে কিছু অংশ গেছে, টোটালটা যায় নি। এবারে ডি.এম. সাহেব সেখানে হয় প্রোজেক্ট রিপোর্ট বা ডি.পি.আর. তৈরী করা বা অন্য কিছু কারণে গোটা ব্যাপারটা একদম ডেডলক অবস্থায় পড়ে আছে। এখন এই বিষয়ে মন্ত্রী জানেন কি? তাড়াতাড়ি কাজটা করার জন্য বা পুরো টাকা ওখানে পাঠানোর জন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কি? যদি দয়া করে জানান।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় বিধায়ক নেপাল বাবু এর আগেও আমাকে ব্যক্তিগত ভাবে বলেছেন। আমি তৎক্ষণাৎ আমাদের ডিপার্টমেন্টের আধিকারিকের সঙ্গে আলোচনা করে এবং ওখানকার জেলা সমাহর্তার সঙ্গে কথা বলেছি। নেপাল বাবুকেও আমি জানিয়েছি, যদি নেপাল বাবু একটু উদ্যোগী হয়ে জেলা সমাহর্তার সঙ্গে কথা বলে কাজ করেন, আর আমাদের যে সচিব আছেন তিনিও ভি.ডি.ও. কনফারেন্সের মাধ্যমে এই জেলাশাসকদের বলে দিচ্ছেন। বিভিন্ন এলাকার জেলা শাসকদের টাকা দেওয়া হচ্ছে। মুর্শিদাবাদে দেওয়া হচ্ছে, আরও অনেক জায়গায় দেওয়া হচ্ছে। আমার মনে হয়, যদি আপনি যদি উদ্যোগ নেন। আপনি নিজে উদ্যোগী মানুষ, টাকাগুলো কোথা থেকে আনতে হয় এটা আপনি নিজে নিয়ে আসুন। আর কাজটাও আপনাকে উদ্যোগ নিয়ে করাতে হবে। যদি আপনি, আমাদের বলেন আমি নিশ্চয় যাবো আপনার ঐখানে এবং কাজ কিভাবে ত্বরান্বিত করতে হয় আপনি একটি ব্লু প্রিন্ট করুন, আমরা যাবো।

শ্রী উজ্জ্বল প্রামাণিক : স্যার, মাননীয় অধ্যক্ষের মাধ্যমে আমি মাননীয় বিভাগীয় মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাইছি। আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত জামালপুরে দামোদর এবং মুন্ডেশ্বরীর মাঝে একটি বিস্তীর্ণ এলাকা আছে। আমরা পূর্বতন সরকারের কাছে শুনেছিলাম যে ঐ এলাকায় একটা পিকনিক স্পট তৈরী করা হবে এবং পর্যটন কেন্দ্রও গড়ে তোলা হবে। কিন্তু আমরা যখন সরকারে এসেছি তারপর দেখছি এই ধরণের কোন পদক্ষেপ নেওয়া হয়নি ঐ অঞ্চলটাকে পর্যটন কেন্দ্র বা পিকনিক স্পট হিসাবে গড়ে তোলার জন্যে। আমি মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাইছি,

যে আমাদের বর্তমান সরকার ঐ দামোদর এবং মুন্ডেশ্বরীর মাঝের জায়গাটিতে পর্যটন কেন্দ্র এবং পিকনিক স্পট গড়ে তোলার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করেছে কিনা?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাচ্ছি আমাদের রাজ্যের এখন অনেক tourism হবে, eco-tourism, heritage tourism, religious tourism, river tourism, forest tourism। সুতরাং, আমি আপনাকে অনুরোধ করব যে আপনি যদি এটা লিখিত ভাবে আমাদের দপ্তরে জমা দেন নিশ্চয় আমাদের আধিকারিকরা যাবেন, সেটা দেখে viable যদি হয়, নিশ্চয় হবে।

শ্রী মনোরঞ্জন পাত্র : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাইছি, বাঁকুড়া জেলার মুকুটমণিপুরে এই পর্যটন কেন্দ্রটাকে গোটা ভারতের কাছে তুলে ধরবার জন্য তৎকালীন সময় — এটা আপনি জানেন যে বাঁকুড়া থেকে মুকুটমণিপুর পর্যন্ত রেল লাইন স্থাপন তার খানিকটা কাজ অবধি হয়েছে, বাকি কাজ-টাজ হচ্ছে না। নানা ধরনের সমস্যা, তার প্রধান কারণ ছিল জমি সমস্যা। সেই জন্য আমার প্রেসিফিক প্রশ্নটা হচ্ছে এই পর্যটন কেন্দ্রটাকে এবং তার উৎকর্ষ সাধন করতে গেলে পরে এখন এই সরকার কি ভাবনা-চিন্তা করছে মাননীয় মন্ত্রী জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য-এর প্রশ্নের উত্তরে জানাই পর্যটন কেন্দ্র উন্নীত করতে গেলে infrastructure development করতে হবে। ধরুন আমি প্রচার করলাম, আপনার বাড়িতে বা আমার বাড়িতে কোন অনুষ্ঠান করি, কিন্তু মানুষকে বসার জায়গা দিতে পারলাম না, খেতে দিতে পারলাম না, তাহলে কিন্তু হবে না। আমাদের পর্যটন শিল্পটাই তাই। আগে আমাদেরকে পরিকাঠামো তৈরি করতে হবে — রাস্তা, Rest House, light এবং এক একটা পর্যটক এক এক রকম facility দাবি করে — গাড়ি। এই পরিকল্পনাগুলো আমরা হাতে নিয়েছি। বাঁকুড়া জেলাটা একটা পর্যটন জেলা। মুকুটমণিপুর সব আরোও অনেক জায়গা আছে। সেগুলো কিন্তু আমাদের দপ্তর বিভিন্ন ভাবে উৎসবের মাধ্যমে, বিভিন্ন ভাবে এটাকে সারা পৃথিবীর কাছে আমরা এটাকে তুলে ধরার চেষ্টা করেছি। আমাদের মাননীয় অর্থমন্ত্রী London গিয়েছিলেন, মাননীয় বিদ্যুৎমন্ত্রীও Berlin-এ গিয়েছিলেন। এই বাঁকুড়ার themeটায় সেখানে আমরা প্রয়োগ করেছি। ভারতবর্ষ শুধু নয়, পৃথিবীর কাছে আমরা এটাকে প্রয়োগ করেছি। আমি আশা রাখছি, আপনাদের বলছি, এই সরকারের মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী পর্যটন শিল্পটাকে আরো উঁচু করে সারা পৃথিবীর কাছে প্রচার করবে। কিন্তু তার আগে পরিকাঠামো তৈরি করতে হবে। আমি আপনাদের rest assure কথা বলছি। আমরা পরিকাঠামোটাকে আরোও উন্নত করার চেষ্টা করছি।

শ্রী পার্থসারথী চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন — যদিও আজকে দক্ষিণ ২৪ পরগনা পর্যটন শিল্প-এর উপরে প্রশ্ন। মন্ত্রী মহোদয়ের যদি জানা থাকে তাহলে অনুগ্রহ করে জানাবেন যে নবদ্বীপ, শান্তিপুর পর্যটন সার্কিটের সঙ্গে আমার একটা প্রোপোজাল ছিল ফুলিয়া কৃত্তিবাসটাকে যুক্ত করা। এই ভাবে ফুলিয়া কৃত্তিবাসকে যুক্ত করা হয়েছে কিনা অনুগ্রহ করে জানাবেন কি?

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে এইটুকু জানাচ্ছি নবদ্বীপ, কৃষ্ণনগর, কাটোয়া, কালনা, মুর্শিদাবাদ, মালদা এটা নিয়ে একটা river course আমরা চালু করেছি। এই river course এই জায়গাগুলো ঘুরবে নদী পথে। নদী নিয়ে যদি আপনারা Kerala দেখেন, কেরলার নদীটাকে কাজে লাগিয়ে অনেক পর্যটন শিল্প তৈরি করেছে। আপনি যদি বিদেশে দেখেন তাহলে Singapore বলুন, Thailand বলুন, নদীটাকে কাজে লাগিয়েছে; আমরা এই পর্যটন শিল্পটাকে নদীটাকে কাজে লাগিয়ে আরোও উন্নীত করার চেষ্টা করছি। আর যদি আপনার কোন প্রশ্ন থাকে, সেই প্রস্তাব আমাদেরকে লিখিত ভাবে জানান, আমি এইটুকু বলতে পারি আমাদের budget-এ টাকা ধরা আছে, মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় অর্থমন্ত্রী বাজেটে টাকা ধরেছেন, central fundও আনতে পারব, PPP মডেলও। কারণ মায়াপুর একটা international centre হয়েছে ইস্কনের জন্য। সেটাকেও আমরা অন্য জায়গায় নিয়ে যেতে চাইছি।

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন ২০১২-১৩ অর্থবর্ষে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক ডুয়ার্সে ২৪ টি এলাকাকে কেন্দ্র করে Mega tourism in Dooars বলে একটি প্রকল্প মঞ্জুর করেছে এবং আমাদের Standing Committeeর সংবাদ অনুযায়ী এই মধ্যেই ৫০ শতাংশ অর্থ অর্থাৎ ২৪ কোটি টাকা রাজ্য সরকারের কাছে পৌঁছে গিয়েছে।

[11.30–11.40 a.m.]

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু বললেন, আপনি যে এলাকার বিধায়ক আছেন তার চারিদিকে একটা সত্যিকারের পর্যটনের আকর্ষনীয় জায়গা আছে। এটা আপনি জেনে খুশী হবেন এই গাজলডোবা — সেন্ট্রাল ফান্ড এসেছে কিনা দেখে নিচ্ছি — আমি বলছি যে গোটা জায়গাটাকে আকর্ষনীয় করার চেষ্টা করছি, গাজলডোবা তার মধ্যে একটা অন্যতম যেটা আন্তর্জাতিক মানের একটা পর্যটন কেন্দ্র। এখানে আমাদের উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মন্ত্রী আছেন, আমাদের বন বিভাগের মন্ত্রী, আমরা সবাই বসে কেন্দ্রীয় সরকারের যে ফান্ড — আমি একচুয়ালী এখনও জানি না যে ফান্ডের কথা বলছেন, সেটা আমি আমার দপ্তরের কাছে বলবো — যদি এই টাকা এসে থাকে, আপনার সঙ্গে আলোচনা করে ওই এলাকার কি কি জায়গায় পর্যটন কেন্দ্রগুলো আকর্ষণীয় করা যায়, ফরেষ্ট বা ওয়াইল্ড লাইফগুলোকে কিছু ভাবে মানুষের কাছে নিয়ে যাওয়া যায় দেখবো। আমরা ইতিমধ্যে আপনি দেখবেন যে, ওখানে একটা হেলিকপ্টার সার্ভিসও করার চেষ্টা করছি, রোপ ওয়ে করার চেষ্টা করছি যাতে মানুষের কাছে বিভিন্ন ভাবে আকর্ষিত করা যায়।

শ্রী সুভাষ নস্কর : স্যার, অরিজিনালী প্রশ্নটা হচ্ছে দক্ষিণ ২৪-পরগনা জেলার এবং দক্ষিণ ২৪-পরগনার পর্যটন বলতে গেলে সুন্দরবনকে নিয়ে। আপনার লিখিত উত্তরগুলো আমি সব পড়লাম। তাতে ৫ কোটি, ৪ কোটি, সাড়ে চার কোটি করে বরাদ্দ করে কতকগুলো জায়গায় আপনার আলোকিতকরণ, নাম ফলক স্থাপন, কোথাও হয়ত জেটি, ইত্যাদি ইত্যাদি বলেছেন। যে জায়গাগুলোর কথা বলেছেন সেই জায়গাগুলো সব আমাদের চোখের সামনে, আমরা ওই এলাকার

বিধায়ক বা পার্শ্ববর্তী এলাকায়। খুব বড় ধরণের কিছু করছেন বলে এর মাধ্যে প্রতিফলিত হলো না প্রায় ২৫ কোটি টাকা ব্যয়ে।

মিঃ স্পীকার : কোয়েশ্চেন করুন আপনি, কোয়েশ্চেন করুন।

শ্রী সুভাষ নস্কর : কোয়েশ্চেন করছি স্যার, এটাই তো কোয়েশ্চেন। কোয়েশ্চেনটা হচ্ছে, মা-মাটি-মানুষের সরকারের ঘোষণা কি ছিল? যে সুন্দরবনকে আপনারা আফ্রিকান স্যাফারীতে আনবেন। তার মূল প্রোজেক্টটা কোথায়, মূল ডি.পি. আর টা কোথায়? কি করলেন? খুচরো-খাচরা কতকগুলো জেটি করছেন, একটা প্রস্রাবখানা পাইখানা করছেন, একটু আলো দিয়ে সাজাচ্ছেন। এটা কি মূল হলো?

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

মিঃ স্পীকার : আপনি কোয়েশ্চেন করছেন না। না, কোয়েশ্চেনের উত্তর দিতে হবে না, ছেড়ে দিন। স্টার কোয়েশ্চেন ১০৪। (Noise & Interruptions) I will not allow it. You are not aware how to put question. It is not the way of putting question. It is not the way of putting question. স্টার কোয়েশ্চেন ১০৪, তাজমুল হোসেন।

(গোলমাল) (মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর সহ বিরোধী দলের মাননীয় সদস্যগণ নিজ নিজ সিটে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন)

সুভাষবাবু, আপনি অভিজ্ঞ একজন ...(গোলমাল)... শুনুন আমি একটা কথা বলি, আপনি একটা প্রশ্ন করার জন্য, প্রশ্ন করতে গেলে পরে আপনি তিন মিনিট তার ব্যাক গ্রাউন্ড ব্যাখা করবেন। করে প্রশ্নটা এমন ভাবে করবেন যে প্রশ্নটা অত্যন্ত ভেগ কোয়েশ্চেন, অত্যন্ত ভেগ কোয়েশ্চেন।

(গোলমাল) (মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর সিটে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন)

না তার জন্য নয় সবারটাই করেছি। আপনারটা না করার কোন কারণ নেই।

(গোলমাল)

বসুন, বসুন আমাকে বলতে দিন। প্লিজ সুভাষবাবু আপনি বসুন, আমাকে বলতে দিন। আমাকে বলতে দিন। প্লিজ বলতে দিন আমাকে। একটা কোয়েশ্চেন করার জন্য, আমাকে বলতে যদি না দেন, একটা সুনির্দিষ্ট কোয়েশ্চেন করুন। কিন্তু আপনি ভূমিকা এতক্ষন ধরে করেন যে প্রশ্নটাই হারিয়ে যায় আপনার। মাননীয় মন্ত্রী, আপনি ছোট করে উত্তর দিন।

শ্রী কৃষ্ণেন্দু নারায়ণ চৌধুরী : সুভাষবাবু আপনি দীর্ঘদিনের ওখানকার বিধায়ক এবং আপনি দীর্ঘ দিনের বিধায়ক। আপনি এলাকার উন্নয়ন করার জন্য অনেক সচেষ্ট। কিন্তু আপনি বলুন তাহলে টুরিষ্টদের ওখানে গিয়ে পায়খানার দরকার পড়বে না?

...... (গোলমাল)....... লঞ্চ থেকে নামার জন্য জেটির দরকার পড়বে না? (এই সময় বিরোধি দলের মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর নিজ সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন) দাঁড়ান, দাঁড়ান, দাঁড়ান। আপনি বলুন না, আপনি বললেন জেটি করে কি হবে, পায়খানা করে কি হবে।

.............(গোলমাল)...............(এই সময় বিরোধি দলের মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর নিজ সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।) সুভাষ বাবু, আপনি বলেছেন। আপনি আমার উত্তরটা শুনুন। আপনি আগে আমার উত্তরটা শুনুন। ....(গোলমাল)....

(ভয়েস :- এটা বলেন নি)

একটু আগেই আমি বললাম সুন্দরবন আমাদের যা অংশ পড়ে, তার থেকে অনেক বৃহৎ অংশ বাংলাদেশে পড়ে। কয়েকদিন আগে বোম্বেতে আমরা ফিল্ম ট্যুরিজমে একটা অনুষ্ঠানে গিয়েছিলাম। বাংলাদেশের মন্ত্রী মিঃ হক আমাদের সঙ্গে বোম্বেতে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। আমরা যৌথ ভাবে এই দুটো সুন্দরবন — বাংলাদেশের সুন্দরবন এবং আমাদের দেশের সুন্দরবন দেখে এসেছি। এটা ওয়ার্ল্ড হেরিটেজের মধ্যে পড়ে। সারা পৃথিবীর কাছে আমরা কি ভাবে আকর্ষণীয় করব, আমি একটু আগেই বলেছি হেলিকপ্টার সার্ভিস করা হবে, আমরা একটু আগে বলেছি ঝড়খালিতে ৯৯ একর জমি পেয়েছি আমরা। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন, এই জায়গাটাতেই আমরা একটা ভাল লঞ্চ আনতে চাইছি। এখন অনেক জায়গায় দেখবেন, বিদেশে যদি যান, তাহলে দেখবেন ভাল লঞ্চে লোকেরা রাত্রি যাপন করছেন। তাতে ভাল রেস্টুরেন্ট থাকছে, তাতে ভাল সুবিধা থাকছে। আমরা এটা নিয়ে খুবই দৃষ্টি দিয়েছি এবং এটা ভাববেন না যে আমরা সুন্দরবনকে একটা আলাদা জায়গায় ফেলে দিয়েছি। কিন্তু হাতের পাঁচটি আঙ্গুলের মধ্যে একটি আঙ্গুল যদি বন্ধ হয়ে যায় তাহলে মুশকিল হবে। ......(গোলমাল)......

(এই সময় বিরোধি দলের মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর নিজ সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।)

আমি আপনাদের দায়িত্ব নিয়ে বলছি সুভাষবাবু, আপনাকে আমি বলছি আপনি একটু উদ্যোগী হন, সুন্দরবন যাতে সকলের কাছে সুন্দর ও আকর্ষণীয় হয়ে ওঠে, তার জন্য এই সরকার সচেষ্ট। তার জন্য যা যা পদক্ষেপ নেওয়ার দরকার হবে আমরা নেব। আসুন একদিন আমার কাছে। আপনি একদিন আসুন। আমাদের ডিপার্টমেন্টের বাজেট এখনও ফাইনাল করি নি। ডিপার্টমেন্ট বাজেট ফাইনাল করার আগে আপনি দয়া করে একবার আসুন। আপনি যদি বলেন আমি আপনার কাছে চলে যাবো। আপনি আমাকে মাস্টার প্ল্যান দিন যে কি ভাবে সুন্দরবনটাকে করতে হবে। আমি রাজী আছি। ....(গোলমাল).......

মাছের বার্ষিক উৎপাদন

*১০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯২) শ্রী তজমুল হোসেন : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট কত পরিমাণ জলাশয়ে মাছ চাষ করা হয়ে থাকে; এবং

(খ) উক্ত মাছ উৎপাদনের বার্ষিক পরিমাণ কত?

শ্রী চন্দ্রনাথ সিনহা :

(ক) ৩১ শে জানুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে মোট ৩.৮৩ লাখ হেক্টর জলাশয়ে মাছ চাষ করা হয়ে থাকে; এবং

(খ) ২০১১ - ১২ সালে অন্তর্দেশীয় মাছ উৎপাদন হয়েছিল ১২.৯১ লাখ মেট্রিক টন। ২০১২ - ১৩ সালের অন্তর্দেশীয় মাছ উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল ১৩.৪৮ লাখ মেট্রিক টন। ২০১২ - ১৩ সালের শেষে রাজ্যে ১৩.৪০ লাখ মেট্রিক টন মাছের উৎপাদনের সম্ভাবনা আছে।

বিভিন্ন প্রকার চাষযোগ্য জলাশয়ের পরিমাণ :

ক্রমিক সংখ্যা	চাষযোগ্য জলাশয়	আয়তন (লাখ হেক্টর) কক
১	পুকুর (মিষ্টি জল)	২.৮৭ (অনুমিত)
২	নোনা জল	০.৫৮ (অনুমিত)
৩	ময়লা জল	০.০৪ (অনুমিত)
৪	বিল ও বাওড়	০.২১ (অনুমিত)
৫	রিজারভার	০.১৩ (অনুমিত)
	মোট (অনুমিত)	৩.৮৩

- ২০১১-১২ সালে মোট মাছের উৎপাদন ১৪.৭২ লাখ মেট্রিক টন (অন্তর্দেশীয় উৎপাদন: ১২.৯১ লাখ মেট্রিক টন ও সামুদ্রিক উৎপাদন: ১.৮১ লাখ মেট্রিক টন)

- ২০১২-১৩ সালে মোট মাছের উৎপাদনের লক্ষ্যমাত্রা: ১৫.৪৮ লাখ মেট্রিক টন (অন্তর্দেশীয় উৎপাদন: ১৩.৪৮ লাখ মেট্রিক টন ও সামুদ্রিক উৎপাদন: ২.০০ লাখ মেট্রিক টন)

রাজ্যে বছরের শেষে ১৪.৯০ লাখ টন মাছের উৎপাদনের সম্ভাবনা আছে। অন্তর্দেশীয় মাছের উৎপাদন (Inland): ১৩.৪০ লাখ টন ও সামুদ্রিক মাছের উৎপাদন (Marine) : ১.৫০ লাখ টন।

১৩.৪০ লাখ টন অন্তর্দেশীয় মাছের উৎপাদনের মধ্যে চাষযোগ্য জলাশয় থেকে (৩.৮৩ লাখ হেক্টর) ১২.৪০ লাখ টন মাছ উৎপাদিত হতে পারে। বাকি ১.০০ লাখ টন (১৩.৪০ - ১২.৪০ = ১.০০ লাখ টন) মাছ অন্যান্য ক্ষেত্র যেমন নদী, নালা, খাল, বরো পিট, ধান চাষের ক্ষেত্র, জমা জলের ক্ষেত্র (Water logged area) প্রভৃতি থেকে উৎপাদিত হতে পারে।

শ্রী তজমুল হোসেন : মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই। শুধু রাজ্যের কেন, আমি নিজের বিধানসভার কথাও বলছি। আমাদের রাজ্যে এবং আমার বিধানসভায় বহু জলাশয় আছে, যেগুলো বন্ধ হয়ে আছে। এমনকি নিজস্ব উদ্যোগ বন্ধ করে দেওয়া হচ্ছে। কিছু কিছু জলাশয় আছে, সারা বছর মাছ চাষীদের জন্য উপযুক্ত জল থাকে না। এই সমস্ত সমস্যা সমাধানের জন্য আপনি কি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করেছেন, দয়া করে যদি বলেন ভাল হয়।

শ্রী চন্দ্রনাথ সিনহা : আপনার যে প্রশ্ন. আপনার বিধানসভা বা গোটা রাজ্যে যে জলাশয়গুলো আছে, সেই ব্যাপারে নিশ্চয়ই জানেন আমাদের মা-মাটি মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যে 'জল ধরো, জল ভরো' নীতি নিয়েছেন, একশো দিনের কাজের মাধ্যমে পুকুরগুলো কাটা হচ্ছে, আমরা সেই দপ্তরের সঙ্গে কথা বলে সেই পুকুরগুলোতে মাছ চাষ করার জন্য চেষ্টা করছি। আরেকটা কারণে জলাশয়গুলো বন্ধ হয়ে আছে। আপনি ভাল জানেন, দীর্ঘদিন ধরে আছেন বিধানসভায়।

আমাদের সমবায়ের মাধ্যমে জলাশয়গুলো দেওয়া হয়। আমাদের এগারোশো সমবায় আছে। কিন্তু আমরা যেটা লক্ষ্য করে দেখতে পাচ্ছি তাতে সাড়ে তিনশো থেকে চারশো মত সমবায় এ্যাকটিভ আছে। বাকিগুলোর কোন অস্তিত্ব বা ট্রেস পাওয়া যাচ্ছে না। আমরা এগুলো জোগাড় করছি। শীঘ্রই সমবায় দফতরের সঙ্গে বসে এই সমবায়গুলোকে কি ভাবে পুনর্জিবন দেওয়া যায় - এই সমবায়গুলির নিজেদের মধ্যে গোলমালের জন্য ম্যাক্সিমাম কেশ-কাচারি হয়ে আছে, সেগুলি কি ভাবে করা যায় নিশ্চয় সেটা আমরা সমবেত ভাবে প্রচেষ্টা চালাচ্ছি।

[11.40–11.50 am]

শ্রীতজমুল হোসেন : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন যে, আমরা জানি পশ্চিমবঙ্গ মাছ চাষে প্রথম কিন্তু মাছ চাষীদের যে অবস্থা সেটার কোন পরিবর্তন হচ্ছে না। এই মাছ চাষীদের অবস্থানের উন্নয়নের জন্য এবং তাদের ভবিষ্যতের জন্য আপনি কি চিন্তা-ভাবনা করেছেন? তাদের যে উন্নয়ন হচ্ছে না, পিছিয়ে পড়ে রয়েছে তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : নিশ্চয়, আপনি ঠিকই বলেছেন। পশ্চিমবঙ্গে যারা দীর্ঘদিন ধরে মাছ চাষী আছে তাদের দুর্দশা খুব বেড়ে যাচ্ছে। এটা তো অতীতের ফল, আমরা ভোগ করছি। সেই জন্য যেটা আমরা চিন্তা-ভাবনা করছি সেটা হ'ল, কিষাণ-ক্রেডিট কার্ডের মাধ্যমে যাতে চাষীদের কিছু সুযোগ-সুবিধা দেওয়া যায় এবং মৎসজীবীদের এরকম সুযোগ-সুবিধা দেওয়া যায় যাতে ওরা ইনস্যুরেন্সের ক্লেম পায় এবং ব্যাঙ্কিং-লোন যাতে কম ইন্টারেস্টে পায় তার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে শীঘ্রই যোগাযোগ করার চেষ্টা করছি। আমরা আলোচনা করেছি। যারা মৎসজীবী আছেন তাদের সঙ্গেও আমরা বসেছি। আমরা এগুলো তাড়াতাড়ি পাঠিয়ে দেওয়ার চেষ্টা করবো। নিশ্চয় আপনারাও আমাদের সহযোগিতা করবেন যাতে মৎস চাষীরা ভালো ভাবে তাদের জীবন ধারণ করতে পারেন।

শ্রী আবু তাহের খান : স্যার, মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের মাছের দাম গত বছরে যা ছিল এবার তার প্রায় দ্বিগুণ , আড়াইগুণ বৃদ্ধি পেয়েছে। যে মাছ পঞ্চাশ টাকায় কিনতাম সেই মাছ এখন একশো পঁচিশ থেকে দেড়শো টাকায় কিনতে হচ্ছে। এবারে যা মাছের দাম বেড়েছে তাতে সকলেই ভুক্তভোগী। মাননীয় মন্ত্রীর কাছে যেটা জানতে চাইছি যে, আমাদের যে উৎপাদন তার বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা এবং বাজারের যে নিয়ন্ত্রণ সেই নিয়ন্ত্রনের কোন পরিকল্পনা আপনার দফতরের আছে কিনা।

শ্রী চন্দ্রনাথ সিনহা : আপনি অত উত্তেজিত হচ্ছেন কেন? আমাদের নিশ্চয় মাছের দাম

বেড়ে গেছে। মাছের উৎপাদনও পশ্চিমবাংলায় কমে আসছে। এ ব্যাপারে নিশ্চয়ই আমরা সচেষ্ট হচ্ছি যাতে মাছের উৎপাদন বাড়ানো যায়। আগেই আমি বললাম যে, জল ভর নীতিতে আমরা যে পুকুরগুলো সংস্কার করছি তার মধ্য দিয়ে আমরা মাছ উৎপাদন বাড়াবার চেষ্টা করছি এবং আমরা নিশ্চয় এগুলোর ব্যাপারে সচেষ্ট হব। কিন্তু আপনি যে প্রশ্নগুলো করছেন, এক বছরের উপরে আপনার দলের লোকই মন্ত্রী ছিলেন। সেই ভাবেই উনি করেছেন। আমরাও তো নিশ্চয় চেষ্টা করছি এবং চেষ্টা করতে গেলে একটু সময় দিতে হয় এবং সেই সময় আপনাদের কাছে নিশ্চয় চাইছি। পরবর্তীকালে খুব শীঘ্রই দেখতে পাবেন যে, আমরাও মাছ চাষে এগিয়ে যাচ্ছি।

শ্রী পরশ দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই যে, আমার বিধানসভা এলাকায় নৈহাটির কাছে রাজেন্দ্রপুরে এশিয়ার সব চেয়ে বড় মাছের বাজার আছে। এই মাছের বাজারটি থেকে মীন সারা ভারতবর্ষে চালান হয়। এই বাজারটার উন্নতিকল্পে অনেক কিছু করার আছে। সরকার কি এটার উন্নতিকল্পে কোন পদক্ষেপ নিয়েছেন? নিয়ে থাকলে কি কি পদক্ষেপ নিয়েছেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : আপনি ঠিকই বলেছেন। আমরা নিশ্চয় একটা মার্কেট তৈরী করছি। সেটার ৬০ শতাংশের উপর কাজ কমপ্লিট হয়েছে এবং আর একটা যে সমস্যা আছে সেগুলো আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে শীঘ্রই জানাচ্ছি এবং ওখানে যে মীন মার্কেট আছে সেখানে তাদের সঙ্গেও কথা বলেছি। বাংলাদেশ থেকে কিছু মীন ঢুকে যায়। মানে, তাদের কোয়ালিটি এত খারাপ এবং সেই মীনটা আমরা সুন্দরবনেও গিয়েছিলাম, ঐ এলাকাতে সেখানেও দেখেছিলাম, ঐ মীনটাই ওরা কিনে নিয়ে যায়। সেই মাছের বাড়ন হয় না। সেই জন্য আমরা কিছু কিছু হ্যাচারি পুনরুদ্ধার করার চেষ্টা করছি যেগুলো আগে হ্যাচারি ছিল, এখন অনেকটা ডিফাঙ্কট্ হয়ে গেছে। আমরা সমবায়দের সঙ্গে কথা বলেছি এবং সেগুলো পুনঃরুদ্ধার করার চেষ্টা করছি। এই মীনের কোয়ালিটিটাও আমরা লক্ষ্য করছি যাতে বাংলাদেশ থেকে না ঢুকে যায় এবং এর জন্য যেগুলো সরকারি কাজ সেগুলো আমরা করছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অতিরিক্ত প্রশ্ন করছি। আসানসোল শিল্পাঞ্চলে অনেক ওপেন কাষ্ট, খোলা-মুখ খনি আছে। সেখানে কয়লা তোলার পর গভীর জলাশয় হয়ে আছে। এই ধরণের খোলা-মুখ খনির জলে মাছ চাষের কোন পরিকল্পনা আছে?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তর জানাই, হ্যাঁ, আমরা এগুলোর খবর পেয়েছি। ই. সি. এল -ও প্রাইমারী ভাবে মাননীয় কৃষিমন্ত্রী মলয় ঘটককে বলেছে। আমরা সেগুলো দেখছি। কিন্তু একটা সমস্যা হচ্ছে, খালগুলো এত গভীর, তাতে কী ভাবে মাছ চাষ করা যায় সেটা নিয়ে আধিকারিকদের সঙ্গে কথা-বার্তা বলছি। আশা করব, শুধু আসানসোল শিল্পাঞ্চল নয়, অন্যান্য শিল্পাঞ্চল, বাঁকুড়া, পুরুলিয়ায় এবং আমাদের বীরভূমে যেসব খাদান আছে সেখানেও অতীতে মাছ চাষের চেষ্টা হয়েছিল। ঐ জায়গায় অন্য ভাবে, কী ভাবে মাছ চাষ করা যায় তার জন্য কথা-বার্তা চালাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অতিরিক্ত

প্রশ্ন করছি। উনি বড় খালে চাষের কথা বললেন। আপনার কোন ধারণা আছে কিনা, ওদিকে যাঁরা বসে আছেন, তাঁদের যিনি মন্ত্রী ছিলেন তিনি দিল্লী থেকে বড় বড় মেডেল নিয়ে আসতেন। ..... (হৈ চৈ) .... আমি জিজ্ঞাসা করছিলাম, আমরা সেই সময় উল্টোদিকে বসে শুনতাম 'সাগরে মাছ চাষ, পাহাড়ে মাছ চাষ, সমুদ্রে মাছ চাষ। আমি জানতে চাইছি, সমুদ্রে মাছ চাষ মানে কী এক কৌটো মাছ ছেড়ে এক কোটি টাকার বিল ? না কি পাহাড়ে এক কৌটো মাছ ছেড়ে এক কোটি টাকার বিল ? মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ভবিষ্যতে এই রকম কোন পরকিল্পনা আপনার আছে যেটা ওঁনারা দেখিয়ে গিয়েছিলেন বা এই ধরণের কোন পরিকল্পনা নেওয়া যায় কি?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে বিধায়ককে জানাই, এই রকম কোন পরিকল্পনা এই মুহূর্তে আমাদের নেই। তবে সমুদ্রের ওপর চিন্তা-ভাবনা করছি। যেহেতু মাছের উৎপাদন কমে যাচ্ছে, সমুদ্রে বিশেষ করে মাছের উৎপাদন কমে যাচ্ছে। তাই সমুদ্র নিয়ে আমরা প্রাইমারী স্টেজে আলোচনা করছি। এবং কেন্দ্রীয় সরকারকে আমরা জানাব, যদি সাহায্য পাই, সমুদ্র আমাদের চিন্তা-ভাবনার স্তরে আছে।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়., আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অতিরিক্ত প্রশ্ন। উনি জলাশয়ে মৎস চাষের হিসাব দিয়েছেন এবং বার্ষিক উৎপাদনের হিসাব দিয়েছেন। কিন্তু আমার অতিরিক্ত প্রশ্ন, আমাদের রাজ্যে, বিশেষ করে গ্রাম-বাংলার অনেক মাছ প্রায় বিলুপ্তীর পথে। ছোটবেলায় অনেক ধরণে মাছ দেখতাম কিন্তু এখন আর দেখতে পাই না। একই ভাবে উত্তরবঙ্গের 'বোরলি' মাছ ক্রমে ক্রমে হারিয়ে যাচ্ছে। ছোট পুঁটি, খলসে, ইত্যাদি আরো অনেক মাছেরও একই দশা। এগুলোকে সংরক্ষণের চিন্তা-ভাবনা করছেন কি?

মি: স্পীকার : আমার মনে হয়,আগের মাননীয় মন্ত্রী এর উত্তর দিয়েছিলেন। আগের মাননীয় মৎস মন্ত্রীকেও আপনি একই প্রশ্ন করেছিলেন। আপনি এই প্রশ্নটি করেছিলেন আমার মনে পরিষ্কার মনে আছে। তবুও যদি আপনার পরিকল্পনা থাকে আপনি বলুন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে জানাচ্ছি, উনি ঠিকই বলেছেন, কিছু কিছু মাছ হারিয়ে যাচ্ছে। এ জন্য অ্যাওয়ারনেস দরকার। কেন্দ্রীয় প্রতিষ্ঠান 'সিফা'য় এ ব্যাপারে আমাদের আলাপ-আলোচনা চলছে এবং ওরা আমাদের সাহায্য করছে। আমরা কিছু কিছু মাছ, যেগুলো হারিয়ে যাচ্ছে তার প্রজনন করাচ্ছি। বিশেষ করে আপনি উত্তরবঙ্গের কথা বললেন, উত্তরবঙ্গের নদীগুলোতে মাঝে মাঝে মাছ মরে ভেসে যায়, কিছুদিন আগে হয়েছিল দেখেছি। এখানে কিছুটা বিষ প্রয়োগ হচ্ছে। সবাই মিলে, যদি পশ্চিমবঙ্গ জুড়ে অ্যাওয়ারনেস না পারি তাহলে অনেক জিনিস যেমন হারিয়ে যাচ্ছে এই মাছগুলোও সেইভাবে হারিয়ে যাবে। আশা করব আপনারা আমাদের সহযোগিতা করবেন।

মেধা ও পেশার উৎকর্ষতা

* ১০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬০) **শ্রী জ্যোতির্ময় কর :** অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, তফশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের মেধাগদ ও পেশাগত উৎকর্ষতা বৃদ্ধিতে সরকার সবিশেষ আগ্রহী; এবং

(খ) সত্যি হলে, ১। মেধাগত উৎকর্ষতা বৃদ্ধির ক্ষেত্রে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে/ করছে; ও

২। ২০১২-১৩ আর্থিক বর্ষে উক্ত পদক্ষেপ গ্রহণে পেশাগত ভাবে উপকৃতের সংখ্যা কত?

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস ঃ

(ক) হ্যাঁ, বিশেষভাবে আগ্রহী।

(খ) তফশিলি জাতি ও উপজাতিদের মেধাগত উৎকর্ষতা বৃদ্ধির ক্ষেত্রে সরকার প্রচলিত বিভিন্ন ধরনের বৃত্তি ভাতা ও প্রশিক্ষণ কর্মসূচী ছাড়াও নিম্নলিখিত কিছু বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে এবং করছে :

১। (১) ২০১০ ও ২০১১ সালে আম্বেদকার মেধা পুরস্কার প্রাপকদের মধ্যে সব জেলা মিলিয়ে একাদশ ও দ্বাদশ শ্রেণীর প্রায় ১২০০ ছাত্রছাত্রীদের কেরিয়ার এ্যাপটিটিউড টেস্টের (সি. এ. টি) ব্যবস্থা করেছে। উক্ত পরীক্ষার ফলাফল ও লিখিত পরামর্শ প্রতিটি ছাত্রছাত্রীকে জানান হয়েছে।

২০১২ সালের পুরস্কার প্রাপকদের (প্রায় ১৫০০ ছাত্রছাত্রী) উক্ত সি. এ. টি পরীক্ষা শীঘ্র গ্রহণ করা হবে।

(২) আই.এ.-এস. ও ডব্লু.বি.সি.এস. প্রশিক্ষণ : ইতিমধ্যে ২০১১-১২ সালে ৪ জন তফশিলি জাতি ও উপাজাতি ছাত্রছাত্রীদের সরকারী খরচে দিল্লীতে আই-এ-এস পরীক্ষার প্রস্তুতিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

২০১২-১৩ সালে আই-এ-এস ও ডব্লু বি সি এস পরীক্ষার প্রস্তুতিমূলক প্রশিক্ষণের জন্য প্রতি ক্ষেত্রে ৫০ জন করে ছাত্র-ছাত্রীর (৩৫ জন তফশিলি জাতি ও ১৫ জন তফশিলি উপাজতি) নির্বাচন প্রক্রিয়া চলছে।

(৩) আদর্শ শিক্ষণ পরিবেশে স্পোকেন ইংলিশ প্রশিক্ষণ : ভি. এল. ই-এর সঙ্গে সি. আর. আই. মিলিতভাবে এই প্রশিক্ষণ চালু করেছে উত্তর চব্বিশ পরগণার বাগদার প্রত্যন্ত এলাকার তফশিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের নিয়ে।

ইতিমধ্যে ২০১২ সালে ৩০ জন ছাত্রছাত্রী "রামকৃষ্ণমিশন ইন্স্টিটিউট অব কালচারের" তত্ত্বাবধানে প্রশিক্ষণ গ্রহণ করেছে এবং ২২ জন উত্তীর্ণ তফশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্রছাত্রীকে শংসাপত্র দেওয়া হয়েছে। ২০১৩ সালে ২৫ জন ছাত্র-ছাত্রীর প্রশিক্ষণ চলছে।

এছাড়াও এই প্রশিক্ষণ দক্ষিণ দিনাজপুর ও মালদা জেলাতেও চালু করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

(৪) ইংরাজী ও স্প্যানিশ ভাষায় শিক্ষাক্রম : ইনস্টিটিউড অব কালচার, রামকৃষ্ণ মিশন, গোলপার্কের সঙ্গে মিলিতভাবে সি. আর.আই-এ ক্লাসরুম পরিবেশে সরকারী খরচে উক্ত ভাষায় শিক্ষাক্রম চালু হয়েছে।

ইংরাজী ভাষার শিক্ষাক্রমে ৫০ জন তফশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী প্রশিক্ষণ গ্রহণ করছে। স্প্যানিশ ভাষায় ১৮ জন তফশিলি জাতি ও উপজাতিভুক্ত ছাত্র-ছাত্রী প্রশিক্ষণ নিচ্ছে।

(৫) **পার্সোনাল ডেভেলপমেন্ট কোর্স :** তফশিলি জাতি ও উপজাতি যুবকদের কাজ চালানোর উপযুক্ত ইংরাজি জানার জন্য ও আই. টি দক্ষতা বাড়ানোর জন্য এই কোর্স চালু করা হয়েছে। বর্তমানে নদীয়া ও উত্তর ২৪ পরগণা জেলার তফশিলি জাতি ও উপজাতিদের জন্য সংরক্ষিত বিধানসভা এলাকাধীন ১০টি সেন্টারে এই প্রশিক্ষণ চলছে। ৪১০ জন স্নাতক যুবকরা এই প্রশিক্ষণ নিচ্ছে। আরো ২০টি সেন্টারে (জলপাইগুড়ি, কোচবিহার, পশ্চিম মেদিনীপুর ও পুরুলিয়া জেলায়) এই প্রশিক্ষণ চালুর ব্যবস্থা করা হচ্ছে।

(৬) **জব ফোকাসড্ ট্রেনিং :** তফশিলি জাতি ও উপজাতিভুক্ত যুবকদের জন্য বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে যাতে তাদের চাকুরী পাওয়ার যোগত্য বৃদ্ধি পায়। ২০১১-১২ সালে ১৩৪৫ জন এবং ২০১২-১৩ সালে ১১৫৭ জন যুবক সিকিউরিটি গার্ডের প্রশিক্ষণ পেয়েছে। এছাড়া প্লাস্টিক ইঞ্জিনিয়ারিং ও টেকনলোজি ট্রেডে CIPET হলদিয়া এর সহযোগিতায় প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। ২০১১-১২ সালে এই ট্রেডে ১৪৪ জন এবং ২০১২-১৩ সালে ১৫০ জন প্রশিক্ষণ নিয়েছে। আরো ২০০ জন তফশিলি উপজাতি যুবকের ট্রেনিং-এর প্রস্তুতি চলছে।

(৭) **কম্পিউটার শিক্ষা :** ECIL/ECIT এর মাধ্যমে ২০১১-১২ সালে ১২০০ জন তফশিলি জাতি ও ৮০০ তফশিলি উপজাতি ছাত্রদের কমপিউটার ট্রেনিং দেওয়া হয়েছে। এছাড়া ২০১২-১৩ সালে ডি ও ই এ সি সি এর ও লেভেল কমপিউটার প্রশিক্ষণ কোর্সটি ১৪টি জেলার ১৪টি কেন্দ্রে ৭০০ তফশিলি জাতি ও তফশিলি উপজাতি যুবকদের নিয়ে শুরু হয়েছে। সকল প্রশিক্ষণ প্রাপ্ত যুবকযুবতীদের কর্মক্ষেত্রে নিয়োগের জন্য Institute of Computer Engineers (India) সংস্থাটির সঙ্গে চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে।

(৮) **তফশিলি জাতি ও উপজাতি ছাত্রছাত্রীদের জন্য জয়েন্ট এন্ট্রান্স কোচিং :** ২০১০-১১ সালে ১৩ টি সেন্টারের মাধ্যমে ৫২০ জন ছাত্রছাত্রীকে ২ বছরের কোচিং দেওয়া হয়েছে। ২০১২-১৩ সালে ৬৪০ জন ছাত্রছাত্রী উপরোক্ত কোচিং নিচ্ছে।

২। এ বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ চলছে। তবে ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি ট্রেড ২৯৪ জন প্রশিক্ষণ প্রাপ্ত যুবকদের মধ্যে ২৭২ জন চাকুরীরত এবং সিকিউরিটি গার্ড প্রশিক্ষণপ্রাপ্ত ২৫০২ জন যুবকের মধ্যে ২০৫৯ জন চাকুরীত।

[11.50 a.m.–12.00 noon]

শ্রী জ্যোর্তিময় কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রথম অতিরিক্ত প্রশ্ন আপনি যে মেধাগত সিলেকশান করছেন, যাদের ট্রেনিং দিচ্ছেন What is the process এটা কি মেধাগত ভিত্তিতে হচ্ছে না আগের মত সেই দলতন্ত্র চলছে, কি চলছে দয়া করে যদি একটু বলেন?

ড: উপেন্দ্রনাথ বিশ্বাস : আনারেবল স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটি মূল্যবান প্রশ্ন আপনি করেছেন, তার উত্তর আমি দিচ্ছি। এই প্রথম আমাদের বিভাগ, একটি আন্তজার্তিক পদ্ধতি দিয়ে একটি ছেলের বা একটি মেয়ের মেধা এবং কোন্ দিকে সে যেতে পারে, কোন্ বৃত্তিতে যেতে

পারে তার ব্যবস্থা করা হয়েছে। সেই বিষয়ে উত্তর দিয়ে দিয়েছি, তার ব্যাখ্যাটা এখন করছি। একজন পৃথিবীর বিখ্যাত মানুষ এই পদ্ধতিটা বার করেন। সেই পদ্ধতিটা হচ্ছে কি? একটা সাইকোলজিক্যাল টেস্ট করে তাকে বলা হবে, দেখিয়ে দেওয়া হবে যে-কোন দিকে সেই ছেলেটা যেতে পারে। আগের সরকার একটা ভাল কাজ করেছিলেন আম্বেদকর মেধা পুরস্কার- ৫০০ এস. সি. ছেলে এবং ৫০০ এস. টি. ছেলে। আমি প্রথম যখন এই বিভাগে যোগদান করলাম তখন আমি খোঁজার চেষ্টা করলাম যে এক্সেলেন্স করার কোন ডেফিনিট প্রোগ্রাম আছে কিনা? I would like to express with kind permission of the Honorable Speaker, Sir, there did not exist any positive step to excel. Then I try to find out the icon that in these backward classes we should find out an icon in India. And through some slogan, some flagship this concept should be developed. Then I develop Ambedkar Centre for Eccellence-এবং অধ্যাধুনিক প্রক্রিয়ার মাধ্যমে which these days we called crowd competition. The word is very little difficult apart those who are IT experts they know that now the activities is in the sky, not on the earth and the slogan is to the top. এই বার কি করলাম। আমি চাইলাম ঐ এক হাজার ছেলেমেয়ের আমাকে হিসাব দাও, তারা কোথায় আছে? ৫ হাজার টাকা তো তারা পেল, Where are they? What are they doing? There was no data at all. It took six months time to get their data collected because acquaintance role ছিল, সেই acquaintance টাকা নেওয়া হয়েছে, ওটা পেলাম। সেটা হচ্ছে ২০১০-১১, ১১-১২ যারা ক্লাস টেন পাশ করেছে তাদের জন্য এই অ্যাওয়ার্ডটা। এদেরকে তখন ডাকা হল, বলা হল তোমরা কোথায় কি করতে চাও, জানতে চাও কিনা? ১২০০ ছেলেমেয়ে এই বার্ষিক বছরে ১১-১২ তো তাদেরকে এই টেস্ট দেওয়া হল। এটা পার্টিকুলার ব্যাটারি একটি ইন্টারন্যাশনাল রেকগনাইজ টেস্ট, সেই টেস্টটা আমরা দিলাম। DPDA বলা হয় এই টেস্টটাকে। যারা সাইকোলজিস্ট all over ৬০ বছর আগে 60 years back a great professor of Abareta invented this particular battery এবং আমরা এক্সপ্রেশান অব ইন্টারেস্ট করে ইন্টারন্যাশনাল টেণ্ডারের মাধ্যমে, ই-টেণ্ডারিংয়ের মাধ্যমে আমরা একটা বিশেষ এক্সপার্টকে সিলেক্ট করলাম। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় গিয়ে ১১ জন এক্সপার্ট তারা দু সপ্তাহ, তিন সপ্তাহ ধরে এদেরকে টেস্ট দেওয়া হল।

সেই টেস্টে দেখুন নানা ধরনের তাদের পছন্দ বেরিয়ে আসলো। যেহেতু টাইম পাবো না, তাই ছোট্ট করে বলি, এই যে ১১৭৭ বা ১২০০ ধরে নিন এদের মধ্যে তারা অনেকগুলি পেশায় তারা যেতে পারে কিন্তু তারমধ্যে মোটামুটি ১৬ টা বিশেষ পেশার মধ্যে ভাগ করা হল। ৪৭ জন যেতে চায় ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে, ২৩ জন যেতে চায় মেডিকেলে, অ্যাডমিনিস্ট্রেশানে যেতে চায় ৮২, ম্যানেজমেন্টে যেতে চায় ৩৫, সায়েন্সে যেতে চায় ১২৯ এবং নানা ধরনের ল'-তে যেতে চায়, টেকনিশিয়ান হতে চায়, ফার্মাসিতে যেতে চায়, ডিজাইনার হতে চায়, বিজনেস ম্যানেজমেন্টে যেতে চায়, Logistic-এ যেতে চায়, কমার্সে যেতে চায়, সফটওয়ার ডেভালপমেন্টে যেতে চায়, ম্যানেজমেন্টে যেতে চায়। এইভাবে যে পদ্ধতিতে, বৈজ্ঞানিকভিত্তিতে সেই ছেলেমেয়েরা জানে যে তারা কোথায় যেতে পারে।

মিঃ স্পীকার : আপনি উত্তর তো একটা দিয়েছেন। ওনার কোয়েশ্চেনের কনটেক্সটে you have replied. থিওরিটিক্যালি। আপনি ডিসকাস করতে গেলে অনেক সময় লেগে যাবে। আপনি নেক্সট সাপ্লিমেন্টারি করুন।

শ্রী জ্যোর্তিময় কর : স্যার, এটা খুব সেনসেটিভ জায়গা Scheduled Caste and Secheduled Tribe- দের ব্যাপার। আমার দ্বিতীয় প্রশ্ন স্যার, উৎকর্ষতা বুদ্ধিগত এবং বৃত্তিগত Your answer is restricted to বুদ্ধিগত What about বৃত্তিগত, । যারা বাপ-ঠাকুরদার আমল থেকে করে এসেছেন What about them ? Kindly বলুন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : A merit is always correlated with profession যা আপনার যদি মেরিট থাকে তবেই তো আপনি গেলেন ডাক্তারি করতে, ইঞ্জিনিয়ারিং করতে। দুটো ভাগে আমি আপনাকে উত্তর দিতে চাই। একটি হচ্ছে ট্রাডিশানাল প্রফেশানে যে সমস্ত ব্যাকওয়ার্ড ক্লাসের লোকেরা আছে। আমাদের বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম, আগে থেকেই সেই ট্রেনিং প্রোগ্রাম ছিল। তাদের ট্রাডিশানাল যে সমস্ত স্কীল আছে সেই স্কীলটা আরো অ্যাডভান্স করা যায় সেই জন্য অল ওভার দ্যা ডিস্ট্রিক্ট তার ট্রেনিং চলছে। কিন্তু এটা ঠিক হবে না। I যে আমি, I am a cobbler, so my son will also be a cobbler. This has to be broken. This ice. this rock has to be broken into pieces. You cannot create a club, only a particular club, exclusive club for exclusive people. This particular Government headed by Smt. Mamata Banerjee — we have taken this revolutionary approach for traditional income যদি ধরুন একজন ল্যাণ্ডলেস এগ্রিকালচারাল লেবার, তার বাবা ল্যাণ্ডলেস এগ্রিকালচারাল ছিল, আমিও সেই করে থাকলাম, আমাকে একটা কাঁচি দিলেন, আমাকে একটা খোন্তা দিলেন তাহলে তো সেইখানেই সে থেকে যাবে। আপনাকে তো All Inida -2-তে being myself a student of cultural anthropology of Scheduled Castes and Scheduled Tribes, having the top in the university of Calcutta, more than nine years, I can humbly say that the statistics all over India is miscrable including West Bengal. যে ল্যাণ্ডলেস এগ্রিকালচারের ছেলে সে হয়ে যাচ্ছে আবার ল্যাণ্ডলেস এগ্রিকালচার। সেইটাকে ভাঙ্গছি কিভাবে ভাঙ্গছি দেখেন আপনি...

মিঃ স্পীকার : আপনি তো রিপ্লাই দিয়েছেন।

ডঃ উপেন্দ্রনাথ বিশ্বাস : Okay. Thank you Sir.

শ্রী অপূর্ব সরকার : স্যার, আপনার মাধ্যমে অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহোদয়কে। মাননীয় মন্ত্রী মহোদয় পেশাগত উৎকর্ষতার একটা উত্তর দিয়েছেন। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আপনার মাধ্যেমে জানতে চাইছি, এখানে শ্রম দপ্তরের মন্ত্রী মহাশয় বসে আছেন-কেন্দ্রীয় সরকার স্কীল ডেভালপমেন্টের ক্ষেত্রে এই বছরও ৯ লক্ষ যারা বিভিন্ন পেশায় যুক্ত সে মজুর হতে পারে দিন মজুর থেকে শুরু করে, রাজমিস্ত্রী থেকে শুরু করে, টেলিফোন অপারেটার, মোবাইল রিপেয়ারিং

মিস্ত্রি- এই রকম প্রকল্প আছে কেন্দ্রীয় সরকারের। আমি যতদূর জানি, এই অর্থ বর্ষে যে পরিমাণ এদের দক্ষতা বৃদ্ধির কথা ছিল পশ্চিমবঙ্গে যে পরিমাণ টাকা এই পশ্চিমবঙ্গের জন্য স্যাংশান হয়েছিল, সমস্ত টাকা এখনও পর্যন্ত খরচ করা যায় নি। এখনও স্কীল ডেভালপমেন্টের সুযোগ আছে। আপনি শ্রম দপ্তরের সাথে কথা বলে এই স্কীল ডেভালপমেন্টের ব্যাপারে কোন পরিকল্পনা গ্রহণ করেছিলেন কি না এই অর্থবর্ষে? কত সেন্ট্রাল অ্যালোকেশান ছিল? তার এগেনস্টে কত করেছেন? কত টাকা এখনও খরচ করা যায় নি?

ড: উপেন্দ্রনাথ বিশ্বাস : Hon'ble Speaker, Sir, the questions are many. But I will answer so that you will be satisfied you with one answer for your all questions. You will be glad to know that আমাদের যে, scheduled Castes and Scheduled Tribes Financial Development Corporation for the last two financial years they have utilized the largest fund from the Government of India of Scheduled Caste and Scheduled Tribes Financial Corporation.

This is the first time and we have devised such skill development programmes and that is the time in West Bengal and Only two states of India have done it. Let me tell you that. This is called personnel development programme. This is unique আপনারা জানেন গ্রামে গ্রামে বহু ছেলেমেয়ে শুধু খালি বি. এ. পাশ করে। অনেক কলেজেই এখনও আপনারা, particularly on the other side of the House, জানেন that in the most of the colleges where this marginalized people live in, they do not have seience course. With the result, Hon'be Speaker, Sir, most of them are only Arts graduates. so আর্টস গ্র্যাজুয়েট হলে সে কিছু ইনকাম করতে পারে না। আবার এদিকে মাঠেও যেতে পারে না। তাদের পেরেন্টসরা বলে তোকে আমি পড়ালাম কেন? For this, after a lot of reserch I have done, we have devisedpersonnel development programme. তাতে কি হচ্ছে? অনারেবেল স্পীকার স্যার, তাতে বেসিক কমপিউটার শেখানো হচ্ছে। তাতে বেসিক ইংলিশ শেখানো হচ্ছে। বেসিক এটিকেট্ শেখানো হচ্ছে। এইটা মাত্র তিন মাসের কোর্স এবং এই তিন মাসের কোর্সে- আমরা দশটা সেন্টার অলরেডি করেছি। আরও কুড়িটা করছি and hundred centres will do . This has opened a vast opportunity for the marginalized people for the first time in the history of West Bengal.

Mr. Speaker : The Question Hour is over.

Starred Questions
(to which oral answer were laid on the Table)

দামোদর নদের জলধারণ ক্ষমতা

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৬) **শ্রী সুনীল কুমার মণ্ডল :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্ধমান জেলার সেচ ব্যবস্থার উন্নয়নের দামোদর নদের জলধারণের ক্ষমতা বৃদ্ধির পরিকল্পনাটি বর্তমানে কোন্ পর্যায়ে আছে।

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) বর্ধমান জেলার অর্ন্তগত দামোদর নদের উপর দুর্গাপুর ব্যারেজের জলধারণ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জলাধারের জলধারণ ক্ষমতার বর্তমান পরিস্থিতির জরীপের কাজ শেষ হয়েছে।

উপকূলবর্তী এলাকার ভাঙ্গনরোধ

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩২) শ্রী অখিল গিরি : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খুব সম্প্রতি রাজ্য সরকার উপকূলবর্তী এলাকার ভাঙ্গনরোধ বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত পরিকল্পনার রূপরেখা কী?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) হ্যাঁ।

(খ) উড়িষ্যা এবং বাংলার সীমান্ত থেকে জলধা (রামনগর ১ নং ব্লক) পর্যন্ত বর্তমান সমুদ্র ভাঙ্গন প্রতিরোধ সংক্রান্ত পরিকাঠামোর মজবুতিকরণ ও আধুনিকীকরণের যে প্রকল্প নেওয়া হয়েছে, তা নিম্নরূপ :

১. উদয়পুর বাংলা - উড়িষ্যা সীমান্ত থেকে যাত্রানালা পর্যন্ত ভাঙ্গন প্রতিরোধ সহ আনুসাঙ্গিক কাজের একটি প্রকল্প হাতে নেওয়া হয়েছে (তিনটি পৃথক পরিকল্পনা)

২. নিউ দীঘা পিকনিক স্পট থেকে ব্লু ভিউ র‍্যাম্প পর্যন্ত বর্তমান সমুদ্র ভাঙ্গন প্রতিরোধ সংক্রান্ত পরিকাঠামো মজবুতিকরণ ও আধুনিকীকরণ-এর প্রকল্প গৃহীত হয়েছে, যার দৈর্ঘ্য ২১৯০ মিটার (দুটি পৃথক পরিকল্পনা)

৩. পিকনিক স্পট থেকে সী-হক গোলাই পর্যন্ত মোট ৩.০৬৫ কিমি দৈর্ঘ্য এলাকা মধ্যবর্তী সমুদ্র গার্ড-ওয়াল ও পায়েচলা পথের উন্নতিকরণ ও সৌন্দর্যায়ন প্রকল্প গৃহীত হয়েছে (একটি পরিকল্পনা)।

৪. পুরানো দীঘার সী-হক গোলাইয়ের কাছে ২৮৫ মিটার সমুদ্র ভাঙ্গন প্রতিরোধ সংক্রান্ত পরিকাঠামো সংস্কার ও আধুনিকীকরণ-এর প্রকল্প হাতে নেওয়া হয়েছে (একটি পরিকল্পনা)।

৫. শংকরপুর বাস স্ট্যাণ্ডের পূর্ব দিকে ১ (এক) কিলোমিটার (S.S.K Primary School, Jamta) পর্যন্ত পরিকাঠামো উন্নয়ন, সংস্কার ও আধুনিকীকরণ-এর প্রকল্প হাতে নেওয়া হয়েছে (দুটি পরিকল্পনা)।

৬. S. S. K. Primary School থেকে জলধা পর্যন্ত ২৫০০ মিটার দৈর্ঘ্যের সমুদ্র প্লাবন প্রতিরোধকারী বর্তমান বাঁধের মজবুতিকরণ ও আধুনিকীকরণ (একটি পরিকল্পনা)

উপরোক্ত মোট ১০(দশটি) পরিকল্পনার জন্য ৮০.৪৭ কোটি টাকা/অর্থ বরাদ্দ হয়েছে।

E-Tender প্রক্রিয়ার মাধ্যমে দরপত্র আহ্বানের পর্ব সমাপ্তির পথে। অব্যবহতি পরেই উক্ত প্রকল্পের কাজ শুরু হবে বলে রাজ্য সরকার আশাবাদী।

জয়নগরের মোয়া, খেজুর গুড় ও পাটালী শিল্প

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৯) ডঃ তরুণ কান্তি নস্কর : খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

জয়নগরের মোয়া, খেজুর গুড় ও পাটালী শিল্পের উন্নতি সাধনের লক্ষ্যে সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

জয়নগরের মোয়া ও খেঁজুর গুড় শিল্পের উন্নতি সাধনের লক্ষ্যে খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন দপ্তর থেকে গবেষণা ও উন্নয়নের জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের "ফুড টেকনোলজি বিভাগ" কে জয়নগরের মোয়ার গুণগত মান ও তার আয়ুষ্কাল বৃদ্ধির জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। জয়নগরের নিমপীঠ রামকৃষ্ণ মিশনও এই শিল্পের উন্নতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে এবং আর্থিক সহায়তা পেয়েছে। পাটালী শিল্পের উন্নতি সাধনের লক্ষ্যে এই দপ্তর কিছু প্রকল্পের অনুমোদন (টেকনিক্যাল ফিজিবিলিটি) প্রদান করেছে।

জাতীয় খাদ্য প্রক্রিয়াকরণ মিশনের আওতায় বিভিন্ন জেলায় সেমিনার/ ওয়ার্কশপের মাধ্যমে এই শিল্পে বিনিয়োগের সম্ভাবনা সমাজের তৃণমূল স্তর অবধি পৌঁছে দেওয়া হচ্ছে।

অনাহারে মৃত চা-বাগান শ্রমিক

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৮) শ্রীরামেশ্বর দলুই : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২০ শে মে, ২০১১ থেকে ১৫ই ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে উত্তরবঙ্গে অনাহারে মৃত চা-বাগান শ্রমিকের সংখ্যা কত? (জেলাভিত্তিক তথ্য)?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

২০ শে মে, ২০১১ থেকে ১৫ই ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত সময়কালে উত্তরবঙ্গে অনাহারে মৃত চা-বাগান শ্রমিকের সংখ্যা (জেলা ভিত্তিক) নিম্নরূপ :

জেলা	মৃত শ্রমিকের সংখ্যা
দার্জিলিং	০ (শূন্য)
জলপাইগুড়ি	০ (শূন্য)
কোচবিহার	০ (শূন্য)
উত্তর দিনাজপুর	০ (শূন্য)
দক্ষিণ দিনাজপুর	০ (শূন্য)
মালদা	০ (শূন্য)

রঙিন মাছের চাষ ও বাজার

১১০।(অনুমোদিত প্রশ্ন নং *৬৫১) শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতউল্লাহ : মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ২০১২-২০১৩ আর্থিক বছরে সরকার বিজ্ঞানসম্মত উপায়ে রঙিন মাছের চাষ ও বাজার তৈরীর বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হলে, কোন্ কোন্ স্থানে পরিকল্পনাটি রূপায়িত হবে বলে আশা করা যায়?

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১২-১৩ আর্থিক বছরে সরকার বিজ্ঞানসম্মত উপায়ে রঙিন মাছের চাষ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। শুধুমাত্র রঙিন মাছের জন্য বাজার তৈরীর কোন পরিকল্পনা গ্রহণ করা হয়নি।

(খ) ন্যাশনাল ফিশারিজ ডেভলপমেণ্ট বোর্ডের আর্থিক সহায়তায় নিম্নলিখিত স্থানে বিজ্ঞানসম্মত উপায়ে রঙিন মাছের চাষ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে :

১. মুরশিদাবাদ জেলার ফারাক্কা ব্লকের রঘুনাথপুর গ্রাম
২. জলপাইগুড়ি জেলার কুমারগ্রাম ব্লকের বারবিশা গ্রাম
৩. দক্ষিণ ২৪ পরগণা জেলার ফলতা ব্লকের পদ্মপুর গ্রাম
৪. দক্ষিণ ২৪ পরগণা জেলার ফলতা ব্লকের চালুয়ারি গ্রাম
৫. দক্ষিণ ২৪ পরগণা জেলার ফলতা ব্লকের হাসিমনগর গ্রাম
৬. দক্ষিণ ২৪ পরগণা জেলার ফলতা ব্লকের বানেশ্বরপুর গ্রাম
৭. দক্ষিণ ২৪ পরগণা জেলার বজবজ ২ ব্লকের বৃন্দাবনপুর গ্রাম
৮. দক্ষিণ ২৪ পরগণা জেলার বজবজ ২ ব্লকের মধ্য রাইপুর গ্রাম।

সংযোজিত তথ্য — টাকা লাখে

ক্রমিক নং	উপভোক্তার নাম	প্রকল্পের স্থান			প্রকল্প মূল্য	অনুদান	প্রকল্পের অগ্রগতি
		গ্রাম	ব্লক	জেলা			
১	মা লক্ষী স্বয়ম্ভর গোষ্ঠী	রঘুনাথপুর	ফারাক্কা	মুর্শিদাবাদ	১.০০	০.২৫	টাকার অনুমোদন পাওয়া গেছে ও কাজ চলছে
২	মঙ্গলা স্বয়ম্ভর গোষ্ঠী	রঘুনাথপুর	ফারাক্কা	মুর্শিদাবাদ	১.০০	০.২৫	টাকার অনুমোদন পাওয়া গেছে ও কাজ চলছে
৩	রাম মোহন দাস	বারবিশা	কুমারগ্রাম	জলপাইগুড়ি	২.০০	০.৬০	টাকার অনুমোদন পাওয়া গেছে

ক্রমিক নং	উপভোক্তার নাম	প্রকল্পের স্থান			প্রকল্প মূল্য	অনুদান	প্রকল্পের অগ্রগতি
		গ্রাম	ব্লক	জেলা			
৪	ফলতা পদ্মপুর রঙিন মাছ চাষ মহিলা সমাবায় সমিতি	পদ্মপুর	ফলতা	দক্ষিণ ২৪ পরগণা	১৩.৫০	৬.৭৫	টাকার অনুমোদন পাওয়া গেছে
৫	চালুয়ারি বর্ণালি রঙিন মাছ চাষ মহিলা সমবায় সমিতি	চালুয়ারি	ফলতা	দক্ষিণ ২৪ পরগণা	১৬.৫০	৮.২৫	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
৬	হাসিমনগর সন্তোষী মা স্বনির্ভর দল	হাসিমনগর	ফলতা	দক্ষিণ ২৪ পরগণা	১৫.০০	৭.৫০	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
৭	বানেশ্বরপুর মহিলা স্বনির্ভর দল	ব্যানেশ্বরপুর	ফলতা	দক্ষিণ ২৪ পরগণা	১৯.৫০	৯.৭৫	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
৮	রনজাইনি রঙিন মাছ চাষ মহিলা সমবায় সমিতি	বানেশ্বর পুর	ফলতা	দক্ষিণ ২৪ পরগণা	৭.৫০	৩.৭৫	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
৯	সারদাময়ী রঙিন মাছ চাষ মহিলা সয়ম্ভর গোষ্ঠী	বৃন্দাবনপুর	বজবজ ২	দক্ষিণ ২৪ পরগণা	১৫.০০	৭.৫০	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
১০	কালীমাতা রঙিন মাছ চাষ মহিলা সয়ম্ভর গোষ্ঠী	উত্তর রাইপুর	বজবজ ২	দক্ষিণ ২৪ পরগণা	১৫.০০	৭.৫০	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
১১	মাঝি ও ডাসপারা পাগলাবাবা রঙিন মাছ চাষ মহিলা সয়ম্ভর গোষ্ঠী	মধ্য রাইপুর	বজবজ ২	দক্ষিণ ২৪ পরগণা	১৮.০০	৯.০০	প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে
					১২৪.০০	৬১.১০	

তালিকাভুক্ত অনগ্রসর সম্প্রদায়

১১১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৮) শ্রী শাহাজাহান চৌধুরী : অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩সাপেক্ষে তালিকাভুক্ত অনগ্রসর সম্প্রদায়ের সংখ্যা কত ;

(খ) এটা কি সত্যি যে, অনগ্রসর মুসলিম সম্প্রদায়ের লোকেরা আর্থিক সুযোগ সুবিধা পায়; এবং

(গ) সত্যি হলে, ২৮শে ফেব্রুয়ারী, ২০১৩ পর্যন্ত উক্ত সুযোগ সুবিধা দেওয়ার ক্ষেত্রে ব্যয়িত অর্থের পরিমাণ কত ছিল?

অনগ্রসর সম্প্রদায় কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২৮ শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে তালিকা ভুক্ত অনগ্রসর সম্প্রদায়ের সংখ্যা মোট ২৪৩।

(তপশিলী জাতি-৬০, তপশিলী উপজাতি-৪০, অন্যান্য অনগ্রসর সম্প্রদায়-১৪৩)।

(খ) হ্যাঁ। তাহারা বিভিন্ন প্রকল্পের জন্য সহজ শর্তে কম সুদে ঋণ পেয়ে থাকেন।

(গ) ২০১২-২০১৩ আর্থিক বছরে ২৮ শে ফেব্রুয়ারী পর্য্যন্ত অনগ্রসর মুসলিম সম্প্রদায়ভুক্ত মোট ৬৯৬ জনের জন্য বিভিন্ন প্রকল্পের মাধ্যমে মোট ৭৩.২৮৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

ফাস্ট ট্র্যাক কোর্ট

১১২।(অনুমোদিত প্রশ্ন নং *৭০৯) শ্রী বাসুদেব খাঁ : বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৮ শে ফেব্রুয়ারী, ২০১৩ সাপেক্ষে রাজ্যে ফাস্ট ট্র্যাক কোর্টের সংখ্যা কত?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়া :

১৫১টি।

উত্তরবঙ্গ উৎসবের অর্থ সংস্থান

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৪৫) ডঃ সুখবিলাস বর্মা : উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১১-১২ ও ২০১২-১৩ আর্থিক বছরে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের বাজেট বরাদ্দের মধ্যে কোন্ খাতে কি পরিমাণ অর্থ খরচ হয়েছে ; এবং

(খ) উত্তরবঙ্গ উৎসবের অর্থ সংস্থান উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের বাজেট বরাদ্দ থেকে করা হয়েছে কিনা?

উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

(ক) ২০১১-২০১২ ও ২০১২-২০১৩ আর্থিক বছরে উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের বাজেট বরাদ্দের মধ্যে কোন্ খাতে কি পরিমাণ অর্থ খরচ হয়েছে, তা সংযোজনী - ১

[Annexure-I] এ বর্ণিত হয়েছে।

(খ) ২০১১-১২ বর্ষে উত্তরবঙ্গ উৎসবের অর্থসংস্থান পরিকল্পনা খাত '২৫৭৫ - Other Special Areas Programme - 02 - Backward Areas - 789- Special Component Plan for Scheduled Castes-SP (State Plan-Annual Plan & XI/XIIth Plan)- 018-Development of North Bengal-31-Grants-in-Aid-General-2-Other Grants-V' থেকে করা হয়েছিল।

২০১২-১৩ বর্ষে উত্তরবঙ্গ উৎসবের জন্য অর্থের সংস্থান পরিকল্পনা বহির্ভূত খাত "2052–Secretariat - General Services - 00-090–Secretariat – NP – Non Plan - 033 - Development of North Bengal [NB] –50–Other Charges – V" থেকে করা হয়েছে।

Annexure–I to the reply to Starred (*) Question No 745 raised bt Shri Sukh Bilas Barma, hon'ble MLA in West Bengal Legislative Assembly

Statement of expenditure incurred by North Bengal Development Department in the years 2011-12 and 2012-13 (till 15.03.2013) against budgetary allocation under Demand No. 62

Sl. No	Head of the Scheme	Expenditure incurred in the Financial Year 2011-12 (Rs.)	Expenditure incurred in the Financial Year 2011-13 (Rs.) [Till 15.03.2013]
1	2052 – Secretariat – General Services – 00 – 090 – Secretariat – NP – Non Plan – 033 – Department of North Bengal Development [NB]	20,18,977.00	1,91,57,472.00
2	2575 – Other Special Areas Programme – 02 – Backward Areas – 101 – Area Development – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan) – 034 – Development of North Bengal [NB] – 31 – in – aid – General – V – 02 – Other Grants	25,08,91,638,00	33,72,97,084.00

Sl. No.	Head of the Scheme	Expenditure incurred in the Financial Year 2011-12 (Rs.)	Expenditure incurred in the Financial Year 2011-13 (Rs.) [Till 15.03.2013]
3	2575 – Other Special Areas Programme – 02 – Backward Areas – 789 – Special Component Plan for Scheduled Castes – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan – 018 – Development of North Bengal [NB] – 31 – Grant – in – Aid – General – V – 02 – Other Grants	15,68,35,268.00	2,13,25,961.00
4	2575 – Other Special Areas Programme – 02 – Backward Areas – 796 – Tribal Areas Sub – Plan – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan – 018 – Development of North Bengal [NB] – 31 – Grant – in – Aid – General – V – 02 – Other Grants	2,26,04,537.00	70,67,516.00
5	4575 – Capital Outlay on Other Special Areas Programme – 60 – Others – 789 – Special Component Plan for Scheduled Caste – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan) – 004 – Development of North Bengal (RIDF) [NB] – 53 – Major Works/ Land & Buildings – V	5,86,00,000.00	2,59,12,000.00
6	4575 – Capital Outlay on Other Special Areas Programme – 60 – Others – 796 – Tribal Areas Sub – Plan – – SP –Sstate Plan (Annual Plan & XI/XIIth Plan) – 022 – Development of North Bengal (RIDF) [NB] – 53 – Major Works/Land & Buildings – V	1,46,00,000.00	64,78,000.00
7	4575 – Capital Outlay on Other Special Areas Programme – 60 – Others – 800 – Other Expenditure – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan) – 026 – Development of North Bengal (RIDF) [NB] – 53 – Major Works/ Land & Buildings – V	17,10,00,000.00	7,55,78,000.00

Sl. No.	Head of the Scheme	Expenditure incurred in the Financial Year 2011-12 (Rs.)	Expenditure incurred in the Financial Year 2011-13 (Rs.) [Till 15.03.2013]
8	5054 – Capital Outlay on Roads and Bridges – 04 – District & Other Roads – 337 – Road Works – SP – State Plan (Annual Plan & XI/XIIth Plan) – 024 – Projects of Rural Roads under BRGF (BRGFS) [NB] – 53 – Major Works / Land & Buildings – V	Nil	17,30,00,000.00
9	5054 – Capital Outlay on Roads and Bridges – 04 – District & Other Roads – 789 – Special Component Plan for Scheduled Castes – SP – State Plan (Annual Plan & Other XI/XIIth Plan) – 017 – Projects of Rural Roads under BRGF (BRGFS) [NB] – 53 – Major Works/Land & Buildings – V	Nil	Nil
10	5054 – Capital Outlay on Roads and Bridges – 04 – District & Other Roads – 796 – Tribal Areas Sub – Plan – SP – State Plan (Annual Plan XI/XIIth Plan) – 017.Projects of Rural Roads/under BRGF (BRGFS) [NB] – 53 – Major Works/Land & Buildings – V	Nil 67,65,50,420.00	Nil 66,58,16,033.00

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প

১১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৫) শ্রী অপূর্ব সরকার : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প বাস্তবায়নের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

কান্দী বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পটি (অনুমিত ব্যয় ৪৩৮.৯৪ কোটি টাকা) কেন্দ্রীয় প্ল্যানিং কমিশনের ছাড়পত্র পাওয়ার পর (১৩- ই জুন ২০১২) সর্বমোট ৪৬.৯৮ কোটি টাকার দরপত্র আহবান করা হয়েছে।

দ্বাদশ পরিকল্পনাকালে বন্যা নিয়ন্ত্রণ কর্মসুচিতে প্রকল্পটিকে অর্ন্তভুক্ত করার জন্য গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রকের কাছে প্রস্তাব পাঠানো হয়েছিল।

আমি নিজে কেন্দ্রীয় জলসম্পদ মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করে দুবার (অক্টোবর, ২০১২ ও জানুয়ারী ২০১৩) দ্রুত অনুমোদনের জন্য অনুরোধ জানিয়েছিলাম কিন্তু এখনও প্রয়োজনীয় ছাড়পত্র পাওয়া যায়নি।

নাগরাকাটার বন্যা প্রতিরোধ

১১৫।(অনুমোদিত প্রশ্ন নং *৭৮৭) শ্রী জোসেফ মুণ্ডা : সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নাগরাকাটা বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বন্যা প্রতিরোধ প্রকল্পগুলি বাস্তবায়নের লক্ষ্যে কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় :

(ক) জলপাইগুড়ি জেলার নাগরাকাটা বিধানসভা কেন্দ্রে অবস্থিত বিভিন্ন বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পগুলির অবস্থান, অনুমিত ব্যয় ও বর্তমান নিম্নরূপ :

১. শুলকাপাড়া গ্রাম পঞ্চায়েতের অর্ন্তগত ঘাসমারী (শিশুবাড়ী) গ্রামে কুচি ডায়না নদীর ডান পাড়ের সংরক্ষণের কাজ।

অনুমিত ব্যয় - ১১০.০০ লক্ষ টাকা।

উক্ত স্কীমটি B.A.D.P. (Border Area Development Project)-তে জমা দেওয়া হয়েছে।

২. কুচি ডায়না নদীর বাম পাড় সংরক্ষণের কাজ।

অনুমিত ব্যয় - ৫৪৭.৩৬ লক্ষ টাকা।

উক্ত স্কীমটি MGNREGS (Mahatma Gandhi National Rural Employment Guarantee Scheme) -তে জমা দেওয়া হয়েছে।

৩. আঙরাভাষা-১ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত খেড়কাটা গ্রাম ও টিকানপুর বনসৃজন এলাকায় ডায়না নদীর ডান পাড়ের সংরক্ষণের কাজ।

অনুমিত ব্যয়- ১১৭.৪৫ লক্ষ টাকা।

ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে।

৪. হাজিপাড়া খাসবস্তি অর্ন্তগত ঈদগাহ ময়দান থেকে টানাটানি ব্রীজ পর্যন্ত নদী পাড় সংরক্ষণের কাজ।

অনুমিত ব্যয়- ৬২.৮৩ লক্ষ টাকা।

উক্ত স্কীমটি State Core Plan-তে জমা দেওয়া হয়েছে।

৫. নাগরাকাটা ব্লকের অর্ন্তগত টিকানপুর বন গ্রামে ডায়না নদীর ডান পাড় বরাবর সসেজ বাঁধের নির্মাণ (Ch. O M to Ch. 340 M & Ch. 340M to Ch. 660 M)

অনুমিত ব্যয়—৬২.৬৬ লক্ষ টাকা।

কাজটি সম্পন্ন হয়েছে।

B.A.D.P. (Border Area Development Project)

৬. নাগরাকাটা ব্লকের অর্ন্তগত টিকানপুর বন গ্রামে ডায়না নদীর ডান পাড় বরাবর সসেজ বাঁধের নির্মাণ

(In between Ch. 970 M to Ch. 1290 M)

অনুমিত ব্যয় - ৩৪.৯৯ লক্ষ টাকা।

কাজটি সম্পন্ন হয়েছে।

B. A.D.P. (Border Area Development Project)

[12·00 noon–12·10 p.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion jointly from Dr. Surjya Kanta Mishra, Shri Subhas Naskar, Shri Biswanath Karak, Shri Prabodh Chandra Sinha, Shri Anandamay Mandal, Shri Chand Mohammad and Shri Abdur Razzak Molla on the subject of alleged curbing of democratic rights in the State.

Under Rule 59 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, a motion for an adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance may be made. Normally adjournment motions are not allowed during the Budget Discussions or during the discussion on the Motion of Thanks in Reply to Governor's Address as Members have sufficient opportunity to focus the attention of the House to any matter during that discussion.

However, as a very special case I give my consent to the Motion tabled by Dr. Surjya Kanta Mishra and others.

Now, I call upon Dr. Surjya Kanta Mishra to ask for leave of the House to move the Adjournment Motion.

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker Sir, I beg to move that the leave of the House be granted to move the Adjournment Motion.

Mr. Speaker : I think there is no objection to this. The leave is granted. Now, I call upon Dr. Mishra to move his Motion.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবী রাখছেন। বিষয়টি হল—রাজ্যের গণতান্ত্রিক মূল্যবোধ ও সাংবিধানিক প্রতিষ্ঠানের উপর ক্রমাগত যে আক্রমণ চলছে তা বন্ধ করতে রাজ্য সরকার চূড়ান্ত ব্যর্থ হয়েছে। শান্তিপ্রিয় মানুষ আজ চূড়ান্তভাবে বিপন্ন ও অসহায়। শিক্ষা ক্ষেত্রে চরম নৈরাজ্য। ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ব্যাপক সন্ত্রাস ও ভয় এমন পর্যায়ে পৌঁছেছে যে তা সংবিধানের সমস্ত গণতান্ত্রিক অধিকারের ধারাকে লঙ্ঘন করেছে। রাজ্যে হিংসা বন্ধ করার জন্য এই সভা রাজ্য সরকারের নিকট সর্বপ্রকার সাংবিধানিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের এবং রাজ্যের শান্তি, নিরাপত্তা ও গণতান্ত্রিক অধিকার সুরক্ষার দাবি জানাচ্ছে।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, আমি একটু জানতে চাইছি, যে এটাতো এ্যাডজর্নমেন্ট মোশান, তার মানে একটা স্পেসিফিক ইস্যুতে অপোজিশান এ্যাডজর্ন চাইছেন হাউস, for discussion. ডিসকাশানটা যদি কালকে হয় তাহলে আজকে মোশানটা প্রেস কি করে হয়? সেটা তো কালকেই হওয়ার কথা।

মিঃ স্পীকার : এটা আমি দেখেছি, এটা আপনার অনেক নজির আছে এবং আমি এটা দেখেছি আজকে আমাদের বিজনেস—আমি সেই রিজিনটা আপনাকে বলে দিচ্ছি, আমি পড়ে দিচ্ছি। As we have plenty of legislative business today which will consume a great deal of time, I declare that the Adjournment Motion will be taken up for discussion tomorrow after recess hours and the discussion will continue for two hours. The Motion will be put to vote after two hours-debate.

In fact there are instances that where the business is voluminous, the Adjournment Motions are taken on the next following day. There are instances.

........(এই সময়ে শ্রী মহম্মদ সোহরাব কিছু বলতে ওঠেন) ....

Mr. Speaker : আপনার কোন এ্যাডজর্নমেন্ট মোশান আমাদের কাছে জমা পড়েনি। It has not been tabled. We have not received any Adjournment Motion..

(এই সময় শ্রী মহঃ সোহরাব কিছু বলার জন্য উঠে দাঁড়ান)

.... (নয়েজ) .... আমি না পেলে কী করব? আমি তো অ্যাডজর্নমেন্ট মোশন পায়নি। আমি কি বলব? অ্যাডজর্নমেন্ট মোশন আমার কাছে আসেনি। আমার কাছে কোন অ্যাডজর্নমেন্ট মোশন জমা পড়েনি। আমি কি বলতে দেব আপনাকে? ....(গোলমাল) ...... আমি যা ওনাদের কাছে থেকে খবর পাচ্ছি, অফিস থেকে বলেছে—আপনি আগামী কাল ওটা মুভ করবেন। অফিস থেকে সেই খবর দিচ্ছেন উনি। আপনি বলে এসেছেন আপনি কাল মুভ করবেন।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received five notices of Calling Attention on the following subjects namely :

Subject	Name
(i) Non completion of work under Rajib Gandhi Gramin Vidyautikaran Yojana in Harischandrapur Assembly Constituency area	: Tajmul Hossain
(ii) Deplorable condition of Krishak Setu–over Damodar River in Burdwan district	: Shri Basudeb Khan
(iii) Urge for recognition of temporary teachers engaged in different schools and Madrasah in the State	: Shri Sunil Kumar Mondal
(iv) Urge for reconstruction of class-rooms of Chandrapur High School	: Shri Sahajahan Chowdhury
(v) Non-functioning of Anglo Press Machine in Kalyani Gandhi Memorial Hospital	: Shri Ajoy Dey.

I have selected the notice of Shri Basudeb Khan on the subject of deplorable condition of Krishak Setu–over Damodar River in Burdwan district.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী মণীশ গুপ্ত : এই অধিবেশনে আর সময় না থাকার দরুন এই উত্তরটা সরাসরি পাঠিয়ে দেওয়া হবে।

মিঃ স্পীকার : Now, I call upon the Minister-in Charge of the Panchayats and Rural Development Department to make a statement on the subject of present status of implementation of the scheme for construction of Bridge over Bhangla-Kandor in Dunigram Gram Panchayat under Rampurhat Block-II (Attention called by Shri Asit Kumar Mal on the 15th March, 2013.)

শ্রী সুব্রত মুখার্জী : বীরভূম জেলার রামপুরহাট-২ নং ব্লকের দুনিগ্রাম গ্রাম পঞ্চায়েতের ব্রাহ্মণী নদীর ভাঙ্গলা কাদরে সেতু নির্মাণের বিষয়ে জানানো যায় যে এ ব্যাপারে বীরভূম জেলা পরিষদ কর্তৃক প্রকল্প ইতিমধ্যেই প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্প আর. আই. ডি. এফ-১৮ এর আওতায় অনুমোদনের জন্য রাজ্যের অর্থ দপ্তরের মাধ্যমে নাবার্ডের কাছে পাঠানো হয়েছিল। নাবার্ড সেতুটির প্রস্তাবিত প্রস (Width) ৭.৫ মিটার থেকে কমিয়ে ৫.৫ মিটার করার জন্য জানিয়েছে। কিন্তু পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভেটিং সেলের অভিমত অনুযায়ী দৈর্ঘ্য ও অন্যান্য পারিপার্শ্বিক অবস্থার পরিপ্রেক্ষিতে সেতুটির প্রস্তাবিত প্রস্থ (৭.৫ মিটার) বজায় রাখাই যুক্তিযুক্ত। বিভাগের এই বক্তব্য অর্থ দপ্তরকে জানানো হয়েছে এবং নাবার্ড যাতে প্রকল্পটি ৭.৫ মিটার প্রস্থসহ অনুমোদন করে তার জন্য অর্থ দপ্তরকে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। বিষয়টি বর্তমানে অর্থ দপ্তরের বিবেচনাধীন।

নাবার্ড কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হলে অর্থ বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হবে।

[12·10–12·20 p.m.]

শ্রী অসিত কুমার মাল : স্যার, আমি মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রীকে ধন্যবাদ জানাব কারণ দীর্ঘ ২৫ বছর ধরে এই বিধানসভায় বিগত সরকারের আমলে পিছিয়ে পরা তফশিলি জাতির মানুষের কল্যাণের জন্য, যাতায়াতের জন্য আমি বারবার এই বিধানসভায় রেইজ করা সত্ত্বেও বিগত রাজ্যসরকার জেলা পরিষদ কোন ব্যবস্থা গ্রহণ করেনি।

এই নতুন সরকার আসার ফলে একটা আশার আলো জেগেছিল যে এই সরকার হয়তো এটা মূল্য দেবেন। সেই নিরিখে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর তার ডি.পি. আর তৈরি করে স্ট্রংলি রেকমেন্ডেশন করে ফাইনান্সে পাঠিয়েছিলেন। সেখানে নাবার্ডের একটা টেকনিক্যাল প্রবলেম ৭.৫ নিয়ে। তারা চাইছেন ৫.৫ মিটার ডি.পি. আর তৈরি করে জমা দিলে এটা বিবেচনা করবেন। আমি শুধু মাননীয় মন্ত্রকে বলতে চাই প্রায় ২০-২২ লক্ষ টাকা খরচা হয়েছে এই ডি.পি.আর তৈরি করতে। ২৫ বছর ধরে বিগত সরকারের আমলে এই বিধানসভায় চিৎকার করে চিৎকার করে গলা ফেটে গিয়েছে, তবুও রাজ্য সরকারের কর্ণগোচর হয়নি। আপনি এতদূর এগিয়ে গিয়েছেন, সামান্য একটু টেকনিক্যাল কারণে নাবার্ড এই পয়েন্ট আউট করেছে। আপনি দয়া করে আর ফেরত পাঠাবেন না, নতুন করে আর.ডি. পি. আর তৈরি করা সম্ভব হবে না। এই পবিত্র বিধানসভায় আপনাকে করজোড়ে অনুরোধ করছি দীর্ঘদিন ধরে তপসিলি জাতি পিছিয়ে পড়া মানুষ স্কুলে যেতে পারে না, হাসপাতালে যেতে পারে না, জলময় অবস্থায় বন্দী থাকে। হাহাকার অবস্থা ২০ খানা গ্রামের মানুষের।

এই ব্রিজটা যাতে হয় এই ব্যাপারে আপনি সদর্থক ভূমিকা গ্রহণ করবেন এবং অর্থ দপ্তরের কাছে জোরালো রেকমেন্ডেশন করে যদি ৫.৫ হয়, যদি ৭.৫ তারা রাজি থাকে, দয়া করে ব্রিজটা যেনতেন প্রকারে করে দেওয়ার ব্যবস্থা করবেন কি না এই হাউসকে আপনি জানান।

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই ব্রিজটা অরিজিনালি করার কথা ছিল জেলা পরিষদের। কিন্তু যে-কোন কারণেই হোক এটা করতে না পারায়—আমরাও এর গুরুত্ব মাননীয় বিধায়কের সঙ্গে সহমত পোষণ করি। উন্নয়নমূলক কাজে এই নিয়ে কোন বিতর্ক হোক আমাদের সাথে নাবার্ডের অথবা জেলা পরিষদের, তা আমরা চাই না। আপনারা বললেন জানেন, আমরা অলরেডি ডি.পি.আর তৈরি করেছি এবং পাঠিয়েওছি। আমি গুরুত্ব দিয়ে অর্থ দপ্তরের সাথে এবং নাবার্ডের সাথে কথা বলব। আমরা আপ্রাণ চেষ্টা করব যাতে ব্রিজটা হয়ে যায়।

Mr. Speaker : Now I call upon the Minister-of-State for the Health and Family Welfare Department to make a statement on the subject of ensuring service of a Gynaecologist in Purbasthali Rural Hospital in Purbasthali Block–II (Attention called by Shri Tapan Chatterjee on the 20th March, 2013)

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ক শ্রী তপন চ্যাটার্জীর দৃষ্টি আকর্ষণী নটিশের জবাবে জানাই, বিগত সরকারের আমলে বিভিন্ন হাসপাতালে চিকিৎসকের শূন্যপদের সংখ্যা ভয়াবহ আকার নিয়েছিল। এই সরকারের আমলে বিগত প্রায় দেড় বছরে সাধারণ ও বিশেষজ্ঞ মিলিয়ে মোট ১৮৮০ জন চিকিৎসকের নিয়োগ করা হয়েছে। এর মধ্যে স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাক্তারের সংখ্যা ৩৭ জন। এই মুহূর্তে পূর্বস্থলী ২ নং ব্লকের অধীন পূর্বস্থলী গ্রামীন হাসপাতালে ২ জন ডাক্তার আছেন, কোন স্ত্রীরোগ বিশেষজ্ঞ নেই। তবে, মাননীয় সদস্যের অনুরোধ মোতাবেক ব্যবস্থা নেওয়ার চেষ্টা করা হবে।

PRESENTATION OF COMMITTEE REPORT

Presentation of the Fourth Report of the Committee on Public Accounts (2012-2013)

শ্রী আনিসুর রহমান : স্যার, এই রিপোর্টটি পেশ করার আগে আমার দুটো কথা বলার আছে এখানে যে প্রভিশন আছে সেই মতো। আমরা এই ক-বছরে অনেক কাজ যেগুলো ছিল, যেগুলো আমরা কমপ্লিট করেছি। আমরা কতগুলো নেগেটিভ দিক দেখলাম, সেগুলো এই সভাকে জানিয়ে রাখা ভালো। প্রথম হচ্ছে অডিট যখন হয় তখন অডিটে যেসমস্ত সমস্যা ধরা পড়ে, সংশ্লিষ্ট আধিকারিকদের বলার পরেও সময় মতো তারা সেই ব্যবস্থা গুলো নেয় না। এটা একটা ত্রুটি হয়ে আছে। দ্বিতীয় হচ্ছে যখন আমাদের কাছে বিষয়গুলো আসে তখন আমরা ডিপার্টমেন্টে জানতে চাই। ডিপার্টমেন্ট সময় মতো তার রিপোর্টগুলো পাঠায় না, রিপ্লাই দেয় না। এর ফলে অনেক ত্রুটি হয়, ঘাটতি হয়ে যায়। তৃতীয় হচ্ছে যে আমাদের সঙ্গে আলোচনার সময় অনেক অফিসার ঠিকমতো আসেননা। যারা আসেন তারাও রেডি হয়ে আসেন না। এর ফলে এভিডেন্সের সমস্যা হয়। আবার আমরা যে সিদ্ধান্ত গুলো নিই, সেগুলো যে রিপোর্ট আকারে যায়, তার যে অ্যাকসান টেকেন রিপোর্ট,

সেটাও আমাদের কাছে ঠিকমতো আসে না। এর ফলে এই যে কমিটি করা হয়েছে, এর যে অবজেকটিভ—মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যে আপনারা যদি নজর রাখেন তাহলে ভবিষ্যতে এটা সুবিধাজনক হবে। Sir, I beg to present the Fourth Report of the Committee on Public Accounts (2012-2013) on Para No. 4.3.1 of the Report of the Comptroller and Auditor General of India for the year 2006-2007 (Civil) relating to the Co-operation Department.

Presentation of the Fifth Report of the Committee on Papers Laid on the Table (2012-2013)

Shri Anandamay Mandal (The Chairman) : Sir, I beg to present the Fifth Report of the Committee on Papers Laid on the Table (2012-2013) on the matter of Delay in laying of Audited Accounts of the West Bengal University of Animal and Fishery Sciences for the years 1995-1996, 1996-1997, 1997-1998 1998-1999 and 1999-2000.

Presentation of the Fourth Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2012-2013)

Shri Biplab Roy Chowdhury : (The Chairman) : Sir, I beg to present the Fourth Report of the Standing Committee on Irrigation & Waterways and Water Investigation & Development (2012-2013). on the progress in Re-construction Works of Embankments in 'AILA' affected Sundarban Areas.

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORTS AND ACCOUNTS

The Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 2009-2010.

Shri Manish Gupta : Sir, with your permission, I beg to lay the Annual Accounts and Audit Report thereon, of the West Bengal Industrial Infrastructure Development Corporation for the year 2009-2010

The 38th and the 39th Annual Reports and Accounts along with Audit Report thereon, of the West Bengal Sugar Industries Development Corporation limited for the years 2010-2011 and 2011-2012

Shri Manish Gupta : Mr. Speaker, Sir, with your permission

I beg to lay 38th and the 39th Annual Reports and Accounts along with Audit Report thereon, of the West Bengal Sugar Industries Development Corporation limited for the years 2010-2011 and 2011-2012.

The 38th Annual Report containing. Audited Accounts of the West Bengal Forest Development Corporation limited for the year 2011-2012

Shri Hiten Barman : Sir, I beg to lay the 39th Annual Report containing Audited Accounts for the West Bengal Forest Development Corporation Limited for the year 2011-2012.

The Audit Reports and Audit Certificates on the Accouts of the West Bengal State Legal Services Authority, West Bengal for the years 1998-1999, 1999-2000, 2000-2001, 2001-2002, 2002-2003, 2003-2004, 2004-2005, 2005-2006, 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to lay the The Audit Reports and Audit Certificates on the Accounts of the West Bengal State Legal Services Authority, West Bengal for the years 1998-1999, 1999-2000, 2000-2001 2001-2002, 2002-2003, 2003-2004, 2004-2005, 2005-2006, 2006-2007, 2007-2008, 2008-2009, 2009-2010 and 2010-2011.

LEGISLATION

The West Bengal State Health Service (Amendment) Bill, 2013

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to introduce the West Bengal State Health Service (Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to move that the West Bengal State Health Service (Amendment) Bill, 2013 be taken into consideration.

[12.20–12.30 p.m.]

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে The West Bengal State Health Service (Amendment) Bill, 2013 যা পেশ করা হয়েছে, এই বিলটা নিয়ে এমনি বিরোধিতার কোন প্রশ্ন নেই। কিন্তু প্রশ্নটা হচ্ছে বিভিন্ন সময়ে সরকারের অস্থিরতা তাড়াহুড়ো এই সমস্ত করতে গিয়ে বিলের মাধ্যমে আমাদের হেলথ সার্ভিসে যেসব ডাক্তাররা আছেন, তাদের পোস্ট গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমা কোর্সে ভর্তির ব্যাপারে মূল যে বিষয় সেটা পড়বার জন্য যে ধরনের

মানসিকতা যে স্পিরিট থাকা উচিত এই বিলের মধ্যে সেটা প্রতিফলিত হচ্ছে না। এখানে বিলের একটা three-men expert committee গঠন করার কথা বলা হয়েছে। কিন্তু ব্যাপারটা হচ্ছে MCl (Medical Council of India) তাদের যে নোটিফিকেশন এবং অ্যাকটের উপরে যে নোটিফিকেশান ২১শে ডিসেম্বর ২০১০ যা বেরিয়েছে, তার সঙ্গে এই বিলের কোন সাযুজ্য থাকছে না। স্বাভাবিক কারণে এই সরকার ২০১১ সাল থেকে বলছে যে সার্ভিসের মধ্যে যে সব ডাক্তাররা আছেন, তাদের কতগুলি ওয়েটেজ দিতে হবে। আর ওয়েটেজটা দিতে গেলে সেখানে এলাকার যে ক্লারিফিকেশন দেওয়া আছে, সেখানে যে বিষয়গুলি উল্লেখ করা আছে, যেমন ওখানে remote and difficult এটার উপরে অ্যাক্ট্ আছে, এটার উপরেই নোটিফিকেশন আছে, সেই বিলে বলা হচ্ছে remote or backward এটাই তো একটা বিতর্কিত বিষয় হয়ে যাচ্ছে এবং যে কারণের জন্য দেখা গেল গতবারে ২০১১ সালে সরকার যা নোটিফিকেশন করেছিল সেই অনুযায়ী পোস্ট গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমাতে কোন ছেলে ভর্তি হতে পারল না। পরে ২০১২ সালে এই সরকার তারা কতগুলি জেলার নাম ঘোষণা করলেন এই রিমোট এবং ব্যাকওয়ার্ড নিয়ে। এবং সেটা বাস্তবিক ক্ষেত্রে দেখা গেল হাইকোর্ট এই কেসটাকে কোয়াশ করে দিল। এটা কোয়াশ করারই কথা । কারণ যেমন ধরুন এম আর বাঙ্গুর সেটা যদি রিমোট এবং ব্যাকওয়ার্ড হয়, তাহলে কি হবে বুঝুন। মানে একটা অবাস্তব জিনিস হচ্ছে। একটা সুন্দরবনের রিমোট এলাকা বলুন, গোসাবা বলুন, কাকদ্বীপ বলুন একেবারে ইন্টেরিয়র যে এলাকাগুলি আছে, যদি বলা হয় বাঁকুড়া মেডিক্যাল কলেজ আর রানীবাঁধের কোন পি এইচ সি কিংবা আমাদের খাতড়া এস ডি হাসপাতাল, এগুলি কি একই ক্যাটাগরীর মধ্যে পড়ে? সরকারের এই যে এলাকা চিহ্নিতকরণের ব্যাপারটা এটা একটা সমস্যা তৈরী করছে। এটা ঠিক যে আপনি একটা এক্সপার্ট কমিটি গঠন করেছেন। এক্সপার্ট কমিটি অ্যাক্ট্কে কখনো অ্যামেন্ডমেন্ট করতে পারে? আমি বুঝতে পারছি না, এটা কেন করলেন। আপনি দেখুন যে হাইকোর্টে কেসটা কোয়াশ হয়ে যাওয়ার পরে হাইকোর্ট বলল যে মেরিট লিস্ট অনুযায়ী কাউন্সেলিং করে আপনি অ্যাডমিশন করতে বলুন। এরপরেও দেখা গেল যে সেকেণ্ড কাউন্সেলিং হয়নি। তারপরে আবার সরকারকে ডেকেছে। বলছে যে, সেকেন্ড কাউন্সেলিং করুন এবং তারপরে অ্যাডমিশনের ব্যবস্থা করুন। আরও মজার ব্যাপার হল যে এই ২০১৩ সালে অন লাইনের মাধ্যমে এনট্রান্সের পরীক্ষা কমপ্লিট হয়ে গেছে। এবং সেখানে বলা হয়েছে মে মাসের মধ্যে তাদের অ্যাডমিশনটাকে সুনিশ্চিত করতে হবে। এখন আবার এই ফলটা ঘোষিত হচ্ছে না কারণ, সুপ্রিম কোর্টে একটা কেস্ হয়ে আছে। এই কেসের পর কেস্, তারপরে অ্যাডমিশন না হওয়া এবং মেরিট লিষ্ট পাবলিশ না হওয়া-এই যে এত জটিলতাগুলো হচ্ছে, আমি মাননীয় মন্ত্রী এবং সরকারকে এটা বলব যে, এত জটিলতার মধ্যে না গিয়ে, এম.সি.আই. (মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়া) এর যে অ্যাক্টটা আছে, সেখানে এটা পরিষ্কার-তারা তো এটা মেনে নিয়েছে যে, রিমোট এবং ডিফিকাল্ট এলাকার জন্য ওয়েটেজ পাবে সার্ভিসের মধ্যে যেসমস্ত ডাক্তাররা রয়েছে এবং সেখানে বলা হয়েছে, তিন বছর যারা করে, এক বছরের জন্য ১০ নম্বর তারা পাবে এবং সর্বোচ্চ ৩০ নম্বর ৩ বছরের জন্য পাবে। অনুরূপভাবে ডিপ্লমা কোর্সের মধ্যে যারা দিতে চায়, তাদের ক্ষেত্রে যে সমস্তগুলো আছে এটা এবং এই যে এলাকাগুলোকে চিহ্নিতকরণ, মূল বিষয়টা হয়ে গেছে এই জায়গাতে। আমি যে কথাটা উল্লেখ করতে চাই, এটা সরকারের মন্ত্রী এবং অন্যান্যরা অন্যভাবে নেবেননা, এই যে অ্যাক্টটা আছে, এর সঙ্গে সাযুজ্য রেখে, এই যে রিমোট এবং ডিফিকাল্ট এলাকাকে

আপনারা চেঞ্জ করে দিয়ে রিমোট এবং ব্যাকওয়ার্ড—ব্যাকওয়ার্ড কেন করতে চাইছেন? এর যে একটা সুদূরপ্রসারি—আপনারা জানেন যে, ব্যাকওয়ার্ড ক্লাস কিংবা স্টেট গভর্নমেন্ট যে এ.পি.এল. বি.পি.এল করছে—এগুলো অনেক বিতর্কিত। এই বিতর্কিত বিষয়ের মধ্যে গেলে পরে সত্যিকারের রাজ্য সরকারের স্পিরিট—আমি এটার সঙ্গে একমত যে, যারা রিমোট এলাকায় কাজ করছে, তাদের ওয়েটেজ্ দেওয়া দরকার। সেই ওয়েটেজ্ তারা পাবে কিনা, সেটা একটা অনিশ্চিত ব্যবস্থার মধ্যে চলে যাচ্ছে। সেইজন্য আমি এটা অনুরোধ করব যে, এম.সি.আই. এর যে অ্যাড়টা আছে এবং সেখানে তারা যে নোটিফিকেশনটা করেছেন ২০১০ সালের ২১শে ডিসেম্বর, সেটার সঙ্গে সাযুজ্য রেখে—এটা এরকম হ'তে পারে যে-কোনো একটা ব্লক চিহ্নিত হতে পারে। একটা ডিস্ট্রিক্টকে যদি আপনি চিহ্নিত করে দেন এবং সেটা যদি আপনি ব্যাকওয়ার্ড বলেন, সেটা নিয়ে আবার কোর্টে কেস হবে এবং যে স্পিরিট নিয়ে বিলটা আনা হচ্ছে, সেটা কখনোই কার্যকরী হবে না। এই বিলের ব্যাপারে এমনি কিছু বলার নেই, ছেলেদের ভবিষ্যৎ যে একটা অনিশ্চিত জায়গায় নিয়ে যাওয়া হচ্ছে, আর এই যে এক্সপার্ট কমিটি—ধরুন, মে মাসে ছেলেরা ভর্তি হবে, এটা লাস্ট ডেট, সেখানে এক্সপার্ট কমিটি গঠন করে, এক্সপার্ট কমিটির এলাকা চিহ্নিতকরণ করার ব্যাপার নিয়ে আরো অনেকের মতামত থাকতে পারে, যে-কোনো পাবলিকের মতামত থাকতে পারে। সরকার যেটা চাইছে যে, একটা নির্দিষ্ট পরিমাণ ছেলে, যারা এখানে ভর্তি হবে এবং যে সুযোগের মধ্যে দিয়ে, রিমোট এলাকার লোকেদের উন্নত পরিষেবা দিতে চান, সেটাই বিঘ্নিত হবে। সেইজন্য আমার মনে হয় যে, এটাকে ডিস্ট্রিক্ট না করে ব্লকওয়াইজ এলাকাগুলোকে চিহ্নিতকরণ করে, সত্যিকারের স্বাস্থ্য পরিষেবার উন্নয়নের জন্য এই ধরণের ছেলেরা যাতে সুযোগ পেতে পারে, তার একটা ব্যবস্থা করা হোক। এই কথা বলে, এর বিরোধিতা করার কোনো ব্যাপার নেই, আমি আমার আলোচনা এখানেই শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওয়েস্টবেঙ্গল স্টেট হেলথ সার্ভিস (অ্যামেন্ডমেন্ট) বিল ২০১৩, যে বিলটি আনা হয়েছে, এটাকে শুধু একটি সংশোধনী বিল বলে আক্ষায়িত করলে ভুল করা হবে। এর পেছনে একটি মহৎ এবং মানবিক উদ্দেশ্য আছে। যে মানবিক উদ্দেশ্যের নিশ্চিতভাবে আমার সি.পি.এম. এর বন্ধু বিরোধীতা করেননি এবং সেটা করার কোনো জায়গাও নেই বিশেষ। এই বিলটা যদি অ্যামেন্ডমেন্ট না আনা হত, তাহলে মূল বিলে এমন কিছু জায়গা রয়েছে, যে কারণের জন্য একেবারে রিমোট এবং ডিফিকাল্ট এরিয়া যেগুলো আছে, সেই ডিফিকাল্ট এরিয়ার ডাক্তারদের যাওয়ার ক্ষেত্রে নানা প্রতিবন্ধকতা বা অনীহা দেখা দিতো। আমরা জানি, বামফ্রন্ট সরকার একবার চেষ্টা করেছিলেন। বেয়ার ফুটেড্ ডাক্তার, একবার তিন বছরের জন্য ডাক্তার করতে গিয়েছিলেন। সেদিনও কিন্তু আপনারা জানতেন যে, এম.সি.আই. এর কি ডায়রেক্শন আছে। এম.সি.আই এর ডায়রেকশন থাকা সত্ত্বেও সেদিন কিন্তু কিছু পপুলার ইস্যু তৈরি করার জন্য তিন বছরের ডাক্তারি কোর্স করার চেষ্টা করেছিলেন। সারা ভারতবর্ষ জুড়ে প্রবল বাধা, পশ্চিমবঙ্গে প্রবল বাধায় আপনাদের পিছিয়ে যেতে হয়েছিল।

[12·30–12·40 p.m.]

..... সেখান থেকে বেড়িয়ে এসে প্রকৃত পক্ষে একেবারে রিমোট ভিলেজের যে মানুষ, ডিফিকাল্ট এরিয়ার যে মানুষ, ডিফিকাল্ট এরিয়া বলতে এই কথাটাই বোঝাচ্ছে যেটা আপনি

বলেছেন, এটা নিশ্চয়ই একটা এ্যামেন্ডমেন্ট আসবে আমি শুনেছি। ডিফিক্যাল্ট এরিয়া মানে, সেখানে এই ধরনের সিডিউল কাষ্ট, সিডিউল ট্রাইব অর্থাৎ This is implied যে যেখানে মানুষ বসবাস করেন তাদের চিকিৎসার জন্য এমন কিছু ব্যবস্থা করা দরকার যা আগামী দিনে যারা ডাক্তার, যারা পরবর্তীকালে পোষ্ট গ্র্যাজুয়েট করবেন, যারা পরবর্তীকালে ডিপ্লোমা কোর্স করবেন, তারা যাতে উৎসাহিত বোধ করেন। আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে আমি বারুইপুরের এম এল এ ছিলাম। সেখানকার একজন ডাক্তার এসে আমাকে বললো "আমাকে ধরে একদিন মারধোর করুন।" আমি বললাম কেন আপনাকে মারধোর করবো? বললো, "আমি এখান থেকে চলে যেতে চাই।" কেন চলে যাবেন? "এখানে চিকিৎসাশাস্ত্র ভুলে যাবার উপায় হয়েছে।" মা মাটি মানুষের সরকার এই মূল ব্যাপারটাকে বুঝতে পেরে আপনি দেখেছেন যে বাজেটে প্রায় 57% ইনক্রিজ করা হয়েছে। তার কারণটা কি? তার কারণ হচ্ছে প্রথমে সিদ্ধান্ত হয়েছে সাতটি স্বাস্থ্য জেলা তৈরী করা হবে। রিমোট জায়গাতে এবং যেগুলো পিছিয়েপড়া জেলা, যেখানে চিকিৎসা ব্যবস্থা সঠিক ভাবে পৌঁছায় নি, সেই সাতটি জেলাকে স্বাস্থ্য জেলায় পরিণত করতে হবে। আর, ৩৪টি super specialty hospital। আপনি ডাক্তারকে পাঠালেন, সে ডাক্তারী করবে এবং পরবর্তীকালে সে Post graduate করবে, কিন্তু একটা জেলায় গিয়ে সে যদি মিনিমাম তার ইনফ্রাস্ট্রাকটার না পায় সে CT scan বলুন, X-ray বলুন, MRI বলুন, ইত্যাদি ইত্যাদি যে সমস্ত machineries, যেগুলো চিকিৎসা ব্যবস্থায় লাগে, এগুলো যদি সে না পায় তাহলে স্বাভাবিক ভাবেই কোন ডাক্তার রিমোট ভিলেজে যেতে চাইবে না। কোন ডাক্তার একেবারে দূরবর্তী জায়গায় যেতে চাইবে না। সেই কারণের জন্য আজকে এই বিলটি এখানে আনা হয়েছে। এই বিলটিতে কয়েকটি incentive-র কথা বলা হয়েছে। সেই incentive গুলো কি কি যার দ্বারা ডাক্তাররা নিজেরাই স্ব-ইচ্ছায় যেতে চাইবেন। আর্থিক কিছু incentive. কিরকম? Allowance পেতে পারেন, মাইনে বাড়ানো যেতে পারে, honorarium বাড়ানো যেতে পারে, গ্রামীন এলাকায় যাবার জন্য গ্রামীন ভাতা দেওয়া যেতে পারে, insurance coverage দেওয়া যেতে পারে। এগুলি আর্থিক ক্ষেত্রে লাভবান হওয়ার জন্য ডাক্তার যারা দূরবর্তী গ্রামে যাবেন, ডিফিকাল্ট গ্রামে যাবেন তাদের জন্য এ ব্যবস্থা করা হয়েছে। আর্থিক নয়, কিন্তু incentive। কিভাবে? Certificate of Merit দেওয়ার কথা বলা হয়েছে। Commendation অর্থাৎ তাকে বিশেষ সম্মান দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। আর কি হয়েছে? কর্মক্ষেত্রে প্রোমোশানের সময় সে যাতে তার নিজের অপশন্ নিজে দিতে পারে যে আমি এই জায়গায় যেতে চাই। এই গ্রামীন এলাকায় কাজ করার পর সে যদি কোন অপশন্ দিতে চায় যে আমার নিজের জেলা হুগলী, আমি হুগলীতে যেতে চাই। সে ক্ষেত্রে সরকার সেটা কনসিডার করবে। অর্থাৎ, উৎসাহিত করার জন্য যে ডাক্তারবাবু ওই রিমোট ভিলেজে যেতে ইচ্ছুক, ইচ্ছা প্রকাশ করবেন, তার জন্য প্রাথমিকভাবে ইনফ্রাস্ট্রাকচার তৈরী করা, স্বাস্থ্যজেলা তৈরী করা, উন্নত মানের হাসপাতাল তৈরী করা, সমস্ত ধরনের চিকিৎসার ব্যবস্থা রাখা, এটা প্রাথমিক। এবং এছাড়াও Post Graduate এবং Diploma ভর্তির ক্ষেত্রে 30% grace মার্কের কথা বলা হয়েছে। অর্থাৎ এই ভর্তির জন্য এই ধরনের social work করার জন্য, মানুষের কাজ করার জন্য তারা ভর্তির ক্ষেত্রে গ্রেস মার্ক পাবে। এর জন্য তিনজনের একটা কমিটি করা হয়েছে। যেটা মন্ত্রী এখানে প্রস্তাব করেছেন যে তিনজনের একটি কমিটি করা হয়েছে, তারা বিচার বিবেচনা করবে, বিচার বিবেচনা করে তাঁরা সিদ্ধান্ত নেবেন যে, কাকে কি ভাবে উৎসাহিত করা হবে, সেটা তারা

পরবর্তীকালে ঠিক করবেন। এই যে দৃষ্টিভঙ্গিটা সামগ্রিক ভাবে একটা কথা বলা প্রয়োজন সেটা হচ্ছে যে পশ্চিমবঙ্গে মা মাটি মানুষের সরকার হাত দিয়ে মানুষের হৃদয়কে স্পর্শ করার চেষ্টা করেছে তার বিভিন্ন কার্যকলাপের মধ্যে দিয়ে বিভিন্ন সিদ্ধান্তের মধ্যে দিয়ে। একেবারে গ্রামের মানুষকে যেটা কি না এতদিন ৩৪ বছর আপনারা শাসন ক্ষমতায় ছিলেন, দুর্ভাগ্যের কথা যে এখনও পর্যন্ত সেই ইনফ্রাস্ট্রাকচার নেই বলেই গ্রামে ডাক্তার যেতে চায় না। তারা সেখানে একদিনের জন্য যায় ৬ দিনের জন্য শহরে এসে চেম্বার করেন। বর্ধমান শহরে বিরাট বিরাট ডাক্তারদের চেম্বার, তারা কেউ গ্রামে যান না, গ্রামের হাসপাতালে একদিন যান, আর পরবর্তীকালে শহরে চেম্বার করেন। স্যার, আমার ব্যক্তিগত জীবনের একটা অভিজ্ঞতা বলে আমি শেষ করবো। সেটা হচ্ছে এই আমি জঙ্গলমহলে গিয়েছিলাম, যখন সেখানে প্রচণ্ড গণ্ডোগোল চলছে মমতা বন্দ্যোপাধ্যায় আমাদের ৫ জনকে পাঠিয়ে ছিলেন, আমি, পার্থ, সৌগত রায়, মুকুল ইত্যাদি, আমরা গিয়েছিলাম।

আমি একটি লোককে ডেকে জিজ্ঞেস করলাম, যে তোমাদের বাড়িতে যদি কেউ অসুস্থ হয় কি করো ? একটা স্বাস্থ্য কেন্দ্র দেখিয়ে দিল। আমি বললাম, এখানে চিকিৎসা হয়? বলল না, এখানে চিকিৎসা হয় না। আমি বললাম তাহলে তোমরা কি করো। বলল, লিখে দেয় সদর হাসপাতালে যেতে হবে মেদিনীপুরে। আমি বললাম, তোমরা নিয়ে যেতে পার? বলল, না। আমরা খাবার পাই না তো ৪০ কিলোমিটার দূরে স্বাস্থ্য কেন্দ্রে কি করে নিয়ে যাব। তখন আমি জিজ্ঞেস করেছিলাম তাহলে তোমাদের চিকিৎসা কিভাবে হয়? ওরা আকাশের দিকে আঙুল দিয়ে বলেছিল—ঈশ্বর বাঁচালে বাঁচি, না হলে বাঁচি না। এই পাপের জন্ম দিয়েছেন আপনারা। ৩৪ বছর ধরে মানুষকে চিকিৎসা থেকে বঞ্চিত করেছেন আপনারা। তাই আজকেও মানুষকে বলতে হয় ঈশ্বর বাঁচালে আমরা বাঁচব। সেখান থেকে মুক্তির জন্যেই আজকে মমতা বন্দ্যোপাধ্যায় এই বিল এনেছেন। বাংলার সেই প্রত্যন্ত গ্রামের মানুষকে বাঁচানোর জন্যই, পিছিয়ে পড়া মানুষকে বাঁচানোর জন্যই এই বিল এনেছেন। আমি আশা করি আপনারা এই বিলকে সমর্থন করবেন বাংলার মানুষের স্বার্থে।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, মাননীয় বিভাগীয় মন্ত্রী যে 'The West Bengal State Health Service Bill, 2013' এনেছেন সেই বিষয়ে মাননীয় মন্ত্রীর কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্তমানে গ্রামের স্বাস্থ্য পরিষেবার যে বেহাল অবস্থা সেই বেহাল অবস্থাকে উন্নীত করার জন্যে এই বিল আনা হয়েছে। এটা সত্যি অনেক সময় সরকারের সদিচ্ছা থাকা সত্ত্বেও দীর্ঘদিন ধরে মেডিক্যাল অফিসারের পদ শূন্য থাকায় গ্রামের মানুষ স্বাস্থ্য পরিষেবা থেকে বঞ্চিত হয়। আমরা দেখেছি গ্রামের প্রতি মেডিক্যাল অফিসারদের একটা অনীহা রয়েছে। সেই বাস্তব পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে যে তিনটি সেক্টরে আমাদের মেডিক্যাল অফিসাররা কাজ করে অর্থাৎ (1) West Bengal Health Service,

(2) West Bengal Health cum Administrative Service,

(3) Medical Teachers of The West Bengal Medical Education Service.

ইনসেনটিভ স্কিমের আওতায় এনে তাদেরকে গ্রামের প্রতি উৎসহিত এবং আকর্ষণীয় করার জন্যে এই বিল আনা হয়েছে। যাদের রেকমেন্ড করবে এক্সপার্ট কমিটি। খুব ভালো কথা। কিন্তু

এই প্রসঙ্গে আমি বলতে চাই (1) Medical Teachers of the West Bengal Medical Education Service-এর ক্ষেত্রে এটা কতটা প্রযোজ্য আমি একটু ভাবার জন্য বলব। কারণ যেখানে মেডিক্যাল কলেজ রয়েছে সেটা কিন্তু প্রত্যন্ত গ্রামে নয় শহর লাগোয়া। ফলে এখানে কতটা প্রযোজ্য হবে সেটা আমি ভাবার জন্য অনুরোধ করব।

(2) এখানে বলা হয়েছে রিমোট এবং ব্যাকওয়ার্ড এরিয়াতে যাতে সহজে কম খরচে আমরা উন্নত মানের পরিষেবা দিতে পারি। তার জন্য ইনসেন্টিভ স্কিমের কথা আমাদের বলা হয়েছে। কিন্তু আমাদের ভাবতে হবে এই জায়গায়, যে ঠিক আছে এর মাধ্যমে যদি উৎসাহিত করা যায় ভালো কথা। কিন্তু এর একটা সাইড রয়েছে। যে সকল মেডিক্যাল কলেজে আমাদের এম.ও-রা তারা কম খরচে সরকারী অর্থানুকুলে পড়াশুনা করে, তারা ডিগ্রি করে, সেই সামান্য অনুগত্য না পোষণ করে তাদের গ্রামে না যাওয়ার প্রবণতা রয়েছে। সেখানে আমি জানি না ইনসেন্টিভ স্কিমের আওতায় এনে তাদেরকে কতটুকু উৎসাহিত করা যাবে।

(3) 17C (1) -এর দ্বিতীয় প্যারাতে বলা হয়েছে ইনসেন্টিভের কথা কিন্তু এখানে নির্দিষ্ট যে ক্রাইটেরিয়া থাকার কথা সেই নির্দিষ্ট ক্রাইটেরিয়া নেই।

(৪) এখানে এক্সপার্ট কমিটির কথা বলা হয়েছে। এক্সপার্ট কমিটি ডিসাইড করবে যে কাকে এই ইনসেন্টিভ স্কিমের আওতায় আনা যাবে। কিন্তু আমি জানি, যতটুকু দেখেছি আমার এক্সপিরিয়েন্সে, যে তিনজনের কিংবা তার কমে এক্সপার্ট কমিটি গঠন হবে আমি অনুরোধ করব আমাদের মাননীয় মন্ত্রীকে, যে এক্সপার্ট কমিটি গঠন হবে সেটা যেন নিরপেক্ষ কমিটি হয়। কারণ ইতিমধ্যেই আমরা দেখেছি আমাদের ডিস্ট্রিক্ট লেভেলে আর.কে.এস -এর একটি কমিটি আছে। সেই কমিটিতে সভাধিপতি চেয়ারম্যান। কিন্তু বর্তমান সরকার সেই সভাধিপতিকে চেয়ারম্যান থেকে উইথড্র করে দিয়ে তাদের দলীয় কোন প্রতিনিধিকে সেখানে চেয়ারম্যান করেছে। যেটা রাজনীতির ইঙ্গিত দেয়। তাই আমি আশা রাখব যে এক্সপার্ট কমিটি যেটা তৈরী হবে তারা যেন নিরপেক্ষ ভূমিকা পালন করে। Clause(3)-তে ৫ নম্বরে আমি বলতে চাই, যে এক্সপার্ট কমিটি ডিসাইড করবে ব্যাকওয়ার্ড এরিয়া, রিমোট এবং ব্যাকওয়ার্ড এরিয়া। আমি এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই, যে রিমোট এবং ব্যাকওয়ার্ড এরিয়া যেখানে এক্সপার্ট কমিটি ডিসাইড করবে, আপনারা প্রত্যেকেই জানেন Identitified Backward Village বলে সেন্ট্রাল গভর্নমেন্টের প্রায় সাড়ে ৪ হাজার গ্রামকে উল্লেখ করা হয়েছে। সেক্ষেত্রে সেই Identitified Backward Village-এর সাড়ে ৪ হাজার গ্রাম এবং এখানে এক্সপার্ট কমিটি যারা ডিসাইড করবে তাদের মধ্যে কোন বিরাট দ্বিমত তৈরী হবে না তো?

[12·40–12·50 p.m.]

এই জায়গায় আমি একটু দেখার জন্য অনুরোধ করবো। আমি এই প্রসঙ্গে আরও একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করবো যেটা হচ্ছে অত্যন্ত জরুরী, আমরা জানি রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনায় ৩০ টাকার বদলে ৩০,০০০ টাকার সুবিধা BPL তালিকাভূক্ত ভাই বোনেরা পায়। কিন্তু আমরা দেখতে পাই যেসকল নার্সিংহোমগুলোর সঙ্গে আমাদের টাইআপ করা আছে সেই সকল নার্সিংহোমে যখন পেশেন্টরা যায়, গ্রামের বিশেষ করে পেশেন্টরা যায় তখন তারা সেই পরিষেবা থেকে বঞ্চিত

হয় তারা হ্যারাস্টমেন্ট হয়। সেক্ষেত্রে আমি অনুরোধ করবো, যে নার্সিংহোমগুলি বা সেই নার্সিংহোমগুলোর কর্তৃপক্ষ এবং ডাক্তাররা তারা নিজস্ব দায়িত্ব নিয়ে গ্রামের লোকেদের জন্য অপারেশান করে তাদেরকে এই ইনসেন্টিভ স্কীমের মধ্যে আনা যায় কি না এটা আমি ভাবার জন্য অনুরোধ করবো। আমি অনুরোধ করবো, যে এক্সপার্ট কমিটি হবে, সেই এক্সপার্ট কমিটি যেন কোনো প্রকারে প্রেসারাইজড হয়ে কিংবা পলিটিক্যালি বায়াসড হয়ে কোনো MO-র নাম রেকমেন্ড না করে, তার জন্য আমি অনুরোধ করবো। আমি অনুরোধ করবো যে স্ট্যান্ডিং কমিটি, যারা আমরা স্ট্যান্ডিং কমিটিতে রয়েছি আমরা জানি স্ট্যান্ডিং কমিটি যা রেকমেন্ড করে পাঠায় এবং যে বিষয়গুলোর উপর রেকমেন্ড করে পাঠায় সেটা বিশেষত ঘুমন্ত রেকমেন্ড হিসাবে—এই দু'বছরের এক্সপেরিয়েন্সে আমার যেটা অভিজ্ঞতা হয়েছে। তাই এক্সপার্ট কমিটি যে রেকমেন্ড করে পাঠাবে সেটা যেন ঘুমন্ত রেকমেন্ড না হয়, সেটা যেন জীবন্ত রেকমেন্ড হয়। সেটার দিকে আমি খেয়াল রাখার জন্য অনুরোধ করবো। এই কয়েকটি বিষয়ে আলোকপাত করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আপনার মাধ্যমে আমি এই সদনের কাছে যে West Bengal State Health Service Amendment Bill, 2013 পেশ করেছি এবং আমার এই বিল পেশের পরে মাননীয় সদস্যরা যেকথা বলেছেন, তার জবাবে কিছু বলতে চাই। মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমরা সবাই জানি যে, রাজ্যের স্বাস্থ্য শিক্ষা কোন্ অবস্থায় ছিল। আজকে এই বিলটির দ্বারা এটা প্রমাণিত হয় যে রাজ্যসরকার স্বাস্থ্য শিক্ষার ক্ষেত্রে একটি নতুন দিক উন্মোচন করতে আগ্রহী। এই রাজ্যের প্রায় ৯কোটি মানুষের ৭৩ শতাংশ সরকারি ব্যবস্থার উপর নির্ভরশীল। ফলে আমাদের সরকার মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এবং বিশেষ এই দপ্তরের বিভাগীয় মন্ত্রীও তিনি, তাঁর নেতৃত্বে আমাদের commitment আমরা রক্ষা করতে চাই। আমাদের commitment এই রাজ্যের সমগ্র মানুষের প্রতি এবং বিশেষভাবে আমাদের commitment এই রাজ্যের পিছিয়ে পড়া মানুষদের প্রতি প্রত্যন্ত এলাকায় থাকা মানুষের প্রতি, দুর্গম এলাকায় থাকা মানুষের প্রতি। স্বাস্থ্য এতদিন ভিক্ষা করে চাইবার একটি ক্ষেত্র ছিল। কিন্তু সাংবিধানিক অধিকার এই স্বাস্থ্য পরিষেবা পাওয়ার। সেই পরিষেবা থেকে বঞ্চিত হত বাংলার মানুষ। মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর revolutionary vision দিয়ে আজকে কতগুলি বৈপ্লবিক পদক্ষেপ নিচ্ছেন। স্বাস্থ্য পরিষেবাকে উন্নত করার।

যার মধ্যে আজকে এই প্রস্তাবিত বিলে যে প্রভিশানসগুলো রয়েছে, তা অন্যতম। আপনারা জানেন, আমার কষ্ট হয় যখন আপনারা এসে আমাকে বলেন যে আমার ব্লক প্রাইমারী হেলথ সেন্টারে ডাক্তার নেই। আমার সাব-ডিভিশানাল লেভেল হাসপাতালে ডাক্তার নেই। আমরা সবাই জানি যে আমরা আসার আগে, এই সরকার আসার আগে, প্রতি বছর দীর্ঘদিন ধরে মাত্র ১৩৫৫ টি করে ডাক্তার আমরা পেয়েছি বছরে। এখন আমরা আসার পরে, এই সিট এনহান্স করে ১৯০০ করা হয়েছে, যার ফল আরো চার বছর পরে আমরা পাব। কিন্তু এরই মধ্যে আমাদের দুর্গত এলাকার কথা ভাবতে হচ্ছে। আমাদের দুর্গম এলাকার কথা ভাবতে হচ্ছে। আমাদের প্রত্যন্ত এলাকার কথা ভাবতে হচ্ছে এবং আপনারা যে উদ্বেগ প্রকাশ করেন সেই উদ্বেগকে গুরুত্ব দিয়ে এই বিলটি আনা হয়েছে। এবং এই বিলে আপনারা দেখবেন, মাননীয় সদস্যগণকে আমি মাননীয়া ডেপুটি

স্পীকারের মাধ্যমে বলি, যে আমরা কি আনতে চেয়েছি। আসলে এই বিলটির মাধ্যমে কী কী পরিবর্তন এনেছি। প্রথমে আমরা প্রিএ্যামবেলটাকে চেঞ্জ করেছি। প্রিএ্যামবেল, মুখবন্ধটাকে চেঞ্জ করেছি। কারণ সেটাই হচ্ছে একটি আইনে বেসিক কনসেপ্টটা প্রকাশ পায় প্রিএ্যাম্বেল থেকে। প্রিএ্যাম্বেলেই দেখা যাবে, যে ইনসেনটিভ স্কিমের মাধ্যমে—যতজন সার্ভিসে আছেন, যেমন আমাদের বিধায়ক, এখানে মাননীয়া বিধায়ক বললেন, সাবিনা ইয়াসমিন—আমরা সমস্ত ইন সার্ভিস ডক্টরকে আনবার জন্য এই প্রভিসানটা প্রিএ্যাম্বেলের মধ্যে নিয়ে এসেছি। তাছাড়া আমরা একটি নতুন সেকশান সংযুক্ত করছি। সেকশান সেভেন্টিন সি। এই সেকশানের মধ্য দিয়ে আমরা কি করতে চেয়েছি। আমরা ইনসেনটিভ কি দিতে পারি অর্থাৎ ফিনান্সিয়াল ইনসেনটিভ, তার সঙ্গে সঙ্গে যেমন আমাদের মাননীয় গভর্নমেন্ট চীফ হুইপ বললেন, যে আরো কতকগুলি ইনসেনটিভ যেগুলোর প্রমোশানাল নেচার এবং কোথায় পোস্টিং হবে, এই নেচারগুলি, এগুলি আগে আমরা দুটি প্রোভাইসোতে নিয়ে এসেছি। সেকশান সেভেন্টিন সি ওয়ানে, দুটি প্রোভাইসো। দুটি প্রোভাইসো অর্থাৎ প্রোভাইসো মানে ইট ইজ ইনকর্পোরেটেড ইন দি সেকশান, ইটসেল্ফ। একসাথে সামগ্রিকভাবে এটিকে পড়তে হবে। এর পরে আমরা যেটি করেছি, সেটা হচ্ছে, সমস্ত দিকে স্বচ্ছতা বজায় রাখতে আমরা এক্সপার্ট কমিটি গঠন করার কথা বলেছি। আপনি নিরপেক্ষতার কথা তুলেছেন। এই এক্সপার্ট কমিটি গঠন করার পদ্ধতি এবং তার পরবর্তী পদক্ষেপগুলি যদি আপনি পড়েন, প্রভিসানগুলি যদি আপনি পড়েন, তাহলে বুঝবেন, যে নিরপেক্ষতার কোন জায়গায় অভাব ঘটবে না। এক্সপার্ট কমিটি তৈরী হবার পরে, আপনি যে কথা তুলেছেন, সেটা রয়েছে এখানে। এক্সপার্ট কমিটি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মাননীয়া মন্ত্রী, আপনার কি আরো সময় লাগবে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : আমার আর একটু সময় লাগবে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ঠিক আছে, ৩ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। আশাকরি হাউসের সকলের মতামত আছে। ঠিক আছে, বলুন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : এখানে Expert Committee may also invite views of individual or body including doctors civil society activities Panchayati Raj Institution development administration status and medical educationists to enable itself to arrive at a decision. অর্থাৎ এক্সপার্ট কমিটি ডাকতে পারবে। তারপরে তাদের ভিউ নিয়ে, সেই ভিউ আমাদের কাছে পাঠালে, আমরা ওয়েবসাইটে দেব। ডিপার্টমেন্টাল ওয়েবসাইট। এবং সাধারণ মানুষের কাছ থেকে তাদের ভিউ চাইব। তারপরেই আমরা ডিসাইড করবো যে আমরা এইটা রিমোট এবং ডিফিকাল্ট এরিয়াতে নিয়ে যাব, তাদের কি ইনসেনটিভ দিয়ে। আমরা একটা সংশোধনী আনছি। রিমোট এ্যান্ড ডিফিকাল্ট। আমার মনে হয়, ডেপুটি স্পীকার ম্যাডাম এটি পরিষ্কার করে দেওয়া উচিত। ব্যাকওয়ার্ড রিজিওন, আমাদের ব্যাকওয়ার্ডটা, রিমোটটাকেও এনকমপাস করে। কিন্তু বাই ওয়ে অফ এ্যাবানডান কসান, আমরা রিমোটটাকে নিয়ে এসেছি, আমাদের সংশোধনীর মাধ্যমে আমরা নিয়ে আসব। রিমোট এ্যান্ড ডিফিকাল্ট। যদি বলেন, এম সি আই এর রেগুলেশান, যেটা বলছিলেন পার্থবাবু, উনি চলে গেছেন, উনি বলছিলেন, এম সি আই হচ্ছে রেগুলেশান, তার মতন আমরা এনেছি, সাবজেক্ট টু এম সি

আই রেগুলেশান বলা আছে আইনের মধ্যে, পড়তে হবে আগে। রেগুলেশান আর সাবস্টেনটিভ এ্যাক্টের মধ্যে তফাৎ আছে। এটা সাবজেক্ট, মেডিক্যাল এডুকেশান হচ্ছে কনকারেন্ট লিস্টের সাবজেক্ট। কনকারেন্ট লিস্টের সাবজেক্ট। যেমন সেন্ট্রাল গভর্ণমেন্ট করতে পারে, তেমনি স্টেট গভর্ণমেন্ট আইন প্রণয়ন করতে পারে যেটা আমরা আইনটা করছি।

[12·50–1·00 p.m.]

যেটা আমরা আইন করছি। এম সি আই হচ্ছে রেগুলেশান। এটা সাবস্ট্যানটিভ আইন নয়। আমি যদি আমার আইনে ব্যাকওয়ার্ড রাখতাম তাতে কোনো ইনকনসিস্টেন্সি হত না। কিন্তু তবুও বাই ওয়ে অফ এ্যামেন্ডেড কশান আমরা 'রিমোট' এনে সংশোধনী করছি। রিমোট এ্যান্ড ডিফিকাল্ট এরিয়া অর্থাৎ প্রত্যন্ত এবং দুর্গম এরিয়াতে যাতে এই পরিষেবা আমরা পৌঁছে দিতে পারি তারজন্য উৎসাহিত করার জন্য আমরা ডাক্তারদের এই ইন্‌সেনটিভটা দিতে চাই এই বিলের মাধ্যমে। কারণ কি হয়—আমরা বাড়িতে আমাদের ছেলে মেয়েদের যেমন পরিবেশ তৈরি করে দিই তারা তারমধ্যে বড় হয়, সেটাই শেখে। এখন ৩৪ বছর বললে আবার রাগ হয়ে যাবে—বিগত সরকারের সময়ে যেমন করে গ্রুমিং হয়েছিল সেই গ্রুমিংয়ের জন্য আজকে একটা মানসিকতা তৈরি হয়ে গেছে যে গ্রামে যাবে না। তাই গ্রামে যাওয়ার জন্য যদি তাদের একটু ইনসেনটিভ দিয়ে সেই মানসিকতার একটু বদল ঘটাতে পারি আমরা সেই চেষ্টা করেছি। আর এস ভি ওয়াই শ্রম দপ্তরের আন্ডারে ছিল। আপনারা জানেন, মাননীয়া মুখ্যমন্ত্রী কয়েকদিন আগে, মাত্র মাস খানেকও হয়নি, তিনি এই আর এস ভি ওয়াই স্বাস্থ্য দপ্তরের আন্ডারে এনেছেন। আপনারা এটাও জানবেন, শুধু প্রাইভেট নার্সিংহোম নয়, এখন এই স্বাস্থ্য দপ্তরের অধীনে সরকারী হাসপাতালগুলি জেলা হাসপাতালগুলির সঙ্গেও এ্যটাচ হচ্ছে আরএস ভি ওয়াই। অর্থাৎ বেসরকারী হাসপাতালে নয়, ত্রিশ টাকা দিয়ে ত্রিশ হাজারের সুযোগ পাওয়ার জন্য স্বাস্থ্য দপ্তর তার পদক্ষেপ নিচ্ছে। ফলে আমি আশা করবো সদনের সবাই এই বিলটি সমর্থন করবেন। ধন্যবাদ।

Madam Deputy Speaker : Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye-and as many as are of the contrary opinion will please say No-. Ayes have it, Ayes have it.

Clause 2

There are two Amendments to Clause 2 by Smt. Chandrima Bhattacharya (No. 3) and Dr. Tarun Kanti Naskar (No. 1). First, I call upon Smt. Chandrima Bhattacharya to move her amendment.

Smt. Chandrima Bhattacharya : Deputy Speaker Madam, I beg to move that in Clause 2, in proposed Preamble of the Principal Act, for the word "backward", wherever it occurs, the word "difficult" be substituted.

Madam Deputy Speaker : Now, I call upon Dr. Tarun Kanti Naskar to move his amendment.

ডঃ তরুণ কান্তি নস্কর : মাননীয়া ডেপুটি স্পিকার ম্যাডাম, আমার মনে হচ্ছে মন্ত্রী মহাশয় আমার এ্যমেন্ডমেন্ট এক্সেপ্ট করেছেন। সো আই এগেইন মুভ Madam, I beg to move that in Clause 2, in proposed Preamble of the Principal Act, for the words, "remote and backward" wherever they occur, the words, "remote and difficult" be substituted.

Madam Deputy Speaker : Hon-ble Minister, do you accept the amendment?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : রিমোট শব্দটি অলরেডি আছে। ফলে রিমোট এ্যন্ড ডিফিকাল্ট না করে আমরা বলছি ব্যকওয়ার্ডের জায়গায় খালি ডিফিকাল্ট। মানে স্পিরিট আছে। এই এ্যক্টটা গ্রহণ করা যায়।

Madam Deputy Speaker : The question before the House is that the Amendment (No. 3) moved by Smt. Chandrima Bhattacharya. As many as are of that opinion will please say Aye and as many as are of the contrary opinion will please say No. Ayes have it. Ayes have it. The other identical amendment moved by Dr. Tarun Kanti Naskar falls through. Now I put Clause 2, as amended, do stand part of the Bill. As many as of that opinion will please say Aye, as many as of the contrary opinion will please say No. Ayes have it, Ayes have it.

Clause 3

Madam Deputy Speaker : There are two amendments in Clause 3 by Dr. Tarun Kanti Naskar (Amendment No. 2) and Smt. Chandrima Bhattacharya (Amendment No. 4). First I call upon Smt. Bhattacharya to move her amendment.

Smt. Chandrima Bhattacharya : Madam, I beg to move that in Clause 3, in proposed Section 17C of the principal Act for the word "backward", wherever it occurs, the word "difficult" be substituted.

Madam Deputy Speaker : Now, I call upon Dr. Tarun Naskar to move his amendment.

Dr. Tarun Kanti Naskar : Madam Deputy speaker, I beg to move that in clause 3, in proposed section 17C of the Principal Act, for the words, 'remote or backward", wherever they occur, the words "remote or difficult" be substituted.

Smt. Chandrima Bhattacharya এখানে remote শব্দটি আছেই, backward -এর জায়গায় difficult শব্দটি আমি গ্রহণ করছি।

Madam Deputy Speaker : The question before the House is

the amendment no. 4 moved by **Smt. Chandrima Bhattacharya.** As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Madam Deputy Speaker : The other identical amendment (no.2) moved by Dr. Tarun Kanti Naskar falls through.

Now the question before the House is that Clause 3, as amended, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Madam Deputy Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, the Enacting Formula the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Smt. Chandrima Bhattaqcharya : Madam Deputy speaker, I beg to move that the West Bengal State Health Service (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Madam Deputy Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

The West Bengal School Service Commission (Amendment) Bill. 2013

Shri Bratya Basu : Madam Deputy Speaker, I beg to introduce the West Bengal School Service Commission (Amendment) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Shri Bratya Basu : Madam Deputy Speaker, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2013 be taken into consideration.

Shri Ranjit Kumar Mandal : Respected Hon'ble Deputy Speaker Madam, The West Bengal School Service Commission (Amendment) Bill, 2013 has been placed today in the Assembly. In principle, we have certain observations and findings.

[1·00–1·10 p.m.]

এই বিল সম্বন্ধে আমাদের যেটা বলার আছে, মাননীয় মন্ত্রীকে আমি যেটা বলবো, এই বিষয়ে প্রথমেই বলে রাখি নীতিগত ভাবে এই বিলটাকে আমরা সমর্থন করছি। এখন মাননীয় মন্ত্রীকে যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, এই বিল তিনি এনেছেন, যখন এই বিলটা অ্যাক্টে পরিণত হবে সেই অ্যাক্টে পরিণত হবার আগে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো আমি যে বিষয়গুলি তুলবো, সেই বিষয়গুলি গুরুত্ব সহকারে যাতে তিনি দেখেন এবং অ্যাক্টে যাতে অন্তর্ভুক্ত হয় সেগুলি দেখবেন। প্রথমে হচ্ছে এই বিলে বলা হয়েছে বিশেষ করে যে দরখাস্তের ভিত্তিতে তাদের ট্রান্সফার করা হবে সেম পোস্ট অ্যাণ্ড সাবজেক্ট। আমি যেভাবে সাজিয়েছি আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সেইভাবে আমি পড়ে দিচ্ছি। দরখাস্তের মাধ্যমে নির্ধারিত বয়ানেই আবেদন করতে হবে শিক্ষককে। Commission কোন প্রক্রিয়ায় শিক্ষককে বা শিক্ষা কর্মীকে নির্দিষ্ট বিদ্যালয়ে সুপারিশ করবে তা পরিষ্কার করা দরকার। দুই, DI অথবা, বিদ্যালয় পরিচালন সমিতি প্রশাসকের ভূমিকা কি হবে বলা নেই। এই কর্তৃপক্ষের NOC থাকা দরকার। তিন, Mutual transfer বা general transfer নেওয়া যাবে না। Mutual transfer নিলে general transfer নেওয়া যাবে না। ফলে শিক্ষক, শিক্ষিকা, শিক্ষা কর্মীর সুযোগ সংকুচিত হবে। চার, Mutual transfer বা retention/confirmation দু বছরে চলবে। আপনি জানেন মাননীয় মন্ত্রী মহাশয়, যে এখন SSC হবার পর, আগে Service Confirmation হতো দু বছরে। এখন SSC হয়ে যাওয়ার পরে এক বছরে confirmation হয়। কিন্তু পরে আবার আপনি বলছেন যে satisfactory 5 years, পাঁচ বছরে তার satisfactory, service হলে, তিনি এটা দরখাস্ত করতে পারবেন। এখানে একটা প্রশ্ন থাকছে যে satisfactory, তার service, who will give in the certificate that the teachers who have enjoyed last 5 years - service? স্বাভাবিক ভাবেই, এইটা, এই জায়গাটা আপনি একটু পরিষ্কার করবেন যে একজন শিক্ষকের তার চাকরী জীবনের পাঁচ বছরে তার satisfactory service বলতে আপনি কি মিন করছেন? পাঁচ, অবসর নেওয়ার প্রাক্কালে শিক্ষকদের কমপক্ষে পাঁচ বছর চাকরী থাকলে বাড়ির কাছে যাবার সুযোগ থাকা দরকার। ছয়, প্রধান শিক্ষক শিক্ষিকাদের বিষয়ে এই বিলে কিছু বলা নেই। প্রধান শিক্ষক বা প্রধান শিক্ষিকা তারাও তো শিক্ষক। সুতরাং আমি আপনাকে অনুরোধ করবো তারাও যাতে বদলী হওয়ার সুযোগ পায় সেই বিষয়টা আপনি দেখবেন, এই অনুরোধ আমি আপনার কাছে রাখছি।

আমার মনে হয় যে এই যে যারা অ্যাপ্লিকেশান করবে, তাদের একটা অপশান থাকবে। সুতরাং একটা Hearing Committee গঠন করে শিক্ষকদের অভিমত নেওয়া দরকার। অন্য বিদ্যালয়ে যোগ দিতে গেলে Joining time কতদিনের পাওয়া যাবে বলা নেই। অন্ততঃ পাঁচ দিনের সবেতন transit leave দেওয়া প্রয়োজন। সঙ্গে সঙ্গে জেলার ডি. আই. এর অ্যাপ্রুভাল দেওয়া দরকার ট্রান্সফার অর্ডারের সাথে সাথেই। আবেদন কারীকে তার সার্ভিস বুকে DI এর অনুমোদন সহ দিয়ে দেওয়া দরকার যাতে তার পেনশান পাওয়ার ক্ষেত্রে কোন কিছু ভবিষ্যতে না আটকায়। আপনি জানেন যে পেনশান পাওয়ার ক্ষেত্রে এই কাজগুলি খুবই জরুরী, টেকনিক্যাল জায়গা। সুতরাং তাদের দেওয়ার আগে সেগুলো একটু দেখা দরকার। কাগজে বিজ্ঞাপনের সুযোগ থাকা চাই। যেসব বিদ্যালয়ে নির্দিষ্ট সাবজেক্টের একজনই শিক্ষক আছেন তাঁর ক্ষেত্রে পরিচালন সমিতির অভিমত থাকা দরকার। কারণ-ধরুন একটা বিদ্যালয়ে কেমিস্ট্রির একজন টিচার আছে সে সুযোগ নিলো ট্রান্সফারের, নিশ্চয় সে যাবে। কিন্তু ঐ বিদ্যালয়ে কি হবে, এই সময়ে সেখানে কে পঠন-পাঠনের দায়িত্বভার পালন করবেন, সেখানে যাতে ডেপুটেশান ভ্যাকেন্সীতে টিচার দেওয়া যায়, সেই প্রভিশানও মনে হয় থাকা প্রয়োজন। নাহলে ঐ বিদ্যালয় সাফার করবে, ছাত্র সাফার করবে। জেনারেল ট্রান্সফার চাকরী জীবনে কতবার নেওয়া যাবে সে বিষয়েও অভিমত থাকা দরকার। এক্ষেত্রে রিজারভেশান রোস্টার, আপনি জানেন মাননীয় মন্ত্রী মহাশয়, যে 100-point roster আছে আমাদের শিক্ষকদের ক্ষেত্রে বা শিক্ষার এই ক্ষেত্রে চাকরী পাওয়ার এনজয় করার ক্ষেত্রে, সুতরাং 100-point roster টা ফলো করতে গেলে তার রিজারভেশানর যে জায়গাটা আছে এটা আমাদের দেখা দরকার, অনুসরণ করা দরকার। দেখা দরকার আবেদনকারীকে যেন উপযুক্ত কর্তৃপক্ষ ব্যতীত সুপারিশ খুঁজে বেড়াতে না হয়, যাতে দুর্নীতি প্রশ্রয় পাবে। মাননীয় মন্ত্রী মহোদয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, এই জায়গায় দাঁড়িয়ে এইটা একটা ভয়ের দিক হচ্ছে যাতে কোন উপযুক্ত কর্তৃপক্ষ ছাড়া কারোর কাছে সুপারিশ নিতে না যেতে হয়।

এই খানে রাজনৈতিক সদিচ্ছার একটা জায়গা লুকিয়ে থাকবে। ইতিমধ্যে TMC র শিক্ষা cell বলে একটি সংগঠন, তা দাপিয়ে বেড়াচ্ছে যে অন্য কোন সংগঠন করলে সেই teacher -জেনারেল transfer-এর সুযোগ আসবে না। আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব, এই জায়গাটা একটু দেখা দরকার, যাতে এই জায়গাটাতে কোনরকম ভাবে কোন জায়গায় না যায়। Additional post-এ নিযুক্তদের transfer করার আগে retention দরকার এটা আমি আগেও বলেছি Additional Post-টা যদি Retention না হয়, তাহলে এই পোস্টটা dying post হয়ে যাবে। সুতরাং যে বিদ্যালয়ে চলে তিনি যাবেন সেই বিদালয়ে আর কোন পোস্ট পাবে না। সেই জন্য retention should be must, এটা একটু দেখা দরকার। বিল পাশ হলে সরকার - এখানে আর একটি কথা বলব, মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করব যে handicapped যারা, তাদের বিষয়টা একটু গুরুত্ব সহকারে দেখা দরকার, আমরা এটা বলতে চাই। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টান্ত রাখতে চাই এই বলে, ইতিমধ্যে আমাদের যেটুকু অভিজ্ঞতা হয়েছে— আপনি একটু সবল গাছের উপর দাঁড়িয়ে পরিবর্তন আনছেন। নিঃসন্দেহে আমরা এটাকে সমর্থন করছি, কিন্তু ভয় হচ্ছে যে SSC পরীক্ষায় যে কেলেঙ্কারি হয়েছে। এস. এস. সি. পরীক্ষা পরিচালানা করতে গিয়ে যে ধরনের ত্রুটি-বিচ্যুতি হয়েছে। সুতরাং, সেই দিকে থেকে একটা ভয়ের বাতাবরণ আমাদের আছে। আমি আশা করব ৩১ শে মার্চ আবার primary শিক্ষকের পরীক্ষা হবে, সেই পরীক্ষায়

বিশুদ্ধতা যদি রক্ষা করা যায় - মাননীয় মন্ত্রী আপনাকে অনুরোধ সেই বিষয়ে নিশ্চয় আপনি যত্নবান হবেন। ইতিমধ্যে আপনারা জানেন আর একটা বিষয় বলা দরকার শুধু লাইন-ই বলব সেটা হচ্ছে এই ব্যাপক ভাবে প্রাইমারী শিক্ষকদের বদলি করে দেওয়া হচ্ছে, Act মানা হচ্ছে না, teacher student ratio মানা হচ্ছে না, শহরগুলিতে শিক্ষক-এর ভিড় হয়েছে, গ্রাম এলাকাতে শিক্ষক কমে যাচ্ছে। একটা political দৃষ্টিভঙ্গিতে এটা করা হচ্ছে- মালদা, নদীয়া বিভিন্ন জেলায়। আমি আপনাকে অনুরোধ করব এই জায়গাগুলো আপনি দেখুন। যাতে পলিটিক্যাল দৃষ্টিভঙ্গি নিয়ে শিক্ষকদের Harass করা, transfer করার জায়গাটা চলছে।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি এক্ষুনি শুনছিলাম, আমার তো বীরভূম, বীরভূমের বাউলের দেশ। বাউলের একটা গান আছে' জলে নামব জল ছিটাব, তবু জল তো ছোবো না।' তা তো উনি সমর্থন করছেন, আর কুঁতিয়ে কুঁতিয়ে সমর্থন করছেন। যাতে পঞ্চায়েত নির্বাচনটা বিগড়ে না যায়। আমরা করছি আন্তরিক ভাবে, আর ওরা করছেন বাধ্য হয়ে, পঞ্চায়েত নির্বাচনের দিকে তাকিয়ে। আমি বলি, ভয় লাগছে। সেখানে রবীন্দ্রনাথের একটা গান আছে- 'জয় করে তবু ভয় কেন তোর যায় না, হায় ভীরু প্রেম হায় রে।' তা ভয় কেন যাচ্ছে না? ভয়টা কিসের? সমর্থন করছেন খোলা মনে করুন, যে পুরোপুরি সমর্থন করছি। মা-মাটি-মানুষের সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু The West Bengal School Service Commission (Amendment) Bill , 2013. যা পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। ম্যাডাম পূর্ণ সমর্থন জানাচ্ছি এই কারণেই মা-মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী, মাননীয়া মমতা ব্যানার্জী একটা বৈপ্লবিক সিদ্ধান্ত নিয়েছেন। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষাকর্মীদের ওনার শিক্ষাকর্মীদের বিষয়টা গোচরে থাকল না, উনি একটু উর্দ্ধে উর্দ্ধে যাচ্ছেন - শিক্ষক, প্রধান শিক্ষক, কিন্তু তলে যে শিক্ষা কর্মী আছে ওটা ভুলেই গেলেন। সর্বহারাদের নেতা তো ! স্যার , বিদ্যালয়ে শিক্ষক- শিক্ষাকর্মীদের সাধারণ বদলির বিষয়ে-আপনাদের নিশ্চয় স্মরণে আছে এই সরকারই এর আগে Mutual transfer চালু করেছে। ফলে বেশ কিছু শিক্ষক-শিক্ষিকা এই Mutual transfer-এ সুযোগ লাভ করেছেন, একটা আলোড়ন এনে দিয়েছেন। সংবাদপত্র-এর বিজ্ঞাপণের দিকে নজর দিলে এটার প্রমাণ মিলবে, কত শিক্ষক-শিক্ষিকা তারা Transfer-এর জন্য আবেদন করছেন mutual transfer টা যাতে হয়। এবার আর এক ধাপ এগিয়ে গেলে সাধারণ বদলির বিষয়, সব চেয়ে বড় কথা কেন্দ্রীয় School Service Commission, উনি বললেন প্রশাসন। কাকে আনবে? কাকে ঢোকাবেন? অর্থাৎ এই দায়িত্বটা তো থাকবেই School Service Commission-এর, School Service Commission এই ব্যবস্থাপনা করবে। অর্থাৎ কাজ করার সদিচ্ছা থেকেই সরকার এত বড় সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ম্যাডাম বামফ্রন্ট সরকার থাকাকালীন এ বিষয়ে কোন চিন্তা-ভাবনা তো করেননি। আজকে তো বড় বড় চৌদ্দ পাতা লিখে এনেছেন, তখন তো এক পাতাও লিখে বলতে পারলেন না, যে এটা করতে হবে। কোথায় ছিলেন?

[1.10--1.20 p.m.]

দরদ কারো ছিল না। এখন দেখছেন এখানে যখন এনেই ফেলেছেন সমর্থন করা ছাড়া কোন

উপায় নেই, বাধ্য হয়ে সমর্থন করছেন। আপনারা এই বিষয়ে কোন চিন্তা-ভাবনা করেন নি। সাধারণ মানুষ উপকৃত হবে, এই রকম কোন সিদ্ধান্ত নিতে বামফ্রন্ট সরকার চিরকালই কুণ্ঠিত থেকেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অনুভব করলেন যে এই শিক্ষক-শিক্ষিকাদের পাশে দাঁড়াতে হবে। ব্যক্তিগত অসুবিধা দূর হবে, তার চেয়েও বড় কথা ছাত্র-ছাত্রিরাও পরিষেবা পাবে। দেখুন এই বিল আইনে পরিণত হলে কি কি সুবিধা হবে? প্রথমত পছন্দমত বা তার বাড়ি থেকে কাছাকাছি জায়গায় যদি সেই শিক্ষক শিক্ষিকা বা শিক্ষাকর্মী থাকবার সুযোগ পান তাহলে সঠিক সময়ে তিনি বিদ্যালয় যেতে পারবেন। দ্বিতীয়তঃ কেউ কেউ দূরবর্তী স্থানে বলে সিলেকটেড হওয়ার পরেও কাজে যোগ দেন না এবং শূন্যতার সৃষ্টি হয়, সেই অসুবিধা দূর হবে। তৃতীয়তাঃ দেখুন, পছন্দমত স্থানে কাজ করার সুযোগ পেলে, আমার নিজের বিশ্বাস, পূর্ণ সময় এমন কি তার অতিরিক্ত সময়ে তারা কাজের মধ্যে থাকতে পারবেন। অর্থাৎ ট্রেন বাস ধরার যে তাড়া সেই তাড়াটা থাকবে না। চতুর্থতঃ আর একটা সমস্যা হয়। একজন মহিলা তিনি শিক্ষিকা হিসাবে নিযুক্ত হলেন। এর মধ্যে এই শিক্ষিকা নিযুক্ত হবার পর পরবর্তীকালে তার বিয়ে হয়ে গেল। স্বামী থাকেন দূরে, অনেক ক্ষেত্রে দেখা যায় সেই শিক্ষিকা চাকুরী ছেড়ে দিতে বাধ্য হয়। আর চাকুরী না ছাড়লেও স্বামীকে ছুটে আসতে হয়। তিনি যদি আবার চাকুরী করেন তাহলে তাদের মিলিত হবার সুযোগ থাকে মাত্র ছুটির দিন গুলিতে। সুতরাং মানসিক শান্তি থাকলে কাজের পরিবেশ সৃষ্টি হবে। এই জন্যই এই বিল এনে মাননীয় শিক্ষামন্ত্রী কাজের অগ্রগতি ঘটালেন। আর খুব সংগত ভাবেই, যেটা বলছিলেন, এলিজেবেল টিচার। এলিজেবেল টিচার বদলির জন্য দরখাস্ত করতে পারবেন। একই সঙ্গে এলিজেবেল নন-টিচিং স্টাফ ট্রান্সফারের জন্য দরখাস্ত করতে পারবেন। বিলে এই এলিজেবেল টিচার বা এলিজেবেল নন-টিচিং স্টাফ এই বিষয়টি এক্সপ্লানেশানে খুব পরিষ্কার ভাবে করে দিয়েছেন। এক্সপ্লানেশানে পরিষ্কার ভাবে লিখেছেন যে, .."For the purpose of the section, the expression "an eligible Teacher or an eligible non-teaching staff means a confirmed Teacher, or a confirmed non-teaching staff, who have completed , প্রথমত তাকে ১ বছরের মধ্যে সার্ভিস কমিশন কনফার্ম করেই দিচ্ছেন। সার্ভিস কমিশন চালু হবার পর স্কুল তাকে কনফার্ম করেই দিচ্ছেন, or a confirmed non teaching staff, who have completed five years of satisfactory service in the post of Teacher or non-teaching staff , as the case may be. উনি যেটা বলছিলেন, রাজনৈতিক একটা ছায়া দেখছিলেন। ওরা ভূতটাই দেখেন, রাজনৈতিক ভূতটা ওদের লেগেই আছে। কারণ ওদের সঙ্গেই তো আছে এটা। যা কিছু করেছেন রাজনীতির বাইরে তো কিছু করেন নি। আজকে খুব বড় বড় কথা বলছেন, প্রাইমারী টিচারদের নাকি দারুন ভাবে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে, তারপর কোথাও নাকি শুনেছেন, বিজ্ঞাপন-টিজ্ঞাপণ দিয়েছেন কিনা জানিনা, যে তৃণমূল না করলে নাকি ট্রান্সফার হবে না, জেনারেল ট্রান্সফার হবে না। কে বলেছে, কোথা থেকে পেলেন? এই মিউচুয়াল ট্রান্সফারের ক্ষেত্রে একটা কেস দেখাতে পারবেন যে মিউচুয়াল ট্রান্সফারের ক্ষেত্রে পলিটিক্স কাজ করেছে? পলেটিক্সটা আপনারা করেছেন, আলিমুদ্দিন স্ট্রীটের নির্দেশটা আপনারা মেনেছেন। আলিমুদ্দিনের নির্দেশে শিক্ষকের চাকুরীও হয়েছে। আপনারা ভাইসচ্যানসেলার থেকে শুরু করে, অর্থাৎ কে. জি টু পিজি কোথাও আপনারা রাজনীতিটাকে বাদ দেন নি। প্রত্যেকটা ক্ষেত্রে রাজনীতিটাকে চালিয়েছেন। অস্বীকার করতে পারবেন? একজন প্রিনসিপ্যাল আপনাদের আমলে

এ্যাপয়েন্টমেন্ট পেয়েছে, হেড মাষ্টার এ্যাপয়েন্টমেন্ট পেয়েছে, দেখাতে পারবেন যে, যিনি ঝান্ডা নিয়ে জিন্দাবাদ জিন্দাবাদ করেন নি, যিনি পদসভা করেন নি? এমন একটাকে দেখাতে পারবেন হেডমাস্টার? সুতরাং এই ক্ষেত্রে আরো একটা সুযোগ এর জন্য উল্লেখ করা হয়েছে। ৫ বছর করলেন না, ৫ বছর এক্সপিরিয়েন্স নেই।

পাঁচ বছর হয় নি আপনার। কিন্তু আপনি এই ট্রান্সফারের সুযোগ পাবেন। কোথায়? না, আপনার মিউচুয়াল ট্রান্সফারটা চালু থাকছে। তাহলে এটা তো একটা বড় পদক্ষেপ, বৈপ্লবিক পদক্ষেপ। একটা বড় সিদ্ধান্ত, সেই সিদ্ধান্তগুলো আগে পড়ুন, জানুন, বিলটা দেখুন। অ্যাপয়নমেণ্ট পাওয়ার পর যদি তিনি অ্যাপ্লিকেশান করেন যে আমাকে ট্রান্সফার করে দিতে হবে তাহলে কি হবে? না, একটা শূন্যতার সৃষ্টি হবে। তাহলে কি হবে? না, শিক্ষক-শিক্ষিকার অভাব হবে। তাহলে কি হবে? না, সেই শিক্ষক-শিক্ষাকর্মী যদি স্কুল থেকে চলে যান তাহলে সেখানে পড়াশোনাটা ব্যাহত হবে। আবার আরেকটা দিকে, আপনি সিনিয়ারিটির কোন মর্যাদা দেবেন না? পাঁচ বছর যিনি থাকলেন। যদি ট্রান্সফারের সুযোগটা হয়, তাহলে জুনিয়ার যিনি, তিনি আগে ছুটে চলে গেলেন, তার পাঁচ বছর কমপ্লিট হল না। আর যিনি পাঁচ বছর কমপিল্ট করে মিনিমাম অ্যাট লিস্ট ফাইভ ইয়ার্স, হয়ত পনেরো বছর ধরে চাকরি করছেন, তিনি এবার ঘরের কাছে যেতে চান, তিনি দরখাস্ত করলে অগ্রাধিকারের ভিত্তিতে যদি তার বিষয়টা বিবেচনা করা হয়, সাধুবাদ জানান। তাই ওই কুতিয়ে নয়, খুব পরিষ্কার মনে, খোলা মনে বিলকে সমর্থন করুন। আমরা আন্তরিকভাবে চাই যে এই বিল অবিলম্বে এ্যাক্টে পরিণত হয়ে এই সাধারণ শিক্ষক-শিক্ষিকাদের স্বার্থে এগিয়ে আসুন। আপনাদের আবার বলছি তোরা সব জয়ধ্বনি কর, মমতা ব্যানার্জীর নামে তোরা সব জয়ধ্বনি কর।

........(এই সময় মাননীয় সদস্য শ্রী আনিসুর রহমান নিজ সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।) ...

ম্যাডাম ডেপুটি স্পীকার :- প্লিজ বসুন, বিলটা হয়ে যাক।

...... (গোলমাল) ......

(ভয়েস : আমার একটা ছোট্ট কথা জিজ্ঞাসা করার আছে। আপনি কি পরিচয় বললেন? একজন মন্ত্রী হিসাবে বললেন না একজন সেক্রেটারী হিসাবে বললেন? কি হিসাবে বললেন?)

...... (গোলমাল) ......

ম্যাডাম ডেপুটি স্পীকার :- প্রথমে তো আমরা সবাই বিধায়ক। আনিসুর রহমান সাহেব, প্রথমে তো আমরা সকলেই বিধায়ক। তারপরে কেউ মন্ত্রী, কেউ বিরোধী পক্ষ।

...... (গোলমাল) ......

ম্যাডাম ডেপুটি স্পীকার : ডঃ আশীষ ব্যানার্জী, প্লিজ আপনি বসুন।

শ্রী মহঃ সোহরাব : (এই সময় মাননীয় বিধায়ক ডঃ আশীষ ব্যানার্জী এবং মহঃ সোহরাব নিজ নিজ সিট থেকে উঠে দাঁড়িয়ে কিছু বলতে থাকেন।) How I can speak, madam?

ওদিকে আশিষ ব্যানার্জী, আর এদিকে আনিসুর রহমান। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী যে অ্যামেণ্ডমেণ্ট বিলটা নিয়ে এসেছেন, সেই সম্বন্ধে বলতে গিয়ে আমি বলি পশ্চিমবাংলার সেকেন্ডারী স্কুল সিস্টেমে খুব বেশী প্রবলেম। সমস্যা জর্জরিত এই সেকশানটা। কলেজ আছে, ইউনিভাসিটি আছে। কিন্তু এই মাধ্যমিক স্তরে এর একটা পিকিউলিয়ার পজিশান, all the secondary schools are government aided এবং সেখানে ম্যানেজমেন্ট হচ্ছে একটা নন গভর্নমেন্ট বডি, ইলেকটেড বডি। সেখানে গভর্নমেণ্টের বা বোর্ডের, বোর্ড ওটাকে করে, recognition, affiliation দেয় approve করে সেই Managing Committee। এখন এই একটা দোটানা ভাবের মধ্যে School Service Commission ১৯৯৬ সালে ordinance হয়েছিল প্রথম। এত জরুরী, সেই সময় বামফ্রন্ট সরকার ভেবেছিলেন। অর্ডিন্যান্স করে ১৯৯৭ সালে সেটা বিল আকারে পাশ হয় এবং আমি তখন ওই বিলের আলোচনা ক্ষেত্রে বলেছিলাম, আপনারা যে উদ্দেশ্য নিয়ে বলছেন—অবজেক্টের মধ্যে ছিল- নাকি ম্যানেজিং কমিটিতে অ্যাপোয়নমেণ্টের ক্ষেত্রে কোরাপশান হয়, সেটা যদি স্কুল সার্ভিস কমিশন তৈরী করেন তাহলে একটা রেগুলার ওয়েতে উথথ আউট কোরাপশান অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবে— আমি আশঙ্কা প্রকাশ করেছিলাম যে স্কুল সার্ভিস কমিশন হওয়ার পর কোরাপশান আরও বাড়বে, আরও স্কোপ থেকে যাচ্ছে। ১৯৯৭ সাল থেকে যদি আমরা দেখি যে কোরাপশান হয়েছিল কিনা, যারা চেয়ারম্যান নিযুক্ত হয়েছিলেন, তারা কারা হয়েছিলেন, চেয়ারম্যান এবং তার মেম্বার্স এবং কি ভাবে সেই অ্যাপোমেণ্টগুলো হয়েছিল, তার মধ্যে সত্যিকারের যে উদ্দেশ্য ছিল সেই বিলে বা অর্ডিন্যান্সে, সেগুলো ঠিকভাবে কাজ হয়েছিল কিনা, আমি সেই কথায় যাচ্ছি না। আমি পরে আবার বলছি। আজকে যে বিলটা নিয়ে আসা হয়েছে, একটার পর একটা, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী উনি কলেজর প্রফেসার।

[1.20–1.36 pm]

কিন্তু মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে তাঁর অভিজ্ঞতাটা খুব কম। সেই জন্য একটার পর একটা ভুল ধরা পড়ছে। আর তিনি নিয়ে আসছেন 'বিল'। এর আগে এই স্কুল-সার্ভিস কমিশানের সমস্ত স্কুল টিচার নিযুক্ত হয়েছেন তাদের জন্য মিউচ্যুয়াল ট্রান্সফারের ব্যবস্থা হয়েছে। নিশ্চয়ই, স্কুল শিক্ষক তাদের উপকার হয়েছে। নিশ্চয় অনেক শিক্ষক মিউচ্যুয়াল ট্রান্সফার করে যে কণ্ডিশানের মধ্যে মিউচ্যুয়াল ট্রান্সফারের ব্যবস্থা হয়েছিল তাতে কিন্তু খুব কম শিক্ষক বেনিফিটেড হয়েছে। আজকে যেটা বিল নিয়ে এসেছেন তাতে আরও কিছু শিক্ষক বেনিফিটেড হবে। এই সম্বন্ধে কোন সন্দেহ নেই। কিন্তু, এই জিনিসটার কি আরও কিছু মডিফাই করা যায় না? আরও একটু কিছু কি ক্লিয়ার-কাট করা যায় না? আপনি জেনেরাল ট্রান্সফার বলছেন। আজকে একটা স্কুলে যদি-আমিও এক মত, যদি এম. এ. পোস্ট-গ্র্যাজুয়েটের ভ্যাকেন্সি থাকে অন্য স্কুল থেকে গ্র্যাজুয়েট যেতে গেলে পরে সেই স্কুলের ক্ষতি হবে। আমি সেটা সাপোর্ট করছি যে, না, সেম ক্যাটাগরির শিক্ষক হওয়া দরকার, for the interest of the institution, কিন্তু, একটা প্রবলেম বেশী হচ্ছে ম্যাডাম যে, স্কুল-সার্ভিস কমিশনের শিক্ষকরা পরীক্ষা দিয়ে তারা অ্যাপয়েনটেড হয় যে, কোন্ স্কুল থেকে তাদের ডাকা হয়, ডাকার পর তাদেরকে বলা হয় যে, তুমি কোন্ স্কুলে যাবে - কাউন্সিলিং হয়। এখন আমি শিক্ষামন্ত্রীকে বলছি যে, একটা স্কুলে ভ্যাকেন্সি হ'ল, ভ্যাকেন্সি হওয়ার পর স্কুল-সার্ভিস কমিশন থেকে যারা

প্যানেলে গেলেন তারা কাউন্সিলিং-এ বললেন, আমি ঐ স্কুলে যাব, ব্রাত্যবাবুর স্কুলে যাব তাহলে সে চান্স পাবে?না, যারা ঐ ট্রান্সফারে যাবে, তারা? Who will get the chance ? আমি অনুরোধ করছি যে. আগে এটা ঠিক হ'ক যে, যারা ঐ ট্রান্সফারের মধ্যে-একটা যে লিস্ট হবে ডি. আই অফিস থেকে, সেই ডি. আই অফিস থেকে আসুক স্কুল-সার্ভিস কমিশানে। আগে যারা ট্রান্সফার হবে তাদের আগে ভ্যাকেন্সিটা পূরণ করার পর তারপরে যারা স্কুল-সার্ভিস কমিশন থেকে যাবে তাদের হবে। Otherwise, এই পারপাস সার্ভ হবে না। সুতরাং, সেটা ক্লিয়ার-কাট কিছু বলেননি যে, এটা হবে কি কোনটা হবে। নেক্সট্ হচ্ছে যে, স্যার, ফাইভ-ইয়ারস আমরা এখন যারা কনফার্ম টিচিং আর নন-টিচিং স্টাফ কনফার্মেশন হয় এক বৎসরে -আগে হ'ত দু'বছরে তাহলে যারা কনফার্মড টিচার তারা কেন চান্স পাবে না? কিন্তু সে তো কনফার্মড, আপনার ডিপার্টমেণ্ট থেকে কনফার্মড হয়েছে। সুতরাং, আমি অনুরোধ করছি যে, ঐ পাঁচ বৎসরটাকে তুলে দিয়ে বলা হ'ক, কনফার্মড টিচার এবং উনি যেটা বলেছেন—আমি সাপোর্ট করি, যারা লেডিজ এবং হ্যান্ডিক্যাপ তাদেরকে চান্সটা দেওয়া হোক বেশী ভাবে যাতে তাদের সুবিধাটা হয়। এই দু'টো কাজ করার জন্য বলছি। আর সব শেষে আমি অনুরোধ করছি, যে, স্কুল-সার্ভিস কমিশন যদিও এবারে ঠিক ভাবে চালনা করতে পারেননি-কোয়েশ্চেন কোথায়- আবার দু'বার পরীক্ষা দিতে হয়েছে। আপনি দেখবেন, স্যার, ওদের আমলে যেমন হয়েছে সেই রকম যেন না হয়। এখন আমরা দেখতে পেলাম - উনি কি করলেন, প্রথমেই নর্থ বেঙ্গল রিজিয়নে এমন একটা লোককে আপনি চেয়ারম্যান করলেন যে, নিজেই স্কুল-সার্ভিস কমিশন পরীক্ষা দিয়ে দু'বার কোয়ালিফায়েড হয়নি। If that be the Position, তাহলে কিসের ভিত্তিতে আপনি বলছেন, আমরা স্বচ্ছ হব, ট্রান্সপারেন্ট হব এখানেই তো তার প্রমাণ। দু'বছরেও , দুটি টার্ম নিজেই কোয়ালিফায়েড হয়নি। He became the chairman of the northan region, School Service Commission. এখানেও যাকে আপনি দেখবেন তাকে ঠিক ভাবে দেখবেন যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন। আমি ব্রাত্যবাবুকে অনুরোধ করব যে, আপনার যে সমস্ত মেম্বারগুলো, চেয়ারম্যানগুলো হচ্ছে এবং ঠিক ভাবে যাতে স্কুল-সার্ভিস কমিশনের থ্রু দিয়ে এবং ট্রান্সফারগুলো যাতে ন্যায্য ভাবে হয়, ঠিক ভাবে হয় সেখানেও যেন এ রকম দুর্নীতির বাসা না বাঁধে। এই অনুরোধ করে আমি যে দু'টি সাজেশান দিলাম এ কথা গ্রহণ করার অনুরোধ জানিয়েই আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রীব্রাত্য বসু : "The West Bengal School Service Commission (Amendment Bill, 2013" এই পবিত্র সভা আমি নিয়ে এসেছি এবং তাই নিয়ে কিছু আলোচনা আমি শুনেছি। মাননীয় বিধায়করা, সদস্যরা আলোচনা করেছেন। সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।

আমার মনে পড়ছে, বছরখানেক আগে এখানে মাননীয় বিধায়ক অসিত মিত্র আমাকে প্রশ্নোত্তরের সময় জিজ্ঞাসা করেছিলেন 'SSC-র general transfer কবে আসবে?' আমি সেই অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানিয়েছিলাম যে, 'আমরা এক বছরের মধ্যেই, প্রথমে মিউচ্যুয়াল ট্রান্সফার এবং তার পর ধীরে ধীরে জেনারেল ট্রান্সফার নিয়ে আসব'। আমি এই সভাকে ধন্যবাদ জানাচ্ছি যে, আমাদের কমিটমেণ্ট রাখতে পেরেছি। প্রথমে মিউচ্যুয়াল ট্রান্সফার নিয়ে এসেছি এবং আজকে যদি আপনারা অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করেন তাহলে 'সাধারণ বদলি' নিয়ম-টিও চালু হবে।

যেটা এই সংশোধনীর মূল কথা, আপনারা সবাই পড়েছেন, নির্দিষ্ট ফর্মে দরখাস্ত করে কোন শিক্ষক তাঁর বদলি চাইতে পারেন এবং স্কুল সার্ভিস কমিশনও শিক্ষকের অনুরূপ শূন্যপদে একই বিষয়ে, একই মাধ্যমিক স্কুলে বদলির সুপারিশ করবে এবং এই বন্দোবস্ত অ-শিক্ষক কর্মচারীদের ক্ষেত্রেও করা হবে।

মাননীয় বিধায়ক তাঁর বক্তব্যে জিজ্ঞাসা করেছেন, ''হেড মাস্টার মহাশয়রা কেন এখান থেকে বঞ্চিত হচ্ছেন?" তিনি যদি মূল SSC Act মন দিয়ে দেখেন, যেটা আপনাদেরই আনা, তার 2p ধারায় হেড মাস্টার এবং হেড মিস্ট্রেসের সংজ্ঞা বলা আছে। ডেফিনেশন দিতে গিয়ে বলা আছে তাঁরা 'টিচার্স' শব্দের-ই অন্তর্গত। অর্থাৎ, আপনাকে আশ্বস্ত করতে পারি। আমি অনুরোধ করব, আপনি আপনাদের আনা মূল বিলটা দেখুন, সেখানে সংজ্ঞা-টা দেওয়া আছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : সকলের অনুমতি নিয়ে সভার কাজের সময় দু'মিনিট বাড়ানো হল।

শ্রী ব্রাত্য বসু : অর্থাৎ এর ফলে শুধু সাধারণ শিক্ষক-শিক্ষিকা নয়, হেড মাষ্টার এবং হেড মিস্ট্রেসও সাধারণ বদলির আওতায় আসছেন।

মিউচ্যুয়াল ট্রান্সফার। সোহরাব সাহেব বলেছেন, কতজন এর সুবিধা পেয়েছেন? তার আগে বলি আমাদের রাজ্যে এডেড স্কুলের মোট শিক্ষক-শিক্ষিকার সংখ্যা প্রায় ১ লক্ষ ৯২ হাজার। এই সাধারণ বদলির নিয়ম চালু হলে, এর মধ্যে আমরা হিসাব করে দেখেছি শিক্ষিকাদের সমস্যাই সব থেকে বেশী, মাননীয় বিধায়ক আশীষবাবু যেটা বললেন, বিয়ের পর স্থানান্তরের ক্ষেত্রে সমস্যা, ইত্যাদি। এক্ষেত্রে প্রায় ৩০ থেকে ৪০ শতাংশ শিক্ষক অর্থাৎ ৪০ থেকে ৬০ হাজার শিক্ষক-শিক্ষিকা এর সুবিধা পাবেন।

দ্বিতীয়ত, রোষ্টারের কথা উঠেছে। মহিলাদের কথা উঠেছে। প্রত্যেকটাই আমাদের মাথায় আছে। মাননীয় বিধায়করা বলেছেন, কী ভাবে অ্যাপ্লাই করতে হবে? ''স্যাটিসফ্যাক্টরী সার্ভিস' বলতে কী বোঝায়? কী ধরণের ফর্মে অ্যাপ্লাই করতে হবে? Reservation roster - এগুলো প্রত্যেকটা আমাদের হিসাব করা আছে, আমাদের ভাবা আছে। এই বিল পাশ হওয়ার পর যখন রুল তৈরী হবে, সেই রুলে আমরা প্রত্যেকটা বিষয় স্পষ্ট করে দেব।

আমি বলছি, প্রথমে মিউচ্যুয়াল ট্রান্সফার এবং তারপর জেনারেল ট্রান্সফার SSC-তে। এটা আমার মনে হয় একটা সব অর্থে, শিক্ষক এবং শিক্ষিকাদের পক্ষে শুধু নয়, আমাদের গোটা কমিউনিটির পক্ষে, কেননা যিনি ট্রান্সফার হবেন, যিনি ট্রান্সফার হতে চাইছেন, যিনি অসুবিধায় পড়ছেন, কেবলমাত্র তিনি তো অসুবিধায় পড়ছেন না, তাঁর সঙ্গে জড়িয়ে থাকা তাঁর পরিবার, তাঁর পরিজন, একটা বৃহৎ অংশ অসুবিধায় পড়ছেন। ফলে আমার মনে হয় যে,

এই যে অ্যামেণ্ডমেন্ট বিল, আমি বহু চর্চিত, ঐতিহাসিক বা বৈপ্লবিক - এই ধরণের কথা বলব না কিন্তু আমি তার ধারে-কাছেই বলতে চাই এবং বলতে চাই এটা হলে এই যে ৪০ থেকে ৬০ হাজার, একটা কমিউনিটি, শিক্ষক-শিক্ষিকা উপকৃত হবেন। আপনারা তাঁদের কথা ভেবে সর্বসম্মত ভাবে এই বিল গ্রহণ করুন। ধন্যবাদ।

Madam Deputy Speaker : Now, the question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say Aye-and as many as are of the contrary opinion will please say No-. Ayes have it, Ayes have it.

Clause - 2

Madam Deputy Speaker : There are five Amendments by Dr. Tarun Kanti Naskar (Amendment Nos. I to 5) and one by Shri Asit Mitra (Amendment No. 6) to Clause 2. I now call upon Dr. Naskar to move his Amendments.

ডঃ তরুণকান্তি নস্কর : ম্যাডাম যে অ্যামেন্টমেন্টটা আমি করেছি তার একটাই কারণ যেহেতু অ্যাপ্লিকেশানের বেসিসে এটা হচ্ছে ফলে এটা জেনারেল ট্রান্সফার বেসিস পড়ে না। আমি ওয়লেকাম জানিয়েই বিলটা আমি অ্যামেন্টমেন্ট করেছি যদি ওটা অমিট করা যায় Sir, I beg to move that (1) in Clasuse 2, in proposed section 10B of the Principal Act, in sub-section (1), in line 5, the words, "on general transfer basis", be omitted. (2) in Clause 2, in proposed section 10B of the Principal Act, in Proviso to sub-section (1), in line 1, the word "general" be omitted. (3) in Clause 2, in proposed section 10 B of the Principal Act, in sub-section (2), in line 5, the words, "on general transfer basis", be omitted. (4) in Clause 2, in proposed section 10 B of the Principal Act, in proviso to sub-section (2), in line I, the word "General" be omitted. (5) in Clause 2, in Explanation to the proposed Section 10B of the Principal Act, in lines 3 and 4, the words, "who have completed five years of satisfactory service in the post of Teacher or non-teaching staff, as the case may be", be omitted. মন্ত্রী মশাই যে বিল এনেছেন তার স্পিরিটের সঙ্গে এই কণ্ডিশনটা না থাকুক সেটাই আমি চাইছি। সেই কারণেই অ্যামেণ্ডমেন্টটা মুভ করলাম।

ম্যাডাম ডেপুটি স্পিকার : অনারেবল মিনিস্টার আপনি এই অ্যামেণ্ডমেন্টটা Accept করছেন? আইদার অর।

শ্রীব্রাত্য বসু : ম্যাডাম এর একটি সংশোধনীও আমি গ্রহণ করছি না। ধন্যবাদ।

Madam Deputy Speaker : Next I Call upon Shri Asit Mitra to move his amendment.

শ্রী অসিত মিত্র :- ম্যাডাম আমি অ্যামেণ্ডমেণ্ট মুভ করার আগে মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই। গত এক বছর আগে আপনি যে কথা বলেছিলেন তাকে বাস্তবে রূপায়িত করার জন্য চেষ্টা করেছেন। এখন মিউচ্যুয়াল ট্রান্সফার এবং পরবর্তী পর্যায়ে জেনারেল ট্রান্সফারের কথা

বলেছেন। ম্যাডাম, আমি আপনাকে শুধু এইটুকু বলবো যে, আপনার সমস্ত কিছু থাকার মধ্যেও যে জায়গাটা আমার মনে হয়েছিল সেটা আমি বলেছি। সেটা মাননীয় সোহরাব সাহেব বলেছেন, উনিও বলেছেন কনফারমেশানের পরে - আমি আপনাকে বলছি Sir, I beg to move that in clsuse 2, in Explanation to the proposed section 10B of the Principal Act, in line 3, for the words "Five years', the words "Three years" be substituted. আমি এটা বলতে চেয়েছি যে এদের যদি তিন বছর করা হয়, তাহলে অন্তত ৫ বছর পর্যন্ত অপেক্ষা করতে হয় না। সোহরাবদা বলছিলেন এক বছর হলেই হবে। আমার সঙ্গে ডিফারেন্স নেই, এক বছর হলে তো আরো ভাল। আমার মনে হয় মাননীয় মন্ত্রী মশাই যদি এটা চিন্তা করেন তাহলে খুব ভালো হয়।

ম্যাডাম ডেপুটি স্পিকার : অনারেবল মিনিস্টার আপনি এই অ্যামেণ্ডমেন্ট গ্রহণ করছেন কি নয়?

শ্রী ব্রাত্য বসু : ধন্যবাদ ম্যাডাম, আমি এটা গ্রহণ করছি না। রুলে তার বিশদ ব্যাখ্যা থাকবে কেন। ধন্যবাদ।

Madam Deputy Sepeaker : The question before the House that the Amendment Nos. 1 to 5 moved by Dr. Tarun Kanti Naskar. As many as are of the contrary opinion will please say Aye- and as many as are of that opinion say No-. Noes have it, Noes have it. The question before the House that the Amendment No. 6 Moved by Shri Asit Mitra. As many as of that opinion will say Aye-and as many as are of the contray opinion will please say No-, Noes have it, Noes have it. Now, I put clause 2 do stand part of the Bill. As many as are of that opinion will say Aye, As many as of the contrary opinion will pleas say No-. Ayes have it, Ayes have it.

Clause 3 & 4

Madam Deputy Speaker' : There is no amendment to clauses 3 and 4. The question before the House is that clauses 3 and 4 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of Contrary opinion, will please say "Noe."

(Voices :Ayes, Ayes)

Ayes have it, ayes have it.

Clause 1 the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Madam Deputy Speaker : There is no amendment to clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The

question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Shri Bratya Basu : Madam Deputy Speaker, I beg to move that the West Bengal School Service Commission (Amendment) Bill, 2013, as settle a in the Assembly, be passed.

Madam Deputy Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

(The House was then adjourned till 2-15 p.m.)

[2.15–2.30 p.m.]

The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013

Mr., Speaker : I call upon Hon'ble Minister -in-Charge of Higher Education Department to introduce the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to introduce The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013.

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : I now call upon Minister-in-Charge of Higher Education Department to move the Motion for consideration of the Bill.

Shri Bratya Basu : Sir, I beg to move that The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 be taken into consideration.

Mr. Speaker : There is one amendment to the Motion that the Bill be referred to the Select Committee of the House by Shri Anisur Rahaman. Now I call upon Shri Anisur Rahaman to move his amendment.

Shri Anisur Rahaman :: Sir, I beg to move that the West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 be referred to a Select Committee of the House consisting of following members :

(i) Shri Upen Biswas, Minister-in-Charge of Backward Classes Welfare ;

(ii) Shri Partha Chatterjee, Minister-in-Charge, Departments of Commerce and Indistries, Industrial Reconstruction and Public Enterprises, Parliamentary Affairs and Information Technology ;

(iii) Shri Bratya Basu, Minister-in-Charge of Department of Higher Education and Department of School Education;

(iv) Shri Abdul Karim Chowdhury, Minister-in-Charge of Mass Education Extension and Library Services ;

(v) Smt. Firoja Begum, M.L.A ;

(vi) Shri Dulal Murmu, M.L.A ;

(vii) Dr. Abul Hasen Mondal, M.L.A ;

(viii) Md. Sohrab, M.L.A;

(ix) Dr. Sukhbilas Barma, M.L.A;

(x) Dr. Tarun Kanti Naskar, M.L.A ;

(xi) Dr. Asis Banerjee, Parliamentary Secretary ;

(xii) Shri Sunil Kumar Mondal, M.L.A ;

(xiii) Shri Id. Mohammad, M.L.A;

(xiv) Shri Anandamay Mandal, M.L.A ;

(xv) Shri Chowdhury Md. Hedayatullah, M.L.A ; and

(xvi) Dr. Surjya Kanta Mishra, Leader of the Opposition

With the instruction to submit its report by the 30th June, 2013 and that the quorum of the Select Committee be fixed at 6.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, ২০১৩ সালের যে ৬ নম্বর বিল-দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হায়ার এডুকেশনাল ইনস্টিটিউশনস্ (রিজার্ভেশন ইন এ্যাডমিশন) বিল, ২০১৩, এই বিলটাকে আমি নীতিগত ভাবে সমর্থন করছি। কিন্তু আমরা সব সময় বলি যে নতুন বিল আনলে বিশেষ করে এই রকম একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে, এটা সুনিশ্চিত হওয়া দরকার যে বিলটার মধ্যে এমন কোন ত্রুটি না থেকে যায় যাতে বিল কার্যকরী করার, তার উদ্দেশ্য সাধনের পক্ষে পরে বাধা হয়ে না দাঁড়ায়। সেইজন্য আমাদের পক্ষ থেকে একটা সিলেক্ট কমিটি, একটা মোশান মুভ করা হয়েছে।

স্যার, আমি আপনাকে বহুবার বলেছি যে এটা হাউসের চিরকালের প্রথা, দীর্ঘদিন ধরে অনুসৃত হয়ে আসছে যে নতুন বিল সিলেক্ট কমিটিতে যায়। এবং তাতে দুইমাস বাড়তি সময় লাগে। এই বাজেট অধিবেশনে সেটা হতে পারত। এটা এমন কিছু ব্যাপার নয় যে আপনাকে পরের অধিবেশনের জন্য অপেক্ষা করতে হবে। অর্থাৎ budget অধিবেশনের মধ্যে যখন বাজেটগুলি scrutiny হয়, দুই মাস বাদে আমরা আবার মিলিত হব। তখন Select committee-র report পড়ে, দেখে শুনে সেটা পাশ করা, এই উদ্দেশ্যটা সাধিত হয়। কারণ উদ্দেশ্য নিয়ে আমাদের কোন দ্বিমত নেই। আমরা আগের থেকেই পারিনি, আমরা করবার কথা নীতিগত ভাবে বিধানসভায় ঘোষণা করেছিলাম সরকারের পক্ষ থেকে। এটা আমরা করতে চাই কিন্তু বিলটা আমরা পারিনি। কেন পারিনি সেটা আপনার জানা দরকার। আমি জানি না, যে কারণে আমরা পারছিলাম না, যেখানে আটকাচ্ছিলাম সেই সব বিষয় গুলি আপনি-বিল পড়ে সবটা বোঝা যাচ্ছে না। সেই সব বিষয়গুলি আপনি reserve-র মধ্যে রেখেছেন কি না? প্রথম কথা হচ্ছে এই যে reservation-র ব্যাপারটা higher education-এ এটা সমস্ত ক্ষেত্রে এটা প্রয়োগ করতে হবে। আর সমস্ত ক্ষেত্রে যদি প্রয়োগ করতে হয় তার মানে হচ্ছে কি - medical college, health university সেটা এর আওতায় আসবে, engineering college যত আছে সেগুলি এর আওতায় আসবে, সেখানে reservation এর আওতায় আসবে। আপনি বলবেন যে এটা Higher Education Department-এর bill কিন্তু আমার ধারণা এটা Higher Education department যে সমস্ত university দেখেন খালি সেই university নয় অন্যান্য কয়েকটা দপ্তর তারা তাদের নিজস্ব university দেখেন। যেমন animal, fisheries science একটা আছে, agriculture সেই department দেখে। Health Department medical university, health university দেখে ইত্যাদি। সেইজন্য সেগুলি নির্বিশেষে সবগুলি university এবং তার অধীনে যে college গুলি আছে সেখানে এই reservation ব্যবস্থা চালু হতে হবে। এটা হচ্ছে আমরা যা করবার চেষ্টা করছিলাম। আপনি নিশ্চয়ই সেই চেষ্টা করছেন এবং সেটা খুবই সুনির্দিষ্ট ভাবে এখানে থাকা দরকার। আমার সন্দেহ আছে সেটা সেইজন্য Higher Education Department থেকে আনা উচিত ছিল নাকি BCW Department থেকে আনা উচিৎ ছিল, সেটা নিয়ে আমার একটা সন্দেহ আছে। তখন আমরা এই বিষয়ে আলোচনা করছিলাম। সেটা বড় কথা নয়, বড় কথা হল- আপনিও জানতে পারেন কিন্তু তাতে পরিষ্কার করে দিতে হবে সমস্ত institution -এ জন্য এটা প্রয়োজ্য হবে। কেন আমরা আটকালাম? আটকালাম এই জন্যই যে অসুবিধা হচ্ছে, medical college-এ এটা আমি করতে চাই। মেডিক্যাল কলেজের admission কি হবে এইসব নীতি নির্ধারিত হয় Medical Council of India থেকে। আমাদের রাজ্যের কোন ক্ষমতা নেই আমরা সেইগুলি লঙ্ঘন করতে পারি। Medical Education, Technical Education এইগুলি আপনি জানেন Concurrent List-এর মধ্যে পড়ে। যুগ্মতালিকা ভুক্ত বিষয় এবং যেহেতু যুগ্মতালিকা ভুক্ত বিষয় সেহেতু রাজ্যগুলির এমনিতে তাদের একক ভাবে আমাদের বিধানসভা সহ আমাদের ক্ষমতা নেই এমন কিছু করার এককভাবে যেটা কেন্দ্র বা তাদের এক্তিয়ারভুক্ত বিষয় তার বিরোধী হয়। সেইজন্য আমরা নিশ্চয়ই করতে পারি। আমরা করে তখন আমাদের রাষ্ট্রপতির সম্মতি লাগে। আমরা তাও করতে পারি। আমাদের যখন এইসব আলোচনা হচ্ছিল তখন কেন্দ্রে, আমার খেয়াল আছে আমরা একাধিক বার

meeting করি। কারণ আমি যখন Health minister ছিলাম তখন আমার খেয়াল আছে Central Health Council-এর meeting -এ এইসব আলোচনা হয়। Central Health Council হচ্ছে একটা সংবিধান সম্মত body, Constitutional Body। সংবিধানের যে ধারা বলে Inter-State Council তৈরি হয় সেই ধারা বলে Central Health council তৈরি হয়। সেখানে সমস্ত State Health minister-রা থাকেন এবং Union Health Minister preside করেন। সেখানে MCI-এর প্রতিনিধিত্ব আছে। এটা আমি একটা উদাহরণ দেওয়ার জন্য বললাম, হেলেথের ব্যাপার। কিন্তু engineering-এর বেলাতেও তাই. এই সমস্ত technical education ইত্যাদি যে সমস্ত বিষয় AICTE আওতাভুক্ত এবং যেটা MCI - এর আওতাভুক্ত। কিংবা যেটা ইউ. জি. সি-এর সঙ্গে সম্পর্কযুক্ত, ইউনিভার্সিটি গ্র্যান্ট কমিশনের সঙ্গে সম্পর্কযুক্ত, কিংবা যে-কোন বিষয় যার কংকারেন্স লিস্ট হিসাবে কেন্দ্র-রাজ্যের উভয়ের যুক্ত তালিকা ভুক্ত বিষয়, সেগুলো একটা সহমতে আসতে হয়। যখন এইসব আলোচনা হচ্ছিল তখন স্বাভাবিক ভাবেই এই প্রশ্নটা ওঠে যে আমরা যখন রিজারভেশন করতে যাচ্ছি তখন দেখতে হবে যে মোটামুটি যারা আনরিজার্ভ ক্যাটাগরি, অসংরক্ষিত আসনে যারা ভর্তি হন কেবল মেরিট বেসিসে, তাদের যে বর্তমান সুযোগ সেটা খর্ব না হয়। তাহলে সেটা কিভাবে করতে হবে? সিট বাড়াতে হবে। সিট বাড়াতে হলে আপনি জানেন যে এটা এ.আই.সি.টি.ই. কিংবা এম.সি.আই এদের সবারই অনুমোদন লাগে। আমি ইচ্ছে করলেও এখানে মেডিক্যাল কলেজে সিট বাড়াতে পারি না যদি এম.সি.আই এগ্রি না করে। সেটা আপনি পোস্ট গ্র্যাজুয়েটেও বাড়াতে পারেন না, আর আণ্ডার গ্র্যাজুয়েটেও আপনি বাড়াতে পারেন না। সেই জন্য একটা সভাপতির দরকার ছিল, একটা বোঝাপড়ার দরকার ছিল এইটা করতে হলে। আপনি একটা সময়সীমা বলেছেন যে চার বছর ধরে এত টাকা লাগবে, ফ্যাকালটি লাগবে তার জন্যে। ফ্যাকালটি শুধু নয় অনেক ইনফ্রাস্ট্রাকচার লাগবে। ল্যাবরেটরি লাগবে, বাথরুম লাগবে, হোস্টেল লাগবে ইত্যাদি ইত্যাদি। সেটাও আপনারা বিলে লিখেছেন ঠিকই এটা সময়সাপেক্ষ ব্যাপার, একটা সময়সীমা দিয়েছেন তার মধ্যে করতে হবে! কিন্তু এই আন্ডারস্ট্যান্ডিং যদি না থাকে, বোঝাপড়া যদি না থাকে কেন্দ্রের সঙ্গে যে আমি এই সমস্ত কলেজ গুলোতে সিট বাড়াব, এটা নিয়ে তোমার সঙ্গে কথা বলে রাখলাম, এটা যেন বাধা না হয়। এম.সি.আই বা এ.আই.সি.টি. ই বাধা না দেয়, তাদের এ ব্যাপারে যুক্ত করতে হয়। তারা বলেছিলেন যে আপনারা বাড়ান-কত বাড়াতে হবে, কি করতে হবে প্রস্তাব দিন। তখন আমরা হিসাব করে দেখলাম-এখন ১৯০০ মেডিক্যালে সিট হয়েছে, সব আমাদের সময়ে দেওয়া প্রস্তাব এবং ইন্সপেকশন তখনই হয়েছে। কিছুটা ওরা করেছিলেন, কিছুটা করেননি। আরো করবার সুযোগ আছে। এটা সব ক্ষেত্রে হবে। এটা খালি আমি মেডিক্যালের কথা বলছি, কি ইঞ্জিনিয়ারিং-এর কথা বলছি তা নয়। ইউ. জি. সি-র স্কলারসিপ যেখানে ধরুন আছে, লিমিটেড ব্যাপার, সেই জন্যে একটা বোঝাপড়া দরকার। আমি জানিনা সেই বোঝাপড়াটা আপনি করেছেন কি না বা কেউ করেছে কি না। অর্থাৎ সামগ্রিক ভাবে যাতে করে কেন্দ্রের সঙ্গে এই নিয়ে কোন গোলমাল না হয়। একটা সুবিধা এর মধ্যে হয়েছে সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার পার্লামেন্টে এই রিজারভেশনের একটা ব্যবস্থা করেছে। সেটা করেছেন তাদের ইনস্টিটিউশন গুলোর জন্য, অর্থাৎ সেন্ট্রাল ইনস্টিটিউশনের জন্য। সেটা আই. আই. টি-এর জন্য প্রযোজ্য হবে, এম. সি. আই- এর জন্য প্রয়োজ্য হবে ইত্যাদি। কেন্দ্রীয় সরকারের অধীন যে ইনস্টিটিউশন গুলো, তাদের জন্য সেগুলো প্রযোজ্য হবে, সেগুলো রাজ্যের

জন্য প্রযোজ্য হয় না। কিন্তু আমি যেটা বলবার চেষ্টা করছিলাম, আমাদের যখন অলপার্টি বা বিজনেস অ্যাডভাইসরি কমিটি ইত্যাদি হয় তখন আমি এইসব বলবার চেষ্টা করেছি ওরা যে আইনটা করেছে, সেই আইনটা আমাদের ভালোকরে অনুধাবন করা দরকার। তার কারণ হচ্ছে কি কোন একটা আইন হয়ে সেই আইনটা কার্যকরী হচ্ছে, এটাই হচ্ছে সবচেয়ে বড় প্রমাণ যে এই আইনটা চলবে, এটা নিয়ে কোন বাধা হবে না। কেউ ইচ্ছে করলে করতে পারবে। ওরা ঠিক কি মডেলে করেছে, কি ভাবে করেছে, সেই অভিজ্ঞতা কি আপনি ভালোভাবে নিয়েছেন? মনে হচ্ছে ওই আইন আর আপনি এই যে বিলটা এনেছেন, এটা সর্বাংশে, সব জায়গায় মেলে না। এই একটা ধারণা আমার হয়েছে। আপনার যদি অন্যরকম মনে হয় আপনি বলবেন। আমি আবারও বলছি যে, বিলটা আমরা সমর্থন করার পক্ষে, আমরা বিলটাকে সমর্থন জানাচ্ছি, আমরা আপনার ইনটেকনশানকে সমর্থন জানাচ্ছি, এই নিয়ে কোন দ্বিমত নেই। আমাদের খালি চিন্তা হচ্ছে যে কাজটা, এটা এমন তাড়াহুড়ো না করা, এত তাড়াহুড়ো করতে গিয়ে কোন ভুল না করা, যাতে করে কাজটা আটকে যায়, এইরকম না করা। আমরা বার বার যেটা বলবার চেষ্টা করছি। আমি এখানে ক্লজ বাই ক্লজ এইসব কথায় খুব একটা যাচ্ছি না। মূল কথাটা আমি আপনাকে বললাম। কেন আমরা পারছিলাম না, কিসে আটকাচ্ছিলাম এবং কি করবার চেষ্টা করছিলাম, সেই সব সমস্যা গুলো সমাধান হয়েছে কি না, আপনি ভেবেছেন কি ভাবে করবেন, কি আলোচনা হয়েছে সে আপনি বলতে পারবেন। এবং এখন সুবিধা হয়েছে যেটা আমি বললাম সেন্ট্রাল অ্যাক্ট, যেটা এখন কার্যকরী হচ্ছে এখন, এখনও কেউ চ্যালেঞ্জ করেনি আমার যা জানা আছে। আর বেশি কিছু খবর থাকলে আপনি বলতে পারবেন। সেটার সঙ্গে সঙ্গতীপূর্ণ ভাবে যাতে সুষ্ঠভাবে এই জিনিসটা করা যায় এবং যারা অসংরক্ষিত, যাদের জন্য আসন সংরক্ষিত থাকে না, তাদের এখন যা সুযোগ সুবিধা আছে সেটা নিয়ে যাতে কোন বিবাদ তৈরি না হয় এটা দেখা।

[2.30–2.40 p.m.]

সেটা আপনার স্পিরিট এর মধ্যে আছে বিলে, কিন্তু সেটা দেখে করা, নির্দিষ্ট সময়ের মধ্যে করা। এক্ষেত্রে কেন্দ্র, রাজ্য উভয়েরই সাহায্য দরকার। এটা একটা ব্যাপার। আপনি এটা ভালো করেছেন, আমরা এটার পক্ষেও যে, reservation এর বেলায় আপনি creamylayer কথাটা introduce করেছেন। আমার শুধু একটাই ওখানে কথা, creamylayer যেখানে আপনি definition এ বলেছেন 2.(d) clause-এ, means the category of persons for whom the reservation of seats shall not be applicable as may be determined and prescribed by the Backward Class Welfare Department, Government of West Bengal. এটা এরকম হওঁয়া উচিত, creamylayer এর definitionটা as may be prescribed, অর্থাৎ একটা subordinate legislation, অর্থাৎ রুলসের ব্যাপার হওয়া উচিত। Department যদি একটা notification, একটা government order বের করে দিল, সেটার strength থাকে না, যে রকমের strength, একটা subordinate legislation অর্থাৎ রুলসে থাকে। অর্থাৎ, এটা কি ভাবে হবে, এটা রুলসে provide হওয়া উচিত, একটা rule lay down হওয়া উচিত যে creamylayer কিভাবে ডিফাইন হবে ইত্যাদি ইত্যাদি। তা নাহলে খালি একটা ডিপার্টমেন্ট, তারা কি নোটিশ দেবে,

কি একটা অর্ডার বার করবে, তার উপর ছেড়ে দেওয়া উচিত নয়। একটা ছোট বা কম গুরুত্বপূর্ণ ব্যাপার। Faculty মানে Faculty আপনি বলছেন। সেটা ডেফিনেশনে ঠিক হয়নি। Faculty র ডেফিনেশনটা সাব ক্লজে দেবেন। Faculty means Faculty of a Higher Educational Institution. faculty কথাটা লিখলে আপনি হয় definition নাও লিখতে পারেন, আর faculty মানে যদি faculty ই বলেন তাহলে definition লেখার কোন মান হয় না। তাহলে আপনাকে একটা explantion দিতে হয় যে, faculty মানে এই এই এই আমি বোঝাচ্ছি। যাইহোক এটা একটা ব্যাপার যেটা আমাদের নজরের মধ্যে রাখা দরকার। তারপর একটা সমস্যা, আমি জানিনা আপনি এখানে reservation এর সব প্রভিসন করলেন এবং রিজার্ভেসনের প্রভিসন করে তারপরে আপনি বললেন যে, act not to apply in certain cases. এই Act not to apply in certain cases, clause 4 এই হোক বা পরেই হোক যেখানে আপনি বলেছেন, সেখানে দু একটা কথা খুব স্বচ্ছ নয়। মানে, যে কোন সময়ে আপনি যদি বলেন এই এ্যাক্ট টা apply করা যাবে না, কোন একটা institution কে কি দেখে বললেন যে এই এ্যাকট টা এখানে এ্যাপ্লাইড হবে না। এরকম prerogative থাকা উচিত নয়। যদি prerogative একটা রাখতে হয় তাহলে সুনির্দিষ্ট ভাবে বলা উচিত। যেটা স্পষ্ট বলেছেন the students belonging to creamy layer of the society এটা আমি বললাম। Any institutions of excellence, research institutions, and institutions of national and strategic importance as may be notified in the Official Gazette by the State Government from time to time. এটা Official Gazette-এ notification করলে হবে না, as may be prescribed in the rules করতে হবে। তা নাহলে কি ভিত্তিতে কাউকে আপনি বললেন যে এটা centre of excellence, এটা research institution, এটা national strategic importance বলে কাউকে ছাড় দিয়ে দিলেন, রিজার্ভেশনের আওতা থেকে ছাড় দিয়ে দিলেন, এটা বলার সুযোগ থেকে যাবে। Official Gazette এর উপর এটা ছেড়ে দিলে হবে না। It has to be a subordinate legislation, a rule. It is very clearly যে কাকে কি বলা হচ্ছে। Minority institution সম্বন্ধে বলেছেন, তার মধ্যে আমি যাচ্ছি না। তারপরে any course or programme at a higher level of specialization including at the post-doctoral level. Including at the post-doctoral level. আপনি post-doctoral বললে post-doctoral. আসলে রিজার্ভেশনের Principle নিয়ে জানেন সুপ্রিম কোর্ট ইত্যাদি যে judgement আছে,যেগুলো single seat বা single post ইত্যাদি, সেইগুলো reservation এর আওতায় পড়ে না, চাকরির ব্যাপারে। আপনি যখন অন্য জায়গায় কোথাও একটা সংরক্ষণ করেন, এসব ব্যাপারে যখন আপনি সংরক্ষণ করেন, একটা post-doctoral seat আছে, তাহলে সেটা রিজার্ভেশনের আওতায় আসে না। কিন্তু আপনি এই ভাবে যদি রাখেন, Any course or programme at a higher level of specialization, including at the post-doctoral level, within the branch of study or faculty as super speciality studies in Medicine or Engineering etc. এরকম বললে এটা ঐ যে সুপ্রিম কোর্টের Judgement, যেটা job-এর বেলায় আছে, সেটার

সঙ্গে সমতুল্য হয় না এবং এটা একটা সমস্যা হতে পারে। সেইজন্য বারবার বলছি, ভাসা ভাসা যেগুলো আছে সেইগুলো ভালো করে দেখা দরকার। যাতে করে এই রকম একটা আরবিট্রারী পাওয়ার সরকার তার হাতে রেখে দিল এবং সেটা কে প্রয়োগ করল সেটা অ্যাসেম্বলীতে এল না। অ্যাসেম্বলীর যেটা এক্তিয়ার, সেখানে ভালো করে সেটা পরীক্ষিত হল না, রুলসে রাখা হল না। এই যে প্রভিশন ইত্যাদি এটা ঠিক নয়। আপনি এখানে একটা পাওয়ার টু মেক রুলে লিখেছেন 'The State Government may by notification make rules for carrying out the purpose of this Act.' এটা তো আপনি রুলে রেখেছেন। তাহলে বাকী কোথাও gazette notification কোথাও ডিপার্টমেন্টাল নোটিফিকেশান তার উপরে ছেড়েছেন কেন? আপনি তো রুলে প্রভিশন রেখেছেন। তাহলে আপনি তো রুলে এগুলিকে ক্লারিফাই করতে পারতেন সুস্পষ্টভাবে। যেটা আপনি এই অ্যাক্টে বলেন নি। তারপরে আপনি লিখছেন 'Every rule made under this Act shall be laid as soon as may be after it is made, before the State Legislature, while it is in session.' এটা বললে যথেষ্ট হয় না। এটা আপনি দেখবেন যে এখন সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে আরম্ভ করে আমাদের স্টেট লেজিসলেচারে অনেকগুলি জায়গায় এই রুলের প্রভিশনটার wording entirely different. আপনাকে রুল এখানে লে করে দিলে হবে না। লে করে দিলে আপনাকে অন্তত ৩০ দিন কমপক্ষে থাকতে হবে। ৩০ দিন থাকতে হবে। ধরুন এই হাউসের সেশন এবারে ৩০ দিন হল না। এবারে ২৫ দিন হল। তাহলে এর পরের বারের সেশন পর্যন্ত যাবে। এগুলি হচ্ছে সেফ গার্ড এবং খানিকটা এতে লেজিসলেচারের পাওয়ারও বাড়বে। এবং বড়কথা আপনি বলতে পারেন যে সবাই দেখে শুনে আমরা বলতে পারি যে না ঠিক আছে কোন গোলমাল নেই। এবং সেখানে তার মানে একটা অনুমোদনের বা অনুমোদনের ব্যাপার চলে আসে। যেখানে রুলের প্রভিশন আছে সেখানে যে কোন অ্যাক্টে আপনি দেখুন পার্লামেন্টে পাশ হয়েছে বা আমাদের এখানে আগে যেসব পাশ হয়েছে সেগুলি আপনি যদি দেখেন, সেখানে দেখবেন যে ইলাবোরেট প্রভিশন আছে এইসব ব্যাপারে। এগুলি এত ক্যাজুয়ালি করা ঠিক নয়, যেভাবে আজকাল এগুলি করা হচ্ছে। স্যার, আপনাকে বলেছি যে, এমন অ্যাক্ট পাশ হয়েছে যাতে রুলেরই কোন প্রভিশন নেই। আমি আপনাকে হাউসে বলেছি যেগুলি লেডই হয় নি। রুল হয়েছে তারপরে রুলের প্রভিশন নেই সেই রকম অ্যাক্টও হয়েছে। আবার রুল হয়েছে, হাউসে লেড হয় নি। অথচ সেটা কার্যকরী হতে আরম্ভ করল। এইসব কখনো হয়নি। এইসব ফাঁকফোকর যাতে না থাকে, সেগুলি দেখা উচিত। কারণ এগুলি হচ্ছে এমন ফাঁক ফোকর, এগুলি খুব সেনসিটিভ ইস্যু। আপনি মনে রাখবেন যে, এটা যে রকম আপনারা চান, আমরাও চাই এবং সবাই চাই হয়ত। মুখে কেউ চান, আবার অন্তরে কেউ চান না। এই রকম লোক আছে এবং গোলমাল বাঁধাতে লোকের অভাব হয় না। তাদের হাতে সুযোগ দেবার মত কিছু করা উচিত নয়। কোন ফাঁকফোকর রাখা উচিত নয়। আমাদের বহু আইনে দুর্ভাগ্যবশতঃ এইরকম ফাঁকফোকর ছিল। যারজন্য সেগুলি কার্যকর হয় নি। কার্যকর করা যায় নি। সেই ফাঁকফোকর দুর করে এইসবগুলি করতে হয়েছে। সেইজন্য will is more important than Bill. It is always said. A Bill depends upon a political will, রাজনৈতিক ইচ্ছা থাকা দরকার যে এটা করব। এবং করার জন্য আমাকে বিলটা এমনভাবে করতে হবে যাতে করে এই ফাঁকফোকর যারা অনুসন্ধান করে তারা কোন সুযোগ না পায় তাদের হাত যেন শক্তিশালী না হয়। এটা হচ্ছে বড় কথা। তারপরে

আপনি এটাকে করতে গিয়ে আপনি একটা টাইম ফ্রেম করেছেন। এটা আপনি বুঝবেন যে টাইম ফ্রেম করেছেন সেই টাইম ফ্রেম যেটা করেছেন তারমধ্যে যে টাকা লাগবে, যা আপনি হিসাব করেছেন- সেই ব্যাপারে আমি ধরে নিচ্ছি যে সরকার তার প্রভিশন করবে। সেটা নিয়ে আমি এখন প্রশ্ন তুলছি না। কারণ আমি বলতে পারি না যে, না সরকার প্রভিশন করবে না তখন কি করবেন ইত্যাদি ইত্যাদি। কিন্তু আপনি একটা টাইম ফ্রেম করেছেন। কিন্তু টাইম ফ্রেমের মধ্যে আপনি এমনভাবে বিলটার প্রভিশন করেছেন যে যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এত সিট যদি বাড়াতে না পারি, তাহলে আপনার রিজার্ভেশন এত হবে না। এটা কন্ট্রাডিকটারী হয়ে যাচ্ছে। অর্থাৎ আপনি ও বি সি এর জন্য এ ক্যাটাগরীতে ১০%, আর বি ক্যাটাগরীতে ১৭% রিজারভেশানের ব্যবস্থা করলেন। এটা করে আপনি এক বছর চালু করে বললেন যে এটার জন্য আমার এখানে ১০০টি সিট ছিল আমার ১১৭ টি সিট করতে হবে, কি ১২০টি সিট করতে হবে। এটা আমি কথায় বলছি। কিন্তু এটা আমি ১২০ টি সিট করতে পারলাম না। এই বছর ১১০ টি সিট করলাম। সুতরাং আমি এখন ১৭% করতে পারব। এই যে কথাটা বলছেন এটা কন্ট্রাডিকটারী হয়ে যাচ্ছে। আপনার এই ক্লজ (৫), (৬) এ এটা বলা আছে। এটা আমার কাছে কি রকম কিন্তু কিন্তু লাগছে। এই রকম অনেকগুলি জায়গাতে এই রকম কিন্তু কিন্তু ব্যাপার আছে। এগুলি খুব স্পষ্ট হচ্ছে না এখানে। এবং এখানে যেভাবে লেখা হয়েছে তাতে আমি ঠিক জানি না, যে কারা ড্রাফট করেছেন এবং তারা ভালো করে এইসব ব্যাপারগুলি খোঁজখবর নিয়ে করেছেন কিনা ইত্যাদি ইত্যাদি। এগুলি আপনি একটু দেখবেন। মেরিট একটা ব্যাপার। আপনি বলছেন অর্থাৎ আপনার ভাবখানা হচ্ছে যে মেরিটটা নিয়ে কোন কমপ্রোমাইজ হবে না।

[2.40–2.50 p.m.]

মেরিট্ মানে কি? এটা নিয়ে অনেক দৃষ্টান্ত আছে, সেটাতে আমি যাচ্ছি না। আমরা একবার ভেবেছিলাম, জয়েন্ট এন্ট্রান্স বাদ দিয়ে আমরা মাধ্যমিকে যে নম্বর পেয়েছে, সেই নম্বরের ভিত্তিতে করবো। তাতে আমার রিজার্ভেশন করার সুবিধা। আমি তখন এস. সি., এস. টি নিয়ে চিন্তায় ছিলাম, ও.বি.সি. তো পরের কথা। এস.সি., এস.টি. তো করতে হবে। এটাই হচ্ছে না, কেন হচ্ছে না? জয়েন্ট এন্ট্রান্স যখন হয়, তখন সেটা বলে দেয় এটা হচ্ছে কোয়ালিফাইং নাম্বার। অর্থাৎ ৫০% পেলে আপনি কোয়ালিফাইড্। ৫০% এর কম পেলে আপনি কোয়ালিফাইড্ নয়। আপনি যদি বলেন, ৫০% এর নীচে কোয়ালিফাইড্ নয়, তার মানে কি দাঁড়াচ্ছে? তার মানে দাঁড়াচ্ছে, যেহেতু কোয়ালিফাইড্ নয়, কিন্তু সিট্ খালি থাকবে। ঐ সীটে আপনি নিতে পারবেন না। আমরা চেষ্টা করছিলাম- দিল্লীতেও আমরা আলোচনা করেছি, অন্য রাজ্যের সঙ্গে আলোচনা করেছি। সেখানে আমরা আলোচনা করে আমরা ভাবলাম যে, আচ্ছা আমরা এটা করে দেখেছি। যদি এই রকম করি যে, জয়েন্ট এন্ট্রান্স তুলে দিয়ে প্রেসিডেন্সিতে যে রকম হয়, অর্থাৎ এক্ষেত্রে একটা মুশকিল হচ্ছে হায়ার সেকেণ্ডারি পরীক্ষা দিয়ে তো সবাই তার পরের কোর্সে আসে না। কেউ আই.সি.এস.ই. ইত্যাদি থেকে আসে। তারা কি রকম নম্বর পায়, এরা কি রকম নম্বর পায়, এটা তুলনা করা যায় না। সেইজন্য যে পার্সেন্টেজের প্রভিশন আছে, সেগুলো দেখে আমরা করতে পারি কিনা। তখন আমরা এসব চিন্তা করছিলাম। পরীক্ষামূলকভাবে যখন আমরা এইসব চিন্তা করছি, তামিলনাড়ু এটাকে করে দিলো। তারা এটা করে বলল যে, আমরা জয়েন্ট এন্ট্রান্স তুলে দিলাম। আমরা এই ভিত্তিতে করবো।

তাতে রিজার্ভেশন করার কোনো অসুবিধা হচ্ছে না। কারম, তখন মেরিট্ দেখা হচ্ছে ওদের প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। ওরা এটা করে আবার আটকে গেলো। সেইজন্য আমরা এগালাম না। আমি বলছি. এইসব ব্যাপার জটিল এই জন্য যে, এটা সব দেশের, সব রাজ্যের মধ্যে সমস্যা। সেই অভিজ্ঞতাগুলো আপনাদের নেওয়ার দরকার নেই, আপনাদের অভিজ্ঞতার কথা কিছু বললেই আপনারা খুব বিরক্ত বোধ করেন এবং পরামর্শ কিছু দিলে আপনারা মনে করেন যে, নিশ্চয়ই তার পিছনে কোনো ষড়যন্ত্র আছে। সেইজন্য দিতে ইচ্ছা হয়না কখনো, বলতে কখনো ইচ্ছা হয় না। কিন্তু আমি আপনাকে বলছি, স্বদিচ্ছা নিয়ে বলি যে, এগুলো আপনি করেছেন কিনা বলবেন, আশ্বস্ত করবেন। আর যদি তিলমাত্র সন্দেহ থাকে, তাহলে একটু আলোচনার অবকাশ রাখার জন্য সিলেক্ট কমিটি হওয়া দরকার, স্ট্যান্ডিং কমিটি হওয়া দরকার। যাতে করে মত বিনিময় করে ঐক্যমত হতে পারে। তবে আপনার হাসি দেখে মনে হচ্ছে যে, আপনি তা করতে চান না। এটা হচ্ছে দুর্ভাগ্যের বিষয়।

শ্রী নাসিরুদ্দিন আহমেদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বাংলার মুখ্যমন্ত্রীর উদ্যোগে শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসু যে বিল আজকে এনেছেন - দি ওয়েস্ট বেঙ্গল স্টেট হায়ার এডুকেশনাল ইন্সটিটিউশন (রিজার্ভেশন ইন অ্যাডমিশন) বিল ২০১৩, এর সমর্থনে আমি দু-একটি কথা বলব। ডাঃ মিশ্র ইতিমধ্যে বলেছেন বিলটিকে সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য। ১৭ তারিখ রেজ্জাক সাহেব বিলটিকে সমর্থন করেছিলেন রাজ্যপালের ভাষণের ওপর বলতে গিয়ে এবং সেদিন তিনি মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে সাধুবাদ জানিয়েছেন। ডঃ মিশ্র যে এটা সিলেক্ট কমিটিতে পাঠাতে চাইছেন, তার কারণ আমার বোধগম্য হ'ল না। কারণ, বিষয়টা হ'ল, তিনি দু-একটি কথা বলেছেন যে, মেডিকেল কাউন্সিল, এ. আই. সি. টি. ই, - তারা একটা কলেজে কতগুলো সংখ্যা বাড়বে সেটার নীতি তারা নির্ধারণ করে। তার সঙ্গে রিজার্ভেশনের কোনো সম্পর্ক নেই। এখানে এই বিলে বিশেষ করে ক্লজ-৭ এ বলা হয়েছে, "The State Government shall appoint a Commissioner of Reservation for Higher Educational Instituitons in the State for the purpose of monitoring the implementation of the objectives laid down in this Act"। ন্যাচারালি যেখানে একজন কমিশনার থাকবেন, সেক্ষত্রে যে পরবর্তিকালে কি হবে, এই যে প্রশ্নটা, এটা আমার মনে হয় সঠিক নয়।

আমাদের যেটা মনে হয়েছে সম্ভবত পঞ্চায়েতের যে ইলেকশান আসছে সেই ইলেকশানের আগে আপনারা এই বিলটিকে পাশ করাতে চাইছেন না সেই কারণে আপনারা এই কথাটা বলছেন। এটা একটা ঐতিহাসিক বিল। অনগ্রসর শ্রেণী বিশেষ করে ব্যাকয়োর্ড ক্লাসের ছাত্রছাত্রীদের কাছে এটা একটা আর্শীবাদ। বিলটি পর্যালোচনা করার আগে বিশেষ করে ২০১২ তে West Bengal Backward Classes other than Scheduled Castes and Scheduled Tribes Reservation of Vacancies in Services Bill এই বিলটি পাশ হয়েছিল এই সদনে এবং এটা রাজ্যপালের অনুমোদন নিয়েছে। দুটো বিলই কিন্তু একে অপরের পরিপূরক এটা আমাদের মনে রাখতে হবে। আগের যে আমাদের সার্ভিসে অনগ্রসর শ্রেণীর মানুষদের-আপনারা জানেন যে আমরা এই ২০১২ বিলের মাধ্যমে ক্যাটাগরী A তে ৬৫টি ব্যাকওয়ার্ড ক্লাসকে স্বীকৃতি দেওয়া হয়েছে। এবং পরবর্তীকালে বাংলার যে বিশাল সংখ্যক মুসলীম জনগোষ্ঠী যাদের এই লিস্টে নাম ছিল না, সেটাকে ইনক্লুড করা হয়েছে এবং সংখ্যাটা গিয়ে দাঁড়িয়েছে ৬৬। এবং ক্যাটাগরী B- তে

78 জনগোষ্ঠীকে বোধ হিন্দু ও মুসলীম জনগোষ্ঠীকে এখানে নথিভুক্ত করা হয়েছে। এবং ক্যাটাগরী A তে ১০% রিজার্ভেশন দেওয়া হয়েছে সার্ভিসের ক্ষেত্রে। ক্যাটাগরী Bতে ৭% দেওয়া হয়েছে। স্বভাবতই রিজার্ভেশন যখন আসছে, আমরা জানি যে ভারতবর্ষে যে সিডিউল্ড কাস্ট সিডিউল্ড ট্রাইবস্ রিজার্ভিশন হয়েছিল আর্টিকেল 341 এবং 342 অনুযায়ী, পরবর্তীকালে সারা ভারতবর্ষে অনগ্রসর শ্রেণী বিশেষ করে মুসলীমরা তার সুযোগসুবিধা পায় নি। একটা অঙ্গরাজ্যে এই প্রথম পিছিয়ে পড়া যে মানুষ, অবহেলিত যে মানুষ, শিক্ষায় যারা পিছিয়ে আছে, অর্থনীতিতে যারা পিছিয়ে আছে, সামাজিক ভাবে যারা পিছিয়ে আছে, তাদের উন্নতি করার জন্য আজকের একই বিল। এবং এই বিল আমি মনে করি নতুন দিগন্ত খুলবে এবং বিশেষ করে এই বিশাল সংখ্যায় যে সংখ্যালঘু মানুষ যারা এতদিন বঞ্চিত ছিল তারা আস্তে আস্তে উপরের দিকে উঠবে। আজকে বিশেষ করে এই বিলের মাধ্যমে যারা এতদিন ধরে উচ্চশিক্ষায় যাদের সুযোগ ছিল না, তারা সুযোগ পাবে এবং সারা ভারতবর্ষের মধ্যে যতগুলো অঙ্গরাজ্য আছে তার মধ্যে এই প্রথম বাংলাতে এই ধরনের একটা আইন তৈরী হতে চলেছে। দেখা যাক আমাদের এই বিলটি আমাদের যে সংবিধানে নেই সেই সংবিধানের সঙ্গে তার ঐক্যমত আছে কিনা, এই বিলটি সলিড কি না? আপনারা জানেন যে বিশেষ করে ভারতবর্ষে যখন কনস্টিটিউশন তৈরী হয় ব্যাকওয়ার্ড ক্লাসের সংরক্ষণের বিষয়টি লেখা হয় নি। পরবর্তীকালে ২০০৫ সালে 93 rd এ্যমেণ্ডমেন্টে ভারতবর্ষের কনস্টিটিউশনে ক্লজ ৫- এ যে এ্যমেণ্ডমেন্ট হলো সেই এ্যমেণ্ডমেন্টটা নিম্নরূপ Nothing in this article or in sub-clause (g) of clause (1) of Article 19 shall prevent the State from making any special provision , by law, for the advancement of any socially and educationally backward classes of citizens or for the Scheduled Castes or the Scheduled Tribes in so far as such Special Provisions relate to their admission to educational institutions including private educational institutions , ২০০৫ সালে Whether aided or unaided by the state, other than the minority educational institutions referred to in clause (1) of article 30.

[2.50–3.00 p.m.]

২০০৫ এ ভারতবর্ষের কন্সটিটিউশান অ্যামেন্ডমেন্ট হয়েছিল। আপনারা পাঁচ বছর তারপরেও ক্ষমতায় ছিলেন। আপনারা ভেবে দেখেননি বিশেষ করে এই যে একটা বিরাট সংখ্যক অনগ্রসর শ্রেণী অর্থাৎ ও.বি.সি. যারা এস.সি.এস.টির বাইরে আছে। যে মুসলিমরা রিজার্ভেশান পায়নি তাদের কথা কিছু আপনারা ভাবেননি। আজকে এই সরকার চায় বিশেষ করে আজকে যারা সমাজে পিছিয়ে গেছে সেই বৃহৎ সংখ্যক মুসলিমদের। অনগ্রসর শ্রেণীর যেই বিলটা এসেছে তাতে লক্ষ্য করে দেখেছি যাদের রিজার্ভেশান দেওয়া হয়েছে সেই পার্সেনটেজটা মুসলিমদের বেশি। সুতরাং তারা পরবর্তীকালে এই দুটি বিলের মাধ্যমে তারা কিন্তু একটা উন্নতির জায়গায় চলে যাবে। এবং সত্যিকারে আমি বলতে চাই এটা যে একটা ঐতিহাসিক বিল সে সম্বন্ধে আমাদের কারও কোন সন্দেহ নেই। এই দুটো কথা বলে দুটো বিষয় আমি আলোকপাত করব। আমি ইতিহাসের পাতায় চলে যেতে চাই। আপনারা জানেন যে ভারতবর্ষে আমরা যারা মুসলিম, যে অনার্য শ্রেণীর মানুষ যারা মুসলিম হয়েছিল তারা কিভাবে মুসলিম হয়েছিল। এটা কিন্তু আমি মনে করি এই সদনকে

এই পবিত্র হাউসকে জানানো দরকার। আমরা জানি ভারতবর্ষে একসময় তৈমুর লং এবং আরও অনেকে যারা ধনরত্ন লাভের লোভে ভারতবর্ষ আক্রমণ করত এবং ধনরাশি লুণ্ঠন করত। তারা কিন্তু ভারতবর্ষে রাজত্ব করতে আসেনি। পরবর্তীকালে ১২০৬ থেকে ১৭৫৭ প্রায় ৫০০ বছরের বেশি মুসলিম সাম্রাজ্য ভারতবর্ষ শাসন করেছে। এই শাসনকালে আমরা দেখেছি যে মামুদ, খিলজি, তুঘলক, সোহেব, মোঘল এরা সাড়ে ৫০০ বছর ধরে ভারতবর্ষ শাসন করেছে। একটা কথা প্রচলিত আছে, অনেকে বলেন ভারতবর্ষে মুসলিম কিংবা ইসলাম বিস্তার করেছিল তরবারির সাহায্যে। কিন্তু যদি আমরা ইতিহাস পর্যালোচনা করি তাহলে আমরা দেখতে পাব শেষ পর্যন্ত সাড়ে ৫০০ বছরের যে ইতিহাস যারা শাসন করেছিলেন তরবারির সাহায্যে এখানে ইসলাম তৈরী হয়নি। দুটো বিষয় ছিল। সেই সময়ে যে উচ্চবর্ণের সম্প্রদায় ছিল হিন্দু সম্প্রদায় এবং নিম্নবর্ণের যে হিন্দু সম্প্রদায়ের মধ্যে বর্ণভেদ ছিল এবং উচ্চ বর্ণের হিন্দুদের তাদের প্রতি অত্যাচার, সামাজিক ন্যায় বিচার না করা এবং তার সঙ্গে ভারতবর্ষে সেই সময় যে তদানন্তিত সুফি মতবাদ এসেছিল। তারা এসে বলত যে মানুষকে ভালোবাস। এই দুটো জিনিস একত্রিকরণ হওয়ার ফলে সেই সময় প্রায় একের চতুর্থ অংশ মানুষ অর্থাৎ অনার্য মানুষ তারা ইসলাম ধর্ম গ্রহণ করে। এবং আমাদের বুঝতে হবে আমরা যারা আজকে ভারতবর্ষের মুসলিম তারা আমরা অনার্য থেকে এসেছি। এবং আমাদের যে পূর্বসুরি আমরা কিন্তু হিন্দু ধর্ম থেকে কনভার্ট হয়েছি। আমি এই কথাটি বলতে চাই এই কারণে যে বিশেষ করে এটা ভাবতে হবে যদি ভারতবর্ষে এস্. টি'দের কন্সটিটিউশান অনুযায়ী রিজার্ভেশান হয়ে থাকে তাহলে পরে সে মেধা এবং বুদ্ধিতে আমরাও এস. সি এবং এস. টির সমতুল্য। এবং এটা উচিত ছিল ভারতবর্ষের পার্লামেন্টের এবং সরকারের যে সারা ভারতবর্ষে অন্তত এডুকেশান এবং সার্ভিসে রিজার্ভেশানটা আসা উচিত ছিল। দুঃখের বিষয় আসেনি। কিন্তু আজকে নতুন করে একটা অঙ্গরাজ্য যে দিশা আমাদের দেখাচ্ছে আমি মনে করি পরবর্তীকালে সারা ভারতবর্ষে এই রিজার্ভেশান আইনটা বিশেষ করে সেন্ট্রাল সার্ভিসে এবং সেন্ট্রালে যে সমস্ত এডুকেশানাল ইন্সটিটিউট আছে সেখানেও সেটা লাগু হবে। সবশেষে একথা বলতে চাই যে যুগে যুগে কিছু মনীষী আসেন এবং তারা সমাজে ভালো কাজ করেন। আজকে বাংলার মুখ্যমন্ত্রী এবং আমাদের শিক্ষামন্ত্রী যে ঐতিহাসিক বিলটা নিয়ে এলেন এর ফলে সমস্ত মানুষের উপকার হবে, সমস্ত মানুষের কল্যাণ হবে। এই কথাগুলো বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী নেপাল মাহাত : অনারেবল স্পীকার স্যার, মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রদ্ধেয় ব্রাত্য বসু The West Bengal State Higher Education Institution Reservation in Admission Bill, 2013 যে পেশ তাকে সমর্থন করছি আমি। কয়েকটি Clause-এর উপর আমার আপত্তি আছে সেগুলো Amendment দেওয়া আছে- এই সমর্থন করে আমি আমার কিছু কথা স্যার বলতে চাইছি। এর আগে পূর্ববর্তী বক্তা শ্রদ্ধেয় ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় তিনি কয়েকটি কথা বললেন। আমি একটু সে নিয়ে বলছি, তিনি বললেন যে, যে কেউ যা কিছু চাইলেই কোনো আইন করে দেওয়া যায় না। আমি একটা রেফার করছি আমাদের Ministry of Human Resource Development, Department of Higher Education, Government of India জানাচ্ছে, 93 th Amendment Act also empowers the State Government to frame such legislation. Central Government has no power to direct the State Government to do so. অর্থাৎ রাজ্যসরকার এই

রিজার্ভেশানের ব্যাপারে এটা করতে পারে সেটা পরিষ্কার বলেছে। সুতরাং এই জায়গাতে প্রশ্নটা আসার কোনো সম্ভাবনা নেই। দ্বিতীয় যে কথাটা মাননীয় নাসির রুদ্দীন সাহেব বললেন যে, সম্ভবত এই স্টেটে এই OBC Reservation Bill প্রথম হচ্ছে, এটা ঠিক নয়। আমার যতদূর ধারণা সম্ভবত শেষ, মানে লাস্ট এই, West Bengal-ই শেষ। এর আগে সমস্ত স্টেটে হয়ে গেছে। আমি সব তথ্য দিয়ে আমি সেগুলো আমি আপনাদের জানাবার চেষ্টা করবো। আর মাননীয় সূর্যবাবু বলেছিলেন যে, অনেক কিছু ফাঁকফোকর আছে, তাই আমরা করতে পারিনি। তাহলে ২০০১ সাল থেকে এতদিন পর্যন্ত এই বিলটা নিয়ে কতরকম গড়িমসি করেছেন, তার তথ্য আমি সভায় তুলতে চাই। কেননা এখনও এই বিষয়ে একটা-প্রসেস চলছে যে কিভাবে এটা না হয়। আমি শুধু এই কয়েকটা amendment এখানে দিয়েছি সেগুলো করার কথা বলছি। এর আগে একটা এখানে আলোচনা হয়েছিল সার্ভিস বিলের ব্যাপারে। OBC-দের ১৭% সার্ভিসে রিজার্ভেশান, সেই সময় আমার বক্তব্য ছিল, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও ছিলেন। আমরা বলেছিলাম যে, সার্ভিসে যে রিজার্ভেশান করা হচ্ছে ঠিকই, কিন্তু হায়ার এডুকেশানের যদি রিজার্ভেশান না হয় তাহলে OBC-র যারা candidate তারা হায়ার সার্ভিসের যে পোস্টগুলো আছে সেখানে যাবে কিভাবে। মেডিক্যাল পোস্ট, লেকচারার পোস্ট। তিনি তখনই বলেছিলেন ব্রাত্যবাবুকে যে, এই ধরণের একটা আইন করার কথা হয়েছে। তৎকালীন আমাদের চিফ হুইপ অসিত মাল আমরা মুখ্যমন্ত্রীকে ধন্যবাদও জানিয়েছিলাম। কিন্তু যাইহোক, একটু দেরি হলেও এই বিষয়টাতে আমি কয়েকটা স্যার বলতে চাই যে, গত ফেব্রুয়ারী ২১, ২০১৩ একটা এখানে বিল পাশ হয়েছিল OBC-দের এডুকেশানের admission -এ reservation up to class XII পর্যন্ত। Class XII পর্যন্ত এটা এই সরকার করেছিল যে XII পর্যন্ত এটা আমরা মানছি। পরবর্তীকালে আমরা ব্যাপারটা ভেবে দেখছি। স্যার, একটা আমি মূলতবী প্রস্তাব এনেছিলাম ২০শে জুলাই, ২০০১। তৎকালীন মন্ত্রী মাননীয় উপেন কিস্কু মহাশয় বললেন, ২০০১ সালের কথা। তপশিলি জাতি এবং তপশিলি উপজাতি ছাড়া অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে আসন সংরক্ষণের বিষয়ে সরকার সহানুভূতিশীল। বিষয়টি সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছে। ২০০১ সাল। স্যার, তারপর ৩১ শে জুলাই, ২০০৩। এখানে একটা আমরা ১৮৫-এ মোশান এনেছিলাম আমাদের কংগ্রেস লেজিসলেচার পার্টি থেকে এবং তাকে মুভ করা হয়েছিল এবং বলা হয়েছিল যে OBC-দের রিজার্ভেশান ডাক্তারী, ইঞ্জিনিয়ারিংসহ হায়ার এডুকেশানের জন্য যেন করা হয়। এবং আমাদের যে Resolution-টা সেটা কয়েকটা amendment করার পর তৎকালীন আমাদের চিফ হুইপ ছিলেন আমাদের স্বর্গীয় লক্ষী দে মহাশয়, তাঁরা সবাই আলোচনা করে ১৮৫ মোশানটা carried হয়ে গেল মানে পাশ হয়ে গেল। যে হ্যাঁ, এটা হওয়া উচিত। সেটা আপনার ৩১ মার্চ, ২০০৩।

[3.00–3.10 p.m.]

পরবর্তীকালে এই সরকার সেই বিষয়েও একটি motion pass হওয়ার পরও কোন রকম কোন ভ্রূক্ষেপ সেটা করেননি। পরবর্তীকালে আর একবার আমরা এই বিষয়ে আমাদের মাননীয় এম পি তখন ছিলেন, বর্তমানে রাষ্ট্রপতি, নাম বলা যায় কিনা জানিনা, প্রণববাবু তিনি চিঠি দিয়েছিলেন, বুদ্ধদেব ভট্টাচার্য্য মহাশয়কে, ১৮ই এপ্রিল, ২০০২ ; যে এই বিষয়টা আপনি একটু দেখুন। OBC reservation সমস্ত স্টেটে হয়ে গেছে। ওয়েস্টবেঙ্গলে হচ্ছে না কেন? সেটা দেখুন। মাননীয় বুদ্ধবাবু উত্তর দিলেন, মে ১৬,২০০২। তিনি বললেন, I received your letter

dated April 18, 2002 regarding reservation of seats in educational institutions for OBC candidates. The matter is under active consideration of the State Government, ২০০২ সাল। পরবর্তীকালে আমরা ২১শে ডিসেম্বর, আর একবার, আমরা motion নিয়ে আসলাম, 2004 তে। তখনও motion টা carred হল। কিন্তু সেই সময়ে তৎকালীন মাননীয় সদস্যরা নিশিকান্ত মেহতা, কালিপদ মণ্ডল, খাঁড়া সোরেণ, অজিত ভুঁইয়া এবং সত্য সাধন চক্রবর্তী,তৎকালীন হায়ার এডুকেশান মিনিস্টার। তিনি পার্টিসিপেট করেছিলেন। এবং এটা support করে carried হল, এটা। কিন্তু successful হল না। Implement হল না। পরবর্তীকালে যিনি মন্ত্রী হলেন উপেন কিসকু মহাশয়, তিনি তাঁর ভাষণে বললেন, ২০০৫ সালে যে OBC দের reservation দেওয়া উচিত। এটা আমরা সত্যিভাবে বিবেচনা করছি। পরবর্তীকালে যোগেশ বর্মন যখন মন্ত্রী, তিনি বললেন, একটা এমন ওয়ার্ড, সেটা হচ্ছে, আপনার ১১.০৭.২০০৮, যোগেশ বর্মন বলছেন কি, Government of West Bengal is actively considering 22 reservation for OBC in admission to higher education institution under financial control/Head of the government of West Bengal. Necessary formality for introduction of reservation for OBC in higher education has already started. এটা ২০০৮ সালে বললেন। পরবর্তীকালে সুদর্শন রায় চৌধুরী, ২০১০ সালে তিনি আমার একটা Calling attention এর উপর উত্তর দিলেন, এবং তিনি সেখানে বলছেন, অনেক কিছু লেখা আছে, তার মধ্যে আমি যেটা বলছি, অনুরূপভাবে অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত ছাত্রছাত্রীদের জন্যও সংরক্ষণের ব্যবস্থা বিধানের বিষয়ে রাজ্য সরকার ইতিমধ্যেই নীতিগত সিদ্ধান্ত নিয়েছেন। এবং এই সিদ্ধান্ত বাস্তবের জন্য সক্রিয় উদ্যোগ নিচ্ছেন। বিশ্ববিদ্যালয়গুলি এবং কেন্দ্রীয় নিয়ামক সংস্থাগুলির সহযোগিতায় সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলির মোট আসন সংখ্যার নির্দিষ্ট শতাংশ হারে এই সংরক্ষণ ঘোষণা করা হবে। এটা ২০১০ সালে বলা হল। পরবর্তীকালে, এই যে আলোচনাটা হয়েছে, আলোচনার বেসিসে আমাদের এখানে ঐটা প্লেস করা হয়েছে। আমি এই কথাটা এইজন্যই বললাম যে স্যার, মাননীয় বিরোধী নেতা তিনি অনেক কিছু point, কিছু কিছু technical ডিফেক্ট আছে, no doubt, কিন্তু তারা ২০০১ থেকে এখন পর্যন্ত কিছুই করেননি। শুধুমাত্র ঝুলিয়ে গেছেন। এবং কিছু ফাঁক ফোকর এর গল্প যে করেছেন; আমি স্যার, এখানে তথ্য দিচ্ছি, যে ওনাদের যখন left front গভর্ণমেণ্ট ছিল কেরালাতে, সেই সময়েই সেখানে OBC reservation- higher education এ pass হয়ে গেছে। এবং সেখানে ওনাদের গভর্ণমেণ্ট। তাহলে এই ওয়েস্ট বেঙ্গলে তারা কিন্তু সেটা একদম করেননি। এবং এই বিষয়ে তাদের কিছু বলার অধিকার আছে বলে আমি মনে করি না। পরবর্তীকালে, এখনও এই বিষয়টাকে ইয়ে করতে চাচ্ছে। পরবর্তীকালে স্যার, আমি বলতে চাই, এই বিষয়ে একটা তথ্য আমি আপনাকে, সভাকে জানাতে চাই যে, OBC রিজার্ভেশানটা কোথায় কোন State-এ আছে এবং কবে introduce হয়েছে। আমি মাননীয় সসদ্য আপনাকেও বলতে চাই, যিনি বললেন, প্রথম ওয়েস্ট বেঙ্গলে হচ্ছে, Karnatak-এ 32% রিজার্ভেশান হয়েছে, introduce হয়েছে, ১৯৯৪-৯৫ ; ওবিসি, minority সহ আছে। বিহারে হয়েছে ৩৮ পারসেন্ট, effect from 2003। এখানে পরিষ্কার লেখা আছে, extremely backward class 18%, backward

classes 12% extemely backward class মীনস. মুসলিম। Women of backward class ৮ পারসেন্ট। টোটাল ৩৩ পারসেন্ট। উত্তরপ্রদেশ ২৭ পারসেন্ট. এটা করেছে ১৯৯৪ সালে থেকে। অন্ধ্রপ্রদেশ ওবিসি রিজার্ভেশান করেছে for admission to professional courses and other Higher education, মেডিকেল কলেজের জন্য ২৫%, ইঞ্জিনিয়ারিং টেকনোলজি ২৫%, এগ্রিকালচার ভেটেরেনারি etc. 25%। এটা শুরু হয়েছে ২০০৩ থেকে। মধ্যপ্রদেশ, ২৭%, মহারাষ্ট্র ২০০৩-০৪ থেকে চালু হয়েছে ১৯%। আসামে চালু হয়েছে ১৫%১৯৯৬ থেকে। সুতরাং সমস্ত স্টেটে এই রিজার্ভেশানগুলো চালু হয়েছে। আমি যে কথাটা বলতে চাই, এই বিলে যে কথাটা বলা হয়েছে, কিছুটা সেটার যুক্তি থাকলেও যেটা সেন্ট্রাল গভর্ণমেন্ট যে আইনের বলে সেন্ট্রাল এডুকেশানাল ইন্সটিটিউশান রিজার্ভেশান এ্যাডমিশান এ্যাক্ট ২০০৬, এই আইনের বলে সেন্ট্রাল গভর্নমেন্ট তার এডুকেশনাল ইন্সটিটিউটগুলো রিজার্ভেশান ইন্ট্রোডিউস করে। আই আই টি এবং আই আই এম। সেটা ২৭% দেওয়া হয়। আমি ভালো করে জানি পরপর তিনটে বছরে তারা সিটগুলোকে এ্যাডজাস্ট করে। অর্থাৎ আপনি যেটা বলেছেন যে আনরিজার্ভ সিটগুলোকে ডিসটার্ব না করে বাড়িয়ে করা এই ফর্মুলাকেই তারা ইন্ট্রোডিউস করেছে। সেন্ট্রাল গভর্ণমেন্টও সেটা করেছে। ২০০৮ থেকে চালু করেছে। সেটা আই আই এম, আই আই টি যে যে বড় বড় জায়গাগুলোতে আছে সেগুলো ২৭% রিজার্ভ করেছে। প্রতি বছর সিটটা বাড়িয়ে বাড়িয়ে। অর্থাৎ তিন বছরে এই প্রসেসটাকে কমপ্লিট করেছে। এটা সেন্ট্রাল গভর্ণমেন্ট অলরেডি করেছে। এবং এখানে পরিষ্কারভাবে যেটা বলা আছে, সেটা হচ্ছে, এটা খুব সিরিয়াসলি সব জায়গায় দেখতে হবে যাতে কোনো মতেই তিন বছরের বেশি পার করা যাবে না, কোনো সেন্ট্রাল গভর্ণণেমট ইন্সটিটিউটে।

সেকেণ্ডলি, আমি যেটা বলতে চাইছি, সেটা হল, আমাদের যে ক্রিমি লেয়ারের বিষয়ে উনি বললেন, সেই ক্রিমি লেয়ার ওয়ার্ডটাই হচ্ছে সেন্ট্রাল গর্ভণমেন্টের ওয়ার্ড। সেন্ট্রাল গভর্ণমেন্ট উইল ফিক্স, ক্রিমি লেয়ারের কার কত টাকা ইনকাম হল সেই ক্রিমি লেয়ারের ওপরে কে পড়ছে, নিচে কে পড়ছে। সেন্ট্রাল গর্ভমেন্টের যে গাইড লাইনটা সেই গাইড লাইনটা স্টেট গভর্ণমেন্ট শুধুমাত্র সবাইকে জানিয়ে দেয়। অল ওভার ইন্ডিয়ায় এই ক্রিমি লেয়ারটা চালু থাকে। ক্রিমি লেয়ার স্টেট গভর্ণমেন্ট কখনো করতে পারে না যে-আমি করলাম এত টাকা, বিহার করলো আর একটা টাকা, আর একজন করলো আর একটা টাকা। এই ক্রিমি লেয়ারটা সম্পূর্ণ সেন্ট্রাল গভর্ণমেন্টের। যদিও আপনি আইনে লিখেছেন, যে বিলটা পেশ করেছেন, সেখানে স্টেট গভর্ণমেন্ট এই ক্রিমি লেয়ারটা টাইম টু টাইম ডিফাইন করবে। যদিও ডিফাইন করার অথরিটি নেই, স্টেট গভর্ণমেন্ট ক্যান সার্কলেট দ্য নোটিশ। সেন্ট্রাল গভর্ণমেন্ট যেটা পাঠাবে সেটাই। সুতরাং এটাও ঠিক আছে, যেহেতু স্টেট গভর্ণমেন্ট নোটিফিকেশনাটা বের করে। কিন্তু ক্রিমি লেয়ারটা পুরোপুরি করবে সেন্ট্রাল গভর্ণমেন্ট। সেখানে সেই বিষয়টা বলার কিছু থাকে না। আমি বিলটাতে আসছি স্যার, এখানে পরিষ্কার দুটো জিনিস বলা আছে। একটা হচ্ছে, ৬ বছর আপনি টাইম নিচ্ছেন। এই জায়গাটায় আমাদের আপত্তি আছে। কারণ সেন্ট্রাল গভর্ণমেন্ট তিন বছর করেছে, আপনি ২০১৪-১৫ থেকে চালু করার চেষ্টা করছেন, সেখানে যদি আবার ৬ বছর টাইম দেওয়া হয় ম্যাক্সিমাম তাহলে It will go to 2021। তাহলে ২০২১ সাল যাওয়া মানে এই বিলটার কতটা কি কার্যকারিতা থাকবে সেটা বলা মুশকিল। এই ৬ বছরটাকে আমরা চাইছি তিন বছর হোক। আর একটা যেটা ব্যাপার আছে, এই ব্যাপারটা

এই আইনের পুরোপুরি পরিপন্থী হচ্ছে। তার কারণ হচ্ছে এই যে আপনি ৫ (১) এ লিখছেন Mandatory increase seats। This is already 5 নং ধারাতে একে লিখেছেন আপনি যে এটা মেণ্ডেটরি সবার ক্ষেত্রে যে তারা সিট ইনক্রিজ করবে। কিন্তু আপনি তিন নম্বরে লিখছেন "In respect of those Higher Educational Institutions where expansion of Capacity is not feasible for unavailable infrastructure-related or other reasons, the State Government may, Upon being satisfied, re-distribute its quota of Stream-wise reserved seats to other institutions in such a manner and to such extent as may be practicable keeping in mind the total seats available for all Higher Educational Institutions in the State taken together for a particular academic session." এই আইনটার কি মানে সেটা কিছুই বোঝা যাচ্ছে না। এটা আপনাকে ক্লিয়ার করতে হবে। তার কারণ যখন অলরেডি ওবিসি রিজার্ভেশান বিল পাশ হয়ে যাবে এবং It is applicable to all Higher Education Institute, যে গুলো গভর্ণমেণ্ট এই ডেড আছে তাহলে এটা সবার ক্ষেত্রে এ্যাপ্লিকেবল। এই ব্যাপারে আপনি যে কাউকে বাদ দেওয়ার চেষ্টা করছেন এই সুযোগটা তো সবই কাজে লাগাবে।

[3.10 – 3.20 p.m.]

অলরেডি এই বিলের যেটা Objects আছে, Financial Memorandum আছে সেখানে টাকা বরাদ্দ করার ব্যাপারতো লেখাই আছে, এখানে ফিনানসিয়াল লায়াবিলিটি আপনি অলরেডি এ্যাকসেপট করেই নিয়েছেন। এই Financial liabilty যে রাজ্য সরকার মীট করবে এটাও আপনি উল্লেখ করেছেন। সুতরাং এখন সীট যেহেতু বাড়াতে হবে সেই পার্সেন্টেজে, যতটা আমার ও বি সি-র জন্য দরকার, ততটাই প্রতিটি জায়গায় আপনার পরিকাঠামো বাড়াতে হবে এবং সেখানে আপনাকে টাকা দিতে হবে। সেটা হল রি-এডমিটেড। সেই জায়গাতে কেউ একজন যদি বলে যে আমি ফিজিবিল নয় বাড়ানোর ক্ষেত্রে, আমি সেটা করতে পারব না, এই ক্ষেত্রে যে ছাড় দেওয়া হয়েছে সেটা কিন্তু মেনে নেওয়া যাচ্ছে না। এই ব্যাপারটা আপনাকে একটু ভালো করে দেখতে হবে। কারণ এই বিষয়ে আমি অ্যামেন্ডেমেন্ট দিয়েছি, এই সুযোগটা লোকে কাজে লাগাবে। এর ফলে আইনটাতেও একটু গোলমাল দেখা দেবে। দুটো জিনিস contradictory হয়ে যাচ্ছে, এক জায়গাতে আপনি বলছেন all educational institution বাধ্য, এই সীট সংখ্যা বাড়ানোর জন্য যেটা ও বি সির- র জন্য আপনি করেছেন। আবার এক জায়গাতে অন্য কথা বলছেন। যাই হোক এই অ্যামেণ্ডমেন্টটা যাতে গ্রহণ করা হয় সেটা দেখবেন। আর দ্বিতীয় কথা হচ্ছে এই রিজার্ভেশানের ক্ষেত্রে ২০১৪-১৫ যেটা করেছেন, সেটা আগামী একাডেমিক ইয়ার থেকে আসুক। ২০১২ সালে যখন আলোচনাটা হল সার্ভিসের ব্যাপারে ও বি সি-দের রিজার্ভেশান দেওয়া হোক। সেই সময় আপনারা একটা নীতিগত সিদ্ধান্ত নিয়ে ফেলেছিলেন যে ও বি সি-দের হায়ার এডুকেশান রিজার্ভেশানে দেওয়া হবে। সেই ক্ষেত্রে আপনার যে বাজেট বরাদ্দ সেখানে আপনার টাকাটা রাখা উচিত ছিল। বাজেট বরাদ্দে সেই টাকাটা না রাখার জন্য ও বি সি-র রিজার্ভেশান এই একাডেমিক ইয়ার থেকে আপনি চালু করতে পারছেন না। সেই ক্ষেত্রে আমার মনে হয় টাকাটা বাড়িয়ে আপনাদের

করা উচিত ছিল। এই বিলের বিষয়টা বহুদিন পর একটা জায়গায় এসেছে। এখানে একটা ছোট্ট কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, regarding concept of reservation এই ক্ষেত্রটা একটু ভালো করে দেখতে হবে। কারণ ওদের আমলে আমরা দেখেছি যারা রিজার্ভ Candidate তাদের কাট অফ মার্ক একটু বেশী। পুরুলিয়া জেলার ক্ষেত্রে, জলপাইগুড়ি জেলার ক্ষেত্রে বলছি, প্রাইমারী টীচারের ক্ষেত্রে কাট অফ মার্কস ৬৮%। আর যারা জেনারেল তাদের হচ্ছে ৬০%।....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চ শিক্ষায় ভর্তির ক্ষেত্রে এই বিলের মধ্যে দিয়ে সংরক্ষণের পরিধি বাড়ানো হচ্ছে। এই বিলের স্পিরিটকে সমর্থন করেও বলতে চাই, সংরক্ষণের মধ্যে দিয়ে কোন বিশেষ সম্প্রদায়কে কিন্তু এগিয়ে নিয়ে যাওয়া যায় না। আমার পরের বক্তব্য, এই যে পরিধি বাড়ানো হচ্ছে, এর জন্য সীট বাড়ানোর কথা বলা হচ্ছে। তা বাড়ানোর ক্ষেত্রে যে যে constraints থাকে, অর্থাৎ AICTE, MCI, BCI ইত্যাদিরও উল্লেখ করা হয়েছে। তাদের অনুমোদন নিতে হয় এটা সত্যি কথা। এদের অনুমোদন না নিলে সীট বাড়ানো যায় না। কিন্তু মন্ত্রীমহাশয় এটা নিশ্চয় অস্বীকার করতে পারবেন না, যে infrastructure একদিনে বাড়ানো যায় না, তারজন্য আর্থিক সঙ্গতির দরকার হয়। যতদিন এই infrastructure এর ব্যবস্থা না করা হচ্ছে ততদিন যাতে সীট না বাড়ে সেই বিষয়টা কিন্তু দেখা দরকার। সেই ক্ষেত্রে 45% সংরক্ষণ শেষ পর্যন্ত হবে। তার মধ্যে দিয়ে 5(1) ধারায় যে সেফগার্ডের কথা এখানে বিলের মধ্যে বলা হয়েছে অর্থাৎ যতগুলো সীটের সুযোগ যে যে category people এর মধ্যে আছে, সেই সীটের সুযোগগুলো তাদের থাকবে এই যে safeguard সেটা কিন্তু শেষ পর্যন্ত হবে না।

আর একটা প্রশ্ন যে এখানে Creamy layer-এর কথা বলা হয়েছে। আপনারাও নিশ্চয় স্বীকার করবেন যে নানা ধরণের যে Backward Community, সেই Backward Community-র মধ্যে যারা Creamy layer তারাই কিন্তু সংরক্ষণের সুযোগ বরাবর ভোগ করে আসে। ফলে Creamy layer যদি Properly define না হয়, সেটা সূর্যকান্ত বাবুও এক ভাবে বলার চেষ্টা করেছেন যে Creamy layer যদি Properly define না করা হয় তাহলে কিন্তু এই আইনের উদ্দেশ্য ব্যাহত হবে। ফলে এই যে আসলে reservation এর যে সুযোগ যেটা সাধারণ ভাবে Backward Community-র মধ্যে যে Creamy layer-র দিনের পর দিন গড়ে উঠছে সেই Creamy layer, তারাই কিন্তু এই সুযোগগুলো দিনের পর দিন পেতে থাকবে। ফলে এই বিষয়টা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি ভাবার জন্য বলছি। আর একটা বিষয় যে সংরক্ষণ করা হচ্ছে, Backward Community র জন্য সংরক্ষণ করা দরকার সে ব্যাপারে আমরা সবাই একমত। কিন্তু আমি প্রথমেই যে কথাটা বলেছি, সংরক্ষণের মধ্যে দিয়ে কোন একটা বিশেষ Community কে কিন্তু এগিয়ে নিয়ে যাওয়া যায় না এবং আমরা জানি যে ভারতবর্ষে স্বাধীনতার পর থেকে ৫২ সালের পর থেকে ক্রমাগতই এই যে সংরক্ষণ করা হচ্ছে সেই সংরক্ষণের মধ্যে দিয়ে সত্যিই একটা Community কে আমরা খুব বেশী এগিয়ে নিয়ে যেতে পেরেছি কিনা সেটা কিন্তু ভাবা দরকার। এবং যত দিন যাচ্ছে দশ বছর পরে পরেই সেটাকে কিন্তু বাড়ানো হয়েছে, তার সীমাও বাড়িয়ে দেওয়া হয়েছে। এর মধ্যে দিয়ে আসলে সেই

Creamy layer-টাই গড়ে উঠেছে। যে Creamy layer তারাই কিন্তু এই সুযোগ সুবিধাগুলো বরাবর ভোগ করে এসেছে। ফলে আমার পয়েন্ট হচ্ছে যে এই সংরক্ষণের মধ্যে দিয়ে যাতে কোথাও Quality-র সঙ্গে compromise করা না হয় সেই বিষয়টা কিন্তু ভাবা দরকার। সব শেষেও এই বিলের spirit টাকে সমর্থন করছি। কিন্তু এই সমস্ত বিষয়গুলো যদি ভাবনা চিন্তা না করা হয়, তাহলে কিন্তু এই বিলের সমস্ত উদ্দেশ্যগুলি সফল হবে না বলে আমার মনে হয়েছে। ধন্যবাদ।

ডাঃ শশী পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ রাজ্যের উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে তপশিলী জাতি নির্ধারিত উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্রছাত্রীর ভর্তির জন্য যে আসন সংরক্ষণ করার এই বিলটা আজকে উত্থাপন করেছেন মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী শ্রী ব্রাত্য বসু, তাঁকে ধন্যবাদ জানাই, আর নিশ্চয় ধন্যবাদ জানাতে চাইবো, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে এই বলিষ্ঠ পদক্ষেপের জন্যে। আমার এখানে দু একটি কথা বলার, বর্ষীয়ান বিধায়করা যাঁরা ছিলেন তাঁরা বলেছেন। আমাদের লিডার অফ্ দ্য অপজিশান বলেছেন। এটা খুব demotivating বলে মনে হল, যে প্রথম বক্তব্য রাখতে গিয়ে তিনি যেভাবে demotivating করেছেন তাতে কিন্তু বিতর্কটা অন্য দিকে চলে যায়। যেটা হয়, যে বহু বছর তো এই আইন সংরক্ষণের বিষয় এসেছি। এবং নানান সময় তিনি বলছেন, এখন কথা উঠছে যে কেন এটা সিলেক্ট কমিটিতে যাবে না। আমার একটাই প্রশ্ন থাকে একজন নতুন বিধায়ক হিসাবে যে এত অজুহাত এত কিন্তু কিন্তু করতে গিয়ে কোথাও একটা dynamism নেই। এই সমস্যা আছে, সেই প্রবলেমটাকে crack করতে হবে। এই crack করার বিষয়টা নিয়ে পিছিয়ে পড়লাম। দু-পা এগোলাম তো পাঁচ পা পিছিয়ে গেলাম। ফলে কি হয় এই আজকে বলা হচ্ছে যে দু মাস সময় দিন সিলেক্ট কমিটিতে। আপনারা এত বছর তো রয়েছেন তখন সিলেক্ট কমিটি নানান কমিটি করে এত বছরে যেটা এগোয়নি, সেটা দু মাসে এত এগোবে আমি জানিনা। সিলেক্ট কমিটির বিষয়ে অবশ্য আমাদের শিক্ষা মন্ত্রী তিনি বলবেন রাজী আছেন কিনা। আর একটা বিষয় হচ্ছে তিনি বললেন যে সকলের ওপিনিয়ান নিয়ে, আমি জানিনা আমরা তখন বিরোধী পক্ষে ছিলাম আমাদের কতটা ওপিনিয়ান নেওয়া হয়েছিলো সেটা আমার সন্দেহ জনক বলে মনে হচ্ছে। শ্রী নেপাল মাহাতো, একটা কথা, যেটা খুব সুন্দরভাবে বললেন যে হ্যাঁ, এই রাজ্যে প্রথমবার ও.বি.সি. এটা সংরক্ষণ করা হচ্ছে এটা আমরা নিশ্চয় মানছি। এবং তিনি যখন বললেন যে ভারতবর্ষে আমি ঠিক জানি না, উনি বলছেন যখন ভারতবর্ষে বোধহয় শেষ রাজ্য। এতেই প্রমাণ হচ্ছে, যে বিগত সরকার যাঁরা ছিলেন তারা কিন্তু এত বছরে সেটা করেন নি, ফলে আমরা শেষে দাঁড়ালাম। শেষে গিয়ে দাঁড়িয়েছি এবং শেষে এটাকে ইমপ্লিমেন্ট করার চেষ্টা করছি। গত বছর যে West Bengal Backward Classes Reservation for vacancies in services and posts—যে বিলটা আমরা এই মহতী সদন থেকে অনুমোদন করলাম তারপরেই কিন্তু এই মা-মাটি-মানুষের সরকারের কাছে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন আসে যে যার কথা বলছি এই যে candidates-রা অমুক post এ যাবে যেগুলো reserved হয়েছে তার জন্যে সে উপযুক্ত কিনা।

[3.20–3.30 p.m.]

অর্থাৎ যারা অবহেলিত ছিল, যারা প্রতারিত ছিল এত বছর ধরে তাদেরকে উপযুক্ত করার জন্যে হায়ার এডুকেশান ইন্সিটিটিশানে তাদের সুযোগ করে দেওয়ার জন্যে আজকে দিন এই নতুন

সুবর্ণসুযোগ এই বিলের মারফতে সেটা কার্যকরী হতে চলেছে। কেন অবহেলিত হয়েছে সংস্কৃতির জন্য সামাজিক কারণ, অর্থনৈতিক কারণ, রাজনৈতিক কারণ—যেই কারণ হোক না কেন একটা vicious circle হয়ে দাঁড়িয়েছিল। যে তারা সামাজিক ভাবে এগোতে পারিনি, ফলে অর্থনৈতিক ভাবে তারা পিছিয়ে পড়ল, তারা রোজগার করতে পারিনি - এই করতে করতে তারা vicious circleটাকে ব্রেক করতে হবে এবং এই ব্রেক করার মুহূর্তে আমরা চলে এসেছি। সংবিধান কি বলছে? Article 15 of the Constitution বলছে যে কোন জাতি, ধর্ম, লিঙ্গ বৈষম্য কিংবা যেখানে তার জন্মস্থান -এটার মধ্যে দিয়ে যাতে কোন বৈষম্য না করা হয়, তার উপরে নিষেধ রয়েছে। সামাজিক উত্থান এবং শিক্ষার অগ্রগতির জন্য যে কোন স্টেটকে একটা provision দেওয়া হয়েছে Clause 4-এর মাধ্যমে। যে তারা সেই 'provision সেই স্টেটে করতে পারে। আবার Article 46-এও বলেছে, যারা দুর্বল শ্রেণীর মানুষ রয়েছেন, যারা অর্থনৈতিক ভাবে এবং তাদের সামাজিক স্বার্থে, তাদের উন্নতির জন্য স্টেট যেন একটা বিশেষ যত্ন নেন, সেই যত্নই নেওয়া হচ্ছে। পুরাতন সরকার এটাই দুর্ভাগ্য জনক ব্যাপার স্টেটের — আমাদের Constitution-এ সমস্ত clause গুলোকে তারা অগ্রাহ্য করেছে, এই দুর্বল শ্রেণির মানুষদের রক্ষা করেনি, তাদের উপরে শোষণ করেছে, তাদের প্রতি সামাজিক অবিচার হয়েছে। এর জলজ্যান্ত উদাহরণ - জঙ্গল মহল। যেটা বলা হচ্ছে statistics কি বলছে? আমাদের অল ইন্ডিয়া পপুলেশান যেটা ন্যাশানাল অ্যাভারেজ ধরা হয়েছে এস.সি.র ক্ষেত্রে 16.2 %, ক্ষেত্রে ST 8.2%, OBC ক্ষেত্রে এখনও non-abailable এটা ২০০১ সেনসাস। কারণ ২০১১ সেনসাস অফিসিয়ালি not-available বলে। সেক্ষেত্রে পশ্চিমবাংলায় SC পপুলেশান হচ্ছে ২৩.০২ পারসেন্ট, ST 5.5% এবং OBC ৩৯ পারসেন্ট, তার মধ্যে Muslim ব্যাকওয়ার্ড ২১.৫ এবং নন-মুসলিম-ব্যাকওয়ার্ড ১৭.৫ পারসেন্ট। স্টেট এবং ন্যাশানাল অ্যাভারেজ মেলালে দেখা যাচ্ছে যে আমরা কতটা আমাদের স্টেটে ব্যাকওয়ার্ড ক্লাসের পপুলেশানের মানুষ রয়েছে। সেখানে 8,01,76197, যদি ২০১১ সালে পপুলেশান ধরা হয়। সেখানে এখন এই মুহূর্তে নয় কোটি ছুঁই ছুঁই—এটা আগের সেনসাস অনুসারে। এস.সি. পপুলেশান প্রায় এক কোটি ৮৪ হাজারের উপরে এবং এস.টি. ৪৪ লক্ষের উপরে। ফলে এই পরিস্থিতির উপর দাঁড়িয়ে যদি আমাদের বি.পি.এল. পপুলেশানে সর্বভারতীয় ক্ষেত্রে এন.এস.এস.ও.র সংখ্যার সমীক্ষাটা দেখি 1999-2000-এ রয়েছে অধিকাংশ দেখা যাচ্ছে rural and urban মিলিয়ে যে এস.সি.র ক্ষেত্রে প্রায় 45% rural-এর ক্ষেত্রে and urban 35% পিছিয়ে রয়েছে। এস.টি.র ক্ষেত্রে এরা বি.পি.এল. তালিকায় রয়েছে 35.9% এবং urban ক্ষেত্রে 38.3%, OBC 27% গ্রামগঞ্জে এবং প্রায় ৩০ শতাংশ শহরাঞ্চলে। এর পরে বিভিন্ন কাস্ট তো রয়েছে - মুসলিম, হিন্দু, খ্রীষ্টান, শিখ ইত্যাদি। এদের মধ্যে আবার লিটরেসিরেট। General population আমি পশ্চিমবাংলায় বলছি, জেনারেল পপুলেশান ৬৮ পারসেন্ট যদি শিক্ষিত হয়ে থাকে, দেখা যাচ্ছে এস.সি.র মধ্যে মাত্র ৫৯ এবং এস.টি.র মধ্যে 43.4। এই বাস্তব চিত্রটাকে গ্রহণ করে আমাদের একটা বিষয় জানতে হবে যে কলেজ প্রতিষ্ঠানগুলোতে রাজনৈতিক করণ চলেছে, শিক্ষা নিয়োগ নিয়ে রাজনীতি, দলতন্ত্র, স্বজনপোষণ হয়েছে, রাজনৈতিক সভাগুলোতে, কলেজগুলো কি ভাবে বন্ধ করে জিরো attendance করে সমাবেশগুলোতে 100% attendance করতে গিয়ে এই সমস্ত বিষয়ে যে সার্বিক চিত্র যে কতটা তারা পিছিয়ে পড়েছে, সেটা যদি তাদের মাথা থেকে বেরিয়ে যায়, সেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী, শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমাদের শিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য

বসুকে ধন্যবাদ। তাদের এই মানসিকতার জন্য এবং তাদের এই মানবিকতার জন্য। বাস্তব চিত্র দেখা যাচ্ছে যে higher educational institutions-এ, national enrolment statics দেখা যাচ্ছে কত জন সত্যি enrol করছে। ন্যাশানাল অ্যাভারেজ যেখানে দেখা যাচ্ছে 18.8% সেখানে পশ্চিমবাংলায় দাঁড়াচ্ছে ১২.৬ পারসেন্ট এবং ২০২৫ সাল একটা টার্গেট সেট করে নিয়েছি ন্যাশানাল অ্যাভারেজ সেখানে বলছে অন্তত ৩০ পারসেন্ট অন্তত enrolment হওয়া উচিত higher education। সুতরাং ভীষণ ভাবে এত scope যেখানে রয়েছে আমাদের দরকার আরো কি ভাবে আমরা বেশি করে ছাত্র-ছাত্রীদের স্কুল শিক্ষায় হায়ার এডুকেশানের আঙ্গিনায় তাদেরকে আনতে পারি। এই মুহূর্তে আমার মনে হয় বিল অত্যন্ত সময়োপযোগি এবং আজকে আমরা inclusive education -এর কথা বলছি, সকলে অন্তর্ভুক্ত করতে চাই। যখন সকলকে অন্তর্ভুক্ত করতে চাইছি সেখানে তফসিলি জাতি, উপজাতি এবং ও.বি.সি.বা কেন বাদ যাবে। দেখা যাচ্ছে যুব সম্প্রদায়ের এই ছাত্র-ছাত্রী যারা আছেন, যারা অবহেলিত তাদের কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে দেখা যাচ্ছে তাদের উল্লেখযোগ্য ঘাটতি required participation নেই। হাই ড্রপ আউটের কথা আমরা বলি, ক্লাস এইটে বলি। আমরা জানি এটা হচ্ছে ফাষ্ট ফেজ, এখানে ফাষ্ট ফেজে ড্রপ আউট হয়। কিন্তু আমরা এটাও জানি আর একটা ড্রপ আউট হয় ক্লাস টেন ইলেভেনে। তারা দ্বাদশ শ্রেণী অবধি যাচ্ছে না। ড্রপ আউট করছেন নানা কারণে। এবং যে বারো অবধিও গেছে সে ভীষণ ভাবে ডি-মটিভেটেড, ভীষণ ভাবে নিরাশ। নিরাশ কেন? তার পারসেনটেড ৪৫%। নানান কারণে, সে হয়ত ফাষ্ট জেনারেশান লারনার, তার বাড়িতে কেউ কোন দিন পড়াশুনা করেনি। তার সে সাপোর্টটাই ছিল না। টিউশানি বলুন আর যাই বলুন সেই বিষয়ে যাচ্ছি না। নৈতিক সাপোর্টও ছিল না। খাতাপত্র কিনতে পারছে না। সেখানে তাদের মনোবল বাড়াতে হবে, তাদেরকে মটিভেট করতে হবে। আর যদি মূল স্রোতের কথাই বলি তাহলে সকলকে মূল স্রোতে আনতে গেলে এই বিলের মাধ্যমে আমার মনে হয় সেই রাস্তাটা তৈরী হচ্ছে। কি ভাবে এই ডিসেএডভানটেজ গ্রুপস গুলোকে আমরা মটিভেট করে, আমার মনে হয় এখানে একটা কনভারজেন্স দরকার যে ভাবে আমাদের মহিলা শিশু দপ্তর থেকে একটা কন্যাশ্রী প্রকল্প বেরিয়েছে মেয়েদের জন্য। সব জাতি ধর্ম উর্দ্ধে অবশ্য যেখানে দ্বাদশ শ্রেণী অবধি আর্থিক সহায়তা তার পরে যাতে আরো ভাল ভাবে পড়াশুনা করতে পারে তার জন্য তাদেরকে এককালীন সহায়তা এই সমস্ত যেটা দেওয়া হচ্ছে তাতে আমরা আশাবাদী যে ১৮টা ইউনিভারসিটি যেটা রয়েছে এবং তার অধীনে প্রায় সাড়ে চারশো প্লাস যে কলেজগুলো রয়েছে এখানে আমাদের এস.সি, এস.টি এবং ও.বি.সি-র ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারে, তাদের উজ্জ্বল ভবিষ্যতের কথা মাননীয়া মুখ্যমন্ত্রী ভেবেছেন এবং এই যুগান্তকারী ডিসিশানের জন্য আবার অবশ্যই ধন্যবাদ জানাই যে তারা এখন ভাবতে পারছেন যে আমরা ব্যাচিলার ডিগ্রী, আমরা একটা ডক্টরেট করতে পারবো, আমরা একটা মাষ্টার্স করতে পারবো। তারা ভাবতে পারছে যে তারা হিউম্যানিটিজ স্ট্রীমে ভর্তি হবেন। বিজ্ঞানের কথা নিয়ে চর্চা করবেন, যন্ত্র বিজ্ঞানের কথা ভাববেন, প্রযুক্তি বিদ্যার সংগে তারা জেনারেল ক্যাটাগরির স্টুডেন্টের সংগে কথা বলবেন। ভোকেশনাল সাইন্স, বিত্তি মূলক বিজ্ঞান যেগুলো আছে সেইগুলো সমস্ত তারা পড়শানা করবেন। এই বিলের যে সেলিয়েন্ট ফিচার্সগুলো রয়েছে, আমরা দেখেছি তার মধ্যে ২২% এস.সি-র জন্য ৬% এস.টির জন্য ১৭% ও.বি.সি-র জন্যে ক্যাটিগরি-এ ১০% এবং ক্যাটিগরি বি ৭% -সংরক্ষণ করা হয়েছে। শুধু মাত্র সেই ইনটিটিউটগুলোতে যেগুলো সরকার দ্বারা প্রতিষ্ঠিত অথবা প্রতিপালিত

অথবা কোথাও কোথাও পার্টলী বা ফুললি তারা সাহায্য পাচ্ছেন। এই মেধার কথা যখন উঠেছে, এই মেধার কথা খুব পরিষ্কার ভাবে বলা আছে যে যাদের জন্য সংরক্ষণ করা হচ্ছে, যাদের জন্য রিজার্ভিশান করা হচ্ছে তাদের অবশ্যই মেধা দেখে তাদেরকে ভর্তি করা হবে। সংবিধানকে মেনে যাতে এটা ৫০% উর্ধে না হতে পারে সংরক্ষণ সেটাও দেখা হচ্ছে যে, একটা শিক্ষাবর্ষে ২০১৪-১৫ থেকে যেটা লাগু হতে চলেছে সেটা যাতে ৫০% উর্ধে যাতে না হয়। আবার এর মধ্যে দিয়ে আর একটা বিষয় উঠে আসছে বিলের মধ্যে দিয়ে যে পশ্চিমবঙ্গ সরকার এবার ঠিক করবেন যে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোতে তাদের গুণগত মান দেখে তাদের যদি সেই র‍্যাকিংটা দেওয়া যায় সেটাও ভাবনা-চিন্তার মধ্যে রয়েছে। এবং অবশ্যই যেটা বাড়তি চাপ সামলানো যায় যাতে জেনারেল ক্যাটাগরী, তারা যাতে ভেঙ্গে না পড়ে তার জন্য একটা এক্সট্রা এডিশনাল সীটস্ তৈরী করা হচ্ছে, ইনফ্রাস্ট্রাকচারের জন্য সেই ব্যবস্থা দেওয়া হচ্ছে, তার জন্য ফাইনান্স থেকে অনুমোদনও নেওয়া হয়েছে এবং সেটা গৃহীত হতে চলেছে। কমিশনার অফ্ রেজোলিউশানকে রাখা হয়েছে। খুব সঠিক ভাবে আমার পুর্ববর্তী বক্তা বলেছেন যে একজন কমিশনারকে রাখা হয়েছে যিনি এই বিষয়টা দেখবেন, নজর দিয়ে দেখবেন, যাতে রেজুলেশান, হায়ার এডুকেশান ইনস্টিটিউশনগুলো সঠিক ভাবে মানা যায়। সুতরাং আমার মনে হয় এই বলিষ্ঠ পদক্ষেপ যে ভাবে মা-মাটি-মানুষের সরকার চিন্তাভাবনা করছে সকলকে নিয়ে এগিয়ে চলার এবং সব সময় কিন্তু কিন্তু করবো আর পিছিয়ে যাবো, কিছু করবো না, এটা হতে পারতো, এটা না করে এই যে কাজ করতে চলেছে তার জন্য আমরা সকলেই ভীষণ ভাবে আপ্লুত এবং গর্বিত। সকলেই যাতে এই বিলকে সমর্থন করে সেই অনুরোধ রেখে বক্তব্য সংক্ষিপ্ত করলাম। নমস্কার।

[3.30–3.40 pm]

Shri Michael Shane Calvert : Hon'ble Speaker, Sir, the West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 which has been introduced by Hon'ble Minister definitely meeds to be lauded. It is a landmark decision which has been taken and we can confidently say that the concrete shape has been given to our aspirations. It has been exemplified government's intent to go the extra mile. It shows the result of West Bengal Government is to make sure the the people who need to benefit ...... will be able to benefit, will be able to contribute largely to the production and positive growth of our State. The Anglo-Indian community in its own way has largely contributed to education and this has been no mean achievement for the Anglo-India community which is a very small ro micro community and in this advancement of education and providing for reservation which is a very, very positive sign which will definitely produce our output and growth.

My humble request through you Hon'ble Speaker to the Hon'ble Minister and to the Government is to consider if we Anglo-

Indians could be provided some kind of reservation which will enable us to also contribute to the production and growth of our state. We would aslo like to have engineers, management people and people in the medical profession. I am sure we will be able to contribute to a large extent but the problem that lies in many of our community is the financial constrainst, and this is my humble request to you, Sir.

Thank you, sir.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে 'The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। একই সঙ্গে স্যার, আমাদের মাননীয় সদস্য যিনি এই ও.বি.সি. হায়ার এডুকেশানে রিজার্ভেশানের মূল বক্তা এবং প্রবক্তা, তিনি যে অ্যামেন্ডমেন্টগুলো এনেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রী নেপাল মাহাতো আপনাদের সামনে, অত্যন্ত বিশ্লেষণের আকারে বলব না, অত্যন্ত ডকুমেন্টারি এভিডেন্স দিয়ে তিনি বুঝিয়েছেন যে এটা কবে থেকে আমরা শুরু করেছি। স্যার, এই হাউসে দাঁড়িয়ে আজকে আমি অত্যন্ত গর্ব বোধ করছি কংগ্রেসের একজন সদস্য হিসাবে যে ও.বি.সি.-দের এডুকেশান্যাল অথবা অ্যাকাডেমিক রাইট দিতে হবে হায়ার স্টাডিজে, এটা যদি প্রথম কেউ উচ্চারণ করে থাকে, সেটা কংগ্রেস পরিষদীয় দল। যখন এরা ক্ষমতায় ছিলেন এবং এরা ক্ষমতায় থাকার পরে বারবার নেপালবাবুর যে তথ্য, সেই তথ্য অনুযায়ী ওরা করবেন বলেছেন। আমরা সহানুভূতিশীল, এ কথা বলেছেন। কিন্তু এরা কিছু করেন নি। আমি আপনাদের কাছে বলছি, ১৮৫ মোশনের একজন সদস্য ছিলাম ২০০৩ সালের ৩১শে মার্চ, যখন আপনার চেয়ারে বসেছিলেন হাসিম আব্দুল হালিম সাহেব। সেই সময় ১৮৫ মোশনে কংগ্রেস পরিষদীয় দলের পক্ষ থেকে যে মোশন দেওয়া হয়েছিল, সে মোশনে ছিল ও.বি.সি-দের হায়ার স্টাডিজে রিজার্ভেশান দিতে হবে। সব থেকে বড় কথা হল সেদিনে মুভার ছিলেন যিনি, সেই মুভারের নাম শ্রী নেপাল মাহাতো। আমরা তাকে সমর্থন করেছিলাম। আমি আপনাদের কাছে বলছি সেদিন প্রত্যেকেই এই বক্তব্যের কোথাও কোন differ করেন নি। দু-একটা ছোটখাটো অ্যামেন্ডমেন্ট এসেছিল। সেই অ্যামেন্ডমেন্টের পরই গোটা বিলটা ধনী ভোটে, ভয়েস ভোটে পাশ হয়ে গিয়েছিল। আমরা ভেবেছিলাম এটা পাশ হয়ে গেছে। পরবর্তী পর্যায়ে স্যার - আমি আপনার কাছে বলছি - আমরা যখন মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে গিয়েছিলাম, উনি বলেছিলেন যে এটা অল পার্টি রেজিলিউশন নিতে হয়। কিন্তু তার পরবর্তী পর্যায়ে আজ হবে, কাল হবে বলে এটা আর হয় নি। শেষ পর্যন্ত এটা নথিভুক্তই হয়েছিল অল পার্টি রেজিলিউশন হয়ে যাওয়ার পর। সেটাকে রেজিলিউশনে আনার জন্য যে বন্দোবস্ত সেটা হয় নি। ব্রাত্যবাবুর প্রদত্ত বিলে পড়লাম, একটা কথা উনি বলেছেন যে আমরা এটাকে Reservation of seats in higher educational institutions for the Scheduled Castes and Scheduled Tribes is based on executive orders.

এখন স্যার, এগজিকিউটিভ অর্ডার ছিল। আপনি বলতে চেয়েছেন স্যার যে, যেটা এগজিকিউটিভ অর্ডার ছিল সেটাকে আমরা প্রপার লেজিসলেশানে আনতে চেষ্টা করছি ইনক্লুডিং

ও.বি.সি। আমি যেটা দেখলাম আপনাদের। আমি আপনাদের কাছে একটি কথা বলবো. যখন প্রপার লেজিসলেশানে আসছে তখন যে কথা ওড়ি বলেছেন, আমি আপনাদের কাছে বলছি - এটা আমার আগেও মাননীয় বক্তা যিনি শ্রীমতী পাঁজা তিনি বলেছেন যে, বিভিন্ন রাজ্যের পরিসংখ্যান দিয়ে জানানো হয়েছে, ওনি বলেছেন, এটাই শেষ রাজ্য সম্ভবতঃ যেখানে ওবিসি-দের এ্যাকাডেমিক রাইটটা দেওয়া হচ্ছে। ঠিক আছে, কিন্তু আমি আপনাকে বলবো এই এ্যাকাডেমি রাইটটা যখন দিচ্ছেন প্রপার লেজিসলেশান যখন করবেন ব্রাত্যবাবু তখন আমি আপনাদেরকে একটা অনুরোধ করবো আপনাকে সমস্ত রকম সমর্থন এবং ধন্যবাদ জানানোর সাঙ্গে সঙ্গে যে, ২০১৪, ২০১৫ যেটা আপনি বলেছেন—We will start it from 2014 and 2015, আমি বলছি আপনাকে ২০১৪, ২০১৫ তে এটা যখন শুরু করতে যাচ্ছেন, যদি ২০১৩ থেকে ২০১৪ তে করেন এবং যেটা বলেছেন, আমরা ছ'বছর সময় দেব তাদের ইনফ্রাস্ট্রাকচার তৈরী করার জন্যে, এই জায়গাটাতে আমার কিন্তু আশঙ্কা থেকে যাচ্ছে। ওদের মত নিশ্চয় আপনারা এতখানি করবেন না। কিন্তু আমার মনে হচ্ছে ছ'বছর সময় দেওয়াটা এটা যদি আপনি বন্ধ করেন তাহলে খুব ভালো হবে। ওনি একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন আজকে। ওনি একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেই এ্যামেন্ডমেন্টটা যদি গ্রহণ করেন তাহলে আমার মনে হয় খুব ভালো হবে। আমি আপনাকে ব্রাত্যবাবু, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানাই যে, ঐ সময়ের কথা বলছি ২০০৬ সালের তখনও আমি বিধায়ক তখন আমাদের এখানে প্রমথ রায় ১৯৯৬-এ ওনি গিয়েছিলেন, ওরা তামিলনাড়ুতে গিয়েছিলেন। তখন আমি এম.এল.এ। তখন ওরা একটা রিপোর্ট পেশ করেছিলেন এসসি, এসটি এবং ওবিসি-দের পক্ষ থেকে যে, তামিলনাড়ুতে একটা দফতরই ছিল, একটা মন্ত্রীরই দফতর ছিল, which is named after OBC welfare. আমি আপনাকে বলবো, এগুলো অনেক আগে, অনেক জায়গায় হয়ে গেছে। আমরা কংগ্রেসের পক্ষ থেকে অনেক আগেই এটা মুভ্ করেছি এবং আমি আজকে আপনাদের সামনে দাঁড়িয়ে এ কথা বলতে গর্ব অনুভব করছি যে, যেটা আমরা শুরু করেছিলাম সেটা আজকে একটা পর্যায়ে এসেছে এবং বর্তমান সরকার সেটা গ্রহণ করেছেন। আমরা আশা রাখি, এ বিলে যে যে প্রস্তাবগুলি এসেছে মাননীয় ব্রাত্যবাবু সেগুলি সম্পর্কে একটু ধ্যান দেবেন এবং সেগুলো যদি গ্রহণ করেন, which will act for the welfare of OBC, এটা আমার মনে হয় ভালো হবে। আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তাপস রায় : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার অনুমতি নিয়ে Bill No. 6, 2013, The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 সমর্থনে যেটা আমাদের উচ্চশিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু এনেছেন তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, বর্তমান সরকার এবং মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী শ্রী ব্রাত্য বসুকে অভিনন্দন জানাই, শুভেচ্ছা জানাই এই ধরণের একটি হিস্টোরিক্যাল এবং অভিনব বিল এই হাউজে আনার জন্যে। অনেকে আলোচনা করলেন, আমি শুনলাম। তবে এই মুহূর্তে আমি লিডার অফ দ্যা অপোজিশানকে দেখতে পাচ্ছি না, হয় তো নিশ্চয় তিনি তার ঘরে বসে আমাদের সকলের বক্তব্য শুনছেন, স্যার, ওরা সিলেক্ট কমিটি চেয়েছে। আমরা নেপাল মাহাতোর বক্তব্য শুনলাম, ২০০১ থেকে ২০১১ স্যার, আমি তার পেছনে আর যাব না, আমি ঐ সদনের এর আগে দশ বছর সদস্য ছিলাম, যারা বিগত বহু বছর ধরে - আমার পরে আনিসুর রহমান বলবেন, বিগত বহু বছর ধরে যারা বাংলার সমস্যাটাকে

সঠিক ভাবে এ্যাড্রেস করতে পারলেন না, সিলেক্ট করতে পারলেন না, তারা এই বিলটাকে সিলেক্ট কমিটিতে নিয়ে যাওয়ার জন্য বলছেন। যারা বাংলার সমস্যাগুলোকে কোল্ডস্টোরেজে ঢুকিয়ে দিলেন, কোল্ডস্টোরেজে পাঠিয়ে দিলেন তারা আবার নতুন করে এই বিলটাকে দু'মাসের জন্য সিলেক্ট কমিটিতে পাঠানো যায় তার কথা বলছেন। এবং তারা বলেছেন যে, নীতিগত ভাবে সমর্থন করেছি, লিডার অফ দ্যা অপোজিশান - রেজ্জাক সাহেব বসে রয়েছেন, তাঁর বক্তৃতা শুনছিলাম আমি, সম্ভবতঃ গভর্নর স্পীচে, তিনি সমর্থন করেছেন, এই বিলের আগেই এই সদনে তিনি যখন বক্তব্য রাখছিলেন। সূর্যকান্ত বাবু বলেছেন, আমরা পারিনি। কেন পারেননি? পারেননি এই জন্যই তাদের সদিচ্ছা ছিল না। পারেননি এই জন্যই এই অনগ্রসর শ্রেণীর মানুষদেরকে তুলে নিয়ে গিয়ে ডাঃ সূর্যকান্ত মিশ্রর পাশাপাশি আর একজনকেও ওবিসি ক্যাটাগরি এ, বি এসি, এসটি-রা আরও এগিয়ে আসুক যারা সেই ধরণের তালিম পায় না, পায়নি, ইনফ্রাসটাকচার নেই, আজও either ইকোনমিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই তারা এগিয়ে আসুক। আগের সরকারের মন্ত্রীরা বা সরকার সেটা চায়নি।

[3.40–3.50 p.m.]

তাই আজকে এই বিল আমাদের সরকারকে আনতে হচ্ছে, ব্রাত্য বসুকে আনতে হচ্ছে। উনি বলেছেন এই বিল আনতে গেলে একটা উইলের দরকার, পলিটিক্যাল উইল। সূর্যকান্তবাবু। তাহলে স্বীকার করলেন উনি, পলিটিক্যাল উইল ওনাদের ছিল না। আর, সেই পলিটিক্যাল উইল ছিলনা বলেই তাঁরা এই ধরণের বিল এই সদনে আনতে পারেননি। 'সিলেক্ট কমিটি'তে পাঠানো যাবে না কমরেড। কমরেড অনেক সময় নষ্ট হয়েছে, অনেক দেরী হয়ে গেছে কমরেড, অনেক পথ হাটতে হবে, অনেক পিছিয়ে পড়েছে, শুধু এই পিছড়ে-বর্গ না, সারা বাংলা পিছিয়ে পড়েছে, তাড়াতাড়ি হাটতে হবে রেজ্জাক সাহেব, তাই আমি অনুরোধ করব মাননীয় স্পীকার সাহেবের মাধ্যমে ব্রাত্য বসুকে এটা সিলেক্টকমিটিতে পাঠানো যাবে না। আমাদের অনেক কাজ বাকি রয়েছে, অনেক কাজ আমাদের করতে হবে।

মাননীয় সদস্য নেপাল মাহাত সমর্থন করেছেন। বলেছেন, ৬ বছরের কথা। নেপাল মাহাত যে সুন্দর ভাবে, chronologically বক্তব্য রেখেছেন তার জন্য আমি তাঁকে শুভেচ্ছা জানাই। পাশাপাশি বলব, ২০০৬ সালে সেন্ট্রাল গর্ভনমেন্ট যেটা তিন তিন করে এনেছিল সেটা কিন্তু এখন ৯। ২০১৫। তাদের সীমিত সংখ্যক কাজের ইনস্টিটিউশন এবং তাদের অর্থের প্রাচুর্য রাজ্যের থেকে অন্তত অনেক বেশী। সুতরাং, IIT, Indian Statistical Institute, IIM এবং সেন্ট্রাল গর্ভনমেন্টের যে'কটা institution রয়েছে সেক্ষেত্রে তারাও তিন তিন করে ৯-এ নিয়ে গেছে। তাই জন্য আমরা এটা ৬-এ টার্গেট করেছি। সেই টার্গেটে অর্থের ব্যাপারে বা আসনের ব্যাপারে আমি পরে যাচ্ছি। আপনি বলেছেন ইনফ্রাস্ট্রাকচার যদি না থাকে ডিস্ট্রিবিউশন হবে? কোন একটা জায়গায় দেখা গেল, আমরা ঠিক করলাম, এইসরকার ঠিক করল, এই ইনস্টিটিউশনে আসন দেওয়া হবে। তাহলে আসন বাড়াতে হবে। ১০০ আসন যেখানে আছে যেখানে আসন বাড়াতে হবে যাতে SC/ST/OBC A B পাওয়ার পর যাতে জেনারেল ক্যাটাগরী affected না হয়। সুতরাং, সেক্ষেত্রে সেই ইনফ্রাস্ট্রাকচার যদি কোন ইনস্টিটিউশনে না থাকে, মনে করুন জমি নেই বা বাড়ী করা যাবে না, আদার অসুবিধা রয়েছে, সেক্ষেত্রে সেই ইনস্টিটিউশনকে টাকা দিলেন সেই

ইনফ্রাস্ট্রাকচার তারা করতে পারবে না। সেক্ষেত্রে কিন্তু এই ভাবনা-চিন্তা করা হয়েছে যে, সেই সংখ্যক আসন জন্য ইনস্টিটিউশনে বন্টন করা হবে। মাননীয় মন্ত্রী নিশ্চয় ডিটেলে যাবেন তাঁর বক্তব্যের সময়ে।

আমি বলব, উচ্চশিক্ষার ক্ষেত্রে যে সমস্ত মানুষ অবদমিত, যারা পিছিয়ে পড়েছে, যারা সহযোগিতা পায়নি, সহায়তা পায়নি, বিশেষ করে - সূর্যবাবু এসেছেন ধন্যবাদ - আপনাদের সময়, আপনাদের আমলে, সেই সময় যারা পায়নি, পিছিয়ে রয়েছে। আপনি চাকরীতে রিজারভেশন রাখছেন। তাহলে বড় চাকরীর ক্ষেত্রে এবং এটা ঘটনা যাদের জন্য রিজারভেশন আমরা করছি তারাও কম মেধাবী নয়, তারাও জেনারেল ক্যাটাগরীতে অনেকে এসেছে, আসছে এবং আসবে। কিন্তু যারা অল্প সংখ্যক নম্বরের জন্য বঞ্চিত হচ্ছে, যারা যেতে পারছে না, যারা সহযোগিতা পায়নি, যারা সাহায্য পায়নি এবং রিজারভেশন সার্ভিসে রয়েছে, সারা পৃথিবীতে পিছিয়ে মানুষের জন্য দুটোই তো বন্দোবস্ত রয়েছে। একটা আমরা সেটা গ্রহণ করেছি। শ্রদ্ধা জানাই সেই মানুষ-টাকে, বি.আর. আম্বেডকর-কে, রিজারভেশনের জন্য। আরেকটা হল, affirmative action. এটাকে আপনি বলবেন না historical affirmative action যেটাকে আমরা গ্রহণ করেছি আজকে এই সদনে? এটা historical affirmative action. আজকে সারা বিশ্বে reservation অথবা affirmative action. আজকে আমেরিকা, মার্কিন যুক্তরাষ্ট্রে কালো মানুষদের জন্য, পিছিয়ে পড়া মানুষদের জন্য, সেখানে reservation করে তারা এগিয়ে যায়নি। সেখানে কালো চামড়ার কালো মানুষদের জন্য তারা affirmative action নিয়েছে। এই affirmative action-র জন্য অন্য কেউ নয়, এই কিছুদিন আগে আমাদের ভারতবর্ষে এসে কন্ডলিজা রাইজ বলে গেছেন 'আমি যদি আমেরিকার বুকে সাহায্য-সহযোগিতা না পেতাম, affirmative action-র সুযোগ না পেতাম তাহলে বিশ্ব-বিদ্যালয়ে পড়াশোনা করতে পারতাম না এবং আজকে যেখানে আমি দাঁড়িয়ে আছি দাঁড়িয়ে থাকতে পারতাম না।' মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, আজকে মন্ত্রীসভার সদস্য ব্রাত্য বসু যে বিল এই পবিত্র সদনে এনেছেন সেই পবিত্র সদনে, সিলেক্ট কমিটির কথা না বলে, টেকনিক্যালিটিস না তুলে, subordinate legislation হবেই, আপনি তো জানেন। রুলস তো হবেই, আপনি তো জানেন। পরবর্তীকালে সমস্তই হবে। আপনি যে কথাগুলো বললেন, সেগুলো সমস্ত বিলের মধ্যে রয়েছে। আশা করি আপনি খুঁটিয়ে পড়া মানুষ, আপনি নিশ্চয়ই খুঁটিয়ে পড়েছেন। দেখুন এখানে University Grants Commission কথা বলা আছে, বার কাউন্সিল অব ইন্ডিয়ার কথা বলা আছে, মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ার কথা বলা আছে, AICTE কথা বলা হয়েছে, NCTE-র কথা বলা হয়েছে, আর কি বলবো। Creamy layer-এর কথা কেউ কেউ বলছিলেন। সেটা তো Backward Classes Welfare Department নির্ধারিত করেছে। 4.5 লাখের উপরে যারা রয়েছেন তারা তো যাবে না। Creamy layer র ক্ষেত্রে আমি সাধুবাদ জানাই, insertion for this particular word ceramy layer. এরা যেতে পারবে না, কেন যাবে এরা? সাড়ে চার লক্ষের উপরে যারা রয়েছেন তারা এই সুযোগসুবিধা পাবে না। সাড়ে চার লক্ষের নীচে যারা রয়েছে তারা এই সুযোগসুবিধা পাবে। Commissioner নিয়োগ হচ্ছে। Commissioner দেখবেন এবং আমাদের যে Welfare Commissioner এবং সোশ্যাল ওয়েলফেয়ার রয়েছে তারা দেখবেন, মন্ত্রী দেখবেন

এবং সেই ডিপার্টমেন্ট দেখবেন। তারা সমস্ত কিছু দেখে এটা বিচার্য করবেন। ২২ শতাংশ রয়েছে সিডিউল কাস্ট: ৬ শতাংশ রয়েছে সিডিউল ট্রাইব এবং ১০ শতাংশ ক্যাটাগরি A ও.বি.সি, ৭ শতাংশ ক্যাটাগরি B রয়েছে তাতে। কিন্তু কখনই আমরা 50 পারসেন্ট লঙ্ঘন করতে পারি না। কোন রাজ্য করতে পারেনি. কেন্দ্র করতে পারেনি, আমাদের পক্ষেও সম্ভব নয়, কন্সটিটিউসানের বার রয়েছে। কিন্তু মেরিট এবং মেধাই শেষ কথা বলে। শিক্ষার ক্ষেত্রে মেরিট এবং মেধাই শেষ কথা বলে। সেক্ষেত্রেও আমরা কোন compromise এ যাচ্ছি না। Lower down করবো না, কোন quality কে বা standard কে। এবং সেকথাও বিলে বলা রয়েছে, সেটাও নিশ্চয়ই আশা করবো মাননীয় সদস্য যারা বক্তব্য রাখলেন বা যারা রাখেননি তারা সকলেই নিশ্চয়ই এটা পড়েছেন বা দেখেছেন। যেখানে বলা হয়েছে "any course or programme at a higher level of specialization, including at the post-doctoral level, যেটা সূর্যবাবু আপনি বলছিলেন, within any branch of study or faculty such as super speciality studies in Medicine or Engineering and Technology or such other subjects or stream as the State Government may, in consultation with the appropriate authority, specify from time to time." এগুলো তো রয়েছে। এগুলো তো বলা রয়েছে। এগুলো সমস্ত কিছুই দেওয়া রয়েছে। এবং রিজারভেশন শিট ইন অ্যাডমিশান টু বিগিন ইমিডিয়েটরি - অবিলম্বে এগুলো করতে হবে। অবিলম্বে এগুলো করার কথা বলা হয়েছে। সুতরাং, আপনারা অপেক্ষা করতে পারেন। আপনারা অপেক্ষা করেছেন ৩৪ বছর। আপনারা অপেক্ষা করেছেন - নেপাল মাহাত chronological বলেছেন ১১ বছর। আর অপেক্ষা করা যায় না এই পিছিয়ে পড়া মানুষদের কথা ভেবে, চিন্তা করে বা পিছিয়ে পড়া বাংলার কথা ভেবে। State Government Commissioner appoint করছেন, এবং সেখানে যেটা বলা হয়েছে Higher Education Institution for student belonging to the Schedule Caste and Schedule Tribe and Other Backward Classes. সেখানে বলা হচ্ছে যে Schedule Caste and Schedule Tribe এগুলো এতদিন ছিল executive order-এ। এবং সেটা legislation এনে আইন করে SC,ST,OBC(A & B) categories করা হচ্ছে, এটা অত্যন্ত আনন্দের কথা। টেবিল চাপড়ে আপনাদের মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী ব্রাত্য বসুকে অভিনন্দিত করার কথা। কিন্তু প্রশ্ন হল যে অর্থের প্রয়োজন রয়েছে সেইজন্য ৬ বছর আমরা ভেবেছি। তার কারণ হচ্ছে capital cost-এ 445.74 crore প্রথম বছর, রেকারিং হবে 6.23 সেটা পরপর ৬ বছর, এবং টোটাল যে প্রথম বছরে খরচ সেটা প্রায় 1070 কোটি টাকা। এটা আপনাদের মাথায় রাখতে হবে। যুগ যুগ ধরে যারা অবদমিত ছিলেন, যুগ যুগের যে অবহেলা, সেই সমস্ত অবহেলার কথা ভেবেই আমরা তাদেরকে যোগ্য করে তোলার জন্যই আজকে আমাদের এই বিল সদনে এসেছে। আপনারা জানেন রবীন্দ্রনাথ ঠাকুরের কথা, সেই কথায় আমি বলতে চাই "যারে তুমি নীচে ফেল, সে তোমায় বাধিছে নীচে, পশ্চাতে ফেলিছ যারে সে তোমারে পশ্চাতে বাধিছে"। আপনাদের যে অবস্থা হয়েছে আজকে। এটা তো আপনাদের করার কথা ছিল। আপনারা অবদমিত, অবহেলা, পিছিয়ে পড়া, এসমস্ত মানুষদের কথা শুধুই বলে এসেছেন, বলে আসছেন এবং বলে যাবেন। না তাদের জন্য কিছু করেছেন, না করবেন এবং

আপনারা প্রক্কান্তরে এই সমস্ত মানুষদের উন্নয়নে বিরুদ্ধাচরণ করেছেন, করাছেন এবং আগামী দিনেও করবেন। আজকে তাই আমি মনে করি, এই যে historical affirmative action, এই অ্যাকশান আগামী দিনে সত্ত্বর এটা আইনে পরিণত হয়ে sub-ordinate legislation হয়ে রুলস হয়ে যত তাড়াতাড়ি 2014 পরে যে শিক্ষা বর্ষ শুরু হচ্ছে, সেই শিক্ষা বর্ষে আমরা তার সুফল পাব। সুফল শুধু পাব তাই নয় আমাদের দেশের বাংলায় যে এস.সি., এস.টি.ও.বি.সি, আদিবাসী সম্প্রদায়ের মানুষ এবং ও.বি.সি. ক্যাটাগরি -এ, বি মানুষ আগামীদিনে তারা শুধুই এগিয়ে যাবে না, আগামীদিনে এই সমস্ত মানুষরা এই সমস্ত সুযোগ পেয়ে অবহেলিত, অবদমিত মানুষরা আগামীদিনে তারা বাংলার সর্বক্ষেত্রে নেতৃত্বে আসবে, ভারতবর্ষের সর্বক্ষেত্রে নেতৃত্বে আসবে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3.50–4.00 p.m.]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে বিলটা এখানে আনা হয়েছে সেই বিলের একটা অংশ সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইবদের রিজরিভেশান ফর হায়ার এডুকেশান যেটা অনেক আগে আমাদের রাজ্যে চালু হয়ে আছে, লেখাই আছে কিন্তু আইন করা হয়েছিল না একটা অ্যাডমিনিস্ট্রেটেভ অর্ডারে সেটা চালু হয়ে আছে অনেক আগে থেকেই। যদি না জেনে থাকেন জেনে নেবেন। আজকে যেটা যুক্ত হয়েছে তার সঙ্গে ও.বি.সি. যুক্ত হচ্ছে। আমরা সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা বলেছি এই কারণেই যে নতুন কোন বিল আসলেই সিলেক্ট কমিটিতে পাঠাবার কনভেনশান আমাদের আছে। দ্বিতীয় হচ্ছে, এমন কতকগুলি বিষয় আছে যেটা এখানে স্পষ্ট এবং পরিষ্কার নয়। যেটা করলে ভাল হতে পারে এই জন্য পাঠানোর কথা বলা আছে। তিন নম্বর প্রশ্ন, আমার তাপসবাবুর কাছে। তাপসবাবু যে দলে আগে ছিলেন স্বাধীনতা আন্দোলনে তারা নাকি নেতৃত্বে করেছিলেন। স্বাধীনতার পর যখন আমাদের সংবিধান হয়, যে দল এই নেতৃত্ব করেছিল সেই দলের নাম কংগ্রেস পার্টি, আপনি সেখানে ছিলেন। আপনাকে আমি জিজ্ঞাসা করি, এত দরদ দেখাচ্ছেন সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব রিজারভেশান হয়েছে কবে সংবিধানের? তখন ও.বি.সি.-দের কথা মনে ছিল না। তখন মুসলমানদের উপর দরদ ছিল না? পিছিয়ে পড়া মানুষদের প্রতি দরদ ছিল না? কবে ছিল? ও.বি.সি.-দের প্রতি কবে ছিল?...... (গোলমাল) ......কবে ছিল বলুন? আমরা পশ্চিমবাংলায় জানি না তো। এত দীর্ঘ সময়ে, আজকে আমাদের দেশ স্বাধীন হয়েছে ৬৫ বছর আগে। এই ৬৫ বছরের মধ্যে প্রায় ৫৫ বছর আমার দেশের ক্ষমতায় ছিল কংগ্রেস দল। আমরা কোন দিন শুনি নি যে মুসলিম, মাইনোরিটি, ও.বি.সি.-দের জন্য রিজারভেশানের কথা? কোন দিন আলোচনা করেছে? করে নি। এবং এটা আলোচনায় আসলো কখন? এটাতে আমি কারোর দোষ দিতে চাই না। সবারই একটা দরদ আছে। সবাই চায় এদের খুশি করতে ভোটের জন্য এবং সেই খুশি করার জন্য আজকে যে বিষয়টা আপনারা ভালো করে জানেন যে কেন্দ্র সরকার সাচার কমিটি করেছিল পিছিয়ে পড়া মাইনোরিটি কি অবস্থায় আছে। তারপর Ranganathan Mishra Commission হয়। এবার আমরা পশ্চিমবাংলায় যা করতে গিয়েছিলাম তা করতে পারি নি কারণ সংবিধানে লেখা আছে ধর্মের নামে রিজারভেশান হবে না। আমরা চাইলেও করতে পারি নি এটা সবারই জানা কথা। কিন্তু পরবর্তীকালে এই ঘটনা ঘটে যাওয়ার পরেই যখন এই

সুযোগ তৈরি হল যে ব্যাকওয়ার্ডের নামে রিজারভেশান করা যাবে তখন আমরা কাজ শুরু করেছি। আজকে আমাদের যারা ব্যাকওয়ার্ড হয়ে আছেন তাদের রিজারভেশানের আইন আগেই করা হয়েছে। তাদের শিক্ষার জন্য করা হয়েছে আপনারা ভাল করে জানেন। আমরা তাকিয়ে ছিলাম হায়ার এডুকেশানে আমরা কি করবো? অনেকগুলো প্রশ্ন এসেছিল। ঐ মন্ডল কমিশনের পরে সারা ভারতবর্ষে কি হয়েছিল সবাই জানে। আমরা তাকিয়ে ছিলাম একটু জেনে, বুঝে ভাল করে নিয়ে এদের রিজারভেশানের ব্যবস্থা করবো। সেইমত আমরা করার চেষ্টা করেছি। এখন কতগুলি প্রশ্ন আসছে, আমরা যেটা বলতে চাই তার প্রথম হচ্ছে, কি কি প্রতিষ্ঠানে এই সুযোগগুলি পাবে যে ছেলেরা আছে ও.বি.সি. বলুন বা এস.সি., এস.টি বলুন - কোন কোন প্রতিষ্ঠানে সুযোগগুলো পাবে? সেখানে কি বলা আছে? তাপসবাবু যা বললেন সেটা তো উল্টো কথা। আমি যা দেখলাম এখানে লেখা আছে, তাপসবাবু তার উল্টো কথা বললেন। এখানে বলা আছে The provision of section 3 of this Act shall not apply. কোথায় কোথায় অ্যাপ্লায় হবে না, সেগুলো বলা আছে। আর তাপসবাবু বললেন সেই সুযোগগুলি না কি আছে। কি বুঝলেন আমি জানি না। এখানে বলা আছে সুযোগগুলো পাবে না। এখানে বলা আছে the students belonging to creamy layer এই সুযোগ পাবে না, এতে বলা আছে any institution excellence research ইত্যাদি তারা পাবে না। এই সুযোগ পাবে না, আর আপনি বললেন এগুলো করা আছে। এক্ষুনি বললেন, একটু আগে। অদ্ভুত, আমি তো অবাক হয়ে গেলাম। তারপরে দেখুন, একটা মজার ব্যাপার হয়ে আছে যেটা বড় প্রশ্ন হচ্ছে কোন কোন প্রতিষ্ঠানে এই সুযোগগুলি পাবে? আমার বক্তব্য হচ্ছে যে আজকে প্রাইভেট স্কুল, কলেজ থেকে আরম্ভ করে ইউনিভার্সিটি - অনেক প্রাইভেট প্রতিষ্ঠান হচ্ছে সেখানে এদের ভূমিকাটা কি হবে। সেইখানে এই সুযোগ তারা পাবে কি না এবং আগামীদিনে আরো বেশি হবে।

ওইজন্য আমি একটা সংশোধনী এনেছি, প্রস্তাব এনেছি যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান, হায়ার এডুকেশানের সমস্ত ইনস্টিটিউট যেখানে গোটা পশ্চিমবাংলার মধ্যে চলে, যেখানে গভর্নমেন্টের অনুমোদন আছে, যেখানে স্টেট গভর্নমেন্ট, সেন্ট্রাল গভর্নমেন্টের বিভিন্ন প্রতিষ্ঠান অনুমোদন আছে, সব জায়গায় এই সুযোগটা পাওয়া উচিত। এই কারণে যেটা আমি এনেছি। আমি বিশ্বাস করি যারা সত্যিকারের চান যে পিছিয়ে পড়া মানুষের ভাল হোক, তারা নিশ্চয় সমর্থন করবেন। দ্বিতীয় একটা বিষয় হচ্ছে যে কবে থেকে কি চালু হবে, যদি সত্যি দরদ থাকে তাহলে এই এতকাল - ৬ বছর পরে হবে, ৫ বছর পরে হবে, সাত বছর পরে ভাবনা - কেন দরকার? যদি ইচ্ছে থাকে, আমরা পারিনি, যেটুকু পেরেছি সেটুকু করেছি আমরা। আমি বলছি যদি আন্তরিকতা থাকে তাহলে এখনই হবে না কেন? এমন হতে পারে যে আমি ডাক্তারিটা এখন সবটা পারলাম না। কিন্তু আমি একটা ভাল পোস্ট গ্র্যাজুয়েট, যারা ইংলিশে অনার্স করবে বা অন্য যে সুযোগ আছে, এখানের পরিকাঠামো কেন চালু করব না? যেমন যেখানে সুযোগ আছে আমি এক্ষুনি চালু করব। আর যেখানে সুযোগ না আছে সেখানে আস্তে আস্তে ফেজে, ফেজে করব। কিন্তু যদি আন্তরিকতা থাকে তাহলে এই সমস্যা হওয়ার কথা নয়। কিন্তু এমন ভাবের দায়সারা আমরা বলছি যার মানে হয় না। কেন বলছি? এই যে ৫% রিজারভেশানের কথা উঠল, আমরা করেছিলাম ওবিসির রিজারভেশান ফর পঞ্চায়েত। পঞ্চায়েতে-ভুলে গেছেন ২০১০ সালে দেখুন। (গোলমাল)

মিঃ স্পীকার : ক্রস আর্গুমেন্ট করবেন না। আপনি আপনার বক্তব্য বলুন।

শ্রী আনিসুর রহমান : এখানে পাশ হয়েছে, রাজ্যপালের সই হয়েছে। এখন এইটা হচ্ছে যে আমরা করেছিলাম যে ওবিসিরা যে পরিমাণে বাস করে, যে পারসেন্টেজ, সেইমতো রিজারভেশান হবে। এবার আপনারা করলেন কি? আমাদের সব হয়ে গেল, আপনারা একটা বিল এনে বলে দিলেন, না ৫০% পার হবে না। বললেন - কি বললেন? তামিলনাড়ুর একটা কোর্টের রায় দেখিয়ে বললেন। সংবিধানে কোথাও লেখা নাই। সংবিধানে স্পষ্টভাবে লেখা আছে যে সংখ্যার অনুপাতে হবে। সংবিধানে লেখা আছে পঞ্চায়েত সেক্টরে। সেটা আপনারা করলেন। করে আবার করলেন কি - যদি রিজার্ভেশান হয় তো ৫০% তো হবেই না, সবারই যোগ করার পর যদি ফিফটির মতো কিছু থাকে তাহলে ওবিসি পাবে, নাহলে পাবে না। যদি সবগুলো যোগ করে ফিফটি হয়ে যায় তাহলে ওবিসি একটাও পাবেনা। এত দরদ! এই দরদ দেখানোর মানে কি হয়? আমার মনে আছে সুব্রতবাবু যখন মেয়র হন তখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিরোধী দলনেত্রী ছিলেন, বিরোধী পক্ষে ছিলেন। তিনি বলেছিলেন যে কর্পোরেশানে আমি রিজারভেশান চালু করব। সবাই বলেছিল যে কি করে চালু করবেন? এতো আইনে হয় না। বলে আমি করব। কিন্তু সেটা যে হয়নি সেটা ভাল করেই আপনারা জানেন। ওইজন্য আমি বলছি যে একই সমস্যা হয়ে আছে, আপনার এখানে লেখা আছে ক্যাটাগরি এ এবং ক্যাটাগরি বি। এটাও হচ্ছে ফাঁকিবাজির একটা বড় সমস্যা। হয়ে আছে এই কারণে - এই কনসেপ্টটা কি? এই যে কদিন আগে আমাদের বিধানসভায় একটা রিপোর্ট এল যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, তার মাধ্যমে গত একবছরে চাকরি হয়েছে এক হাজার আটশো কত। কোন সময়? যখন আমাদের রিজারভেশান হয়ে আছে। কত রিজারভেশান? ১০% ফর ওবিসি। ১০% ফর ওবিসি। আর রিজারভেশানের নিয়ম হচ্ছে আগে ইন জেনারেল সবার সঙ্গে কমপিটিশানে যারা পাওয়ার তার পাবে। ধরুন ওবিসির মধ্যে, একশোটা পোস্টের মধ্যে পাঁচজন নর্মালি পেয়ে গেল। তাহলে এই পাঁচজন পাবে প্লাস আরও দশজন পাবে, মোট পনেরো জন পাবে। এটা তো নিয়ম। আর আমরা কি দেখছি? ১৯০০ এর মধ্যে পেল ১০০ জন। মানে কত হয়? লেস দ্যান ৬%। হওয়ার কথা ১২%। দশটা এমনি হতো, আর এমনি হতো আরও কিছু। বারো হত, সেখানে হয়ে গেল মাত্র ৬%। তাহলে আইন করার পরেও কমে গেল কেন? নাতো, এইখানে একটা পথ খুলে দিয়েছেন খারাপ। উপেনবাবু আছেন, আমি বিনীতভাবে বলব, আপনি ভাল করে ভাবুন যে কেন করা হয়েছে? আজকে সিডিউল্ড কাস্টের তো এ ক্যাটাগরি, বি ক্যাটাগরি নাই। সিডিউল্ড ট্রাইবেরও তো এ ক্যাটাগরি, বি ক্যাটাগরি নাই। তাহলে ওবিসির এ ক্যাটাগরি, বি ক্যাটাগরি হল কেন? এই ব্যাকগ্রাউন্ডটা আমরা যদি না বুঝি, তাকে মূল্য না দিই তাহলে আগামী দিনে আবার কিন্তু হিসেব আমাদের করতে হবে। কি ব্যাকগ্রাউন্ড? আমরা দেখলাম যে, আমরা বললাম যে যারা সংখ্যালঘু বিশেষ করে মুসলিম, সারা দেশে পিছিয়ে আছে। আমাদের পশ্চিমবাংলাতেও পিছিয়ে আছে। এদেরকে আনতে হবে। কিন্তু ধর্মের নামে আনা যাবে না। তাহলে কি করতে হবে? যখন রঙ্গনাথ মিশ্র কমিশনের যে সুপারিশ, সেখান থেকে আমরা হঠাৎ করে ঠিক করলাম যে আমরা পিছিয়ে পড়া মুসলিমদেরকে ওবিসির একটা আলাদা ক্যাটাগরি করব। তাদের জন্য দশভাগ। ওবিসি ক্যাটাগরি এ ফর মাইনরিটিজ এবং সে টেন পারসেন্ট। আর নন মাইনররিটিজ যারা, আদার দ্যান মুসলিম এ্যান্ড আদার যারা আছে, তাদের হচ্ছে সেভেন পারসেন্ট। এই দুটি ক্যাটাগরি করে দেওয়া হল এবং ওই যে কমিশন করা হয়েছে, সেই কমিশনের রিপোর্ট আসার পরেই গভর্নমেন্ট ঠিক করবে

মুসলিমদের এ ক্যাটাগরি, নন মুসলিম যারা, তাদের বি ক্যাটাগরি। এটা করা হয়েছিল। এবার উপেনবাবু এস.সি তে করলেন - ১০৮টি কমিউনিটিকে যুক্ত করা হয়েছিল আমাদের সময় ফর ওবিসি। তার মধ্যে ৫৬ হচ্ছে এ ক্যাটাগরি, ৫২ হচ্ছে বি ক্যাটাগরি। আর এই ৫৬ মধ্যে সবই ছিল প্রায় মুসলিম। এবার কি হল? ৩৬টি যুক্ত হল। এই ৩৬টি যুক্ত হল, এর মধ্যে ২৬টি হচ্ছে মুসলিম। যাদের যাওয়ার কথা এ গ্রুপে, তাদেরকে পাঠিয়ে দেওয়া হল বি গ্রুপে।

[4.00–4.10 p.m.]

মানে দাড়াল কি? মানে দাড়াল যে, A-গ্রুপে মুসলমান আছে আবার নন-মুসলমানরাও আছে। B-গ্রুপে মুসলমান আছে আবার নন-মুসলমান আছে। এরফল হচ্ছে যেটা, আজকে হয়েছে ৬%, আগামী দিনে জিরো পার্সেন হতে পারে। মুখে দরদ দেখিয়ে আমরা আইন করব বাস্তবে দেখা যাবে তারা কিছুই পাবে না, এটা হতে বাধ্য। আমি এটা বলে রাখছি একদিন আপনাদের হিসাব করতে হবে, রিভিউ করতে হবে যে কি হল। যেমন SC/ST রিভিউ করতে হচ্ছে এখানেও রিভিউ করতে হচ্ছে। আমি এইজন্য অনুরোধ জানাব এটা ভাল করে দেখে নিন এবং আমি যে সংশোধনী এনেছি যে, "A" category is exclusively for the monority and "B" category is for the non-minority এই যদি ভাগ না করেন তাহলে যাদের ব্যাপারে আমরা দরদ দেখিয়ে বলছি, যাদের ভোটের জন্য আমরা কত কি করে বেড়াচ্ছি কেউ মুসলমান সাজছি, কেউ নামাজ পড়তে যাচ্ছি, মোনাজাত করতে যাচ্ছি কত কি আমরা করছি আমরা ভোটের জন্য, এর কোনটাই সার্থক হবে না। আমাদের একদিন শুনতে হবে যে আমরা ফাঁকিবাজি করেছি, আমরা জালিয়াতি করেছি এটা প্রমাণিত হবে। আমার বিনিত অনুরোধ হচ্ছে যে আমি এই ব্যাপারে যে সংশোধনী এনেছি সেটা আপনারা নিশ্চয়ই মেনে নেবেন বলে আমি মনে করি। ঠিক একই ভাবে একটা কথা আমরা বরাবর বলি শুধু ভাল তত্ত্ব হলেই ভাল ফল পাওয়া যায় না। ওই যে আমাদের চাষিরা যে চাষ করে ভাল বীজ হলেই ভাল ফসল হয় না। বীজ যেমন ভাল দরকার তেমনি ভাল চাষি দরকার। ভাল চাষি না হলে ভাল ফসল হবে না। ঠিক তেমনই ভাবে আমরা যত ভাল আইনই করি না কেন, আইন করলেই ফল পাওয়া যাবে না। ওই আইন করা হয়েছিল তো অনেক আগেই। ভূমিসংস্কার আইন করা হয়েছিল কিন্তু ভূমি সংস্কার হয়নি। পঞ্চায়েত আইন করা হয়েছিল পঞ্চায়েতে কাজ দেয়নি। এইজন্য যারা কৃষক, যারা আমরা লিডার তাদের উইলটা আমাদের সবচেয়ে বড় দরকার। সেই উইলটা না থাকলে হবে না। আজকে সত্যিকারের এই যে আমরা দেখতে পাচ্ছি SC/ST-তে আমরা উপেনবাবু গিয়ে বারবার বলেছিলাম আপনারা কত রকমের বুদ্ধি বের করে, চালাকি করে SC/ST-কে বাদ দিচ্ছেন। আমরাইতো বারবার বলেছি, কত রকমের চালাকি করছেন। যখনই SC রিজার্ভ হয়ে গেল, তিনটে রিজার্ভ মানে তিনটেই পাবে আর পাবে না। ওরা যে জেনারেল ক্যাটাগরির মধ্যে একটা সুযোগ পাবে সেই সুযোগ দেয় না। আর কি করে এদেরকে বাদ দেওয়া যায় তার সব চক্রান্ত করে যায়। এরফলে এত বছর পরেও SC/ST যে সুযোগ তাদের পাওয়ার কথা সেটা তারা পায়নি। সেইজন্য আমি আবেদন জানাব যে, শুধু আইন করলেই হবে না একে যাতে ঠিকমত রূপায়িত করা যায়, ঠিক মতন কার্যকরী করা যায় সেই ব্যবস্থা আমাদের করতে হবে। আর শেষে আমি একটা আবেদন জানাব যে, এই বিলটা এসেছে এটা নিঃসন্দেহে আজকে আমরা যা চাইছিলাম সেই চাওয়ার ক্ষেত্রে একটাসুবিধা হবে। কিন্তু এত অস্পষ্ট হয়ে আছে

সমস্ত ক্ষেত্রে, কোথায় কোথায় ঠিক করতে পারব - কিছুই বলা নেই। অনেক কিছু বিষয় আছে যেগুলি পরিষ্কার করে বলা নেই। এগুলি পরিষ্কার না করলে এমন জটিলতা হবে যে আমরা কাম্যফল পাব না। আমার এইজন্য বিণীত আবেদন আবারও এই ক'দিনের জন্য (এই সময় মাইক অফ হয়ে যায়)।

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে এই The West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 এটা আজকে আমরা বিধানসভায় পেশ করেছি। এটা নিয়ে দুই ঘন্টা ব্যাপী আলোচনা চলছে। আমি ধন্যবাদ জানাচ্ছি সকলকে। প্রথম বক্তা মাননীয় বিরোধী দল নেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র বলেছেন এই বিল প্রসঙ্গে - তারা এটা করতে পারেন নি। মাননীয় বিধায়ক নেপাল মাহাত বলেছেন যে একটা ইতিহাস আনুপূর্বিক তুলে ধরেছেন। ২০০১ থেকে ২০১১ পর্যন্ত ১০ বছর উনি বলছেন যে, ইতিহাসটা তারও আগে থেকে শুরু হয়েছিল। বারবার এই বিল এবং সংরক্ষণ তারা সরকারের কাছে দাবি জানিয়েছিলেন কিন্তু সরকার সে বিষয়ে কিছু করেন নি। সেই ইতিহাস প্রায় সাল ধরে ধরে তুলে ধরেছেন। কবে কবে কি ভাবে এই নিয়ে চেষ্টা হয়েছিল। তাকে ধন্যবাদ জানাই। এই ইতিহাসের সঙ্গে সঙ্গে যে ইতিহাস শ্রী নেপাল মাহাত তুলেছেন তারসঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই যে Sachar Committee কথা যেমন আনিসুর রহমান বললেন, আমরা জানি যে ২০০৫ সালে সাচার কমিটি ৭ জন সদস্য নিয়ে গঠিত হয়েছিল এবং ২০০৬ সালে তারা সুপারিশ করেছিল। ওই সুপারিশের সঙ্গে সঙ্গে তারা কিছু পর্যবেক্ষণ তথা অবজারভেশান তারা জানিয়েছিল শিক্ষা থেকে শুরু করে অন্যান্য যে সমস্ত অবস্থা, অর্থনৈতিক অবস্থা, স্বাস্থ্য সব জায়গাতেই। সেখানে এডুকেশন-এর ব্যাপারে পশ্চিমবঙ্গ নিয়ে ১২ নম্বর অবজারভেশনটি একটু মনে করতে আপনাদের অনুরোধ করি। হয়তো অনেকে জানেন আপনারা। আমার থেকে অনেক বিদগ্ধ লোকেরা এখানে আছেন। সেখানে বলেছে যে পশ্চিমবঙ্গে স্নাতক স্তরে প্রতি ২৫ জনের মধ্যে এক জন মাইনরিটি অর্থাৎ গ্র্যাজুয়েট লেভেলে ২৫ জনে এক জন, এবং স্নাতকোত্তর স্তরে, পোস্ট গ্র্যাজুয়েটে প্রতি ৫০ জনে একজন মাইনরিটি। সেই সময় তারা সুপারিশ করছেন ওই অবজারভেশনের ভিত্তিতে, পর্যবেক্ষণের ভিত্তিতে, শিক্ষার ক্ষেত্রে অবিলম্বে এই সংরক্ষণ চালু করা হোক। অর্থাৎ ২০০১, ২০০৫, ২০০৬ তারপরে ২০০৭, ২০০৮, ২০০৯, ২০০১০, ২০১১ চলে গেছে অনেক বছর। তারপরেও আনিসুর রহমান বলছেন, মাননীয় বিরোধী দলনেতা সূর্য্যকান্ত বাবুও বলেছেন যে এটা সিলেক্ট কমিটিতে পাঠানো হোক বিষদে আলোচনার জন্য। মাননীয় বিধায়ক তাপস রায় অবশ্য বলেছেন সিলেক্ট কমিটিতে পাঠানোর কোন দরকার নেই, এই মুহূর্তে এটা লাগু করা হোক। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই যে তিনি আমাদের দপ্তরের সঙ্গে নিয়মিত এটা নিয়ে কো-অর্ডিনেট করেছেন এবং আমাদের কাজটা এক বছর ধরে করছি। এক বছর আগেই মাননীয় বিরোধী দলনেতা জিজ্ঞেস করেছিলেন একটা প্রশ্নে যে, উচ্চশিক্ষায় সংরক্ষণ কবে চালু হবে। এক বছর ধরে আমরা আটঘাট বেঁধেই কাজ করেছি। আমার মনে হয় যে এটা সিলেক্ট কমিটিতে পাঠানোর সত্যিই দরকার নেই। বরং কত তাড়াতাড়ি আমরা এই কাজটা শুরু করে দিতে পারি, কেননা অনেক প্রতারণা হয়েছে। নেপালবাবুর কথা কোট করে বলতে পারি, ধার করে, অনেক বিশ্বাসঘাতকতা হয়েছে। যনাব আনিসুর রহমান সাহেব এর পিছনে ভোটের কথা তুলেছেন, ভোট ব্যবস্থার কথা তুলেছেন। আমি জানিনা। হয়তো ভোট টোট এর মধ্যে আছে। কিন্তু আমার মনে হয় যে যেটা পলিটিক্যাল

উইল, পলিটিক্যাল উইলের কথা ডাঃ) মিশ্র বার বার বলছিলেন। আমাদের শুধু পলিটিক্যাল না, এটা একটা সোসাল উইলও বটে। সেই সামাজিক স্বদিচ্ছা এটার মধ্যে দিয়ে প্রতিফলিত হচ্ছে। যদি কোন ভুলচুক হয় সেটা সুধরে নেওয়া যাবে। কাজ করতে গেলে ভুল হবে। কিন্তু কাজই করলাম না কোন ভুল হওয়ার প্রশ্ন নেই। কাজ করলেই ভুল হয় এবং সেই ভুল শুধরেও নেওয়া যায়। এটাই আমর মনে হয় যে আমাদের এগোতে হবে। সেই সূত্রে আরো কিছু প্রশ্ন যেমন আনিসুর রহমানের মনে হয়েছে যে ঝাপসা আছে, পরিষ্কার নেই, ডাঃ মিশ্র ক্যাটাগরিক্যালি সেই প্রশ্নগুলো তুলেছিলেন। উনি বলেছিলেন যে অন্যান্য দপ্তরের অধীন যে বিশ্ববিদ্যালয়গুলো আছে যেমন ল ইউনিভার্সিটি বা কৃষি বিশ্ববিদ্যালয় ইত্যাদি ইত্যাদি গুলোর ক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হবে? আমরা উত্তরে জানাচ্ছি, এই বিলেই আছে যে অন্যান্য সমস্ত দপ্তরের অধীনে রাজ্যসরকারি সাহায্যপ্রাপ্ত সমস্ত বিশ্ববিদ্যালয়গুলোর ক্ষেত্রে এই বিল প্রযোজ্য হবে। এটা কিন্তু এই বিলে 2F ধারায় পরিষ্কার করে বলে দেওয়া আছে। আর যে প্রশ্নটা উনি বলছিলেন যে মেডিক্যাল শিক্ষা বা টেকনিক্যাল শিক্ষা বা আইন শিক্ষার ক্ষেত্রে অতিরিক্ত আসন সৃষ্টি অ্যাপ্রোপিয়েট অথরিটির অ্যাপ্রুভাল নিয়ে করা হচ্ছে কি না। আমরা বলছি এটা করা হচ্ছে এবং এটাও ওই আইনের 5/1 ধারায় বলে দেওয়া আছে। অ্যাপ্রোপিয়েট অথরিটির সংজ্ঞা কি, সেটাও এই আইনে 2C ধারায় বলে দেওয়া আছে। উনি যুগ্ম তালিকার কথা তুলেছেন এবং সেই প্রসঙ্গে কেন্দ্রের দিকে পাল্লাটা ভারি রেখেছেন। কেন্দ্র কি দেবে? অর্থাৎ এক দিকে কেন্দ্রের কাছে কেন্দ্রের বঞ্চনার কথা বলব, বৈষম্যের কথা বলব, আর আলোচনা ক্ষেত্রে - যুগ্ম তালিকা, কনফারেন্স লিস্ট মাথায় রাখতে হবে এবং আমার মনে হয় যে-কোনো যুগ্ম তালিকার ক্ষেত্রে বিষয়টা পঞ্চাশ পঞ্চাশ রাখাই ভালো। সেক্ষেত্রে আমরা যেখানে পরিষ্কার করে বলছি আইনে যে এই অ্যাপ্রোপিয়েট অথরিটি, তার সঙ্গে কথা বলেই আমরা এটা করছি। তখন এটা মাথায় রাখতে হবে যেটা আইনে আমরা স্পষ্টও করেছি যে আমরা আগাম এটা বলে নিয়েই করেছি। সেখানে আমাদের উপর ভরসা রাখতে হবে। creamy-layer এর ডেফিনেশন উনি জানতে চেয়েছেন। পরবর্তীক্ষেত্রে আনিসুর রহমানও বলেছেন।

[4.10–4.20 p.m.]

এটাও কিন্তু এই আইনের অধীনে রুল তৈরী করেই করা হবে। রুল। উনি রুলের কথা বলেছেন, উনি অবশ্য আমার এই বিলের কথায় বলেননি, উনি বলেছেন যে, অন্যান্য অনেক এ্যাক্ট নাকি পাশ হয়েছে, সেখানে নাকি রুলের উল্লেখ নেই, আমাদের এই আইনের ক্ষেত্রে বলেননি। আমাদের এখানে রুলের প্রভিসন আছে, এই আইনের অধীনে রুল তৈরী করেই Creamy-layer এর সংজ্ঞা যে করা হবে সেটাও এই আইনের 2(J)তে বলা আছে। করা হবে BCW Dept., backward clall welfare department এর লিস্ট অনুযায়ী। এর প্রত্যেকটাই কিন্তু এখানে বলা হয়েছে। নেপাল মাহাতো বলেছিলেন, হায়ার এডুকেশনাল ইনিস্টিটিউট থেকে যদি কোন পরিকাঠামোগত কারণে অতিরিক্ত আসন সৃষ্টি করা সম্ভব না হয় তাহলে কি হবে? সেটা কিন্তু আমাদের এই ৫(১) ধারায় বলা আছে যে, রাজ্য সরকার সেক্ষেত্রে ওই শিক্ষা প্রতিষ্ঠানের জন্য অতিরিক্ত আসন, কাছাকাছি যে শিক্ষা প্রতিষ্ঠানগুলো আছে, তাতে সেইসময় বন্টন করে দেবে যাতে মোটের উপর সংরক্ষণ কোটাটা বজায় থাকে। কোনরকম কোন কন্ট্রাডিকশন এতে নেই। দ্বিতীয়তঃ

নেপাল মাহাতো যেটা বললেন, পরবর্তীক্ষেত্রে অসিত বাবুও বললেন যে, কেন্দ্রীয় সরকারের ক্ষেত্রে ২০০৬এ ৩ বছরের জন্য এই লক্ষ্যমাত্রা ধার্য করেছিল। আনিসুর রহমান সাহেব বললেন, ৬ বছর কেন করছেন? আপনারা দেখুন যে, কেন্দ্রীয় সরকারের অধীনে যে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, সেটা কিন্তু আমাদের থেকে অনেক কম। আপনারা জানেন যে, এই শিক্ষা প্রতিষ্ঠানগুলোর রিসোর্স বলুন, অন্যান্য সুযোগ সুবিধা বলুন, টাকা পয়সা বলুন, অর্থনীতি বলুন, আমাদের থেকে অনেক বেশী। ২০০৬ সালে তারা বলল, ৩ বছরের জন্য আমরা করব। ২০০৯ তে এসে তারা বলল যে, না, কমপ্লিট হচ্ছে না, ৬ বছরের জন্য করতে হবে। তারপর, এই গত বছর ওরা বলেছে, না, ৬ বছরেও কমপ্লিট হচ্ছে না, ৯ বছরের জন্য করতে হবে। অর্থাৎ, এই সংরক্ষণ প্রসেসটা এতটাই ধারাবাহিক, এতটাই নিরবচ্ছিন্ন যে, কেন্দ্রীয় সরকার নিজে বলছেন ৩ বছর সময়সীমা নেব, তারপর বলছেন ৩ বছর যথেষ্ট নয়, ৬ বছর নিতে হবে, তারপর বলছেন ৬ বছরও যথেষ্ট নয়, ৯ বছর নিতে হবে। এটা কেন্দ্রীয় সরকার বলছে। আমরা বলছি, এই সমস্ত কিছু পর্যালোচনা করে, খতিয়ে দেখে, টাকা পয়সার সংস্থান করে - ঠিকই বলেছেন ডঃ মিশ্র, হ্যাঁ টাকা পয়সা লাগবে - টাকা পয়সা তো লাগবেই, আমরা ওই বিলে উল্লেখ করেছি, সেটা আপনারাও বলেছেন বারবার করে যে, টাকা পয়সার সংস্থান কি হবে, কত টাকা লাগবে, যেমন মূলধনি ব্যয়, আমরা বলেছি এ বছর হাজার কোটি টাকা লাগবে। ধাপে ধাপে পরের ৫ বছরে আমাদের ৬০০ কোটি টাকা করে লাগবে। তাহলে এটা করতে গেলে একটু সময় লাগে, কেন্দ্রীয় সরকারই বলছেন, এবং সেটা আমরা ইমপ্লিমেন্ট করছি আর সেই সময়টার জন্যই ১৩-১৪ সালে কিন্তু এক্ষুনি করা যাবে না, ওটা ১৪ সাল থেকেই শুরু করতে হবে, যাতে কেন্দ্রীয় সরকারের মতো আমাদের ডিলেড না হয়। তারা যে এটা করেছে, তারা কি ভুল বুঝেছে? তারা যে সংশোধন করেছে, আমাদের যেন সেই সংশোধনের পদ্ধতিতে না যেতে হয়। আমরা যাতে ৬ বছর সময়সীমার মধ্যেই কমপ্লিট করতে পারি সেইজন্যই আমরা ওটা ১৪ সাল থেকে করব। সেইজন্য ইনফ্রাস্ট্রাকচার আমরা বাড়াব। কত ইনফ্রাস্ট্রাকচার বাড়াব, কত টিচার নেওয়া হবে, কত ল্যাবরেটরি করা হবে, কত বিল্ডিং বানানো হবে, কত পরিকাঠামো বাড়ানো হবে সেটা প্রত্যেকটা স্পষ্ট করে আমরা কিন্তু এই বিলে উল্লেখ করেছি। রুলে আরও স্পষ্ট করব। ফলে আমার মনে হয়, যে কথা আমি বলছিলাম, সদিচ্ছার প্রশ্ন। একটা পুরনো লেখা বলছি -ডাঃ মিশ্র এখানে পুরনো রেফারেন্স দিয়েছেন, ওই সাচার কমিটির পরিপ্রেক্ষিতেই - এখানে গণ মাধ্যমের বন্ধুরা আছেন - বিখ্যাত সাংবাদিক এম.জে. আকবর, তিনি একটা লেখায় উল্লেখ করেছিলেন যে, সেকুলারিজম আসলে দু ধরণের হয়। একটা হচ্ছে প্যাসিভ সেকুলারিজম, যেটা হচ্ছে আমি সংখ্যাগুরু হিসাবে সংখ্যালঘিষ্ঠকে প্রপার প্রোটেকশন দিচ্ছি কিনা, কমিউনাল যদি কোন ডিস্টার্বেন্স হয়, সেখানে আমি তাকে রক্ষা করছি কিনা, এটা হচ্ছে একটা প্যাসিভ সেকুলারিজম। কিন্তু এম.জে. আকবর বলছেন, সেইটাই যথেষ্ট নয়, আমাদের দরকার হচ্ছে একটা এ্যাকটিভ্ সেকুলারিজম। যেখানে আমার একটা সমান অধিকার আছে। এই দেশের নাগরিক হিসাবে আমার একটা সম অধিকার আছে। সেই ধারণাকে, সেই আইডিয়াকে, সেই থটকে, সেই চিন্তাকে প্রতিষ্ঠিত করা, সেটাকে আমরা বলব এ্যাকটিভ সেকুলারিজম। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, তিনি আমাদের এই ৩৪ বছর ধরে যে প্যাসিভ সেকুলারিজম, সেটা নয়, এ্যাকটিভ সেকুলারিজমের একটা নিদর্শন স্থাপন করেছেন। এবং ডাঃ সূর্য মিশ্র ওই সময়ে হাসি দেখিয়ে মনের মধ্যে ডুবুরী নামান। মনের মধ্যে ডুবুরী নামিয়ে উনি ব্যাখ্যা করেন। (ভয়েজ ঃ রেজ্জাক সাহেবও হাসছিলেন) উনিও হাসছিলেন। ওঁনার এই হাসি

দেখে আমার একটা কথা মনে পড়ে যাচ্ছে। ডাঃ মিশ্র হয়ত তাঁর লেখা আমার থেকে বেশী পড়েছেন। তোগিয়ালত্তি, একজন বিখ্যাত মার্কসিস্ট তাত্ত্বিক। তার এই হাসি বা আগে থেকে অনুমান দেখে আমার মনে হচ্ছে - এই মার্কসিস্ট তাত্ত্বিক বলেছিলেন যে-মার্কসিস্ট পলিটিশিয়ানসদের কি অসুবিধা বলুন তো! "দে হ্যাভ পকেটেড দ্য ট্রুথ" তারা সত্যকে পকেটস্থ করেছে। কিন্তু আসলে তাদের যেটা করা উচিত "দে হ্যাভ টু চেজ দ্য ট্রুথ।" তাদের সত্যকে ধাওয়া করা উচিত। আমি আশা রাখব ডাঃ মিশ্র আমাদের হাসি টাসি ইত্যাদি দেখিয়ে মনের মধ্যে ডুবুরী না নামিয়ে আমার মনে হয় সত্যকে ধাওয়া করুন, চেজ করুন। আসুন একসঙ্গে এটাকে নিয়ে আলোচনা করি, কথা বলি যেটাকে আপনি বলেছেন - আলোচনা। সবসময় আলোচনা করা যায়। আলোচনা চাইছি। সত্যকে পকেটস্থ করার জন্য নয়, সত্যকে ধাওয়া করার জন্য এইবলে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : আমি সময় আরও দু মিনিট বাড়িয়ে দিলাম।

(এইসময় ক্লজের অ্যামেন্ডমেন্টগুলি মুভ হয়।)

শ্রী নেপাল মাহাত : এখানে একটা বক্তব্য আছে যে এখানে যেটা উনি বলছেন যে যখন অলরেডি আইন পাশ হয়ে যাচ্ছে, কোন ইনস্টিটিউট ওটা নেবে না এটা তো কোন প্রশ্নই নেই। এবং দু নাম্বার হল যেখানে মাত্র ১৭% সিট বাড়ছে তার একটা ইনস্টিটিউট করার পরিকাঠামো আছে। সেখানে এই ব্যাপারটা আসে কেন? স্যার, আমি অনুরোধ করছি এটাকে প্লিজ অ্যাকসেপট করার জন্য।

Mr. Speaker : The question before the House that the West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 be referred to a Select Committee of the House.

As many as are of theat opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No

Noes have it. Nose have it.

The question before the House is that the West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Clause 2

Mr. Speaker : There are Amendments Nos. 2 & 3 to Clause 2 by Shri Anisur Rahaman. Now I call upon Shri Ahisur Rahaman to move both his amendments.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that in Clause 2, for sub-clause (f) the following new clause be substituted :

"(f) 'Higher Educational Institution', for the purpose of this Act, shall mean any higher Educational institute (aided or un-aided), functioning within the State, duly recognised and affiliated by the competent authority of the State or Central Government. (Amendment No. 2)

Sir, I beg to move that in Clause 2, in sub-clause (i) ;

(a) After the words "Other Backward Classes Category-A", the words "(exclusively for minority) be inserted ;

(b) After the words "Other Backward Classes Category-B", the words "(other than minority)" be inserted. (Amendment No. 3)

Shri Bratya Basu : Sir, I do not accept the amendments.

CLAUSE 5

Mr. Speaker : The question before the House that the Amendment Nos. 2 & 3 moved by Shri Anisur Rahaman.

As many as are of that opinion will please say AYE

As many are of the contrary opinion will please say No

Noes have it. Noes have it.

The Question before the House that Clause 2 do stand part of the Bill

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Ayes have it. Ayes have it.

Mr. Speaker : There are 3 Amendments to Clause 5 by Shri Nepal Mahata (Amendment Nos. 4 & 5) and by Dr. Tarun Naskar (Amendment No. 6).

Now, I call upon Shri Nepal Mahata to move his Amendments.

Shri Nepal Mahata : Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to move that in Clause 5, in sub-clause (2), in line 3 for the words, "six years", the words "three years", be substituted. (Amendment No. 4)

Hon'ble Speaker, Sir, with your kind permission I beg to move that in Clause 5, sub-clause (3) be omitted.

Shri Bratya Basu : Sir, I do not accept the amendments.

Mr. Speaker : The question before the House that the Amendment Nos. 4 & 5 Moved by Shri Nepal Mahata.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO

Noes have it. Noes have it.

[4·20–4·30 p.m.]

Dr. Tarun Kanti Naskar : Sir, I beg to move that in Clause 5, sub-clause (3) the following new sub-clause be inserted :

"(4) The seats be increased phase wise in proportion to the creation of physical, academic and other related infrastructure in the respective institution of Higher Education and respective streams."

Shri Bratya Basu : আমি নেপালবাবুর কথায় তো বলছি। প্রথমে দুটো উত্তর তো দিয়েছি, ফলে অ্যাকসেন্ট করছি না আর ডঃ নস্করেরটাও আমি গ্রহণ করে পারছি না, ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is amendment No. 6 moved by Dr. Tarun Kanti Naskar.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say no.

Noes have it. Noes have it.

The question before the House is Clause 5 do stand part of the Bill.

As many as are of the opinion will pleaae say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Clause 6–10

Mr. Speaker : The question before the House is Clauses 6–10 do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it. Ayes have it.

Clause 1, Enacting Formula, Preamble and Title of the Bill.

Mr. Speaker : There is no amendment to Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill.

The question before the House is Clause 1, Enacting Formula, Preamble and the Title of the Bill do stand part of the Bill.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

Shri Bratya Basu : Sir, I beg to move that the West Bengal State Higher Educational Institutions (Reservation in Admission) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Now I put to vote the motion of Shri Bratya Basu.

As many as are of the opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say No.

Ayes have it, Ayes have it.

The Presidency University (Amendment) Bill, 2013

Shri Bratya Basu : Sir, I beg to introduce the Presidency University (Amendment) Bill 2013.

(Secretary then read the title of the Bill)

Shri Bratya Basu : Sir, I beg to move that the Presidency University (Amendment) Bill, 2013 be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the motion. The Bill will be referred to the Select Committee of the House by Shri Amjad Hossain.

There is another application by Shri Amzad Hossain that the Bill be referred to the Standing Committee.

This is very much confusing. Once you are wanting the Bill to be sent to the Standing Committee and again you are wanting it to be sent to the Select Committee.

Shri Amzad Hossain : Sir, either to the Select Committee or to the Standing Committee.

Mr. Speaker : I withhold my consent so far this Standing Committee matter is concerned. So far the Select Committee matter is concerned you may move the motion.

Shri Amzad Hossain : Sir I beg to move that The Presidency University (Amendment) Bill, 2013 be referred to the Select Committee of the House consisting of the following Members.

Shri Partha Chatterjee : Hon'ble Minister-in-charge of the department of Commerce and Industries and Industrial Reconstruction, Parliamentary Affairs and Science and Technology.

Shri Subrata Mukherjee : Hon'ble Minister-in-charge of the Department of Panchayat and Rural Development and PHE.

Shri Sovandeb Chattopadhyay : Government Chief Whip.
Dr. Surya Kanta Mishra : Leader of the Opposition.
Shri Gyan Singh Sohanpal : MLA
Shri Md. Sohrub : MLA, Leader, CLP
Dr. Harka Bahadur Chhetri : MLA
Shri Anandamoy Mondol : MLA
Shri Probodh Chandra Sinha : MLA
Shri Chand Mohammad : MLA
Shri Id Mohammad : MLA
Dr. Tarun Kanti Naskar : MLA
Shri Paresh Chandra Adhikari : MLA
Shri Ajoy Dey : MLA
Shri Bratya Basu : Minister-in-charge of the Higher Education Department and Department of School Education.

With the instruction to submit is report by 30th June, 2013 and that the quorum of the Committee be fixed at five.

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, 'দি প্রেসিডেন্সি ইউনিভার্সিটি (অ্যামেন্ডমেন্ট) বিল ২০১৩ মাননীয় শিক্ষামন্ত্রী যে বিল এনেছেন, আমি প্রথমেই আপনার কাছে এটাকে সিলেক্ট কমিটিতে পাঠাবার জন্য অনুরোধ করেছি। তার কারণ স্যার, যে প্রত্যেক ইউনিভার্সিটিরই একটা নিজস্বতা রয়েছে। প্রেসিডেন্সির নিজস্বতা এখানে নয় যে, কটা ডক্টরেট, বা কটা পাবলিকেশন নিয়ে আসা হচ্ছে। যেমন—ভবতোষ দত্ত বা উপেন ঘোষাল, এঁরাও ডক্টরেট ছিলেন। কিন্তু তাতে কিছু যায়-আসে না স্যার। ছাত্রদের যে এক্সিলেন্স, সেটার সঙ্গে টিচারদের এক্সিলেন্সের একটা সংমিশ্রণ আছে। যেমন—চকমকি পাথরের যে সংমিশ্রন, দুটোর ঠেকাঠেকির যে সংমিশ্রণ, সেই বিষয়টা এখানেও খাটে স্যার। যে, বাইরে থেকে মাষ্টারমশাই ধরে আনলেই প্রতিষ্ঠানের এক্সিলেন্স বেড়ে যায়, সেটা নয়। আই.আই.টিতে বিদেশ থেকে ধরে আনা মাষ্টারমশাই কতজন আছেন? আই. আই. এম. এ ধরে আনা মাষ্টারমশাই কতজন আছেন? সুতরাং সিলেক্শন করবার সময় কোনটার অগ্রাধিকার দেওয়া হচ্ছে সেটা বিচার করা দরকার। যেমন, আপনারা মনে করলেন যে, ছাত্র ইউনিয়ন না করতে দেওয়ার ভেতর দিয়ে একটা প্রতিষ্ঠানের গুণগত উৎকর্ষ নির্ভর করে। এটা একটা সম্পূর্ণ ভুল দৃষ্টিভঙ্গি। জে. ইউ. তে ইউনিয়ন ইলেকশনের দাবী হচ্ছে, প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতেও ইলেকশনের দাবী রয়েছে। রাজ্যের সর্বত্র ইউনিয়ন ইলেকশনের দাবী রয়েছে। একদিকে আপনি বলছেন, প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে ইলেকশন করতে দেবেন না, অথচ গোটা রাজ্যের জেলার যে কলেজগুলো আছে, সেখানে সব বাইরের দুষ্কৃতীদের সঙ্গে নিয়ে তার ইউনিয়নগুলো দখল করলেন। আবার এই যে উৎকর্ষের কথা বলেছেন, এই উৎকর্ষ কি একমাত্র প্রেসিডেন্সি ইউনিভার্সিটিরই তাহলে থাকবে? কি এমন ব্যাপার এটা যে প্রেসিডেন্সি ইউনিভার্সিটি ছাড়া এই রকম চমৎকার ইউনিভার্সিটি থেকে অন্য বিশ্ববিদ্যালয়কে বঞ্চিত করতে চাইছেন। আর এই যে মেন্টার গ্রুপ, এই মেন্টার গ্রুপ যে কথা বলছেন, মাননীয় শিক্ষামন্ত্রী যা করেছেন এই ২২ মাসে, ঐ মেন্টার

গ্রুপ আর ৩৪ বছর—এই দুটো বলা ছাড়া আর কিছু করছেন না আপনি। তো সেই মেন্টারগ্রুপ এটা দিয়েই এতক্ষণ যা কিছু আগের বিলে বললেন আপনি, এটাতে আপনার একটা দ্বি-চারিতা ফুঁটে উঠেছে। এই মেন্টার গ্রুপের মধ্যে দিয়ে আপনি আসলে সাম্রাজ্যবাদের হাতে গুল খেতে চাইছেন। যে সাম্রাজ্যবাদের কাছে মাথা বিকিয়েছে কেন্দ্রীয় সরকার তার শিক্ষানীতিকে নিতে গিয়ে। কেন দরকার ছিল আমার মেন্টার গ্রুপ? বিদেশ থেকে এনে বিদেশের আলোতে সার্চ লাইট ফেলে খুঁজতে হবে আমার মেধাকে, আমার প্রতিভাকে? আজ থেকে সাড়ে তিন হাজার-চার হাজার বছর আগে নালন্দা বিশ্ববিদ্যালয়, তক্ষশীলা বিশ্ববিদ্যালয়, মিশরের কায়রোতে আল্-আজহার ইউনিভার্সিটি এই এত কিছু ছিল। নালন্দা বিশ্ববিদ্যালয়ে তো গোটা পৃথিবীর সমস্ত দেশ থেকে ছাত্ররা আসতো। আর আপনার প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে গোটা বিশ্বের ছাত্ররা আসে না। তো, সেখানে তো কোনো বাইরের মেধাকে এনে, তার সার্চ লাইট ফেলিয়ে আমার মেধাকে খুঁজতে হয়নি! আপনার এরকমটা মনে হচ্ছে কেন যে, শুধু বাইরের মেধার সার্চ লাইট ফেলেই এখানকার মেধা পাওয়া যাবে? এটা আপনি করতে চাইছেন কেন? আসলে নীতিটাতে আটকে যাচ্ছেন আপনি। এখানে তৃণমূল কংগ্রেস—তার জন্ম তো সেই কংগ্রেসের গর্ভেই। তারা তো শিক্ষাটাকে আসলে পণ্য করেছে। যার পয়সা আছে, সে উচ্চশিক্ষা কিনবে, সেখানে থাকবে। আর যার পয়সা নেই, সে প্রাইমারিতে গিয়ে স্কুল ছুট হয়ে বাড়ি ঢুকে যাবে। এইতো হচ্ছে আপনার নীতি। তাই এই জায়গা থেকে ম্যাডাম, আপনি উৎকর্ষতার কথা বলছেন। মেন্টার গ্রুপের কথা বলছেন। গত পরশু দিনও দেখলাম ব্রাত্যবাবু, যে আবার শিক্ষার এখানেও রং-এর ছড়াছড়ির কি দরকার ছিল? এখানেও রং এর ছড়াছড়ি। আসলে রং দিয়ে পাল্টালে ভিতরটা পাল্টে যায় না। রং দিয়ে ওপরের একটা চাকচিক্য ভাব আসে, ভিতরটা পাল্টে যায় না। ঐ বাচ্চাদের দেখবেন, বাচ্চাদের ঐ কুইনাইন যখন খাওয়ানো হয়, একটা সুগার কোটেড কুইনাইন থাকে। বাচ্চারা তেঁতো খেতে চায় না বলে ওপরটা সুগার লাগানো, ভেতরটা তার তেঁতো কুইনাইনই থাকে। রং বদলে দিয়ে আপনি ওপরের চাকচিক্য বদলাচ্ছেন, ভিতরটাকে কোথায় নিয়ে যাচ্ছেন, সেটা ভেবেছেন আপনি? ভিতরটা কোথায় যাচ্ছে?

[4·30–4·40 p.m.]

আরে রং-এর ছড়াছড়ি অনেক হবে। রং-এর ছড়াছড়ি ২৭, ২৮ তারিখ হবে তো। ফাল্গুনে আপনার প্রকৃতিকে সাজিয়েছে কৃষ্ণচূড়া তার রঙ দিয়ে। বসন্ত আসছে ২৭,২৮ তারিখে রং এর ছড়াছড়ি হবে। তো এই রং-এর আমদানি এখানেও করতে হল? একজন ভাইস চ্যান্সেলার। প্রেসিডেন্সি ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলারকে অপমানিত করে পাশে বসিয়ে রেখে তাকে একজন আমন্ত্রিত করে মেন্টর গ্রুপের মাথায় বসিয়েছেন। তাকে দিয়ে লোগো উদ্বোধন হচ্ছে। আর ভাইস চ্যান্সেলার পাসে বসে রয়েছে। এটা কোন নির্লজ্জতার পরিচয় দিচ্ছেন আপনি। সর্বভারতীয় ক্ষেত্রে যে চিত্র তাকে আপনার জে.ইউ বা সি.ইউ-যাদবপুর ইউনিভার্সিটি বা ক্যালকাটা ইউনিভার্সিটির যে অবস্থান সেটাকে স্বীকৃতি দেওয়ার জন্য কী করছেন আপনি এই আইনে? গত বছর জানুয়ারী মাসে মেন্টর গ্রুপ তার সেকেন্ড রিপোর্ট পেস করেছিল। মেন্টর গ্রুপ তার সেকেন্ড রিপোর্ট পেশ করেছে। সেখানে কি বলেছে? Our aim remains the transformation of Presidency University into a world class research and teaching institution by the time of its 200th anniversary in 2017. তো আপনার এই বিশ্বমানের গবেষণা এবং

শিক্ষাদানের প্রতিষ্ঠান বানানো হবে এই প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে। এটা তো ১৩ সাল, ১৭ সালের মধ্যে করতে চাইছেন। তো আপনাদের হাতে তো আর আছে কত বছর? পৌনে চার বছর মত। তার মধ্যে আবার আপনাদের গভর্নমেন্টের মেয়াদ ফুরিয়ে যাবে ১৬ তে। তাহলে আপনারা যেটা করছেন এতদিন পরে করছেন। এর লক্ষ্যমাত্রাটা কি আপনাদের? এর লক্ষ্যমাত্রাটা কি? এই বিলের লক্ষ্য, এই বিলের লক্ষ্য—এই বিলের আগে মনে আছে ব্রাত্যবাবু আপনার, আপনি নিশ্চয়ই দেখেছেন এই বিল যখন এনেছেন, ১৮ই মার্চ ২০১০ সালে পশ্চিমবঙ্গ বিধানসভাতেই প্রেসিডেন্সি ইউনিভার্সিটি বিল পাস হয়েছিল। রাজ্যপালের সম্মতি পাওয়া গিয়েছিল ৬ই জুলাই ২০১০। এই দেরি হওয়ার কারণ হল, এই বিলটি যাতে রাজ্যপাল সই না দেন তার জন্য আপনাদের বাঘা-বাঘা নেতা আর আপনাদের কিছু পরামর্শদাতা সুশীল সমাজ রাজভবনে গিয়ে দরবার করছিল। যাতে এই বিলটাতে তিনি সই না দেন। কিন্তু আইনটি পাস হল। প্রেসিডেন্সি কলজের আগেও সেন্ট্রাল অফ একসিলেন্স ছিল। আজকে নয় এটা। বহু অতীতকাল থেকে প্রেসিডেন্সি কলেজ সেন্ট্রাল অফ এক্সিলেন্স হয়ে আছে। তার দীর্ঘদিনের ঐতিহ্য ছিল। তার দীর্ঘদিনের গৌরব ছিল। আর বামফ্রন্ট সরকার তাকে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্যই একে বিশ্ববিদ্যালয়ের চেহারা দেয়। ম্যাডাম, এরা জানেও না শুনবেও না। আপনারা যেটা করছেন সেটা হল বেশির ভাগ প্রবাসী ভারতীয় শিক্ষাবীদদের নিয়ে একটা মেন্টর গ্রুপ যা প্রেসিডেন্সি কর্তৃপক্ষের ঘাড়ে চাপাতে চাইছেন। এমন কি উপাচার্যেরও যাতে কোন স্বাতন্ত্র না থাকে এইরকম ভঙ্গিতে চলতে থাকছে। এখন আপনারা বামফ্রন্টের আমলের আইনটাকে পাল্টাতে চাইছেন। তো পাল্টে এই বিলে কি আনতে চাইছেন? এই বিলের লক্ষ্য হল, এক কথায় ইউনিভার্সিটির যে অটোনমি, যে স্বাতন্ত্র সেটাকে আপনি খুন করতে চাইছেন। রাজ্য সরকারের কর্তৃত্বটাই চূড়ান্ত করাই আপনার লক্ষ্য। তার জন্যই ইউনিভার্সিটি পরিচালনায় গণতন্ত্রকে হত্যা করে আপনি এক্স অফিসিও এবং মনোনীত সদস্যদের হাতে ক্ষমতা দিতে চাইছেন। কেন এক্স অফিসিও আনতে চাইছেন? কোন মনোনীত সদস্য আনতে চাইছেন আপনি? প্রসঙ্গত আপনাকে একটা কথা বলা দরকার ম্যাডাম, মাননীয় মুখ্যমন্ত্রী গত কালও বলেছেন, যে বামফ্রন্ট আমলে ৩৪ বছরে নাকি একটাও ইউনিভার্সিটি হয়নি। ব্রাত্যবাবু শুনবেন এটা। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ৩৪ বছরে একটাও ইউনিভার্সিটি হয়নি। আজকের কাগজেও দেখলাম এটা তিনি বলেছেন। তা আপনি আপনার ডিপার্টমেন্টের লোকেদের জিজ্ঞাসা করে নেবেন। আপনার Calcutta University, Burdwan University থেকে শুরু করে Rabindra Bharati University, North Bengal বাদ দিলে, উত্তরবঙ্গকে বাদ দিলে—বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় ৮১তে, নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ৯৭, ডব্লু.বি.ইউ.টি ২০০০, বেসু ৯২তে ছিল ডিম্ড ইউনিভার্সিটি, ফুল ফ্লেজেড চালু হল ২০০৮ এ, ২০০৪ এ। এমন কি আই.আই.ই.এস.টির যে প্রস্তাব সেটাও দিয়েছিল ২০০৮ সালে। এই এত কিছুকে লুকিয়ে, এত অসত্য ভাষণ পরিবেশন করছেন। বাংলার মানুষ, বাংলার ছাত্র, বাংলার শিক্ষক কেউ ক্ষমা করবে না আপনাকে। কেউ ক্ষমা করবে না।

আপনার গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয় ২০০৮ আর সিধু-কানহু বিশ্ববিদ্যালয় ২০০৯, আলিয়া ২০০৭, BU ২০০৯, RBU, রবীন্দ্রভারতীর সেকেণ্ড ক্যাম্পাস যেটা আপনার সপ্তম বামফ্রন্টের আমলে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির সেকেন্ড ক্যাম্পাস তার প্রস্তুতিও সপ্তম বামফ্রন্টের আমলে। তাহলে এতকিছু লুকোবেন? একটাও হয়নি? আপনার বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় ৭৪, সেটা বাদ দেওয়ার পরে Animal Husbandry ৯৫, Juridical Science University ২০০০,

উত্তরবঙ্গ কৃষি ২০০১, Health Science University ২০০২— এই এত মিথ্যা, এত অসত্য কথা বলবেন? কোথাও এগুলোকে লুকানো যাবে না ব্রাত্যবাবু। যতই রঙ দিন এগুলোকে লুকানো যাবে না। তাই যে কথা বলছিলাম স্যার, যে আপনার এই যে বিল এই বিলে যা আনতে চেয়েছেন। আপনি কি বলবেন এখানে, Section II and III তার দু'নম্বর ক্লজের ৫ নম্বর সাব ক্লজে আপনি বলছেন to recommend effective measures with a view to attaining the academic excellence by the University and also to monitor the implementation of these recommendation by the University এখানে আপনার মেন্টর গ্রুপের বিরাট ক্ষমতা। আপনি সেকশান ১৩ দেখুন। তারা সুপারিশ করবে। তারা সুপারিশ করবে আবার কাজ ঠিকমতো হল কি না by the University সেটাও তার monitor করবে। এখানে এই কথা বলছেন। আবার সেকশান ১৪(৪) নম্বরে আপনি বলছেন, Any disputes in relation to the functions of the Mentor Group and the University authorities shall be decided by the State Government. অর্থাৎ Mentor Group versus university authority এই যদি লেগে যায় আপনার তাহলে সেটার আবার সিদ্ধান্ত নেবে কে? সেটার সিদ্ধান্ত নেবে আপনার রাজ্যসরকার। আবার আপনি Statement of Objects and Reasons-এ যা বলছেন, সেখানে গিয়ে বলছেন যে, A Mentor Group consisting of a group of eminent persons who will recommend measures for attaining Academic Excellence, for making the presidency University a Centre of Academic Excellence and to monitor their implementation by the University. তাহলে আপনার মানেটা কি দাঁড়াচ্ছে। যে ক্ষমতার এক নম্বর জায়গায় থাকবে তাহলে রাজ্যসরকার। দু'নম্বর জায়গায় থাকবে আপনার মেন্টর গ্রুপ। তিন নম্বর জায়গা সেইটা হল আপনার ভাইস চেন্সেলার বা জি বি-র। তাহলে বিশ্ববিদ্যালয়ের অটোনোমিটা কোথায়? বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য কোথায় গেল ব্রাত্যবাবু? এর জবাব দিতে হবে তো আপনাকে? শুধু মুখে বললে হবে না অটোনোমির কথা। আপনি চূড়ান্ত ক্ষমতা রাখছেন সরকারের হাতে, চূড়ান্ত ক্ষমতা রাখছেন মেন্টর গ্রুপের হাতে তারপরে ভাইস চেন্সেলার তারপরে জি.বি.। আর সরকার কেমন চালাচ্ছে? যে সরকারের চূড়ান্ত ক্ষমতা সেটা কেমন চলছে তার কলেজের গভর্নিং বডির নোমিনিগুলোর নাম দেখুন তাহলেই বুঝতে পারবেন। নোংরা দলতন্ত্র। [***]..... এরা কারা? এদেরকে আপনি কোন নিরপেক্ষ রাজনীতির ফ্যাক্টারিতে তৈরি করেছেন? এরা তো সবাই আপনার দলেরই লোক। এদেরকে জি.বি.-তে নোমিনি করে পাঠাচ্ছেন আপনি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : যাঁরা এই সভার সদস্য নন তাঁদের নাম বাদ যাবে। যাঁরা এই সভার সদস্য নন তাঁদের প্রত্যেকের নাম বাদ যাবে।

শ্রী শেখ আমজাদ হোসেন : A nominee of the Chancellor who shall be the Chairperson of the committee. A nominee of the state government a nominee of the governing board. তাহলে সার্চ কমিটিতে

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

UGC-র নোমিনি নেই কেন? কেন UGC-কে ভয় পাচ্ছেন? তার নোমিনি কে নেই? এটাই সর্বভারতীয় বিধিত, UGC-র নোমিনি থাকতে হবে। দিল্লিতে UGC আছে। UGC-টা দিল্লিতে বলে আপনি রাখতে চাইছেন না। ওদের সঙ্গে এখন সম্পর্কটা নেই বলে? এইজন্য রাখছেন না? তাহলে গভর্নর যিনি তিনিও তো দিল্লি থেকে এসেছেন। গভর্নরকে রেখে দিয়েছেন কি করতে? আসলে গভর্নরকে দিয়ে নিজেদের মনোনীত লোক জিবি-তে পাঠানোর জন্য রেখেছেন। এটাই আসল সত্যি কথা, বলতে পারছেন না। এটা স্বীকার করুন ব্রাত্যবাবু। এটা স্বীকার করুন। তিন নম্বর পয়েন্টে আসুন আপনি। Section 14-এ আপনি কি বলছেন, The Governing Board shall consist of the following member. তারা কারা? Ex-officio members ৬জন। 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল' ৬ জন ex-officio ও মেম্বার। Executive Council কোর্ট আপনি ভেঙে দিলেন। এক্সজিকিউটিভ কাউন্সিল আপনি রাখছেন না । জে এন ইউতে আছে। যাদবপুর ইউনিভার্সিটিতে আছে। এরা খারাপ নাকি? যুক্তিটা কি আপনার? এরাও তো এক একটা ইউনিটারি। এরাও তো ইউনিটারি। জে ইউ বলুন, আর জে এন ইউ বলুন। তাহলে ৬ জন এক্স অফিসিও থাকবে। আপনি faculty council বলছেন, কোথায় আছে আপনার ফ্যাকাল্টি কাউন্সিল? ফ্যাকাল্টি কাউন্সিল কোথায় আছে বলতে হবে। ডীন, Deanটা তো elected নয়। সেটাকে কি করলেন Section 21 তে দেখবেন আপনি । যে ডিন আগে ইলেকটেড হোত, সেটাকে আপনি সিলেক্টেড করে দিলেন। আর এখানে এই কমিটিতে চারজন রাখছেন ইলেকটেড পার্সন। ঐ ৯ নম্বর, বি এর ৯ আর ১০টা দেখুন। চারজন রাখছেন ইলেকটেড। আর ৬ জন এক্সঅফিসিও। আর ৯ জন নোমিনি রাখছেন। তাহলে মেন্টার গ্রুপের ফার্স্ট রিপোর্টে পেজ পঁচিশ নম্বরে, গভর্ণমেন্ট স্ট্রাকচারে এইসব বললেন কেন? এইসব কেন বললেন, তার স্ট্রাকচারটাতে? আসলে সেকেণ্ড রিপোর্টে পেজ এইট্টিনে যে রিপোর্ট সেটাকে আপনি চেপে যেতে চাইছিলেন। অর্থাৎ ডেমক্রেটিক যে আপনার ডেমক্রেটিক প্যার্টিসিপেশান সেটা মেনে নিতে পারছেন না। যে নির্বাচিত প্রতিনিধি নয়। নির্বাচিত হয়ে আসা নয়। সবটা মনোনীত হবে। [***] ..... এর মতন লোকেদের আপনারা মনোনীত করতে চাইছেন। তাই এইখানে দাঁড়িয়ে তার জন্য ম্যাডাম....

ম্যাডাম ডেপুটি স্পীকার : যারা সদস্য নয় তাদের নাম বাদ যাবে।

শ্রী শেখ আমজাদ হোসেন : কলেজগুলোতে যা চলছে, ইউনিভার্সিটিগুলোতে যা চলছে, প্রত্যেকদিন অরাজকতা চলছে, আর আপনারা বলছেন ছোট ছেলেদের আক্রমণ। গণ টোকাটুকি, পরীক্ষার প্রশ্নপত্র পাওয়া যাচ্ছে বেগুনের বাজারে, মাছের বাজারে, এতো আপনি দারুণ জিনিস উপহার দিয়েছেন। গণটোকাটুকি '৭২ এর জিনিসকে আমদানী করে দিলেন গোটা বাংলায়। আর আপনি দিল্লির বিরুদ্ধে এত চেঁচাচ্ছেন অথচ দিল্লি উচ্চশিক্ষার ক্ষেত্রে যা মারাত্মক সব আইন আনছে, তার বিরুদ্ধে আজ অবধি একটা কথা বলছেন না আপনি। তাই এই সমস্ত কারণে ম্যাডাম, যে মূল বিল, সেই বিলে আপনার যে স্টেটমেন্ট অফ অবজেক্টস এ্যান্ড রিজিনস সেখানে ২ নম্বরে বি আর জি এটা যদি দেখেন, সেখানে দুটোতেই আমাদের রাজ্যের যে ইউনিভার্সিটি এ্যাক্ট সেগুলোতে একটাতেও নেই। এটা অন্য ধরনের বদল। সুতরাং ডিটেলস আলোচনা দরকার। তার জন্য ম্যাডাম আমার অনুরোধ, এই বিলকে আপনার সিলেক্ট কমিটি বা স্ট্যান্ডিং কমিটিতে পাঠান হোক। ধন্যবাদ।

ম্যাডাম ডেপুটি স্পীকার : বার বার বলছি, আমি আবারও বলছি, সব পক্ষেরই অনারেবেল

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মেম্বারদের, যারা এই সভার সদস্য নন, তাদের নাম কেউ উল্লেখ করলে সেই নামগুলি প্রসিডিংস থেকে বাদ যাবে।

ড: আশীষ ব্যানার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার ম্যাডাম, আমি মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু The Presidency University (Amendment) Bill, 2013 পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করছি। ম্যাডাম একটা অবাক লাগছিল যে, উনি বিল পড়েছিলেন, না জনসভায় ভাষণ দিতে এসেছিলেন। এই যে ৩৪ বছর, আমি জিজ্ঞাসা করি, ৩৪ বছরে কোন উৎকর্ষ সাধন করেছেন। আপনারা তো এটাই চাইছেন। যে ভাইস চ্যান্সেলার হবে, আলিমুদ্দিনের আজ্ঞাবাহী দাস। মনে নেই আপনাদের? সি পি আই এম এর পতাকা নিয়ে মমতা ব্যানার্জীর বিরুদ্ধে ভোটে দাঁড়িয়েছিলেন কে? [***] ভাইস চ্যান্সেলার। গো হারান হেরেছেন। আবার পতাকা উপাচার্যের ঘর থেকে বার করে এনে আবার দাঁড়িয়েছেন, মনে নেই? [***] কে ছিলেন? বড় বড় কথা বলছেন এখানে [***] আপনাদের দলের হয়ে দাঁড়িয়েছিলেন। মনে আছে?

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি বলে দিয়েছি, যারা সদস্য নন, তাদের নামগুলি বাদ যাবে।

ডঃ আশীষ ব্যানার্জী : তিনি ভাইস চ্যান্সেলার হয়েছিলেন। মনে আছে? প্রাক্তন মুখ্যমন্ত্রীর জীবনী লিখে আর একজন ভাইস চ্যান্সেলার হয়েছিলেন। আর মনে আছে, কে উপাচার্য্য NSOU, নেতাজী সুভাষ ওপেন ইউনিভার্সিটির উপাচার্য, তার গাড়ী কেনার জন্য ১ লক্ষ ৮৬ হাজার টাকার বিজ্ঞাপন দিয়েছিলেন, দুর্নীতিগ্রস্থ, এগুলো চান আপনারা। এগুলোই চান। আগে বিলটা পড়ুন। বিলটা ২দিন পড়তে লাগবে আপনার। প্রেসিডেন্সি ইউনিভার্সিটিকে centre of academic excellence করে গড়ে তোলাই উদ্দেশ্য। সেইজন্য এই শব্দগুলিকে যুক্ত করা হয়েছে। প্রিয়েম্বলে এই উদ্দেশ্যটা পরিষ্কার করার জন্য ছোট্ট দুটি শব্দ প্রিন্সিপাল এ্যাক্টের সঙ্গে যুক্ত করলেন। Serve the society and the nation in a better way এগুলো আপনাদের ভালো লাগবে না। শব্দগুলি খুব ছোট, কিন্তু গভীর তাৎপর্যবাহী বিশ্বের দুয়ারে এই বিশ্ববিদ্যালয় নতুন বার্তা নিয়ে হাজির হচ্ছে, আপনাদের আলিমুদ্দিনের পতাকা তুলবার জন্য নয়। আরো একটি উপধারার সংযোজন করা হচ্ছে প্রিন্সিপাল এ্যাক্টে। সেকশান টুয়ের পরে। সেখানে বলা হচ্ছে corpus fund of the University যেটি রাজ্য সরকার সমতুল কোনো সংস্থা ছাড়া গ্রান্ট, ডোনেশান, সাবস্ক্রিপশান দ্বারা গড়ে উঠবে। সেটি জি বি অর্থাৎ গভর্ণিং বোর্ডের অনুমোদন নিয়ে ব্যয় করা হবে। কিসের জন্য—সাম্মানিক ভাতা দেওয়ার জন্য। কাদের দেবেন—বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের। কেন দেবেন—তাঁদের গবেষণা, প্রকাশনার ক্ষেত্রে আউট স্ট্যান্ডিং পারফরমেন্সের জন্য। এটা বস্তুত একটা ইনসেনটিভ এটা বস্তুত গবেষণার ক্ষেত্রকে, প্রকাশনার কাজকে প্রসারিত করা। মুখে সেন্টার অফ এক্সেলেন্স গড়ে তোলা নয়, কাজে তাকে প্রমাণ করার প্রত্যয় নিয়েই ব্রাত্য বসু এই বিলকে পেশ করেছেন। আর একটি বিষয় যুক্ত করা হয়েছে, যাকে তাকে তকমা লাগিয়ে আপনাদের মত ৫৫% পায়নি, তাকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড করেছিলেন কিনা একটু তদন্ত করে দেখবেন ডিস্টিংগুইসড প্রফেসার বলা যাবে না, কমপক্ষে দশ বছরে বিশ্ববিদ্যালয়ে বা তার সমতুল

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

প্রতিষ্ঠানে ভারতবর্ষ কিংবা বিদেশে তার শিক্ষকতার অভিজ্ঞতা রয়েছে। শুধু তাই নয়, জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে স্বীকৃত এবং জ্ঞানের জগতে তার ব্যতিক্রমী অবদান থাকবে। তিনি হবেন ডিস্টিংগুইসড প্রফেসার। আর একটি ধারা যুক্ত হয়েছে, আর একটি ফান্ড তৈরি করা হয়েছে। Faculty research and provisional development fund রাজ্য সরকার প্রতি বছর এটা গ্রান্ট দেবেন। গবেষণার কাজে খরচ হবে, ল্যাপটপে খরচ হবে, এ্যাকাডেমিক কনফারেন্সে খরচ হবে, যারা বিদেশ থেকে আসবেন তাদের যাতায়াতের ব্যয়ভার বহন করা হবে। অর্থাৎ সামগ্রিকভাবে শিক্ষার মানোন্নয়ন শিক্ষার অগ্রগতিকেই এই বিশ্ববিদ্যালয় সার্বিকভাবে তাতেই মনোনিবেশ করবেন। এছাড়া থাকবে হেরিটেজ প্রফেসার। হেরিটেজ প্রফেসার প্রত্যেক বিভাগে, এখানেও তার proven competence থাকবে। এছাড়া থাকবে প্রেসিডেন্সী মেন্টার গ্রুপ। মেন্টার গ্রুপ নিয়ে গা জ্বলে যাচ্ছে। যাবেন নাকি শাহাজাহানবাবু আপনি একবার মেন্টার গ্রুপ। যেতে পারবেন না তো। কারণ এটা হচ্ছে Group of eminent educational academic excellence ackin করতে হবে। এই academic excellence ackin করার জন্য এই মেন্টার গ্রুপ সহায়তা করবেন এবং বিশ্ববিদ্যালয়ের সুপারিশগুলি রূপায়িত করার জন্য মনিটার করবেন। আপনি ব্যাখ্যাটি কি করলেন—ইংরেজি বুঝতে পারেননি! ব্যাখ্যাটা কি করলেন। ইংরেজিটা পড়ুন ইংরেজীটা আগে ভালো করে পড়ুন যদি না জানেন তো আমাদের এখানে চলে আসুন। এইরকম আরো বেশ কিছু ধারার সংযুক্তি এই এ্যামেন্ডমেন্টের মাধ্যমে এনেছেন। লক্ষ্য একটাই। Not to build the pucca building of Alumiddin লক্ষ্য একটাই। To build the Presidency University into a centre of academic excellence, রাজ্যের শিক্ষায় তো বারোটা বাজিয়ে দিয়েছেন। কি করেছেন জানা নেই! অ-য় অজগর আসছে তেড়ে, আ-য় আমটি খাবো পেড়ে, বললেন ওইসব পড়া যাবে না। বলতে হবে অ-য় অর্থমন্ত্রী অসীমবাবু আসছে তেড়ে, আ-য় আমোদ প্রমোদ গেছে বেড়ে, হোপ '৮৬ মনে নেই! ই-তে ইনক্লাব জোরে বলো, ঈ-তে ঈশ্বরকে গেছি ভুলে এইসব তো করেছিলেন। সুতরাং এখানে সে সব চলবে না, academic excellence এখানে শিক্ষার উৎকর্ষটাই প্রধান হয়ে উঠবে। রাজনীতি নয়। আর একটা বিষয়, এই বিলে সংযোজন করেছেন। বামফ্রন্ট নিয়োগ বন্ধ করে শিক্ষা প্রতিষ্ঠানে আংশিক সময়ের অধ্যাপক বাড়িয়েছেন। কোন সময় হয়েছে?

[4·50–5·00 p.m.]

চব্বিশ বছর ধরে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে আপনারা কি করেছিলেন তা জানা নেই আমাদের! আংশিক শিক্ষকের সংখ্যা বাড়ল কি করে? কন্ট্রাকচুয়াল শিক্ষক বাড়াল কি করে? আপনারাই এই চুক্তি ভিত্তিক শিক্ষকের সংখ্যা বাড়িয়েছেন। মা-মাটি মানুষ সরকারের নেত্রী মমতা ব্যানার্জ্জীর এই নিয়োগটাকে সাবলীল করে তুলছেন। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে যিনি আংশিক সময়ের শিক্ষক হবেন বা চুক্তি ভিত্তিক শিক্ষক হবেন, তার ধারণাটাকে পাল্টে দিচ্ছেন। এখানে বলা হচ্ছে সকলেই শিক্ষক হিসাবে নামধারী হতে পারবে না। কারা হবেন, টীচার অফ প্রেসিডেন্সি ইউনিভার্সিটিস-a distinguished Professor or a heritage Professor or a Professor or an Assistant Professor or an Associate Professor or any other person

holding a whole time substantive teaching post and appointed in a permanent vacancy in the University of recognised as such of the university with prior approval of the state government। সুতরাং এটা পরিষ্কার, পূর্ণ সময়ের শিক্ষক এই শিক্ষা যজ্ঞের পুরোহিত হবেন। অর্থাৎ তাদের মন প্রাণ তারা শিক্ষা কর্মেই দান করবেন প্রখ্যাত বিজ্ঞানী মেঘনাদ সাহা জাতীয় উন্নতির উপায় লিখতে গিয়ে বলেছিলেন—শিক্ষা না পেলে মানুষের কার্যকরী শক্তি জেগে উঠবে না, জেগে উঠতে পারে না। মানুষ সমাজের সেবায় লাগবার উপযুক্ত হয় না।' তাই প্রকৃত শিক্ষার উৎকর্ষ সাধনে এই প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় বিশ্বের দরবারে পৌঁছে যাবে। এই প্রত্যয় নিয়ে এই বিলটা পেশ করা হয়েছে। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে উপাচার্য্য অপসারণে যে নিয়মগুলো করা হয়েছে— আপনারা শুধু রাজনীতি রাজনীতি করে চিৎকার করছেন—এখানে তো বলা হচ্ছে, তার রাজনৈতিক মতাদর্শ থাকতে পারে, কিন্তু তিনি ঐ পক্ষপাতিত্বমূলক আচরণ করবে না। ভোট এলে ভোটের স্লিপ দরজায় দরজায় সি পি এমের হয়ে বিলি করলে তারপরে তিন উপাচার্য হবেন। পরিষ্কারভাবে বলা হচ্ছে তা চলবে না। এখানে পরিষ্কারভাবে বলা হয়েছে—He or She is a member যদি হন, or otherwise association with any political party or else in any partisan manner while in office, তিনি পক্ষপাতদুষ্ট হবেন না। সুতরাং এই শিক্ষা জগৎকে একটা সুন্দর পরিচ্ছন্ন করবার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় দীর্ঘকাল যে সংগ্রাম, আন্দোলন করে এসেছেন, তাকে বাস্তবায়িত করবার জন্য তিনি প্রয়াস চালাচ্ছেন। আপনাদের ৩৪ বছরের রাজত্বের ইতিহাস একটা কলঙ্কিত ইতিহাস। শিক্ষা জগৎকে আপনারা একটা নরককুন্ড বানিয়ে রেখেছিলেন, শিক্ষা জগৎকে আপনারা কলুষিত করে রেখেছিলেন তাকে কলুষমুক্ত করবার জন্য এই মা-মাটি-মানুষের সরকার চেষ্টা চালাচ্ছেন। আর ব্রাত্যবসু তাকে রূপায়িত করবার জন্য এই হাউসে এই বিল পেশ করেছেন, তাই সর্বন্তকরণে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী জীবন মুখোপাধ্যায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু The Presidency University (Amendment) Bill, 2013, যেটা এনেছেন আমি তাকে সর্বতোভাবে সমর্থন করছি। ম্যাডাম ২০১০ সালে এই বিলটা এসেছিল। এর মধ্যে সময়ের পরিবর্তন হয়েছে, কিছু ভুল ত্রুটি ধরা পড়েছে। এর মধ্যে ত্রুটি-বিচ্যুতি অনেক আছে। সুতরাং পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন এইগুলি সব অপরিহার্য হয়ে পড়েছে। সবক্ষেত্রেই হয় তাই। সুতরাং পরিবর্তন আসবে এটা নিয়ে হৈ-চৈয়ের কিছু নেই। আমরা তো জানি আপনাদের দীর্ঘ ৩৪বছরের অপশাসনে শিক্ষার কি শোচনীয় অবস্থা হয়েছিল। আমরা তো দেখেছি শিক্ষা ক্ষেত্রে কিভাবে রাজনীতিকরণ হয়েছে। শিক্ষা সংক্রান্ত সব কিছু নির্দেশ আসত আলিমুদ্দিন স্ট্রীট থেকে। বিকাশ ভবন থেকে নয়, বিদ্যাসাগর ভবন থেকে নয়, নিবেদিতা ভবন থেকে নয়, আলিমুদ্দিন স্ট্রীট থেকে সব কিছু নির্দেশ আসত। আমরা এও লক্ষ্য করেছি, এই সময়ে যারা সিপিএমের পতাকা নিয়ে মিটিঙ-মিছিলে হাজির হতেন, যারা মুখ্যমন্ত্রীর জীবনী লিখতেন, পায়ে ঘুঙুর বেঁধে ও গলায় হারমোনিয়াম ঝুলিয়ে যারা গণসংগীত গাইতেন তারাই শিক্ষা ক্ষেত্রে অধ্যক্ষ হিসাবে, উপাচার্য্য হিসাবে নিযুক্ত হতেন। আজকে অবস্থার পরিবর্তন ঘটেছে বন্ধু। এবং আমরা দেখেছি যে এই দীর্ঘ ৩৪বছরের অপশাসনে শিক্ষার মান একেবারে নীচুতে নেমে গেছে, একেবারে নীচুতে নেমে গেছে। আজকে

যে বিলটা এসেছে এর স্পিরিটটাই হচ্ছে একটা অন্য রকম স্পিরিট স্যার, এর উদ্দেশ্যটাই হচ্ছে অন্য রকম। উদ্দেশ্য হচ্ছে যে আমরা চাইছি যে শিক্ষার মানটা উঁচুতে উঠুক। শিক্ষার একটা জায়গা হোক। একসময় আমরা বলতাম যে What Bengal thinks today India thinks tomorrow. আজকে অবস্থাটা হয়েছে কি? শিক্ষার দিক থেকে তো আমরা অনেক নীচুতে নেমে গেছি। আজকে আমি যে কথাটা বলতে চাইছি, আজকে যে বিলটা এসেছে এর স্পিরিটটাই হচ্ছে অন্য রকম। আমরা চাইছি শিক্ষার উন্নয়ন। এবং এই যে প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় এটাকে আমরা চাইছি,একটা centre of Academic Excellence. হয়ে উঠুক Centre of Academic Excellence. শুধু মাত্র ডিগ্রি দেওয়ার জন্যে নয়। শুধুমাত্র পাশ করবার একটা সার্টিফিকেট দেওয়ার জন্য নয়। অ্যাকচুয়ালি সেখানে লেখাপড়া হোক এবং সেখানে মানুষ তৈরী হোক, আমাদের উদ্দেশ্য হচ্ছে এটা। একেবারে বিলের শেষ পাতায় স্টেটমেন্ট অফ্ অবজেকটস অ্যান্ড রিজনস-এ এ কথাটা উল্লেখ করা আছে এবং এখানে প্রথম যে সেন্টেন্সটা, এখানে বলছে It has been the objective of the State Government to build the Presidency University into a Centre of Academic Excellence, এই হচ্ছে উদ্দেশ্য এবং এই উদ্দেশ্য নিয়েই কিন্তু এই বিলটা প্রবর্তিত হয়েছে। আবার আপনারা দেখুন একেবারে প্রথম দিকে প্রস্তাবনা। Preamble আমরা যেটাকে বলি। একটু আগে আশিসবাবু সে কথাগুলো ব্যাখ্যা করে গেছেন এবং এখানেও কিন্তু আমরা ঠিক এই কথাটা দেখতে পাচ্ছি যে প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয়ের কাজ হবে কি? না এরা, একটা centre of Excellence হিসাবে তারা কাজ করবে এবং এখানে লক্ষ্য করবেন একটা জিনিস As a Centre of Academic Excellence C কথাটা বড় হাতের, A কথাটা বড় হাতের, E কথাটা বড় হাতের। অর্থাৎ এই যে 'C A E' এর ওপর একটা গুরুত্ব দেওয়া হচ্ছে। এবং আমরা সেই কথাটাই আমরা এখানে বলতে চাইছি। ম্যাডাম, আমরা দেখছি যে-কোন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য হচ্ছেন একটা অপরিহার্য অঙ্গ এবং আগের যে বিল-এর উপাচার্য কি করে নিযুক্ত হবেন এসমস্ত আলোচনা করা রয়েছে; কিন্তু একটা জিনিস তাতে উল্লেখ হয়নি, আমার কাছে বিলটা আছে, এখন উপাচার্য হতে গেলে যোগ্যতা কি? এনিয়ে কিন্তু এখানে কোন উল্লেখ নেই আগের বিলটায়। যোগ্যতা অবশ্য একটাই, যোগ্যতা আলিমুদ্দিন স্ট্রীট যা ঠিক করে দেবে সেটা হবে। মুখ্যমন্ত্রীর জীবনী লিখলে হবে, গণসঙ্গীত গাইতে পারলে হবে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এই বিলে একেবারে স্পষ্টাক্ষরে বলে দেওয়া হচ্ছে The Vice-Chancellor shall be a distinguished academic with proven competence and integrity, একেবারে স্পষ্ট করে সেখানে উল্লেখ করা হচ্ছে এবং সেখানে বলা হচ্ছে শিক্ষাগত একটা যোগ্যতা চাই। এ কথাও সেখানে উল্লিখিত হয়েছে। সুতরাং একটা কোন রাজনৈতিক দলের ইচ্ছে হল আমি একজনকে উপাচার্য করে হাজির করে দিলাম এই জিনিস কিন্তু সেখানে হবে না। এটা গেলো একটা কথা। আর একটা জিনিস। যে উপাচার্য, কিভাবে তিনি নিযুক্ত হবেন? না রাজ্য সরকার Search Committee, তৈরী করে দেবে। Committee তিনজনের নাম স্থির করে দেবে। রাজ্যপাল তার থেকে একজনকে স্থির করে নেবেন। বলা হচ্ছে বিলে, যে While preparing the panel the Search Committee must give proper weightage to academic excellence, শিক্ষা ওপরে একটা weightage দেবে। exposure to the higher education system in the country and abroad

and adequate experience in academic and administrative governance. সুতরাং আমরা এর থেকে বুঝতে পারছি, যে এখানে রাজনীতির সঙ্গে কোন সম্পর্ক নেই। একমাত্র শিক্ষাগত যোগ্যতা, এটা হচ্ছে এক নম্বর কথা। আমাদের উদ্দেশ্য হচ্ছে শিক্ষার excellence আমরা চাইছি। এই হচ্ছে উদ্দেশ্য। আর কি? আমরা উল্লেখ করলাম যে Search Committee, এর মেম্বার কারা হবেন? এদের যোগ্যতা কি? এখানেও সেই একই কথা। আলিমুদ্দীন স্ট্রীটের কোন নেতার কথায় স্থিরীকৃত হবে না। Search Committee -র মেম্বার হবে ঐ সমস্ত Members shall be persons of eminence in the sphere of higher education. শিক্ষা ক্ষেত্রে যাদের যোগ্যতা আছে, একমাত্র এরাই হবেন সেই Search Committee-র মেম্বার।

[5·00–5·10 p.m.]

আর উপাচার্য তাকে অপসারণ করবার জন্য বন্দোবস্ত হয়েছে এবং বলাছেন উপাচার্য ইনি হবেন Insane and adjuged by competent court to be of unsound mind। এখন এগুলো হতে হবে, তাকে সুস্থ মস্তিষ্কের লোক হতে হবে। এখন এগুলো আছে। একটু আগে হইচই হচ্ছিল, mentor group নিয়ে। তা হইচই করার তো কিছু নেই। আমরা আগেই উল্লেখ করছি, যে এর উদ্দেশ্য হচ্ছে উৎকর্ষ। উৎকর্ষ বৃদ্ধি করা, excellence এবং এই জন্যেই যোগ্য লোকরা সেখানে আসবেন, যোগ্য লোকরা সব কিছু স্থির করে দেবেন এবং তাদের advise এটা আমাদের কাছে অত্যন্ত অপরিহার্য বিষয় একটা। এককালে আমার কলকাতা বিশ্ববিদ্যালয় ছিল। স্যার আশুতোষ মুখার্জী, whole India-র বিখ্যাত মানুষজন সেখানে আসতেন। আমরা চাইছি, আজকে যে Presidency বিশ্ববিদ্যালয় আজকে বাংলার শিক্ষার হাল যা হয়েছে—একটু উন্নত হোক না অবস্থাটা, একটু উন্নত হোক। আমরা দেখেছি এম.এ. পাশ ছেলে, শুদ্ধ করে ইংরাজী লিখতে পারে না। এখনও অবস্থাটা এই হয়ে দাঁড়িয়েছে, বাংলারও ওই একই অবস্থা হয়ে দাঁড়িয়েছে। তাই আমরা চাইছি Standardটা উন্নত হোক। এটা হচ্ছে একটা গুরুত্বপূর্ণ বিষয় এবং এই সমস্ত মানুষজনদের যে উপদেশ—এগুলো তো আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়া যেখানে যেখানে অধ্যাপক চাওয়া হবে, এদের ভেতরে distinguished professors এরা আছেন, heritage professors আছেন, অর্থাৎ সমস্ত দেশ থেকে, বিদেশ থেকে—যারা উল্লেখযোগ্য শিক্ষা ক্ষেত্রে, এদেরকে আনা হবে না? এর অসুবিধাটা কোথায়? আসলে আমার বাংলার শিক্ষার হার উন্নত হবে, বাংলা আবার পুনর্জ্জীবিত হবে—এগুলো তো আমরা চাইছি এবং আমি মনে করি যে আমাদের সবার উচিত যে এটাকে সর্বতো ভাবে সমর্থন করা। এবং এই বিলকে সর্বতোভাবে সমর্থন করছি। ধন্যবাদ।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয়া অধ্যক্ষা মহোদয়া, আমরা যে বিলটা নিয়ে আজকে আলোচনা করছি presidency University Bill, এর objectives-এ বলা আছে, অনেকে উল্লেখও করেছেন to make it a centre of academic excellence। আজকে আইন করে করতে হচ্ছে। Amjab সাহেব বলেছেন, যে presidency আগেও centre of academic excellence ছিল। সেই অবস্থা থেকে পশ্চিমবঙ্গের শিক্ষার পরিবেশ এমন জায়গায় এসেছে—যার জন্য হোক না ভাই, তার জন্য আমরা সবাই দায়ী, আমরা সবাই দায়ী। যার জন্য আজকে একটা

আইন করে centre of academic excellence করতে হচ্ছে প্রেসিডেন্সিকে। প্রেসিডেন্সি আজকের নয় দীর্ঘদিনের। আমার মনে হয় পশ্চিমবঙ্গের প্রতিটি student যারা শিক্ষা নিয়েছেন, তাদের প্রত্যেকের একটা desire ছিল যে আমি প্রেসিডেন্সিতে পড়ব, প্রেসিডেন্সিতে পড়ব। এইরকম একটা অবস্থা। আমার তো ছিলই। পারি নি কেন না, একেবারে এক কোণে, পশ্চিমবঙ্গের এক কোণ থেকে পাশ করেছি—স্কুল তার পরে সেখান থেকে এসে পড়ার সুযোগ ছিল না, আর ফার্স্ট ডিভিশানেও পাশ করিনি তখন। সে আশা পূরণ করেছি আমার মেয়েকে দিয়ে, আমার মেয়েকে পড়িয়েছি। এই ধরনের একটা institution, সেই institution কে আমরা এমন জায়গায় নিয়ে গেছি, এবং শুধু একটা institution নয়, আজকে প্রত্যেকটা institution বোধ হয় পশ্চিমবঙ্গের এই অবস্থা এসেছে। যার জন্য আমাদের centre of academic excellence করার জন্য আইন করতে হচ্ছে। আইন মানে university মধ্যে কতকগুলো জিনিস ঢোকাতে হচ্ছে, special, সেগুলো আমি পরে আসছি। merit-এর কথা এসেছে। ম্যাডাম শশী পাঁজা খুব ভাল ভাবেই merit এর কথা বলেছেন, মেধার কথা বলেছেন । Merit এবং মেধার কথা বলতে গিয়ে নিশ্চয় তিনি মনে রেখেছেন আসল হচ্ছে পরিবেশটা এবং এই merit মেধার কথা বলতে গিয়ে আপনারা নিশ্চয় জানেন, যে Indira Sahani Vs. Government of India মন্ডল কমিশনে বিখ্যাত কেসে। জাসটিস কৃষ্ণা আয়ার যে কথা বলেছিলেন মেরিট আর মেধা নিয়ে যেগুলো মনে করার মতো সেই গুলো মনে রাখার মতো, সেইগুলো চর্চা করার মতো। এই যে অবস্থা সেই অবস্থার মধ্যে এই যে আইনটা হচ্ছে Presidency University Bill, এই বিলে কতকগুলো বিশেষ কিছু প্রভিশান রাখা হয়েছে যাতে এটাকে একটা Centre of Academic Excellence করা যায়। স্বাভাবিক ভাবে সেই বিষয় গুলো কী? অধ্যাপক আশীষ ব্যানার্জী উল্লেখ করেছেন যে ডিসটিংগুইস প্রফেসার, হেরিটেজ প্রফেসার ৫জন ডিসটিংগুইস প্রফেসার থাকবেন, ১৫জন হেরিটেজ প্রফেসার থাকবেন, তাঁরা কি ভাবে নির্বাচিত হবেন সেই প্রভিশান গুলো রয়েছে। এখানে সাধারণ অন্যান্য ইউনিভারসিটির ক্ষেত্রে কাউন্সিল, একজিকিউটিভ কাউন্সিল সেই গুলোর পরিবর্তে এখানে গভর্নিং বোর্ড, একটা Governing board -এর প্রভিশান রাখা হয়েছে। সেই Governing board-এ চ্যানসেলার আছেন, ভাইস চ্যানসেলার আছেন, আরো অনেক ব্যক্তিত্ব আছেন, সরকারী কর্মচারী আছেন সেক্রেটারী লেভেলের। এই নিয়ে একটা Governing board তৈরী করে একটা ভাল ইন্সটিটিউশান করার ব্যবস্থা এখানে হয়েছে। এখানে যে বিশেষ যে বিষয়গুলো আমাদের সৃষ্টি আকৃষ্ট করে সেই গুলো হচ্ছে করপাস ফান্ড। প্রেসিডেন্সীর জন্য একটা করপাস ফান্ড তৈরী করা হয়েছে। প্রেসিডেন্সীর সব বিখ্যাত মানুষ সারা পৃথিবীতে রয়েছেন। তারা অনেক বড় হয়েছেন, তাঁরা প্রচুর টাকা পয়সা ইনকাম করেছেন, করছেন সুতরাং তাদের কাছ থেকে যদি ডোনেশানস পাওয়া যায়, তাদের কাছ থেকে যদি কিছু গ্রান্ট পাওয়া যায়, সাবক্রিপশান্স পাওয়া যায় সেইগুলো থেকে তৈরী হচ্ছে করপাস ফান্ড। সেই করপাস ফান্ড থেকে অবশ্যই করা যেতে পারে যে বহু রিসার্চের জন্য, বিভিন্ন প্রোজেক্টের জন্য, সমস্ত কিছুর জন্য প্রচুর টাকা পয়সা খরচ করা যেতে পারে। যে উদ্দেশ্যটা এখানে বলা হয়েছে যে Centre for Academic Excellence সেই একাডেমিক একসেলেন্স তৈরী করার জন্য একটা করপাস ফান্ড। আমি বলবো খুবই ভাল উদ্যোগ, এই উদ্যোগের মাধ্যমে প্রেসিডেন্সী বিশ্ববিদ্যালয় কিছু টাকা পেতে পারবে এবং সেই দিয়ে তারা ভাল কাজগুলো করতে পারবে। এখানে আছে Faculty Research and

Professional Development Fund. অনেক উল্লেখ করেছেন Faculty Research and Professional Development Fund এবং সেই ফান্ড থেকে ফ্যাকালটিকে তার রিসার্চ করার জন্য, তার ল্যাবটপ কেনার জন্য এখানে ল্যাবটপ কেনার জন্য বিশেষ ভাবে উল্লেখ করা আছে—অর্থাৎ equipments ক্রয় করার জন্য যাতে তারা বেসিক সাইন্সে এখানে দুটি কথা খুব সুন্দর আছে একটা হচ্ছে basic science and humanities। এখানে অধ্যাপক মহাশয় বলেছেন, এখন এমন অবস্থা এম.এ. পাশ করে, ইংরাজী লিখতে পারে না। স্যার, আমার যেহেতু অনেকের সংগে পরিচয় আছে, একটু লেখা-টেখা করি, অনেকের কাছ থেকে লেখা-টেখা নিয়ে অনেক কিছু করি, আমি দেখি অধ্যাপকরাই ইংরাজী লিখতে পারে না। এক পৃষ্ঠা লিখতে গিয়ে কি অবস্থা হয়েছে। শাহজাহান সাহেব হাসছেন, এই অবস্থা করেছেন আপনারা। এই অবস্থা আপনারা করেছেন। ইংরাজী তুলে দিয়েছেন। ইংরাজী তুলে দিয়ে কি সর্বনাশ করেছেন সেটা এখন স্বীকার করছেন আপনারা যে, কি আমরা সর্বনাশ করেছি। ইংরাজী তুলে দেওয়া ঠিক হয়নি। এই ইংরাজী তুলে দিয়ে, শুধু ইংরাজী তুলে দেওয়া নয়, বাংলা কোথায়? কে বাংলা লিখতে পারে, কে বাংলা পড়তে পারে? এমন অবস্থা। সেই যে অবস্থাটা সৃষ্টি হয়েছিল সেই অবস্থার অবসান করা দরকার। অবশ্য এটা ঠিক শুধুমাত্র প্রেসিডেন্সী দিয়ে তো আর হবে না, সবার উন্নতি করতে হবে, সব জায়গাতেই এই যে ইমপ্রুভমেন্টটা সেই ইমপ্রুভমেন্টটা আনতে হবে। কিন্তু সেই ইমপ্রুভমেন্ট আনার জন্য যে পরিবেশ তৈরী করা সেটা অবশ্যই করতে হবে। তবে হ্যাঁ সবকিছুর মধ্যেই যেহেতু প্রেসিডেন্সী এক সময় Centre of Excellence ছিল সেটা আবার centre of Excellence করার জন্য এই যে উদ্যোগ নেওয়া হয়েছে তার জন্য সাধুবাদ জানাই।

[5·10–5·20 p.m.]

কিন্তু এই ক্ষেত্রে আমি আপনাকে একটা সাবধান বাণী বলছি। এই যে টাকা আপনারা ফ্যাকাল্টি মেম্বার্সকে দেবেন, নিশ্চয়ই আপনাদের জানা আছে, এই সদনেও অনেকবার আলোচিত হয়েছে, ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে আরম্ভ করে সমস্ত ইউনিভার্সিটির অধ্যাপকরা অ্যাডভান্স নিয়েছেন, অ্যাডজাস্টমেন্ট দেন নি। লাখ লাখ টাকা অ্যাডভান্স নিয়েছেন, অ্যাডজাস্টমেন্ট দেন নি। আমি প্রিন্সিপ্যাল সেক্রেটারী এগ্রিকালচার হিসাবে দেখেছি—এই বিধানচন্দ্র কৃষি বিদ্যালয়, কোচবিহার কৃষি বিশ্ববিদ্যালয় ঠিক একই অবস্থা। কাজেই সেটা টাইমলি ইনসিওর করবেন। সেই সিস্টেমটাকে যাতে ডেভেলপ করা যায়, সত্যিকারের যে টাকা নিচ্ছে সেটা খরচ হয় এবং তা দিয়ে রিসার্চ হয়, তা দিয়ে ঠিক মত ইক্যুইপমেন্টস কেনা হয়। স্যার, আরেকটাও আছে যেটা একটা প্রভিসান—মুভিং এক্সপেন্স, এটা কোথাও নেই। এই মুভিং এক্সপেন্সের মাধ্যমে বলা আছে যারা রিক্রুটেড হবেন ফ্রম আউট সাইড ইন্ডিয়া, তাদের খরচা দেওয়া হবে। স্যার, আপনার কাছে আমি একটু ক্ল্যারিফিকেশানটা চাইব। এই মুভিং এক্সপেন্সে যে ওয়ান টাইম দেওয়া হবে, সেই ওয়ান টাইমের ব্যাপারটা কি করে হবে, সেটা যদি দয়া করে একটু বলেন। আরেকটা জিনিস আমি আপনাকে অনুরোধ করব, যে সমস্ত প্রভিসানে ইন কনসালটেসন আছে, এক জায়গায় আছে in consultation with Chancellor, আর এক জায়গায় আছে in consultation with the Minister, in consultation ব্যাপারটা নিয়ে আমার তিক্ত অভিজ্ঞতা আছে। কোচবিহার বিশ্ববিদ্যালয়ে ভাইস চ্যান্সেলর ঠিক করার জন্য কাউন্সিল থেকে ১, ২, ৩ নম্বর হয়ে এল, তৎকালীন

মাননীয় চ্যান্সেলর বললেন যেহেতু মিনিস্টার ইনচার্জের সঙ্গে ইন কনসালটেশনের ব্যাপার আছে, সুতরাং মিনিস্টার ইন চার্জ যেটা বলছেন সেটা আমি মেনে নিচ্ছি। তিন নম্বরকে দিলেন। আর কোচবিহার কৃষি বিশ্ববিদ্যালয় সেই ভাইস চ্যান্সেলর ভদ্রলোকের জন্য একবারে সর্বনিম্ন স্তরে, আপনারা দেখেছেন বারবার করে, কোরাপসানের শেষ ছিল না, এখানে কিছু কাজকর্ম হত না, লেখাপড়া হত না, কাজেই ইন কনসালটেশনের ব্যাপারটা খুব কিন্তু টাচি ব্যাপার। মিনিস্টার ইনচার্জ, আপনি ইন কনসালটেশন, আপনাকে কনসালটেশন করছে। আপনি হয়ত ভাল মানুষ, ঠিকই করলেন। কিন্তু এমনও হতে পারে যে এমন মত দিলেন অবস্থা কাহিল হয়ে গেল। আমি এই ইন কনসালটেশনের ব্যাপারটা নিয়ে আপনার কাছে অনুরোধ করব এটা একটু দেখে নেবেন। ভাইস চ্যান্সেলর বলছেন, এই একটা জিনিস আপনার নজরে নিয়ে আসছি। ভাইস চ্যান্সেলর হয়ত তিন মাস পরে, পাঁচ মাস পরে অথবা ছয় মাস পরে মারা গেলেন। গড করুন সেটা যেন না হয়, যদি কোন কারণে ভ্যাকান্সিটা হয়, তখন কিন্তু সেই সার্চ কমিটিতে নয়, তখন সেই সার্চ কমিটি, যে সার্চ কমিটি নিয়ে আমরা এত কথা বলছি, যে সার্চ কমিটিতে গর্ভনরের নমিনি, গভর্নিং বোর্ডের নমিনি, যেখানে চ্যান্সেলরের নমিনি, তাই দিয়ে সার্চ কমিটি হবে। কিন্তু ছ'মাস পরে একটা ভ্যাকান্সি হল, তা ফিল-আপ করার জন্য চ্যান্সেলর in consultation with the Minister অর্থাৎ মিনিস্টার ইনচার্জ যাকে বলবেন, তাকে ভাইস চ্যান্সেলর করে দিলেন। সেই ছ'মাস পরে সাড়ে চার বছর ওই চলল। এমনও হতে পারে। কাজেই স্যার, এই বিষয়গুলো বোধ হয় মনে রাখা দরকার। আপনি যে উদ্যোগ নিয়েছেন, সেই উদ্যোগকে অবশ্য সাধুবাদ জানাব। প্রেসিডেন্সি ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি একটা সত্যিকারের Centre of academic excellence গড়ে উঠুক। পরবর্তীকালে তাকে দেখে দেখে আস্তে আস্তে ধাপে ধাপে আমরা পুরো পরিবেশটাকে নিয়ে আসি। এটা আপনারা ইনসিওর করুন। শুধু ইনসিওর করবেন, প্লিজ ইনসিওর। আপনি তো অনেকগুলো সাবস্টিটিউশান করেছেন, So Alimuddin Street should not be substituted by Kalighat. Please thank you very much.

শ্রী ব্রাত্য বসু : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, The Presidency University (Amendment) Bill, 2013 আজকে এই মহতি সভায় পেশ করা হয়েছে। সংশোধনী বিল এই কারণেই যে, প্রেসিডেন্সি কলেজ আমরা জানি যে, এটা দীর্ঘ ঐতিহ্যপূর্ণ কলেজ, যেটি বিশ্ববিদ্যালয় উন্নীত হয় ২০১০ সালে। তৎকালীন সরকার সেটা নিয়ে একটি বিল করে। আমরা তার থেকে আরও কিছু অ্যামেন্ড করে, কিছু পরিবর্তন ঘটিয়ে, পরিবর্তনের পর চেহারাটা এ রকম যে, এক নম্বর কথা হচ্ছে যে, এখানে একটা মেন্টর গ্রুপ নিয়ে আসা হয়েছে। যার সংখ্যা ৭থেকে ৯ জন সদস্য থাকবেন এবং তাদের মধ্যে একজন চেয়ারপার্সন থাকবেন। দ্বিতীয়তঃ ১৫জন হেরিটেজ প্রফেসর পদ, অধ্যাপক পদ সৃষ্টি করা হয়েছে এবং তৃতীয়তঃ ঐ কোর্ট এবং কাউন্সিল যেমন অন্যান্য ইউনিভার্সিটিতে থাকে সেটা এই বিশ্ববিদ্যালয়ে না রেখে একটি মাত্র যেহেতু ছোটো ইউনিটারি ইউনিভার্সিটি, একটি গভর্নিং বডি। তাকে অথোরাইজ করা হয়েছে। মূলতঃ এই তিনটি বড় পরিবর্তন, আরও কিছু কিছু ছোট আছে। সেটা নিয়ে সবাই বলেছেন। যেটা সুখবিলাসবাবু বললেন, মাননীয় বিধায়ক এই Centre of Excellence এটা তো আগেই ছিল, জনাব আমজাদ হোসেনও বলেছেন। আমরা বলছি না যে, ছিল না। একেবারেই ছিল না। আমরা যদি ২০১০ সালের এ্যাক্টটা দেখি তাহলে লাইনটা এরকম ছিল' to function more efficiently as a teaching,

training and research centre.'সেই লাইনটা পাল্টিয়ে আমরা করছি to function more efficiently as a centre of academic excellence in respect of teaching' অর্থাৎ এটাকেই আইনি, এটাকেই স্বীকৃতি দেওয়া হচ্ছে। আরও এরকম প্রচুর পার্থক্য, কিছু কিছু পার্থক্য করা হয়েছে। কিন্তু মোটামুটি ২০১০ সালের যে বিল সেটাকে আরও আমরা সূচীমুখ করতে চেয়েছি এক্সপেরিমেন্ট। ঠিক বলেছেন শ্রীবর্মা যে, এটাকে আমরা নীরিক্ষা কেন্দ্র হিসাবে দেখছি। পরবর্তী ক্ষেত্রে এই নীরিক্ষা কেন্দ্র-এ যদি নীরিক্ষার চর্চা সফল হয় তাহলে নিশ্চয় পরবর্তী ক্ষেত্রে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও যেটা আমরা একই জিনিস প্রয়োগ করে দেখব। কিন্তু কথা হচ্ছে যে, এটা নিয়ে যে আলোচনা-টালোচনা হ'ল সেটার মধ্যে আমাকে খানিকটা বিস্মিত করেছেন জনাব আমজাদ হোসেন। কারণ, আমি জানি না যে, নিয়ম কি বলে—আমি সভায় নতুন, যখন কেউ চলে যান, কথা বলে একটা কোটার উপর উত্তরের সময় তার থাকার নিয়ম কিনা জানি না। .... (গোলমাল) .... যাই হোক, হয়তো আছে। নিশ্চয় আছে। দেখতে পাচ্ছি না, এই আর কি। যেটা উনি বলেছেন, মেনটর গ্রুপকে—খুব অবাক লাগল, মেনটর গ্রুপকে উনি বলেছেন, বিদেশি সাম্রাজ্যবাদী শক্তি। আমার খুব ভাবতে অবাক লাগে, অমর্ত্য সেন, সুগত বসুর মত মানুষ, আমি জানি না, কেনই বা তারা বিদেশি হবেন। আর কি করেই বা তারা সাম্রাজ্যবাদী শক্তি হন। হ্যাঁ, ন্যাশনাল লাইব্রেরির ডিরেক্টর স্বপন চক্রবর্তী তারা সাম্রাজ্যবাদী বিদেশি। আমার মনে হয় এই দেশি-বিদেশি এই যে ওনাকে আমার একটু জিজ্ঞাসা, সবার কাছেই আমার জিজ্ঞাসা আমরা তো জানি যে, ভারতের কমিউনিস্ট পার্টি, মার্কসবাদী—মার্কস দেশি না বিদেশি? এটা আমার খুব জানতে ইচ্ছে করে। দ্বিতীয় কথা তারপরেও বলব যে, বিদেশি মানেই বর্জ্যনীয় নয়। আমাদের মত হচ্ছে, মার্কসও পড়বো, গান্ধীও পড়বো, শুধু মার্কসই পড়বো না। আমাদের মত হচ্ছে, রবীন্দ্রনাথ পড়বো, কীটসও পড়বো, শেক্সপীয়ারও পড়বো, কালিদাসও পড়বো সবই পড়তে হবে, সবই জানতে হবে। ফলে এ রকম দেশি-বিদেশি আর অমর্ত্য সেনের মত মানুষ নোবেল লরেট তিনি আমার মনে হয় না দেশি-বিদেশি এইভাবে সংজ্ঞায় তাকে সংজ্ঞায়ীত করা যায়। এটা যেন অবমাননা। আমার মনে হয়, এই ধরনের কথা বলার আগে সতর্ক থাকা উচিৎ। .... (গোলমাল) ..... মেনটর গ্রুপ নাম করে বলেছে। মেনটর গ্রুপ বলেছে, নাম করে মেনটর গ্রুপ। (গোলমাল) ...... যাইহোক, আমার মনে হয়, এটা ঠিক নয়। এই কাজটা মেনটর গ্রুপ করবে। দ্বিতীয় কথা আর একটি বলেছেন যে. ইউ. জি. সি—ডাঃ মিশ্র এখানে আছেন, আগেও ইউ. জি.সি-র অ্যামেন্ডমেন্টের কথা বলেছেন। কিন্তু তখনও একই উত্তর দিয়েছিলাম। আবার এই সভায় দাঁড়িয়ে বলছি যে, সার্চ কমিটির ক্ষেত্রে ইউ.জি. সি শুধু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে নয় ইউ.জি. সি জানিয়ে দিয়েছে যে, সারা ভারতবর্ষে কোন বিশ্ববিদ্যালয় তারা উপাচার্য নিয়োগের ক্ষেত্রে কোন নমিনি দেবে না। এই পরিবর্তনগুলো করতেই হয়েছে আমাদের। এটা করার দরকারও ছিল। আমার মনে হয় যে আমি যে পরিবর্তনগুলো বললাম যে, অর্থাৎ পাঁচটি distinguished professor এবং ১৫টি হেরিটেজ অধ্যাপক পদ এবং সার্চ কমিটির মাধ্যমে উপাচার্য এর নিয়োগ এবং উপাচার্যের ক্ষমতা, কার্যাবলী ইত্যাদি যে একই University Act. এটা মোটামুটি ২০১০ সালের যে এ্যাক্ট সেটা বিগত সরকারের অভিপ্রায় অনুযায়ী সেই এ্যাক্ট তৈরী হয়েছিল।

[5·20–5·30 p.m.]

আপনারা জানেন আমরা আসার পর, প্রথমে অর্ডিন্যান্স করি এবং সমস্ত বিশ্ব-বিদ্যালয়ই,

রাজ্যের বাকি যে ১৫টি বিশ্ব-বিদ্যালয় আছে, মানে আমাদের দপ্তরের অধীনে, তার প্রত্যেকটা ক্ষেত্রেই আমরা এই বিল নিয়ে আসি, প্রেসিডেন্সি বাকি ছিল। প্রেসিডেন্সি নিয়ে আমাদের মনে হচ্ছিল, এটা যদি সত্যিকারের উৎকর্ষ কেন্দ্র হিসাবে গড়ে তুলতে হয় তাহলে কীভাবে হবে, এই 'হেরিটেজ অধ্যাপক', তার সঙ্গা কী হবে? ঐ ওখানে যাঁরা পড়াচ্ছেন তাঁদের মধ্যে থেকে কেউ 'হেরিটেজ অধ্যাপক' হতে পারেন কিনা। এই রকম মেন্টর গ্রুপের যিনি চেয়ারম্যান তাঁদের সঙ্গে আমাদের আলাপ চলছিল, যে আলোচনার কথা মাননীয় বিরোধী দলনেতা মাঝে মাঝেই বলেন, আলাপ করে, যার ফলে আমাদের আনতে একটু দেরী হল। কিন্তু আমার মনে হয় better late than never. এইটা আমাদের মনে হয়, যেটা আজকে আমি সুখবিলাস বর্মার কথা প্রসঙ্গে বললাম যে, এই নীরিক্ষা, যেটা আমরা করতে চাচ্ছি, আপনারা দেখবেন যে পরশুদিনই একজন পৃথিবী বিখ্যাত ব্যক্তি, scholar, তিনি বলেছেন প্রেসিডেন্সি ইউনিভার্সিটিতে তিনি এসেছিলেন এবং তিনি গিয়ে দেখেছেন যে এত কম বয়সী, সারা পৃথিবী থেকে পি.এইচ.ডি করে আসা, এত কম বয়সী তরুণ-তরুণী অধ্যাপিকা এবং অধ্যাপক প্রেসিডেন্সী ভরে গেছে এবং এমনভাবে ওখানে ক্লাস নেওয়া হচ্ছে, এমনভাবে চর্চা হচ্ছে যে তাঁর মনে হচ্ছে, এই পরশুদিনের গণমাধ্যমে পড়ছিলেন, তিনি তাঁর ঐ কলেজে পড়া বিগত যৌবনে ফিরে গেছেন "যেন মনে হচ্ছে সেই সোনালী দিনগুলো আবার ফিরে এসেছে"। ফলে আমার মনে হয় যে, তার নাম? নাম বলাটা হয়তো আমি জানিনা, একটু আগে নাম টাম নিয়ে কথা হচ্ছিল, নাম বলছি না।.....(নয়েজ) ... যদি বলা যায়, তিনি অভিজিৎ বিনায়ক বন্দ্যোপাধ্যায়। বোস্টনে পড়ান। যাইহোক এটা তাঁর মনে হয়েছে। তাঁর ব্যক্তিগত মত। কথা হচ্ছে, এইভাবে যদি আমরা চর্চা কেন্দ্রগুলো গড়ে তুলতে পারি, মনে রাখতে হবে যে, Centre of Excellence, এই ভাবে উৎকর্ষ কেন্দ্র এবং মেন্টর গ্রুপ, বিশেষ করে মেন্টর গ্রুপের যে গঠন, এটা নালন্দার পর আমাদের এখানে প্রথম হল। ফলে আমার মনে হয় প্রেসিডেন্সির ক্ষেত্রে যে পরীক্ষা এবং নীরিক্ষা আমরা চালাচ্ছি, যা অনেকাংশে সফল হয়েছে এবং আগামীদিনেও হবে। আপনারা বরং বলুন, সত্যিকারের একটা time span, তিনবছর বা চারবছর দেখার পর যদি এটা সফল হয় তাহলে আসুন আমরা সবাই মিলে অন্যান্য কোন কোন বিশ্ববিদ্যালয়, প্রান্তিক বিশ্ব-বিদ্যালয়গুলো সেখানে ইমপ্লিমেন্ট করা যেতে পারে কিনা অর্থাৎ কুচবিহারের বিশ্ব-বিদ্যালয় বা সিধু-কানু বিশ্ব-বিদ্যালয়। সেটা যদি আমরা করতে পারি পরবর্তী ক্ষেত্রে, এই নীরিক্ষা যদি আমাদের সফল হয়, সেটা আপনারা চান, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that The Presidency University (Amendment) Bill, 2013 be referred to the Select Committee.

As many as are of that opinion will please say 'Aye' as many as are of the contrary opinion please say 'No'. Noes have it, Noes have it.

The question before the House is that The Presidency University (Amendment) Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it.

Clauses 2 to 6

Mr. Speaker : There is no amendment to Clauses 2 to 6. So, I put to vote clauses 2 to 6 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary opinion will pleases say 'No'.

Ayes have it. Ayes have it.

There is amendment No. 2 to clauses 7 by Dr. Tarun Kanti Naskar. I now call upon Dr. Naskar to move his amendment.

শ্রী তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রেসিডেন্সী ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিলে বহু নতুন সুযোগ-সুবিধা দেওয়া হয়েছে যেটা অন্য বিশ্ব-বিদ্যালয়ে নেই, বিশেষ করে এখানকার ভাইস চ্যান্সেলরকে দেওয়া হয়েছে। ফলে আমি একটা প্রতিনিধিত্বমূলক অ্যামেন্ডমেন্ট এখানে এনেছি যাতে করে অন্য বিশ্ব-বিদ্যালয়েও একই রকম সুযোগ-সুবিধা দেওয়া যায়।

I beg to move that in clause 7 in sub-section 3 of proposed Section 8 of the Principal Act, in lines 2 and 3 for the words "as the Chancellor may decide in consultation with the State Government". the words "Ministry of Human Resources Department, Union Government and the University Grants commission recommend them from time to time" be substituted.

Shri Bratya Basu : Not accepted, Sir,

Mr. Speaker : The question before the House is the amendment no. 4 moved by Dr. Tarun Kanti Naskar. As many as are of that opinion, will please say "Aye" As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Now the question before the House is that Clause 7, do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Ayes have it, ayes have it.

Clauses 8–38

Mr. Speaker : There is no amendment to clauses 8 to 38. The question before the House is that Clauses 8 to 38 do stand part of

the Bill. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

[5·30—5·40 p.m.]

Shri Bratya Basu : Madam Deputy Speaker, I beg to move that the Presidency University (Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the Bill, as settled in the Assembly, be passed. As many as are of that opinion, will please say "Aye". As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

The West Bengal Co-operative Societies (Amendment and Validation) Bill 2013

And

The West Bengal Co-operative societies (Second Amendment) Bill, 2013.

Shri Shankar Chakraborti : Sir, I beg to introduce the West Bengal Co-Operative Societies (Amendment and Validation) Bill, 2013 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

STATEMENT UNDER SUB-RULE(1) OF RULE 72 OF THE RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS IN THE WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY EXPLAINING THE CIRCUMSTANCES WHICH HAD NECESSITATED IMMEDIATE LEGISLATION BY PROMULGATION OF THE WEST BENGAL CO-OPERATIVE SOCIETIES (AMENDMENT AND VALIDATION) ORDINANCE, 2013

- The tenure of Board of Directors of a Co-operative Society was three(3) years from the date of election of the Board under the provisions of the West Bengal Co-operative Societies Act, 1983.

- The West Bengal Co-operative Societies Act, 2006 came into force with effect from 18th January, 2011 whereby and whereupon the West Bengal Co-operative Societies Act, 1983 was repealed.

- Under the West Bengal Co-operative Societies Act, 2006, the tenure of Board of Directors of a Co-operative Society is five(5) years from the date of election.

- Accordingly, after coming into force of the West Bengal Co-operative Societies Act, 2006, a confusion arose as to what would be the fate of the Boards of Directors of different Co-operative Societies where elections were held under the West Bengal Co-operative Societies Act, 1983, that is to say, whether the tenure of the Boards of Directors of those co-operative societies would remain three(3) years or would be extended to five(5) years.

- To clarify this confusion as well as for certain other purposes specified in the Amendment Act, the West Bengal Co-Operative Societies (Amendment) Act, 2011 was enacted with effect from 6th February, 2012.

- After coming into force of the West Bengal Co-operative Societies (Amendment) Act, 2011 on 06.02.2012, Government officers named as Special Officers were appointed in more than one thousand and seven hundred of Co-operative Societies where the election of Boards of Directors were last held under the West Bengal Co-operative Societies Act, 1983, since repealed and three years had elapsed from the date of their respective elections, to manage the affairs of the societies and to constitute new elected boards. In more than 1500 Co-operative Societies, process of election were initiated under the supervision and Control of the West Bengal Co-Operative Election commission and new boards of directors were constituted in 784 Co-operative Societies.

• Some provisions of the said Amendment Act were challenged in W.P. No. 4009(W) of 2012 before the Hon'ble High Court at Calcutta. On 17.10.2012 Hon'ble High Court at Calcutta was pleased to strike down sub-clause (ii) of clause (a) of section 12 of the Amendment Act of 2011

• With the pronouncement of the Judgment on 17.10.2012, a question cropped up regarding authority of the Special Officers vis-a-vis the erstwhile boards. The validity and authority of the newly constituted boards became doubtful inasmuch as the validity of the elections itself became doubtful. This gave rise to chaos on a large scale. The Special Officers ceased to function owing to the Order passed by the Hon'ble High Court. Reportedly, in a number of co-operative societies, severe disputes and dissensions started taking place between the respective previous boards and the newly constitutited boards. Election Process came to a halt in around 800 Co-operative Societies in different stages. There were some societies where neither there was a board, nor the special officer functioning causing a total vacuum in the management of those Co-operative Societies.

• As a result, lending and recovery of agricultural loans were being hampered seriously. Reportedly, depositors were not getting their money back which could lead to law and order problems any moment. All development work in such Co-operative s were also being seriously hampered. In the absence of management in office, various important issues like inclusion of new members in co operatives payment of salaries to the employees of Cooperative Societiesw had become disrupted or stopped. From the afore-mentioned, it would be apparent that there was anarchy and mismanagement in the Co-operative Sector.

• In the interest of furtherance of Co-operative movement in democratic manner in West Bengal as well as to put an end to the prevailing stalemate and chatotic situation as stated in the foregoing paragraphs, the Government had felt in necessary to validate the provisions of the West Bengal Co-operative Societies (Amendment) Act, 2011 by amending the west Bengal Co-operative Societies Act, 2006 in the light of the observation made in the said judgment and Order dated 17.10.2012 of the Hon'ble High Court at Calcutta.

• In view of the aforesaid, the Government decided to remove the inconsistency pointed out in the Judgement and Order 17th

October, 2012. Since the West Bengal Legislative Assembly was not in session, it became necessary to introduce the amendments in the West Bengal Co-operative Societies Act, 2006 by way of promulgation of the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Ordinance, 2013 to put an end to the prevailing chaos and anarchy and for fostering developmental activities in the Co-Operative sector and also for facilitating loan disbursement to the indigent and farmers.

HAIDER AZIZ SAFWI
Minister-in Charge
Co-operation Department
Government of West Bengal

(Secretary then the Title of the Bill)

Shri Shankar Chakraborty : Sir, I beg to introduce the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013 and place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

STATEMENT UNDER SUB-RULE (1) RULE 72 OF THE RULES OF PROCEDURE AND CONDUCT OF BUSINESS IN THE WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY EXPLAINING THE CIRCUMSTANCES WHICH HAD NECESSITATED IMMEDIATE LEGISLATION BY PROMULGATION OF THE WEST BENGAL CO-OPERATIVE SOCIETIES SECOND AMENDMENT) ORDINANCE, 2013

• At present, co-operative societies in the State of West Bengal are governed by **the West Bengal Co-operative Societies Act, 2006** and the rules made there under.

• The Constitution (97th Amendment) Act, 2011 came into force with effect from **15.02.2012 Part LXB (Article 243ZH to Article 243ZT)** has been inserted in the constitution of India by the said Amendment of the Constitution of India. In the said Part IXB, provisions have been made, inter alia, specifying certain features regarding structure and functions of the Co-operative Societies in States.

• Article 243ZT of the Constitution of India as inserted by the Constitution (97th Amendment) Act, 2011 is as follows :

"Not with standing anything in this Part, any provision of any

law relating to co-operative societies in force in a state immediately before the commencement of the Constitution (Ninety-Seventh Amendment Act, 2011, which is inconsisitent with the provisions of this Part, shall continue to be in force until amended or repealed by a competent Legislature or other competent authority or until expiration of one year from such commencement, which ever is less."

• As per Article 243ZT of the Constitution there is a direction upon the State Governments to make the necessary amendments in the state Co-operative law within one year from the date of commencement of the constitution (97th Amendment) Act, 2011.

• Accordingly, it was necessary to amend suitably the West Bengal Co-operative Societies Act, 2006 so that there remains no inconsistency between the West Bengal Co-operative Societies Act, 2006 as amended there-to and the constitution (97th Amendment) Act 2011.

• Since the West Bengal Legislative Assembly was not a in session, it was necessary to introduce the amendments to be made in the West Bengal Co-operative Societies Act, 2006 by way of Promulgation of the West Bengal Co-operative Societies (Second Amendment) Ordinance, 2013.

HAIDER AZIZ SAFWI
Minister-in Charge
Co-operation Department
Government of West Bengal

(Secretary then read the Title of the Bill)

Mr. Speaker : I have received two notices of Statutory Resolution under Art. 213 clause 2 (A) of the Constitution of India disapproving the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Ordinance, 2013 and The West Bengal Co-operative Societies (Second Amendment) Ordinance, 2013 from Dr. Surjya Kanta Mishra today.

Both the Ordinances were laid before the House on 8th March, 2013. ডাঃ মিশ্র, ৮ই মার্চ আমরা একটা লে করেছি। এটা যদি আপনি আগে দিতেন আমাদের তো কিছু কিছু অ্যাপ্লিকেশানের দরকার আছে, সেটা আমাদের সুবিধে হত। However, Dr. Mishra may please move his two Resolutions.

Dr. Surjya Kanti Mishra : Sir I beg to move that this House

disapproveds the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Ordiance, 2013 (West Bengal) Ordinance No. 1 of 2013).

Sir, I also beg to move that this House disapproves the West Bengal Co-operative Societies (Second Amendment) Ordinance, 2013 (West Bengal Ordinance N. II of 2013).

স্যার, আপনি বলেছেন ঠিকই যে দিন লে' হয় সেদিন দিতে পারলে ভাল হত কিন্তু এত তাড়াতাড়ি এইসব হয় সেই জন্য সেটা নিয়ে কোন সন্দেহ নেই। কিন্তু আমি আপনাকে বলছি in view of part 9 (e) of the Constitution, in 2013, এই বছর যেটা ইনকর্পোরেট হয়েছে কন্সটিটিউশানে, সেই কন্সটিটিউশানের সঙ্গে এই অর্ডিনান্সগুলো ইনকনসিসটেন্ট- এটাই আমি বলতে চাইছি। আর একটা কেথা যে, রুল আমাদের আছে রুল- ৬৮।

মিঃ স্পীকার : আমি এগুলোতে পরে আসছি I will come to this later on. Let me go to the latter part of the procedure then I will decide.

I have received a notice of motion under rule 363 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assenbly from the Minister-in-Charge of the Co-operation Dept. The Minister may please move his motion.

Shri Shankar Chakravorti : Mr. Speaker, Sir, I beg to move that this house do suspend the proviso to rule 68 of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in its Application to the motion for taking into consiederation and passing of the West Bengal Co-operative Socieeties (Amendment and Validation) Bill, 2013 and the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013 in as much as these are dependent on each other.

Mr. Speaker : I Have received anonther notice of motions from Shri Prabodh Chandra Sinha opposing the motion for consideration of the West Bengal Co-operative Societies (Second amendment) Bill, 2013 under rule 68 of the Rules of Procedure and Conduc of Business in the West Bengal Legislative Assembly. Shri Sinha may please move his motion.

Shri Probodh Chandra Sinha : Sir, I beg to move the following motion :

"that the consideration of the West Bengal Co-operative Societies (Second amendment) Bill, 2013 (Bill no. 10 of 2013) is opposed under rule 68 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly since the said Bill cannot be considered and passes in the House untill the Bill "The West Bengal Co-operative Societies (Amendment and Validation) bill, 2013 (Bill No. of 2013) is passed and assented to by the Governor or the President as the may be."

Mr. Speaker : I put the motion moved by Shri Shankar Chakravorty the Misnister-in-Charge of Co-operation Department to vote. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

Dr. Surjya Kanta Mishra : Sir, we want division.

Mr. Speaker : The motion has been moved by him, the Hon'ble Minister, And I have put that motion to vote. However, as you are demanding division, I am allowing it.

Let the division bell ring.

.... (At this stage voter slips were distributed)....

[5.40 – 5.50 p.m.]

Ayes 111

Noes 46

Therefore, AYES have it, AYES have it.

The motion of Shri Probodh Chandra Sinha falls through.

Shri Shankar Chakraborty : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Bill, 2013 be taken into consideration.

Shri Shankar Chakraborty : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013 be taken into consideration.

Mr. Speaker : Under the well established parlimentary practices discussion on the statutory motion for consideration of the two bills will be taken up together.

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মিঃ স্পীকার স্যার, আমি কেন motion এনেছিলাম সে ব্যাপারে কিছু বলেছিলাম আর এই বিল আমাদের মাননীয় সদস্য শ্রী প্রবোধচন্দ্র সিনহা এই বিলটা Consideration, passing নিয়ে যে আপত্তি তুলেছিলেন আমাদের Rules of business-এর ৬৮ নম্বর ধারা বলে সেই নিয়ে এখানে সরকার পক্ষের motion সেটা জয়ী হয়েছে। কাজেই পার্লামেন্ট বা বিধানসভার সংখ্যাগরিষ্ঠ মত বা হয় সেটা মেনে নিতে হয়। আমরা মেনে নিয়েই আমি বলতে চাই যে, আমাদের কেন এই বিলটার বিরোধীতা করতে হচ্ছে এবং ordinance-টা আমাদের কেন disapprove করার কথা বলতে হচ্ছে। সংখ্যাগরিষ্ঠতা ওদের থাকবে তাই ওরা যা ইচ্ছা তাই পাস করতে পারবে... (গোলমাল)

Mr. Speaker : এটা গণতান্ত্রিক উপায়ে হচ্ছে। এটা ডেমোক্রেটিক্যালি হচ্ছে।

We are following all rules, procedure and discipline.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ..... (গোলমাল) আমি বলছি যে আপনার সংখ্যা গরিষ্ঠতা আছে আপনি একটা রুলকে সাসপেণ্ড করে আজকে করতে পারেন। ..... (গোলমাল)..... কিন্তু পয়েন্ট ইজ যে, এটা সংবিধান সম্মত হচ্ছে কি না। বিলটা, Ordinance-টা যখন এর আগেরবারে অ্যামেণ্ডমেন্ট হয় তখন আমরা বলেছিলাম যে, আপনি সমবায় সংস্থা গুলি পঞ্চায়েত, পৌরসভার মতন জোর করে দখল করতে চাইছেন তারজন্য এই অ্যামেণ্ডমেণ্ট এনেছেন। এবং আমি যা বলেছিলাম যে সংবিধান সংশোধন হয়ে গেছে। ২০১১ সালের আইন, ২০১২ সালে সংবিধান সংশোধনী আইন পার্ট ৯ B সংবিধানে যুক্ত হয়েছে এবং তারপরে রাষ্ট্রপতি স্বাক্ষর করেছেন। আর ২০১৩ সালে এখন সেটা সংবিধানে অংশ। আমরা তখনই বলেছিলাম যে যখন পার্লামেণ্টে এইরকম আইন পাশ করেছে, সংবিধানে সংশোধনী আইন, সংবিধানে একটা ধারা সেখানে যুক্ত হয়েছে, ঠিক যেমন পঞ্চায়েত, পৌরসভা এবং সমবায় কে অধিকার দেওয়া হয়েছে অটোনমি, পাঁচ বছর অন্তর নির্বাচন। এই সব অধিকার দেওয়া হয়েছে। যেটা সংবিধানে আগে সংশোধন করে দেওয়া হয়েছিল পঞ্চায়েত এবং পৌরসভাকে। আর্টিকেল ১৯ ফাণ্ডামেণ্টাল রাইট, যেখানে কথা বলবার স্বাধীনতা দেওয়া আছে, 19/1 A তে আছে অ্যাসোসিয়েশন, এক জায়গায় সমবেত হওয়ার অধিকার, দেওয়া আছে। আর C তে বলা ছিল যে ইউনিয়ন অ্যাসোসিয়েশন-এ এইসব তৈরি করবার অধিকার, সেখানে আর্টিক্যাল 19 সমবায় তৈরি করবার অধিকার এখন যুক্ত হয়েছে। সেখানে মেয়াদ বলে দেওয়া হয়েছে যে নির্বাচিত হলে পাঁচ বছরের জন্যে সেটা থাকে। ঠিকই ভাঙবার অধিকার যেমন পঞ্চায়েতে আছে, পৌরসভায় আছে, ভাঙতে হবে, ভাঙতে পারেন আপনি। কারণ কি দেখাতে হবে আপনাকে, নির্দিষ্ট ভাবে আইনে বলে দেওয়া আছে কারণ দেখিয়ে আপনাকে ভাঙতে হবে এবং ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে। যে রকম পঞ্চায়েত বা পৌরসভার বেলায় বলা আছে। এইসব কথা আমরা ডিবেটের

সময় বলেছিলাম। তারপরে এখানে পাশ হল। আচ্ছা স্যার, এটা আপনি জানেন, সবাই জানেন, আর সরকার তো জানেই যে এটা মহামান্য হাইকোর্টে চ্যালেঞ্জ হয়। চ্যালেঞ্জ হওয়ার পর, এই প্রথম অর্ডিন্যান্সটাও বিচারাধীন বিষয় এখন রয়েছে। সেখানে বলা হয় ১৭ অক্টোবর ২০১২ মহামান্য হাইকোর্ট যা রায় দিয়েছেন তাতে স্টাক ডাউন করা হয়। সেভিং ক্লজ যেটা ৬ (২) West Bengal Co-operative Society Act, সেভিং ক্লজ ছিল ৬(২), সেটাকে স্টাক ডাউন করা হয়। সেই অর্ডারে অনারেবল জাসটিস 36(a) যেটা সেটাকেও ultra vires article 14 of the Constitution, সেটাও স্টাক ডাউন হয়। এখন এই যে অর্ডার হয়েছে এটাকে Nullify করবার জন্যে এই অর্ডিন্যান্সটা আনা হয়েছে এবং অর্ডিন্যান্সে যা আছে এক নম্বর তাই আবার বিলে এখন আমরা দেখতে পাচ্ছি। এটা হচ্ছে এক নম্বর অর্ডিনেন্স, বিল নম্বর অর্থাৎ প্রথম যে বিলটা আছে সেই বিলটা নিয়ে আমি বললাম। দু নম্বর অর্ডিন্যান্স No. 2 of the 2013 যেটা এবমং যেটা West Bengal Co-operative Society Amendment-এর জন্য যে এখন সেকেণ্ড আর একটা বিল আনা হয়েছে সেটাও যদি আপনি দেখেন, সেখানে Section 8 & of the ordinance বলা হয়েছে যে, Section 36 (a) of the Principle Act যেটা প্রপোজ অ্যামেণ্ডমেন্ট, সেখানে বলা আছে, "or within a period of thirty six months from the date of their election where such election has been held before the date of commencement of this act" is unconstitutional as per verdict dated 17.10.12." I want this to be recorded. এই জন্য আমি কেবলমাত্র দাঁড়িয়েছি। নাহলে আমার কোন কথা বলবার নেই। পুরোপুরি বিরোধিতা আমাদের থাকছে। অনাবেল জাসটিস এটাও বলেছেন যে 97th Constitutional Amendment অনুযায়ী যেখানে আমি বললাম ৫ বছর বা ৭ মাস করা হয়েছে সমবায়ের সময়কাল, সেটা ম্যাণ্ডেটারি আফটার ১৩ ফেব্রুয়ারি। সেই জন্য এই পোর্শানটা আইনের সঙ্গে inconsistence হচ্ছে।

[5.50–6.00 p.m.]

এই যে যেটা বলা হচ্ছে। আমি আরও অনেকগুলো সেকসনের কথা বলতে পারি, কিন্তু আমি এরকম আলোচনার পক্ষে নই। আমি শুধু বলতে চাইছি, সরকার যা করছে, অর্থাৎ দুটো অর্ডিন্যান্স করেছে, একটা অর্ডিন্যান্সে হয়নি, দুটো অর্ডিন্যান্স করেছে, আমাদের আপত্তি সত্ত্বেও তখনবিল পাশ করেছে, আদালতে যা আদেশ আছে, এখনও পর্যন্ত বিচারাধীন বিষয়, সেটাকে নালিফাই করার জন্য আবার অর্ডিন্যান্স, অর্ডিন্যান্সের পরে তাকে বৈধতা দান করার জন্য আবার বিল, দুটো বিল আর সেই দুটো বিল, আমাদের রুল suspend করে, যেহেতু আপনাদের সংখ্যাধিক্য আছে, রুলস suspend করে তাই আপনি করছেন। নিশ্চয় করতে পারেন। নিশ্চয় করতে পারেন,

মিঃ স্পীকার : লোকসভায় অনেক উদাহরণ আছে, innumerable instance are there.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : I am not going for instances. I am saying the intention of the Government. I am after the intention of the Goverunnet. I do not challenge their authority. Why should I have voted ? Why should I have ? তাহলে আমরা ভোটে পার্টিসিপেট করতাম কেন ? Why should I have asked for Division ? I asked for the Division because he has the authority to move the motion. And the House has passed it. I said that we accepted it. কিন্তু the intention is, intention is to nullify the effect of the Constitution, Part 9 (b) of the Constitution that has come to be a part of the Constitution in 2013. এই বছর, এই ফেব্রুয়ারী মাসে, এটা মার্চ মাস আর আমরা আলোচনা করছি যখন সেই সময় এটা করবার জন্য। এটা উদ্দেশ্য প্রণোদিত এবং এই সমবায় ব্যবস্থাকে ধ্বংস করে এটা দখল করবার জন্য, এই চেষ্টার আমরা তীব্র বিরোধিতা করছি। এবং আমরা মনে করি এটা সংবিধান বিরোধী কাজ এবং সেইজন্য আমরা এর প্রতিবাদ করছি we boycott this discussion. We boycott this discussion. We boycott this discussion.

(At this stage Hon'ble members of the Opposition Bench walked out of the chamber)

Shri Samaresh Das : মাননীয় স্পীকার স্যার, সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী আমাদের সামনে দুটো বিল নিয়ে এসেছেন। একটা হচ্ছে amendment and validation bill, অপরটি হচ্ছে second amendment bill, 2013

মাননীয় উপধ্যক্ষা মহোদয়া, এই দুটো বিলকে একসঙ্গে আলোচনার অনুমতি আপনি দিয়েছেন। একটু আগে আমাদের এই পবিত্র সদনে কিছু নাটক আমরা দেখলাম। বিরোধী দলনেতা বললেন যে, আমাদের ইন্টেনশনটা কি ? রাজ্য সরকারের ইন্টেশন অতি ক্রিয়ার। ক্রিয়ার এই কারণে যে, যখন এই আইনটা হ'ল ২০০৬ সালে, সেটা কার্যকরী হয় ২০১০ সালে। ২০১০ সালে যখন কার্যকরী হয়, সেই বছরের মাঝামাঝি পরবর্তীকালে রাজ্য বিধানসভার নির্বাচন হয় এবং সেই নির্বাচনে আগের সরকার ক্ষমতা হারায়, নতুন সরকার আসে। আমরা এর আগে দেখেছি যে, ২০০৬ সালের আইনটা ২০১০ সালে লাগু হলেও আগের সরকার যখন ছিল ২০১০ সালে তখন এই রুলের উপর, এ্যাক্টের উপর এ্যামেণ্ডমেণ্ট এনেছিল। পরবর্তীকালে ২০১১ সালে এ্যামেণ্ডমেণ্ট এসেছে, ২০১২ সালে এ্যামেণ্ডমেণ্ট এসেছে আবার বর্তমানেও এ্যামেণ্ডমেণ্ট আনার চেষ্টা করা হচ্ছে। ইন্টেনশন একটাই, যে আইনটা হচ্ছে সেই আইনটাতে আগের ৩ বছরের মেয়াদ ছিল, সেই ৩ বছরের মেয়াদকে বাড়িয়ে ৫ বছর নতুন আইন হচ্ছে।

আমাদের ম্যাড্রাস হাইকোর্টের একটা রুলিং ঠিক সমভাবে সুপ্রিম কোর্টেরও একই রুলিং আছে। ম্যাড্রাসে ঠিক এমনই একই অবস্থায় কেস হয়। তিন বছর থেকে পাঁচ বছর বাড়িয়ে দেবার পরে সেখানকার কিছু সমবায়ী তারা হাইকোর্টে আবেদন করেন যে অটোমেটিক যাতে তিন বছরটা পাঁচ বছর হয়ে যায়। তখন হাই কোর্ট বলেন যেহেতু পুরানো আইনে হয়েছে, যে আইনে তিন বছরের মেয়াদকাল ছিল। ফলে সেটা তিন বছর পর্যন্ত সেই বোর্ড থাকতে পারবে। পাঁচ বছর সেটা

অটোমেটিক একসটেনশন হবে না। সেটার বিরুদ্ধে যারা কেসটা করেছিলেন ম্যাড্রাস হাইকোর্টে তারা তখন সুপ্রিম কোর্টে যান। সুপ্রিম কোর্ট ম্যাড্রাস হাইকোর্টের যে রুলিং সেটাকে আপহেল্ড করে। তখনই বিপদটা ঘনায়। আবার পাশাপাশি ২০১১ সালে সরকার পরিবর্তন হওয়ার কারণে আগের যারা এই ব্যবস্থাপনায় ছিলেন তারা উপলব্ধি করেন নতুন করে যদি নির্বাচন হয় তাহলে তাদের ফিরে আসার আসার কোন সম্ভাবনা নেই। সেই কারণের জন্য তাদের ইনটেনশন ছিল অন্যভাবে মানুষকে বোঝানো এবং মানুষকে বিভ্রান্ত করা। এবং যখন তারা চলে যাচ্ছেন সেই রকম সময়কালেও গভর্ণমেন্ট অফিসারকে বিভিন্ন জায়গাতে পাঠিয়ে তিন বছরটা অটোমেটিক পাঁচ বছর হয়ে গেল এর ব্যাখ্যাটি করেন। নতুন সরকার ক্ষমতাতে আসবার পরে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের রুলিং কে সম্মান জানানোর জন্য তারা বাধ্য হয়ে এই আইনগুলির পরিবর্তন করবার চেষ্টা করছেন। আইনকে সম্মান জানানো, হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের যে রায় তাকে সম্মান জানানোর জন্যই বর্তমান সরকার এই ব্যবস্থাটা নিয়েছেন। আগের সরকার যখন এই আইনটা করেন, সেই আইন করবার সময়ে যে আইনটা করেছিলেন তার সঙ্গে বাস্তবের কোন মিল ছিল না। পরবর্তীকালে যে রুলস কমিটি তারা তৈরী করলেন, আশ্চর্যের বিষয় যা পশ্চিমবঙ্গের ইতিহাসে ঘটেনি। বিধানসভার সদস্যরা সেখানে মেম্বার থাকলেন। কিন্তু সেখানে চেয়ারম্যান করা হল একজন নন এম এল এ, আউটসাইডারকে। তার ফলস্বরূপ আমরা দেখলাম যে রুলটা আলোচনা হল, বাস্তবে যখন প্রকাশিত হল তখন অন্য রকমভাবে প্রকাশিত হল। একটু আগে আমাদের নেপাল বাবু বলছিলেন, অসিতবাবু বলছিলেন যে, অসিতবাবু বলছিলেন যে, একটা আইন পাশ হল। বিধানসভা পাশ করে দিল। কিন্তু পরবর্তীকালে আর সেটা লাগু হয় নি। একটু আগে যেটা আপনারা বলছিলেন। এরক্ষেত্রেও অনুরূপ সেই ঘটনাগুলি ঘটতে পারে। যে কারণের জন্য আমরা বলতে চাই ডেমোক্র্যাসিকে যাতে রক্ষা করা যায়, এবং ইলেকটেড বোর্ড যাতে ফাংশন করতে পারে সেই কারণের জন্য গভর্ণমেন্ট এই নতুন করে এই আইনটা আবার ব্যবস্থা করেছেন। এখানে যে উদ্দেশ্য বলা আছে - সেই উদ্দেশ্যের ক্ষেত্রে বলা হয়েছে-যেহেতু আমাদের ভারতের সংবিধান সংশোধিত হয়েছে, যা পার্ট(বি) তে উল্লেখিত আছে, তাকে স্বভাবতঃই সম্মান জানানোর জন্য এবং সারা দেশে যাতে একটা আইন লাগু থাকে তার ব্যবস্থা করবার জন্য এটা করা হয়েছে। আইনে বলা আছে—একটা সমবায় সমিতি রেজিস্ট্রেশন করতে গেলে তাকে ফিজ দিতে হবে। তার ব্যবস্থা ছিল না। তাকে সুরক্ষিত করবার জন্য আরবিট্রেশানের ক্ষেত্রে এমন জটিলতা ছিল, যা কল্পনা করা যাবে না। গ্রামের একটা প্রাথমিক সমবায় সমিতি এস কে ভি এস, তার যদি টাকা আদায় না হয়, বিগত দিনগুলিতে তারা ই আর সি এসের দপ্তরে ডিসপিউট কেস করতে পারতেন টাকা আদায়ের জন্য। আগের দিনের যে আইনটা ২০০৬ সালের যে আইন, সেখানে বলা হল তারা রেন্ট অফিসে কেস করতে পারবে না। তাদেরকে রেজিস্ট্রারের কাছে কোলকাতার এসে কেস করতে হবে যা অসম্ভব ব্যাপার। যে কারণের, জন্য বর্তমান সরকার সমবায়ের প্রতি যে সততা থাকার দরকার যে নিষ্ঠা থাকার দরকার তাকে বাঁচিয়ে রাখার জন্য তার বোর্ড ম্যানেজমেন্ট যাতে সহজে ফাংশন করতে পারে সেই কারণে অ্যাডজুডিকেশনের ডিসেন্ট্রালাইজেশনের ব্যবস্থা করবার উদ্যোগ নিয়ে এই আইনটিকে নিয়ে এসেছেন।

[6.00–6.10 p.m.]

স্বাভাবিকভাবে আমরা এই আইনকে সর্বতোভাবে সমর্থন করছি। করছি এই কারণে,

ভারতবর্ষ স্বাধীনতা লাভ করেনি। স্বাধীনতা লাভ করবে এমন সময়কালে, স্বাধীন ভারতে কি করার দরকার দেশকে পুর্নঠনের জন্য? সেই সময়কালে গান্ধীজী বলেছিলেন, আমাদের দেশে ন্যূনতম তিনটি কাজ করবার দরকার। সেই তিনটি কাজের মধ্যে ছিল - পঞ্চায়েত ব্যবস্থা তৈরী করতে হবে, গ্রামে গ্রামে স্কুল তৈরী করতে হবে এবং প্রত্যেকটা গ্রামে যাতে একটা সমবায় থাকে, তার ব্যবস্থা করতে হবে— এই কারণের জন্য। পঞ্চায়েত যেমন উন্নয়নের কাজ করাবে,স্কুল শিক্ষার ব্যবস্থা করবে, দেশের মানুষের, গ্রামের মানুষের যে অর্থনৈতিক বেহাল অবস্থা-সেই ক্ষেত্রে যদি আর্থসামাজিক অবস্থার উন্নতিকরণ ঘটাতে হয়, তাহলে গরীব মানুষদের সহজভাবে লোন পাওয়ার জন্য সমবায় বব্যস্থাকে চালু করতে হবে—এটাই ছিল উদ্দেশ্য এবং লক্ষ্য। আমরা লক্ষ্য করেছি বিগত দিনগুলিতে, স্কুলের নির্বাচনের যেমন জোর করা হ'ত, পঞ্চায়েত নির্বাচনে যেমন জুলুম করা হ'ত, বিধানসভা এবং লোকসভা নির্বাচনে যেভাবে কারচুপি করা হ'ত, বিভিন্ন জায়গায় সমবায় সমিতির নির্বাচনে তদনুরূপ কারচুপি করে বোর্ডগুলিকে দখল করবার ব্যবস্থা করা হ'ত। যে কারণে জন্য বর্তমান সরকার স্থির করলেন, ডেমোক্রাসিকে যদি প্রকৃত অর্থে সম্মান দিতে হয়, তাহলে ইলেকশন কমিশনের ব্যবস্থা করতে হবে—কো-অপারেটিভ ইলেকশন কমিশন। নতুন আইনে ইলেকশন কমিশন আছে, এমন কথা নয়। ১৯৮৩ সালে যে সমবায় আইন হয়েছিল, সেই সমবায় আইনেও ইলেকশন কমিশনের ব্যবস্থাটা ছিল। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, তৎকালীন সরকার সেই ইলেকশন কমিশনকে কোনো গুরুত্ব দেননি। কাজ করতে দেননি। এই অবস্থায় চলছে। অর্থাৎ সরকারি আধিকারীকরা তার পক্ষে থাকবেন, লেঠেল বাহিনী তার পক্ষে আছে, যে যাই করুক না কেন তাকে সঠিক বলে প্রমাণ করবার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। যেহেতু রাজ্যে রাজনীতির পরিবর্তন ঘটেছে, গরীব মানুষ আজকে দিশা পেয়েছে। তাদের সংখ্যা গরিষ্ঠতা - আজকে নির্বাচন হ'লে তারা অবধারিতভাবে সমবায় সমিতিগুলির পরিচালন ব্যবস্থা রাখতে পারবে। বিধানসভাতে যেমন তারা ক্ষুদ্র হয়ে গেছেন, সমবায় সমিতিগুলির ক্ষেত্রেও যে তাদের কোনো ক্ষমতা থাকবে না, মূলতঃ এই কারণের জন্যই তারা বাধা, প্রতিবন্ধকতা সৃষ্টির চেষ্টা করছেন। যে কারণের জন্য আমরা তার বিরোধীতা করছি। সূর্য্যবাবু এতক্ষণ ধরে ভুল ব্যাখ্যা করেছেন। তিন থাকলে আরো ভালো হ'ত। তাঁর জানা উচিৎ ছিল যে, আমাদের গভর্ণমেণ্টের ইনটেনশন অত্যন্ত ক্লিয়ার। আমরা যে কথা বলতে চাই, এখানে আইনে যেটা অ্যামেণ্ডমেণ্ট এবং ভ্যালিডেশন -সেখানে ক্লিয়ার করে দেওয়া হয়েছে। সেখানে ক্লিয়ার করে বলা হয়েছে যে, ইলেকশন অফ ডায়রেক্টরর্স- যেটা নতুন করে শুরু করা হয়েছে, নতুন আইনে যারা নির্বাচিত হবেন, তারা নির্বাচিত হবেন ৫ বছরের জন্য। যে ৫ বছরের কথা গণতন্ত্রে, সংবিধানে বলা হয়েছে। এখানে সেটাকে সুরক্ষিত করা হবে। আর তারা চাইছেন, বিগত দিনে যারা আইনে নির্বাচিত হয়েছেন তিন বছরে কারচুপি করে, যদি অটোমেটিক দু'বছর থেকে যান, তাহলে ফায়দাটা লুটবেন— এই হচ্ছে তাদের চিন্তা-ভাবনা। আমরা কি দেখছি? গতকালই আমাদের জ্যোতির্ময় কর বাবু বলছিলেন এই হাউসে দাঁড়িয়ে সমবায় দুর্নীতির কথা। রাজ্যে সমবায় ব্যাঙ্ক লেফ্‌ট ফ্রন্টের দ্বারা পরিচালিত। সি. পি.এম পার্টির লোকেদের নেতৃত্বে সেই সমবায় সমিতি চলে, ব্যাঙ্কিং চলে। ক'দিন আগে আমরা জানলাম ২০ কোটি টাকা সেখানে নয়-ছয় হয়েছে। ব্যাঙ্কের ফিক্সড্ ডিপোজিটের টাকা জমা না হয়ে আমরা জানতে পারছি যে, সেটা ডিপোজিটেন আছে বলে দেখানো হয়েছে। যদি প্রকৃত অর্থে তদন্ত হয়, তাহলে দেখা যাবে, সেখানে ২০ কোটি টাকা নয়, যে সমবায় প্রতিষ্ঠান প্রত্যেক বছরে ২৫ থেকে ৩০ কোটি টাকা প্রফিট্

করতো........গত দু বছরে দেখা যাচ্ছে ৭০ কোটি টাকা তার নেট লস্ গেছে। এই রকম যে অবস্থা সেখানে সি পি আই এম পার্টির লোকদের বাঁচানোর জন্য আজকে তারা চাইছেন ইলেকশান না হয়ে তাঁরা যেখানে যেখানে ক্ষমতায় আছেন, তাঁরা যাতে আরও কিছু কাল থাকতে পারেন, তার ব্যবস্থা করার জন্য হাউসকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এখানে বলে দেওয়া হয়েছে যে এখানে যারা ইলেকটেড হয়েছেন—এই আইন ল্যাণ্ড হওয়ার সময়কাল থেকে ১৮.০১.২০১১ থেকে এই নতুন আইন চালু হয়েছে, তার আগে যাদের নির্বাচন হয়েছে, যেহেতু সেই সময়কালে তিন বছরের মেয়াদকাল ছিল, তাই তারা তিন বছর থাকবেন। ১৮.০১.২০১১ পরে যে সমস্ত জায়গায় নির্বাচন হয়েছে তারা ৫ বছর থাকবেন। এটাতো ক্লিয়ার করে দেওয়া হয়েছে। যেহেতু আইনের জটিলতার কথা বলছেন, সেহেতু আইনে তার ডিটেল করে দেওয়া হয়েছে যে ১৮.০১.২০১১ পরে যে ভাবেই নির্বাচিত হন না কেন তারা কিন্তু ৫ বছর থাকবেন তাকে আইনে স্বীকৃতি দেওয়া হবে। তিনি ইলেকশন কমিশনের মাধ্যমে নির্বাচিত হন বা না হন তার ব্যবস্থাও এখানে সুরক্ষিত করা হয়েছে, তাকে বৈধ্যতা প্রদান করা হয়েছে। এ্যামেন্ডমেন্ট এবং ভ্যালিডেশান যে বিল তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং হাউসের কাছে অনুরোধ করবো একে পূর্ণভাবে সমর্থন করার জন্য। সেই একই জিনিস আমরা দেখতে পাবো যে, এখানে ক্লজ 2, সাবক্লজ 3 সেখানে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংকের যে ডেফিনেশান ছিল তাকে আরও এক্সপ্লেন করা হয়েছে। সেখানে বলা হয়েছে এগ্রিকালচার মার্কেটিং সোসাইটি আগে আইনে বলা ছিল না। সমস্ত জায়গায় অসুবিধার মধ্যে পড়তে হতো। যে কারণের জন্য তা ক্ল্যারিফাই করে দেওয়া হয়েছে। আগেকার দিনে নিয়ম করা হয়েছিল যে প্রত্যেক বছর যে জেনারেল মিটিং হবে প্রাইমারী সোসাইটীগুলির সেটা এপ্রিল, মে, জুন মাসে হবে। এই প্রাইমারী সোসাটিগুলি গ্রামে অবস্থিত। মার্চ মাস হচ্ছে লোন কালেকশানের মাস, এপ্রিল-মে মাস বৃষ্টি বাদলার মাস, গ্রামে নির্বাচন সেই সময় হবে। সেন্ট্রাল সোসাইটি যা জেলান্তরে অবস্থিত তার নির্বাচন সেপ্টেম্বর মাসে হবে, আর কলকাতায় শীততাপ নিয়ন্ত্রিত কক্ষে বসে যারা এ্যাপেক্স সোসাইটি চালাচ্ছেন তাদের ডিসেম্বর মাসে হবে। এখানে যে অসুবিধা ছিল সেটাকে দুর করবার ব্যবস্থা হয়েছে। যে কারণের জন্য আমি একে পূর্ণ সমর্থন করছি। এখানে ক্লজ 6, নাম্বার অফ্ ডিরেক্টরের সংখ্যা বাড়ানো হয়েছে। যাতে গ্রামের গরীব মানুষ—এখানে বলা হয়েছে এস.সি., এস.টি.দের অন্তর্ভূক্ত করতে হবে। তার জন্য পাওয়ার কার্টেল না করে সেখানে আরও তিনটে ১৫ থেকে ২১ টি ডিরেক্টরের ব্যবস্থা করা হয়েছে। মায়েরা-বোনেরা যারা অবহেলিত তাদেরকে যাতে ইনক্লুড করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। সমবায় সমিতিগুলি পরিচালনার ক্ষেত্রে যাতে প্রফেশনাল ডিরেক্টার নিয়ে ভালোভাবে সমবায় সমিতিগুলি পরিচালনা করা যায়, গ্রামে আর্থ-সামাজিক অবস্থা যাতে উন্নত করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। সেই কারণের জন্য এই বিলকে পূর্ণসমর্থন করা উচিত। গভর্নমেন্ট আধিকারিকরা যারা স্পেশাল অফিসার হবেন, এ্যাডমিনিস্ট্রেটর হবেন তাদেরও ৬ মাস সময় দেওয়া হয়েছে। সেই ৬ মাসের মধ্যে যদি করতে না পারে তাহলে তাদেরও বের করে দেওয়ার ব্যবস্থা হয়েছে। আমাকে সময় দেওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে, এই কথা বলে একে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6.10–6.20 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী যে বিল এনেছেন কো-অপারেটিভের উপর আমি তার

উপর আমার বক্তব্য রাখছি। আমি প্রথমেই ম্যাডাম, আপনাকে একটা কথা বলতে চাই যে আমাদের কো-অপারেটিভগুলি কিরকম অবস্থায় আছে। সমরেশবাবু অনেকক্ষণ বক্তব্য রাখলেন। উনি নিজে কো-অপারেটিভের এক্সপার্ট আরও একজন বসে আছেন এখানে। দেখছেন কাগজপত্র, জ্যোতির্ময়বাবু আছেন আরও অনেকে আছেন। তো তারা বলবেন আমার পরে। আমি অত্যন্ত সংক্ষিপ্ত সময় নিয়ে ম্যাডাম, কয়েকটা কথা বলছি। আমাদের কো-অপারেটিভগুলো বর্তমানে কি অবস্থায় আছে তার একটা ছোট্ট উদাহরণ দিই। আমার মনে হয় দিনে মাননীয় সদস্য আপাতত যারা আছেন তারা নিশ্চয়ই বুঝতে পারবেন। আমাদের রাজ্যে প্রাইমারি কো-অপারেটিভের সংখ্যা কত? অর্থাৎ প্যাক্সের সংখ্যা কত? প্যাক্সের সংখ্যা প্রায় ৬ হাজার। এই যে ৬ হাজার প্যাক্স আছে তার মধ্যে ডিফাংক্ট হয়ে আছে কতগুলো? কত পার্সেন্ট ডিফাংক্ট হয়ে আছে? ম্যাডাম, অত্যন্ত দুঃখের সঙ্গে আমি আপনাদের কাছে বলছি, আমার কাছে আপাতত যা রিপোর্ট আছে সেই রিপোর্টের থেকেও এটার সংখ্যা বেশি। সেটা হল ১০% ডিফাংক্ট হয়ে আছে। মিনিমাম ১০%। আরও অনেক বেশি হবে। কারণগুলো কি? এই যে কো-অপারেটিভগুলো ডিফাংক্ট হয়ে আছে তার মূল কারণ হচ্ছে ম্যাডাম, কোথাও ইলেকশান হয়নি, কোথাও কোরাপশান, কোথাও নিজেদের মধ্যে গন্ডোগোল মানে বোর্ড অফ ডিরেক্টরসের মধ্যে গন্ডোগোল। এই সমস্ত গন্ডোগোলগুলো হওয়ার ফলে ১০% কিন্তু খুব কম হল না। মানে ৬ হাজারের মধ্যে ৬০০ হল। ১০% যদি ডিফাংক্ট হয়ে গিয়ে থাকে। আরও বেশি হবে। আপনাকে আমি সবার আগে তাই শঙ্করবাবুকে বলব, যে আমরা অনেক কথা বলছি, যারা চলে গেলেন তারাও কথা বলছেন কিন্তু আমি বলছি যে এই ব্যাপারগুলো সবার আগে দেখা উচিত ছিল। ম্যাডাম, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই এই বিলটা জরুরি ছিল ঠিকই কিন্তু এত জরুরি ছিল কি যেখানে আইনগত জটিলতা আছে সেখানে যদি আর একটু পরে এই বিলটাকে আনা যেত। অথবা এই বিলটার ব্যাপারে যদি সিলেক্ট কমিটিতে পাঠানোর যে প্রস্তাব অনেকে করেছেন সেটা মেনে নেওয়া যেত। তাহলে আমি অন্য কোন ভাবে বিরোধিতা করছি বলে এইভাবে আমাকে স্ট্যান্ড করে দেওয়া যেতে পারে। যে আপনি বিরোধিতা করছেন তার মানে আপনি আমাদের এনিমি, আপনি আমাদের শত্রু এটা বলে আপনি কিছুক্ষণ শান্তি পেতে পারেন। কিন্তু এটা যা ইমপরটেন্ট বিল, যেটার উপর কো-অপারেটিভ ডিপেন্ড করছে যে অ্যামেন্ডমেন্টগুলো আগামি দিনে আমাকে কতখানি সাহায্য করবে এটা নিয়ে সন্দেহ থাকবে। তাহলে আমি বলব এটা যদি পরবর্তী পর্যায়ে আসত, এই বিলটা দু'মাস পরে আসত তাহলে আমার মনে হয় এমন কোন ক্ষতি হত না। আমি আপনাকে আর একটা কথা বলি, 97th এ্যামেন্ডমেন্টে আমাদের কন্সটিটিউশানাল এ্যামেন্ডমেন্টে আমাদের মাননীয় বর্তমান রাষ্ট্রপতি তিনি নিউ দিল্লীতে ডিসেম্বর, ৮/২০১২ তে তিনি একটা বক্তৃতা করেছিলেন। আমি তার বক্তৃতাটার রেফারেন্স দিচ্ছি আপনাকে। President Pranab Mukherjee on Saturday called upon State Goverments to amend the co-operative laws to align them with the 97th Constitution Amendment Act which made the right to form Co-operative Society a fundamental right. আমাদের ফান্ডামেন্টাল রাইট এই কো-অপারেটিভে যাওয়া, এই কো-অপারেটিভে মেম্বার হওয়া, এই কো-অপারেটিভের কাজ করা, এই কো-অপারেটিভের ইলেক্সানে দাঁড়ানো সমস্ত কিছু। যে কথা আপনি বলছিলেন আমরা তো সকলেই এই জায়গায় পার্টিসিপেট করতে পারি। আমাদের সেই পার্টিসিপেট করার রাইট আছে।

তার মানে আমি ৩ বছর করি তার আয়ু, আমি ৬ বছর করি তার আয়ু। এটা আমাদের মনে রাখতে হবে যে আমরা কারও দয়ায় করছি না। Because this is our Fundamental Right. এটা মাননীয় রাষ্ট্রপতি প্রণববাবু বলেছিলেন। আমি আবার বলছি আমি নামটা বলছি, আমি জানিনা যে তাঁর নাম এখানে উচ্চারণ করা যায় কিনা। কিন্তু আমি আপনাকে বলছি এটা তাঁর বক্তব্য। তিনি বলছেন, By this amendment the right to form Co-operative Societie has now become a fundamental right.

The act has paved the way for development of stronger Co-operative movement to take the initiative further to the grass-root level. Respective State Governments also need to create enabling environment by amending State laws etc as and when it is necessary. Mukherjee said after giving away the National Co-operative Development Corporation Awards for Co-operative excellence. 2012, Rashtrapati Bhavan, on Saturday. আমি এই ডক্যুমেন্টটা এই জন্যই বললাম যে, আমাদের এটা দরকার আছে। প্রত্যেক State government-এর দরকার আছে amendment করার। কিন্তু সেই amendment টা for the sake of the people those who are interested in participation for the Co-operatives movement তাদের জন্য এটা হয়। এটা মনে রাখতে হবে। ম্যাডাম শহরের দিকের থেকে গ্রামের দিকে এটা কতখানি কম্পালসারি। আমাদের যারা গ্রামের বিধায়করা আছেন তারা সকলেই জানেন যে, Co-operative একটা বিকল্প অর্থনীতি দিতে পারে। আমি একবার বক্তব্য রাখতে গিয়ে এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলাম মাননীয় অসীমবাবু তখন অর্থমন্ত্রী ছিলেন। তো তিনি বলেছিলেন, ওঁর একটাই তো তত্ত্ব ছিল। বিকল্প অর্থনীতি, বিকল্প অর্থনীতি করে দেশটাকে একদম পাতালে তলিয়ে নিয়ে যাওয়রা মতো অবস্থা। তাতে একবার আমি বক্তব্য রাখতে গিয়ে বলেছিলাম যে, Co-operative movement যদি শক্তিশালী না হয় তাহলে বিকল্প অর্থনীতি কিছুতেই হতে পারে না। তার কারণ, Co-operative মানে কাউকে গিয়ে পঞ্চায়েতের কাছে গিয়ে সাহায্য চাইতে হবে না। কাউকে bank-এর কাছে গিয়ে অন্যভাবে loan চাইতে হবে না। যদি ঠিক মতো একটা কো-অপারেটিভ চলে তারা যদি টাকাটা collection করে, তারা টাকাটার—তার যে percentage পাওয়ার, তা যদি পায় তাহলে এবছরে যে কৃষক ১০০০ টাকা loan নেবে সে কৃষক আমন ধানে যদি ১০০০ টাকা লোন নেয়, যখন বোরো চাষ হবে তখন দেখা যাবে—সে সেই টাকাটা শোধ করতে পেরেছে। আবার সে পরের বার সেই লোনটা নিতে পারে। এবং সেখানে কোনো বড়, অন্য কোনো কিছু করতে হবে না। তারজন্য পাঁচজন মাত্র employee লাগে। আমার কাছে কাগজ আছে। আমরা কাগজে দেখেছি, minimum পাঁচজন কর্মচারী সেখানে আছে। Manager আছেন, একজন accountant আছেন, দু'একজন D group-এর staff আছেন ইত্যাদি ইত্যাদি। তারা তাদের সাহায্য করেন এবং তারা যান টাকা নেন এবং টাকা নিয়ে বাড়ি চলে আসেন, তারা চাষ করেন। আমার বক্তব্য এই system উঠে যাবে? এই system কি বন্ধ হবে? তাহলে আমাদের যেমন করেই হোক নির্বাচন করতে হবে এবং সেই নির্বাচনের মাধ্যমে এই কো-অপারেটিভের Board of Directors করতে হবে। আর Broad of Directors তারা

Co-operative চালাবে। এই বন্দোবস্ত যেন হয়। ম্যাডাম, আমি আপনার কাছে একটা কথাই বলব যে, আমাদের এখানে 97th Amendment-এ যে-কথা বলছিলাম তারমধ্যে যে যে উল্লেখযোগ্য বিষয়গুলো আছে, সেগুলো কি? এরমধ্যে আছে persistent, default, negligence of duties এটা তো জানেন আপনারা সকলেই আপনারা যারা Co-operative movement-এর সঙ্গে আছেন। তারা জানেন prejudice to the interest of the societies. আর আছে stalemate in constitution and function. এটা অনেক জায়গাতেই আছে। আমি যে কারণে আমাদের অনেকগুলো Co-operative নষ্ট হয়ে যাচ্ছে। 10% কো-অপারেটিভ কাজ করছে না। Failure to conduct the election. এই সমস্ত ব্যাপার আছে। Co-operative Department-এ আরো একটা ব্যাপার আছে আমি আপনাদের কাছে বলি যে, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো এই ব্যাপারে যদি আইন টাইন করা যায় একটু দেখবেন। সেটা হচ্ছে Co-operative-এ যারা বর্তমানে যারা manager আছেন বা কর্মী আছেন, managing committee যারা আছেন আমি আপনাদের বলছি তাদের, তারা যখন মারা যান, এই মারা যাওয়ার পর Death in harness-এ তাদের ছেলেদের চাকরি হবে বা মেয়েদের চাকরি বা অন্য কোনো ব্যবস্থা হবে, এর কোনো সুনির্দিষ্ট আইন নেই। Madam, আমি আপনার মাধ্যমে আবার মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে, এটা কি করে হয়? আমরা দেখেছি অন্যান্য সমস্ত জায়গাতে Death in harness-এ চাকরির একটা possibility আছে। Die in harness বা Death in harness-এ অনেকে die in harness বলেন। তা die in harness, আমি বলছি স্কুলের মাস্টারমশাই মারা গেলে, সরকারি চাকরিতে, বেসরকারি চাকরিতেও এটা নিয়ম হচ্ছে। আবার কোথাও কোথাও বন্ধ হচ্ছে। কিন্তু আমি বলব এটা এত ill paid staff এত ill paid staff মাননীয় শঙ্করবাবু আমি আপনাকে বলি, সরলবাবু যখন এখানকার Co-operation Minister ছিলেন। আমার মনে পড়ে গেল কথাটা বলতে গিয়ে। সরলবাবু যখন এখানকার মন্ত্রী ছিলেন Co-operation Minister ছিলেন।

[6.20–6.30 p.m.]

তখন একটা কমিটি করেছিলেন। সেই কমিটি এদের স্যালারি স্ট্রাকচার কি হবে, তা ঠিক করবে। অনেক বছর আগে। বামফ্রন্টের আমলে তা কোনদিন গৃহীত হয়নি। ওরা থাকলে আমি বলতাম। কোনদিন গৃহীত হয়নি। আমরা বারবার বলেছি। নেপালবাবু বলেছেন। আমি বলেছি। আমাদের সঙ্গে আরো বিশেষ করে একজন মানুষ তিনি নেই, তিনি স্বর্গতঃ, তিনি কো-অপারেটিভ নিয়ে সবচেয়ে বেশী আলোচনা এই বিধানসভায় করেছেন। মাননীয় এক্স কো-অপারেটিভ মিনিস্টার শ্রদ্ধেয়, স্বর্গতঃ অতীশদা। আমার বন্ধুরা জানেন এটা। তিনি নিজেও বলেছেন, এটা করা উচিত। কিন্তু আজ পর্য্যন্ত হয়নি। সেই পে স্ট্রাকচারটা সেটা আজ পর্য্যন্ত হয়নি। এবং আমি ডাই-ইন-হার্নেস এর কথা বললাম। এটা আপনাদের ভাল করে দেখতে হবে। এটা দেখার জন্য আমি আপনাদের বলছি। আর সব থেকে উল্লেখযোগ্য বিষয় যেটা, যেটা আমি আপনাকে আবার বলব, বলে আমি আমার বক্তব্য শেষ করবো। সেটা হলে, ইলেকশানটা যাতে সুষ্ঠু হয়। সেই দিকে দেখতে হবে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, এমন অনেক কো-অপারেটিভ হয়েছে, এমন অনেক কো-অপারেটিভ ইলেকশান হয়েছে, যে কো-অপারেটিভ ইলেকশানগুলো কাগজে কলমে হয়েছে।

এবং যেখানে কো-অপারেটিভ ইলেকশানে অন দি ভেট অফ ভোট, কিছুদিন আগেই আমাদের ওখানে এমন কতকগুলো আমার বিধানসভা কন্সটিটিউয়েন্সিতে এমন কতকগুলো জায়গা আছে, জয়পুর কোঅপারেটিভ ইলেকশানে কোন রকম ভোটের তো প্রশ্নই হল না। বাইরের থেকে লোকজন এসে ভোটাধিকার কেড়ে নিয়ে চলে গেল। আমি ম্যাডাম আপনার মাধ্যমে মাননীয় শঙ্করবাবুকে অনুরোধ করবো, যে প্রত্যেক মানুষের গণতান্ত্রিক অধিকার আছে, যে কথা সমরেশবাবু বলছিলেন, আমি আমার বক্তব্য শেষ করার আগে বলব, এই গণতান্ত্রিক অধিকার, সেই গণতান্ত্রিক অধিকারকে রক্ষা করতে হবে। আর একটা কথা বলতে হবে, আর একটা কথা আছে বলার, সেটা হল, যে অনেক সময়, অনেক সেটেলমেন্ট, এমন অনেক ইস্যুকে সেটেল করতে হয়, যে ইস্যুগুলো খুবই জটিল ইস্যু। এবং সেই ইস্যুগুলিকে সেটেল করার জন্যে এখন ডিষ্ট্রিক্টে যাওয়ার বন্দোবস্ত ছিল, এতদিন পর্যন্ত ডিষ্ট্রিক্টে যাওয়ার বন্দোবস্ত ছিল, সেটাকে নিয়ে গেছেন সদরে। কোলকাতার সদরে। ফলে গ্রামের চাষী তারা সদরে আসবে কি করে? এটার সম্পূর্ণ ব্যবস্থা যাতে জেলার মধ্যে থাকে অথবা তার থেকে নামিয়ে আনা যায়, সেই ডিসপিউটটাকে সেটেল করার জন্যে তাহলে আমার মনে হয়, সব চাইতে ভাল হবে। আমি আবার এই কথা বলব, গণতান্ত্রিক বন্দোবস্তই একমাত্র আমাদের এই কোঅপারেটিভের বন্দোবস্তকে শক্তিশালী করতে পারে। এবং কোরাপশান যেখানে আছে, আমি বিগত দিনে মাননীয় এখানকার এক্স মিনিস্টার বসে আছেন, আমি জানতাম উনি আছেন, উনি বললেন, আমি চার্জে নেই। আমি এখন জেলে চলে গিয়েছি। যাক উনি জেলে গিয়ে ভাল থাকুন। আমরা চাইছি, সুফি সাহেব, আমি ওঁকেও বলেছিলাম, এমন অনেক কো-অপারেটিভ আছে, যেগুলো কোরাপশানে ভর্তি হয়ে গেছে। এবং বিগত দিনে কোরাপশান করার জন্য উঠে গেছে। আমি বলছি, যেগুলো কোরাপশানে ওঠেনি, তারা বলুন, ১০ লক্ষ টাকার কো-অপারেটিভের একটা জায়গাতে চুরি করেছে, সেই জায়গাটায় পরবর্তী পর্যায়ে যারা ইলেকশানে এল, তাদের ঘাড়ে পড়ল। তারা কিন্তু তার জন্য দায়ী নয়। মাননীয় মন্ত্রী মহোদয়, আমি আপনার কাছে আবেদন রাখছি, তাহলে কি তাদের আগে যারা ছিল, তারা হেরে গেল, চলে গেল, কিন্তু তাদের ঋণের দায় ভার, তাদের দুর্নীতির দায় ভার পরবর্তী পর্যায়ে যারা শাসন ক্ষমতায় এলেন, তাদের ঘাড়ে পড়বে? এই বিষয়ে আপনাকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, কো-অপারেটিভ পশ্চিমবাংলায় বিগত ৩৪ বছরে ব্যাপকভাবে দুর্নীতির আখড়া হয়েছে। আমি কেন এই কথা বলছি, ম্যাডাম আমি একটি এ্যাপেক্স কো-অপারেটিভ ব্যাঙ্কের গভর্ণমেন্ট নমিনি ডিরেক্টার। গত দেড় বছরে আমরা খুঁজে বার করেছি, একটি ব্যাঙ্কে, দুইজন ডিরেক্টার, আমি নাম বলছি না, একটি পার্টিকুলার বামফ্রন্টের রাজনৈতিক দলের, তারা লোন নিয়েছে, কয়েক কোটি টাকা। এবং যে জমির এগেনস্টে লোন নিয়েছে, সেই জমির দলিলটা জাল। লোন ফেরত দেওয়ার তো প্রশ্নই আসে না। আমি ডিরেক্টার থাকাকালীন চাপ দিয়ে সেখানে তাদের বোর্ড থেকে বিতাড়িত করেছি। এবং তাদের এগেনষ্টে এফ আই আর করতে সেখানকার ম্যানেজিং ডিরেক্টারকে বাধ্য করেছি। একজন পালিয়ে গেছে, আর একজন এ্যান্টিসিপেটরি বেল নিয়ে ঘুরে বেড়াচ্ছে। উত্তরবঙ্গের একটা কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান তার এগেনেষ্টে রিসেন্টলি নন বেল এবেল সেকশান কেস হয়েচে চুরির দায়ে। কো-অপারেটিভ সোসাইটিগুলোকে বাঁচিয়ে রাখা—একটু আগে সূর্যবাবু বলছিলেন, তিনি থাকলে ভালো হত, উনি কন্সটিটিউশানের কথা বললেন, আবার বলে ফেললেন যে পাঁচ বছরের জন্য

ইলেকটেড হয়েছে তাকে কেন পাঁচ বছর দেবে না। হ্যাঁ, যে পাঁচ বছরের জন্য ইলেক্টেড হয়েছে, ১৮ই জানুয়ারি ২০১১র পরে সে পাঁচ বছরই থাকবে এই এ্যামেন্ডমেন্টে রয়েছে। কিন্তু যে তার আগেই ইলেক্টেড হয়েছে, যে তিন বছরের ম্যান্ডেট নিয়ে ইলেক্টেড হয়েছে সে তিন বছরের ম্যান্ডেট নিয়ে কি করে পাঁচ বছর থাকে? এটা তো আইন বিরুদ্ধ, সংবিধান বিরুদ্ধ। সূর্যবাবু সেসব কথা বললেন না। এই প্রশ্নগুলো আসবে বলেই আমার মনে হচ্ছে সূর্যবাবুরা একটা নাটক করে বেরিয়ে চলে গেলেন। ম্যাডাম, একটু আগে সমরেশবাবু বলেছেন খুব পরিষ্কার করে যে যারা তিন বছরের ম্যান্ডেট নিয়ে এসেছেন অর্থাৎ নতুন আইন বলবৎ হওয়ার আগে, তারা তিন বছরই থাকবেন। আর যারা সেই সময় আসেননি, পরবর্তীকালে পাঁচ বছরের ম্যান্ডেট নিয়ে এসেছেন তারা পাঁচ বছর থাকবেন। এ তো খুব পরিষ্কার। এটা নিয়ে কোর্ট কাছারি হয়ে গেছে। এর ওপরে আমি বিশেষ কিছু বলতে চাইছি না। যে অর্ডিন্যান্স জারি হয়েছিল, যেহেতু বিধানসভা তার ভেতর এসে গেছে, সেই অর্ডিন্যান্সকে তো আইনে বলবৎ করতেই হবে। তাই তো নিয়ম। সেইজন্য তো করা হয়েছে। আমি আর একটা বিষয় নিয়ে বলবো, যেটা সেকেন্ড এ্যমেন্ডমেন্টে আছে, নাইনটি সেভেন্থ এ্যমেন্ডমেন্ট কন্সটিটিউশানের পরে কতগুলো জিনিস ম্যান্ডেটরি হয়ে গেছে যে কো অপারেটিভ সোসাইটিগুলোতে দুজন মহিলা রাখতে হবে, সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবের একজন রাখতে হবে। তারজন্য নতুন আইনের প্রভিশান করা দরকার। সেইজন্য এ্যমেন্ডমেন্ট এসেছে। এই এ্যমেন্ডমেন্টে রয়েছে যারা আর্বিট্রেটার, নন গর্ভণমেন্ট অফিসিয়াল আর্বিট্রেটার, তারা তো কোনো মাইনে পায় না, তাদের ফিজ এতদিন দেওয়া হত না। তাদের একটা ফিজ ধার্য করে দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে। যারা কো-অপারেটিভ সোসাইটি রেজিস্টার্ড করতে যাবে তারা অনেকেই ফিজ দিত না। একটা রেজিস্ট্রেশান ফিজ আছে। ফিজ না দিয়েই রেজিষ্টার হয়ে গেল। কো-অপারেটিভে যা খুশি তাই হয়েছে। আইন টাইনের বালাই ছিল না। এবারে ফিজ ধার্য করে সেই ফিজটা দিতে হবে। এই কথাগুলো বলা হয়েছে এবং সব কথাই সংবিধানসম্মত। সব কথাই আইনের প্রয়োজনীয়তা মেটানোর জন্য বলা হয়েছে। সেই কারণে আমি এই এ্যমেন্ডমেন্ট সম্পূর্ণ সমর্থন করে—শুধু আমি করছি না—হাউসে যারা বিরোধিতা করবেন বলে ঠিক করেছিলেন তারা যদিও চলে গেলেন—যারা রয়ে গেছি তাদের সকলকে বলবো সর্বান্তকরণে এই এ্যমেন্ডমেন্টকে সমর্থন করে যাতে কো অপারেটিভ মুভমেন্টকে পশ্চিমবাংলায় আবার ঢেলে সাজানো যায়, গ্রামাঞ্চলের উন্নতি, গরীব মানুষের উন্নতির পথকে সুগম করা যায় তার বন্দোবস্ত করুন। ধন্যবাদ ম্যাডাম।

শ্রী সুনীল কুমার মন্ডল : নট প্রেজেন্ট

শ্রী সুভাষ নস্কর : নট প্রেজেন্ট

শ্রী জ্যোতির্ময় কর : ম্যাডাম, দ্য ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ (এ্যামেন্ডমেন্ট এ্যান্ড ভ্যালিডেশান) বিল ২০১৩, দ্য ওয়েষ্ট বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ (সেকেন্ড এ্যমেন্টমেন্ট) বিল, ২০১৩ আমি সমর্থন করে উপস্থাপিত করছি। ম্যাডাম, সমবায় এমন একটি আন্তর্জাতিক অর্থনৈতিক দপ্তর, ২০১২ সাল আন্তর্জাতিক সমবায় বর্ষ হিসাবে সারা পৃথিবী অবজার্ভ করেছিল। একটাই স্লোগান ছিল—কো-অপারেটিভ ফর দ্য বেটার ওয়ার্ল্ড। সুতরাং আজকে এই সমবায় বর্তমান জীবনে অপরিহার্য অঙ্গ, অর্থনৈতিক বিকাশের পক্ষে। ম্যাডাম, আপনি জানেন

আজকে সকালে আনিসুর রহমান সাহেব পি এ কমিটির রিপোর্ট লে করেছিলেন। আজকে সেই কমিটির রিপোর্টে কি দেখা যাচ্ছে? কো-অপারেটিভ ডিপার্টমেন্ট ২০ কোটি ৪০ লক্ষ টাকা সাবসিডি হিসাবে আনডিউ দিয়ে গভর্ণমেন্টের এক্সচেকার ক্ষতিগ্রস্ত করেছেন।

[6.30–6.40 p.m.]

ম্যাডাম বিষয়টি ছিল ধান কেনা। ধান কিনবে খাদ্য দপ্তর, তাই সাবসিডি দিতে গেলে খাদ্য দপ্তরই দেবে। সমবায় দপ্তর মালিকের সঙ্গে ফোরেগিরি করার জন্য হঠাৎ ২০ কোটি ৪০ লক্ষ টাকা দিলেন। এটা বিধানসভায় ওরা আনেননি, বাজেটের মধ্যে আনেননি. সাপ্লিমেন্টারি বাজেটের মধ্যে আনেননি। ওভার দি বাজেটে লুকিয়ে আছে ২০ কোটি ৪০ লক্ষ টাকা। পি. এ কমিটিতে আজকে এটা নিয়ে এসেছেন। আনিসুর সাহেবের চেয়ারম্যানশিপে এই ধরনের চৌর্যবৃত্তি এবং প্রতারণাকে অত্যন্ত তীব্র ভাষায় ধিক্কার দেওয়া হয়েছে। ওরা এর পরে আর হাউসের মধ্যে থাকবে কেন? ডাকাত দুই রকমের হয়, তস্করবৃত্তি দুই রকমের হয়। কিছু তস্কর সোনা-দানা নিয়ে চলে যায়, আর কিছু তস্কর সোনা-দানাও নেয় এবং গৃহস্বামীদেরও খুন করে। এরা শুধু সোনা-দানা নেয়নি, সোনার প্রতিষ্ঠানগুলোকে খুন করে গেছে। অসিত বাবু বলছিল এ ত তাড়াতাড়ি কেন আপনাদের? আমি তাকে বললাম. কনস্টিটিউশানের নাইনটি সেভেনথ্ যে অ্যামেন্ডমেন্ড হয়েছে, তাতে আমাদের টাইম দিয়েছে এক বছর। এই এক বছরের মধ্যে আমাকে নেসেসারি অ্যামেন্ডমেন্ডগুলো করে নিতে হবে। তাই আমাদের ordinance আনতে হয়েছিল এবং হাইকোর্ট অবজার্ভ করল, যে তুমি সেকশান সিকসকে ইগনোর করেছ, সুতরাং সেকশান সিকসকে ইগনোর করে এই অ্যামেন্ডমেন্ড আনা তোমার parliamentary imprudent হয়েছে। তখন সফি সাহেব সমবায় মন্ত্রী ছিলেন এবং মাননীয়া মুখ্যমন্ত্রী মহামান্য আদালতের সেই নির্দেশ মেনে নিয়েছে। আমরা কোর্টকে চ্যালেঞ্জ করিনি। আমার সবচেয়ে দুঃখ হচ্ছে ম্যাডাম, সি পি এম আন্দোলনের কথা বলত. পরিবর্তনের কথা বলত, কিন্তু ওরা মামলাবাজ ফোরেদের দালাল কবে হয়ে গেল এ আমার জানা নেই। সফি সাহেব বলছিলেন—''হাম পুলিশ মে ডি.জি থা. হাম বহুত ক্রিমিনালকো দেখা, কো-অপারেটিভ ডিপার্টমেন্টমে এতনা ক্রিমিনাল হাম জীবন মে কভি নেহি দেখা।" আজকে ৪৪টা আরবান কো-অপারেটিভ ব্যাঙ্কের মধ্যে ১২টা মৃত্যুপথ যাত্রী, তাদের বাঁচানোর কোন রাস্তা নেই। ম্যাডাম জানেন, ৬,৪০৪টা PACKS-এর মধ্যে ৬০০টা প্রফিটে রান করে না। ম্যাডাম জানেন, ২৪০টা মার্কেটিং সমিতির মধ্যে, ৪০টা ঠিকমত রান করছে না। Urban Central Cooperative Bank সি পি এমের নেতৃত্বে চলছে, ধুঁকছে, যে-কোন সময় মরে যাবে। বর্তমান মন্ত্রী শঙ্কর বাবু, যিনি এই দপ্তরের দায়িত্বে এসেছেন তিনি তো এসব দেখে আঁতকে উঠেছেন। ইলেকশান হলে, পরিবর্তন হলে এরা আত্মহত্যা করবে। কারণ পরিবর্তন হলে ওদের সব দুর্নীতি বেরিয়ে যাবে। আমরা কি চেয়েছিলাম? ১৯৮৩, রুল টোয়েন্টি সেভেনে, সমবায় নির্বাচন হয়েছিল তিন বছরের জন্য। প্রেজেন্ট টাইমে রুল টোয়েন্টি নাইন অনুযায়ী নির্বাচন হোক এটাই আমরা চাই। সফি সাহেব যখন দায়িত্বে ছিলেন, আপনি অবাক হয়ে যাবেন—ওরা বলছে সরকার ক্ষমতা কায়েম করছে—এরা প্রত্যেকটা সমিতিতে তিনজন করে গর্ভণমেন্ট নমিনি দিতেন অবৈধভাবে। গণতান্ত্রিক প্রক্রিয়ায় যারা নির্বাচিত হতেন তাদের দলিত করতেন, নমিনি দিয়ে এরা জিততেন। সফি সাহেব একটা PACKS-এ নমিনি দেননি। সমবায় দপ্তর, সেন্ট্রাল ব্যাঙ্ক এইসব জায়গায় তিনজনের পরিবর্তে

একজন নমিনি দিয়েছেন। এটা ক্ষমতা দখলের লক্ষণ? মাননীয় স্পীকার স্যার, আপনি অবাক হয়ে যাবেন, এই অ্যামেন্ডমেন্ড যেটা আমরা এনেছিলাম, Indian Constitution '97th amendment'. Section 29-এ, একজন মহিলা রিপ্রেজেন্টটেটিভ থাকবে, একজন এস. সি, একজন এস. টি থাকবে, এস. এইচ, জি থাকবে, প্রফেশানাল থাকবে। এতে বিরোধীপক্ষের লোকেরা আঁতকে উঠেছে। এই সমস্ত সেকশানে মহিলারা চলে এলে, এস.সি. এস.টি, ওবিসি-রা প্রাধান্য পেলে তাহলে তো সমবায় দপ্তরে তৃণমূলের প্রভাব বেড়ে যাবে। সুতরাং সেখানেই তাদের আপত্তি। তারা সেখানে মহিলাদের আনতে চাইছে না, এস.এস.টি-কে ম্যানেজমেন্ট আনতে চাইছে না, সেইজন্য তারা বলছে তিন বছরের মাথায় রি-কনস্টিটিউশান করে নেওয়া হোক।

আজকে দলতন্ত্রের কথা বলছেন। এই মা-মাটি-মানুষের সরকার প্রথম কো-অপারেটিভ ইলেকশান কমিশনকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলো। এবং সেই ইলেকশান কমিশনের চেয়ারম্যানের কোয়ালিফিকেশান কি, স্ট্যাটাস কি? নট বিলো দ্য রাংক অফ্ স্পেশাল সেক্রেটারী। সেই স্পেশাল সেক্রেটারীকে নির্বাচনের হেডে বসিয়ে আজকে নির্বাচনের বন্দোবস্ত করা হয়েছিলো। সম্পূর্ণ একটা সেপারেট মেশিনারি। যেমন পঞ্চায়েত নির্বাচন, যেমন বিধানসভার নির্বাচন হয়, তেমনি রাজ্য সরকার প্রথম চেষ্টা করেছিলো কো-অপারেটিভে নির্বাচন কমিশন দিয়ে নির্বাচন হোক। যাতে আপত্তি না করে, আমাকে ভোট দিতে দেয় নি, আমার ভোটার লিস্টে নাম তোলেনি। যে সমস্ত কারচুপি করে ওরা জিততো, আমরা সেই কারচুপিকে নিই নি। অন্ধ গলির মতো, আমরা সেই পথ দিয়ে হাঁটিনি। আমাদের পথ ছিলো পরিষ্কার, আমাদের মত ছিলো পরিষ্কার। যে মত, তিন বছরের জন্য কনস্টিটিউশানের রুলগুলো দ্যাট অ্যাপ্রুভড দ্য রাইট টু স্টে ফর থ্রি ইয়ারস। লেট দেম গো, লেট দেম ফেস ইলেকশান আন্ডার সেকশান 29 আন্ডার নিউ কো-অপারেটিভ রুলস। আঁতকে উঠলো ওরা, ভাবলো কি? আজকে স্যার, ৪০ কোটি টাকা—আজকেই বেরিয়েছে—সি. আই. ডি. তো আঁতকে উঠেছে, যে, ৪০ কোটি টাকা আজকে জালিয়াতি হয়েছে। তারা বলছে সর্ষের মধ্যে ভূত আছে। স্টেট কো-আপারেটিভ ব্যাংক চালাতো কারা, চালাচ্ছে কারা? আজকে তাদের সবচেয়ে বড় নেতা সেখানকার চেয়ারম্যান ছিলেন। স্যার, তাই আজকে এই যে আমাদের অ্যামেন্ডমেন্ট বিল, এই অ্যামেন্ডমেন্ট বিলকে, আমরা সত্যি যদি আজকে কো-অপারেটিভকে পরিবর্তন—পরিবর্তন মানে গণতান্ত্রিক—আমরা চাই অটোনমি, আমরা চাই ডেমোক্রেসি, আমরা চাই পিপল রিপ্রেজেনটেশান, আমরা চাই মেম্বার স্ট্যান্ড। আমরা চাই যাতে কো-অপারেশানের মধ্যে এই সমবায়গুলি প্রতিষ্ঠিত হয়। আজকে বামপন্থীরা, বামপন্থী সমবায় সেল করে ফড়েগিরি না করে। তাই আজকে, এই যে আমাদের বিল এবং শুধু জানবেন না, অনারেবল স্পিকার স্যার, যে আমাদের নির্বাচন পদ্ধতিও পাল্টে গেছে নতুন আইনে। আগে ছিলো দেড় হাজারের ওপরে একজন ডেলিগেট। এখন হয়েছে এক হাজারের ওপরে একজন ডেলিগেট। ওরা দশটা অ্যামেন্ডমেন্ট হচ্ছে ইন্ডিয়া গভর্নমেন্টের। ওরা বলছে ৯টা মানবো না। আমাদের পক্ষে সূট করছে শুধু পাঁচ বছর থাকাটা, সেইটাই মানবো। মামার বাড়ির আবদার না? মামার বাড়ির আবদার, মানতে হয় দশটা মানুন। কনস্টিটিউশান অ্যামেনমেন্ট হচ্ছে অ্যাজ এ হোল কন্ডিশানগুলো মানুন। সেদিকে ওঁরা গেলেন না। ওরা বলছে, এখন শুধু আমি পাঁচ বছরেরটা মানবো, বাকীগুলো মানবো না। আপত্তি আমাদের এইখানেই। আমাদের প্রতিরোধ এইখানেই। তাই আজকে বিচার ব্যবস্থা বিচার ব্যবস্থার মতো চলবে। আমাদের যে আন্দোলন, সমবায় একটা আন্দোলন, সমবায় একটা মুভমেন্ট, এই মুভমেন্ট পশ্চিমবাংলার

কৃষকের স্বার্থে দরকার। এই মুভমেন্ট পশ্চিমবাংলার অর্থনৈতিক অগ্রগতির স্বার্থে দরকার। আজকে সেই মুভমেন্টকে যারা স্তব্ধ করে গেছে, সেই মুভমেন্টকে আবার খুলে দিতে হবে, জনপ্লাবনে রূপান্তরিত করতে হবে। এই হচ্ছে আমাদের নেত্রী মমতা ব্যানার্জীর আবেদন। তাই আজকের এই অ্যামেন্ডমেন্টকে আমি সর্বতোভাবে সমর্থন করি। আসুন কোর্ট কি বলবে, আশংকা শুধু জুজুর ভয় দেখিয়ে—একটা কথা আছে না, বাঙালকে হাইকোর্ট দেখানো—সুতরাং, এ দেখিয়ে, আমরা জনগণের গতিকে রোধ করতে পারবো না। জনগণের অর্থনৈতিক আন্দোলনের গতি অপ্রতিরোধ্য। এই আমাদের সমবায়ের দার্শনিক স্লোগান। এই কথা বলে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুভাষ নস্কর (নট প্রেজেন্ট)

শ্রী শঙ্কর চক্রবর্তী : অনারেবল স্পিকার স্যার, আজকের এই দুটো বিল সম্পর্কে যারা আলোচনায় অংশ গ্রহণ করলেন, তাদের সবাইকে, মাননীয় বিধায়কদের আমি ধন্যবাদ জানাই। প্রথমে validation যে বিলটি আনা হয়েছে সেটা সম্বন্ধে সামান্য দু-চারটে কথা বলবো। কারণ এ সম্পর্কে ইতিপূর্বেই যাঁরা বক্তব্য রেখেছেন তাঁরা বলেছেন, সবাই ক্লান্ত। সেইজন্যে আমি খুব salient দিকটায় একটু আপনাদের দৃষ্টি আকর্ষণ করবো। যে করবার কারণটা হচ্ছে যে, ২০১১ সালে যখন কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট ২০০৬ কার্যকরী হলো, আইনটা ২০০৬ সালের হলেও কার্যকরী হয়েছিলো ২০১১ সালে।

[6.40–6.55 p.m.]

ইতিপূর্ব-এ ১৯৮৩ সালে Co-operative সোসাইটিস Act যা ছিল, সেটাকে repeal করে দেওয়া হয়। repeal করে দেওয়ার ফলে ২০০৬ তে দেখা যায় যে যাদের Board of Directors tenure। সেটা ২০০৬ তে পাঁচ বছর ধার্য করে দেওয়া হয়েছিল। ইতিমধ্যে যখন বর্তমানে আমাদের কো-অপারেটিভ ডিপার্টমেন্টর অ্যাক্ট-এ একটু confusion হয়েছিল যে বোর্ডগুলি তার আগে হয়ে গেছে সেগুলির অবস্থা কি হবে? এবং পরবর্তীকাল নতুন আইনে অর্থাৎ তিন বছর, পাঁচ বছর যেটা আমাদের মাননীয় বিধায়করা বলেছেন সে অবস্থায় এটাকে কি করা যাবে তখন? তাদেরটা তিন বছর থাকবে না পাঁচ বছর হয়ে যাবে? এই অবস্থায় West Bengal Co-operative Societies (Amaendment) Act...amendment ২০১১—আনা হয়েছিল এবং তাতে নির্দিষ্ট করে বলা হয়েছিল যে যারা ৮৩ সালের আইন অনুসারে নির্বাচন হয়ে আছেন, তাদের মেয়াদ তিন বছরই সীমাবদ্ধ থাকবে, তাদেরটা পাঁচ বছর পর্যন্ত আর যাবে না। পরবর্তীকালে এই আইনটি মহামান্য আদালতে চ্যালেঞ্জ হয়েছিল এবং চ্যালেঞ্জ হওয়ার পর মহামান্য আদালত এই আইনটাকে যে ধারায় করা হয়েছিল তাকে বৈধ হয় বলে সেই আইনটাকে বাতিল করে দিয়েছিল। মাননীয় বিরোধী পক্ষের যিনি প্রধান—বিরোধী পক্ষের নেতা, তিনি তার বক্তব্য রাখার সময় একটা কথা বললেন, ওই মহামান্য আদালতের আদেশকে nullify করবার জন্য এটাকে করা হয়েছে। আমি অনাকে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই, মাননীয় সদস্যদেরকে এটা জানাতে চাই, যে ওই যে বিচারটা হয়েছিল—মহামান্য আদালত যে আদেশটা দিয়েছিলেন তাতে মহামান্য আদালতকে সম্পূর্ণ মান্যতা দিয়ে এবং সম্মান জানিয়ে তার এই judgement এর ratio থেকে

আমরা এই validation act টা নিয়ে এসেছি। তার কারণটা হচ্ছে, ওই আইনটা বাতিল করিছিলেন এই কারণে যে ২০১১ সালের আইনে যে savings clause-এর section 6 ছিল তার মধ্যে একটু ত্রুটি ছিল। সেই ত্রুটিটার জন্যই মহামান্য আদালত ২০১১ সালের আইনটাকে অবৈধ বলে ঘোষণা করে দেন। সেই ত্রুটিটা যেটা উল্লেখ করেছিলেন, সেই ত্রুটিটাকে সংশোধন করে নিয়েই বর্তমানে এই validation আইনটা আনা হয়েছে। validation আইন-এর বলে আগেকার যে আইনটা ছিল সেটাকেই রাখা হয়েছে। কিন্তু তার সঙ্গে মহামান্য High Court-এর সেই রায়ের পরিপ্রেক্ষিতে, রায়ের ratioটাকে নিয়ে saving clauseটার সেই পরিবর্তনটা করে দেওয়া হয়েছে। এই পরিবর্তনের ফলে আমরা এই নতুন validation Act নিয়ে এসেছি এবং এর বলে যারা ৮৩ সালে নির্বাচিত হয়েছেন, তাদের Board মেয়াদ তিন বছরই থাকবে এবং পরবর্তীকালে যারা নির্বাচিত হবে তার পাঁচ বছরই Board of Directiors হিসাবে থাকতে পারবেন। যদি না অন্য কোন কারণে তাদের boardটা ভেঙ্গে যায়। সুতরাং এটা nulift করার প্রশ্ন নেই, আমরা সম্মান জানিয়ে, মান্যতা দিয়ে এবং সেই আদেশ থেকে তার ratioটাকে নিয়ে এই amendment নিয়েছি এবং Validation Actটা হয়েছে এবং এই ভাবে কোন statute-এর Validation অ্যামেন্ডমেন্ড অ্যাক্ট পরবর্তীকালে করা যায় এই সম্বন্ধে বিভিন্ন ভাবে, বিভিন্ন আদালতে, বিভিন্ন সময় বিচার হয়েছে এবং Validation অ্যাক্টটা আনা হয়েছে। এটা নতুন কিছু নয়। ওই কারণে এই অ্যাক্টটা নিয়ে আসা হয়েছে। মাননীয় অসিতবাবু বললেন এটা নিয়ে এত তাড়াতাড়ি করবার কি দরকার ছিল। তাড়াতাড়ি করবার দরকার ছিল এই কারণে ২০১১ সালে এই আইনটা হয়ে যাওয়ার পর অনেক জায়গায় Special Officer appointed হয়, দেড় হাজার societyতে election process শুরু হয়ে যায়, ৭০০-এর উপরে Board of Direcdtors নির্বাচিত হয়ে যাবে। সেখানে election complete হয়ে ডিরেক্টর বোর্ড গঠন হয়ে যায়। কিন্তু যেহেতু ২০১১ সালের আইনটা বাতিল হয়ে গেল। তখন স্বাভাবিক ভাবেই স্পেশাল অফিসারদের কার্যকালের মেয়াদ শেষ হয়ে গেল এবং যে সমস্ত বোর্ড অফ ডাইরেকটর্স গঠিত হয়েছিল তাদের কি হবে সেটারও একটা অচল পরিস্থিতির সৃষ্টি হলো। তার ফলে হলো কি গোটা কো-অপারেটিভ মুভমেন্টটা বন্ধ হয়ে লোন দেওয়া বন্ধ হয়ে গেল, এগ্রিকালচার ফারমার যারা আসতেন তাদের কাজকর্ম বন্ধ হয়ে গেল। cooperative Societies সমস্ত activities স্টেলমেট হয়ে গেল। সুতরাং এই স্টেলমেট অবস্থাতেই গোটা কো-অপারেটিভ মুভমেন্টটা একটা অদ্ভুত পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে গেল। তখন সেই কথা চিন্তা করেই দ্রুততার সাথে এই ভ্যালিডেশান এ্যাক্টটা আনা হয় যাতে এই গুলিকে আবার পুনরায় চালু করে দেওয়া যায়। এবং বাকি যে গুলো আছে, যেগুলোর ইলেকশান এখনও হয় নি, সেই গুলোর ইলেকশান প্রসেস গুলো যাতে চালু করে দেওয়া যায়। সেই জন্য আমরা ভ্যালিডেশান এ্যামেন্ডমেন্ট এ্যান্ড ভ্যালিডেশান এ্যাক্টটা এনেছি। সেই হিসাবেই যে অর্ডারটা আমাদের হয়েছিল, সেই অর্ডার অনুযায়ী এই অর্ডারকে ফলো করেই এই ভ্যালিডেশান এ্যাক্টটা করা হয়েছে। দ্বিতীয়ত আমরা একটা Amendment Act এনেছি, সেটা হচ্ছে সেকেন্ড এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট সেটার আনার কারণ হচ্ছে এটাও আলোচনা হয়েছে '97th Constitution যে এ্যামেন্ডমেন্ট হয়েছে সেই এ্যামেন্ডমেন্টে বিভিন্ন ভাবে বলে দেওয়া হয়েছে যে কি কি এ্যামেন্ডমেন্ট করাতে হবে। একদম ১, ২, ৩, ৪, করে সমস্ত কিছু বলে দেওয়া আছে। এবং সেখানে একটা নির্দেশ দেওয়া আছে সে স্টেট গভর্নমেন্ট এর সঙ্গে কনফার্মেটি রেখে তাদের আইন প্রনয়ন করতে

হবে। কো-অপারেটিভ এ্যক্ট অনুযায়ী, সেটাকে মাথায় রেখে কনস্টিটিউশনের সেই নির্দেশ অনুসারে সেই এ্যমেন্ডমেন্ট এ্যক্টের নির্দেশ অনুসারেই কিন্তু পরবর্তী যে সেকেন্ড এ্যমেন্ডমেন্টটা আনা হয়েছে, সেটাও কিন্তু সেই নির্দেশের উপর নির্ভর করে ওই কনস্টিটিউশনাল এ্যামেন্ডমেন্ট এ্যক্টের উপর নির্ভর করেই এই এ্যামেন্ডমেন্টটা আনা হয়, এটা নতুন কিছু নয়। আপনারা যদি 97th Constitution এ্যামেন্ডমেন্টটা দেখেন এবং আমাদের সেকেন্ড এ্যমেন্ডমেন্ট যেটা আজকে এসেছে সেটা যদি দেখেন দেখবেন যে যা যা ওখানে বলা আছে আমরা সেই সেই এখানে করেছি। এবং তার সাথে একটা খুব ইম্পর্ট্যান্ট ফিচার আছে, সেই ইম্পর্ট্যান্ট ফিচারটা আমি একটু আপনাদেরকে জানিয়ে রাখি। সেখানে বলে দেওয়া আছে যে One seat should be reserved for the scheduled Cast or the Scheduled Tribes and two seats for women on Board for every Co-Operative Society consisting of individual as members. এটা একটা constitutional mandate। সুতরাং একজন করে সিডিউল কাষ্ট, টু সিটস্ ফর ওম্যান। দু-জন মহিলা সদস্য তার মধ্যে রাখতেই হবে। এটা একটা নতুন কন্সটিটিউশনাল ম্যানডেড, আমরা সেটাও এখানে ইনকরপোরেট করে নিয়েছি। সুতরাং এটা এই কো-অপারেটিভ মুভমেন্টের ক্ষেত্রে একটা বিরাট মাইল স্টোন বলা যেতে পারে। এ ছাড়াও আছে আর একটা জিনিস সেখানে আছে এমন মানুষ যা এক্সপিরিয়েন্স ইন ব্যাংকিং, ম্যানেজমেন্ট, ফাইনান্স আছে তাকে কোয়াপ্ট করে নেওয়া যাবে এক্স এ মেম্বার অফ দি বোর্ড, সেটারও ফিগার বলে দেওয়া আছে দুটো। আমরা সেই জন্য ওখানে দুটোই রেখেছি। কিন্তু তাদের কোন ভোটিং রাইট থাকবে না। এটা খুব স্যালিয়েন্ট ফিচার অফ্ দি এ্যামেন্টমেন্ট। এছাড়াও যে সমস্ত এ্যামেন্ডমেন্ট করা হয়েছে সেগুলি হলো আপনারা যদি 97th Constitution এ্যমেন্ডমেন্ট দেখেন দেখবেন তারই রেপ্লিকা। এবং তাতে যা যা বলা আছে সেটাই এখানে ইনকর্পোরেট করা হয়েছে। এটা আমাদের কথা নয়, এটা কনস্টিটিউশনাল ম্যান্ডেট। সুতরাং সেকেন্ড এ্যমেন্ডমেন্ট যেটা আমরা সেই জন্যই সেকেন্ডটা নিয়ে এসেছি। এই নতুন জিনিসগুলি ইনকর্পোরেট করে। কো-অপারেটিভ মুভমেন্ট—মাননীয় সদস্য যাঁরা অংশ গ্রহণ করেছেন তাঁরা প্রত্যেকেই বলছেন যে এটার পরিস্থিতিটা খুবই খারাপ অবস্থায় চলছে। আমি সেই জন্য সব সদস্যদের কাছেই অনুরোধ করবো যে আপনারা এগিয়ে আসুন, আমরা যাতে স্বচ্ছতার সঙ্গে এবং যে দুর্নীতিটা আছে সেই দুর্নীতিটাকে দূরে ঠেলে দিয়ে আমাদের মা মাটি মানুষ সরকারের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর যে আদর্শ, সেই আদর্শ অনুযায়ী যাতে আমরা কো-অপারেটিভ মুভমেন্টটাকে স্বচ্ছতার সঙ্গে এবং দুর্নীতিহীন ভাবে এগিয়ে নিয়ে যেতে পারি আপনারা সবাই মিলে সাহায্য এবং সহযোগিতা করুন এবং এই দুটো বিলকে আপনারা সমর্থন করে, এই দুটো বিল আপনারা অনুমোদন করে দিন। সবাইকে ধন্যবাদ।

Mr. Speaker : The question before the House is that the Statutory Resolution disapproving the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Ordinance, 2013.

As many as are of that opinion will please say 'Aye', as many as are of the contrary opinion please say 'No'. Noes have it, Noes have it.

The Statutory Resolution is lost.

The question before the House is that the West Benal Co-operative Societies (Amendment And Validation) Bill, 2013 be taken into consideration.

As many as are of that opinion will please say "Aye", as many as are of the contrary opinion will please say 'No'.

Ayes have it. Ayes have it.

Clauses 2-7

Mr. Speaker There is no amendment to clauses 2 to 7. The question before the House is that Clauses 2 to 7 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Are" As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before the House is that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Are." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Shri Shankar Chakravorti : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Co-operative Societies (Amendment and Validation) Bill, 2013, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, eyes)

Ayes have it, ayes have it.

Mr. Speaker : Now the question before the House is the Statutory Resolution moved by Dr. Surjya Kanta Mishra that the

House disapproves the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013 (West Bengal Ordinance No.II of 2013).

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Mr. speaker : Now the question before the House is the motion of Shri Shankar Chakravorti that the west Bengal Co-operative Sicieties (Second Amendement) Bill, 2013, be taken into consideration.

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Clauses 2-4

Mr. Speaker There is no amendment to clauses 2 to 4. The question before the House is that Clauses 2 to 4 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Are." As many as are of conrtary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 5

Mr. Speaker : There is one amendment clause 5 being amendment No. I by Shri Chowdhury Md. Hedayatullah. The amendment is in order. Shri Hedayatullah may now move his amendment .... (pause) .... I don't find Shri Hedaytullah now ; as such the amendment is not moved.

The question before the House is that Clause no. 5 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 6

Mr. Speadker : There is no amendment to clause 6. The question before the House is that Clause No. 6 do stand part of the Bill.

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)
Ayes have it, ayes have it

Clauses 7

Mr. Speaker : There is two amendments clause 7 being amendment Nos. 2 & 3 by Shri Chowdhury Md. Hedayatullah. The amendments are in order. Shri Hedayatullah may now move his amendments. ....(pause) ... I don't find Shri Hedaytullah now ; as such the amendments are not moved.

The question before the House is that Clause no. 7 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 8

Mr. Speaker : There is one amendment clause 8 being amendment No. 4 by Shri Chowdhury Md. Hedayatullah. The amendment is in order. Shri Hedayatullah may now move his amendment .... (pause) ..... I don't find Shri Hedaytullah now ; as such the amendment is not moved.

The question before the House is that Clause no. 8 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes hve it

Clauses 9 & 10

Mr. Speaker : There is no amendment to clauses 9 to 10. The question before the House is that Clauses 9 and 10 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 11

Mr. Speaker : There is one amendment clause 11 being amendment No. 5 by Shri Chowdhury Md. Hedayatullah. The amendment is in order. Shri Hedayatullah may now move his amendment. ......(pause) .... I don't find Shri Hedaytullah now ; as shch the amendment is not moved.

The question before the House is that Clause no. 11 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 12-14

Mr. Speaker There is no amendment to clauses 12 to 14. The question before the House is that Clauses 12 to 14 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 15

Mr. Speaker : There is one amendment clause 15 being amendment No. 6 by Shri Chowdhury Md. Headayatullah. The amendment is in order. Shri Hedayatullah may now move his amendment. ....(pause) ... I don't find Shri Hedaytullah now ; as such the amendment is not moved.

The question before the House is that Clause no. 15 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clauses 16-18

Mr. Speaker There is no amendment to clauses 16 to 18. The question before the House is that Clauses 16 to 18 do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill. The question before

the House is that Clause 1, The Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill. As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Shri Shankar Chakravorti : Sir, I beg to move that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013, as settled in the Assembly, be passed.

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

Mr. Speaker : The question before the House is that the West Bengal Co-operative Societies (Second Amendment) Bill, 2013 as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say AYE

As many as are of the country opinion will please say NO.

Ayes have it. Ayes have it.

The Bill is passed. The Bill is passed.

Adjournment

At this stage the House was adjourned at 6.56 on Thursday till 11.15. a.m. on Friday, 22nd March, 2013 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday. the 22nd March 2013 at 11·00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 35 Minister. 06. Ministers of State 13 Principal Secretary and 197 Members

[11.15–11.30 a.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Md. Sohrab on the subject of problems faced by the farmers for non-getting of minimum support price of paddy, potato and jute.

Two notices of Adjournment Motions on the subject partly similar to this Motion were received on 12th and 14th March, 2013 and consent to those were withheld by me. Generally in such cases the notice is treated as out of order since I had already given my ruling in the matter However, considering it as a special case I allow the member to read the text of the motion as amended.

The Member may now read the text of the Motion as amended.

Shri Md. Sohrab : Sir, I hereby give notice of my intention to ask for leave to move the following motion for the adjournment of the business of the House for the purpose of discussing a definite matter of urgent public importance.

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely paddy, potato cultivators and jute growers are not getting minimum support price for which they are suffering a lot and they are selling their products at much lower prices. Necessary steps in this regard may be taken by the State Government.

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মিস্টার স্পীকার স্যার, কাকে বলব আমি জানি না কারণ মাননীয়া মুখ্যমন্ত্রী নেই। উনি আসবেন কিনা জানি না। আসবেন নাকি? ... (নয়েজ) ... আসবার তো কথা।

মিঃ স্পীকার : আপনার যা বলবার তা বলুন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : খেয়াল রাখবেন 'বিজনেস অ্যাডভাইসরি কমিটি'র যখন মিটিং হয়...

মিঃ স্পীকার : মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি অত্যন্ত সচেতন আছেন, আপনি আপনার বক্তব্য বলতে থাকুন, তিনি নিশ্চয় আসবেন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : কিন্তু তখন তো কথা হয়ে গেছে।

মিঃ স্পীকার : উনি সদনেই আছেন, সদনেই আছেন। I am told that she is very much here within the precincts of this Assembly.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমাদের ১১টায় হাউস আরম্ভ হওয়ার কথা, ১১-টা ১৫ করলাম, মাননীয়া মুখ্যমন্ত্রীর সুবিধা হবে, ১১-টায় আসতে পারবেন না বলে। আমি তাই ভেবেছিলাম।

সাধারণতঃ মাননীয়া মুখ্যমন্ত্রী বলার আগে আমাকে বলতে সুযোগ দেওয়ার কথা। আপনি সেটা না করে আমাকে আগে বলতে সুযোগ দিয়েছেন। তারপরে, ঠিক আছে, আমি সমর্থন করেছিলাম যে কংগ্রেস দলের একজন, তারা বলতে চান, তাঁদের বলতে দেওয়া উচিৎ। তাঁকে বলতে দিয়েছেন।

যাই হোক, আমি দুঃখিত এই জন্য যে, মাননীয়া মুখ্যমন্ত্রীকে যে কথাগুলো বলতে চাই সেগুলো, অর্ধেক উনি শুনতেই পাবেন না। না আমাদের কথা উনি শুনছেন, এই হাউসের কথা, না আমরা ওঁর কথা শুনতে পাচ্ছি।

রাজ্যপালের যে ভাষণ এখানে দেওয়া হয়েছে, তাকে ধন্যবাদ জানিয়ে যে প্রস্তাব আনা হয়েছে, আমরা তো আর ধন্যবাদ প্রস্তাবের বিরোধিতা করি না, রাজ্যপাল এসেছেন, তিনি ভাষণ দিয়েছেন। আমাদের বক্তব্য—বিরোধিতা যাই বলেন—সেটা হচ্ছে, যে ভাষণটা ওঁর জন্য লিখে দেওয়া হয়েছে পড়বার জন্য তার বিষয়বস্তু নেই। সেই ভাষণ সরকার পক্ষের ..... (গোলমাল) ......

মিঃ স্পীকার : আপনারা প্লিজ, আপনারা ওনাকে বলতে দিন Please maintain the order of the House. আপনারা বলতে দিন। Please don't disturb him unnecessary.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : যেগুলো লিখে দেওয়া হয়েছে, তার মধ্যে কিছু লেখা আছে, যেগুলো হচ্ছে, হবে। হয়নি, হওয়ার কোন সম্ভাবনা নেই। আর বলা হয়েছে যেগুলো হয়েছে—আমি সবসময় বলি মাননীয়া মুখ্যমন্ত্রী বা সরকার যখন বলেন যে এটা হয়েছে তখন বুঝতে হবে, এটা হয়নি। আর যদি বলেন কিছু হয়নি, তাহলে বুঝতে হবে সেটা নিশ্চয়ই হয়েছে। কিছু হয়েছে—তাসত্ত্বেও আমি বলছি যে কিছু হয়েছে—তবে ৯০ পারসেন্ট হয়নি। সত্যি কিছু হয়েছে, যেগুলো ১০, ২০ শতাংশ কিছু হতে পারে, হয়েছে। যখন বলেন যে বামফ্রন্টের আমলে কিছু হয়নি, তখন বুঝতে

হবে যে নিশ্চয়ই কিছু হয়েছে। যখন বলেন যে পার্ক স্ট্রিটে কিছু হয়নি, তার মানে বুঝবেন নিশ্চয়ই কিছু হয়েছে যদি বলেন কাটোয়ায় কিছু হয়নি, তাহলে বুঝবেন নিশ্চয়ই কিছু হয়েছে। যদি বলেন মহেশতলায় একটা ছোট্ট আগুন লেগেছিল তাহলে বুঝবেন বড় আগুন, ৭০০ বাড়ি যেখানে পুড়ে ছাই হয়ে গেছে।—যদি বলেন যে এরকম হলে একইরকম হবে—যদি বলেন যে ধাপায় অমুককে গ্রেফতার করতে আমি বলেছি, তাহলে বুঝবেন যে সে গ্রেফতার হবে না, কোথাও পালিয়ে যাবে। যদি বলেন যে লোবায় বা তেহট্টে চার-ছয় জায়গায় ফায়ারিং হয়েছে—তাহলে তো বুঝতাম যে হয়েছে—উনি বলবেন হয়নি, তার মানে হয়েছে। সেগুলোই বারবার প্রমাণ হচ্ছে। যেগুলো হয়েছে যেগুলো এখানে লেখা নেই, যেগুলো হয়নি. হয়েছে, এখানে আমি কয়েকটা বললাম। যেগুলো হয়েছে অথচ এখানে কিছু লেখা হচ্ছে না, খালি বলা হচ্ছে যে anti corruption wing একটা করা হয়েছে, বিশেষ ব্যবস্থা হচ্ছে এসব এক কথাও নেই। ওই যে trident light এক কথাও নেই। যখন নিজেই মেয়র বলছেন যে ওখানে দুর্নীতি হয়েছে, সরকার বলছে দুর্নীতি হয়েছে, এক কথা নেই সেখানে কি হবে? নীল, সাদা আমি অনেকবার বলেছি। আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলেছিলাম WBIDFC সেখানে যে এত কোটি টাকা কি ব্যাপার? কে তুলল? কোথায়? কি ব্যাপার? বলছেন তদন্ত হচ্ছে। চিট ফান্ড নিয়ে এতবার বলছি, একটা জবাব পাচ্ছি? সেসব কথা নেই, তাহলে কি? অর্থাৎ কিছু জিনিস হচ্ছে সেগুলো নিয়ে কিছু বলা হচ্ছে না। সে অনেক ব্যাপার, আমি সব কথায় যেতে পারছি না। এই সরকারের একটা খুব বড় কৃতিত্ব হচ্ছে, যেগুলো অসম্ভব ব্যাপার সেগুলোকে ওরা সম্ভব করতে চান। আর যেগুলো করা সম্ভব ছিল, উচিত ছিল, সেগুলোকে করা অসম্ভব করে ফেলেছেন। যেগুলো অসম্ভব সে সব কথা লেখা হচ্ছে। এই যে শিল্প নিয়ে বহু চর্চা হয়েছে, আমি সেসব বিশদে যাচ্ছি না, সবাই জানে। কর্মসংস্থান নিয়ে বিশদ চর্চা হয়ে হয়েছে, সবাই জানে। এখানে রাজ্যপালের ভাষণে লেখা আছে যে প্রাইভেট সেক্টরে employment case is estimated three lakhs–৩ লক্ষ, যখন সেটা আমি হাউসে আলোচনা করছি তখন মুখ্যমন্ত্রী ওখানে ভাষণ দিচ্ছেন প্রাইভেট সেক্টরে ৬ থেকে ৭ লাখ। আমি কোনটা ঠিক ধরবো? যদি আমরা বলি কৃষক ফসলের দাম পাচ্ছে না, আত্মহত্যা করছে ৮০ জনের তালিকা আছে আমার কাছে এখানে একটা Adjournment Motion পড়তে দিয়েছেন, সোহরাব সাহেব পড়েছেন। ঠিকই তো—সে ধানচাষী হোক, পাট চাষী হোক, আলু চাষী হোক, তারা দাম পাচ্ছে না।

ধান বিক্রি করে চেক বাউন্স হচ্ছে। চেক পেল না ৭মাস পরে আত্মহত্যা করলো এই ঘটনা আছে। এই সব কিছু হয় না, এই সব কিছুই হচ্ছে না, সব নাকি ঠিক আছে। Multiplying মাননীয় অর্থমন্ত্রী যেটা বলেন, Kentian multiplier, আসলে যেটা multiply করছে সেটা হচ্ছে যে অপরাধ, মহিলাদের উপর আক্রমণ, বিরোধীদের উপর আক্রমণ, গণতান্ত্রিক আধিকারের উপর আক্রমণ এবং সমস্ত গণতান্ত্রিক সংস্থা, নির্বাচিত সংস্থা সে পঞ্চায়েত হোক, সে হলদিয়ার পৌরসভা হোক বা সেটা সমবায় হোক, সেটা ছাত্র ইউনিয়ন হোক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিচালন সমিতি হোক—এই সমস্ত ক্ষেত্র জুড়ে যেটা multiply করছে সেটা হচ্ছে Kentian Multiplying Theory—যদি প্রযোজ্য হয় তাহলে ঐ সব ব্যাপারে প্রযোজ্য হতে পারে। মাননীয় মুখ্যমন্ত্রী রাজ্যপালের ভাষণের প্রথমদিকটা পড়ে যদি তিনি approve করে থাকেন, কারণ approval নাকি মুখ্যমন্ত্রী দেন রাজ্যপাল ভাষণ দেওয়ার আগে। এগুলো কি ঠিক, এই যে প্রথমের দিকে জঙ্গলমহল, পাহাড় এই সব নিয়ে যা বলেছেন public perception-এ। মাননীয় মুখ্যমন্ত্রী

কি মনে করেন যে এটা হচ্ছে public perception। উনি পাহাড়েও গেছেন, জঙ্গল মহলেও গেছেন এই সময়কালে। সেখানে মানুষের প্রতিক্রিয়া কি? কথা আমি বাড়াতে চাই না কিন্তু এই যা লেখা হয়েছে তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এখানে আইন-শৃঙ্খলা, পুলিশ কমিশনারেট ইত্যাদি হয়েছে, কতগুলি থানা, মহিলা থানা ইত্যাদি, ইত্যাদি হচ্ছে, হবে, এই সব কথা লেখা আছে। কিন্তু আমি বললাম যে এইরকম সামগ্রিক আইন-শৃঙ্খলা নিয়ে এখন কিছু বলছি না কারণ একটা Adjournment Motion আছে তখন হয়তো আমার বলবার সুযোগ হবে। তখন আমি সেই সব কথা নিয়ে কিছু বলতে পারবো। কিন্তু যেগুলো এখানে লেখা হয়েছে আর যা সরকার দাবী করছেন এখানে, হাউসে মাঝেমাঝে বলছেন এগুলোর সঙ্গে সম্পর্ক কি বোঝা খুব মুস্কিল। ধরুন আমি কথায় বলছি, পঞ্চায়েত, গ্রামোন্নয়ন, কৃষি এই সমস্ত ক্ষেত্রে কয়েকটি উদাহরণ স্বরূপ দিচ্ছি। শিল্পেও আমি যাচ্ছি না, বহু আলোচনা হয়েছে। ধরুন এখানে লেখা হয়েছে যে, অধিকার প্রকল্পে—"অধিকার" বলে একটা কর্মসূচি হয়েছে। এই কর্মসূচিটা Backward Regions Grand Fund, এটা একটা কেন্দ্রীয় প্রকল্প। সেটার নাম special grant, উনি তার নাম দিয়েছেন। নাম উনি অনেক পরিবর্তন করেছেন। যেগুলো আমাদের সময় চালু ছিল সেগুলোর নাম বদলে আর একটা নাম করেছেন। কিছু কেন্দ্রীয় প্রকল্প সেগুলিরও নিজের মত নাম দিয়ে দিয়েছেন। এখানে লেখা আছে, একটা প্রশ্ন হয়েছিল এখানে ডাঃ ভূঞ্যা বোধ হয় প্রশ্ন করেছিলেন, সেখানে আমি দেখছি এই মাসের ১৩ তারিখের স্বাক্ষরিত জবাব, যে অধিকার কর্মসূচিতে কি হয়েছে? আর এখানে রাজ্যপালের ভাষণে কি লেখা আছে।

২০১২-১৩ আর্থিক বর্ষে ১১টি জেলায় মোট ২৪ হাজার ৫০৬টি বাড়ি তৈরি করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। গত ৮ই জানুয়ারী ২০১৩ মোট ব্যয় বরাদ্দের প্রথম কিস্তির টাকার আদেশনামা জেলা শাসকদের নিকট প্রেরণ করা হয়েছে। ব্যাস, আদেশনামা পৌঁছেছে। বাড়ি হয়েছে এইসব কথা নেই। এরমধ্যে আদেশনামা ছাড়া আর কিছুই ব্যাপার নেই, এখানকার জবাব। এখানে রাজ্যপালের ভাষণে লেখা আছে—সেদিন অনেক বিতর্ক হচ্ছিল আমি শুনে স্যার, দৌড়ে এলাম আপনি তখন চলে গেছেন। সেটা হচ্ছে যে MNREGA-তে কি হয়েছে, কি পারফরমেন্স। আমি বলেছিলাম যে এটাতে তর্ক করার কি আছে। সুব্রতবাবু রেগে গেলেন, বললেন যে, এটা যদি ভুল হয় আমি পদত্যাগ করবো। আর ভুল না হলে তাহলে আনিসুর রহমান পদত্যাগ করবে। এটা ঝগড়া করার কি আছে? ঠিক কোনটা, বেঠিক এতো website আছে। Government of India-র website সারা দেশের জন্য। সেই website-এ upload করার কথা রাজ্য সরকারের। আমি বলেছিলাম ওখানে Data Entry Operator তাদের নিয়োগ করা আছে গ্রাম পঞ্চায়েতের data তারা নিয়ে আসে pen drive করে। pen drive নিয়ে এসে Block-এ entry করে। যদি না entry হয় তাহলে আপনার দায়িত্ব।

[11·30–11·40 p.m.]

আপনি কি মুখে বললেন সেতো কেউ শুনবে না। কিন্তু আমি দেখছি, আবারও বলছি ২০ তারিখে এটা ডাউনলোড করা, প্রিন্ট আউট। এটা হচ্ছে ২০ তারিখে পশ্চিমবাংলার গড় শ্রমদিবস যা তৈরি হয়েছে পরিবার পিছু, এটা হচ্ছে ২৯.৯৬, মানে ত্রিশের কম। রাজ্যগুলোর মধ্যে সর্বোচ্চ স্থানে যে রয়েছে এখনও, গত বছরেও ছিল, সেটা হচ্ছে ত্রিপুরা ৭৬.৬৫। কোথায় ২৯.

কোথায় ৭৬। এক নম্বর আর আমাদের জায়গা আমি দেখছিলাম যে হিসাব করে আটটি রাজ্যে আছে, কেন্দ্রশাসিত অঞ্চল এসব নিয়ে, যাদের আমাদের চাইতে কম। আর বাকি সবাই আমাদের উপরে। কেননা আমাদের এই ২৪ মাসে আমরা ২৪ নম্বর স্থানে, সেখানে উপর থেকে নেমে ২৪ এর নীচে আমরা নেমে গেছি ২৫ বা ২৬ নম্বর জায়গায়, যাইহোক। এটা হচ্ছে গতকালকের ডাউনলোড করা তথ্য। আজকেও এই তথ্য কেউ দেখতে পারেন। আগের বছরে হিসাবও আছে, সেগুলো যা বলা হয়, আগে কোন বছর, যে কোন বছর সর্বোচ্চ আমরা ৪৫-এ উঠেছিলাম। সেটাও আছে এখানে। আর তারপরে আমরা নেমে এসেছিলাম শেষ বছরটায় কিন্তু সেটার থেকে এখনও অতিক্রম করতে পারেনি। মাননীয় মুখ্যমন্ত্রী সব জায়গায় বলছেন, এখানেও লেখা আছে যে ৩৪১টি ব্লকে কিষাণ মান্ডি হবে। কিষাণ মান্ডিতে এখন যাইহোক সেদিন মন্ত্রী বললেন জবাব দেওয়ার সময়ে মান্ডি কথাটা আমাদের কালচারের সঙ্গে মেলে না। সেজন্য আমরা কৃষক বাজার বলছি। ঠিক আছে, ধরে নিলাম এখন মান্ডি নয়, বাজার বলব। বাজার ৩৪১টি ব্লকে তৈরি হওয়ার কথা। ৩৪১ টি ব্লকে তৈরি কি হয়েছে? আমরা যখন জিজ্ঞাসা করলাম তখন বুঝলাম যে ৯৫টি ডি.পি.আর জমা পড়েছে। আর একটারও কাজ কমপ্লিট হয়েছে? একটাও কমপ্লিট হয়নি। এক তৃতীয়াংশের মত সেখানে কাজ শুরু হয়েছে। বাকিগুলোর টেন্ডার ইত্যাদি হচ্ছে। খরচ কি হয়েছে? এক পয়সাও খরচ হয়নি। এটা হল মন্ত্রীর জবাব। আমাকে বললে আমি এক্ষুনি পড়ে দিতে পারি। আমার কাছে এই হাউসেই, এই সদনে মন্ত্রীরা জবাব দিয়েছেন। সেই জবাব থেকে আমি আপনাকে বলছি। ফলে এই রকম বললে—

(গোলমাল)

মিঃ স্পীকার : আমি যতদুর স্মরণ করতে পারছি ডাঃ মিশ্র, মন্ত্রী বলেছেন ওয়ার্ক অর্ডার ইস্যু হয়েছে। ওয়ার্ক অর্ডার ইস্যু হয়েছে এই শব্দটি উনি বলছেন। আর আর আপনি বলছেন ডি.পি.আর. হয়েছে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, আমি আপনার কাছে জবাব চাইছি না।

মিঃ স্পীকার : আপনি হাউসে, একটা সদনে বলছেন, আমরা সেদিন উপস্থিত ছিলাম।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এখানে তো আছে, আমার কাছে আছে। এটা আপনাকে সব দিয়ে দিতে পারি।

(গোলমাল)

শিল্প, পরিকাঠামো, এসব—রাস্তা, আমাদের একটা স্টেট হাইওয়ে অথরিটি হয়েছে। তারা গোল্ডেন কোয়াড্রিল্যাটারাল তৈরি করবে। এক হাজার কিলোমিটার রাস্তা তৈরি করবে, রাজ্যপালের ভাষণে আছে। আমরা এখানে দেখছি যে, এখানে একটা প্রশ্ন যখন পূর্ত মন্ত্রীকে করা হয়েছিল, আপনার মনে আছে, আমি আলোচনার জন্য সাপ্লিমেন্টারী জিজ্ঞাসা করি না। আমি তবু সাপ্লিমেন্টারীতে একবার দাঁড়িয়েছিলাম যে এই সময়ে পাকা রাস্তা—নতুন পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যমাত্রা ১লা জানুয়ারী ২০১১ থেকে ২০১৩-এর ৩১শে জানুয়ারী পর্যন্ত এটা কত কিলোমিটার? পাকা রাস্তা নির্মাণের লক্ষ্যমাত্রা কত ছিল? ২০.৩৫ কিলোমিটার। হয়েছে কত? ৫.৫ কিলোমিটার।

এই হচ্ছে মন্ত্রীর জবাব, পি. ডবলিউ. ডি মিনিস্টারের জবাব। আপনার খেয়াল আছে, নতুন রাস্তা আমি ওকে বলেছিলাম যে নতুন রাস্তাটা আপনি খালি বলে মুশকিল করছেন। কারণ তার মধ্যে ইমপ্রুভমেন্ট আছে, চওড়া করার ব্যাপার আছে, যেগুলো প্ল্যান ফান্ডে হয়। কিন্তু নতুন রাস্তা যা বলেছেন সেটা তো ঠিকই বলেছেন। সেটা তো আর বেঠিক বলেননি। ছত্রে ছত্রে আমি যদি যাই এখানে, রাজ্যপালের ভাষণে যা বলা আছে, আমি বলছি না যে কিছু হয়নি, আমি খালি বলছি যে যেগুলো সম্ভব করা, যেটা আমাদের যা বাস্তব সম্ভাবনা আছে—আমাদের কৃষির বিকাশ ঘটানো সম্ভাবনা আছে, আমাদের তার উপরে ভিত্তি করে শিল্পের বিকাশ ঘটানোর সম্ভাবনা আছে, বাস্তবতা আছে। এইগুলো, যেটা সম্ভব, তাকে অসম্ভব করে ফেলছেন। আর যেটা অসম্ভব কথা, কোথায় দশ লাখের বেশি কর্মসংস্থান! কোথা থেকে হল সে আজ পর্যন্ত হিসাব পেলাম না। যে কোথায় কি ব্যাপার, কোনখান থেকে, কোন ক্ষেত্র থেকে পি পেলেন, সেই সব কথা আমরা বলছি। ন্যাশনাল হাইওয়ে অথরিটি কি করছে আমরা দেখছি। আমরা একটা স্টেট হাইওয়ে অথরিটি করেছি—গোল্ডেন কোয়াড্রিল্যাটারাল। এক হাজার কিলোমিটার রাস্তা, এটা বুঝতে পারেন সেটা করা কি রকম কঠিন ব্যাপার। এটা অসম্ভবকে সম্ভব করার চেষ্টা। আর যেটা সম্ভব যেটা করতে পারতাম, কেন্দ্রীয় প্রকল্পে যে সব টাকা পাই তার দুই-তৃতীয়াংশ খরচা হবে, সেটা বাড়াতে পারেনি। এটাতো সম্ভব। সেইজন্য আমি বলছি যে, যেসব কাজ করা সম্ভব ছিল সেগুলির আমরা এখানে উল্লেখ পাচ্ছি না। উল্লেখ পাচ্ছি যেগুলি অসম্ভব সেগুলি বারবার বলা হচ্ছে এবং মাঠে ময়দানে যখন যাচ্ছি তখন দেখছি এর সঙ্গে মিল নেই। এখানে irrigation নিয়ে অনেক কথা বলা হয়েছে। কত hectare জমি চাষে আসবে ইত্যাদি ইত্যাদি। আমি আপনাদের বিনীতভাবে মনে করিয়ে দিচ্ছি যে, সেচের সম্প্রসারণ এটার বোঝার একটা মাঠকাঠি আছে, একটা সূচক আছে, যাকে cropping intensity বলা হয়। অর্থাৎ ১০০ একর জমিতে বা কত একর জমিতে একাধিকবার চাষ হচ্ছে, দুইবার বা তিনবার চাষ হচ্ছে। সেই cropping intensity-তে আমরা কোথায় ছিলাম? আমাদের সময় আমরা দুই নম্বর জায়গায় পৌঁছেছিলাম। আমাদের উপরে কেবলমাত্র হরিয়ানা ছিল। পাঞ্জাবকে আমরা পিছনে ফেলে দিয়েছিলাম। এখন রাজ্যগুলির মধ্যে আমাদের সেই cropping intensity বাড়ছে না কমছে সেটা মাঠকাঠি। এখন সেই মাপকাঠিতে আমরা যেটা দেখছি সেটা হচ্ছে চাষের জমি আছে, জল আছে চাষ হচ্ছে না। এখানে irrigation, অনেক কথা বলা হয়েছে কিন্তু কার্যত যা হচ্ছে মাঠে কিছু উদাহরণ আমি সেইজন্য বললাম। এখানে বলা হয়েছে যে সিঙ্গুরে কৃষকদের জন্য কি করা হচ্ছে। কৃষকদের জন্য করা হচ্ছে না, যারা অনিচ্ছুক সরকারের ভাষায় তাদের জন্য করা হচ্ছে। আমি জানিনা সেটা কতদিন চলবে? তারা হয় জমি ফেরত পাবেন যেমন সরকার বলেছিলেন আর না হয় কিছু করুন ওখানে। শিল্প কি করে হবে ওখানে তা দেখুন। এখানে হিসাব দেওয়া হয়েছে যে, কত লোককে দেওয়া হচ্ছে চাল, গম থেকে শুরু করে তাদের টাকা দেওয়া হচ্ছে। তাদের কত টাকা দেওয়া হচ্ছে সেইসব grant-in-aid দেওয়া হচ্ছে, ex-gratia দেওয়া হচ্ছে এইসব হিসাব দেওয়া হচ্ছে। কত টাকা খরচা হল? কত টাকা খরচ হচ্ছে? কোনটা সম্ভব আর কোনটা অসম্ভব এটাই আমি বলছি। কি করা সম্ভব ছিল আর কি করা হচ্ছে এখানে transport sector-এ অনেক বাস—আমি ছত্রে ছত্রে অনেক কথা বলতে পারি। অনেক কথা আমাদের সদস্যরা বলেছেন আইন শৃঙ্খলা নিয়ে আমি আলাদা করে বলব, আরো কয়েকটা বিষয় আছে। ওটা adjournment motion-এ বলব আরো কয়েকটা বিষয় আছে। আমি বলছি যেগুলি আমরা

বারবার জিজ্ঞাসা করছি কিন্তু জবাব পাইনি মাননীয়া মুখ্যমন্ত্রী যদি আজকে অনুগ্রহ করে সেই বিষয়ে আলোকিত করেন তাহলে আমরা নিজেদের ধন্য মনে করব, Thank you, Sir.

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার গত ৮ই মার্চ আমাদের বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার উপর যে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব এসছে আমি তার সঙ্গে একমত হতে পারছি না। আমাদের এই বিধানসভার একজন সদস্য আমার পাশেই আছেন মাননীয় জ্যোতির্ময় কর সেদিন বলছিলেন যে, রাজ্যপালের উপর তাদের কারোরই ব্যক্তিগত অশ্রদ্ধা নেই। কিন্তু আমরা জানি যে, এই বিধানসভার সদস্য এবং এই রাজ্যের একজন প্রবীণ মন্ত্রী তিনি রাজ্যপালকে বলেছিলেন যে—এখন হলুদ কার্ড দেখানো হল এরপরে লাল কার্ড দেখানো হবে। রাজ্যপাল যে ভাষণ পড়েছেন আর তার বাইরে যা অভিব্যক্তি এই দুটোর মধ্যে অনেক ফারাক আছে। আমরা দেখেছি যখন রাজ্যে একের পর এক খুন হচ্ছে, Garden Reach হত্যাকান্ডের পর রাজ্যপাল বাইরে বলেছিলেন—এখানে তো তিনি মন্ত্রী সভার ঠিক করে দেওয়া ভাষণ পড়তে বাধ্য—বাইরে বলেছিলেন যে goondaism হচ্ছে। তারপরেও যখন দেখা গেল যে রাজ্য নির্বাচন কমিশনের সঙ্গে রাজ্যসরকারের নির্বাচন নির্ঘন্ট ঠিক করা, পরিচালনা করা নিয়ে যখন একটা সমস্যা দেখা দিয়েছে।

[11·40–11·50 a.m.]

তখনও রাজপাল বললেন যে, একটা সাংবিধানিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে এই ধরণের আক্রমণ করা উচিত নয়। রাজ্যপালের সেই উচিত নয়কে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে আমরা দেখলাম যে উল্টে আবার ১৯জন বি.ডি.ও এবং ২ জন এস.ডি.ও, যারা এই সরকারের শাসক দলের সঙ্গে একমত হতে পারছেন না, তাদের রাতারাতি আবার বদলি করে দেওয়া হল এবং শুধু বদলি করে দেওয়া হল শুধু তাই না, তাদের জায়গায় আবার অন্য কোন অফিসারকেও নিয়োগ করা হল না। স্যার, একটা ব্যাপারে আমরা একটু মর্মাহত যে, আমরা ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে দেখেছি—আমার পাশেই আছেন ডাঃ মানস ভূঞ্যা, তিনি সেই ব্যাপারে তার অভিব্যক্তি প্রকাশ করেছেন। ডাঃ বিধানচন্দ্র রায় থেকে বুদ্ধদেব ভট্টাচার্য্য পর্যন্ত যারা মুখ্যমন্ত্রী ছিলেন, তাঁরা পশ্চিমবাংলার বিধানসভার যখন অধিবেশন চলত, তখন বেশিরভাগ সময়টায় তারা বিধানসভায় কাটাতেন। এতে শাসক দলের কোন সুবিধা-অসুবিধার প্রশ্ন নেই, কিন্তু বিরোধীদের একটা প্রশ্ন থেকেই যায়। তার কারণ আমরা দেখেছি যে, বিভিন্ন সময় আমাদের যে অভিযোগ, সেই অভিযোগগুলো বিভিন্ন সময় মুখ্যমন্ত্রীর কাছ পর্যন্ত পৌঁছয় না। কিন্তু তিনি যদি বিধানসভায় আসেন, তিনি যদি আমাদের কথাগুলো শোনেন, তাহলে অনেক সময় তাঁর না জানা তথ্য বা আমাদের যে বক্তব্য, সেগুলো শুনে তিনি তার প্রতিকার করতে পারেন—সেই বিশ্বাস আমাদের আছে। কিন্তু তিনি না আসার ফলে এই অসুবিধাটা সৃষ্টি হয়। পার্থবাবু হয়তো বলেছেন এটা লিখিত আছে কিনা? লিখিত কোথাও নেই। কিন্তু এটা বিধানসভার প্রথা। সেই প্রথাটা ভঙ্গ হোক সেটা আমরা চাই না। আমরা সেই প্রথা অনুযায়ী মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে বারে বারে আবেদন করি তিনি আসুন, আমাদের কথা শুনুন। কারণ আমাদের বিশ্বাস আছে যে, তিনি যদি শোনেন বা তিনি যদি জানেন, তাহলে তার সুরাহা হবে। স্যার, আমরা একটা জিনিস লক্ষ্য করে দেখছি যে, আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী প্রায় প্রত্যহ সারা রাজ্যে ছুটে

বেড়াচ্ছেন কাজ করার জন্য—এটা একটা প্রশংসনীয় দিক। তিনি বলছেন—অনেক সময়েই বলছেন, আবার কোন সময়ে বলছেন যে, শতকরা ৯৯ভাগ কাজ হয়ে গিয়েছে,আবার কখনও বলছেন যে, ৯০ভাগ কাজ হয়ে গিয়েছে। কতকগুলো প্রকল্পের কথা তিনি ঘোষণা করেছেন, যে প্রকল্পগুলো খুবই প্রয়োজনীয় যেমন—'নিজ ভূমি নিজ গৃহ'—এবং এই 'নিজ ভূমি নিজ গৃহ' এই প্রকল্পে তিনি অনেককে জমিসহ ঘর তৈরী করে দেওয়ার ব্যবস্থা করছিলেন। স্যার গত ৭ই মার্চ কাটোয়াতে এইরকম একটা প্রকল্প ছিল। আমরা দেখলাম যে বামফ্রন্টের আমলে পাওয়া 'ইন্দিরা আবাসনের' ঘর যারা পেয়েছেন, সেইরকম কিছু মানুষকেই আবার 'নিজ ভূমি নিজ গৃহ' প্রকল্পের ঘর দেওয়া হল। ছোটাছুটি করে ৯৯% কাজ করতে গিয়ে আমার মনে হয় এই ধরণের ভুল হওয়াটা ঠিক না। আমি দু-একজনের নাম বলে দিতে পারি যারা এই 'ইন্দিরা আবাসনের' ঘর আগে পেয়েছে এবং আবার তারাই ঘর পাচ্ছে। আমার মনে হয় যে, ৩৪ বছরের পাপকে ১৮ মাসে বা ২২ মাসে দূর করা যাবে না। তাই মুখ্যমন্ত্রী যদি একটু সচেতন হয়ে, একটু সময় নিয়েও করেন তাহলে ভাল হয়। কারণ বাংলার মানুষও জানেন যে, এই পাপ রাতারাতি ঘুচিয়ে দেওয়া যাবে না। তাই তিনি যদি এগুলো একটু সময় নিয়ে করেন, তাহলে এই ভুলগুলো হবে না। দেখা যাচ্ছে যে, এই ভুলগুলো করানোর পিছনে কোথাও-কোথাও একটা প্রশাসনিক ষড়যন্ত্র থাকছে, যেটা মুখ্যমন্ত্রীর নজরে বাইরে চলে গিয়ে ঘটনাগুলো ঘটছে এবং ঘটনাটা ঘটার পরে যে গ্রামে ঘটেছে, কাটোয়ার গোয়াই অঞ্চলে বাদরা গ্রামে, সেখানে তফশিলী আদিবাসীরা 'ইন্দিরা আবাসনের' ঘর পাওয়ার পরও কিছু মানুষ আবার 'নিজ ভূমি নিজ গৃহ' প্রকল্পের ঘর পেলেন। তার পাশে এখনও যারা পাননি, তারা হা-হুতাশ করছে এবং তারা এই প্রকল্পের সুবিধা না পেয়ে এই রাজ্যসরকারেই গালমন্দ করছেন। তাই আমার বক্তব্য তিনি যদি একটু সচেতন হয়ে একটু সময় নিয়ে কাজগুলো করেন, তাহলে ব্যাপারটা অনেক সহজ হয়। সেদিন স্যার মাননীয়া মুখ্যমন্ত্রী সভায় এসে একটা ব্যাপারে আশ্বস্ত করেছিলেন, তাতে আমরাও খুব আশ্বস্ত হয়েছিলাম যে, কাটোয়াতে এন.টি.পি.সি তাপ বিদ্যুৎ কেন্দ্র তৈরী করছে। যদিও এটা বামফ্রন্ট সরকার প্রথম শুরু করেছিল। শুরু করে কিছু জমি অধিগ্রহণ করেছিল কিন্তু তার বাইরে কোন অর্থের সংস্থান বামফ্রন্ট সরকার করেননি এই প্রকল্পের জন্য। তারপরে মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পর সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে। যেহেতু অর্থ নেই, এন.টি.পি.সি. কে প্রকল্প হ্যান্ড ওভার করেন। এবং তিনি বলেন—আমরা তখন বলেছিলাম যে রাজ্যের ভূমি নীতি কি হওয়া উচিত। যদি একটা নির্দিষ্ট জায়গায় থেমে থাকে যে—না কোন অবস্থাতে আমরা জমি নেব না, তাহলে শিল্প হবে না। আমরা বলেছিলাম যদি চাষি ইচ্ছুক হয়, সরকার যে দামে তাদের জমি নিতে চাইছেন চাষি যদি দিতে রাজি থাকে, তাহলে সেখানে চাষির জমি অধিগ্রহণ করুন। উনি সেদিন বললেন যে এন.টি.পি.সি ৫৫১ একরের পর বাকি জায়গাটা রাজ্যসরকারের সহযোগিতায় কিনে নিতে রাজি হয়েছে। আমরা খুব আশ্বস্ত হয়েছিলাম। কিন্তু কাটোয়ায় ফিরে গিয়ে ঘুরে দেখলাম এন.টি.পি.সি অফিসের সমস্ত স্টাফ তুলে নেওয়া হয়েছে। এখন মাত্র দুজন আছেন। তাদের কাছে জানলাম, তারা বলল, না আমরা এই অবস্থায় সরকার অধিগ্রহণ করে না দিলে জমি কিনতে রাজি নই এবং আমরা ফিরে যাব। অতএব এ কথাটা ঠিক নয়। তার সঙ্গে স্যার এই জমি অধিগ্রহণ নীতি নিয়ে একটা কঠিন সমস্যা দেখা দিয়েছে। আমরা শুনলাম কদিন আগে ধাপা মাঠপাড়ায় জমির ঘটনাকে কেন্দ্র করে একজন নিহত হয়েছেন। কিন্তু এটাই প্রথম ঘটনা নয়। মেয়র এখানে বসে আছেন, তিনি এই

হাউসের বিধায়কও। আমরা দেখেছি ২০১২ সালের ৩রা অক্টোবর রাজ্য সরকারের ভূমি রাজস্ব দপ্তরের সচিব তিনি ঘোষণা করলেন যে, রাজ্য সরকার কোন অবস্থাতে কোন মানুষের ইচ্ছার বিরুদ্ধে জমি অধিগ্রহণ করবে না। কিন্তু আমরা অবাক বিস্ময়ে দেখলাম যে ২০১৩ সালের ১৮ ফেব্রুয়ারী নিউ আলিপুরে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জায়গা কলকাতা কর্পোরেশন জমি অধিগ্রহণ করার নোটিশ দিয়ে জমি অধিগ্রহণ করছেন মালিকের ইচ্ছার বিরুদ্ধে। তাহলে স্যার সরকারের জমি নীতিটা কি সেটা একটু পরিষ্কার হওয়া দরকার। একদিকে তারা বলছেন যারা ইচ্ছুক নয় তাদের জমি কোন অবস্থাতে নেওয়া যাবে না, কিন্তু কলকাতার জমির ক্ষেত্রে কি ছাড় দেওয়া আছে? আর তা যদি না থাকে তাহলে নিউ আলিপুরে একজন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জমি এইভাবে অধিগ্রহণ করার নোটিশ দেওয়া হল কি করে সেই প্রশ্নটা আমরা জানতে চাইছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য আপনি আপনার বক্তব্য শেষ করুন। আপনি জানেন আজকে শুক্রবার।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, আর একটা ব্যাপারে আমি একটু বলতে চাইছি শিক্ষার বিষয়ে। উচ্চশিক্ষার বিষয়ে এই সদনে বলা হয়েছে বারে বারে বহু বিশ্ববিদ্যালয় তৈরি হচ্ছে। পূর্বভারতের মধ্যে আমাদের রাজ্যে একমাত্র একটা মহিলা বিশ্ববিদ্যালয় হবে। আমাদের জেলায় কাজি নজরুল বিশ্ববিদ্যালয়, কুচবিহারে পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয় কিন্তু তার নীচের তলাটা, প্রদীপের নীচে অন্ধকার। কলেজ গুলোর কি অবস্থা আমি আগেই বলেছি। বিভিন্ন জায়গায় শিক্ষক নেই। (এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ স্যার, আপনার মাধ্যমে আমি সকলকেই ধন্যবাদ জানাচ্ছি যারা রাজ্যপালের ভাষণের উপর অংশগ্রহণ করেছেন এবং তাদের সু-চিন্তিত মতামত দিয়েছেন। এটা ঠিক সরকারে থাকলে সরকারি পক্ষ, আর বিরোধী দলে থাকলে বিরোধী পক্ষ, বিরোধী পক্ষের সমালোচনা করার অধিকার আছে। এটা গণতান্ত্রিক পদ্ধতি, নাথিং এলস, আমরা সবাই বুঝি। সুতরাং যা বলার বলেছেন যেটা সত্য নয় সেটাও বলেছেন, বলতেই পারেন। বিরোধীদের এ কথা বলার অধিকার আছে। কিন্তু ঘটনা অন্য কথা বলে। আমি লক্ষ্য করছি পশ্চিমবাংলায় ৩৫ বছর যারা ক্ষমতায় ছিলেন, এই ৩৫টা বছর অনেকগুলো বছর, যা বেরিয়ে গেছে, শেষ হয়ে গিয়েছে, ধ্বংস হয়ে গেছে। একটা ধ্বংসে মরুভূমির উপর দাঁড়িয়ে যেখানে না আছে টাকা, টোটাল টাকাটা কেটে নিয়ে চলে যাচ্ছে আমার বন্ধু সরকার, বামফ্রন্ট সরকারের করণীয় কার্যের ফলে।

[11·50–12·00 noon]

২১ হাজার কোটি টাকা কেটে নিয়ে যাচ্ছিল আগে, আমাদের ইনকাম ছিল ২১ হাজার কোটি টাকা, টোটালটাই সুদের জন্য। এবারে আমরা ১২ হাজার কোটি টাকা ইনকাম করছি, টার্গেট ছিল ১১ হাজার কোটি টাকা extra করব। আমি ফাইনান্স মিনিস্টারকে থ্যাংকস জানাচ্ছি এবং অন্যান্য অফিসিয়ালদের। এবারে আবার ২৫ হাজার কোটি টাকা কেটে নিয়ে চলে যাচ্ছে। তার কারণ আপনারা সুদ করে গেছেন, সুদের টাকা লাফিয়ে লাফিয়ে বাড়ে। বয়স যেমন আমাদের লাফিয়ে লাফিয়ে বাড়ে, কমে না, এটাও ঠিক সেরকমই, যতক্ষণ না সুদের টাকা টোটালটা কমপ্লিট হয় লাফিয়ে

লাফিয়ে বাড়ে। সেইজন্য। আর আমি definitely উত্তর দেব. If you co-operate with me.। আপনাদের কথা আপনারা বলেছেন, আপনাদের turn is over, It is my turn. আমি কংগ্রেসের একজন নেতার মুখ থেকে শুনছিলাম তিনি বিধানচন্দ্র রায় আর বুদ্ধদেব বাবুকে একই category তে ফেলেছেন। I am sorry. আমি এক সময় কংগ্রেস করে এসেছি। চিফ্ মিনিস্টার হিসাবে, আমি দুঃখিত, আমি লজ্জিত, আমি মর্মাহত, আমি স্তম্ভিত। আমি এক সময় কংগ্রেস করে এসেছি আমি মনে করি এটা দুর্ভাগ্যজনক কথা আমাকে শুনতে হল। I am sorry. আপনি বলতে পারেন আপনার কথা, কিন্তু this is too much. বিধানচন্দ্র যখন এসেছিলেন....

(Noise and interruption)

মিঃ স্পীকার : Please take your seat. প্লিজ, প্লিজ, আপনারা বসুন, ওঁনাকে বলতে দিন। ডাঃ মিশ্র, আপনি ওদের বসতে বলুন। রবীন বাবু, আপনি বসুন, এই প্রসঙ্গটা আপনিই উত্থাপন করেছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী, আপনি বলুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি আমাদের সকল মেম্বারদের অনুরোধ করব, আপনারা চিৎকার করবেন না, কথা বলবেন না, আমাকে কথা বলতে দিন আমি যখন দাঁড়িয়ে আছি এটা আমার turn, আমি বলব। মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় নষ্ট হলে আমি বেশী সময় চাইব। কেননা, আমাদের সংখ্যালঘু ভাই বোনদের আজকে নমাজ পড়তে যাওয়ার আছে। (নয়েজ) আপনারা যখন বলেছেন আমরা একটি কথাও বলিনি। আপনি বলবেন, আর উত্তর পাওয়ার সময় চনমন করে চিৎকার করবেন, সেটা তো হয় না। বলবেন, তার উত্তর তো পেতে হবে। আপনারা আমার কাছে তো উত্তর চেয়েছেন। শুনুন। আমাকে জ্ঞান দেবেন না। আপনি আপনাদের কথা বলেছেন আপনার ভাষাতে, আমি আমার কথা বলব আমার ভাষাতে। আমাদের এদিক থেকে কেউ কোন কথা বলবেন না, যেখানে আমি দাঁড়িয়ে আছি। আপনারা বলেছেন কয়েকটা কথার উত্তর নাকি আপনারা পাচ্ছেন না। কি কি কথার উত্তর পাচ্ছেন না? যদিও এটা আমি guess করতে পারি। প্রথমেই আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সম্পূর্ণ সম্মান করি, সমর্থন করি। মাননীয় রাজ্যপাল যা বলেছেন তাতে আমরা গর্ব বোধ করছি বাংলার জন্য। এই বাংলার অনেক কিছু হতে পারত, যা হয়নি। তারজন্য আমরা দুঃখিত। কিন্তু আগামী দিনে করতে হবে। এত তাড়াতাড়ি ভেঙে পড়লে চলবে না। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে, without any help আমরা কাজ করছি। কেউ কেউ কখনও কখনও বলে কেন্দ্রীয় সরকার ওই টাকাটা কত দিল? আপনাদের জানতে হবে, কেন্দ্রীয় সরকার তেলা মাথায় তেল দেয়, মাছের তেলে মাছ ভাজে। কিরকম? এখান থেকে তুলে নিয়ে যায় কত টাকা? আমি আমার মেম্বারদের অবগতির জন্য বলছি। তারা বাংলা থেকেই ট্যাক্স বাবদ তুলে নিয়ে যায় ৪০হাজার কোটি টাকা, আর বাংলাকে দেয় ১৮ হাজার কোটি টাকা। তাহলে আমাদের টাকাটাই আমাদের কাছ থেকে তুলে নিয়ে যাচ্ছে এবং সেই টাকার কিছু অংশ কখনও ১০০ দিনের কাজে, কখনও health-এর কাজে, কখনও এই কাজে, কখনও ওই কাজে দেয়। ওই টাকাটা যদি স্টেট থেকে তুলে না নিয়ে যায়, তাহলে ওই ৪০ হাজার কোটি টাকা আমাদের থাকলে আমরা কারো কাছে ভিক্ষা-টিক্ষা চাই না, আমাদের কাজ আমরা নিজেরাই করতে পারি, এটা মাথায় রাখতে বলছি সবাইকে, এটা information. আপনারা বলুন তো, আমার ইনকাম হ'ল—ধরুন আগের বামফ্রন্ট আমলে last income হয়েছিল ২১ হাজার কোটি টাকা। আমাদের আমলে এই পৌনে

দু বছরের মধ্যে সূর্যবাবু বললেন ২৪ মাস, এখনও ২৪ মাস হয়নি, sorry, ওটাও ভুল ২২ মাস হয়েছে, নট ২৪ মাস। ২০শে মে ২০১১-তে এই Government এসেছিল, মনে রাখবেন এই তারিখটা। ২৪ মাস বলেছেন, আমি শুনেছি। ২৪ মাসে ২৪টা হয়নি। বেশী কথা বলছেন কেন? শুনুন। শোনার ধৈর্য নেই? খালি চিৎকার করে যাচ্ছেন, চিৎকার আমরা করতে পারি না?

... (Noise and Interruption) ...

মিঃ স্পীকার : মাননীয় বিরোধী দলের নেতাকে আমি অনুরোধ করব, আপনি আপনার সদস্যদের বলুন, যখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন তখন যেন আননেসেসারি ইন্টারাপ্ট্‌ না করেন। প্লিজ।

শ্রীমতী মমতা ব্যানার্জী : যখন অপোজিশন লিডার বলছিলেন, কেউ কোন কথা বলেনি। একটা সৌজন্য আশা করি আপনারা মানবেন। আর যদি শুনতে চান, আপনারা জানতে চাইছেন, অনেক কিছু নাকি পাচ্ছেন না, সেটা শুনুন ভালো করে মন দিয়ে। আপনারা জানতে চান 'ল' এ্যান্ড অর্ডার নিয়ে। রাজ্যপালের ভাষণে কেন দেওয়া হয়নি। রাজ্যপালের ভাষণে নিশ্চয় পাহাড় থেকে জঙ্গল বলা হয়েছে। পুলিশের অ্যাপয়েন্টমেন্ট কত হয়েছে, সেটা বলা হয়েছে। এগুলি আইন-শৃংখলার মধ্যে পড়ে। ডিটেলস একটা ভাষণে দেওয়া যায় না। তার কারণ তাহলে আমাকে একটা বিরাট বড় বই করতে হবে। যেটা একটা মানুষের পক্ষে এক দেড় ঘন্টায় কভার করা সম্ভব নয়। আপনারা আপনাদের সময়েও করেছেন সেই বইগুলি নিয়ে আসলে বুঝতে পারবেন। আপনারা বলেছেন এখানে রেপ বাড়ছে। জনগণের সংখ্যা তো বাড়ছে। বাংলায় কত জনগণ। পপুলেশন বাড়ছে কি বাড়ছে না। বিধানচন্দ্র রায়ের সময়ে যে পপুলেশন ছিল, আজকে কি সেই পপুলেশন আছে? বিধানচন্দ্র রায়ের সময়ে উদ্বাস্তু প্রবলেম মাথায় নিয়ে তিনি এসেছিলেন। অনেক কাজ করেছেন। কিন্তু তখন এইরকম বিরোধী দলের নাম করে যাঁরা ছিলেন তারা কখনো কোন ডিসটার্বই করেনি। তিনি একতরফা করেছেন। এবং তাঁকে মানুষ সাহায্য করেছেন। তাই বিধানচন্দ্র রায় আজ বিধানচন্দ্র রায় আছেন। তাঁকে আমরা সম্মান করি। কিন্তু আপনারা দেখুন এখন লোকসংখ্যা বাড়ছে। গাড়ী বাড়ছে, ইনফ্রাস্ট্রাকচার বাড়ছে। এবং নানা রকম শপিং মল থেকে শুরু করে অনেক কিছু হচ্ছে। আগে তো হত না। আগে তো ছোট ছোট গ্রামের দোকান ছিল। শপিং মল বাড়ছে, আইনক্স বাড়ছে। আমাদের ছেলেমেয়েরা মডার্ন হচ্ছে। এগুলিকে তো ওয়েলকাম করতে হবে। আধুনিকতাকে ওয়েলকাম করতে হবে। কিন্তু আপনারা যেটা বলেছেন এবং কিছু কিছু কাগজ ডেলিবারেটলি কিছু রিপোর্ট লিখছেন, যার সাথে আসল সত্যের একটু ফারাক আছে। আর আমি একটা কথা বলি কাটোয়ার এম এল এ বলেছেন, আমি তাঁর সাথে একমত। কেউ কেউ সি পি এমের লোকজন তো আছেই, আপনারা জানেন ৩৫ বছর ধরে। আমাদের তো কেউই নেই বলতে গেলে। ডিপেন্ড করেই তো কাজ করা হচ্ছে। ৩৫ বছর যাদের অ্যাপয়েন্টমেন্ট করেছেন তাদের মধ্যে কেউ কেউ তো মিসলিড করে। মানস ভুঞ্যা মিনিস্টার ছিলেন জিজ্ঞাসা করুন না। করেই তো। সেটাকে ধরার চেষ্টা করা হচ্ছে। যারা যারা করছে, তাদের আমরা দেখছি। তাদের বিরুদ্ধে আমরা দেখছি যে তারা কেন করছে। গভর্নমেন্টকে মিসলিড করা, অ্যাসেম্বলীকে মিসলিড করা এটা হচ্ছে ক্রাইম। সুতরাং অ্যাসেম্বলীকে যারা মিসলিড করে, সেটা ক্রাইমের পর্যায়ে পড়বে। এবং অ্যাকর্ডিং টু ল উই উইল

টেক অ্যাকশন। সামাজিক সচেতনতা বাড়ছে। আগে কেস রেজিস্টার্ড হত না। এখন কেস রেজিস্টার করছেন। প্রমাণ দিয়ে দেব। রেপ কেসে আগে মেয়েরা লজ্জা পেত রেজিস্টার করাতে। এখন মেয়েদের সচেতনতা বাড়ছে। অনেক এন জি ও এদের হেল্প করছে। সংবাদমাধ্যমও করছে। ফলে এখন মেয়েরা বেরিয়ে এসে রেজিস্টার করছে। এটা কিন্তু মনে রাখবেন আমাদের পক্ষে একটা ভালো লক্ষণ। আমি আপনাদের একটা কথা বলি -মেজর সিটি কলকাতা। কলকাতার ৪১টি ওয়ার্ডকে আমি ধরছি না তার কারণ ওটা অ্যাডেড এরিয়া, পরে যুক্ত হয়েছে। আমাদের কাছে ন্যাশানাল ক্রাইম ব্যুরোর রিপোর্ট আছে এবং তাতে আমি যদি পাঁচটি স্টেট ধরি সেগুলি হল—কলকাতা, দিল্লি, মুম্বাই, চেন্নাই আর হচ্ছে ব্যাঙ্গালোর। আমি প্রথমে কলকাতার কথা বলি। কলকাতাতে ২০০৭ সালে রেপ কেস হয়েছিল ৮৮। ২০০৮ সালে ৩৫, ২০০৯ সালে ৪২, ২০১০ সালে ৩২, ২০১১ সালে ৩৮,২০১২ সালে ৪৫। এটা হচ্ছে হিসাব। এবং তার মধ্যেও মনে রাখবেন কিছু কিছু কেস ইনভেস্টিগেশন হচ্ছে। কমপ্লেন করেও অনেকে আবার কেস তুলে নেন। কমপ্লেন করলেও সব কেস যে জেনুইন সেটাও অনেক সময় হয় না। সুতরাং প্রপার ইনভেস্টিগেশান না হলে এটার ডিটেলস আমি বলতে পারব না। আমি একই কথা আপনাদের বলি, এইসময় দু হাজার এগারো ধরি—আমি একটা ইয়ার ধরলাম। আগের ইয়ারগুলির কথা আমি বলতে পারি আমার কাছে ডাটা আছে। দু-হাজার এগারোতে সাপোজ আমার কলকাতাতে রেপ হল ৩৮। সেখানে দিল্লিতে হয়েছে ৪৫৩। মুম্বাইতে হয়েছে ২২১। চেন্নাইতে হয়েছে ২৭৬, ব্যাঙ্গালোরে হয়েছে ৯৭। এবং দু হাজার বারো সালের রিপোর্ট এখনও আমরা পাই নি। দু হাজার বারো সালেরটা যখন পাব সেই সময়টা হচ্ছে জুন মাস। কাজেই এখন আমি তথ্যটা দিতে পারব না। তা সত্ত্বেও আমি আপনাদের আমাদেরটা বলে দিলাম। যেমন আপনাদের আমি বললাম দু হাজার বারোতে আমার কলকাতার যে ১০০ ওয়ার্ড তাতে ৪৫। কিন্তু সেই সময়ে দিল্লিতে দেখুন ৬২১। এটা জাস্ট আপনাদের ইনফরমেশানের জন্য আমি বললাম। তার কারণ আমি যেটা বলছিলাম সেটি হল যে সামাজিক সচেতনতা বাড়ছে। আগে কেস রেজিস্টারড হত না। এখন হচ্ছে। মেয়েরা আগে লজ্জা পেত কেস রেজিস্টার করতে। কিন্তু এখন এটা ভালো হচ্ছে। মার্ডার কেস কলকাতাতে যদি আমি ধরি—২০১১ তে, যেটা আমার কাছে টোটালটা আছে। ২০১২ সালের তথ্যটা আমরা ডিটেলসটা জুন মাসে পাব, যেটা আমি আগেই বলেছি। ২০০৭ সালে মার্ডার হয়েছে ৩৬, ২০০৮ সালে মার্ডার হয়ে ৫১, ২০০৯ সালে মার্ডার হয়েছে ৪১, ২০১০ সালে মার্ডার হয়েছে ৪৯, ২০১১ সালে আমার কোলকাতার সেই সেম কোলকাতার ওয়ার্ড ধরে মার্ডার হয়েছে ৪৯।

[12·00–12·10 p.m.]

অর্থাৎ আপনারা যেটা বলছেন, দেখে মনে হচ্ছে, ওরে বাপ্! বিরাট কিছু হয়ে গেলো। দুই, একই সময়ে দেখুন, কলকাতায় যখন ১০০ ওয়ার্ডে ৪৯, দিল্লী তখন কিন্তু ৪৩৮—মার্ডার। তখন কিন্তু মুম্বাই ২০৩, তখন কিন্তু চেন্নাই ১৬৮। তখন কিন্তু ব্যাঙ্গালোর ২৩২। আমি তাও বলব, কোনো কিছু নিয়ে সন্তুষ্ট হওয়ার কারণ নেই। আমরা চাই একটাও হবে না। একটাও যাতে না হয়, এদিকে আমাদের যেতে হবে এবং আমি মনে করি, একটাও হওয়া অন্যায়। আরেকটা আপনাদের বলি, কোনো কোনো কাগজ উল্টোপাল্টা লিখছে। ডাকাতি—২০১১তে কলকাতায় ১টা ডাকাতি হয়েছে। তারজন্য আমি সরি। অন্য জায়গায় যা হয়েছে—দিল্লীতে ২৮টা, মুম্বাইতে ২৮টা, চেন্নাইতে

৩টে, ব্যাঙ্গালোরে ৪৩টা। সুতরাং আই.পি.সি. কেসের রেজিস্ট্রেশন যদি বলেন—আই.পি.সি. কেস হয়েছে—আমরা সবচেয়ে বেশি কেস করছি। দেখুন কলকাতা—আমরা ২০১১ তে রেকর্ডেড্ কেসেস্ করেছি ১৭ হাজার ১৫২, কেস চার্জশীট সাবমিটেড্ হয়েছে তার মধ্যে, দেখুন কত তাড়াতাড়ি—১হাজার ১২৭ এবং কনভিকশন সিকিওর্ড ইন কেসেস্ রেকর্ডেড ইন আর্লিয়ার ইয়ার সেটাই বলব, যেমন আর্লিয়ার ইয়ারগুলিতে ২০০৫ এ ৭৯২, ২০০৬-এ ১ হাজার ২২৭, ২০০৭-এ ৮৭১, ২০০৮ এ ১ হাজার ২৭০, ২০০৯ -এ ১ হাজার ৩৬৪, ২০১০ এ ১ হাজার ৫৮৭, ২০১১তে আমরা কেস্ রেজিষ্টার্ড এবং কনভিকশন সিকিওর্ড করেছি ১ হাজার ৯৩৬। ৫০০ প্রায় বেশি এবং ২০১২ তে এটা চলে গেলে ২ হাজার ৩৪৮। অর্থাৎ কনভিকশন সিকিওর্ড ইন কেসেস্ রেকর্ডেড্ বলে আমরা টোটালটা করেছি। রেপেও তাই। রেপে দেখুন, আমি যদি আপনাদের হিসেব দিই যে চার্জশীট সাবমিটেড হয়েছে যেটা কলকাতায় ৩১ হয়েছে ২০১১তে, ২০১২তে ৭৯ এবং কনভিকশন সিকিওর্ড ইন কেসেস্ রেকর্ডেড্ ইন আর্লিয়ার ইয়ার আমি আর দিলাম না। কিন্তু এখানেও তিনটে চারটে কনভিকশন হয়ে গেছে। এটা আমি বললাম এই কারণে যে, আপনারা যে সাবজেক্টগুলো জানতে চাইছিলেন, এটা আমার দায়িত্ব হাউসকে ইনফর্ম করা। সুতরাং আপনাদের আমি দিচ্ছি, আপনারা দেখে নিন এগুলো। এছাড়াও আমি ওয়েষ্ট বেঙ্গলটা বলব। কলকাতা পুলিশটা বললাম, এবার ওয়েষ্ট বেঙ্গল পুলিশটা—যেটা আমার কাছে আছে—সেটা হচ্ছে—২০০৫, রেপ হয়েছিল ১ হাজার ৬৭৩—আপনাদের আমলে। ছিঃ ছিঃ বলছেন কেন? ২০০৬—রেকর্ড যেটা হয়েছিল—১হাজার ৬৯৩, ২০০৭—২ হাজার ৬২, ২০০৮—২ হাজার ২২৮, ২০০৯—২হাজার ২৯৩, ২০১০—২হাজার ২৭৯, ২০১১—আমাদের সময়, ৫মাস বাদ দিয়ে ১ হাজার ৬৫০, আর ২০১২—আপ টু নভেম্বর ১ হাজার ৮৩৬। বাড়ল না কোমলো? আর এর মধ্যে—হাততালি দেওয়ার কিছু নেই, আমি বলেছি একটা হলেও অন্যায় । বললাম তো অন্যায়। হাততালি দিচ্ছেন এই কারণে যে, আপনাদের সময় বেড়েছে, তাও আপনারা মিথ্যে কথা বলে চিৎকার করছেন, তাই। এছাড়া—প্লিজ্ আমাকে বলতে দিন। এছাড়াও কয়েকজন কয়েকটা কোর্ট কেস করেছে, সেগুলোর ইনভেষ্টিগেশন চলছে, তার ডিটেল্স্ না পেলে আমি এটা বলতে পারবো না। দুই হচ্ছে, আমরা এর জন্য কেউ খুশি নই। আমরা অল্‌রেডি ৬৫টা মহিলা পুলিশ ষ্টেশন করবো বলে ঠিক করেছি। আমরা ৪৫টা মহিলা আদালত করতে যাচ্ছি। এগুলো প্রসেসে আছে, টাইম লাগে আপনারা জানেন। এই যে করবো বলেছি, একটা কমপ্লিট হয়েছে, এটা কি কম কথা? একটা জিনিস করতে গেলে ল্যান্ড্ আইডেনটিফাই করতে হয়। আপনারা জানেন, সূর্য্যবাবু অনেকদিন মন্ত্রী ছিলেন। দাঁড়ান, শুনুন যারা জানেন না। ডি.পি.আর. তৈরী করতে হয়—প্রজেক্ট রিপোর্ট। টেন্ডার করতে হয়, টেন্ডার খুলতে হয়। এগুলো করতে গেলে দুই থেকে আড়াই বছর টাইম লাগে। আমরা তো ল্যান্ড অল্‌রেডি আইডেনটিফাই করে দিয়েছি। আমরা ৬৫টা পুলিশ স্টেশন করবো বলে ঠিক করেছি এবং কলকাতা পুলিশ অল্‌রেডি হেল্পলাইন তৈরী করেছে। মোবাইল ভ্যান ঘুরছে, তারা নানারকম সিস্টেম করেছেন। এছাড়াও আমি মনে করি যে-বেঙ্গল পুলিশটা আপনাদের বলিনি এখনো, সরি, আমি বেঙ্গল পুলিশটা বলি, তারপর অন্য কাজে যাবো।

... আচ্ছা, বেঙ্গলটাতে বলেই দিলাম। আমরা ৬৫টা পুলিশ স্টেশন করছি, আমরা ৪৫টা মহিলা আদালত করতে যাচ্ছি। যদি বলেন কালকেই হয়ে যাবে, টাইম তো একটু লাগবে। জাজ্ খুঁজতে হবে, জাজ্ থেকে শুরু করে সব মহিলা হবে। তৈরী করতে হবে। এখানে ১৯টা হিউম্যান

রাইটস্ কোর্ট অলরেডি আমরা ১৯টা জেলায় চালু করে দিয়েছি। ৮৮টা ফার্স্ট ট্র্যাক কোর্ট যেগুলো কেন্দ্রীয় সরকার টাকা বন্ধ করে দিয়েছে ২০১১ থেকে সম্ভবত, সে ক্ষেত্রে আমরা এগুলোকে রেগুলার কোর্টে, ফার্স্ট ট্র্যাক কোর্টগুলো চালাচ্ছি এবং আমরা প্রায় অনেকগুলো আবার রেগুলার কোর্ট—চন্দ্রিমা ঠিক বলছিতো? দাঁড়ান, দাঁড়ান, ২৯টা রেগুলার কোর্ট আমরা চালাচ্ছি, মানে করবো বলে ঠিক করেছি। এছাড়াও প্রায় ৬০-এর উপর আমরা কি করেছি? আমরা ন্যায় আদালত যেটা গ্রামে গ্রামে এই সমস্ত এলাকায়,—কতগুলো ন্যায় আদালত, ৬২টা, ঠিকই বলেছি ৬০-এর উপরে ৬২টি ন্যায় আদালত আমরা করতে যাচ্ছি। প্রায় এই পৌনে দু-বছরে, টাকা নেই, পয়সা নেই, তাও প্রায় ৪০ হাজারের মতো পুলিশ আমরা রিক্রুট করেছি। তার মধ্যে এন. ভি. এফ. আছে, জুনিয়ার কনস্টেবল্ আছে, হোমগার্ড আছে, গ্রিন পুলিশ আছে এবং আরও ১ লক্ষ ৩০ হাজার সিভিল পুলিশ সারা বাংলায় আমরা এ্যাপয়েন্ট করতে যাচ্ছি। এটা কিন্তু ওই ২ লক্ষ এমপ্লয়মেন্টের সাথে আরও ১ লক্ষ ৩০ হাজার যেটা গভর্নমেন্টের, এটা কিন্তু কাউন্ট হবে, মনে রাখবেন। এছাড়াও আমরা ৫ টা পুলিশ কমিশনারেট তৈরী করেছি, It is not a matter of jokes. এক-একটা কমিশনারেট করতে অনেক খরচা, এটা মাথায় রাখবেন, হাইকোর্টের পার্মিশান নিয়ে করতে হয়। এছাড়াও আমরা মনে করি যে আমরা আরও অনেক কাজ করছি এবং ৪০ জন। LWE এলাকায় Maoist leader তারা স্যারেন্ডার করেছে, তাদের মধ্যে ৩২ জনকে আমরা চাকরী দিয়ে দিয়েছি। এবং যা প্যাকেজ পাওয়ার সেটাও তারা পেয়েছেন। এছাড়াও যে পরিবারগুলো মারা গিয়েছিল তারা প্রথমে ১ লক্ষ টাকা পেয়েছিল, এবারে ১১৯টি পরিবার, এবারেও তারাও ৩ লক্ষ টাকা করে পেয়েছে, সেটাও আমি দিয়ে এসেছি। এছাড়াও মনে রাখবেন আমরা কনস্টেবলদের জন্য একটা পলিসি নিয়েছি। সেটা হচ্ছে আমার যারা কনস্টেবল্ তারা phase by phase সেই জেলাতেই ডিউটি করবেন। তারা অনেক দূরে থাকেন, কারোর বাড়ী মেদিনীপুরে তাকে ডিউটি করতে হচ্ছে কুচবিহারে। কারোর বাড়ী উত্তরদিনাজপুরে তাকে ডিউটি করতে হয় বীরভূমে। তাদের খুব কষ্ট হয়, তারা তাদের বাড়ীর লোকেদের সঙ্গে দেখা করতে পারে না। তারা পরিবার-পরিজনের খোঁজ নিতে পারে না। তাই আমরা, গভর্নমেন্ট পলিসি করেছি এখন থেকে phase by phase —একসাথেতো সব হবে না, কারণ আমার যেহেতু পুলিশে strength কম, আমাকে আরও বাড়াতে হবে। ৪০ হাজার দু-বছরে করেছি, টাকা থাকলে আরও বেশী করতাম। আরও ১ লক্ষ ৩০ হাজার সিভিক পুলিশ নেব। সুতরাং যে পুলিশ কনস্টেবল্ যে ডিস্ট্রিক্টে বাড়ী সেই ডিস্ট্রিক্টেই ফেজ বাই ফেজ তাদের করে দেওয়া হবে। যাতে তারা কাজ করতে সুবিধা পায় এবং তাদের ব্যবস্থা করা যায়। এটা আমরা মনে করি humanitarian ground-এ অনেক দিন ধরেই এদের এটা অসুবিধা ছিল, এগুলো আছে। তাছাড়া আমাদের ওয়েলফেয়ার যে সমস্ত কমিটি আছে, তাদের বাড়ীঘর তৈরী করা, মডেল স্কুল তৈরী করা, হাসপাতাল তৈরী করা। এখন মনে রাখবেন একটা পুলিশ ডিউটি অবস্থায় মারা গেলে সঙ্গে সঙ্গে চাকরী দেওয়া হয়, এবং তার পরিবারকেও দেওয়া হয়। আপনারা দেখেছেন বেহালায় মারা গিয়েছেন, গার্ডেনরীচে আমার দুর্ভাগ্য যে একজন পুলিশকর্মী মারা গেছেন, সেখানে ২০১২ তে একজনও মারা যায় নি, এখন মারা গিয়েছেন একজন। একজন মারা গিয়েছেন, সঙ্গে সঙ্গে তার মেয়েকে আমরা আউট অফ্ টার্ন চাকরী দিয়ে জয়েন করিয়ে দিয়েছি এবং তার বউকেও, উনি যে টাকা পেতেন মাইনে, যে টাকা পেতেন, ওনার হাজব্যান্ড চাকরী করতেন, সেই টাকাটাই পাবেন যতক্ষণ না সে রিটায়ার করবেন। এবং রিটায়ারমেন্টের সময় পর্যন্ত যে সমস্ত প্রোমোশন

পেতেন তাও উনি পাবেন, ইনক্রিমেন্ট সব পাবেন। যে মেরেছে জানেন তো এ্যারেস্ট হয়েছে, আপনাদের মতো আমি নইতো, (গোলমাল) (এ ভয়েস্ : শাস্তি হবে তো?) সেটা তদন্ত সাপেক্ষে। সেটাও এখন তদন্ত সাপেক্ষে, পুলিশ সি.আই.ডি.-কে দেওয়া হয়েছে, এনকয়্যারী করছে। বলবেন না, কেন, কেন এত সি.বি.আই. পীড়িত কেন? (গোলমাল) এত কেন হঠাৎ করে? দাঁড়ান, দাঁড়ান। নন্দীগ্রাম সি.বি.আই.-কে দিয়েছিলেন? দাঁড়ান, স্টেট গভর্নমেন্ট নন্দীগ্রাম, সি.বি.আই.-কে দিয়েছিলেন, নেতাই দিয়েছিলেন, সিঙ্গুর দিয়েছিলেন, লজ্জা করে না? ছোট আঙারিয়া থেকে শুরু করে, বড় বড় কথা বলেন আপনারা! (গোলমাল) এবার আপনাদের আমি বলি ফাইন্যান্সে অমিত মিত্র e-governance থেকে শুরু করে আমাদের যে performance is very good সেটা বলেইছেন। পাওয়ার, পাওয়ার সম্বন্ধে আমি দুটো কথা বলি সময়ের অভাবের জন্য, যেহেতু আজকে জুম্মাবার। আমি অনেক বলতে পারি—পাওয়ারে আপনারা শুনলে খুশি হবেন ২০১৪ সালের মধ্যে বাংলায় 100% ভিলেজ ইলেকট্রিসিটি কভার হয়ে যাবে আমি কালকে মিটিং করে জানতে পেরেছি।

[12·10–12·20 p.m.]

এবং এখনও ৭০% কভার রয়েছে। এছাড়া আপনারা শুনলে খুশি হবেন, যে during this period more than thirty-three lakhs new consumers have been given electricity connection through WBSEDCL এবং পাওয়ারে বেঙ্গল ঐ যে বলছিলেন না ২৪ মাসে ২৪ বছরে চলে গেছি না কিসব, ২৪ নম্বরে। শুনলে খুশি হবেন পাওয়ারে আমরা এখন দুই নম্বরে চলে গেছি। এবং পাওয়ার ব্যাঙ্ক তৈরী হয়েছে। এটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার রিপোর্ট, just you see. I challenge it. আমি আপনাদের বললাম। এবার হচ্ছে আমার এগ্রিকালচার। এগ্রিকালচার নিয়ে সূর্য্যবাবু বলেছেন, একটাও হয়নি। কবে হবে? কখন হবে? বলতেই পারেন এটা বলবার আপনাদের অধিকার আছে। আমি আপনাকে ফ্যাকচুয়াল কারেক্ট পোজিশানটি জানাচ্ছি। প্রথমে হচ্ছে যে, কোন মার্কেট করতে গেলে, এটা পি.পি.পি-তে করছি আমরা। মার্কেটটা আমরা করব কিন্তু অনেক কোল্ড স্টোরেজ আছে এটা আপনাকে মনে রাখতে হবে। কোল্ড স্টোরেজ না থাকলে শুধু কিষাণ বাজার করে লাভ নেই। এবং এখানে যারা কিষাণরা এসে বিক্রি করবে তাদের জন্য মার্কেট করে দিচ্ছি। কোল্ড স্টোরেজ করে দিচ্ছি। অনেক বড় প্রজেক্ট আছে। সেজন্য ৩৪১টি ব্লকে, ৩৪১ টি ব্লকই তো আমরা তিন, চার বছরের মধ্যে কমপ্লিট করব। ফার্স্ট ফেজে ৯৫টা করা হচ্ছে। Total sites put to tender 90 sites where work order issued, 50. Sites on which tender work order expected to mature by March 31, 2013-31. Sites on which tender work order expected to mature during April–14, ৯৫ টার হিসাব দিয়ে দিলাম। অর্থাৎ ওয়ার্ক অর্ডার ইস্যু হয়েছে ৫০টা, ওয়ার্ক অর্ডার এক্সপেকটেড টু ম্যাচিয়োর থার্টিফাস্ট ৩১ টা। এবং ওয়ার্ক অর্ডার এক্সপেকটেড টু ম্যাচিয়োর ডিউরিং এপ্রিল ২০১৩ এটা হচ্ছে ১৪টা। সুতরাং ৫০টা। এবার হচ্ছে ল্যান্ড এ্যানড্ ল্যান্ড রিফর্মস। পাট্টা শুনুন, কেউ ইন্দিরা আবাসে একটা পেয়েছে বলে সে নিজ ভুমি নিজ গৃহে একটা জায়গা পেতে পারে না এটা আমি বিশ্বাস করি না। কারণ এইটা হচ্ছে,

দাঁড়ান—আপনারা রেকমেন্ডেশান দিতে পারেন আরো। দাঁড়ান কে বলেছে? আপনি আমাকে আইন সেখাবেন না। নিজ ভূমি নিজ গৃহ—এটা হচ্ছে.

... (গোলমাল) ...

মিঃ স্পীকার : বলতে দিন, মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন। প্লিজ, বলতে দিন। আপনারা মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এটা হচ্ছে, গৃহ, বাজার প্লাস দোকান। যদি বি.ডি.ও. কোন একটা ভুল করে please, Let me complete my word. যদি কোন বিডিও বা যদি কোন এস.ডি. ও.-র কাছ থেকে একটা দুটো technically information wrong হয় সেটা আমাদের নলেজে নিয়ে আসবেন। We rectify it. That hardly matters to us. এটা বি.ডি.ও, এস.ডি.ও. করে তারা সব সময় কাজ করতে করতে আপনারা কি সব সময় ঠিক করেন? যে তাদের কখনও কখনও ভুল হলে চিৎকার করতে হবে।

মিঃ স্পীকার : হাউসের অনুমতি নিয়ে আমরা যেহেতু সাড়ে ১২টায় terminate করব তাই আমি আর ৫ মিনিট সময় মাননীয়া মুখ্যমন্ত্রীর জন্য বাড়িয়ে দিলাম।

শ্রীমতী মমতা ব্যানার্জী : কটা বাজে এখন? ১২টা বাজে। সাড়ে ১২ টায় আমি শেষ করে দেব। সাড়ে ১২ টায় শেষ করে দেব according to time, don't worry, ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রিফর্মস। ২০১০-১১য় প্লিজ, ২০১০-১১য় আমরা আসার আগে পর্যন্ত মোট পাট্টা দেওয়া হয়েছিল ৬৪৭৫। আমাদের গভর্ণমেন্ট আসার পরে নিজ ভূমি নিজ গৃহতে আমরা দিয়েছি ৫৮, ০৩৭। এগ্রিকালচারে পাট্টা দিয়েছি ৩৫,২৬৮। ফরেস্টে পাট্টা দিয়েছি ২,১১১। অর্থাৎ কোথায় ছিল ৬,০০০ আর কোথায় এসেছে ৯৫,৪১৪। আমি এগ্রিকালচারে অনেক বলতে পারতাম কিন্তু টাইম আমার কম তাই যাচ্ছি না। স্যার, আমি হাউসে মনে করি প্রত্যেকে গর্ব বোধ করবে। জঙ্গলমহলে আমার মনে হয়, it is highest in India. ১০০ দিনের কাজে ১০০ দিন কাজ করেছে ২৫,০০০ ফ্যামিলি জঙ্গলমহলে। আমরা তাদের অভিনন্দন জানাই। একশোয় একশো। এবং তাদের আমি বলে এসেছি দরকার হলে আমরা ২০০ দিনের কাজ দেব। এটা স্টেট গভর্ণমেণ্ট টাকা দেবে। ১০০ দিনের কাজ যারা ১০০ দিন করেছে আমাদের রাজ্য সরকার তাদের ২০০ দিনের কাজ দেবে। আমি গর্বিত আমার জঙ্গলমহলের ভাই-বোনের জন্য। তারা এই কাজটা করবার জন্য। স্যার, পঞ্চায়েতে-পঞ্চায়েতে আমি শুনেছি প্রায়, nearly eighteen crores man days have been generated in the current financial year. Nearly 18 crores man days hav been generated in the current financial year. It is about 18 crores, number of man days এছাড়াও যখন আমাদের government took over করেছিল, তখন 18 days ছিল। এখন এটা বেড়ে ৩৬ থেকে ৪২ কোথাও ৪৫, মার্চ complete হলে total-টা বুঝতে পারবো। এবং কেন্দ্রীয় সরকার slow down করে দিয়েছিল টাকা। যখন আমরা full fledge-এ করছিলাম, যাতে আমরা করতে না পারি। তা সত্ত্বেও হয়েছে মাথায় রাখবেন, খুব ভালো improvement হচ্ছে। এছাড়াও স্যার, expenditure has cost Rs. 6713 কোটি in the last two years 11-12 and 12-13 । আগে এটা ছিল over

four years, total expenditure কত ছিল? Total four years, ৭, ৮, ৯, ১০, আপনাদের আমলে সূর্য্যবাবু, expenditure ছিল nearly 6947 চারবছরে। আর দু'বছরের মধ্যে আমরা 6713 rupees already খরচা করে দিয়েছি। It is a record achievement. Sir, PMGSY, 2012-13 তে, 1425 টা road covering, 6144 km. with project cost 3483.17 km. sanctioned হয়েছে, এবং এখানে 288 roads এখানে করা হচ্ছে। এছাড়াও 1196 km. road length and Rs. 6656 crore project cost. It is a remarkable achievement. এছাড়াও 2011-12-তে State could build, I তৈরি করেছে state 1154 km. of metal road conecting 243 havitants। এইরকমভাবে আনন্দধারা প্রোজেক্টে আমরা টাকা বাড়িয়েছি ৩৭৪ থেকে ৫২৩। আগে self helf group করতো 20%, আমরা বাড়িয়ে করেছি 30%। স্যার, health-তে আমি যদি টোটাল বলে যাই, আমি মনে করি চন্দ্রিমা বলেছে নিশ্চই হেলেথ কালকে, আমি details বলছি না। ৩৪ বছরে ছিল ৬টা SNCU। সেটা আরো প্রায় ৩০টা বেড়ে গেছে। SNCU এবং SNSU যেটা আছে, সেটা হয়েছে প্রায় আপনার, একটাও ছিল না আগে, no sick new born stabilisation unit existed till 2010-11 in 2011-12 95 আমরা open করেছি। এবং 2012-13-তে আরো ৩০ টা open হয়েছে। Total 125টা open হয়ে গেছে। SNCU হচ্ছে ৩০টা, আগে ছিল ৬টা, : ৬টা। আরো ২০টা হবে। এবং এছাড়াও ১২৫ টা SNCU unit। তাছাড়াও স্যার, 11 mother and half child care যা আগে একটাও ছিল না। সেটাও করা হয়েছে। আরো দুটো হবে। এছাড়াও স্যার MBBS ডাক্তার থেকে শুরু করে, staff থেকে শুরু করে, ৫০০০ প্রায় একবছরের মধ্যে নেওয়া হয়েছে। পঞ্চায়েতে, আমি একটা কথা বলতে ভুলে গেছি, ওখানকার employees-রা কোনোদিন promotion পেত না। আমরা promotion policy প্রয়োগ করেছি। They will get all the promotions from Group A, B, C, D. all এবং পঞ্চায়েতে যারা Employees আছে তাদের কর্মী আর মহিলা কর্মীরাও ১২০ দিন থেকে maternity leave ১৮০ দিন পাবে। এটা আমি আগেও আমাদের মেয়েদের ব্যাপারে বলেছি ৭৩১ দিন পাবে, ওটাও আমরা করেছি। Health-এ স্যার, আমরা ৩২টা fair price shop করেছি। যেখানে ৪৮ থেকে ৬৭ পর্যন্ত relaxtion দেওয়া হচ্ছে। 142 life saving drugs। আরো ২০ টা হবে। এবং এছাড়াও diagnostic centre fair price-এ, যেখানে scan, MRI, blood test, chest test, ECG সব হবে। এটাও 51 জায়গায় ৬ মাসের মধ্যে identify করবো। এবং PPP-তে এটাও আমরা করবো। তাতে গরিব লোকেরা অনেক কিছু সুযোগ সুবিধা পাবে। এছাড়াও স্যার, আরো অনেক আছে, Child death, Children death প্রায় 33 থেকে নেমে এসেছে 31, আগে মায়েরা যারা যেতেন হাসপাতালে তারা প্রায় 69% যেতেন। কিন্তু আমাদের গভর্নমেণ্ট চেষ্টা করে, আমাদের আশা বলুন, ICDS বলুন সবাইকে নিয়ে চেষ্টা করে 80% মেয়েরা, Pregnant mother-রা এখন আসছেন হাসপাতালে। এটা ভালো একটা symbol। এবং এছাড়াও স্যার আমরা মনে করি যে, আমাদের এখানে ১০০০০ অঙ্গনওয়াড়ি বাড়ি তৈরি হয়েছে, centres created হয়েছে নতুন করে। এছাড়াও আর একটা বলি স্যার, যে যেটা আমাদের rate ছিল বাচ্চা মৃত্যু যেটা undermal-nutrition এটা reduction হয়েছে, এটা ভীষণভালো reduction হয়েছে। এটা reduction প্রায় 50% in last one

year from 3.58% in July , 2011 to 1.75% in June, 2012. আমরা খুব খুশি এইজন্য। Polio, আমাদের সকলের দুঃখ, আমরা আসার আগে একজনই Polio হয়েছিল হাওড়ায়। আমরা চেষ্টা করছি Polio free State, দু'বছর Polio free State আছে। আমরা চেষ্টা করছি আগামীদিনে যাতে না হয়। স্যার, economic rehabilitation grant যেটা physically handicapped-রা আগে ১০০০ টাকা পেত সেটা আমরা বাড়িয়ে ১০,০০০ টাকা করেছি। এছাড়া আমরা প্রায় প্রচুর শিল্পী যারা আছেন, তাদের grant-ও থেকে ৭০০০ থেকে ১০,০০০ টাকা আমরা folk শিল্পী থেকে করে, আমরা সঙ্গীত শীল্পি থেকে শুরু করে, আমরা আরো যারা আছেন বিভিন্ন এই সব জগতে তাদের জন্য আমরা করছি। এছাড়াও ৫ কোটি টাকা Women and Child Department-এ রেখেছি।

[12·20–12·29 p.m.]

তার কারণ হচ্ছে, আমরা বাউলদের দিয়ে, ভাওয়াইয়াদের দিয়ে, ধামসা দিয়ে, মাদল দিয়ে, ঢোল দিয়ে, বাঁশি দিয়ে যেসব গ্রামীণ ক্ষেত্রে লোকসঙ্গীত আছে বা লোকসংস্কৃতি আছে, তাদের দিয়ে আমরা প্রচার করাব। অর্থাৎ আমরা ভাতাও দেব, প্লাস ওদের দিয়ে আমরা একটা প্রচার করাব। সব ডিপার্টমেন্টকেও আমার রিকোয়েস্ট আছে, এই ৫ কোটি টাকা ওদের জন্য খরচ করব। তাহলে আমার বাউল ভাইবোনেরা, আমার ভাওয়াইয়া সঙ্গীত যারা গায়, যারা আমাদের ধামসা, মাদল, ঝুমুর থেকে শুরু করে অল টাইপ অফ কালচারাল পিপিলরা, যাতে তারা নিজের পায়ে দাঁড়াতে পারে, সেইজন্য আমরা করব। এছাড়াও স্যার, ল্যাণ্ড ব্যাঙ্ক, ল্যাণ্ড ইউজ পলিসি, ল্যাণ্ড ম্যাপ বলেছি, অনলি পি ডাবলিউ ডি.টা স্যার, পি ডাবলিউ ডি ২০০৯-১০-এ ৬৭৭ কোটি টাকা খরচ হয়েছিল, এবারে '১২-১৩তে মোর দ্যান ১, ২২৬ কোটি টাকা খরচ হয়েছে। সুতরাং কে একজন কি উত্তর লিখে দিল, দ্যাট ইজ নট কারেক্ট। পি ডাবলিউ ডি.-তে রাস্তা হচ্ছে, মেইনটেনান্স, এক্সপানসান, এক্সটেনসান এগুলো করে। এবং পাশাপাশি তৈরী করে। কাজেই ২০০৯-১০ যে খরচা করেছিলেন, ৬৭৭ কোটি টাকা, আর আমরা খরচ করেছি, ২০১২-১৩য় মোর দ্যান ১,২২৬ কোটি টাকা। হুইচ ইজ ইনক্রিজড ? এইট্টি ওয়ান পারসেন্ট, পি ডাবলিউ ডি.-র রোডের জন্য ইনক্রিজ হয়েছে। এবং আমরা একটা স্টেট হাইওয়ে অথরিটি ডেভলপমেন্ট কর্পোরেশান করেছি, ১ হাজার কি.মি অলরেডি সার্ভে হচ্ছে, রাইটস করছে, হয়ে গেলে আবার ৩ হাজার, এই ৪ হাজার কি. মি. রোড আমরা গোল্ডেন কোয়াড্রেলসের মত করবো। রাইটস ১ বছর টাইম নিয়েছে। এরা খুব টাইম নেয় সার্ভে করতে। এটা সেন্ট্রাল গভর্ণমেণ্ট অর্গানাইজেশান। তারা করে দিলে আমি করবো। স্যার, সংখ্যালঘুদের জন্য শুনলে খুশী হবেন যে, তাদের আগে যা ছিল, কখনো ১০ লক্ষ, কখনো ৩ লক্ষ, কখনো ৭ লক্ষ, আমরা কিন্তু স্যার, এটাকে করে দিয়েছি প্রায় ২২ লক্ষ। টাইম কম বলে, আমি ডিটেলস বলতে পারছি না। প্রায় ২২ লক্ষ। প্রায় ৭৫ হাজার ছেলে মেয়ে তারা লোন পেয়ে নিজের পায়ে দাঁড়াচ্ছে। আমরা প্রায় বিশ হাজারের মত ছেলে মেয়েদের ট্রেনিং দিয়েছি। এই রকম

প্রচুর আছে। এছাড়াও আমরা বিউরিয়াল গ্রাউণ্ড থেকে শুরু করে তাদের ডেভলপমেণ্ট কাজ থেকে শুরু করে, আমরা অনেক কিছুই করে দিয়েছি। ব্যাকওয়ার্ড ডিভিশানেও প্রায় ৪০ লক্ষ সিডিউল কাস্ট ছেলে মেয়েরা তারা স্কলারশিপ পেয়েছে। এছাড়াও মাইনরিটি ডিপার্টমেণ্টের থেকে ১ লক্ষ ৬০ হাজার মেয়েদের, আমরা মাদ্রাসা এবং স্কুলে যারা পড়ে তাদের আমরা সাইকেল দিচ্ছি। এক একটা সাইকেলের দাম দাম প্রায় ৩ হাজার টাকা। এবং এছাড়াও জঙ্গল মহলে ৩২ হাজার অলরেডি দিয়েছি। আরো ১০ হাজার পাবে। এছাড়াও আইলা অধ্যুষিত অঞ্চল সুন্দরবনে আমরা দিচ্ছি। আমরা বেকারদের জন্য একটা প্রকল্প করেছি। উৎসাহ ভাতা প্রকল্প। সেটা হচ্ছে এমপ্লয়মেণ্ট ব্যাঙ্ক, আমরা চালু করেছি, এটা ভাল করে - অমিত মিত্রকে দায়িত্ব দেওয়া হয়েছে, ফাইনান্স মিনিস্ট্রীকে - সাজিয়ে গুছিয়ে ঠিক মতন করবে। এবং এখান থেকে আমরা চাকরিতেও প্রায়রিটি দেব। এবং ১লক্ষ করে ছেলে মেয়েদের আমরা দেড় হাজার টাকা করে মাসিক ভাতা দেব। আর কন্যাশ্রী প্রজেক্ট আপনারা জানেন, মেয়েদের পড়াশুনায় উৎসাহ দেওয়ার জন্য এইট, নাইন, টেন, ইলেভেন, টুয়েলভ আমরা ৫০০ টাকা করে স্কলারশিপ দেব। সবার জন্য। এবং যেই তারা ১৮ বছর বয়স হবে, যদি সে বিয়ে না করে, ২৫০০০ টাকা গভর্ণমেণ্ট তার নিজের ফান্ডে রেখে দেবে।

এছাড়াও আমরা ও বি সি-তে প্রায় ৬ পারসেণ্ট ট্রাইবাল, আদিবাসী ছেলে মেয়ে যারা উচ্চ শিক্ষা পাচ্ছে না, সিডিউল কাস্টের ছেলে মেয়েদের জন্য পারসেন্ট এবং আরো বাদবাকি সব ও বি সি. দের জন্য। আমরা যেটা করছি. সেটা হচ্ছে স্যার, উন্নততর হায়ার এডুকেশানের জন্য যে বিল অলরেডি পাস হয়ে গেছে, হায়ার এডুকেশানের আমার সংখ্যালঘু ভাইবোনেরা ওদেরও প্রায় ৮৬টা কাস্ট যুক্ত হয়েছে। সুতরাং তারাও প্রায় ১২ থেকে ১৩ পারসেণ্ট রিজার্ভেশান পেয়ে যাবে, পড়াশুনোতেও পাবে এবংএমপলয়মেণ্টেও পাবে। ইটস এ গুড ডিসিসান। ফুড প্রকিওরমেণ্ট খুব ভাল হয়েছে স্যার। আমরা প্রায় ২২ লক্ষ মেট্রিক টন ইজ আওয়ার প্রকিওরমেণ্ট, হায়েস্ট এভার। আর একটা হচ্ছে আলু চাষীদের চিন্তা করার কোন কারণ নেই। আলু চাষীদের সব প্রটেকশান গভর্ণমেণ্ট নেবে এবং অলরেডি গভর্ণমেণ্ট স্কিম নিয়েছে। এবং এই নিয়ে চিন্তা করার কোন কারণ নেই। স্যার, আমি একটাই কথা আপনাদের বলতে চাই, আমার বলার অনেক থাকলেও সময় যেহেতু কম, এবং স্যার, আপনি আমাকে টাইম দিয়েছেন, আপনার কাছে আমি কৃতজ্ঞ, আমি আপনাদের বলি, জল ভরো, জল ধরো। স্যার, আমি আপনাকে বলি, আমি ৫ মিনিট চাইছি। উইথ ইয়োর কাণ্ড পারমিশান। জল ভরো জল ধরো আমাদের টার্গেট ছিল ৫ বছরে ৫০ হাজার। আমরা দেড় বছরে করেছি ৪২ হাজার। আই থিঙ্ক হাউস শুড বি এ্যাপ্রিসিয়েট দ্যাট। ১০০ দিনের কাজ, ১০০ দিন বাংলা করেছে। এবারে চলে আসুন, পাওয়ারে, আমরা সেকেণ্ড। এডুকেশান, ২ হাজার নতুন স্কুল তৈরী হয়েছে। আমরা অলরেডি ৪ টি বিশ্ববিদ্যালয় করেছি। বাঁকুড়ায় আর ১ টি বিশ্ববিদ্যালয় হবে। এছাড়া পুরুলিয়া, বাঁকুড়ায় এবং এবং কয়েকটি জায়গায় ইঞ্জিনিয়ারিং কলেজ এর প্রপোজাল পড়ে আছে, সেটাও হবে। এছাড়া ৩৯ টি নতুন ডিগ্রি কলেজ হবে। স্যার, আমরা মহিলা ইউনিভার্সিটি

করেছি, আমি গর্ববোধ করি। আমরা নজরুল ইসলামের নামে ইউনিভার্সিটি করেছি, আমরা গর্ববোধ করি। আমরা পঞ্চানন বর্মার নামে ইউনিভার্সিটি করেছি, আমরা গর্ববোধ করি। আমরা এস এস কে, এম এস কে অনেক তৈরী করেছি। এর মধ্যে। বাদবাকি, এস এস কে, এম এস কে, আমি নিয়ে আসব সংসদের মাধ্যমে, যাতে তারা প্যারা টিচারের মতন মাইনে পায়, তাদের ভবিষ্যৎ একদম স্টেবেল হয়ে যায়। পি টি টি আই এবং প্যারা টিচার যারা আছেন তাদের টেন পারসেন্ট করে বলেছি, যখন টিচার নেওয়া হবে, তাদের টেন পারসেন্ট করে প্রায়রিটি দিয়ে নিয়ে নেওয়া হবে।

সুতরাং আস্তে আস্তে এই জায়গাটায় ক্লিয়ার হয়ে যাবে। আমরা 'ক্যাস' তৈরি করেছি। প্রফেসারদেরও নতুন করে কলেজ সার্ভিস কমিশান করে, আমরা কলেজে নতুন করে এ্যাপয়েন্টমেন্ট করেছি। যেমন প্রাইমারি টিচার্স কাউন্সিল, স্কুল সার্ভিস কমিশান করেছি, এটাও করেছি। আমরা হেলথ রিক্রুটমেন্ট বোর্ড করেছি, পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড করেছি, অনেক কাজ করেছি স্যার। কাজ করতে করতে ১৭ থেকে - আমি আর একটা কথা বলি, ১৯ বার আমি শুধু জঙ্গলমহলে গিয়েছি, আর ১৯ বার পাহাড়ে গিয়েছি। যতই চেষ্টা করুন, পাহাড় হাসছে, জলঙ্গলমহল হাসছে। আর আপনারা কাঁদছেন। বাংলা হাসছে, দেশ হাসছে, মাটি হাসছে। পানীয় জল প্রকল্প নতুন করে দিচ্ছি। মনে রাখবেন আমাদের এটা স্বপ্ন। হোয়াট বেঙ্গল থিংকস টুডে, ইণ্ডিয়া থিংকস টুমরো। আমাদের স্বপ্ন— 'বলো বলো বলো সবে, শত বীণা বেণু রবে, বাংলা আবার বিশ্বে শ্রেষ্ঠ আসন লবে।' এটা মাথায় রাখবেন। ছাত্র যৌবন এরাই আমাদের প্লাবন, এরাই আমাদের সবচেয়ে বড় যৌবন। এই ছাত্র জীবন- প্রায় এক কোটি বেকার করে রেখে দিয়ে গেছেন। সেই এক কোটি বেকারের চাকরি কত হয়েছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে - মাত্র দু হাজার, কখনো তিন হাজার, কখনো এক হাজার। এত তাড়াতাড়ি সব ভুলে গেলেন? এই কদিন আগে এনায়েতপুরে এত বন্দুক পাওয়া গেল, কোথা থেকে পাওয়া গেলো, এত তাড়াতাড়ি সব ভুলে গেলেন! এত তাড়াতাড়ি এত কড়া কড়া কথা শুনে। কোনো কোনো সংবাদ পত্র তাদের নিজের ব্যবসার স্বার্থে ভাবছে আমি কি করে খাবো? তাই তারা কুৎসা করছে। আর সেই কুৎসায় আপনারা পা দিচ্ছেন। আগে এইরকম একটা ইডিওলোজি ছিল, আপনারা গণশক্তিকে বিশ্বাস করতেন, এখন গণশক্তিকে বিশ্বাস করেন না। আপনি এখন বিশ্বাস করেন আজে বাজে পত্রিকাকে। তাই আপনাদের এই হাল হয়েছে। যে নিজের আদর্শ ভুলে যায় তার কিছু হয় না। নিজের আদর্শকে ঠিক রাখুন। শুনুন, আমরা মাটির লোক, আমি সব কিছু ছেড়ে দিতে পারি, কিন্তু মাটির মর্যাদা ছেড়ে দেবো না, মা-মাটি-মানুষকে ছেড়ে দেবো না। এটা আমাদের commitment, and that commitment - unless I am not alive - we will continue to keep our word. Thank you, very much, আমি এখনো বলি দোল আসছে, সবাই ভালো থাকুন। আমার হিন্দু, মুসলমান, শিখ, খ্রিস্টান সব ভাইবোনদের কাছে আমার এ্যাপিল থাকবে। আসুক বসন্ত গৌরব। দোলের মধ্যে বসন্ত গৌরব আসুন। আসুন, আমরা এই গৌরবের বসন্তের মধ্যে সবাই ভালো থাকি যেন। পলাশফুল যেন ভালো

থাকে, বন অরণ্য জঙ্গল পাহাড় যেন ভালো থাকে, আমার মা মাটি মানুষ ভালো থাকুক। আপনাদের সবাইকে আমার শুভ দোলযাত্রা। পয়লা বৈশাখের আগে হয়তো হাউস আবার পরে বসবে - তাই আপনাদের পরিবার পরিজন সকলকে, আমার এ্যাসেম্বলির স্টাফ থেকে শুরু করে, আমার সিকিওরিটি থেকে শুরু করে, আমার সেক্রেটারিয়েট থেকে শুরু করে, আমার অপোজিশান বন্ধুদের পরিবার পরিজন থেকে শুরু করে, আমার তৃণমুল থেকে শুরু করে, আমার কংগ্রেস থেকে শুরু করে, দার্জিলিং থেকে শুরু করে, সব পরিবার পরিজনকে "শুভ নববর্ষ" জানিয়ে যাই। আবার বলি, ওই শুভ নববর্ষের নতুন ডাক-

'ওই নতুনের কেতন ওড়ে কালবোশেখীর ঝড়
তোরা সব জয়ধ্বনি কর।'

'তুমি নব নব রূপে এসো প্রাণে
এসো গন্ধে বর্ণে গানে
এসো দুঃখে সুখে এসো কর্মে
এসো নিত্য নিত্য শুভ কর্মে।'

শুভ কর্মে মন দিন। মন ভালো থাকবে। শরীর ভালো থাকবে। বাংলাকে ভালো রাখুন। মাটি উৎসব গর্বের উৎসব, মাটি উৎসব গর্বের উৎসব, মাটিটাকেই তো ভুলে গিয়েছিলেন। একবার নয়, প্রতিবার হবে। মাটিটা গর্বের। মানুষটা গর্বের ...... (গোলমাল)....

Mr. Speaker : Please, Mr. Sk. Amjad Hossain, this not the way ...... (noise)....... The manner and the way you are behaving is not the way of behaving inside the House.

Please ...... (noise).... Ho-ble Member, please take you seat.

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাটিকে অবজ্ঞা করবেন না। মাটিকে অবজ্ঞা করেছিলেন বলে আপনাদের এই হাল হয়েছে। মাটিকে আর অবজ্ঞা করার চেষ্টা করবেন না। মনে রাখবেন মানুষ কিন্তু প্রত্যাখ্যান করে দিয়েছে, আর প্রত্যাবর্তন কারো হাত ধরে হবে না। ওয়েট করুন, ভালো কাজ করুন। আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাই অনেক অনেক ধন্যবাদ। জয় হিন্দ, খোদা হাফিজ, ইনশা আল্লাহ্।

(At this stage voting on amendments on Governor's Address took place)

Mr. Speaker : Now there are 158 amendments to the motion on Governor's Address. All the amendments are in order and taken as moved.

1–22.

Shri Anisur Rahaman : Sir, I beg to move that - উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

1.

রাজ্যে ক্রমবর্ধমান চুরি, ডাকাতি রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই,

2.

রাজ্যে মহিলাদের শ্লীতাহানি রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

3.

বীরভূম জেলার দুবরাজপুরের লোবা গ্রামে নিরীহ মানুষের ওপর পুলিশের গুলি চালানোর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

4.

নদীয়া জেলার তেহট্টে পুলিশের গুলিতে জনৈক ব্যক্তির মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

5.

বর্তমান বছরে পাটচাষীরা পাটের ন্যূনতম মূল্য না পাওয়ার ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত, এবিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

6.

রাজ্যে কৃষকদের ধানের ন্যূনতম মূল্য না পাওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

7.

বর্তমান বছরে অনেক চাষী কৃষিঋণ শোধ করতে না পেরে আত্মহত্যা করেছে—এই ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

8.

জেলা পরিষদের ক্ষমতা খর্ব করে জেলা শাসকদের ক্ষমতা বৃদ্ধি করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

9.

পঞ্চায়েত সমিতির ক্ষমতা খর্ব করে সমষ্টি উন্নয়ন আধিকারিকদের ক্ষমতা বৃদ্ধি করার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের নেই ;

10.

রাজ্যের বিভিন্ন কলেজে শাসকদলের সমর্থক কর্তৃক অধ্যক্ষদের নিগৃহীত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

11.

শাসকদলের সমর্থক কর্তৃক বিরোধী সংগঠনের ছাত্র-ছাত্রীদের নির্বাচন প্রক্রিয়ায়. অংশগ্রহণে বাধাদানের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

12.

সরকারি বিজ্ঞাপণে বিপুল অর্থব্যয় রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

13.

বিভিন্ন বিদ্যালয়ে শাসকদল কর্তৃক শিক্ষক নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

15.

গত ২১ শে ফেব্রুয়ারী ২০১৩ , তারিখে জলঙ্গীতে শাসকদল কর্তৃক জনৈক পঞ্চায়েত কর্মীর আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

16.

গত ২১ ফেব্রুয়ারী ২০১৩, তারিখে হরিহর পাড়ায় শাসকদল কর্তৃক জনৈক প্রধান শিক্ষক নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

17.

দঃ ২৪ পরগণা জেলায় গার্ডেনরিচ এলাকায় কলেজ নির্বাচনে এক পুলিশ আধিকারিকের নিহত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18.

ভাঙড়ে শাসকদল কর্তৃক বিধায়ক শ্রীআব্দুর রেজ্জাক মোল্লার আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

রাজ্যে নারী নির্যাতন রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

সম্প্রতি শাসকদল কর্তৃক নাড়ুগ্রাম হাইস্কুলের প্রধান শিক্ষকের আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

21.

সম্প্রতি শাসকদল কর্তৃক বর্ধমান জেলার সভাধিপতির আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই : এবং

22.

উত্তর ২৪ পরগনা জেলার বারাসতে ক্রমবর্ধমান নারী নিগ্রহের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

Shri Md. Sohrab : Sir, I beg to move that - উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক : কিন্তু দুঃখের বিষয় এই যে,—

23.

রাজ্যে আইন শৃঙ্খলা রক্ষা করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

রাজ্যে ক্রমবর্ধমান নারী নির্যাতন রোধে কঠোর পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

রাজ্যের কারাগারগুলিতে দুর্নীতি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

রাজ্যের অবসরপ্রাপ্ত শিক্ষকদের সময়মতো পেনশন প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

27.

রাজ্যের বি.পি.এল. তালিকা সময়মতো তৈরী করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজপালের ভাষণে নেই ; এবং

28.

There is no mention about the failure of the Government to prevent crime againt women in the state.

29–49.

Shri Asit Mitra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক : কিন্তু দুঃখের বিষয় এই যে,—

29.

রাজ্যের আইন শৃঙ্খলার অবনতির কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

30.

রাজ্যে নারীদের উপযুক্ত সুরক্ষা দিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

31.

রাজ্যের বিভিন্ন দোকানে ভেজাল ওষুধ বিক্রয় রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

রাজ্যে নারী নির্যাতন প্রতিরোধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

রাজ্যে ক্রমবর্ধমান চুরি, ডাকাতি ও ছিনতাই রোধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

রাজ্যে কলেজ নির্বাচনে অধ্যক্ষ নিগ্রহ ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

বিদ্যালয়ে আংশিক সময়ের অস্থায়ী শিক্ষক-শিক্ষাকর্মীদের সরকারী স্বীকৃতি প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

36.

রাজ্যে বন্ধ কারখানাগুলি খোলার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37.

গার্ডেনরীচ কাণ্ডে কলকাতা পুলিশের সাব ইন্সপেক্টর নিহত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

জঙ্গলমহলে মাওবাদীদের আক্রমণে নিহত মানুষদের পরিবারগুলিকে প্রতিশ্রুতি অনুযায়ী আর্থিক সহায়তা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

রাজ্য মৎস্যজীবীদের পরিচয় পত্র দেবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

40.

রাজ্যে দুঃস্থ তাঁত শিল্পীদের আর্থিক সহায়তা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

41.

রাজ্যে হাসপাতালগুলিতে সঠিক চিকিৎসা ও রোগীদের পথ্য দিতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

42.

রাজ্যের কারাগারগুলিতে দুর্নীতি রোধের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

43.

রাজ্যের অবসরপ্রাপ্ত শিক্ষকদের নিয়মিত পেনশন দিতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

রাজ্যের সমাজবিরোধিদের নিয়ন্ত্রণ করতে কঠোর পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যের সঠিক বি.পি.এল তালিকা প্রকাশের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহেণ সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

আমতা বিধানসভা কেন্দ্র এলাকায় পানীয় জলের সঙ্কট নিরসনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

47.

জঙ্গলমহলে শিক্ষা প্রসারের জন্য সঠিক পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্য সুনির্দিষ্ট কোন পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

49.

শিক্ষকদের CPF থেকে GPF রূপান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50–59.

Shri Basudeb Khan : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

50.

পুলিশ প্রশাসনে শাসকদলের হস্তক্ষেপ রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

51.

রাজ্যের আইনশৃঙ্খলার অবনতির বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

52.

অগ্নিনির্বাপণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

রাজ্যে নতুন শিল্প বিনিয়োগের স্বার্থে সঠিক জমিনীতি গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

রাজ্যে বিভিন্ন উৎসব অনুষ্ঠানের জন্য প্রকল্প বহির্ভূত অর্থ ব্যয় রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

55.

রাজ্যে শাসক দলের আক্রমণের ফলে নির্বাচিত বিরোধী পঞ্চায়েত সদস্যদের স্বাধীনভাবে কাজ করতে না পারার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

56.

রাজ্যে শাসক দলের কর্মীদের চাপে বিভিন্ন জেলায় এক শ্রেণীর কৃষক ও বর্গাদারদের জমি চাষ করতে না পারার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

57.

রাজ্যে তপসিলি জাতি ও উপজাতি এবং ওবিসি ছাত্র-ছাত্রীদের সময়মতো শংসাপত্র দিতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

58.

রাজ্যে শিক্ষা ক্ষেত্রে শাসক দলের নৈরাজ্য রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই : এবং

59.

রাজ্যে ক্রমবর্ধমান হত্যা ও শ্লীলতাহানি, প্রভৃতি প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

60–103

Shri S. M. Sadi : Sir , I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক : কিন্তু দুঃখের বিষয় এই যে,—

60.

রাজ্যে 'মিড-ডে-মিল' প্রকল্প যুক্ত দুঃস্থ কর্মীদের ভাতা বৃদ্ধি করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

61.

রাজ্যে মুসলিম গার্লস হোস্টেলগুলিতে অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

62.

বারাসাতে আদিবাসীদের জমি থেকে উচ্ছেদ-এর বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

63.

পলাশীপাড়া বিধানসভা কেন্দ্র এলাকার অন্তর্গত পলাশীপাড়ায় সাংস্কৃতিক কর্মসূচী রূপায়ণের জন্য এক হাজার আসন বিশিষ্ট একটি অডিটোরিয়াম তৈরীর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

64.

নদীয়ার তেহট্ট মহকুমার পলাশীপাড়াতে নতুন থানা স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

65.

পলাশীপাড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নাগাদিভে মেয়েদের জন্য একটি উচ্চ বিদ্যালয় স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

66.

১৮৫৬ সালে স্থাপিত কৃষ্ণনগর সরকারী কলেজকে ডীম্‌ড বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি প্রদানের জন্য যথাযথ উদ্যোগ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

67.

নদীয়া জেলার পলাশীপাড়াতে একটি পলিটেকনিক কলেজ স্থাপনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

68.

নদীয়া জেলার মহকুমা সদর শহর তেহট্টকে পৌরসভায় রূপান্তরিত করার সিদ্ধান্ত কার্যকরী করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

69.

ধনেখালিতে পুলিশ লক্-আপে শাসকদলের কর্মীর মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

70.

নদীয়া জেলার তেহট্টে পুলিশের গুলিতে জনৈক ব্যক্তির মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

71.

একটি বেসরকারি সংস্থার হলদিয়া বন্দরের কাজ ছাড়ার ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

72.

বনগাঁ থানায় শাসকদলের কর্মীদের হামলা ও ভাঙচুরের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

জলপাইগুড়ির দলমোড়া চা বাগানের ২১ জন চা শ্রমিকের অনাহারে মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

রাজ্যে কৃষকের আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

75.

বীরভূম জেলায় লোবা গ্রামে পুলিশের গুলি চালনার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

76.

রাজ্যের সর্বত্র জুলুমবাজি চলছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই

77.

বর্ধমান জেলার আউশগ্রামে অভাবের তাড়নায় এক আদিবাসী মহিলা ক্ষেতমজুরের আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

ভাঙড়ে শাসকদল কর্তৃক প্রবীণ বিধায়ক শ্রী আব্দুর রেজ্জাক মোল্লার আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

79.

মহিলা নিগ্রহের ঘটনার পুলিশি নিষ্ক্রিয়তার প্রতিবাদে জনৈক ব্যক্তির আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

আইন-শৃঙ্খলার কারণে রাজ্যে কলেজগুলিতে ছাত্র সংসদ নির্বাচন বন্ধ করে দেওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

81.

রাজ্যের বিভিন্ন বিদ্যালয়ে অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের উত্তীর্ণ করানোর দাবিতে শিক্ষক-শিক্ষিকাদের হুমকি দেওয়ার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

82.

রাজ্যের ক্রমবর্ধমান নারী নির্যাতন রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

83.

রাজ্যের বিভিন্ন স্কুলের পরিচালন সমিতির নির্বাচনে শাসকদলের হামলার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

84.

রাজ্যে মাধ্যমিক পরীক্ষায় গণ টোকাটুকি সহ প্রশ্নপত্রে ভুল থাকার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

85.

গার্ডেনরীচ কাণ্ডে জনৈক পুলিশ কর্মীর মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণে নেই।

86.

রাজ্যে আইন-শৃঙ্খলার অবনতি বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

87.

মাদ্রাসা সার্ভিস কমিশনে নিয়োগের তালিকা প্রকাশের দীর্ঘ ৮ মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও সফল প্রার্থীদের নিয়োগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে না—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

88.

হলদিয়ার নির্বাচিত পৌর বোর্ডের কাজে শাসকদলের সমর্থকের বাধা দেওয়ার ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

89.

বর্ধমানের রায়নায় শাসক দলের গোষ্ঠীদ্বন্দ্বের কারণে প্রধান বিরোধী দলের জনৈক নেতাকে মিথ্যা মামলায় গ্রেপ্তার করা হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

90.

দার্জিলিং -এ 'পৃথক গোর্খাল্যাণ্ড'-এর দাবিতে হিংসাত্মক আন্দোলন শুরু হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

91.

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার জনৈক কর্মী বেতন না পাওয়ার কারণে আত্মহত্যা করেছে—এই ঘটচনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

92.

আলিপুর ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট প্রেসে অবৈধ নিয়োগের বিষয়ে কোন্ উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

93.

বিবাহ বিচ্ছিন্না, স্বামী পরিত্যক্তা নারীপাচার চক্রের শিকার, গৃহহীনা ও আশ্রয়হীনা সংখ্যালঘুদের জন্য বিগত সরকারের আমলে গৃহীত 'দুঃস্থ মহিলা পুনর্বাসন কর্মসূচী'-র বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

উত্তরবঙ্গের বন্ধ চা বাগানের শ্রমিকদের সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

রাষ্ট্রায়ত্ব পরিবহন সংস্থার কর্মীদের পেনশন ও বেতন নিয়মিত দেওয়া হচ্ছে না, এর ফলে অনেকে আত্মহত্যা করেছে—এর কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

96.

রাজ্যে গরীব পাট্টাদারদের পাট্টার জমি থেকে জোরপূর্বক উচ্ছেদ করার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

97.

রাজ্যে সংখ্যালঘুদের ও. বি. সি. শংসাপত্র সময়মতো প্রদান কাজে বিভিন্ন ধরনের অজুহাত দিয়ে না করার ফলে তারা বিভিন্ন সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

98.

গত ২০শে ফেব্রুয়ারী, দেশব্যাপী সাধারণ ধর্মঘটের দিন শাসকদলের সমর্থক দ্বারা মুর্শিদাবাদের হরিহরপাড়ায় একজন শিক্ষকের আক্রান্ত হওয়ার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

99.

কলকাতা কর্পোরেশন-এ ত্রিফলা বাতি কাণ্ডে দুর্নীতি বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

100.

রাজ্যে বেহাল রাস্তা মেরামত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

101.

সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত বেকার যুবক-যুবতীদের চাকুরি প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

102.

রাজ্যে সরকারি গ্রামীণ হাসপাতালগুলিতে সুষ্ঠু স্বাস্থ্য-পরিষেবা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

103.

নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতালে মহিলা রোগীর শ্লীলতাহানির ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

104–105

Shri Asit Mitra : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক।

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

104.

রাজ্যের বেকার সমস্যা সমাধানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

105.

রাজ্যে সংগঠন শিক্ষকদের চাকুরিতে নিয়মিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

106–108

Shri Biram Mandi : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

106.

পার্ক স্ট্রীস্ট কাণ্ডের মূল অভিযুক্তকে গ্রেপ্তার করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই

107.

রাজ্যে শিল্প বিকাশের স্বার্থে নতুন শিল্পনীতি গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

108.

রাজ্যে বিভিন্ন থানায় নির্যাতিত মহিলাদের অভিযোগ দায়ের ক্ষেত্রে অযথা হয়রানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

109–128

Shri Ajoy Dey : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

109.

গার্ডেনরীচ এলাকায় হরিমোহন ঘোষ কলেজ ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে শাসকদলের সমর্থকের গুলিতে এক পুলিশ অফিসারের মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

রাজ্যে ক্রমবর্ধমান নারী পাচার ও শ্লীলতাহানি ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

ধনেখালি থানার লক্-আপে জনৈক ব্যক্তির মৃত্যুর ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

112.

বিগত দু'বছরে কলকাতায় ১২টি ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনার তদন্ত রিপোর্ট প্রকাশের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

113.

কৃষকদের "ধানের সহায়ক মূল্য" প্রদানের ক্ষেত্রে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

114.

বিদ্যুতের মূল্যবৃদ্ধিজনিত সমস্যা নিরসনের জন্য বিদ্যুৎ মাশুলে ভর্তুকি প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

115.

সংখ্যালঘু সম্প্রদায়ের উন্নয়ন প্রকল্পগুলি রূপায়নের ক্ষেত্রে পৃথক প্রশাসনিক পরিকাঠামো গঠনে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

116.

রাজ্যের পরিবহন কর্মীদের ন্যায্য প্রাপ্য প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

117.

বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের অর্থ নির্দিষ্ট সময়ে খরচ করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

118.

রাজ্যে মুসলিম সম্প্রদায়ের সার্বিক উন্নয়নের স্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পগুলি রূপায়ণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

119.

রাজ্যের বিনিয়োগের স্বার্থে সঠিক জমিনীতি গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

120.

রাজ্যে চিট্ ফাণ্ড সংস্থাগুলির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

121.

রাজ্যের কলেজগুলিতে ছাত্র সংসদ নির্বাচন বন্ধ করে দেওয়ার সিদ্ধান্তের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

122.

রাজ্যের স্বাস্থ্য বিভাগে দুর্নীতি রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

123.

রাজ্যের আর্থিক সংকট থাকা সত্ত্বেও বিভিন্নভাবে বিভিন্ন দান খয়রাত ও নানা উৎসবের নামে পরিকল্পনা বহির্ভূত খাতে অর্থ ব্যয় হচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

124.

মাধ্যমিক, মাদ্রাসা সহ বিভিন্ন পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস ও বিভ্রাটের বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

125.

হলদিয়ার শালুকখালিতে বন্দর নির্মাণে সমস্যার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

126.

রক্ষণা বেক্ষণের অভাবে উল্টোডাঙ্গা উড়ালপুলের দুর্ঘটনার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

127.

কল্যাণী গান্ধী মেমোরিয়াল হাসপাতালে হৃদ্‌রোগ আক্রান্ত ব্যক্তিদের সুষ্ঠু চিকিৎসা পরিষেবা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

128.

রাজীব গান্ধী গ্রামীণ বৈদ্যুতিক যোজনা প্রকল্পে B.P.L. ভুক্ত সব এলাকায় বিদ্যুৎ পৌঁছে দিতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

129–139

Shri Sahajahan Choudhury : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

129.

'প্রাকৃতিক তন্তু মিশন'-এর আওতাভুক্ত প্রকল্পের অধীনে রাজ্যের সব জেলাকে অন্তর্ভুক্ত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

130.

রাজ্যে সমস্ত অনিচ্ছুক কৃষকদের প্রতি মাসে ২০০০টাকা ভাতা প্রদানে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

131.

রাজ্যের প্রতিটি ব্লকে পানীয় জল সরবরাহের সু-ব্যবস্থা করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

132.

রাজ্যের উপকূল অঞ্চলে সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

133.

রাজ্যের খুচরো বাজারের উপর নজরদারি রাখার জন্য গঠিত টাস্ক ফোর্সের পরিকাঠামো উন্নয়নে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

136.

রাজ্যে গরীব কৃষকদের আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

135.

রাজ্যের প্রতিটি ব্লকে কৃষক বাজার নির্মাণের জন্য গৃহীত সিদ্ধান্ত কার্যকর করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

136.

রাজ্যে সকল কৃষককে 'কিষাণ ক্রেডিট কার্ড দিতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

137.

রাজ্যের সমস্ত দেওয়ানী ও ফৌজদারী আদালতে শূন্যপদ গুলি পূরণের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

138.

গ্রামাঞ্চলে পুলিশ প্রশাসনের পরিকাঠামো উন্নয়নে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

139.

রাজ্যের মহিলাদের শ্লীলতাহানি রোধে ও নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

140–148

Shri Abdur Razzak Molla : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

140.

রাজ্যের নদীভাঙন রোধের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

141.

রাজ্যে নারী নির্যাতন রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

142.

গার্ডেনরীচ এলাকার কলেজ নির্বাচনে পুলিশ হত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই :

143.

রাজ্যের আইন-শৃঙ্খলা রক্ষার জন্য উপযুক্ত পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই;

144.

সুন্দরবনের আয়লা দুর্গত অঞ্চলের উন্নয়নের সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

145.

রাজ্যের কৃষকদের অভাবী ধান বিক্রি বন্ধ করতে যথাযথ পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

146.

রাজ্যের আলুচাষীদের দুর্দশার বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

147.

রাজ্যের রেকর্ডভুক্ত বর্গাদারদের জমি থেকে বলপূর্বক উচ্ছেদের ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

148.

রাজ্যের কৃষক আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

149–158

Dr. Tarun Kanti Naskar : Sir, I beg to move that উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হউক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

149.

রাজ্যের ব্লক হাসপাতাল ও প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়নে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

150.

বিদ্যুৎ মাসলু গত ১৩ মাসে ৭ বার বৃদ্ধি পেয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

151.

রাজ্যে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে গেলেও বাজারে মূল্যবৃদ্ধি অব্যাহত—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

152.

রাজ্যে আন্দোলন, প্রতিবাদ, ধর্মঘট করার অধিকার বিপন্ন হচ্ছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

153.

রাজ্যে শিল্প কারখানায় লক-আউটের ফলে অধিক শ্রম দিবস নষ্ট হয়েছে—এ বিষয়ে কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

154.

রাজ্যে বিভিন্ন আদালতে জমে থাকা মামলা দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

155.

রাজ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

156.

অভাবের তাড়নায় বন্ধ চা বাগানের শ্রমিকের আত্মহত্যার ঘটনার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

157.

জঙ্গল মহল এলাকায় সাধারণ মানুষের উপর পুলিশি নির্যাতন রোধে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

158.

রাজ্যে ক্রমবর্ধমান নারী পাচার ও নারীর শ্লীলতাহানি রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সরকারের ব্যর্থতার কোন উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

I put to vote all the motions.

As many as are of that opinion will please say "Aye." As many as are of contrary opinion, will please say "No."

Noes have it, noes have it.

Now I put to vote the motion moved on 08/03/2013 by Shri Partha Chatterjee (and seconded by Shri Sobhandeb Chattoapdhyay) that-

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ৮ই মার্চ, ২০১৩ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছে।"

As many as are of that opinion, will please say "Aye." As many as are of contrary opinion, will please say "Noe."

(Voices : Ayes, ayes)

Ayes have it, ayes have it.

...(At this house the House was adjourned till 1/30 p. m.)..

[1.30–1.40 p.m.]
(after recess)

DISCUSSION ON ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon'ble Members, as announced in the House yesterday, thar Adjournment Motion regarding Law & Order Situation in the State moved by Dr. Surjya Kanta Mishra on 21st March, 2013, will now be taken up for discussion. Since Rule 65, sub-rule (1) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly stipulates that the question is to be put after two strictly adhere to the time limit for the speeches. The mover of the motion has already moved the Motion yesterday. Therefore, I am taking up the list in respect of the other speakers. Now, Shri Parash Dutta

শ্রী পরশ দত্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এডজর্নমেণ্ট মোশান বিরোধী দল নেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র এই হাউসের সামনে রেখেছেন এবং যার উপরে দু'ঘণ্টা ধরে আলোচনা হবে, সেই এডজর্নমেণ্ট মোশানটা পড়ে আমার একটা পুরোনো বাংলা প্রবাদ মনে পড়ছে-' চালুনি বলে সুঁচকে, তোর গায়ে এত ফুটো কেন'। এদেরও হচ্ছে সেই অবস্থা। স্যার এরা বলেছেন, সাংবিধানিক প্রতিষ্ঠানের উপরে হাঙ্গামা হচ্ছে। এরা ভুলে গেছেন, পশ্চিমবাংলায় সাংবিধানিক সবচেয়ে বড়

প্রতিষ্ঠান হচ্ছে, মাননীয় রাজ্যপালের প্রতিষ্ঠান। একটা সময় এই পশ্চিমবাংলায় দেখেছি, তখন ওরা অবশ্য এদিকে ছিল, ঐদিকে ছিলেন না। মাননীয় রাজ্যপালকে এই বিধানসভায় ভেতরে হেনস্থা করে এরা াজকে সাংবিধানিক প্রতিষ্ঠানের মর্যাদা তুলছেন। স্যার, একজন মহিলা মন্ত্রী কংগ্রেসের আমলে তার চেয়ারে আলকাতরা মাখিয়ে রেখেছিলেন। রাজ্যপাল না জেনে সীটে বসেছিলেন, উঠে যখন হেঁটে যাচ্ছেন, তখন উল্লাস করে ওরা। হেঁসেছিলেন। আমার মনে পড়ছিল, কৌরব সভার অশ্লীলতার কথা। সেই অশ্লীলতা যারা এই সভায় রেখেছিলেন, তারাই আজকে এই সমস্ত বড় বড় কথা বলছেন। স্যার, সাংবিধানিক প্রতিষ্ঠান হচ্ছে উচ্চ ন্যায়ালয়। সেই উচ্চ ন্যায়লয়ের বিচারককে বলা হয়েছিল, বাংলা ছেড়ে পালা। এইকথা যারা বলতে পারেন, তারা আবার সাংবিধানিক প্রতিষ্ঠানের বড়াই করেন, এতটুকু লজ্জা তাদের করে না। আরেকজন সাংবিধানিক সর্বময় কর্তা পশ্চিমবাংলার মাননীয় প্রাক্তন আরেকজন রাজ্যপাল, যার সম্পর্কে ওপেন পাবলিক মিটিঙে পশ্চিমাংলার মাননীয় প্রাক্তন আরেকজন রাজ্যপাল, যার সম্পর্কে ওপেন পাবলিক মিটিঙে দাঁড়িয়ে যে দলের সর্বোচ্চ নেতারা বলতে পারেন, তৃণূল কংগ্রেসের ঝাণ্ডা নিয়ে রাস্তায় চলুন। তারা অজকে সাংবিধানিক প্রতিষ্ঠানের বড়াই করে এখানে রেজিশলিউশান আনছেন, লজ্জাও করে না। স্যার, শিক্ষা প্রতিষ্ঠান নিয়ে বলেছেন, কলকাতা বিশ্বব্যিালয়ের একজন উপাচার্যকে এরা শুধু মারধোর করতে বাকি রেখেছিলেন, ধাক্কা দেওয়া থেকে শুরু সব কিছু করেছেন। তাকে বিশ্ববিদ্যালয়ে ঢুকতে দেননি দিনের পর দিন। তারা শিক্ষা প্রতিষ্ঠানের sanctity-র কথা বলছেন। স্যার, এরা নির্বাচনে গণতন্ত্র প্রতিষ্ঠার কথা বলছেন। আমরা ভুলে গেছি এই কলকাতা শহরের বুকে পৌরসভা নির্বাচনে বৌ বাজারে কারা রিভালবার নিয়ে দৌড়োদৌড়ি করেছিলো? এবং তামাম সংবাদ মাধ্যম সেই ছবি প্রকাশ করেছিলো। আমরা ভুলে গেছি? নির্বাচনে কংগ্রেসকে ভোট দেবার জন্য আমতায় কাদের হাত কেটে নেওয়া হয়েছিলো এবং কারা হাত কেটেছিলো আমরা ভুলে গেছি? আমাদের কংগ্রেসের বন্ধুরা নিশ্চয় ভুলে যান নি। স্যার কেশপুরের বুকে এই কিছুদিন আগে, উপস্থিত নেই এখনকার মন্ত্রী। তিনি গত লোকসভা নির্বাচনের প্রার্থী ছিলেন। গত লোকসভা নির্বাচনে কেশপুরের বুকে তার ওপরে হাঙ্গামা হয়েছে। তিনি যখন থানায় গেছেন তখন থানায় এফ.আই.আর. নেওয়া হচ্ছে না। আমি উপস্থিত ছিলাম কলকাতায় দলের কন্ট্রোল রুমের চার্জে। তিনি আমায় ফোন করে বলছেন যে আমার এফ. আই. আর. নিচ্ছে না আমি বাইরে দাঁড়িয়ে আছি। আমি তৎকালীন চিফ ইলেকটোরাল অফিসারকে ফোন করে বলেছিলাম যে একজন প্রার্থী, যিনি কিছুদিন আগে সুপ্রিম কোর্টের বিচারপতি ছিলেন তাঁর এফ.আই.আর, নিচ্ছেন না একজন দারোগা। কার নির্দেশে? এগুলো জানতে হবে। এগুলোর ব্যবস্থা করুন। তারাই আজকে আবার নির্বাচনের কথা বলছেন। এদের লজ্জাও করে না। স্যার, আইন শৃঙ্খলার কথা, কত বলবো লিস্ট তো অনেক বড়। ১৭ মার্চ ১৯৭০, বর্ধমানের সাঁইবাড়ি। মনে আছে? সেই সাঁইবাড়ি হত্যা কাণ্ডের যারা নেতা তাঁরা এঁদের মহিমান্বিত মন্ত্রী হয়েছেন, তাঁরা এদের বড় বড় নেতা হয়েছেন। এবং সারা বাংলা ৩৪ বছর ধরে দাপিয়ে বেড়িয়েছেন সাঁইবাড়ি হত্যা কাণ্ডের এক এক জন আসামী। স্যার, একজন তার নাম বদল করে নিয়েছিলেন। তিনি তাঁর পিতৃদত্ত নাম পদবী বদল করে, তিনি অন্য জায়গায় ঘুরে বেড়াচ্ছিলেন, হুগলীতে পালিয়ে গিয়েছিলেন। মরীচঝাঁপি, মরীচঝাঁপির কথা মনে আছে? যে উদ্বাস্তুদের কথা বলে এঁরা ক্ষমতায় এসেছিলেন, যে কংগ্রেস সরকার উদ্বাস্তুদের জন্য কিছু করে নি। তৎকালীন সরকার উদ্বাস্তুদের পাঠিয়েছিলেন মধ্যপ্রদেশে দণ্ডকারণ্যে। ক্ষমতায় আসার পরে এই দল, তাদের এক মন্ত্রী দণ্ডকারণ্যে

গিয়ে বলেছিলেন সেই উদ্বাস্তুদের যে-বাংলার উদ্বাস্তুকে বাংলাতেই পুনর্বাসন দিতে হবে এই মধ্যপ্রদেশে নয়। এখন আমরা ক্ষমতায় এসেছি, আসুন সুন্দরবনে আপনাদের পুনর্বাসন দেবো। এদের মন্ত্রীর কথায় ভুলে সেই উদ্বাস্তুরা কয়েক হাজার মরীচঝাঁপিতে এসেছিলেন। গুলি করে তাদের মেরে এরা উদ্বাস্তু প্রেম দেখিয়েছেন। তারা আজকে আইন শৃংখলার কথা বলছেন। লজ্জা করে না। আরে, দু কান কাটা হলে মাঝখান দিয়ে হাঁটে। আপনাদের তিনটে কান কাটা থাকলে বোধহয় কি করতেন জানি না, এই অবস্থাই হতো। বিজন সেতুতে ১৯ জন আনন্দমার্গীদের পুড়িয়ে মেরেছিলেন কেন? আনন্দমার্গীদের কেনা জমিটা দখল করে এই সি.পি.এমের এক নেতা সেখানে স্টেডিয়াম করবেন। আনন্দমার্গীদের আটকাবার জন্য বিজন সেতুতে তাদের পুড়িয়ে মেরেছিলেন, পুড়িয়ে মেরেছিলেন। এবং তারপরে যে অফিসার এদের নামে অভিযোগ দায়ের করেছিলেন তাকে পাগল সাজিয়ে, কোর্টে মিথ্যা প্রমাণ দিয়ে তার চাকরীটা পর্যন্ত খেয়েছিলেন। এরা আবার আইন শৃংখলার কথা বলেন, লজ্জাও করে না। বানতলা, ধানতলা, ঘোখসা ডাঙা। ঘোখসা ডাঙায় আমি গিয়েছিলাম। শামুকতলার তৎকালীন ও.সি. এখন প্রোমোশান পেয়ে গেছেন। নামটা বলছি না, সাম রায়। ঘোঘসা ডাঙায় এরা নিজের দলের এক নেত্রীকে, যেহেতু পঞ্চায়েতের প্রধান না উপপ্রধান কে একজন তার দুর্নীতির বিরুদ্ধে কথা বলেছিলেন তাই সেই নেত্রীকে তুলে নিয়ে এসে ধর্ষণ করেছিলেন। আমি গিয়েছিলাম, মিটিং করেছিলাম, মিটিং করে ফেরার পথে এদের অফিস থেকে বোম চার্জ হয়েছিল এবং সেই ও.সি. আমাকে escort করে বার করে নিয়ে গিয়েছিলেন। এখানে নিশ্চয় রবীন্দ্রনাথ ঘোষ আছেন, রবীন্দ্রনাথ ঘোষ সাক্ষী রয়েছেন।

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

[1.40–1.50 p.m.]

সিঙ্গুরে কাকলী সাঁতরার'র ঘটনা-কারা ঘটিয়েছিলেন? বিরাটিতে কারা ঘটিয়েছিলেন সেই কাণ্ড বস্তিবাসীদের, - দেবা না বাপি কি যেন নাম ছিল? মস্তান ছিল, সে ধর্ষণ কাণ্ডের নায়ক ছিল। তারপরে এদের এক নেত্রী বলেছিলেন, ওই মেয়েটির চরিত্র খারাপ। চরিত্র খারাপ হলে বুঝি ধর্ষণ করা যায় কি? মার্ক্সবাদ কি বলে? চরিত্র খারাপ কোন মহিলা থাকলে তাকে ধর্ষণ করা যায়? বানতলার ঘটনার পর - একজন সেন্ট্রাল গর্ভমেন্টের অফিসার ছিলেন, তার স্বামী তিনি যখন কলকাতায় এক নামী নার্সিংহোমে চিকিৎসাধীন আমি যখন দেখা করতে গিয়েছিলাম, তার স্বামী হাত জোড় করে বলেছিলেন যে, আমি দিল্লীতে থাকি আমার স্ত্রীও দিল্লীতেই থাকেন। এই কলকাতায় এসে যা অভিজ্ঞতা হল এবং যা অবস্থা দেখছি আর আমি এ বিষয়ে এগতে চাই না। হাতজোড় করে আপনাকে অনুরোধ করছি, আপনি দয়া করে আমার স্ত্রীর কাছে যাবেন না। অসুস্থ ছিলেন তখন। গোপীবল্লবপুরের আধিকান্ত দোলুই কে? মনে আছে সূর্যবাবু? আধিকান্ত দোলুই কি অপরাধ করেছিল? পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে তার কয়েকজন লোককে নিয়ে ডেপুটেশান দিয়েছিল। তাকে বাইরে বার করে নিয়ে আসে মারতে মারতে। তারপর তার গায়ে পেট্রোল ঢেলে জ্যান্ত জ্বালিয়ে দেওয়া হয়েছে। তার স্ত্রী যখন পুলিশকে এসে বলছে, আমার স্বামীকে মারছে। এদের অনুগত, এদের চামচা পুলিশ বলেছে, ওখানে একটা কুকুর জ্বলছে। গোঘাট, গোঘাটে বিরোধী দলের, তৎকালীন কংগ্রেস দলের এক কর্মীর গলার মুণ্ড কেটে গোঘাটের মাঠে ফুটবল খেলেছিলেন এই দলের লোকেরা— একটাও গ্রেফতার হয়নি। বলতে পারবেন আমাদের দলের? যে ক'জন হয়েছেন

মুখ্যমন্ত্রী বলেছেন। গ্রেফতার হচ্ছে, তাদের বিরুদ্ধে বব্যাস্থা হচ্ছে। পার্থক্য হচ্ছে। পার্থক্য হচ্ছে আপনাদের নেতা-মন্ত্রী.....

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, আজকে এই সদনে মাননীয় বিরোধী দলের নেতা ডাঃ সূর্য্যকান্ত মিশ্র, যে মুলতুবি প্রস্তাব নিয়ে এসেছেন তা সমর্থন করে দুই-একটি কথা বলতে চাই। স্যার, এবারের যে অধিবেশন, সেই অধিবেশনে বিভিন্ন বক্তার বক্তব্যের মধ্যে রবীন্দ্রনাথ এসেছে, বিবেকানন্দ এসেছে, নজরুল এসেছে, ভাওয়াইয়া সঙ্গীত এসেছে - কখনও কোন দিনও মাইকেল মধুসূদন দত্ত আসেননি। মাইকেল মধুসূদন দত্ত লিখেছিলেন, 'দাঁড়াও পথিকবর, জন্ম যদি তব এই বঙ্গে, তিষ্ঠ ক্ষণকাল, এ সমাধিস্থলে।' আজ যদি মাইকেল মধুসূদন দত্ত এই জায়গায় দাঁড়িয়ে, এই বাংলায় দাঁড়িয়ে এই কবিতাটা লিখতেন, তাহলে হয়তো লিখতেন, -দাঁড়াও পথিকবর, জন্ম যদি তব এই বঙ্গে, তিষ্ঠ ক্ষণকাল, দেখ ২২ মাসে পশ্চিমবাংলার কি হয়েছে হাল। স্যার, ২২ মাস আগে, এই রাজ্যে সরকার পরিবর্তন হয়েছে। বামফ্রন্ট সরকার ক্ষমতাচ্যুত হয়েছেন, নতুন সরকার ক্ষমতায় এসেছেন। আজকে মাননীয় মুখ্যমন্ত্রী বক্তব্য রাখছিলেন, আমি শুনছিলাম। তিনি জঙ্গল মহলের উন্নয়নের কথা বলছিলেন, তিনি জঙ্গল মহলের শান্তির কথা বলছিলেন। আমার মনে প্রশ্ন জাগছিল যে এতো তাড়াতাড়ি এই শান্তি কি করে ফিরে এলো? আমার বলা নিজের পুরানো কথা মনে পড়ে গেল। এই হাউসে দাঁড়িয়ে আমি বলেছিলাম যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পেছনে যেমন বামফ্রন্টের কিছু ভুল আছে তেমনি পশ্চিমবাংলায় নতুন সরকার ক্ষমতায় বসবার ক্ষেত্রে তিন জী, কালিঘাটের ব্যানার্জী, কীর্নহারের মুখার্জী আর জঙ্গল মহলের কিশানজী কে সাথে এক ছাতের তলায় এসেছিলেন বলেই পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার পতন হয়েছিল, নতুন সরকার গঠিত হয়েছে। সেই কিশানজীর কি হয়েছে? আমরা তো দেখেছি, কাজের সময় কাজি, কাজ ফুরালে কিশানজী, এই প্রবাদ বাক্য নতুন করে চালু হয়েছে। স্যার, আমি যে কথা বলেছি, আপনারা যেটা বলেছিলেন সেটাতে আপনাদের সাথে সুর মিলিয়ে বলছি, নন্দীগ্রামে গুলি চালনা ভুল হয়েছিল, দিনহাটার গুলি চালনা ভুল হয়েছিল। সেই দিন নন্দীগ্রামে গুলি চালনা, দিনহাটায় গুলি চালোনার পরে যে বিরোধী নেত্রী বলেছিলেন যে পুলিশ ট্রিগার হ্যাপি হয়েছে, যে বিরোধী নেত্রী বলেছিলেন, আমরা যখন ক্ষমতায় আসবো সাধারণ মানুষের উপর গুলি চলবে না, তিনি ক্ষমতায় আসবার পর ২২ মাসে ছ-বার গুলি চলেছে, একজন মহিলা সহ ৬ জন নিহত হয়েছে। একজন পুলিশ মন্ত্রী এই দায় এড়াতে পারেন না। স্যার, আমি আপনার কাছে এই কথা বলবো .... (গোলমাল) ... শুনুন না, মুশকিলটা হচ্ছে বামফ্রন্ট সরকারের আমলে পুলিশ পরিকল্পিত অসহিষ্ণু হয়েছিল। আজকে শুধু পুলিশ নয়, রাজ্যের পুলিশ মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী অসহিষ্ণু হয়ে পড়েছেন। একটার পর একটা ঘটনা ঘটছে, রাজ্যের মুখ্যমন্ত্রী বলছেন, ছোট ঘটনা, সাজানো ঘটনা। যত ছোট ঘটনা সাজানো ঘটনা বলছেন। কত বড় বড় ঘটনা ঘটছে, দুষ্কৃতীকারীরা উৎসাহিত হচ্ছে। স্যার, টেজারী বেঞ্চের থেকে যারা কথা বলছেন তারা বুঝতে পারছেন অন্যায়টা তাঁরা কি করছেন। আর যত এই ধরণের ঘটনা ঘটছে, তত করে উৎসাহিত হচ্ছে সমাজবিরোধীরা উৎসাহিত হচ্ছে এই দলের সাথে যুক্ত সমাজবিরোধীরা, নানা রকম কাজে অশান্তির সৃষ্টি করছে এই রাজ্যে। স্যার, আপনার মাধ্যমে হাউসের কাছে তুলে ধরতে চাই, এই যে সম্প্রতি কলেজে তিনটি বড় ঘটনা ঘটে গেছে কলকাতা এবং কলকাতার আশে-পাশে। ভাঙড়ের ঘটনা, হাঁ বাবার কথাই বলতে চাই, বাবার

কথাই বলতে চাই, বাবার সহকর্মী প্রায় বাবার বয়সী প্রাক্তন মন্ত্রী, আপনারও বাবার বয়সী, প্রাক্তন মন্ত্রী, তাঁকে ভাঙড়ের রাস্তায় ফেলে পেটানো হলো। রাজ্যের মুখ্যমন্ত্রী, রাজ্যের পুলিশ মন্ত্রী বললেন না অন্যায় হয়েছে। ঘটনা ঘটলো গাডেনরীচে, ঘটনা ঘটলো ধাপাতে, ঘটনার ধামা চাপা দেবার চেষ্টা করা হলো। একটার পর একটা ঘটনাকে ধামা চাপা দেবার চেষ্টা হয়েছে। বাধ্য হয়ে আজকে মুখ্যমন্ত্রী বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন, যে আজেবাজে সংবাদপত্র পড়বেন না, আজেবাজে টি.ভি. চ্যানেল দেখবেন না। কারণ এই মিডিয়ার চাপে যখন নেতাদের গ্রেপ্তার করা হলো তখন মুখ্যমন্ত্রীর হয়ে যারা প্রচার শুরু করছেন তারা বললেন মুখ্যমন্ত্রী রাজধর্ম পালন করছেন। আমরা বলি রাজধর্ম পালন করবার দরকার নেই, আপনি দল সামলান, আপনি দলের অন্দরে যারা সমাজবিরোধী তাদের সামলান। রাজধর্মের নামে রাজীধর্ম আমরা চাই না। কড়াই-এর নিচে গনগনে আগুন দিয়ে মাথায় হাওয়া দেবেন সেটা পশ্চিমবাংলার মানুষ সহ্য করতে পারছে না। তাই আজকে পশ্চিমবাংলার এই দুরাবস্থা হয়েছে।

[1.50 – 2.00 p.m.]

আমি আপনাদের কাছে একটি কথা বলছি। হয়ত কেউ কেউ জানেন, ডঃ ইউনিসের নাম হয়ত রবিবাবু শুনেছেন, ব্যাঙ্কিং সার্ভিসে একটা যুগান্তর আনবার চেষ্টা করেছিলেন। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী ব্যাঙ্কিং সার্ভিসে যুগান্তর এনেছেন। নতুন নতুন ব্যাঙ্ক, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক, ল্যাণ্ড ব্যাঙ্ক, যেটা কেউ কখনও ভাবতে পারে না পাওয়ার ব্যাঙ্ক খুলেছেন। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব একটা ইজ্জত ব্যাঙ্ক খুলুন, এই রাজ্যের মা-বোনেদের ইজ্জত লুণ্ঠিত হচ্ছে, এই ইজ্জত ব্যাঙ্কে যেন সেটাকে ফিক্স ডিপোজিট করে রাখা যায়। আমি আপনাদের কাছে এ কথা বলব। এন.সি.আর. বি.-র রিপোর্ট, এন. সি. আর. বি-র রিপোর্ট পশ্চিমবাংলা নারী নির্যাতনে আমাদের স্থান করে দিয়েছে এক নম্বর, এন. সি. আর, বি-র রিপোর্ট - নারী ধর্ষণে আমাদের দু'নম্বরে রেখেছে কিন্তু এক নম্বরের কাছাকাছি। এন. সি. আর. বি-র রিপোর্টের দরকার নেই। এখানে পার্থবাবু আছেন, বক্তব্য রাখবেন। আজকে একটি দৈনিক সংবাদপত্র যে রিপোর্ট, যে তথ্যগুলো দিয়েছে, আপনি তো মাঝেমধ্যেই প্রিভিলেজ মোশন নিয়ে আসছেন, যদি এই সংবাদপত্র মিথ্যা সংবাদ প্রচার করে থাকে এর বিরুদ্ধে এই হাউসে প্রিভিলেজ মোশন নিয়ে আসুন। প্রমাণ করে দিন যে এই সংবাদপত্র ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত করছে এই হাউসকে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব, স্যার আপনার মাধ্যমে তাঁর কাছে অনুরোধ থাকবে, তিনি মাঝেমধ্যেই নিজেকে বলছেন যে 'আমি রাফ অ্যান্ডে টাফ', রাফ অ্যাণ্ড টাফ একজন প্রশাসক, রাফ অ্যাণ্ড টাফ হোন আপত্তি নেই। কিন্তু মুখে রাফ অ্যাণ্ড টাফ বলবেন, রাফ অ্যাণ্ড টাফ হবেন বিরোধী রাজৈনতিক দলের কাছে, কিন্তু প্রশাসক হিসাবে আপনি কি করছেন? আমরা রাজ্যের মহিলা মুখ্যমন্ত্রী, প্রথম মহিলা মুখ্যমন্ত্রী তাঁকে দেখতে চেয়েছিলাম। মহিলা মুখ্যমন্ত্রীকে আমরা প্রথম দেখতে চেয়েছিলাম অসুর দলনী মাতৃ রূপেণ সংস্থিতা হিসাবে। তা না হয়ে আজকে একে চটকাবে, তাকে থাপ্পড় মারব করতে করতে তিনি দেখছি ক্রমশঃ হাণ্টারওয়ালি হয়ে যাচ্ছেন। হাণ্টারওয়ালিকে আমরা দেখতে চাই নি। আমরা মাতৃ রূপেণ সংস্থিতাকে দেখতে চেয়েছিলাম। গতকাল আশীষবাবুর বক্তব্য শুনছিলাম। আশীষবাবু বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন 'জয় করে তব ভয় তবু কেন যায় না।' সত্যিই তো এত জয়, তারপরেও ভয় যায় না? ১৯ জন বি.ডি.ও.কে রাতারাতি ট্রান্সফার করে দিলেন। ১৯ জন বি. ডি. ও- কে রাতারাতি তাদের

পদ থেকে সরিয়ে দিলেন। কারণ এই বি. ডি.ও.-রা বিভিন্ন জেলায় পঞ্চায়েত নির্বাচনে রিটার্নিং অফিসার হিসাবে কাজ করবেন। হয়ত আপনাদের কথামত, আপনাদের ইচ্ছেমত এরা চলবে না। তাই তাদের সরিয়ে দেওয়া হল। আমি আমার বক্তব্য শেষ করবার আগে এই হাউসের সিনিয়র মিনিস্টার, অভিজ্ঞ মন্ত্রী সুব্রতবাবুর কথা তুলে একটি কথা বলব। সুব্রতবাবু মাননীয় রাজ্যপালকে হলুদ কার্ড, লাল কার্ড দেখাতে চেয়েছেন। সুব্রতবাবুকে আমি প্রথম দেখি মোহনবাগান মাঠে। তার সাথে আমার প্রথম দেখা হয়েছে মোহনবাগান মাঠে। তিনি মাঠের মানুষ। তিনি ভালো জানেন যে অনেক সময় রেফারীর হলুদ কার্ড দেখাবার দরকার হয় না, সরাসরি লাল কার্ড দেখায়। আপনারা সাবধান হোন, নাহলে পশ্চিমবাংলার মানুষ আপনাদের হলুদ কার্ড না দেখিয়ে সরাসরি লাল কার্ড দেখাবে। এখন থেকে তার জন্য সাবধান থাকুন। এই বলে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলনেতা একটা মূলতুবি প্রস্তাব এনেছেন। এই মুলতুবী প্রস্তাব কেন এনেছেন? আমার সন্দেহ, যে রাজ্যে দীর্ঘদিন ধরে ক্ষমতায় থাকার পর ওরা নিশ্চিতভাবে ভেবেছিলেন যারা সরকারে আসবে সেই সরকার উঠে দাঁড়াতে পারবে না, কাজ চালাতে পারবে না, এমন একটি আর্থিক বন্দোবস্ত করে দিয়েছিলেন। কিন্তু তারপরেও সমস্ত কিছুকে অতিক্রম করে রাজ্য সরকার দ্রুত এগিয়ে যাবার চেষ্টা করছে বিভিন্ন ক্ষেত্রে। আজকে নিজেও বলেছেন সকালবেলা যে হ্যাঁ, কিছু কিছু কাজ হচ্ছে।

আপনি স্বীকার করেছেন। তার থেকে বাঁচবার জন্যে রাজনৈতিক ভাবে বেঁচে থাকার জন্যে স্যার, পলিটিক্যাল গেম। রাজনৈতিক ভাবে বেঁচে থাকার জন্য আপনি এই প্রস্তাব এনেছেন। আবার, আজকে সকাল বেলা কাগজে বলছেন যে, আমরা নাকি বাধ্য হয়ে আপনাদের এই এ্যাজের্নমেন্ট মোশন মেনে নিয়েছি জনগণের চাপে পড়ে। আমি জানি না, কোন জনগণ আমাদের চাপ দিয়েছে, আমরা বাধ্য হয়ে মেনে নিয়েছি। এটা হচ্ছে গণতান্ত্রিক মূল্যবোধ এবং সেই গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি সম্মান জানিয়ে বিরোধী দলনেতা - আপনি কেন ভুলে যাচ্ছেন, আমরা এখানে অনেকে বিজনেস এ্যাডভাইজারি কমিটির মেম্বার আছি, আমরা দেখেছি, আপনি বার বার গিয়ে বলেছেন স্পীকারের কাছে যে, স্যার, একটা সুযোগ দিন, স্যার, একটা সুযোগ দিন। তাই সুযোগ দেওয়া হয়েছে আপনাকে। যথা সময়ে সুযোগ দেওয়া হয়েছে। আপনাকে ভয় পেয়ে নয় বা অন্য কোন কারণে নয়। সম্পূর্ণ ভাবে গণতান্ত্রিক মূল্য বোধে বিশ্বাস করি তাই। কিন্তু স্যার, ...(গোলমাল).... কিন্তু স্যার, আমার মনে আছে, এই হাউজে লাস্ট যে এ্যাডজর্নমেন্ট আমরা এনেছিলাম, পার্থ চট্টোপাধ্যায় এনেছিলেন, আমরা এনেছিলাম ২৩.০৩.২০১০-এ। সে দিন এখানে তৎকালীন যিনি আপনাদের দলের চিফ্ হুইপ ছিলেন মিঃ মন্ডল, তিনি কিন্তু বলেছিলেন, যদি মনে করি তাহলে বিরোধী দলকে বলতে দেব না, মনে করলে বিরোধী দলকে বলতে দেব না। আমি সেই পেপার গতকাল তুলে নিয়ে গিয়েছি বাড়িতে। সেদিনকে কিন্তু এখানে বসে বলেছিলেন। আসলে যারা স্ট্যালিনপন্থী দল, তারা ডেমোক্রেসিতে করে না, ডেমোক্রেসির নাটক করে তারা, তারা নাটক করে। আপনারা স্ট্যালিনপন্থী দল, আপনারা ডেমোক্রেসিতে বিশ্বাস করেন না। কিন্তু, বার বার ডেমোক্রেসির কথা বলেন। স্যার, এখানে আমি দু'জন লোকের কথায় পাচ্ছি - সুভাষ নস্কর বসে আছেন, এখানে সুভাষ নস্কর বসে আছেন, আমি ওনাকে জিজ্ঞেস করতে চাই, আপনি কি মনে করেন, সূর্যবাবুরা গণতান্ত্রিক। এখানে গণতান্ত্রিক মূল্যবোধের কথা লিখেছেন উদয়ণবাবু একটু আগে

বক্তৃতা করলেন। আমি ওনাকেও জিজ্ঞাসা করতে চাই যে, দিনহাটায় যখন গুলি চলেছিল তখন আপনার দলের নেতা অশোক ঘোষ বলেছিলেন যে, স্বৈরাচারী ফ্যাসিস্ট দল হচ্ছে সিপিআইএম। তারা পুলিশ চালাচ্ছে, সরকার চালাচ্ছে। আপনার নেতা অশোক ঘোষ বলেছিলেন। আর সুভাষবাবু! সুভাষবাবুর বৌদিকে যখন পুড়িয়ে দিল, সুভাষবাবু বাড়ি যখন ছাড়খাড় হয়ে গেল আগুনে আমরা দেখলাম, ক্লান্ত সুভাষবাবু ঘুরে বেড়াচ্ছেন টিভিতে। তখন সুভাষবাবু বলেছিলেন একই ভাষায়, ফ্যাসিস্ট দল সিপিআইএম। সেই সিপিআইএম-এর সূর্যবাবু আজকে গণতান্ত্রিক মূল্যবোধের কথা বলছেন। এটা হাস্যকর ছাড়া কিছু নয়। এটা হাস্যকর ছাড়া কিছু নয়। স্যার, ...(গোলমাল)... স্যার, ২০০৭ সালে এই পশ্চিমবাংলায় যে কলঙ্কজনক ইতিহাস তৈরী হয়েছিল। তারপর, জয় গোস্বামী একটি কবিতা লিখেছিলেন, স্যার। কবিতাটির নাম হচ্ছে, 'সোজা কথা'। কি ভাবে লিখলেন? কেন লিখবেন? কার কি ক্ষমতা আছে দেখি এবার ওরা মাঠে নামছে আমরাও মাঠে নামব - গণতন্ত্র। কার কি ক্ষমতা দেখি, অতীতেও এমন অবস্থা হয়েছে, তাহলে এখন আমাদের ক্ষমতা অনেক বেশী। কে বললেন? রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী। সেই ক্ষমতা দেখানোর পরিণতি কি আপনারা সকলেই জানেন? সিঙ্গুর, নন্দীগ্রাম পর পর একের পর এক ঘটে গেছে। কি লিখলেন তিনি? লিখলেন - গুলি লেগে পড়ে গেল, তুলে ধরতে যাচ্ছে তার বৌ, বন্দুক উঁচিয়ে ধর, বল - না, তুলবি না। বল, যা সরে যা বলছি, তাও যদি না শোনে তাহলে স্বামীর সাহায্যকারী হাত দু'টোয় সোজা গুলি কর। যে নারী ধর্ষণ করতে বাধা দিচ্ছে তার [***] গালাগালি করে তার সামনেই তার শিশুটিকে ....(গোলমাল).... তার সামনেই তার শিশুটিকে [***]একে বলে সোজা কথা, এরই নাম ক্ষমতা দেখানো। এই ক্ষমতায় আপনারা বিগত চৌত্রিশ বছর ধরে পশ্চিমবাংলার মানুষকে দেখিয়েছেন।

[2.00–2.10 p.m.]

আপনি একটা জায়গায় বলেছেন শান্তিপ্রিয় মানুষ আজ চূড়ান্ত ভাবে বিপন্ন ও অসহায়'। স্যার রেকর্ড কিন্তু তা বলে না। একটু আগে এখানে মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক তথ্য দিয়েছেন। একটু আগে উদয়নবাবু জঙ্গল মহলের ব্যাপারে বলছিলেন। যে হিসাব দিচ্ছেন, আমি আপনাকে বলি, কয়েকটা কথা দেখলে বোঝা যাবে আজকে রাজ্যের অবস্থাটা আপনি যেটা বলেছেন সম্পূর্ণ তার বিপরীত। তথ্য কি বলছে? ২০০৫ সালে রাজ্যে রাজনৈতিক সংঘর্ষে মৃত্যু ১৫। ২০০৬ সালে ৪০, ২০০৭ সালে ২৯, ২০০৮ সালে ৬০, ২০০৯ সালে ১১৮, ২০১১ সালে ৭১। ৭১ -র মধ্যে ৩১টা আপনাদের সময়ে। তারপর যেটা হয়েছে তার মধ্যে ৪০ টা আমাদের সময়ে। তাতে মারা গেছে কারা? TMC ১৯ জন। CPI(M) ১৭ জন। JMM ১ জন। RSP ১ জন। আর ২০১২ সালে? এখনও পর্যন্ত যা হিসাবে তাতে মারা গেছে মাত্র ১০ জন। শান্তিপ্রিয় মানুষ খুব অসহায় বোধ করছে? স্ট্যাটিস্টিকস কিন্তু তা বলছে না সূর্যবাবু। আর, এই যে ১০ জন মারা গেছে এর মধ্যেও TMC-র ৬ জন, CPI(M) ২ জন বাকি অন্যান্যরা।

২০০৭ সাল থেকে political violence, extreme violence, একটু আগে উনি জঙ্গলমহলের কথা বলছিলেন। ২০০৭ সালে ১০ জন ২০০৮ সালে ২৩ জন, ২০০৯ সালে ১৫১ জন, ২০১০ সালে ২৬০ প্লাস ৬, ২০১১ সালে ৪০ আর ২০১২ সালে শূন্য। কেন? আপনারা

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

একটু আগে প্রনব মুখার্জি , মমতা ব্যানার্জি এবং আরও কয়েকটা কথা বললেন। কিন্তু আপনি তো লেখাপড়া জানা মানুষ, আপনার কাছে তো আমরা আশা করতে পারি। দারিদ্রকে মোকাবিলা করার জন্য বন্দুক বড় কথা নয়, আপনারা বন্দুকের ওপর নির্ভর করেছিলেন। কিন্তু মমতা বন্দ্যোপাধ্যায় দুটো জিনিসের ওপর নির্ভর করেছেন। একটা, সেইসব মানুষকে খাদ্য-বস্ত্র দেওয়া এবং আরেকটা জিনিস হচ্ছে, হৃদয় দিয়ে হৃদয়কে স্পর্শ করা। তাই আজকে জঙ্গল মহলে একটাও মানুষও মরেনি, একটাও মানুষ খুন হয়ে যায়নি। তার পরেও আপনি একথা বলবেন? তারপরও মাননীয় সূর্যবাবু বলবেন 'বাংলার শান্তিপ্রিয় মানুষ চূড়ান্ত ভাবে বিপন্ন?'

আমি স্যার আরো দু' একটা ষ্ট্যাটিস্টিক দিতে চাই। আপনি লজ্জা পাবেন সূর্যবাবু। পশ্চিমবাংলায়, আমি ২০১০ সাল অবধি বলছি, সারা ভারতবর্ষের রেকর্ড আছে আমার কাছে, ২০১০ সালের রেকর্ড কী বলছে? বলছে district with highest incident of kidnapping and abduction of women and girls' - সবচেয়ে প্রথমে কে আছে? উত্তর ২৪ পরগণা, ২০১০-এ। সপ্তম স্থানে আছে কে? ভারতবর্ষের যতগুলো জেলা আছে তার মধ্যে এক নম্বর জেলা বামফ্রন্টের আমলে কে ছিল? নর্থ ২৪ পরগণা। আর সপ্তম স্থানে ছিল সাউথ ২৪ পরগণা। District with highest incident of rape, সব চেয়ে বেশী ধর্ষণ হয়েছে ভারতবর্ষের কোন জেলায়? এক নম্বর জায়গায়, মাননীয় সূর্যবাবু একটু লজ্জা পাবেন, সকালবেলা কেমন যেন উপসাহের হাসি হাসছিলেন, এখন সেই হাসি মিলিয়ে যাবে আপনার মুখ থেকে কারণ হাইয়েস্ট স্থানে আছে মুর্শিদাবাদ, সারা ভারতবর্ষের সমস্ত জেলার মধ্যে। সেকেণ্ড পজিশনে কে আছে? সেটাও আপনি দখল করেছেন গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে। সেটা জলপাইগুড়ি। তৃতীয় স্থান কোন্-টা? নর্থ ২৪ পরগণা। Highest number of rape, সারা ভারতবর্ষের মধ্যে পঞ্চম স্থানে আছে দক্ষিম ২৪ পরগণা। ষষ্ঠ স্থানে আছে নদীয়া। ভারতবর্ষের ১০টা জেলা, সেই ১০ জেলার মধ্যে Highest rape হয়েছে পশ্চিমবাংলার মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, নর্থ ২৪ পরগণা, সাউথ ২৪ পরগণা এবং নদীয়ায়।

District with highest incidents of killed by the husband and relatives. তাতেও এক নম্বর জায়গায় পশ্চিমবাংলা। জেলাটির নাম নর্থ ২৪ পরগণা। হাইয়েস্ট রায়ট ভারতবর্ষের সমস্ত জেলার মধ্যে তাতে নাম আছে পূর্ব মেদিনীপুরের । আপনারা এরপরেও গণতান্ত্রিক ব্যবস্থার কথা বলবেন? স্যার, আমি আরো কয়েকটা তথ্য দিতে চাই। Crime in India : Rape or crime against women during 2010 ক্রাইম ব্যুরোর রেকর্ড, আমার বানানো রেকর্ড নয়, তাতে কি দেখতে পাচ্ছি আমরা। crime against women ২০১০ সালে বিহার 8.7, ঝাড়খণ্ড 10, ওড়িশায় 20 পয়েন্টের একটু বেশি, কর্ণাটক 15%, তামিলনাড়ু 9.9%, উত্তরখণ্ডে 10.9%, স্যার ব্যাপারটা বলতে লজ্জা লাগছে পশ্চিমবাংলা 29%. যেখানে ভারতবর্ষের গড় হচ্ছে 18%, সেখানে পশ্চিমবাংলার rape or crime against women during 2010-29%. তারপরেও আপনি বলবেন পশ্চিমবাংলায় গণতান্ত্রিক বব্যস্থা রক্ষা করেছেন? তারপরেও আপনি বলবেন পশ্চিমবাংলায় আপনারা নারীর মর্যাদা রক্ষা করেছেন? তারপরেও আপনি বলবেন বাংলার শান্তিপ্রিয় মানুষ আজকে অসহায় এবং বিপন্ন বোধ করছে। এটা আপনি বলবেন? স্যার, আর একটু বলি-আমার মনে হয়, সুশান্তবাবু আছেন পাশে [***]...(গোলমাল).....

*** 'উপাধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

মিঃ স্পিকার ঃ- এটা বাদ যাবে। This portion will be expurged.

..... (তুমুল গোলমাল).....

শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় : স্যার, আমাদের রাজ্যে ২০১১ সালের জুন পর্যন্ত মার্ডার-এটা স্যার একই জায়গার রিপোর্ট -গুজরাত 1126, কর্ণাটক 1820, ওড়িশা 1477, অন্যান্য রাজ্যগুলি আরো অনেক কম বলছি না. তামিলনাড়ু 1877, স্যার, পশ্চিমবাংলা 2109। আপনি কিসের ভিত্তিতে পশ্চিমবঙ্গের মানুষকে বলছেন আজকে অসহায় বোধ করেছন? প্রতিটি ক্ষেত্রে পশ্চিমবাংলার শান্তিশৃঙ্খলার উন্নতি হচ্ছে। সমস্তই স্বাভাবিকভাবে রাজ্যের উন্নয়ন হচ্ছে। সেই সময় দাঁড়িয়ে আপনি কি একটা প্রস্তাব নিয়ে এলেন? আপনি নিজেই হয়তো জানেন না কি প্রস্তাব আপনি নিয়ে এসেছেন? স্যার, আমি একটু বলি- ২০১০-১১ রেপ, ধর্ষণের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান - স্যার অন্ধ্রপ্রদেশ 1442, বিহার 934, গুজরাত 439, কর্ণাটক 636, ওড়িশা 1112, তামিলনাড়ু 677, আর আমাদের রাজ্যে রেপ কত এখন? ২০১১ সালের জুন পর্যন্ত বলছি 2363। আপনি তারপরেও বলবেন আমাদের রাজ্যে ক্রমাগত মানুষ অসহায় বোধ করছে? ক্রমাগত নারী নির্যাতন বাড়ছে? ইত্যাদি ইত্যাদি। স্যার আমি বলি, এই যে নারী নির্যাতন নিয়ে কথা বলছেন আপনারা। স্যার সুপ্রিম কোর্টের জাজমেন্ট হয়েছিল নারী নির্যাতনের ব্যাপারে। সেই নারী নির্যাতন সম্পর্কিত যে আইন, সেই আইন বলবৎ করা অত্যন্ত জরুরী। স্যার, আজ থেকে ১৭ বছর আগে সুপ্রিম কোর্ট ১৯৯৬ সালে একটি রায় দিয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকারকে বলেছিলেন নারী নির্যাতনের উপর আপনাদের আইন তৈরি করতে হবে।

[2.10–2.20 p.m.]

কেন্দ্রীয় সরকার দিল্লির বীভৎস ঘটনার পর তারা সিদ্ধান্ত নিলেন এবং নতুন আইন প্রনয়ন করলেন। এই আইন আজকে থেকে অনেক আগে হয়ে যাওয়ার কথা ছিল। আর এই আইন হয়নি বলেই আজকে ১৭ বছর সময় লাগলো। সারা ভারতবর্ষে আজকে এই কঠোর আইন না থাকার জন্য ধর্ষন হচ্ছে। এটা খুব আনন্দের কথা নয়। আপনাদের সময় বেশি হয়েছে বলেই এটা আনন্দের কথা নয় কিন্তু আপনি যখন প্রস্তাব নিয়ে আসেন রাজনৈতিক অভিসন্ধিকে চরিতার্থ করার জন্য তখন এই কথাগুলো আমাদের আর না বলে পারা যায় না আপনার রাজ্যের আজকে এই অবস্থা তৈরি হয়েছে। স্যার, আপনার কাছে জিজ্ঞাসা করতে চাইছি, একটু আগে, পরশবাবুও বলেছেন যারা গণতান্ত্রিক বব্যস্থায় বিশ্বাস করে, গণতন্ত্রের একটা বড় পিলারের নাম হচ্ছে কোর্ট। সবচেয়ে বড় স্তম্ভ, যেখানে মানুষ প্রোটেকশান পায়। আপনারাই বলেছিলেন, "লালা বাংলা ছেড়ে পালা।" ... (গোলমাল).... বেশ তো করবেনই। বলেছিলাম, স্তালিনপন্থী দল গণতন্ত্রে বিশ্বাস করে না। স্যার, একটার পর একটা ঘটনা ঘটে গেছে পশ্চিমবাংলায়। মরিচঝাঁপি থেকে শুরু করে বিজন সেতু থেকে শুরু করে, নেতাই, নন্দীগ্রাম একের পর এক যেখানে একই জায়গায় ১২ জন, ১৪ জন, ২১শে জুলাই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে মিছিল হয়েছে সেখানে ১৩ জন মানুষের প্রাণ গেছে। আমি স্যার, আর একটা কথা বলবো, আমি এবং মমতা বন্দ্যোপাধ্যায় নদীয়ার দীপালি বসাক এবং ফেলানী বসাক একটি মেয়েকে সি.পি.এম.-এর একটি ছেলে তার নাম সৌভাগ্য সরকার রেপ করেছিল এবং তাকে অন্তঃস্বত্তা করে দেয়। আমরা গিয়েছিলাম তৎকালীন মুখ্যমন্ত্রীর কাছে। মমতা

বন্দ্যোপাধ্যায়কে চুলের মুঠি ধরে টানতে টানতে সেদিন লালবাজরে নিয়ে গিয়েছিলেন। আমাদের সবচেয়ে বড় নেত্রীকে .....

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সূর্যকান্তবাবু যে মুলতবী প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবের উপর আলোচনা করতে গিয়ে প্রথম যে কথা আমি বলতে চাইছি, এটা মার্চ মাস - ১৪ ই মার্চ মহান দার্শনিক কার্লমাকর্সের স্মরণ দিবস হিসাবে পালন করি। এই ১৪ ই মার্চেই নন্দীগ্রামে গণহত্যা হয়েছিল। সেই নন্দীগ্রামের গণহত্যা দিবসকে আমরা শহীদ দিবস হিসাবে পালন করি। পুলিশকে ব্যবহার করে শুধু নয়, পার্টির কর্মীকে পুলিশের পোশাক পরিয়ে গুলি চালিয়ে - মহিলা, শিশু কাউকেই বাদ দেওয়া হয় নি। গণধর্ষণ সেখানে হয়েছে একটা আন্দোলনকে দমন করার অস্ত্র হিসাবে। ছেলেকে বাধ্য করা হয়েছিল মাকে ধর্ষণ করতে। মায়ের সামনে মেয়েকে ধর্ষণ করা হয়েছিল। সিঙ্গুরের কথা আমি নাই বা বললাম। যারা এই কাজে দক্ষতা দেখিয়েছিলেন তাদেরকে দলের সম্পদ হিসাবে ঘোষণা করা হয়েছিল একটা রাজনৈতিক দলের তরফ থেকে। মানবাধিকার, গণতান্ত্রিক অধিকারের কোন ধার তারা ধরতেন না। তৎকালীন মুখ্যমন্ত্রী পুলিশকে ফ্রি হ্যান্ড দিয়ে বলেছিলেন, আপনারা আপনাদের কাজ করে যান ওসব মানবাধিকার-টাদিকার আমি নিজে দেখে নেবো। এই দল, যারা এই কাজ করেছেন গত ২০ বছর ধরে বিশেষ করে ৩৪ বছরের শাসনের মধ্যে। তাদের কোন নৈতিক অধিকার নেই, আমি মনে করি এই রকম একটা প্রস্তাব আনার কিন্তু এই রকম অবস্থা থেকে সাধারণ মানুষের একটা প্রত্যাশা ছিল। দলবাজি, তোলাবাজি থেকে তারা মুক্তি চেয়েছিলেন এবং সেই কারণেই তারা শাসন ক্ষমতায় এনেছিলেন আজকে যারা শাসনে বসে আছেন। তাদের কাছে তাই ছিল অনেক প্রত্যাশা কিন্তু আমি যে কথাটা বলতে চাইছি, পর পর কিছু ঘটনা ঘটলো, কয়েকটি কলেজের ঘটনা, শিক্ষক নিগ্রহ এবং যে শিক্ষক নিগ্রহে নাম উঠে এসেছে কেবলমাত্র বর্তমান শাসক দলের ছাত্র সংগঠন নয় এমন কি যারা পূর্বতন তাদের ছাত্র সংগঠনের নামও চলে এসেছে। অর্থাৎ তারাও তাদের সেই লিগ্যাসীকে এখনও ছাড়তে পারে নি এবং তার সঙ্গে ভাঙড়ের ঘটনা, তার সঙ্গে গার্ডেনরিচের ঘটনা এবং যেখানে বার বার বর্তমান শাসক দলের নেতা, মন্ত্রীদের নাম কিন্তু যুক্ত হয়ে যাচ্ছে। এটা সবটাই মিডিয়ার প্রচার কি না। সবটাই কি মিডিয়ার অতিরঞ্জন? মিডিয়া যদি অতিরঞ্জন করে মানুষ সেটা বুঝতে পারে। মানুষ সেটা ধরতে পারে যে মিডিয়া অতিরঞ্জন করছে কি করছে না। সেটা মানুষ বুঝতে পারবে। কিন্তু মিডিয়া থেকেই তো আমাদের জানতে হবে। মিডিয়া যদি না জানায় আমরা কিভাবে জানতে পারব। ফলে মিডিয়া - এই বিষয়টাকে সরাসরি অস্বীকার করা একেবারেই ঠিক হবে না। যদিও অতিরঞ্জন হয়, সেটা মানুষ নিশ্চয় বলে দেবে। কিন্তু প্রাক্তন সরকারের সময় থেকে বর্তমান সরকারের আমি অনেকগুলো স্ট্যাটিসটিক দেখলাম। আমি সংখ্যার দিক দিয়ে কোন পার্থক্য করতে চাইছি না। তা কোথায় বেশি হয়েছে, কোথায় কম হয়েছে, প্রাক্তন সরকারের থেকে এই সরকার বহুদিক দিয়ে ছাড়িয়ে গেছে কি না গেছে - এই ঘটনাগুলোর মধ্যে আমি কোন ভাবেই যাচ্ছি না। কিন্তু যে কথাটা আমি বলতে চাইছি সেটা হচ্ছে যে মানুষের যে প্রত্যাশা, যে প্রত্যাশা নিয়েই তারা ক্ষমতায় এনেছিলেন, সেই প্রত্যাশায় কিন্তু একটা ধাক্কা লাগছে। ধাক্কা লাগছে কিনা আপনারা ভেবে দেখুন। প্রত্যাশায় ধাক্কা লাগছে বলেই আজকে এই সমস্ত বিভিন্ন জিনিস কিন্তু আসছে এবং এই প্রত্যাশার ধাক্কার ক্ষেত্রে

আগামী পঞ্চায়েত নির্বাচনে ভাল রেজাল্ট, খারাপ রেজাল্ট - কোন কিছুই কিন্তু এতে নির্ভর করবে না। মানুষের প্রত্যাশা, মানুষ নিশ্চয় সেটা বিচার করে দেখবেন। ফলে মানবাধিকার আমি যেমন দেখে নেব বলেছেন, আবার এখনও কিন্তু মানবাধিকার কমিশনের সুপারিশ মানা হচ্ছে না। এটাও কিন্তু সত্য কথা। ফলে আমার বক্তব্য হচ্ছে যে গণতন্ত্রকে সুনিশ্চিত করাটা অত্যন্ত জরুরী। যাদের ওপর প্রত্যাশা নিয়ে মানুষ ছিলেন, তাদের আজকে দায়িত্ব গণতন্ত্রকে সুনিশ্চিত করা। তারা নিজেরাই ভাবুন যে গণতন্ত্রকে সুনিশ্চিত তারা করতে পারছেন কি পারছেন না। আর প্রশাসনকে যদি দলীয় নিয়ন্ত্রণ থেকে মুক্ত না করা হয় তাহলে কিন্তু গণতন্ত্র সুনিশ্চিত হবে না। আর একটা কথা বলে আমি শেষ করব। সেটা হল আজকে আমি অপোজিশানে আছি, অতীতে যা করেছি তার সবটাই একের পর এক বিরোধিতা করব। অর্থাৎ আমি নিজেকে সাধু সাজার চেষ্টা করব। আর এখন আমি সরকারে আছি। এখন আমি অতীতের সমস্ত কিছুকেই একই রকমভাবে একই পরম্পরায় চালিয়ে যাব। এটা যদি হয় তাহলে কিন্তু গণতন্ত্র সুনিশ্চিত হয় না। তাতে কিন্তু-

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

(গোলমাল)

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই একটা কথা কি বলব? ২২ মাসের সরকার যা নয়ছয় করেছেন আমার এই ৬ মিনিটে সম্ভব নয় তুলে ধরা। তবু চোখাচোখা কয়েকটি কথা বলি। আমাদের একটা কথা পরিষ্কার, মাননীয়া মুখ্যমন্ত্রী ওবেলা কতকগুলো তথ্য বলেছেন। বলার সময় একটা কথা বলেছেন যে ২০১২-তে এই খোদ মহানগরীতে যা যা ঘটনা ঘটেছে - খুন, ধর্ষণ, শ্লীলতাহানি, অপহরণ, ডাকাতি - এগুলো নাকি আগামী জুন মাস পর্যন্ত না এলে, সময় না গেলে তুলে ধরা যাবে না। তা আপনাদেরই সরকারে সদ্য প্রাক্তন পুলিশ কমিশনার, তিনি যখন স্বরাষ্ট্র দপ্তরকে তথ্য দিয়ে জানান, সেই তথ্য তিনি কি করে উল্লেখ করেন? যে ২০১২-তে এই খোদ মহানগরীতে খুন হয়েছে ৮৫ জন। ধর্ষণ হয়েছে ১১-তে ৪৬, মুখ্যমন্ত্রী ৪৫ বলেছেন। উনি বলেছেন ১২১ জন। শ্লীলতাহানি হয়েছে ১১-তে ২৫৪ জন। আর ১২-তে হয়েছে ৪৯১ জন। কি করে বলেন? ডাকাতি-মুখ্যমন্ত্রী বললেন একজন হয়েছে ২০১১ তে। আর ওনার চিঠির মেমো নম্বর উল্লেখ করে দেখা যায় ৩৪ জন। কোনটা সত্য? মুখ্যমন্ত্রী না তাঁর পুলিশ কমিশনের রিপোর্ট? এটাই আগে আমাদের বিশ্লেষণ করা উচিত। এখনও পর্যন্ত এই মহানগরের যারা মহানাগরিক, একজনই বটে কিন্তু তার পাশে যারা আছেন, তারাও মহানাগরিক মনে করা উচিত। কি হয় মহানাগরিকদের? এই প্রায় দু'বছরের মধ্যে যাদের চেহারা কি ছিল দু'বছর আগে। আর এখন চেহারাটা পাশাপাশি রাখলে আয়নায় নিজের মুখ দেখা যায়। ওরা কেউ দেখেন না মহামান্য কাউন্সিলারগণ, কেউ দেখেন না। কত সম্পদ ছিল? একটু বিবেচনা করে বলুন না কত সম্পদ ছিল? এই মহাপুরুষদের যারা জেলখানায় গেছেন, জেলখানায়, যারা জেলখানার থেকে বেরিয়ে এসেছেন, জেলখানা থেকে বের হলে আপনাদের নেতৃত্বরা ফুলের মালা মোটা বড় করে গলায় পরিয়ে বলেন 'বীর তুমি, তাজা তুমি', যেন মনে হয় স্বাধীনতা সংগ্রামী। স্বাধীনতা সংগ্রামী বেরিয়ে আসছে।

[2.20–2.30 p.m.]

কোন গাড়ি চরত? রিক্সাভ্যান, অটোরিক্সা। বিদেশি গাড়ী চড়েন কোথা থেকে আর ব্যাংক

আমানত কত ছিল আর এখন বিদেশের ব্যাংকে টাকা রাখছেন। কলকাতার মহানাগরিকদের সেই সভা আলোকিত করেন তাদের অবস্থাটা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। একটা হিসাব কি রাখতে পেরেছেন বা পারবেন? এই পর্যন্ততো কি দিতে পারবেন? মাননীয়া মুখ্যমন্ত্রীতো উত্তর দেবেন না তাই যারা আছেন তারাই দেবেন। যারা বস্তি উচ্ছেদের কাছে নিয়োজিত। কতজন মহাপুরুষ বস্তি উচ্ছেদ করেছেন আর এখন করার মতন প্রয়াস থেকে তাদের বিরত করতে পারবেন? পারবেন না। আমি শেষে বলব। অগ্নি সংযোগে যারা যুক্ত, যারা সরাসরি যুক্ত একবারও কি মাননীয়া মুখ্যমন্ত্রী বা সরকার পক্ষ তাদের সতর্ক করেছেন যে বাকিরা আর ওদিকে যেও না। বড় বড় ফ্ল্যাট উঠবে, বড় বড় ব্যবস্থা হবে। আপনাদের দলীয়-বাইরের কথা বাদ দেন। আমাদের শরিকের ব্যাপারে আপনারা বলতেই পারেন, আলাদা দল। কিন্তু স্ব-দলীয় কোন্দলে, স্ব-দলীয় সংঘর্ষে কয় জন মারা গেছেন সেই তথ্যটা কি আছে, বলুন না। স্ব-দলীয় সংঘর্ষে কত বাড়ি লুঠ হয়েছে, এই ২২ মাস বেশি দিনের কথা বলব না। পুলিশ খুনে লোকে মারা যায়। পুলিশ ট্রিগার হ্যাপি ইত্যাদি ট্রিগার টানলে হয়ে যায়। কিন্তু আপনাদের তৃণমূলের কর্মীদের গুলিতে কতজন খুন হয়েছে এই পর্যন্ত ২২ মাসে, তথ্য আছে? সেই তথ্যগুলি সভায় হাজির করুন। আপনারা একটা কথা বলছেন না। ঝান্ডা বদল করে লোকে তো যায়, একটা দল থেকে আর একটা দলে। ক্ষমতায় ফিরে আসার পরে যারা ঝান্ডা বদল করে ওই দিকে চলে গেল তাদের চেয়ারটা ঠিক রাখলেন কোন নীতিতে? কোন আদর্শের বলে? যে সেখানে আপনারা পরিবর্তন করলেন না? কেন বলতে পারছেন না। স্যার, কৃষক মৃত্যুর সংখ্যা, কৃষকরা মরে গলায় দড়ি দিক না - সংখ্যাটা বলতে পারবেন না? এ ব্যাপারে আইন শৃঙ্খলার ব্যাপারটা কি আদৌ আসে না? কেন বলতে পারবেন না? বামপন্থী মনুষজন, কর্মীরা যারা এখানো আত্মসমর্পন করে নি তাদের জেলখানায় পাঠালেন তারপরে যারা জামিন দিয়ে ফিরে এল কত গাঁজা লাগল আর কত অস্ত্র দিয়ে আবার তাদের পাঠাতে হল ফের জেলখানায়, এই হিসাবটা বলতে পারবেন না? কত গাঁজা লাগল? আমার শেষ কথাটা স্যার, ওরা সময় নষ্ট করেছে স্যার। আমার শেষ কথাটা বলি - এখানো মানুষ মনে করেন .....(গোলমাল)....এখনো মানুষ মনে করেন, গ্রামের মানুষ মনে করেন এই রাজ্যের মুখ্যমন্ত্রীর সততার প্রতীক। ভাল করে শুনুন ভাল কথা বলছি (এই সময় মাইক অফ হয়ে যায়)।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের কাছে আমার আবেদন যে আপনারা আননেসেসারি ডিসট্যার্ব করবেন না। আমাদের খুব time constraint, আমাদের টাইম অনুযায়ী চলতে হচ্ছে। প্লিজ আপনারা এরকম করবেন না।

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় বিরোধী দলনেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র একটি মুলতবি প্রস্তাব নিয়ে এসেছেন আপনি তাকে অ্যালাউ করেছেন। আপনি যেহেতু অ্যালাউ করেছেন আমার কিছু বক্তব্য নেই কিন্তু I should refer Kaul & Sakdher, page 508. যেখানে পরিষ্কার করে বলা আছে— What is the necessary requirement to move the Adjournment Motion. তাতে এক নম্বরে বলা আছে—(i) Not more than one matter can be discussed on the same motion. But this motion contains multiple issues. (ii) The motion should be restricted to a specific matter of recent occurrence. It contains multiple issues. The

motion should not raise a question of privilege. আমার এটা অবজেকশান থাকল ওন নোট। You are almighty. You are immune protected by the Constitution. আমি আপনাকে নমস্কার করে বক্তব্য রাখছি। যদিও This matter in this from should not be allowed to be discussed in an Adjournment Motion.

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ৮২ সাল থেকে এই হাউসে সুব্রত দাকে দেখে আসছি, ওনাকে সুব্রত দা-ই বলব, মন্ত্রী হিসাবে বলে আমি ওনাকে বিড়ম্বনা করব না। তার কারণ আমরা ছাত্র রাজনীতি করতাম। তারপর ৮২ সালে এখানে এলাম। তখন আমাদের যিনি - ওরও সিনিয়ার ছিলেন তখন তিনি অন্য জায়গায় থাকার জন্য আমরা সুব্রত বাবুকেই ঘিরে রাজনীতি করতাম। আর সুব্রত দার ডানদিকে যারা বসে আছেন, আর আমাদের বাম দিকে যারা বসে আছেন, তাদের অধিকাংশই ঐ মানুষটিকেই সামনে রেখে একটা সময় রাজনীতি করেছি। ডানদিকে যারা বসে আছেন, ৮২ সাল থেকে দেখছি স্যার, ঐ আসনটিতে তখন হাসিম আব্দুল হালিম বসতেন। আমার একে-একে, ছত্রে-ছত্রে সব ঘটনাগুলো মনে পড়ে যাচ্ছে। আমার শুধু মনে হচ্ছে সূর্য্যবাবু উপহাস করার জন্য এই মোশানটা আনেন নি তো? He is humiliating himself and the Party and the Left Front as a whole কারা-কারা এই মোশান আনছে? যারা বাংলাকে শ্মশানে পরিণত করেছে। জ্যোতি বাবুর সময়ে প্রায় সাড়ে ৩৭ হাজার খুন, আর বুদ্ধবাবুর সময়ে ১৬৬২৩ জন খুন। অর্থাৎ টোটাল খুনটা যদি দেখেন- ৫৩ হাজার ৯১৭ রেকর্ডেড মার্ডার। আর আন আইডেনটিফায়েড - ইউ.ডি, আপনি তো স্যার ক্রিমিনাল কোর্টের উকিল ছিলেন আপনি জানেন, আমরা স্যার আপনার কাছে কত লোককে পাঠাতাম জামিনের জন্য-আলিপুর কোর্টে। আনআইডেনটিভায়েড ডেথ পার ইয়ার-সূর্য্যবাবুকে আমি রেকর্ড করছি ৩৭০০ থেকে ৪০০০ ডিউরিং দেয়ার রেজিম। তাহলে ভাবুন কত-প্রায় ১ লক্ষ ৩০ হাজার পেরিয়ে গিয়েছে। ওগুলোকে মার্ডার হিসাবে দেখাত না। বডি মেরে ফেলে দিয়ে চলে যেত, ইউ.ডি কেস করে পুলিশ চালান দিয়ে দিত-আপনি জানেন স্যার। So this gigantic number of killings constituted majority in political killings. তার ছোঁয়া সুব্রত বাবুকেও পেতে হয়েছে, জ্ঞান সিং সোহন পালকেও পেতে হয়েছে, মহম্মদ সোহরাবকে পেতে হয়েছে, শোভনদেব চ্যাটার্জীকেও পেতে হয়েছে এবং আমাকেও পেতে হয়েছে। এই যে এখানে হাউসে দাঁড়িয়ে আছি স্যার, কয়েকদিন আগে আমার ভাই শীলভদ্র আমাকে একটু ব্যাঙ্গ করে বক্তৃতা করেছেন এখানে-মানস ভূঞ্যা ছুটে পালাচ্ছে। ঐ যে সামনে আমার আর একটা ভাই আপনাদের দিকে চলে গেছে, মন্ত্রী হয়েছে কৃষ্ণেন্দু - ও তো মরেই যেত। শীলভদ্র কি জানে এটা? জানে? সূর্য্যবাবুর নেতা মুখ্যমন্ত্রী ছিলেন তখন - বুদ্ধদেব বাবু, আরও পিছন থেকে কলকাঠি নাড়া শিল্পমন্ত্রী ছিলেন-কে একজন সেন, আপনি তো জানেন-পুলিশকে জানিয়ে, ডি.এম-কে জানিয়ে, এস.পি-কে জানিয়ে আমরা গিয়েছিলাম মঙ্গলকোটে। আমাদের ঘিরে মার্ডার করে দেওয়ার চেষ্টা হল। অনেকে বলেন যদিও আমার আর এক বন্ধু, এখন খুব বড় মন্ত্রী - শিল্পমন্ত্রী, তিনিও আমাকে রিডিকিউল করেছেন অন রেকর্ড যে, মানস ভূঞ্যা তার নিজের নাম, বাবার নাম ভুলে গিয়ে বুদ্ধবাবুকে ফোন করতেন। ইট ওয়াজ অন রেকর্ড, যখন আমরা মরে যাচ্ছি, ঘিরে ধরে খুন করার চেষ্টা হচ্ছে, তখন চিফ মিনিস্টারকে ফোন করে রেকর্ড রেখে বিধানসভাতে এসে আমার সমস্ত সহকর্মীকে নিয়ে বলেছিলাম, এই খুনীটা বসে

আছে, এই 'সেন'-বসে আছে, এই লোকটাই চক্রান্ত করে আমাদেরকে খুন করার চেষ্টা করেছিল। বিচার পাইনি স্যার।

[2.30–2.40 p.m.]

বিচার পাইনি স্যার, বিচার পাইনি। এই যে আমি দাঁড়িয়ে আছি, এই যে রবীবাবু রক্তাক্ত, আমার পাশে রবীন্দ্রনাথ চ্যাটার্জী, ওর নেতৃত্বে গিয়েছিলাম আমরা। সিভিয়ারলি রিডিকিউল করা হয়েছে। কংগ্রেসের পজিশানটা কি জানেন স্যার? আমরা এদিক আর ওদিক-এর মাঝখানটা থাকায় আপনারাও ধাক্কা দিচ্ছেন, এরাও ধাক্কা দিচ্ছে। কিন্তু আমরা ঠিক জায়গাটাতে আছি. আমরা ঠিক জায়গাটাতে আছি। justice পাইনি স্যার। ঠিক জায়গাটাতে আছি আমরা। তাই সূর্য্যবাবু যখন খুনের কথা বলেন হাসি পায়, ধর্ষণের কথা বলেন হাসি পায়। সূর্য্যবাবু, আপনাদের last period ২০১০-এ আপনারা খুনে ছিলেন 5th in All India, rape এ ছিলেন থার্ড, নারী নির্যাতনে এক, নারী পাচারে এক, শিশু পাচারে এক। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী থাকলে তাকে বিনয়ের সঙ্গে জিজ্ঞেস করতাম, পার্থবাবু উত্তর দেবেন। Why you have promoted to the upper grade third ? আপনারা নীচের দিকে নামাতে পারলেন না বেঙ্গল কে? উঁচুর দিকেই উঠতে থাকলেন। Number one murder. Murder-এ 4th in India as on date West Bengal. Rape-এ second, ছিলেন 3rd এ। এখন মধ্যপ্রদেশের পরে সেকেন্ড চলে এসেছে পশ্চিমবঙ্গ। Women trafficking-এ বুদ্ধবাবুর সময় এক নম্বর, এখনও এক নম্বর। নারী নির্যাতন, torture on women বুদ্ধবাবু এক নম্বর, এখনও এক নম্বর। কিন্তু আমার দুঃখ হচ্ছে শোভনদার জন্য। শোভনদা, আপনি কিন্তু এখনও বিচার পাননি। আমি আপনাকে রেসপেক্ট করি। কারণ আমরা সুব্রতদার নেতৃত্বে আমি, আপনি, অশোক দেব, আজকের মুখ্যমন্ত্রী সব একসঙ্গে কাজ করেছি, লড়াই করেছি। এই সুব্রত মুখার্জীকে এই সূর্য মিশ্রের দল, তখন উনি কটক মেডিক্যাল কলেজে পড়তেন কি না জানিনা, তখন সি.পি.এম টিপিএম ছিল না এর সঙ্গে। রেজ্জাক সাহেব জানতেন। এই সুব্রত মুখার্জীকে পাঁশকুড়া কলেজের সামনে পিটিয়ে পিটিয়ে মেরে দিত। কয়লার একটা লরিতে উঠে প্রাণ নিয়ে কোনক্রমে বেঁচেছিল সুব্রত মুখার্জী। প্রিজ উদয়ন, তোমার ৭টা লোককে মার্ডার করেছে সূর্য মিশ্রের দল। তুমি আর বলোনা, তুমি বলোনা। মাননীয় অধ্যক্ষ মহোদয়, সময় খুব অল্প, আমি কম্পারেটিভ স্টাডিতে যাচ্ছি না। অনেক ডেটা আছে। আমার কাছে Crime in India একেবারে বইটা আছে, নিয়ে এসেছি। এই নিয়ে স্টাডি করতে গেলে, confrontation করতে গেলে অনেক সময় লাগবে, আমি ওই দিকে যাচ্ছি না। আমি কতগুলো basic principal question তুলছি। মাননীয়া মুখ্যমন্ত্রী নেই, আমি তাঁর উদ্দেশ্যে থ্রো সুব্রতদা, পার্থবাবু এবং মনীশবাবু senior ministers তাঁরা আছেন, প্রশ্ন রাখতে চাই। Will Mamata Banerjee follow Buddhadeb Bhattacharjee government in competitive attitude for law and order deterioration ? Will Mamata Banerjee Government pursue the administrative functioning as that of C.P.M. period ? Will Mamata Banerjee Government see, observe and take decision as per political line ? দলতন্ত্রের বিরুদ্ধেই তো গণতন্ত্রের জয় হয়েছে কংগ্রেস তৃণমূলের যৌথ নেতৃত্বে। তাহলে গণতন্ত্রের কথা বলতে গিয়ে দলতন্ত্রকে আমরা আক্রমন করেছি

এইসব মার্কসবাদী যারা নরকের কিটের মত বাংলাকে ধ্বংস করেছে। তাহলে আমরা এই নতুন সরকারের কাছে কেন গণতন্ত্র পাব না, দলতন্ত্রের প্রতিচ্ছবি আবার থানাতে, প্রশাসনে, খোদ রাইটাস্স বিলডিং-এর ঘরে ঘরে আমরা অনুভব করতে থাকব? এটাই আমার বিনীত প্রশ্ন। মুখ্যমন্ত্রী রেগে গিয়েছিলেন রবীবাবুর একটা প্রশ্নের উত্তর দিতে গিয়ে। রবীন্দ্রনাথ চ্যাটার্জী বলেছিলেন Governor's Address ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাবে সাধারণত মুখ্যমন্ত্রীরা থাকেন, নোট নেন, বক্তব্য রাখেন।

Sir, I ask your conscience to the Chair, You are the custodian of te House. House belongs to the Opposition. Unfortunately the Opposition is Markcist Communist Party, not Congress. We are second Opposition. যদি আমরা ওইখানে থাকতাম, তাহলে গণতন্ত্রের মর্যাদাটা কি ভাবে রক্ষা করতে হয় দেখাতাম। আপনি বলুন, আপনার বিবেকের কাছে প্রশ্ন করছি। Did you not deviate from the normal convention of the House in different matters ? ....আপনি বলবেন B.A. Committee তে আমি পাশ করিয়ে নিয়েছি। Is it satisfactory to your conscience ? Tell. স্যার, ৮২ সাল থেকে আমি আছি, সুব্রতদা ৭১ সাল থেকে আছেন, জ্ঞান সিং সোহনপাল '৬৯ থেকে আছেন, রেজ্জাক সাহেব আছেন তার পরে। জ্ঞান সিং সোহনপাল ৯ বার, রেজ্জাক সাহেব ৮ বার।

মিঃ স্পীকার : Dr. Bhunia, since you are asking my conscience, I am very much clear to my conscience. I say this becouse it is a question that has been put by you touching the Chair. Mr. Sohrab was also there, your leader. I do not know whether you defy your leader, I don't understand.

ডাঃ মানস রঞ্জন ভূঞ্যা : Thank you, Sir. কিন্তু এই বারের মতো একটা Governor's Address. কি ভাবে arrangement হ'ল? বাজেট কি ভাবে arrangement হ'ল? এখনও পর্যন্ত কিন্তু পঞ্চায়েতের ডেট ঘোষণা হয়নি। মুখ্যমন্ত্রী থাকলে আমাদের ভালো লাগে, বলতে ভালো লাগে, তিনি শুনবেন, কখনও আমাদের উত্তর দেবেন, কখনও হয়ত রেগে-টেগে কিছু বলবেন .... কখনও হয়ত ভালোবেসে দুটো কথা বলবেন। এটাই তো democracy, parliamentary democracy এটাও তো essence of parliamentary democracy। কিন্তু আমরা তাঁকে পাচ্ছি না। এটাই বলতে চেয়েছিলেন রবি চ্যাটার্জী। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি শুধু আপনাদের কাছে বলব যে comparative study শোভনদা দিচ্ছিলেন, এই comparative study আমরা কাছেও আছে। পশ্চিমবঙ্গে পরিস্থিতিটা খারাপের দিকে যাচ্ছে control করুন। (নয়েজ) দিল্লী একটা ক্যাপিটাল, একটা স্টেট। বলছি, নিশ্চয় বলব। এই কথাটা বুদ্ধদেব ভট্টাচার্য্য বলতেন - মাদ্রাজ, দিল্লী, বম্বের থেকেও খারাপ? একই প্রতিধ্বনি অশোকদার গলায় শুনছি। আপনি নিজের ক্লাসে frist হন। Why are you comparing with Delhi and Mumbai আপনি বুদ্ধদেব ভট্টাচার্য্যের বাংলার চাইতে, মমতা ব্যানার্জী বাংলা উত্তরণের পথে নিয়ে যাবেন, এটাই তো আমাদের গর্ব হবে। আপনি কেন দিল্লী, বম্বে,

এলাহাবাদ বলবেন? আমি শুধু দুটো প্রশ্ন করছি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে। আমার মনে পড়ছে কেশপুরের কথা। পরশদা কেশপুরের কথা বলছিলেন। আশির দশকে একজন additional S.P. দাঁড়িয়ে থেকে খেঁজুরমনি গ্রামের মসজিদের সামনে সি.পি.এম.-এর হাতে দুটো কংগ্রেসের কর্মীর গলা কেটে গেল। ফিনকি দিয়ে রক্ত মসজিদে ছিটকে পড়ল। সূর্যবাবু তখনও সভাধিপতি জেলা পরিষদের, তখনও মন্ত্রী হননি, '৮৩ তে জেলা পরিষদের member হলেন সূর্য মিশ্র। একজন Additional S.P. ছিলেন, branded CPM-এর Additional S.P.। আমি কিন্তু এই হাউসে ইলেকটেড মেম্বার হিসাবে দেখতে পেয়েছি নদীয়া জেলা থেকে, শাসক দলে। আমি একজন পুলিশের কর্তাকে জানি, যিনি মধ্যমগ্রামে যুব কংগ্রেসের আন্দোলনে গুলি চালিয়ে একটা যুব কংগ্রেসের কর্মীকে মেরে দিয়েছিলেন। মমতা ব্যানার্জী ছুটে গিয়েছিলেন, আমরাও গিয়েছিলাম. কাঁধে করে তাকে শ্মশানে নিয়ে গিয়েছিলাম। তিনি elected member of the House and Minister আমি সেই ধরণের অনেক মানুষকে জানি আমার দীর্ঘ রাজনৈতিক জীবনে যারা দিনের পর দিন কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার করেছে। প্রিয়রঞ্জন দাসমুন্সিকে চুলের মুঠি ধরে পিটিয়ে পিটিয়ে, লাথি মারতে মারতে তার সারা শরীরে কালসিটের দাগ পড়ে গেল, হাওড়ার প্রথম Parliament Election-এ। তিনি এই হাউসের মেম্বার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা class character-এর কথা বলি, আমরা qualitative politics এর কথা বলি এই নক্কারজনক মার্কসবাদী ক্যমুনিস্ট পার্টির নেতৃত্বে ৩৪ বছরে এই বাংলা শেষ হয়ে গেছে। শিক্ষায় নেমে গেছে, স্বাস্থ্যে নেমে গেছে।

[2.40–2.50 p.m.]

শুধু পার্টি, পার্টি, পার্টি, পার্টি, পার্টি। নেতাইয়ের কথা সূর্য্যবাবু ভুলে গেলেন! জঙ্গলমহলের হার্মাদবাহীনির ট্রেনিং ভুলে গেলেন! শুধু কেশপুরে ৪০০ খুন হয়েছে সূর্যবাবুদের রাজত্বে। শুধু জামবনি ব্লকে একটা ব্লক, সেখানে তিনশোর বেশী মানুষ খুন হয়েছে। ঝাড়গ্রাম মহকুমার সূর্য্যবাবুদের রাজত্বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে কিছু তালিকা আছে। পার্থবাবুকে অনুরোধ করব তিনি পার্লামেন্টারী মিনিস্টার তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তিনি উত্তর দেবেন। অনেক জায়গাতে কংগ্রেসের অফিস দখল হয়ে যাচ্ছে পার্থবাবু। অনেক জায়গায় কংগ্রেস কর্মীরা খুব মার খাচ্ছে। আমি আপনাকে বলি পার্থবাবু আপনার কাছে আপনি কতগুলি উত্তর দেবেন। ক্যানিং- আমার জুলফিক্কার গাজী কিন্তু খুন হয়ে গেছেন। ক্যানিং-রবীন দাস খুন হয়ে গেছে। মগরহাটে যারা পুলিশের গুলিতে মারা গিয়েছিল, একটি বাচ্চা মেয়ে ও একটি মহিলা পুলিশ ফায়ারিং এ, তাদের পরিবারের কি হল এখনও পর্যন্ত আমরা জানতে পারিনি। উত্তর ২৪ পরগণার প্রকাশ যাদব আমাদের কংগ্রেসের কর্মী, মার্ডার হয়ে গিয়েছিল। এটা টিটাগড় পি.এসের আন্ডারে। বাপী চৌধুরী, হাবড়ার লোক, খুন হয়ে গেলেন। তার একটা পলাতক আসামী এখনও ধরা পড়েনি। দেবকুমার অধিকারী বাদুড়িয়ার মানুষ, পরিমল সর্দার বসিরহাটের মানুষ। আমাদের কাঁচরাপাড়ার কংগ্রেস ভবনটা কিন্তু বীজপুর থানার অধীনে দখল হয়ে আছে। পার্থবাবু এগুলি দেখবেন। ছোট জাগুলিয়ার কংগ্রেস অফিসটাও দখল হয়ে আছে। কদমগাছির সেই অফিসটাও দখল হয়ে আছে। আমাদের ব্যারাকপুর কংগ্রেস অফিস ইন ফ্রন্ট অফ ব্যারাকপুর কোর্ট, ওটাও দখল হয়ে আছে। মণিরামপুর ইউথ কংগ্রেস অফিস দখল হয়ে আছে। বর্ধমানের সত্যনারায়ণ কর্মকার, পাটনা গ্রামের মানুষ। সেই ৭০ বছরের বৃদ্ধকে

পিটিয়ে পিটিয়ে মেরে ফেলা হয়েছে। বিচার পায় নি এই সরকারের কাছে। সাদিক শেখ সমেত ১৬ জন মুর্শিদাবাদের কংগ্রেস কর্মী খুন হয়েছে এই সি.পি.এমের হাতে। ১৬ জন কংগ্রেস কর্মী। আগেরগুলি কিন্তু আপনাদের কর্মী নেতারা করেছেন। ওটা একটু দেখবেন এবং এই ব্যাপারে উত্তর দেবেন। আর মুর্শিদাবাদের ১৬ জন কংগ্রেস কর্মীকে খুন করেছে এই আনিসুর সাহেবদের দল। ১৬ জন কংগ্রেস কর্মীকে গত এক বছরে খুন করেছেন আনিসুর সাহেব আপনারা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল ঝাড়গ্রামের বাছুরডোবাতে শ্যামল হাঁসদা একজন আদিবাসী, একস্ বি এস এফের জওয়ান. তাঁর নিজের জমিতে কাজ করতে গিয়ে দুষ্কৃতকারীদের গুলিতে প্রাণ দিয়েছেন। তাঁর ভাই পরান হাঁসদা ক্রিটিকাল অবস্থাতে ঝাড়গ্রাম হাসপাতালে এবং মেদিনীপুরে। তীরটা কিন্তু আপনাদের দলের দিকে গেছে। এই ব্যাপারটির দিকে একটু নজর দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর লিস্ট বলতে গেলে অনেক হবে। আমি শুধু কতগুলি বিষয় আপনার সামনে তুলে ধরব। সেটি হল এই একটা সংঘর্ষমূলক বাতাবরণ তৈরী হচ্ছে। কনডেম করেছি আমরা উভয়পক্ষ কংগ্রেস এবং তৃণমূল। নন্দীগ্রাম ঘটেছে। সিঙ্গুর ঘটেছে। এই সুব্রত মুখার্জীর নেতৃত্বে প্রথম সিঙ্গুরে আন্দোলন সংঘটিত হয়েছিল। তখন উনি আমাদের সঙ্গে ছিলেন। তারপর সিঙ্গুরের ব্যাপারে আপনারা বলেছেন কংগ্রেস কিছু করে নি। নন্দীগ্রামের ৩রা জানুয়ারী ২০০৭ তদানীন্তন সাংসদ সি পি এমের, তিনি এইচ ডি এ-এর পক্ষ থেকে নোটিশ জারি করতে গিয়ে গুলি চলল। পুলিশের জীপ পুড়ল। ফোর্থ জানুয়ারী আমি প্রথম সি এল পি লিডার হিসাবে গিয়েছিলাম. নন্দীগ্রাম থানাতে ছয় ঘন্টা অবস্থান করেছিলাম। কৃষিজমি রক্ষা কমিটি তৈরী হয়েছিল। তৃণমূল, কংগ্রেস, এস ইউ সি, সিদ্দিকুল্লা চৌধুরী এবং সমীর পুততুন্ড - বলা হল আমরা কেউ নেই। মুশকিলটা হল কংগ্রেসের দলের মধ্যে থেকে কংগ্রেসের কথা বলতে গিয়ে আমরা তৃণমূলের ভাইদের কাছেও গালমন্দ খেয়েছি, আর সি পি এমের হাতে রক্তাক্ত হয়েছি অত্যাচারিত হয়েছি। চিত্রটা বদলে গেছে মাননীয় অধ্যক্ষ মহাশয়। দু হাজার এগারো সালে নতুন সরকার তৈরী হয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কংগ্রেস মাত্র ৬৫টি আসন নিয়ে ২৯৪টির মধ্যে আমরা দু হাত তুলে সমর্থন করেছি যতটুকু আমাদের সামর্থ্য আমাদের বাংলার মাটিতে আছে। যতটুকু আমাদের সামর্থ বাংলার মাটিতে। আপনার বন্ধুত্বের হতটা কেটে আগে চলে এসেছেন দিল্লী থেকে, আমরা ২৩শে সেপ্টেম্বর ১ বছর ৪ মাস ২ দিনের মাথায় আমরাও বেরিয়ে এসেছিলাম। কিন্তু শিক্ষার ক্ষেত্রে যা চলছে, ব্রাত্যবাবু নেই, বলতাম। তিনি একটা সার্কুলার করে দিয়েছেন, সমস্ত ইউনিয়ন ইলেকশন বন্ধ। একি তাজ্জব ব্যাপার! আমি কৃতজ্ঞতা জানাই সুব্রতাদাকে। তিনি প্রাক্তন ছাত্র পরিষদের সভাপতি হয়েও আজকের মন্ত্রীত্বে থেকে প্রতিবাদ করে বলেছেন - সংবাদপত্রে পড়েছি যে, এটা ঠিক হয়নি। একটা হরিমোহন ঘোষ কলেজের ইলেকশন লড়তে গিয়ে কর্তব্যরত অবস্থায় তাপস চৌধুরী নামে এক পুলিশ অফিসার গুলি খেয়ে মারা গেলেন। বিরাট মেহেতার ঘটনা মনে করিয়ে দিচ্ছে - মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি শাসক দলকে অনুরোধ করব, দাবী জানাব - মমতা বন্দোপাধ্যায় আশীর্বাদ পেয়েছেন বাংলার মানুষের। কংগ্রেস পাশে দাঁড়িয়ে লড়াই করেছে একসঙ্গে। তাঁদের পদক্ষেপের জন্য কংগ্রেস এখন বিরোধী দলে বসেছে। তারা বেরিয়ে এসেছেন ইউ.পি.এ. সরকার থেকে, তেলা মাথায় তেল কেন্দ্রীয় সরকার দেয় না। অর্থনৈতিক নীতি, প্ল্যানিং কমিশন, ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল - সবটা মাথায় রেখে একটা রাজ্য এবং কেন্দ্রের যুক্তরাষ্ট্রীয় কাঠামো চলে। আমি হাত জোর করে অনুরোধ করব আপনার মাধ্যমে,

Don't follow, don't follow the political dictates of Marxist Communist Party, don't follow ....

(এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়।)

মিঃ স্পীকার : ডাঃ ভুঞ্যা, আপনি প্রথমে একটা অবতারণা করেছিলেন Kaul & Shakdher কে রেফার করে। আমি আমাদের রেকর্ড থেকে দেখাচ্ছি - আপনি ২৩।০৩।২০১০-এ একটা অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছিলেন এই বিধানসভাতে এবং সেটাতে কোনো স্পেশিফিক ইস্যু ছিল না, মাল্টিপ্‌ল ইস্যুজ্ ছিল। জেনারেল একটা ইস্যু ছিল। It was admitted, it was admitted ; it was discussed in the House। এই প্রিসিডেন্স অনুযায়ী আপনার এই কথাটা বলা সাজে না .... (Noise) ....It is here, it is here, you can inspect it. Please, no argument. Now I call upon the Hon'ble Minister, Shri Partha Chatterjee.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সূর্য্যকান্ত মিশ্র মহাশয়ের আনীত মুলতুবি প্রস্তাবের আলোচনা এতক্ষণ শুনছিলাম। পরশ দত্ত বলেছেন, উদয়নবাবু বলেছেন, সুভাষবাবু বলেছেন, মানসবাবুও বললেন। আমি ভাবছিলাম যে মানসবাবুকে দিয়েই শুরু করাটা ভালো। টাটকা, টাটকা মনে থাকবে। যে মানসবাবু আজকে এই এতগুলো কথা বলছেন, ঐ ৩০শে সেপ্টেম্বরের আগে পর্যন্ত তো তার মুখ দিয়ে এইসব কথা বেরোয়নি। তখন তিনি মন্ত্রী ছিলেন বলে? ৩০শে সেপ্টেম্বরের আগে, সেটা তো এখন আলোচনা হচ্ছে। ৩০শে সেপ্টেম্বরের আগে তো আমি তাঁকে বলতে শুনিনি এই ধরণের কথা। সুতরাং এই যে প্লেয়িং টু দ্যা গ্যালারি, এই অভ্যেসটা আমার সহকর্মী এবং আমার এককালের বন্ধু-তাঁকে বলব, এটা না করাই ভালো। দ্বিতীয়তঃ, আমি মানসবাবুর আরেকটা কথার সঙ্গে একমত, আপনি কংগ্রেস অফিস সম্পর্কে একটা কথা বলেছেন। মুখ্যমন্ত্রী এখানে নেই, আপনি যদি একটা তালিকা আমাকে দেন, আমি নিশ্চয়ই সেটা মুখ্যমন্ত্রীর কাছে দিয়ে দেবো। আমি সূর্য্যবাবুকে জিজ্ঞাসা করছি, এত তাড়াহুড়ো কিসের? এই তো সবে গেলেন। ৩৫ বছর বসে থেকে এই তো সবে গেলেন বানপ্রস্থে। তো এই বানপ্রস্থে যাওয়ার পর গণতান্ত্রিকভাবে মানুষ যখন আপনাদেরকে প্রত্যাখ্যান করল, এতো তাড়াহুড়ো কিসের আপনাদের? কারা আইন-শৃঙ্খলার কথা বলছে? কারা গণতন্ত্রের কথা বলছে?

[2.50–3.00 p.m.]

কারা মূল্যবোধের রাজনীতির কথা বলছে? বুদ্ধবাবুকে আপনার মনে পড়ে, এখানে এই চেয়ারে বসে ওই চেয়ারকে সম্বোধন করে কি ধরনের কথাবার্তা বলতেন? আমাদের মুখ্যমন্ত্রী কি সে ধরনের কথাবার্তা বলেছেন? আপনাকে বসিয়ে রেখে কি বলেছে আপনি মেরুদন্ডহীন? বলেছে? না, বলেছে আপনার মাথা গুড়িয়ে দেবো, উড়িয়ে দেবো? তৃণমূলকে নির্মূল করবো বলে যে ধরনের বচন, সে ধরনের কথা বলেছেন? উনি প্রথমেই মুখ্যমন্ত্রী হয়ে আপনাদের ডেকেছেন। আপনারা যখন যে রকম ভবে বলেছেন, উনি প্রত্যেকটা কথা সম্মানের সঙ্গে গনতন্ত্র এবং মূল্যবোধের রাজনীতিতে বিশ্বাস করেন বলে শুনেছেন। আপনি নিজে প্রস্তাব তুলেছিলেন। বুদ্ধদেববাবুতো কোন দিন বিজনেস এ্যডভাইসারি কমিটির মিটিং-এ আসেননি। এসেছিলো কোন দিন? আপনি মাঝে-মধ্যে

আসতেন বা প্রায়ই হয়তো এসেছেন। বুদ্ধদেববাবুকে, মুখ্যমন্ত্রীকে কোনদিন দেখেছেন যে বিজনেস এ্যাডভাইসারি কমিটির মিটিং-এ এসে আপনাদের কথা শুনতে। আপনি নিজে বলেছেন, শুনতে হবে এটা। আপনি নিজে বলেছেন যে আমরা আলোচনা চাই. বলেছেন যে আলোচনা আমরা করবো। আমাদের সরকারের বিরুদ্ধাচার করেও যদি কেউ বক্তব্য রাখে, আমরা তার উত্তর দিতে প্রস্তুত আছি. আমরা তা শুনবো। এবং তারই পরিপ্রেক্ষিতে আপনি এই ২২ মাসের মাথায় আজ একটা অনাস্থা এনেছেন। সূর্য্যবাবু, আপনার কি মনে পড়ে এইখানে যখন আপনি বসতেন, আর ঐখানটায় আমি যখন বসতাম. মনে পড়ছে যে, তখন আমরা কত কান্নাকাটির মতো করে বলেছিলাম যে মানুষকে বাঁচান, মানুষকে বাঁচান, মানুষকে বাঁচান, নন্দীগ্রামকে বাঁচান, সিঙ্গুরকে বাঁচান, আমাদের একটা প্রস্তাব আনতে দিন। দিয়েছিলেন? দেন নি। আপনার স্মরণশক্তি হয় খুব প্রখর, কিম্বা সন্ধ্যে হয়ে আসছে বলে অন্ধকারে আপনাকে ঠিকমতো দেখা যায় না বলেই হয়তো আপনি এখন আর বলতে পারছেন না। দেননি, এই কারণেই দেননি - নানা রকম প্রশ্ন তুলে দেননি। এইখানে যিনি বসে ছিলেন নানা রকম প্রশ্ন তুলে দেননি। আপনি খুঁজে দেখবেন যে আমরা প্রথম এবং - মানসবাবু আজকে বলছেন নন্দীগ্রামে ৩ তারিখে গিয়েছিলাম, আমি গিয়েছিলাম। তা এইখানে এসে আমরা কেন অনাস্থা প্রস্তাবে একত্রিত হতে পারলাম না, সেটা মানসবাবু উত্তর দিলেন না। তাই আপনাদের কাছে যখন আইন শৃংখলা. গণতন্ত্র, মূল্যবোধের রাজনীতি কথা শুনি, তখন ভাবি হায়রে কারা বলছে এই কথাটা, কারা বলছে! যারা ছোট আঙারিয়া করেছে, যারা নানুর করেছে, যারা নন্দীগ্রাম তৈরী করেছে, যারা নেতাই তৈরী করেছে, যারা সিঙ্গুর তৈরী করেছে, আর যারা কংকাল কান্ডের নায়ক হয়েও মানুষের দরবারে জিতে এসে এখানে আরামসে বসে দিনের পর দিন কথা বলে যায়, তাদের লজ্জা হয় না? এনায়েতপুরে রাইফেল পাওয়ার পরেও আপনি বলতে পারেন, আপনাদের জেলান্তরের নেতার নাম যখন পুলিশের খাতায় থাকে তখন বলতে পারেন যে, আপনাদের রাইফেলগুলো পুকুরের নীচে, মানুষের দেহ পুকুরের নীচে এই সমস্ত কর্মকান্ডের আপনারা নায়ক ছিলেন, কেবল ২২ মাসেই আপনাদের আইন শৃংখলা, নাকি ধরা পড়বার ভয়ে। যত ধরছে তত আতঙ্কিত হচ্ছেন। অফিস থেকে বেরোচ্ছে বোমা, অফিস থেকে বেরোচ্ছে আগ্নেয়াস্ত্র, সব নামকরা নামকরা লোক, সম্পদরা কোথায় আছে জানি না। তাই আজকে আপনি যখন এই কথাগুলো বলেন, সমবায় প্রতিষ্ঠান, - আপনি বলেছেন সমবায় প্রতিষ্ঠান, - গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো সব ধ্বংস্-টংস্ করে দিচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে, তখন হাসি পায়। আপনি হাসাহাসি করবেন না, একটু টানাটানি করুন। কাদের টানছে দেখুন। আপনি তো হাসাহাসি বলেন, তাই হাসাহাসি আপনাকে মানায় না। আপনাকে মানাবে যারা করেছে তাদেরকে ধরে এনে ধরিয়ে দেওয়া যে এদের জন্য আপনি এখন এই সংখ্যায় পরিণত হয়েছেন - আপনাকে কি আর বলবো। যাদের কান থাকে কাটা যায়, এদের আছে কি না জানি না, যদি থাকতো তাহলে বাসন্তিতে কি অবস্থা করেছে আপনার দল অন্য দলটিকে। তাহলে, তার উত্তর দিতে পারতো। এখানে তো নেই, তার নাম আমি বলতে পারছি না, অমর চৌধুরীতো নেই তার নাম আমি বলতে পারছি না। কি ভাবে দৌড় করিয়ে ছিল তাঁকে।

আর ঐ পঞ্চ শহিদ-টহিদ করেছেন না উদয়নবাবুরা, পঞ্চ শহিদ। তা তদন্তের রিপোর্ট, কমিশনের রিপোর্টটা কেন বেড় হল না? আপনাদের সময় থাকা কালীন কেন বের হল না? কেন আপনাদের পুলিশ সেখানে গুলি চালিয়ে মারল তারও কোন হিসেব আপনারা চাননি? এখানে এখন

চ্যানেলে সেজেগুজে বসে অনেক কথা বলেন। কিন্তু পঞ্চ শহিদের জন্য একটা চোখের জলও আপনারা ফেললেন না। আপনারা কলেজের প্রতিষ্ঠানের কথা বলেছেন সকালবেলা মুখ্যমন্ত্রীর সামনে। মনে পড়ে সাঁইথিয়া কলেজের অমলাকে? যার মা বলেছিলেন, ভাত বেড়ে রেখে ঢাকনা দিয়ে রেখে বলেছিল ছেলে এসে খাবে। ছেলে আসেনি। ঢাকনা খুলে দেখে ছেলের মুন্ডু। এরপরেও, এরপরেও আপনারা বলেন? এরপরেও আইন শৃঙ্খলার কথা বলেন? এইখানে দাঁড়িয়ে তৎকালীন মুখ্যমন্ত্রী আমাকে বলেছিলেন, পার্থবাবু আপনি যান কেন কলেজে? পানিহাটি কলেজের সামনে আপনাকে দেখা যায়। দেখা যায় এই কারণে, যে আপনাদের গুন্ডারা আমাদের ছাত্রদের মেরে চৌচির করে দিয়েছিল তাই দেখা যায়। যেখানে অন্যায় যেখানে অত্যাচার সেখানে মমতা ব্যানার্জী পৌঁছেছেন। সেখানে আমরা পৌঁছেছি। আমাদের ইতিহাস সংগ্রামের ইতিহাস। যেটা মানসবাবু বলছিলেন, মানসবাবুকে মেরেছেন তাদের মোঙ্গলকোটে দাঁড়িয়ে। মানসবাবুদের মেরেছেন। জোর করে তাদের বিশ্বাস করেছিল হয়তো আপনাদেরকে, যে আপনারা তাঁদের বাঁচাবেন তাই এক দঙ্গল এম.এল.এ নিয়ে এবং সেখানকার নেত্রীদের নিয়ে তাঁরা গিয়েছিল। ভাগো জুটেছিল মার, দৌড়। মানসবাবু বললেন, আমি অন রেকর্ড অনেক কথা বলেছি কিন্তু এটাও তো অন রেকর্ড। মানুষবাবু সেদিন দৌড়ে গিয়ে প্রথম যার নাম করে ফোন করেছিলেন তাঁর নাম বুদ্ধদেব ভট্টাচার্য। যারই বিরুদ্ধে লড়াই করতে যাচ্ছি তাকেই আবার ফোন করে আমরা নিরাপত্তার কথা বলছি, সে আসলে মূল অভিযুক্ত ছিল। সেই মূল অভিযুক্ত ছিল। সেই মূল অভিযুক্ত ছিল। পারেনি তো, ঘন্টার পর ঘন্টা আমরা বসেছিলাম ওখানে। আমি এবং স্বপন দেবনাথ। সেখানকার নেতারা ছিল। সন্ধ্যে হয়ে এসেছিল আপনাদের গুন্ডারা ধারাল অস্ত্র নিয়ে দাঁড়িয়ে ছিল যেতে দেয়নি এমনকি পুলিশকেও পর্যন্ত যেতে দেয়নি। সেদিন আইন শৃঙ্খলাটা কোথায় ছিল? এই যে সিঙ্গুরে যাচ্ছিলাম - আপনি তো একদিনও ঢিল খাননি, একদিনও ধাক্কা খেতে হয়নি ২২ মাসে। আর আমরা গিয়েছিলাম সিঙ্গুরে অসহায় কৃষককে বাঁচাতে। বিরোধী দলনেতার বাড়ি ভাঙচুর করে দেওয়া হয়েছিল আপনার মনে নেই? ছবি দেখেন নি তার? কিভাবে মমতা বন্দ্যোপাধ্যায়কে চুলের মুটি ধরে লালবাজার থেকে নামিয়ে দিয়েছিল। সেই ইতিহাস মনে নেই? কিভাবে তাঁকে হাজরার উপরে মাথার উপরে ডান্ডা মারা হল, মনে নেই? কিভাবে সিঙ্গুর থেকে কৃষকের জমি বাঁচাবে বলে তার বুককে ক্ষতবিক্ষত করে দিল পুলিশ, মনে নেই? সব ভুলে গেছেন, যখন বাংলা ঘুরে দাঁড়াতে চাইছে, যখন মা-মাটি-মানুষের সরকার এই রাজ্যের পিছিয়ে থাকা মানুষকে এগিয়ে নিয়ে যেতে চাইছে। আপনার নিশ্চয়ই বাসের কন্ডাক্টরের গল্পটা জানার কথা। আপনি তো গ্রামেরও রাজনীতি করেন, শহরেরও করছেন। আপনার যেনে রাখা ভাল। ঐ যে বাসে কন্ডাক্টর থাকে না, খালি বলে - পিছিয়ে যান, পিছিয়ে যান, পিছিয়ে যান। এই রাজ্যের বিগত মুখ্যমন্ত্রী সেই কন্ডাক্টারির কাজটাই করেছিলেন। ড্রাইভার উনি। ড্রাইভারের বদল হয়েছে। আজকে চালকের বদল হয়ে মমতা বন্দ্যোপাধ্যায় আছে, যাত্রীও আছে, কন্ডাক্টরের আচরণও বদল হয়েছে তাই বাংলা আজকে এগিয়ে যাচ্ছে। আর সহ্য হচ্ছে না আপনাদের। আপনাদের সহ্য হচ্ছে না। তাই সহ্য হচ্ছে না বলেই আপনারা নানা রকম কুৎসা চালাচ্ছেন। সঙ্গে পেয়েছেন কিছু কিছু লোক। সঙ্গে আপনাকে দেখানোর জন্য কয়েকটা চ্যানেল নিশ্চয়ই আছে। আমি তাদেরকেও অনুরোধ করেছি, যে আপনারা সত্য জিনিস দেখান। সত্য জিনিস দেখান, সত্য কথা বলুন। তাহলে দেখবেন আপনার গ্রহণযোগ্যতা থাকবে। এবং আপনাদের স্মরণে আর কয়েকটা কথা বলে দিই। আপনারা মরিচঝাঁপির নায়ক, আপনারা আনন্দমার্গী ভুলে গেছেন, আপনারা বর্ধমানের কথা ভুলে গেছেন, সাঁইবাড়ির কথা ভুলে গেছেন।

[3.00–3.10 p.m.]

আর কত খুনের কথা আপনাদেরকে বলব। মানস ভুঞ্যা একটু আগে বললেন, মাননীয় বিধায়ক এবং প্রাক্তন মন্ত্রী তিনি খাতা খুলে বলছিলেন। থেমে গেলেন কেন? ৫৩০০০ যে খুন করেছে। তার মধ্যে যে বেশি, সবটাই আছে। আর এবছর থেকে আমি একটু বলি। আমরা বহুবার বলেছিলাম modernization-এর কথা, বহুবার বলেছিলাম পুলিশকে ঠিকমতো ব্যবহারের কথা। পুলিশকে দলতন্ত্রে পরিণত করেছেন আপনারা। নিরপেক্ষভাবে কাজ করতে দেননি পুলিশকে। বহুবার এখানে আলোচনা হয়েছে। এমনকি পুলিশের DG এখানে ফটো তুলেছিলেন এখানে মনে পড়ে? যাঁকে ক্ষমা চাইয়েছিলেন মাননীয় অধ্যক্ষ। পুলিশকে আপনারা কাজ করতে দেননি। যে স্তম্ভগুলো। না পুলিশকে কাজ করতে দিয়েছেন, না সরকারি কর্মচারীদের কাজ করতে দিয়েছেন। সর্বত্রই আপনারা তৈরি করেছিলেন - দলীয় দাসে পরিণত করেছিলেন। মমতা বন্দ্যোপাধ্যায় এসে সেখান থেকে ধীরে ধীরে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন এবং গণতন্ত্রে পথেই নিয়ে যাচ্ছেন। আলাপ আলোচনার মধ্যে দিয়ে যাচ্ছেন। আপনাদের তা সহ্য হচ্ছে না। যখন দেখেন, সরকারি কর্মচারীরা ধর্মঘটের দিনেও তারা পুর্ণমাত্রায় শতকরা ১০০ ভাগই উপস্থিত হচ্ছে, তখন আপনাদের গা শিউরে উঠছে - এ কোন্ রাজ্যে বাস করছি। যে রাজ্যের এদের কাজ করতে বারণ করেছিলাম এখন দেখছি মমতা ব্যানার্জীর বাঁশিতে সবাই কাজ করতে শুরু করেছে। লজ্জা হচ্ছে আপনাদের? আপনাদের লজ্জা হচ্ছে সেটা? আমি আপনাদের কাছে, আমাকে বলছিল, সুব্রত মুখার্জী, তুই আর—তথ্য এত দিয়ে কি হবে, এদেরতো মুখ পোড়া। মুখ পোড়াদের আর কত পোড়াবি। আমি বলছি না তবু একটু বলি। আপনাদের ২০০১-এ রেপের সংখ্যা ছিল ৬৯০। এই রাজ্যের কথা বলছি, আর আপনি যদি বলেন তাহলে অন্য রাজ্যে যাব না। চার্জ সিটেড হয়েছিল ৭০০, কনভিকশান হয়েছিল মাত্র ৪৩ জনের। ২০০২-এ ৭২৪, এরকম করতে করতে করতে, আপনাদের ২০১০-এর থেকেই বলি। কত বাড়লো দেখুন। শুধুই বেড়েছে ১৪৪৮, ১৬৭৩ ২০০৫-এ, ২০০৬-এ ১৬৯৩, ২০০৭-এ ২০৬২, ২০০৮-এ ২২২৮, ২০০৯-এ ২২৯৪, ২০১০-এ ২২৭৯। Cruelty by the husband যেটা ডাঃ ভুঁইঞ্যা বলছিলেন, সেটাও রাজ্যের কথা একটু বলি না। শুধু আর অন্য রাজ্য কেন, এই রাজ্যের কথাই বলি। প্রথমটা ২০০১-এ বুদ্ধবাবুর আমল, ৩৬৫২, ৩৮৩৪, ২০০৩-এ ৪৭২৪, ২০০৪-এ ৬০৮২, ২০০৫-এ ৬৭০০। এটা হচ্ছে মেয়েদের উপরে অত্যাচার স্বামীর দ্বারা। ২০০৭-এ ৯৬০৪, ২০০৮-এ ১৩২৫৮, ২০০৯-এ ১৫৭০১, ২০১০-এ ১৭৩৯৪। সেই তুলনায়, সেই তুলনায় আমাদের অবস্থাটা কোথায়? কিন্তু সন্তুষ্ট হয়ে গেলে চলবে না। যেটা ভুঞ্যা বলছিলেন, আমরা মোটেই সন্তুষ্ট নই। একদিকে কাজ আর অন্য দিকে - কি করে হাসেন? অনেকটা-হাসেন কি করে? এতে হাসি পায় আপনাদের? এত মুখ ঘসে দিয়েছে জনগণ তারপরেও হাসেন? এ বোঝা যায় না। ওই কোন একটা গাঁয়ে যেন চামড়া মোটা বলে লোকে। এ'তো সেই চামড়া মোটার দল দেখছি। এ'কি। আমরা আপনার কাছে আইনশৃঙ্খলার বিষয়টা শুধুমাত্র একটা সরকারি চেতনা নয়। গণতন্ত্রকে প্রতিষ্ঠা করা শুধুমাত্র একমাত্র সরকারি চেতনা নয়। এরজন্য সকলের একত্রিতভাবে তাকে পালন করা উচিত। আপনারা পালন করেন তা? আপনারা মানেন তা? সংখ্যা বেড়েছে, আমি বলতেই পারতাম ডাঃ ভুঁইঞ্যাকে, আপনি দিল্লির দিকে তাকান। দিল্লিতো সবচেয়ে বেশি পুলিশ পায়, সমস্ত ক্ষমতাবান লোকেরা ওখানে আছে। তাহলে কি আমরা দিল্লির দিকে তাকিয়ে রাজনীতি করবো? দিল্লির দিকে দেখে আইনশৃঙ্খলা দেখবো, না আমরা আমাদের বাংলার সংস্কৃতি

দেখেই-বাংলার সংস্কৃতি দেখেই - আমাদের রাজনীতি করাবো। এর পিছনে যে একটা কুৎসা আছে, এটা ছুঁলেই বলে দিচ্ছে। আগে হাড় ভেঙে দিত, আগে বুকের গোপনাঙ্গ ব্লেড দিয়ে চিড়ে দিতেন। গাছে বেঁধে রাখত। আজকে কি সেই ঘটনা ঘটছে? মহিলাদের উপর কি ধরণের অত্যাচার হয়েছে, আমরা জানি না। কারখানাগুলো বন্ধ হয়ে গেছে, সমস্ত স্টেশানে স্টেশানে বাড়ীর গৃহবধূরা তাদের রঙচঙ মেখে জোর করে দাঁড়িয়ে থাকতে হয় পেটের ক্ষুধা নিয়ে। কর্ম সংস্থান ছিল না। কারখানাগুলো বন্ধ। রোজগার নেই। সেই অবস্থা থেকে মুক্তি দিতে হবে। আইনশৃঙ্খলার অবনতি হয় কেন? এই রকম অবস্থা হয় কেন? এক হচ্ছে প্রাচুর্য্যতা থেকে হয়, আর একটা হচ্ছে অভাব থেকে হয়। আপনারা মূল জায়গায় কোনদিন আঘাত দেননি। জঙ্গলমহল নিয়ে আপনাদের মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে লাস্ট ভাষণ দিয়েছেন, সূর্য্যবাবুর খেয়াল নেই, বলেছেন, আমি ৮ থেকে ২৮শে পৌঁছে গেছি, আগে ৮টা থানা উগ্রপন্থীদের দখলে ছিল, এখন ২৮টা থানা হয়েছে। আমি সামলাতে পারছি না বীনপুর ওয়ান এ্যান্ড টু, আমি সামলাতে পারছি না শালবনী। আর আজকে সেখানে মুখ্যমন্ত্রী ১৯ বার গিয়ে তাদের মুখে হাসি ফোটাচ্ছেন, আপনাদের তাই জ্বালা ধরেছে? আপনাদের তাই জ্বালা ধরেছে। বীনাপুর ওয়ান এ্যান্ড টু উইথ শালবনী-সহ সমস্ত জঙ্গলমহলে যখন তারা মূলস্রোতে ফিরে আসছে, যখন তারা বিবেকানন্দর সার্ধশতবর্ষের কুচকাওয়াজে, ৫ হাজার পুলিশ কর্মী ইন্সপেক্টাররা তারা জঙ্গলমহল থেকে এসে কুচকাওয়াজে অংশ নিল। আপনাদের তৎকালীন মুখ্যমন্ত্রী বলেনি যে আর্থসামাজিক উন্নয়ন চাইব। আপনারা কি আর্থসামাজিক উন্নয়ন করেছেন ঐ আদিবাসী যুবকদের জন্য? টিভি.র চ্যানেলগুলো দেখায়নি, চারদিকে বারুদের গন্ধ, মৃত্যু, রক্তপাত। করলেন আপনারা, আর থামালেন - তার নাম, মমতা বন্দ্যোপাধ্যায়, মমতা বন্দ্যোপাধ্যায়, মমতা বন্দ্যোপাধ্যায়। অন্য কেউ থামায়নি। সাহসটা রাখুন। নিজেরা জানতেন যে মাটির নীচে কঙ্কাল, মাটির নীচে রাইফেল, নিজেরা নিজেদেরকে রাইফেলের গুঁতো দিয়ে মানুষকে কথা বলাবার চেষ্টা করেছেন। তাই আইনশৃঙ্খলা আপনাদের নিয়ন্ত্রণে ছিল না। ঐ অনেকগুলো নাম আছে না, হাত কাটা, চোখ কাটা, অমুক কাটা, তমুক কাটা, এটা হচ্ছে হাত। এবং আপনাদের ভাষা ছিল, বিরোধী দল সম্পর্কে, আমি বলছি, সাধারণ মানুষ নয়, এমন কি বিরোধী দল নেতাও খেজুড়ে গিয়ে যে ভাষণ দিয়েছিলেন তার রেকর্ডও আমার কাছে আছে - তখন তিনি মন্ত্রী - আমিও খেজুড়ে গিয়েছিলাম, তার পরের দিন উনি গিয়েছিলেন। ভুলে যায়নি কিছুই। কিন্তু আমরা প্রতিহিংসা চাইনা, আমরা চাই, এই রাজ্যে আপনারাও আসুন। আপনারা যে ক'টা লোক আছেন, আপনাদের পিছনে সমর্থন আছে মানুষের, সেই সমর্থন নিয়েই আপনারা মমতা বন্দ্যোপাধ্যায় এর এই উন্নয়নের যে শপথ, এগিয়ে নিয়ে যাওয়ার যে শপথ, সেই শপথে আসুন। কোনদিন তো এ্যাডজোর্ণমেন্ট মোশান আনতে দেখলাম না, যে এইটার জন্য চলুন, যাই দিল্লি। শুধু মুখে বলবেন, এখানে হাত রেখে বললেন, আমিও রাজী আছি। আপনি রাজী থাকলে তো হবে না, নানা ছুতায় আপনার পিছনে টেনে ধরছে অন্য লোক। নানা ছুতায়, নানা ছুতায় অন্য লোক টেনে ধরে আপনাকে। আপনি তার থেকে বেরুন। বিরোধী দল নেতার কাছে লোকের এক্সপেকটেশান থাকে যে রাজ্যের মানুষের জন্য আপনি কি করলেন। শুধুমাত্র দলের হয়ে কাজ করে যাচ্ছেন। দলের উপরে উঠে, আপনাদের সবাইকে কাজ করতে হবে। আমি কংগ্রেস বন্ধুদের বলব, আপনারা তো যখন বলছেন, বাংলার জন্য অনেক কিছু, দুটোর মধ্যে আছেন। এই দুটোর থেকে বেরিয়ে নিজেরা উঠুন না। বাংলার স্বার্থকে দেখার জন্য নিজেরা গিয়ে বলুননা। বলুন না, কেন তিন বছরের মরাটোরিয়াম এখানে হবে না। কেন আমরা টাকা পাব না। চিদাম্বরমের কাছে

যান। শুধুমাত্র বিপদে পড়লেই কমলনাথের ফোন আসবে, ঠিক না। যখন রাজ্যবাসী বিপদে আছে, রাজ্যের উন্নয়ন বিপদে আছে, তখন আপনারা কেন চুপ করে এখানে বসে থাকবেন?

[3.10–3.20 p.m.]

তাই আইন শৃঙ্খলার ব্যাপারে লোকের দৃষ্টিকে অন্যদিকে ঘুরিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। এই চতুর জিনিস আপনারা বহুবার করেছেন। আপনাদের চেনা দায়। তাই আপনাদের কাছে আমার বিনীত নিবেদন, রাজ্যের যে মোমেন্টাম মমতা বন্দ্যোপাধ্যায় এনেছেন এই ২২ মাসে, সংখ্যালঘু সম্প্রদায়, তফশিলী জাতি, ছাত্র, যুব, শ্রমজীবী মানুষ, কৃষক সর্বত্র একটা চনমনে ভাব এসেছে যে আমরা এগিয়ে যেতে চাই। হয় আপনারা বাড়িতে লেপ মুড়ি দিয়ে বসে থাকুন, আর নাহলে আপনারা আমাদের সাথী হোন যাতে বাংলা এগিয়ে যেতে পারে।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, আমি যে মুলতুবি প্রস্তাব এনেছি, সেটা নিয়ে আলোচনা হয়েছে। আমার সেই আলোচনার সূত্রপাত ধরেই যে সব বক্তব্য রাখা হয়েছে তার ওপরে ভিত্তি করে আমি এই মুলতুবি প্রস্তাবের সমর্থনে কয়েকটি কথা নিবেদন করতে চাই। আমাদের মুশকিল হচ্ছে, আসলে আমি মুখ্যমন্ত্রীকে ওখানে না দেখলে নিরুৎসাহিত বোধ করি কিছু বলতে। আর মুখ্যমন্ত্রী আবার আমাদের এখানে এই হাউসে আসতে নিরুৎসাহিত বোধ করেন। এটা হচ্ছে সমস্যা। আমি দেখি মুখ্যমন্ত্রী যখন বাইরে বক্তৃতা করছেন, সেইসব বক্তৃতা আবার এখানে এই হাউসে যদি দু একবার করেন, তখন অবশ্য ভালো লাগে না। বাইরে তো শুনছি। আবার হাউসে এসে সেই একই বক্তৃতা শুনছি। আমরা এই এ্যাডজর্ণমেন্ট মোশান আনার সময় বলেছিলাম যে মুখ্যমন্ত্রীর এইসময় থাকা দরকার। কারণ আইন শৃঙ্খলা নিয়ে যখন একটা আলোচনা হয় তখন স্বরাষ্ট্রমন্ত্রীর থাকা দরকার। মুখ্যমন্ত্রী যা বাইরে বলছেন আর এখানে আজ যা বললেন - এত বড় কথায় এই সময়ের মধ্যে যাওয়া তো আমার খুব মুশকিল - অন্যদের বলে খুব একটা লাভ হয় না। কারণ এই রাজ্যে মন্ত্রী একজনই। আসলে বাকিদের কোনো ক্ষমতা আছে বলে আমার মনে হয় না। বলে কিছু লাভ হয় না। আগে যখন মুখ্যমন্ত্রী জঙ্গলমহলে যাচ্ছিলেন, মানুষ আসছিল দৌড়ে। পাহাড়ে যাচ্ছিলেন মানুষ দৌড়ে আসছিল। এখন মুখ্যমন্ত্রী গিয়ে গিয়ে ক্লান্ত, আর ওর কথা শুনে শুনে ওখানকার মানুষও ক্লান্ত। মুখ্যমন্ত্রী কালকে বলেছেন যে জঙ্গলমহল দৌড়োচ্ছে। আমি বলছি, হ্যাঁ দৌড়োচ্ছে, দৌড়ে পালাচ্ছে এখন। আর আসতে চাইছে না। অত হিসাব, স্ট্যাটিসটিক্সের চাইতে মানুষ কি মনে করেন সেটাই হল বড় কথা। মানুষের পারসেপশান - হিসাবটা ওর কাছেও আছে, আমার কাছেও আছে। আমাদের সদস্যরা বলেছেন, আর মানসবাবুরাও কিছু বলেছেন। আমি বলছি, আমি যেটা লিখেছি এই প্রস্তাবে, লিখিত আমরা অনেক, তারপর এডিটও হয়, সেটা কিছু করার নেই। সেই রাজ্যের গণতান্ত্রিক মুল্যবোধ এবং সাংবিধানিক প্রতিষ্ঠানের ওপর ক্রমাগত যে আক্রমণ চলছে তা বন্ধ করতে রাজ্য সরকার চূড়ান্ত ব্যর্থ হয়েছে। আমরা দেখেছি, শান্তিপ্রিয় মানুষ আজ চূড়ান্তভাবে বিপন্ন এবং অসহায়। আমরা মনে করি শান্তিপ্রিয় মানুষ মানে খালি বামপন্থীদের যারা সমর্থন করেন শুধু তারা নয়, শান্তিপ্রিয় মানুষ যাদের ভোটে আপনারা এসেছেন, এই তৃণমূলেরই হোক, কংগ্রেসেরই হোক, তাদের মধ্যেও রয়েছে। তারা অসহায় বোধ করছেন। আমরা যখন এই এ্যাডজর্ণমেন্ট আনছি তখন আমরা সেই সব মানুষের কথা মনে রেখেই করছি। খালি বামপন্থীরা খুন হচ্ছে, আক্রান্ত হচ্ছে।

মানস বাবু একটা বললেন, কিন্তু আমি প্রদেশ কংগ্রেস সভাপতির প্রেস কনফারেন্স শুনেছি আগে, যা আমার খেয়াল আছে। তারপরে আপডেট করেছেন হয়তো উনি। তখনও পর্যন্ত ১১ জন কংগ্রেস কর্মী খুন হয়েছে এই সরকারের আমলে। এই এগারো জনের মধ্যে নয়জন তৃণমূলের আক্রমণে খুন হয়েছে, আর দুইজন বামপন্থীদের আক্রমণে হয়েছে। আর আপনি আজকে যা বলছেন, তৃণমূলের দ্বারা খুন হয়েছে তৃণমূলের লোকেরাই, আমরা তাদের কথাও বলছি। গণতান্ত্রিক প্রতিষ্ঠান মানে কি? খালি পঞ্চায়েতের উপরে আক্রমণ হচ্ছে, পুরসভার উপরে আক্রমণ হচ্ছে, সমবায় সংস্থার বিভিন্ন পরিচালন কমিটি, ছাত্র ইউনিয়ন এইসবের উপরে আক্রমণ হচ্ছে তা নয়। আজকে বিচার-বিভাগের উপরে আক্রমণ হচ্ছে, সংবাদ মাধ্যমের উপরে আক্রমণ হচ্ছে? আজকে আক্রমণ কোথায় বাকি আছে? পার্থ বাবু অনেক বক্তৃতা করেছেন, কিন্তু ওকে বলার আমার বিশেষ কিছু নেই। কারণ মুখ্যমন্ত্রীকেই আমি বলতে চেয়েছিলাম। জাস্টিস কাটজু যে চিঠি লিখেছিলেন তাতে তিনি বলেছিলেন, আপনি আপনার সহকর্মীদের সঙ্গে পরামর্শ করেন না. You don't take them into confidence। আপনি নিজের মত করে চালান, whimsically চালান। এর জবাব চাই? জাস্টিস কাটজু লিখেছিলেন, মানুষ মাত্রই ভুল করে, কিন্তু ভদ্রলোক যারা, যারা ভদ্রলোক তারা ভুল করলে ক্ষমা চেয়ে নেন। যারা ক্ষমা চাননা, তারা জেন্টেলমেন, না কি মেন, আমি তা আপনার বিচারের জন্য রেখে দিচ্ছি। এখানে আমি তারিখ ধরে ধরে বলতে পারি। আমি যদি ২০১৩ সালের কথাই শুধু বলি, জানুয়ারী মাস থেকে বছরটা শুরু, একটা দিন আপনি খুঁজে বার করতে পারবেন না, যেদিন আক্রমণ হচ্ছে না। জানুয়ারি ৬ - ভাঙ্গড়ে রেজ্জাক মোল্লা আক্রান্ত হল। জানুয়ারি - ৭, আলিপুরে মিছিল আসছিল ...... (নয়েজ) ....এটা কি হচ্ছে স্যার? আমরা কিন্তু কোন ইন্টারাপশান করিনি।

মিঃ স্পীকার : আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ করছি, প্লিজ ওনাকে বলতে দিন।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আলিপুরে মিছিল আসার পথে এতগুলো গাড়ি পুড়ল। জানুয়ারির ৯ - মাননীয় রাজ্যপাল বললেন, গুন্ডাগিরি চলছে। আর জানুয়ারির ১০ - সুব্রত বাবু মহাকরণ থেকে মাননীয় রাজ্যপালকে হলুদ কার্ড দেখালেন। আগে হলুদ কার্ড দেখিয়েছেন, পরে তিনি লাল কার্ড দেখাবেন। কে আক্রান্ত হচ্ছে? রেজ্জাক মোল্লা, রাজ্যপালের ইনস্টিটিউশান, সেখানে কেউ বাদ যাচ্ছে না। জানুয়ারির ১১ - মাননীয় রাজ্যপাল একটা বক্তৃতা দিলেন। জানুয়ারির ১২ তারিখ বাদ দিয়ে ১৩ তারিখ হলদিয়াতে আমাদের সমাবেশ মঞ্চ ভেঙ্গে দেওয়া হল এবং সেখানে সভা করতে দেওয়া হল না। বারাবণীতে যুব সম্মলনে গুলি চালানো হল। তার পরের দিন অর্থাৎ জানুয়ারির ১৪ তারিখে কলকাতা হাইকোর্ট একটা মামলা প্রসঙ্গে বলল, রাজ্যে একটা নৈরাজ্য চলছে। তার পরের দিন জানুয়ারির ১৫ তারিখে 'মা-মাটি' এই কথাটা কেন একটা নাটকে ব্যবহার করা হয়েছে তারজন্য পুলিশ এবং তৃণমূল মিলে যৌথভাবে ঐ নাট্যদলের উপরে হামলা করল। তারপরের অর্থাৎ জানুয়ারির ১৬ তারিখে নাট্যদল দমকল কর্মী সম্মেলনে তৃণমুল হামলা করল। আর জানুয়ারির ১৯ তারিখে BSNL কর্মীদের সম্মেলন আক্রান্ত হল। আমি তারিখ ধরে ধরে এইভাবে বলতে পারি, আপনি একটা দিন খুঁজে পাবেন না যে কোন ঘটনা ঘটেনি।

[3.20–3.30 p.m.]

যে আক্রমণ হলো, ওখানে গার্ডেনরীচে, মুখ্যমন্ত্রী জিজ্ঞেস করেছেন সকালবেলায় রিসেসের আগে, আপনারা সি.বি.আই. কেন চাইছেন? আমরা সি.বি.আই. চাইছি এই জন্যে যে, মুখ্যমন্ত্রী যখন পুলিশ কমিশনারকে সরালেন তখন উনি বলেছিলেন যে, এত দেরী হয়ে গেলো, তাই। দেরী কে করেছিলো? আমি বলেছিলাম যে সবচেয়ে বেশী যদি কেউ দেরী করে থাকেন ঘটনার প্রতিক্রিয়া জানাতে, আপনি স্বয়ং মুখ্যমন্ত্রী। আপনি কি করছিলেন ৪৮ ঘন্টা? এরকম একটা ঘটনা ঘটার পর কি করছিলেন আপনি? আমি সুনির্দিষ্টভাবে প্রশ্ন করেছিলাম জবাব পাইনি এবং জবাব দিতে হবে বলে মুখ্যমন্ত্রী আজকে এখানে নেই। আমি সুনির্দিষ্টভাবে বলেছিলাম, আপনি কি পুলিশ কমিশনারকে বলেছিলেন যে, এফ.আই.আর. টা একটু এদিক ওদিক করে দিতে হবে, এর নাম রাখা যাবে না, ওকে গ্রেফতার করা যাবে না। আপনি কি পুলিশ কমিশনারকে বলেছিলেন? আপনি পুলিশ, ...(গোলমাল) ....এরকম হলে কোন কথা, ...আপনি কি পুলিশ কমিশনারকে বলেছিলেন যে না হলে আপনাকে প্যাকআপ করতে হবে। সি.আই.ডি-র কোন ক্ষমতা আছে যে মুখ্যমন্ত্রী আর পুলিশ কমিশনারের কথা কি হয়েছিলো তাই নিয়ে রেকর্ড পরীক্ষা করবার? কি হলো? তার আগের দিন যখন বোমা ফাটালো ওখানে, একটি ছেলে মারা গেলো ঐ ঘটনার আগের দিন। সেই ঘটনায় যার বাড়িতে বোমা ফেটেছিলো তিনি তো তৃণমূলের কাউন্সিলার। কি ব্যবস্থা নেওয়া হয়েছে? কি ব্যবস্থা নেওয়া হয়েছে? কলকাতার কর্পোরেশনে যা হচ্ছে কি ব্যবস্থা নেওয়া হয়েছে? কালকেও যা ঘটনা ঘটেছে সেই ঘটনা ঘটার পর মুখ্যমন্ত্রী—আমরা কালকে দেখলাম - পরশুদিন মুখ্যমন্ত্রী বলেছেন ওকে গ্রেফতার করা হবে। আর কালকে দেখলাম যে খোদ মেয়রের উপস্থিতিতে এখানে মিটিং হয়েছে। আর তারপরে ওখানে ঐ ঘটনা ঘটছে। ব্যাস। কার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হচ্ছে? .....(গোলমাল)....আক্রমণ? শোভনদেব বাবু বলছিলেন যে - আরে কে নিরাপত্তার অভাবে ভুগছে? আমি বলছি যে, আপনি কি ভুলে গেলেন, আপনার কলার কে ধরেছিলো? আর কে মেরেছিলো আপনাকে, ভুলে গেলেন? এটা কি বামপন্থীরা? এ সরকার কার? এবং এখানে কলকাতার ওপরে কার নিরাপত্তা আছে? কে নিশ্চিন্তভাবে আছে? আর স্কুল কলেজের ছাত্র, ট্রেড ইউনিয়ান অফিস, পার্টি অফিস কংগ্রেসের বাদ গেছে, দখল হয়নি। শুনছেন, উনি বলতে পারবেন। ৩৪ বছরের পর, ... (গোলমাল)....

মিঃ স্পীকার : ওনাকে বলতে দিন। প্লিজ আপনারা ডিসটার্ব করবেন না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : ৩৪ বছরের ইতিহাস গড়তে পারবেন না। ৩৪ বছরের ইতিহাসে মনে রাখবেন সবচাইতে বেশী যদি কোন পার্টির, বামফ্রন্টের জীবন দিয়েছে সব চাইতে বেশী, সব চাইতে বেশী। সরকারে আছি, সরকারে নেই, আমরা মানুষের গণতন্ত্রের জন্য লড়াইয়ের ময়দানে ছিলাম তখনো ছিলাম, এখানো আছি। এখন আক্রান্ত। সব হিসাব দিয়েছি, কোন তারিখ, কোন অফিস কতদিন তালা বন্ধ, চাবি কার কাছে। আমাদের কত পার্টি অফিস, বিভিন্ন গণ সংগঠনের অফিস, ৯ হাজার একরের বেশী বর্গাদার, পাট্টাদারদের আপনি জমি থেকে উচ্ছেদ করেছেন। হিসাব দিয়ে, মৌজা নম্বর ধরে দিয়েছি। ৯ হাজার একরের বেশী রায়তি জমি তাকে চাষ করতে দেন নি। নাম ধরে দিয়েছি, হিসাব ধরে দিয়েছি। ৮৮ জন খুন হয়েছে, তাদের নামের তালিকা দিয়েছি। ৮৭ কোটি টাকা জরিমানা আদায় করেছে। কত জন আহত হয়েছে? আর তাদের চিকিৎসার সুযোগও

দেওয়া হয়নি। হসপিটালে নিয়ে যেতে দেওয়া হয়নি। এমনকি তাদের অভিযোগ করাতে দেন নি। আর মহিলাদের ওপরে আক্রমণ! মহিলাদের ওপরে আক্রমণ, ...(গোলমাল)......

মিঃ স্পীকার : প্লিজ, ওনাকে বলতে দিন আপনারা।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : এখানে বলেছেন আমাদের সহকর্মীরা, আমি কি বলবো। কিন্তু আমি এইটাই বলতে চাই যে মুখ্যমন্ত্রী, আমাদের রাজ্যের মহিলা মুখ্যমন্ত্রী, তিনি যখন এসব আক্রমণ হচ্ছে, তিনি বলছেন এটা সাজানো ঘটনা, এটা ছোট ঘটনা, এটা কোন ঘটনাই না। এইসব বলছেন। সর্বোচ্চ স্তর থেকে, ঐখান থেকে মুখ্যমন্ত্রী কবে ৩৪ বছরের, কবে? কবে? এই জিনিস ঘটেছে?

৩৪ বছরে যা ঘটেনি এখন তাই ঘটছে। আমি আপনাকে এক ডজন দৃষ্টান্ত দিয়েছি, লিখেছি, সংবাদপত্রে প্রকাশিত হয়েছে, বই ছাপা হয়েছে। এই যে আমাদের বাম পরিষদীয় দলের বই - যদি আপনি চান তাহলে বিনা পয়সাতেই পাঠাতে পারি। এক ডজন দৃষ্টান্ত যা ৩৪ বছরে খুঁজে পাওয়া যাবে না, আপনারা যে দৃষ্টান্ত তৈরি করেছেন। গণতন্ত্রের উপরে আক্রমণে যে দৃষ্টান্ত আপনারা তৈরি করেছেন - ৩৪ বছরে একটাই দৃষ্টান্ত আপনারা খুঁজে পাবেন না। .....(গোলমাল)... সেই জন্য আমাদের এখানে এই যে ঘটনাগুলো যা ঘটেছে, এই ঘটনা .....(গোলমাল)......

মিঃ স্পীকার : প্লিজ দয়া করে বলতে দিন আপনারা। প্লিজ আপনারা interrupt করবেন না।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনারা হিসাব দিচ্ছেন, এরা যা হিসাব দিচ্ছেন, মুখ্যমন্ত্রী সকালে দিয়েছেন, পার্থবাবু বিকেলে দিয়েছেন। কলকাতা পুলিশ এলাকায় এখানে, এই commission- এখানে ২০১১ আপনাদের স্টেট crime bureau রেকর্ড আছে। কোনটা চান? ২০১২, ৮৫ - Crime bureau record নেই, commission-এর report পড়ে আছে, এটা ঠিক করে edit করে তারপর যাবে, এই জন্যে। ধর্ষণ ২০১১-৪৬ আর ২০১২তে - ১২১। কত বাড়ল আপনি হিসাব করুন। শ্লীলতাহানী ২৫৪, আর ২০১২তে ৪৯১। ডাকাতি ৩৪, -একটা বললেন, খুঁজে পাচ্ছেন না ডাকাতি। ৪৪ হয়েছে ২০১২তে। অপহরণ ১৪১, আর ২০১২তে ২৮৪ হয়েছে। বধূ নির্যাতন ৫৫৭, আর এটা ১১৫০, এটা জানুয়ারী মাসের শেষে report police commissioner স্বরাষ্ট্র দপ্তরকে দিয়েছেন। যেটা এখনও পর্যন্ত crime bureau-র রেকর্ডে যাবে কি না যাবে না সেটা editing হচ্ছে। এ রকম আমি আগে কখনও দেখেনি, এই যা ঘটনা, যা ঘটছে। আর এক সঙ্গে সঙ্গে - আমি বললাম যে বিভিন্ন প্রতিষ্ঠানগুলো যে ভাবে আক্রান্ত হচ্ছে। মন্ত্রীরা বলছেন, আর নেতারা গিয়ে বলেছেন যে এখানে আমি নির্বাচন করব। এখানে কারও nomination দেওয়ার অধিকার নেই, আমি নির্বাচন করব। নির্বাচন করলেন, জিততে পারলেন না। বামপন্থীরা জিতেছে। তারপরে আপনারা বলছেন যে এই পৌরসভা এত তারিখের মধ্যে দখল করব। প্রতিদিন ঘটনা ঘটছে, প্রতিদিন এবং যখন লোক আসছে, কেউ channel যাচ্ছে, channel এ কথা বলবার জন্য - আমাদের প্রাক্তন বিধায়ক অমিয় সাউ, তার বাড়িতে তিন মেয়ে নিয়ে তার স্ত্রী থাকেন। তিনটে মেয়ে আর তার মা আছে। আর দিন পনেরো আগে তার বাড়ির সামনে ঘেরাও করে বসে - এরা বাড়ি থেকে বেড়তে পারবে না। এই যে ঘটনা ঘটেছে পঞ্চায়েত, পৌরসভাতে - কোনটা বাকি আছে? সবকটা নিয়ে কালকে হয়েছে। ছাত্র সংসদের নির্বাচন সরকার

বন্ধ করে দিয়েছে, বন্ধ করে দিয়েছে। আর যা ঘটনা ঘটেছে - প্রত্যেকটা, প্রত্যেকটার চিঠি আমি মুখ্যমন্ত্রীকে দিয়েছি, আর মুখ্যমন্ত্রীকে দিয়ে যেটা হয় না, সাংবিধানিক ব্যাপার। সেটা আমরা রাজ্যপালকে লিখেছি। আর যেগুলো প্রকাশ হয়েছে, আরোও প্রকাশিত হবে এক বছরে। মনে রাখবেন যে আক্রমণ হচ্ছে, সে আক্রমণ আমাদের উপরে হচ্ছে না আমি আবারও বলছি, সারা পশ্চিমবাংলার মানুষের উপর, সমস্ত অঞ্চলের মানুষের উপরে, সমস্ত প্রতিষ্ঠানের উপরে, ছাত্র নেতার উপরে এবং ওই বেঞ্চে যারা বসে থাকেন তাদের অধিকারের উপরে - এই আক্রমণের বিরুদ্ধে এই মুলতুবি প্রস্তাব এবং সেই কারণে আমি এই মুলতুবি প্রস্তাবকে সমর্থন করছি, দৃঢ় ভাবে সমর্থন করছি।

[3.30–3.40 p.m.]

Mr. Speaker : Now, I put the Motion moved by Dr. Surjya Kanta Mishra to vote.

.....(At this stage voter slips were distributed among the Members).....

Ayes	53
Noes	125
Abstained	1

The motion is lost

SUSPENSION OF RULES 312

Mr. Speaker : Hon'ble Members, today is the last date of the current session of West bengal Legislative Assembly. The Demands for Grants of all Departments have been moved in the House on the 14th March, 2013. As announced by me–yesterday was the last date for giving notices of Cut Motions to Demands for Grants of all Departments. In terms of rule 208A, the Demands for Grants of all the Departments have already been refrred to the appropriate Standing Committees for Scrutiny and Report. The said Cut Motions have not yet been moved.

Now in terms of rule 312 of Rules of Procedure and conduct of Business in the West Bengal Legislative Assembly, all pending notices of Cut Motions would lapse on the prorogation of the House.

I, therefore, propose to move the following Resolution for suspension of rule 312 so that the said Cut Motions do not lapse merely on the ground of Prorogation :

This house do suspend rule of 312 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly in its application to the pending notices of cut motions to the various Demands for grants moved in the House on 14th March, 2013 and resolves that all notices of cut motions to the demands for Grants submitted by the members shall not lapse on the prorogation of the current session of the Assembly.

I think the Resolution is adopted. The Resolution is adopted.

[3.40–3.50 p.m.]

Mr. Speaker : Today the 22nd March, 2013 is the last day of the Eight Seasion of the Fiftheenth Assembly , Before I adjourn the House sine-die, I would like to narrate in brief the business transacted during this Session.

(Position as on the 22nd March, 2013)

1. QUESTIONS :

(A)	Total Number of Notices of Questions received	1083
(B)	Total Number of Questions allocated	556
	(i) Starred	342
	(ii) Unstarred	214
(C)	Total Number of Questions admitted	419
	(i) Starred	259
	(ii) Unstarred	160
(D)	Total Number of Questions disallowed	37
(E)	Total Number of Questions replied	142
	(i) Starred	111
	(ii) Unstarred	31

(F)	(i) Total Number of replies to Questions received from the Departments but not yet placed in the order paper (Starred and Unstarred)	75
	(ii) Total Number of Questions pending with the Departments	202
	(iii) Total Number of Questions under process	100

In addition, I would like to make an announcement that Starred Questions to which replies have been received in this Secretariat but not yet answered in the House would be treated as Unstarred ones and replies thereto would be circulated to the Members.

2. PRIVILEGE ISSUE

(A)	Notice received	1
(B)	Discussed and Disposed of	1

3. GOVERNMENT BILLS :

(A)	Number of Bills Introduced	13
(B)	Number of Bills passed	12
(C)	Number of Bill referred to the Select Committee	1

4. ADJOURNMENT MOTION :

(A)	Notices received	11
(B)	Consent withheld	10
(C)	Admitted, Discussed and Lost	1

5. CALLING ATTENTION NOTICES :

(A)	Notices received	40
(B)	Notices admitted	8
(C)	Statements made	4
(D)	Statements to be sent direct to the Members concened	4

6. STATEMENTS BY THE MINISTER UNDER RULES 346 :

Statements made	3

7. LAYING OF ORDINANCE :

(A)	Notices received	2
(B)	Ordinances laid	2

8. LAYING OF RULES :

(A)	Notices received	6
(b)	Rules laid	6

9. Re-LAYING OF RULES :

(A)	Notices received	2
(B)	Rules re-laid	2

10. LAYING OF ANNUAL REPORT AND ACCOUNTS ETC. OF GOVERNMENT COMPANIES AND UNDERTAKINGS ETC :

Reports and Accounts etc. laid	50
11. MENTION CASES :	144
12. ZERO HOUR	30
13. NUMBER OF SITTINGS	12
14. TOTAL HOUR OF SITTINGS	56 Hours 29 minutes (upto 3.30 p.m. today)

VOTE OF THANKS

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই বাজেট অধিবেশনের স্বল্পকালীন যে ক'টা দিন আমরা সবাই একত্রিত হয়ে এই বিধানসভার কার্যপ্রণালীতে অংশ নিয়েছি এর জন্য আমি সকল বিধায়ককে ধন্যবাদ জানাই। বিশেষ করে আমি আপনাকে জানাই যে, ধৈর্য্য নিয়ে এবং সকলের সাথে কথা বলে আপনি যে ভাবে চালিয়েছেন ; উপাধ্যক্ষা সোনালি গুহকেও আমি ধন্যবাদ জানাই এবং আপনাদের দু'জনের অনুপস্থিতিতে যারা অধ্যক্ষের আসন সামলিয়েছেন তাদের সকলকেই আমি ধন্যবাদ জানাই। আমি ধন্যবাদ জানাই বিরোধী দলনেতা সহ বিরোধী দলের সমস্ত সদস্যদের। যারা ব্যবহার করেছেন এই বিধানসভার মহোত্তি ফ্লোরকে, বিভিন্ন প্রশ্ন রেখেছেন, আমি কংগ্রেস পরিষদীয় দলকেও ধন্যবাদ জানাই যে, তারাও অংশ নিয়েছেন এবং প্রশ্ন করেছেন। তরুণ নস্কর অনেক প্রশ্ন করেছেন আমি তাকেও ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই আমাদের বিধায়করা যারা পার্টিসিপেট করেছেন তাদের সকলকে। আমি বিধানসভার সচিবালয়কেও ধন্যবাদ জানাই এ্যাক্টিং সচিব তাঁকেও ধন্যবাদ জানাই এবং যারা এই সচিবালয়ের সঙ্গে যুক্ত তাদের সকলেকে ধন্যবাদ জানাই। নিরাপত্তার সঙ্গে যুক্ত যারা তাদের সকলকে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই সাংবাদিক

মহলকে। তারা অধির আগ্রহে এবার ভেতরে ছিলেন, বাইরেও ছিলেন। প্রচুর সংখ্যক সাংবাদিকদের সুযোগ করে দিয়েছিলেন অধ্যক্ষ।

